Barcode - 4990010204934
Title - Bengal Legislative Assembly Proceedings (1993) vol.102, no. 1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1018
Publication Year - 1993
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 204934

Vol. 102 No—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and second Session

(June to July, 1993)

(The 11th, 14th, 15th, 16th, 17th, 18th, 21st, 22nd, 23rd June & 5th, 6th, 7th July 1993)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 238/-

Vol. 102 No—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and second Session

(June to July, 1993)

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 8493
Date 21.12.2000
Call 328 BL/V-102 No. 1(93)
Price Rs. 238/-

(The 11th, ~~14th, 15th, 16th, 17th~~, 18th, 21st, 22nd, 23rd June & 5th, 6th, 7th July 1993)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### PROF. SAIYID NURUL HASAN

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.

2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).

3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

4. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (Excluding an audio visual educations) and integrated education for disabled childred in the Department of education.

5. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.

6. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise, Department of Urban Development.

7. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.

8. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour.

9. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.

10. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.

11. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial

Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

12. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of Panchayats and Department of Rural Development.

13. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

15. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

16. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt.' Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

**Ministers of State**

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State incharge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Transport Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Cottage and Small Scale Industries.

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education, Non-formal Education, Audio Visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45. **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department.

46. **Shri Dawa Lama,** Minister-in-charge for Department of Animal Resources Development.

47. **Smt. Bilasi Bala Sahis,** Minister-in-charge of State for Scheduled Casts and Tribes Welfare Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

**SECRETARIAT**

**Secretary : Shri S. R. Chattopadhyay.**

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhattarai, Shri Tulsi (24-Karseang—Darjeeling)
44. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
45. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
49. Biswas, Shri Kanti (98-Sandeshkhali (S.C.) 24-Parganas)
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
51. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
52. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
54. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
56. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
57. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
60. Chakraborty, Shrimati Tania (135-Panihati– North 24-Parganas)
61. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
62. Chatterjee, Shri Anil (146-Chowringhee—Calcutta)
63. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
64. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
65. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
67. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
69. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
70. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
71. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
72. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
73. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
74. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
75. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
76. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
77. Chowdhury, Shri Jyoti (180 - Serampur - Hooghly)
78. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
79. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
80. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
81. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
82. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
85. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
86. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
87. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
88. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
89. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
90. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
91. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
92. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
93. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
94. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
95. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
96. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
97. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
98. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
100. De, Shri Partha (251-Bankura—Bankura)
101. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
102. Deb, Shri Rabin (152 - Ballygunge - Calcutta)
103. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
104. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
105. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
106. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
107. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
108. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
109. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
110. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
111. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
112. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
113. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
114. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
115. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
116. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
117. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
118. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
119. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
120. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
121. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
122. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
123. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
124. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
125. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
126. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
127. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
130. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
131. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
133. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
134. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)
135. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
136. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
137. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
138. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
139. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
140. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
141. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
142. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
143. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
144. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
145. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
146. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
147. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
148. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
149. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
150. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara--Nadia)
151. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
152. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
153. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
154. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
155. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
156. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
157. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
158. Lama, Shri Dawa (23 - Darjeeling—Darjeeling)
159. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
160. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
161. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
162. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
163. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
164. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

165. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
166. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)
167. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
168. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
169. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
170. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
171. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
172. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
173. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
174. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
175. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
176. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
177. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
178. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
179. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
180. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
181. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
182. Manna, Shri Janmenjay (125-Patharpratima—South 24-Parganas)
183. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
184. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
185. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
186. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
187. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
188. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
189. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
190. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
191. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
192. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
193. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
194. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
195. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
196. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

198. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
199. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
200. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
201. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
202. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
203. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
204. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
205. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
206. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
207. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
208. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
209. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
215. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Paul, Smt. Maya Rani (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
254. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
255. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
256. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
257. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
258. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
259. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)
262. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
264. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
266. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
267. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
268. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
269. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
270. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
271. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
272. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
273. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
274. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
276. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
278. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
279. Shish Mohammad, Shri (5?-Suti—Murshidabad)
280. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
281. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
282. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
284. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
287. Soren, Shri Subhas Chandra (229-Nayagram (ST)—Midnapore)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (243 - Hura - Purulia)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 11th June, 1993 at 11.00 a.m.

### PRESENT

Mr Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 26 Ministers, 14 Ministers of State and 203 Members.

[3-00 — 3-07 p.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of the President of Shri Lanka, Ex-Members of this Legislative Assembly and other personalities renowned in their spheres.

**Mr. Ranasingha Premadase,** President of Shri Lanka was gruesomely assassinated by a suicide bomber at a May-Day rally at Colombo this year. He was 69.

Mr. Premadas rose from humble beginnings and betrayed his interest in politics for the first time in the fifties. He unsuccessfully contested a Parliamentary election in 1956. This failure did not **depen** his lofty aspirations. Mr. Premadase worked hard for decades and built up a power-base in the rural areas. He initiated an ambitious campaign to build one million houses in poverty-stricken villages across this Indian Ocean island republic and launched another relief scheme for the poor called 'Janasaviya' or peoples power. He short into the limelight of Shri Lankan Politics during the later part of eighties and eventually became the all-powerful executive Head of the country in 1989. Innately during, he never hesitated to embark on a venture, however dangerous, if it was felt politically expedient for him. He had long been the target of Sinhalese extremists and had also earned the wrath of Tamil Guerillas. In 1991 an impeachment motion was brought against him in the Parliament but he succeeded to survive.

At his death, Shri Lanka has lost an astitute political leader and an able and dynamic statesman.

**Shri Mangal Chandra Saren,** an Ex-Member of this Legislative Assembly breathed his last on the 7th December, 1992 at his residence at Dhuapahari village in the District of Midnapore, at the age of 94.

Shri Saren was born in the year 1898. Having passed the Final Toll Examination, he took up the teaching profession and joined Mechhaya Primary School in the year 1933. He continued to be a teacher of that school till 1952 and functioned as 'Naika' at a temple at Alipur from 1954 until his death. He was elected a member of the West Bengal Legislative Assembly in the year 1962 from the Binpur Assembly constituency in Midnapur district. He wrote seven books in Santhal language and three books in Bengali. He received several awards including the awards from the State Government for his writings.

In his death the State has lost a veteran politician and a sincere educationist.

**Shri Ananda Gopal Roy,** Ex-Member of the West Bengal Legislative Assembly breathed his last on 4th April, 1993. He was 71.

He was born at Nallarpur in Birbhum district on Ashar 13, 1329 B.S. Born in a peasant family, Shri Roy did have little opportunity to get himself formally educated. He was an active Congress worker since 1952. He was elected a Member of the West Bengal Legislative Assembly in 1972 from the Rampurhat Assembly Constituency in Birbhum district as a Congress candidate. He was associated with many social welfare activities He was the chairman of Nallarpur Large Size Credit Society, a member of the Central Co-operative Board, Birbhum and a member of the School Board, Birbhum.

At his death the State has lost a veteran politician and an ardent social worker.

**Sarder Harcharan Singh Ajnala,** Speaker of the Punjab Legislative Assembly passed away, after a brief spell of illness on the 9th June. He was 69.

Born on 2nd August, 1923, Shri Ajnala had his education in Punjab, Besides having graduated with first Class Honours, he obtained a de-

gree in Law and diploma in Local Self Government.

He was first elected to the Punjab Bidhan Sabha in 1972 and was reelected to it in 1980 and 1992. He had been the Education Minister of the Punjab Government from 1980 to 1983. On 17th March, 1992, he became the Speaker of the Punjab Vidhan Sabha. He held this Office until his death. He was a member of the Senate of Guru Nanak Dev University of Amritsar for the Periods from 1972 to 1976 and from 1980 to 1983. He attended the Commonwealth Parliamentary Conference held in London in 1973. He had keen interest in Sports and Literature. He was well-versed in Punjab, Urdu and Persian Literature.

At his death the country has lost a Senior Parliamentarian and a proficient administrator.

**Shri N. G. Goray,** a veteran freedom fighter, an eminent socialist leader and an Ex-M.P. breathed his last at Pune on the May 1, 1993, at the age of 86.

Born at Hindala of Ratnagiri district in 1907 Shri Goray graduated from the Ferguson College, Poona in 1929 and obtained his LL.B Degree in 1935. Shri Goray took part in the freedom movement of the country while he was still a student. He suffered imprisonment for two years in 1932 for participation in the Satyagraha movement. After his release in 1934 he joined the Congress (Socialist) Party and was elected to its national executive body. He got associated with the [illegible] movement in the late thirties and had been the Joint Secretary of the Socialist Party from 1948 to 1952, he led the first batch of Satyagrahis to Goa. Shri Goray was arrested along with other Satyagrahis and was sentenced to join for 10 years. He was, however, released in 1957.

Shri Goray was a Member of Lok Sabha from 1957 to 1962 and was elected a member of the Rajya Sabha in 1970. He was elected the Mayor of Poona Municipal Corporation in 1967. He was also appointed the Indian High Commissioner for Britain. Shri Goray was the author of several books.

At his death, the country has lost a Leading Socialist Leader.

**Field Marshal K. M. Cariappa,** the first Commander-in-Chief of the defence forces of independent India expired on 15.5.93, at the Air

Force Command Hospital in Bangalore following a heart attack. He was 93.

He was born at Coarg in Karnataka on 20.1.1900. When he joined the army, he was barely 19. He had the distinction of being the first Indian Officer who graduated from the Staff College. He was the first Indian Officer in British India who was entrusted with the responsibility of an entire Battalion. He was also the first Indian Officer to be promoted to the rank of a Major General and that of a Commander. He was the first and the only Commander-in-Chief of independent India. He was the receipient of the decorations like 'Order of the British Empire' and campaign Medals for wars fought long ago. He was conferred with the 'Honourary General of Nepal Army' by the King Tribhuban of Nepal and the 'Legion of Merit' by Mr. Truman, the President of U.S.A. during the second World War. Agra University awarded him the Honourary Doctorate in 1953. He played a crucial role at the time of the partition of India. He was adorned with prestigious decoration of 'Field Marshal' in 1986 after 33 years of his retirement. He was appointed the High Commissioner of India in Australia and New Zealand after his retirement from the Indian Army in 1953. He was very much interested in Sports and Games. He was sometime the President of the Indian Sports Council. The Welfare of Ex-Servicemen had been his prime concer. He was the founder of the India Ex-Servicemen League.

At his death the country had lost one of her most gallant and illustrious defence personalities.

**Lieutenant General Jameel Mahmood,** General Officer Commanding-in-Chief, Eastern Command was killed in a helicopter crash on May 7, 1993 in Bhutan. He was 57.

Lieutenant General Mahmood was born on November 2, 1936. Having completed his graduation from the Defence Services staff College and the National Defence College he was commissioned to the Regiment in 1957. He served the country as a Brigadier of an infantry during the Indo-Pak War in 1971. Following his promotion to the post of Lieutenant Colonel, he commended an Air Observation Post Squadron and a Field Regiment. Later he served the Defence Services Staff College as a Senior Instructor. In 1981 he assumed the command of an

Infantry Brigade and three years later he was posted at the prestigious College of Combat as Directing Staff of Higher Command Wing. In 1986 Lieutenant General Mahmood worked for a short term with General K. Sunderji as his assistant. Later he was promoted to the rank of Major General. In 1987 he assumed the command of an Infantry Division as a part of the Indian peace Keeping Force in Sri Lanka and served there till 1989. He was awarded the "Uttam Yudh Seva Medal" for his distinguished Service of an exceptional order in active operations in Shri Lanka. He became the Additional Director General of Army Aviation at Army Headquaters in 1991 and was appointed the Director General of Army Aviation on promotion to the rank of Lieutenant General in the same year. In 1992 Lieutenant General Mahmood was apointed the General Officer in Command for the Eastern Region. His death is an irreparable loss to the Indian Defence Service.

**Professor Debiprasad Chattopadhyaya,** a renowned academician and Philosopher of international repute, died at the S.S.K.M. Hospital on the 8th May, 1993 following a brief illness. He was 75.

Born on November 19, 1918. Prof. Chattopadhyaya graduated from Calcutta University and stood first in B.A. Examination with Honours in Philosophy in 1939. He carried out his post graduate work under the supervision of the late Professor S.N. Dasgupta. His teaching career spread over more than two decades in several colleges in Calcutta and Bombay. He worked as a visiting Professor at Several Universities nationwide. His experitise in Indian Philosophy and his emphasis on the study of the history of science and technology, served as a valuable guide to thousands of students and research scholars seeking to study the complexities of development of knowledge in India. An author of several books of Indian Philosophy, Science and Society and History of Science and Technology, he was a member of the German Academy of Science and was the first Indian to be awarded the D.Sc. (Honoria Causa) from the Academy of Science, Moscow.

He delivered lectures on Philosophy and history at several centres of academic excellence including Humboldt University in Berlin and Moscow University, from the Indian Institute of Science, Bangalore and the Indian Institute of Advanced Study, Simla. In 1987, he was elected "National Fellow" of the Indian Council of Philosophical Research. Among his major publications were 'Lokayata; A study in Indian Ma-

terialism; 'Indian Philosophy; a popular introduction', 'Science and Society in Ancient Indian'; 'What is living and what is dead in Indian philosophy', 'Indian Atheism'; 'History of Science and Technology in Ancient India' and 'Tagore and Indian Philosophical heritage'.

At his death the country has lost one of its most revered academicans and versatile scholars.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble members stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceased.

## Adjournment

The House was then adjourned at 3.07 p.m. till 11 a.m. on Monday, the 14th June, 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 14th June, 1993 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 26 Ministers, 14 Ministers of State and 203 Members.

[11-00 — 11-10 a.m.]

### 39th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** Honourable Members, I beg to present the 39th Report of the Business Advisory Committee which met in my chamber on the 11th June, 1993, and recommended the following programme of business from 14th June, '93 to 15th June, '93.

| | |
|---|---|
| Monday, 14.6.93 | The West Bengal Public Libraries (Amendment) Bill, 1993 (introduction, Consideration and Passing) .........2 hours |
| Tuesday, 15.6.93 | The Burdwan University (Amendment) Bill, 1993 (Introduc tion, Consideration and Passing) .........2 hours |

I would now request the Minister-in-Charge of Home (Parliamentary) Affairs Department to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 39th Report of the Business Advisory Committee, as presented to the House, be agreed to by the House.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** There are no questions today. I have received a notice of No-Confidence Motion which has been signed by Dr. Zainal Abedin, Leader of the Opposition. The notice is under Rule 199 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Dr. Zainal Abedin, there is one technical snag. I would like to draw your attention to Rule 199 (b), which read as follows:

"The member asking for leave shall, before the commencement of the sitting for that day, give to the Secretary a written notice of the motion which he proposes to move."

I find that the notice has been signed on 11th June, 1993, and today is the 14th June, 1993. So definitely you have not given any notice today. Whatever notice has been given that has been given on the 11th June, 1993. The requirement of the rule is—that notice has to be given on the day it is proposed to be moved, but not any day earlier than that. You will please satisfy me first on this point before I take up the matter.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I have served the notice on 11th. Even than I was afraid you will raise this point under Rule 199B. So I made queries whather the Secretary was available because the duplicate notice was with me. I made query with your Secretariat. None was available. Even than I prepared this notice for duplicating because you can raise this question and this is number one. Number two—it is customary not that the notice should be given an the particular day and discussed on the particular day. We have given the notice while there had been Business Advisory Committee expecting you will allow us discussion immediately. Unless it is discussed on that day the notice becomes due on the next sitting day when the normal business will be transacted and if the House agrees and admits leave and in that case there is no need for further notice.

**Mr. Speaker :** Dr. Abedin, I am willing to accommodate that because no question has been taken up today. As there are no questions today and technically no confidence motion should be taken up after the question hour is terminated and I am giving you the notice here and now. You can hand over the notice to the Marshal.

(Noise)

**Dr. Zainal Abedin :** But in that case, Sir, we cannot criticise the Secretary of this House. But we made queries, specific queries just before 10 a.m. whether the Secretary is available. Neither the Speaker's Secretary nor the Secretary of the West Bengal Legislative Assem-

bly was present. All the MLAs have been invited.

(Noise)

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, there is a Receiving Section in this Secretariat. It is not necessary to hand it over personally to the Secretary. I came to the office exactly at 10.15 a.m. I was present in the office and the Secretary was there. It is not correct to say that nobody was there and I made queries whether any fresh notice has been filed in my office. I am very particular on this thing. I came early in my office today.

(Noise)

On an earlier occasion, Dr. Abedin may remember, I had not allowed the notice filed on the previeus day to be considered on the following day. Each House has got its own convention, own procedures, own practices. What has been referred here is what is the practice in the Lok Sabha. They allow a notice to be filed which has to be taken on the next day. We allowed that practice here. I am sorry I am not going to debate on this because fresh notice has been filed and it is not necessary for that purpose. Now I will read the notice and then I will call upon the requisite number of members to stand up in support of the notice.

(Noise)

**Shri Sudip Bandyopadhyaya :** Sir, on a point of order..

**Mr. Speaker :** No point of order. Dr. Abedin has given the following Motion :

"This House expresses its want of confidence in the Council of Ministers."

These in support of the motion, please stand up.

**(Noise & interruptions)**

**(Dr. Abedin was seen quoting some rules)**

No, that is not the rule. Rule is that these who are in favour has to stand up in their places. Please read the rules.

**(Noise and interruptions)**

Then why are you making these comments? There are 39 members in support of the motion. So, the motion will be taken into consideration. The motion will be discussed today.

**(Noise & interruptions)**

[11-10 – 11-30 a.m.](including adjournment)

The motion will be discussed today and the debate will be started at 11.30 a.m.—Time allotted will be four hours.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received two notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Out-break of Malaria in Dooars and others areas of Jalpaiguri district resulting in death of a number of persons. | : Shri Nirmal Das |
| 2. | Reported arrest of a Joint Secretary, Department of Finance, on the charge of fraudulent activities | : Shri Lakshman Chandra Seth |

I have selected the notice of Shri Nirmal Das on the subject of 'Out-break of Malaria in Dooars and others areas of Jalpaiguri district resulting in death of a number of persons'.

The Minister-in-charge may please make a statement to-day. if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** The statement will be made on 18th June, 1993.

## PRESENTATION OF REPORT

**Presentation of the Fifth Report of the Subject Committee on Power and Commerce & Industries (1993-94)**

**Shri Santasri Chatterjee :** Sir, I beg to present the Fifth Report

of the Subject Committee on Power and Commerce & Industries, 1993-94, on Pre-Budget Scrutiny of the Departments of Power and Commerce & Industries.

**Presentation of the Third Report of the Subject Committee on Irrigation and Waterways 1993-94**

**Shri Nirmal Das :** Sir, I beg to present the Third Report of the Subject Committee on Irrigation and Waterways, 1993-94 on Pre-Budget scrutiny of the irrigation and Waterways Department and Minor Irrigation Department.

**Presentation of the Second Report of the Subject Committee on Environment, 1993-94**

**Shri Arun Kumar Goswami :** With your permission, Sir, I beg to present the Second Report of the Subject Committee on Environment Department.

**Presentation of the Fourth Report of the Subject Committee on Transport, 1993-94, on Pre-Budget scrutiny**

**Shri Subhas Basu :** Sir, I beg to present that Fourth Report of the Subject Committee on Transport, 1993-94, on Pre-Budget Scrutiny of Transport Department.

**Laying of Reports**

**(A) Annual Reports of the West Bengal Tourism Development Corporation Limited for the years 1980-81, 1981-82, 1982-83, 1983-84, 1984-85, 1985-86, 1986-87 and 1987-88**

**Shri Probodh Chandra Sinha :** With your permission, Sir, I beg to lay the Annual Reports of the West Bengal Tourism Development Corporation Limited for the years 1980-81, 1981-82. 1982-83, 1983-84, 1984-85, 1985-86, 1986-87 and 1987-88.

**(B) Thirty-first Annual Report of the Durgapur Projects Limited for the year 1991-92**

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to lay the Thirty-first Annual report of the Durgapur Projects Limited for the year 1991-92.

(At the stage the House was adjourned till 11.30 a.m.)

**(After Adjournment)**

(noise)

[11-30 - 11-40 a.m.]

**Mr. Speaker :** Hon'ble Members, cut motions to the remaining Demands for grants which are yet to be discussed and passed in the House will be received in the office upto 3.00 p.m. on the 16th of June, 1993.

(noise)

Dr. Abedin, as regards rule 199, I had allotted four hours contemplating, if necessary, some time may be extended later on. However, going through the rule 199(4) which says, "The speaker shall, at the appointed hour on the allotted day or the last of the allotted days, as the case may be, forthwith put every question necessary to determine the decision of the House on the motion." I think there is very little scope for extension of time—very little scope. We may extend by a resolution of the House. It may be, but I don't want that procedure. So, instead of four hours, I will allow five hours for discussions of the House. The convention is four-hour discussion, but I am relaxing it upto five hours....(noise)...... Please, no bargaining on it.

## POINT OF ORDER

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন। আপনি যেদিন মিটিং ডেকেছিলেন ১০ তারিখে সেদিন আমরা আপনার নজরে এনেছি যে আমাদের হাউসের অন্যতম সমস্যা নরেন হাঁসদা, এই হাউসের সদস্য, যার সঙ্গে আমাদের অ্যালায়েন্স রয়েছে, তিনি হাউসে আসছেন না। ১১ তারিখে পার্টির মিটিং বসেছে সেখানে উই হ্যাভ অ্যাডপটেড এ ইউন্যানিমাস রেজলিউশন—কপি ফরোয়ার্ডেড টু ইউ—আপনি আপনার গভর্নমেন্টকে মুভ করুন। আজকে নো-কনফিডেন্স সেটা কোনও অর্ডিনারী ব্যাপার নয়। এই নো-কনফিডেন্স, এটা নট অ্যান ইউজুয়াল মোশন। আমাদের পার্টি অ্যালায়েন্স তার সঙ্গে আছে। তাকে এখানে উপস্থিত করা হোক। আপনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা আমাদের অবহিত করুন।

দুই নম্বর হচ্ছে, একটা আইন আছে, কনভেনশন আছে যে কোনও এম. এল. এ-কে যদি কখনও অ্যারেস্ট করা হয় তাহলে স্পিকারকে ইমিডিয়েটলি গভর্নমেন্টকে জানাতে হবে এবং হাউস যখন বসবে ইউ আর অলসো বাউন্ড টু ইনফর্ম দি হাউস দ্যাট হি হ্যাজ বীন অ্যারেস্টেড অন সো অ্যান্ড সো চার্জেজ অ্যান্ড সো অ্যান্ড সো ডেট—আপনি সেটাও আমাদের দেননি। এক নম্বর হচ্ছে, ইউন্যানিমাস রেজলিউশন যেটা অ্যাপীল টু দি গভর্নমেন্ট, সেটা

গভর্নমেন্ট কি করেছেন সেটা আপনি এবং গভর্নমেন্টের যেটা দায়িত্ব to infrom the authority, arresting the member must be imformed to the speaker and the speaker in turn must inform the House. সেটাও আমাদের দেননি। এটা আমাদের আগে পরিষ্কার করবেন। কারণ আমরা মনে করি এই সরকার আজকে দমনপীড়ন নীতি নিয়ে চলছে। তারা কেন যে আমাদের ৪০ জন কে অ্যারেস্ট করলো না সেটা আমরা বুঝতে পারছি না। আজকে সাজানো কেসের মাধ্যমে, ফলস চার্জের মাধ্যমে এক দলীয় শাসন প্রবর্তন করেছেন।

আজকে বিরোধী পক্ষের এম. এল. এ-দের বার বার অ্যারেস্ট করবেন, এর একটা প্রতিকার হওয়া দরকার, এই ব্যাপারে আপনার রুলিং চাই। আপনি জানাননি এই কথা, আমরা জানিনা। আপনি কেন জানাননি? যদি হাউস শেসনে না থাকত তাহলে it was the duty of the speaker to inform all the member of the arrest by postal information. আপনি কেন জানান নি এই তথ্য আমাদের জানান।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমরা জানিয়েছি, হাতে চিঠি দিয়েছি, মুখে অনুরোধ করছি। আমাদের পক্ষ থেকে বলেছে যদি আইনে কোনওরকম সম্ভব না হয়, আইনে প্রভিসন আছে পারলে নিয়ে এসে তাকে ভোট দিয়ে আবার যদি দরকার হয় ফিরিয়ে নিয়ে যেতে পারেন যদি তাঁর বিরুদ্ধে চার্জ থাকে। যদিও ওটা ফোর্জড চার্জ। আপনি সঙ্গে সঙ্গে চিফ মিনিস্টারকে পাঠিয়ে দিলেন দেখলাম। এখনও পর্যন্ত হাউস চলছে—চিফ মিনিস্টার কোনও ব্যবস্থা নিলেন না। এখানে যে সহজতম ব্যবস্থা আছে তাকে পারলে নিয়ে এসে আবার তাকে পুলিশের আন্ডারে নিয়ে চলে যেতে পারা যায়। চিফ মিনিস্টার কি ব্যবস্থা নিয়েছেন জানি না পারলে নিয়ে আসার ব্যবস্থা করা যায় কিনা বলুন।

## Message on Arrest of Member

**Mr. Speaker :** I have been informed by the Superintendent of Police, Midnapore on 24.5.93 that Shri Naren Hansda a Member of the West Bengal Legislative Assembly was accused for being an F.I.R. named person in connection with the Binpur P.S. case no. 23/93 of 20.5.93 u/s. 147/148/447/323/364/302/201/120B IPC. Shri Hansda has been arrested on 21.5.93 at 05.00 hours and forwarded to SDJM Court, Jhargram at 06.00 hours on the same date. I have received further communication on 7.6.93 that Shri Naren Hansda, MLA of Binpur Constituency still now in Midnapore Central Jail custody. This is the information I have received. I shall make further clarification as to the state of affairs on being received any information. Now debate.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** এই হাউসে আমি জানি জ্যোতি বসু গ্রেপ্তার ছিল, তাঁকে প্যারলে নিয়ে আসা হয়েছিল।

**Shri Satya Ranjan Bapuli :** I have a point of order Sir with regard to rules of business and conduct of the house.

**Mr. Speaker :** I have overruled you. Please take your seat.

## DISCUSSION ON NO-CONFIDENCE MOTION IN THE COUNCIL OF MINISTERS

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাব ১১ তারিখে জমা দিয়েছি, আজকে আপনি পড়ে দিয়েছেন। আপনার কাছে আমার ছোট্ট জিজ্ঞাসা আপনি যে অর্ডার পেপার সারকুলেট করেছেন তাতে কেন আজকে অ্যাসেম্বলিতে বলা নেই That we have given a notice of no confidence under rule 119. এই কথা কেন অর্ডার পেপারে বলা নেই? আপনি আমাদের টেকনিক্যাল ভুল ধরেন, Even if there is technical lapse that notice has been submitted to the Speaker, to the Secretary to the West Bengal Legislative Assembly expressing want of confidence in the council of ministers. এই কথা কেন দেওয়া নেই বলবেন।

**মিঃ স্পিকার ঃ** উত্তর দেব?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** হ্যাঁ দিন।

**Mr. Speaker :** Because the notice was defective, it was not under the rules and as such it was ignoned.

**Dr. Zainal Abedin :** How the notice was defective? We will have to go to parliamentary school? unfortunate আপনি যা খুশি রুলিং দেবেন, যখন যা ইচ্ছা বলে দেবেন? আপনাকে কমনওয়েলথ প্রাইমারি স্কুলে দেওয়া দরকার। আপনি যে ভাবে চলছেন সেটা খুব আনফরচুনেট।

[11-40 – 11-50 a.m.]

হাউ দি নোটিশ ওয়াজ ডিফেকটিভ? মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যে অনাস্থা প্রস্তাব এখানে উত্থাপন করেছি, আমরা জানি, এখানে বিধানসভায় আমাদের যে সংখ্যা তাতে এই অনাস্থা প্রস্তাব গৃহীত হবার সম্ভাবনা নেই। তথাপি, জ্যোতি বসুর নেতৃত্বে পশ্চিমবঙ্গে এখানে স্বৈরাচারী, জন-বিরোধী, গণতন্ত্র বিরোধী অত্যাচার চালিয়ে ধ্বংসকারী একদলীয় সরকার প্রবর্তনের চেষ্টা হচ্ছে।

**(গোলমাল)**

স্যার, আপনি কি এদের হাউলিং করতে দেবেন? হোয়ার ইজ ৩৪৭, ৩৪৮? আমরা জানি এই সরকার আজকে যে অত্যাচার চালাচ্ছে সারা পশ্চিমবাংলায় এবং যখন অত্যাচারের হুকুম দিয়েছেন, মুখ্যমন্ত্রী তখন শৈলাবাসে বরফের তলায় গিয়ে মাথা ঠান্ডা করছেন। যারজন্য এই নিন্দা প্রস্তাব আমরা নিয়েছি। আজকে এই সরকারের কীর্তি শুধ পশ্চিমবঙ্গের মানুষ

জানবে না, ভারতবর্ষের মানুষ জানবে না, বিশ্ববাসী জানবে। বিশ্বে আজকে মার্কসিজম দিকে দিকে অবলুপ্তির পথে। এই অবস্থায় জ্যোতি বসু মার্কসিজমকে বাঁচাতে পারেন না। স্যার, আপনি তো সি. পি. এম.র মেম্বার, হারারের রেজোলিউশন কি? কমিউনিস্ট দেশে ডেমোক্রেসী থাকে না। আজকে জ্যোতি বসু যেটা প্রথমে হত্যা করেছেন সেটা হচ্ছে নার্ভস্ অব ডেমোক্রেসী। কী আছে এখানে গণতন্ত্রের? গণতন্ত্রের মর্ম আপনারা বোঝেন? এখানে গণতন্ত্র বলতে হত্যা, কিলিংস্। এখানে ফায়ারিং, এখানে জাল ভোট। এই জিনিস আপনারা চালু করেছেন, এটা আমরা দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকারের বিরুদ্ধে আমাদের ৩টি প্রধান নালিশ। এই সরকার পশ্চিমবাংলাকে দেউলিয়ায় পরিণত করেছে, পশ্চিমবাংলার ইকোনমি হ্যাজ বিকাম ব্যাঙ্কপ্ট। এখানে উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে। এখানে গ্রোথ নেই। এখানে বেকারি বাড়ছে, দারিদ্র বাড়ছে, ইললিটারেসী বাড়ছে। এখানে মানুষের কোয়ালিটি অব লাইফ নিচের দিকে যাচ্ছে—ডাউন গ্রেডেড কোয়ালিটি অব লাইফ। দ্বিতীয়ত, এই সরকার অপরিসীম সীমাহীন দুর্নীতিতে লিপ্ত। এই সরকারের কার্যকালে, জ্যোতিবাবুর মুখ্যমন্ত্রিত্বকালে এখানে সাট্টাডন রসিদ খান লালবাজারের দু'শো মিটার দূরে বোমার মাল মশলার পাহাড় বানায়। আমরা জানতে চাই, এই সরকারের সঙ্গে তার কি রিলেশন? চীফ হুইপের সঙ্গে কি রিলেশন? কি পরিস্থিতিতে এই সরকার পুলিশের নাকের ডগায় এই রকম সমাজবিরোধীকে এতবড় ধ্বংসকারী অস্ত্র নির্মাণে সহায়তা করেছে? এখুনি বলবেন 'সাব-জুডিস।' সাবজুডিস নয়। আজকে আমরা জানতে চাই, কি কি শর্তে, কি কি প্রলোভনে, কি কি কনসিডারেশনের বিনিময়ে এটা ঘটেছে? এটা কি এমনতে বেড়ে গেছে? কি কি সেবা করেছে এই সি. পি. এম.-এর নেতৃত্ব? প্রথমে কি কি সেবা করেছে এটা জানতে চাই? যার জন্য বৌবাজারে এমন বিধ্বংসী কান্ড ঘটল বোম্বের ঘটনার চারদিন পরে। আপনি আমাদের আলোচনা পর্যন্ত করতে দিলেন না। এই সরকার দাবি করে এরা অসাম্প্রদায়িক। লজ্জার কথা, গোটা ভারতবর্ষের পার্লামেন্টে গোটা ভারতবর্ষের ২৫টি লেজিসলেটিভ অ্যাসেম্বলিতে আদার দ্যান দিস, অযোধ্যার ঘটনার পর ডেমোলিউশন অব বাবরি মসজিদ'এর ঘটনার নিন্দা করেছে।

আমরা হাউসে সেশনের সময়ে ওই বাবরি মসজিদের ব্যাপারে নিন্দাসূচক প্রস্তাব আনতে চেয়েছিলাম তাতে আপনারা কর্ণপাত করলেন না। জ্যোতিবাবুর তো টিকি বাঁধা আছে আদবানির কাছে, তিনি নিন্দা তো করতে পারবেন না। বিজেপির সঙ্গে তো আপনাদের ওঠা বসা, বি জেপির সঙ্গে তো একটা আঁতাত করে রেখেছেন। একটা যে সংবিধান বিরোধী দল তাদের বিরুদ্ধে আমরা হাউসে নিন্দাসূচক প্রস্তাব আনতে পারিনি। জ্যোতিবাবু তো চান না, তিনি তো ধর্মনিরপেক্ষ নন। একমাত্র পশ্চিমবঙ্গ বিধানসভা যেখানে বাবরি মসজিদ ভাঙ্গার ব্যাপারে কোনও নিন্দাসূচক প্রস্তাব গৃহীত হয়নি। আসবে আপনাদের সীমাহীন দুর্নীতি। পঞ্চায়েতে আপনারা সীমাহীন দুর্নীতি করেছেন। পশ্চিমবঙ্গের ডেমোক্রেসিকে হত্যা করেছেন। মাননীয় স্পিকার মহাশয়, আপনি তো কমনওয়েলথ পার্লামেন্টের একজন প্রমিনেন্ট মেম্বার, আপনি Bahama 9th October 1992 Chairman Hon. Hashim Abdul Halim, M.L.A.,

Speaker of the Legislative Assembly outlined the problems faced in West Bengal and explained the difficulties experienced in areas of extreme proverty. He asked how members should sustain democracy in the poorer countries where most of the poor, because of hunger sometimes brought about by natural disasters—are not aware of what democracy is about. He pointed out that they would not be listening whilst their only concern was to get through the next day.

আজকে ১৬ বছরের শাসনে পশ্চিমবঙ্গ হাঙ্গার, ক্ষুধার্থের লঙগর খানায় পরিণত হয়েছেন। এরজন্য দায়ী কে? গোটা পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের পার ক্যাপিটা ইনকামে পিছিয়ে আছে। আমাদের রাজ্যে সবচেয়ে কম পার ক্যাপিটা ইনকাম। পার ক্যাপিটা এক্সপেন্ডিচার প্রোডাকশনের ক্ষেত্রে সবচেয়ে কম। ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ফিকসড্ গ্রোথ। মাননীয় মুখ্যমন্ত্রী তো সরকারি খরচে বহুবার বিদেশ ঘুরে এলেন কিন্তু বিদেশি লক্ষ্মী আনা তো সম্ভব হয়নি। আজকে শঙ্কর সেন, মাননীয় বিদ্যুৎমন্ত্রী, এখানে পাওয়ার সারপ্লাস হওয়ার জন্য উড়িষ্যাকে পাওয়ার বিক্রি করার কথা বলেছেন। এতোই যদি বিদ্যুৎ তো শিল্পের বিকাশ হচ্ছে না কেন? because you have lost work culture in West Bengal, you have killed the work ethos in West Bengal. এখানে শেখানো হয়েছ যে কাজ করতে হবে না, হাঙ্গামা কর, কিল কর তাহলেই হয়ে যাবে। এইভাবে মানুষদের উস্কানি দেওয়া হয়েছে। পঞ্চায়েত ইলেকশনে যে প্রভিসন ছিল এবং অ্যামেন্ডমেন্ট ৭৪ কনস্টিটিউশনে যেটা গৃহীত হয়েছে তা গোটা ভারতবর্ষের সবাই মানতে বাধ্য হয়েছে। এবং সেটা কনস্টিটিউশন স্বীকৃতও হয়েছে। সেখানে ৭৪ নং অ্যামেন্ডমেন্টে পঞ্চায়েত নির্বাচনে ইলেকশন কমিশনকে দিয়ে পঞ্চায়েত নির্বাচন করার কথা বলা হয়েছে তা বাই পাশ করার জন্য মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে দিয়ে একটি রেজলিউশন আনলেন। সেখানে পঞ্চায়েতে মহিলাদের আসন সংরক্ষণের ব্যাপার ছিল, শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের আসন সংরক্ষণের বিষয়টি ছিল। কিন্তু সেখানে পঞ্চায়েত নির্বাচনে যে ইলেকশন কমিশনকে দিয়ে করানোর কথা সেটা বাই পাশ করা হল। ফিনান্স কমিশনকে দিয়ে এইভাবে বাই পাশ করিয়ে কাজটা করা হল। আপনার তো কমিউনিস্ট ডেমোক্রেসী সম্বন্ধে কিছুই অভিজ্ঞতা নেই। আপনারা কমিউনিস্ট ধর্মে বিশ্বাসী। কিন্তু মাননীয় স্পিকার মহাশয় তো বাইরে ঘুরেছেন ডেমোক্রেসী সম্বন্ধে অভিজ্ঞতা আছে। ডেমোক্রেসীর ডেফিনেশনটা কি—ডেমোক্রেসির ফাস্ট হচ্ছে ভোটার লিস্ট। সেখানে টালিগঞ্জে ৪০০টি ভোটার লিস্টের মধ্যে গরমিল দেখা গেল। টালিগঞ্জের ৪০০টি ভোটার লিস্টের মধ্যে বাপের নাম দেখা গেল জ্যোতি বসু। এইভাবে বহু ভোটারের নাম অমিট করা হল। আজকে প্রশান্ত শূর মহাশয় জিতে এসেছেন, কিন্তু তিনি আইনের পথে কিন্তু জেতেননি। আদালতে গেলে তিনি, হেরে যেতেন। ৪০০টি ভোটে বাবার নাম ডিসক্লোসড্। আমার এলাকায় সেই একই ঘটনা ঘটেছে। সুতরাং আজকে গোটা রাজ্যের সমস্ত ভোটার লিস্টে গরমিল, ১০ হাজার লিস্ট অমিট তার জায়গায় আবার ১০ হাজার নতুন নাম ঢোকানো হয়েছে। বহু বাংলাদেশির নাম

এতে ঢোকানো হয়েছে। আমি তাদের দেখতে চাইলাম, তার উত্তরে বলা হল যে নির্বাচনের দিন ঠিক তারা এসে ভোট দিয়ে যাবে। আজকে বাংলাদেশের সঙ্গে তো আপনাদের ভাল সম্পর্ক চলছে। এই সম্পর্কে আমি নিজে লিডার অফ দি অপজিশন হিসাবে পঞ্চায়েতমন্ত্রীকে চিঠি দিয়েছিলাম যে তোমরা বাই পাশ করেছ।

[11-50 – 12-00 a.m.]

Identification of the reservation for ladies, identification of the Reservation for the Schedule Castes and Scheduled Tribes is absolutely your adventage. আমাদের না জানিয়ে এগুলো করা হয়েছে what democracy he has followed. আপনারা বুথের ব্যাপারে আমাদের ডাকতে পারতেন। কিন্তু আমাদের বিরোধীপক্ষকে একবারও ডাকা হল না। কোথায় কোন বুথ হবে ঠিক হয়ে গেছে। স্যার, কোথায় বুথ হবে না হবে, সেইসব কথার কোনও উল্লেখ নেই। একজন মেম্বার একটা ভোটই দিতে পারে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি সে দু জায়গায় রি-প্রেজেন্টেটিভ করতে পারে। A member of representative কিন্তু নিয়ম হচ্ছে A member is entitled to vote once you are guilty of this discrepancy. আজকে এই তারতম্য আপনারা করেছেন। আজকে আপনারা এই ডিসক্রিমিনেশন করেছেন। আপনারা যদি প্রত্যেকটা সিদ্ধা[illegible] করে দিতেন তাহলে হত, কিন্তু আপনারা তা করেননি। কাউন্টিংএ ভোটারের [illegible] করতে হবে, তারজন্য কোনও কোনও সেনসেটিভ বুথে ১০০০ থেকে ১২০০ ভোটার, আর যেখানে অ্যাডভানটেজস সেখানে ৪০০ থেকে ৪০০-র মধ্যে সীমাবদ্ধ, এটা আর্রবিটারী করেছেন। এবারে ব্যালট পেপার তৈরি করতে হবে, সেই ব্যালট পেপার কোথায় তৈরি হবে? not in any Government secruity press, ballot paper আজকে যে জেলায় বা যে গ্রামে আপনারা হারবেন জানেন, সেখানে আপনারা ব্যালট পেপার ডুপ্লিকেট করে রেখেছেন। ব্যালট পেপারে যেখানে হাত চিহ্নে ভোটগুলি থাকে সেগুলোকে বার করে এনে, ঐখানে আপনার ডুপ্লিকেট ব্যালট পেপার, যেগুলো কাস্তে হাতুড়ি তারাতে ছাপ দেওয়া সেগুলো ঢুকিয়ে দেবেন। আপনারা যদি হিম্মৎ থাকে, আপনি এগ্রি করুন একটা স্যাম্পেল সার্ভে আমরা করব। ২৫ পারসেন্ট বুথে আপনারা কাউন্টিংএ ম্যানিপুলেশন করেছেন। গভীর রাতে প্রিসাইডিং অফিসার বললেন আমরা ক্লান্ত, আপনারা বেরিয়ে যান, সেখান থেকে আপনারা বার করে দিলেন। কোনও কোনও জায়গায় আপনারা কংগ্রেসের কাউন্টিং এজেন্টকে ঢুকতে দিলেন না, আপনারা প্রিসাইডিং অফিসার অনেক জায়গায় দেননি। এক লক্ষ ক্যাডারকে হোম গার্ড করে, লাঠি দিয়ে, ড্রেস পরিয়ে দাঁড় করিয়ে দিলেন। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছিলাম, আমার শেষ চিঠিতে আমি লিখেছিলাম—মাননীয় মুখ্যমন্ত্রী, এখানে হিংসার আবরণ দেখা দিচ্ছে। তুমি এখানেও আইন-শৃঙ্খলার ব্যবস্থা কর যাতে অবাধে এখানে ভোট হয়, যাতে ইমপার্শিয়ালিটি বজায় থাকে। কিন্তু আপনি ইগনোর করলেন, আগের চিঠির তাও উত্তর দিয়েছিলেন, কিন্তু এবারের চিঠির কোনও উত্তর পেলাম না। আমরা ঝাড়গ্রামের ব্যাপারে

কোনও উত্তর পেলাম না। আমরা বললাম আমরা সেখানে প্রার্থী দিতে পারব না কেন? কেন আইন-শৃঙ্খলা রক্ষা করতে পারবেন না? যেখানে মানুষ কংগ্রেসকে ভোট দিতে চায়, সেখানে কেন তারা ভোট দিতে পারবে না। আমি আপনাকে ১০ই মে, ১৯৯৩ চিঠি দিলাম, adequate patrol of police and paramilitary should be arranged in sensitive areas both in town and villages, কিন্তু আপনি হোমগার্ড বসিয়ে দিলেন। জি. এন. এল. এফের সঙ্গে ফাইট করে যেসব অস্ত্রশস্ত্র পেয়েছিলেন, সেইসব ক্যাডারদের হাতে তুলে দিলেন। বোমা শিল্প যেন কুটির শিল্প এবং আপনার ক্যাডাররা সেই বোমা শিল্পে ওস্তাদ। আমরা দেখলাম এতসব জালিয়াতির পরেও ভোট হয়েছে এবং আমরা অনেক জায়গায় জিতেছি। হুগলির চিলিডাঙ্গায় দীপা ঘোষ জিতেছে। কিন্তু সমাজ বিরোধীরা তাকে ধমকে ছিল, তার ইজ্জৎ নেবে বলে শাসিয়েছিল। ২৫ বছরের একটা মেয়ে, তার ঘরে গিয়ে হামলা করল, মেয়েটি অজ্ঞান হয়ে গেল, তার জ্ঞান আর ফিরল না। হার্টফেল করল মেয়েটি। আজকে যারা জিতেছে, আমরা দেখতে পাচ্ছি তাদের মধ্যে—আমাদের মালদার এম. এল. এ এখানে আছেন—সেখানে নির্বাচিত একজন সদস্যকে উলঙ্গ করে সি. পি. এমের ক্যাডাররা হাঁটিয়েছেন। আট বছরের শিশুকে নিয়ে ফুটবল খেলেছেন, প্রিসাইডিং অফিসারকে উলঙ্গ করে হাঁটিয়েছেন। কি কৈফিয়ৎ আছে আপনার? কাউন্টিং-এর রেজাল্ট আমরা দেখেছি in most of the countings every alternative booth. আপনারা জিতেছেন কি করে, না সাত বার, দশ বার কাউন্টিং করে আপনাদের প্রার্থীকে জিতিয়ে দিয়েছেন। আর আমাদের কংগ্রেসের যারা জিতেছিল, তাদের ওখান থেকে তাড়িয়ে দিয়েছেন। আপনার হিম্মৎ থাকলে, আমরা দাবি করি তিনটে জিনিস। কতগুলো জায়গায় আমরা রি-কাউন্টিং-এর দাবি করছি, যদি সেখানে রি-কাউন্টিং-এ দাঁড়াতে না পারি, তাহলে আপনাদের সেলাম করে মালা পরিয়ে দেব আমরা। আর যদি তা না হয় তাহলে আপনাদের গদি ছাড়তে হবে। আজকে পুলিশ ফায়ারিং করে ৩০ জন মানুষকে আপনারা মেরে ফেললেন। কালকে ইটাহারে সামসুদ্দিন বলে আমাদের একজন লোক মারা গেছে।

আই. এ. এস. আই. পি. এস. ডব্লু. বি. সি. এস অফিসার যারা আপনাদের তাঁবেদার তাদের দিয়ে এবং আপনাদের ক্যাডারবাহিনী দিয়ে আমাদের মুখ বন্ধ করার চেষ্টা করছেন। গুলি করে নিজেদের অনুকূলে ভোটার ফল নিয়ে আসছেন। আজকে আমরা যে কেসের জন্য দাবি করেছি সেই দাবি আপনাদের মানতে হবে। আমরা দুটি জিনিস চাই we want freedom for poverty. এটা আপনাকে গ্যারান্টি করতে হবে। ইলেকশনের আগে কেন্দ্রের দেওয়া জওহর রোজগার যোজনার টাকা দিয়ে you purchase the poverty of the people to influence your vote এর আমি নিন্দা করছি। আমাদের দিয়ে দিন সেই টাকা, তারপর ওখানে যদি থাকতে পারেন আমরা ছেড়ে দেব। আজকে আমরা তাই চাই জুডিসিয়াল এনকোয়ারি, আমরা চাই রিকাউন্টিং, আমরা চাই prosecution of the offending officer. এটা আপনাদের মানতে হবে।

(মিঃ স্পিকার পরবর্তী বক্তার নাম ডাকায় এই সময় মাইক বন্ধ হইয়া যায়।)

[12-00 – 12-10 a.m.]

**শ্রী সমর বাওরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কংগ্রেস দলের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে আমি তার বিরোধিতা করেই আমার বক্তব্য রাখছি। বিতর্কের সূচনা করলেন বিরোধীদলের মাননীয় নেতা কিন্তু তিনি যে ভাবে বক্তব্য রাখলেন তাতে মনে হল না যে তিনি কোনও যুক্তি সঙ্গত তথ্য তুলে আমাদের কোনও সমালোচনা করলেন যে সমালোচনার নিরিখে আমরা আমাদের নিজেদের যদি কোনও ত্রুটি-বিচ্যুতি থাকে তা শুধরে নিতে পারব। তার বক্তৃতায় এমন কোনও তথ্যের সন্ধান পেলাম না। স্বাভাবিক কারণেই আমরা স্যার, মনে করি যে পশ্চিমবঙ্গে বর্তমানে কংগ্রেস নামক দলটির নির্বিকল্প সমাধি ঘটেছে। কয়েকটি খবরের কাগজ নামক এয়ারকুলার চালিয়ে আর রেডিও টেলিভিশন নামক দুটি বরফের চাঁই দুপাশে রেখে কংগ্রেস দলটিকে কিন্তু আর এখানে এক জায়গায় রাখা যাচ্ছে না। ত্রিপুরার নির্বাচনের পর যখন তার ফলাফল প্রকাশ হতে লাগল তখন দেখা গেল সেই ফলাফল দেখে এদের মুখ শুকিয়ে গিয়েছে। আর পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনের ফলাফল দেখে এদের এমন অবস্থা যে কেন্দ্রীয় সরকার রেল বাজেটে পশ্চিমবঙ্গের জন্য এক ইঞ্চি রেল লাইন বরাদ্দ না করলেও ওরা পশ্চিমবঙ্গে একটা লাইন পাচ্ছেন এবং ওরা বলছেন সেটা নাকি বেঙ্গল লাইন। আমি বলছি, সেটা হচ্ছে হাবড়া লাইন। হাতে পদ্মফুল নিয়ে ওরা ঘুরে বেড়াচ্ছেন। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে মাননীয় বিরোধীদলের নেতার যুক্তি, তথ্য নিশ্চয় হারিয়ে যেতে পারে। উনি বলেছেন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গণতন্ত্র বিরোধী, স্বৈরতান্ত্রিক আচরণ করছেন। কিন্তু কি দেখলাম এই পশ্চিমবঙ্গে? শিলিগুড়ির গ্রামে কংগ্রেসের স্বামী-স্ত্রী যেহেতু সি. পি. এমে ভোট দিয়েছে সেইহেতু তাকে বিষ খাইয়ে মেরে ফেলে পলাতক হ'ল। কি অদ্ভুত কথা। আর এরাই বলছেন গণতন্ত্রের কথা। হ্যাঁ, একথা আমরা জানি যে আজকে তাদের যে অবস্থা হয়েছে তাতে তারা নিজেরা পরিত্রাণের কোনও পথ খুঁজে পাচ্ছেন না। পশ্চিমবঙ্গের পঞ্চায়েত নির্বাচনের ফলাফলের মধ্যে দিয়ে যে হতাশার অন্ধকার তাদের দলের মধ্যে নেমে এসেছে এই অবস্থায় হোমিওপ্যাথির বাক্স খুলে তারা আর্নিকা ৩৫৬ খাওয়ার মতোন চাইছেন পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতির শাসন কায়েম করতে। কিন্তু যেহেতু ওদের নেতারা বলছেন যে পরিস্থিতি এখনও এখানে এমন হয়নি, হলে দেখা যাবে, সেইজন্য ওরা সেই রকম একটা পরিস্থিতি এখানে কায়েম করার জন্য উঠে পড়ে লেগেছেন এবং তাই পশ্চিমবঙ্গে খুন, সন্ত্রাস, জখম ইত্যাদি নানান রকমের অভিযোগ আনতে শুরু করেছেন। স্যার, গ্রামাঞ্চলে ছোটবেলাতে আমরা একটা জিনিস শুনতাম, এখন আর হয় না, গ্রামাঞ্চলে সিঁদ কেটে যে চুরি হত সেই সিঁদেল চোররা গৃহস্থ সজাগ আছেন কিনা দেখার জন্য একটা লাঠির মধ্যে একটা কালো হাঁড়ি ঢুকিয়ে দেখে নিত এবং গেরস্থ সজাগ থাকলে সে তখন এ হাঁড়িটাই ফাটিয়ে দিত, আর চোর সিঁদের বাইরে থেকে পালিয়ে যেত। তাই আপনারা ধনীক শ্রেণীর রাজনৈতিক প্রতিনিধিরা তারা গ্রামের, শহরের সাধারণ মানুষকে সেই সিঁদের চোরের হাঁড়ি

বানিয়ে এগিয়ে দিচ্ছেন, কারণ আপনারা চান পশ্চিমবাংলার জন জীবনে, তাদের দেশের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক জীবনে সিঁদ কাটতে চাইছেন। কিন্তু সাধারণ মানুষকে বিভ্রান্ত করে তাদের প্ররোচিত করে তাদের এগিয়ে দিচ্ছে এবং পশ্চিমবাংলার জনগণকে যখন আমরা বলছি, না আমাদের দায়িত্ব, যেহেতু পশ্চিমবাংলায় আমরা বামফ্রন্ট শাসন করছি আমাদের দায়িত্ব পশ্চিমবাংলার শান্তি-শৃঙ্খলাকে রক্ষা করার জন্য, যে শান্তি-শৃঙ্খলাকে রক্ষা করার সংগ্রামে এই নির্বাচন ঘোষণার পর থেকে এই মুহূর্ত পর্যন্ত ৩২ জন আমাদের কর্মী খুন হয়ে গেলেন, এই সংগ্রাম তারা চালিয়ে যাচ্ছেন। তা সত্ত্বেও আপনারা সমানে প্ররোচনা দিয়ে যাচ্ছেন একটার পর একটা, মিথ্যা অভিযোগ করেছেন। কী করেছেন আপনারা? বললেন কী না, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তারা সাম্প্রদায়িকতা বিরোধী নয়। অতীতেও আমরা এই বিধানসভার মধ্যে বিতর্কে বলেছি কীভাবে আপনারা সাম্প্রদায়িক শক্তির সঙ্গে আপোস করেছেন, পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়েও আপনারা কীভাবে ওখানে বিভিন্ন জায়গায় আসন সমঝোতা করেছেন, কীভাবে আপনারা আপনাদের হাবড়া লাইন কার্যকর করবার চেষ্টা করেছেন কী দেখলাম, মেমারী থানার মহেশডাঙা ক্যাম্প, হ্যাঁ, উদ্বাস্তু কলোনি, আপনাদের বড় ভরসা ছিল, ওখানে একটু ধর্মীয় সুড়সুড়ি তুলে দিলে পঞ্চায়েত নির্বাচন হয়তো আপনারা আপনাদের পক্ষে একটু ভাল কতফল করে নিতে পারবেন। কী করলেন, আপনাদের কর্মী সকালে কংগ্রেস করেন, বিকালে বি. জে. পি. করেন, সেই কর্মী বিজয় মজুমদার, তিনি তার বাড়ির সামনে একটা হরিনাম করার জন্য খড়ের চালা করলেন, সেই চালায় নিজেই আগুন ধরিয়ে দিলেন। কী হল? কী করতে চাইছেন আপনারা? কোথায় নিয়ে যেতে চাইছেন পশ্চিমবাংলার মানুষ জনকে? কোন অশান্তির পরিস্থিতি সৃষ্টি করতে চাইছেন আপনারা? যখন আসামীদের সমস্ত মানুষজন সেই পাড়ার তারা ধরলেন, যখন পুলিশ সেখানে গেল, তখন সেই আপনাদের কর্মীর স্ত্রী পুলিশের কাছে স্বীকার করলেন যে হ্যাঁ, তার স্বামী এই চালাটায় আগুন ধরিয়ে দিয়েছে এবং এই সাম্প্রদায়িকতার উত্তেজনা সৃষ্টি করার অপচেষ্টার জন্য সাত দিন মেমারী থানাতে পুলিশের হেফাজতে তাকে জিজ্ঞাসাবাদের জন্য থাকতে হয়েছে এবং মুচলেকা দিয়ে তবে তাকে মুক্তি পেতে হয়েছে। কোথায় নিয়ে যেতে চাইছেন? কী করছেন? আমার রায়না থানার ফুলচাঁদ গ্রামে আপনাদের কর্মী মন্টু সাপুই, বিদ্যুতের বিল না মেটানোর জন্য কয়েকদিন আগে তার ইলেকট্রিক লাইন কেটে দিয়েছে আপনার দপ্তরে, জেলা কংগ্রেসের দপ্তরে তিনি উপস্থিত হলেন। সেখানে জেলা নেতাদের তিনি বললেন, আমার বিদ্যুতের লাইন কেটে দিয়েছে, আপনার জেলা নেতা তাকে নিয়ে ডি. এম. এর কাছে এল, ডি. এম. কে ডেপুটেশন দিয়ে আসি। আপনাদের সেই কর্মী তিনি ভাবলেন, আমার বিদ্যুতের লাইনটার জন্যই বোধ হয় ডেপুটেশনটা হবে। হ্যাঁ, গেছেন, ওখানে আপনাদের জেলা নেতার বক্তব্য সি. পি. এম. এর অত্যাচারে বিদ্যুতের লাইন কেটে দিয়েছে আর গ্রামে যেতে পারছি না। বিদ্যুতের লাইন কেটে দিয়েছে সি. পি. এম., এই সব দিয়েও আপনারা চেষ্টা করছেন, পশ্চিমবাংলায় প্রচারের ঢাক বাজিয়ে, পশ্চিমবাংলায় সন্ত্রাস চলছে, এই ধরনের একটা পরিস্থিতি সৃষ্টি করে আপনারা চাইছেন পশ্চিমবাংলায় রাষ্ট্রপতি শাসন করার একটা যুক্তি সৃষ্টি করার চেষ্টা করছেন। আপনাদের

এই প্রচেষ্টা সফল হবে না। কী করছেন? আমি আমার জেলার পশ্চিমাঞ্চলের ঘটনার কথা বলছি। আমার বরাবনি নির্বাচন ক্ষেত্রে কী করেছেন? আমাদের সদস্য ওখানে আছেন, সেই বরাবনি নির্বাচন ক্ষেত্রে আপনাদের কর্মী, হ্যাঁ, দুঃখজনক ঘটনা, আপনাদের কর্মী আপনাদেরই প্রধান ছিলেন এবারেও নির্বাচিত হয়েছে, এই পঞ্চায়েত এবারে আপনারাও গঠন করবেন। তিনি খুন হলেন, কাদের হাতে? তাদের হাতে, আমি বলি, আপনাদের পল্লা গ্রাম-পঞ্চায়েত প্রধান পরেশ মন্ডল, আপনার দল থেকে দু-বছর আগে পঞ্চায়েতের তহবিল তছরূপের দায়ে অভিযুক্ত হয়েছিল, আপনারাই সেখানে অভিযোগ করেছিলেন। দু-বছর আগে তাকে সেখানকার পুলিশ তহবিল তছরূপের দায়ে গ্রেপ্তার করলেন কি না, এবারে নির্বাচন ঘোষণার পর তিনি পঞ্চায়েতে, আপনাদের দলীয় প্রার্থীকে নমিনেশন দিয়ে নিয়ে আপনাদের মধ্যে হাতাহাতি হয়েছিল কি না?

তারপর সেই পরেশ মন্ডল নমিনেশন পান, নির্বাচিত হন এবং সেখানে আপনারা মেজরিটি পান তখন কে প্রধান হবে তা নিয়ে আপনাদের মধ্যে বিবাদ দেখা দেয়। একটা কাগজে—আমি নাম বলছি না, সে কাগজটার কোনও অতীত নেই, ভবিষ্যত কি আছে আমি জানি না, সে খবরের কাগজের ৩রা জুন তারিখের প্রতিবেদনে দেখা যায় যে পরেশ মন্ডলের ভাইপো মৃণাল মন্ডল সাংবাদিকদের বলেছেন, "পাশের গ্রাম থেকে কংগ্রেসের কয়েকজন লোক কাকা'কে ডেকে নিয়ে গিয়েছিল, তারপর রাত্রে কাকা খুন হয়ে গেল।" আমার আপনাদের কাছে প্রশ্ন কে করল খুন? আপনাদের নিজেদের দলীয় কোন্দলের ফলেই সে খুন হয়ে গেল। আপনাদের নিজেদের মধ্যে কে প্রধান হবে তাই নিয়ে বিবাদের ফলে সে খুন হ'ল। রাত্রিবেলা কংগ্রেস কর্মীরা তাকে ডেকে নিয়ে গেল, তারপর সে খুন হয়ে গেল। আর সেই দায়িত্ব আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে গরিব বাগদিদের ৪২টা বাড়ি পুড়িয়ে, তছনছ করে লুঠপাট করলেন। আপনারা কি করছেন, একবার ভেবে দেখুন। আমরা যখন পশ্চিমবাংলায় শান্তি রক্ষা করার চেষ্টা করছি তখন আপনারা প্ররোচনা দিয়ে একের পর এক ঘটনা ঘটিয়ে শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করছেন। পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় যে সাফল্য বিগত বেশ কয়েক বছর ধরে দেখা দিয়েছে সে প্রশ্নের মধ্যে আমি আজকে আর যাচ্ছি না। রাজ্যপালের ভাষণের ওপর যে বিতর্ক হয়েছিল সেই বিতর্কের হাউসের নথি-পত্রের মধ্যেই তা লিপিবদ্ধ আছে। প্রয়োজন মনে করলে সেটা আপনারা একটু দেখে নেবেন। আমরা জানি সাধারণ মানুষের কল্যাণের জন্য বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিকে রূপায়িত করতে গেলে শান্তিপূর্ণ পরিবেশের প্রয়োজন হয়। যেহেতু আমরা শাসন ক্ষমতায় আছি সেহেতু সেই শান্তিপূর্ণ পরিবেশ রক্ষা করার দায়িত্ব মূলত আমাদের। সে জন্যই আমরা নিচের তলার মানুষের ঐক্য সাধনের মধ্যে দিয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে চাই। আর আপনারা হোমিওপ্যাথিক বাক্স খুলে আর্নিকা ৩৫৬ প্রয়োগ করার মতো পরিবেশ পরিস্থিতি তৈরি করার জন্য দিকে দিকে প্ররোচনা দিচ্ছেন। এমনকি নিজেদের কর্মীদের পর্যন্ত খুন করছেন এবং দায়িত্ব বামফ্রন্টের ওপর চাপিয়ে দেবার চেষ্টা করছেন। প্রথমে অজুহাত তৈরি করছেন এবং

তারপর সন্ত্রাস সৃষ্টি করছেন। আপনাদের এই কাজের অজস্র উদাহরণ আমি এখানে দিতে পারি। একদিকে আপনারা নির্বিকল্প সমাধির মধ্যে দিয়ে শুকিয়ে যাচ্ছেন, অপরদিকে এইভাবে আবার বেঁচে ওঠার চেষ্টা করছেন। আপনারাই আবার বলছেন,—পশ্চিমবাংলায় গণতন্ত্র নেই অদ্ভুত কথা! আমাদের কাজ-কর্মর সমালোচনা নিশ্চিয়ই আপনারা করবেন। আমাদের ত্রুটি থাকলে অবশ্যই যুক্তি-সঙ্গত তথ্য দিয়ে তা আপনারা তুলে ধরবেন। আপনারা যাতে আমাদের সমালোচনা করতে পারেন তার জন্যই তো যেখানে বিধানসভায় অনাস্থা প্রস্তাব তোলার জন্য সর্বনিম্ন ৪৮ জন সদস্যের সমর্থন প্রয়োজন সেখানে বামফ্রন্টের উদ্যোগের মধ্যে দিয়ে আপনাদের সংখ্যার দিকে নজর রেখে তা ৩০ নামিয়ে আনা হয়েছে। আগামী দিনে প্রয়োজন হলে আমাদের ভাবতে হবে এই সংখ্যা আরও কমাতে হবে কিনা। সুতরাং আপনাদের কাছে আমার আবেদন, নিচের তলার মানুষের মধ্যে যাতে শান্তি-শৃঙ্খলা বজায় থাকে, সম্প্রীতি বজায় থাকে, সাম্প্রদায়িক বজায় থাকে তার জন্য প্ররোচনা বন্ধ করুন। আজকে গোটা ভারতবর্ষে আপনারা যে সর্বনাশা পরিস্থিতির সৃষ্টি করেছেন তার মধ্যেও আমরা যতটা পারছি পশ্চিমবাংলাকে রক্ষা করার চেষ্টা করছি। নিচের তলার শ্রমজীবী মানুষদের আমরা ঐক্যবদ্ধ করার চেষ্টা করছি। ধর্মনিরপেক্ষ বামপন্থী গণতান্ত্রিক শক্তিগুলোকে পশ্চিমবাংলায় ঐক্যবদ্ধ করে ভারতবর্ষের সামনে আমরা একটা দৃষ্টান্ত স্থাপন করতে চাইছি। আপনারা যেখানে গোটা দেশকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছেন সেখানে আমরা মানুষের ঐক্যবদ্ধ প্রয়াসের মধ্যে দিয়ে গোটা দেশকে রক্ষা করার চেষ্টা চালাচ্ছি। অবশ্য আমরা জানি আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করবেন না, সেটা করা আপনাদের পক্ষে সম্ভব নয়। তবুও আপনাদের কাছে আমার অনুরোধ অন্তত পরিবেশ এবং পরিস্থিতিকে ঘোলাটে করার চেষ্টা করবেন না, পশ্চিমবাংলার শান্তিপূর্ণ পরিস্থিতি নষ্ট করবেন না। হ্যাঁ, আমরা গত ১৬ বছর ক্ষমতায় আছি। তা সত্ত্বেও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের জনমুখি কর্মসূচি রূপায়ণ করার মতো পরিবেশ পরিস্থিতি বজায় রাখতে গিয়ে প্রতিবছর পশ্চিমবাংলায় বামপন্থী কর্মীদের বুকের রক্ত ঢেলে যেতে হচ্ছে। আপনারা প্রতি মুহূর্তে পরিবেশ নষ্ট করার চেষ্টা করছেন এবং সমস্ত দায়িত্ব আমাদের কাঁধে চাঁপিয়ে দেবারও চেষ্টা করছেন। একটু আগেই বিরোধী দলের নেতা বললেন, 'গোটা বিশ্ব আজকে জানছে পশ্চিমবাংলায় কি হচ্ছে।' অথচ উনি ভুলে গেলেন পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থা এবং পঞ্চায়েত কর্মসূচি গোটা বিশ্বে প্রশংসিত হয়েছে। বিশ্বের বিভিন্ন জায়গা থেকে পশ্চিমবাংলার গ্রাম উন্নয়ন কর্মসূচি দেখতে মানুষ আসছে। আজকে আপনারা এখানে অনাস্থা প্রস্তাব পেশ করেছেন, অথচ কয়েক দিন আগেই পশ্চিমবাংলার জনগণ পঞ্চায়েত নির্বাচনের ভেতর দিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের প্রতি তাঁদের আস্থা প্রকাশ করেছেন। তাঁদের প্রতিনিধি হিসাবে আমি বামফ্রন্ট সরকারের প্রতি আমার আস্থা জানিয়ে আপনাদের অনাস্থা প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য। এখানে শেষ করছি। ধন্যবাদ।

[12-10 – 12-20 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঠিক এই পঞ্চায়েত নির্বাচনের আগে আমরা এবং আর. এস. পি., ফরওয়ার্ডব্লক সকলে মিলে একটা জিনিস বুঝতে পেরেছিলাম, নির্বাচন হয়ে যাবার পর ভোট গণনার সময়ে ব্যাপক গণ্ডগোল, হত্যা এবং অশান্তি হতে পারে, তারজন্য আমি একটা প্রস্তাব রেখেছিলাম, নির্বাচনের পর প্রত্যেক বি. ডি. ও অফিসে সমস্ত ব্যালট নিয়ে এসে গণনা হোক। এটা হলে সুবিধা হবে, সারাদিন ভোট নেবার পর—কোথাও ভোট নেওয়া হয়েছে রাত্রি ২টা পর্যন্ত, তারপর থেকে গণনা শুরু হয়েছে। স্বাভাবিকভাবেই সেই সমস্ত মানুষগুলি কতটা নির্ভীকভাবে কাজ করতে পেরেছে, কি পরিস্থিতির মধ্যে গ্রাম-পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির ভোট গণনা হয়েছে তা সহজেই আপনারা বুঝতে পারছেন। এরপর জেলা পরিষদ তো দূরের কথা। বি. ডি. ও অফিসে যদি গোনা হয় তাহলে ব্যাপকভাবে ভোট গণনার রিগিং বামফ্রন্ট করতে পারবে না। এই রিগিং-এর ব্যাপারটা আমরা প্রথম থেকেই ধরে নিয়েছিলাম এবং আপনাদের সম শরিক আর. এস. পি এবং ফরওয়ার্ড ব্লক তাঁরাও জানতেন যে এটা হতে পারে। কিন্তু আপনারা সেখানে গণনার কাজ করেননি। তার একটি মাত্র কারণ, আপনারা জানেন, গ্রাম-বাংলায় জিততে গেলে শুধু ভোটের কারচুপি করে নয়, গণনার সময়েও কারচুপি করতে হবে। তাই দুইদিক থেকে—ভোট এবং গণনার সময় রিগিং এই দুটো জিনিস মাথায় রেখে ঐ ভোটের পর ওই জায়গাতেই গণনার সিদ্ধান্ত নেন। ফলে আজকে বামফ্রন্টের হয়ে যতগুলি মন্ত্রী এবং এম. এল. এ হয়ে এই বিধানসভায় বসেছেন, পঞ্চায়েত নির্বাচনের আগে নিজেদের চরিত্র মানুষের কাছে যেভাবে তুলে ধরেছেন তাতে আপনারা আর বামফ্রন্ট নন। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বসে আছেন। উনি আরাম, বিলাসে জীবন-যাপন করতে ভালবাসেন, ঠান্ডা জায়গায় যেতে ভালবাসেন, লন্ডনে যেতে ভালবাসেন। উনি এইসব জিনিস বুঝবেন না। পশ্চিমবাংলার মানুষ ঠিক নির্বাচনেব পর এইরকম হত্যা, এইরকম গন্ডগোল কখন দেখেনি। মুর্শিদাবাদে হত্যা হয়েছে। আপনাদের আমাদের সকল দলের লোকই খুন হয়েছে। এই খুন হয়েছে একটি কারণে, আপনারা আপনাদের পায়ের তলার মাটি হারিয়ে ফেলেছেন তাই ক্ষেপা কুকুরের মতন আক্রমণ করার চেষ্টা করছেন। এই কথা আর. এস. পি, ফরওয়ার্ড ব্লক সকলেই বলছে। সবচেয়ে বড় কথা, এখানে নরেন হাঁসদা নেই। ঝাড়গ্রাম পশ্চিমবাংলার একটি অঙ্গ। সেখানে আপনারা কি অত্যাচার করেছেন, কি অন্যায় করেছেন—আজকে এই বিধানসভায় নরেন হাঁসদা নেই বলে ঝাড়গ্রামের মানুষের প্রতি সি. পি. এমের অত্যাচারের কথা বলতে পারল না, অথচ পশ্চিমবাংলার প্রতিটি জায়গায় চিত্র এই বিধানসভায় আলোচনা হওয়া উচিত ছিল। আমার কাছে যে তথ্য আছে তা বলতে গেলে এক ঘন্টার বেশি সময় লেগে যাবে। একটা পোলিং স্টেশনে প্রিসাইডিং অফিসার ১২৩।১৪১ লিখেছেন, I, the Presiding Officer hereby declare, I saw the ballot paper without my signature appears. I have taken ballot box along with me at my area on protest by Congress (I) agent."... একটা বুথে তার ১২৩ সিগনেচার ছাড়া ব্যালট পেপার বেরিয়ে গেল। বি. ডি.

ও অফিসে যাতে গোনা হয় তারজন্য বলা হল এবং এস. ডি. ওর কাছে বলা হল যে এটা আপনি বন্ধ করুন। আপনারা বন্ধ করুন, আপনারা রি-পোলিং করুন। ১২৩টি ব্যালট পেপার উইদাউট সিগনেচার প্রিসাইডিং অফিসার লিখে দিয়েছেন, সকল কাগজই আমার কাছে আছে, জেরক্স করে আপনাকে দেব। প্রিসাইডিং অফিসার সেখানে ১২৩টি ব্যালট যদি গুণে দেখা যায় পঞ্চায়েত সমিতি, গ্রাম-পঞ্চায়েত জেলা পরিষদ তো দূরের কথা, ডায়মন্ডহারবারের ওখানে গণনার সময়ে কোনও এজেন্ট ছিল না, এস. ডি. ও. এবং বি. ডি. ও. নিজেরা গুণে ডিক্লেয়ার করে দিলেন যে সি. পি. এম জিতে গেছে। এই রকম প্রিসাইডিং অফিসারের লেখা কাগজ একটা নয়, আর একটা প্রিসাইডিং অফিসারের কাগজ আছে, তিনি নিজেই লিখছেন যে ৭টা থেকে ৩টে পর্যন্ত ৩টের সময়ে গেট বন্ধ করার কথা, কিন্তু তিনি লিখছেন Gate of the Polling compound, Polling station No.123/51 Khari Gunasindhu Balika Vidyapith was closed at 3.15. ১৫ মিনিট পর পর্যন্ত খোলা রাখতে হচ্ছে ছাপ দেবার জন্য, প্রিসাইডিং অফিসার নিজে লিখে দিচ্ছে। বলুন? এই নির্বাচন অবাধ নির্বাচন? এতে নির্বাচনের রীতি ভঙ্গ হয়েছে কিনা? আপনাদের কাছে সব দেখাব। তারপর আর একটা ঘটনার কথা বলি, এখানে সকলে বলছেন on point of revolver voting was done at Polling station No.725, Lalpur Vidhan Sabha. লালপুর বিধানসভা সম্বন্ধে লিখিত অভিযোগ আছে, লালপুর গ্রাম পঞ্চায়েত সবগুলির জেরক্স কপি আমি আপনাদের কাছে দোব। তারপর মন্দির বাজার বিধানসভা কেন্দ্রে এই ঘটনা ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল আমরা যেটা লক্ষ্য করেছি, ২৬টা পোলিং স্টেশন, ২৬ জন প্রিসাইডিং অফিসারের লেখা আছে, এই ২৬টি জায়গায় রিপোলিং করা হোক আইন মোতাবেক। ওখানে প্রত্যেকটি বে-আইনি ভোট হয়েছে। আপনারা বলছেন আমরা অনেকগুলিতে জিতেছি, নির্বাচন অবাধ হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি প্রত্যেকটি বিধানসভা কেন্দ্রে এই অভিযোগ আছে যে কেন বি. ডি. ও. অফিসে গণনা করা হয়নি? ওখানে গণনা করা হলে দেখতেন যে আপনারা শতকরা ২৫টি ক্ষেত্রেও হেরে গেছেন, কেন করা হয়নি, কেন পয়েন্ট অফ রিভলবারে ভোট হয়েছে প্রিসাইডিং অফিসার লিখছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রী দাঁড়িয়ে বলবেন যে অবাধ নির্বাচন হয়েছে, নির্বাচন সুষ্ঠু হয়েছে। কিন্তু আমরা জানি যে নির্বাচন ভাল হয়নি। আমার কাছে কাগজ আছে তা আমার নয়, প্রিসাইডিং অফিসার আপনাদের কো-অর্ডিনেশন কমিটির মেম্বার এসব তাঁরই দেওয়া কাগজ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল সেই নির্বাচনের পরে সমস্ত বিধানসভার মাননীয় সদস্য যাঁরা ঐ পঞ্চায়েতের ক্ষেত্রে নির্বাচনে হেরে গেছেন তাঁদের পদত্যাগ করা উচিত ছিল। পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রীর নিজের এলাকায় যে চরম অবস্থা হয়েছে তাতে তাঁর পদত্যাগ করা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের মানুষের কাছে একটাই প্রশ্ন যা বিধানসভায় দাঁড়িয়ে আমাদের মাননীয় বিরোধীদলের নেতা বলেছেন, হয়ত আমরা এটা পাস করাতে পারব না, কিন্তু আগামীকাল সংবাদপত্রের মাধ্যমে মানুষ জানবে যে পশ্চিমবঙ্গে কি অবস্থা হয়েছে, কি

ভাবে ভোট গণনা করা হয়েছে। কটায় আপনারা জিতেছেন। আবার বি. জে. পি.র বিরুদ্ধে বড় বড় বক্তৃতা করেছেন। আপনারা জানেন যে বি. জে. পি. যদি কংগ্রেস থেকে ভোট ভাঙ্গিয়ে নিতে পারে, আপনাদের সঙ্গে বি. জে. পির আঁতাত হয়েছে,—কাগজে আছে, তাতে বলা হয়েছে—সি. পি. এম. বি. জে. পি. চুক্তি হয়েছে ১১জন আমাদের আছে তোমাদের ভোট দোব, আর পঞ্চায়েত সমিতিতে আমরা তোমাদের দোব। আবার বলছে বি. জে. পি. মুসলমানদের ভোট নেবার জন্য করেছে। কাজেই কি চিত্র বেরিয়ে আসছে? বি. জে. পি. কংগ্রেসের ভোট না কাটলে আপনারা জিততে পারতেন? পশ্চিমবঙ্গের বামফ্রন্ট দিল্লির পদলেহন করে এবং দিল্লিতে ব্ল্যাকমেল করে বাঁচতে পারেন, কিন্তু পশ্চিমবঙ্গে গণআন্দোলন শুরু হয়েছে যে ঘটনা রুমানিয়ায় হয়েছিল, আজকে এখানে তাই হয়েছে।

[12-20 – 12-30 p.m.]

আজকে আমার কাজ নয়, কংগ্রেস নেতাদের কাজ নয়, সাধারণ মানুষ আপনাদের ১৬ বছরের অত্যাচার দিনের পর দিন সহ্য করে আজকে তারা বাধ্য হয়েছেন বোমা বন্দুক হাতে নিতে। আত্মরক্ষার জন্য এটা করতে তারা বাধ্য হয়েছেন। এরজন্য দায়ী কে? এরজন্য পশ্চিমবঙ্গের প্রশাসন দায়ী কিনা? আজকে যদি পরিষ্কার করে বলতে হয় তাহলে পঞ্চায়েত নির্বাচনে জেতার জন্য আমাদের কোনও কৃতিত্ব নেই, কংগ্রেসকে জনগণই দুহাত তুলে ভোট দিয়েছেন। আরও বুঝতেন চিত্রটা কি যদি গণনায় রিগিং না করতেন। আজকে আপনাদের পুলিশ প্রশাসন রয়েছে। আমার নির্বাচন কেন্দ্রের বকুলতলা, যেটা সি. পি. এম. এর দুর্গ বলে পরিচিত ছিল, সেখানে কংগ্রেস পঞ্চায়েত হচ্ছে। গত পরশুদিন সেখানে যখন কংগ্রেসের বিজয় মিছিল হচ্ছিল তখন সেখানে পুলিশ গিয়ে হঠাৎ লাঠি চার্জ করল এবং তারফলে ১১জন আহত হলেন। পুলিশ তাদের বলল, মিছিল করতে দেওয়া হবে না। এর বিরুদ্ধে তারা এস. ডি. ও. এবং ডি. এম. এর কাছে ডেপুটেশন দিয়েছেন। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বলুন, কোন গণতন্ত্র এটা ; এটা স্বৈরতন্ত্রের চিহ্ন কিনা এবং আপনি সেই স্বৈরতন্ত্রের প্রতিভূ হিসাবে বসে আছেন কিনা? আপনি এর জবাব দেবেন। আজকে এই বিধানসভায় আমরা যতই চিৎকার করি না কেন, পশ্চিমবঙ্গের মানুষ বুঝে গেছেন এখানে কারা অত্যাচারী। সি. পি. এম. অত্যাচার করে কিনা, তাদের অগ্রাসী নীতি আছে কিনা—এটা আর. এস. পি. বা ফরোয়ার্ড ব্লক ক্ষমতায় থাকবার জন্য হয়ত বলতে পারবেন না, মন্ত্রিত্বের লোভে হয়ত তারা বলেন না এটা, কিন্তু তাদের কর্মীরা জানেন, তাদের ব্যথা কোথায়, বেদনা কোথায়। এটা জেনে রেখে দিন—কংগ্রেস নেতারা বললে হয়ত শুনবেন না—কিন্তু মানুষ নিজেদের তাগিদে তৈরি হচ্ছেন, আপনারা দিল্লির পদলেহন করে থাকতে পারবেন না, দিল্লিকে ব্ল্যাকমেল করে বসে থাকতে পারবেন না। আপনারা হয়ত মনে করছেন নরসীমা রাওকে তেল দিয়ে বসে থাকত পারবেন, কিন্তু জানবেন, আপনাদের দিন শেষ হয়ে আসছে এবং সেই চিহ্ন জনগণ পঞ্চায়েত নির্বাচন দেখিয়ে দিয়েছেন। আপনারা কোটি কোটি টাকা, পুলিশ প্রশাসন এবং সমস্ত সরকারি কর্মচারিদের ছেড়ে দিয়েছিলেন, প্রিসাইডিং অফিসার করেছিলেন গ্রুপ-ডি কর্মচারীকে

যিনি টিপ সই দিয়ে প্রিসাইডিং অফিসারের কাজ করেছেন। সেখানে কোনও যোগ্য লোক পাওয়া যায়নি, প্রাথমিক শিক্ষক সমিতি ঐ কাজ করেননি বলে আপনারা গ্রুপ-ডি কর্মচারিদের দিয়ে প্রিসাইডিং অফিসারের কাজ করিয়েছেন। তারা টিপ সই দিয়েছেন প্রিসাইডিং অফিসার হিসাবে। আপনারা নির্বাচনের নামে প্রহসন করেছেন। বিনয়বাবু, আপনি অনেক নির্বাচন দেখেছেন, কিন্তু নির্বাচনের পর এইভাবে ৫০-৬০ জন খুন হতে দেখেছেন? এরা সি. পি. এম., আর. এস. পি. বা কংগ্রেস লোক হতে পারেন। এইরকম অন্যায়, এইরকম অত্যাচারের ফলে আজকে হাজার হাজার লোক গ্রামছাড়া। আপনারা বলছেন, 'তারা গ্রাম ছেড়ে চলে গেলে আমরা কি করব?' আপনাদের চেহারা এইরকম—গ্রামে যখন যান আপনাদের চেহারা বিভৎস্য, দুষ্কৃতিকারীদের মতো বিভৎস্য, আর এখানে সবাই ভদ্রলোকের মতো বসে আছেন। আপনাদের গ্রামের চেহারা আমরা স্বচোক্ষে দেখেছি, কাজেই সেটা আমরা জানি। যে সরকার ১৬ বছর ক্ষমতায় থেকে নির্বাচনের পর আইন-শৃঙ্খলা রক্ষা করতে পারেন না সেই সরকারের এখানে বসে থাকা উচিত কিনা সেটা পশ্চিমবঙ্গের জনগণই বিচার করবেন। আমরা ৩৫৬ ধারার কথা বললে মুখ্যমন্ত্রী বলেন, 'সেটা তো ওরা অনেকবারই বলেছেন।' আমরা ৩৫৬ ধারার প্রয়োগ হয়ত দিল্লি থেকে করাতে পারব না, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ গণতন্ত্রের মাধ্যমে ৩৫৬ করবেন এবং তখন আর পুলিশ প্রশাসনকে দিয়ে ক্ষমতায় টিকে থাকতে পারবেন না আপনারা। আজকে পুলিশ প্রশাসনকে দিয়ে চেষ্টা করছেন কি করে কংগ্রেসকে দমিয়ে রাখা যায়। আজকে মিথ্যা সব কেস দিয়ে কংগ্রেসকে দমিয়ে রাখা হয়েছে যাতে তারা নির্বাচনে অংশগ্রহণ না করতে পারেন। তবে জেনে রাখুন, ১৬ বছর ধরে অত্যাচারিত হয়ে আজকে গ্রামবাংলার মানুষ শিখেছেন যে, বাঁচার তাগিদে অস্ত্র তুলে নেওয়াটা অন্যায় হবে না, পুলিশের উপর বোমা মারা অন্যায় হবে না, পুলিশ প্রশাসনকে অবহেলা করা অন্যায় হবে না। তারা জানেন, আজকে একটা অত্যাচারী সরকার, একটা জোচ্চোর সরকার পশ্চিমবঙ্গে বসে আছেন। এই জোচ্চোর সরকারের বিরুদ্ধে অবশ্যই তারা প্রতিবাদ জানাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে কয়েকজন প্রিসাইডিং অফিসারের কি কদর্য লেখা। ইংরাজি লিখেছে সেগুলি ভুলে ভরা। টিপ সই দিয়ে কাজ করছে সেইরকম লোককে ভোট নিতে পাঠিয়েছে। কাজেই ওদের যে উদ্দেশ্য ছিল সেটাতে কৃতকার্য হয়েছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে মন্দির বাজার এলাকায় ৬৭ ভোটে সি. পি. এম. হারছে। তখন এস. ডি. ও'র কাছে খবর গেল যে সি. পি. এম ৬৭ ভোটে হারছে। তখন এস. ডি. ও পুলিশ দিয়ে সেখান থেকে গণনার কাজ তুলে নিয়ে গেল। তারপরে ঘোষণা করা হল যে কংগ্রেস হারছে এবং সি. পি. এম জিতছে। এই হচ্ছে অবস্থা। আজকে জেলা শাসক থেকে আরম্ভ করে মহকুমা শাসক সকলকে এরা চাকর বানিয়েছে। প্রসাকের বদলে চাকর। কাজেই আমি বলব যে এই নির্বাচন প্রহসনে পরিণত হয়েছে। কাজেই এই প্রস্তাবকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পক্ষ থেকে বর্তমান

মন্ত্রিসভার প্রতি যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। সংখ্যার দিক থেকে আমরা খুবই কম, এটা ঠিকই। কিন্তু আজকে এই সরকারের প্রতি অনাস্থা প্রস্তাব আনার কারণ এই সরকারের কোনও নৈতিক অধিকার নেই আজকে ক্ষমতায় থাকার। আমি আমার কথা দিয়ে বলব না। আমি প্রথমে আপনার কাছে আবেদন করছি যে আপনি এই হাউসের সর্বময় কর্তৃত্বে রয়েছেন। আমাদের যারা এম. এল. এ তাদের প্রোটেকশন দেবার দায়িত্ব আপনার। এম. এল. এ'রা প্রোটেকশন দেয় জনগণকে। কিন্তু আপনি আমাদের সকলের রক্ষা কর্তা। আপনার সহকর্মী ও আমাদের এই হাউসের ডেপুটি স্পিকার, গত ১লা জুন ওন্দা থানায় গিয়ে একটা ডায়েরি করেছেন। ডায়রির নং হচ্ছে ৪৩। ৯৩। মুখ্যমন্ত্রী যখন জবাব দেবেন তখন যদি এই সম্পর্কে বলেন তাহলে আমরা বুঝতে পারব যে ঘটনা কোন পর্যায়ে গেছে। আমাদের হাউসের ডেপুটি স্পিকার, অনিল মুখার্জি ওন্দা থানায় সি. পি. এম.-এর ৩ জনের বিরুদ্ধে—মন্টু বারিক, বিকাশ বারিক, অলোক পাত্র এবং অন্যান্য মার্ক্সবাদী ঠেংগারে বাহিনীর বিরুদ্ধে ডায়রি করেছেন। রতনপুর অঞ্চলের গোলকুন্ডা গ্রামের মানুষের পাশে দাঁড়িয়ে তাদের সাহস এবং সহানুভূতি দেবার জন্য তিনি গিয়েছিলেন। তখন মার্ক্সবাদী পার্টির গুন্ডা বাহিনী ডেপুটি স্পিকারের উপরে হামলা করে। তিনি থানায় ডায়েরি করেছেন। একজন ডেপুটি স্পিকার, তিনি সি. পি. এম.-এর বিরুদ্ধে থানায় গিয়ে ডায়েরি করছেন। মার্ক্সবাদী পার্টির গুন্ডা, যাদের বিরুদ্ধে তিনি থানায় এফ. আই. আর করেছেন, তাদের এখন পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে কিনা বলুন। আজকে ডেপুটি স্পিকারের মতো লোককে যদি থানায় গিয়ে ডায়েরি করতে হয় যে মার্ক্সবাদী গুন্ডারা তার উপরে হামলা করেছে তাহলে কোন অধিকারে আপনি এখানে মুখ্যমন্ত্রী থাকবেন? এটাতে একটা কন্সটিটিউশন্যাল ক্রাইসিস এবং অ্যাডমিনিস্ট্রেটিভ ক্রাইসিস দেখা দিয়েছে। আপনারা সকলে জানেন যে মন্ত্রিসভার যৌথ দায়িত্ব থাকে। এটা কোনও একজন মন্ত্রীর দায়িত্বের ব্যাপারে নয়। কাজেই একজন মন্ত্রী অপরাধ করলে সেটা সমস্ত মন্ত্রিসভার উপরে সেই দায়িত্ব এসে পড়ে। অসামরিক প্রতিরক্ষা মন্ত্রী মদন বাউড়ী যদি দুর্নীতি করে থাকেন তাহলে সেটা শুধু সি. পি. আইয়ের দুর্নীতি হয়না, সেটা মন্ত্রিসভারই দুর্নীতি হয় এবং সেই দুর্নীতির জন্য মন্ত্রিসভাকে পদত্যাগ করতে হয়। এটা আমার কথা নয়, মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় বলেছেন যে মদন বাউড়ী দুর্নীতির সঙ্গে যুক্ত। অসামরিক বিভাগে যে ট্রেনীং নার্স নিয়োগ করা হয়েছে, মনোনয়ন করা হয়েছে তার ক্ষেত্রে চরম দুর্নীতি করা হয়েছে। একথা বলছেন স্বয়ং বুদ্ধদেব ভট্টাচার্য, যিনি ডিফ্যাক্টো মুখ্যমন্ত্রীর পোজ নেন। তিনি বলেছেন যে মদন বাউড়ী দুর্নীতির সঙ্গে জড়িত।

[12-30 – 12-40 p.m.]

কোন অধিকারে এই মন্ত্রিসভা টিকে থাকতে পারে? দুর্নীতির কথা শুধু আমরা বলছি না, বিরোধীপক্ষ শুধু দুর্নীতির কথা বলছে না যিনি একজন মন্ত্রিসভার সদস্য—বুদ্ধদেববাবু—তিনি দুর্নীতির কথা বলছেন। তিনি সাংবাদিকদের সঙ্গে বৈঠক করে বলছেন মদন বাউরী মহাশয়

দুর্নীতিগ্রস্ত। আজকে মন্ত্রী সভার সকল সদস্যের যৌথ দায়িত্ব, তাঁদের মধ্যে কোনও এক মন্ত্রী দুর্নীতিগ্রস্ত হলে সেই মন্ত্রী সভা আর ক্ষমতায় থাকতে পারে না। সেইজন্য আজকে এই কথা বলছি যে পশ্চিমবাংলায় কন্সটিটিউশনাল ক্রাইসিস দেখা দিয়েছে। আজকে এই মন্ত্রী সভার কোনও নৈতিক অধিকার নেই ক্ষমতায় থাকার। সেইজন্য আমরা এই মন্ত্রী সভার পদত্যাগ দাবি করেছি, সেইজন্য আমরা এই অনাস্থা প্রস্তাব এনেছি। আমাদের দলের মাননীয় সদস্য প্রবীর মুখার্জি একটা পোস্টার এনেছেন, তাতে কি আছে দেখুন।

(এই সময় মাননীয় সদস্য প্রবীর মুখার্জি মহাশয় একটি পোস্টার সকল সদস্যকে দেখান)

এই পোস্টার আমি আপনার কাছে জমা দেব। আপনারা বলেছেন বি. জে. পি-র সঙ্গে আমরা হাত মিলিয়েছি নাকি। বি. জে. পি.-র বিরুদ্ধে লড়াই তো আমরা করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলুন এখানে যে পোস্টার আছে তাতে কার ছবি আছে? এখানে অটলবিহারী বাজপেয়ি-র সঙ্গে জ্যোতি বসুর ছবি আছে। ১৯৮৮ সালের ২রা জুলাই শহিদ মিনার ময়দানে জ্যোতিবাবু বি. জে. পি.-কে সমর্থন করেছিল। আজকে উনি ধর্ম নিরপেক্ষতার ব্যাখ্যা দিচ্ছেন? আপনি বলুন এই পশ্চিমবাংলায় বি. জে. পি.-কে এনেছে? পশ্চিমবাংলা একটা ধর্ম নিরপেক্ষ রাজ্য গোড়া থেকেই, এখানকার মানুষ ধর্ম নিরপেক্ষ আদর্শে উদ্বুদ্ধ। এখানে জ্যোতিবাবু অটলবিহারী বাজপেয়ি, আদবানী এবং ভি. পি. সিং-কে নিয়ে এসে সভা করলেন এবং বি. জে. পি-কে সমর্থন জানালেন। সাম্প্রদায়িক শক্তিকে পশ্চিমবাংলায় আনলেন কংগ্রেসের বিরোধিতা করতে গিয়ে। আজকে যারা এই কাজ করেছেন তাঁদের আর ক্ষমতায় থাকা উচিত নয়। জ্যোতিবাবুর দল সেই দিন অটলবিহারী বাজপেয়িকে সঙ্গে নিয়ে বলেছিল—কংগ্রেসের অন্ধ বিরোধিতা করতে গিয়ে—পশ্চিমবাংলার মানুষের কাছে যে কংগ্রেসের বিরুদ্ধে লড়ার জন্য বি. জে. পি-র সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে হবে। সেই সময় বৃদ্ধ নাম্বুদ্রিপাদের কথা শুনেননি জ্যোতিবাবু। আজকে এই সাম্প্রদায়িক শক্তি পশ্চিমবাংলায় নিয়ে আসার দায়িত্ব এই মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নিজের। সেই জন্য তাঁর পদত্যাগ সকলের আগে দরকার। মাননীয় সরকার পক্ষের সদস্যরা বড় কথা বলেছেন, তাঁরা এখানে গণতন্ত্রের কথা বলছেন। এখানে বিনয়বাবু আছেন। তিনি এখন পশ্চিমবাংলায় ডাস্টবিনের মধ্যে ল্যাংড়া আম। তিনি একজন প্রকৃত ভদ্রলোক। ৫ বছর তিনি পঞ্চায়েত চালিয়েছেন। আজকে বলুন তো আরামবাগ মহকুমায় এত খারাপ অবস্থা হল কেন? কোন পর্যায়ে নিয়ে গেছেন আপারা। মানুষকে আপনারা কোন পর্যায়ে নিয়ে গেছেন? সেখানে সি. পি. এম-এর বিরুদ্ধে দাঁড়াবার কারও সাহস নেই। কোথাও কোথাও সি. পি. এম.-এর বিরোধিতা করার জন্য বিরোধী দলকে শরিক দলের সঙ্গে হাত মেলাতে হয়েছে। মুর্শিদাবাদে আর. এস. পি-র সঙ্গে হাত মেলাতে হয়েছে। কুচবিহারে অনেক জায়গায় ফরোয়ার্ড ব্লকের সঙ্গে হাত মেলাতে হয়েছে। মেদিনীপুরে সি. পি. আইঃ-এর সঙ্গে হাত মেলাতে হয়েছে। গোটা পশ্চিমবাংলায় আর. এস. পি., ফরোয়ার্ড ব্লক, সি. পি. আই এমনভাবে মার খেয়েছে যে তাদের একটা জায়গায় ঐক্যবদ্ধ হতে হয়েছে। এমন অবস্থায়

গিয়েছে অনেক জায়গায় শরিক দলকে বি. জে. পি-র সঙ্গে হাত মেলাতে হয়েছে। আপনাদের অত্যাচারের হাত থেকে বাঁচার জন্য এই অবস্থায় যেতে হয়েছে। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় মেদিনীপুর জেলার লোক, ওঁনার জেলায় কি হল? ওনার জেলায় জেলা পরিষদকে জেতাবার জন্য ৬২টি টি বুথের মধ্যে ১৪টি বুথে ২০ (বি) ফর্ম ফিল আপ করতে দেওয়া হল না, কোনও কাউন্টিং এজেন্টকে রাখতে দেওয়া হল না। তারপর ৯৭ ভোটে জিতেছে বলে রেজাল্ট সিট পাঠিয়ে দেওয়া হল। এর পর আপনারা কি করে দাবি করেন যে সুষ্ঠ পঞ্চায়েত নির্বাচন করেছেন? পঞ্চায়েত মন্ত্রীর নিজের জেলায় বেলিয়াতোড়া গ্রামে কুরাপানি প্রাইমারি স্কুলে ৯ নং বুথে ভোট নেওয়া হচ্ছে। সেখানে প্রিসাইডিং অফিসার নিজে ছাপ্পা মারছে।

সেখানে প্রিসাইডিং অফিসারের নাম হচ্ছে হরেরাম কর্মকার। কুরাপানিতে ৯নং বুথে ঐ প্রিসাইডিং অফিসার সি. পি. এম.'এর হয়ে ছাপ্পা মেরেছেন। তাঁকে সেখানেকার মানুষ ধরে ফেলেছিলেন, জনতা ধরে ফেলেছিলেন। আপনারা সুষ্ঠু নির্বাচন হবার ব্যবস্থা করেছেন? সেই প্রিসাইডিং অফিসারের বিরুদ্ধে কি শাস্তির ব্যবস্থা করেছেন? কিছুই করতে পারেননি। দলের লোকদের দিয়ে পঞ্চায়েত নির্বাচনে ব্যাপক কারচুপি করে জিতেছেন। পশ্চিমবাংলার মানুষ আজকে নির্বাচনের পরে নিরাপত্তাহীনতায় ভুগছে। আমাদের একজন সহকর্মী, নরেন হাঁসদা, তাঁকে এখানে আনবার জন্য আপনাকে অনুরোধ করেছিলাম। আপনি তাঁকে এখানে নিয়ে আসতে পারেননি। তাঁর বিরুদ্ধে মিথ্যা কেস দিয়ে তাঁকে অ্যারেস্ট করেছেন। বীরভূমের পাটনীল গ্রামের ঘটনায় জ্যোতিবাবুর বিবেক কোথায় ছিল? পাটনীল গ্রামে নিরীহ মহিলাকে অত্যাচার করে আপনারাই দলের লোক। সেদিন বোলপুরের এস. ডি. ও.-কে ২৪ ঘন্টার নোটিশ দিয়ে বদলি করে দেন। আপনার দলের লোক কংগ্রেসিদের উপরে, মহিলার উপরে অত্যাচার করার জন্য যখন ব্যবস্থা নিলেন তখন সেই এস. ডি. ও., নজরুল ইসলামকে ২৪ ঘন্টার নোটিশে বদলি করে দিয়েছেন। তিনি সেখানে মাত্র এক সপ্তাহ কাজ করার সুযোগ পেয়েছিলেন। ভারতবর্ষের আর কোনও জায়গায় এই রকম ঘটনা ঘটেনি যেখানে একজন আই. পি. এস. অফিসার এত অল্প সময় কাজ করেছেন। আজকে বিরোধী দলের একমাত্র বিধায়ক তাঁকে জেলে পচতে হচ্ছে। বিবেক লাগে না? মুখ্যমন্ত্রীর এখানে কোন অধিকার আছে ক্ষমতায় থাকার? সেজন্য তাঁর বিরুদ্ধে আমরা এই অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছি। আজকে এই রাজ্য এমন একটা পর্যায়ে এসে গেছে, বর্ধমানের সমুদ্রগড়ের ঘটনা লক্ষ্য করুন। আমরা চোদ্দশ'বছর আগে চজানি 'এজিদের' নিষ্ঠুরতার ইতিহাস তাকে ভাঙতে পারেনি। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী সেই ইতিহাসকে ভেঙে দিয়েছেন। সমুদ্রগড়ে কৃষ্ণকান্ত অধিকারীকে গত ১লা জুন সি. পি. এমের কমরেডরা নিষ্ঠুরভাবে মেরেছিল। তাঁকে মারার পর হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তিনি গত ১১ই জুন হাসপাতালে মারা যান। তিনি মারা যাবার পর তাঁর দুই ছেলেকে অ্যারেস্ট করা হয়, তারা এখন জেলখানায় আছে। বাবার মৃত্যুর পর তারা বাবার মুখাগ্নি পর্যন্ত করতে পারেনি। আপনার দলের লোকেদের দ্বারা আক্রান্ত হয়ে একজন

মারা গেল। সে মারা যাবার পর তার ছেলেরা তার মুখাগ্নি পর্যন্ত করতে পারল না। এই অবস্থার পরে আপনার সরকারের থাকার কোনও নৈতিক অধিকার আছে? এখানে নরেন দে'কে জিজ্ঞাসা করুন, গোঘাটে কি ঘটেছিল? তিনি তো আপনার মন্ত্রিসভার একজন মন্ত্রী। আপনাদেরই বিধায়ক, শিবপ্রসাদ মালিক, তিনি গোঘাটে ঢুকতে পারেননি—মৃণাল ঘোষের কথা না হয় বাদ দিলাম। আপনাদের মন্ত্রীরা বলেছন যে বামফ্রন্ট সরকার বলে কিছু নেই। সি. পি. এম.'-এর অত্যাচারে আজকে পশ্চিমবাংলার মানুষ জর্জরিত। ভারতবর্ষের কোথাও এই অবস্থা হয়নি। এখানে পুলিশ প্রশাসনকে এমন ভাবে দেখার ফলে এইসব ঘটনা ঘটেছে। গোটা পশ্চিমবাংলায় আজকে এমন অরাজকতা সৃষ্টি হয়েছে যে ১৬ বছর ক্ষমতায় থাকার পর পশ্চিমবাংলাকে একটা শ্মশানে পরিণত করেছেন।

আপনারা যে আতঙ্কে ভুগছেন, বি. জে. পি. সাম্প্রদায়িক, বি. জে. পি.কে জুজু দেখেন, আমাদের ক্ষেত্রে আমরা যেমন বি. জে. পি. কে বাঘ বলে মনে করি, তেমনি আপনাদের কুমীর বলে মনে করি। সুন্দরবনে যেমন বাঘ এবং কুমীরের সঙ্গে লড়াই করে বাঁচতে হয়, আমাদেরও তেমনি বাঘ ও কুমীরের সঙ্গে লড়াই করতে হয়। আপনাদের মনে নেই যে কয়েক বছর আগে আপনারা কি করেছিলেন? ভি. পি. সিংকে সরাসরি এয়ারপোর্ট থেকে নিয়ে এসেছিলেন এবং এল. কে. আদবানীর সঙ্গে ব্রেকফাস্ট করেছিলেন। তখন কি বলেছিলেন মনে নেই?

[12-40 – 12-50 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী এয়ার পোর্টে বসে এল. কে. আদবানির সঙ্গে এক সঙ্গে বসে কথা বলেছিলেন এবং ব্রেকফাস্টও করা হয়েছিল। সেখানে এল. কে. আদবানিকে তো দরকার ছিল ভি. পি. সিংকে জেতানোর জন্য। সুতরাং আজকে তুমি সাধু হলে আর আমি চোর হয়েছি—এই অবস্থা করে ছেড়েছেন। আজকে মুখ্যমন্ত্রীর এসব করার পরেও লজ্জা করে না। সেই কারণে আজকে অনাস্থা প্রস্তাব এনেছি, এটা শুধু আমাদের দাবি নয়, বামফ্রন্টের শরিকদলগুলো যারা আছেন তারাও আজকে সি. পি. এমের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। সেইজন্য সকল মানুষের দাবিতে আমরা আজকে এই অনাস্থা প্রস্তাব এনেছি এবং এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি কংগ্রেসিদের বক্তৃতা শুনলাম। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই, সেটা হচ্ছে যে আমাদের মনে রাখতে হবে যে এই কংগ্রেসিরা নো কনফিডেন্স এনেছেন, এটা পরাজয়ের গ্লানিতেই এনেছেন। পরাজয় স্বীকার করে নিয়েই এটা এনেছেন। আমাদের জেনে রাখতে হবে যে ভারতবর্ষের একটিমাত্র শত্রু হচ্ছে কংগ্রেস (আই) আমরা ভারতবর্ষের লিবারেশন করতে গেলে আমাদের মধ্যে ডিফারেন্স হবেই একথা অস্বীকার করছি না। কিন্তু ডিফারেন্স থাকা সত্ত্বেও আমাদের মিল দেখতে হবে। ভারতবর্ষ রাজনীতিকে সঠিক কপথে চালিত করতে আমাদের মিলেমিশে কাজ করতে হবে।

ডিফারেন্স নেই একথা নিশ্চয় বলব না কিন্তু ফর দি বেটার কজ আমাদের কংগ্রেসিকে এনিমি নাম্বার ওয়ান করে চলতে হবে। মাঝখানে একটি পার্টি বিজেপি বুদ্ধুদের মতো গজে উঠেছে বেশিদিন আর থাকবে না, আবার মিলিয়ে যাবে। ওরা আর বেশিদূর এগোতে পারবে না। কিন্তু ভারতবর্ষের রাজনীতির স্বার্থে, গরিব মানুষদের স্বার্থে এই কংগ্রেসিরা হচ্ছে সবচেয়ে বড় শত্রু এই কথাটা মনে রাখতে হবে। এবং সেইভাবেই আমাদের এগিয়ে যেতে হবে। আমাদের সঙ্গে সি পি এমের কিছু কিছু জায়গায় অমিল হয়েছে সেটা প্রকাশ্যেই বলতে পারি কিন্তু সেটা কতদূর সেটা আমাদের চিন্তা-ভাবনার ভেতরেই নিশ্চয় যেতে হবে। এই যে ডিফারেন্স আছে এতে দল ভাঙ্গার কোনও ব্যাপার নেই, বামফ্রন্ট সরকারের সঙ্গে গরমিলের কোনও ব্যাপার নেই। এটাই আমাদের ডিসিসন ফর এ পার্টি এবং এই যে আজকে ভারতবর্ষের কোটি কোটি গরিব মানুষকে বাঁচাতে হলে এবং ইকোনমিক ক্রাইসিস যা কংগ্রেস করে যাচ্ছে সেটাকে রক্ষা করতে হলে আমাদের মধ্যে কিছু ডিফারেন্স থাকলেও একসঙ্গে এগিয়ে যেতে হবে। কারণ আমাদের সবচেয়ে বড় শত্রু হচ্ছে কংগ্রেস এই কথাটি মনে রাখতে হবে। বিজেপি কোনও ব্যাপার নয়, ওরা বুদ্ধুদের মতো গজে উঠেছে আবার মিলিয়ে যাবে। কিন্তু কংগ্রেস (আই) হচ্ছে আমাদের ইকোনমিক্যালি শত্রু।

তাই বন্ধুগণ আমি আমাদের কাছে কয়েকটি জিনিস বলতে চাই। আমরা যেটা চেষ্টা করেছিলাম যে সবাই মিলে এক সঙ্গে আমরা এগিয়ে যাব, সেটা কিছু কিছু কারণের জন্য হয়নি। সি. পি. এমেরও কিছু কিছু লোক চেষ্টা করেছিল যাতে আমরা এক সঙ্গে পঞ্চায়েত ইলেকশন করতে পারি। কিন্তু দুর্ভাগ্যবশত এটা শারকুলেট করা যায়নি। তবে আমাদের মনে রাখতে হবে ভারতবর্ষে কোটি কোটি যে জনসাধারণ তাদের মুক্তির জন্য আমাদের যে ডিফারেন্সটা আছে সেটাকে ভুলে যেতে হবে। সেটা নিজেদের মধ্যে মিটিয়ে নেওয়া উচিত, এই কথা আমি .বলতে চাই এবং এই ব্যাপারে আমরা সি. পি. এমকে বলেছি এবং তারাও আমাদের বলেছে এই ব্যাপারে একটা বৈঠক করে কোথায় কোথায় ডিফারেন্স হচ্ছে সেটা আলোচনা করা হোক। আমাদের মধ্যে সেই আলোচনাটা আগামী ১৬ তারিখ হবে। যদি রাজনীতি সহজ পথ হত তাহলে আমরা বলতাম, না হবে না, কিন্তু রাজনীতি সহজ পথ নয়, এখানে দেখতে হবে সবচেয়ে বেস্ট ইন্টারেস্ট আমরা কি সার্ভ করতে পারি। যখন আমরা দেখছি সারা ভারতবর্ষকে কতগুলো লোক লুঠপাট করে নিয়ে যাচ্ছে, আর কংগ্রেসিরা সেটাকে সাহায্য করছে, সেই কংগ্রেসের সঙ্গে তো আমরা এক হতে পারি না! আমরা জানি জ্যোতিবাবুর খুঁত আছে, মানুষের একদম খুঁত নেই, সেটা হয়না। আমরা চিন্তা-ভাবনা করছি এবং রাজনৈতিক ডিসিসনও নিচ্ছি যে বামফ্রন্টের সঙ্গে একসঙ্গে চলব। কাজেই আমাদের মধ্যে ডিফারেন্স থাকলেও এই ডিফারেন্সটাকে আমাদের মিটমাট করতে হবে। যদি না করি তাহলে আমাদের মধ্যে ভুল হবে। কিন্তু তাই বলে এই নয়, যে আমরা কংগ্রেসের সঙ্গে মিটমাট করব। আমাদের বামফ্রন্ট সরকারের যেসব শরিক আছে তাদের মধ্যে যে অবস্থা সেটাকে আমরা কিভাবে দূরীভূত করতে পারি সেটা আমাদের চিন্তা করতে হবে। আমি এটুকু

বলতে পারি যে গ্রেটার এভিলকে ফাইট করার জন্য আমাদের কিছু ডিফারেন্স থাকলে আমাদের একসঙ্গে এগিয়ে যেতে হবে। এটাই হচ্ছে রাজনীতি। রাজনীতি বুঝতে হবে, নইলে শুধু চিৎকার করতে হবে। পঞ্চায়েত ইলেকশনেতো আপনারা অনেক সুবিধা পেয়েছেন, বি জে. পি-র সঙ্গে গেছেন, কিন্তু তাতেও কিছু করতে পারেননি। আমাদের মধ্যে হয়ত দ্বন্দ্ব আছে এবং দ্বন্দতে আমাদের কিছু ক্ষতিও হয়েছে এটা অস্বীকার করা যায় না। কিন্তু আমাদের মূল রাজনীতি হচ্ছে মানুষের ভালোর জন্য যা আছে, কোটি কোটি লোকের যে ইকোনমিক লিবারেশন, সেই লিবারেশনের কথা ভাবতে হবে। সেই সঙ্গে সঙ্গে আরও ভাবতে হবে এইসব গণতান্ত্রিক দল যারা আছে, যেসব বামপন্থী দল আছে তাদেরকে সঙ্গে নিয়ে কংগ্রেসের যে ইকনমিক দৌরাত্ম, অন্যায়, সেটাকে ভাঙ্গার চেষ্টা করতে হবে। আমরা জানি ভারতবর্ষে যে গভর্নমেন্ট আছে, সেই গভর্নমেন্টকে ধ্বংস করে আমাদের গভর্নমেন্ট যদি তৈরি করতে না পারি, ততক্ষণ পর্যন্ত আমাদের অনেক অসুবিধা হবে। তাই আমাদের মূল যে উদ্দেশ্য সারা বিশ্বে যে অর্থনৈতিক লুঠপাট এবং ভারতবর্ষকে যে অর্থনৈতিক পেশার তারা দিচ্ছে সেই থেকে মুক্ত হওয়ার জন্য বামপন্থী দলগুলিকে আবার একসঙ্গে এগিয়ে যেতে হবে।

[12-50 – 1-00 p.m.]

আমরা জানি যে কিছু কিছু ক্ষেত্রে আমরা পারি নি একসঙ্গে হতে। সেটা নিশ্চয় দুঃখজনক এবং দুর্ভাগ্যজনক কিন্তু একথা মনে রাখতে হবে যে মূল স্রোত থেকে আমরা সরে যেতে পারি না। যদি সরে যাই তাহলে আমরা যে বামপন্থীর কথা বলি তা দুর্বল হবে সেইজন্য বলছি, ডিফারেন্স আছে, ডিফারেন্স হয়েছে এবং তাতে আমরা কিছু ক্ষতিগ্রস্ত হয়েছি এ সম্বন্ধে কোনও সন্দেহ নেই কিন্তু তবুও আমাদের মূল রাজনীতির স্রোত থেকে এগিয়ে যেতে হবে। কারণ ভারতবর্ষের কোটি কোটি জনসাধারণের কথা আমরা চিন্তা করি। তাই আপনাদের বলছি, আপনারা যে নো কনফিডেন্স মোশন এনেছেন আমরা ভারতবর্ষের রাজনীতির চিন্তাধারার ভেতর দিয়ে সেটাকে অপোজ করছি। এর মধ্যে স্পোরেডিক নিশ্চয় কোথাও কোথাও বিশৃঙ্খলা হয়েছে, এটা অস্বীকার করছি না যে কিছু কিছু হয়েছে কিন্তু সেটা স্যাকরোসেন্ট এটা আমরা মনে করি না। তবে গ্রেটার কাজের জন্য ট্রিফলিং ছোট ছোট ঘটনা যা ঘটেছে সেগুলিকে আমরা নিশ্চয় খুব বেশি এগিয়ে যেতে দেব না। তাই আপনাদের বলছি, আপনারা আজকে যে নো-কনফিডেন্স মোশন এখানে এনেছেন আমাদের পার্টির তরফ থেকে গ্রেটার রাজনীতির কথা চিন্তা করে এই নো-কনফিডেন্সকে অপোজ করছি। দ্বিতীয় মদন বাউরি সম্বন্ধে একটা কথা উঠেছে। মদন বাউরির দুর্নীতির কথা বলেছেন। আমার মনে হয় যে এটা এরকমভাবে না হওয়াই উচিত ছিল একথা আপনাদের কাছে বলছি। যে কালেকটিভ রেসপনসিবিলিটি অব দি ক্যাবিনেট তা এর ভেতর দিয়ে দেখতে হবে যে সেই মেজর পোরসনটা ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা। তা যদি না হয় তাহলে আমি বলব, এটাকে আমরা ওভারলুক করতে পারি। যিনি এসব কথার অবতারণা করেছেন আমার মনে হয় তিনি ঠিক করেননি। তবুও লেফট ফ্রন্ট ক্যাবিনেটকে আমরা সাপোর্ট করব এবং তাকে এগিয়ে নিয়ে যাব

একথা আমি আপনাদের বলছি। আমি আপনাদের বলছি, আপনারা চিন্তা করে দেখবেন, বামফ্রন্টকে বাঁচিয়ে রাখতে হবে। শুধু পশ্চিমবাংলার জন্য নয়, ভারতবর্ষের মুক্তির সংগ্রামের হাতিয়ার হিসাবে ব্যবহার করার জন্য বামফ্রন্টকে বাঁচিয়ে রাখতে হবে। বামফ্রন্টকে বাঁচিয়ে রাখতে না পারলে ভারতবর্ষের শত শত কোটি কোটি লোককে আর্থিক বন্ধন থেকে মুক্ত করা যাবে না। তাই আমাদের পার্টির পক্ষ থেকে আমরা রাজনৈতিক ডিসিসন নিয়েছি যেআপনারা যে নো কনফিডেন্স মোশন এনেছেন একে অপোজ করার। এই নো কনফিডেন্সকে অপোজ করতে আমাদের কোনও দ্বিধা নেই। শ্রীনরেন হাঁসদার কথা উঠেছে। নরেন হাঁসদার কথা নিশ্চয় আমিও বলছি যে চিন্তা-ভাবনা করতে হবে কারণ ডেমোক্রাটিক যে আইডিয়া সেই ডেমোক্রাটিক আইডিয়ার ভেতর দিয়েই ল অ্যান্ড অর্ডারে ব্যাপারটা চিন্তা-ভাবনা করতে হবে। এই দুটি জিনিস একসঙ্গে মিশিয়ে দিলে চলবে না। তাই আপনাদের বলছি, সামগ্রিকভাবে চিন্তা-ভাবনা করে আমরা পার্টি থেকে স্থির করেছি যে বামফ্রন্টকে আমরা এগিয়ে নিয়ে যাব। এই সভায় আজকে যে নো কনফিডেন্স মোশন আনা হয়েছে সেটাকে আবার অপোজ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে কংগ্রেস পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এখানে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বিশেষ করে সি. পি. এম. এর গত পঞ্চায়েত নির্বাচনে যে কারচুপি এবং সন্ত্রাস, এই সন্ত্রাস এবং কারচুপির বিরুদ্ধে আমাদের দলের গুরুতর অভিযোগ থাকা সত্ত্বেও আমরা কংগ্রেসের আনা অনাস্থা প্রস্তাবের সঙ্গে সামিল হতে পারছি না। দুটো কারণে সামিল হতে পারছি না, একটা কারণ হচ্ছে কংগ্রেস দেশের বিভিন্ন জায়গায় ক্ষমতা আছে, তারা সন্ত্রাস এবং কারচুপির মাধ্যমে বিভিন্ন জায়গায় ক্ষমতায় এসেছে। দু নং কারণ হচ্ছে সর্বভারতীয় ভিত্তিতে কংগ্রেস এবং সি. পি. এম. বোঝাপড়ার রাজনীতিতে চলছে। সুতরাং তাদের আনা অনাস্থা প্রস্তাব-এ আমরা সামিল হতে চাই না। পঞ্চায়েত নির্বাচনে কারচুপি এবং সন্ত্রাসের বিরুদ্ধে আমাদের অভিযোগ আছে। আপনারা জানেন পঞ্চায়েত নির্বাচনে ওরা যে জয়ের কথা বলেন, এই জয় এবং পরাজয়ের ভেতরে একটা প্রশ্ন আছে। স্বাভাবিক অবস্থায় যদি নির্বাচন হত তাহলে তাদের পক্ষে পঞ্চায়েত নির্বাচনে জেতা সম্ভব হত না। পঞ্চায়েত নির্বাচনে তারা দুর্নীতি এবং সন্ত্রাস করে বিভিন্ন জায়গায় জিতেছে। কারণ তারা আগে থেকেই প্রস্তুত ছিল। তাদের কাছে এই প্রসঙ্গে ইনটেলিজেন্স ডিপার্টমেন্টের রিপোর্ট ছিল যে স্বাভাবিক নির্বাচন হলে তারা জিততে পারবে না। স্বাভাবিকভাবে তারা পঞ্চায়েত নির্বাচনে একদিকে চরম সন্ত্রাস সৃষ্টি করেছে, অপরদিকে কারচুপি এবং জালিয়াতিকে হাতিয়ার করে তারা পঞ্চায়েত নির্বাচনে অবতীর্ণ হয়েছে। এই পঞ্চায়েতের নির্বাচনের রায় জনগণের রায় নয়, এটা জালিয়াতি কারচুপির রায়। আপনারা জানেন সন্ত্রাস কীভাবে হয়েছে, আজকে নির্বাচনের আগে এবং নির্বাচনের পরে সব মিলিয়ে প্রায় ৫০ জনের মতো মানুষ মারা গেছে। এই পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে সর্বত্র এমন সন্ত্রাস হয়েছে যে শিশু পর্যন্ত বাদ যায় নি। ১৪ বছরের কিশোর, জয়নগরের ধোসা চন্দনেশ্বরে রামপ্রসাদ হালদারের

এস. ইউ. সি.'র মূল সংগঠক তার ছেলেকে গুলি করে গলায় নলি কেটে মেরে ফেলা হল। এই রকম ভাবে সারা পশ্চিমবাংলায় সন্ত্রাস সৃষ্টি করা হয়েছে। ধোসা চন্দনেশ্বরে নন্দীশ্বর মন্ডল তাকে গুলি করা হল। এখনও একসরে রিপোর্ট দেখলে জানা যাবে বুলেট বিদ্ধ হওয়ার চিহ্ন। বর্ধমানের মেমারিতে—করন্দাতে পাঁচ জন আই. পি. এফ., যারা আগে সি. পি. এম. ছিল তাদের হত্যা করা হয়েছে। এই ভাবে তারা পঞ্চায়েত নির্বাচন করে ক্ষমতায় গেছে। কলকাতার আশেপাশের গ্রামাঞ্চলে যারা বসবাস করে তাদের সি. পি. এম. এর বিরুদ্ধে ভোট দেওয়া চলবে না। তাদের ভেতর যারা এস. ইউ. সি. কে ভোট দিয়েছে তাদের উপর অত্যাচার করা হচ্ছে। তাদের ফলের বোঝা ফেলে দেওয়া হয়েছে, লজেন্সের থলে ছুঁড়ে ফেলে দেওয়া হয়েছে, তাদের রুজিরোজগার বন্ধ করে দেওয়া হয়েছে। এই হচ্ছে গরিব দরদী বামফ্রন্ট সরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একেবারে ডেলিবারেটলি ওরা সন্ত্রাস করবে বলে আগে থেকে ঠিক করে ফেলেছিল। ৮৮ সালের নির্বাচনের থেকে এবারে বুথের সংখ্যা অনেক বেশি অথচ পুলিশ ফোর্স ওয়ার্থ কমিয়ে দিয়েছে। অর্থাৎ তারা চেয়েছিলেন পুলিশের অভাবে তারা ইচ্ছামতো গুন্ডামি, সন্ত্রাস করে ভোট নিতে পারবে। তারা জালিয়াতি কী কী ভাবে করেছে দেখুন। ভোটে জিতে গেছে, সাত ভোটে জিতে গেছে, তারপর বুথের উপর হামলা হল। যে সাত ভোটে জিতেছিল, তাকে এক ভোটে হারিয়ে দেওয়া হল ধোসা প্রাথমিক বিদ্যালয়ে গোলাম মুস্তাফা মন্ডলকে। উনি আমাদের প্রার্থী সাত ভোটে জিতেছিলেন, কিন্তু রিকাউন্টিং করে সি. পি. এম. প্রার্থীকে ভোটে জিতিয়ে দেওয়া হল।

[1-00 - 1-10 p.m.]

একই ঘটনা ঘটেছে মন্দিরবাজারে। দুর্গাপুর ২ নং ব্লকে আমাদের প্রার্থী পিয়ের আলি লস্কর কাউন্টিং-এ জিতেছিল, কিন্তু তাকে মেরে তাড়িয়ে সার্টিফিকেট দেওয়া হ'ল পরাজিত সিপিএম প্রার্থী রহমতুল্লাকে। বারুইপুরের বেলেগাছিতে আরও মারাত্মক ঘটনা ঘটেছে। সেখানে কংগ্রেস প্রার্থী জিতেছিল, তাকে সার্টিফিকেটও দেওয়া হয়েছিল, তারপর ডি. এম. সেখানে গিয়ে পোলিং ক্যানসেল করে রি-পোলিং-এর অর্ডার দিলেন। অবশ্য শেষ পর্যন্ত কোর্টের আদেশে রিপোলিং-এর ওপর ইঞ্জাংশন জারি হয়েছে। কো-অর্ডিনেশন কমিটি লোকজনদের দিয়ে এবং জাল ভোটারদের দিয়ে বহু জায়গায় ব্যাপক কারচুপি করা হয়েছে। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে কমপ্লাইলেশনে বহু বিজয়ী প্রার্থীকে হারিয়ে দেওয়া হয়েছে। গ্রাম-পঞ্চায়েতের ভোট গণনার সময় যেসব পঞ্চায়েত সমিতির প্রার্থী দেখা গেছে ২০০/২৫০ ভোটে জিতেছে কম্পাইলেশনের প'র তাদের দেখানো হয়েছে হেরে গেছে, সিপিএম প্রার্থী জিতে গিছে। জয়নগর বামুনগাছিতে পঞ্চায়েত সমিতিতে আমাদের প্রার্থী পাঁচু মন্ডল ২০০-র ওপর ভোটে জিতেছিল, কম্পাইলেশনের সময় তাঁকে হারিয়ে দেওয়া হ'ল। সিপিএম প্রার্থীকে জিতিয়ে দেওয়া হ'ল। দিনে দুপুরে ডাকাতি, কারচুপি, সন্ত্রাস করে জবরদস্তি আপনারা ক্ষমতা দখল করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে সিপিএম কিসের রাজনীতি করছেন! ওঁরা মুখে বামপন্থীর কথা বলেন, মার্ক্সবাদের কথা বলেন, অথচ ওঁরা আজকে কার্যক্ষেত্রে মার্ক্সবাদে

এবং বামপন্থীর নামে সর্বস্তরের সমাজবিরোধীদের হাতে আর্মস তুলে দিয়ে ওপেনলি তাদের দিয়ে লুঠ করে, খুন করে, সন্ত্রাস সৃষ্টি করে গায়ের জোরে নির্বাচন করে গায়ের জোরে ক্ষমতায় টিকে থাকছেন। আজকে কি আর ওঁদের পেছনে মানুষ আছে? বুদ্ধদেববাবুকে আমি একটু ভেবে দেখতে অনুরোধ করছি। বুদ্ধদেববাবু, আপনারা বলেন, আপনাদের লোক ইত্যাদি। যে সমস্ত মানুষ আপনাদের সঙ্গে আছে তারা আপনাদের সঙ্গে ভয়ে আছে, ভক্তিতে আছে? আপনি একটু ভেবে দেখুন, মার্ক্সবাদ কি এই শিক্ষা দেয়। কালচারাল রেভলিউশন প্রিসিডস টেকনোলজিক্যাল রেভলিউশন, এটাই হচ্ছে লেনিন-এর কথা। আর মার্ক্সের কথা হচ্ছে, যে শ্রমিক বা মজদুর, যারা দুনিয়াকে পাল্টাবে তাদের আগে নিজদের পাল্টাতে হবে। আর আপনারা এই সমস্ত খুনে, ডাকাত ক্যাডার বাহিনী দিয়ে বিপ্লব করবেন। আপনারাই কয়েকদিন আগে মার্ক্সবাদ নিয়ে আন্তর্জাতিক সেমিনার করলেন। আপনাদের কথা এবং কাজের মধ্যে কি সঙ্গতি বজায় থাকছে? আপনারা বলেন, আপনাদের সরকার জনপ্রিয় সরকার। সেই জনপ্রিয় সরকারকে আপনারা কোথায় নিয়ে এসে ফেলেছেন। এইভাবে কোথায় নিয়ে যাচ্ছেন? আজকে পশ্চিমবাংলার জনগণের কি আপনাদের সরকারের প্রতি কোনও শ্রদ্ধা ভক্তি আছে? অতীতে আপনাদের যে সমস্ত কর্মীরা বামপন্থী নিয়ে স্বপ্ন দেখতেন, মার্ক্সবাদ নিয়ে স্বপ্ন দেখতেন তাঁদের কাছে আমার প্রশ্ন, আজ আর পশ্চিমবাংলার জনগণের মধ্যে সিপিএম-এর কি কোনও শ্রদ্ধার আসন আছে? যদি থাকত কি তাদের এই ভাবে ক্ষমতায় আসতে হয়? যদি সত্যিই এই সরকার জনপ্রিয় সরকার হ'ত তাহলে জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে এ মহাকরণে জনগণের যাতায়াতের ওপর নিষেধাজ্ঞা জারি করতে হ'ত? আজকে মন্ত্রীদের কমান্ডো পরিবেষ্টিত হয়ে চলাতে হচ্ছে। আজকে মুখ্যমন্ত্রীর নিরাপত্তার নাম করে ৪০ বছরের ঐতিহ্যমন্ডিত প্রেস কর্ণার তুলে দিতে হচ্ছে। জনপ্রিয় বামফ্রন্ট সরকার আজকে এতই জনপ্রিয় যে পুলিশ ছাড়া চলতে পারে না। মন্ত্রীদের দপ্তরগুলো আজকে পুলিশবেষ্টিত করে রাখতে হচ্ছে। রাইটার্স বিল্ডিংস'এর সামনে দিয়ে জনগণের যাতায়াত বন্ধ করে দিতে হ'ল, এর চেয়ে লজ্জার আর কি থাকতে পারে! এখানে এমন অনেক আছেন যাঁরা অতীতে বাম-পন্থীর স্বপ্ন নিয়ে কংগ্রেসি অত্যাচারের বিরুদ্ধে লড়াই করেছিলেন, মার খেয়ে ছিলেন, জেলে গিয়েছিলেন। তাঁরা যে বিপ্লবের স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্নকে তাঁদেরই বর্তমান নেতৃত্ব ধূলিস্যাৎ করে কোথায় নিয়ে যাচ্ছে তা একটু তাঁদের ভাবতে অনুরেধ করছি। এই পরিস্থিতিতে আমি এই অনাস্থা প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমার এই বক্তব্য পেশ করলাম।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, আমি ডাঃ জয়নাল আবেদিনের আনা অনাস্থা প্রস্তাবের সমর্থণে কয়েকটা কথা বলছি। কিন্তু কার বিরুদ্ধে বলব! অনাস্থা প্রস্তাব যে মন্ত্রিসভার বিরুদ্ধে আনছি সেই মন্ত্রিসভার মুখ্যমন্ত্রীকে দিল্লিতে সাংবাদিকরা জিজ্ঞাসা করেছিলেন যে, পশ্চিমবাংলায় কি ঘটছে? উনি নিজেই বলেছেন, 'বাংলার সম্বন্ধে আমি কিছু জানি না।' আমাদের মুখ্যমন্ত্রী—মঙ্গলগ্রহের মুখ্যমন্ত্রী। পশ্চিমবাংলার সরকারের মাহিনা নেবেন আর দিল্লিতে গিয়ে বলবেন বাংলার কি হচ্ছে তিনি কিছু জানেন না। যখন পশ্চিমবাংলা জ্বলছে, গ্রাম-বাংলার

মানুষ মারা যাচ্ছে, মহিলাদের উপর অত্যাচার হচ্ছে তখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী কুলু মানালিতে গিয়ে ঠান্ডা ঘরে বসে আছেন। লজ্জা হয়না? পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী নিজের মুখে বলছেন পশ্চিমবাংলা সম্বন্ধে কিছু জানেন না। আমি আগেই বলেছি, মুখ্যমন্ত্রীকে ঘিরে আজকে নিরাপত্তা বলয় তৈরি হয়েছে। এনার জন্য কমান্ডো বাহিনী তৈরি হয়েছে, এনার জন্য রাইটার্স বিল্ডিং-এর প্রেস কর্নার তুলে দেওয়া হয়েছে। রাইটার্স বিল্ডিংস-এর সামনে দিয়ে কাউকে হাঁটতে দেওয়া হচ্ছে না। মুখ্যমন্ত্রীকে বন্দি করে রাখা হয়েছে। আগ্রা ফোর্টে বন্দি শাজাহানের মতোন, আর মুখ্যমন্ত্রী দূর থেকে তাজমহল দেখেছেন। আর ঐ ঔরঙ্গজেব-বুদ্ধদেববাবু ক্ষমতা দখল করার চক্রান্ত করছেন। আলিমুদ্দিন স্ট্রিটের ব্রেজনেভ দারাসিকো সম্পাদক হয়ে বসে আছেন। পশ্চিমবাংলায় এই রাজনীতি চলছে। যখন পশ্চিমবাংলার মানুষ মরছে তখন বুদ্ধদেববাবু বলছেন, পশ্চিমবাংলায় গন্ডগোল কোথায়? সব শান্তি। অথচ স্যার, আমি আপনার কাছে বলছি, ৩০শে মের পর থেকে কি ঘটনা ঘটেছে। সি. পি. এম গ্রামে-গ্রামে খুন-জখম, লুঠ অগ্নিসংযোগ এবং ধর্ষণের একটা ধ্বংসলীলা চালাচ্ছে। কেন, তার কারণ ওরা ভেবেছিল, পঞ্চায়েত নির্বাচনে ওরা যে ক্যাম্পেন করেছে সেই ক্যাম্পেনে ওরা এক-তরফা জিতবে। মুখ্যমন্ত্রী নিজে সাম্প্রদায়িক বক্তৃতা দিয়ে বলেছিলেন, সি. পি. এমই একমাত্র দল যারা মুসলমানদের বন্ধু। আর হিন্দু এলাকায় গিয়ে বলেছিলেন, আমরা রামের ইট নিয়ে যেতে দিয়েছি। এইভাবে তলায় তলায় বি. জে. পির সঙ্গে গাঁটছড়া বেধেঁছিলেন। উনি ভেবেছিলেন এইভাবে কংগ্রেসের ভোট কাটবেন। অনিল বিশ্বাস বলেছিলেন পঞ্চায়েত নির্বাচনের আগে আমাদের ৪ শতাংশ ভোট বেশি বাড়ছে। এমনই রিগিং-এর ব্যবস্থা করেছেন। নির্বাচনের ফলাফলে দেখা গেল, সি. পি. এমের ভোট কমে গেল, সাড়ে ৫ শতাংশ। আমরা কংগ্রেসিরা এত প্রতিকূলতা সত্ত্বেও ৪ শতাংশ ভোট বেশি পেয়েছি। ৪৯ কোটি টাকা নির্বাচনের আগে খরচ করে, স্বয়ং মুখ্যমন্ত্রী সাম্প্রদায়িক ক্যাম্পেন করে এলাকায়-এলাকায় সন্ত্রাস, রিগিং এই সমস্ত করে, নির্বাচনী প্রসেস এবং গণনার পদ্ধতিতে কারচুপি করে ওরা যে জিতেছেন তাতে ওরা জানেন এটাই আসল জেতা নয়, ভয় কেন তোর যায় না, হায় বুদ্ধদেব হায় রে। ভয় তবুও আজকে ওদের যাচ্ছে না। তার কারণ, ওরা বালির ওপর দাঁড়িয়ে আছেন, যে কোনও মুহূর্তে ভেঙে পড়বে। তাই ভয় যাচ্ছে না। তাই ওরা কি শুরু করেছেন? ৩০মে পঞ্চায়েত নির্বাচন হল। সেদিন কংগ্রেসের দীপু দাসকে গুলি করে মারা হল গুপ্তীপাড়ার বলাগড় পুলিশ স্টেশনে। ৩১মে, ৪জন আই. পি. এফ সমর্থককে সি. পি. এমরা মেমারীথানার করন্দা গ্রামে মারল। সেদিন পুলিশের গুলিতে ১৩ জন ইটাহারের কোটাল গ্রামে আহত হলেন। একই দিনে মেদিনীপুর জেলার দাঁতনে কংগ্রেসের পঞ্চায়েত প্রার্থী বিজয় সাউয়ের বাড়ি জ্বালিয়ে দেওয়া হল এবং তার মেয়ে গুরুতরভাবে আহত হলেন। অগ্নিদগ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি হলেন। ১জুন কি হল? বেলেগাছিতে সি. পি. এমের গুলিত ২জন মারা গেলেন। তাঁদের মধ্যে ১ জন কংগ্রেস কর্মী আর একজন বি. জে. পি। পঞ্চায়েত প্রার্থী কনকা টুডু ধনেখালির বেনাতলি গ্রামে মারা গেলেন। সেদিন রাত্রিবেলা কালনার শালানপুর ব্লকে গ্রাম পঞ্চায়েতের কংগ্রেসের প্রধান পরেশ মন্ডলকে সি. পি. এমরা খুন করলেন। তার সঙ্গে রতন মিশ্রকেও

খুন করল। ২ জুন, হুগলি থানার পুরশুড়ায় চিলাডিঙ্গি গ্রামে ১২টি বাড়ি পুড়িয়ে দিয়েছে। একজন পুরানো সি. পি. এম সদস্য কংগ্রেসে যোগদান করেছিলেন। তাদের বাড়ির বাচ্চাদের আছড়ে মারা হল এবং মহিলাদের শ্লীলতাহানি করা হল। ৩ জুন, দীপা ঘোষ, পঞ্চায়েতের মহিলা প্রার্থী। সি. পি. এম. থেকে গিয়ে তাকে বলা হল, জানোতো, বানতলা করেছি, বিরাটি করেছি, তোমার উপরও অত্যাচার হবে।

[1-10 – 1-20 p.m.]

মেয়েটা ভয়ে হার্টফেল করে মারা গেল, দীপা ঘোষ, ৩রা জুন। এই সি. পি. এম মহিলাদের সম্মান রক্ষা করছে? আমরা সেদিন দেখলাম যে আমতা থানার চন্দ্রপুরে কংগ্রেস ওয়ারকার মারা গেল, আমরা সেদিন দেখলাম মারা গেল মাশুদ শেখ, কংগ্রেসের কর্মী। বাদুড়িয়ার রাজাপুরে সি. পি. এমের আক্রমণে ৫ জন কংগ্রেস কর্মী মারা গেল, বর্ধমানের আউশগ্রামে ৪ঠা জুন, মাসেদ মারা গেল পুলিশের গুলিতে। সেদিন আর. এস. পি.র সঙ্গে সংঘর্ষ করব, আর. এস. পি.র একজন সমর্থক হানিব শেখের মেয়েকে কমরেডরা আছড়ে মারল। এইরকম লাথি, জুতো খেয়েও কি এরা ফ্রন্ট ছাড়বে? আজকে এখন সময় নেই। ৮ই জুন মানিকদাস, ১৪ বছরের ছেলে এগরা থানার ছাত্রী এলাকার—মাননীয় পরিষদীয় মন্ত্রী প্রবোধবাবুর এলাকার। ১০ই জুন দমদম থানার বাবুপাল মারা গেল। কিন্তু মাননীয় বুদ্ধদেববাবু বলছেন যে পশ্চিমবঙ্গে সব শান্ত, কিছুই হচ্ছে না। মাননীয় বুদ্ধদেববাবুর কথা নিয়ে মাননীয়া গীতা মুখার্জি অভিযোগ করেছেন। বুদ্ধদেববাবুর ঔদ্ধত্য কোন শিখরে গিয়ে পৌঁছেছে? এর পরও সি. পি. আই. ফ্রন্ট থেকে বেরিয়ে আসবে না? মাননীয়া গীতা মুখার্জি মায়ের বয়সী, বুদ্ধদেববাবু বলেছেন উনি কত জনের প্রতিনিধিত্ব করেন, ওঁর রাজনীতির ঔদ্ধত্য কোন জায়গায় গিয়ে পৌঁছেছে এ কথা আপনাদের ভাবতে হবে। আজকে পশ্চিমবঙ্গে আমরা দেখছি বামফ্রন্টের সদস্যদের আক্রমণে গোঘাটের মাননীয় বিধায়ক শিবপ্রসাদ মালিক গোঘাটকে উপদ্রুত ঘোষণা করায় আক্রান্ত হলেন। মাননীয় খাদ্যমন্ত্রী নরেন দে ফরয়ার্ড ব্লকের সদস্য রাতাঁকে ঘেরাও করেছিলেন এবং প্রতিবাদ করার জন্য দাবি তুলেছিলেন, তিনি প্রতিবাদ করেছিলেন, প্রতিবাদ করার পরেও সি. পি. এমের ভয়ে কিছু বলছেন না। এইরকম লাথি, জুতো খেয়েও ফ্রন্টে থাকবেন? আমাদের সঙ্গে আসতে হবে না, আমরাই আমাদের লড়াই করব, আপনারা শুধু প্রতিবাদ করুন, পুরুষের মতো বেরিয়ে এসে প্রতিবাদ করুন। মাননীয় কমলবাবু প্রতিবাদ করেছিলেন, তিনি দীপক ঘোষের মতো দালাল ফরওয়ার্ড ব্লককে পর্যদস্ত করেছেন, আজকে তাকেও দীনহাটাতে আমরণ অনশনের কথা বলতে হয়েছে। আজকে কি চিত্র? আজকে বুদ্ধদেববাবু বলেছেন মাননীয় মদন বাউরী সিভিল ডিফেন্সের মিনিস্টার তিনি দুর্নীতি করছেন, আবার মদন বাউরী মহাশয় বলছেন যে বুদ্ধদেববাবুর কথা মতো কো-অর্ডিনেশন কমিটির মেম্বারদের ট্রেনী নার্স হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি বলে বুদ্ধদেববাবু এ কথা বলছেন। এই তো অবস্থা, মন্ত্রী সভার একজন মাননীয় মন্ত্রী আরেকজন মাননীয় মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করছেন। পশ্চিমবঙ্গ জ্বলছে, মাননীয় মুখ্যমন্ত্রী 'নীরো' বেহালা বাজাচ্ছেন।

বলছেন আমার মতো আর্টিস্ট আর নেই, বেহালা বাজিয়ে চলেছি। আর সাজাহানের মতে বন্দি হয়ে রয়েছেন। কেন্দ্রীয় সরকারের টাকায় পঞ্চায়েত নির্বাচনে মানুষের ভোট কিনছেন মানুষের মন আর আপনারা পাবেন না, আগে হাতছানি দিয়ে তো মানুষকে বলতেন আমর হলদিয়া, বক্রেশ্বর করব, কিন্তু সি. পি. এমেশ্বর বক্রেশ্বর কোন বছরে হবে? কি জবা দেবেন? হলদিয়া করবেন, হলদিয়াতে টাটা তো পালাবে, কোনওরকম অ্যাডভান্সমেন্টের প্র নেই। এখন দুটো জিনিস করছেন, মাছঘর আর নাচঘর। ভিক্টোরিয়াতে মাছঘর করতে কাে দায়িত্ব দিচ্ছেন, বড় বাজারের সত্যনারায়ণ পার্ক খ্যাত বোফর্সের হিন্দুজার যুগল কাজারিয়াকে ৭ হাজার স্কোয়ার ফিট হবে বলেছেন দিয়েছেন ২৭ হাজার স্কোয়ার ফিট হিন্দুজার কাজারিয়াকে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করবেন তাছাড়া ওনার আর কি করার আছে?

আজকে সল্টলেকে জমি নিয়ে দুর্নীতির ব্যাপার মুখ্যমন্ত্রীর আপ্ত-সহায়কের নাম সেখা চলে এসেছে। আজকে ক্রিমিনালাইজেশন অফ পলিটিক্স এমন একটা জায়গায় পৌঁছেছে মুখ্যমন্ত্রীর নামের সঙ্গে মুখ্য সাটাটা ডন, মাফিয়া ডনের নাম উল্লিখিত হয়েছে। গ্রামে যা কংগ্রেস কর্মীদের খুন করেছে, মহিলাদের উপর অত্যাচার করেছে, তাদের উপর যেমন ি পি. এম. নির্ভরশীল তেমনি শহরে ভল্লুক, চুল্লু, কাল্লু, বিল্লু, লাল্লু, রশিদ এদের উপ নির্ভরশীল। এই সরকারের কোনও অধিকার আছে ক্ষমতায় থাকার? দুই বছর আগে এক নির্বাচনে জিতেছিলেন, তারজন্য বলছেন আপনাদের সংখ্যাগরিষ্ঠতা রয়েছে এবং তারজন্য কনফিডেন্স মোশন গৃহীত হবে না, কিন্তু বিধানসভায় কতগুলো হাত তোলা লোকের উ নির্ভর করে একটা সরকার থাকতে পারে না। একটি সরকারে থাকার জন্য একটা নৈি দাবি থাকে, মরাল বেসিস থাকে, একটা রাজনৈতিক ভিত্তি থাকে, একটা পাবলিক স্যাং থাকে। রাজনৈতিকভাবে ব্যাঙ্কক্রাপ্ট একটা সরকার আজকে পশ্চিমবঙ্গে একদলীয় শা প্রতিষ্ঠিত করেছেন। মীনাক্ষীর এই যে মন্ত্রী আছেন এখানে। সেখানকার এস. আই. এক অপরাধীকে ধরলেন, কিন্তু পরে ঐ মন্ত্রী ফোন করে তাকে বদলি করে দিলেন। আজ অ্যাডমিনিস্ট্রেশন কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে? আজকে আই. পি. এস. এবং আই. এসরা যে দলবাজি করছেন তার বিচার করছেন জনগণ। তাই আমি এই সরকারের ? অনাস্থা প্রকাশ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস নেতার অনাস্থা প্রস্তাবের বিরো করে আমার বক্তব্য শুরু করছি। এখানে কংগ্রেস বন্ধুরা অনেক কথা বললেন। তারা বলছি যে, বামফ্রন্ট সরকারের রাজত্বে নাকি চারিদিকে ক্রিমিনালাইজেশন অফ পলিটিক্স হ ভায়লেন্স হচ্ছে, খুন-জখম হচ্ছে, কাজেই বামফ্রন্ট সরকারকে পদত্যাগ করতে হবে। আ পলিটিক্স অফ ভায়লেন্স এর কথা বলে ওনারা বাজার গরম করছেন আমি তাদের ক একটু পিছনের স্মৃতি হাতিয়ে দেখুন। কংগ্রেস গণতন্ত্রে বিশ্বাসী ছিল, গান্ধীবাদে বিশ্বাসী ি গোটা ভারতবর্ষকে গণতান্ত্রিক সংবিধান দেবার ক্ষেত্রে কংগ্রেস নেতৃত্বের বিরাট ভূ ছিল—এসব অস্বীকার করি না। পন্ডিত জওহরলাল নেহরুর আর্থিক নীতির ক্ষেত্রে আম

হতো পার্থক্য থাকলেও তিনি যে রাজনীতি করেছেন এবং যে নন্-ভায়লেন্সে বিশ্বাস করতেন তাঁর প্রতি এখনও পর্যন্ত তেমন অশ্রদ্ধা আমাদের নেই। পরে এই পশ্চিমবঙ্গে ডাঃ বিধানচন্দ্র রায় এবং প্রফুল্লচন্দ্র সেন যখন রাজত্ব চালিয়েছেন, তাদের রাজত্বেও অনেক অঘটন ঘটেছে, কিন্তু পলেটিক্স অফ ভায়লেন্স—এটাকে তথ্য হিসাবে গ্রহণ করে রাজত্ব চালাবার মনোভাব আমরা দেখতে পাইনি। কিন্তু তার পরে যিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হলেন এবং যে পদ্ধতির মধ্যে দিয়ে এলেন সেই সিদ্ধার্থশঙ্কর রায় এই পলিটিক্স অফ ভায়লেন্সকে তথ্য হিসাবে নিয়েই ক্ষমতায় এলেন। তার আগে পশ্চিমবঙ্গে দুইবার যুক্তফ্রন্ট সরকার এসেছিলেন। সেই সরকারের মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে গণচেতনার উন্মেষ ঘটতে দেখে কংগ্রেস মনে করলেন যে, এখানে ক্ষমতায় আসতে হলে ভায়লেন্স এবং টেরোরাইজেশনের মধ্যে দিয়ে আসতে হবে। তাই আমরা দেখলাম, তারপর সিদ্ধার্থশঙ্কর যে বিগড় নির্বাচনের মধ্যে দিয়ে ক্ষমতায় এলেন সেটা ভায়লেন্সকে থিওরী হিসাবে কাজে লাগিয়েই এলেন এবং সেটা করলেন অ্যাডমিনিস্ট্রেশনের একটি অংশকে দালালে পরিণত করে। এটা আর আজকে অস্বীকার করা যাবে না কারণ এটা ইতিহাস। আজকে সেই কংগ্রেস যখন ক্ষমতাচ্যুত হয়েছেন তখন তারা দাঁড়িয়ে চিৎকার করে গালাগাল করছেন, কিন্তু যে সমস্ত কাজ তারা করেছেন এবং তার ফলে সমাজকে যেভাবে বিষাক্ত করে তুলেছেন সেই বিষ সমাজের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে। তার ফলে আজকেও সমাজে ভায়লেন্স আছে, ক্রাইম আছে। কিন্তু তারা বিশেষ করে বলছেন যে, মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি এই সমস্ত কাজকর্ম করছেন।

[1-20 – 1-30 p.m.]

আমরা পশ্চিমবঙ্গে যে ঘটনাগুলি ঘটেছে সেগুলি অস্বীকার করিনা। আমরা এটাও অস্বীকার করি না, আপনারা জানেন যে আমরা বামপন্থী রাজনীতিতে বিশ্বাসী, আমরা জানি যে শ্রেণী বৈষম্য থাকলে, আর্থিক বৈষম্য মানুষের মধ্যে যদি থাকে, হিংসা থাকে, জিনিসপত্রর পাবার আকাঙ্খা থাকে, ক্ষমতার দিকে হাত বাড়াবার ব্যবস্থা থাকে, জেলাসি কমপ্লেক্স থাকে। কে পেয়েছে, কে পায়নি, কোন রাজনৈতিক দল ক্ষমতা দখল করতে পারেনি, এই সব নিয়ে একটা জেলাসি কমপ্লেক্স থাকে, এটা বাস্তব, এই সব জিনিস রয়েছে। এটাকে কেন্দ্র করে বিভিন্ন জায়গায়—ঐ যে আমরা যে কথা বলেছিলাম, যে বিষ আপনারা ছড়িয়ে ছিলেন, সেই বিষ এমনভাবে ছড়িয়ে আছে—আজকে বামপন্থী যে রাজত্ব তৈরি হয়েছে, সেই বামপন্থী রাজত্ব তৈরি হবার পরে বামপন্থী সরকারের পিছনে অসংখ্য গরিব মানুষের সমর্থন রয়েছে। তার ফলে গ্রামাঞ্চল থেকে আরম্ভ করে একেবারে রাজ্যের মহাকরণ পর্যন্ত বামপন্থী সরকার অপ্রতিরোধ্য ক্ষমতায় পরিণত হয়েছে এবং সেই ক্ষমতা পাবার পরেও দেখা যাচ্ছে যে, যে বিষ আপনারা ছড়িয়ে দিয়েছিলেন, সেই বিষাক্ত জিনিস বিভিন্ন জায়গায় প্রবেশ করেছে এবং তার অনুপ্রবেশের ফলে একটা অশান্তির সৃষ্টি হয়েছে, আমাদের মধ্যে ভুল বোঝাবুঝির একটা অস্বস্তিকর পরিবেশ সৃষ্টি হয়েছে, এগুলি আমরা অস্বীকার করি না। কিন্তু আমরা জানি যে এই সমস্ত জিনিসের জন্য দায়ী হচ্ছে মূলত কংগ্রেসের রাজনীতি। কংগ্রেস যে ভ্যারাইটির

পলিসি আমদানি করেছিল সেই বিষ এখনও সমাজ থেকে নামানো যায়নি, বহুক্ষেত্রে আমরা তার শিকার হচ্ছি কম বেশি করে। তার ফলে আমাদের মধ্যে অনেক সময়ে ভুল বোঝাবুঝি হচ্ছে। এবং এটাও ঠিক যে যা কিছু অনভিপ্রেত ভুল বোঝাবুঝি হচ্ছে, অনভিপ্রেত রক্ত ঝরছে, এটা আমরা কেউই চাইনা। আমার মনে হয় মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি নেতৃত্ব যারা করেন তারাও এটা চাননা, ফরোয়ার্ড ব্লকও চান না, আর. এস. পিও চান না, আমরা কেউই চাইনা। কিন্তু কংগ্রেস চায়। কংগ্রেস চায় গরিব মানুষের রক্ত ঝরুক এবং সেই অবস্থা টিকে থাকুক। আজকে যে পঞ্চায়েতের জন্য আপনারা চিৎকার করছেন, আপনারা বুকে হাত দিয়ে বলুন তো সেই পঞ্চায়েত নির্বাচন কেন ১৬ বছর ধরে করেন নি? মেহেতো কমিশনের রিপোর্ট আনার পরে আপনারা দীর্ঘদিন ধরে ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত ক্ষমতা ভোগ করেছেন একচেটিয়া ভাবে তখনও কিন্তু আপনারা পঞ্চায়েত নির্বাচন করেন নি। কেন নির্বাচন করলেন না? আপনাদের গরিব মানুষের প্রতি এত দরদ, গণতন্ত্রের প্রতি এত দরদ, গরিব মানুষের জন্য এত চোখের জল ফেলছেন। কিন্তু সেদিন কেন এই চোখের জল পড়েনি? কেন ক্ষমতা বিকেন্দ্রীকরণ করেন নি? আজকে ত্রিস্তর পঞ্চায়েতের মধ্যে দিয়ে যে মানুষ নুতন করে বাঁচবার স্বপ্ন দেখছে, যে মানুষগুলি এগিয়ে এসেছে, আজকে আপনারা তাদের বন্ধু সাজাবার চেষ্টা করছেন। কিন্তু আপনারা তাদের দিকে তাকান নি। আপনারা যে প্রদীপে আলো জ্বালাতেন সেই আলোর দিকে মুখ করে থাকতেন, কিন্তু যে পিলসুজের উপর প্রদীপ থাকে তার গা দিয়ে চুয়ে চুয়ে যে ঘাম পড়ত তার দিকে আপনারা তাকাননি। আজকে যখন দেখছেন যে সেটাকে অবলম্বন করে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় রয়েছে এবং থাকবে তখন গরিব মানুষের পাশে দাঁড়াবার জন্য চেষ্টা করছেন এবং ভায়োলেন্স ভায়োলেন্স বলে আমাদের জনবিচ্ছিন্ন করার চেষ্টা করছেন। আমাদের মধ্যে যে মতপার্থক্য আছে সেটা আমরা নিজেরাই ঠিক করে নেব। আপনারা তার গার্জিয়ান নন। আমাদের মধ্যে যে গোলমাল আছে সেটা আমরা ঠিক করে নেব। আপনারা সেটা দেখাচ্ছেন কেন? আপনারা আর. এস. পি., ফরোয়ার্ড ব্লককে টেনে নিয়ে বন্ধু সাজাবার চেষ্টা করছেন। এই দুর্নীতি আমরা ভাল ভাবে বুঝি। আপনারা যে ভাবে জনবিচ্ছিন্ন হয়েছেন, সেই জনবিচ্ছিন্ন থেকে বেরিয়ে আসার চেষ্টা করছেন। আপনারা সন্ত্রাস সৃষ্টি করেননি? এই ভোটে আপনারা সন্ত্রাস সৃষ্টি করেননি? পঞ্চায়েতের ভোটে যখন ডিক্লার হল তারপরে বাসন্তী থানার ঝড়খাতিতে যিনি অঞ্চল প্রধান ছিলেন, খগেন্দ্রনাথ সিন্‌হা, তাকে আপনারা পঞ্চায়েতের আগে খুন করলেন। এই খুন কংগ্রেস করেছে, আমরা করিনি। আজকে যে ঝাড়খন্ডীদের জন্য আপনাদের চোখের জল পড়ছে সেই ঝাড়খন্ডীরাই এই কাজ করেছে। আপনারা অসত্য কথা বলবেন না। এই সব ঠিক নয়। অতীশবাবু বললেন যে কংগ্রেসকে আপনারা সমর্থন করেছেন। আমি অন্তত আমার কথা বলতে পারি যে আমরা কংগ্রেসকে সমর্থন করিনা। আপনারা হচ্ছেন পশ্চিমবঙ্গের মানুষের বড় শত্রু। ঐ বি. জে. পি কিছু নয়, আসল বড় শত্রু হচ্ছেন আপনারা। কংগ্রেস পশ্চিমবঙ্গের মানুষের এক নম্বর শত্রু। কংগ্রেস পুঁজিবাদের দালাল। কংগ্রেসের বিরুদ্ধে লড়তে হবে। আজকে কংগ্রেস বি. জে. পি., বি. জে. পি. বলে চিৎকার করছে। আমার সিনেমার

একটা গানের কথা মনে পড়ছে—আমার হাত ধরে তুমি নিয়ে চল সখা, আমি যে পথ চিনিনা। পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে বি. জে. পি ছিল না। আপনারাই তাদের পশ্চিমবঙ্গে গ্রাম-গঞ্জের পথ দেখিয়েছেন। আজকে আপনারা এই সব কথা বলছেন। আমরা পশ্চিমবঙ্গ সরকার চালাচ্ছি। এখানে নানা অসুবিধা আছে, কিছু ভুল-ত্রুটি থাকতেই পারে।

[1-30 – 2-15 p.m.](including adjournment)

পশ্চিমবঙ্গ সরকারেরও কলঙ্ক আছে। আপনারা সেইভাবে তুলতে চেষ্টা করুন, একটা গণতান্ত্রিক আন্দোলনে যাওয়ার চেষ্টা করুন। আপনাদের সেই জায়গায় যাওয়ার ক্ষমতা নেই। আপনারা শুধু আজকে মহাকরণ অবরোধ, কালকে ইঁট মারো, ঘেরাও কর, যেখানে যা কিছু আছে অন্যায় আচরণ করেন। এই হচ্ছে আপনাদের চারিত্রিক বৈশিষ্ট্য। সেই অন্যায় আচরণের মাধ্যমে মানুষকে জয় করতে চান। কোনও কোনও ক্ষেত্রে আপনারা যদি বলেন ভোটের পারসেন্টেজ আমাদের কমেছে, ভোটের পারসেন্টেজ সবার কমেছে। কিন্তু এটা আপনাদের ওই কংগ্রেসকে সমর্থন করে যায় নি। ১৬ বছর ক্ষমতায় থাকলে কিছু মানুষকে দেওয়া যায় কিছু মানুষকে দেওয়া যায় না। তাতে মানুষের রাগ হয় এবং মানুষ রাগে নেগেটিভ ভোট দেয়। আবার কোনও কোনও জায়গায় আপনারা ফোকটে পেয়েছে, আপনাদের কৃতিত্বে পাননি। পঞ্চায়েত নির্বাচনের আগে আপনারা তো বসে বসে ঝগড়া করেছেন, মানুষের কাছে গিয়ে ফেস করার সাহস ছিল না আপনাদের, টিম নিয়ে যেতে পারেননি। এখানে বসে বড় বড় কথা বলছেন। আপনাদের টিমটা ঠিক করুন, আপনারা অন্তত একটা জায়গায় দাঁড়ান। জয়নাল আবেদিন সাহেব এক দিকে চলছেন আবার আপনাদের দলের অন্য একজন নেতা আপনার বিরুদ্ধে কাগজে বলছেন আপনার নেতৃত্ব দেবার যোগ্যতা নেই, এই পঞ্চায়েত নির্বাচনে আপনি অপদার্থ ভূমিকা পালন করেছেন। আগে আপনারা নিজেদের দলকে ঠিক করুন, আপনারা একটা জায়গায় দাঁড়ান, তারপর অনাস্থা প্রস্তাব আনবেন। তা না হলে লোকে কি করে বিশ্বাস করবে যে বিপ্লবী কংগ্রেস আসবে আমাদের ভাল করে দেবে? আপনাদের মধ্যে যে অনভিজ্ঞতা আছে সেই অনভিজ্ঞতা কাজ করছে। আরও বড় কথা আপনাদের চরিত্র ঠিক করতে হবে ভাই। পরিষ্কার করা হচ্ছে আমি জানি আমাদের মুখ্যমন্ত্রীর কি মন্তর জানা আছে। আমাদের মুখ্যমন্ত্রীর ছুঁ মন্তরে আপনারা সব তরমুজে পরিণত হয়ে যাচ্ছেন, এই খবর আনন্দবাজার কাগজে দেখেছি। মুখ্যমন্ত্রী ছুঁ মন্তরে আপনারা তরমুজ হয়ে যাবেন আর অ্যাসেম্বলিতে ঢুকে বিপ্লবী কথা বলবেন এই গুলি মানুষ বোঝে। ছুঁ মন্তর একটাই, ছুঁ মন্তর তাঁর কিছুই নয়, নিজের ব্যক্তিগত সুবিধা আদায়ের জন্য যাওয়া, গভর্নমেন্টকে সামনে রেখে সুবিধা আদায় করতে পারেন তার জন্য তখন ভাল লোক, মিষ্টি মিষ্টি কথা। আবার অ্যাসেম্বলিতে যখন আসেন তখন তেড়েফুড়ে আমাদের বিরুদ্ধে বলেন। এই হচ্ছে আমাদের চরিত্র। এই চরিত্র নিয়ে মানুষের সামনে দাঁড়িয়ে আপনারা এই রাজ্যের অপোজিশন হিসাবে আছেন! পশ্চিমবাংলার অপোজিশন দলে আপনারা আছেন, অপোজিশনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যাঁরা গণতন্ত্রে বিশ্বাস করেন তাঁরা অপোজিশনে সম্মান করেন, অপোজিশন

একটা সম্মানজনক ভূমিকায় থাকেন। যদি অপোজিশন সম্মান জনক ভূমিকায় না থেকে সংগ্রামী ভূমিকায় চলে যান, গণতান্ত্রিক কথা বলে অগণতান্ত্রিক আচরণ করেন তাহলে সে অপোজিশনকে আমরা শ্রদ্ধা করি না পশ্চিমবাংলার মানুষ শ্রদ্ধা করে না। কাজেই অপোজিশ হিসাবে যে ভূমিকা পালন করা দরকার দয়া করে সেই ভূমিকা ঠিক ঠিক পালন করুন গণতন্ত্রের কথা বলবেন, আপনারা দাবি তুলবেন, সবই আমরা মেনে নেব। কিন্তু এইভা হঠাৎ হঠাৎ করে একটা করে আওয়াজ তুলবেন আর নানা কথা বলবেন তাতে বাজার গর করা চলে, রাজনীতি করা চলে না।

(এ ভয়েজ ঃ কাউন্টিং-এর ব্যাপারে বলুন)

কাউন্টিং-এর প্রশ্নে যদি বলেন তাহলে একটা কথা বলি যে পশ্চিমবাংলায় এই জিনিসে গুরুদেব হচ্ছেন আপনারা। আপনারা সমস্ত কিছু করেন। আপনারা খুব ভাল করে জানে কি করলে পাপ হয়। সেই পাপগুলি ওঁদের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছেন। ঝুড়ি থে একটা একটা করে জিনিস বার করছেন আর ওঁদের ঘাড়ে চাপিয়ে দিয়ে বলছেন ওঁরা করছে ওঁরা করেছেন।

(এ ভয়েস ঃ আপনার পার্টি কি বলেছে?)

আমাদের পার্টি যে কথা বলেছেন আমি সেই কথা বলেছি। ডাঃ ভুঁইয়া, আপনি ছিলে না, আমার পার্টি যে কথা বলেছে আমি সেই কথা বলেছি। আমি এই কথা বলছি, আমাদে মধ্যে মত পার্থক্য, মত বিরোধ আছে, আমাদের মধ্যে অশান্তি আছে, আমাদের মধ্যে অস্বাস্থ পরিবেশ আছে। কিন্তু সেই জিনিসটা আমরা মিটিয়ে নেব, আমরা সেটা বুঝব, আমাদের ম সেই মিল আছে, আমরা সবাই এক জায়গায় দাঁড়িয়ে আছি। আমাদের বর্ষা ফলক কি কংগ্রেসের দিকে বিঁধে যাবে, আমরা কংগ্রেস থেকে কোনও দিন চোখ সরাচ্ছি না। আম বার বার করে বলছি একটা কথা যে অন্যায় করছে কংগ্রেস কংগ্রেস কংগ্রেস। আজকে ত জনগণের একমাত্র শত্রু। আজকে বি. জে. পি নয়, বি. জে. পি সেই জায়গায় নেই। আজ প্রমাণিত হয়েছে আপনারা জনগণের শত্রু, আপনারা পশ্চিমবাংলার গরিব মানুষের শ আপনাদের বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ থাকব, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার থাকবে, গ মানুষের মধ্যে ঐক্যবদ্ধতা থাকবে। আমরা এক জায়গায় দাঁড়িয়ে কংগ্রেসের বিরুদ্ধে বিরোধি করব। এই কথা বলে আজকে যে প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে আমি আ বক্তব্য শেষ করছি।

(At this Stage the House was adjourned till 2-15 p.m)

(After Ajournment)

[2-15 – 2-25 p.m.]

**Mr. Speaker :** Now, we will resume the debates on the Motion of No-Confidence. Shrimati Sabitri Mitra to start first.

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমরা পঞ্চায়েত নির্বাচন করতে গিয়ে সি. পি. এম.'-এর সন্ত্রাসের প্রতিবাদে, সি. পি. এমের সাম্প্রদায়িক উস্কানি, বি. জে. পি.র সাম্প্রদায়িক উস্কানির প্রতিবাদে আমাদের লড়াই করতে হয়েছে। আমরা প্রথমেই বলেছিলাম যে সি. পি. এম. গ্রাম বাংলার মানুষকে খুন করবে। তার প্রমাণ দিল পঞ্চায়েত নির্বাচন আমাদের কংগ্রেস কর্মী ইদ্রিস আলিকে পঞ্চায়েত নির্বাচনের আগে খুন করা হল আমার মালদা জেলায় আমি হাউসের কাছে প্রথমে বলেছিলাম যে ৩৩% বেশি মহিলা এবারের নির্বাচনে লড়াই করছে, তাদের সিকিউরিটির ব্যবস্থা করা হোক। কিন্তু এখানে যাঁরা ক্ষমতায় আছেন তাঁরা কর্ণপাত করলেন না। মুখ্যমন্ত্রী কর্ণপাত করলেন না। কর্ণপাত না করাটাই স্বাভাবিক। তাই আমার বিধানসভা কেন্দ্রে নাজিরপুরে অনিল সাহা এবং তার স্ত্রী ছায়ারাণী সাহাকে—তারা উভয়েই কংগ্রেস'-এর সক্রিয় কর্মী কংগ্রেসের হয়ে ভোট করার অপরাধে তাদের মেয়ে লতা সাহাকে সি. পি. এম. কিডন্যাপ করে নিয়ে যাচ্ছিল। তখন পুলিন ঘোষ, একজন কংগ্রেস কর্মী তাতে বাধা দিতে গেলে তাকে বেধড়ক মারধোর করে। রত্না ঘোষ এবারের নির্বাচনে একজন প্রার্থী ছিল, সে পরাজিত হয়েছে। তাকে সি. পি. এমের ক্যাডাররা উলঙ্গ করে উল্লাস করল। আজকে পশ্চিমবাংলায় মাকে উলঙ্গ করছে সি. পি. এম.'-এর সরকার। একজন মহিলা লাজমন বিবি যখন আমাদের নির্বাচনের কাজ করছিল সেই সময়ে বোমাবাজি করল সি. পি. এম। জালালপুরে নূরজাহান, একজন গ্রাম-পঞ্চায়েত প্রার্থী, তার বাড়ি আগুন দিয়ে পুড়িয়ে দিল সি. পি. এম. পার্টির ক্যাডাররা। আমাদের মেদিনীপুরে দাঁতন থানায় বিজয় সাহা যখন বিজয় উৎসব করছিল তখন তার ১৩ বছরের মেয়ে লীনা সাহাকে পেট্রোল ঢেলে পুড়িয়েছে। সে আজও পি. জি. হাসপাতালে ভর্তি আছে। এখানে আপনারা সাফাই গাইছেন যে আপনারা নিষ্ঠাবান। সি. পি. এম. মাকে উলঙ্গ করেছে, আবার এখানে দাঁড়িয়ে সাফাই গাইছেন। পশ্চিমবাংলার মায়ের গর্ভে আপনাদের মতো নিষ্ঠাবান মানুষ জন্মেছে। আজকে কালিয়াচক-২, সেখানে সাত মাসের বাচ্চাকে পায়ের তলায় পিষে খুন করল সি. পি. এম.। কারণ তার বাবা সি. এম. করত না, কংগ্রেস করত। এস. পি. একটা অ্যান্টি সোশ্যালকে অ্যারেস্ট করল না। মুখ্যমন্ত্রী যদি ঐ সমস্ত ক্যাডারকে অ্যারেস্ট করতেন তাহলে বুঝতাম যে মানবিকতা বোধ আছে। মাননীয় পুলিশমন্ত্রী এখানে দর্শকের ভূমিকা পালন করছেন। ধিক্ মুখ্যমন্ত্রী। জালাপুরে জুম্মার দিনে মসজিদের মধ্যে, নামাজ পড়বার সময়ে সি. পি. এমের ক্যাডাররা বোমাবাজি করল।

আজকে ধর্মীয় জায়গায় মানুষ যেখানে নামাজ পড়ে সেখানে কি কংগ্রেস কি সিপিএম তো চলে না, কিন্তু সেখানেও সি পি এমের ক্যাডাররা হামলা করেছিলেন। আজকে মালদহ জেলায় নির্বাচন হয়নি, নির্বাচনের নামে সেখানে প্রহসন হয়েছে। আজকে ৫০ পারসেন্ট জেলা

পরিষদে কংগ্রেস জয়ী হয়েছে। পশ্চিমবঙ্গে সিপিএম রিগিং করে জিতেছে। আমার নির্বাচনী কেন্দ্রে পঞ্চায়েত বুথগুলিতে রেজাল্ট বের হয়নি। ৩২০ নং ফর্মে ৫০ পারসেন্ট বুথে সিপিএম রিগিং করে ভোট হতে দেয় নি। প্রিসাইডিং অফিসারকে দিয়ে জোর করিয়ে লেখানো হয়েছে যে নির্বাচন হয়েছে। যে প্রিসাইডিং অফিসার লিখে দিতে রাজি হয়নি তাদের হেনস্তা করেছে। কালিয়াচক হোসনাবাদে ৮৮ নং বুথের প্রিসাইডিং অফিসার লিখে দিতে রাজি না হওয়ায় তাকে সম্পূর্ণভাবে উলঙ্গ করে প্রকাশ্য দিবালোকে ঘোরানো হয়েছিল। কারা ঘুরিয়েছিল—আপনাদেরই দলের লোক, কর্ডিনেশনের লোকেরা এই কাজ করেছিলেন। আপনাদের একটু লজ্জা থাকা উচিত। আপনারা পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনের নামে একটা প্রহসন করেছেন। আপনারা নির্বাচন করেননি, প্রহসন করেছেন, তাই এই প্রস্তাবকে সমর্থন করে আপনাদের ধিক্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে আমাদের দলের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব এসেছে তাতে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি। স্যার, গত ১৬ বছর এই বামফ্রন্ট পশ্চিমবাংলাকে অর্থনৈতিক দিক থেকে একেবারে দেউলিয়া সরকারে পরিণত করেছেন। এখানে কোনও প্ল্যান তৈরি করতে পারেননি। রাজ্য সরকার যোজনা কমিশনের বরাদ্দ কৃত এবং অনুমোদিত অর্থ খরচ করতে পারেননি। এমন কি অভ্যন্তরীণ ঋণের ফাঁদে আটকে পড়ে গেলে সর্বশেষ তার থেকে মুক্তি পেতে গিয়ে পিয়ারলেস নামক নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল ইন্সটিটিউশনাল প্রতিষ্ঠানের কাছ থেকে টাকা ধার করেছেন সেই টাকা দিয়ে এই সরকার তাদের সরকারি কর্মচারিদের মাইনা দিয়েছেন। এর ফলে আজকে অর্থনৈতিক দিকে রাজ্য একেবারে ভারসাম্য হারিয়ে ফেলছে। পঞ্চায়েত নির্বাচন নিয়ে পশ্চিমবঙ্গে যে ঘটনা ঘটল তাতে নিন্দার কোনও ভাষা নেই। আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে পশ্চিমবঙ্গে সম্প্রতি পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল সেই নির্বাচনের পরে এবং নির্বাচন চলাকালীন যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল তাতে স্বাভাবিকই লজ্জাকর এবং অস্বস্থিকর একটা অবস্থার সৃষ্টি হয়েছিল। ওই পরিস্থিতিতে মাননীয় মুখ্যমন্ত্রী যদি নিজে কলকাতা শহরে থেকে অবস্থার মোকাবিলা করতেন এবং নিজের দাঁড়িয়ে থেকে যদি দায়িত্ব পালন করতে সচেষ্ট হতেন তাহলে বুঝতাম তিনি একজন সুস্থ লোক। সেই কারণে আজকে আমার জিজ্ঞাস্য যে জ্যোতিবাবু কি সত্যিই সুস্থ না কি তিনি অসুস্থ? আজকে গোটা পশ্চিমবঙ্গের মানুষ এই কথা জানতে চাইছে এবং আমাদের এই দাবি তার সঙ্গে আরেকটি প্রশ্ন আছে সেটা হচ্ছে যে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী আজকে এখানে নিরাপত্তার অভাব বোধ করছেন বলেই কি তিনি ওই সময়ে বাইরে চলে গেলেন? এখানের পুলিশের উপরে কি তাঁর আস্থা হারিয়ে ফেলেছেন। যেখানে রাজ্যের সর্বত্র উগ্রপন্থীদের স্বর্গরাজ্য হয়ে গেছে। যার জন্য পাঞ্জাব থেকে পুলিশ পশ্চিমবঙ্গে এসে অর্থাৎ কলকাতায় এসে ওই উগ্রপন্থীদের ধরে নিয়ে যাচ্ছেন। আজকে রাজ্যের পুলিশের উপরে অন্য রাজ্যের পুলিশের কতখানি আস্থা হারিয়ে ফেলেছে যে ওরা আসতে বাধ্য হয়েছে। আজকে রাজ্যের পুলিশের উপরে অন্য রাজ্যের পুলিশের কি মনোভাব বহন করছে তা

এরমধ্যে দিয়েই প্রমাণিত হয়েছে। তারপরের আরেকটি ঘটনার কথা বলছি, মাননীয় মুখ্যমন্ত্রীর কেন্দ্র সাতগাছিয়াতে পঞ্চায়েত নির্বাচনে প্রমাণিত হয়ে গেছে মানুষের আর ওদের উপরে আস্থা নেই। আমি দু-একটা জেলার কথা তুলে ধরতে পারি যে পরিস্থিতি কোথায় গেছে সেটা জানতে পারবেন। মুখ্যমন্ত্রীর নির্বাচনী কেন্দ্রে জ্যান্ত কই মাছ ঢুকিয়ে মেরে ফেললেও জ্যোতিবাবুর দল ওখানে জিততে পারেননি। এর থেকেই প্রমাণিত হয়েছে যে মানুষের মানসিকতা পাল্টেছে এবং সেটা যদি তিনি এখনও বুঝতে না পারেন তাহলে বুঝতে হবে তাঁর ভিমরতি ধরেছে। এরপরেও তাঁর মুখ্যমন্ত্রীত্ব থাকার পক্ষে জ্বলন্ত এবং উজ্জ্বল দৃষ্টান্ত হওয়া উচিত নয়। আমরা জানি এই পঞ্চায়েত নির্বাচনে সিপিএম কিভাবে সাম্প্রদায়িকতার প্রচারে নেচেছিলেন।

[2-25 – 2-35 p.m.]

মুসলমান এলাকায় গিয়ে নিচু স্তরে প্রচার করছে বাবরি মসজিদ ভেঙ্গেছে কংগ্রেস যে হাত দিয়ে সেই চিহ্নে একটি ভোটও দেবেন না। মেদিনীপুরে প্রচারে গিয়ে আমার বুদ্ধদেববাবুর সঙ্গে দেখা হয়েছিল। আমি তাকে বললাম মহিষাদলের কাঞ্চনপুর গ্রাম আমি ঘুরে এসেছি, সেখানে প্রত্যক্ষভাবে সাম্প্রদায়িকতার প্রচার করে মুসলমান সম্প্রদায়ের মানুষদের বিভ্রান্ত করা হচ্ছে। কারণ মুসলিম এলাকায় বি. জে. পি.-র বিরুদ্ধে কোনও কথা বলার দরকার নেই। এই রকম ঘৃণ্য রাজনীতি তারা সেখানে করছে। শুধু তাই নয়, আবার হিন্দু এলাকায় গিয়ে তারা রাজনীতি করছে যে কলকাতা শহর থেকে অযোধ্যায় মন্দির তৈরির জন্য ইঁট আমরা পুলিশ পাহারা দিয়ে পাঠিয়েছি। আজকে সি. পি. এম নিজেদের সাম্প্রদায়িকতার প্রচারে নিয়োজিত কর.হ। সাম্প্রদায়িকতার প্রচার করে এই রাজ্যের রাজনীতিকে যদি বি. জে. পি বিষাক্ত করে থাকে, তাহলে সি. পি. এম দলও পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক প্রচার করে রাজ্যের রাজনীতিকে বিষাক্ত করছে, দুষিত করছে। আমরা কংগ্রেস দলের পক্ষ থেকে সি. পি. এমের দলকে সাম্প্রদায়িক দল বলতে কুণ্ঠিত নয়। এই ব্যাপারে আমরা আজকে যথেষ্টভাবে উদ্বিগ্ন বোধ করছি। আজকে কেবলমাত্র কংগ্রেস দলের পক্ষ থেকে সন্ত্রাসের অভিযোগ করলে হয়ত মানুষের মধ্যে সাড়া পাওয়া যাবে না। কিন্তু সন্ত্রাসের অভিযোগে যখন কংগ্রেস বাংলা বন্ধ ডাকল, সেই বাংলা বন্ধের পেছনে এই রাজ্যের মানুষ সাড়া দিয়ে সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিবাদ জানাল। এর পরে আমরা ১৪ই জুলাই কলকাতা শহরে মহাকরণ অবরোধ করছি। পশ্চিমবাংলার কংগ্রেসের যুব সংগঠন সেদিন মহাকরণ অবরোধ করে দিয়ে মন্ত্রীদের মহাকরণে অবরুদ্ধ করে রাখবেন। একবার মমতাকে আঘাত করে লাল্টু আলম শেষ করে দেবার চেষ্টা করছিল, দ্বিতীয়বারও আবার সেই চেষ্টা হল। আজকে সেই অন্যায়ের বিরুদ্ধে এখনও দেখলাম না মুখ্যমন্ত্রী থেকে শুরু করে তাদের দলীয় পর্যায়ে সেইভাবে তিরস্কার জানানো হল সেই ঘটনাকে। তাই আজকে সি. পি. আই., আর. এস. পি., ফরোয়ার্ড ব্লকের বন্ধুদের বলতে চাই আপনারা পরিস্থিতি দেখে বিচার করুন। আজকালের ২৮শে মে তারিখের পত্রিকায় নিখিল দাস বিবৃতি দিয়ে বলেছেন—'জ্যোতিবাবু তো অনৈক্যর জন্য দুঃখপ্রকাশ করে শরিকদের বলেছেন তিক্ততা না বাড়াতে। ওর উদ্দেশ্য আমি শুধু বলব মুখ্যমন্ত্রী তার নিজেদের দলের

সন্ত্রাস প্রতিরোধ করুন, অন্যরা কেউ অশান্তি করবে না।' ক্ষিতিবাবু যদি দয়া করে ওটা পড়তেন, তাহলে সভায় ঐভাবে বলতেন না। তাই যেকথা আমি বলছি, সি. পি. আই, আর এস. পি, ফরোয়ার্ড ব্লকের সদস্যদের বলব আপনারা শৃঙ্খলা ভেঙ্গে বেরিয়ে আসুন। এইভাবে পশ্চিমবাংলায় নিজেদের ধরে রাখতে পারবেন না। সব চাইতে বড় কথা আজকে সি. পি. এমের বিরুদ্ধে এমন একটা লাইন তৈরি করতে হবে যে লাইনের মধ্যে দিয়ে সি. পি. এমের ঐ দুঃশাসন ও অপশাসনকে উৎখাত করতে হবে। সেই কারণেই মনে করি পশ্চিমবাংলার বিগত ১৬ বছরে অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রগতি সম্পূর্ণভাবে স্তব্ধ হয়ে গেছে এবং পশ্চিমবাংলায় যে রাজনীতি চলছে, যে সন্ত্রাসের বাতাবরণ সৃষ্টি করা হয়েছে তার বিরুদ্ধে রাজ্যের সচেতন জনগণকে এগিয়ে আসতে আমরা আহ্বান জানাচ্ছি। সাট্টার ডন রসিদ কিসের উদ্দেশ্যে এত বোমার মশলা মজুত করেছিল সেটা জানা গেল না। রশিদ নিয়ে বিধানসভায় কোনও আলোচনা করা যাবে না। ৮৭ জনের মৃত্যুর পরও জানা গেল না, কেন সেই মশলা সে মজুত করেছিল। আজকে এই বিধানসভায় মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা স্পষ্ট বিবৃতি আমরা পেলাম না। একটা মানহানির মামলা করে ব্যাপারটাকে বিচারাধীন করে রাখা হল। কিন্তু জেনে রাখবেন বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। সাট্টার ডন রশিদের সঙ্গে যোগাযোগ ছিল যে বিদ্যাসাগর কেন্দ্রের বিধায়কের তাকে কেন আজকে টাডা আইনে গ্রেফতার করা হবে না। আজকে যদি সুনীল দত্তের ছেলেকে টাডায় গ্রেপ্তার করা যায় তাহলে তাকে কেন গ্রেপ্তার করা যাবে না। আজকে এই তদন্তের কথা প্রতিনিয়ত হাউসকে বলতে হবে। প্রতি ৭২ ঘন্টার অন্তর সরকারকে এই তদন্তের কথা জানাতে হবে। শুধু তাই নয় আমাদের বিধানসভার সদস্যদের তা অবহিত করতে হবে।

৮৭ জন মানুষের মৃত্যু হয়েছে। সেই মৃত্যু নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। এই সরকার পশ্চিমবাংলাকে যেভাবে অনিশ্চয়তার দিকে নিয়ে যাচ্ছেন, পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নয়ন এখানে এই সরকারের আমলে যেভাবে স্তব্ধ হয়ে গিয়েছে, এই সরকারের আমলে যেভাবে সন্ত্রাস সৃষ্টি করে বা সন্ত্রাসের বাতাবরণ সৃষ্টি করে নির্বাচনকে প্রহসনে পরিণত করা হয়েছে সেই সরকারের বিরুদ্ধে খুব স্বাভাবিক কারণেই আমরা অনাস্থা প্রস্তাব এনেছি। আমি এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** মাননীয় স্পিকার মহাশয়, বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন যে অনাস্থা প্রস্তাব এনেছেন সেই অনাস্থা প্রস্তাবের পক্ষে দাঁড়িয়ে কিছু বলাটা অসম্ভব। যিনি অনাস্থা প্রস্তাব এনেছেন এবং বিরোধীদলের প্রথম বক্তা তার বিরুদ্ধে তার দলের দ্বিতীয় বক্তা শ্রীসত্য বাপুলি খবরের কাগজে দেখছি রোজই অনাস্থা প্রকাশ করে যাচ্ছেন। যার নিজের দলের মধ্যেই আস্থা নেই তিনি কি করে সরকারের বিরুদ্ধে অনাস্থা আনেন সে সম্পর্কে ভাবতে হবে। স্যার, আমি আপনার মাধ্যমে বিরোধীদলের মাননীয় নেতার কাছে বলতে চাই, গত ৩০ তারিখে পঞ্চায়েতের নির্বাচন হয়েছে এবং সেই নির্বাচনে বামপন্থী ফ্রন্ট ৬৬ পারসেন্টের মতোন আসন পেয়েছেন এবং তার ১৫ দিন পরে আপনারা যখ

অনাস্থা আনছেন তখন আপনাদের একটা কথা বলতেই হবে যে পশ্চিমবাংলার জনগণ যে দিকে রায় দেন আপনারা তার বিপরীত দিকে চলেন। যে সরকারের প্রতি গ্রামের মানুষ আস্থা জানিয়ে তাদের ৬৬ পারসেন্ট আসন জয়ী করলেন সেই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনে আপনারা আপনাদের চরিত্রটাকে উদ্ঘাটিত করেছেন এবং প্রমাণ করেছেন যে পশ্চিমবাংলার জনগণ ডান দিকে যেতে চাইলে আপনারা বাঁ দিকে যাবেন। এরজন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। দ্বিতীয়ত এমন কি ঘটেছে যারজন্য আপনাদের অনাস্থা আনতে হ'ল? বিগত ১৫ দিনে যে যে ব্যাপারে সন্ত্রাসের অভিযোগ আপনারা এনেছেন আমার আলোচনার পরবর্তী পর্যায়ে সে সম্পর্কে দু-একটি মন্তব্য করার চেষ্টা করব। আমি মনে করি যে কারণে আপনারা অনাস্থা এনেছেন সেটার দ্বিতীয় কোনও কারণ নেই, একটা রাজনৈতিক হতাশা থেকেই আপনারা এই অনাস্থা প্রস্তাব এনেছেন। আপনারা এই সত্যটা কিছুতেই মানতে পারছেন না যে পর পর ৪ বার পঞ্চায়েতে বামফ্রন্টের জয় একটা ঐতিহাসিক ঘটনা। একথা বলতে আমার কোনও দ্বিধা নেই যে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতির ফলে শেষ দু-বছর পঞ্চায়েতের হাতে উন্নয়নের জন্য যথেষ্ট টাকা রাজ্য সরকার সব সময় তুলে দিতে পারেননি। কাজেই বামফ্রন্টের পক্ষে মানুষের রায় কোনও টাকা রিলিফের জন্য নয়, এটা হচ্ছে রাজনৈতিক সমর্থন। পর পর ৪ বার বামফ্রন্টের জয়ের মাধ্যমে পশ্চিমবাংলার জনমত এই কথাটাই প্রমাণ করেছেন। সত্যবাবু বললেন যে বিধানসভায় যার যার কেন্দ্রে যে রকম ফলাফল হয়েছে সেইভাবে তাদের পদত্যাগ করা উচিত। যদিও সুদীপবাবু এই বক্তব্যকে সমর্থন করেছেন তবুও পৌরসভার নির্বাচন বউবাজারে মাইনরিটি হয়েও উনি নিজে পদত্যাগ করেননি। আসল কথা হচ্ছে এই যে আপনাদের একটা সহজ অঙ্ক ছিল, বিধানসভায় ৪১ পারসেন্ট ভোট পেয়েছিলেন, তার সঙ্গে বি. জে. পি এবং ঝাড়খণ্ডের ভোট যুক্ত হলে বামফ্রন্টকে বিধ্বস্ত করা যাবে, মাইনরিটি করা যাবে। এই সহজ অঙ্কটা ৩০ তারিখে ভুল প্রমাণিত হয়েছে। আপনারা সবাই মিলে ৩০ পারসেন্টের বেশি সিট পান না। এই হতাশা আপনাদের অনাস্থা প্রস্তাব আনতে বাধ্য করেছে।

[2-35 – 2-45 p.m.]

বললেন সুদীপবাবু, দু-একটা চাল টিপলেই বোঝা যায়। আমি একমত সুদীপবাবুর সঙ্গে, দু-একটা টিপলেই বোঝা যায়। ১৯ তারিখে ১৬টা বিধানসভা এবং দুটো লোকসভার উপনির্বাচন হয়ে গেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা চাল টিপলেই বোঝা যায় বলে ১৬টার মধ্যে কংগ্রেসের জুটেছে চারটে, বি. জে. পি.'র পাঁচটা এবং লেফ্ট অ্যান্ড ডেমোক্রাটিক পার্টিগুলোর তারা পেয়েছে সাতটা। কাজেই একটু চাল টিপলেই বোঝা যায়। একটু চাল টিপলেই যেহেতু বোঝা যায়, প্রধানমন্ত্রীর নিজের রাজ্য—খবরের কাগজগুলো বলছে, সেখানে তিনি নিজে প্রার্থী ঠিক করেছিলেন, নিজের দায়িত্বে ইলেকশন লড়েছিলেন, কংগ্রেসের দুটো জেতা সিটে তেলেগুদেশমের কাছে একটা সিটে হেরেছেন নয় হাজার ভোটে আর একটা সিটে হেরেছেন ২৪ হাজার ভোটে, চাল টিপলেই বোঝা যায়। ২৪ ঘন্টার মধ্যে হর্ষদ মেহেতা বলে

দেবেন সেই নেতার নাম, কাকে এক কোটি টাকা ঘুস দিয়েছেন। চাল টেপার থিওরী বিশ্বাস করে প্রধানমন্ত্রীকে পদত্যাগ করতে বলুন, আমাদের রাজ্যে এসে এই সব কথা বলবেন না আসলে হতাশার কারণটা বি. জে. পি.'র সঙ্গে এই আনহোলি অ্যালায়েন্স সত্ত্বেও জনগণের ভোট পাওয়া যায়নি। আমি মাননীয় বিধায়ক শ্রী প্রবীর ব্যানার্জিকে জিজ্ঞাসা করব, যদি সৎসাহস থাকে, আমি জানি আপনি ব্যক্তিগতভাবে হাবড়াতে কংগ্রেসের প্রার্থীরা বি. জে পি.'র পক্ষে প্রত্যাহার করে নিচ্ছে, এর বিরোধিতা আপনারা করেছিলেন। যদি সৎসাহস আপনার থাকে, আপনি জানাবেন বিধানসভাকে কেন কংগ্রেসের প্রার্থীরা বি. জে. পি.'র পক্ষে দাঁড়িয়ে হাবড়া থেকে তাদের নাম উইথড্র করে নিল? আমি শুধু এই কথা জানাতে চাইছি হাবড়ার ঘটনাতে আমরা বিন্দুমাত্র বিস্মিত নই এই জন্য এবং এর জন্য আমরা পি. সি. সি আই.কেও দায়ী করব না। কারণ এটা কংগ্রেসের সর্ব ভারতীয় রাজনীতির প্রতিফলন মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই, কোন রাজনৈতিক তত্ত্বের ভিত্তিতে প্রধানমন্ত্রী এবং এ. আই. সি. সি.'র তাবড় তাবড় নেতা চন্দ্রস্বামীর সোম যজ্ঞকে সমর্থন করেছিলেন, এটা একটু ওদের কাছ থেকে জানবেন। অযোধ্যার সোম যজ্ঞ থেকে মহান বাণীটা হল এই যে হিন্দু ভাইগণ বি জে. পি. হিন্দুদের প্রতিনিধি, না, হিন্দুদের সাম্প্রদায়িক প্রতিনিধি হচ্ছে কংগ্রেস। কাজেই হাবড়া লাইন পশ্চিমবাংলার মাটিতে ঠিক হয়নি। সোম যজ্ঞের রাজনীতিতেই তা প্রমাণ হয়ে গেছে। ধর্ম নিরপেক্ষ দল ওদের টাকা দিয়ে, প্রধানমন্ত্রী টাকা দিয়ে পয়সা দিয়ে অযোধ্যাতে যজ্ঞ করে বলছেন বিতর্কিত জায়গাতে মন্দির তৈরি করতে হবে।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১৫ দিনের আইনশৃঙ্খলার বিষয়ে কংগ্রেসের প্রার্থীরা অনেক কথা বলেছেন। আমি শুধু আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই, আপনারা এই রাজ্যের ৭১ হাজার সিটের মধ্যে আপনারা প্রার্থী দিয়েছিলেন ৬১ হাজার সিটে আমি মাননীয় জয়নাল সাহেব এর কাছ থেকে একটা কথা জানতে চাই, ৭১ হাজার সিটের মধ্যে ৬১ হাজার সিটে আপনারা ক্যান্ডিডেট দিয়েছিলেন, বাকি ১০ হাজার সিটে আপনারা কাকে সমর্থন করলেন, দয়া করে অ্যাসেম্বলির ফ্লোরে এই কথাটা বলুন। এটা জানতে বেশি দূর আপনাকে যেতে হবে না। আপনাকে একটা সামান্য পোস্টার দেখাতে চাই। শম্ভু সিকদারকে হাত চিহ্নে এবং জয়দেব রায়কে পদ্ম চিহ্নে ভোট দিন, এক পোস্টারের বিষয়। বাকি দশ হাজার কোথায় গেছে এই পোস্টার থেকে সেটা প্রমাণিত।

মাননীয় স্পিকার, স্যার, আমাদের সৌভাগ্য যে আমাদের রাজ্য বিধানসভায় কোনও বিজেপি প্রতিনিধি নেই। ডাঃ জয়নাল আবেদিন সাহেবের একটা ঘটনার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি, তিনি দয়া করে একটু জবাব দিন। সুন্দর সিং ভাণ্ডারি এবং মালকানী, বিজেপি-র দু'জন সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট-এর কমপ্লিমেন্ট। তাঁরা বলেছেন, 'পশ্চিমবাংলায়

কংগ্রেসের সঙ্গে তলার লেভেলে আমাদের আঁতাত হয়েই।' বিজেপি-র দু'জন সিনিয়র ভাইস-প্রেসিডেন্টের বক্তব্যকে আপনারা কি করে খন্ডন করবেন তা দয়া করে জানাবেন। মাননীয় স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি বিনীতভাবে প্রশ্ন রাখতে চাই, যে সন্ত্রাসের কথা কংগ্রেস বলছে সে সম্বন্ধে আমি 'গণশক্তি' কোট করব না, 'আজকাল'-কে কোট করে একটা বিষয় বিধানসভাকে জানাতে চাইছি—মমতা ব্যানার্জির মিছিলের দিনের রিপোর্ট লিখতে গিয়ে 'আনন্দবাজার' জানাচ্ছে যে, শ্যামবাজার থেকে ধর্মতলা পর্যন্ত মমতা ব্যানার্জির যে মিছিল এসেছিল তাতে যথেষ্ট পুলিশ প্রোটেকশন দেওয়া হয়েছে। 'আনন্দবাজার' আরও লিখছে, মধ্য-কলকাতার কিছু অঞ্চলে, যেটা আমাদের প্রদেশ কংগ্রেস (আই) সভাপতি সোমেন মিত্রর স্ট্রং হোল্ড—'মধ্য-কলকাতা চত্বর দিয়ে যখন মমতা ব্যানার্জির মিছিল যাচ্ছে তখন পুলিশ তাকে বেশি প্রোটেকশন দিচ্ছে। কারণ কংগ্রেসের জন্য গ্রুপ থেকে আক্রমণ হতে পারে।' এই আশঙ্কার কথা বলছে 'আনন্দবাজার পত্রিকা'। মাননীয় স্পিকার, স্যার, বামপন্থী ফ্রন্টের মধ্যের বিভিন্ন পার্টিগুলির অনৈক্যের কথা ওঁরা বলছেন! আমি বিনয়ের সঙ্গে ওদের জানাতে চাই যে, বামপন্থী ফ্রন্ট অনেকগুলো রাজনৈতিক দলের একটা সংগ্রামী ফ্রন্ট। আমাদের আলাদা আলাদা রাজনৈতিক ঐতিহ্যকে আমরা কেউ বাদ দিয়ে আসি নি। সুতরাং আমাদের মধ্যে হাজার ডিফারেন্স হতে পারে। মাননীয় কংগ্রেস বিধায়করা কি জানাবেন, তাঁদের নিজেদের মধ্যে গ্রুপ রাইভেলরি, তাঁদের এক গ্রুপের হাতে আর এক গ্রুপ আক্রান্ত হওয়া, এটা কোন ধরনের গণতন্ত্র? মাননীয় শ্রী অতীশচন্দ্র সিংহকে আমি একটা প্রশ্ন করতে চাই। মাননীয় অতীশচন্দ্র সিংহ এরপর বলবার সময় যখন সন্ত্রাসের অভিযোগ করবেন তখন তিনি একটা উত্তর দেবেন। মাননীয় অতীশবাবু, আপনার সততা থাকলে বিধানসভায় দাঁড়িয়ে বলবেন পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে কার হাতে আপনি ব্যক্তিগতভাবে সন্ত্রস্ত হয়েছিলেন? আপনার সৎ-সাহস থাকলে আপনি বলবেন মুর্শিদাবাদের প্রাক্তন বিধায়কের হাতে আপনি নিগৃহীত হয়েছিলেন কিনা? এই অভিযোগ ঠিক কিনা, দয়া করে আপনি আমাদের জানাবেন। মাননীয় সাধন পান্ডেকে জিজ্ঞাসা করতে চাই, '৯২ সালের ১১ই জুলাই এয়ার পোর্টে যিনি আপনাকে পিস্তল দেখিয়েছিলেন তিনি মুখে বন্দেমাতরম বলছিলেন, না ইনক্লাব জিন্দাবাদ বলছিলেন? সেটা দয়া করে একটু বিধানসভাকে জানিয়ে দেবেন। আসল প্রশ্ন হচ্ছে, যাঁরা নিজেদের মধ্যে একটা নীতিহীন ঐক্যের ফলে যে ফল আশা করেছিলেন সেই ফল তারা পাননি। তাঁদের হতাশার কারণেই আজকের এই অনাস্থা প্রস্তাব। মাননীয় স্পিকার, স্যার, কংগ্রেস যে সমস্ত মানুষ মারা গেছে বলে অভিযোগ করছে যে সমস্ত মানুষের অনেকের সম্বন্ধেই তাঁরা এই বিধানসভায় অসত্য কথা বলেছেন। ওঁরা খবরের কাগজে বলেছেন,—কল্লোল রায় মারা গেছেন, খুন হয়েছেন, সিপিএম তাঁকে খুন করেছে। আসলে কল্লোল বেঁচে-বর্তে আছে। রায়গঞ্জে জনৈক কংগ্রেস কর্মী পালুয়া সিপিএম-এর হাতে নিহত হয়েছে বলে ওঁরা অভিযোগ করেছেন। অথচ রায়গঞ্জে পালুয়া নামে কোনও ব্যক্তিই ছিলেন না এবং এখনও নেই। অভিযোগ করেছেন, আমতায় সিরাজুল ইসলাম সিপিএম-এর হাতে মারা গেছে। কিন্তু আসলে আমতায় সিরাজুল ইসলাম নামে কেউ মারা যায়নি। এস. এস. কে. এম. হাসপাতালে দীপা

ঘোষ হার্ট অ্যার্টাকে মারা গেলেন, বলা হ'ল সিপিএম তাঁকে মেরেছে। আমি মাননীয় সদস্য সৌগত রায়কে বলতে চাই, তিনি এস. এস. কে. এম. হাসপাতালে ক্যাম্প করে বসে থাকুন, সেখানে যে যে সাধারণ রুগী মারা যাবে তাদের নিয়ে এসে বলুন সিপিএম-এর সন্ত্রাসে তারা মারা গেছে। মাননীয় স্পিকার, স্যার, কংগ্রেস প্রচার করছে, নবকুমার কয়াল সিপিএম-এর হাতে মারা গেছে। অথচ আমরা জানি এস. এস. কে. এম. হাসপাতালে তার স্বাভাবিক মৃত্যু হয়েছে।

[2-45 – 2-55 p.m.]

কংগ্রেসের মৃত্যু তালিকা থেকে আপনারা যদি ঝাড়াই-বাছাই করেন তাহলে দেখবেন, কংগ্রেসের প্রকৃত কর্মীর সংখ্যা বেশি নয়। দিনাজপুরে আপনাদের একজন মারা গেছেন বললেন। তার নাম, মুস্তাক মহম্মদ, তিনি আপনাদের কংগ্রেসি কর্মী। পরে জানা গেল, তিনি একজন নাম করা গরু চোর। গরু চুরি করতে গিয়ে গ্রামবাসীদের পেটানি খেয়ে মারা গেছেন। মারা যাওয়াটা দুঃখজনক, কিন্তু গরুচুরির আসামীকে কংগ্রেসের জায়গায় আনবেন না। আমার বক্তব্য শেষ করার আগে আমি একটি অনুরোধ জানাই। অবিচুয়ারী মোশনের সময় কংগ্রেসের পক্ষ থেকে দাবি তোলা হয় নিহতদের নামগুলি ঢোকানোর জন্য। এরজন্য অবশ্য আইনের পরিবর্তন দরকার। আপনি একটু পরিবর্তন করে নিন, পরবর্তী কয়েকটি সেশনের পর জাতীয় কংগ্রেসের নামটা যদি শহীদ তালিকায় ঢোকাতে পারেন তাহলে ভাল হয় এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** পারসোনাল এক্সপ্ল্যানেশন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্য শ্রী মানব মুখার্জি হাবড়ার ঘটনা সম্পর্কে উনি ব্যাখ্যা করে বললেন আমার নাম জড়িয়ে যে, প্রবীরবাবুর সৎ-সাহস থাকলে এই হাউসে বলুন কি পরিস্থিতির মধ্য দিয়ে হাবড়ার ঘটনা ঘটেছে। আমার সৎ-সাহস আছে বলেই এই বিধানসভার দাঁড়িয়ে আমি অবশ্যই কৈফিয়ৎ দেব। জাতীয় কংগ্রেসের একজন সৈনিক হিসাবে প্রবীণ ব্যানার্জি বি. জে. পির সঙ্গে অ্যালায়েন্স করেনি, করবেওনা। ঘটনা শুনুন, হাবড়ার প্রার্থী তালিকা তৈরি হওয়ার সময় ২৩ তারিখে ছিল নমিনেশন জমা দেবার লাস্ট ডেট। সকাল ১০-১৫ মিনিটের সময় ইন প্রেজেন্স অফ ডি. এম. আমি এস. ডি. ও. বারাসাতকে সিম্বল জমা দিয়েছে। প্রতিটি সিম্বলের রিসিভ পেপার আমার কাছে আছে। পরবর্তীকালে আন্দবাজার পত্রিকায় আমার সঙ্গে কোনও আলোচনা না করে আমার নাম জড়িয়ে সংবাদ ছাপানো হল যে আমি নাকি বলেছি, এস. ডি. ও. অফিসে যেটা তা ভ্যালিড় নয়। আমি প্রতিবাদ করেছিলাম, কিন্তু তা ছাপানো হয়নি। এস. ডি. ও.র কাছে যা জমা দিয়েছি দ্যাট ইজ ভ্যালিড। সেই সিম্বল নেবার জন্য হাবড়ার সকল প্রার্থীরা যখন হাবড়া মিউনিসিপ্যালিটিতে যায় যেটা সি. পি. এমের দ্বারা পরিচালিত, তারা বলে সিম্বল আসেনি, উইথড্র কর। প্রার্থীরা উইথড্র করেছে। এস. ডি. ও.কে যা জমা দিয়েছিলাম দ্যাট ইজ ভ্যালিড। এস. ডি. ও.কে হাউসে ডাকা হোক। তিনি এখানে এসে

ফিয়ৎ দিন। হাবড়া মিউনিসিপ্যালিটির অফিসের স্টাফ্‌রা তারা দায়িত্ব পালন করেননি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে মাননীয় সদস্য শ্রী মানব ার্জির বক্তৃতা শুনে আমার একটু আশ্চর্য লাগল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দলের টিকি শ্চমবাংলার বাইরে গেলে দেখা যায় না সেই দলের সদস্য হয়ে গত লোকসভার উপ- র্বাচনে, বিধানসভার উপ-নির্বাচনে এবং অন্ধ্র প্রদেশের উপ-নির্বাচনে ইত্যাদি নিয়ে এত লভরা কথা, এমন কি তিনি বলবার প্রয়াস করলেন এমন একটি অবস্থা সারা ভারতবর্ষে য়েছে প্রধানমন্ত্রী নাকি পদত্যাগ করে চলে যাওয়া উচিত। যে দলের টিকিট পর্যন্ত পশ্চিমবঙ্গের ইরে গেলে দেখতে পাওয়া যায় না, সেই দলের সদস্য হিসাবে এবং যে দল এ কেন্দ্রীয় কার দিল্লিতে বসে আছেন সেই পি. ভি. নরসিংহ রাওয়ের কংগ্রেস দলকে সমর্থন জানিয়ে সছেন, যে অর্থনীতির কথা বললেন যে অর্থনীতির জন্য ভারতবর্ষ দেউলিয়া অবস্থায় রণত হচ্ছে বলছেন সেই দলের যে বাজেট সেই বাজেটকে আপনারা পূর্ণাঙ্গ সমর্থন নিয়ে এসেছেন। আপনারা ওখানে এক রকম কথা বলেন, এক রকম ব্যবহার করেন, আর ানসভার চত্বরে এসে আর এক রকম কথা বলেন এটা বড় লজ্জা এবং দুঃখের ব্যাপার। পনাদের বক্তব্য শুনে আমাদের মনে হয়েছে। আপনাদের বক্তব্য শুনে আমাদের মনে হয়েছে আপনারা বি. জে. পি. নামক একটি দলকে ভীষণভাবে ভয় করতে শুরু করেছেন। পনারা ভুলে যাবেন না বি. জে. পি.কে তোলবার এবং শক্তিশালী করার মূলে আপনাদের নর নেতা মাননীয় জ্যোতিবাবু। ১৯৮৯ সালে যে ঘটনা ঘটেছিল সেটা আপনাদের স্মরণে কা উচিত। আমি যখন লোকসভার সদস্য ছিলাম তখন এ লোকসভায় বি. জে. পি্র. মাত্র ন সদস্য ছিল, তারপর আপনারা মাননীয় রাজীব গান্ধীকে হারাবার জন্য তাঁর বিরুদ্ধে া কুৎসা এবং অপপ্রচার করে সেই বি. জে. পি.র সঙ্গে হাত মেলাতে কুণ্ঠা বোধ রননি। এখন আমাদের নামে দোষ দিচ্ছেন। আপনারা এখানে প্রমাণ করবার চেষ্টা করছেন আমরা পঞ্চায়েত নির্বাচনে বি. জে. পি.র সঙ্গে হাত মিলিয়েছি। আপনারা দিল্লিতে ভারতীয় রাজনীতির যে কথা তুলেছেন তাতে সকলের সঙ্গে লড়াই করে আমাদের ক্ষমতায় সতে হয়। এখন আমরা লোকসভায় ৪২টি আসন পেয়েছি, এ ৪২টি পেতেই কেন্দ্রীয় কারের ক্ষমতায় আসতে গেলে বি. জে. পি. এবং সকলের সঙ্গে লড়াই করেই আসতে কংগ্রেসকে। কাজেই সেই বি. জে. পি.কে আমরা মিত্র হিসাবে গ্রহণ করতে পারি না । আপনাদের স্মরণ থাকা উচিত। যাই হোক, আজকে যে ব্যাপারে অনাস্থা প্রস্তাব এসেছে কে আমি সমর্থন করে বলতে চাই যে, আপনারা পঞ্চায়েত নির্বাচনের আগে, নির্বাচনের য়ে বা তার পরবর্তীকালে যে ধরনের সন্ত্রাস সৃষ্টি করেছেন, যে ধরনের টাকা দিয়ে ভোট নবার এবং যেভাবে প্রশাসনকে হাত করবার চেষ্টা করেছেন তার থেকে লজ্জা এবং সনের ব্যাপার আর থাকতে পারে না। পঞ্চায়েত নির্বাচন একটা প্রহসনে পরিণত হয়েছে। মরা মুর্শিদাবাদ জেলাতে ঘুরেছি, সেখানে প্রতিটি জায়গাতেই বামপন্থী দল বিশেষ করে সি. এম দলের প্রতি সকলের একটা অনীহা এসে গেছে হরিহরপাড়ায় দেখুন, যেখানে

আপনাদের দলের একাধিপত্য ছিল, আমাদের দলের একটা পঞ্চায়েতও ছিল না সেখানে কি ভাবে জ্বালিয়ে পুড়িয়ে খাক করে দিয়েছেন। আপনারা জানেন সেখানে এস. ইউ. সি. কংগ্রেস সব দল একজোট্টা হয়ে সি. পি. এম. দলের অত্যাচারের বিরুদ্ধে মাথাচাড়া দিয়েছিল, গুলি করে ৭ জনকে হত্যা করা হয়েছে। এখন যদি আপনারা সজাগ না হন, এ সন্ত্রাস চালাতে থাকেন তাহলে আগামী দিনে এ একটা হরিহরপাড়া গোটা পশ্চিমবঙ্গ হয়ে যাবে সে বিষয়ে সন্দেহ নেই। ডোমকলে আমাদের—কংগ্রেসের কোনও স্থান ছিল না। আনীসুর রহমান মহাশয়ের এলাকা, সেই ডোমকলে আজকে কি অবস্থা? আপনাদের কে বলতে চাই এখন সময় লাগে আপনারা যদি সত্যিই জনগণের পাশে দাঁড়াতে চান তাহলে সন্ত্রাস ভুলে গিয়ে জনগণকে সন্তুষ্ট করার চেষ্টা করুন। নির্বাচনের আগে আমরা কি দেখলাম? ৫০ কোটি টাকা রিলিজ করা হল, মাননীয় মানববাবু বলছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আসে না, টাকা নির্বাচনের আগে এসে গেল? গ্রামপঞ্চায়েত গুলিতে তখন আপনাদের অ্যাকটিভিটিজ দেখা গেল, রাস্তায় মোরাম হল, টিউবওয়েল তৈরি হল, মেরামত হল, গম, চাল সব পাওয়া গেল এই যে একটা দশ টাকার নোট দেখা যাচ্ছে কাস্তে, হাতুড়ির ছাপ দেওয়া এসব মানুষের কাছে বিলি করা হল।

[2-55 - 3-05 p.m.]

এই হচ্ছে আপনাদে কীর্তি। আমাদের কংগ্রেস দলের টাকা নেই। আপনারা কাগজে দেখেছেন, আমরা এ. আই. সি. সি.-র কাছে দরবার করেছি পঞ্চায়েত নির্বাচনে টাকা দেবার জন্য, কিন্তু এ. আই. সি. সির কাছ থেকে আমরা টাকা পাইনি। কিন্তু আপনারা জনগণের ৫০ কোটি টাকা প্রশাসনের মাধ্যমে আমাদের পার্টির বিরুদ্ধে ছেড়ে জনগণের সমর্থন পেয়েছেন আজকে এরজন্য আপনাদের লজ্জা হওয়া উচিত। আপনারা ৬৬ পারসেন্ট ভোট পেয়েছে বলছেন, কিন্তু এটা জোর করে আদায় করেছেন। আপনারা কিছু কিছু পরিবর্তন করেছে পঞ্চায়েত আইনের, ফলে এক-তৃতীয়াংশ মহিলা আসন হয়েছে, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব রিজার্ভড় সিটেও এক-তৃতীয়াংশ মহিলা আসন হয়েছে। কিন্তু একটি জায়গাতেও সকাল সাতটা থেকে বিকেল তিনটার মধ্যে কোথায়ও ভোট গ্রহণ শেষ হয়েছে একমাত্র সিঙ্গল বুথ ছাড়া? সেখানে সকাল পর্যন্ত ভোট গণনা করা হয়েছে। একাধি ক্রমে ৪৮ ঘন্টা কোনও এজেন্টের পক্ষে বুথে থাকা সম্ভব? প্রথমে গ্রাম-পঞ্চায়েতের ভোট গণনা হয়েছে, তারপর গণনা করা হয়েছে পঞ্চায়েত সমিতির এবং তারপর জেলা পরিষদের। ফলে দুই-তিন দিন সময় লেগেছে। অসম্ভব একটা অবস্থা। সরকারি কর্মচারী যারা ঐ কাজে গিয়েছিলেন তারা খেতে পর্যন্ত পাননি। এই অবস্থায় কাউন্ট করবেন কে? তার উপর জুলুমবাজি হয়েছে। মালদা জেলায় নির্বাচন কর্মীদের উলঙ্গ করে মাঠে ঘোরানো হয়েছে। সেখানকার একটি ভোটকেন্দ্রে কংগ্রেস প্রার্থীকে হারিয়ে দিয়ে কেন সি. পি. এম. প্রার্থীকে জয়ী ঘোষণা করা হল না সেই কারণে ঐ কেন্দ্রের পোলিং অফিসারকে উলঙ্গ করে তারা ঘুরিয়েছে। এরপরও বলতে পারেন পঞ্চায়েত নির্বাচন গণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে? আমরা বারবার বলেছিলাম, বুথে ভোট গণনা

বেন না, কিন্তু সেই কথায় কান দেননি আপনারা। নির্বাচনের আগে [লাল বাতি] এই ানসভায় বাবরি মসজিদ নিয়ে দ্বিতীয় দফায় যে আলোচনা হয়েছিল তখন আমি জিজ্ঞাসা রছিলাম, আগামী পঞ্চায়েত নির্বাচনে যদি কেউ সাম্প্রদায়িক প্রচার করেন তাহলে তার দ্ধে ব্যবস্থা নেবেন কিনা। উত্তরে বুদ্ধদেববাবু বলেছিলেন—হ্যাঁ, নেব। কিন্তু আমরা দেখলাম স্ত গ্রামের মানুষ টিউবওয়েল কেন হল না, রাস্তা কেন হল না—এসব কথা নয়; গ্রেসের ত্রুটি হয়েছে, কংগ্রেস নাকি বাবরি মসজিদ ভেঙ্গে দিয়েছে, সি. পি. এমের এসব রে তারা বিভ্রান্ত হওয়ায় কি পরিস্থিতিতে সেটা ভেঙ্গেছে সেটা তাদের যুক্তি দিয়ে বোঝাতে রবার হয়ে আমাদের সময় কেটে গেছে। এইভাবে যারা সাম্প্রদায়িক প্রচার করেছেন তাদের দ্ধে......

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়)

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের আনীত অনাস্থা প্রস্তাবের মি বিরোধিতা করছি। বিরোধিতা করছি, কারণ এটা একটা কাল্পনীক প্রস্তাব। অনাস্থা প্রস্তাব া ছাড়া গণতন্ত্রের প্রতি বা কিভাবে দেশটাকে সুষ্ঠভাবে পরিচালনা করা যায় সে ব্যাপারে র কোনও দায় দায়িত্ব নেই। আজকে অনাস্থা প্রস্তাব আনাটা যেন বিরোধী দলের একটা ্যাস হয়ে গেছে। গত সেশনেও ওরা স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিলেন। রাধী দলের নেতা থেকে আরম্ভ করে মাননীয় শ্রীমতী মিত্র এবং অন্যান্য সদস্যরা যা লেন তাতে ওরা সব উলঙ্গ দেখছেন। ওদের রাজ্যের প্রতি কোনও কর্তব্য নেই, আইন-লার ব্যাপারে কোনও দায়-দায়িত্ব নেই। ওরা দায়-দায়িত্ব নিয়েছেন সন্ত্রাসের। বিরোধীদলের া রি-কাউন্টিংয়ের দাবি করেছেন। আমাদের মন্ত্রী সভা যদিও রি-কাউন্টিং মানেন নি। আমি ং একথা বলব যে রি-কাউন্টিং দিলে যতগুলি গ্রাম-পঞ্চায়েত ওরা পেয়েছেন তার আরও ভাগ গ্রামপঞ্চায়েতে ওরা হেরে যাবেন।.....গোলমাল......আমরা রি-কাউন্টিংয়ে রাজি আছি। ্য বাপুলি মহাশয় বলেছেন যে গ্রামপঞ্চায়েতের নির্বাচনে যে দলের প্রার্থীরা যে এলাকা ক হেরে যাবে, সেই দলের সেই এলাকার বিধায়ককে পদত্যাগ করতে হবে। আমি রাধী দলের নেতাকে বলব যে আপনার দল ইটাহারে হেরে ভূত হয়ে গেছে। আপনি গে পদত্যাগ করুন, তারপরে জ্যোতিবাবুর দিকে হাত বাড়াবেন। কাজেই আগে নিজেদের ক তাকান, পরে অন্যের দিকে তাকাবেন। সুদীপবাবু অভিভাবকের মতো কিছু উপদেশ য়েছেন। তিনি উপদেশ দিয়েছেন যাতে সি. পি. আই. আর. এস. পি, ফরোয়ার্ড ব্লক এরা পি. এম থেকে বেরিয়ে এসে একটা ফ্রন্ট করেন। আমি একথা বলতে চাই যে কংগ্রেসের অভিভাত্বপূর্ণ উপদেশ শোনার জন্য আমরা এখানে আসিনি। আমি একথা বলতে চাই যার দলকে ৪৪ বছর ধরে ডুবিয়েছেন তাদের প্রতি ঘৃণাভরে আমি তাদের এই প্রস্তাবকে ্যাখ্যান করছি। আমি বরণ একথা বলব যে কংগ্রেসের মধ্যে। যদি বিবেকবান লোক কন তাহলে তারা আসুন, বামপন্থীদের সঙ্গে দাঁড়িয়ে দেশকে বাঁচানোর জন্য আমরা লড়াই ই। আজকে ৬৬ ভাগ সাফল্য বামফ্রন্টের ঘটেছে। কিন্তু বাদবাকি যে সাফল্য ঘটছে সেটা

কি সন্ত্রাস? সেটা যদি সন্ত্রাস হবে তাহলে কংগ্রেস জিতল কি করে? আমার কেন্দ্রের একটি ব্লকে ১৭১টি গ্রামপঞ্চায়েতের সিট। তার মধ্যে ১৪০টি সিটে কংগ্রেস প্রার্থী দিয়েছে, বাকি ৩১টি সিটে প্রার্থী দেয়নি। সেখানে কারা দাঁড়িয়েছে? তার বেশির ভাগ জায়গায় বি. জে. পি এবং অন্যান্য লোকেরা জিতেছে। আপনাদের কাছে এই কথা বলতে চাই যে, আমার এলাকার এক নম্বর ব্লকে দুটো জেলা পরিষদের সিটের একটিতে কংগ্রেসের কোনও প্রার্থী ছিল না তাহলে সেখানে তারা কাকে সমর্থন করেছেন, আর ঐ ৩১টি সিটেই বা কাদের সমর্থন করেছেন? আজকে কাদের হুকুমে এই জিনিস হয়েছে? কারা সন্ত্রাস সৃষ্টি করছে? আপনাদের এক নেত্রী পুলিশকে প্রকাশ্যে সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করতে বলছেন। সত্য বাপুলি মহাশয় সরকারের নির্দেশ অমান্য করতে বলছেন। এটা যদি কংগ্রেস রাজত্বের ক্ষেত্রে ঘটে তাহলে কি হয়? আজকে ওরাই বিশৃঙ্খলা সৃষ্টি করছেন। ওদের এক নেত্রী বেঙ্গল লাইন নিয়ে যখন মিছিল করছেন, সেখানে দাঁড়িয়ে বলছেন যে আমি বি. জে. পি'র সঙ্গে যাইনি অর্থাৎ ঠাকুর ঘরে কে—আমি কলা খাইনি, এই ধরনের কথা বলছেন।

[3-05 - 3-15 p m ]

মাননীয় সদস্য বলেছেন গীতাদির কথা, আমাদের দলের কথা। ঘরের ঝগড়া আমরা ঘরেই মিটিয়ে নেব, এখানে আপনারা মাতব্বরী করতে পারবেন না। আপনাদের অভিভাবক আমরা মানব না, আপনাদের জ্ঞান আমরা শুনব না। বামফ্রন্টের ঝগড়া, বামফ্রন্টের অভ্যন্তরে বসে মীমাংসা করব। কংগ্রেস আজকে এই রাজ্যে বিশৃঙ্খলা করার চেষ্টা করছে।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ:** মাননীয় স্পিকার স্যার, আমাদের দলের পক্ষ থেকে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় স্পিকার স্যার, আজকে এখানে সংখ্যা গরিষ্ঠতার জোরে হয়ত এ বামফ্রন্ট সরকার টিকে থাকতে পারে কিন্তু আজকে গ্রামবাংলার মানুষ প্রমাণ করে দিয়েছে তাঁরা টিকে থাকতে পারেন না। বামফ্রন্ট সরকারের যিনি নেতা, মাননীয় মুখ্যমন্ত্রী পঞ্চায়েত নির্বাচনে যেখানে যেখানে গিয়েছেন উত্তর ২৪ পরগনা বাগদা সেখানে মানুষের কাছে যে কথা বলেছেন—সেখানে ধ্বস নেমে গেছে, মানুষ প্রতিবাদ জানিয়েছে। বসিরহাটে মুখ্যমন্ত্রী গিয়েছিলেন সেখানে নেমেছে। যেখানে মুখ্যমন্ত্রী গিয়েছেন সেখানে সি. পি. এম হেরেছে। মুখ্যমন্ত্রীকে জনগণের রায়ে বলে দিয়েছে আপনার আর দরকার নেই, আপনি পদত্যাগ করুন। আপনি জানেন স্যার পঞ্চায়েত নির্বাচনে ওঁরা বৈজ্ঞানিক রিগিং করেন। প্রথমে ভোটার লিস্ট থেকে আরম্ভ করে ক্যানডিডেট সিলেকশন থেকে আরম্ভ করে সমস্ত কিছু করেন। বুথে মস্তান এনে পুলিশ দিয়ে ক্যাডার দিয়ে, ক্যাডারদের পুলিশের ড্রেস পরিয়ে এনে লাঠি চার্জ করে কংগ্রেস কর্মীদের তাড়িয়ে দেওয়া হয়েছে, অত্যাচার করা হয়েছে। তাতেও তাঁরা খান্ত হননি। বুথ থেকে ব্যালট পেপার এবং ব্যালট বক্স নিয়ে গিয়ে পোলিং অফিসারের বুকে লাথি মেরে, প্রিসাইডিং অফিসারকে মেরে আহত করে হাসপাতালে ভর্তি করে সেই ভোটে জিতে বলেছেন ৬৬ পারসেন্ট ভোট পেয়েছি, আমাদের সমর্থন কর। মানববাবুদের লজ্জা করে না? আমি বল

ই মাননীয় মুখ্যমন্ত্রীকে যে আপনি একটা তদন্ত কমিশন করুন, গ্রামেগঞ্জে মানুষের কাছে ান, কিভাবে ভোট হয়েছে সেখানে দেখুন, প্রকৃত ভোট সেখানে হয়েছে কিনা দেখুন। স্যার, ামি সীমান্ত এলাকায় থাকি, সেখানে বাংলাদেশ থেকে অ্যান্টি সোশালদের এনে বুথ ক্যাপচার রানো হয়েছে। চোরাকারবারীদের বলা হয়েছে সি. পি. এম করলে ঢালোয়া ভাবে ব্লাক ারকেটি করতে দেব। আজকে সমাজবিরোধীদের ভোটের মধ্যে ইনভলভ করা হয়েছে। তাতেও য় নি। গাইঘাটায় জেলা পরিষদের সদস্য আমাদের প্রার্থী রাধাপদ বিশ্বাস ৮৯ ভোটে ফেল করেছে। সি. পি. এম-এর পক্ষ থেকে এস. ডি. পি.ও কে বলা হয়েছে কংগ্রেসকে ফেল করাতে হবে। গ্রামে যে সমস্ত লোক কংগ্রেস বলে পরিচিত তাদের উপর

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

পুলিশি অত্যাচার করা হয়েছে, তাদের ঘর-বাড়ি ভেঙ্গে দেওয়া হয়েছে। কংগ্রেস সমর্থকদের তাড়িয়ে দেওয়া হয়েছে। সমস্ত ব্যালট বক্স থেকে ব্যালট পেপার সরিয়ে দেওয়া হয়েছে। একটা বুথে আমাদের প্রার্থী ৩২১টি ভোট পেয়েছে, কিন্তু দেখা গেল ২২১টি ব্যালট পেপার পাওয়া যাচ্ছে। এই ব্যাপারে আমরা হাই-কোর্টে গিয়েছি, কি ভাবে ফেল করেছে সেটা দেখার জন্য। পরবর্তীকালে কাউন্টিং সিট রাস্তায় পাওয়া গিয়েছে, বি. ডি. ও লিখেছে এইগুলি অরিজিনাল কাউন্টিং সিট। কাউন্টিং সিট রাস্তায় গিয়ে পৌছেছে। ভাবুন কিভাবে সেখানে ভোট হয়েছে। এইভাবে সমস্ত কাউন্টিং সিট রাস্তায় ছড়িয়ে দেওয়া হয়েছে।.......

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

**শ্রী মুস্তাফা বিন কাশেম :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের নেতা মাননীয় ডাক্তার জয়নাল আবেদিন যে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে, মন্ত্রী সভার বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। আপনারা অনাস্থা প্রস্তাব আনতেই পারেন সংসদীয় নিয়মকানুন অনুসারে '৭৭ সালের পর থেকে পশ্চিমবাংলার বেশির ভাগ মানুষ, সেই বেশি অত্যন্ত বেশি, বামফ্রন্ট সরকারের প্রতি উত্তরোত্তর বলিষ্ঠভাবে, বেশি বেশি ভাবে আস্থা শুধু চারবারের বিধানসভার নির্বাচনে ঘটেছে তা নয়, আমাদের রাজ্যের লোকসভার ভোটে হয়েছে, মিউনিসিপ্যালিটির ভোটে হয়েছে এবং চার চারবার পঞ্চায়েতের ভোটে হয়েছে। চতুর্থবার পঞ্চায়েতের ভোট যেটা শেষ হল, এই ভোটেও অব্যাহত ভাবে পশ্চিমবাংলার মানুষ সেই আস্থা জ্ঞাপন করেছেন। অন্যদিকে, একদিকে যখন মানুষ আপনাদের প্রত্যাখ্যান করেছেন, তাঁদের বিচার বিবেচনার উপরে দাঁড়িয়ে কোনও ভাবেই তাঁদের রায়ে উপরে শ্রদ্ধার ভাব পোষণ করছেন না। আপনারা প্রত্যাখ্যাত হয়ে হতাশাগ্রস্ত হয়ে বাইরে গন্ডোগোল করেছেন, নয়তো করছেন সন্ত্রাস। বিধানসভার মধ্যে আপনারা অনাস্থা প্রস্তাব এনেছেন, আমরা কিন্তু বিচলিত নই। এই অনাস্থা প্রস্তাব আপনারা আগেও এনেছেন, ভবিষ্যতেও আনবেন। কিন্তু এতটা হতাশাগ্রস্ত বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন সাহেব যে সাধারণ স্বীকৃত পার্লামেন্টারি নিয়ম-কানুন সম্পর্কে ওয়াকিবহাল থাকা দরকার, হতাশার আঘাতে আপনি

বারবার ভুল করেছেন, ঠিকমতো নোটিশ দিতেও পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহোদয় যদি উদার ব্যাখ্যা না দিতেন এখানে, তাহলে আপনারা এই আলোচনা করতে পারতেন না। সুতরাং আমি এই অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা হোক, এতে বিচলিত নই। প্রশ্ন সেখানে নয়। একটি প্রশ্ন আমি আপনার কাছে জিজ্ঞাসা করব, এই প্রশ্ন পশ্চিমবাংলার অনেক মানুষেরও, তাঁরা জবাব চাইছেন। ১৪ তারিখে আপনারা সরকারের বিরুদ্ধে এই যে অনাস্থা প্রস্তাব আনবেন, এই সিদ্ধান্ত কি ভাবে গ্রহণ করলেন? এই সিদ্ধান্তটি কি প্রদেশ কংগ্রেসের অফিসে যেখানে বিজেপি বসে ছিল তাদের সঙ্গে আলোচনা করে, এইভাবে গৃহীত হল, না প্রদেশ কংগ্রেসের নেতা জয়নাল আবেদিন সাহেব এবং সৌগতবাবুরা বিজেপি'র অফিসে গিয়ে তাঁদের সঙ্গে আলোচনা করে ঠিক করেছেন? এই প্রশ্নের জবাব জানার ঔৎসুক্য পশ্চিমবাংলার মানুষের মধ্যে আছে। এই অনাস্থা প্রস্তাব আনতে গিয়ে এখানে পঞ্চায়েত নির্বাচনের কথা বলেছেন পঞ্চায়েতের কি কাজ, কি ব্যর্থতা তার মধ্যে না গিয়ে আমি আপনাদের মনে করিয়ে দিতে চাই যে গোটা ভারতবর্ষে এই একটি রাজ্য হচ্ছে পশ্চিমবাংলা যেখানে চারবার নিয়ম মেনে নির্দিষ্ট সময় অন্তর পঞ্চায়েত নির্বাচন হল এবং হল মানে হল। এটি ভারতবর্ষের ক্ষেত্রে অনন্য নজির। পশ্চিমবাংলা হচ্ছে এমন একটি রাজ্য যেখানে চতুর্থ বারের জন্য পশ্চিমবাংলার মানুষ নির্বাচনে যাচ্ছেন, যেখানে অ্যামেথিতে ২৯শে মে এবং ৩০শে মে আপনারা জমায়েত হচ্ছিলেন কি জন্য? যেখানে পশ্চিমবাংলা সরকার চতুর্থবারের জন্য ভোট সম্পন্ন করছেন মানুষকে নিয়ে, সেখানে আপনারা অ্যামেথিতে কি কার জন্য জমায়েত হচ্ছিলেন, না সেখানে আলোচনার অন্যতম বড় বিষয়বস্তু ছিল কি করে পঞ্চায়েতের ভোট করতে হয় তা নিয়ে আলোচনা করা। দুর্ভাগ্যের বিষয়, হাওয়ায় উড়ে গেল। আপনাদের ঐ জিনিসটা প্রকৃতি ক্ষমা করল না। আপনারা পিছিয়ে দিলেন অক্টোবর মাসে। কিভাবে ভোট করতে হয়, পশ্চিমবাংলার মানুষ আর একবার ধাক্কা দিয়েছেন আপনাদের।

[3-15 – 3-25 p.m.]

পশ্চিমবঙ্গের মানুষ আরেকটা প্রচন্ড রাজনৈতিক ধাক্কা আপনাদের দিলেন এবং কেন্দ্রীয় সরকারকেও দিলেন এবং কিছু নেতার দিকেও তাদের কৃতকর্মের জন্য দিয়েছেন। পঞ্চায়েতের নির্বাচনী ফলাফল এটা কোনও গোপন ব্যাপার নয়, এতে সিপিএম বেশ ভাল ফলই করেছে। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম-পঞ্চায়েতে আমরা ভালই ফল করেছি। পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষই জানে এই যে আমরা এই নির্বাচনে ৭৯ শতাংশ, ৯০ শতাংশ এবং ৭৩ শতাংশ মানুষকে বামফ্রন্টের প্রার্থী হিসাবে পশ্চিমবঙ্গের মানুষ জয়যুক্ত করেছেন। গ্রাম পঞ্চায়েতের কিছু আসন চলে গেছে এবং সেটা আপনাদের দিকে কিছু গেছে, কিন্তু তাতেই কি আপনারা ভাবছেন যে একটা বিরাট সাফল্য অর্জন করলেন? তবে আমি আপনাদের একটু সাবধান করে দিতে চাই যে এই সাফল্যে এত উল্লসিত হবার কারণ নেই। অবশ্য আপনাদের উল্লাসের পেছনে কিছু কাগজ আপনাদের একটু ভাবনা চিন্তার মধ্যে ফেলে দিয়েছে এমনভাবে প্রচার করছে যে আপনারা ভেবে নিচ্ছেন যে আগামী বিধানসভা বুঝি এসে গেল

ার বক্তব্য যদি একটু বেশি বলা হয়ে থাকে তাহলে একটু ক্ষমা করে নেবেন। আপনাদের ার কেউ কেউ ভাবতে শুরু করেছেন যে আগামী নির্বাচনে কে কোন জায়গায় আসন ন। তবে এটা জেনে রাখুন পশ্চমবঙ্গের মানুষ আপনাদের গ্রহণ করছে না এবং করবেও সুতরাং ওই কথাটি ভেবে কোনও লাভ নেই। কিন্তু আশ্চর্য লাগল এই পঞ্চায়েত চনকে কেন্দ্র করে আপনারা যে জঙ্গী সম্প্রদায়ের সঙ্গে যুক্ত হলেন এতে যে রাজ্যের কত ; করলেন সেটা বুঝতে পারলেন না। আপনাদের শুভবুদ্ধি আসুক এই আশা করি। কিন্তু ার মনে হয় আপনাদের এই শুভবুদ্ধি আসতে কিছু বাকি আছে। আপনারা বি জে পির হাত মিলিয়ে আমাদের হারানোর চেষ্টা করলেন কিন্তু এতে যে কি সর্বনাশ করলেন টি জঙ্গী শক্তিকে রাজ্যের মধ্যে ঢুকিয়ে দিলেন। আমি নিজে, জানি কংগ্রেস ও কর্মীরা স্পর পরস্পরকে সমর্থন করে কাজ করেছেন। মাননীয় সদস্য মানব মুখার্জি যে উল্লেখ ছেন বীরভূম জেলায় খারুনে একটি পঞ্চায়েত এলাকায় একই নামে ব্যালট পেপার হাত এবং পদ্ম চিহ্ন দুটোই আছে। আমি আরও দু-একটি উদাহরণ দেবার চেষ্টা করছি। রহাটে ভবানীপুর গ্রাম-পঞ্চায়েতের ৭টি বুথে ১৪টি আসনের ৩টি কংগ্রেস প্রার্থী জয়ী ছেন আর ৩টি বুথে একটি প্রার্থীও নেই। অথচ বিগত বিধানসভার নির্বাচনে আপনারাই যুক্ত হয়েছিলেন। মাননীয় সৌগতবাবু তো আপনি তো গ্রাম-বাংলায় যান না, মাঝে মাঝে ন তাহলে আসল রূপটা দেখতে পাবেন। ওই ৩টি আসনে পরাজিত করে সিপিএমকে নারা বাহবা নেবার চেষ্টা করছেন। এতে আত্মসন্তুষ্টির কোনও কারণ নেই। আপনারা ছেন যে সিপিএমকে শিক্ষা দিলাম কিন্তু যে জঙ্গী শক্তির সঙ্গে সম্পর্ক গড়লেন এর ণতি ভাল হবে না। এই পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে গ্রাম-বাংলায় বিজেপি একটি প্রদায়িক শক্তি ঢুকে পড়ল। আজকে যতই উৎফুল্ল হোক না কেন যে শক্তিকে ঢুকিয়েছেন ক আর আটকানো যাবে না। আপনারা মুখে বলেন বি জে পিকে সমর্থন করেন না কিন্তু ান্তরে যে প্রচার করেছেন তাতে তাদের সমর্থনই করেছেন। ক্রমশ যখন সাম্প্রদায়িকতার দ আমাদের দেশের ঐক্যকে চ্যালেঞ্জ জানাচ্ছে, তখন এই রাজ্যে আপনারা সাম্প্রদায়িক র সঙ্গে সমঝোতা করলেন। সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে আমাদের রাজ্যের একটা গর্ব ছ, একটা ঐতিহ্য আছে এবং সেই ঐতিহ্য নিয়ে আমরা যখন রাজ্যে শান্তির পরিবেশ করতে চাইছি ঠিক তখনই আপনারা তাদের সমর্থন করলেন। আপনারা একবারও লেন না আপনারা কি করছেন। এটাই কি আপনাদের বেঙ্গল লাইন? বি. জে. পি, গ্রস কি ভাই, ভাই? আগামী দিনে সারা ভারতবর্ষে এটা ইন্ডিয়ান লাইন হবে কিনা সেটা তে আমরা শিউরে উঠি। আজকে আপনারা ছবি দেখাচ্ছেন। শুধু সংকীর্ণ রাজনৈতিক দা তোলার জন্য একটা সাম্প্রদায়িক শক্তির সঙ্গে কংগ্রেস দল হাত মেলাল। কংগ্রেস র আজকে যে ইতিহাস, সেটা বড় লজ্জার ইতিহাস। আমি বহু ছবি ও ঘটনার কথা নে উল্লেখ করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক মাননীয় সদস্য সেই সমস্ত ঘটনা নে উল্লেখ করেছেন, আমি আর সেটা করছি না। কংগ্রেস দল ধর্মনিরপেক্ষ দল হিসাবে দাবি করে আজকে সেই দাবি ভেঙ্গে গেছে, আজকে সেই দাবি ম্রিয়মান হয়ে গেছে। শুধু

ভোটের না মৌলবাদী শক্তির সঙ্গে আঁতাত করেছেন। স্যার, যে কথা বলছিলাম, বসিরহা পঞ্চায়েত সমিতির রেজাল্ট অনেক ভাল, একটা জায়গায় শুধু কংগ্রেস জিতেছে। আজকে এ অনাস্থা প্রস্তাবের আমি বিরোধিতা করছি, কারণ প্রত্যাখ্যাত হয়ে, হতাশাগ্রস্থ হয়ে, বিকারগ্র হয়ে এই প্রলাপ বকুনি তারা বকছে। এই অনাস্থা প্রস্তাবের আমি বিরোধিতা করে আমা বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের পক্ষ থেকে যে অনা প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য এখানে পেশ করব। পশ্চিমবাংলা মানুষকে যিনি সবচেয়ে বেশি করে গণতন্ত্র স্মরণ করিয়ে দেবার চেষ্টা করে, সেই বুদ্ধদেবব কয়েকদিন আগে স্টেটমেন্ট দিলেন, বহরমপুরে যে ইলেকশন হয়েছে তাতে কংগ্রেসের যা নির্বাচিত হয়েছেন তাদের তিনি চোর উপাখ্যান দিয়েছেন। যারা জনপ্রতিনিধি হিসাবে এসেছে তাদের তিনি চোর উপাখ্যান দিলেন। তাহলে তারা যদি চোর হয়, আর ঐ রাইটার্সে যা বসে আছে তারা কি ডাকাত। বহরমপুরের মানুষের কাছে ক্ষমা প্রার্থনা করবার জন্য আ দাবি জানাচ্ছি। আজকে যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে, অন্যান্য পঞ্চায়েত নির্বাচন থে সেটা অনেক তফাৎ। কারণ পঞ্চায়েতের হাতে এখন অনেক ক্ষমতা এসেছে, অনেক টা এসেছে। সেইজন্য বামফ্রন্ট সরকার আগে থাকতেই বুঝেছিল যে পঞ্চায়েতগুলি দখল কর হবে ছলেবলে কৌশলে। দিনের শেষে যখন পর্যন্ত ভোট গণনা হবে তখন পর্যন্ত রিগিং পরিকল্পনা করা হল। প্রেস কনফারেন্স করে প্রত্যেকটা জেলায় জেলায় বলা হয় কংগ্রেস একটা সিটও দেব না। এত ঔদ্ধত্য তারা কোথা থেকে পান? এই সমস্ত পরিকল্পনার ক তাদের পূর্ব পরিকল্পিত ছিল। হাওড়া জেলার মহিলা সভানেত্রীকে বাঁকড়ার রাস্তার উপর দাঁ করিয়ে এমন মারধর করা হয়, যে এক সপ্তাহ তাকে হাওড়া জেনারেল হাসপাতালে ভ থাকতে হয়েছে।

[3-25 – 3-35 p.m.]

এমন কোনও শহর বা গ্রাম নেই যেখানে এরা সন্ত্রাস সৃষ্টি করেননি। এই সন্ত্রাসে ফলে হাজার হাজার গ্রামের মানুষ ভোট দিতে পারেননি। আমি এই প্রসঙ্গে কয়েকটি ঘটন কথা উল্লেখ করছি। চন্দ্রপুরা গ্রামে মাসুদ আলিকে গুলি করে হত্যা করা হয়েছে। আ সেখানে কতবার গিয়েছি। এখানে একজন বললেন যে আমরাই ঘটনা ঘটিয়েছি, আমি আপনা বলি, সেখানে গিয়ে খোঁজ নিয়ে আসুন যে তিনি কোন দলের সমর্থক ছিলেন। তার শ্রীমতী আরতি মন্ডল, যিনি পঞ্চায়েত সমিতিতে প্রার্থী হয়েছিলেন এবং নির্বাচিত হয়েছি সি. পি. এমের লোকরা তার বাড়ি আক্রমণ করেছে, তার স্বামীকে পুলিশ গ্রেপ্তার করে তারপর পাঁচলা থানাতে কংগ্রেসের ইনামুল হক, যিনি জিতেছেন তার বিরুদ্ধে কেস হয়েছে এবং তার বাড়ি ভাঙচুর করা হয়েছে। উলুবেড়িয়ার বাসুদেবপুরে ৫৬টি দোকান করে সেগুলিকে ভষ্মিভুত করা হয়েছে। তার ভি. ডি. ও. টেপ আমরা তুলে এনেছি,

ার, আপনাকে দেব। স্যার, এরা গণতন্ত্রের কথা বলছেন অথচ আমরা শুনতে পাচ্ছি নকটেড কেস কংগ্রেসিদের বিরুদ্ধে নিয়ে আসা হচ্ছে। উলুবেড়িয়ার এম. এল. এ. এখানে সে আছেন, তিনি জানেন যে কি ভয়ঙ্কর অত্যাচার সেখানে চলছে। সেখানে ফরোয়ার্ড ব্লকের াকদের উপর সি. পি. এমের লোকরা অত্যাচার চালাচ্ছে। হীরাপুরে, সেখানে আমরা খেছি যে ভারতবর্ষের প্রধানমন্ত্রী মসজিদ ভাঙ্গছেন এই ছবি সেখানে আঁকা হয়েছে। বারবার লা সত্ত্বেও সেই ছবি আমরা মোছাতে পারি নি। এর থেকেই প্রমাণ হয় কারা সাম্প্রদায়িক াইনে প্রচার করেছেন। করোলা গ্রাম ২৫০/৩০০ লোক তাদের বাড়িতে ঢুকতে বা বেরুতে রছেন না। এমন কি তাদের বাড়িতে ডাক্তার পর্যন্ত যেতে পারছেন না। সেখানে মাস্টার শাইরা স্কুলে যেতে পারছেন না। এইভাবে সারা রাজ্যে সন্ত্রাস সৃষ্টি করা হয়েছে। আজকে ারা রাজ্যে যেভাবে সন্ত্রাসের সৃষ্টি হয়েছে সেই কারণে আমাদের দলের নেতা ডাঃ জয়নাল াবেদিন যে অনাস্থা প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করে শেষ করছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের নেতা আজ এই সভায় মফ্রন্টের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। রা বলেছেন যে এখানে আইনশৃঙ্খলা নেই, এটা কিন্তু ঠিক কথা নয়। শ্রী জ্যোতি বসুর নতৃত্বে বামফ্রন্ট সরকারের ১৬ বছরের রাজত্বে এখানে আইনশৃঙ্খলা পরিস্থিতি বজায় আছে বং সাধারণ মানুষ তারজন্য শান্তিতে বসবাস করছেন। এটা কেউ অস্বীকার করতে পারেন া। কংগ্রেসের আমলে পঞ্চায়েতের কোনও ব্যবস্থা ছিল না। বামফ্রন্ট আসার পর এই ৪র্থ র পঞ্চায়েতের নির্বাচন হল এবং জনগণের রায় থেকে এটা পরিষ্কার যে পঞ্চায়েত ব্যবস্থা খানে সাফল্য লাভ করেছে। পঞ্চায়েতের ভোটে সন্ত্রাস হয়েছে বলে বিরোধিতা অভিযোগ রছেন কিন্তু হাওড়াতে কি হয়েছে? সেখানে বি. জে. পি'র মতোন একটা সাম্প্রদায়িক লকে ওরা এনেছেন। কংগ্রেসিরা দিনের বেলায় এক রকম কথা বলেন, আচরণ করেন াবার রাত্রিবেলাতে অন্য রকম কথা বলেন, আচরণ করেন। বি. জে. পি. পশ্চিমবাংলায় ল না কিন্তু গোঁজ হিসাবে তাকে এখানে আনা হল এবং একটা সাম্প্রদায়িক শক্তিকে ওরা দত দিলেন। স্যার, পশ্চিমবাংলায় পঞ্চায়েত ব্যবস্থা সম্বন্ধে বিদেশের লোকরাও প্রশংসা রেছেন। পঞ্চায়েতে আমাদের সাফল্য হয়েছে এটা প্রত্যেকেই স্বীকার করেছেন। আমাদের ভতর কিছু দোষ ত্রুটি থাকতে পারে, বড় কাজে এটা থাকতে পারে, বড় কাজে এটা াকতেই পারে কিন্তু একটা বিরাট সাফল্য আমাদের গ্রামবাংলায় এসেছে। গত ছয় তারিখে া ঘটনা ঘটল, এর পরিপ্রেক্ষিতে বামফ্রন্টের তরফ থেকে মিটিং মিছিল হয়েছে একে বন্ধ রার জন্য কিন্তু কংগ্রেসের কোনও ভূমিকা ছিল না, তারা সন্ত্রাসটাকে যেন চাইছিলেন। ারণ কংগ্রেসের যে ভূমিকা আমরা দেখি, আগে কংগ্রেসি রাজত্বে ১৯৭২ থেকে ৭৭ সালে ারা রিগিং করেছে, তারা রিগিং সম্পর্কে পরিষ্কারভাবে জানেন যে সেটা কী ব্যাপার, সেই ন্য আজকে সেই সম্পর্কে নানা রকম কথা বলতে পারছেন। আজকে নরেন হাঁসদা সম্পর্কে া কথা উঠেছে, তাঁর কারাবরণের ব্যাপারে, কিন্তু তাঁর বিরুদ্ধে ছয়টা মার্ডারের চার্জ আছে,

এই ব্যাপারে আইনে যা আছে তাই হবে। আমরা দেখেছি কংগ্রেস আমলে বিনা কারণে অনেককে কারাবরণ করতে হয়েছিল। আজকে পশ্চিমবাংলায় আইন-শৃংখলা আছে এটা অস্বীকার করা যায় না। সেইজন্য অন্যান্য রাজ্য থেকে এখানে মানুষ আসে এবং বসবাস করে। সেইজন্য আমি বলি বিরোধী দলের যে অনাস্থা প্রস্তাব তাকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ অনুপম সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন মহাশয় যে অনাস্থা প্রস্তাব এনেছেন, তার সমর্থনে আমি দু-একটি কথা আপনাদের সমর্থন করছি। আপনি নিজে অবগত আছেন, আমাদের জাতির জনক মহাত্মা গান্ধীর স্বপ্নের ভারত গড়বার জন্য লক্ষ্য ছিল পঞ্চায়েত রাজ। আমি ৭১ থেকে ৭৭ সাল পর্যন্ত যখন বিধানসভার সদস্য ছিলাম তখন আমাদের পঞ্চায়েত মন্ত্রী ছিলেন সুব্রতবাবু, তিনি পঞ্চায়েত বিল এনেছিলেন এবং এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছিল কিন্তু রেকটিফিকেশনের জন্য। যাই হোক বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পর পঞ্চায়েত ইলেকশন হয়েছে। আপনারা জানেন কংগ্রেস তাব নীতি হিসাবে গ্রহণ করেছে যে গ্রামের অর্থনৈতিক উন্নয়নের ভার এবং গ্রামের সাধারণ উন্নয়নের ভার গ্রামের সাধারণ উন্নয়নের ভার গ্রামের মানুষকে নিতে হবে। সেটাই হল পঞ্চায়েত রাজ। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয়, আজকে পশ্চিমবাংলায় যে পঞ্চায়েত রাজ চলছে এবং এই পঞ্চায়েতের কাজের মধ্যে যে হাজার হাজার কোটি টাকা ব্যয় হয়েছে ধরুন গত ১৫ বছর যাবত, তার সঙ্গে সমতা রেখে পশ্চিমবাংলার গ্রামগুলোর উন্নয়ন হয়নি।

[3-35 – 3-45 p.m.]

মানুষের অর্থনৈতিক অবস্থার কোনও উন্নতিই আমরা লক্ষ করছি না। গত পঞ্চায়েত নির্বাচনের আগে আমাদের পঞ্চায়েত মন্ত্রী যখন এই বিধানসভায় পঞ্চায়েত বিল এনেছিলেন তখন আমরা ওঁকে কয়েকটি কথা বলেছিলাম। তার মধ্যে একটা কথা ছিল, যে হাজার হাজার কোটি টাকা গ্রাম উন্নয়নের জন্য খরচ করা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে সে টাকাগুলো কিভাবে খরচ করা হচ্ছে তার অডিট করা দরকার এবং টাকাগুলো ঠিকমতো ইউটিলাইজ হচ্ছে কিনা দেখা দরকার। আমার যত দূর মনে আছে, আমাদের ৩৫০০ পঞ্চায়েতের মধ্যে ২৭০০ পঞ্চায়েতের ১৯৮৬ সাল থেকে আর কোনও অডিট রিপোর্ট নেই। অর্থাৎ যে কোটি টাকা খরচ হয়েছে সেই টাকার কোনও হিসাব আমরা আজ পর্যন্ত জানতে পারছি না। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন। আমি তাঁর কাছে একটা কথা বলতে চাই—তাঁর কাছে আমার একটা বিশেষ আবেদন, তাঁর নিশ্চয়ই মনে আছে, গত বছর তিনি 'ইন্ডিয়ান টি প্ল্যান্টারস' অ্যাশোসিয়েশনের মিটিং-এ গিয়েছিলেন, আমারও সেখানে উপস্থিত থাকার সৌভাগ্য হয়েছিল—আমাদের উত্তরবঙ্গের সব চেয়ে বড় সমস্যা হচ্ছে এগ্রিকালচারাল ল্যান্ডগুলো বড় বড় ইন্ডাস্ট্রিয়ালিস্টরা কিনে নিয়ে সেখানে টি প্ল্যান্টেশন করছে এবং তার জন্য কো

াড়পত্র নিচ্ছে না। আমি এবিষয়ে বিনয়বাবুর সঙ্গে কথা বলেছিলাম। বিনয়বাবু আমাকে লেছিলেন, 'আমরা এরকম কোনও পারমিশন দিইনি।' মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি সেখানে াটিং-এ বলেছিলেন যে, এ জিনিসগুলো আপনি দেখবেন। আমরা দেখছি শিল্পপতিরা গরিব ষকদের কাছ থেকে যে সমস্ত জমি কিনে নিয়েছে সে সমস্ত ক্ষেত্রে গভর্নমেন্টের কোনও ্যালিড পারমিশন তারা নেয়নি।

(এই সময় সবুজ আলো জ্বলে ওঠে)

স্যার, আমাকে একটু সময় দেবেন। যে কৃষক ভাইদের উন্নতির জন্য এই পঞ্চায়েত াস্টেম, সেই কৃষক ভাইরা জমি হারিয়ে রাস্তায় আশ্রয় গ্রহণ করছে। তাহলে পঞ্চায়েত াবস্থার মধ্যে দিয়ে আমরা তাদের কি উন্নতি করছি? সুতরাং এই বিষয়টির প্রতি লক্ষ্য াখার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। তিনি আই. টি. পি. এ.-র মিটিং- যে কথা বলে এসেছিলেন তা রক্ষা করার ব্যবস্থা করুন।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

সরকারের যেমন পলিসি আছে পাট্টা লেন-দেন করা যাবে না, সে রকম এ ক্ষেত্রেও কটা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আমার সময় শেষ হয়ে যাবার জন্য আমি এই প্রস্তাবকে মর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় নেতা ডাঃ য়নাল আবেদিন মহাশয় যে অনাস্থা প্রস্তাব আমাদের মন্ত্রীদের বিরুদ্ধে এখানে উপস্থিত রেছেন আমি সেই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে দু'একটি কথা আপনার মাধ্যমে এই উসে রাখতে চাই। কি উদ্দেশ্য নিয়ে কোনও জাতীয় রাজনীতির পটভূমিকায় আজকে এই নাস্থা প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে? যখন পশ্চিমবঙ্গে চতুর্থবার পঞ্চায়েত নির্বাচনের ধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের সামনে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার প্রমাণ করতে পেরেছেন । তারা গণতন্ত্রকে তৃণমূল স্তরে শুধু প্রসারিতই করেন নি তাকে সুসংহত করেছেন, জাতীয় াজনীতির ক্ষেত্রে যে সাম্প্রদায়িক শক্তি মাথা তুলে দাঁড়াবার চেষ্টা করছে পশ্চিমবাংলার মপন্থী শক্তি অন্যান্য ধর্ম নিরপেক্ষ গণতান্ত্রিক শক্তিগুলোকে সঙ্গে নিয়ে তার বিরুদ্ধে লড়াই রছে তখন সেই পটভূমিকায় পশ্চিমবাংলার পঞ্চায়েত নির্বাচনে একটা অশুভ সাম্প্রদায়িক ক্তির সঙ্গে আঁতাত করেও জনগণ কর্তৃক প্রত্যাখ্যাত হয়ে আবার সেই অশুভ সাম্প্রদায়িক ক্তির সঙ্গে হাতে হাত মিলিয়ে ৭ই জুন বন্ধ ডেকে জনজীবনকে বিপর্যস্ত করতে চাইলেন। । প্রচেষ্টাও ব্যর্থ হ'ল দেখে আজকে বিধানসভায় নিজেদের হতাশাকে আড়াল করার জন্য ই অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন। অবশ্যই সংসদীয় গণতন্ত্র অনাস্থা প্রস্তাব উত্থাপনের ধিকার আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সংসদীয় গণতন্ত্রে বিরোধীদলের একটা গুরুত্ব ভূমিকা আছে। বিরোধীদলের সেই যে কনভেনশন watch, worn and criticise আম দুঃখিত এবং দুর্ভাগ্য পশ্চিমবঙ্গ বিধানসভার, ১৯৭৭ সালের পর থেকে পশ্চিমবঙ্গ বিধানসভ প্রধান যে বিরোধীদল আমাদের সামনে এসে দাঁড়িয়েছে সেই বিরোধীদল watch worn ar criticise কোনও ভূমিকা পালন করেননি, দায়িত্বজ্ঞানহীন বিরোধীদল। সংসদীয় গণতন্ত্রে ইতিহাসে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। পশ্চিমবাংলায় যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল সেই বিষ দীর্ঘ আলোচনা হয়েছে। কংগ্রেসীরা সন্ত্রাস সন্ত্রাস বলে চিৎকার করছেন। এখানে মাননী সদস্য শ্রী আবদুল মান্নান খুব আক্ষেপের সঙ্গে এবং দুঃখের সঙ্গে উল্লেখ করলেন আরামবা কংগ্রেসের এমন কোনও শক্তি নেই সেখানে প্রার্থী দিতে পারেনি সন্ত্রাস বলে। আরামবা ব্লকে কংগ্রেস প্রার্থী দিয়েছে ৭৪, বি. জে. পি দিয়েছে ৭৩। কংগ্রেস, বি. জে. পি বহু জায়গা এক হয়ে লড়াই করেছে। আরামবাগের মানুষ তাদের অভিজ্ঞতার মধ্য দিয়ে বুঝেছেন বলে এককালের শক্ত ঘাঁটি কংগ্রেসের সেটা আজকে ধীরে ধীরে ধুয়ে মুছে শেষ হয়ে যাচ্ছে। তবু কংগ্রেস আছে। খানাকুলের ২ নম্বর ব্লকে কংগ্রেস প্রার্থী দিয়েছে ২৭১টি, বি. জে. পি দিয়েছে ১৩২টি। কিন্তু সন্ত্রাস বলে কংগ্রেস প্রার্থী দিতে পারেনি এটা ঘটনা নয়। হুগলি জেলার হিসাব দিয়ে ধরা হয়, ৪ হাজার ১৭৬টি গ্রাম পঞ্চায়েত আসনে সি. পি. এম ৩ হাজার ১১৫টি, সি. পি. আই ৭০টি, ফরওয়ার্ড ব্লক ৫১টি মার্ক্সবাদী ফরওয়ার্ড ব্লক ৬টি, আর. এস. পি ৪টি, সব মিলিয়ে ৩ হাজার ৬৪৬টি, কংগ্রেস কম নয়, ৩০৮টি। এছাড়া অন্য জেলার অভিজ্ঞতাও আমাদের আছে। যদি সন্ত্রাস থাকত, যদি প্রার্থী দিতে না পারত তাহলে কংগ্রেস এতগুলি আসন পেল কি করে? এটাই প্রমাণ যে পশ্চিমবাংলায় গণতন্ত্র আছে। এই রাজ্যে বিরোধীদলের অধিকার সংরক্ষিত যেটা কংগ্রেস আমলে কল্পনা করা যায় না। আমার পাশের কেন্দ্র চণ্ডীতলা, সেখানকার বিধায়ক মলিন ঘোষ। তাঁর নিজের গ্রাম জনাই হচ্ছে সম্ভ্রান্ত বনেদী জায়গা। সেখানে ভোটের দিন একটি বুথে বেলা ৩টার সময় যখন বৃষ্টি এল, সেই সময়টা বেছে নেওয়া হল ব্যালট পেপার ছিনতাই করার। অবাক হয়ে গেলাম, ঠিক সেই মুহূর্তে স্টেট্সম্যান এবং আনন্দবাজার কাগজের রিপোর্টাররা উপস্থিত হয়ে ফটো তুলতে আরম্ভ করলেন। আমরা খবর পেয়ে ছুটে গেলাম—কি ব্যাপার জানতে। জনাইয়ের একজন বিশিষ্ট সম্মানীয় কংগ্রেস কর্মী বললেন, আমাদের কিছু অসভ্য ছেলে জনাই গ্রামকে অসম্মান করে দিল। পরে সেখানে নির্বাচন হল। যে দুটি বুথে কংগ্রেস আগে জিতেছিল, সেই দুটি বুথে ওদের পরাজয় হল। নৈটি কংগ্রেসের শক্ত ঘাঁটি, সেখানে কংগ্রেস জিতেছে। কিন্তু বাঁকাগাছা গ্রামের সাধারণ মানুষের বাড়ী-ঘরের উপর হামলা করে, মেয়েদের উপর হামলা করে সেখানে গণ্ডগোল এবং সন্ত্রাস সৃষ্টি করেছে। জাঙ্গীপাড়ার রাজবলহাটে এরা সন্ত্রাস করেছে। গত বছর এইরকম সন্ত্রাস করেছে। গত বছর এইরকম সন্ত্রাস করেছিল। আমরা এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। উনি বলেছিলেন ব্যাপারটা দেখছি। আমরা দেখছি, বিভিন্ন কাগজে আষাড়ে গল্প বলা হচ্ছে রুচিহীনভাবে। ওরা ঠিক করে নিয়েছে বামফ্রন্ট সরকারের কুৎসা করবে।

[3-45 – 3-55 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রীর নামে ব্যক্তিগত, রুচিহীন আক্রমণ বিভিন্ন কাগজে করা হয়েছে। বলহাটে সন্ত্রাস সৃষ্টি করা হয়েছিল, দাদপুরের ভবানীপুর গ্রামে আক্রমণ হয়েছিল পোলবার গ্রামে সন্ত্রাস সৃষ্টি করা হয়েছিল। ধনেখালির দীপা ঘোষের কথা বলা হয়েছে, মাননীয় াধীদলের নেতা ডঃ জয়নাল আবেদিনকে আমি দায়িত্বশীল ব্যক্তি বলেই মনে করি, উনি যোগ করলেন, সংবাদপত্রে দীপা ঘোষকে নিয়ে যে আষাঢ়ে গল্প ফাঁদা হয়েছে এবং নেতা নত্রীরা পরিদর্শন করেছেন। আমি বেশি কথা বলতে চাই না, মেডিক্যাল রিপোর্ট পাওয়া ছ, তাতে বলছে বৈদ্যপুর পি. এইচ. সি. "Baidyapur PHC, Tarakeswar, Ticket .2001 dt.1.6.93.

Deepa Ghosh (24) w/o Shri Kashi Nath Ghosh of Ramchandrapur . was taken to Baidyapur PHC by Kher elder sister, Rekha Ghosh h the history of 'Serious Bronchial Asthma' on 1.6.93 at 6.20 p.m. : was declared dead by Dr. Sarkar BMO of the Baidyapur PHC at 5 p.m. on the same day. The cause of death as noted, "Dead due failure of cardio Vuscular System on Bronchial asthma. Accordingly th certificate was issued.

It is noted in the case history of the patient by Dr. Sarkar.

"The patient was operated for ASD before 10 months".

No compaint against any agency was reported to the doctor at the e of admission."

পরিষ্কার লেখা আছে। তারপর ভাল করে তদন্ত না করে আপনারা বললেন। খানাকুলে নারায়ণপুরে বর্ডারে হাওড়ার জেলার কিছু কংগ্রেস মস্তান বাহিনী আরন্ডা গ্রামে ঢুকে বুথ । করে কাউন্টিংয়ের সময়ে গোলমাল করে অশান্তি করতে বাধ্য করল, যেখানে প্রোটেকশন য়া সম্ভব নয়। তারপর বলা গড়ে আমাদের একজন প্রার্থী টুডু হাজরা পরাজিত হয়েছে, বাড়িতে গিয়ে সন্ত্রাসের সৃষ্টি করা হচ্ছে, হুমকি দেওয়া হচ্ছে। আর এখানে এঁরা কি ছন যে পশ্চিমবঙ্গের গণতন্ত্রকে রক্ষা করছেন। মাননীয় অম্বিকাবাবু এত কথা বললেন বললেন না তো ঝাড়গ্রাম, খালসা, জগতবল্লভপুর বিভিন্ন জায়গায় কি অবস্থায় হয়েছে। ীয় বিধায়ক এখানে বসে আছেন, অনেক গ্রামে আক্রমণ করার চেষ্টা হয়েছিল। মাননীয় ক্ষ মহাশয় যে বিরাট দায়িত্ব আজকে বামফ্রন্ট সরকার পেয়েছেন তা দিল্লির দয়ায় নয়, মবঙ্গের মানুষের সমর্থনে পেয়েছেন, তাই আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে র বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় স্পিকার মহাশয়, আমাদের নেতা ডাঃ জয়নাল আবেদিন

প্রথম বামফ্রন্ট সরকারের প্রতি অনাস্থা প্রস্তাব পেশ করেছেন। আমি সেই অনাস্থা প্রস্তাব সমর্থন করে সামান্য কয়েকটি কথা বলছি, যেহেতু সময় খুব কম। আপনাদের কাছে বি করে সরকারি দলের কাছে আমি মার্চ, এপ্রিল, মে এবং জুন মাসের কথা বলব। মার্চ বিশিদের বিস্ফোরণের মাস, প্রায় শতাধিক লোকের মৃত্যু, এপ্রিল মাসে রাজনৈতিকভাবে ৬৮টি গণধর্ষণ নারী হত্যা হয়েছে ৮ জন, বিনা বিচারে মৃত্যুবরণ করেছে ১৮ জন রকমভাবে পরিসংখ্যানগুলি দেখবেন। এপ্রিল মাসে ঠান্ডা মাথায় খুন করা হয়েছে ৬৭ জন বিনা বিচারে, ১৬ জন গৃহ বধূ হত্যা হয়েছে, ১৪টি ধর্ষণ হয়েছে এবং ৮ জনকে ধর্ষণ করে হত্যা করা হয়েছে ৩জন পুলিশের গুলিতে, তারপর ৮ বার গুলিতে খুন হয়েছে জন। মে মাসে শুরু হয়েছে সেখানে রাজনৈতিক হত্যা বিশেষ করে শালবনী, বেলপাহাড়ী শতাধিক মানুষ খুন হয়েছে। জুন মাসে অর্ধ মাস, আগামী কাল শেষ হবে এর মধ্যে জন মানুষ খুন হয়েছে। আমার বক্তব্য এখানেই সীমাবদ্ধ নয়। ২০শে এপ্রিল বামফ্র মহিলা রাজ্য কমিশনের নেত্রী শ্রীমতী বেলা দত্তগুপ্ত মালদার ধর্ষণের ঘটনা নিয়ে বলেছি যে, পুলিশ নারী ধর্ষণের ব্যাপারে কিছু করতে পারছে না, ডায়রি নিচ্ছে না। ২৬শে এ গণতান্ত্রিক মহিলা সমিতির শ্রীমতী বনানী বিশ্বাস, মাননীয় পরিবহন মন্ত্রী শ্রী শ্যামল চক্র মানববাবু মাননীয় জ্যোতিবাবুর সঙ্গে দেখা করে কী বলেছিলেন?

বলেছিলাম, এই রাজ্যে পুলিশ নারীদের প্রতি সদয় হচ্ছেন না, নারী ধর্ষিতা ডায়েরি তারা নিচ্ছেন না। ২১শে এপ্রিল প্রদেশ কংগ্রেস সভাপতি শ্রী সোমেন মিত্র নে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা-সাক্ষাৎ। সেখানে এই বিচার-ব্যবস্থার প্রতি অনীহা এবং পঞ্চায়েত নির্ সন্ত্রাস সৃষ্টি হতে পারে বলে পূর্বাভাষ। সেজন্য আমি বলব, বামফ্রন্ট সরকারের যদি বি থাকত তাহলে এতগুলো মৃত্যু হবার পর, এতগুলো নারী ধর্ষিতা হবার পর ওঁদের সদ এসে বলতে পারতেন না স্ট্যাটিসটিক্স দিয়ে যে, ওঁরা ভোটে ৬৬ পারসেন্ট ভোট পেয়ে বামফ্রন্ট-এর পলিটিক্স বলতে কি বুঝায়? I maintain some leftist attitude in it, It does not mean only keeping a high profile, but it means cert qualitative changes of human Lives. আজকে বামফ্রন্টের রাজত্বে মানুষের কে গুণগত উৎকর্ষতা বেড়েছে কি? সেটা বাড়লে সামান্য পঞ্চায়েত নির্বাচনে ৩০ জন মানুষ হতেন না। আজকে তারই জন্য নির্বাচনের পর বিভিন্ন জায়গায় আগুন লাগানো হয়, কেটে দেওয়া হয়, হামলা হয় নারী এবং শিশুদের উপর। এইভাবে আমার এলাকায় লক্ষ টাকা লুঠ করা হয়েছে। প্রশাসন ঐ ব্যাপারে সম্পূর্ণ নিষ্ক্রিয়। আজকে ১৪টি অঞ্চ মধ্যে মাত্র একটি অঞ্চল তারা দখল করতে পেরেছেন মহিষাদল এলাকায়। সেখানে সি. এম. পেয়েছে একটি আসন এবং সি. পি. আই পেয়েছে একটি আসন। সেখানে পুলি সামনে দেড় লক্ষ টাকা ডাকাতি করা হল। এই কারণে সরকারের প্রতি অনাস্থা থাকবে নিশ্চয়ই থাকবে। আজকে মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে সল্টলেকের জমি লুঠ হয়েছে। তাই এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলনেতা যে অনাস্থা প্রস্তাব নেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। বিরোধিতা করে এই কথা বলছি যে, আমি শা করেছিলাম বিরোধী দল আজকে ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আসবেন এই বিধানসভায় কারণে যে, ভারতবর্ষের মধ্যে একটা মাত্র রাজ্য ৭১ হাজার সিটে একদিনে সুষ্ঠুভাবে র্বাচন সম্পন্ন করেছেন। পৃথিবীতে আজ পর্যন্ত কোনও সরকার এইভাবে নির্বাচন করতে রেননি। সেটা না করে আজকে তারা নিজেদের হতাশা এবং ব্যর্থতা ঢাকবার জন্য এই নাস্থা প্রস্তাব নিয়ে এনেছেন। জয়নাল আবেদিন সাহেব গত ৩০ তারিখে রাতে রকেট ধরে এসেছেন, আর ঐ মুখো হতে পারছেন না। কারণটা হচ্ছে, ইটাহারের সবগুলো পঞ্চায়েতে গ্রেস গোহারা হেরেছেন এবং তারজন্য তার দলের ক্যাডাররা তাকে ধাওয়া করছেন। নে আমি তাঁর কথা ধৈর্য ধরে শুনছিলাম। তিনি উত্তেজিতভাবে কতগুলো দুর্নীতির কথা ছিলেন। আমি আশা করেছিলাম, বিরোধী দল একটু আত্মসমালোচনা করবেন সেটা আমরা চনা করে দেখব এবং ভেবে দেখব তার থেকে আমাদের কিছু শেখার আছে কিনা। কিন্তু ন থেকে তিনি এখানে এসেছেন সেদিন থেকে কথা বলে আসছেন। ঐ নির্বাচনের দিনে গ্রামে সাড়ে সাতটার সময় কালু শেখকে ওপেনলি গুলি করে ওরা মেরেছে। কংগ্রেস পুষ্ট ঝাড়খন্ডীরা ছয়জনকে খুন করেছে ঐদিন। এমনকি, গতকাল রাতে লালগোলায় নকে খুন করে হেনা সাহেব হাত ধুয়ে ফেলে এখানে আজকে এসেছেন। কৃষ্ণনগর মে সাতটি বাড়ি পুড়েছে। সেখান থেকে ফিরে আসার সময় ওরা খালি হাতে আসেননি ; বস্তা ধান এবং রূপোর গহনা চুরি করে নিয়ে এসেছেন। আজকে কীর্তিনগরে রত্না লাদারকে সকাল আটটার সময় মেরে বুথ থেকে তাড়িয়ে দিলেন। সেখানে পরে ভোট কি তিনি সেখানে যেতে পারলেন না এবং গণনার সময়ও থাকতে পারলেন না।

[3-55 – 4-05 p.m.]

আজকে আমার কেন্দ্রে শ্রীমতী তৃপ্তী দাস, সে জয়লাভ করেছে, তার বাড়ি ভাঙ্গচুর হয়েছে। তাকে শাসানো হয়েছে যে আপনি বাড়ি ফিরতে পারবেন না, আপনার স্বামী হারা হবেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, উত্তরা বাউড়ী, সাঁওতালি মেয়ে সে কন' পাড়ার নটিয়ার ইন-চার্জ, তাকে মারা হয়। আজকে সে রাণাঘাট হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা ছে। এইভাবে ওরা সন্ত্রাস সৃষ্টি করছে। ওরা ভেবেছিল যে কাটা হাতে নিশিপদ্ম ধরে রণী পার হবেন, কিন্তু সেটা হবে না। ওরা পিত্তি নগরেও রিগিং করেছে। সাগর পাড়ায় টি সিট। ওরা সেটা ভাগ করে ১৩টি নিল কংগ্রেস এবং ১২টি দিয়েছিল বি. জে. পিকে। রাং আজকে কারা বি. জে. পি'র সঙ্গে যুক্ত হয়েছে এটা তার জ্বলন্ত দৃষ্টান্ত। তাই একথা তে চাই, আজকে ওরা জঙ্গলের রাজত্ব তৈরি করার চেষ্টা করছে। কিন্তু পশ্চিমবঙ্গ তবর্ষের মধ্যে সব থেকে শান্তিপূর্ণ রাজ্য হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। এখানে এই সব করা ব না, এখানকার মানুষ এই জিনিস সহ্য করবে না। এই কথা বলে এই প্রস্তাবের রাধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের দলের নেতা জ জয়নাল আবেদিন যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন কর গিয়ে একটি কথা আমার মনে পড়ছে। কেরলে যখন করুণাকরণ মুখ্যমন্ত্রী ছিলেন তখ রাজন্য নামে একটি ছাত্র বিচারাধীন ছিল। সে পুলিশের কাস্টডিতে মারা যায়। সেই কার করুণাকরণ পদত্যাগ করে একটা নজির সৃষ্টি করেছিলেন। আজকে বিনয়ের সঙ্গে এক বলতে চাই যে এই সরকার নির্লজ্জতার কোন জায়গায় পৌঁছে গেছে। ১৬ বছরের রাজ কতজন রাজনের মতো মারা গেছে পুলিশ কাস্টোডিতে, খুন হয়েছে তার হিসাব কোথায় স্যার, রসিদ মিঞ্যার পাঠশালায় সাট্টার প্যাডে পেন্সিল ঘুরিয়ে যারা রাজনীতির আঙ্গিন এসেছেন, তারা গণতন্ত্রের মর্যাদা কি করে বুঝবেন? গণতন্ত্রের যে নিজস্ব একটা সত্তা আ সেটা ওরা বুঝবে কি করে? আমাদের কংগ্রেস হচ্ছে ১০৭ বছরের পুরানো দল। দেশদ্রোহীত সুতিকাগারে যাদের জন্ম, চিন যখন ভারত আক্রমণ করেছিল, সেই চিনের আক্রমণকে সম করে যে পার্টির জন্ম, জয়প্রকাশ নারায়ণের হাত ধরে যারা নির্বাচনী বৈতরণী পার হ পশ্চিমবঙ্গের ক্ষমতায় এসেছেন এবং গুণ্ডারাজ কায়েম করেছেন, সেই দলের কাছে থে আমাদের গণতন্ত্রের কথা শুনতে হবে? আপনারা নির্বাচনের কথা বলছেন। এটা ঠিক শকু পাশা খেলার মতো হয়েছে। ২৯ তারিখে জ্যোতিবাবুর সরকারি কর্মচারিরা এবং ক্যাডার বাড়িতে বাড়িতে রেশন কার্ড বিলি করেছেন। আমি একথা দায়িত্ব নিয়ে বলছি। আপনি বিষয়ে তদন্ত করুন তাহলে এই সত্যতা প্রমাণ হয়ে যাবে। এটা যদি তদন্তে মিথ্যা প্রমা হয় তাহলে আমি গণতন্ত্রের মর্যাদা রক্ষার জন্য পদত্যাগ করব। আজকে মেদিনীপুর জে একজন সদস্য, নরেন হাঁসদা, তিনি অ্যাকিউসড হয়েছেন। তিনি এখনও দোষী সাব্যস্ত হন এখন পর্যন্ত বিষয়টি সাব-জুডিস রয়েছে। এখনও উনি বিধান সভার সদস্য। অথচ তাকে সভার বিতর্কে অংশ গ্রহণ করতে দেওয়া হল না। আজকে এই যদি অবস্থা হয় তা পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের ক্ষমা করবে না। যারা আজকে নির্বাচনের নামে শকুনীর ম পাশা খেলছেন তাদের পশ্চিমবঙ্গের মানুষ আগামীদিনে ঝেঁটিয়ে বিদায় করবে। আজকে জন্য আপনারা তৈরি থাকবেন।

আমাদের এলাকায় একটা নরকীয় ঘটনা ঘটে গেল। লিনা সাউ, বিজয় সাউ-এর তার গায়ে পেট্রোল ঢেলে পুড়িয়ে মারার চেষ্টা করা হল প্রকাশ্য দিবালোকে। সে এম জে.-তে ভর্তি আছে। যারা আসামী তাদের অ্যারেস্ট করার দরকার আছে। মাননীয় মুখ্যম এই অভিযোগে অভিযুক্ত করার দরকার আছে, তাঁর পদত্যাগ করার দরকার আছে। পশ্চিমবা প্রাক্তন মুখ্যমন্ত্রী অজয় মুখার্জিও মুখ্যমন্ত্রী ছিলেন। তিনি তমলুকের মানুষ, জনগণের তিনি আজীবন সংগ্রাম করেছেন। এই অজয় মুখার্জিকে জীবনের শেষ ৪ বছর সর হাসপাতালে কাটাতে হয়েছে। আজকে পশ্চিমবাংলার শাহেনশাহ জ্যোতি বসু মহাশয় সব বেশি অপদার্থ এবং দুর্নীতিগ্রস্ত, পশ্চিমবাংলার বারোটা বাজিয়ে দিচ্ছেন।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় স্পিকার স্যার, বিশ্বের দরবারে যখন কমিউনিজম

গিছে, তখন ওঁরা কমিউনিজমের গুণগান গাইতে পাগল। ওঁদেরও বিদায়ের সময় হয়ে এসেছে। মানুষ মরনের আগে যেমন ভাল হয়ে ওঠে, প্রদীপ নেভার আগে যেমন জ্বলে ওঠে, সেই জিনিসটা ওঁদের হয়েছে। আমাদের এই বামফ্রন্টের একজন মন্ত্রী এখানে বসে আছেন, আমাদের দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় খুব ভুল বকছেন। উনি আমার কেন্দ্রে গিয়ে একটা কথা বলে এসেছেন। উনি তো ধুয়ে মুছে গিয়েছেন, সারা জেলায় দুটো মাত্র সিট পেয়েছেন, জেলাতে জেলার যে সিট সেটা দুটো পেয়েছেন। সেইজন্য এখন উনি ভুল বকছেন। আমার এলাকায় উনি গিয়ে বলে এসেছেন কুলবেড়িয়াতে একটা মারামারি হয়েছিল, সেখানে পুলিশের ব্যবস্থা হয়েছে—উনি নিজে ৯ তারিখে হাজির হয়ে বসে এসেছেন লালবাজার থেকে ঠেঙাড়ে বাহিনী নিয়ে এসে ওখানে চিরুনী তল্লাসি করাবেন। আমি চ্যালেঞ্জ দিচ্ছি, আমি টেপ করে রেখে দিয়েছি, যদি দরকার হয় শুনাব, উনি বলেছেন ঠেঙাড়ে বাহিনী আনবেন। আমিও দেখব দেবব্রতবাবুর কত ঠেঙাড়ে বাহিনী আছে, আমি চ্যালেঞ্জ দিচ্ছি। আমাদের ওখানে মন্ত্রীর সব ধুয়ে মুছে গেছে, সামান্য যেটা পেয়েছেন তার জন্য উল্লাস। আমার এলাকার রেজিনগর থানায় বেলঘড়িতে, নাজিরনগর, ২ নম্বর আঙ্গুলপুর কুলবেড়ী এখানে আরও দুটি গ্রামে এক সাংঘাতিক অত্যাচার বর্তমানে চলছে। সমস্ত মানুষ বাড়ি ছাড়া। জ্যোতিবাবু এখানে আছেন, আমি বলছি এই কথা যদি সত্যি না হয় তাহলে আমি বিধানসভা থেকে পদত্যাগ করব। সমস্ত গ্রাম থেকে মানুষ পলাতক। শক্তিপুরে বিজয় মিছিলের উপর কে ইঁট মারল তার জন্য কংগ্রেসকে পেটাতে আরম্ভ করেছে। সমস্ত গাঁ উজাড়। এই পঞ্চায়েত নির্বাচনে আপনারা ছেলেখেলা করেছেন। আমাদের আপনাদের প্রতি যে অনাস্থা প্রস্তাব সেটা সঠিক প্রস্তাব আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-05 – 4-15 p.m.]

**শ্রী সুধন রাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন। আমি তার আগে কংগ্রেস দলকে একটু স্মরণ করিয়ে দিতে চাই যে পশ্চিমবাংলায় '৭৭ সালে জনসাধারণ আপনাদের বিরুদ্ধে অনাস্থা এনেছেন। '৯১ সালে ভারতবর্ষের জনসাধারণ আপনাদের দলের প্রতি অনাস্থা প্রস্তাব এনেছেন। বামফ্রন্টের সমর্থন নিয়ে আপনারা দিল্লিতে টিকে আছেন। আপনারা দুর্নীতির কথা বলছেন? শেয়ার কেলেঙ্কারীর কথায় বলি চন্দ্রস্বামীর বিরুদ্ধে আপনারা ভোট দিতে পারলেন না। বোফর্স কেলেঙ্কারীর কথা আপনারা ভুলে গেছেন এত তাড়াতাড়ি? গ্রামেগঞ্জে যান আপনারা? পাঁচ বছরে, দশ বছরে একবার মারুতি গাড়ি নিয়ে গ্রামে যান, রাস্তায় রাস্তায় ঘুরে আসেন। কার দৌলতে গ্রামেগঞ্জে আজকে রাস্তাঘাট তৈরি হয়েছে? পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকারের দৌলতে এইসব রাস্তাঘাট তৈরি হয়েছে, তাই আপনারা সেখানে গাড়ি করে ঘুরে বেড়াতে পারেন। এখানে খুনের রাজত্বের কথা বলছেন। কে তৈরি করেছে এই খুনের রাজত্ব? বিধানসভার বিগত দিনের রেকর্ডে খুঁজলে এটা দেখতে পাবেন। এটা আমার কথা নয় বিধানসভার রেকর্ডে আছে। পার্লামেন্টের রেকর্ডে আছে বিরোধী সদস্যদের কংগ্রেস পার্টি

কি করেছে। এবারে পঞ্চায়েতের নির্বাচনের ব্যাপারে আসুন। আমার জেলা জলপাইগুড়ি এখানে মানববাবু যে কথা বলেছিলেন, আমার জেলায় ময়নাগুড়িতে কংগ্রেস বিজেপি তের ঝান্ডাতে হাত লাগিয়ে বলেছে কংগ্রেস, পদ্ম হাতে ভোট দিন। আপনাদের লজ্জা করে ন যে বিজেপি অযোধ্যায় ঐ ঘটনা ঘটিয়েছে এবং হাজার হাজার মানুষ খুন হয়েছে, যারা জাতি সংহতিকে নষ্ট করছে, তাদের সঙ্গে মিলে এবারে আপনারা পশ্চিমবাংলায় সন্ত্রাস সৃষ্টি কর চাইছেন? তারপর এখানে নির্লজ্জ ভাবে অনাস্থা প্রস্তাব এনেছেন ক্যাডারের কাছে অ অর্জনের জন্য। বাজারি কাগজগুলোতে বড় বড় হরফে ছাপা হবে যে এখানে আপনা অনাস্থা প্রস্তাব এনেছেন। এখানে যাদের নিয়ে এটা করতে চাইছেন, সেই পদ্ম ফুলের পাপ পশ্চিমবাংলার মাটিতে ঝরে পড়বে। কাটা হাত আর কখনও জোড় লাগবে না এখা পশ্চিমবাংলার মানুষ আপনাদের প্রত্যাখ্যান করেছেন। আর এই দিন পশ্চিমবাংলার মা আপনাদের ফিরে আসতে দেবেন না। গত ১১ই এপ্রিল মাসে মালবাড়িতে যেখানে ২৫ সীট, সেখানে নেপাল দয়া, তুড়িবাড়ি গ্রামে ১১ই এপ্রিল রতন বাহাদুর থাপাকে প্রক দিনের বেলায় টুকরো টুকরো করে কাটা হয়েছে। তার লাশ গুম করে রেখেছিলেন। পাঁচ পর আমরা যখন তার লাশ খুঁজে পেলাম তখন তারপরদিন তার পুত্র সন্তান জন্মাল। পুত্র সন্তান কোনওদিন তার বাবাকে খুঁজে পাবে না। ৩রা মে কমলাই গ্রাম-পঞ্চায়েতে আম যখন একটা ছোট মিটিং করছিলাম তখন কংগ্রেসের জল্লাদ বাহিনী আমাদের কয়েকজন মেরে হাড় ভেঙে দিল। তারা এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। ১৫টি সীট সেখানে পেয়ে সন্ত্রাস করে। দলাবাড়ি গ্রাম পঞ্চায়েতে ১৫টি সীটের মধ্যে আমরা ৯টি পেয়েছি। অ ছেত্রীকে পাঁচ তারিখে দুজন লোক রিভালবার দিয়ে খুন করতে এসেছিল। এই তো হ কংগ্রেস পার্টির চরিত্র। তাই ক্যাডারদের আস্থা অর্জনের জন্য এখানে আপনারা এই অন প্রস্তাব এনেছেন। এবারে পশ্চিমবাংলার মানুষ শুধু নয়, গোটা ভারতবর্ষের মানুষ আপনাদে প্রত্যাখ্যান করতে আগামীদিনেও প্রত্যাখ্যান করবেন। এই ক'টি কথা বলে আমার বক্তব্য শে করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের লীডারের আনা অনাস্থা প্রস্তাব সমর্থন করে দু'একটি কথা বলব। আমাকে খুব কম সময় দেওয়া হয়েছে। আমি সক থেকে ভাবছিলাম, কাগজেও দেখলাম যে মাননীয় মুখ্যমন্ত্রী পলিট ব্যুরোর মিটিং অ্যাটেন্ড ক ফিরে এসেছেন। পলিট ব্যুরো জানিয়েছেন পশ্চিমবাংলার মানুষকে, পার্টির লোকজনদের আপন একটু রেস্ট্রেন ভাবে চালান।

স্যার, আমরা একটু আশ্বস্ত হয়েছিলাম যে জ্যোতিবাবু যে কথা গ্রামবাংলার ক্যাডার বলতে পারেননি, গ্রামবাংলার হিংস্র ক্যাডারদের বলতে পারেননি সেইকথা পলিটব্যুরোর মাধ বললেন। কিন্তু তারপরেও আজকে ওদের বক্তৃতা শুনে বুঝলাম যে ওদের কোনও শি হয়নি। যেভাবে চলছিল ঠিক সেইভাবেই চলবে। এরফলে পশ্চিমবঙ্গে আরও বেশি ক কংগ্রেসের গণ সমর্থন আসবে। কংগ্রেসকে আর আটকানো যাবে না। আজকে যে স

চলছে তা যদি বন্ধ করতে না পারেন তাহলে আমরা যে আজকে অনাস্থা প্রস্তাব এনেছি তা আমাদের নয়, সারা রাজ্যের মানুষ এই অনাস্থা প্রস্তাব আনবে এবং তার প্রতিফলন পেয়েছেনই। আপনাদের প্রতি মানুষের যে আর আস্থা নেই তার প্রমাণ সফল বাংলা বন্ধ করে দেখিয়ে দিয়েছে। পশ্চিমবঙ্গের মানুষ বাংলার মাটিতে অনাস্থা দেখিয়ে বুঝিয়ে দিয়েছে বাংলা বন্ধের দিন। মাননীয় মুখ্যমন্ত্রীকে দেখলে দুঃখ হয়, এমন একটা জায়গায় বসে আছেন যে জীবনের সন্ধিক্ষণে এসে একটা যে রাটোপের মধ্যে বেখে দিয়েছে। পশ্চিমবঙ্গে বিনা বিজ্ঞাপনে একটার পর একটা ইন্ডাস্ট্রি টাটা বিড়লা এবং গোয়েঙ্কার হাতে চলে যাচ্ছে। হাজার হাজার বিঘা আপনি কলকাতার উপকণ্ঠে বিলি করে দিচ্ছেন আপনার অফিস থেকে তদন্ত করা হচ্ছে। সল্ট লেকের জমি যেটা এক সময়ে বিধানচন্দ্র রায়ের স্বপ্নপুরী ছিল, সেখানে জমিগুলোকে নিয়ে অন্যায়ভাবে বিলি হচ্ছে এবং তার বিরুদ্ধে আবার তদন্তও করা হচ্ছে। আপনাদের কেলেঙ্কারী বন্ধ করা যাবে না। এই কারণে আপনি এখান থেকে সরে গিয়ে হরিয়ানাতে বাধ্য হয়েছেন জমি কিনে বাগান বাড়ি করতে। আপনি তো করেননি, আপনার ছেলে করেছেন, ছেলের জায়গা থাকতেই পারে। পশ্চিমবঙ্গের মাটিতে আপনি আর থাকতে পারবেন না। মাননীয় বুদ্ধদেববাবু বলেছেন যে আপনি হচ্ছেন দেশের সম্পদ আপনি যদি সম্পদই হন তাহলে দয়া করে সি বি আইকে দিয়ে তদন্তের ব্যবস্থা করুন। দিল্লিতে নরসিমা রাও শারদ পাওয়ারকে সি বি আইকে দিয়ে তদন্তের জন্য বোঝানোর চেষ্টা করছেন। আপনি বলুন সি বি আইকে দিয়ে তদন্ত করব। আজকে এই অনাস্থা প্রস্তাব আমাদের নয়, পশ্চিমবঙ্গের জনগণের। আপনারা যেভাবে চলছেন তাতে আর বেশিদিন ক্ষমতায় থাকতে পারবেন না। এইভাবে চললে মারা পড়বেন। আপনি যতই নরসিমা রাওয়ের পায়ে গিয়ে পড়ুন না কেন কেউ আপনাকে বাঁচাতে পারবে না। বাংলার মাটিতে ওরা থাকতে পারবে না। ওদেরও একজন সাংসদ লোকসভার থেকে নরসিমা সরকারকে ফেলে দেবার জন্য ভোট দিতে গিয়েও না দিয়ে পেছন দিক দিয়ে পালিয়ে গেলেন, পাছে সরকার পড়ে যায় এই ভয়ে। এদিকে আপনারা কংগ্রেসের বিরুদ্ধে সর্বদা বক্তৃতা করছেন। বাংলার মানুষ আপনাদের জেনে নিয়েছে। ১৭ বছর ধরে আপনারা বাংলার মানুষকে কিছু দিতে পারেননি। আপনারা হিন্দু মুসলমানদের নিয়ে কমিউনালিজিম করছেন। আপনারা কংগ্রেসকে কমিউনাল বলেন, নরসিমা রাওকে কমিউনাল বলছেন। আপনারা বলে বেড়িয়েছেন যে অযোধ্যার মসজিদ নরসিমা রাও ভেঙ্গে দিয়েছেন আপনাদেরই মন্ত্রী গৌতম দেব এইসব কথা প্রচার করতে গিয়ে মুসলমানদের বলেছেন আর হিন্দুদের কাছে গিয়ে বলেছেন যে নেজাট থেকে ইট গিয়ে অযোধ্যার মন্দির তৈরি হয়েছে। এইসব করেছেন বলেই ৭৫ ভাগ ভোটই আমাদের তরফে এসেছে। আপনারা মানুষের আওয়াজ পাচ্ছেন না? ওই মমতার ঘন্টা বাজছে, আপনাদের মৃত্যুঘন্টা, জ্যোতিবসুর মৃত্যুঘন্টা বাজছে, আপনারা এবার পড়ে যাবেন।

## 40th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 40th report of the Business

Advisoty Committee. The Committee met in my Chamber today i.e. on 14.6.93 and recommended the following programme of buness for 15th June and Programme of Business from 16th to 23rd June, 1993.

| | | | |
|---|---|---|---|
| 15.6.93 Tuesday | (1) | W. B. Public Libraries (Amendment) Bill, 1993 (Introduction, Consideration and Passing) .. | 2 hours |
| | (2) | The Burdwan Universty (Amendment) Bill, 1993 (Introduction, Consideration and Passing) .. | 2 hours |
| 16.6.93 Wednesday | (1) | The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993 (Introduction, Consideration and Passing) | 1 hour |
| | (2) | The Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Bill, 1993 (Introduction, Consideration and Passing) | 2 hours |
| | (3) | The Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993 (Introduction Consideration and Passing) .. | 1 hour |
| 17.6.93 Thursday | (i) | Demand No. 35—Public Health Engineering Department .. | 1 hour |
| | (ii) | Demand No. 36—Housing Department .. | 1 hour |
| | (iii) | Demand No. 52—Forest Department .. | 2 hours |
| 18.6.93 Friday | (i) | Demand No. 25 } Public Works Department | 4 hours |
| | (ii) | Demand No. 79 } | |
| 21.6.93 Monday | (i) | Demand No. 69—Power Department } | 4 hours |
| | (ii) | Demand No. 72—Science and Technology Department } | |
| 22.6.93 Tuesday | (i) | Demand No. 47 } Agriculture Department | 4 hour |
| | (ii) | Demand No. 48 } | |
| | (iii) | Demand No. 55 } | |
| | (iv) | Demand No. 58 } | |
| 23.6.93 Wednesday | (i) | Demand No. 66 } Irrigation and Waterways Department | 4 hour |
| | (ii) | Demand No. 68 } | |
| | (iii) | Demand No. 67 Minor Irrigation Department | |

Now, I would request the Minister-in-Charge of Home (Parliamentary) Affairs Department to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the revised Programme for 15th June '93 and the 40th Report of the Bus

ness Advisory Committee, as presented to the House, be agreed to by the House.

The motion was then put and agreed to.

[4-15 – 4-25 p.m.]

## DISCUSSION ON MOTION OF NO-CONFIDENCE WAS RESUMED AGAIN

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের নেতা যে মোশান এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, খুবই সংক্ষিপ্তভাবে দু-একটি কথা আমি এই সভায় জানাতে চাই। আমরা জানি আমরা খুবই সংক্ষিপ্ত, আমরা ওদের সরাতে পারব না। কিন্তু একটা জিনিস হচ্ছে, যে রাজনীতিতে বিরোধী দল কখন অনাস্থা প্রস্তাব নিয়ে আসে? যখন রাজ্যে নৈরাজ্য তৈরি হয়, অরাজকতা তৈরি হয়, কোনও নিরাপত্তা থাকে না, তখন মানুষের মধ্যে থেকে যে অব্যক্ত দাবি উঠেছে তাকেই প্রতিফলিত করে বিরোধীদল অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে। আজকে আমরা শুধু এই ৪২ জন অনাস্থা প্রস্তাব আনিনি, গোটা রাজ্যের মানুষের অনাস্থাই আজকে এই ছোট্ট একটা লাইনের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে। এই দেওয়াল লিখনও যদি আপনারা পড়তে না পারেন, তাহলে কিন্তু আপনাদের প্রায়শ্চিত্ত করতে হবে। অনেক সদস্য বলেছেন যে জ্যোতিবাবুকে আজকে ১০টা গাড়ি নিয়ে ঘুরতে হয়। ১৬ বছর আগে যখন উনি জনগণের নেতা হলেন তখন বললেন, আমি পুলিশের গাড়ি নিয়ে ঘুরব না। আর এখন সাধারণ মানুষের যাতায়াত বন্ধ করে দিয়ে ওনার গাড়ি যায়। শুধু তাই নয়, গাড়ির ভেতর যদি কোনও গাড়ি ঢুকে পড়ে তাহলে তাকে শাস্তি দেবার ব্যবস্থা করা হয়। আজকে তিনি জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন। আমি নিজে স্বীকার করছি, আজ থেকে ১৬ বছর আগে কেউ জ্যোতিবাবুর সমালোচনা করত না। কিন্তু আজকে ট্রামে, বাসে সর্বত্র জ্যোতিবাবু হচ্ছে জোক অফ স্টেট। আমি সম্প্রতি উত্তরবঙ্গ জেলায় গিয়েছিলাম সেখানে শুনলাম জ্যোতিবাবু হচ্ছে জোক অফ দি কান্ট্রি। দুজন যাত্রীর নিজেদের মধ্যে কথা হচ্ছে। একজন বলছে জানিস জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করলে কি বলছে। জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করা হয়েছিল যে জমিতে বাড়িটা সেই জমিটা কার? জ্যোতিবাবু বললেন আমার নয়, আমার শ্বশুরের। যে গাড়িতে আপনি ঘোরেন সেই গাড়িটা কার? সেটা আমার নয়, আমার পার্টির। যে বাড়িটায় আপনি থাকেন, সেই বাড়িটা কার? সেটা আমার নয়, সরকারের। শেষে বিরক্তি হয়ে নিজেই বলছে, আমার কিছুই নেই, আমার গায়ে যে চামড়াটা দেখছেন সেটাও আমার নয় এটা গণ্ডারের।

আজকে এই জিনিস হয়েছে, এটা অস্বীকার করার কোনও উপায় নেই। বাজারে এ জিনিস আজকে চালু হয়ে গিয়েছে। আপনারা ভাবছেন যে আমরা এখানে ৪২ জনকে নিয়ে বিধানসভায় এসেছি অতএব আমাদের আর কিছু নেই কিন্তু তা ভাববেন না। এ তো ভাবের

ঘরে চুরি—বামফ্রন্ট বামফ্রন্ট, বামফ্রন্ট নির্বাচনের আগে এরা চিৎকার করে বলতে পেরেছে যে আমরা বামফ্রন্ট?

(গোলমাল)

আমি নীতিগত প্রশ্নে আসছি। নীতিগত কারণে আমি পদত্যাগ দাবি করছি। আমি জানি যে সংবিধানে অধিকার আছে সংখ্যায় বেশি থাকলে এরা মন্ত্রিত্বে থাকবেন কিন্তু নীতিগত প্রশ্ন নয়। করাপশন পলিটিকসেও যেমন সাধারণভাবে টাকার করাপশনও তেমন। ডিসঅনেস্টি ইন পলিটিক্স, এথিকলেকনেস, ইমমর‍্যাল পলিটিক্স একই রকম করাপশন। নীতিহীনতাটা কি করাপশন নয়? কি বলে ভোট নিয়েছিলেন সেটা স্বীকার করুন। বলেছিলেন, বামফ্রন্ট প্রার্থীদের ভোট দিন। জনগণ বামফ্রন্টকে ভোট দিয়েছেন কিন্তু আজকে সেই বামফ্রন্ট ভেঙ্গে গিয়েছে ভক্তিবাবু থেকে আরম্ভ করে ক্ষিতিবাবু পর্যন্ত সবাই সেকথা স্বীকার করেছেন। এমন কি আপনি যেখানে বসে আছেন, সেখানে যিনি মাঝে মাঝে বসেন, ডেপুটি স্পিকার অনিলবাবু যাকে আমরা স্যার বলি তিনিও ঘেরাও হলেন সি. পি. এমের গুন্ডাদের দ্বারা। তিনি এফ আই. আর করলেন এবং অ্যারেস্ট করাতে বাধ্য করলেন। সেসব কথা আমাদের মান্নান সাহেব বিস্তারিতভাবে বলেছেন। এগুলি কি নৈরাজ্য নয়? এগুলি কি অরাজকতা নয় আজকে শক্তি বল এখানে বক্তৃতা করছেন। এই মূর্খ মানুষগুলি কি সেটা আমরা বুঝতে পারি না। আমাদের নেতা সোমেন মিত্র যখন ঘেরাও হন আমরা তার প্রতিবাদ করি আর অপর দিকে কি দেখছি? ঐ সি. পি. আই-এর নেতৃ গীতাদি, যাকে আমরা পর্যন্ত রেসপেক্ট করি যিনি আজীবন সংগ্রাম করেছেন সেই গীতাদিকে যখন অশ্রদ্ধা করে অমর্যাদাকর কথাবার্তা বলেন মন্ত্রী বুদ্ধদেববাবু তখন ওরা তার বিরুদ্ধে কোনও বক্তব্য রাখেন না, প্রতিবাদ করে না। এরা কি মানুষ? আগে মানুষ তারপর এম. এল. এ। আগে মানুষ তারপর মন্ত্রী। আগে মানুষ তারপর অন্য কিছু। মান সম্পর্কে যাদের হুশ নেই তারা কিসের মানুষ? কাজেই এ নপুংসকদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব না আনলে আর কাদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হবে? আপনারা কিন্তু জানবেন এই প্রস্তাব পাস হয়ে গিয়েছে দেশের মানুষের কাছে আমরা তো মানুষের ভোট হারিনি, আমরা হেরেছি আপনাদের জোচ্চুরির কাছে ফলস ভোটার লিস্টের কাছে। স্যার, এমন ভোটার লিস্ট এরা তৈরি করেছেন যে গত সেনসাসে আমরা বিধানসভা এলাকায় মানুষের সংখ্যা বাড়ল কিন্তু ভোটারের সংখ্যা কমে গেল। সারা রাজ্যে এইভাবে লক্ষ লক্ষ ভোটারের সংখ্যা কমে গেল। পৃথিবীর ইতিহাসে কোনও জায়গায় এ জিনিস হয়েছে? আবার এরা বলছেন আমরা প্রতিবার জিতছি। আমি অসীমবাবু সম্বন্ধে জানতাম তিনি ভাল ভাল কথা বলেন কিন্তু সেই অসীমবাবুও স্টাটিসটিক্স দিয়ে বলছেন যে আমরা বার বার জিতছি। কিসে জিতছেন? কোন ভোটার লিস্টে জিতছেন? আপনারা এমন ভোটার লিস্ট তৈরি করেছেন যে ছেলে তার মাকে বলছে যে মা, তুমি তাড়াতাড়ি ভোট দিতে যাও মা বলছে, কেন, তাড়াতাড়ি কিসের, আমি পরে খেয়েদেয়ে যাব। ছেলে বলছে, না, তাড়াতাড়ি যাও বাবার সঙ্গে দেখা হয়ে যাবে। মা বলছেন, আমার সঙ্গে ইয়ার্কি করছিস? তোর ব

১২ বছর আগে মারা গিয়েছে আর তুই বলছিস তোর বাবার সঙ্গে দেখা হয়ে যাবে? ছেলে বলছে, না, সি. পি. এমের কমরেডরা বলেছে যে তোর বাবার নাম আছে, তোর বাবা ভোট দিতে আসবে, তাই তুমি তাড়াতাড়ি যাও বাবার সঙ্গে দেখা হয়ে যাবে। এই ভোটার লিস্টে ভোটে আমরা হেরেছি। আপনাদের জোচ্চুরির কাছে। আমাদের হার জনপ্রিয়তার মানদণ্ডে নয়। যেদিন তা হবে সেদিন দেখবেন আপনাদের কি অবস্থা হয়। স্যার, যিনি অনেক কুকাজ করেছেন তার প্রতি মানুষ কি আজকে শ্রদ্ধা জানাবেন? আমরা দেখেছি বাইরে যখন আগুন জ্বলছে পঞ্চায়েত নির্বাচনের পর তখন উনি গঙ্গাবক্ষে হাওয়া খাচ্ছেন। যখন সর্বত্র আগুন জ্বলছে তখন উনি মানালিতে গিয়ে ঘুরে বেড়াচ্ছেন। ঐ অর্বাচীন বুদ্ধদেববাবুর হাতে রাজ্যের ৬ কোটি মানুষকে তুলে দিয়ে, তাকে তাদের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলতে দিয়ে তিনি বাইরে চলে গেলেন। কাজেই এর প্রতি যদি আমরা অনাস্থা প্রস্তাব না নিয়ে আসি তাহলে মানুষের কাছে আমরা পাপ করব। আমরা সেই পাপ না করার জন্যই প্রথম দিনেই অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছি।

[4-25 – 4-35 p.m.]

আপনারা তারপরও হাসেন, লজ্জা করে না, বক্তৃতা করেন? আমি সমস্ত ভোটের গোনার জমা দেব। কয়েকটা মাত্র নমুনা নিয়ে এসেছি কী রকম ভোট হয়েছে, গ্রাম পঞ্চায়েতে কংগ্রেস জিতল, সমিতিতে কংগ্রেস জিতল, আর দেখুন ৯০ পারসেন্ট সমস্ত জেলা পরিষদে জিতল সি. পি. এম. এর লোকেরা, ফ্রন্টের লোকেরা। এইগুলো কোথা থেকে ছাপানো হয়েছে কেউ জানে না। কত ছাপানো হয়েছে কেউ জানে না, সমস্ত কিছু ডিস্ট্রিবিউট করা হয়েছে। কিন্তু জেলা পরিষদের যে লিস্ট, একেবারে সরাসরি পার্টি অফিস থেকে ১০ টাকা করে নিয়ে ছাপ দিয়ে অথবা অন্যভাবে সেইগুলো বিতরণ করে সব কেনা হয়েছে। জোর করে করা হয়েছে, কোনও লজিক পাবেন না, কোনও বিশ্লেষণ পাবেন না, কোনও ধারাপাতে মিলবে না যে কী করে এই রেজাল্ট হয়ে যায়। একটা লোক সাত রকমের কী করে ভোট দেয়? আজকে এই সমস্ত জিনিস হচ্ছে। আমি যে নীতির প্রশ্ন বলছি, এরা বলতে পারছেন, বামফ্রন্ট? তখন ফ্রন্টের কথায় লোক ভোট দিয়েছে, ফ্রন্ট যখন নেই তখন কী বলছেন—আনন্দবাজার ১-৬-৯৩ তারিখে বলছে শরিকি দ্বন্দ্বে ফ্রন্ট ক্ষতিগ্রস্ত মানছে না আর. এস. পি. এবং ফরওয়ার্ড ব্লক। চার তারিখে বলছে ফ্রন্ট শরিকের চিরস্থায়ী হতে চলেছে। ছাড়া হয়ে যাওয়া যে চিড়, ভেঙে যাওয়া যে চিড়, তারপরও আপনারা কী করে বলেন আবার নতুন করে ভোট না নিয়ে কী করে আপনারা বলেন আমাদের মন্ত্রিসভা থাকছে আর থাকবে? আজকে নেতারা বলছেন, এখানে দাঁড়িয়ে ভক্তিবাবু যেআমাদের মধ্যে ডিফারেন্স আছে, মেটাতে হবে। ডিফারেন্স আছে চলে যেতে হবে। তারপর আবার নির্বাচিত হয়ে আসতে হবে। আমরা যখন সরকারে ছিলাম তখন সি. পি. আই. আমাদের সঙ্গে ছিল—এত বড় নীতিহীন দল বাংলাদেশে আছে, তারা আমাদের গালাগাল দিচ্ছে, আবার দেখবেন যখন বাজার খারাপ, তখন উল্টো সুর গাইতে শুরু করে দিয়েছে। হয়, এদের সঙ্গে থেকে ভালভাবে

চলুন, না হয় বাংলার মানুষকে বলুন এরা খারাপ। আপনারা নিজেরা গিয়ে দাঁড়ান, আমরা দাঁড়াই, দেখি বাংলার মানুষ কি রায় দেয়। আজকে এটা প্রমাণিত হয়ে গেছে, কি সাংঘাতিক নারকীয় সমস্ত ঘটনা আমার কাছে রয়েছে, একটা বাচ্চা ছেলে থেকে আরম্ভ করে অ মহিলা, মা বোনদের পর্যন্ত কি নির্বিচারে অত্যাচার করা হয়েছে। আমি বলছি এটা জুডিশিয়াল এনকোয়ারি করা হোক, একটা নিরপেক্ষ বিচারপতিকে দিয়ে এনকোয়ারি করা হোক প্রত্যেকটা কেস এ যে মানববাবু যে লিস্টের কথা বললেন, কোথা থেকে এ ভুতুড়ে লিস্ট পেলেন জানি না, আমি দায়িত্ব নিয়ে বলছি, আমাদের নেতার নেতৃত্বে আমরা গভর্নরের কাছে গিয়েছিলাম। আমরা লিস্টে কোনও নাম দিইনি। আমরা বলেছি ২৯ জন লোক আমাদের খুন হয়েছে। আজও দাবি করে বলছি ২৯ জন নৃশংসভাবে আমাদের মানুষ খুন হয়েছে। আজ যান পি. জি. হাসপাতালে, বাবা দাঁড়িয়েছে বলে মেয়ের গায়ে পেট্রোল দিয়ে দিয়েছে, পু গেছে ৭৮ পারসেন্ট, বাঁচবে না। বাচ্চা ছেলে মালদহ থেকে আরম্ভ করে মেদিনীপুরে এক ছেলে ওদের চুরি দেখতে পেয়েছিল বলে তাকে কি নৃশংসভাবে হত্যা করা হয়েছে, পোস্ট মর্টেমের রিপোর্ট আমার কাছে আছে। রিপোর্টে বলছে—আপনি এটাকে অন্যভাবে নেবেন না তার অন্ডকোষ কেটে দেওয়া হয়েছে এবং তাকে খুন করা হয়েছে ১৩ বছরের এক ছেলেকে। ভাবতে পারেন এই জিনিস? তারপরও পদত্যাগ দাবি করব না? তারপরও পদত্যাগ দাবি করাকে উপহাস করব? এই দাবি মানুষের দাবি প্রতিধ্বনিত হল, প্রতিফলিত হল আমাদের মুখ দিয়ে আমাদের ভাষায়। ৪০ জনের নয়, আমরা আজকে মনে করি আম সমস্ত জিনিস এখানে প্লেস করতে পারছি না, কিন্তু আপনি একটু সময় দিন, যে সময় ভিত্তিতে আমরা এই নামগুলো ধরে ধরে প্রত্যেকটা জেলাওয়ারী আমরা এই পঞ্চায়েত নির্বাচনের আগে এবং পরে যা হয়েছে আমরা জানিয়ে দেব এবং বর্তমান আইন-শৃঙ্খলা সকরারের দুর্নীতি নিয়ে আমরা তদন্ত করতে চাই এবং তার জন্য যেমন সাহস ক বোফর্সের বিরুদ্ধে কমিটি করেছিল, যেন সাহস করে হাউস কমিটি হয়েছে, জে. পি. হয়েছে, মেহেতা স্ক্যাম্পের ব্যাপারে, সেই রকম ভাবে একটা হাউস কমিটি হোক, এই নির্বা সংক্রান্ত ব্যাপারে অথবা সামগ্রিক পরিস্থিতিকে কেন্দ্র করে, চুরি দুর্নীতিকে কেন্দ্র করে এক হাউস কমিটি আপনি করে দিন। আমি কারোর কাছে যাব না, আপনার কাছ থেকে জিনিস চাইছি, আপনি সৎসাহস নিয়ে সেই জায়গায় যান। মানুষ আপনাকে আশীর্বাদ কর আমি সেই দাবি জানিয়ে এবং যে মোশন নিয়ে এসেছেন জয়নাল আবেদিন সাহেব, তা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা ডাঃ জয় আবেদিন আমাদের মন্ত্রী সভার বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি প্রথমেই তার বিরোধিতা করছি। অবশ্য আমার মনে হয় না এখানে আজকে আমার আর খুব বেশি বলার আছে। আমাদের সরকারের পক্ষ থেকে বিভিন্ন বক্তা ইতিমধ্যেই তাঁদের বক্তব্য রেখে এবং মাননীয় মুখ্যমন্ত্রীও বলবেন। আর যা বলবার সে তো মানুষই বলে দিয়েছে গত

রিখ। আজকে এখানে কংগ্রেসের পক্ষ থেকে যদি অনাস্থা প্রস্তাব না আনা হ'ত এবং আমাদের প্রতি যদি ওঁরা আস্থা জানাতেন তাহলেই আমাদের মুশকিল হ'ত। আমরা ভাবতাম আমরা এমন কি দোষ করলাম, এমন কি অপরাধ করলাম যে কংগ্রেস আমাদের প্রতি আস্থা প্রকাশ করছে! এটাই স্বাভাবিক যে, ওঁরা আমাদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনবেন। মানুষ ওঁদের প্রতি অনাস্থা জানিয়েছে এবং আমাদের প্রতি আস্থা জানিয়েছে। অবশ্য এটা নতুন কিছু নয়। বিগত বেশ কয়েক বছর ধরে এটাই ঐতিহাসিক সত্য। ইতিহাস ওঁদের ওখানে এ স্থান নির্দিষ্ট করে দিয়েছে। এখনও অনেক দিন ওঁরা ঐখানে বসবেন এবং মাঝে মাঝে অনাস্থা প্রস্তাব আনবেন। এখন মুশকিল হচ্ছে কেন অনাস্থা সেটা ওঁরা কেউ ভাল করে বলেন না। অনাস্থা কি এই জন্য যে আমরা এখানে বিগত ১৫ বছরে ৪ বার পঞ্চায়েতের ভোট করলাম, যা ভারতবর্ষের আর কোথাও কোনও দিন হয়নি? এরকম নির্বাচন ইতিপূর্বে কোথাও কখনও হয়নি, ৭৯ হাজার সিটের জন্য তিনটি স্তরে একই দিনে নির্বাচন। তিন কোটি চল্লিশ লক্ষ ভোটার এবং ৫০০ জনের কম মানুষ পিছু একজন করে প্রতিনিধি নির্বাচিত হয়েছেন। একদিনে এরকম একটা বিশাল ব্যাপার কোথাও কোনও দিন হয়নি। এখন দেশ বিদেশের লোকেরা আমাদের এই ব্যবস্থা দেখতে আসছে। দিল্লি থেকে, অন্যান্য রাজ্য থেকে, কংগ্রেস শাসিত রাজ্যগুলো থেকে, এমন কি দেশের বাইরে থেকেও মানুষ এ জিনিস দেখতে আসছে। তাঁরা জানতে চাইছেন কি করে এমন একটা বিশাল ব্যাপার করা সম্ভব হচ্ছে? আমাদের যখন ৩০ তারিখ এই নির্বাচন অনুষ্ঠিত হ'ল তখন, ঠিক তার আগের দিন ২৯ তারিখ আমেথিতে এ. আই. সি. সি.-র অধিবেশনের মধ্যে দিয়ে পঞ্চায়েত চর্চা শুরুর দিন ধার্য হয়েছিল। আমাদের যখন চার-বার নির্বাচন হয়ে গেল তখন ওঁরা চর্চা, আলাপ-আলোচনা শুরু করবেন ঠিক করলেন এবং তাও ঝড়ে উঠে গেল। তারপর এখন ওঁরা আমাদের ডেকেছেন। কালকেই আমাকে যেতে হবে এন. আই. আর ডি-র মিটিং-এ কেন্দ্রীয় সরকার আমাদের ডাকছে, অন্যান্য রাজ্য আমাদের ডাকছে এবং এবিষয়ে ওঁরা আমাদের অভিজ্ঞতা ও মতামত জানতে চাইছে। কেন্দ্রীয় সরকার সংবিধান সংশোধন করেছেন। আইন-টাইন করার আগেও ওঁরা আমাদের অভিজ্ঞতা গ্রহণ করেছেন। কেন্দ্রীয় সরকারের রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট এবং ন্যাশনাল ইন্সটিটিউট অফ রুর‍্যাল ডেভেলপমেন্ট আমাদের ডেকেছেন, ওঁরা আমাদের কাছ থেকে শেখবার চেষ্টা করছেন। অথচ আমাদের দুর্ভাগ্য যে, ওঁরা এখানে কিছুই শিখছেন না। আমি এটা এখানকার কংগ্রেসিদের বলছি: ডাঃ জয়নাল আবেদিন কিছু নির্দিষ্ট কথা বললেন এবং কিছু অনির্দিষ্টভাবে বললেন। নির্দিষ্টগুলো সম্বন্ধে আমি বলছি, অন্যগুলো সম্বন্ধে আমি বলতে পারব না। উনি বললেন, 'আপনারা একটা হাফ-হার্টেড অ্যামেন্ডমেন্ট করেছেন।' আমি ওঁকে বলি, হাফ-হার্টেড হোক, আর যাই হোক আমাদের তাহলে হার্ট বলে কিছু আছে, আপনাদের তাও নেই। এখন মুশকিল হচ্ছে যদি আইন-টাইনগুলো একটু পড়ে দেখেন তাহলে কি করে বুঝবেন! সেন্ট্রাল গভর্নমেন্ট কন্সটিটিউশনাল অ্যামেন্ডমেন্টের মাধ্যমে যে আইন করেছেন সেটার প্রতিটি প্যারায় কি আছে? সেটা ভাল করে একটু পড়ে দেখুন। সেখানে বলা হয়েছে ফিনান্স কমিশন করতে হবে। আমাদেরও তো সেটা আছে।

আমরা দেখলাম আপনারা আপনাদের নির্বাচনী ইস্তাহারে বলেছেন ফিনান্স কমিশন করবে তা আমরা তো তা করে দিয়েছি। আপনারাই তো এখান থেকে সেটা পাস করে দিয়েছে সিলেক্ট কমিটি হয়েছিল, সেখানে আপনাদের সদস্যরা ছিলেন। আইনটা পড়ে দেখলেন কোথায় কি আছে, না আছে! তারপর ইলেকশন কমিশন করতে হবে, হ্যাঁ স্টেট ইলেক কমিশন আমরা করব। তারপর কি বললেন? না, ভোটার লিস্টের কথা। ভোটার লিস্ট ইলেকশন কমিশন তৈরি করে দেন এবং সেটার অনুসারেই আমরা এখানে নির্বাচন ক আপনারাই ভোট এবং ভোটার লিস্ট নিয়ে মামলা করতে গিয়েছিলেন। এখানে নির্ব প্রক্রিয়া নিয়ে ৪৪টা মামলা হয়েছে এবং আমার যত দূর মনে আছে ১০টি মামলাই ি

[4-35 – 4-45 p.m.]

ভোটার লিস্ট সংক্রান্ত। জানবেন, তার মধ্যে ৮টা আমাদের পক্ষে গেছে। যা করে ইলেকশন কমিশন। আমাদের যা আইন আছে তার ভিত্তিতেই হয়। তারপর আর একটা ক বলেছেন, রিজার্ভেশনে আরবিট্রারী করে দিয়েছেন। তফসিলি জাতি, উপজাতি এবং মহিলা জন্য করা হয়েছে। মানসবাবু এবং অতীশবাবু আপনারা তো গিয়েছিলেন। আমরা স আলোচনা করেছিলাম। আমি বলেছিলাম, এইভাবে করছি, এই কল। ভাল করে যাতে বু পারে আপনারা বললেন, বাংলায় ছেপে দিন। আমি বাংলায় ছাপার ব্যবস্থা করেছি এবং রাজনৈতিক দলগুলিকে দিয়ে দিয়েছিলাম। নির্দিষ্ট নিয়ম, যেটা এখন সারা দেশ থেকে এ বোঝবার জন্য আসছে এবং এটা বোঝবার জন্য আমাকে ডেকেছে মুসৌরীর লালবাহাদুর শ অ্যাকাডেমিক। আমরা এই নিয়মের ভিত্তিতেই করেছি। এখন মুশকিল হচ্ছে, এদের ত পছন্দ হচ্ছে না। পছন্দ না হলে আমি কি করতে পারি। নির্বাচনের ক্ষেত্রে যখন এই চলছে, কাগজে বেরুচ্ছে, ওঁরা বিবৃতি দিচ্ছেন, দেবার পর একজন দৌড়ে হাঁস-ফাস কর করতে আমার কাছে এলেন। আমি বললাম, কি ব্যাপার? উনি বললেন, আমার মেয়ের গেছে। আমি বলেছিলাম, তাতে কি হয়েছে? ছেলেও হতে পারে, মেয়েও হতে পারে। উ বললেন, আমি যে আসনে জিতেছিলাম সেটা মেয়েদের জন্য সংরক্ষিত হয়ে গেছে। ত বললাম, আমরা তো মেয়েদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করেছি। উনি বললেন, তা আমি দাঁড়াব কোথায়? আমি বললাম, দাঁড়িয়েছেন তো অনেকদিন, এখন বসুন, বেশি দাঁড় কোমরে ব্যথা করবে। যাঁরা দাঁড়াতে পারছেন না তাঁদের সুযোগ করে দিন। উনি বল আমার দাঁড়াতে আগ্রহ নেই, কিন্তু মুশকিল হচ্ছে, মহিলা নেই, দাঁড়াবে কি করে? আ বললাম, নিয়ম যা করা হয়েছে সর্বক্ষেত্রে তাই মানতে হবে। আমরা তফসিলি জাতি, উপজ মহিলাদের জন্য আসন সংরক্ষণের নিয়ম করেছি, খবরের কাগজে বিবৃতিও দিয়েছি।...

**(গন্ডগোল)**

আপনারা একটা অভিযোগ করলেন, ক্যানডিডেট দিতে পারছেন না। কি করা যাবে? আপন

ক্যানডিডেট না দিতে পারেন তাহলে আমি কি করতে পারি? আজকে বক্তৃতার সময়ে ছিলেন, ঝাড়গ্রামের জামবনিতে ক্যানডিডেট দিতে পারেননি। কি করা যাবে? আমি আপনাদের কে বলেছিলাম, বিধায়কদের বলেছিলাম ওখানে যাকে যাকে আপনারা ক্যানডিডেট করতে বলুন, পুলিশ নিজে গিয়ে নমিনেশন দিয়ে আসবে। আমাদের বিধায়কদেরও বলেছি, কোনও রকম কিছু গোলমাল যাতে না হয় দেখবেন। তারপর কোনও কিছুই হল না। আপনারা যদি ক্যানডিডেট না দিতে পারেন তাহলে আমি কি করতে পারি? আপনাদের ক তো ঠিক করতে হবে। তারপর জেলা পরিষদের একটি আসনে ভোট হল। কি হল? লা পরিষদের প্রার্থী (সি. পি. এমের) ৯১ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। এই যে শতাংশ ভোট পেল, এটা কিন্তু একদিনে হয়নি। হিসাব করুন, ১৯৮৮ সালের ভোট। ৮৮ সালে পঞ্চায়েত নির্বাচন হল, সি. পি এম পেল ৬৯ শতাংশ ভোট। ১৯৮৯ সালে কসভার নির্বাচনে সি. পি. এম পেল ৭২ শতাংশ। ১৯৯১ সালে যখন লোকসভা এবং নসভার নির্বাচন হল তখন সি. পি এম পেল ৮১ শতাংশ আর এবার হচ্ছে ৯১ ংশ পেল। এটা একদিনে হয়নি। আমাদের ভোট ক্রমশ বাড়ছে আর আপনারা (কংগ্রেসিরা) র পর দিন জনগণ থেকে ক্রমশ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন। সুতরাং এক্ষেত্রে আমি কি করতে রি? সুনির্দিষ্ট অভিযোগ পেলে আমি হস্তক্ষেপ করার চেষ্টা করবো। কাউন্টিং ইত্যাদি ক্ষেত্রে বললেন সে ব্যাপারে আমি হস্তক্ষেপ করেছি। আর বাকিগুলি যা আছে তারমধ্যে ২৯টি ত্রে মামলা হয়েছে। আদালত রিকাউন্টিং-এর নির্দেশ দিলে সেটা নিশ্চয়ই বিচার বিবেচনা া হবে। ওঁরা যে রি-কাউন্টিংয়ের কথা বলছেন, সেটা আমরা করতে পারি না। মানুষ যে দিয়েছেন সেই রায় মেনে নিন। মাঝে মাঝে অনাস্থা প্রস্তাব আনবেন। এই কথা বলে ং এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, যে অনাস্থা প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, মাননীয় রোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন তার উপর বক্তব্য রেখেছেন, অনেকেই রেখেছেন মি সেটার বিরোধিতা করছি। তবে মাননীয় স্পিকার মহাশয় আপনাকে ধন্যবাদ যে আপনি রোধীদলের অধিকার কিছুটা বাড়িয়ে দিয়েছেন। ওদের তো সংখ্যা কম, সেজন্য আপনি ম করেছেন ৩০ জন দাঁড়ালেই অনাস্থা প্রস্তাব আনা যাবে। যাই হোক, অনাস্থা প্রস্তাব য়া উচিত ছিল ওঁদের নিজেদের বিরুদ্ধে, কিন্তু ওঁরা আমাদের বিরুদ্ধে করেছেন, তার রণ ওঁরা যে চরম হতাশায় ভুগছেন এটা হচ্ছে তারই প্রতিফলন। আর চতুর্থ পঞ্চায়েত র্বাচন নিয়ে আলোচনা হচ্ছে এবং সেই পরিপ্রেক্ষিতে এই অনাস্থা প্রস্তাব এসেছে তা আমরা তে পেরেছি। তা ছাড়াও দু-একটি কথা বলা হয়েছে বিরোধীদলের সদস্যদের তরফ থেকে, র মধ্যে আমি পরে যাব, কিন্তু একটা কথা খুব পরিষ্কার করে আমি মনে করিয়ে দিতে ই যে, যেটা বার বার বলছি সেটা হচ্ছে যে, কংগ্রেস কেন্দ্রে, রাজ্যে ৪০ বছর সরকার াচ্ছেন, দিল্লিতে এবং বিভিন্ন রাজ্যে এখন আছেন কিন্তু কোনও রাজ্যে পঞ্চায়েত নির্বাচন রকম সময় মতো হয়নি। বি. জে. পি আংশিকভাবে কংগ্রেসের সঙ্গে দোস্তি করেছেন,

পশ্চিমবঙ্গের হিসাব যা দেখছি। বি. জে. পি. চারটি রাজ্য ছিলেন, একটি রাজ্যেও নির্ব করেন নি। মধ্যপ্রদেশের তখনকার মাননীয় মুখ্যমন্ত্রী পাটোয়ার দেখতে পাঠিয়েছিলেন। ক পাঠিয়ে ছিলেন, বলেছিলাম ১৪ বছর ধরে আছেন কি করে? সেটা দেখতে একটি পাঠিয়ে ছিলেন। তাঁরা বলেছিলেন। পঞ্চায়েত এবং ভূমিসংস্কার করার জন্য এতদিন আছেন। তারপর উনি অর্ডার দিয়েছিলেন, কিন্তু পুলিশের রিপোর্ট এল, আপনি সর করতে পারেন, কিন্তু নির্বাচন করলে হারবেন। সেখানে কংগ্রেসের বেশি শক্তি আছে। তৎক্ষনাত প্রত্যাহার করে নিলেন, কোনও রাজ্যে নির্বাচন হয় নি, আপনারা তাদের স দোস্তি করেছেন। কি পরিপ্রেক্ষিতে হয়েছে ? যেখানে এখন দুর্ভাগ্যবশত আমাদের বামফ্র মধ্যে ঐক্য ছিল না অনেক জায়গায়, শুধু ৬ হাজার আসন নিয়ে নয়, অনেক আসনেই ঐক্যের অভাব হয়েছিল সেই পরিস্থিতিতে নির্বাচন করতে হয়েছে। সে সব অ লেফট ফ্রন্টে আলোচনা করে ঠিক করব। কংগ্রেস (আই) অনেক জায়গায়—সব জায় নয়—বি জে. পির সঙ্গে সমঝোতা করছে।

[4-45 – 4-55 p.m.]

তার হিসেবপত্র আমরা নিয়েছি। চারটি দৈনিক সংবাদপত্র, তার দুটি ইংরেজি এবং বাংলা, তারা বরাবর কংগ্রেসকে এবং কোথায়ও বিজেপিকে সমর্থন করেছেন এবং আম বিরুদ্ধে মিথ্যা কুৎসা প্রচার করেছেন। ১৬ বছর ধরে এটা আমরা দেখছি। এই পরিস্থিত পঞ্চায়েত নির্বাচন আমাদের পক্ষে খুব ভালই হয়েছে। এটা আমাদের বিরাট জয় গুরুত্বপূর্ণ জয়ই হয়েছে।

এখন আমি কিছু পরিসংখ্যান দিতে চাই। খুব একটা সময় নেব না। প্রথমে পরিষদ দিয়ে শুরু করি। এর সবগুলিই বামফ্রন্টের পক্ষে এসেছে। একটি কংগ্রেস গিয়েছিল পশ্চিম দিনাজপুর ভাগ হবার ফলে, কিন্তু সেটা আবার চলে এসেছে আম পক্ষে। আর যদি আসন ধরা যায় তাহলে এখন পর্যন্ত জেলা পরিষদের ৬৫৬টি আস মধ্যে ৬৩৬ আসনের ফল ঘোষিত হয়েছে। কয়েকটির ক্ষেত্রে মামলা এবং গোলমাল অ ঘোষিত আসনের মধ্যে সি পি. এম. পেয়েছে ৫২০টি আসন, সি. পি. আই ৬টি আর. পি. ১৪টি, ফরোয়ার্ড ব্লক ১৫টি এবং অন্যান্যরা ৫টি আসন। তার মানে হল, লেফট পেয়েছে ৫৫৫টি আসন, কংগ্রেস ৬৭টি আসন এবং অন্যান্যরা ৯টি আসন। পঞ্চায়েত স মোট আছে ৩২৮টি, তারমধ্যে ২৯৪টির ফল ঘোষণা করা হয়েছে। দুই-একটির ফল অ গেছে। তারমধ্যে সি. পি. এম. পেয়েছে ২৪৫টি আর. এস. পি. ৪টি, কংগ্রেস ২৫টি অন্যান্যরা ১৮টি। অর্থাৎ পঞ্চায়েত সমিতির ২৪৯টি আমরা পেয়েছি এবং কংগ্রেস পে ২৫টি। কাজেই বড় বড় কথা বলে লাভ নেই। আর গ্রাম-পঞ্চায়েত, সেখানে আম বামফ্রন্টের ফল আগের থেকে খারাপ হয়েছে। যেমন গ্রাম-পঞ্চায়েত যেখানে ৩২২১টি সে সি. পি. এম. পেয়েছে ২০৩৪টি, আর. এস. পি. ৪০টি, সি. পি. আই. ৯টি এবং অন

০ ইনডিপেন্ডেন্ট ইত্যাদি মিলিয়ে। এখানে লেফ্‌ট ফ্রন্ট পেয়েছে ২০৭৩টি, কংগ্রেস ৬২১টি ং বিজেপি এত আঁতাত করেও ১০টি, অন্যান্য ৫০টি। এই হচ্ছে হিসেব। এতে ওদের াশ হবারই কথা যে, এতদিন পর কংগ্রেস এই অবস্থায় এসেছে।

তারপর বলা হয়েছে—অবশ্য এবারে রিগিং রিগিং বলা হচ্ছে না—দুই একটি জায়গায় া বলা হয়েছে। কিন্তু এই ব্যাপারে একটি কোনও অভিযোগ নেই আমাদের কাছে। তবে টি কথা না বলে পারছি না, এখন আমাদের পর্যালোচনা চলছে পঞ্চায়েত সম্বন্ধে। কিছু পর্যালোচনা করে এ-ব্যাপারে আমরা সিদ্ধান্তে আসব। তবে আমার মনে হচ্ছে, সহজ ায় ভোটারদের পোলারাইজেশন বলে যেটা বলা হয় সেটা হয়নি। কারণ এমন শত শত ট আছে যেখানে কংগ্রেসকে ভোট দিয়েছেন, বিজেপিকে ভোট দিয়েছেন, কিন্তু উপর তলায় ায়েত সমিতি এবং জেলা পরিষদে তারাই বামফ্রন্টকে ভোট দিয়েছে এটা আমরা দেখেছি। া একটা গুরুত্বপূর্ণ কথা মনে রাখতে হবে। যারা গ্রামে কংগ্রেসকে ভোট দিয়েছেন গ্রাম ায়েতে তারা নানা কারণে আমাদেরকে অন্যভাবে ভোট দিয়েছেন। কিন্তু তারাই যখন পরে এসেছেন তখন ভেবেছেন, গ্রামে যদি কাজ করতে হয় তাহলে জেলা পরিষদ এবং ায়েত সমিতির ক্ষেত্রে বামফ্রন্টকে ভোট দিতে হবে। সেইজন্যই তারা জেলা পরিষদ এবং ায়েত সমিতিতে বামফ্রন্টকে ভোট দিয়েছেন। একথা আমাদের মনে রাখতে হবে। তবে াদের বিরুদ্ধে নেগেটিভ ভোট কিছু রয়েছে। এটা আমরা পর্যালোচনা করছি যে কি কারণে া হচ্ছে।

আমি এই কথাগুলো এইজন্য বললাম যে, এই অবস্থাতেও ওরা হঠাৎ ঠিক করলেন া কনফিডেন্স আনতে হবে আমাদের বিরুদ্ধে! তারপর ওরা কি বলেছেন? ভায়োলেন্সের কথা লেছেন। বলেছেন, এখানে খুন হচ্ছে, নানারকম ঘটনা ঘটছে, ক্ল্যাশ হচ্ছে ইত্যাদি। মনে খতে হবে প্রায় তিন কোটির উপর ভোটার এবং তারমধ্যে ৭০ ভাগের উপর ভোট য়েছেন। ভায়লেন্সের কথা বলতে গিয়ে আমি এই ব্যাপারে খবর নিয়ে একটা হিসেব দিচ্ছি। র্বাচনের আগে সেখানে কতগুকলো ঘটনা ঘটেছিল, ১১৫টি ঘটনা ঘটেছিল। সেখানে খুন য়েছিল কংগ্রেস (আই) ৫ জন, সি. পি. আই (এম) ১১ জন, এর মধ্যে ৯ জন ঐ ডগ্রামে কংগ্রেস যাদের সমর্থন করে ঝাড়খণ্ডী পার্টি, তাদের কোনও ক্ল্যাশ কিছু হয়নি, এরা ড়ি আসছিল, এদের ধরে নিয়ে গিয়ে জঙ্গলে কেটে কুটে ফেলেছে ঐ কজনাকে। এই হচ্ছে না যা দেখা যাচ্ছে। আর প্রি-পোল ভায়োলেন্স অর্থাৎ পোলের আগে যেটা হয়েছে সেটাতে গ্রেস (আই) ৫ জন, সি পি. আই (এম) ১১ ঐ কজনকে নিয়ে, ফরোয়ার্ড ব্লক, কমল ১, জে. কে. পি ১, বি জে. পি ১, বি. জে পি ১ এই হচ্ছে ২০ জন। নির্বাচনের ৪৭টি ঘটনা হয়েছিল। তার মধ্যে কংগ্রেস (আই)-এ একজন মারা গিয়েছিল, আর সি. . আই (এম) একজন মারা গিয়েছিল, আর বিশেষ কোনও ঘটনা হয়নি। আর বীরভূমে ই লিস্টটাও কংগ্রেস থেকে রাজ্যপাল ইত্যাদিকে দেওয়া হয়েছিল যে দুইজন নিজের বাড়িতে গ্রেসের লোক বোমা বানাতে গিয়ে মারা গেছে। ওরা বলছেন যে এটাও নাকি কিল্ড। বোমা

বানাতে না জানলে কি করে তা বানাবে, সে মারা গেছে। তারপরে নির্বাচনের পরে এ মৃত্যুর সংখ্যা কিছু বেড়েছে। ইনসিডেন্স হয়েছে ১০৭টি। সেখানে ৩০ জন খুন হয়ে আগের যে হিসাব দিয়েছিলাম তার থেকে বেশি হয়েছে। আগে ২০ জন বলেছিলাম, নির্বাচনের সময়ে দুই জন। আর এখন ঐ ৩০ জন এই কয়েক সপ্তাহের মধ্যে মারা গে এর মধ্যে কংগ্রেস (আই) ৭, সি. পি. আই (এম) ১৩, এস. ইউ. সি (আই) ১, পি. এফ ৫, আর বি. জে. পি ১। এখন পর্যন্ত যেটুকু হিসাব পেয়েছি তাতে বেশির জায়গায় কংগ্রেসিরাই আক্রমণাত্মক ব্যবস্থা করেছেন। তবে পুলিশ রিপোর্টে এটাও আছে বামপন্থীরাও, সি. পি. এমও কতকগুলি জায়গায় আবার আক্রমণাত্মক ব্যবস্থা করেছে। সেখানে ৭২৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে এই সব ঘটনাগুলিতে। এদের বিরুদ্ধে মামলা মার্ডার চার্জ থেকে আরম্ভ করে নানারকম যা আছে সেগুলি হবে। এখন বিভিন্ন রাজনৈ দলের কাছে আমার বক্তব্য হচ্ছে, আমাদের যারা সদস্য বা আমাদের যারা সমর্থন ক তাদের সকলকে চেষ্টা করতে হবে যাতে সংযত হয়। নির্বাচন হয়ে গেছে। এখন আম কাজ হচ্ছে প্রশিক্ষণের কাজ। ৭০ ভাগ যারা পঞ্চায়েত এসেছেন, এরা নতুন-এর মহিলা এসেছেন, তফসিল এবং উপজাতিরা এসেছেন। এদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে এটাতে সময় লাগবে। এদের এমনভাবে প্রশিক্ষণ দিতে হবে যাতে করে খুব ভাল পঞ্চায়েতের কাজ আগের সব অভিজ্ঞতা দিয়ে করাতে পারি। এটা আমাদের করতে যদি তাতে প্রতিযোগিতা দরকার হয়—২০।২৫টা কংগ্রেস যেখানে পেয়েছে বা ৬০০ কংগ্রেস পেয়েছে—সেই প্রতিযোগিতা হোক এবং কে ভাল কাজ করছে গ্রামের মানুষ দেখবেন। এতে ভাল হবে, খারাপ কিছু হবে না। আর আমাদের প্রশাসনও তৈরি কারণ এই রকম ভায়োলেন্স যা আছে—এখানে কংগ্রেসের একজন নেতা বললেন যে বাধ্য হয়ে অস্ত্র ধরেছি। আপনার সেই অস্ত্র কেড়ে নেওয়া হবে। এই আমরা কখনই দেব না, কারণ আমাদের একটা প্রশাসন আছে। এখন আমি বলছি সমস্ত পলিটি পার্টিকে যে এখন গ্রামবাসীরা কি চায়? নির্বাচন হয়ে গেছে, অনেক গোলমাল হয়ে গে এখন আপনারা গ্রামের জন্য কাজ করুন, এটাই তারা চান। কংগ্রেসিদের বলি যে কা স্বার্থের দিকে বেশি নজর না দিয়ে গ্রামের মানুষের দিকে একটু তাকান। ওরা সেটা কর কিনা আমি জানিনা, তবে মুখ্যমন্ত্রী হিসাবে আবেদন করব যে আপনারাও আপনাদের লোকে নিয়ে কায়েমী স্বার্থের জন্য কাজ না করে সাধারণ মানুষের জন্য কাজ করুন। শেষে এ বলতে চাই যে সারা ভারতবর্ষব্যাপী যা চলছে, আমাদের সাম্প্রদায়িকতার বিরুদ্ধে, মৌলব বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যেতে হবে। শুধু ঐ অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যান্ড করে, আইন করে সব জিনিস হয় না। আর কংগ্রেসকেও আমি বলব যে এমন সব রাজ্য আছে, আমি ৫টি রাজ্যের কথা জানি যেখানে বি. জে. পি'র ক্ষমতা বাড়ছে, সাম্প্রদায়িক দলের ক্ষ বাড়ছে।

[4-55 – 5-05 p.m.]

আর কংগ্রেস তাঁদের সাম কাইন্ড অফ প্যারালিসিস নাকি বুঝতে পারছি না, নাকি কোনও ষড়যন্ত্র আছে, তাদের হাতে ছেড়ে দিতে কোনও জায়গা ভারতবর্ষের। অনেক কংগ্রেস নেতার সঙ্গে আমি দিল্লিতে কথা বলেছি, কোনও জায়গায় তাঁরা আন্দোলন করছেন না, কোনও ভাবাদর্শে আন্দোলন করছেন না, রাজনৈতিক আন্দোলন করছেন না, বি. জে. পি-র বিরুদ্ধে, সাম্প্রদায়িক দলের বিরুদ্ধে, মুসলিম সাম্প্রদায়িক দলের বিরুদ্ধে বা শিখ সাম্প্রদায়িক দলের বিরুদ্ধে কোনও জায়গায় নয়। কি ওঁরা ভাবছেন, কি করবেন, জানাননি এটা। সেইজন্য আমি বলছি এখানে চিৎকার করুন, আমাদের বিরুদ্ধে আপনাদের হতেই হবে, বিরোধী দল হিসাবে যখন পয়সা-টয়সা পাচ্ছেন এই সব করুন, কিন্তু সঙ্গে সঙ্গে নিজের পায়ে কুড়ুল মারবেন না। নিজেদের কথা একটু ভাবুন যে ৪টি রাজ্য, ৫টা রাজ্য এখন—এমন কি গুজরাট, এই সব জায়গায় শোনা যাচ্ছে—বাই ইলেকশন ইত্যাদিতে দেখা গেল কংগ্রেসের ক্ষমতা কমছে, অন্যদের বাড়ছে। সেই খানে বামপন্থী না, বামপন্থী ছোট দল, ওই সব নেই [illegible], কিন্তু সেখানে ক্ষমতা বাড়ছে ওই সব সাম্প্রদায়িক দলের, ফান্ডামেন্টালিস্ট যারা ওদের ক্ষমতা বাড়ছে। এখানেও যদি ঠিক একই জিনিস কংগ্রেস করে, বি. জে. পি-র সঙ্গে সমঝোতা করেন এই একটু ভোট-টোট পাবার জন্য, এই প্রতিফলন বাইরে হয়। বাইরের লোকেরা আমাদের জিজ্ঞাসা করে বি. জে. পি. কি করে পশ্চিমবাংলার মতো জায়গায় শতকরা ৪ ভাগ ভোট পেল? কি করে শতকরা ৪ ভাগ সাড়ে ৪ ভাগ ভোট পেল ওরা? আমরা এই সব বিশ্লেষণ করে আমরা এই সিদ্ধান্তে এসেছি। কাজেই আমি আমার বক্তব্য আর দীর্ঘ করতে চাই না। শেষে একটা কথা বলব, ডাঃ জয়নাল আবেদিন উনি বক্তব্যের মধ্যে যে সব কথা বলেছেন তার মধ্যে উনি বলেছেন যে রেট অফ গ্রোথ শিল্পে এবং বিভিন্ন জায়গায় কমে গিয়েছে। আমি হিসাবটা এনেছি, সেটা দিচ্ছি The rate of growth of total Production including agriculture, industry and other sectors at the national level has been 1.2% in 1991-92. For West Bengal, the rate of growth of production in the same year was 5.8%.

(গোলমাল)

দেখুন স্যার, আমাদের যে ভাল হয়েছে এটাতে ওঁরা দুঃখিত। In the year 1992-93, this rate of growth is estimated around 4.2% at the national Level. আমাদের এখানে ন্যাশনাল লেভেল একটু বাড়বে, ৪.২ পারসেন্ট তাঁরা বলছেন, আমাদের এখানে ৪.৫ পারসেন্ট হবে, এটা ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে বলে দিলাম। এই কথা বলে আমি আর একবার এই যে অনাস্থা প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, you are Leader of the Opp sition. You have some responsibility in the House.

(Noise & interruptions)

(Mr. Subrata Mukherjee rose to speak)

Please, Please, Please take your seat, Mr. Mukherjee. I am on r leg. Dr. Abedin, you have some responsibility as the Leader of · Opposition. When the Hon'ble Chief Minister was replying I did : disturb them. But Hon'ble Shri Sadhan Panday, Hon'ble Shri Saug. Roy was continueously directing the Chief Minister. This should not done. I did not disturbed them then. I am pointing it out new. T cannot be done. He is showing photographs, he is showing posters. is barricating, disturbing that is not parliamentary precedure. You can disturb the speeches. All your members have spoken. The Chief M ister has the right to reply. You have no right to disturb. You can disturb. He may choose to answer the questions, he may not choose answer the questions. That is not the parliamentary procedure. Y cannot behave in this way. You should not do in this way. And y as the Leader of the Opposotion has the responsiblity to control y members. You failed to control it. Do not do it.

(Noise)

Don't disturb Dr. Abedin, let him speak.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I call your attention. Wh I was opening the debate, the entire ruling party, the treasury benc was disturbing and obstructing me. You kept silent. You have failed maintain impartiality. They disturbed me.

আমি যে অভিযোগগুলো তুলেছিলাম তা মাননীয় মুখ্যমন্ত্রী এবং ট্রেজারি বেঞ্চের মন সদস্যারা সুকৌশলে তার কোনও উত্তর দেননি। দুর্নীতির বিরুদ্ধে যে অভিযোগ তুলেছি তার কি উত্তর দিলেন, না, আপনি তদন্ত করাবেন। সি. বি. আই.কে দিয়ে কেন কোনও ত হচ্ছে না? সল্টলেকের জমির কোনও তদন্ত হচ্ছে না। পলিটিক্যাল অ্যাকটিভিটিজের ক্ষেত্রে দুর্নীতি রয়েছে তার বিরুদ্ধে আপনি একটি কথাও বলেননি। আজকে পলিটিসাইজেশন অ্যাডমিনিস্ট্রেশন—আই. এ. এস., আই. পি. এস., ডব্লু. বি. সি. এস.-দের কুক্ষীগত করে ইটাহারের ব্যাপারে আমি অভিযোগ করেছি, ১৩ জনকে আপনি অ্যারেস্ট করেছেন। সে যাদের পেটানো হয়েছে তাদের মধ্যে একজন কালকে মারা গেছে। আপনার মন্ত্রী বসে অ

ইসলামপুরে উত্তর দিনাজপুরে নয়টির মধ্যে সাতটিতে যা হয়েছে তার বিচার হবে না? ইসলামপুর, ইটাহারের কথা আপনারা বলেছেন? এই রকম ঘটনা কোনও ব্লকে ঘটেছে, যেখানে একশো রাউন্ড গুলি চলেছে? মানুষগুলো মসজিদে আশ্রয় নিয়েছিল, তাদের মসজিদে ঢুকে গুলি করা হয়েছে। একজন মহিলাকে পিঠের দিকে গুলি করেছে। এর পরেও এখানে আবার বড় বড় কথা বলছেন? আমি অভিযোগ করেছি, কাউন্টিংয়ের জন্য প্রস্তুত আছেন আপনারা? আপনাদের মহিলা এম. এল. এ. ডাকাতির নেতৃত্ব দিচ্ছেন—দক্ষিণ দিনাজপুরে ডাকাতির নেতৃত্ব দিচ্ছেন। আজকে তার তদন্ত হবে না? তদন্ত হবে না? আজকে কাউন্টিং, রিকাউন্টিং দিন।

(গোলমাল)

আজকে মাননীয় সূর্য মিশ্র অ্যামেন্ডমেন্টের ব্যাপারে বলেছেন। বইয়ের লেখা চুরি করলে তাকে কি বলে? রাজীব গান্ধী চিন্তা করেছিলেন মহিলাদের রিজার্ভেশনের জন্য, শিডিউল্ড কাস্টদের রিজার্ভেশনের জন্য। আপনাদের রঘু ডাকাতদের সঙ্গে তার তুলনা করা চলে? আপনারা স্বীকার করলেন না, রাজীব গান্ধী এটা এনেছিলেন। আপনারা সেখানে ভোট দেননি। '৭৩ সালে অ্যামেন্ডমেন্ট এনেছিলেন, আটকাতে পারলেন না। আপনারা হাফ অ্যামেন্ডমেন্ট নিয়েছিলেন, হাফ নেন নি। কাউন্টিংয়ের ব্যাপারে কোনও কথা বলেছেন? ২৫ পারসেন্ট বুথে আপনারা ইচ্ছামতো কাউন্টিং করেছেন। আমাদের একশোটা বুথে হারিয়ে দিয়েছেন।

[5-05 – 5-15 p.m.]

একটা তদন্ত হবে কিনা জ্যোতিবসু, মুখ্যমন্ত্রী তিনি তাঁকে উত্তর দিতে হবে। এতগুলো যে ফায়ারিং হল তার কি উত্তর আপনারা দেবেন? আজকে আপনাদের এস. পির কাছে আমরা এজাহার করেছি। ১০০ রাউন্ড যে গুলি হয়েছে তার কেন জুডিশিয়াল এনকোয়ারী হবে না? আজকে ডেপুটি স্পিকার রয়েছেন তিনি এর উত্তর দিন। আজকে লিডার অফ দি অপোজিশন, মিনিস্টারের র‍্যাঙ্ক হোল্ড করে, সেখানে তাকে মিনিমাম সিকিউরিটি অ্যান্ড ট্রান্সপোর্ট ফেসিলিটি তার পাওয়ার কথা। কিন্তু বিরোধীপক্ষ বলে কি আজকে কোনও সাহায্য পাবে না? আপনারা কি পুলিশ লাগিয়ে কংগ্রেসিদের মারার কাজে লাগিয়েছেন? ঝাড়গ্রামে তো এসডিপিও ওখানে নমিনেশন নিতে দিচ্ছে না। কোনও এক এম. এল. এর ভাই বাসুদেব ভকত মার্ডার কেসের আসামী, মার্ডার কেসের চার্জশীট পাওয়া আসামী জামিনে আছে এবং বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। আজকে নরেন হাঁসদাকে আপনারা আটক করলেন কিসের কারণে এবং কিসের ভয়ে এই কাজ করলেন? আজকে ভায়োলেন্স কোথায় গিয়ে পৌঁছেছে চিন্তা করুন। আপনারা কমিউন্যালিজিমের কথা বলেন কি করে? আমি গত সেশনে বলেওছিলাম যে বেহালা থানায় এবং মেটিয়াব্রুজ থানায় এনে ওখানকার মুসলমানদের জয় সীতা রাম বলাতে বলছে এবং না বললে তাদের হাত পা ভেঙ্গে দিচ্ছে। আজকে মুসলমানদের প্রোটেকশন কোথায়? আজকে পুলিশ অফিসাররা এইভাবে কান্ড করছে, সেখানে শান্তি থাকবে কি করে?

তারপরে সি. পি. এমের যে কনফারেন্স হয় যেটি রাজ্যপালের উপস্থিতিতে হয়, সেখানে ডাইরেক্টরকে দিয়ে মুসলমানদের অ্যাপিজ করা হয়েছে। হোয়াট মিনস্ এর এর থেকে, ইউ ডিফেন্ড ইট? আপনারা এই ১৬ বছরের রাজত্বকালে কটা মুসলমানকে সরকারি চ দিতে পেরেছেন? কত মুসলমান আজকে রিলিফের সাহায্য পেয়েছে? কটা মুসলমানের ঘর ভেঙ্গে গেলে তার জায়গায় বাসস্থানের ব্যবস্থা করেছেন? আজকে মুসলমানদের সবচেয়ে বড় শত্রু হয় সে হচ্ছে সিপিএম এবং তার নেতা হচ্ছে জ্যোতি বসু একথ অস্বীকার করতে পারেন? আজকে বিজেপিকে এনেছে কারা? লোকসভাতে মাত্র ২ জন আজকে সেখানে কত হয়েছে নিজেরা ভাবুন তো। কংগ্রেসিদের হারাবার জন্য বিজেপির বিহারী বাজপেয়ি এবং আদবানির সঙ্গে হাত মিলিয়েছিলেন। কেন্দ্রে সরকার গড়বে আশা করেছিলেন। You are the rout of the communalism in the whole the country. জ্যোতিবাবু যে বি জে পির সঙ্গে হাত মিলিয়েছিলেন তার প্রমাণ হি আমার কাছে একটি ছবি আছে তাতেই প্রমাণিত হবে যে তিনি ওদের সঙ্গে হাত মিলিয়েছি আপনারা আমাদের সময়ের ইলেকশনের কথা বলেছেন. আমাদের পরে লাস্ট পঞ্চা ইলেকশন ৬৯ সালে হয়েছিল তাতে তো আপনারাই ক্ষমতায় ছিলেন, কেন ইলে করেননি? আমরা তো সেখানে ৭৩টি অ্যামেন্ডমেন্ট এনেছি। Comprehensive Ame ment Bill for panchayat unification এনেছিলাম এবং নির্বাচন ডিক্লেয়ারও ক আজকে জুডিশিয়াল এনকোয়ারী করতে হবে. এই ইনজিওরি, কিলিংয়ের কম্পোসেশন হবে। পোলিং এক্জিকিউটিভ, অ্যাডমিনিস্ট্রেটিভ এক্জিকিউটিভ, পলিসি একজিকিউটিভ মামলা করার পারমিশন দিতে হবে এবং তাদের প্রসিকিউট করতে হবে। আজকে মানুষেরা মামলা করেছে You are found to inquire সিদ্ধার্থ রায় চলে যাবার পর আপনাদের রাজত্বকালের প্রথম আজ অবধি কত সম্পত্তি হয়েছে তার হিসাব করুন আমার তো মনে হয় ফরোয়ার্ড ব্লক এবং আর এস পিকে দিয়ে একটি তদন্ত করা যে আপনাদের সম্পত্তি আগে কত ছিল এবং আজকে কত হয়েছে। আপনাদের হিম্মৎ তা করার। আজকে সুব্রতবাবু যে কথা বলেছেন যে আপনাদের গন্ডারের চামড়া সত্যি অপনাদের লজ্জা নেই। commente by motion with the words on crimes I have made. ইলেকশন ভোটিং রাইট হচ্ছে একটা ইনহেরেন্ট রাইট। আজকে মানু রাইটের অধিকার দিতে হবে। আজকে আমাদের বনধে পশ্চিমবঙ্গের মানুষ সাড়া দিয়েছে সারা পশ্চিমবঙ্গে মানুষ আপনার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে। আপনারা একটা টো করুন যে ত্রিপুরার মতো এখানেও রাষ্ট্রপতি শাসনে নির্বাচন করুন। রাষ্ট্রপতি শাসন অ ৩ দিন করে নির্বাচন করুন এবং সেই নির্বাচনে নিশ্চিত আপনাদের পরাজয়। তা যদি হয় তাহলে পলিটিক্স থেকে বিদায় নিতে হবে আমাকে। সুতরাং আমাদের এখানেও ত্রিপু মতো রাষ্ট্রপতি শাসন করে নির্বাচন করুন। আজকে এখানে এমন অবস্থা হয়েছে যে রাজ্যস পর্যন্ত নির্বাচন হতে পারছে না।

আরেকটা কথা মানববাবু বলেছেন ইকনমিক্স এর কথা। আজকে ভারতবর্ষের ইকনমিক রি-অ্যাডজাস্টমেন্টের স্ট্রাকচারের ফলে এবং ইন্সট্রুমেন্ট ম্যানেজমেন্ট যা হয়েছে তা আজকে গোটা বিশ্বকে ভারতবর্ষের দিকে আকৃষ্ট করছে। আর পশ্চিমবাংলা থেকে তারা বেরিয়ে যাচ্ছে আপনাদের দেখে। আজকে সেইজন্য I commend my motion with the words I have said Sir, I seek the support of the whole House, Thank you Sir.

The motion of Dr. Zainal Abedin that—'This House expresses its want of Cofidence in the Council of Ministers', was then put and a division taken with the following results.

**Noes**

Abdul Haque, Shri

Abu Ayes Mondal, Shri

Abul Basar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adak, Shri Nitai Charan

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Lakhan

Bagdi, Shri Natabar

Bal, Shri Saktiprasad

Bandyopadhyay, Shri Debabrata

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Bose, Shri Shyamaprasad

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath

Barman, Shri Jogesh Chandra

Bauri, Shri Madan

Bera, Shrimati Chhaya

Bhattacharyya, Shri Ashoke

Bhattacharjee, Shri Buddhadeb

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshi

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shri Satyasadhan

Chakraborty, Shri Shyamal

Chakraborty, Shrimati Tania

Chakraborty, Shri Umapati

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Shri Santasri

Chatterjee, Shrimati Santi

Chatterjee, Shri Tarun

Choudhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Benoy Krishna

Choudhury, Shri Biswanath

Chowdhury, Shri Sibendra Narayan

Chowdhury, Shri Subhendu

Chowdhury, Shri Subodh

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri, Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Benod

Das, Shri Bidyut Kumar

Das Shri Nirmal

Das, Shri S. R.

Das, Shri Trilochan

Das Gupta, Shrimati Arati

Das Gupta, Dr. Asim Kumar

Das Mahapatra, Shri Kamakshyanandan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Deb, Shri Saral

Deb Sharma, Shri Ramani Kanta

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Bidyut

Ganguly, Shri Santi

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Goala, Shri Rajdeo

Ghosh, Shri Biren

Ghosh, Shri Malin

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Hazra, Shri Haran

Hazra, Shri Sachindra Nath

Hazra, Shri Samar

Hazra, Shri Sundar

Halder, Shri Krishna Chandra

Halder, Shri Krishnadhan

Hore, Shri Tapan

Id. Mohammed, Shri

Idrish Mondal, Shri

Jahangir Krim, Shri Sk.

Jamadar, Shri Badal

Jana, Shri Haripada

Jana, Shri Manindra Nath

Joardar, Shri Dinesh

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Kisku, Shri Lakshi Ram

Kisku, Shri Upendra

Konar, Shrimati Maharani

Kujur, Shri Sushil

Mahata, Shri Kamala Kanta

Mahato, Shri Satya Ranjan

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Bhandu

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Malakar, Shri Nanigopal

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mamtaz Hasan, Shri

Mondal, Shir Bhadreswar

Mondal, Shri Bhakti Bhusan

Mondal, Shri Biswanath

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Manna, Shri Janmenjoy

Md. Ansaruddin, Shri

Md. Nizamuddin, Shri

Md. Yakub, Shri

Minj, Shri Prakash

*Misra, Shri Surya Kanta*

*Mitra, Shri Biswanath*

*Mitra, Shrimati Jayasree*

*Moitra, Shri Birendra Kumar*

*Mostafa, Bin Quasem, Shri*

*Mukherjee, Shri Anil*

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Murmu, Shrik Maheswar

Murmu, Shri Sarkar

Nanda, Shri Kiranmoy

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Monaranjan

Nazmul Haque, Shri

Neogy, Shri Brajo Gopal

Omar Ali, Dr.

Oraon, Shri Jagannath

Pakhira, Shri Ratan Chandra

Patra, Shri Amiya

Phodikar, Shri Probhas Chandra

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Putatunda, Shrimati Anuradha

**Raha,** Shri Sudhan

**Ray,** Shri Achintya Krishna

**Ray,** Shri Subhash Chandra

**Ray,** Shri Tapan

Roy, Shri Banamali

Roy, Shri Mrinal Kanti

Roychowdhury, Shri Goutam

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sarkar, Shri Sisir

Sen, Shri Dhiren

Sen, Shri Sankar Kumar

Sen Gupta, Shri Dipak

Sen Gupta, Shri Prabir

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shaikh Khabiruddin Ahmed, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Khagendra Nath

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Dr. Nirmal

Sk. Nazmul Haque, Shri

Sur, Shri Prasanta Kumar

Talukdar, Shri Pralay

Tirkey, Shri Monahar

**AYES**

Abedin, Dr. Zainal

Abdul Mannan, Shri

Abu Hena, Shri

Abdus Salam Munshi, Shri

Adhikari, Dr. Tarun

Banerjee Shri Prabir

Bandyopadhayay, Shri Sudip

Basu, Dr. Hoimi

Bhowmik, Shri Manik

Bhunia, Dr. Manas

Chattopadhyay, Shri Shobhan Deb

Das, Shri Sailaja Kumar

Das, Shri Sanjib Kumar

Das, Shri Sukumar

De, Shri Ajoy

Fazle Azim Molla, Shri

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Haji Sajjad Hossain, Shri

Khaitan, Shri Rajesh

Lahiri, Shri Jatu

Maity, Shri Mukul Bikas

Mitra, Shrimati Sabitri

Motahar Hossain, Dr.

Mudi, Shri Anil

Mukherjee, Shri Subrata

Nasiruddin Khan, Shri

Nurul Islam Chowdhury, Shri

Pande, Shri Sadhan

Paul, Srimati Maya Rani

Roy, Shri Saugata

Sen, Dr. Anupam

Seth, Shri Bhupendra Nath

Sinha, Shri Atish Chandra

**Abst :**

1) Maji, Shri Pannalal

2) Purakait, Shri Probodh

3) Sarkar, Shri Deba Prasad

4) Sahis, Smt. Bilashibala

The Ayes being 34, and the Noes 188, the motion was lost

**Adjournment**

The House was then adjourned at 5.15 p.m. till 11 a.m. on Tuesday, the 15th June, 1993 at the Assembly House, Calcutta

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 15th June, 1993 at 11-00 a.m.

**PRESENT**

Mr Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 7 Ministers of State and 168 Members

1-00 — 11-10 a.m.]

**OBITUARY REFERENCE**

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Smt Hasirasi Devi, renowned author of Children's Literature and Shri B R Sen, Ex-Diplomat and former Director General of Food & Agriculture Organisation, who breathed their last after the House made Obituary Reference on 11 6 1993

**Smt. Hasirasi Debi,** the noted author of Children's Literature, breathed her last on 13.6 93, in her residence at Gobardanga. She was 82.

Born in 1911 at Khatna in Gobardanga, she took to writing at a very young age. Her literary career spanned more than fifty years during which she received many awards including the Bhuban Mohini Gold Medal from Calcutta University Her poems, stories and other writings were being regularly published in the leading periodicals such as Bharatbarsha', 'Bichitra' and 'Masik Basumati'. She excelled not only in her literary persuit but also in painting Her paintings were widely acclaimed and some of them were even sold in France Rabindra Nath Tagore and Abanindra Nath Tagore used to hold her in profound affection. Rabindranath gave her a fond name 'Chitralekha'

Her death is a great loss to the world of Children's Literature.

**Shri Binay Ranjan Sen,** the distinguished diplomat, the former Director-General of Food and Agriculture Organisation and the architect of the Freedom from Hunger Campaign, passed away on 12.6 1993 at his South Calcutta residence He was 94.

Shri Sen, the first Asian to become the head of a U.N. Organisation,

was born in 1898 and educated in Calcutta and Oxford. Having join the Civil Service in 1922, he hold various high offices under the Go ernment of undivided Bengal such as Revenue Secretary and the Rel Commissioner. In late 1943, Mr. Sen went to Delhi as Director-Gene of Food. Three years later he became the Secretary to the Fo Department and that of the Agriculture Department in 1948. In 19 he was a member of the Indian delegation to the United Nations represented the country at the Security Council. He was a Minister the Indian Embassy in Washington from May 1949 to February, 19 He was the Ambassador to Rome and concurrently to Yugoslavia 1950-51. He went to Washington as Indian envoy in 1951, returned Italy and Yugoslavia in the following year. In 1955-56 he was Amb sador to Japan. He was elected Director-General of the U.N. Food Agriculture Organisation in September 1956. He had led the In delegation to FAO's annual Conference in 1949, and to its Council three occasions. He had also led the Indian teams to the U.N. E nomic and Social Council in 1949 and 1953. Under Shri Sen's lea ship, FAO underwent a complete metamorphosis. From an organisa confined to collecting, analysing and disseminating information on and agriculture, it became a vigorous body with a crusading spiri 1958 FAO launched the world seed campaign to encourage farmer use improved varieties of seed for food crops. This was followed 1960, by the freedom-from-hunger campaign, with which the for campaign was merged. Mr. Sen was re-elected FAO chief for years in 1959. The election was virtually unopposed and unanimous November 1963, he was re-elected to that post for a further perio four years.

At his death the country has lost a prudent diplomat with a sionary zeel at large and a true gentleman.

Now I would request the Hon'ble Members to rise in their for two minutes as a mark of respect to the deceaseds.

(At this stage Hon'ble Members rose in their seats for two utes as a mark of respect to the deceaseds.)

(After two minutes)

Thank you ladies and gentleman.

Secretary will send the message of condolence to the memb bereaved families of the deceaseds.

**শ্রী ননী কর :** মিঃ স্পিকার মহাশয়, গতকাল ডাঃ জয়নাল আবেদিন সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিলেন। এটাও আপনি জানেন যে অনাস্থা প্রস্তাবের পক্ষে ৩৪ জন ভোট দিয়েছিলেন—

**মিঃ স্পিকার :** এটা হবে না, নট অ্যালাউড। কোয়েশ্চেন আওয়ারের পরে বলবেন।

## Starred Questions
## (to which oral answers were given)

[11-10—11-20 a.m.]

### Liabilities of Calcutta Tramways Company Ltd.

*1. (Admitted Question No. *14) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) Whether the amount (Rs. 218 lakhs) deposited in the Court of Chief Judge, City Civil Court, for meeting the liabilities of the Calcutta Tramways Company Limited in relation to its under taking which has been vested in the State Government under the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Act, 1976 has been distributed.

(b) if so, whether the liabilities of the Company has been met in accordance with the provisions of sub-section (3) of section 6 of the Act;

(c) if answer to (b) in the negative the reasons therefor, and

(d) how the amount has been distributed amongst the Creditors and the Contributories of the Company and under whose instructions/directions?

**Shri Shyamal Chakraborty :**

(a) Yes

(b) The Amount of Rs. 218 lacs lying with the Chief Judge, City Civil Court was withdrawn in accordance with the order of the Hon'ble High Court for meeting the liabilities of the Co.

(c) Does not arise.

(d) In accordance with the order of Hon'ble High Court Rs. 86.00 lacs has been given to the State Govt for payment to

the secured and unsecured creditors which the State Gov has already paid. The remaining amount of Rs. 132.00 lac was withdrawn by the (erstwhile) Calcutta Tramway Co. Ltd for distribution amongst the contributors in accordance with the orders of the Hon'ble High Court.

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, the Calcutta Tramways Acquisition of Undertakings Act, '76 has not been repealed, nor any part section or sub-section of this Act has been omitted by an Act of the Legislature. Further more, neither the whole act nor any part provision of this Act has been strucked down by any competent court. Sir, in the Act it has been amply described as to how the money should be distributed amongst the creditors. My question what were the compulsions before the Government to go to the High Court?

**Shri Shyamal Chakraborty :** Sir, it was discussed earlier in the Assembly at length and Hon'ble Member Shri Gyan Singh Sohan Pal also took part in the discussion So I do not understand why the similar question 'B' again raised. It is a supplementary question. I am asking Hon'ble Speaker for his ruling.

**Mr. Speaker :** The question is that Shri Gyan Singh Sohan Pal wants to know what is the necessity of State Government going to High Court. I think the State Government did not go to the High Court That has been debated. He has replied. All the answers were given in the debate. He has replied to your question. There had been an extensive debate on that and all the questions had been replied in that debate.

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, you have admitted the question and whatever was discussed earlier they have nothing to do with this You have admitted. I have given a pointed supplementary. I want to know what was the compulsion before the Government to go to the High Court. If the State Government had not gone to the High Court then he should stand up and say. Let him explain.

**Mr. Speaker :** Mr. Chakraborty, you only answer to the extent what was the nature of the litigation that started in the High Court and how it was finally decided. That will be the only answer.

**Shri Shyamal Chakraborty :** Sir, it is the erstwhile Tram Company that went to the court and court decided. According to the verdict of the court everything has been done.

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, you will kindly recall that this House during the previous session discussed a motion on the subject and in reply to that motion while participating the Government had stated that there was a out-of-court settlement Now the Government says that it was the direction of the High Court The other day they said there was out-of-court settlement. Now my question is what was the specific order of the High Court and was it in suppression of the provision of the Act?

**Shri Shyamal Chakraborty :** Sir, the same question was raised in the Assembly and the same answers were given by the Government from the Treasury Bench. Again this question was raised. We explained everything there. We explained every point. I ready to answer now but want to know the procedure.

**Mr. Speaker :** You do one thing. You give a copy of the court terminated proceedings on the Table of the House

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the company was purchased by the Government The amount was settled and (Noise) .... Sir, the amount was settled and the manner in which the payment should be made was also ..... (Noise) .

**Mr. Speaker :** Mr. Dipak Mukherjee, don't disturb

**Shri Gyan Singh Sohan Pal :** The manner in which the money should be distributed was also discussed Then it came in the shape of an Act. A Bill was brought to the Assembly Sir, you are very well aware I am sure, the Hon'ble Minister is also aware that before a Bill is brought to the Assembly, it is approved by the Cabinet And an out of court settlement was made by the Government and accordingly, they say the payment has been made My question is about the settlement that was arrived at—whether that settlement had the approval of the Cabinet and what prevented the Government from taking the House into confidence before finalising everything?

**Shri Shyamal Chakraborty :** Sir. I don't understand why the Honourable Member, the erstwhile Member, Shri Gyan Singh Sohan Pal is raising this question like this? Because it was not out of settlement, out of court settlement. It was the verdict of the Court and when the Court order is there then we must abide by the Court order This is the problem.

**Shri Gyan Singh Sohan Pal :** Where is the specific order of the

court? I am asking that only.

**Mr. Speaker :** I have told him to lay the copy of the order the table of the House. He will lay the copy of the order on the tat of the House.

**Shri Gyan Singh Sohan Pal :** Do you think any change w there and whether it was approved by the Cabinet?

**Mr. Speaker :** Let it come. Then you will see what was the the next day. You will look into this. Then you will get the answe

**Shri Gyan Singh Sohan Pal :** He will lay the copy on the tat of the House—you have given this direction. I want to know wheth the settlement that has been made had the approval of the Cabin Let him say that also

**Mr. Speaker :** He says that it is a matter of the court.

**Shri Gyan Singh Sohan Pal :** Was it passed by the Cabin Was it passed by the Assembly? It must have been approved by t Cabinet.

**Mr. Speaker :** He says that this is a matter of the court. He h made a statement earlier on the subject. He will lay a copy of order on the table of the House. Then it will be decided.

**শ্রী সৌগত রায় :** স্যার, এই প্রশ্নটা বিখ্যাত ট্রাম কোম্পানি কেলেঙ্কারী সম্প আপনি জানেন, ২ কোটি ১৮ লক্ষ টাকা আইন অনুযায়ী ক্যালকাটা ট্রামওয়েজ কোম্প অ্যাকুইজিশন অফ্ আন্ডারটেকিং অ্যাক্ট ১৯৭৬ এই অনুযায়ী আলাদা করে রাখা হয়েছিল জাজ, সিটি সিভিল কোর্টে, সাব-সেকশন ৩ অফ সেকশন ৬ অফ দি অ্যাক্ট। কিভাবে বিলি করা হবে বলা হয়েছিল। সিকিওরড এবং আন-সিকিওরড ক্রেডিটরদের টাকা দে হবে এবং বাকি যা থাকবে তার থেকে যারা কনট্রিবিউটর বা শেয়ার হোল্ডার—তারা স বিদেশি ছিলেন, বিলেতের লোক ছিলেন—তাদের দেওয়া হবে। স্টেট গভর্নমেন্ট ৮৬ টাকা সিকিওরড, আন-সিকিওরড ক্রেডিটরদের দিলেন। তাড়াহুড়ো করে আউট অফ

[11-20—11-30 a.m.]

সেটেলমেন্ট ১ কোটি ৩২ লক্ষ টাকার মধ্যে বাকি যে টাকাটা বিদেশের ট্রাম কোম্পা মালিক তাঁদের কমপেনসেসন দেওয়া হল? আমাদের জিজ্ঞাস্য আইন যেখানে হল, সিকিওর এবং আনসিকিওর সমস্ত দেয় টাকা মিটিয়ে দেওয়া হয়েছিল—মাননীয় জ্ঞান সোহন পাল মহাশয় যেটা জানতে চাইছেন—১ কোটি ৩২ লক্ষ টাকা দিয়েছেন, তার ৮৬ লক্ষ টাকায় ট্রাম কোম্পানির সিকিওর, আনসিকিওর সমস্তই দেওয়া হয়ে গেল

অনুসারে তারপর ১ কোটি ৩২ লক্ষ আউট অফ কোর্ট সেটেলমেন্ট বিদেশের মালিকদের দিয়েছেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** প্রথমত মাননীয় সদস্যের ইনফরমেশন ভুল। ২ কোটি ১৮ লক্ষ টাকার মধ্যে অ্যাকর্ডিং টু দি কোর্ট অর্ডার আমরা পুরনো পাওনাদারদের দিয়ে দিয়েছি, আর সেকেন্ড হচ্ছে ১ কোটি ৩২ লক্ষ টাকার মধ্যে ৮৬ লক্ষ টাকা এটার মধ্যেও ভুল আছে—কোর্ট অর্ডারে বিদেশি শেয়ার হোল্ডার এবং ডিবেঞ্চারদের দিয়েছি। বাকি ৪৬ লক্ষ টাকা আমাদের দেশি পাওনাদারদের মধ্যে দেওয়া হয়েছে, এইভাবেই বলা ছিল, সুতরাং কথাটা এই নয় যে সব টাকাটা বিদেশিদের দেওয়া হয়েছে কোর্ট অর্ডারে এইভাবে ডিস্ট্রিবিউশন করা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—কি কি শর্তে এবং কি কি কম্পালসনে সরকারের উপর আউট অফ কোর্ট সেটেলমেন্ট ট্রাম কোম্পানির পুরাতন মালিকদের সঙ্গে—হোয়াট ওয়ার দি কম্পালসনস অ্যান্ড হোয়াট ওয়াজ দি কনসিডারেশন—যেখানে কোর্টে লিটিগেশন আছে আপনারা সেটা বাইপাশ করে চলে গেলেন কিনা সে সম্বন্ধে বলুন।

**শ্রী শ্যামল চক্রবর্তী :** এটা বহুবার বলা হয়েছে, আউট অফ কোর্ট অর্ডারে কিছুই দেওয়া হয় নি। আগে এর আলোচনা হয়েছে, উত্তর দিয়েছি, আবার বলছি যে কোর্ট-এর অর্ডারে করা হয়েছে।

### মানিক বন্দ্যোপাধ্যায় গ্রন্থাবলী প্রকাশ

২। (অনুমোদিত প্রশ্ন নং *২) **শ্রী রবীন দেব :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ক) মানিক বন্দ্যোপাধ্যায় গ্রন্থাবলী প্রকাশ করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা; এবং

খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকর হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

ক) আছে।

খ) স্বত্বাধিকারীদের কাছ থেকে নিয়ম বিধিগত সম্মতি পাওয়া গেলে প্রকাশনার ব্যবস্থা করা হবে।

**শ্রী রবীন দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ধরনের গ্রন্থ প্রকাশ করবার জন্য আপনি কি পরিকল্পনা নিয়েছেন; এসব গ্রন্থাবলী সুলভ মূল্যে দেবার জন্য নির্দিষ্ট কী ব্যবস্থা নিয়েছেন, এবং এক্ষেত্রে কোনও বাধা আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** বাধাটাই প্রথমে বলি। এই মুহূর্তে মানিক গ্রন্থাবলী প্রকাশনার

দায়িত্বে রয়েছেন একটি প্রাইভেট সংস্থা, কিন্তু তাদের সঙ্গে সত্ত্বাধিকারীদের একটা ম চলছে। এই মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মানিক গ্রন্থাবলী প্রকাশ করবার ( আইনগতভাবে আমরা চিন্তা-ভাবনা করতে পারছি না। এই মামলা মিটে গেলে মনে হচ্ছে, আমরা গ্রন্থাবলীটি প্রকাশ করব।

**শ্রী রবীন দেব :** যে পাবলিশার এই ধরনের বিখ্যাত লেখকের গ্রন্থাবলী প্রব ক্ষেত্রে বাধা দিচ্ছেন তার বিরুদ্ধে কোনওরকম আইনানুগ ব্যবস্থা নেবার কথা ভাবছেন f

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** বিষয়টা বিচারালয়ে আছে, কাজেই বিচারালয়ের বাইরে ে এসে সরকার এক্ষেত্রে কোনও ব্যবস্থা নিতে পারেন না। এই ব্যাপারে বিচারকের রা সবাইকে মেনে নিতে হবে। তবে সরকার চাইছেন, মানিক বন্দ্যোপাধ্যায়ের মতো সাহিত্যি লেখার সুলভ সংস্করণ যাতে এই রাজ্যের মানুষ পান সেটা। তারজন্য আমরা কোর্টের অপেক্ষা করছি। তবে যতক্ষন পর্যন্ত ঐ কোর্ট মামলার নিষ্পত্তি না হচ্ছে ততক্ষণ আমরা কিছু করতে পারছি না। আমি সংশ্লিষ্ট সকলের সঙ্গে যোগাযোগ রেখেছি। সত্ত্বা হিসাবে তাঁর পরিবারের সঙ্গে একাধিকবার আমার কথা হয়েছে এবং আমার বিভাগও সঙ্গে যোগাযোগ রেখেছেন। আমরা মামলার ব্যাপারে তাদের সাহায্য করবার চেষ্টা ক

**শ্রী তপন হোড় :** ইতিপূর্বে এই বিধানসভায় নেতাজী সুভাষ রচনাবলীর ব আলোচনা হয়েছে। এই সুভাষ রচনাবলী প্রকাশ করবার ব্যাপারে এ-পর্যন্ত সরক কার্যকর ব্যবস্থা নিতে পেরেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** বিষয়টা বর্তমানে আমার বিভাগের আওতায় নেই, ব বিষয়টির সঙ্গে উচ্চশিক্ষা বিভাগ যুক্ত। তবে যতদূর জানি, এই ব্যাপারে সত্ত্বাধিকারীদে কোনও মীমাংসায় আসা যায়নি।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মানিক গ্রন্থাবলী প্রকাশের ব্যাপারে যে বাধার কথা বল সেই মামলার দ্রুত নিষ্পত্তির কোনও সম্ভাবনা আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** হাইকোর্টের মামলার দ্রুত নিষ্পত্তির সম্ভাবনা আছে কিন ঈশ্বরও বলতে পারেন না।

**শ্রী সৌগত রায় :** সম্প্রতি গৌরকিশোর ঘোষ মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর চিত্ররূপ দিয়েছেন যার যৌথ প্রযোজনায় রয়েছেন আমাদের রাজ্য সরকার এবং বাং এই ছবি করবার জন্য স্বত্বের টাকা কাকে দিয়েছিলেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** স্বত্ত্বাধিকারী যিনি ছিলেন তিনি মারা গেছেন। তাঁর নাম চৌধুরি, যিনি ইকোনোমিকস অ্যান্ড পলিটিক্যাল উইকলি চালাতেন। তিনিই বইটার ক কিনেছিলেন। কিন্তু বইটা শুরু করবার সময় তিনি মারা গেছেন। আইনানুগ টাকাট দিতে হয়েছে।

**শ্রী মানব মুখার্জি :** বাংলা মতে নতুন শতবর্ষ শুরু হয়েছে। সেক্ষেত্রে মানিক বন্দে

মহাশয়ের রচনাবলী প্রকাশের জন্য রাজ্য সরকার উদ্যোগ নিয়েছেন। এর আগে রাজ্য সরকার রবীন্দ্র রচনাবলীও প্রকাশ করেছেন। আমার প্রশ্ন, এছাড়া বাংলা সাহিত্যে দেশ এবং আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন যেসব লেখকরা রয়েছেন তাঁদের রচনাবলী প্রকাশ করবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** রবীন্দ্র রচনাবলী প্রকাশের কাজ প্রায় শেষ হয়েছে এবং মানিক বন্দ্যোপাধ্যায়ের রচনাবলী প্রকাশেরও আমাদের পরিকল্পনা আছে, নজরুল রচনাবলীর ব্যাপারেও পরিকল্পনা আছে। এছাড়া বসুমতী সাহিত্য মন্দির আরও কয়েকটি রচনাবলী প্রকাশ করেছেন সাহিত্য, ধর্মজ্ঞান এবং সমাজতত্ত্ব সংক্রান্ত বিষয়ে। এর একটিই উদ্দেশ্য, স্বল্প মূল্যে যাতে সমস্ত মানুষ এসব কিনতে পারেন। তবে বর্তমানে আমরা সামনে রেখেছি মানিক বন্দ্যোপাধ্যায় এবং নজরুলের বিষয়টা।

**শ্রী সুকুমার দাস :** আপনি নিশ্চয়ই জানেন যে, বিবেকানন্দের শিকাগো শহরে বক্তৃতা দেবার শতবার্ষিকী পালিত হতে চলেছে। সেজন্য সরকার বিবেকানন্দের শিকাগো শহরে দেওয়া বক্তৃতামালা পাবলিশ করবার ব্যাপারে চিন্তা-ভাবনা করছেন কিনা?

[11-30—11-40 a m]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** সমস্ত কাজ সরকার করবে এটা বোধ হয় ঠিক নয়। সরকার ছাড়াও বিবেকানন্দ রচনাবলী একাধিকবার প্রকাশিত হয়েছে। এইরকম প্রস্তাব এই মুহূর্তে আমাদের কাছে নেই। এছাড়াও এই বিষয়ে রামকৃষ্ণ মিশনও কাজ করছেন এবং তাদের কাজে আমরা খুশি।

**যুগান্তর ও অমৃতবাজার পত্রিকার পুনঃ প্রকাশনা**

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬) **শ্রী আব্দুল মান্নান :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ক) বন্ধ যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা দুটি চালু করার বিষয়ে রাজ্য সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা নিয়েছেন?

(খ) ঐ সংস্থায় সাংবাদিক ও অসাংবাদিক কর্মীদের দেয় প্রভিডেন্ড ফান্ডের টাকা জমা পড়েছে কিনা, এবং

(গ) না পড়লে ঐ সংস্থার মালিকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

(ক) সরকার এ ব্যাপারে মালিকপক্ষের কাছে বারবার অনুরোধ করেছেন এবং প্রস্তাবও দিয়েছেন প্রতিষ্ঠানটি খোলার জন্য। কিন্তু কোন ফল হয়নি।

(খ) ও (গ) প্রভিডেন্ট ফান্ডের বিষয়টি শ্রম বিভাগের আওতায় পড়ে। তাঁরা এ ব্যাপারে আইনানুযায়ী ব্যবস্থা নিচ্ছেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহশয় বললেন যে প্রস্তাব পাঠানো হয়েছে কিন্তু কোনও ফল হয়নি। পত্রিকাটি প্রায় দুই বছরের মতো বন্ধ আছে। এর আগেও একবার বন্ধ করে দেওয়া হয়েছিল। সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের সদস্যরা এই ব্যাপারে একাধিকবার মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করেছেন। এটা নতুন প্রশ্ন নয়, পুরানো প্রশ্ন। এটাতে পশ্চিমবঙ্গের ঐতিহ্য রয়েছে। এর আগেও একবার কংগ্রেস ইত্যাদি কথা বলে এড়িয়ে গিয়েছিলেন। এবারেও এড়িয়ে যাচ্ছেন শ্রমদপ্তরের কথা বলে। কথা হচ্ছে, কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা একটা পত্রিকার মালিক আটকে রেখেছেন এবং অনেক জায়গায় আত্মসাৎ করেছেন। দুই বছর হয়ে গেল। এখন পর্যন্ত আইনানুগ ব্যবস্থা কি কি নিয়েছেন সেটা স্পেসিফিকভাবে বলুন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি প্রথম সমস্যা থেকে সরে গিয়ে দ্বিতীয় সমস্যার যে কথা বললেন, আমি সেটাই বলছি। প্রথম সমস্যা হচ্ছে পত্রিকাটি খুলতে হবে। যেহেতু এই পত্রিকাটি ব্যক্তিগত প্রতিষ্ঠান সেহেতু এর মৌলিক দায়িত্ব সেই মালিকের, সরকারের নয়। সরকারি প্রতিষ্ঠান হলে মৌলিক দায়িত্ব সরকারের হত। তাসত্ত্বেও আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কেন্দ্রীয় একাধিক মন্ত্রী, আমি নাম বলতে চাইনা, তাদের কাছে বিশেষ প্রস্তাব দিয়েছেন। আমাদের প্রাক্তন মন্ত্রী মুখ্যমন্ত্রী বিশেষ প্রস্তাব নিয়ে ব্যাঙ্কের সঙ্গে বৈঠক করেছেন। সমস্ত রকম আলোচনা করেও ব্যর্থ হয়েছে, পত্রিকাটি খোলা যায়নি। এটা হচ্ছে মূল সমস্যা। কাজেই কেন খোলা যায়নি সেটা জানতে হলে আপনি অন্য স্তরে জেনে নেবেন অর্থাৎ রাজনৈতিক স্তরে যে মাননীয় মুখ্যমন্ত্রী প্রস্তাব দিয়েছিলেন কিনা কেন্দ্রীয় সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে। আমাদের প্রাক্তন মুখ্য সচিব, তরুনবাবু, যিনি তাদের সঙ্গে বসে, ব্যাঙ্কের সঙ্গে বসে একটা প্রায় দাঁড় করিয়েছিলেন কিন্তু সেটাও হলনা। এই উদ্যোগ যদিও সরকারের নেওয়ার কথা নয়, তবুও আমরা নিয়েছি। এই কারণে নিয়েছি যে একটা সংবাদপত্র বন্ধ হয়ে আছে, এতগুলি সাংবাদিক বসে আছেন, কিন্তু কিছু হচ্ছে না। আবার বললেন যে প্রভিডেন্ট ফান্ডের যে টাকা আত্মসাৎ করেছে সেই ব্যাপারে আইনগত ব্যবস্থা নিন। আমার তথ্য এবং সংস্কৃত দপ্তরের পক্ষ থেকে আমি আপনার সঙ্গে একমত যে এই কাজ করে অন্যায় করেছে, শাস্তি হওয়া উচিৎ। কিন্তু কতটা কি করেছে, কার কি অধিকার আছে, আইনগত কি ব্যবস্থা হবে তা সঠিক অধিকার শ্রমদপ্তরের।

**শ্রী আব্দুল মান্নান ঃ** তারিখটা ঠিক কিনা বলতে পারছি না, যত দূর মনে আছে গত বছর ১০ই ডিসেম্বর একটা রিটিন রিপ্লাইতে জানিয়েছিলেন যে চুক্তিটুক্তির ব্যাপার সম্পর্কে অবগত নন। মাননীয় মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করেছেন জানি, কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী করেছেন, অনেকে করেছেন জানি। কিছু দিন আগে বম্বে গিয়েছিলেন তরুণ দত্ত মহাশয়। একবার ঠিকও হল যে ২১ এপ্রিল খুলবে, তার প্রতিশ্রুতি পাওয়া গেল। মালিক পক্ষ ব্যাঙ্কের সঙ্গে চুক্তিও করেছে। কিন্তু মালিক পক্ষ ব্যাঙ্কের টার্মস অ্যান্ড কনডিশন না মানার জন্য টাকাও পাচ্ছে না। কারণ ব্যাঙ্ক তাকে বিশ্বাস করছে না মালিকের অতীতের কার্যকলাপের জন্য। এখানকার ১২০০ মতো কর্মচারী ক্ষতিগ্রস্ত। সরকারের হাতে এমন আইন নেই যে মালিক পক্ষের অনমনীয় মনোভাব পরিবর্তন করা যায়? যদি না থাকে একটা কঠোর আইন তৈরি করে মালিক পক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নিন। সরকার যদি চুপচাপ বসে থাকে, মালিকের ঔদ্ধত্ত মেনে

াহলে এখানকার কর্মচারিরা মার খাবে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই পরিস্থিতিতে সরকার কি আইনের আশ্রয় নিতে পারে তার খসড়া প্রস্তাব স্পিকারকে জমা দিলে ভাল হবে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্যে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। র এবং অমৃতবাজার পত্রিকা প্রকৃতপক্ষে জাতীয় মুক্তি আন্দোলনে সেই যুগে উল্লেখযোগ্য । নিয়েছিল। এই পত্রিকার সাথে যুক্ত যাঁরা বার্তাজীবীরা রয়েছেন তাঁরা আজকে ক্ষতিগ্রস্ত। র দিকে চেয়ে পত্রিকাগুলি যাতে প্রকাশিত হয় তার ব্যবস্থা করতে হবে। কারখানার ক যখন কারখানা বন্ধ করে দেয়, শ্রমিকদের সমস্ত কিছু ধ্বংস করতে চেষ্টা করে তখন রিরা উদ্যোগ নিয়ে কো-অপারেটিভের মাধ্যমে যাতে করে সেই কারখানা চালু করা যায় ব্যবস্থা করা হয়। সেইরকমভাবে যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকার যাঁরা বার্তাজীবী ন তাঁরা যদি এই ধরনের উদ্যোগ নেন কিংবা সরকার পক্ষ থেকে এই পত্রিকা প্রকাশের র এই ধরনের কোনও সহযোগিতা করার চিন্তা মাননীয় মন্ত্রীর দপ্তর ভাবছেন কিনা বন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সংশ্লিষ্ট ইউনিয়নগুলির পক্ষ থেকে কোনও কো-অপারেটিভ প্রস্তাব আমার কাছে নেই, শ্রমবিভাগে আছে কিনা জানিনা, তবে যতদূর জানি, নেই। হণের প্রশ্নে বলতে পারি কোনও সংবাদপত্রকে অধিগ্রহণ করা নৈতিক দিক থেকে, দিক থেকে ঠিক নয়। বসুমতিকে অধিগ্রহণ করা ভুল সিদ্ধান্ত ছিল আগের সরকারের।

**শ্রী প্রবীরকুমার ব্যানার্জি ঃ** যে কোনও কারণেই হোক আজ পর্যন্ত অনেক চেষ্টা করে াগুলিকে খোলা যায় নি। আপনি মোটামুটি সাংবাদিকদের স্বার্থ দেখেন, সেই জন্য নতুন কর্ণার তৈরি করে দিয়েছেন। এই সাংবাদিকদের স্বার্থে এই পত্রিকাগুলিকে সরকারের থেকে অধিগ্রহণ করার কথা বিবেচনা করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি আবার বলছি নতুন করে কোনও সংবাদপত্রকে অধিগ্রহণ নীতি এই সরকার কখনও গ্রহণ করবেন না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় তথ্যমন্ত্রীর কাছে আমি একটি প্রশ্ন করতে চাই। শ্চন ফর রিটিন রিপ্লাই একটা দেওয়া হয়েছিল এই বিধানসভায় ১০ই ডিসেম্বর ১৯৯২ তাতে দীপক চন্দ মহাশয় প্রশ্ন করেছিলেন যে তথ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় করে জানাবেন কি, যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকার পুনঃপ্রকাশের অগ্রগতি ় কোনও তথ্য রাজ্য সরকারের কাছে আছে কিনা, থাকলে কি অগ্রগতি হয়েছে ন কি? মন্ত্রী মহাশয় সরাসরি উত্তর দিচ্ছেন পুনঃপ্রকাশের কোনও তথ্য সরকারের নই। ১৯৯২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকার প্রকাশের র সরকারের কাছে কোনও সংবাদ ছিল না। ১৯৯৩ সালের এই জুন মাস, এই ৬ মধ্যে এই পত্রিকাগুলি পুনঃপ্রকাশের ব্যাপারে রাজ্য সরকারের নিশ্চয়ই একটা দায়িত্ব শ্রম দপ্তরের মন্ত্রীর দায়িত্ব আছে। যাই হোক কোনওরকম ভূমিকা না করে এই পত্রিকা ব্যাপারে উদ্যোগ নিন।

[11-40—11-50 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** মাননীয় সদস্যকে বলতে চাই তাঁদের একটা অবস্থান নির্দি জায়গায় না পৌঁছানো পর্যন্ত বিধানসভায় কিছু অসংলগ্ন কথাবার্তা বলে লাভ নেই। তাই জ আমি তখন বলেছি, আমাদের কাছে নির্দিষ্টভাবে জানা নেই। আমাদের তখন কিছু প্রাথমি কথাবার্তা ছিল। আর আপনি যাদের সঙ্গে কথা বলার কথা বললেন তাদের সঙ্গে নিয়মি কথা বলছি, কিন্তু কোনও ফল হচ্ছে না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** স্যার, এই ব্যাপারে আমার একটি প্রস্তাব আছে আপ পিয়ারলেসের সঙ্গে কোনও কথা বলবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** আমি পিয়ারলেসের সঙ্গে আজ পর্যন্ত কোনওদিন কথা বলি এবং কোনও কথা বলতে পারব না।

**সত্যজিৎ রায় এবং ঋত্বিক ঘটক পরিচালিত চলচ্চিত্রের (প্রযোজক) স্বত্ত্ব**

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী মানবেন্দ্র মুখার্জিঃ** তথ্য ও সংস্কৃতি বিভা ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রয়াত পরিচালক সত্যজিৎ রায় এবং ঋত্বিক ঘটক পরিচালিত কোন্ কে চলচ্চিত্রের প্রযোজক পশ্চিমবঙ্গ সরকার; এবং

(খ) যে চলচ্চিত্রগুলির প্রযোজক রাজ্য সরকার নয়, সেগুলির স্বত্ত্ব কিনে নে কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ**

(ক) সত্যজিৎ রায় পরিচালিত এবং পশ্চিমবঙ্গ সরকার প্রযোজিত চলচ্চিত্র

| **কাহিনী চিত্র** | **তথ্যচিত্র** |
|---|---|
| ১) পথের পাঁচালী | সুকুমার রায় |
| ২) সোনার কেল্লা | |
| ৩) হীরক রাজার দেশে | |

ঋত্বিক ঘটক পরিচালিত এবং পশ্চিমবঙ্গ সরকার প্রযোজিত চলচ্চিত্র

| **কাহিনী চিত্র** | **তথ্যচিত্র** |
|---|---|
| যুক্তি তক্কো আর গল্প (প্রযোজক এফ.এফ.সির কাছ থেকে ছবিটির স্বত্ব কিনে নেওয়া হয়েছে) | পুরুলিয়ার ছৌ |

(খ) যে চলচ্চিত্রগুলির প্রযোজক রাজ্য সরকার নয়, সেগুলি উন্নতমানের চলচ্চিত্র হলে, কাহিনী বা তথ্য চিত্র হলে সরকার কোনও কোনও ক্ষেত্রে কিনে থাকেন।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** স্যার, এমনিতে মন্ত্রীর উত্তর থেকে এটা পরিষ্কার যে, এই দু'জন ত্র পরিচালক সত্যজিৎ রায় এবং ঋত্বিক ঘটকের মধ্যে একমাত্র পথের পাঁচালি ছাড়া নও ছবির প্রযোজক কংগ্রেস ছিল না।

**শ্রী সৌগত রায় ঃ** ভুল তথ্য, ওঁকে একটু বোঝান।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য ভুল করেছেন। পথের পাঁচালি হয়েছিল অনেকদিন াগে। সোনার কেল্লা সুব্রতবাবু করেছিলেন। হীরক রাজার দেশে এবং সুকুমার রায় আমরা রেছিলাম।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** তৃতীয় প্রতিভা ঋত্বিক ঘটকের কাজ কংগ্রেস সরকারের ছিল ভবিষ্যৎ প্রজন্মের কাছে এই দু'জনের ছবি আমাদের রাখতে হবে যাতে মানুষের কাছে উজ্জ্বল জ্যোতিষ্কদের আমরা তুলে ধরতে পারি। আমি মন্ত্রীর কাছে সুনির্দিষ্টভাবে জানতে —বিশেষ কোনও ব্যবস্থা ওরা করেননি—ঋত্বিক ঘটক এবং সত্যজিৎ রায়ের সব ক'টি প্রিন্ট কন্ডিশন যাই থাকুক না কেন, রাজ্য সরকার তা কিনে নিন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সত্যজিৎ রায় সম্পর্কে বিশেষভাবে বলতে পারি, আমরা যে ল্ম আর্কিভ করেছি, তাঁর সমস্ত স্বত্ব কিনতে পারিনি, কয়েকটি স্বত্ব কেনবার চেষ্টা করছি। র প্রতিটি প্রিন্ট, একমাত্র উনি যে ডকুমেন্টারি ফিল্ম সিকিমের উপরে করেছিলেন সেটি দেশে চলে গেছে, এটি ছাড়া সব ক'টি দেখাতে পারি। সত্যজিৎ রায় সম্পর্কে বলতে পারি, র সমস্ত ফিল্ম, সমস্ত ছবি নন্দনে আছে, আমি তা দেখাতে পারি ঋত্বিক ঘটকের একটি মরা কিনেছি, যুক্তি তক্কো আর গল্প কিনেছি। অন্য একটি, তিতাস একটি নদীর নাম মরা কিনছি। এই দুটি ফিল্ম ছাড়া একটি ঋত্বিক ঘটক ট্রাস্ট তৈরি হয়েছে। ট্রাস্টের হাতে টি ফিল্মের উপরে মামলা থাকায় আটকে ছিল। সরকারিভাবে মামলায় আমরা জিতেছি। মরা ঐ ট্রাস্ট তৈরি করেছি যাতে ভবিষ্যতে এই ফিল্মগুলো দেখাতে পারি। আমরা তাঁদের থে সহযোগিতা করি।

**শ্রী মানব মুখার্জি ঃ** নন্দনে যে সত্যজিৎ রায়ের আরক্রাইডস্ ফিল্মগুলো রাখা হয়েছে একটি গুরুত্বপূর্ণ জিনিস গড়ে উঠেছে। এটি একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র গড়ে উঠেছে এবং ভারতীয় চেহারা এতে পাবে। এখানে যে ডাইমেনশন যার শিলান্যাস করা হয়েছে এটি টি ফিল্ম ইনস্টিটিউট, এটি পরিপূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় কাজ হচ্ছে। নীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন এই ফিল্ম ইনস্টিটিউটটির কাজের যথেষ্ট গতি আছে কিনা, কার এই ব্যাপারে অবহিত আছেন কিনা, কিভাবে কাজ এগোচ্ছে এটা জানান?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই প্রশ্ন এখানে ঠিক প্রযোজ্য নয়। একটি সংবাদপত্রে আমি খবর পড়েছি। আমি নিজে পড়ে অবাক হয়ে গেছি। আমাদের দায়িত্ব ছিল জমি বিলির, বিলি করা হবে বিনা মূল্যে কেন্দ্রীয় সরকারকে। এই ছিল আমাদের শর্ত। আমরা সমস্ত

জমি কেন্দ্রীয় সরকারের কাছে হস্তান্তর করে দিয়েছি। যখন এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উপস্থি ছিলেন তখনও পর্যন্ত জমি সংক্রান্ত কোনও মামলা ছিল না, পরে মামলা হয় এবং রাজ্য সরকারকে বলা হয় নিষ্পত্তি করার জন্য, আমরা নিষ্পত্তি করেও দিয়েছি। ওখানে যেসব কৃষক ছিল তাদের সরাতে হয়েছে এবং অন্য জায়গায় পাঠিয়ে তাদের খানিকটা ক্ষতিপূরণ ইত্যাদি আইনগত এবং মানবিকতার কারণে আনুষ্ঠানিকভাবে ডি.এমকে দিয়ে দিয়েছি। এই ৩টে দায়িত্ব আমাদের ছিল আর বাকি সমস্ত কাজ কেন্দ্রীয় সরকার করবে। কেন্দ্রীয় সরকার ল্যান্ড স্কেপিং, বাড়ি কত তলা করবেন, কিভাবে করবেন তারাই ঠিক করবেন। এইসবের জন্য কেন্দ্রীয় সরকার সি.পি.ডব্লিউ.ডিকে দিয়েছেন। তাদের কি পরিকল্পনা, তাদের কে আর্কিটেক্ট সব তারাই ঠিক করেন। কেন্দ্রীয় সরকার দিল্লিতে মিটিং ডাকলে আমাদের সেক্রেটারিকে সেখানে যেতে হয়। আমাদের আর কোনও দায়িত্ব নেই, অধিকারও নেই। একটি সংবাদপত্র কি করে এই খবর বার করল এবং শুধু এই নয় তাই নিয়ে সম্পাদকীয়তেও বেরিয়েছে

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় মন্ত্রী যে সত্যজিৎ রায়ের উপরে ফিল্ম আরকাইডস তৈরি করেছেন এবং তাতে কিছু প্রিন্ট যে খারাপ আছে সেই ব্যাপারে ফিল্ম রেসটোরেশনের জন্য আমেরিকা থেকে একজন রেস্টোরারকে নিয়ে এসেছেন। তিনি কয়েকটি প্রিন্ট দেখে অবস্থা খু খারাপ মন্তব্য করেছেন এবং সেটা প্রিন্ট করার চেষ্টা করছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই কি শর্তে আমেরিকার হলিউড থেকে ওই রেস্টোরার নিয়ে আসা হল এবং তার সঙ্গে কি চুক্তি হয়েছে এবং এখনো পর্যন্ত কতদূর কাজ এগিয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** এটা মূলত সন্দীপ রায়ের সঙ্গে কথাবার্তাতে ঘটেছে। ও জিনিসগুলো খুবই দুষ্প্রাপ্য জিনিস, সেই কারণে আমরা অর্থাৎ রাজ্য সরকারের সঙ্গে বা সন্দীপ রায় এবং তার ফ্যামিলি এই নিয়ে আলোচনা করেন। আমাদের রূপায়ণ ল্যাবেরোটরিতে তার প্রিন্টও করতে দেওয়া হয়। রাজ্য সরকারের তরফ থেকে সাহায্য হিসাবে এই কাজ করা হয়েছে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বি.এড. কলেজগুলিতে শিক্ষক/শিক্ষিকাদের শূন্য আসন পূরণের ব্যবস্থা

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) **শ্রী আবদুল মান্নানঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন বি. এড. কলেজগুলিতে শিক্ষক/শিক্ষিকাদের জন্য নির্দিষ্ট আসনগুলির বেশিরভাগই প্রার্থীর অভাবে শূন্য থাকে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, শিক্ষক/শিক্ষিকাদের জন্য নির্দিষ্ট আসনগুলি অ আবেদনকারীদের দ্বারা পূরণ করার কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা; এ

(গ) বি.এড-এর ছাত্র-ছাত্রীদের বর্তমানে কি হারে স্টাইপেণ্ড দেওয়া হয়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না,

(খ) প্রশ্ন ওঠে না,

(গ) মাসিক ৭৫ টাকা

**দলকার জলা সংস্কার**

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গোঘাটের "দলকার জলা" সংস্কারের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

গো-ঘাটের 'দলকার জলা' সংস্কারের ব্যাপারে প্রয়োজনীয় জরীপের কার্য গত মার্চ মাস হতে হুগলি ইরিগেশন ডিভিশনের অন্তর্গত আরামবাগ সাব-ডিভিসনের মাধ্যমে শুরু করা হয়েছে, বর্তমানে জরীপের কার্য চলিতেছে এবং জুন মাসের শেষ নাগাদ জরীপের কার্য সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

জরীপের কার্য সমাপ্ত হইবার পর প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে 'দলকার জলা' সংস্কারের প্রকল্পটি রচনা করা হইবে। প্রকল্পটি আগস্ট সেপ্টেম্বর নাগাদ পাইবার সম্ভাবনা আছে, প্রকল্পটি পাওয়ার পর নিয়ম অনুযায়ী অনুমোদনের ব্যবস্থা করা হইবে এবং অর্থের সংস্থান অনুযায়ী রূপায়ণের ব্যবস্থা করা হইবে।

**Coal Cess dispute between State Government and Coal India**

*7 (Admitted Question No. *74) **Shri Sougata Roy:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether dispute between one State Government and Coal India on the issue of Coal Cess has been resolved;

(b) if so, details thereof;

(c) if not, the reasons thereof?

**The Minister-in-charge of the Finance Deptt.:**

(a) The problem as regards the Collection of Coal Cese from Agencies of Coal India has not yet been resolved.

(b) In view of reply against (a), the question does not arise.

(c) The subsidiaries of Coal India an amount of Rs. 562.40 crc on account of Coal Cese payable to the State Govt. u 31.1.93. They have not paid this amount apparently on ground that Coal bills of the Coal India subsidiaries had been settled in full, the amount of such unpaid Coal bills be Rs. 200.02 Crores as on 31.1.93.

### শূন্য পদে শিক্ষক নিয়োগ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** ৭.৪.৯৩ তারিখে উপস্থা তারকিত প্রশ্ন নং *৩৫২ (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে f (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উক্ত খালি পদগুলিতে কবে নাগাদ শিক্ষক নিয়োগ করা হবে বলে আশা যায়, এবং

(খ) যে বিদ্যালয়গুলিতে শিক্ষক কম আছে সেগুলির কাজ ঠিকমতো চলছে কি

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক শিক্ষক নিয়োগ সংক্রান্ত অনেকগুলি মামলা মহামান্য কলকাতা হাইবে বিচারাধীন থাকার জন্য এবং উক্ত হাইকোর্টের অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা থা জন্য কবে নাগাদ খালি পদগুলিতে শিক্ষক নিয়োগ করা হবে বলা সম্ভব হ না।

(খ) কিছুটা অসুবিধা হলেও বিদ্যালয়গুলির কাজ ঠিকমতো চালানোর চেষ্ট হচ্ছে।

### সুভাষ-রচনাবলী

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (উচ্চতর) বি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"সুভাষ-রচনাবলী" প্রকাশের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা চলছে। কাজটি শুরুর জন্য এ বছর বাজেট টাকাও বরাদ্দ করা হয়েছে। তবে সম্পূর্ণ কাজটি এখনও প্রাথমিক স্তরেই আছে।

## Leave of Absence

**Mr. Speaker :** I have a letter from M.L.A. Shrimati Gillian F mary Hart informing me that she will be out of India during

;ion and prays for leave of absence for this period as she will not able to attend this Assembly session. I think the House grants her ɾe of absence.

(Voices : Ayes)

The leave of absence is granted.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received seven notices of Calling :ntion, namely :-

| | |
|---|---|
| Alleged corruption in the distribution of plots at Salt Lake, Calcutta. | : Shri Saugata Roy |
| Non-availability of clearance from the Union Forest and Environment Ministry for the 500 M.W. Budge Budge Power Plant of the C.E.S.C. | : Shri Dipak Mukherjee |
| Non-availability of proper treatment of Gastro-enteritis in the Hospitals of the State resulting in death of hundreds of lives. | : Shri Abdul Mannan |
| Alleged attempt to murder one Rejaul Karim, Secretary Najrul Academy on 9th June, 1993 | : Shri Lakshman Chandra Seth |
| Reported arrest of a Joint Secretary of Finance Department against the charge of cheating regarding the distribution of plots at Salt Lake | : Shri Ajoy De |
| Reported postponement of the work of the proposed Satyajit Ray Film Institute | : Shri Tapan Hore and<br>: Shri Kehiti Goswami |
| Reported outbreak of Melaria | |

and Fever in Dhupguri and
Dooars area of Jalpaiguri
district. : Shri Nirmal Das

**Mr. Speaker :** I have selected the notice of Shri Dipak Mul on the subject of Non-availability of clearance from the Union and Environment Ministry for the 500 M.W. Budge Budge powe of the C.E.S.C.

The Minister-in-charge may please make a statement to-c possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The Statement will be mε 21st June 1993.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Seventh Report of the Subject Comn on Education and Information & Cultural (1993-94) o Pre-Voting Budget Scrutiny

**The Chairman (Shri Partha De) :** Sir, I beg to prese Seventh Report of the Subject Committee on Education and Infor & Cultural Affairs (1993-94) on Pre-Voting Budget Scrutiny.

### Presentation of the Fifth Report on Pre-Voting Budget Sc of the Subject Committee on Public Works, 1993-94

**The Chairman (Shri Barindra Nath Koley) :** Sir, I b present the Fifth Report on Pre-Voting Budget Scrutiny of the S Committee on Public Works, 1993-94.

### Presentation of the Sixth Report of the Subject Committe Panchayat, 1993-94, on Pre-Voting Budget Scrutiny

**Shri Manik Chandra Mondal :** Sir, with your permission, to present the Sixth Report of the Subject Committee on Panc 1993-94, on Pre-Voting Budget Scrutiny.

### Presentation of the Seventh Report of the Subject Comm on Health & Family Welfare, 1993-94, West Bengal Legis Assembly on Pre-Voting Budget Scrutiny

**The Chairman (Dr. Gouripada Dutta) :** Sir, I beg to prese Seventh Report of the Subject Committee on Health & Family We 1993-94 on Pre-Voting Budget Scrutiny.

## 'resentation of the Sixth Report of the Subject Committee on Welfare, Tourism and Sports & Youth Services, 1993-94 on Pre-Voting Budget Scrutiny

**Shri Badal Jamadar :** Sir, with your permission, I beg to present e Sixth Report of the Subject Committee on Welfare, Tourism and orts & Youth Services, 1993-94, on Pre-Voting Budget Scrutiny of e Departments of Welfare, Tourism and Sports & Youth Services.

## Presentation of the Fourth and the Fifth Pre-Voting Budget crutiny Reports of the Subject Committee on Agriculture and Food & Supplies, 1993-94

**The Chairman (Shri Prabhas Chandra Phodikar) :** Sir, I beg to esent the Fourth and the Fifth Reports on Pre-Voting Budget Scrutiny the Subject Committee on Agriculture and Food & Supplies, 1993-94.

[11-50—12-00 p.m.]

## POINT OF ORDER

**শ্রী ননী কর ঃ** স্যার, আমি যে কথাটা আপনাকে বলতে চাইছিলাম, যে গতকাল ওরা অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছিলেন তাতে ওদের পক্ষে ৩৪ জন ভোট দিয়েছিলেন। আপনি নেন স্যার এবং আমরা সকলেই জানি ওরা যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছিলেন সেটা নও গুরুত্ব দেওয়ার জন্য নয়। কারণ কোনও ডিসিপ্লিন ওদের মধ্যে নেই। কিন্তু স্যার, ইন তো একটা আছে। স্যার, ৩৯ জন ওদের পক্ষে দাঁড়িয়েছিল, যদিও সদস্য সংখ্যা তার ক কিঞ্চিৎ বেশি, কিন্তু ভোট দিয়েছিলেন ৩৪ জন। ওরা হুইপ জারি করেছিল এবং এটা জেও বেরিয়েছে, কিন্তু অনেকে ওদের হুইপ মানলেন না। আপনি জানেন স্যার, হুইপ যদি ঃ না মেনে থাকে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা আপনি নিতে পারেন। আপনি জানেন র, ওদের নেতাকে কেউ মানেনা এবং নেতার সঙ্গে কারোর সম্পর্কও থাকে না। স্যার, নি আইনজ্ঞ, হুইপ জারি করার পরও যদি কেউ হুইপ না মানে তারপর সে সদস্য তে পারেনা। এই ব্যাপারটা আমি আপনার দৃষ্টিতে আনতে চাইছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগেও একদিন এই বিষয়টা া সভায় আলোচনা হয়েছিল। আপনি একটা জিনিস ওদের শিখিয়েছিলেন, যে হুইপজারি ক্ষণ পর্যন্ত না আপনাকে জানানো হচ্ছে সরকারিভাবে যে কোনও দল তার সদস্যদের হুইপ জারি করেছে, ততক্ষণ পর্যন্ত আপনি সেই ব্যাপারে ইন্টারফেয়ার করতে পারেন আমাদের দলের ব্যাপারে আপনাদের মাথা খারাপ হয়ে গেছে। এটা আমাদের দলের স্ব হুইপ ছিল। এই ব্যাপারে বিভ্রান্ত না হয়ে আপনি একটু হাবড়ার দিকে নজর দিন। ণ বি.জে.পি ঐ এলাকা দখল করে নিয়েছে। আপনি ঐদিকে মনোনিবেশ করুন যাতে জে.পি. মাথাচাড়া দিয়ে উঠতে না পারে, তাহলে বিধানসভায় ঐ আসন রক্ষা করা আপনার মুশকিল হবে। আমাদের হুইপ নিয়ে ইন্টারফেয়ার করবার কোনও অধিকার আপনাদের

নেই।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগেরবার আমি প্রশ্নটা তুলেছিলা এটা ঠিকই যে আমার নিজের যা খবরাখবর আছে সেটা হ'ল ওরা হুইপ জারি করেছিলে আপনাকে সেটা যদি জানানো না হয়—সুদীপবাবু যেটা বলছিলেন—আমি অনুরোধ করব ওদের চিফ হুইপের কাছ থেকে সেটা জেনে নেওয়া হোক যে হুইপ জারি করা হয়েছি কিনা? হুইপ জারি করা হ'লে ঐ সমস্ত মেম্বারদের অ্যান্টি ডিফেকশন চার্জে মেম্বারশি খারিজ করা হোক। আপনি স্যার, বারবার এই হাউসে ঐতিহাসিক সব রুলিং দিয়েছেন। লেজিটিমেট, তাই আপনার কাছে অনুরোধ করব যে এর প্রতি যথাযথ গুরুত্ব দিয়ে আ ডিফেকশন চার্জ এনে যারা ছিলেন না তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী ননী কর এক সিনিয়ার মেম্বার, তিনি একটি প্রশ্ন তুলেছেন, আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলতে কংগ্রেসের কালকে মেম্বার কম ছিল সেইজন্য দেখলাম উনি খুব উদ্বিগ্ন, দুঃখিত। স আমাদের কংগ্রেসের মেম্বার যারা উপস্থিত ছিলেন তারা সবাই অনাস্থা প্রস্তাবের পক্ষে দিয়েছেন। এই হাউসে আমরা বহুদিন থেকেই দেখছি ঐ বাঘের চোখের মতোন দুটি অ্যাব ভোট ঐ ভোটযন্ত্রে অনেক সময় ওঠে। কংগ্রেসের সদস্যরা কোনও সময় সবুজে ভোট কোনও সময় লালে ভোট দেন কিন্তু এস.ইউ.সি.আই-এর মেম্বার দুজন ঐ বাঘের চে মতোন অ্যাবস্টেন হিসাবে ভোট দেন। সরকারপক্ষের লোকরাও একটা ভোট দেন। কিন্তু গতকাল দেখলাম যে ৪টি অ্যাবসটেন বাটন পুস করা হয়েছিল। অর্থাৎ বামফ্রন্টের সদস্য বামফ্রন্টের পক্ষে ভোট দেন নি। বামফ্রন্টের মধ্যে তাহলে বিরোধ এসে গি বামফ্রন্টের যে দুজন অ্যাবসটেন থেকেছেন তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে জানতে চাই। এই যে দলের বিরুদ্ধে ভোট দেওয়া হয়েছে, যে দুজন দিয়েছেন, সেই দু বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে জানান। তারা বামফ্রন্ট ছেড়ে দিয়েছেন কিনা জানাবেন

**Mr. Speaker :** Yes, Dr. Abedin, what do you say?

**Dr. Zainal Abedin :** I beg to be silent in this part. You author of this discussion. Please enlighten us.

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** I am quoting from Sub-rule (b) of Rule 2 o 10th Schedule of the Constitution of India.

"Disqualification on ground of defection :- (1) Subject to the visions of paragraph 3, 4 and 5, a member of a House belongi any political party shall be disqualified for being a member c House—

(b) If he votes or abstains from voting in such House contr [illegible] by the political party to which he belongs

person or authority authorised by it in this behalf, without obtaining either case, the prior permission of such political party, person or hority and such voting or abstention has not been condoned by such itical party person or authority within fifteen days from the date of h voting or abstention."

Rule 3, 4 & 5 does not apply in this connection.

Now, the relevant question arises—whether a whip was issued or and if the whip was issued whether it was intimated to the Speake not. Whether intimation to Speaker is mandatory or not is another stion.

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ব্যাপারে সিদ্ধান্ত যা নেওয়ার নি নেবেন। আমি যেটা বলতে চাই, মাননীয় সদস্য মান্নান সাহেব যেটা বললেন যে কে বামফ্রন্টের দুজন সদস্য অ্যাবসটেন করেছিলেন, ঘটনাটা কিন্তু তা নয়। ইলেকট্রনিক র্ড যন্ত্রে ত্রুটির জন্য। এটা হয়েছিল এবং তাঁরা সঙ্গে সঙ্গে অ্যাসেম্বলির সেক্রেটারির কাছে তাঁদের ব্যাপারটা ঠিক করে দিয়ে গিয়েছেন। বামফ্রন্টের সমস্ত সদস্যই অনাস্থা প্রস্তাবের ক্ষেই ভোট দিয়েছেন।

[12-00—12-10 p.m.]

**মিঃ স্পিকার ঃ** মিঃ ননী কর আমাদের রুলসে আছে, যে কোনও রেফারেন্স করতে পিটিশন করতে হয় স্টেটিং দি গ্রাউন্ড। আপনি পিটিশন না দিলে হবে না। ক্লজ সিক্সে রিকয়ার্ড এ পিটিশন স্টেটিং দি গ্রাউন্ড। তা ছাড়া হবে না, আপনি পিটিশন দিন।

**শ্রী ননী কর ঃ** আমি তো লিখিত দেব। আমি আজকে তুললাম এই কারণে, ডাঃ ল আবেদিন খবরের কাগজে যা বলেছিলেন, সেটা অসত্য কিনা জানতে চাইছি। কারণ আজকে এখানে অন্য কথা বললেন। কারণ যখন আলোচনায় যাব, তার আগে ব্যাপারটা নিতে চাইছি। আপনার কাছে তিনি কোনও হুইপের নকল দিয়েছেন কি না? আপনি বিরোধী দলের নেতাকে জিজ্ঞাসা করলেন তখন তিনি এড়িয়ে গেলেন, এই সম্পর্কে কিছু বলছেন না। খবরের কাগজ এখানে আছে, উনি আপনার কাছে বলুন উনি হুইপ করেছিলেন কি না এবং হুইপের কথা খবরের কাগজে বলেছেন কি না, আমি াকে লিখিত দিচ্ছি।

**Mr. Speaker :** Mr. Nani Kar that question becomes irrelevant petition has been filed.

**শ্রী ননী কর ঃ** আমি লিখিত দিচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার নির্দেশের পরে ননীবাবু যেটা ন যে সংবাদপত্রে জয়নাল আবেদিন সাহেব বলেছেন। ননীবাবু কি এটা আলোচনায়

নিয়ে আসতে চান? তাহলে সংবাদপত্রের সংবাদ নিয়ে আমরা এখানে আলোচনায় অ জ্যোতিবাবু এবং রশিদের ছবি পাশাপাশি সংবাদপত্রে দিনের পর দিন বেরোচ্ছে। সংবাদপত্রে নয় একাধিক সংবাদপত্রে বেরোচ্ছে। এইগুলো কি অ্যালাও করবেন আলো জন্য? ননীবাবু কি সেই সম্পর্কে আলোচনা করতে রাজি আছেন?

**মিঃ স্পিকার ঃ** ননী করের প্রশ্নটা তা নয়। উনার বক্তব্য হচ্ছে আপনাদের ৩ সমর্থন করেছিলেন। কিন্তু ভোটের সময় ৩৪ হয়ে গেল, এটাই উনি জানতে চাইছেন কারণ কি?

## MENTION CASES

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননী বিপনণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি তাঁকে অনুরোধ করতে চাই, আমার বি কেন্দ্র নলহাটিতে গোপালপুর থেকে মধুরা আমাইপুর পর্যন্ত এলাকার চাষীরা প্রচুর ফলায়, কিন্তু চাষীরা সেই ফসলের ন্যায্য দাম পায় না একমাত্র রাস্তার জন্য। গোপালপুর থেকে মধুরা আমাইপুর পর্যন্ত মাত্র চার থেকে সাড়ে চার কিলো মিটার যাতে ভালভাবে পাকা করে তৈরি করা হয় তার জন্য আমি কৃষি-বিপণন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি আজকে এখানে উপস্থিত আছেন। তাঁর স্মরণ আছে যে, গতবার তিনি যখন নলহাটি গিয়েছিলেন তখন সেখানকার মানুষ কাছে ডেপুটেশন দিয়েছিল। রাস্তাটির অভাবে ওখানে চাষীরা ফসলের কোনও মূল্যই না। অবিলম্বে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন এবং এখন হাউসে এ বিষয়ে কিছু

**শ্রীমতী মায়ারানী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জন-স্বার্থে এবং গণতন্ত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে কিছু বলতে চাই এবং বিষয়টি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৩০শে মে তারিখের নির্বাচনে প্রকাশিত হবার পর আমাদের পৌরমন্ত্রী মাননীয় বুদ্ধদেববাবু ঘোষণা করলেন, "বহর মানুষ ক্ষমতা দিল চোরেদের হাতে।" গত ১লা জুন তারিখ 'বর্তমান' পত্রিকায় এ বেরিয়েছে। বহরমপুরের অধিকাংশ মানুষ কংগ্রেসকে ভোট দিয়ে ক্ষমতায় বসিয়েছে। বুদ্ধদেববাবুর কথা অনুযায়ী কংগ্রেস যদি চোর হয় তাহলে বহরমপুরের অধিকাংশ নাগরি চোর। গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার ফলে বহরমপুরের জনগনকে বুদ্ধদেববাবু চোর অপবাদে ভূষিত হতে হ'ল! বামফ্রন্টের গণতন্ত্র এবং জনগণের প্রতি এই হচ্ছে নমুনা! মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুদ্ধদেববাবুর এই অশালীন এবং ফ্যাসিস মনোভাবের তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং তিনি তাঁর ঐ মন্তব্য প্রত্যাহার করে বহ মানুষের কাছে নিঃশর্ত ক্ষমা চান, এই দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবার ২ তারিখ রানাঘাট সড়ক-পাড়ায় আমাদের সি.পি.আই(এম)-এর পার্টি অফিসটিতে রাত সময় আগুন লাগিয়ে দেওয়া হয়েছে। আগুন জ্বলতে দেখে লোকজন সেখানে বেরি আগুন নেভাবার চেষ্টা করে। তারপর খোঁজ নিয়ে দেখা যায় ঐ আগুন লাগাবার

হু দিয়েছে কংগ্রেস নেতা বিমল সরকার। তাঁর সাথে ছিল তাঁর সিকিউরিটি রিভালভার সেখানে কোনও উত্তেজনা ছিল না বা অন্য কোনও রকম পরিস্থিতি ছিল না। ওখানে সরকার মানুষকে ভয় দেখাবার কাজে তার সিকিউরিটিকে ব্যবহার করছে, গুলি করার দেখাচ্ছে। আমি এই ঘটনার তদন্ত দাবি করছি। আমরা চাই না রানাঘাটে কোনওরকম ন্তর সৃষ্টি হোক। ওখানে যা কিছুই হোক না কেন আমরা বসে তাড়াতাড়ি তা মেটাবার করি। অথচ কোনও উত্তেজনা ছাড়াই আমাদের পার্টি অফিসে আগুন লাগানো হ'ল, ছবি পুড়িয়ে দেওয়া হ'ল। আমি দাবি করছি এই ঘটনার দোষী ব্যক্তিকে গ্রেপ্তার করা এবং শাস্তি দেওয়া হোক এবং ঐ ব্যক্তির সিকিউরিটি কেড়ে নেওয়া হোক। কারণ সে উরিটিকে দিয়ে সাধারণ মানুষদের রিভলভার দেখিয়ে ভয় দেখাচ্ছে। এই অবস্থায় আমি টর প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ র প্রতি আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সি.পি.এম গত ত নির্বাচনের পর যেমন কংগ্রেস, ফরোয়ার্ড ব্লক এবং সি.পি.আই. কর্মীদের ওপর র শুরু করেছে তেমন রাজ্যের সর্বত্র সাধারণ মানুষদের ওপরও অত্যাচার শুরু করেছে। য়ে দুঃখের বিষয় তারা সংবাদপত্র এবং সাংবাদিকদের ওপরও অত্যাচার নামিয়ে । আমি সেই অত্যাচারের কয়েকটা নমুনা এখানে তুলে ধরতে চাই। নদীয়া জেলায় ' পত্রিকার সংবাদদাতা দেবগোপাল মিত্রকে নদীয়া জেলার সি.পি.এম পার্টির সম্পাদক ার হুমকি দিয়েছে। বেলা সাড়ে ১২-টার সময় তাঁর বাড়িতে গিয়ে তাঁকে প্রকাশ্যে 'যদি সি.পি.এম বিরোধী কিছু লেখা হয় তাহলে খুন করে জলঙ্গী নদীতে ফেলে হবে।' আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি। চুঁচুড়ায় বর্তমান পত্রিকার সাংবাদিক অধিকারীর বাড়িতে তাঁর অনুপস্থিতিতে তাঁর স্ত্রীকে হুমকি দেওয়া হয়েছে। গত ৮ মহাকরণের সামনে সাংবাদিকদের পুলিশ লাঠি-পেটা করেছে। সাংবাদিকদের উপর

12-10—12-20 p.m.]

ম এবং পুলিশের যৌথভাবে এই যে অত্যাচার এতে করে গণতন্ত্রের কণ্ঠ রোধ হবে। র স্বার্থে এই সমস্ত ঘটনার যথাযথ তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তির দাবি আপনার মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

**দীপক মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বজবজ হচ্ছে দক্ষিণ ২৪- জেলার গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চল। ওখানে সি.ই.এস.সির পাওয়ার প্রোজেক্ট হয়েছে, ইন্ডিয়ান অয়েল ইন্সটলেশন হয়েছে এবং সব জুটমিল ঐ এলাকায় আছে। এই সমস্ত র যোগাযোগকারী যে সড়কটি বজবজ ট্রাঙ্ক রোডে সেই রাস্তাটি আস্তে-আস্তে সঙ্কুচিত চ্ছ। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাতে চাইছি, এখন বজবজ ট্রাঙ্ক রোডটি প্রশস্ত করার জন্য উপযুক্ত পরিকল্পনা নেওয়া হোক। ব্যস্ত রাস্তাটি াবে রক্ষণা-বেক্ষণ এবং চওড়া করার ব্যবস্থা নেওয়া হলে শিল্পাঞ্চল গড়ে তোলার ক পরিকাঠামো বামফ্রন্ট সরকারের ১৬ বছর রাজত্বে গড়ে উঠেছে এবং আগামী রাস্তাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বজবজ ট্রাঙ্ক রোডের দুই ধারে যে সমস্ত

বে-আইনি দোকান গড়ে উঠেছে সেগুলি উচ্ছেদ করে দেবার এবং পাশাপাশি ঐ রা উপযুক্ত চওড়া করে শিল্পের পরিকাঠামোকে আরও সুবিধা করে দেবার জন্য মাননীয় পূর্ত কাছে আবেদন রাখছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমব মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৩০ মে, কৃষ্ণনগরে পৌর নি অনুষ্ঠিত হয়েছে। কিন্তু ১৯ মে, আমরা দেখতে পেলাম, কৃষ্ণনগর স্টেশনের কাছে ৫ ওয়ার্ডের কমিশনার দিলীপ শর্মা এবং ভাতজাঙ্গা অঞ্চলের পঞ্চায়েত সদস্য কমল ঘো পুলিশ গ্রেপ্তার করলেন। গ্রেপ্তার করে পুলিশ তাঁদের নির্বিচারে পেটায়। একজন নি কমিশনার এবং একজন নির্বাচিত গ্রাম পঞ্চায়েত সদস্যকে পুলিশ প্রহার করলেন এবং কাছে সার্ভিস রিভলবার দিয়ে দেওয়া হল। পুলিশ দিলীপ শর্মাকে খুন করতে চেয়ে এবং পঞ্চায়েত সদস্য কমল ঘোষকে ২৩ দিন কারাগারে আটকে রেখে দিলেন। তা দিলীপ শর্মা কৃষ্ণনগর পৌর নির্বাচনে ১২০০ ভোটে জিতেছেন। প্রাক্তন মন্ত্রী অ মুখোপাধ্যায় ৫ নম্বর ওয়ার্ডে নির্বাচনের দিন ছিলেন। এবং কমল ঘোষও পঞ্চায়েত নি ৭০০ ভোটে জিতেছেন। আমার বক্তব্য হচ্ছে, সার্ভিস রিভলবার কার? এই সার্ভিস রি কোথা থেকে পাওয়া গেছে? কেন পুলিশ তদন্ত করে সার্ভিস রিভলবারের মালিককে পায়নি?

**শ্রী সুশীল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১লা জুন, বর্ধমানের শালানপু অর্ন্তদলীয় কোন্দলে ২ জন কংগ্রেসকর্মী নিহত হয় এবং সেই ঘটনাকে কেন্দ্র করে কং রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য ওখানকার গরিব মানুষদের উপর আক্রম এবং তফসিলি সম্প্রদায়ভুক্ত বাউরি, বাদ্যকর সম্প্রদায়ের লোকদের ৪২টি বাড়িতে করে এবং বাড়িগুলি জ্বালিয়ে দেয়। ফলে এই সমস্ত দিনমজুর, ক্ষেতমজুর লোকেদের বাড়িগুলি রিপেয়ার করার ক্ষমতা নেই। তাই আমি বিভাগীয় সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে পুনর্বাসনের জন্য এবং বাড়ি ঘরগুলি যাতে পুনর্নির্মাণ করা হয় এবং তাঁরা তাঁদের যেতে পারে তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ প্রতি আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটি হচ্ছে গঙ্গার ভাঙ্গনে হুগলি জেলার বিস্তীর্ণ এলাকা বিশেষ করে বালীব্রিজ থেকে বলাগড় পর্যন্ত খুবই ক্ষ এবং সেজন্য ঐ এলাকার মানুষ বিপন্ন হয়ে পড়েছে। আমার নির্বাচনী এলাকা শে বৈদ্যবাটী, চাঁপদানী এবং ভদ্রেশ্বর এই ৪টি জায়গার ভাঙ্গন ভয়াবহ। বহু ঘরবাড়ি প বিশেষ করে বৈদ্যবাটীর রাজপাড়া এবং ভদ্রেশ্বরের শ্যামঘাট ও শেওড়াফুলীর ঘাট এ আরও ভয়াবহ। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ব্যক্তিগতভাবে অনেক অনুরোধ করেছি টাকার অভাবে কাজ করা যাচ্ছে না। অবিলম্বে এই ভাঙ্গন রোধের জন্য ব্যবস্থা নে এবং এই বর্ষার মধ্যে কাজ শুরু করা হোক, যাতে আরও অতিরিক্ত ভাঙ্গন থেকে এ বাঁচানো যায়। এখন যে সমস্ত মানুষদের ঘরবাড়িগুলি অক্ষত আছে সেগুলি যা থাকে এবং গঙ্গার ভাঙ্গন থেকে ঐ এলাকার মানুষদের বিপন্ন অবস্থা থেকে যাতে

য় সেজন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি পনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা নির্বাচনের সময়ে লক্ষ্য করেছিলাম বি.জে.পি. এবং কংগ্রেস আঁতাত করেছেন, কিন্তু শুধু নির্বাচনেই নয়, বিশৃঙ্খলা সৃষ্টির ত্রেও এবং বামপন্থীদের উপর আক্রমণ চালাবার সময়ে ওঁরা সমঝোতা করে চলছেন। মার নির্বাচনী কেন্দ্র করিমপুর, সেখানে আমরা যেটা লক্ষ্য করলাম যে সীমান্তের উপর মীণা বলে একটি গ্রামে সি.পি.এমের পক্ষ থেকে একটি বিজয় মিছিল বেলা ১২টার সময় র করা হয়, এক হাজারের উপর পুরুষ, মহিলা ও শিশু নিয়ে মিছিল করা হয় এবং তা ার আগে থানা ও বি.এস.এফের স্থানীয় ইউনিটকে জানানো হয়। শান্তিপূর্ণভাবে যখন ছিল গ্রামের মধ্যে দিয়ে যাচ্ছিল তখন একজন কংগ্রেস আই-য়ের মস্তান যিনি নির্বাচনে র গেছেন তিনি পিছন দিক থেকে আক্রমণ করেন। শুধু তাই নয়, সীমান্ত এলাকার এস.এফের সাহায্য নিয়ে আক্রমণ করে ১০/১৫ জন লোককে আহত করে। তাদের দ্ধে থানায় ডায়েরি করা হয়েছে। তাছাড়া ৪ জন কুখ্যাত সমাজবিরোধী তাদের মধ্যে চনে কেউ হেরেছে, কেউ জিতেছে তারা ঐ মধুগাড়ি পঞ্চায়েত এলাকায় অপপ্রচার করছে। রা থানাকে জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। বাংলাদেশ থেকে ডাকাতরা কংগ্রেস আইয়ের পক্ষে প্রচার করছে এবং সমস্ত গ্রামে সন্ত্রাস সৃষ্টি করছে। আমার কায় ভোট শান্তিপূর্ণ ভাবেই হয়েছে এবং আমরা শান্তিতে চলার চেষ্টা করছি কিন্তু স আই বি.জে.পি.র সঙ্গে মিলে আমাদের উপর এই ধরনের আক্রমণ চালানোর চেষ্টা ছ এবং মানুষের উপর অত্যাচার চালাচ্ছে। এদের বিরুদ্ধে থানায় ডায়রি করা হয়েছে। ব্যাপারে প্রতিকারের জন্য আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-20—12-30 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর আকর্ষণ করছি। আমার কেন্দ্রে একটি গ্রাম আছে—ডুমা গ্রাম। এক সময় সেটা ছিল .এম.-এর দুর্গ। ঐ গ্রামে পঞ্চায়েতের দুটি সিট আছে এবং দুটিতেই কংগ্রেস জিতেছে তার জন্য কংগ্রেসের উপর অত্যাচার করছে সি.পি.এম। সেখানে ১১ জনের বাড়ি তাদের তাড়িয়ে দেওয়া হয়েছে এবং তাঁদের ধান লুঠ করা হয়েছে। এইভাবে যারা ছাড়া হয়েছেন তাঁদের কয়েকজনের নাম হল—নারায়ণ মন্ডল, দীনবন্ধু মন্ডল, তারক , অভিজিৎ মন্ডল, হরেকৃষ্ণ হালদার ইত্যাদি। আর সেখানে যাদের বাড়ি ভাঙ্গা হয়েছে নাম হল সুবলসখা বৈরাগী, প্রশান্ত বৈরাগী, নীলমনি মন্ডল, সুবোধ বিশ্বাস, দীনবন্ধু নারায়ণ মন্ডল। আজকে সেখানে এই অবস্থা চলছে। এই ব্যাপারে ওরা সবাই মুখ্যমন্ত্রীর অ্যাপিল করেছেন এবং পুলিশকে বারবার করে ব্যবস্থা নিতে বলেছেন। কিন্তু পুলিশ ব্যবস্থা নেয়নি, উল্টে পুলিশ সেখানে সন্ত্রাস চালাচ্ছে। আমি আবেদন করছি, সেখানে .-কে বলা হোক, পুলিশ গিয়ে যেন তাঁদের বাড়িতে পৌছে দিয়ে আসে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে কংগ্রেস এবং বি.জে.পি গত এবং পঞ্চায়েত নির্বাচনের পর থেকে বিশৃঙ্খলা সৃষ্টি করবার চক্রান্তে লিপ্ত। নানা স্থানে

হামলা করছেন তারা। গত ৭ই জুন কলকাতার হাজরা রোডে কংগ্রেস বাহিনী হামল মধুছন্দা সেন এবং গোপাল গাঙ্গুলির উপর আক্রমণ করেছেন। গত ১৩ই জুন রবিবার লালগোলায় দাউদ আলি এবং মোসারফ হোসেনকে খুন করেছেন। গত ৯ই জুন অ্যাকাডেমির রেজাউল করিমের উপর তাঁরা আক্রমণ করেছেন। তিনি হচ্ছেন নজ ভাইপো। বর্তমানে একটি জিনিস দেখছি, কংগ্রেস একটি রোগে আক্রান্ত হয়েছেন, নাম রোগ। এই রোগ যাতে তাঁদের সেরে যায় তারজন্য আমি এই সভায় প্রার্থনা করছি

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** [******]

**মিঃ স্পিকার ঃ** এটা বলা যাবে না, এক্সপাঞ্জ হবে।

I am sorry. I cannot allow it. That is sub-judice. Once the cl sheet is filed, the matter becomes sub-judice. I cannot allow you

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** (উপস্থিত ছিলেন না)।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুর বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা নদীয়া-কৃষ্ণনগর ১ নম্বর পঞ্চায়েতের ভীমপুর গ্রাম পঞ্চায়েতে দেখেছি যে এখান থেকে কংগ্রেস নেতা ২৭ তারিখে গিয়েছিলেন এবং পাশের এলাকার একজন বিধায়ককে বক্তব্য রাখছিলেন বিশৃঙ্খলা সৃষ্টি করবার জন্য। সেখানে মানুষকে তাঁরা বলেছিলেন যে ধরে খুন কর, পঞ্চায়েত লুঠ কর। এই সব কথা বলার পরে গত ২৯ তারিখে সেই কংগ্রেস নেতা সিকিউরিটির রিভলবার নিয়ে প্রধানের বুকের উপরে ধরে চৌকিদারের থেকে চাবি নিয়ে পঞ্চায়েতের ৪৮ কুইন্টাল গম লুঠ করে নিয়ে যায়। এই ব্যাপারে কোতে থানায় একটা কেস করা হয়। কাজেই কংগ্রেস বি.জে.পি যে আঁতাত তাতে সেখানে সুফল হয়নি, তাঁরা পঞ্চায়েতে জিততে পারেনি। সেই জায়গা বামফ্রন্ট দখল করেছে। বক্তব্য হচ্ছে, এই পঞ্চায়েতের ৪৮ কুইন্টাল গম চুরির নায়ক এবং যাঁরা সেখানে মদত গিয়েছিল তাঁদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দ মন্ত্রী মহাশয়ের প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় দে থেকে কাটোয়া ঘাট ১৮ কিলো মিটার রাস্তা। আবার দেবীগ্রাম থেকে মাটিয়ারী ১৮ মিটার রাস্তা, এবং দেবীগ্রাম থেকে কালিগঞ্জ ১০ কিলো মিটার রাস্তা। এই তিনটি ভাঙ্গচুর হয়ে আছে। এই রাস্তা মানুষ এবং যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। ব এবং নদীয়া জেলাকে যুক্ত করে এই তিনটি রাস্তা। কাজেই এই রাস্তা মেরামত করার আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রসঙ্গটা অন্য। আমি আ

Note : * Expunged as ordered by the chair

া রেল মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৩ তারিখে আমি কলকাতায় এসেছি। সুদুর াটা থেকে, উত্তরবঙ্গ থেকে আমাদের মাঝে মাঝে আসতে হয়। অদ্ভুত ব্যাপার হচ্ছে, । ভি.আই.পি কোটায় রিজার্ভেশনে গাফিলতি লক্ষ্য করছি। যেমন—গত ১৩ তারিখে ক রিজার্ভেশন দেওয়া হয়নি, কষ্ট করে আসতে হয়েছে। কাজেই আমি আপনার কাছে ান করছি যে আপনি রেল মন্ত্রককে সজাগ করুন যাতে এই গাফিলতি আর না ঘটে। করা বিভিন্ন জায়গা থেকে আসেন। সেখানে যদি তাদের আসন সংরক্ষণের ব্যবস্থা না তাহলে যাতায়াতের খুবই অসুবিধা হয়। সেই সূত্রে আর একটা আবেদন রাখছি। । নির্বাচনী এলাকা ফালাকাটা। এই ফালাকাটা একটা বির্ধিষ্ণু জায়গা। কাজেই এখানে ই.পি-দের জন্য যাতে ফার্স্ট ক্লাশে রিজার্ভেশন চালু হয় সেজন্য রেল মন্ত্রককে আপনি ন এই অনুরোধ জানাচ্ছি।

[12-30—12-40 p.m.]

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** (নট প্রেজেন্ট ইন দি হাউস)

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিগত পঞ্চায়েত নির্বাচনে এই রাজ্যে সামগ্রিকভাবে ন (আই) দল এবং তাঁদের সহযোগী বি.জে.পি এবং তাঁদের অন্যান্য শরিক দল ভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে। তাই আজকে ওঁরা দিশেহারা হয়ে সভার বাইরে এবং র গণতান্ত্রিক মূল্যবোধ, নৈতিক মূল্যবোধ বিসর্জন দিয়ে প্রচন্ড চিৎকার চেঁচামেচি করছেন অসত্য কথা বলছেন। এই নির্বাচনে কংগ্রেস (আই), বি.জে.পি, ঝাড়খন্ড এবং কোথাও ও নির্দল নাম নিয়ে একটা সমঝোতা করে বামফ্রন্টকে পরাজিত করার চেষ্টা করেছিলেন। সেই নীতিহীন সমঝোতা পশ্চিমবাংলার জনগণ প্রত্যাখান করেছে। সেইজন্য ওঁরা এক মিলিত হয়ে রাজ্যের আইনশৃঙ্খলা বিপন্ন করতে চাচ্ছে। ওঁরা বুঝে গিয়েছে এই পশ্চিমবাংলা গণতান্ত্রিক পদ্ধতিতে বামফ্রন্ট সরকারকে হঠানো যাবে না। সেইজন্য তাঁরা আইন-বিপন্ন করার চেষ্টা করছে। এই পঞ্চায়েত নির্বাচনে প্রমাণ হল যে বিচ্ছিন্নতাবাদী শক্তি াম্প্রদায়িক শক্তির সঙ্গে তাঁদের কি গভীর আঁতাত। ওঁরা আবার বামপন্থীদের আঁতাতের লেন। সাম্প্রদায়িক সম্প্রীতির প্রশ্নে বামফ্রন্টের অবস্থান কোথায় সেটা পশ্চিমবঙ্গবাসী জেনে গিয়েছে। এই বিশৃঙ্খল অবস্থার মোকাবিলা করতে বামপন্থীদের ঐক্যবদ্ধ হতে বং তাঁর সঙ্গে গণতান্ত্রিক মানুষকে ঐক্যবদ্ধ করতে হবে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস দল এই সভায় আপনি দেখেছেন একটা সুপরিকল্পিত সিদ্ধান্ত অনুযায়ী বাংলায় আইন-শৃঙ্খলা বিপন্ন' সোচ্চার হয়ে বলে চলেছে। গতকাল যে ঘটনা ঘটেছে াভীরভাবে আমি উদ্বিগ্ন। এখানে বিধায়কের প্রাণনাশের চেষ্টা করা হয়েছে। বিরোধী অন্যতম নেতা, প্রদেশ কংগ্রেসের সভাপতিও বটে এবং এই সভার সদস্য, তিনি গত খন নৈহাটিতে তাঁরা পার্টি প্রোগ্রামে যাচ্ছিলেন তখন তাঁর দলের অন্য একজন তাঁর লোকজন নিয়ে তাঁকে আক্রমণ করেন। তাঁকে একটা ঘরে নিয়ে গিয়ে তাঁর াপড় ছিঁড়ে দেয়, তাঁকে কিল চড় লাথি মারে। তারপর অন্য একজন গিয়ে তাদের

সঙ্গে মারামারি করে তাঁকে উদ্ধার করে। আমাদের তিক্ত অভিজ্ঞতা আছে—ওঁনাদের দ
লোক চন্ডী মিত্র খুন হয়েছিলেন। তাঁদের দলীয় কোন্দলের ফলে নিজেরা মারামারি কর
কংগ্রেসের চূড়ান্ত গুন্ডামীর ফলে এখানে আইন-শৃঙ্খলা বিপন্ন করছেন। তাঁরা শুধু নিজে
পার্টির মধ্যে মারামারি করছেন তা নয়, বামফ্রন্টের শরিক দলগুলির উপর আক্রমণ কর
এবং খুন করছেন। নিজেদের দলের মধ্যে সশস্ত্র আক্রমণ চালাচ্ছে। আমাদের সেই ১৯
৭২ সালের প্রেক্ষাপট স্মরণ করিয়ে দিচ্ছে। এই ব্যাপারে আমি বামফ্রন্ট সরকারের, মান
মুখ্যমন্ত্রী এবং আপনার দৃষ্টি আকর্ষণ করছি আপনারা বিধায়কদের রক্ষা করার ব্যবস্থা ক
কংগ্রেস দলের বিধায়ক নিজেদের দলের বিধায়কের হাতে নিগৃহীত হয়েছেন। তাঁদের দ
কোন্দলের ফলে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বিপন্ন হয়ে যাচ্ছে। বিধায়কদের যাতে ক
নিরাপত্তার গ্যারান্টি দেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর
আকর্ষণ করছি।

**শ্রী অজয় দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরু
বিষয়ে মাননীয় পৌরমন্ত্রী—উনি এখানে উপস্থিত আছেন—অশোকবাবুর দৃষ্টি আকর্ষণ ক
আমাদের কেন্দ্রীয় সরকারের যে বিভিন্ন রকম স্কীম আছে তাতে পঞ্চায়েতে যে রকম জ
রোজগার যোজনা স্কীম আছে তেমনি পৌরসভায় নেহেরু রোজগার যোজনা প্রকল্প আ

আমরা দেখছি যে গত ১৭।৩।৯২ তারিখে ৩৪টি পৌরসভার জন্য ৬১ লক্ষ
হাজার টাকার গভর্নমেন্ট অর্ডার বেরিয়েছিল এবং ১৭।৩।৯৩ তারিখে ১৮৯ লক্ষ ৬৩
টাকার গভর্নমেন্ট অর্ডার বেরিয়েছিল। কিন্তু '৯২ সাল থেকে আজ পর্যন্ত এই টাকা
হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, আপনি অন্তত এই সভাকে জ
যে কেন্দ্রীয় বরাদ্দকৃত টাকা, সেন্ট্রাল শেয়ারের টাকা, আজ পর্যন্ত কেন পৌরসভাগুলো
না? জওহর রোজগার যোজনার ব্যাপক অর্থ নিয়ে যেখানে শাসক দল পঞ্চায়েত নির্ব
ভোট কেনার চেষ্টা করেছিল, সেখানে পৌরসভাগুলোকে অর্ডার দেওয়া সত্ত্বেও ১৯৯২
দু'বছরের সরকারি আদেশ, যেটা আমি আপনাকে দিচ্ছি, কেন্দ্রীয় সরকারের দেওয়া
থেকে পৌরসভাগুলিকে কেন বঞ্চিত করে রাখা হয়েছে? মন্ত্রী মহাশয় বলবেন যে কি ক
ওয়েজ এমপ্লয়মেন্টের এতগুলো টাকা থেকে পৌরসভাগুলোকে বঞ্চিত করে রাখা হয়ে

**শ্রীমতী বিলাসীবালা সহিসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এ
গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অ
বিধানসভা কেন্দ্রের কারাপাড়ায় রঘুনাথপুর ২নং পঞ্চায়েত সমিতির অধীন চেলিয়াম
অন্তর্গত—চেলিয়ামা ব্লকের অন্তর্গত—কয়েকটি গ্রাম, মৌতড়, ডুমুরগোলা, ধনুকতোড়, নী
বাথানবাড়ি, বড়রা, মামমি এই গ্রামগুলো বিহার সংলগ্ন-ধানবাদ জেলার বেলিয়াপুর সং
আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, পঞ্চায়েত নির্বাচনের আগে এবং পরে সব সময়
এলাকার মানুষ বিভিন্ন কাজে যাতায়াত করতেন। কিন্তু স্যার, পঞ্চায়েত নির্বাচনের পরে
করা যাচ্ছে যে, এই সমস্ত এলাকার মানুষ যখন বেলিয়াপুরে যাচ্ছে তখন দেখা যাচ্ছে ত
হাত-পা ভেঙে দেওয়া হচ্ছে, মারধোর করা হচ্ছে, সাইকেল ছিনতাই করা হচ্ছে। এটা
এইজন্য বলছি যে, বিশেষ করে ঝাড়খন্ড পার্টির লোকেরা এই ধরনের সন্ত্রাসের সাথে

গ্রেস, বিজেপি এবং ঝাড়খন্ড পার্টি ভেবেছিল এই সমস্ত গ্রামে. মানুষের ভোট তারা পাবে। ন্তু নির্বাচনে এই সমস্ত এলাকার মানুষ ওদের থুথু ফেলেছে। ওখানে সি.পি.এম পার্টি পুল ভোটে জয়লাভ করেছে। এই সন্ত্রাসের ফলে মৌতর গ্রামের বানেশ্বর গরাই'এর হাত ঙে দেওয়া হয়েছে। ডুমুর গোলার স্বাধীন কর্মকারের মাথায় মারা হয়েছে এবং তার ইকেল ছিনতাই করা হয়েছে। আমি অবিলম্বে এই সন্ত্রাসের বিরুদ্ধে দোষীদের বিরুদ্ধে শেষ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী খ্রা বুদ্ধদেব ভট্টাচার্য, যিনি এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। চলতি ধিবেশনের তৃতীয় দিনেও আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি, আমাদের সাথী বিধায়ক নরেন সদাকে এখনও পর্যন্ত বিধানসভায় যোগদান করার অনুমতি দেওয়া হলনা। ইতিমধ্যে আমরা গ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে বলেছিলাম যে কল্পিত ভিযোগের ভিত্তিতে নরেন হাঁসদাকে গ্রেপ্তার করে এখনও পর্যন্ত জেলখানায় পুরে রাখা য়েছে। স্যার, আপনি জানেন যে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা এমন একটি মহকুমা খান থেকে নরেন হাঁসদা একজন নির্বাচিত প্রতিনিধি। জামবনি ব্লকে নির্বাচনের সময়ে মনোনয়ন পত্র দাখিলের ব্যাপারে নিঃসন্দেহ না হতে পেরে, সেখান থেকে জিততে পারা যাবে না সেই ব্যাপারে সন্দিহান হয়ে নির্বাচনে জিতবার জন্য নরেন হাঁসদাকে জোর করে লখানায় পুরে রাখা হয়েছে। এখানে বুদ্ধদেববাবু উপস্থিত আছেন। তাঁকে বলি, পঞ্চায়েত র্বাচন এখন শেষ হয়ে গেছে, রাজনৈতিক ফয়দা যা লুটবার তা লুটে নিয়েছেন, তাহলে নও কেন নরেন হাঁসদাকে জেলখানায় পুরে রাখা হয়েছে?

[12-40—12-50 p.m.]

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ও কেন্দ্র দক্ষিণ কলকাতায়, সেখানে য়াহাটের কাছে যে রেল ব্রিজটি আছে সেই ব্রিজটির খুবই খারাপ অবস্থা। ওর মধ্যের লিং ভেঙ্গে পড়েছে। মাঝখান দিয়ে গাড়ি যেতে খুবই অসুবিধা। দীর্ঘদিন ধরে এই ব্রিজটি আই টি নামক একটি সংস্থার হাতে ছিল, বর্তমানে এর আর্থিক সংস্থান না থাকার জন্য সি এম সিকে হ্যান্ড ওভার করার চেষ্টা করছেন। হ্যান্ড ওভার হয়তো হয়েও গেছে। সি এম সিও কোনও দায়িত্ব নিতে চাইছে না। দক্ষিণ কলকাতাতে এটি একটি গুরুত্বপূর্ণ , এটি কোন ডিপার্টমেন্ট নেবে না নেবে তাই নিয়ে একটা অসন্তোষ দেখা, দেওয়ার জন্য 'র মেরামতি হচ্ছে না। রাস্তার এতে যথেষ্ট ক্ষতি হচ্ছে এবং যাতে এই ব্রিজের দিকে নজর দেওয়া হয় সেটা দেখুন।

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ য় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোপীবল্লভপুরের একটি রাস্তা বাড়ি—এই রাস্তাটি জনবহুল রাস্তা। দীর্ঘদিন ধরে এই রাস্তাটি অকেজো হয়ে পড়ে আছে। সত্বর মেরামতির ব্যবস্থা করুন।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র নন্দীগ্রামে প্রায় ৩ f জমি হলদি নদীর ভাঙ্গনের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে। সম্প্রতি হলদি নদীতে ব্যাপক ভাঙ্গন ( দিয়েছে এবং ভাঙ্গনের ফলে ৫ কি.মি. তারও বেশি জায়গা এমনভাবে ভেঙ্গেছে যে ওখান লোকেরা সারা রাত্রিদিন পাহারা দিচ্ছে যে কখন না আবার নোনা জল জমিতে ঢুকে য বিশেষ করে কোটালের সময়ে এই প্রবণতা আরও বেশি দেখা যায়। আমি বিষয়টি দপ্তরের কাছে জানিয়েছি। আমি বিশেষভাবে দাবি করছি যে অবিলম্বে যদি পুনর্নির্মাণের ব্য না করেন তাহলে আগামী বর্ষার সময়ে অস্বাভাবিক প্লাবনে জমির ফসল সব নষ্ট হয়ে যা আমি সেই কারণে আপনার মাধ্যমে সেচমন্ত্রীর কাছে আবেদন করছি যাতে অবিলম্বে ওঃ কারিগরি লোক এবং বিশেষজ্ঞরা এসে ওর পুননির্মাণের ব্যবস্থা করেন।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব বিষয়ে রাজ্যসরকার তথা দেশের সরকারকে ডেভেলপমেন্টের কথা বলছি। এই হাউসে রা তথ্যমন্ত্রী উপস্থিত আছেন, তাঁকে অনুরোধ করছি এই প্রশ্নের উত্তরটি যেন তিনি হা রাখেন। এখানে একটি ফিল্ম ইনস্টিটিউট সত্যজিৎ রায়ের নামে ইস্টার্ন বাইপাশের ধ করার কথা হয়েছে। গত ১০ই অক্টোবর ভারতের প্রধানমন্ত্রী এটি উদ্বোধন করলেন। ভিত্তি প্রস্তর স্থাপন করলেন। এতে জ্যোতি বসু এসেছিলেন, তৎকালীন কেন্দ্রীয় তথ অজিত পাঁজা এবং রাজ্যের তথ্যমন্ত্রী বুদ্ধদেববাবুও ছিলেন। কিন্তু দীর্ঘ ৮ মাস অতিব হয়ে গেছে ভারতবর্ষের এই ঐতিহ্যবাহী ইনস্টিটিউট যেটি সত্যজিৎ রায়ের নামে করার সেই ফিল্ম ইনস্টিটিউটি আদৌ হবে কি হবে না এই বিষয়ে একটা সন্দেহ দেখা দি ৩০ কোটি টাকা তারা ইতিমধ্যে দিয়েছিলেন এবং সেটা কিভাবে কাজে লাগানো হবে, না নিঃসন্দেহে তাঁর পরামর্শও দিয়েছিলেন। কিন্তু আজকে আট মাস অতিবাহিত হয়ে গেল ৩০ কোটি টাকা ব্যয় করা গেল না। বাকি কয়েক মাসের মধ্যে সেই টাকা ব্যয়িত না এই টাকাটা ফেরত চলে যাবে। ফলে এতবড় একটা জিনিস বিশেষ করে সত্যজিৎ র নামে ফিল্ম ইন্সটিটিউট, সেই ফিল্ম ইন্সটিটিউট হবে না। এখানে রাজ্যের তথ্যমন্ত্রী উপ আছেন, তিনি কিছু বলুন নইলে আমাদের উদ্বেগ বেড়ে যাবে। এটা শুধু রাজ্যের পক্ষে ভারতের পক্ষে মর্যাদার প্রশ্ন এবং ভবিষ্যৎ-এর দিকে তাকিয়ে আছে কি হবে, না তথ্যমন্ত্রী যদি এই ব্যাপারে উত্তর দেন তাহলে ভালো হয়।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুক্ষণ আগে প্রশ্ন উ সময় এই প্রশ্নটার উত্তর দিয়েছিলাম। আমি আবারও বলছি, সমস্ত সংবাদপত্রই ব্যা জানে, কিন্তু একটা সংবাদপত্র কেন জানিনা সম্পূর্ণ ভুল তথ্য লিখছেন এবং আজকে সে সম্পাদকীয় লেখা হয়েছে। ঘটনাটা হল ফিল্ম ইন্সটিটিউটের প্রস্তাব রাজ্য দিয়েছিল কেন্দ্রীয় সরকার সেটা গ্রহণ করলেন। সেই ফিল্ম ইন্সটিটিউটের সঙ্গে যুক্ত করা সত্যজিৎ বাবুর নাম সেটা আমি এবং অজিতবাবু মিলে ঠিক করি। রাজ্য সরকারের ছিল বিনামূল্যে জমি দিতে হবে এবং বিনামূল্যে জমির ব্যবস্থা আমরা করি এবং যে প জমি তারা চেয়েছিল তাঁর থেকে বেশি জমিই আমরা দিই। গিয়ে দেখে আসবেন ই.এম. পাশের ধারে ফলকটা এখনও আছে। জমি দেওয়ার সময় পর্যন্ত কিন্তু কোনও মামলা

া। প্রধানমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী সেই মিটিং-এ বললেন, জমি নিয়ে মামলা হল না, এইরকম টনা কোনওদিন হয়নি। যাই হোক মামলা একটা হয়েছিল পরে, কিন্তু সেই মামলাও রাজ্য রকার মিটিয়ে ফেলেছে। যারা মামলা করেছিল তাঁরা ওখানকার কৃষক, তাঁদের বাসস্থানের বস্থা তাঁর পাশেই আমরা আইনগত ও মানবিক কারণে করে দিয়েছি। রাজ্য সরকারের ছাড়া আর কোনও কাজ ও দায়িত্ব নেই। প্রকল্পের বাকি সব কাজ কেন্দ্রীয় সরকারের। তবে মরা শুনেছি সি.পি.ডবলু.ডি নামে একটা কেন্দ্রীয় সংস্থার সঙ্গে দিল্লিতে তাঁদের একটা মিটিং য়েছিল এবং সেখানে আমাদের একজন প্রতিনধিও উপস্থিত ছিল। তাঁরা এখনো ঠিক করতে রেনি কোন আর্কিটেক্ট করবে, না করবে। আমরা কিছুই মত দিতে পারব না। আমাদের নও দায়িত্ব নেই, এখন সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কত টাকা খরচ হবে, কে রিকল্পনা করবে, সি.পি.ডব্লু.ডি টেন্ডার করবে এই সমস্ত কাজ কেন্দ্রীয় সরকার করবে। মরা কিন্তু আমাদের কাজ থেকে এক পাও পিছিয়ে নেই। কিন্তু আজকে একটা কাগজের ম্পাদকীয়তে দেখলাম ভিত্তিহীন, উদ্দেশ্যহীনভাবে লেখা, এটা পাগলামি ছাড়া আর কিছুই য়।

**শ্রী শচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে মে, আমাদের হুগলি জেলার খানাকুলের ডা গ্রাম পঞ্চায়েতের বন্দাইপুরের পঞ্চায়েত নির্বাচনের কাউন্টিং-এর সময় একদল কংগ্রেসি তারা ঐখানকার পঞ্চায়েত সমিতির প্রার্থী রবীন বাঙালকে লাঠি, বোমা, টাঙ্গি দিয়ে পরোয়াভাবে আক্রমণ করে এবং প্রিসাইডিং অফিসারকে বাধ্য করে কাউন্টিং না করে র্টিফিকেট ইস্যু করে দেওয়ার জন্য এবং ২০বি, ফর্মে লিখে দিতে বলে যে তাদের প্রার্থী তেছে। তারপর ব্যাপারটা রিটার্নিং অফিসারের কাছে নিয়ে যাওয়া হয় এবং রিটার্নিং ফিসার প্রিসাইডিং অফিসারের মতামত নেয়। এইভাবে ওরা ২১৮টি ব্যালট পেপারে ছাপ্পা রে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির প্রার্থীকে হারিয়ে দেয়। সেখানকার বুথ তারা দখল র নিয়েছিল। কিন্তু তা সত্ত্বেও জেলা পরিষদে সি.পি.এম প্রার্থী জেতে।

[12-50—1-00 p.m.]

সেখানকার বুথ দখল করে নিয়েছিল কিন্তু জেলাপরিষদের কাউন্টিং করাতে পারেনি। ানে সি.পি.আই.এম প্রার্থী জিতেছেন। এমত অবস্থায় আপনার মাধ্যমে স্যার, আমি দাবি াচ্ছি যে, বিষয়টির প্রতি যথাযথ গুরুত্ব দিয়ে সেখানে অবিলম্বে পুনর্নির্বাচনের ব্যবস্থা করা ।

**শ্রী বুদ্ধদেব ভকত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিগত পঞ্চায়েত নির্বাচনের গ কংগ্রেস এবং ঝাড়খন্ড পার্টি মিলিতভাবে আমাদের সি.পি.আই.এম-এর ৯ জন কর্মীকে করে। এই খুন করার পরেও নির্বাচনে ঝাড়গ্রাম, বীনপুর এবং বেলপাহাড়ি প্রভৃতি গায় সমস্ত স্তরে কংগ্রেস এবং ঝাড়খন্ড দলের মিলিত প্রার্থীদের জমানত বাজেয়াপ্ত হয়ে ছে। সেখানে জেলা পরিষদের ৪টি আসনেই সি.পি.এমের প্রার্থীরা জয়ী হয়েছেন, কংগ্রেস, খন্ড দলের মিলিত প্রার্থীদের জমানত সেখানে বাজেয়াপ্ত হয়েছে। নির্বাচনের পর তিন

তারিখে তারা বিহার এবং অন্য জায়গা থেকে গুন্ডা এনে সন্ত্রাসের সৃষ্টি করে এবং দেবেন মাহাতো নামে একজন নিরস্ত্র মানুষ যিনি ধানের বীজতলা ফেলার জন্য ভোর সময় মাঠে যাচ্ছিলেন তাকে খুন করে। তাঁর সঙ্গে দু হাজার টাকা ছিল বীজতলা ফে জন্য এবং সাইকেল ছিল, সেগুলি তাঁরা নিয়ে যায়। সেখানে আসামীরা ধরা পড়েছে কোর্টে স্বীকার করেছে। তারপর বিজয় হেমব্রম বলে একটি ছেলে যে উচ্চ মাধ্যমিকে ডিভিসনে পাশ করেছিল তাকেও ঐ গুন্ডারা খুন করেছে এবং তাঁর ছোট ভাই যার ৬/৭ বছর তাকেও বাড়িতে গিয়ে খুন করার হুমকি দিচ্ছে। এই অবস্থায় তাঁর মা ভয় ছেলেটিকে একটি আশ্রমে পাঠিয়ে দিয়েছেন। স্যার, এইভাবে কংগ্রেসি গুন্ডারা এবং ঝাড় গুন্ডারা সেখানে লুঠপাট চালাচ্ছে, আগুন লাগাচ্ছে এবং সন্ত্রাসের সৃষ্টি করছে এবং এসে বলছে যে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা নেই। অবিলম্বে দুষ্কৃতিদের ধরার জন্য তাঁদের বিচারের জন্য ও শাস্তিবিধানের জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অতুলচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র গোপিবল্লভপু অন্তর্গত সাঁকরাইল ব্লকের তিন নং অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি অপনার সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্যণ করছি। সেখানে কংগ্রেস ঝাড়খন্ড এবং বি যৌথভাবে নির্বাচনী অভিযান পরিচালনা করেন। এই নির্বাচনী অভিযান পরিচালনা ক সময় কেউ তাঁদের দলীয় প্রতীক ব্যবহার করেন নি। দু লক্ষের উপর টাকা খরচ ক তাঁরা শতকরা ৩২ ভাগের বেশি ভোট পান নি। অপর দিকে সি.পি.এম তথা বামফ্র প্রার্থীরা সেখানে শতকরা ৬৮ ভাগ ভোট পেয়ে বিপুল সংখ্যায় জয়লাভ করেন। পঞ্চায়েতের ১০টি আসনের মধ্যে ১০টি আসন, পঞ্চায়েত সমিতির দুটি আসন জেলাপরিষদের আসন তো বটেই, সমস্ত আসনে বামফ্রন্টের প্রার্থীরা জয়লাভ করেন। স্যার, নির্বাচনের পরই ১লা তারিখ থেকেই তাঁরা মহিলাদের প্রতি অশালীন মন্তব্য ক আরম্ভ করেন এবং রাস্তাঘাটে মহিলাদের দেখলে তাঁদের প্রতি অশোভন আচরণ ক আরম্ভ করেন। এর প্রতিবাদে মহিলারা প্রতিবাদ ও প্রতিরোধ করার জন্য মিছিল সং করেন এবং তাঁরা পালিয়ে গিয়ে বি.ডি.ও. অফিসে নালিশ করেন। বি.ডি.ও. সর্বদলীয় ডাকেন। তাতে এস.ডি.ও, এস.ডি.পি.ও, ও.সি. সবাই হাজির ছিলেন। সেখানে তাঁদের জি করা হয় যে আপনাদের দলের লোক কারা বা কংগ্রেস, বি.জে.পি এবং ঝাড় খন্ডের কারা? তারা সেটা বলতে পারেন নি অথচ তাঁদের উপর অত্যাচার হচ্ছে বলে তাঁরা বল এইভাবে সেখানে তাঁরা সন্ত্রাসের সৃষ্টি করার চেষ্টা করছেন। আমি এ বিষয়ে প্রশাসনের আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আপনি নিশ্চয়ই অবগত আছেন, সম্প্রতি রাজ্য সরক একজন যুগ্ম সচিব অর্থ দপ্তরের, তিনি গ্রেপ্তার হয়েছেন। তিনি সন্টলেকে জমি পাইয়ে নাম করে মহাকরনে বসে টাকা নিয়ে থাকতেন এবং এই যুগ্ম সচিব যাকে এক্সটেনশন হয়েছিল। তিনি নিশ্চয়ই রাজ্য সরকারের খুব পোষা পুত্র ছিলেন, নইলে এক্সটেনশন না। এই যুগ্ম সচীবের কাছে একজন লোক ২ লক্ষ ৭৮ হাজার টাকা দিয়েছেন কিন্তু টাকার বিনিময়ে তিনি কোনও জমি পাননি। এই অভিযোগের ভিত্তিতে তিনি গ্রেপ্তার কিন্তু যুগ্ম সচিবের সঙ্গে আরও কারা কারা জড়িত ছিলেন এবং এর আগে কাউকে

ছেন কি না, এবং দালাল কারা ছিল, তাদের নাম এখনও পর্যন্ত জানা যায়নি। এর া মুখ্যমন্ত্রীর আপ্ত সহায়ক, তাঁর সমস্ত আত্মীয়স্বজনকে জমি পাইয়ে দিয়েছে বলে অভিযোগ ছিল। সল্ট লেকের জমি কেলেংকারী সাম্প্রতিক কালে সবচেয়ে বড় একটা কেলেংকারী। ব্যাপারে একজন হাইকোর্টের জাজকে দিয়ে বিচার বিভাগীয় তদন্ত হওয়া উচিত। পুলিশ নার বলেছেন যে মুখ্যমন্ত্রীর কোনও কোটা সল্টলেকে নেই। সল্টলেকে মুখ্যমন্ত্রীর কোনও া আছে কি না সেটা পুলিশ কমিশনারের জানার কথা নয়। এই অফিসারকে এক্সটেনশন র জন্য কারা রেকমেন্ডেশন করেছিল, এই সমস্ত তথ্য বের না হলে মধ্যবিত্তদের জন্য সল্টলেক হবার কথা তা এই জমি বিলিকে কেন্দ্র করে যে কেলেংকারী তাঁর একটা ; বিভাগীয় তদন্ত দাবি করছি সল্টলেকের জমি পাইয়ে দেবার ব্যাপারে।

**শ্রী ধীরেন ঘোষ ঃ** মাননীয় স্পিকার মহাশয় কিছুদিন ধরে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র কংগ্রেসিরা সন্ত্রাস করে গোটা রাজ্যকে তোলপাড় করে ফেলেছে। সেখানে দাঁড়িয়ে দের অভিজ্ঞতা এই কংগ্রেস এবং বি.জে.পি., এরাই সন্ত্রাস সৃষ্টি করছে। আমি একটা র কথা বলছি, বর্ধমান জেলায় আমার নির্বাচনী কেন্দ্র নাদন ঘাটের গোপীনাথপুর, নে যখন নির্বাচন হয়, নির্বাচনের পর গণনার সময় তারা হেরে যাচ্ছিল, সেই সময় আবার পুণর্গণনার দাবি করেন, পুণর্গণনাতেও তাঁরা হেরে যায়। দেখা যায় সি.পি.এম. ছে, তখন তাঁরা ক্ষিপ্ত হয়ে আক্রমণ করে এবং দরজা জানালা ভেঙে ফেলে। তখন র থেকে পুলিশ এবং অন্যান্য অফিসাররা গিয়ে সেখানে রেজাল্ট ডিক্লেয়ার করে, তাতেও যায় সি.পি.এম. জয়ী হয়েছে! পরের দিন যখন বিজয়ীরা বিজয় মিছিল বার করে তখন ংগ্রেসি গুন্ডারা মিছিলের উপর আক্রমণ চালায়, গোপাল বারুই নামে একজন ক্ষেত কে তারা খুন করে। এখন সেই কংগ্রেসি খুনীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। তাদের গ্রেপ্তার া জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী য়কে একটি গুরুতর সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার পার্শ্ববর্তী ব্যাপকভাবে আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। রঘুনাথপুর সেন্ট্রাল মেডিক্যাল কলেজে এসে ভর্তি হচ্ছে কিন্তু সেই হাসপাতালে কোনও স্যালাইন নেই এবং ওষুধ না থাকার জন্য সা হচ্ছে না। আমি দাবি করছি অবিলম্বে সেখানে মেডিক্যাল টিম পাঠানো হোক এবং ৎসার ব্যবস্থা করা হোক।

[1-00—1-10 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের অর্থমন্ত্রী ভূমি রাজস্ব মন্ত্রী, পরিকল্পনা দপ্তরের মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি র্ণ করছি। আমাদের রাজ্যের বিভিন্ন দপ্তরে কিছু পোস্টে কিছুদিন ধরে কর্ম প্রার্থীরা া দিয়ে বসে আছে, তাদের লিখিত পরীক্ষা হয়েছে গেছে, ওরাল পরীক্ষাও হয়ে গেছে। দিন গুনছে একটা নিয়োগ পত্রের জন্য। কিন্তু গত দু'বছর ধরে কোনও নিয়োগ পত্র না পাওয়ায় তারা আশাহত হচ্ছে। বহু যুবক যুবতীর বয়স অতিক্রান্ত হতে বসেছে। া করে পূর্ত দপ্তর, শিক্ষা দপ্তর, ভূমি রাজস্ব দপ্তর এবং ট্রান্সপোর্ট দপ্তরে এই জিনিস

হয়েছে। বিশেষ করে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় দেখেছি শত শত ছেলের প্যা হয়ে আছে কিন্তু কোনও নিয়োগপত্র তাঁরা পাচ্ছে না। স্যার, সম্প্রতি মাননীয় অ বলেছেন, 'ধীরে ধীরে এমবারগো ওঠানো হচ্ছে এবং স্বল্প সঞ্চয়ে কিছু ভাল সাড়া প যাচ্ছে।' সুতরাং রাজ্যের বিভিন্ন দপ্তরে কর্মচারী নিয়োগের জন্য ইতিমধ্যে যে প্যানেল্ড হ সে সমস্ত কর্ম প্রার্থীদের অবিলম্বে নিয়োগ করা হোক। আমি দাবি করছি এ বিষয়ে জ ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করা হোক। স্যার, ঐ সমস্ত কর্ম প্রার্থীদের মধ্যে বেশ কিছু প্র নির্দিষ্ট বয়স সীমা ইতিমধ্যেই অতিক্রম করে গেছে। কিন্তু সেটা তাদের কোনও দোষ সেটা তাদের কোনও অপরাধও নয়। যথা সময়ে তাদের নিয়োগ করা সম্ভব হয় নি আজকে তাঁরা অনিশ্চয়তার মধ্যে এসে পড়েছেন। তাদের কি হবে তা সরকারের তরফ সুস্পষ্টভাবে বলা দরকার। তারা জানে না যে তারা নিয়োগপত্র পাবেন না। আশা করব সরকার সহানুভূতির সঙ্গে জরুরি ভিত্তিতে বিষয়টা বিবেচনা করবেন। স্যার, আমরা জানি রাজস্ব দপ্তরে বেশ কিছু ভূমি রাজস্ব পরিদর্শকের পোস্ট খালি আছে। অথচ এদের রেভিনিউ কালেকশন করা হয়, অতএব অবিলম্বে এই পোস্টগুলো পূরণ করা উ ট্রান্সপোর্ট বা রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে বেশ কিছু পোস্ট শূন্য রয়েছে, সেগুলোও অবি পূরণ করা দরকার। আমি যত দূর জানি এ বিষয়ে যে বাধা নিষেধ ছিল তা ইতিমধ্যে যাওয়ার কথা। যদি না উঠে থাকে তাহলে অবিলম্বে ওঠাবার ব্যবস্থা করা হোক এবং বি দপ্তরের শূন্য পদগুলো পূরণ করা হোক। যে সমস্ত ছেলে-মেয়েদের, যুবক-যুবতীদের প্যানেল্ড হয়ে আছে তাঁদের অবিলম্বে নিয়োগ-পত্র দেওয়া হোক, এই আবেদন আমি জান

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ক্ষু কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আ করছি। স্যার, আমাদের নবগ্রাম থানায় পলসোন্ডা ল্যান্ড সোসাইটি আছে। সেখানে সেরিক দপ্তরেব সাহায্যে ১৭ জন আদিবাসী বেকার যুবক তসর চাষের প্রশিক্ষণ নিয়ে তসর আরম্ভ করেছে। ওখানে বেশ কিছু অর্জুন গাছ আছে এবং সেগুলোকে কেন্দ্র করে দুটো করে কোকুন হচ্ছে। সেই কোকুন গগণপুর সোসাইটি, তন্তুশ্রী প্রভৃতিকে বিক্রি করা বর্তমানে ঐ আদিবাসী যুবকদের সোসাইটিটি খুবই আর্থিক অসুবিধার সম্মুখীন হয়েছে। গগ সোসাইটির কাছে তাদের ৫০০০ টাকা বকেয়া পড়ে আছে। ২য় কোকুনের সবটাই যেটা তন্তুশ্রীকে দেয় সেটার সমস্ত টাকাই বকেয়া পড়ে আছে, প্রায় ২৭ হাজার ৪০ টাকা পড়ে রয়েছে। এ বছর ইতিমধ্যেই প্রথম কোকুনের ডিম এসে গেছে। অথচ ঐ যু হতাশাগ্রস্ত হয়ে পড়েছে, অর্থাভাবে সাহস পাচ্ছে না। এখনই যদি সিরিকালচার ডিপা থেকে ওদের কিছু আর্থিক সাহায্য না করা হয় তাহলে ঐ লাভজনক তসর শিল্প ক্ষতিগ্রস্ত হবে। সরকার থেকে যদি এই ক্ষুদ্র শিল্পকে যথাযথ সাহায্য দেওয়া যায় ত আমাদের ওখানে এখনো ১০০ বেকার যুবক যারা ট্রেনিং নিয়ে বসে আছে তারা স্ব হতে পারে। একটা কম্পোজিট পরিকল্পনা, গ্রানারি অ্যান্ড রিলিং অ্যান্ড উইভিং পরিক ইতিমধ্যেই ওখানে গ্রহণ করা হয়েছে। কিন্তু অর্থাভাবে এই লাভজনক স্কীম নষ্ট হয়ে বসেছে। এখানে যে কোকুন তৈরি হচ্ছে তা খুবই উন্নত জাতের কোকুন। আমি আশা এই শিল্পকে রক্ষা করার জন্য মন্ত্রী মহাশয় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি উদ্বেগজনক
রস্থিতির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ
লায় কংগ্রেস এবং বি.জে.পি. যে পরিকল্পনা নিয়েছে তার শিকার হচ্ছে সাধারণ মানুষ
ং সি.পি.এম কর্মীরা। গত ১৩ তারিখের খুনের ঘটনার কথা মাননীয় বিধায়ক রবীন দেব
লখ করেছেন। আমি সেই সঙ্গে আরও বলতে চাই যে, গত ১৩ তারিখ দাউদ আলি এবং
ারফকে খুন করা ছাড়াও নির্বাচনের দিন ৩০ তারিখ ঝাড়গ্রামে কংগ্রেস (আই) কালু
থকে খুন করেছে। ১লা জুন বিপদ সিংকে কংগ্রেসিরা খুন করেছে। ২৩ তারিখ নবগ্রামে
মা মহম্মদকে কংগ্রেস এবং বি.জে.পি খুন করেছিল। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ
ছি, যে খুনের ব্যবস্থা কংগ্রেসিরা মুর্শিদাবাদ জেলায় করেছে তাতে কঠোর ব্যবস্থা নেওয়া
ক এবং কংগ্রেস আইয়ের এই যে ঘৃণ্য কাজ এই কাজের বিরুদ্ধে রাজ্যবাসীকে জানানো
।

**শ্রী ভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি
বুদ্ধদেববাবু এবং পি.ডব্লু.ডি মিনিস্টার মতীশবাবুর কাছে আবেদন রাখছি। এই বছরের
ম্বর মাস থেকে অমর সাহিত্যিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের শতবর্ষ পড়ছে। তাঁর
তবার্ষিকী উদযাপন করার জন্য প্রাক শতবার্ষিকী কমিটির তরফ থেকে সরকারের কাছে
করা হয়েছে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বনগাঁ—ব্যারাকপুরের বসত ভিটা সংস্কারের
া করা হোক এবং তিনি যে ঘাটে স্নান করতেন সেই ঘাটটি পাকা করা হোক। তাঁর
রক্ষার্থে পি.ডব্লু.ডি-র সাবজেক্ট কমিটির চেয়ারম্যান এবং কমিটির সদস্যরা ও পি.ডব্লু.ডির
নিয়াররা সকলে গিয়ে সেখানে অনুমোদন করেছিলেন। আর কয়েক মাস বাকি আছে,
বলতে চাই, এই শতবর্ষ সেপ্টেম্বর মাস থেকে আরম্ভ হচ্ছে। অতএব এরই মধ্যে
ঘাট এবং বসত ভিটাটি সরকারি তত্ত্বাবধানে সংস্কারের ব্যবস্থা করা হোক এবং তাঁর
মস্ত লেখনী এবং বই আছে—প্রকাশিত এবং অপ্রকাশিত—সেগুলি সরকারি ব্যবস্থাপনায়
ন প্রদর্শনী আকারে দেখানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, গতকাল অনাস্থা প্রস্তাব উত্থাপন করতে
বিরোধীদল, কংগ্রেস-আইয়ের পক্ষ থেকে এই রাজ্যের আইন-শৃঙ্খলা, এমন কি এখানও
 বিধায়কদের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে উল্লেখ করা হয়েছে। গতকাল অনাস্থা প্রস্তাবে
ত হলেও এখন মনে হচ্ছে, তাঁদের কিছু কথার ভিত্তি আছে। আমি বিশেষত এই
একজন মাননীয় সদস্যের সিকিউরিটির ব্যাপারে খুবই চিন্তিত। গতকাল প্রদেশ কংগ্রেসের
 জনৈক তরমুজ মুখার্জির মুণ্ডু চাই বলে যেভাবে দলবেঁধে হাজির হয়েছিল এবং
 মাননীয় বিধায়ককে মহাকরণের কাছে সকলে তাড়া করেন এবং যেভাবে শিলিগুড়ি
কংগ্রেসের লোকেরা তাড়া করে যায় তাতে করে কংগ্রেসি লোকেদের হাত থেকে
বিধায়ককে কি করে রক্ষা করব এটাই আমাদের গভীরভাবে ভাবা উচিত। ওঁকে
াটি কিম্বা জেড প্লাস সিকিউরিটি দেব সেটাই ভাবার বিষয় ... জানিয়েছেন
বিরুদ্ধে আমার একটি কথা বলার আছে, ... মুখার্জি বলাটা খুব অন্যায়
উনি তরমুজ নন, বিশুদ্ধ লাউ। বাইরে সবুজ, ভিতরে সাদা অর্থাৎ ..., একেবারে
ই। এইরকম ধরনের আঘাত যদি মাননীয় বিধায়কের উপর আসতে থাকে তাহলে

কি করে আইন-শৃঙ্খলা থাকবে জানি না। কাজেই সেদিক থেকে একজন বিশিষ্ট বিধা; ব্ল্যাক-ক্যাট, কিম্বা জেড প্লাস কিম্বা হোয়াইট ক্যাট যাই দিন না কেন—একটা কিছু ; করুন যাতে ওঁরা নিজেদের দলের হাত থেকে নিজেদের রক্ষা করতে পারে। এটাই আ; কাছে আবেদন।

## ZERO HOUR

[1-10—1-20 p.m.]

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩০শে মে, পঞ্চায়েত নি; হবার পর হাটগাছায় রাউতারা গ্রামের পঞ্চায়েতের নির্বাচিত সদস্য দুজন মিলে এবং; যখন বিভিন্ন মিছিল বার করেছিল তখন সি.পি.এমের লোকেরা আমাদের নির্বাচিত সদস; মসীয়র রহমানকে মেরে হাত ভেঙ্গে দিয়েছে এবং আজ পর্যন্ত তিনি হাসপাতালে; আছেন। সেই রাউতারা গ্রামের ফজলুর রহমানের পুকুরে প্রায় ১০/১৫ হাজার টাকার লুঠ করেছে এবং মাটীগারী গ্রামের অসিত দত্তের বাড়ি আন অথরাইজড ওয়েপনস নিয়ে ২৫০/৩০০ জন লোক আক্রমণ করে, সৌমিত্র সেন সেখানকার অঞ্চল প্রধান তারও; ঐ ২৫০/৩০০ জন লোক আক্রমণ করে। অসিত দত্তের বাড়ি খুব সুরক্ষিত, না হলে দি; সাঁই বাড়ি হয়ে যেত। এছাড়া গোবরার রবীন্দ্র বৈরাগী মারা গেছে, কিন্তু কোনও জায়; এখন পর্যন্ত পুলিশ কোনও ব্যবস্থা নেয় নি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের মা; মাণিকচক ব্লকের ধরমপুর অঞ্চলের দিশারথটোলা গ্রামের একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা উ; করছি। পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবার পর ৫ই মে,—সি.পি.এমের বাস্তব চরিত্র বুঝে; কংগ্রেসে যোগদান করে—এবং তাঁর পরবর্তী কালে সি.পি.এমের ক্যাডাররা তাঁদের একজ; বাড়ির মহিলাকে পিটিয়ে খুন করে। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার এই যে, মাননীয় জনপ্রতি; ঐ এলাকার মন্ত্রী সুবোধ চৌধুরি মহাশয় তিনি ওখানে মিটিং করে বলে এলেন তোমরা; ভয় পেয় না, এখানে পুলিশ আসবে না। এর চেয়ে ভয়ের কারণ আর কি থাকতে প; আজ পর্যন্ত খুনীদের কেউ অ্যারেস্ট হল না। মাননীয় সুবোধ বাবু যিনি জনসাধা; আশীর্বাদ নিয়ে নির্বাচিত হয়েছেন তিনি এই কথা বলে এলেন। ওখানকার সি.পি.এম; অ্যারেস্ট করবে না? ঐ গ্রামে আজ পর্যন্ত পুলিশ যায় নি, কাউকে অ্যারেস্ট করা হ; মহিলাকে প্রকাশ্যে ইঁট দিয়ে মেরে খুন করা হল, তাঁদের নামাজ পড়ার মসজিদ ভেঙ্গে দে; হল মাননীয় সুবোধবাবু বলে এলেন অ্যারেস্ট করা যাবে না। আমি ঐ ব্যাপারে মা; স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এইরকম ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, রডন স্কোয়ারের কেলেঙ্কারীর পর আর একটি কেলে; কলকাতায় আত্মপ্রকাশ করছে, তাঁর নাম ভিক্টোরিয়া স্কোয়ার কেলেঙ্কারী। গত রবিবারে মা; মুখ্যমন্ত্রী সেখানে একটি—নাচঘর নয়—মাছঘর তাঁর ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন। সে; একটি অ্যাকোরীয়াম তৈরি করা হবে। সেখানে গ্লোরী অফ বেঙ্গল বাংলার গর্ব তা দেখ; হবে। যে ট্রাস্টের মাধ্যমে এই কাজ হচ্ছে সেই ট্রাস্টের কাছে কলকাতা কর্পোরেশন ভিক্টো

র সমর্পণ করেছেন সেই ট্রাস্টের প্রধান হচ্ছেন শ্রী যুগোলকিশোর কাজারিয়া। এখন অফ বেঙ্গল দেখাবার জন্য যুগলকিশোর কাজারিয়াকে দরকার হচ্ছে। শুধু তাই নয়, স্টের টাকা নাকি আসবে লন্ডনের অশোক হিন্দুজার কাছ থেকে, বোফোর্সের ব্যাপারে নাম উঠেছিল। লোকসভার মার্কসবাদী কমিউনিস্ট নেতা, তিনি বলেছেন বোফোর্সের দার কাছ থেকে মাছঘরের জন্য ১০ কোটি টাকা নিলে ক্ষতি নেই। কিন্তু এই ১০ কোটি দেবার ব্যাপারটা এত সহজ নয়। আজকে সেখানে তারা ৭ হাজার নয়, ২৭ হাজার র ফিট এলাকা ভিক্টোরিয়া স্কয়ারে কমার্শিয়াল পারপাসে নিয়ে সেখানে অডিটোরিয়াম এবং র্শিয়াল কমপ্লেক্স তৈরি করবেন। ফলে ১০ কোটি টাকা যা তারা খরচ করবেন তার অনেক বেশি টাকা তারা তুলে নেবেন। আমি এই ব্যাপারে পূর্ণাঙ্গ তদন্ত দাবি করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এফ.সি.আই. ষড়যন্ত্র করে গোটা রেশন-ব্যবস্থা বাঞ্চাল করবার চেষ্টা করছে। বর্তমানে উত্তরবঙ্গে প্রচন্ড বর্ষা শুরু হয়েছে। হার জেলাতে একই অবস্থা। এই অবস্থায় সেখানে রেশন ব্যবস্থা যাতে চালু থাকে সেটা জরুরি। তাই আমি খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করব, এই ব্যাপারে দিল্লির সঙ্গে জরুরি তে কথা বলুন। কারণ যে সামান্য পরিমাণে চিনি এবং চাল পাওয়া যাচ্ছিল সেটাও বঙ্গে পাওয়া যাচ্ছে না। বারবার করে আলিপুরদুয়ারে একটা স্টোর করবার কথা বলা ল, কিন্তু সেটা করা হয়নি। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সল্ট লেকের জমি কেলেঙ্কারী নিয়ে আলোচনা হয়েছে। সল্ট লেকে জমি হস্তান্তর হয়েছে এবং প্রতি কাঠা ব্ল্যাকে দেড় দুই লক্ষ টাকায় বিক্রি হয়ে গেছে। এই ব্যাপারে সরকার নীরব দর্শক। রাজ্য সরকারের আকর্ষণ করে কোনও লাভ হচ্ছে না। খোদ মহাকরণে বসে অর্থ বিভাগের যুগ্ম সচিব লক্ষ টাকা রোজগার করেছেন। এই দুর্নীতির সঙ্গে দুইজন দালাল যুক্ত যাদের শাসক সঙ্গে যোগাযোগ রয়েছে। এই দালাল কারা সেটাও আমরা জানতে চাই। আজকে জারের নাকের ডগায় বোমার মশলা মজুত করা হয়েছে এবং তারফলে ৮৭ জনের নী হয়েছে, মহাকরণের অভ্যন্তরে বসে জমির দালালী করে লক্ষ লক্ষ টাকা রোজগার হয়েছে। কিন্তু রাজ্য সরকার নীরব দর্শক। অবিলম্বে এই ব্যাপারে সুস্পষ্ট নীতি ঘোষিত সল্ট লেকের জমির ব্যাপারে মধ্যবিত্ত এবং নিম্ন-মধ্যবিত্তরা সুযোগ পাবেন সেটাই ছিল বিধান রায়ের স্বপ্ন। কিন্তু ......

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা রাজ্যে ৮০ হাজার লোক আন্ত্রিক আক্রান্ত হয়েছেন। আন্ত্রিক বলে আজকে যেটা চালানো হচ্ছে তার বেশির ভাগই হচ্ছে । আমরা জানতাম কলেরা এবং ম্যালেরিয়া আমাদের দেশ থেকে চলে গেছে। কলেরা ম্যালেরিয়া রোগীর সংখ্যাও অনেক কমে গিয়েছিল, কিন্তু আমাদের স্বাস্থ্য দপ্তরের র দক্ষতা এত বেশি যে, সেই রোগ আবার ফিরে এসেছে। তার জন্য আজকে মানুষজন ভাবে কলেরায় আক্রান্ত হচ্ছেন এবং ইতিমধ্যে এক হাজারের মতো মারাও গেছেন। যাচ্ছে, একই জায়গায় পুনরায় আন্ত্রিক হচ্ছে, কলেরা হচ্ছে। তিন-চার মাস আগে য় অনেকে আন্ত্রিক রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন, দেখা যাচ্ছে

সেখানে আবার আন্ত্রিক হচ্ছে, কিন্তু সরকার এবং পৌরসভা কোনও ব্যবস্থাই নিচ্ছে এর জন্য মন্ত্রী মহাশয়ের পদত্যাগ করা উচিত। আমি তাঁর কাছে অবিলম্বে প্রতিষেধক গ্রহণের জন্য অনুরোধ করছি।

[1-20—2-00 p.m.](including adjournment)

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাতে চাই যে পুলিশ দুর্নীতিগ্রস্ত হলেও তাঁর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া আমার নির্বাচনী কেন্দ্রে গোপালনগর থানার ও.সি প্রদীপ ঘোষ। গত বছর তিনি ৪৫ টাকার হেরোইন সন্তোষপুর গ্রাম থেকে সীজ করে আনলেন, কিন্তু সেটা থানায় রেকর্ড হলনা। তারপরে এস.পি-কে রিপোর্ট করার পরে তিনি থানায় গিয়ে খোঁজ-খবর করার প্রদীপ ঘোষের কাছ থেকে সেটা উদ্ধার করা হল। আমরা দাবি করেছিলাম যে তাঁর ব্যবস্থা করা হোক, কিন্তু যেহেতু সামনে পঞ্চায়েত নির্বাচন সে জন্য শাস্তির কোনও হলনা। পরবর্তীকালে ১।। লক্ষ বাংলাদেশের বেআইনি টাকা সীজ করা হল, কিন্তু থানায় রেকর্ড করা হলনা, সেটা আত্মসাৎ করা হল। তারপরে পি.ডবলিউ.ডি'র রাস্তার যে সমস্ত গাছ আছে সেগুলি ঐ পুলিশ অফিসার কেটে নিয়ে ফার্নিচার তৈরি করে পাঠাচ্ছে এবং আত্মীয়-স্বজনের বাড়িতে পাঠাচ্ছে। অথচ তাঁর বিরুদ্ধে অভিযোগ করা কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। গ্রামে এখনও যে সন্ত্রাস চলছে সেই সম্পর্কে ঐ অফিসার কোনও ব্যবস্থা নিচ্ছে না। কাজেই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে করব যে ঐ দুর্নীতিগ্রস্ত পুলিশ অফিসারকে বরখাস্ত করা হোক এবং শাস্তির ব্যবস্থা হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিগত ৭ কংগ্রেস এবং বি.জে.পি মিলে বাংলা বন্ধ ডেকেছিল। এই বাংলা বন্ধ খুব শান্তিপূর্ণ ছিল তারা দাবি করেছিল। আমার কাছে যে খবর আছে তাতে বোলপুরে তারা তান্ডব দেখি বোলপুরে বেলা ১২।। টার সময়ে আর.এস.পি'র অফিসের উল্টো দিকে সুপার পশ্চিমবঙ্গ সরকারের যে মঞ্জুসার শো রুম আছে, সেই শো রুম কংগ্রেসি গুন্ডারা করে এবং ম্যানেজারকে মারে এবং সেই দুষ্কৃতকারীদের নেতা হচ্ছে সেখানকার ব্লক কং একজন নেতা, মিউনিসিপ্যালিটির ৮ নম্বর ওয়ার্ডের কমিশনার জাহাঙ্গীর খান। সবচেয়ে ব্যাপার হচ্ছে, আমরা যখন বন্ধকে অপোজ করার জন্য মিছিল করছি সেই সময়ে লোকজন না দেখে তারা এই কান্ড করেছে। তারপরে আমরা খবর পাওয়ার পরে পুলি জানানো হয়। এখানে পুলিশের খানিকটা দুর্বলতা লক্ষ্য করেছি। পুলিশ কিছু লোককে করেছে এবং তাদের ১৯০ ধারায় আই.পি.সি দেওয়া হয়েছে। থানায় বেল বন্ড দিয়ে ছাড়ানো হয়েছে। আমি মনে করছি যে মঞ্জুসার ম্যানেজারকে যারা মেরেছে এবং যারা করেছে তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হয়নি। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে বিষয়টা ভাল করে দেখা হোক এবং দোষী ব্যক্তি উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার দুটোর সময়ে মিলিত হব।

(At this stage the House was adjourned till 2-00 p.m.)

(After recess)

[2-00—2-10 p.m.]

## POINT OF INFORMATION

**শ্রী ননী কর ঃ** স্যার, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং সকলের াকর্ষণ করছি। এই বিষয়টা আমি আপনাকে আজকে বলছি, গত কাল আমি এটা বলে ঠিক করেছিলাম, কিন্তু গত কাল অনাস্থা প্রস্তাবের ব্যাপার ছিল, সেই জন্য বলার ছিল না। গত কাল আনন্দবাজার কাগজে আমার নাম করে একটা ছোট লেখা ছিল। অন্য সমস্ত যে সব কথা লিখেছে সেই বিষয়ে আমার বিশেষ বলার নেই। কিন্তু বিষয় যেটা বলেছে সেটা হলো যে, ৪২ একর সরকারি জমিতে আমি একটা মন্দির ব্যাপারে সাহায্য করছি দৌলতপুর গ্রামে। সম্পূর্ণ অসত্য কথা। এতো একর সরকারি সখানে নেই এবং সরকারি জমিতে সেখানে মন্দির হচ্ছে না। এটা আমার নামের সঙ্গে দেওয়া হচ্ছে। আমি এই বিষয়ে এতো গুরুত্ব দিচ্ছি এই কারণে যে, ৯ই মে টেলিগ্রাফ ় এইরকম ভাবে একটা খবর বেরিয়েছে যে, C.P.M. Leader allows temple overnment plot.

(নয়েজ)

(এই সময় মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি কিছু বলতে ওঠেন)

৩ তারিখে টেলিগ্রাফ কাগজ অনেক কথার মধ্যে এই কথা তাঁরা উল্লেখ করেছিল যে কর সরকারি জমিতে সি.পি.এম-এর এম.এল.এ ননী কর মন্দির তৈরি করার ব্যাপারে করছে।

(গোলমাল)

পারে সুব্রতবাবুর রাগ হওয়ার যথেষ্ট কারণ আছে। এই কাগজের পর খোঁজ নিয়ে জানলাম উর্দু কাগজে এই কথা ছাপা হয়েছে। পঞ্চায়েত নির্বাচনের আগে মুসলিম ার মধ্যে নানাভাবে বোঝাবার চেষ্টা করা হচ্ছে। হাবড়ায় হাবড়া মিউনিসিপ্যালিটিতে বি.জে.পি-র সঙ্গে সমঝোতা করল, বি.জে.পি-র সিটে কংগ্রেস প্রার্থী প্রত্যাহার করল। ারণে টেলিগ্রাফ কাগজে, আনন্দবাজার কাগজে এইরকম খবর ছাপানো হল এবং উর্দু এইরকম একটা খবর ছাপানো হল যাতে মুসলিমদের পেলে এই জিনিস করা যেতে এখন বিধানসভা চলছে, বিধানসভা চলাকালীন গতকাল এই কথা লিখেছে বলে র দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই ব্যাপারে সুব্রতবাবুর চটার কোনও কারণ নেই। য অসত্য অন্যায় কথা কাগজে যদি এইভাবে বলে তাহলে তো অস্বস্তিকর ব্যাপার হয়ে এই কাগজে লিখেছে আমার এক আত্মীয় মনসা চাকলাদার তাঁর জন্য আমি মন্দির চ্ছি। এই মনসা চাকলাদার আমার আত্মীয় ঠিকই, কিন্তু কি রকম আত্মীয় জানেন?

সে হচ্ছে আমার স্ত্রীর বড় বোনের বড় মেয়ের ভাসুর। তিনি ইন্ডিয়ান ওয়েলে চা করতেন। তিনি কংগ্রেস করতেন, এখনও করেন, আপনারা এটা জানেন। শুধু আমা ম্যালেইম করার জন্য আমার পার্টিকে ম্যালেইম করার জন্য, জনগণের সামনে আমাকে করার জন্য মন্দিরের সঙ্গে আমার নাম যুক্ত করা হচ্ছে। যেখানে কোনও ঘটনা নেই এইরকম কোনও সরকারি জমিতে কিছু ঘটেছে, বেসরকারি একটা জমিতে দশ বছর আ থেকে একটা মন্দির নির্মাণের কাজ চলছে, আমার কাছে যখন দু'পক্ষ এসেছিলেন তখন বলেছিলাম। আমি বি.এল.আর.ও., এ.ডি.এম.কে, থানাকে সেটেল করতে বলেছি। আপন একটু খোঁজ নিন। কিন্তু এই বিষয় নিয়ে এরা এইভাবে কাগজে বলেছে। এটা নিয়ে সুব্রতবাবুর গায়ে জ্বালা ধরেছে, আমি বুঝতে পারছি না, এঁরা এই খবর করিয়েছেন কি বি.জে.পি.র কাছে আত্মসমর্পণ করে যে অন্যায় করেছেন, আজকে সেটা থেকে নিজে বাঁচাবার জন্য এটা করছেন। কিন্তু এতে কোনও লাভ হবে না। কারণ ওখানকার ম জানেন ধর্ম নিয়ে আমার মনোভাব কি, আমি কিভাবে চলি তাও জানেন। বহু মানুষই জানেন যে মন্দির মসজিদের মতো কোনও একটি পার্টিকুলার বিষয়ের জন্য সি.পি. কখনও গ্রামে যায় না। কাগজ নিশ্চয়ই লিখতে পারে। কিন্তু আমাকে যেভাবে ম্যালাইন ক চেষ্টা করা হচ্ছে একটা অসত্য ঘটনাকে কেন্দ্র করে, এটা আমি আপনাকে জানালাম। আমি আগেই জানতে পারতাম। আমি এটা আপনার কাছে পয়েন্ট আউট করলাম।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার ক্ষমতা আছে, আপনি যাকে বলতে দিতে পারেন। কিন্তু আমাদের অধিকার আছে জানার যে কিসের জন্য, কি ভি কি রুলসের ভিত্তিতে এটা বলছেন? সংবাদপত্রে একটা সংবাদ বেরিয়েছে। উনি রিজ দিতে পারতেন অথবা প্রিভিলেজে দিতে পারতেন।

**মিঃ স্পিকার ঃ** উনি আগেই জিরো আওয়ারের জন্য পারমিশন চেয়েছিলেন। আপন জিরো আওয়ারে বলেন, উনিও বলেছেন। আমি ওঁকে বলতে অনুমতি দিয়েছি।

## LEGISLATION

### West Bengal Public Libraries (Amendment) Bill, 1993

**Shri Tapan Roy :** Sir, I beg to introduce the West Bengal Pu Libraries (Amendment) Bill, 1993.

(Secretary then read the Title of the Bill)

**Shri Tapan Roy :** Sir, I beg to move that the West Bengal Pu Libraries (Amendment) Bill, 1993 be taken into consideration.

(Mr. Speaker then called Shri Saugata Roy to initiate discussion the Bill but before Shri Roy started Dr. Zainal Abedin stood up)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, ফার্স্ট রিডিংয়ে উনি আগে বক্তব্য রাখুন, তার সৌগতবাবু বলবেন।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী পরে বলবেন। আপনি সংক্ষেপে বলুন। না বলতে চাইলে আপনি ঃ বলতে পারেন। মন্ত্রী মহাশয়, আপনি শুনুন, ডাঃ আবেদিন একজন দক্ষ পার্লামেন্টেরিয়ান। মাঝেসাঝে আপনাকে ফাঁসাবেন। আপনি ভাবনা-চিন্তা করে উত্তর দেবেন। আপনাকে সব উত্তর দিতে হবে এইরকম কিছু ব্যাপার নেই।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ৩'র উপরে কিছু বলার জন্য আমি উঠেছি। আমি ঠিক জানি না যে, তপনবাবু, যিনি ন্ত্রী, তিনি মিনিস্টার ইন-চার্জ কিনা? যদি এমন হয়, মিনিস্টার অব স্টেট, তাহলে তাঁর ঃ একজন ক্যাবিনেট মন্ত্রী আছেন। এটা হলে আমরা খুশি হতাম যদি সেই ক্যাবিনেট আজকে এখানে উপস্থিত থাকতেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার যে নোটিফিকেশন দিয়েছেন এটা পরিষ্কার নয় যে তপনবাবু মিনিস্টার ফর লাইব্রেরি সার্ভিস ইন-চার্জ কিনা, না উপরে মিনিস্টার অব হায়ার এডুকেশন আছেন কিনা? ওঁকে এমব্যারাসিং পজিশনে সরকারের উচিত হয়নি, এটা আমার বক্তব্য। স্যার, আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, এই আনা হয়েছে, মাননীয় মন্ত্রী বিলটির স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজিনসে যেটা হন তা হচ্ছে, মূলত পশ্চিম দিনাজপুর জেলা দুটো ভাগে ভাগ হয়ে গিয়েছে—দক্ষিণ উত্তর দিনাজপুর এই নামে ভাগ হয়ে গিয়েছে।

[2-10—2-20 p.m.]

লাইব্রেরির আগে যে আইন ছিল ওয়েস্টবেঙ্গল পাবলিক লাইব্রেরিজ অ্যাক্ট তাতে ল লাইব্রেরি করার কথা ছিল এবং তাতে বলা হয়েছিল যে ইট উইল বি এ বডি রেট, তাঁর নিজস্ব সিল থাকবে। তারপরে জেলা ভাগ হল এবং তাতে লোকাল রি অথরিটি ডিজলভ হয়ে যাবে এইজন্য এই বিলটি আনা হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে শ্চিম দিনাজপুর জেলা ভাগ হয়েছে এবং সেই অনুযায়ী লোকাল লাইব্রেরি অথরিটিও হয়ে গেছে। সেই কারণে নিয়মমাফিক এই বিলটি আনা হয়েছে। সুতরাং এই বিষয়ে কিছু বলার নেই। কিন্তু এখানে বলার একটাই কথা হচ্ছে যে জেলা ভাগ করলেন কেন পশ্চিমদিনাজপুর আগেই ভাগ করে দিলেন। আপনারা তো অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটি নিয়োগ করেছিলেন এবং সেই অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি আপনাদের যে গগের কথা বলেছিলেন সেটা তো মেদিনীপুর জেলা। পশ্চিমবঙ্গের বৃহত্তর জেলা হচ্ছে র এবং তারপরেই হচ্ছে বড় জেলা বর্ধমান। তারা বর্ধমান জেলাকেও ভাগ করার লছিলেন। সেখানে আপনারা হঠাৎ আরবিটারিলি সিদ্ধান্ত নিলেন যে পশ্চিমদিনাজপুর ভাগ করবেন এই, সেইভাবে ভাগ করলেন। আপনারা জানেন যে ডিভিসন করতে কটা বাউন্ডারি কমিশন করার দরকার এবং একটা প্রপার অথরিটি দরকার, আপনারা রন নি। যখন একটা স্টেটকে ভাগ করতে হয় তখন আপনার স্টেট রিঅরগ্যানাইজেশন রতে হয়। কেননা বাউন্ডারিতে অনেক ডিসপিউট থাকে। পশ্চিমদিনাজপুর জেলায় নেক ডিসপিউট থেকে গেছে। আপনারা জানেন নিশ্চয় বালুরঘাটে আর এস পি এম যারা আছেন তাঁরা জানেন এই নিয়ে ওখানে অনেক বন্ধ হয়েছে। আমাদের ডাঃ আবেদিনের জায়গা দিনাজপুরে। সেখানে জেলা ভাগ হওয়ার ফলে তাঁর বাড়ি পড়েছে

একটা জেলায় আর নির্বাচনী কেন্দ্র পড়েছে আরেকটি জেলায়। এর জন্য অনেক প্রতি জানিয়েছেন। কেন এই জেলা ভাগ হল জানতে পারলাম না এবং জেলা ভাগের ব্যা আমাদের একটা নৈতিক প্রতিবাদ আছে সেটা আমরা এখানে রাখলাম। আমি আগেই দিয়েছিলাম যে পশ্চিমদিনাজপুর জেলায় যে লোকাল লাইব্রেরি অথরিটি ছিল তাতে আগে সিদ্ধান্ত ছিল সেগুলো আর রইল না। এমন কি এর যে মেম্বার ছিল তাঁরাও আর থা না। এই লোকাল লাইব্রেরি অথরিটি যেটা করলেন সেটা কাদের দিয়ে তৈরি হল—সে আপনার ডি.এম চেয়ারম্যান, ডি এল ও হচ্ছে এক্স অফিসিও সেক্রেটারি, ডিস্ট্রিক্ট সো অফিসার গভর্নমেন্টের দুজন নমিনেটেড মেম্বার এই নিয়ে মোট ২৫ জনকে নিয়ে এই তৈরি হয়। স্টেট লেবেলে যখন এই বডি তৈরি হয় তখন স্বয়ং মন্ত্রী হচ্ছেন চেয়ারম্য আমি মন্ত্রীর কাছে জানতে চাইছি যে আপাতত এই কমিটি করা ছাড়া আপনাদের কাজ আপনাদের দপ্তরের এমন অবস্থা যে তুলে দিলেই হয়। স্টেট প্ল্যান বাজেটে গত ৪ ব একটি পয়সাও আপনাদের বরাদ্দ হয়নি। নন প্ল্যান এক্সপেনডিচারে লাইব্রেরির কর্মচারি মাইনে দিতেই চলে যাচ্ছে। এছাড়া আর তো কিছু নেই। আপনাদের বাজেটে ১৯৯১- সালে অ্যাকচুয়াল খরচ হয়েছিল ৭৮ লক্ষ ১১ হাজার টাকা আর ১৯৯২-৯৩ সালে বা এস্টিমেট ধরা হয়েছিল ২ কোটি টাকা। আপনারা কত টাকা খরচ করেছেন ১৯৯২- সালে? ১ কোটি ৫০ লক্ষ টাকা এবং এই বছরে আপনারা বাজেট করেছেন ১ কোটি লক্ষ টাকার। গতবারের বাজেট এস্টিমেট ছিল ২ কোটি টাকার, কিন্তু আপনারা টাকা পা বা যে কারণেই হোক আপনারা ১ কোটি ৫৫ লক্ষ টাকা পেয়েছেন। তাঁর মানে হচ্ছে কো কিছু করার স্কোপ আপনার নেই। মেইনটেনেন্স গ্রান্ট আপনি কিছু দিচ্ছেন না। কিছু প পত্রিকা এবং আপনাদের আইনে যেটা আছে সেই অনুযায়ী কিছু বই আপনি কিনছেন লাইব্রেরি সার্ভিসে যাঁরা চাকরি করে তাঁরা মাইনেও পায়না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লাই সার্ভিস, অ্যাকচুয়ালি একটা আন্দোলন হতে পারত। পশ্চিমবাংলায় যে শিক্ষা বিস্তার হ .তাতে সাধারণ মানুষ স্কুল কলেজ প্রতিষ্ঠা করেছে, পাবলিক লাইব্রেরি প্রতিষ্ঠা করেছে নিজে উদ্যোগে। জয়কৃষ্ণ লাইব্রেরি তাঁর একটা বড় উদাহরণ। আমার এলাকায় নিত্যানন্দ লাই বলে একটা ছোট লাইব্রেরি আছে। কিন্তু বাড়িটা রিপেয়ার করার জন্য সরকারি ফান্ড কোনও টাকা দেওয়া হচ্ছে না, নতুন কোনও বই কেনা হচ্ছে না। নতুন বই কেনার কো সুযোগও নেই। সরকার যে মেইন্টেনেন্স গ্রান্ট দিচ্ছে সেটা খুবই সীমিত। পাবলিক লাইব্রেরিগু আজকে অপমৃত্যু হচ্ছে। কর্মচারিরা যারা কাজ করে তারা একটা ফিক্সড টাইমে চাকরি কর অনেক জায়গায় আবার শনি ও রবিবারের লাইব্রেরি বন্ধ রাখা হচ্ছে। এইভাবে আ পাবলিক লাইব্রেরির মুভমেন্ট চলতে পারেনা। সরকারের একটা স্টেট লাইব্রেরি আছে, তাঁর বাইরে সরকারের পাবলিক লাইব্রেরি রাখার কোনও উদ্যোগ নেই। আপনারা বলছেন যে আমরা স্বাক্ষরতা আন্দোলন করছি। আপনাদের কোনও উদ্যোগ নেই লাই মুভমেন্টটাকে ইমপ্রুভ করার কোনও চেষ্টা আপনাদের নেই। কলকাতা শহরে যে সাহিত্য পরিষদ আছে, যেটা কলকাতার ওয়ান অফ দি বেস্ট লাইব্রেরিস, সেখানে আ তিন বছর ধরে কিছু ডিসপুট চলছে, সেটা রিজলভ করার কোনও চেষ্টা করা হচ্ছে তালতলার পাবলিক লাইব্রেরি নাকি ভেঙ্গে ফেলা হচ্ছে। লেখাপড়া বিস্তারের জন্য লাইব্রেরিগুলো তৈরি হয়েছিল সেগুলো আজকে ভেঙ্গে দেওয়া হচ্ছে। আজকে লাইব্রেরি ব্যা

ৈশনাইজড করার চেষ্টা নেই। লাইব্রেরি মানে কিছু বই ও পুরোনো বই রাখা নয়, সমস্ত লাইব্রেরি মাইক্রোফিল্ম হচ্ছে, কম্পিউটারাইজড হচ্ছে, লাইব্রেরি সার্ভিস যেটা উচিত সেটা হচ্ছে। যদি কেউ যে কোনও বইয়ের, যে কোনও পাতা দেখতে চায়, কম্পিউটারের বোতাম টিপলে সেই পাতাটা পেয়ে যাবেন। কিন্তু আজকে আমাদের াংলার লাইব্রেরিগুলো প্রাগৈতিহাসিক যুগে পড়ে রয়েছে। সবচেয়ে বড় লাইব্রেরি যেটা সটার কথা বলি সেই স্টেট লাইব্রেরিতেও কোনও আধুনিক ব্যবস্থা নেই। আপনি কি লিস্ট দিতে পারেন যে কোন কোন পত্রিকা রাখার জন্য সরকার থেকে টাকা দেওয়া াবলিক লাইব্রেরিগুলোতে সি.পি.এম পার্টির সব বই রাখা হয়। সেখানে গণশক্তি, া ইত্যাদি পার্টির পাবলিকেশনগুলো রাখা হয়। সমস্ত মার্কসবাদী বই আপনারা াগুলোতে রাখেন, সমস্ত মার্কসবাদী লেখকদের বই আপনারা লাইব্রেরিগুলোতে রাখেন। দৃষ্টিভঙ্গি নিয়ে আপনাদের শিক্ষার বই রাখা দরকার এবং সেই উদার দৃষ্টিভঙ্গি া এখনও পর্যন্ত দিতে পারেননি।

2-20—2-30 p.m.]

াশ্চিমবঙ্গে আপনার দপ্তর বছরে একটা করে গ্রন্থমেলা করেন বা বই মেলা করেন ারপর বুক সেলারস অ্যান্ড গিল্ড তারা একটা বই মেলা করেন। আপনাদের মেলাটা াড়মেড়ে, ল্যাকলাশচার অথচ পাবলিশারস অ্যান্ড বুক সেলারস গিল্ড যে মেলাটা তাতে এতো ভিড় হয় যে লোকে ঢুকতে পারেন না। কেন আপনার দপ্তরের বই- লোকে সে রকমভাবে যাচ্ছেন না সেটা আপনাকে চিন্তা করতে হবে। কলকাতা ছাড়া জলাতে বড় বড় শহরে এখন এই বই মেলা করাটা একটা ফ্যাশন হয়ে দাঁড়িয়েছে াই বই মেলা করার ব্যাপারে আপনার দপ্তরের উদ্যোগ খুব মিনিমাম। পানিহাটির একটি বই মেলাতে গিয়ে আমি দেখলাম যে সেখানে সেটা সি.পি.এমের লোকরা জ করেছেন, তাতে দুটি ধর্মগ্রন্থের এবং একটি মার্কসীয় দর্শনের বই-এর স্টল রয়েছে। াখানে কোন ধরনের বই পাবলিক চয়েস করছেন আপনারা সেটা ভাবছেন না। আমি এ ব্যাপারটা আপনাকে ভাবতে হবে। শিক্ষা বা জ্ঞান বিজ্ঞানের ক্ষেত্রটাকে সীমিত চেষ্টা না করে আপনারা এর দরজা উন্মুক্ত করে দিন। এ ব্যাপারে কিন্তু বলতে বাধ্য য আপনারা সে রকম দৃষ্টিভঙ্গি দেখাতে পারছেন না। তারপর লোকাল লাইব্রেরি ঃ যেটা আছে তাঁদের কিছু কিছু পাওয়ার দিয়েছেন। সেই পাওয়ারের মধ্যে কি আছে? al library authority may :

rovides suitable lands and buildings for public libraries and also the urniture, fittings, materials and convenience requisite therefor,

কটা নতুন লাইব্রেরির জন্য ল্যান্ড, বিল্ডিং দিয়েছেন সেটা আমাদের বলবেন। তারপর tock such libraries with books, periodicals, newspapers, maps, works peciments of arts and science, lantern slides, cinema reels and any things suitable for the purpose, কটা লাইব্রেরিকে কটা বই দিয়েছেন, কি টক দিয়েছে· কটা ম্যাপ দিয়েছেন সেটা বলবেন। তারপর employ from time to

time such officers and staff for such libraries in the manner prescrib এটাই আপনাদের একমাত্র পারপাস, সেখানে কিছু লোককে এমপ্লয়মেন্ট দিয়েছেন। আর wi the previous sanction of the Government, close or discontinue any pub library organised or run by it or change the site thereof, (e) recomme to the director for withdrawal of recognition of, or discontinuance Government grant to, any public library. এটা আপনারা করেছেন। আপন জানেন যে সেন্ট্রাল গভর্নমেন্টের রামমোহন ফাউন্ডেশন বলে একটি ফাউন্ডেশন আছে মোটামুটি ভাল বই সেগুলি এই রামমোহন ফাউন্ডেশনের উপর নির্ভরশীল। সেটা না থাক লাইব্রেরিগুলি যে কয়েকটা ভাল বই পায় সেটা পেত না। এছাড়া বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠা লাইব্রেরি আছে, ইউনিভার্সিটির লাইব্রেরি আছে। জেলার লাইব্রেরি বলতে যেগুলি সেগুলির কি অবস্থা সেটা সকলেই জানেন। আজকে আপনি লাইব্রেরির উপর এই সংশো বিল এনেছেন বলে আমরা কয়েকটা কথা বলার সুযোগ পাচ্ছি তা না হলে এডুকে বাজেটের মধ্যে এটা থাকে, সেখানে এ সম্বন্ধে বিস্তারিতভাবে বলার সুযোগ পাওয়া যায় আমি আপনাকে বলব, লাইব্রেরির ব্যাপারে একটা বৃহৎ, প্রশস্ত দৃষ্টিভঙ্গি গ্রহণ করার প্রয়ো আছে। এটা হচ্ছে জ্ঞান বিজ্ঞানের বিকাশের সময়। এই জ্ঞান বিজ্ঞানের বিকাশের সময় লাইব্রেরি সার্ভিসটা যাতে যথাযথভাবে জনসাধারণের কাছে উন্মুক্ত হতে পারে সেটা দেখা প্রয়োজন। শুধু মার্কসীয় দর্শনের বই বা পত্র-পত্রিকা মানুষের জ্ঞান বাড়বে না, আপন দরজা উন্মুক্ত করতে হবে। এখানে এই কেনার ব্যাপারে আপনারা যে সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গি করেছেন বা বই-এর লিস্ট তৈরি করার ব্যাপারে যে সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন লাইব্রেরি সার্ভিস উঠে যাবার অবস্থা হয়েছে। আপনি স্টেট গভর্নমেন্টকে বলুন যে আপন ফান্ড দিতে যাতে পাবলিক লাইব্রেরি যেগুলি ভেঙ্গে যাচ্ছে সেগুলির মেন্টেনেন্সের ব্য করতে পারেন। পাবলিক লাইব্রেরি যেগুলি ভেঙ্গে গিয়ে ছাদ দিয়ে জল পড়ে বই নষ্ট সেগুলিকে কিভাবে কতটা হেল্প করতে পারেন সেটা দেখা অবশ্যই কর্তব্য। এ ব্যাপারে প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে কিছু করতে পারেন কিনা দেখুন। পশ্চিমবঙ্গে যে পাবলিক লাইব্রেরি রয়েছে তাতে অনেক মূল্যবান বই, নথিপত্র রয়েছে। মফস্বল শহ লাইব্রেরিগুলির দিকে কিন্তু বিশেষ করে দৃষ্টি দেওয়া দরকার। কলকাতার মধ্যে আম হাতের কাছে ন্যাশনাল লাইব্রেরি আছে, কমার্শিয়াল লাইব্রেরি আছে, গভর্নমেন্ট অব ইন্ডি ৩/৪ টা বড় বড় লাইব্রেরি আছে, ইউনিভার্সিটির লাইব্রেরি আছে, কলকাতা শহরে একটি সংবাদপত্রের অফিসে বড় বড় লাইব্রেরি আছে, তাছাড়া বাগবাজার, চেতলা ই অঞ্চলে লাইব্রেরি আছে কিন্তু মফস্বলের শহরগুলিতে এতো লাইব্রেরি নেই, বাজেই এ দৃষ্টি দেওয়া দরকার। উত্তরপাড়ায় জয়কৃষ্ণ লাইব্রেরিতে আমি গেছি, শান্তশ্রীবাবু সেখানে করছেন। ওদের টাকা নেই। পাবলিক লাইব্রেরি সম্পর্কে আপনাদের জেনারেল অ্যাটিচুড এবং গভর্নমেন্টের পলিসি কী তা শোনার সুযোগ নেই, অশোক মিত্র কমিশন লাই সম্পর্কে সিরিয়াস ক্রিটিসিজম করেছেন। তাঁর সেই সুপারিশগুলো ইমপ্লিমেন্ট করছেন কি এবং পাবলিক লাইব্রেরি মুভমেন্টকে আবার কি করে এগিয়ে নিয়ে যাওয়া যায়, পার্টিজন ওয়েতে না নিয়ে, কি করে এই পাবলিক লাইব্রেরি মুভমেন্টকে এগিয়ে নিয়ে যা যায় তা নিয়ে কী ভাবছেন সেটা আপনার কাছ থেকে শুনতে চাই। এই বিলের

ধতা করছি না, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে ওয়েস্টবেঙ্গল পাবলিক রি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯০ মাননীয় মন্ত্রী তপন রায় মহাশয় এখানে পেশ করেছেন, আলোচনা চলছে। মাননীয় বিরোধী সদস্য সৌগত রায় মহাশয় তাঁর বক্তব্য রেখেছেন। ানা উচিত, যতগুলো শিক্ষা দপ্তরের মন্ত্রী হয়েছেন তাঁর মধ্যে তপন রায় মাননীয় মন্ত্রী রির পূর্ণ দায়িত্বে আছেন। মাননীয় সদস্য সেটা জানেন না, এটা অত্যন্ত দুর্ভাগ্যের। নর্থ াউথ দিনাজপুরের ব্যাপারে যে টেকনিক্যাল বিষয়টার অবতারণা হয়েছে—জেলাটা হয়েছে, সেখানে জেলা পরিষদ দু ভাগ হয়েছে, প্রশাসনিক দপ্তর দু ভাগ হয়েছে, ন লাইব্রেরি অথরিটি সেখানে দু ভাগ হবে, এটাই স্বাভাবিক। অতএব এটাকে আমি ভাবে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে বলি, আজকে যে বিষয়টা এখানে অবতারণা নয়, সৌগত রায় সেটাই বললেন, কেন এটা আগে ভাগ হলো, কেন মেদিনীপুর আগে রা হল না, কেন বর্ধমান আগে ভাগ হল না, এর উত্তর নিশ্চয়ই মাননীয় গ্রন্থাগার বেন না। সেই জন্য বলি এটার বিভাগে যারা আছেন, তাঁদের কাছে জিজ্ঞাসা করবেন। রা জানেন প্রত্যেকটি জেলায় লোকাল লাইব্রেরি অথরিটি আছে এবং সেই লোকাল রি অথরিটির চেয়ারম্যান হচ্ছেন ডি.এম. এবং কমিটি যে আছে সৌগত রায় সেটা করেছেন। আজকে দিনাজপুর নিয়ে যে বিষয়টা অবতারণা করলেন নর্থ এবং সাউথ— লোকাল লাইব্রেরি অথরিটিও দুভাগে ভাগ হয়েছে। সেখানে দুটো কমিটি করতে হবে অনুসারে। স্টেট লেভেলএ যে কমিটি আছে সেটা বলা হয়েছে। আমি সৌগতবাবুকে াইব্রেরি মুভমেন্টের কথা বলছেন, আপনি দয়া করে গ্রামে গঞ্জে ঘুরে দেখে আসুন, গঞ্জে তো যান না, গেলে দেখতে পাবেন, লোকাল লাইব্রেরি অথরিটির নেতৃত্বে সেখানে র্যাল লাইব্রেরি হয়েছে একের পর এক পশ্চিমবাংলায়। আমি নদীয়া জেলার কথা নদীয়া জেলায় কংগ্রেস আমলে মাত্র আটটা লাইব্রেরি ছিল এখন সেখানে ১৩০টার রুর‍্যাল লাইব্রেরি তৈরি হয়েছে, তাঁর জবাব কি দেবেন? কেন কংগ্রেস আমলে এই সব রি তৈরি হয়নি? কেন শিক্ষা বিস্তারের ক্ষেত্রে লাইব্রেরিকে অগ্রাধিকার দেওয়া হয়নি? বাবু এর উত্তর দিতে পারবেন? আজকে গ্রামে গঞ্জে, জেলায় জেলায় যে বই মেলা খানে নাকি সি.পি.এম. এর লোক নিয়ে হয়। আপনারা নিশ্চয়ই জানেন কৃষ্ণনগরের

[2-30—2-40 p.m.]

ীর চক্রবর্তী লালনের ওপর 'ব্রাত্য লালন' লিখে পুরস্কার পেয়েছেন, তিনি কাদের তাঁকে বহুবার মঞ্চে দাঁড় করিয়ে তাঁর বক্তৃতা মানুষকে শোনাবার ব্যবস্থা করা হয়েছে। এর থেকে খুবই সহজে অনুমান করা যায় যে, প্রতিটি জেলায় শুধু সি.পি.এম-এর দের নিয়ে বই মেলা করা হয়, এটা যুক্তিসঙ্গত নয়। সুতরাং উনি এখানে ঐসব কথাবার্তাই বললেন। গ্রামে গঞ্জে প্রতি বছর ৮/১০ দিন বই মেলা হয়। গ্রাম গঞ্জের লো সারা বছর ধরে ঐ দিনগুলোর জন্য অপেক্ষা করে থাকে—কবে বই মেলা হবে, ই মেলায় তাঁরা বই কিনতে যাবেন। আজকে আন্দোলনের রূপ এই জায়গায় গিয়েছে। টা ঠিক এখন পর্যন্ত সমস্ত জায়গায় লাইব্রেরি করে দেওয়া যায় নি, এখনো কিছু

ঘাটতি আছে। কেন এই ঘাটতি তা নিশ্চয়ই আপনারা সকলে জানেন। তবে এ ক্ষেত্রে কোন মন্ত্রীর বা বামপন্থীদের গ্রন্থাগার আন্দোলনে আন্তরিকতার অভাব আছে, এটা এর থেকে প্র হয় না। আমরা এই আন্দোলনের মধ্যে দিয়ে শিক্ষা সংস্কৃতির জগতকে বিস্তারিত করতে চা অপসংস্কৃতিকে দূরে হটিয়ে দিতে গ্রামাঞ্চলে আজকে লাইব্রেরি আন্দোলন তীব্র গতিতে এগি যাচ্ছে। অবশ্যই এই আন্দোলনকে আরও তীব্র গতিতে এগিয়ে নিয়ে যাবার জন্য ঐক্য প্রয়াসের প্রয়োজন। অবশ্য আনন্দের কথা সৌগতবাবু আজকে এই বিলের বিরোধিতা কর নি। কারণ তিনি পশ্চিমবঙ্গের লাইব্রেরি আন্দোলনকে অস্বীকার করতে পারেন নি। আ আশা করব আমাদের লাইব্রেরি আন্দোলন সকলের সহযোগিতা নিয়ে তীব্র গতিতে এগি যাবে, শিক্ষা বিস্তারের ক্ষেত্রে সহায়ক হবে এবং অপসংস্কৃতিকে হটিয়ে দেবে। এই আশা ক আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রন্থাগার বিভাগের ভারাপ্রাপ্ত মানন মন্ত্রী মহাশয় 'দি ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরি (অ্যামেন্ডমেন্টে) বিল, ১৯৯৩' এই সভ পেশ করেছেন। আমি এই বিলকে সঙ্গত কারণেই সমর্থন করছি। আমরা সকলেই জা বিভিন্ন জেলায় লোকাল লাইব্রেরি অথরিটি আছে। বর্তমানে পশ্চিমদিনাজপুর জেলা ভাগ হ উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুর নামে দুটি আলাদা জেলা গঠিত হয়েছে। ফ পশ্চিমদিনাজপুর জেলার পুরোন লোকাল লাইব্রেরি অথরিটির আর কোনও অস্তিত্বই থাক না। সুতরাং আজকে দুটি জেলায় দুটি আলাদা আলাদা লোকাল অথরিটি করার জন্যই বিল আনা হয়েছে। এটা খুবই প্রয়োজনীয় কাজ। অতএব এই বিলকে সমর্থন করে দু' একটি কথা বলতে চাই। আমরা নিশ্চিতভাবে জানি আমাদের রাজ্যে শিক্ষা বিস্তারে ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে গতিশীল ভূমিকা তা আজও সকল ক্ষেত্রে চালু আছে। যদি বিভিন্ন কারণে, বিশেষ করে আর্থিক কারণে বর্তমানে সেই গতি কিছুটা শ্লথ হয়ে পড়ে তথাপি বিগত দিনের কংগ্রেসি সরকারের তুলনায় বামফ্রন্ট সরকারের ভূমিকা শিক্ষা বিস্তার ক্ষেত্রে এখনো অনেক উজ্জ্বল। রাজ্যে বামফ্রন্ট ক্ষমতায় আসার পর গ্রন্থাগার আন্দোলন জোরদার করা হয়েছে। গ্রামাঞ্চলে শিক্ষা বিস্তারের কাজ গ্রন্থাগার বিভাগের মাধ্যমে যেভা শুরু করা হয়েছিল তা বর্তমানে কিছুটা অসুবিধার সম্মুখীন হয়েছে। বর্তমানে সেই গতি বজায় রাখা হচ্ছে না। প্রধানত বাস্তব আর্থিক অসুবিধার কথা আমরা সকলেই জা আমাদের ইচ্ছা থাকলেও আর্থিক অসুবিধার জন্য আমরা অনেক ক্ষেত্রেই অনেক কিছু কর পারছি না। যে দৃষ্টান্ত স্থাপন করে নতুন গ্রন্থাগার স্থাপন শুরু হয়েছিল তা আজকে সঠিকভা কার্যকর করা যাচ্ছে না। তেমনই আবার পুরোনো গ্রন্থাগারের বিভিন্ন উন্নয়নমূলক ক যেভাবে শুরু হয়েছিল তা গ্রামীণ এলাকায় একটা উৎসাহ উদ্দীপনা সৃষ্টি করেছিল। সে উৎসাহ এবং উদ্দীপনার ক্ষেত্রে কিছুটা ঘাটতি যদিও আছে তাহলেও এই সরকারের প থেকে অব্যাহত রাখার চেষ্টা হচ্ছে যাতে এর গতি চালু রাখা যায়। কিন্তু দুঃখের ক আজকে আমাদের আর্থিক ক্ষমতা, সারা দেশের আর্থিক ক্ষমতা জেনেও মাননীয় বিরোধীদলে সদস্য, সৌগতবাবু কিছু প্রশ্ন তুলেছেন যেগুলি করার ক্ষেত্রে যে উৎসাহ, উদ্দীপনা এ দায়িত্ব নিয়ে শুরু করেছিলাম সেটা করা যায়নি ঠিকই, কিন্তু সেই উদ্দীপনা, সেই দৃষ্টিভঙ্গি ক্ষেত্রে, পশ্চিমবঙ্গ সরকারের চিন্তা-ভাবনার ক্ষেত্রে কোও ঘাটতি নেই। স্বাভাবিকভাবেই আর্থ

ন আমাদের রাজ্যে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে গ্রন্থাগারের যে ভূমিকা, গ্রন্থাগারের যে আন্দোলন ই আন্দোলনের মধ্য দিয়ে গ্রামের মানুষকে সচেতন করার ক্ষেত্রে, শিক্ষার মাধ্যমে সচেতনতা নার ক্ষেত্রে এই দপ্তর সচেতন আছেন এবং তা পালন করছেন। সীমিত আর্থিক ক্ষমতার । দিয়েও গ্রামীণ এলাকায় নতুন নতুন গ্রন্থাগার স্থাপন এবং নতুন বই ক্রয় করছেন যাতে । এলাকার মানুষ সেইসব বই পড়তে পারেন, তাদের চেতনার বৃদ্ধি করতে পারেন সেই ষ্টা নিশ্চিতভাবে আছে। সেই চেষ্টাকে সামনে রেখে বিভিন্ন জেলায় লাইব্রেরি অথরিটি তৈরি র কাজের গণতন্ত্রীকরণ করা হয়েছে এবং তাঁদের মাধ্যমে এলাকায় এলাকায় লাইব্রেরি ন করে লাইব্রেরি আন্দোলন শুরু হয়েছে এবং সমগ্র উন্নয়নের ক্ষেত্রে এই অথরিটিকে ত্ব দেওয়া হয়েছে। স্বাভাবিকভাবেই উত্তর এবং দক্ষিণ দিনাজপুর জেলায় সেখানকার কাজ ত সঠিকভাবে করা যায় এবং দ্রুততার সাথে করা যায় তারজন্য এই আইনের পরিবর্তন । হয়েছে। উত্তর এবং দক্ষিণ দিনাজপুর জেলায় যাতে গ্রন্থাগার বিভাগ সঠিকভাবে কাজ তে পারেন সেই দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। আমি বিলটিকে পুরোপুরি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রন্থাগার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় বিল প্লেস করেছেন তার মুল প্রেক্ষাপট হচ্ছে পশ্চিমদিনাজপুরের বিভাজনকে কেন্দ্র করে । সেটাকে আইন সম্মতভাবে রূপ দেবার জন্য এই বিল এনেছেন—যাতে দুটি জেলায় ডিস্ট্রিক্ট লাইব্রেরি হয়। ৬ জন মন্ত্রী সমন্বিত শিক্ষা বিভাগের মাননীয় গ্রন্থাগার মন্ত্রী তাঁর টি অংশ এবং তাঁর বাজেট দেড় কোটি টাকার মতোন। মনের, চেতনার, ভাবনার উৎকর্ষতা র সহায়তা করে লাইব্রেরি। আক্ষরিক অর্থে নিরক্ষর মানুষের যদি সামান্য পড়াশুনা করার াস থাকে, ঠিক পারদর্শী না হলেও অনেক ভাল ভাল বই পড়ে তাঁদের মনের শ্রীবৃদ্ধি উৎকর্ষতা বাড়াতে সহায়তা করে। গ্রাম-গঞ্জে দেখেছি, একটি জেলার প্রাণকেন্দ্রে ডিস্ট্রিক্ট ব্রেরি থাকে। তারপর ধাপে-ধাপে বিভিন্ন জায়গায় রুর‍্যাল লাইব্রেরি হয়। এগুলি সরকারি চালনায় হয়। বাকি আমরা গ্রামে-গঞ্জে ঘুরে দেখেছি প্রাইভেট লাইব্রেরি বা ব্যক্তিগতভাবে বা সমষ্টিগতভাবে যে সমস্ত লাইব্রেরি আছে সেইগুলি সরকারি সাহায্য পাচ্ছে না। অথচ সম্প্রদায়ের পড়াশুনার ক্ষেত্রে সেগুলি সহায়তা করতে পারে। এই সমস্ত লাইব্রেরিগুলির সরকারি সাহায্যে বই দেওয়া-নেওয়ার ব্যাপারটা যদি সরলীকরণ করা যায়, বই য়ের অ্যারেঞ্জমেন্টটা যদি ঠিক করা যায় তাহলে ব্যক্তিগত উদ্যোগেও গ্রাম বাংলার র কাছে বই পৌঁছে দেওয়া যায়। কারণটা হচ্ছে এই যে সরকার পক্ষ ট্রেজারী বেঞ্চের রা বলবেন শিক্ষার প্রসার এত ব্যাপক, এত বেশি, তাঁরা গ্রামে গঞ্জে ভাষণ দিচ্ছেন, লে লিখছেন কিন্তু বাস্তবে কি হচ্ছে? অশোক মিত্র কমিশন, হু ইজ অশোক মিত্র?—তিনি াদেরই লোক সেই কমিশনের বক্তব্য পড়লে মন ব্যথা বেদনায় ভরে ওঠে। তিনি ন ১০০ টাকার মধ্যে ৯৫ টাকা চলে যাচ্ছে শুধু কর্মচারিদের মাইনে দিতে নতুন কিছু মী কাজে লাগছে? তা সত্বেও ওনারা কি করে বলেন আমি জানিনা। কোয়ালিটেটিভ লপমেন্ট অফ হিউম্যান বিইং সেটা এডুকেশনের ক্ষেত্রে হয় নি তাই আপনারা কোয়ানটিটিটা সন্তুষ্ট রয়েছেন, বলছেন ৬২ পারসেন্ট ভোট পেয়েছেন। চুরিটা দেখছেন না, ভারতবর্ষে

গ্রামোন্নয়ন কিভাবে পিছিয়ে যাচ্ছে এটা তো বললেন না? রুর‍্যাল ডেভেলপমেন্ট পশ্চিম কি হয়েছে? কোনও স্ট্যাটিসটিক্স তো দিলেন না। মিত্র কমিশন কি বলেছেন পশ্চিম মনের উৎকর্ষতা অর্থাৎ কোয়ালিটেটিভ ডেভেলপমেন্ট ইন এডুকেশনাল স্পেয়ার ইজ গো বি নীল। মনের উৎকর্ষতা বাড়ছে না, এটা আমার কথা নয়, মিত্র কমিশনের কথা। আ যারা স্কুলে ভর্তি হয় প্রথম শ্রেণীতে, চতুর্থ শ্রেণীতে দেখা যায় তাঁর ৪০ শতাংশ আসে আবার ক্লাশ টেনে পৌঁছালে দেখা যায় টোটাল যা ছিল তাঁর ৭৫ পারসেন্ট ক্লাশ আসেনা, এটা সর্বভারতীয় রিপোর্ট। ওয়েস্টবেঙ্গলে কি ফলো আপ করা হচ্ছে তা আপ জানাচ্ছেন না, ব্রেক অফ স্টাডিজ হয়ে যাচ্ছে এটা আপনারা বলছেন না। অ্যাডাল্টরা নির থাকছে, ভাল ডাক্তার, প্রফেসর, লেকচারার বা ভাল পলিটিশিয়ান হচ্ছে না, চোর, সেল পলিটিশিয়ান হচ্ছে, সেটা বলছেন না, অথচ মিত্র কমিশন পরিষ্কার হিন্ট দিচ্ছেন এই ব্যাপা আজকে গ্রামীণ লাইব্রেরিগুলির কি অবস্থা? ডিস্ট্রিক্ট লাইব্রেরির কথায় পরে আসছি। রাজনৈ উদ্দেশ্য নিয়ে এইগুলিকে রেকগনিশন দেওয়া হচ্ছে। কিন্তু কোনও বই নেই, কোনও নেই, স্বীকৃতি দিচ্ছেন শুধু একজন লাইব্রেরিয়ান এবং আপনাদের কিছু লোক চাকরি বলে, অথচ স্টক নেই, আপ টু ডেট বই সাপ্লাই নেই, এই তো লাইব্রেরির অবস্থা সম্বন্ধে আমি অনেক বলেছি, মেনশন করেছি। এটা আমার কথা নয়, এই হচ্ছে বাস্তব অ্যাডভাইসরী বোর্ডগুলিতে সমস্ত রাজনৈতিকভাবে নিয়োগ হচ্ছে, ওরা নিউট্রাল থাকতে পা না কেউ ফরওয়ার্ড ব্লকের লোক, কেউ সি.পি.এমের লোক, অথচ অ্যাডভাইসরী বোর্ড ঠিক না চললে শিক্ষার অবস্থা কি হবে তা সহজেই অনুমান করা যায়। তা এই সঙ্কীর্ণ দৃষ্টিভ ঊর্ধ্বে কি ওঠা যায় না? প্র্যাকটিকালি কি দেখছি? These who are politicians your ruling party they are only included in the advisory Board. এ কি হয়েছে? মার্কসিয়ান ফিলজোফি—এসব সিলেকটেড হয়েছে। মার্কস, লেনিন, সুভাষ— পড়ানো যায়, কিন্তু একটা ব্যালেন্স করবেন তো? সেজন্য এই লাইব্রেরির ব্যাপারে দৃষ্টিভ একটু পাল্টাতে হবে। গ্রামে অনেকে নিজেদের আনুকুল্যে ছোট ছোট সব লাইব্রেরি তুলেছেন। তাদের কি করে আজকে ভাল ভাল বই পৌঁছে দেওয়া যায় সেটা দেখতে সেখানে ডিস্ট্রিক্ট লাইব্রেরি থেকে বই পৌঁছাবার চেষ্টা করুন। তাদের রেজিস্টার্ড নাম্বার এর ফলে একটা আউটডোর এক্সপ্যানশন হবে। ইন্ডোরে ফিল-আপ করতে গিয়ে এ একটা ডাউনফল হয়েছে, ছাত্ররা স্কুল ছেড়ে চলে যাচ্ছে। অ্যাডাল্ট ইলিটারেসি দূর ক গিয়ে আপনারা অনেক স্লোগান দিয়েছেন, কিন্তু দেখেছি, এটা ভাকুতেলে ভরপুর। ভাববার ব্যাপার। তবে এক্ষেত্রে সব জেলার এক অবস্থা নয়। বিদ্যাসাগরের জেলা মেদিনী এটা হয়েছে, কিন্তু বর্ধমানে কিছু ভাল কাজ হয়েছে। মেদিনীপুর জেলা যে জেলায় বিদ্যা প্রথম অ, আ, ক, খ প্রবর্তন করেছিলেন, মানুষকে অন্ধকার থেকে আলোয় এনেছিলেন, জেলায় নিরক্ষরতা দূরীকরণের নামে প্রচুর অর্থের অপচয় করা হয়েছে, কেন্দ্রীয় সরক অনুদানের অপচয় করা হয়েছে। সেখানে সর্বত্র গরিব শ্রেণীর মানুষকে জিজ্ঞাসা করে দে কেউই টিপ সই ছাড়া লিখতে পারেন না। ভোটার লিস্ট অনুযায়ী যারা ভোট দিতে তাঁরা টিপ সই দিয়ে চলে আসেন। এটাই হচ্ছে একটা প্রমাণ। সেজন্যই বলছি, লাইব্রে দৃষ্টিভঙ্গি একটু ক্লিয়ার করুন, সব দলের লোক নিয়ে এর জন্য অ্যাডভাইসরী বোর্ড করুন, যেসব বেসরকারি লাইব্রেরি আছে সেগুলোকে সরকারি করবার চেষ্টা করুন। আজ

লাইব্রেরিতে পাঠকের সংখ্যা বেড়েছে, কাজেই সেখানে স্টাফ বাড়াবার চেষ্টা করুন। মস্যাগুলি আউটডোর এডুকেশন সিস্টেমে দূর করলে লাইব্রেরির সুযোগটা গ্রাস রুট া পর্যন্ত যেতে পারে বলে আমার বিশ্বাস। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3-00 p.m.]

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে 'ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরিজ াভমেন্ট) বিল, ১৯৯৩' যা তিনি এই বিধানসভায় উত্থাপন করেছেন তাকে সমর্থন না া কোনও কারণ নেই। এই বিলের উপর আলোচনা করতে গিয়ে বিরোধী দলের া সৌগত রায় কিছু প্রশ্ন তুলেছেন, সেটা হচ্ছে দিনাজপুর জেলা ভাগের ব্যাপার এবং লেই নাকি এই বিলটা এসেছে। আমার বাল্যকাল থেকে কলেজ জীবন পর্যন্ত বালুরঘাটে হ। আমরা ছেলেবেলা থেকে জানি ওখানে একটা ভৌগলিক অসুবিধা আছে। সুদুর াপুর বা চোপড়া থেকে দক্ষিণে বালুরঘাটে বিভিন্ন কাজে যাতায়াত খুবই কষ্টকর। ফলে নর দাবি ছিল দিনাজপুর জেলাকে ভাগ করার। আজকে অ্যাডমিনিস্ট্রেটিভ কারণে এবং নানা কারণে তাই এই জেলাকে ভাগ করা হয়েছে। তাই এই জেলা ভাগ করার র কোনও প্রশ্ন আসে না। কিছু কিছু প্রশ্ন আছে, তবে সেটা অন্য জায়গায়। জেলা ভাগ গেলে যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, দুই জেলাতে যেভাবে সেটা দরকার, সেটা পর্যাপ্ত ণে না থাকার ফলে মানুষের কিছু ক্ষোভ আছে সেটা আমরা বিভিন্ন গণ আন্দোলনের দিয়ে দেখেছি। গ্রামে কাজের ক্ষেত্রে পি.ডব্লু.ডি এবং ইরিগেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ দুটি এইগুলি উত্তর দিনাজপুরে থেকে গিয়েছে। দক্ষিণ-দিনাজপুরে আলাদা করে ইনফ্রাস্ট্রাকচার া ফলে সমস্যা থেকে গিয়েছে। যেরকমভাবে এডুকেশন দপ্তরের ইনফ্রাস্ট্রাকচার বালুরঘাটে দক্ষিণ-দিনাজপুরে থাকার ফলে উত্তর-দিনাজপুরে অসুবিধা থাকছে। সুষ্ঠুভাবে জেলা চ গেলে সিভিল, পুলিশ এবং আরও অন্যান্য ইনফ্রাস্ট্রাকচার যেগুলি দরকার সেই ৷ ইনফ্রাস্ট্রাকচার-এর সুযোগ সেখানে দিতে পারলে সমস্যাগুলি মেটে। সেই সমস্যাগুলির তাকিয়ে আমাদের মন্ত্রী মহাশয় সঙ্গত কারণে এই বিলের অবতারণা করেছেন এই া মাধ্যমে যাতে ওই দুটি জেলায় ডিস্ট্রিক্ট লাইব্রেরি হতে পারে, তাঁর জন্য আলাদা ট্রাকচার হতে পারে তাঁর ব্যবস্থা করেছেন। আমাদের সরকারের যে পলিসি সেই পলিসি বেক যাতে সেখানে লোকাল অথরিটি হতে পারে তাঁর ব্যবস্থা করেছেন। আমাদের রি সংক্রান্ত যে আন্দোলন, গ্রামের অন্ধকারতম রিমোট জায়গায় গ্রামের সর্বস্তরে লাইব্রেরির া যাতে উৎকর্ষতা বৃদ্ধি করতে পারি, শিক্ষার আলো যথাযথ পৌঁছতে পারে সেই শ্য এই বিল এসেছে। এই বিলের ব্যাপারে ওনারা সামগ্রিক অংশে কোনও প্রশ্ন তোলেন ামারও তোলার কোনও প্রশ্ন নেই। এই বিলকে সমর্থন করে আমি কয়েকটি কথা চাই। আজকে কথা হচ্ছে লাইব্রেরির ব্যাপারে যে টাকার অ্যালটমেন্ট সরকারের পক্ষ করা হয়, যে টাকা বাজেট থেকে অ্যালটমেন্ট করা হয় সেখানে দেখতে পাচ্ছি উপযুক্ত অভাবে বহু লাইব্রেরি যথাযথভাবে কাজ করতে পারছে না, ঠিকমতোভাবে লাইব্রেরি ব্যবহার করা যাচ্ছে না। সেইক্ষেত্রে আমাদের কিছু দুর্বলতা থেকে যাচ্ছে, টাকার হচ্ছে মূল কারণ। মাননীয় মন্ত্রী মহাশয় আমার বন্ধুসম, উনি আমার জেলার লোক, থেষ্ট চেষ্টা আছে দেখেছি, তিনি নানাভাবে চেষ্টা করছেন। লাইব্রেরি সংক্রান্ত পলিসি

যাতে ঠিক ঠিক ভাবে রূপায়িত হয় তাঁর জন্য তিনি শুধু চেষ্টাই করছেন তা নয়, বিরা চেষ্টা করছেন। এই ব্যাপারে আমি রাজ্য সরকারকে বলব এবং মাননীয় অর্থমন্ত্রীকে ব আরও কিছু টাকার অ্যালটমেন্ট লাইব্রেরি বিভাগে করার দরকার আছে। তা না হলে আম লাইব্রেরি সংক্রান্ত আন্দোলন দুর্বলতর হয়ে পড়বে। গ্রামাঞ্চলে অনেক পুরানো লাইব্রেরি যেগুলি ভগ্ন প্রায় অবস্থায় আছে। এই অবস্থায় থাকার ফলে তাঁরা দরখাস্ত করে। কিন্তু ট অভাবের জন্য আমরা অ্যালটমেন্ট দিতে পারছি না। একটা শোচনীয় অবস্থার মধ্যে তাদের যেতে হচ্ছে। নতুন লাইব্রেরি করার থেকে যে লাইব্রেরিগুলি আছে সেই লাই যাতে যথাযথভাবে সংস্কার করা যায় তাঁর ব্যবস্থা করা দরকার। বিভিন্ন পত্র-পত্রিকা সর করে আরও যে সমস্ত ক্লাশিকাল লিটারেচার আছে, যে সাহিত্য পত্র-পত্রিকা আছে সাহিত্য পত্র-পত্রিকা যাতে লাইব্রেরিতে আসতে পারে তাঁর ব্যবস্থা করতে হবে যাতে গ্রামীণ জীবনের উৎকর্ষতা বৃদ্ধি হতে পারে। তাঁর ফলে গ্রামীণ জীবনে লাইব্রেরির যে ভূমিকা আছে সেটা বৃদ্ধি হতে পারে। একজিসটিং যে লাইব্রেরি আছে সেইগুলির কিছু ভগ্নপ্রায় অবস্থায় আছে, সেইগুলির সংস্কার আশু প্রয়োজন। এই ব্যাপারে আমি রাজ্য সরক এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই ব্যাপারে একটু বেশি টাকার ব করুন যাতে করে এই লাইব্রেরিগুলির ব্যাপারে মন্ত্রী মহাশয়ের কাছে যেভাবে সুপারিশ ক সেই সুপারিশ মতো কাজ করতে পারেন। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে আমাদের বোলপুরে প্রফুল্ল সেন স্মৃতি লাইব্রেরি আছে। আমি লোকাল লাইব্রেরি অর্থ সঙ্গে আলোচনা করেছি, মন্ত্রী মহাশয়কে বলেছি, তিনি এই ব্যাপারে চিন্তা-ভাবনা কর সেই লাইব্রেরি এমনভাবে পরিচালিত হচ্ছে, এমন এমন কিছু লোকজন সেখানে থেকে যাতে করে একটা ভেসটেড ইন্টারেস্ট সেখানে থেকে যাচ্ছে। কাজেই সেখান থেকে আশা করব যে, প্রফুল্ল সেন স্মৃতি লাইব্রেরি যেটা আছে তাঁর ব্যাপারে সঠিক ভূমিকা করবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ ক

[3-00—3-10 p.m.]

**শ্রী প্রভাত আচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রন্থাগার মন্ত্রী আনীত আমি সমর্থন করছি। বিলটিকে সমর্থন করতে গিয়ে আমার পুরনো দিনের কথা মনে তা হচ্ছে, হিউয়েন সাঙ তাঁর ভারত বিবরণীতে বলেছেন ভারতবর্ষের মধ্যে দুটি খুব জিনিস আছে। একটি হচ্ছে গোখ্‌রো সাপ, আর একটি হচ্ছে বিদ্বান। সৌগতবাবু সুকুমারবাবু বিদ্বান। এঁরা বক্তব্য রাখলেন। সমর্থনের সাথে সাথে তাঁরা যা বলে গোখ্‌রো সাপের মতো। তাঁরা বলতে চাইছিলেন যে গত বছরে গ্রন্থাগারের জন্য নির্ধারিত হয়েছিল তা পাওয়া যায় নি। তাঁদের সেই ইঙ্গিতের পরিপ্রেক্ষিতে বলি অনেককাল শাসন করেছিলেন, সেই সময়ে কি করেছিলেন তা কি একবারও তাঁদে পড়ল না? তাঁদের সময়ে তাঁরা কিছুই করেন নি, অথচ বক্তব্যের মধ্যে একবারও তা না। হিউয়েন সাঙের গোখরো সাপ আর বিদ্বানের মতো কিছু বিষ নিক্ষেপ করে তবুও মন্দের ভাল, তাঁরা বিলটিকে সমর্থন করেছেন। একটা জেলা ভাগ হয়ে যাচ্ছে। ব্যবস্থা আছে বলে আইনসভায় তা আনতে হয়। আইনসভায় এসে এইভাবে চিন্ত হয়। অন্য জেলা ভবিষ্যতে যখন বিভাজিত হয়ে যাবে, '৭১ সালের আইনে কো

ছ, তা দূর করার সুযোগ করা দরকার। সে সম্পর্কে মন্ত্রী মহাশয় চিন্তা করেছেন। উত্তর দক্ষিণ দিনাজপুর ভাগ হয়ে যাবার ফলে যে আইন প্রণয়ন করতে হয়েছে, যে অসুবিধা করতে হচ্ছে তাতে আগামীদিনে যে জেলাগুলো ভাগ হয়ে যাবে তাতে সেই সমস্ত াগুলোর ক্ষেত্রে আর অসুবিধা থাকবে না। আমার বক্তব্য হচ্ছে, বিরোধীদলের বক্তারা নে সুদীর্ঘকাল শাসন করেছিলেন, তারপর যখন তাঁদের মৃত্যু হল পশ্চিমবাংলায়, তাঁর হাসটা আপনারা জানেন। তাঁরা কেমনভাবে সন্ত্রাস সৃষ্টি করেছিলেন, কেমনভাবে শিক্ষাক্ষেত্রে াজ্য এনেছিলেন, ভাইস চ্যান্সেলরকে আরম্ভ করে শিক্ষককে হত্যা করেছিলেন, আজকে কথা তাঁরা ভুলে গেছেন ভুলে যাওয়াই ভাল। তবে এখন অন্তত তাঁদের বোধদয় হবে বিশ্বাস আমাদের আছে। এখানে সৌগতবাবু, সুকুমারবাবু যে বিলটিকে সমর্থন করেছেন জন্য তাঁদের আমি অভিনন্দন জানাই। তাঁর সাথে সাথে আমি তাঁদের এই কথা বলি, তবাবু, আপনি যে উপদেশ দিয়েছেন যে আগামী দিনে গ্রন্থাগারগুলির কিভাবে চলা চ, কিন্তু অতীত দিনে কেমনভাবে চলেছিল সেই জিনিসটা স্বীকার করলে আপনি জ্ঞানের চয় দিতেন। আপনারাা বিরোধী দলে আছেন বলে সরকার পক্ষকে বিরোধিতা করবেন কিছুটা বিষ ছড়িয়েছেন। কংগ্রেসের কাছে স্বভাবতই এই জিনিস প্রত্যাশা করি, ঐ াম্প নিক্ষেপ করা ছাড়া আর কিছু ওঁরা জানেন না। সৌগতবাবু কম্পিউটারাইজড করতে বলেছেন। ভারতবর্ষের বাস্তব অবস্থাটা কি তা কি আপনার জানা নেই? এই অবস্থায় মনে করি যে মানুষকে এগিয়ে আনতে হবে। আপনি দেখুন তো, ভারতবর্ষের অন্য াতে কি অবস্থা? আর কোথায় আমাদের মতো হয়েছে, আমাদের মতো ভাবতে পেরেছে? কোনও প্রদেশে হয়েছে ভূমি-সংস্কার, কৃষক তাঁর অধিকার পেয়েছে? নিরক্ষরতার প্রশ্নে কৃষক, সাধারন মানুষকে একত্রিত করে নিরক্ষরতাকে মুক্ত করার জন্য এগিয়ে গেছে। প্রদেশে মহাজন, জোতদার এইসব যে ডাকুবাহিনী আছে তাঁদের কথা একবারও ভেবেছেন? ক আপনারা উপদেশ দিচ্ছেন। বামফ্রন্ট সরকার আসার পর, আইনের শাসন প্রবর্তিত পরে স্বাধীনভাবে আইনসভায় বক্তব্য রাখার অধিকার পাওয়া গেছে। আপনাদের পার্টির শাসিত অন্য প্রদেশে সাধারন মানুষ, কৃষক, দিনমজুররা কি অবস্থায় আছে? এখানে কউ ডি.ও'র কথা বলেছেন। এটা সত্যি দুর্বিসহ এবং দুঃখের কথা। আমাদের শিক্ষামন্ত্রী বিষয়ে আলোচনার সময়ে একথা বলেছিলেন যে আমাদের গ্রামীণ জীবনে এইরকম আছে। ক্লাশ ওয়ানে যদি ১০০ থাকে, ক্লাশ ফোরে ৪০ পারসেন্টের বেশি কমে যাচ্ছে। বস্থার মধ্যেও আমরা সকলকে শিক্ষালয়ে আনার জন্য প্রয়াসী হয়েছি। আমরা সকলের গতা চাই। আমাদের আর্থিক অস্বচ্ছলতা থাকার জন্য সব কিছু করা যাচ্ছে না। আমরা পরিবর্তন চাই সেটা হয়ে উঠছে না। আমরা চাই ঐ গরিব মানুষগুলিকে সামনের টনে আনতে এবং আমরা যারা ভদ্রবেশি ইউরোপীয় শিক্ষা পেয়ে অন্য মানুষদের ঘৃণা সই মানুষদের কাছ থেকে সরে যেতে। সেই ব্যবস্থা না আসা পর্যন্ত, দুঃখের সঙ্গে করতে হবে, আগামীদিনে গ্রন্থাগার আন্দোলনকে আপামর জনসাধারণের মধ্যে নিয়ে বে। আপনারা জানেন যে কংগ্রেসের সময়ে এই ধরনের গ্রন্থাগার কত ছিল। আজকে খ্যা বাড়ানো হয়েছে। এখন গ্রামে গ্রামে লাইব্রেরি তৈরি হচ্ছে। গ্রামের লোক এখন লাইব্রেরিতে যাচ্ছি। আবার কেউ কেউ বলে যে লাইব্রেরি যাইছি। এটা আমাদের াল লাগে। সেখানে মানুষ কাগজ পড়ছে। আপনারা একচোখা দৃষ্টিভঙ্গি নিয়ে বলছেন

যে মার্কসবাদী বই সেখানে পড়ছে। আমি গ্রামে গিয়ে দেখেছি যে সেখানে বিবেকানন্দে নেতাজীর বই যেগুলি থাকা দরকার সেগুলিও আছে। ওদের চোখ শুধু মার্কসবাদী বই দেখতে পায়। এখন কি করা যাবে, সমাজের অধিকাংশ মানুষ যদি মার্কসবাদী হয়ে আমি অবাক হয়ে ভাবি ঐ ভদ্রলোকের ছেলেরা যারা লেখাপড়া জানে তারা কংগ্রে করে করেন। কংগ্রেসের যে নীতি, দুর্বিসহ অত্যাচারের নীতি, ধনীক শ্রেণীর দালালী যে নীতি, সেই নীতি নিয়ে ওরা কংগ্রেস করেন কি করে এটাই আমার কাছে বিস্ লাগে। আজকে সমস্ত মানুষ যদি মার্কসবাদীতে বিশ্বাসী হয়ে ওঠে তাহলে আপনি ক কি? কাজেই সেখানে তো কিছু মার্কসবাদী বই যাবেই লাইব্রেরিতে, এতে অবাক হবার নেই। সমষ্টিগত লাইব্রেরি সম্পর্কে সুকুমারবাবু বলেছেন যে গ্রাম বাংলায় সমষ্টিগত উ যে লাইব্রেরিগুলি হয়েছে সেখানে সরকারি অনুদান দেওয়া উচিৎ। এই ব্যাপারে আমি সুকুমা সঙ্গে একমত হয়ে বলব যে আগামীদিনে এই ধরনের উদ্যোগে যে গ্রামীণ 'লাইব্রে তৈরি হয়েছে, আমি জানি যে ঐ গ্রন্থাগারগুলিকে সরকারি সাহায্য দেওয়া হচ্ছে, বই হচ্ছে, এগুলিকে আরও বাড়ানো হোক। আমার নিজের কন্সটিটিউয়েন্সিতে দেখেছি ধরনের বই অনেক লাইব্রেরিতে দেওয়া হয়েছে। নিরক্ষরতা দূরীকরণে যেহেতু বিরে করতে হবে, সুতরাং সেই সম্পর্কে আর কিছু বললেন না। আমরা মেদিনীপুরে মেদিনীপুরের শিক্ষা কমিটির সঙ্গে একত্রিত হয়ে বিভিন্ন জায়গা পরিদর্শন করেছি এবং দেখেছি যে গ্রামবাংলার সাধারণ মানুষ শিক্ষার জন্য কি আগ্রহী। তাঁরা কেমন সুন্দর হাতের লেখা লিখছে যা আমাদের অনেকের হাতের লেখার থেকে ভাল। সেগুলি আপ চোখে পড়েনি, আপনারা শুধু অপচয়টাই দেখেছেন, সেটাই আপনাদের চোখে পড়ছে। এসে বলছেন যে আপনারা অপচয় করছেন। কি আর করা যাবে। কংগ্রেসে থেকে আপ জীবনটাই অপচয় করেছেন। আমরা এতে দুঃখিত। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে অ্যামেন্ডমেন্ট বিল এখানে আনা হ প্রায় ৮ জন বক্তা এর উপরে আলোচনা করলেন। বিরোধী পক্ষের সদস্যরাও আলে করেছেন। মাননীয় সৌগত রায়, আপনি জানেন যে ৭৯ সালে এই লাইব্রেরি অ্যাক্ট হয়েছিল, পরবর্তীকালে ১৯৮২ এবং ১৯৮৫ সালে এটা অ্যামেন্ড হয়। এর আগে অ্যা মধ্যে এইরকম কোনও প্রভিসন ছিল না। যে দুটি জেলা ভাগ হল তাঁর কাজের জন্য বিল আনা হয়েছে। এতে একজিস্টিং এম এল এজ কমিটি নিয়ে অনেক কথা বলেছেন তা নিয়ে অনেকেই বক্তব্য রেখেছেন। লোকাল লাইব্রেরি অথরিটি, প্রত্যেকটি জেলায় একটি করে থাকবেও। সেই লোকাল লাইব্রেরি অথরিটি শুধু খবরদারী করে না লাইব্রেরির ম্যানেজমেন্ট থেকে শুরু করে লোকাল ডেভেলপমেন্ট এবং সমগ্র উন্নতির দেখা শোনা করে। সেইদিক থেকে আগে যে স্পেশাল পজিশন ছিল না, সেখানে লাইব্রেরি অথরিটি একজিসটিং করার ক্ষমতা ছিল না এই আইনের মধ্যে সেটা ডিজল্ভ হল। সাথেসাথে লোকাল লাইব্রেরি অথরিটি আগামীদিনে দুটি জেলার ক্ষেত্রে আরও সুবিধা পাবে। আমি এর বেশি কিছু বলতে চাই না। এতে কেউ আপত্তি করে বিরোধীপক্ষ থেকে এর সহযোগিতা করা হয়েছে। তবে এই প্রসঙ্গে বলছি যে এতে

ক যুক্ত করা হয়েছে তাঁর ব্যাপারে বিস্তারিত বলার কোনও অবকাশ নেই। এর বিরোধিতা কিছুই নেই। আর বাদবাকি যা বলার তা বাজেট বিতর্কের সময়ে বলব। তবে এই রে সংক্ষেপে বলতে চাই যে সারা ভারতবর্ষের মধ্যে বামফ্রন্ট সরকার গ্রন্থাগারগুলিকে ষ্টিভঙ্গিতে দেখেন তা প্রমাণিত হয়ে গেছে। এই প্রসঙ্গে মাননীয় বিরোধী বিধায়কদের াগ্যবশত জানাচ্ছি যে দিল্লিতে সেন্ট্রাল গভর্নমেন্টের কালচারাল পলিসি এবং ড্রাফ্ট পলিসি একটা মিটিং হয়েছিল, সেই মিটিংয়ে আমার যাবার সৌভাগ্য হয়েছিল। আপনি শুনলে ৎ হয়ে যাবেন মাননীয় সৌগতবাবুকে বলছি আপনাদের দলই শাসন ক্ষমতায় রয়েছে আমাদের লাইব্রেরি সম্বন্ধে ভূয়সী প্রশংসা করেছেন। উনি জানেন যে লাইব্রেরি ইজ এ অফ এডুকেশন এবং সেইদিক থেকে আমরা খুব ভালোভাবেই লাইব্রেরি চালাচ্ছি। এই রে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যখন রাজীব গান্ধী মারা গেলেন সবাই আমরা চ, সেই সময়ে জলপাইগুড়ি শহরে আপনাদের দলের লোকেরা গ্রন্থাগারে কি তাণ্ডবলীলা ছলেন এবং বহু বই পুড়িয়ে দিয়েছিলেন। সুতরাং আপনারা সমালোচনা নিশ্চয় করবেন গঠনমূলক সমালোচনা করুন আমরা নিশ্চয় সেটা চাই। সৌগতবাবু গ্রন্থাগারে নিয়মিত এখানে সুব্রতবাবু বঙ্গীয় গ্রন্থাগারের নাম শুনেছি কি না জানতে চাইলেন। আমি ওই যাচ্ছি না। আমি যেকথা বলছি সেটা হচ্ছে যে গ্রন্থাগারের মানসিকতার কথা ন—গ্রন্থাগারের মানসিকতা গড়ে তুলতে গেলে যে ধরনের মানসিকতায় পরিচালনা চ হয় সেক্ষেত্রে আমরা চাইছি, আমাদের সরকার চাইছে আপনাদের সহযোগিতা। গ্রামীণ গায় যে সমস্ত গ্রন্থাগার আছে সেই গ্রন্থাগারগুলির ম্যানেজিং কমিটিতে আপনারা থাকুন া থাকুন যারা গ্রন্থাগার ভালোবাসেন, জনশিক্ষার প্রসারে আগ্রহী এবং সকলের শিক্ষা তাঁরা এগিয়ে আসুন। আমরা আর্থিক সীমাবদ্ধতার মধ্যে আছি তার মধ্যে যাচ্ছি না। ৭ সালের আগে আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন কটা গ্রন্থাগার বৃদ্ধি করেছিলেন? া যে অনেক গ্রন্থাগার করেছি তা নয়, এবং এতে আত্মসন্তুষ্টির কোনও কারণ নেই। গুণগত মানের ক্ষেত্রে আরও মান বাড়ানোর দরকার। আজকে গ্রন্থাগারগুলিতে আরও করে বই রাখার দরকার এবং আধুনিক সরঞ্জাম বাড়ানোর দরকার। একজন সদস্য ন লাইব্রেরিতে মাইক্রো ফিল্ম রাখার কথা বলেছেন। আমাদের উত্তরপাড়ার জয়কৃষ্ণ রি শুধু পশ্চিমবঙ্গের গর্ব নয়, সারা ভারতবর্ষের গর্ব। আমাদের যে রাজ্যে যে সমস্ত া গ্রন্থাগারগুলি আছে তাতে অনেক অমূল্য সম্পদ আছে, সেগুলো নষ্ট হয়ে যাচ্ছে। া রক্ষা করার দরকার। আমরা গ্রন্থাগারগুলিতে রাজা রামমোহন রায় ফাউন্ডেশন গ্রান্ট সেই গ্রান্টের সাথে আমাদের ম্যাচিং গ্রান্ট যোগ করে সরকার নিজস্ব উদ্যোগ নিয়ে রকম সাহায্য করছে। এগুলো সব বাজেটের সময়ে আলোচনা করব। তবে এই প্রসঙ্গে যে আমাদের গ্রন্থাগারগুলোর আরও সম্প্রসারণের দরকার। আমাদের আর্থিক সীমাবদ্ধতার সচেতন হয়ে সরকার মানুষের কাছে শিক্ষার আলো গ্রন্থাগারগুলির মাধ্যমে প্রসার চাইছেন। এর জন্য নিরলস প্রয়াস চালানো হচ্ছে। আমি আর বক্তৃতা দীর্ঘায়িত করতে া। যে ধারা যুক্ত করা হল তাতে আগে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছিল তাঁর অবসান এবং আগামীদিনে লোকাল লাইব্রেরি অথরিটির মাধ্যমে উত্তর ও দক্ষিণ দিনাজপুরের া উপকৃত হবেন। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে সবাই করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Tapan Roy that the West Bengal Public Li braries (Amendment) Bill, 1993, be taken into consideration, was th put and agreed to.

**Clauses 1, 2 and the Preamble:**

**Mr. Deputy Speaker:** There are no amendments to Clauses 2 and the Preamble.

The question that Clauses 1, 2 and the Preamble do stand part the Bill was then put and agreed to.

**Shri Tapan Roy:** Sir, I beg to move that the West Bengal Publ Libraries (Amendment) Bill, 1993, as settled in the Assembly, be passe

The motion was then put and agreed to.

**The Burdwan University (Amendment) Bill, 1993.**

**Shri Satya Sadhan Chakraborty:** Sir, I beg to introduce t Burdwan University (Amendment) Bill, 1993.

(Secretary then read the Title of the Bill)

**Shri Satya Sadhan Chakraborty:** Sir, I beg to move that t Burdwan University (Amendment) Bill, 1993, be taken into consideratio

Sir, as you know, this is a very minor amendment to the Act, a at this stage it is not necessary to speak. But whatever I would li to speak that after the members have spoken.

[3-10—3-20 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা দেখেছি। এই বিল সরাসরি বিরোধিতা করার দরকার আছে বলে আমি মনে করিনা। তার কারণ কলক বিশ্ববিদ্যালয়ের যেমন ফ্যাকাল্টি আছে, সেইরকম ফ্যাকাল্টি হবে, তাতে আপত্তির কিছু তবে আমার একটা অনুরোধ আছে আপনাদের কাছে, আপনারা দীর্ঘদিন সময় পেয়েছেন করেননি জানিনা, যেমন কৃষি বিশ্ববিদ্যালয় আছে, তেমনি একটা কমপ্রিহেনসিভ ওয়েতে একটা মেডিক্যাল ইউনিভার্সিটি প্রয়োজন যেখানে এই সমস্ত ফ্যাকাল্টিগুলো থাকবে। করেন তাহলে সত্যিকারের একটা গঠনমূলক মৌলিক কাজ করা হবে বলে আমরা করি। নইলে একটা একটা করে ইউনিভার্সিটির একটা করে ফ্যাকাল্টি করবেন তার মানে হয়না। তবে আপনি এটা করেছেন তাতে তেমন কোনও আপত্তি নেই। তবে আপন দেখতে হবে সেখানে বিশ্ববিদ্যালয়ের ইনফ্রাস্ট্রাকচার আছে কি না। কারণ এমনিতেই আম মেডিক্যাল কলেজগুলোর শিক্ষার দিকটা খুব ভয়ঙ্কর। সেখানে শিক্ষার মান খুব পড়ে সেখানে যারা শিক্ষক আছেন তাঁরা সত্যিকারের শেখাচ্ছে না। টীচারদের একটা ভয়ঙ্কর

দিচ্ছে। কলকাতা শহরে যদি এই অবস্থা হয়, তবে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের সেই ধরনের ট্রাকচার আপনার আছে কিনা সেটা আপনাকে দেখতে হবে। সেখানে উপযুক্ত শিক্ষক পাবেন কিনা সেটা আপনাকে দেখতে হবে। আপনি বলেছেন ফিনান্সিয়াল মেমোরেন্ডামে লায়াবিলিটিস আসবে না। একটা ফ্যাকাল্টি খুললে তাঁর আনুসঙ্গিক খরচা বাড়বেই। লায়াবিলিটিস আসবে না এটা ঠিক নয় বলেই আমি মনে করি। যে পরিমাণে অর্থ করা দরকার, তার ব্রেকআপটা দেওয়া দরকার ছিল বলে আমি মনে করি এবং সেই অর্থ ফিনান্স ডিপার্টমেন্ট থেকে পাচ্ছেন কিনা সেটা বলা উচিত ছিল। এই ফ্যাকাল্টির আনুসঙ্গিক খরচা যেটা আপনি মেনশন করেননি।

স্বভাবতই আমরা আপত্তি করছি না কিন্তু আপনি বলবেন আপনার বক্তৃতায় যে ন্সিয়াল ব্যাপারটা কিভাবে মিট আপ করবেন। আর একটা পার্মানেন্ট মেডিক্যাল ইউনিভার্সিটি কথা ভাবছেন কিনা সেটা বলবেন।

**শ্রী শ্যামাপ্রসাদ বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় শিক্ষামন্ত্রী যে বর্ধমান ইউনিভার্সিটি সংশোধনী বিল উত্থাপন করেছেন তা সমর্থন করে আমি টি কথা বলছি। বিরোধীপক্ষের নেতা এই বিলটিকে সমর্থন করেছেন এবং সমর্থন সময় কয়েকটি কথা বলেছেন, সেই প্রসঙ্গে আমি কিছু বলব। স্যার, আমাদের সরকারের থেকে দীর্ঘদিন ধরেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এই ধরনের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স চালু চিন্তাভাবনা করা হয়েছিল এবং সেখানকার ছাত্ররা দীর্ঘদিন ধরেই এ সম্পর্কে তাদের জানিয়ে আসছিলেন। স্বাভাবিকভাবেই সেই দাবির সঙ্গে সম্পূর্ণরূপে সহমত প্রকাশ করে সংশোধনী বিল আনা হয়েছে। মাননীয় সুব্রতবাবু একটা কথা বলেছেন যে সেখানে ট্রাকচার আছে কিনা? তিনি জানতে চেয়েছেন এ সম্পর্কে চিন্তাভাবনাা করা হচ্ছে কিনা। এ সম্বন্ধে মাননীয় সুব্রতবাবু এবং অন্যান্য বিধায়কদের বলব যে যখন ছাত্ররা তাঁদের পেশ করেন এবং যখন থেকে সরকারের পক্ষ থেকে এ সম্পর্কে চিন্তাভাবনা শুরু হয় থেকেই বর্ধমান ইউনিভার্সিটির কোর্ট এবং একজিকিউটিভ কাউন্সিলের সদস্যরা চিন্তাভাবনা একটা সিদ্ধান্ত গ্রহণ করেন যে—২৫শে সেপ্টেম্বর, ৯১—একটা কমিটি তৈরি করা সেখানে বিশেষ করে তিনটি ডিসিপ্লিনের ক্ষেত্রে—অ্যানাটমি, ফিজিওলজি বায়ো কেমিস্ট্রির গ্র্যাজুয়েট কোর্স চালু করা হবে। পরবর্তীকালে সেই কমিটি তাঁদের রিপোর্ট পেশ ন। সেখানে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইনফ্রাস্ট্রাকচার যা আছে তাতে এই পোস্ট গ্র্যাজুয়েট চালু করা সম্ভব। একটা যে অসুবিধা ছিল, আইনের সংশোধনের যে ব্যাপারটি ছিল মাননীয় শিক্ষামন্ত্রী আজকে বিল এনেছেন। আমি আনন্দিত যে সকলেই এই বিলকে করেছেন। এতে শুধু বর্ধমানের মানুষরাই উপকৃত হবেন তাই নয়, অন্যান্য জেলা সহ বঙ্গের মানুষরাও উপকৃত হাবেন। এই বলে এই বিলকে সমর্থন করে শেষ করছি।

[3-20—3-30 p.m.]

**শ্রী ইদ্রিস মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্ধমান ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল, ১, আজ এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয় যা উপস্থিত করেছেন তা সমর্থন করে টি কথা বলছি। স্যার, দীর্ঘদিন ধরেই বর্ধমান জেলার মানুষের এ সম্পর্কে যে দাবি ছিল

তা বাস্তবায়িত করার জন্য বামফ্রন্ট সরকার যে ব্যবস্থা নিয়েছেন তার জন্য আমি বামফ্র. সরকারকে অভিনন্দন জানাচ্ছি। বর্ধমান ইউনিভার্সিটিতে দীর্ঘদিন ধরেই একটি মেডিক্যাল কলে আছে। এবং সেই মেডিক্যাল কলেজে পড়াশুনা হয়, ছাত্র সংখ্যাও আছে। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি সমর্থন করছি, কেন না আমাদের মনে হ ওখানে কিছু সংস্কারের প্রয়োজন আছে এবং এই সংশোধনী শুধু বর্ধমান নয় সারা পশ্চিমবাংলা পক্ষে মঙ্গলজনক হবে। মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলটার ফলে বর্ধমান ইউনিভার্সিটি পোস্ট গ্রাজুয়েট কোর্স চালু করতে পারবেন। আমি আশা করব দলমত নির্বিশেষে সকলে এ বিলটাকে সমর্থন জানাবেন।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরের ভারপ্র মন্ত্রী মহাশয় যে বর্ধমান ইউনিভার্সিটি বিল, '৯৩ এনেছেন তাকে আমি সমর্থন জানিয়ে একটি কথা বলছি। এই বিলটার ফলে বর্ধমান ইউনিভার্সিটিতে যে মেডিক্যাল কোর্স আ তাতে পোস্ট গ্র্যাজুয়েট পড়ানোর ব্যবস্থা ছিলনা, সেটা ইনট্রোডিউস হতে যাচ্ছে। তাই এ বিলকে আমি সমর্থন জানাচ্ছি। আজকের নতুন চিকিৎসা ব্যবস্থা অতীতের অনেক ধ্যান ধার পুরানো বলে বাতিল হয়ে যাচ্ছে। গ্রামাঞ্চলে যারা বাস করেন বিশেষত নন-টিচাররা তাঁ নতুন চিকিৎসা ব্যবস্থা সম্বন্ধে সম্পূর্ণ রূপে ওয়াকিবহাল না থাকার ফলে মেডিক্য রিপ্রেজেনটেটিভরা তাদের যেটুকু বোঝান, তাঁরা তাই বোঝেন। মেডিক্যাল সায়েন্সের এই নতু ব্যবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয় যে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স সেখানে ইনট্রোডিউ করতে যাচ্ছেন, তা খুব সময়োপোযোগী। আর একটা কথা বলি, আমরা দেখেছি পো গ্র্যাজুয়েট ডিগ্রি যারা নেন, তারা পরে অধিকাংশই গ্রামে আর যেতে চান না। যদিও এ ঠিক উচ্চ শিক্ষা দপ্তরের আওতায় পড়ে না, তবুও আমার আবেদন তাদের রেজিস্ট্রেশন দে ক্ষেত্রে একটা রিজিয়নাল ভিত্তিক সিস্টেম চালু করা যায় কি না, অর্থাৎ তাঁরা ঐ রিজিয় থেকে কাজ করবে, এতে গ্রামের মানুষ প্রভূত উপকৃত হবে। এই প্রসঙ্গে জানাই, চিকিৎসকদে মধ্যে যদি একটা ওরিয়েন্টেশন কোর্স নিতে বাধ্য করা যায় পাঁচ সাত বছর বাদে তাহ তাঁরা চিকিৎসা শাস্ত্রের আধুনিকতম প্রয়োগ সম্পর্কে ওয়াকিবহাল হবেন এবং এই ব্যাপার রেজিস্ট্রেশনের একটা শর্ত হিসাবে আরোপ করতে পারলে গ্রামের মানুষ অনেক উপক পাবেন। এই সব জিনিস ভেবে দেখার প্রয়োজন আছে। এটা যাতে না হয়, যাতে চিকিৎ বিজ্ঞানের সঙ্গে যাঁরা যুক্ত তাঁরা আধুনিক চিকিৎসা শাস্ত্রের সমস্ত খোঁজ খবর রাখেন সুনিশ্চিত করা দরকার আছে। বিশেষ করে গ্রামাঞ্চলে দেখা যায় যে সমস্ত ডাক্তার-বা প্রাইভেট প্র্যাকটিস করেন এবং নার্সিং হোম চালান তাঁরা চিকিৎসা বিজ্ঞানের আধুনি আবিস্কার সংক্রান্ত বিষয়গুলোর কোনও খোঁজ খবরই রাখেন না। এমন কি দৈনন্দিন মেডিক্য জার্নালগুলো পর্যন্ত পড়ার সময় পান না, তাঁরা দিনের পুরো সময়টাই কমার্শিয়াল ইন্টারে ব্যয় করেন। এটা আর যাতে না হয়, চিকিৎসকদের মধ্যে একটা গবেষণার দৃষ্টিভঙ্গি যা থাকে, একটা সেবার দৃষ্টিভঙ্গি যাতে তাঁদের মধ্যে থাকে—সেটা গড়ে তোলার জন্য যে উদ্যোগ নেওয়া দরকার তা নিতে হবে। আজকে বর্ধমান ইউনিভার্সিটির ক্ষেত্রে প্রাথমিকভা সেই পদক্ষেপই গ্রহণ করা হচ্ছে। সেখানে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স চালু হতে চলেছে এ সেই উদ্দেশ্যে আইন সংশোধন করা হচ্ছে। তাই আমি এই বিলকে সর্বতোভাবে সমর্থ

চ্ছি এবং আমার বক্তব্য শেষ করছি।

[3-30—3-40 p.m.]

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ন ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৩ আজকে এই সভায় পেশ করেছেন। এ বিরোধের কোনও অবকাশ নেই। কারণ এখানে হায়ার এডুকেশন ফেসিলিটি অ্যাড হচ্ছে। বাহ্যিক দিক থেকে অবশ্যই এ বিষয়ে আমরা সকলেই খুশি হব। আমরা ই আশা করতে পারি যে, এডুকেশন স্পেয়ার বাড়ার সাথে সাথে ফেসিলিটিও বাড়বে। পর্যন্ত পোস্ট গ্র্যাজুয়েট ফেসিলিটি ক্যালকাটা ইউনিভার্সিটি এবং নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে আছে। বর্ধমানেও এই সুযোগ সম্প্রসারিত করা হচ্ছে। এখন প্রশ্ন হচ্ছে, মেডিক্যাল ন্সের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স খুবই সিরিয়াস কোর্স, এর জন্য প্রয়োজনীয় প্ল্যানিং কি রের আছে? বর্তমানে আমরা বিভিন্ন কলেজ শিক্ষার ক্ষেত্রেই দেখছি বিভিন্ন কোর্স চালু দেওয়া হয়েছে, কিন্তু সঠিক পঠন-পাঠনের জন্য যে সমস্ত সুযোগ-সুবিধা সেখানে থাকা র তা থেকে সেগুলোকে বঞ্চিত করে রাখা হয়েছে। লেবোরেটরি, এসেনসিয়াল মেটিরিয়ালস দি থেকে সেগুলোকে বঞ্চিত করে রাখা হয়েছে। বিভিন্ন মেডিক্যাল কলেজগুলোর ক্ষেত্রে রা দেখছি মেডিক্যাল সায়েন্সের আপ টু ডেট যে সমস্ত জিনিস-পত্র প্রয়োজন সে সমস্ত ভাবে সরবরাহ করা হচ্ছে না। মডার্ন সায়েন্সের কমপিউটার সহ বিভিন্ন ইনপুটগুলি যদি াহ না করা যায় তাহলে আউটপুট জিরো হয়ে যায়। যা আজকে বহু ক্ষেত্রেই আমরা ত পাচ্ছি। আমরা দেখছি বর্তমানে যে সমস্ত ছেলেরা পোস্ট গ্র্যাজুয়েট করছে যথাযথভাবে াপ হওয়ার অনেক সুযোগ সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে। এই যদি অবস্থা হয় া সার্ভিস টু দি কান্ট্রি যেটা ডাক্তারদের কাছ থেকে আশা করা হবে, সেটা পাওয়া যাবে এবং ডাক্তাররাও মডার্ন মেডিক্যাল সায়েন্সের সঙ্গে অ্যাডজাস্ট করতে পারবে না। সে আজকে এটা মাননীয় মন্ত্রীকে ভাবতে হবে, যে হায়ার এডুকেশন কোর্স তিনি চালু চলেছেন তাকে সঠিকভাবে কমপ্লিট করতে হলে আপ টু ডেট সুযোগ সুবিধা সেখানে করতে হবে। তা যদি না করতে পারেন, উপযুক্ত শিক্ষক যদি তিনি নিয়োগ না করতে া, উপযুক্ত লেবোরেটরি যদি তিনি না দিতে পারেন, বিভিন্ন আপ টু ডেট ইনপুট, িয়ালস যদি না পৌঁছে দিতে পারেন তাহলে সব উদ্দেশ্যই ব্যর্থ হবে। আমরা আমাদের ডাক্তার বন্ধুদের কাছ থেকে শুনতে পাই ক্যালকাটা ইউনিভার্সিটি-তে যে পোস্ট টি কোর্স চলছে সেখানে বিভিন্ন রকমের প্রবলেম রয়েছে! এর ফলে অতীতে সর্বভারতীয় কলকাতার মেডিক্যাল সায়েন্সে যে সুনাম ছিল তা আজ আর অবশিষ্ট নেই। আজকে তার মেডিক্যাল সাইন্সের কথা বলতে গেলে আমাদের অত্যন্ত দুঃখে, অনুতাপে, লজ্জায় নিচু করতে হয়। কেন এই অবস্থা? এটা আমাদের ভাবতে হবে। আজকে শহর তো কথা গ্রামের যে সমস্ত মানুষদের সামান্যতম আর্থিক সঙ্গতি আছে—যারা মোটেই ধনী তারাও কথায় কথায় চিকিৎসার জন্য ভেলোরে চলে যাচ্ছে, কথায় কথায় চোখের া চিকিৎসার জন্য মাদ্রাজের 'নেত্রালয়ে' চলে যাচ্ছে। আমি জানি এই অভিজ্ঞতা আমার আপনাদের অনেক বেশি আছে। যেহেতু আমি সাধারণ মানুষদের সঙ্গে যুক্ত আছি আমি ডাইরেক্টলি এই প্রবলেমগুলো দেখতে পাচ্ছি। আমাদের এখানে আজকে কি

আমরা উপস্থিত করেছি তাতে এই মুহূর্তে কোনও আর্থিক দায় দায়িত্ব বর্তাচ্ছে না। এটা হিসাব করা সম্ভব নয়। মাননীয় সুব্রতবাবু আর একটু বলেছেন যে একটা মেডিক্যাল ইউনিভারসিটি করা যায় কিনা? আমরা দেখেছি, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যারা বিশেষজ্ঞ তাঁরা বলেছেন এবং আমাদের রাজ্যেও অনেক সময় এটা আলোচনায় এসেছে যে, আলাদা করে মেডিসিন, টেকনোলজি বা ইঞ্জিনিয়ারিং এর জন্য বিশ্ববিদ্যালয় করা যায় কিনা। সেদিক থেকে এ-সম্বন্ধে ভবিষ্যতে নিশ্চয়ই চিন্তা করা যেতে পারে, কিন্তু এখনই এই বিষয়ে আমাদের এখানকার বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ-আলোচনা না করে কিছু বলা সম্ভব নয়। কিন্তু সুব্রতবাবু যে বক্তব্যটা পেশ করলেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি একটি কথা বলেছেন- আমাদের শিক্ষার মান নেমে যাচ্ছে। এটা একটা সাধারণভাবে বলা হয়ে থাকে। আমি জানি না কিসের উপর ভিত্তি করে এটা বলা হচ্ছে। শিক্ষার মান শুধু মেডিক্যাল এডুকেশনের উপর চলছে না, সাধারণভাবে সমস্তরকম ডিসিপ্লিনের ক্ষেত্রে শিক্ষার মানের কথা বলা হয়ে থাকে। এটা ঠিক যে, কোনও একটির উপর দাঁড়িয়ে বলা যায় না যে, শিক্ষার মান নেমে যাচ্ছে। পৃথিবী যত এগিয়ে চলেছে, শিক্ষার মানেরও তত উন্নয়ন ঘটছে। আজকের ছেলেমেয়েরা যা পড়ছে, আপনারা নিশ্চয়ই দেখবেন, আমাদের সময় আমরা যখন কলেজে পড়তাম তার চেয়ে অনেক বেশি বিষয়ে তাদের পড়তে হচ্ছে, জানতে হচ্ছে। এইভাবে গোটা পৃথিবীতে শিক্ষার মানের উন্নয়ন ঘটছে। আজকে সমস্ত জায়গাতে এই মান নিয়ে আলোচনা চলছে। মাননীয় সদস্য শ্রী সুকুমার দাস মহাশয় এই মান সম্পর্কে বলেছেন। এর আগের যে বিলটা ছিল তাতে এই মান সম্বন্ধে বলেছি। এটা নিয়ে আজকে সারা পৃথিবীতে আলোচনা হচ্ছে। আজকে যখন ইউনাইটেড স্টেটসের বিশ্ববিদ্যালয়, তাঁরা যখন এটা নিয়ে বিতর্ক করছেন, তাঁরা বলছেন যে, এশিয়ার ছাত্র-ছাত্রীদের মান ওদের দেশের ছেলেদের মানের চেয়ে অনেক ভাল। ওঁরা নিজেরাই বলছেন যে, আজকের যুগের যা প্রয়োজন সেই মানের উপযুক্ত হতে আমরা পারছি না। তাঁর কারণ হচ্ছে বিজ্ঞানের দ্রুত অগ্রগতি, জ্ঞান-বিজ্ঞানে মানুষের গবেষণা। পৃথিবী এক জায়গায় দাঁড়িয়ে নেই। প্রতিদিনই নতুন নতুন গবেষণা হচ্ছে, আবিষ্কার হচ্ছে, ফলে মানের উন্নয়ন ঘটছে। এটার সঙ্গে প্রতি দেশ তাল রাখার চেষ্টা করছে। সেজন্য এটা ঠিক যে, মান আছে সেটার উন্নয়ন প্রয়োজন। এটা কখনই বলা যাবে না যে, আমরা নির্দিষ্ট মানে পৌঁছে গিয়েছি, কারণ নির্দিষ্ট মান বলে কিছু নেই। প্রতিনিয়ত মানের উন্নয়ন ঘটছে। আমাদেরও এইমতো এগিয়ে যেতে হবে। এটা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেমন সত্য, ভারতবর্ষের ক্ষেত্রে সত্য, তেমনি সারা পৃথিবীর প্রতিটি দেশের ক্ষেত্রে সত্য। আমার অভিজ্ঞতা থেকে আমি তাই এটা বলতে পারি না যে, আমরা মানের খুব একটা নিচের দিকে নেমে যাচ্ছি, তা না হলে কি করে আজকে আমাদের দেশের ছেলেরা অন্যান্য উন্নত দেশে গিয়ে এত ভাল করছে, সুযোগ পাচ্ছে, তাঁদের মেধার স্বীকৃতি পাচ্ছে? তাঁরা তো আমাদের এখান থেকে পড়াশুনা করে গেছে বিশ্ববিদ্যালয় থেকে। সেদিক থেকে বলতে পারি, মানের উন্নয়নের চেষ্টা করা উচিত, কিন্তু মান দারুন নেমে যাচ্ছে এইরকম একটা চিত্র অঙ্কন করা ঠিক নয়। এটা স্বীকার করি, মাননীয় সদস্যরা যেটা বলেছেন, এই যে পোস্ট গ্র্যাজুয়েট পড়বার ব্যবস্থা করা হল তার জন্য উপযুক্ত ইনফ্রাস্ট্রাকচার থাকা দরকার এটা ঠিক। কিন্তু আপনারা জানেন এই জিনিসগুলি একদিনে গড়ে ওঠে না। যখন আপনি শুরু করেন তখন কিছু কিছু অসুবিধা থেকে যেতে বাধ্য। যখন এগিয়ে যেতে শুরু করেন, যেমন অভিজ্ঞতা বাড়তে শুরু

প্রয়োজন বোধে পরিচালনার জন্য যে সমস্ত প্রয়োজনীয় সামগ্রী সেগুলি আস্তে আস্তে করা হয়, গবেষণার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হয় এবং আস্তে আস্তে ীয় যারা শিক্ষক আছেন তাদের নিয়োগ করা হয়। কিন্তু আজকে আমরা সকলেই ় জন্য যে আমরা চাই—এখানে মাননীয় সদস্য সুভাষ গোস্বামী বলেছেন—যে গ্রামাঞ্চলে সেই ধরনের চিকিৎসক, যারা কৃতিবিদ্য, যারা মানুষের প্রয়োজনে তাঁদের পাশে গিয়ে পারেন, সেইরকম চিকিৎসক আমাদের গ্রামাঞ্চলে পাঠাতে হবে গ্রামের মানুষের সহায়তার এটা আমাদের সকলের আনন্দের ব্যাপার যে আমরা কলকাতার বাইরে, বর্ধমান ্যালয় ১৯৬০ সালে হয়, তাঁর আগে ছিলনা, উত্তরবঙ্গ বা বর্ধমান ইত্যাদি এই সব আজকে আমরা পোস্ট গ্র্যাজুয়েট পড়াবার এবং রিসার্চের ব্যবস্থা করছি। একটা সময় খন আমরা ভাবতে পারতাম না যে কলকাতার বাইরে এই ধরনের জিনিস করা যায়। াজকে শিক্ষাটাকে আর শুধু কলকাতা শহর কেন্দ্রিক না রেখে এটাকে গ্রামে ছড়িয়ে উচ্চ শিক্ষাকে ছড়িয়ে দিয়েছি এবং আমরা চিকিৎসা বিদ্যার মতো দুরুহ যে ব্যাপারগুলি, বিশ্ববিদ্যালয়ে শুধু আন্ডার গ্র্যাজুয়েটই নয়, পোস্ট গ্র্যাজুয়েট, এগুলি ছড়িয়ে দিয়েছি। ামাদের পশ্চিমবাংলার সামগ্রীক উন্নয়নের শুধু সহায়তা করবে তা নয়, যারা অবহেলিত বাস করেন, যারা হয়ত কলকাতায় এসে পড়াশুনা করতে সমর্থ নন, সেইরকম ছাত্র- আজকে পড়াশুনার সুযোগ পাবেন। স্বাস্থ্য দপ্তরের ব্যয়-বরাদ্দ নিয়ে যখন আলোচনা খন আপনারা আলোচনা করবেন। আসলে এটা স্বাস্থ্য দপ্তরের ব্যাপার। কিন্তু যেহেতু শ্ববিদ্যালয়ের আইনের অন্তর্ভুক্ত সেজন্য উচ্চ শিক্ষা দপ্তর থেকে আমাকে এটা করতে এগুলির বিষদ আলোচনা করার আপনারা সুযোগ পাবেন। কিন্তু যেহেতু এটা উচ্চশিক্ষা ত সেজন্য আমি বলছি। এটা সঠিকভাবে বলা হয়েছে যে আমাদের উপযুক্ত আরও তরি করতে হবে, আমাদের আরও মান বাড়াতে হবে। এই ব্যাপারে আমাদের মধ্যে দ্বিমত থাকতে পারেনা। আমাদের ডাক্তারবাবুরা যাতে গ্রামে যান এটাও আমাদের করতে হবে এবং গ্রামে তাঁরা যাতে উপযুক্ত পরিবেশে কাজ করতে পারেন সেই শও আমাদের তৈরি করতে হবে। একটা সমস্যার কথা মাননীয় সদস্যদের কাছে বলব হচ্ছে, অন্যান্য রাজ্যে আপনারা দেখবেন এই মেডিক্যাল এডুকেশন নিয়ে কি চিন্তা- করছে? লক্ষ লক্ষ টাকা ছাত্রদের কাছ থেকে নেওয়া হচ্ছে ক্যাপিটেশন ফি এবং এই ক মুষ্টিমেয় বিত্তবান যারা তাঁদের মধ্যে সীমাবদ্ধ করার একটা চেষ্টা আমরা দেখছি। রা দেখেছেন যে সুপ্রীম কোর্ট রায় দিয়েছে। দিল্লিতে আলোচনা হচ্ছে, ১৭ তারিখে র মিটিং আহ্বান করা হয়েছে এবং সেখানে এগুলি আলোচনা হবে। একটা প্রশ্ন এসে ছে সেটা আমি এখানে বলব। আজকে যে কথাগুলি মাননীয় সদস্য সুকুমারবাবু বললেন, ইনফ্রাস্ট্রাকচার, তাঁর জন্য বিপুল পরিমাণে টাকা দরকার। এখন কেন্দ্রীয় সরকার যদি তি গ্রহণ করেন যে আমরা উচ্চশিক্ষার জন্য ব্যয় কমিয়ে দেব, রাজ্যগুলিকে বেশি টাকা এবং কেন্দ্রীয় সরকার যদি এটা বলেন যে ছাত্রদের কাছ থেকে ফি বাড়িয়ে এবং ভাবে এবং সেটা যদি বহু সহস্র টাকা হয় যেটা মহারাষ্ট্রে হয়েছে, এক লক্ষ টাকা হবে প্রতি বছর একজন ছাত্রকে। তাহলে আপনি যে ইনফ্রাস্ট্রাকচার বাড়াবেন তাঁর াকা কোথা থেকে আসবে? আমরা এটা মেনে নিতে পারি না যে মেরিট নেই তাঁর াছে সেই শিক্ষার সুযোগ পাবে। এটা আমরা কখনও মেনে নিতে পারি না। একটা

গণতান্ত্রিক দেশে এটা হতে পারে না। সেই জন্য প্রশ্নটা অর্থের প্রশ্ন এসে দাঁড়িয়েছে। এই রাজ্যে আমরা সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে শিক্ষার জন্য বহু টাকা ব্যয় করছি। আজকে সকলকে একত্রিত হয়ে বলতে হবে উচ্চ শিক্ষার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনুদান

[3-50—4-00 p.m.]

আরও বাড়াতে হবে। শিক্ষায় সংকোচন করা চলবে না। মুষ্টিমেয় যারা বিত্তবান তাঁদের ঘরের ছেলে-মেয়েরা উচ্চ শিক্ষা, বিশেষ করে যেগুলিকে আমরা বলি প্রফেশনাল এডুকেশন সেই পড়ার সুযোগ পাবে এটা হতে পারে না। এই কথা ঠিক যে, যে ইন্সটিটিউটগুলি আমরা গড়ে তুলছি, নতুন যেগুলি চালু করতে যাচ্ছি সেইগুলি সুষ্ঠভাবে চালু করা দরকার, তাঁর মান উন্নয়ন করতে হবে। আমাদের সরকার সেই ব্যাপারে সতর্ক, সেই পদক্ষেপ আমরা গ্রহণ করছি। আজকে এই বিলের বিতর্কে মাননীয় সদস্য যাঁরা অংশগ্রহণ করেছেন তাঁদের আমি ধন্যবাদ জানাই এবং এই বিলকে আপনারা সকলে সমর্থন করেছেন তাঁর জন্য আপনাদের ধন্যবাদ জানাই। পশ্চিমবাংলার শিক্ষার ক্ষেত্রে বিশেষ করে আমি বলব চিকিৎসা বিদ্যার ক্ষেত্রে এটা একটা বড় পদক্ষেপ। আপনারা সকলে সমর্থন করেছেন তাঁর জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং আশা করি আবার আপনারা এই বিলকে সমর্থন করে বিলকে গ্রহণ করবেন। ধন্যবাদ।

The motion of Shri Satya Sadhan Chakraborty that the Burdwan University (Amendment) Bill, 1993, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2 & Preamble

There are no amendment to clauses 1, 2 & Preamble.

The question that clauses 1, 2 & Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the Burdwan University (Amendment) Bill, 1993 as settled in the Assembly, be passed.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি থার্ড বিল্ডিং-এ একটা বলব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বিস্তারিতভাবে বলেছেন, আমি তা মনোযোগ দিয়ে শুনেছি, নতুন করে বিশেষ কিছু বলার নেই। আমি শুধু দুটি কথা ভাবতে বলব। শিক্ষার মান যেটা বলেছেন, উচ্চ শিক্ষার ক্ষেত্রে উনি যেটা বলছেন, কলকাতায় বিশেষভাবে আমি জানি পার্টিকুলারলী উচ্চ শিক্ষা বিশেষ করে মেডিক্যাল এডুকেশন টিচাররা আগে যেভাবে শিক্ষকতা করতেন এখন সেইভাবে শিক্ষকতা করছেন না। ছাত্রদের কথা বলছি না, শিক্ষার মান উঠেছে কি নেমেছে সেটা বলছি না, শিক্ষকদের শেখানোর যে মানসিকতা সেটা অনেকটা কমে গিয়েছে। কলকাতা মেডিক্যাল কলেজের মতো কলেজের শিক্ষার মান নেমে গিয়েছে। একটা অস্বস্তিকর অবস্থায় ছাত্ররা পড়েছে। যারা ডাক্তার তৈরি হবে, নিজের যোগ্যতায় যখন শিক্ষকতা করবে তখন যারা জুনিয়ার হয়ে আসবে তখন সাধারণ ছাত্রদের ক্ষতি হবে। ভাল ছাত্ররা ঠিক তৈরি হয়ে যাবে ভাল ভাবে। তারপর এরা যখন ডাক্তার হয়ে আসবে তখন সাধারণ মানুষের ক্ষতি হবে। আর একটা সুপারিশ করছি, বিচ্ছিন্নভাবে নয় একটা

মেডিক্যাল এডুকেশন করার জন্য বলছি। এরজন্য আপনি যদি আজকে ঘোষণা করতে পারেন অ্যাট লিস্ট যে আলোচনা শুরু করবেন এই ধরনের টেকনিক্যাল লোকদের নিয়ে, তাহলে আমরা খুশি হব। আপনি মেনসন করেছেন, উচ্চশিক্ষা, ফার্টিলাইজার আর ফুডে আমরা অনুদান দিয়ে থাকি। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার অনুদান দিয়ে থাকেন। বিকল্প ভাবনা-চিন্তা একটা আছে, সবটুকু অনুদান না দিয়ে ভাল মেরিটের ছাত্রদের যদি স্কলারশিপ দেওয়া যায় তাহলে আমার মনে হয় বেশি পরিমাণ ছাত্র উপকৃত হবে, মেরিটোরিয়াস ছাত্ররা উপকৃত হবেন। এই তিনটি সাজেশন আমি আপনার কাছে রাখলাম।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আলোচনা করেছি, আমি আগেই বলেছি, মাননীয় সদস্য সুব্রত মুখোপাধ্যায় যে কথাগুলো বললেন তা খুব গুরুত্বপূর্ণ। মেডিক্যাল ইউনিভার্সিটি সম্পর্কে আমার তরফ থেকে এখুনি কিছু বলা সম্ভব নয়। আমি আগেই বলেছি, এটি অন্য দপ্তরের বিষয়। কিন্তু যেহেতু বিশ্ববিদ্যালয়ের আইনের মধ্যে পড়ে সেইহেতু আমার পক্ষ থেকে বিলটি আনা হয়েছে। মেডিক্যাল এডুকেশন-এর শুধু নয়, এতে অভিজ্ঞ লোকেরা বিভিন্ন মতামত দিয়েছেন। সুতরাং আগামী দিনে যখন কোনও নীতি নির্ধারণ হবে সেই সময়ে, আমি বলছি, পুরো বাজেট আলোচনা যখন হবে তখন আপনি যদি এগুলো উত্থাপন করেন তাহলে ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি আছেন, তিনি বলতে পারবেন। আর একটি কথা আপনি যা বলেছেন স্কলারশিপ, স্টাইপেন্ড সম্পর্কে, এ সম্পর্কে কোনও দ্বিমত নেই। আপনি দেখবেন, অশোক মিত্র কমিশন থেকে কিছু সুপারিশ করা হয়েছে কাদের কত পারসেন্ট ফি থেকে মুক্ত করা দরকার, কিছু স্টাইপেন্ড ইত্যাদি দেবার ব্যাপারে, লোন ইত্যাদির বন্দোবস্ত করা যায় কিনা ইত্যাদি উল্লেখ করা হয়েছে। সেদিক থেকে আপনাকে আমি আবার ধন্যবাদ জানাব যে আপনি বিষয়টি উত্থাপন করেছেন আমাদের চিন্তা করতে হবে। এটা ঠিক যে সব ভাল ছাত্র, আমাদের এখানে যেমন, তেমনি যে কোনও উন্নত দেশেও আছে, তাঁদের প্রতি সব সময়েই নজর দেওয়া হয়। কিন্তু প্রশ্ন এটি নয় যে ভাল ছাত্রদের প্রতি নজর দেওয়া হবে না। সেদিকে নজর দিতে গিয়ে মাঝারি এবং কম মেধা সম্পন্ন যারা তাঁদের উপেক্ষা করব কিনা? অর্থাৎ এটা যদি দাঁড়ায় যে ভাল ছাত্রদের প্রতি নজর দিতে গিয়ে আমাদের শ্রম এবং অর্থ সবকিছু তাঁদের জন্য ব্যয় করলাম, বাকিরা উপেক্ষিত রইল, এটা গণতান্ত্রিক রাষ্ট্রে সম্ভব নয়। ভাল ছাত্রদের প্রতি যেমন নজর দিতে হবে, তেমনি পিছিয়ে পড়া ছাত্র—বেশিরভাগই পিছিয়ে পড়া ছাত্র—তাঁদের প্রতি আমাদের নজর দিতে হবে। এটাকে আমরা বলি উন্নয়ন। একটা অংশের প্রতি যেমন নজর দিতে হবে, বাকিদের প্রতিও তেমনি নজর দিতে হবে। বেশিরভাগ ক্ষেত্রে যারা ভাল ছাত্র অথচ আর্থিক সংস্থান নেই, তাঁদের স্কলারশিপ, স্টাইপেন্ড দেওয়া হয়ে থাকে। লক্ষ্য করবেন, উচ্চ মাধ্যমিক, মাধ্যমিকে যারা ভাল ফল করছে তাঁদের জন্য এটা করা হয়। এটার ব্যবস্থা করা দরকার, এই ব্যাপারে আমি একমত। আপনার বক্তব্য আমরা নিশ্চয়ই মনে রাখব। আপনাকে ধন্যবাদ জানাই, আপনি এটাকে মনে করিয়ে দিয়েছেন।

The motion of Shri Satya Sadhan Chakraborty that the Burdwan University (Amendment) Bill, 1993 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.21 p.m. till 10 a.m. on Wednesday, the 16th June 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 16th June, 1993 at 11.00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 28 Ministers, 12 Ministers of State and 141 Members.

[11-00—11-10 a.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

#### বি. এড. কলেজগুলিতে শিক্ষক/শিক্ষিকাদের শূন্য আসন পূরণের ব্যবস্থা

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) **শ্রী আবদুল মান্নান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন বি. এড. কলেজগুলিতে শিক্ষক/শিক্ষিকাদের জন্য নির্দিষ্ট আসনগুলির বেশিরভাগই প্রার্থীর অভাবে শূন্য থাকে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তরে হ্যাঁ হলে, শিক্ষক/শিক্ষিকাদের জন্য নির্দিষ্ট আসনগুলি অন্য আবেদনকারীদের দ্বারা পূরণ করার কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা ; এবং

(গ) বি. এড.-এর ছাত্র-ছাত্রীদের বর্তমানে কি হারে স্টাইপেণ্ড দেওয়া হয়?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মাসিক ৭৫ টাকা।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি বললেন যে এটা ঠিক নয়, এইক্ষেত্রে কিছু আসন যে শূন্য থাকে তার পারসেন্টেজ কত এবং কত সংখ্যক থাকে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** কিছু কিছু টেকনিক্যাল কারণে শূন্য থাকে তার সংখ্যা খুব

বেশি নয়। সেগুলোর ক্ষেত্রে দেখা যায় হয়ত দরখাস্ত দিয়েছে বিবেচনা করা হচ্ছে এইরকম, তবে তার সংখ্যা খুবই কম এবং এটা একটা সমস্যার আকারে দেখা দেয়নি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি যে বললেন স্টাইফেন ৭৫ টাকা করে দেওয়া হচ্ছে এটা কি ওভার অ্যান্ড এবাভ দেয়ার রেগুলার স্যালারি নাকি স্টাইফেন হিসাবে টোটালি ৭৫ টাকা করে দেওয়া হচ্ছে? এই যে ফ্ল্যাট স্কেলে এই টাকা দেওয়া হয় সেই টাকা কি আপনি মনে করছেন যথেষ্ট?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** এখানে যারা ডেপুটেশনে থাকেন তাদের স্যালারির উপরে এটা দেওয়া হয়ে থাকে। এটা ঠিক যে ওদের সব চাহিদা সব সময়ে পূর্ণ আমরা করতে পারি না। কিন্তু আপাতত এই ব্যাপারে আমার কাছে কেউ আসেননি বা কোনও ডেপুটেশন হয়নি।

**শ্রী নির্মল দাস ঃ** ইন সার্ভিসে যারা থাকেন তারা ডেপুটেশন বি এড ট্রেনিং দিতে গেলে কোনও স্টাইফেন পায় না। ফ্রেসার যারা রয়েছেন তাদেরকেই বি এডের শিক্ষকতা করতে গেলে স্টাইফেন দেওয়া হয়। আপনি জানেন যে বি এড ইন্সটিটিউশন যেগুলো আছে সেগুলোর মধ্যে অনেকগুলোতেই টাকা দিয়ে ভর্তি হতে হয় এবং বেতন দিতে হয়। এই ব্যাপারে আগে বহুবার বলা হয়েছে এবং উত্তরবঙ্গ কলেজগুলিতে এই নিয়ে আন্দোলনও হয়েছে। বিশেষত আমি যে কলেজে পড়েছি নর্থ বেঙ্গল বি. টি অ্যান্ড ইভনিং কলেজ কুচবিহার, সেই কলেজেও আন্দোলন হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, যে পরিমাণ জিনিসের দাম বাড়ছে সেক্ষেত্রে শুধু স্টাইফেন ৭৫ টাকা না রেখে তার পরিমাণ ২০০ টাকা করার কোনও পরিকল্পনা নিচ্ছেন কিনা বা চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যা বললেন সেটা ঠিকই, সমস্যাগুলি আছে। কিন্তু একটা কথা মনে রাখতে হবে যে সরকার এই ব্যাপারে উৎসাহ দিচ্ছেন এবং আমাদের রাজ্যে এই ব্যাপারে আমরা যথেষ্ট পরিমাণে টাকা ব্যয় করছি। অন্যান্য রাজ্যে যে রকম দেয়, আমাদের এখানে আমরা উৎসাহ দেওয়ার জন্য যে পরিমাণ টাকা দিই, সেই ৭৫ টাকা যথেষ্ট নয় এবং বিশেষ করে যাদের নাকি ফ্রেশার বলা হয় তাদের পক্ষে এটা একটা কঠিন ব্যাপার। কিন্তু যেহেতু এটা একটা প্রফেশনাল কোর্স সেইজন্য তাদের উৎসাহ দেওয়ার জন্য এই টাকা দেওয়া হয়। আমি হয়ত একটা কথা বললে জয়নাল সাহেব বলবেন, কেন্দ্র ছাড়া আপনাদের কিছু বলার নেই। দিল্লির যে মিটিং হয়েছিল সেখানে আমরা আলোচনা করেছি যে আমরা এটা চাই, কিন্তু আমরা যদি আরও বেশি পরিমাণে কেন্দ্রের কাছ থেকে টাকা পাই তাহলে আমরা মনে করি যে হয়ত এগুলো আরও বেশি করে বাড়িয়ে দেওয়া যাবে এবং এই ব্যাপারে আমরা যখন কেন্দ্রর সঙ্গে আলোচনা করি তখন আমরা এই প্রশ্নগুলি তুলি। এটার যৌক্তিকতা স্বীকার করি, এখন এইগুলো নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা খুব কঠিন ব্যাপার। যতক্ষণ পর্যন্ত না আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিশ্চয়তা পাচ্ছি ততক্ষণ পর্যন্ত আমরা আর আর্থিক চাপ বহন করতে পারব না।

**শ্রী নির্মল দাস ঃ** টিউশন ফি টা সম্বন্ধে বলুন।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যা বললেন সেই ব্যাপারে একটা কনফিউশন রয়ে গেল। ঐ যে স্টাইপেন্ড ৭৫ টাকা করে দেওয়ার কথা, যেটা আপনি বললেন ওভার অ্যান্ড অ্যাবাভ, যারা ইন সার্ভিস তাদের দেওয়া হয়। কিন্তু মাননীয় সদস্য বললেন এটা ফ্রেশারদের দেওয়া হয়, এটা কন্ট্রাডিক্ট করছে না।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যেটা বলছেন সেটা ঠিকই। যারা ডেপুটেশনে আছেন তারা তো তাদের স্যালারিটা পাচ্ছে, তাদের তো আর স্টাইপেন্ড দেওয়ার প্রশ্ন উঠে না। যারা ডেপুটেশনে নেই, তাদের একটা উৎসাহ দেওয়ার জন্য, তাদের সামান্য খরচ মেটানোর জন্য এই ৭৫ টাকা স্টাইপেন্ডটা দেওয়া হয়।

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা লক্ষ্য করছি যে সমস্ত কলেজে বি. এড পড়ার ব্যবস্থা আছে সেই সমস্ত জায়গায় প্রায় কলেজগুলিতে শিক্ষক-শিক্ষিকার অভাবে কিছুটা আসন শূন্য থাকে। যেখানে অনেক ছেলে-মেয়ে ফ্রেশার আছে সেখানে তারা বিভিন্ন কলেজগুলোতে দরখাস্ত করার সুযোগ পাচ্ছেন না। শূন্য আসনগুলিতে তাদের আইন করে আনা যায় কিনা সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** এই সমস্ত ব্যাপারে আমাদের গভীরভাবে ভাবতে হবে। লেখাপড়া জানা ছেলে-মেয়েদের মধ্যে যারা বেকার আছে তারা এই ট্রেনিং নেওয়ার পর বিদ্যালয়ে সুযোগ পাবেন। এই ট্রেনিং-এর সুযোগ অনেক বেড়েছে। কিন্তু চাকরি পাওয়ার সুযোগটাকে আরও সম্প্রসারিত করতে হবে।

সুতরাং দুটি সমান তালে চলতে হবে। এরা পাস করলেই আশা করবেন যে আমি বি. এড. পাশ করলাম, এবারে বসে না থেকে চাকরি পাব। অর্থাৎ এই যে আসন সংখ্যা বাড়ানো এটা আমাদের কিন্তু পরিকল্পিতভাবে বাড়াতে হবে। তা না হলে এদের ট্রেনিং দিয়ে তারপর এরা যদি দীর্ঘদিন বসে থাকেন তাহলে এদের মধ্যে অসন্তোষ সঞ্চারিত হবে। সেইজন্য যেমন আসন বাড়াচ্ছি, যেমন যেমন আমরা দেখব যে আমাদের শিক্ষকতার যে সুযোগগুলি বাড়ছে তার সঙ্গে তাল রেখে আমরা আসন বাড়াচ্ছি। মাননীয় সদস্য যেটা বললেন, ডেপুটেশনের জন্য যেগুলি আছে সেখানে যদি না পাওয়া যায় তাহলে সেখানে নেওয়ার কথা—এটা ভেবে দেখতে হবে। কারণ পরবর্তীকালে সমস্যা দেখা দিতে পারে। একটা নির্দিষ্ট আসন থাকে ডেপুটেশনের জন্য। এটা ভাঙ্গলে পরে পরের বছর বেশি হলে সমস্যা হ'তে পারে। কাজেই আপনি যেটা বললেন সেটা চিন্তা করে দেখতে হবে, খতিয়ে দেখতে হবে। সমস্যা যদি না দেখা দেয় তাহলে আমরা নিশ্চয় চিন্তা করে দেখব।

[11-10—11-20 a.m.]

**শ্রী পান্নালাল মাঝি:** মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন কি ফ্রেশারদের জন্য স্টাইপেন্ডারি পোস্ট কতগুলি আছে এবং স্টাইপেন্ডারি নয় এমন পোস্ট কতগুলি আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী:** মাননীয় সদস্য যদি নোটিশ দেন তাহলে আমি এ সম্পর্কে সমস্ত তথ্য দিতে পারব।

**শ্রী অমিয় পাত্র:** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এমন ঐ বি. এড. কলেজগুলিতে সাংঘাতিক প্রেসার। অসংখ্য কান্ডিডেট সেখানে অ্যাডমিশনের জন্য অ্যাপ্লাই করছেন। সেখানে কি ভাবে তাদের সকলকে অ্যাকমোডেট করা যাবে আমি জানতে চাই। আমি জানতে চাই, বি. এড. কলেজগুলিতে ফ্রেশ্রারদের অ্যাডমিশনের ক্ষেত্রে আপনাদের সুনির্দিষ্ট কোনও নীতি আছে কিনা এবং সেই নীতি বিভিন্ন কলেজ ডিফার করছে এরকম সংবাদ আছে কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী:** না, মোটামুটি বিভিন্ন কলেজগুলিতে যেভাবে রিক্রুট হয়ে থাকে তারা কতকগুলি মেরিট ক্রাইটেরিয়া ঠিক করে নেয়। সাধারণভাবে সেই মেরিট এবং অন্যান্য যে সমস্ত নিয়মকানুন আছে সেগুলি মেনেই বিভিন্ন জায়গায় এই ভর্তিটা করা হয়ে থাকে।

**শ্রী আব্দুল মান্নান:** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে বি. এড. পড়ার জন্য যারা ডেপুটেশনে যান তাদের ১০।। মাসের মাহিনা দিতে হয় আবার তার জায়গায় যারা আসেন তাদেরও ১০।। মাসের মাহিনা দিতে হয়। এই যে সরকারের ডবল খরচ হচ্ছে, এ ক্ষেত্রে যারা টিচার হিসাবে অ্যাপয়েন্টমেন্ট পাবেন তাদের ক্ষেত্রে বি. এড. পাশটা কমপালসারি করার কথা ভাবছেন কিনা?

**মিঃ স্পিকার:** না, না, এ প্রশ্ন হবে না। উনি কি ভাবছেন এ নিয়ে প্রশ্ন হবে না।

**দলকার জেলা সংস্কার**

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০) **শ্রী শিবপ্রসাদ মালিক:** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গোঘাটের "দলকার জলা" সংস্কারের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়:**

(১) গো-ঘাটের 'দলকার জলা' সংস্কারের ব্যাপারে প্রয়োজনীয় জরীপের কার্য গত মার্চ মাস হইতে হুগলি ইরিগেশন ডিভিসনের অন্তর্গত আরামবাগ সাব-ডিভিসনের মাধ্যমে শুরু করা হইয়াছে; বর্তমানে জরীপের কার্য চলিতেছে এবং জুন মাসের শেষ নাগাদ জরীপের কার্য সমাপ্ত হইবে বলে আশা করা যায়।

জরীপে কার্য সমাপ্ত হইবার পর প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে 'দলকার জলা' সংস্কারের প্রকল্পটি রচনা করা হইবে। প্রকল্পটি আগস্ট সেপ্টেম্বর নাগাদ পাইবার সম্ভাবনা আছে, প্রকল্পটি পাওয়ার পর নিয়ম অনুযায়ী অনুমোদনের ব্যবস্থা করা হইবে এবং অর্থের সংস্থান অনুযায়ী রূপায়ণের ব্যবস্থা করা হইবে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, 'দলকার জলা' সংস্কারের জন্য ইরিগেশন ডিভিসনের অন্তর্গত আরামবাগ সাব-ডিভিসনের মাধ্যমে যে জরীপের কাজ শুরু হয়েছে তা আমরা পরিদর্শন করে দেখেছি যে, খুবই ঢিমেতালে কাজ চলছে। এই কাজ যাতে তাড়াতাড়ি করা যায় তা আপনি একটু অনুসন্ধান করে দেখবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জুন মাসে আমি মাননীয় সদস্যের আমন্ত্রণে এ এলাকায় গিয়েছিলাম। হ্যাঁ, প্রথম পর্যায়ে কাজ কিছুটা ঢিমেতালে চলছিল। এখন এ কাজ প্রায় শেষ পর্যায়ে এসে পৌঁছেছে। আমি আপনাকে প্রতিশ্রুতি দিচ্ছি এ কাজ এই মাসেই রূপায়িত করব।

**Coal Cess dispute between State Governmment and Coal India**

*7 (Admitted Question No.*74) **Shri Sougata Roy:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether dispute between one State Government and Coal India on the issue of Coal Cess has been resolved;

(b) if so, details thereof;

(c) if not, the reasons thereof?

**Dr. Asim Kumar Dasgupta:** a) The problem as regards the collection of coal cess from agencies of Coal India has not yet been resolved.

b) In view of reply against (a), the question does not arise.

c) The subsidiaries of Coal India owe an amount of Rs.562.40 crores on account of coal cess payable to the State Govt. upto 31.1.93. They have not paid this amount apparently on the ground that coal bills of the Coal India subsidiaries has not been settled in full, the amount of such unpaid coal bills being Rs.256.02 crores as on 31.1.93.

**Dr. Zainal Abedin:** Will the Finance Minister may please be state the contents of the dispute which promoted the State Government

to go to the Press instead of taking it up amicably for which I wrote to you presently which you did not reply ?

**Dr. Asim Kumar Dasgupta :** Regarding the Coal cess there is the question of levy and then there is question of collection. So far as levy is concerned this is the constitutional right of the State Government derived as it is from Entry 49 of the State List, there cannot be any dispute on that. So far as the collection is concerned that is Rs.562.40 crores. You recall that in this particular House we brought it out in response to an ordinance in a particular bill which this House approved. When the ordinance was introduced we thought it necessary to make it published the contents of the ordinance. The contents of the ordinance, if you recall, are simple extension of the concurrent provisions of sales tax, coal cess along with other provisions we made it publish.

**Dr. Zainal Abedin :** What is the present state of the dispute and whether it is a fact that the Hon'ble Chief Minister has intervened—whether there is any amicable dissolution of the dispute in conformity with the provisions of the Coal Cess Act, the amount to be collected as coal cess to be spent in the areas for the benefit of the people.

**Dr. Asim Kumar Dasgupta :** Mr. Speaker, Sir, I would answer the second part first and then I will come to the first part. As per the two critical acts, one is the 1973 Act on the Primary Education and the other is 1976 Act on the Coal Cess on Rural Employment and Production, there is provision for setting up of a fund. This was discussed in the Supreme Court also. But, please kindly note there is no provision in the fund I am particularly referring to i.e. Coal Cess on Rural Employment and production. Clause 6 of the Act says, "The West Bengal Rural Employment Production Fund shall be utilised by the State Government for the implementation of such employment in rural areas as may be prescribed." Now there is no specificity of any district collection of cess from that district and use of fund for that district. This is for the state as a whole. I have with me a total expenditure incurred on primary education and of employment etc. and collection from cess. I might mention, even in the last year Rs.318 crores was due. We got 144 crores. In 1992-93 the expenditure on primary education was 503 crores and expenditure on account of rural employment etc. is double the amount. I have just mentioned that there is no

specificity. So this was raised in Supreme Court and this point was not disputed after that. The first point is whether there is any scope of amicable settlement regarding coal cess. It is a very big amount. The cess is 562-42 crores. The apparent reason given is that SEB is not paying the power bill. If we take then the unpaid amount is 288 crores, double the amount is what not paid by the Coal India. The question about amicable settlement, Mr. Speaker, Sir the discussion was going on between the Government of India representatives and State Government. It is surprising that while the discussion was going on Coal India without informing us have gone to the Supreme Court. In fact a case was moved by a private party in the High Court challenging the validity of the coal. The Hon'ble Court gave an order against the State Government. Against that order the State Government made an appeal to the Supreme Court. At that state while the discussion was going on Coal India became a party to the private party. Never happened before. I have the judgement of the Supreme Court given which had gone in favour of us. You would be happy to note that the Government of West Bengal has got a stay order against the High Court judgement. So it has gone in favour of the State Government. So the State Government is total empowered to levy and to collect the cess. So while the discussion was going on, this gesture certainly on the part of the Government of India falls short of amicability. What happens after that? What is the present position? Now we are going according to law. You see, it is the duty, albeit unpleasant duty, for the Finance Minister to collect the coal cess which is lying uncollected. So we have given notice to Coal India. Legal steps have been taken one after another but even now despite the fact that the Coal India has gone up to the Supreme Court and Supreme Court has given a stay. Despite that fact I am duty bound to take all the steps which we have started including serious penalty provision also. Here is no distinction between one and the other. Despite that if the Government wants against to continue discussion they are welcome.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই যে ডিসপিউট ইতিমধ্যে আমরা জেনেছি এটা ফ্যাক্ট কিনা যে, তারা স্টেট গভর্নমেন্টের প্রাপ্য যে কোনও সেটা ক্যাশ ছাড়া আর দেবেন না এটা বলেছেন। যদি বলে থাকেন তাহলে সেন্ট্রাল গভর্নমেন্টের এই যে অ্যাটিচুড সেখানে স্টেট গভর্নমেন্টের কোল সেস বাবদ যেখানে এত টাকা তাদের কাছে পড়ে রয়েছে এবং আইনও আপনি হাতে নিয়েছেন তখন সেটা প্রয়োগ করতে এত দেরি হচ্ছে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** এখানে বলা উচিত, আমাদের পাওয়ার এজেন্সীগুলির যে টাকা বকেয়া থাকে তারজন্য কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে। গত বছরের পরিকল্পনা খাত থেকে ৭৯ কোটি টাকা কেটে নিয়েছেন। তারপরও শুনতে হচ্ছে আমাদের কয়লা আটকে যাবে ইত্যাদি। যদিও কয়লার জন্য যে অর্থ দেয় আছে তার দুইগুণ টাকা কোল ইন্ডিয়ার কাছে আমাদের পাওনা রয়েছে। আজকে সুপ্রিম কোর্টের রায় আসার পর এবং ওদের সঙ্গে অ্যামিকেবল আলোচনার পরও ঐ কথা আমাদের শুনতে হচ্ছে। আমরা সময় নষ্ট করিনি, লিগ্যাল নোটিশ ইস্যু করেছি। তবে লিগ্যাল নোটিশ ধরাবার পর আইন মোতাবেক কতগুলো ধাপ আছে, তারা এই ব্যাপারে রাজ্য সরকারের সেলস ট্যাক্স ডাইরেক্টোরেটে যেতে পারেন। সেখানে গেলে তাদের অ্যাপিলের নিষ্পত্তি হবে। তারপর তারা ট্রাইব্যুনালে যেতে পারেন। এই প্রসেসগুলি আছে। যদি ট্রাইব্যুনালে না যান তাহলে তারপর যে প্রভিসনগুলি আছে সেটা নেওয়া হবে। আপনি জানেন, যে সুদ দিতে হয় সেটা প্রতি মাসে দুই শতাংশ বাড়ে এবং সেটা থেকে নিষ্কৃতি নেই নেই। তারপর একটা গ্যারিশিং প্রভিসন, এটা আমরা আনছি। এর মানে হল, যদি এই মুহূর্তে কোল ইন্ডিয়ার অন্য কোনও এজেন্সীর কাছে কিছু প্রাপ্য থাকে, ধরুন ৩০০ কোটি টাকা কোনও একটা এজেন্সীর কাছে তাদের পাওনা আছে এবং আমরা অ্যাডজাস্টমেন্ট করবার পর দেখছি আমাদের তাদের কাছে ৩০০ কোটি টাকা প্রাপ্য, সেক্ষেত্রে ঐ এজেন্সীর কাছে তাদের প্রাপ্য ঐ ৩০০ কোটি টাকা আমরা নিয়ে নিতে পারি। এই স্টেজগুলিও শুরু করে দিয়েছি। এরপর তারা আলোচনায় বসতে চান বসুন।

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, it appears that the dispute between the State Government and Coal India Ltd. is that Coal India Ltd. Supplies about 6 lakhs tons of coal to the three power plants owned by the Government and on the other hand the royalty is due to the Government of West Bengal from the Coal India Ltd. The two parties have preferred their claim. There is a bit of confusion about the claims and the counter-claims. So we would like to know from the Honourable Minister as to what are the actual dues of the Coal India Limited upto March, 1993 as also the total royalty dues from.....

**Mr. Speaker :** Mr. Sohan Pal, how many questions?

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, only one question.

**Mr. Speaker :** One question in ten parts?

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, you are very intelligent. I want to know what are the actual dues of the West Bengal Government on account of coal royalty. Whether all the outstanding coal bills of the Coal India Limited have been paid or adjusted against the royalty due

to the West Bengal Government? What is the exact position as at present?

**Dr. Asim Kumar Dasgupta:** Mr. Speaker, Sir, the Hon'ble Member, Shri Gyan Singh Sohan Palji has raised a question relating to coal royalty in addition to coal cess. So, if you allow me, then I am prepared to give the answers on both coal cess and coal royalty. It will, in fact, strengthen my argument. If I take you a, b, c — everything into account—and what is the latest position, I would say that I have already given the latest position as on 31/3/93. It is already there.

[11-30—11-40 a.m.]

I am taking the full responsibility of it and the figure which is given there is also Coal India's. There is no dispute about the figure. I am giving latest figure upto 31.5.93. The unpaid coal cess which the Coal India owes to Govt. of India has increased further. It is 621.64 crores and the unpaid coal bills by WBSEB, WBPDCL, DPL taken together as per the estimate I have obtained is 335.61 crores. It is almost half the deal. The point which we are making—if an adjustment is made the State Government will immediately get after all these adjustments a net inflow of Rs. 300 crores. This is what the State Government will gain after clearing all the dues. This is number one so far coal cess is concerned. But please also note the extreme discrimination which also is existing in the field of coal royalty. As you are fully aware coal cess in the constitutional line is a State Government matter so also is the coal royalty. Coal cess is based on the value of coal bearing land and royalty is a lease which any lease holder will have to pay to Government of West Bengal. Please note that in 1st of August, 1991 Department of Coal has increased the coal royalty for same grade of coal for all States except West Bengal and Assam. What is the amount we are losing because of this patently discriminatory order? You cannot charge for same grade of coal at different rates. We are collecting coal royalty to the tune of Rs.12 crores but we are entitled as per the rate which is applicable to other States to a tune of Rs.160 crores per year. So, We are losing on account of coal royalty which is different from coal cess Rs.150 crores each year and two years have passed—so we have lost Rs.300 crores. And on account of coal cess, please not, after paying the coal bills another Rs.300 crores is due in favour of West Bengal Government. Rs.300

crores plus Rs.300 crores i.e. Rs.600 crores is due from the Govt. of India on account of coal which is under the soil of West Bengal. We have a right on the 600 crores of rupees. We are not getting it. This is a new dimension in discrimination in the Centre-State relation and I seek your cooperation in getting this money which the State Government deserves on the constitutional basis.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় খুব বিতর্কিত একটি বিষয়ে উত্তর দিয়েছেন। আমি জানতে চাচ্ছি, আপনি বললেন যে এই রকম কোনও ম্যানডেটোরী প্রভিসন নেই যে জেলা থেকে কোল সেস তোলা হবে সেই জেলা বা গ্রামোন্নয়ণের ক্ষেত্রে বা অন্যান্য ক্ষেত্রে আপনি সেটা খরচ করতে বাধ্য। আপনি বলুন যে আজ পর্যন্ত আপনার আমলে যে কোল সেস পেয়েছেন, সেই টাকার কত পরিমাণ অর্থ সংশ্লিষ্ট কয়লা সম্পদ জেলাগুলি বা তার পাশের জেলাগুলিতে ব্যয়িত হয়েছে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মিঃ স্পিকার, স্যার, দেয়ার আর টু কনটেমপ্লেশন। ওয়ান ইজ দ্যাট আই অ্যাম মুভিং ইনটু এ ডিবেটেবল এরিয়া।

উনি বাংলায় বলেছেন, আমি সেই বিতর্কিত বিষয়ে যাচ্ছি। দ্বিতীয় উত্তরটা জয়নাল আবেদিন সাহেবের উত্তরে দেওয়া হয়েছে। এটা সুপ্রিম কোর্টে হয়েছে, এটার কোনও এরিয়া স্পেসিফিক নেই। একটা উদাহরণ দিলে বুঝতে পারবেন। সেল্স ট্যাক্স রাজ্যের সবচেয়ে বেশি যেটা আদায় হয় তার শতকরা ৭০ ভাগ কলকাতা থেকে আদায় হয়। কেউ যদি বলেন এর সমস্ত টাকা কলকাতার উপর খরচ করতে হবে তাহলে এটা আপনিও মেনে নেবেন না। এই ব্যাপারে সুপ্রিম কোর্টে আলোচনা হয়েছে, এটা ধর্তব্যের মধ্যে আনা হয়নি। সুতরাং এই সংকীর্ণ আঞ্চলিকতাবাদ আলোচনার মধ্যে আনবেন না অনুরোধ করছি। একটা জিনিস বলা হয় আমি বিতর্কিত বিষয়ে যাচ্ছি। বিষয়টা কিন্তু বিতর্কিত নয়। আমার হাতে কন্সটিটিউশন অফ ইন্ডিয়া আছে। কোল সেস এই যে বছর শেষ হয়েছে তাতে আমাদের ১৫০ কোটি টাকা পাওনা আছে। কোল সেসটা প্রাইমারি এডুকেশন, রুর‍্যাল এমপ্লয়মেন্ট, প্রোডাকশন অফ রুর‍্যাল এরিয়া ইরিগেশন এই সমস্ত কিছুতে দেওয়া হয়। এর মধ্যে প্রাইমারি এডুকেশনে ৫০৩ কোটি টাকা দেওয়া হয়েছে। রুর‍্যাল এমপ্লয়মেন্টে আমাদের যে পার্ট আই. আর. ডি. পি. 'সেশ্রু' যে পার্ট ইরিগেশনের যে পার্ট সেই পার্টের দ্বিগুন পরিমাণ অর্থ ব্যয় হয়েছে। এই প্রশ্নটা যেহেতু সুপ্রিম কোর্টে উঠেছিল উত্তর দিয়েছিলাম, আপনাদেরও দিয়ে দিলাম। একটা জিনিস ভুল বোঝাবুঝি হচ্ছে আমি যেন বিতর্ক লাগিয়ে দিলাম। কোল সেস আগেও ছিল এখনও আছে। সুপ্রিম কোর্ট আমাদের বলছেন যে আপনারা এটা আদায় করতে পারেন। কোল ইন্ডিয়া সকল মানুষের কাছ থেকে আদায় করে নিচ্ছে, কয়লার দামের মাধ্যমে আদায় করে নিচ্ছেন, তার জন্য তাঁদের এতো প্রফিট। কিন্তু কোল ইন্ডিয়া রাজ্যকে দেবার সময় টাকাটা দিচ্ছেন না। একটা যুক্তি দিলেন। ওনারা বলছেন যে আমরা কোল বিল দিচ্ছি না।

ওনাদের না দেওয়া অ্যামাউন্ট যেটা সেটার আমরা নোটিশ ধরিয়ে দিয়েছি এবং সেটা খুব চিন্তা করেই দিতে হয়। সেই অ্যামাউন্ট ৬০০ কোটি টাকার বেশি হয়ে গিয়েছে। আর যেটা এস. ই. বি.-র বিল যেটা দেওয়া হয়নি সেটা ৩০০ কোটি টাকার কাছাকাছি। অর্ধেক অ্যামাউন্ট। এটা দিতে কেন দেরী করছে সেটা বুঝতে পারছি না। এর পেনাল রেট অফ ইন্টারেস্ট খুব বেশি, এর থেকে কারও মুক্তি নেই, আইনটা যেহেতু অ্যাপ্রুভড হয়ে আছে, রেট প্রতি মাসে ২ শতাংশ হারে এবং গারনেশিং প্রভিসন, আমরা সেই দিকে যাচ্ছি ধাপে ধাপে। কোল ইন্ডিয়া অন্য কোনও জায়গায় অর্থ পেতে চাইলে তার মধ্যে ফার্স্ট চার্জ রাজ্যের হাতে থাকছে, এটাই ব্যাঙ্কের মাধ্যমে অপারেট করা হয়। আমরা যখন আলোচনা করছিলাম তখন আমাদের কিছু না বলে ওনারা সুপ্রিম কোর্টে চলে গেলেন। আমরা কিন্তু আমাদের পক্ষে রায় পেয়েছি, সেই জন্য আমরা নিচ্ছি। এর মধ্যে যদি আলোচনায় বসতে চান বসবেন, কিন্তু ডিউটি বাউন্ড আইনগত প্রতিটি পদক্ষেপ নিচ্ছি। কতকগুলি খুব আনপ্রেজেন্ট স্টেপ আছে এর মধ্যে।

## শূন্য পদে শিক্ষক নিয়োগ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** ৭.৪.৯৩ তারিখে উপস্থাপিত সম্পর্কিত প্রশ্ন নং *৩৫২ (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উক্ত খালি পদগুলিতে কবে নাগাদ শিক্ষক নিয়োগ করা হবে বলে আশা করা যায় ; এবং

(খ) যে বিদ্যালয়গুলিতে শিক্ষক কম আছে সেগুলির কাজ ঠিকমতো চলছে কি না?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ**

(ক) প্রাথমিক শিক্ষক নিয়োগ সংক্রান্ত অনেকগুলি মামলা মহামান্য কলকাতা হাইকোর্টে বিচারাধীন থাকার জন্য এবং উক্ত হাইকোর্টের অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা থাকার জন্য কবে নাগাদ খালি পদগুলিতে শিক্ষক নিয়োগ করা হবে বলা সম্ভব হচ্ছে না।

(খ) কিছুটা অসুবিধা হলেও বিদ্যালয়গুলির কাজ ঠিকমতো চালানোর চেষ্টা করা হচ্ছে।

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে মামলাগুলি হয়েছে আপনার দপ্তরের তরফ থেকে যিনি এই মামলাগুলি দেখাশোনা করছেন, যিনি লইয়ার হিসাবে রয়েছেন তাঁর এই মামলায় কোনও ইন্টারেস্ট নেই বা যাচ্ছেন না? কোনও তদ্বির করছেন না যার জন্য মামলা এতো দিন চলছে এই খবর আপনি জানেন?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** আপনি যে বক্তব্য রাখলেন তার সঙ্গে আমি একমত নই। মামলা একটা নয়, বিভিন্ন জেলায় আমাদের যে কাউন্সিল আছে, মুর্শিদাবাদ, হুগলি, মেদিনীপুর, বর্দ্ধমান আলাদা আলাদা করে মামলা হয়েছে। তার সঙ্গে রাজ্যের আছে। একটা মামলা হওয়ার ফলে গোটা পশ্চিমবাংলার উপর আরোপ করে দিয়েছে। পশ্চিমবাংলার কোথাও শিক্ষক নিয়োগ করতে পারছি না এবং রাজ্যের উপর নিষেধাজ্ঞা আছে। এটা ১৯৯০ সাল থেকে চলছে এবং প্রতি বছর প্রতিটি জেলায় একটা একটা করে নূতন নূতন কেস হচ্ছে। কোথাও অরগানাইজ টিচাররা করবেন কোথাও ট্রেন্ড টিচাররা করছেন, কোথাও যাঁরা শিক্ষকতা করছেন তাঁরা করেছেন। আমরা সমস্ত মামলা একত্রিত করে এগোনোর চেষ্টা করছি। এক-একটা ফয়সলা না হলে সব এক সঙ্গে নেওয়া যাচ্ছে না। যাতে এক জায়গায় নিয়ে এসে ফয়সলা করতে পারি তার চেষ্টা করছি। এই ব্যাপারে প্রতিনিয়ত আমার ঘরে প্রতি মাসে একটা করে মিটিং হয়। তার জন্য একটা ল সেল পর্যন্ত আমার দপ্তরে খোলা হয়েছে।

[11-40—11-50 a.m.]

**শ্রী অরুণকুমার গোস্বামীঃ** আপনি বললেন যে এটা সারা পশ্চিমবাংলার প্রতিটি জেলায় এই রকম মামলা হয়েছে। প্রতি জেলায় কতগুলো প্রাথমিক শিক্ষকের পদ বর্তমানে খালি আছে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** প্রতি জেলায় আমি বলেছি, এটা সঠিক নয়। আমি কয়েকটি জেলার নাম করে বললাম কোনও কোনও জেলা থেকে এইরকম মামলা হয়েছে। আপনি যেটা জানতে চাইছেন তারজন্য আপনাকে নোটিশ দিতে হবে। প্রতিটি বিদ্যালয়ে কত পদ খালি আছে তা বলা সম্ভব নয়। কেননা, যেমন গতকালই হয়ত একজন রিটায়ার করে গেছেন, এইজন্য আমাকে এই সমস্ত ইনফর্মেশন কালেক্ট করতে হবে। আপনি স্পেসিফিক নোটিশ দিন আমি উত্তর দেবার চেষ্টা করব।

**(গোলমাল)**

**শ্রী নির্মল দাসঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বললেন যে বেশ কয়েকটি জেলাতে মামলা রয়েছে, সেজন্য নিয়োগ করা যাচ্ছো না। কিন্তু যে সমস্ত জেলায় মামলা নেই এবং যেখানে শিক্ষকের পদ খালি রয়েছে, সেই সমস্ত জেলাগুলির ক্ষেত্রে আমরা গত দু'বছর ধরে দেখছি নিয়োগ বন্ধ—এই অবস্থায় রাজ্য সরকার সেই সমস্ত জেলাগুলিতে শিক্ষক নিয়োগ বা ইন্টারভিউ নেওয়ার ব্যাপারে কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন দয়া করে বলবেন কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** কোর্টের একটি নির্দেশ, কোনও একটি জেলা যখন অভিযোগ করেছে, তখন আদালত রাজ্য সরকারের যে রুলস্ অ্যান্ড রেগুলেশনস আছে যেটা সব জেলার ক্ষেত্রে প্রযোজ্য, তার উপরে নিষেধাজ্ঞা জারি করেছেন, যাতে অন্য জায়গায় আমরা কিছু করতে না পারি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা খুব সিরিয়াস ম্যাটার। কোর্টের নির্দেশ গোটা রাজ্যে যেখানে শিক্ষক নিয়োগ বন্ধ হয়ে আছে। আজকে দু'বছরের উপর শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত হয়ে রয়েছে। এই অবস্থায় আপনার কথায় বোঝা যাচ্ছে। এই অবস্থায় যাতে অবিলম্বে শিক্ষক নিয়োগের ব্যবস্থাটা কার্যকর করা যায় তার জন্য কোর্টে আপনি কি আবেদন করেছেন? কারণ গোটা শিক্ষা ব্যবস্থাটাই এর সঙ্গে জড়িত। এইজন্য এই ব্যাপারে আপনি কি পদক্ষেপ নিচ্ছেন তা দয়া করে জানান।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** সমস্ত মামলাগুলিকে এক জায়গায় এনে যাতে এগোনো যায় তারজন্য আমি একজন মহামান্য আইনজ্ঞ, যাঁর নাম এস. এন. মুখার্জি, তাঁকে আমি অনুরোধ করেছি, 'আপনি এগুলো নিয়ে প্লিড করুন, হাইকোর্টে থেকে বার করে আনুন।' আমরা চেষ্টা করছি যেসব বিদ্যালয়ে একাধিক বা অনেক বেশি শিক্ষক আছেন, সেখানে থেকে শিক্ষক নিয়ে এসে যেখানে প্রয়োজনের তুলনায় কম শিক্ষক আছেন সেখানে যাতে দেওয়া যায়।

জেলাগুলিতে এই কারণে কাউন্সিলের প্রেসিডেন্টকে অধিকার দিয়েছি যে স্পেশাল মোবিলাইজেশন করে উদ্বৃত্ত শিক্ষকদের অন্যত্র পাঠানো এবং সেই ব্যবস্থাই নেওয়া হচ্ছে।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানবেন কি, আপনি আগের প্রশ্নের উত্তর বললেন যে জেলাগুলিতে তাতে কতগুলি জেলার নাম করে যদি বলেন এবং মুর্শিদাবাদ জেলার স্কুল এই মামলার মধ্যে পড়েছে কিনা। যদি পড়ে থাকে সেটা মেটানোর জন্য জেলা গতভাবে প্রশাসনিক দিক থেকে কি উদ্যোগ নেওয়া হচ্ছে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** মুর্শিদাবাদ জেলা সুপ্রিম কোর্ট পর্যন্ত গিয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় জানবেন কি, আপনি বললেন কেস চলছে বলে শিক্ষক, নিয়োগ করা যাচেছ না কিন্তু পঞ্চায়েত নির্বাচনের আগে ২৬ হাজার যুবক-যুবতীকে প্রাথমিক বিদ্যালয়ের জন্য ইন্টারভিউ নেওয়া হল কি করে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** এটা অনেকদিনের ব্যাপার, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আগে থেকেই নাম নিয়েছিলেন। যাদের নিয়েছিলেন তারা অভিযোগ করেছিলেন যে তাদের যদি ইন্টারভিউ না নেয় তাহলে তারা অন্য জায়গায় ডাক পাচ্ছে না এবং সেক্ষেত্রে এটা করতে হয়েছে। সেখানে বলাই হয়েছে যে ইন্টারভিউ নেওয়া হয়েছে কিন্তু শিক্ষক নিয়োগ করা যাবে না।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বিভিন্ন জেলায় বিশেষ করে মেদিনীপুরের ক্ষেত্রে এমন অনেক স্কুল আছে যেখানের থেকে শিক্ষক রিটায়ার করার জন্য সেই পদগুলো খালি আছে। এইরকম বিভিন্ন জেলায় কেসগুলো আলাদা আলাদা করে দেখার জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা এবং কেসগুলো যাতে দ্রুত

নিষ্পত্তি হয় তার ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** মামলা চলছে বলে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে যেখানে একাধিক বা বহু সংখ্যক শিক্ষক আছে তাদেরকে টিচারলেস প্রাথমিক বিদ্যালয়গুলিতে পাঠানো হবে। প্রাইমারি বিদ্যালয়গুলির সঙ্গে স্টেট বোর্ড এই ব্যবস্থা নিয়েছেন।

**শ্রী রবীন মন্ডলঃ** আমার সাপ্লিমেন্টারি হল যে আমার জেলা উত্তর ২৪ পরগনায় যে কেস ছিল সেগুলো নিষ্পত্তি হয়ে গেছে কিন্তু তা সত্ত্বেও এই অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে এত দীর্ঘসূত্রতা চলছে যে তাতে আমি বলছি যে এতে যদি অ্যাড হক হিসাবে শিক্ষক নিয়োগ করা যায় কিনা এবং তার কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** আপনি যে পরামর্শ করলেন সেই পথই শেষকালে খুঁজে বার করতে হবে।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বহু সংখ্যক কেস রয়েছে হাইকোর্টে, আমার প্রশ্ন হচ্ছে যে পিটিশনারস্ যারা আছেন তাদের সঙ্গে কোনও অ্যামিকেবেল সেটেলমেন্টর কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** মামলা চললে সেটেলমেন্টে আসা যায় না। সরকার আইনের পথেই চলে।

**শ্রী মনোহর তিরকীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আদিবাসী এলাকাতে শিক্ষার প্রসার যেখানে দরকার এবং শিক্ষার অভাবে যেখানে অসুবিধা হচ্ছে সেখানে রিটায়ার হয়ে গেলে আর শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না এক্ষেত্রে শিক্ষকদের অবসরের সময় ৬০ বছরের জায়গায় ৬৫ বছর করা যায় কিনা এই বিষয়টা ভেবে দেখবেন কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** ৬৫ বছর পর্যন্ত চাকরি করার সুযোগ আছে, যারা পুরানো স্কেলে আছে তাদের।

**শ্রী প্রবোধ পুরকায়েতঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি আপনি স্বীকার করলেন যে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক কম আছে। তা সত্ত্বেও আপনি বললেন যে শিক্ষার কাজটা আমরা চালিয়ে যাবার চেষ্টা করছি। আমার প্রশ্ন যেখানে শিক্ষক কম সেখানে কিভাবে আপনারা শিক্ষার কাজটা চালিয়ে যাচ্ছেন?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** অনেকবার বললাম, যেমন একটা হিসাব করলে দেখা যাবে একটা জেলাতে আমাদের মোট শিক্ষক কত আছে। আমাদের যা রেশিও তাতে একটা বিদ্যালয়ে কম পক্ষে তিনজন শিক্ষক থাকবে। সেই অনুযায়ী কোনও বিদ্যালয়ে কমও থাকতে পারে, আবার কোনও জায়গায় বেশিও থাকতে পারে। যেখানে ধরুন পাঁচ জন আছে এবং

যেখানে ধরুন একজনও নেই। তাহলে আমরা যেখানে বেশি আছে সেখানে থেকে একজনকে নিয়ে এসে বিদ্যালয়টা চালাবার চেষ্টা করছি।

### সুভাষ-রচনাবলী

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"সুভাষ-রচনাবলী" প্রকাশের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা চলছে। কাজটি শুরুর জন্য এ বছর বাজেটে কিছু টাকাও বরাদ্দ করা হয়েছে। তবে সম্পূর্ণ কাজটি এখনও প্রাথমিক স্তরেই আছে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই সুভাষ রচনাবলী প্রকাশের ব্যাপারে সভায় আলোচনা হয়েছে এবং মন্ত্রী সভার পক্ষ থেকে মাননীয় প্রবীণ মন্ত্রী বিনয়কৃষ্ণ চৌধুরি, মাননীয় অর্থমন্ত্রী অসীম দাসগুপ্ত এবং আপনি এই সভাতে আশ্বস্ত করেছিলেন যে কাজটা খুব তাড়াতাড়ি হবে। কিন্তু এখনও পর্যন্ত সুভাষ রচনাবলী প্রকাশ করার কাজটা কিছুই হয়নি। আপনার কাছে আমি জানতে চাই কতদিনে এই কাজটা শুরু হবে এবং শেষ হবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে যেটা আমি বলেছি সেখানে সঠিকভাবেই বলা হয়েছে যে কাজটা প্রাথমিক স্তরে আছে এবং প্রাথমিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাননীয় সদস্য যেটা বলেছেন যে কোনও উদ্যাগই গ্রহণ করা হয়নি তা ঠিক নয়। উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং প্রাথমিক পর্যায়ে কতগুলো কাজ করে নিতে হয়। এটা খুব বড় কাজ নেতাজী সুভাষ যেসব বক্তৃতা দিয়েছেন এবং তাঁর যে সমস্ত চিঠি আছে সেগুলো সংগ্রহ করার কাজটা খুব কঠিন ব্যাপার। নেতাজী ইন্সটিটিউট ফর এশিয়ান স্টাডিজ-এর সঙ্গে আমরা কথা বলেছি। আমি প্রাথমিক পর্যায়ে এইজন্য বলছি যে একটা সমস্যা দেখা দিয়েছে কপি রাইট নিয়ে। অর্থাৎ নেতাজীর যে সমস্ত লেখা ইত্যাদি আছে তার কপি রাইট কারা এবং সেখানে আমরা কিছু আলোচনা এই ব্যাপারে শুরু করেছি। সংশ্লিষ্ট যারা আছেন তাদের সঙ্গে কথা বলা হয়েছে এবং এই রকম একটা গুরুত্বপূর্ণ কাজে তারা যদি আমাদের সঙ্গে সহযোগিতা করেন এবং কপি রাইটের ব্যাপারটায় যদি আমরা আটকে না যাই তাহলে নেতাজী জন্মশতবর্ষ যে বছরটিতে আমরা তখন কিছু প্রকাশ করতে পারি এবং দ্রুত সেজন্য আমরা কাজ করার চেষ্টা করছি।

(গোলমাল)

## CALLING ATTENTION

**Mr. Speaker:** Today I have received eight notices of Calling Attention namely :-

| | | |
|---|---|---|
| i) | Reported corruption in the distribution of plots in Salt Lake | : Shri Abdus Salam Munshi |
| ii) | Reported lock-out of the Caledorian Jute Mill at Budge Budge from 14.4.93. | : Shri Dipak Mukherjee |
| iii) | Reported defalcation of money by the Secretary of the Scheduled Castes and Tribes Welfare Department. | : Shri Ajoy De |
| iv) | Deterioration of the Rationing system in the State | : Shri Nirmal Das |
| v) | Reported killing of an opposition party worker at Butarianga in Berhampur. | : Shri Saugata Roy |
| vi) | Reported illegal entrance of the people from Bangladesh in Bangaon Sub-division of North 24-Parganas | : Shri Bhupendra Nath Seth |
| vii) | Reported murder and plundering at Kulgachi village of Lalgola Police Stateion in Murshidabad district on 13.6.1993 | : Shri Abul Hasnat Khan, Shri Unus Sarkar and Shri Sisir Sarkar. |
| viii) | Reported attack on the houses of three major ruling party workers and abduction of them at Rajdharpara area in Murshidabad district on 13.6.1993 | : Shri Abul Hasnat Khan, Shri Unus Sarkar and Shri Sisir Sarkar |

I have selected the notice of Shri Dipak Mukherjee on the subject of reported lock-out of the Caledorian Jute Mill at Budge Budge from 14..4.93.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 23rd June, 1993.

## MENTION CASES

...(Noise)...

**Mr. Speaker :** Dr. Abedin either you or any of you become the Speaker. The first day we had budgetary business. The second day there was no question hour as you brought no confidence motion and on giving prior important the question Hour was dropped. Today is the third basic working day of the House....(Noise and interruption)....Today only one question has been held over. (Noise and interruption)..Dr. Abedin, if you don't hear me then I will start Mention Cases....(Noise)....

**শ্রী সাত্ত্বিককুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারি কর্মচারী নিয়োগের ব্যাপারে একটি চরম দুর্নীতির কথা তুলে ধরে এ ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বীরভূম জেলার রাজনগর থানার গাংমুড়ি জয়পুর অঞ্চলের পঞ্চায়েত সমিতির সচিব পদে ইন্টারভিউ করার পর একজন গরিব মহিলা প্রার্থীকে ওরাল টেস্টের চিঠি দেওয়া হয়। কিন্তু দুর্নীতির অভিযোগে—ওখানকার কমিটির চেয়ারম্যান হচ্ছেন এস. ডি. ও.—বি. ডি. ও. জোর করে কর্মচারী পাঠিয়ে ঐ নিয়োগের ব্যাপারে ওরাল টেস্টের চিঠি দেওয়া ভুল হয়েছে বলে কেড়ে নিয়ে যান। আমি সঙ্গে সঙ্গে এ গরিব মহিলাটিকে পাঠাই চিঠি দিয়ে এস. ডি. ও.র কাছে যে এরকম অন্যায় করাটা অন্যায়। তিনি মানেন না। এটা নিয়ে কেস করা হয়েছে রাজনগর থানাতে কিন্তু আজ পর্যন্ত কোনও অ্যাকশন নেওয়া হয়নি। বামফ্রন্টের নীতি অনুযায়ী যাতে ঠিকভাবে নিয়োগ করা হয় সেটা দেখতে হবে। তাছাড়া সরকারি আমলারা এই দুর্নীতিতে জড়িত। আমি বিভাগীয় মন্ত্রীকে স্যার, আপনার মাধ্যমে বলছি, বিষয়টি তদন্ত করে দেবে যাতে দোষীদের শাস্তি ব্যবস্থা করা যায় সেটা দেখুন। স্যার, আমি কিছু কাগজপত্র আপনার কাছে জমা দিচ্ছি।

[12-00 – 12-10 p.m.]

(At this stage the Congress(I) members walked out of the chamber)

**শ্রী শিবদাস মুখার্জি :** (অনুপস্থিত)

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি একটি জনস্বার্থে বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে উত্থাপন করতে চাইছি। রামপুরহাট মহকুমার রামপুরহাট

থানায় একটি রাস্তা আছে। সেই রাস্তাটি ময়ূরাক্ষী ৬ নং শাখা খালের ইন্সপেকশন রোড। সেই রাস্তাটি দিয়ে ৭/৮/১০টি গ্রামের রুর‍্যাল ট্রাফিক যাতায়াত করে। বহু মানুষ, ছাত্র-ছাত্রী সেই রাস্তাটি নিয়ে রামপুরহাট শহরে আসে। দীর্ঘদিন অবহেলার ফলে বর্তমানে রাস্তাটির অবস্থা খুবই বেহাল হয়ে পড়েছে। যাতায়াতের পক্ষে দুর্গম হয়ে পড়েছে। অথচ রামপুরহাট একটি গুরুত্বপূর্ণ শহর সেখানে গ্রামের মানুষদের বিভিন্ন প্রয়োজনে যেতে হয় এবং যেতে না পারলে খুবই অসুবিধায় পড়তে হয়। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে এইটুকু নিবেদন করতে চাই যে, ঐ রাস্তাটি শীঘ্র মেরামত করার ব্যবস্থা করা হোক।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** (অনুপস্থিত)

**শ্রী দীপক মুখার্জি ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি বজবজ এলাকার একটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বজবজ এলাকায় শিল্প বিকাশ হচ্ছে। আমি গতকালই এই হাউসে বলেছি যে, ওখানে পরিবহনের বিশেষ অসুবিধা আছে, ওখানকার রাস্তাগুলো প্রশস্ত করা হোক। সেখানে পরিবহনের যে বিভিন্ন সুযোগ আছে তাকে যথাযথভাবে ব্যবহার করার জন্য আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে জল পরিবহনের একটা সুযোগ রয়েছে। সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের মাধ্যমে বজবজ থেকে আউট্রাম-ঘাট পর্যন্ত ফেরি সার্ভিস অবিলম্বে চালু করা উচিত। ইতি-মধ্যে এবিষয়ে যে সব আলোচনা হয়েছে তাতে পথ পরিবহনের সঙ্গে পরিবেশ দূষণের সম্পর্ক আছে, এটা পরিষ্কার হয়ে গেছে। সুতরাং অল্প খরচে জল পরিবহনের মাধ্যমে দূষণমুক্ত ভাবে বজবজের সঙ্গে কলকাতার দ্রুত যোগাযোগ স্থাপন করা সম্ভব। অতএব আমি এই বিষয়টা দ্রুত গুরুত্ব দিয়ে বিবেচনা করার জন্য আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** (অনুপস্থিত)

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিয়য়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, মন্তেশ্বর বিধানসভা কেন্দ্রের কুসুমগ্রাম-সামসপুর রাস্তাটা দীর্ঘ ১০ বছর ধরে অসমাপ্ত অবস্থায় পড়ে আছে। যে অংশটুকু ইতিপূর্বে সমাপ্ত হয়েছিল তার অবস্থাও খুবই করুন। বিপদের ঝুঁকি নিয়ে সেখান দিয়ে বাস চলাচল করে। রাস্তায় বড় বড় খাদের সৃষ্টি হয়েছে। মাঝে মাঝেই বাস বন্ধ হয়ে যায় এবং হাজার হাজার হাজার মানুষকে বিপদে পড়তে হয়। বিষয়টি নিয়ে বার বার জেলা পরিষদের সঙ্গে আলোচনা হয়েছে। রাস্তাটির নির্মাণকার্য সমাপ্ত করার জন্য অর্থও বরাদ্দ হয়ে আছে। কিন্তু এখন পর্যন্ত রাস্তাটি সমাপ্ত করার কাজ শুরু করা যায় নি। ওখানে যে কোনও সময় বড় রকমের বিপদ ঘটতে পারে। যাঁতে অসমাপ্ত অংশ অবিলম্বে সমাপ্ত করা হয় এবং চালু অংশ যথাযথভাবে মেরামত করে বাস চলাচলের উপযোগী করে তোলা হয় তার জন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমার নির্বাচনী কেন্দ্রের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী ও স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাদনঘাট নপাড়ায় আই. পি. পি. (৪) প্রকল্পে একটা হাসপাতাল হবার কথা ছিল। মাননীয় মনসুর হবিবুল্লাহ মহাশয় যখন এই সভার অধ্যক্ষ ছিলেন তখন হাসপাতালটির ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছিল। তারপর থেকে আজ ১২ বছর সেখানে কোনও কাজ হয় নি। বার বার পূর্তমন্ত্রীর দপ্তরে যোগাযোগ করেও কোনও কাজ হয়নি। ১০/১২ বছর ধরে একটা স্বাস্থ্য কেন্দ্রে নির্মাণ কার্য চলছে! অবিলম্বে ঐ নির্মাণ কার্য শেষ করা হোক, সরকারি অর্থের অপচয় বন্ধ করা হোক। এবং এলাকার জনসাধারণের স্বার্থে স্বাস্থ্য কেন্দ্রটি চালু করা হোক। এই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** (অনুপস্থিত)

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** (অনুপস্থিত)

**শ্রী সুকুমার দাস** (অনুপস্থিত)

**শ্রীমতী আরতি দাশগুপ্ত ঃ** মিঃ স্পিকার স্যার, আপনি স্নোবলটা কি জিনিস সেটা নিশ্চয়ই জানেন, উপর থেকে স্নো বলের একটা চাঙ যদি নিচে ফেলে দেওয়া হয় সেটা যেমন একটা বিরাট আকার নেয়, ঠিক তেমনি আমাদের এই পশ্চিমবঙ্গে সন্ত্রাস প্রচারকারী কাগজগুলি এবং কংগ্রেসিরা এমনভাবে চীৎকার করছেন তাতে গ্রাম বাংলায় সত্যিই সন্ত্রাসের সৃষ্টি হচ্ছে। আমি আপনার কাছে তারই দু-একটি উদাহরণ দিচ্ছি। গত ১১ তারিখে আমার নির্বাচনী কেন্দ্র সেখানে মালিনী মন্ডলের বাড়িতে কংগ্রেসিরা হানা দেন, তাঁর জা—আপনি জা মানে নিশ্চয়ই বোঝেন, ভাশুরের অর্থাৎ স্বামীর বড় ভাইয়ের বউ—তাঁর মাথা এমনভাবে ফাটিয়ে দিয়েছে যে আজও তিনি পি. জি. হাসপাতালে, তাঁর এখনও সংজ্ঞা ফিরে আসেনি মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। তাঁর স্বামী হারান মন্ডলেরও মাথা ফাটিয়ে দিয়েছে, ৭টা স্টিচ করতে হয়েছে, অনেক ঘটনাই এই ক'দিনের মধ্যে ঘটেছে আমি সব ব্যাপারের মধ্যে না গিয়ে এই মাসের ১৪ তারিখের একটা ঘটনার কথা বলছি। এ তারিখে হাঙ্গড়ডাঙ্গার হরিশপুরে এখানে কংগ্রেসি জোতদার তার সঙ্গে সি. পি. আই.-এর ভূধর গায়েন ইলেকশনে দাঁড়িয়ে ছিলেন—যদিও হেড়ে গেছেন—তিনি ভাগচাষী ছিলেন, ঐ জোতদার ভোটের পর তাকে গাছে বেঁধে ঠিক অষ্টাদশ শতাব্দীর জমিদারদের মতো জুতো পেটা করেছে, শুধু তাকে নয়, আমাদের ৭ জন কমরেডকে এভাবে গাছে বেঁধে জুতো পেটা করেছে। তারপর গোপালপুরের দোনাতে কংগ্রেসের লোক জয়দেব ঘোষ বোমা বাঁধছে, এই রকম ইলেকশন হয়ে যাবার পরেও ওরা বোমা বেঁধে নিজেরা সন্ত্রাস সৃষ্টি করছে আর সেটা আমাদের উপর চাপাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রী এবং তথাকথিত সংবাদপত্রের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ধরনের সন্ত্রাস বলে চিৎকার না হয় তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ

জানাচ্ছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** (অনুপস্থিত)

**শ্রী অজয় দে ঃ** (অনুপস্থিত)

**শ্রী ঈদ মহম্মদ** - মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্রশালার ভরতপুরে বিভিন্ন পশুর চামড়ার কাঁচা মাল আমদানী হয়, কিন্তু কোনও ব্যবস্থা না থাকায় সেইগুলি জলের দামে বিক্রি হয়ে যায়। সেখানে যারা চর্মশিল্পী আছে তাদের ঐ এলাকায় লেদার ফ্যাক্টরি করা যায় আহলে চামড়ার উপযুক্ত দাম পাবে। সেজন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি যাতে ওখানে ঐ ট্যানারী স্থাপন করা যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

[12-10 – 12-20 p.m.]

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি সংবেদনশীল বিষয়ের প্রতি আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের পশ্চিমবঙ্গে নন্-ফর্মাল স্কুল বলে একরকম স্কুল ছিল। সেখানে অনেক শিক্ষক নিযুক্ত ছিলেন। তাদের বেতন মাত্র ১০৫ টাকা হলেও তাতে কিছুটা বেকার সমস্যার সমাধান হয়েছিল। এটা গভর্নমেন্ট ডাইরেক্ট হ্যান্ডেল করতেন। কিন্তু কিছুদিন আগে এই ব্যবস্থাটা পঞ্চায়েতের হাতে গেছে। কিন্তু এখনও দেখতে পাচ্ছি সেসব স্কুলও নেই, শিক্ষকও নেই। তাদের চাকরি গেছে। ফলে বেকারত্ব বেড়ে গেছে। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় নন্-ফর্মাল এডুকেশন মিনিস্টারের দৃষ্টি আকর্ষন করতে চাই যে, এই নন-ফর্মাল শিক্ষাব্যবস্থা পুনরায় চালু করা হোক। বেকার সমস্যার সমাধানের স্বার্থে তাঁকে এই উদ্যোগ নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** অনুপস্থিত।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকার বিশেষ করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল থেকে জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার, পশ্চিমবঙ্গের বৃহত্তম মহকুমার বার অ্যাশোসিয়েশনের সদস্যরা যাতে ডিস্ট্রিক্ট আজ সেশন জাজ, এরা কোর্টে বসেন তারজন্য কর্মবিরতি শুরু করেছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল, এই মুহূর্তে কোনও নতুন জেলা করা সম্ভব হচ্ছে না, কিন্তু প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যাতে বড় বড় মহকুমার মানুষজন প্রশাসনিক সমস্ত সুযোগ-সুবিধা পেতে পারেন সেটা দেখা হবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব, আসানসোল এবং আলিপুরদুয়ারের মতো বড় মহকুমাগুলিতে যাতে ডিস্ট্রিক্ট জাজ, সেসন জাজ, অ্যাডিশনাল এস. পি. এবং এ. ডি. এম. এরা বসেন সেটা সুনিশ্চিত করুন। যাতে আলিপুরদুয়ার বার

অ্যাশোসিয়েশনের সদস্যরা তাদের আন্দোলন প্রত্যাহার করে নিতে পারেন তারজন্য এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরামবাগ মহকুমার কতগুলো অত্যাচারের ঘটনার উল্লেখ করে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত পঞ্চায়েত নির্বাচনে আরামবাগ মহকুমার কংগ্রেস প্রার্থীদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে দেওয়া হয়নি। অধিকাংশ ক্ষেত্রে প্রার্থীদের মারধোর দিয়ে তাদের নোমিনেশন পেপার প্রত্যাহার করতে বাধ্য করা হয়েছে। এটা ঘটেছে বিশেষ করে গোঘাট অঞ্চলে। তাই সেখানকার অধিকাংশ কেন্দ্রে ছাপ্পা ভোট দিয়ে বামফ্রন্ট প্রার্থী জয়ী হয়েছেন। সেখানে যারা মনোনয়নপত্র প্রত্যাহার করতে রাজি হননি তারা আজকে গ্রামছাড়া। গোঘাট থানার শ্যামবাজার এবং কুমারগ্রাম অঞ্চলে শুধু কংগ্রেসিদেরই নয়, ফরোয়ার্ড ব্লকের ঐ একই অবস্থা করা হয়েছে। অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বেও বিষয়টা সভায় উল্লেখ করেছি। আমাদের জেলার ভাঙ্গনের যে সমস্যা তাতে গত বছর মুর্শিদাবাদ জেলার জলঙ্গীর বাজার অঞ্চল এবং থানা ভাঙনের মুখে দাঁড়িয়েছিল। এবারের দুইদিনের বৃষ্টির পরই বুঝতে পারছি, এবারে আর ঐ বাজারকে ভাঙনের হাত থেকে রক্ষা করা যাবে না। ইমিডিয়েটলি যদি ব্যবস্থা না নেওয়া যায় তাহলে জলঙ্গীই আর থাকবে না। ইতিমধ্যে অন্য স্থানের ভাঙনের কথাও উল্লেখ করেছি। এই ব্যাপারে অবিলম্বে সেচমন্ত্রীর দৃষ্টি আকৃষ্ট হওয়া দরকার, উপযুক্ত প্রতিরোধ ব্যবস্থা নেওয়া যায় কিনা সেটা দেখা দরকার।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় দীর্ঘদিন ধরে বহু গ্রামে কোনও বিদ্যুৎ নেই, বিদ্যুতের কোনও ব্যবস্থাও নেই। ১৯৮৫-৮৬ সাল থেকে তদ্বীর-তদারকী করেও আজ পর্যন্ত বিভিন্ন গ্রাম যেমন—মির্জাপুর, পাগলাচন্ডী, সাবেক পলাশী, জাবেদ নগর, রায়পুর, জামালপুর ইত্যাদি জায়গায় বিদ্যুৎ যায়নি। আমরা দেখেছি যে বিদ্যুৎ অফিসাররা স্কীম নিয়ে যাওয়া-আসা করেন কিন্তু আজ পর্যন্ত সেই সব গ্রামে বিদ্যুৎ যায়নি। বিদ্যুৎ গেলে শুধু কংগ্রেসই নয়, বামফ্রন্টের সি. পি. এম., ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি সব দলের মানুষেরই কল্যাণ হবে। যেহেতু এটা কংগ্রেসের নির্বাচনী এলাকা সেইহেতু এই জায়গাগুলি বিদ্যুৎহীন করে রাখা হয়েছে। এটা জনস্বার্থ বিরোধী কাজ। কাজেই অবিলম্বে এই বিদ্যুৎহীন গ্রামগুলিতে বিদ্যুৎ যাতে পৌঁছায় তার জন্য আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় যে গ্রামীণ

হাসপাতালগুলির কাজ দীর্ঘদিন শেষ হয়েছে, সেগুলি এখনও চালু করা হয়নি। কাজেই ঐ হাসপাতালগুলি চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অঙ্গদ বাউড়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে যখন থেকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এসেছে তখন থেকেই গ্রামীণ বিদ্যুতের উপর জোর দেওয়া হয়েছে। কিন্তু যে অঞ্চলগুলিতে বা যে মৌজাগুলিতে বৈদ্যুতিকরণ করা হয়েছে সেখানে সার্ভিস কানেকশন দেবার ক্ষেত্রে অফিসারদের মধ্যে যে গাফিলতি চলছে সেটা যাতে সঠিকভাবে করা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। অফিসাররা বলছে যে তাদের কাছে মিটার শর্ট আছে। কেবলমাত্র ১০টা মিটার আসে বছরে। আমরা যদি মিটার বেশি পাই তাহলে সার্ভিস কানেকশন তাড়াতাড়ি দিতে পারব। কাজেই প্রতিটি ব্লকে ঐ মিটার যাতে সাপ্লাই করা হয় তার জন্য আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পুলিশ প্রশাসনের উপর অন্যান্য রাজ্যে পুলিশের কোনও আস্থা নেই। পশ্চিমবঙ্গ উগ্রপন্থীদের স্বর্গরাজ্য হয়ে গেল। পাঞ্জাব থেকে পুলিশ আসে তাদের উগ্রপন্থী ধরবার জন্য। বাংলার পুলিশের মতামত না নিয়ে তারা এখানে এসে রেড করছে এবং তাদের উগ্রপন্থীদের তুলে নিয়ে যাচ্ছে। আর মুখ্যমন্ত্রীকে অন্ধ ধৃতরাষ্ট্র হয়ে হতাশভাবে দিল্লিতে জানাতে হচ্ছে, চবন সাহেবের কাছে কৃষ্ণমূর্তিকে পাঠাচ্ছেন। আজকে রাজ্যের পুলিশের এই অসহায় অবস্থা কেন সৃষ্টি হয়েছে? কে. পি. গিল কলকাতায় আসছেন মুখ্যমন্ত্রীর সঙ্গে এই নিয়ে কথা বলবেন। পশ্চিমবঙ্গের মানুষের নিরাপত্তা আজকে ভয়ঙ্করভাবে বিঘ্নিত হতে পারে। কলকাতায় উগ্রপন্থীরা তাদের আশ্রয়স্থল বলে মনে করছে। এতে আমরা উদ্বেগ প্রকাশ করছি। এত বড় একটা গুরুত্বপূর্ণ বিষয় মুখ্যমন্ত্রী এই সভায় এসে সভাকে অবহিত করুন যে পাঞ্জাব পুলিশের সঙ্গে পশ্চিমবঙ্গ পুলিশের কি কি বিষয় নিয়ে আলোচনা হয়েছে, উগ্রপন্থী ধরার প্রশ্নে পাঞ্জাব পুলিশের সঙ্গে কোনও চুক্তি হয়েছে কিনা। আমরা দেখেছি যে পুরুলিয়ায় মাত্র ৩ জন উগ্রপন্থী, তাদের কাছে সার্টিফিকেটেড আর্মস নেই, এই ৩ জন উগ্রপন্থী গোটা রাজ্যের পুলিশকে হিমসিম খাইয়ে দিল। এটা আমাদের রাজ্যের পক্ষে লজ্জাজনক। একটা শৃঙ্খলাপরায়ন পুলিশ বাহিনীকে কেবলমাত্র দলীয় রাজনীতির শিকার হিসাবে করতে বিশৃঙ্খলা পুলিশ বাহিনীতে পরিণত করল এই পশ্চিমবঙ্গ সরকার। কাজেই আমরা মনে করি যে এর গুরুত্ব উপলব্ধি করে মুখ্যমন্ত্রী আসুন এবং এই বিষয়ে বিবৃতি দিয়ে সভাকে আশ্বস্থ করুন।

[12-20 – 12-30 p.m.]

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র মাদারীহাটের ইসলামাবাদ গ্রামে গত ৬ই মে

আমি যখন পঞ্চায়েত ইলেকশনের মিটিং করতে যাচ্ছি তখন কিছু দুষ্কৃতকারী এবং সমাজবিরোধী লালঝান্ডা নিয়ে রড এবং লাঠি নিয়ে আমাকে আটক করে এবং আমাকে বলে যে এখানে আর. এস. পি-র কোনও মিটিং চলবে না। এইভাবে তারা আমাকে ৪ ঘন্টা আটক করে রাখে। এর পর আমার সহকর্মী এই খবর নিয়ে গিয়ে মাদারীহাটে পুলিশকে খবর দেয়। এই খবর দেওয়ার ৩ ঘন্টা বাদে সেখানে পুলিশ আসে এবং আমাকে উদ্ধার করে নিয়ে যায়। আমি ওই সমস্ত সমাজবিরোধীদের নাম সহ পুলিশকে এফ. আই. আর করেছি। কিন্তু আজ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হল না। দুঃখের বিষয় হল পুলিশের এই গতিতে কাজ করার জন্য বামফ্রন্টের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তার করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ রাজ্য সরকারের কাছে সম্প্রীতি দরবার করছে বিদ্যুতের দাম আছে তার থেকে নতুন করে ৫০ পারসেন্ট বাড়িয়ে দেবার জন্য। সেই প্রস্তাব নিয়ে বিদ্যুৎমন্ত্রী মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলার উদ্যোগ নিয়েছেন। রাজ্য বিদ্যুৎ পর্ষদের যে ভাবে তার চুরি হয় কোটি কোটি টাকার বিদ্যুৎ চুরি হচ্ছে এটা বন্ধ করতে পারলে অনেক ঘাটতি মেটে। বিদ্যুৎ পর্ষদের ইঞ্জিনিয়ারদের রাহা খরচ বন্ধ করতে পারলে, ট্রান্সমিশন লাইন-এ প্রচুর বিদ্যুৎ নষ্ট হয় সেটা বন্ধ করতে পারলে রাজ্য বিদ্যুৎ পর্ষদের এই রকম ঘাটতি হওয়ার কথা নয়। এই সমস্ত সমস্যার সমাধান না করে আবার পশ্চিমবাংলার মানুষের উপর বিদ্যুতের দাম বাড়িয়ে চাপ সৃষ্টি করবেন না। এটা আগেই ঘটত, শুধু মাত্র পঞ্চায়েত ইলেকশনের জন্য অপেক্ষা করা হচ্ছিল, পঞ্চায়েত নির্বাচনের পর এই হারে বিদ্যুতের দাম বাড়বে এটা আশা করা যাচ্ছে। বিদ্যুতের দাম যাতে না বাড়ে তার জন্য আগাম সতর্ক করে দিচ্ছি রাজ্য সরকারকে। অন্যান্য সমস্যা মিটিয়ে কি ভাবে রাজ্য বিদ্যুৎ পর্ষদের ঘাটতি মেটানো যায় অবিলম্বে তার ব্যবস্থা করা হোক। জন-বিরোধী নীতি নিয়ে বিদ্যুতের দাম বাড়িয়ে জনগণের উপর যাতে চাপ সৃষ্টি না করা হয় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১ই জুন বালুরঘাট থানার অন্তর্গত আমডালি মৌজায় একটা মহিলার উপর শ্লীলতাহানীর ঘটনাকে কেন্দ্র করে কয়েকশো মানুষ জমায়েত হয়েছিল। আমতলি মৌজায় ৫০টি পরিবারে বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয় এবং সেখানকার ঘর-বাড়ি পুড়ে ছাই হয়ে যায়। সেখানে প্রশাসনিকভাবে প্রাণ সামগ্রী দেওয়া হচ্ছে। কিন্তু এই ত্রাণ সামগ্রী অত্যন্ত নগন্য। সেখানকার মানুষ এবং এই ৫০টি পরিবার যাতে বর্ষায় সুষ্ঠুভাবে কৃষিকার্য করতে পারে তার জন্য তাদের বেশি করে ত্রাণ দেবার জন্য ত্রাণমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। সেখানে যে নগণ্য সাহায্য দেওয়া হচ্ছে সেটাকে বাড়িয়ে দেবার জন্য মন্ত্রীর কাছে সুপারিশ করছি। তাদের যাতে বেশি করে লোন দেওয়া হয় তার জন্য ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বারবার অভিযোগ উঠেছে যে পঞ্চায়েত নির্বাচনের আগে ও পরে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় সন্ত্রাস, ঘরবাড়ি লুঠ, অগ্নি সংযোগ, নারী ধর্ষণ ইত্যাদি ঘটনা ঘটছে। পঞ্চায়েত নির্বাচনের পর গত দশ তারিখে আমার নির্বাচন কেন্দ্র কুলতলি এলাকার দক্ষিণ দুর্গাপুর গ্রামে আমাদের দলের সমর্থক ইসমাইল মোল্লা। তার তেরো বছরের কন্যা, ফজিলা খাতুন—তাদের একটা ফিশারী আছে—সে সেখানে বাগ্‌দা চিংড়ির পোনা ধরতে যায়। তারপর সে আর ফেরেনা। পরেরদিন তাকে ঠাকুরাণী নদীতে মৃত অবস্থায় ভাসতে দেখা যায়। তার পায়ে নাইলন দড়ি বাধা ছিল। ওখানে সি. পি. এম.'এর সমর্থক কয়েকজন ফিশারিজের কাছে জঙ্গলে লুকিয়ে ছিল। তারা তাকে ধর্ষণ করে এবং পরে হত্যা করে নদীর জলে ডুবিয়ে দেয়। এই ঘটনায় কুলতলি থানার পুলিশ দু'জন ধরেছে। কিন্তু প্রধান যে আসামী সে এখনও লুকিয়ে বেড়াচ্ছে। সে একজন সি. পি. এম.'এর সমর্থক। সি. পি. এম.'এর লোক্যাল কমিটির সম্পাদক তাকে আশ্রয় দিচ্ছে। কুলতলিতে তের বছরের কিশোরী কন্যা ফজিলা খাতুনকে নির্মমভাবে হত্যা করে নদীর জলে ফেলে দিয়েছে। এর দ্বারা প্রমাণ হয়ে যায় যে সি. পি. এম. দল সারা পশ্চিমবাংলায় এখন নারী ধর্ষণ, অগ্নি সংযোগ, ঘরবাড়ি লুঠ ইত্যাদি করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, প্রধান আসামীকে অবিলম্বে ধরার ব্যবস্থা করুন।

**শ্রী তপন হোড় :** স্যার, আমার বীরভূম জেলায় ১৯৮৪ সাল থেকে আজ দশ বছর হতে চলল, কোনও প্রাথমিক শিক্ষক নিয়োগ হয়নি এবং প্রায় সাতশো'র উপরে প্রাথমিক শিক্ষকের পদ শূন্য পড়ে আছে। এই ব্যাপারে এখানে কিছুক্ষণ আগে প্রশ্নোত্তরকালে আলোচনা হয়েছে এবং মন্ত্রীও বলেছেন। কিন্তু ঘটনাটা অত্যন্ত করুণ। প্রাথমিক শিক্ষা ব্যবস্থাটা যেখানে বন্ধ হয়ে যাবে, সেখানে দাঁড়িয়ে হাইকোর্টের কথা বলা হচ্ছে। হাইকোর্ট সম্পর্কে কিছু বলা মুশকিল। হাইকোর্ট ঘুমিয়ে থাকবে আর প্রাথমিক শিক্ষা বন্ধ হয়ে যাবে। হাইকোর্ট এই ব্যাপারে কতখানি গুরুত্ব দিচ্ছেন তাতে আমাদের সন্দেহ দেখা দিচ্ছে। এই অবস্থায় রাজ্য সরকারের এমন কিছু করা দরকার যাতে এই অবস্থা থেকে মুক্ত হওয়া যায়। কারণ মামলা করে যদি দশ বছর চলে যায়—ওদিকে অবসর গ্রহণের বয়স ৬০ বছর করার ফলে ইতিমধ্যে অনেক শিক্ষক রিটায়ার করে গেছেন—তাহলে তো অবস্থাটা অত্যন্ত ভয়ঙ্কর। অনেক স্কুলের ঘরবাড়ি নেই, প্রাইমারি অনেক স্কুল গাছতলায় করতে হচ্ছে। এই অবস্থায় সেখানে আবার যদি মাস্টার মহাশয়ও না থাকেন তাহলে অবস্থাটা কোথায় চলে যাচ্ছে তা একবার ভেবে দেখুন। '৮৪ সাল থেকে আজকে '৯৩ সাল, দশ বছর হতে চলেছে, বিদ্যালয়গুলো গাছতলায় চলছে, একটা বিপর্যস্ত অবস্থা বিরাজ করেছে। হাইকোর্ট কি বলবে তার উপরে আমাদের নির্ভর করতে হবে? রাজ্য স্বরকারকে একটা বিকল্প ব্যবস্থার কথা ভাবতে হবে। আপনার মাধ্যমে আমি এই বিকল্প ভাবার জন্য দাবি রাখছি।

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইন্দিরা পন্থী কংগ্রেসিরা বিভিন্ন জায়গায়

পঞ্চায়েত নির্বাচনে হেরে যাওয়ার পরে সন্ত্রাস সৃষ্টি করছে। আমার নদীয়া জেলার কৃষ্ণনগর ১নং ব্লকে সংখ্যালঘুদের উপরে লুঠতরাজ করছে, মাঠের ফসল খাইয়ে দেওয়া শুরু করেছে। কৃষ্ণনগরের পাকুড়গাছি গ্রামের নুরুল ইসলাম, আমজাদ মন্ডলের কয়েক বিঘা জমির ফসল খাইয়ে দিয়েছে এবং পাট কেটে নিয়েছে। তফসিল সম্প্রদায়ের যারা গত নির্বাচনে ভোট দিয়েছে তাদের ছাগল লুঠ করে নিয়ে গেছে এই ইন্দিরা পন্থী কংগ্রেসি। এরা এখান থেকে গিয়ে ওখানে এই কাজ করেছে। এরাই নির্দেশ দিয়েছিল এইসব কাজ করার জন্য। তাই আমি অবিলম্বে দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করার জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

স্যার, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবার পরে বিভিন্ন জায়গায় সন্ত্রাস করছে যাতে বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা হয় তার অনুরোধ করছি।

[12-30 – 12-40 p.m.]

**শ্রী মানিকচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলা পরিষদের উদ্যোগে আমার বিধানসভা কেন্দ্র লাভপুর থেকে লাঙ্গলহাটা পর্যন্ত ল্যাটারাইট রাস্তা তৈরি ও বাস যোগাযোগের ব্যবস্থা দীর্ঘদিন পূর্বে ফলে লাভপুর ১ নং, কুরান্নাহার তিন তিনটি গ্রামপঞ্চায়েতের বিস্তীর্ণ এলাকায় গ্রামগুলি ও পার্শ্ববর্তী মুর্শিদাবাদ জেলার বেশ কতগুলি গ্রামের সঙ্গে লাভপুরের যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠেছে। কিন্তু রাস্তাটির প্রয়োজনীয় মেরামতির অভাবে বিগত বর্ষাকালব্যাপী বাস চলাচল বন্ধ ছিল। এই এলাকার যোগাযোগের অন্য কোনও বিকল্প ব্যবস্থা না থাকায় এই এলাকার স্কুল, কলেজের ছাত্র-ছাত্রী ও সাধারণ মানুষকে অভাবনীয় অসুবিধার মধ্যে পড়তে হয়। বীরভূম জেলা পরিষদ বেশ কিছুদিন পূর্বে লাভপুর লাঙ্গলহাটা রাস্তাসহ কয়েকটি রাস্তা অধিগ্রহণের জন্য পূর্ত দপ্তরের কাছে প্রস্তাবটি পাঠিয়েছে। লাভপুর লাঙ্গলহাটা রাস্তাটি পূর্ত দপ্তর যাতে অতি সত্বর অধিগ্রহণ করে এবং ল্যাটরাটি রাস্তাকে যাতে পীচের রাস্তায় রূপান্তরিত করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫শে মে আমার রামনগর বিধানসভা নির্বাচনী কেন্দ্রে কংগ্রেসিরা নানারকম হামলা, সন্ত্রাস চালিয়েছে। এমন কি না নির্যাতন ক্ষেত্রে বিরাট ভূমিকা পালন করেছেন। ওখানকার পঞ্চায়েত এলাকাতে কালিন্দী নামক জায়গাতে রেণুকা দাস নামে যিনি পঞ্চায়েতের সদস্য এবং গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী, তাঁর উপরেও হামলা করেছে। তার কাপড় ছিড়ে দিয়েছে। একজন পি. সি.-র কর্মাধ্যক্ষের উপরেও হামলা করেছে। কংগ্রেসিদের হারাধন নামে একজন ব্যক্তি যিনি পঞ্চায়েত, জেলা পরিষদ এবং বিধানসভার নির্বাচনে হেরে গিয়েছেন তিনি এইসব কাজকর্ম করছেন। এমন কি এল সি এলসের উপরেও হামলা করেছেন। ওরা বি জে পির সঙ্গে আঁতাত করছে। কংগ্রেসিরা এবার হাবড়ার মেন লাইন

ছেড়ে কড লাইনের দিকে গেছে। এখানে সন্ত্রাস চলছে এবং দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করার জন্য দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় জানাচ্ছি। কংগ্রেসিরা অনবরত বলেন যে প্রশাসনকে হাতে নিয়ে সি পি এম সন্ত্রাস চালাচ্ছে। আমি একটি ঘটনার উল্লেখ করছি পুলিশ প্রশাসনকে কাজে লাগিয়ে কংগ্রেসিরা কিভাবে কাজ চালাচ্ছে। গত ৬ তারিখে কংগ্রেস দল পুলিশের সাহায্যে সি পি আই এবং সি পি এমকে প্রচণ্ড মারধোর করে এবং আমি বিষয়টি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং উচ্চ পর্যায়ের তদন্তের দাবিও করছি। আমার নির্বাচনীকেন্দ্র নন্দীগ্রামে সরবেরিয়া সামসাবাদ একটি মুসলীম অধ্যুষিত এলাকা, কিন্তু বামসংগঠিত এলাকা। সেখানে কংগ্রেসিরা? গো হারান হেরে গিয়ে একটা গোলমাল বাধানোর চেষ্টা করেছেন। একটি মুসলীম বিবাহকে কেন্দ্র করে ছুতা অজুহাতে কংগ্রেসিরা থানায় এজাহার করেন। ৬ তারিখে সকালে থানার এস আই মজাম হোসেন, এস এ এস আই মিলে গ্রামটিকে ঘিরে ফেলেন এবং ৩০-৩১ বছরের ছেলে ক্রম আকশার এবং আক্রাম আলিকে ১৮-১৯ বছরের ছেলেকে নিদারুণ প্রহার করেন। আমি অবিলম্বে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এর উচ্চ পর্যায়ের তদন্তের দাবি জানাচ্ছি এবং পুলিশ অফিসারের শাস্তির দাবি জানাচ্ছি।

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কদিন আগে আমি বহরমপুর গিয়েছিলাম এবং আপনি জানেন বহরমপুরে যেখানে ডিস্ট্রিক্ট জেল ছিল ইংরেজ আমলে তখন সেই জেলে নেতাজী সুভাষ বোস এবং কাজী নজরুল ইসলাম সেই জেলে আটক ছিল। আমি বিশেষ করে সেই জায়গাটাকে দেখার জন্য যাই। আমরা দেখলাম যে সেটা এখন মেন্টাল হাসপাতাল। ১৯৭২ সালে সেটা স্পেশাল জেল হয়েছিল এবং ১৯৭৭ সালে সেটা এখন মেন্টাল হাসপাতাল হয়েছে। যে ঘর দুটোতে সুভাষ বোস এবং কাজী নজরুল ইসলাম ছিল সেখানে এখন মহিলা মেন্টাল পেশেন্টরা থাকেন। আমরা যখন সেকানে দেখতে গেলাম তখন ঐ জায়গা থেকে ঐ রোগীদের জোর-জবরদস্তি করে সরিয়ে নিয়ে যাওয়া হয়। আমাদের পক্ষে এটা একটা অস্বস্তিকর ব্যাপার হয়েছিল। তাই আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে সেলে কবি নজরুল ও নেতাজী সুভাষ ছিল সেই সেলগুলোর যাতে উপযুক্ত রক্ষণাবেক্ষণ করা হয় এবং যাতে সেখানে পর্যটকরা গিয়ে সেটা দেখতে পারেন তার উপযুক্ত ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি।

## ZERO HOUR

[12-40 – 12-50 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সল্টলেকের জমি কেলেঙ্কারী নিয়ে জয়েন্ট সেক্রেটারির বিরুদ্ধে যে অভিযোগ, সেই অভিযোগের সঙ্গে যে দুজন দালাল যুক্ত

আছেন, আমাদের কাছে তথ্য আছে তার মধ্যে একজন উত্তর ২৪ পরগনার মন্ত্রীর খুব কাছের লোক। এই দুইজনকে পুলিশ এখনও গ্রেপ্তার করেনি। তাছাড়া মুখ্যমন্ত্রীর সি. এর নামও এই কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত হয়েছে। কোটি কোটি টাকা নিয়ে সল্টলেকের এই জমি [**] মধ্যে হস্তান্তর করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এই দায়-দায়িত্ব কাঁধে না নিয়ে এড়িয়ে যেতে পারেন না। কারণ তার নিজের সি.এ-র বিরুদ্ধে অভিযোগ উঠেছে। সুতরাং তাকে যদি ঐ চেয়ারে বসিয়ে রেখে তদন্ত করা হয় তাহলে বিষয়টা উদ্‌ঘাটিত হবে না। যেমন বউবাজারের বোমা বিস্ফোরণের ব্যাপারে কোনও তথ্য উদ্‌ঘাটিত হচ্ছে না। আমি বলব নিরপেক্ষ তদন্ত যদি করতে হয় তাহলে মুখ্যমন্ত্রী ঐ চেয়ারে বসে থাকলে তদন্ত হবে না। তাই নিরপেক্ষ তদন্তের স্বার্থে আমি মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

**শ্রী দেওকীনন্দন পোদ্দার ঃ** স্যার, এখানে নন-বেঙ্গলী কথাটা আসছে কেন? এটা উইথড্র করতে হবে। বাঙালি-অবাঙালি প্রশ্ন আসছে কেন?

**(নয়েজ)**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার নন-বেঙ্গলী কথা যেটা আমি বলেছি সেটা বাদ দিয়ে বিভিন্ন লোককে বে-আইনিভাবে হস্তান্তর করা হয়েছে এই কথাটা আমি বলছি। নন-বেঙ্গলী কথাটা উইথ ড্র করে নিচ্ছি।

**(গোলমাল)**

**মিঃ স্পিকার ঃ** মিঃ পোদ্দার, আপনার অবজেকশন আছে অনারেবল মেম্বার মিঃ সত্যরঞ্জন বাপুলি রেফার করেছেন যে সল্টলেকে অনেক অবাঙালিকে প্লট অ্যালটমেন্ট করা হয়েছে—এই কথার উপরে তো?

**শ্রী দেওকিনন্দন পোদ্দার ঃ** স্যার, সল্টলেকে শুধু নন বেঙ্গলীদের যদি প্লট অ্যালটমেন্ট হয়ে থাকে তাহলে আমার বলার কিছু নেই। কিন্তু আমার কথা হচ্ছে, এখানে বাঙালি অবাঙালির প্রশ্নটা উঠছে কোথায়? তদন্ত হবার পরই তো জানা যাবে যে শুধু অবাঙালিরাই পেয়েছেন, না, বাঙালিরাও জায়গা পেয়েছেন, না, পাঞ্জাবিরা পেয়েছেন? স্যার, পশ্চিমবাংলার বুকে এবং এই হাউসে বাঙালি, অবাঙালির কথা উঠবে কেন? যদি পশ্চিমবাংলায় বাঙালি অবাঙালির কথা উঠত তাহলে দেওকিনন্দন পোদ্দার কিম্বা তার ফ্যামিলি এখানে থাকতে পারতেন না এবং দেওকিনন্দন পোদ্দার পশ্চিমবাংলায় এম. এল. এ. হতে পারতেন না। আমার এলাকায় অবাঙালির থেকে বাঙালি ভোটারের সংখ্যা বেশি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় যে বিষয়টা তুলেছেন

Note *Expunged as ordered by the chair.

সেটা যেন আমরা এড়িয়ে না যাই। ওরা দেখছি খুব উল্লসিত কিন্তু সত্যবাবু যে মুল বিষয়টা তুলেছেন সেটা হচ্ছে যে অসাধু উপায়ে, বেআইনি উপায়ে এটা করা হয়েছে বলে অভিযোগ এবং মুখ্যমন্ত্রীর সি. এ. এতে জড়িত। এক্সটেম্পো বলতে গিয়ে 'অবাঙালি' বলে যেটা উনি বলেছেন সেটা উনি নিজেই উইথড্র করে নিয়েছেন। এই কথাটাতে ওর সেন্টিমেন্টে লেগেছে, সত্যবাবু উইথড্র করেছেন, ম্যাটার ড্রপস হিয়ার। কিন্তু স্যার, সত্যবাবু বেসিক পয়েন্ট যেটা বলেছেন সেটার ব্যাপারে তদন্ত করা হোক।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** এখন আমি শুধু এইটুকুই বলতে চাইব যে আমাদের এই হাউসে অনেক অভিযোগ মেম্বাররা তুলবেন এটাই স্বাভাবিক। সরকারপক্ষের বিরুদ্ধে বিরোধীপক্ষ তুলবেন আবার বিরোধীপক্ষের বিরুদ্ধে সরকারপক্ষ তুলবেন—এটা স্বাভাবিক ব্যাপার। তবে আই ক্যান অনলি অ্যাপিল টু অল মেম্বারস এই কথা বলে যে আমাদের এই হাউসের একটা ইতিহাস আছে, ঐতিহ্য আছে আর কলকাতা শহরের যে ইতিহাস তাতে বাঙালি, অবাঙালি উভয়েরই ভূমিকা আছে। স্বাধীনতা সংগ্রামেও সবাই লড়াই করেছেন। বিশেষ করে আজকের দিনে যখন আমরা সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলছি তখন কোনও মেম্বারের এমন কথা বলা ঠিক নয় যা অন্য একটি সম্প্রদায়ের মনে আঘাত দিতে পারে। এটা উচিত নয়। যাইহোক, আমি প্রসিডিংস দেখব, বাদ দেওয়ার হলে বাদ দিয়ে দেব।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমাদের রাষ্ট্রে কর্ণধাররা স্বয়ং প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় উদ্যোগে বিভিন্ন মন্দিরে সঙেদের কাছে, বাবাদের কাছে যাচ্ছেন এবং পুজো দিচ্ছেন। পুজো দিন তাতে আমাদের কোনও আপত্তি নেই, কিন্তু রাষ্ট্রীয় উদ্যোগে কেন দেবেন? এর পাশাপাশি মৌলবাদী শক্তি হিসাবে চিহ্নিত বি. জে. পি. সরাসরি এই কাজ করছে। আর কংগ্রেস ঘোমটার আড়ালে এই কাজ করছে। সঙ যজ্ঞর নামে অযোধ্যায় রাষ্ট্রীয় কোষাগার থেকে কোটি কোটি টাকা ব্যয় করা হচ্ছে। এই কাজের জবাব আজকে কংগ্রেস নেতৃত্বকে তথা রাষ্ট্র কর্ণধারদের দিতে হবে। দেশের জনগণের সামনে তাঁদের মুখোস খুলে দিতে হবে, এটাই আজকে পশ্চিম বাংলার মানুষের দাবি। আমরা জানি ভারতবর্ষের সাধারণ মানুষরা প্রকৃতপক্ষে ধর্ম নিরপেক্ষ মতাদর্শে বিশ্বাস করে। আমাদের জাতীয় মুক্তি আন্দোলনের সময় আমাদের জাতীয় নেতৃত্ব যে প্রতিজ্ঞা করেছিলেন এবং ধর্মনিরপেক্ষ ভারতবর্ষের যে স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্নকে আজকের জাতীয় নেতৃত্ব ভূলুণ্ঠিত করছে। আজকে কংগ্রেস এবং বি. জে. পি. নেতৃত্বে এই কাজ করছে। বর্তমানের ভন্ড কংগ্রেসি নেতৃত্ব নামাবলি গায় দিয়ে বাবাদের কাছে, সঙেদের কাছে যাচ্ছে। আমি এই বিধানসভার মাধ্যমে মানুষের কাছে আবেদন জানাচ্ছি, বিশেষ করে ধর্মনিরপেক্ষ মানুষের কাছে যে, তাঁরা কংগ্রেসি নেতৃত্বের মুখোস খুলে দিন।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ে আপনার মাধ্যমে এই হাউসে তুলতে চাই। এই মাত্র সরকার পক্ষের মাননীয় সদস্য ধর্ম নিরপেক্ষতার

কথা বললেন। কিন্তু এই বিধানসভা থেকে কিছু দূরে বালক ব্রহ্মচারীর মৃত দেহ নিয়ে যে রাজনীতি হচ্ছে সে ব্যাপারে সরকার এবং বামফ্রন্টের বন্ধুরা নিরবতা যেভাবে পালন করছেন তাতে আমাদের অবাক লাগছে! বালক ব্রহ্মচারী কারও কারও কাছে ধর্মীয় গুরু হতে পারেন। তাঁর ধর্মমত, সাধনা, তপস্যা ইত্যাদিতে আঘাত না করেই আমি বলতে চাই—এর আগে ধর্মীয় গুরু, পরমপুরুষ রামকৃষ্ণদেব, বিবেকানন্দ, চৈতন্যদেব প্রভৃতি পরলোক গমন করেছেন। বালক ব্রহ্মচারীর বক্তৃতা আমি শুনেছি, তিনি নিজেকে চৈতন্যদেবের বংশের ধারক হিসাবে দাবি করতেন। তিনি পরলোক গমন করেছেন। অথচ দীর্ঘদিন ধরে পত্র-পত্রিকায় দেখছি তাঁর মৃত দেহ নিয়ে বিভিন্ন কথা লেখা হচ্ছে। এখন এবিষয়ে সরকার কি ভূমিকা নেবেন বা নেওয়া উচিত তা আমি সরকারকে ভাবতে অনুরোধ করছি। ধর্মের নামে, শ্রদ্ধার নামে, পূজার নামে দীর্ঘদিন আমরা বিজ্ঞাপন এবং প্রযুক্তিবাদকে অগ্রাহ্য করতে পারি না। যে সরকার নিজেদের প্রগতিশীল সরকার বলে দাবি করেন এবং নির্মলবাবুর ভাষায় যাঁরা ধর্মনিরপেক্ষতার এক মাত্র পূজারী তাঁরা কেন এখনও চুপ করে আছেন তা আমি বুঝতে পারছি না! আমরা জানি একজন রক্ত মাংসে গড়া মানুষ মারা গেছেন, তাঁর শিষ্যরা তাঁকে পূজা করতে পারেন, প্রণাম করতে পারেন, তাতে কারও কোনও আপত্তি থাকতে পারে না। তবে সব ক্ষেত্রেই ধৈর্যের সীমা আছে। সীমা রেখাটা কোথায় নির্দিষ্ট হবে সেটা আমি সরকারকে একটু ভেবে দেখতে অনুরোধ করছি। স্বাস্থ্যমন্ত্রী এবং নগর উন্নয়ন মন্ত্রীকে অনুরোধ করছি, পরিবেশ দূষণ হচ্ছে কিনা তাঁরা একটু ভেবে দেখুন। কারণ আজকের মানুষ বিভিন্ন জায়গায় বিক্ষোভ করছে, কেউ কিছু বললে ধর্মে হস্তক্ষেপ হয়ে যাবে, তাঁর অনেক শিষ্য, তাঁদের কাছে অনুরোধ করতে চাই যে অন্ত্যোষ্টিক্রিয়ার কাজটা সুন্দরভাবে সমাধান হোক এবং ধর্ম মন্দির, মসজিদ, গীর্জার মধ্যে অবস্থান করুক। সমাজের কোনও ক্ষতি না করে এটাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি গোচরে আনতে চাই।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী তপন হোড়ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে কারণে সেটা হচ্ছে ১৯৯২-৯৩ আর্থিক যে রেল বাজেট হয়েছে সেই রেল বাজেটে সাহেবগঞ্জ লুপ লাইন থানা সাঁইথিয়া ডবল রেল লাইন করার জন্য দু কোটি টাকার অনুমোদন পেয়েছে, কিন্তু দেখা যাচ্ছে ১৯৯৩৩-৯৪ এর আর্থিক বাজেট হয়ে যাবার পরেও এখন পর্যন্ত সেই ডবল লাইন করার জন্য একটি পয়সাও রেল দপ্তর থেকে খরচ করা হয়নি। ঐ লাইনটি উপেক্ষিত, আতঙ্কে পশ্চিমবঙ্গের প্রতি যে বঞ্চনা, উপেক্ষা করা হচ্ছে মাননীয় কংগ্রেসি বন্ধুরা বসে আছেন এর জন্য একটি কথাও তাঁরা বলবেন না, কেবল ভন্ডামী করবেন। এটা হলে শুধু কংগ্রেসিরা নয়, জনগণের প্রভুত উন্নয়ন হবে। এই সাহেবগঞ্জ লুপ লাইন, খানা, সাঁইথিয়ার ব্যাপারে নিয়ে বহুবার উল্লেখ করা হয়েছে, এখনও বলছি ২ কোটি টাকা স্যাংশন হয়েছে দু-বছর হয়ে গেল একটি পয়সাও রেল দপ্তর খরচ করেনি, রেল লাইনটি একটি অনিশ্চিত অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে। যাতে ডবল রেল লাইন করা যায়

তার জন্য এবং রেল মন্ত্রক যে টাকাটা অনুমোদন পেয়েছে সেটা খরচ করেন সেজন্য রাজ্য সরকারের দৃষ্টি এ ব্যাপারে আকর্ষণ করছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি উল্লেখযোগ্য ঘটনার প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় কৃষ্ণনগর এক নম্বর পঞ্চায়েত সমিতিতে সোস্যালিস্ট পার্টির দুজন প্রার্থী নির্বাচিত হয়েছেন। কংগ্রেসের স্থান চতুর্থ, তা সত্ত্বেও ওঁরা ঐ দুজনকে খুনের এবং জোর করে তুলে নিয়ে যাবার হুমকি দিচেছ। কাতোয়ালী থানায় অভিযোগ করায় জানা গেল যে ঐ দুজনকে পুলিশ প্রশাসনের সহায়তায় উদ্ধার করতে হয়েছে। আমার বক্তব্য আগামী পঞ্চায়েত প্রধান নির্বাচনের সময়ে যদি এই ভাবে কংগ্রেস নির্বাচিত প্রার্থীদের এই রকম খুন এবং অন্য জাতীয় ভয় দেখাতে না পারে সেজন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পশ্চিমবঙ্গে এ জাতীয় ঘটনা না ঘটে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী, অর্থমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এক-দেড় মাস আগে আমাদের রাজ্যে একটা ভয়াবহ ভূমিকম্প হয়ে গেছে। তার ফলে বেশ কিছু ক্ষয়ক্ষতি হয়ে গেছে, ভূমিকম্পনের কেন্দ্র বিন্দু বাঁকুড়া আমরা কেন্দ্র ছাতনার চন্ডিদাস বিদ্যাপীঠের যে বাড়ি সেটির বিভিন্ন জায়গায় ফাটল দেখা দিয়েছে। বাঁকুড়া শহরের এবং আশে পাশেও অনেক বাড়িতে ফাটল দেখা দিয়েছে। তার ফলে যে কোনও সময়ে ভয়াবহ দুর্ঘটনা ঘটতে পারে। বাড়িগুলি মেরামত করা অত্যন্ত জরুরি, মানুষের নিজের সাধ্যের বাইরে হওয়ায় তারা সরকারি সাহায্য প্রার্থনা করছে, জেলা শাসক এ ব্যাপারে তাঁর প্রতিনিধি পাঠিয়ে বিভিন্ন জায়গায় খোঁজ খবর নিচ্ছেন। তাই আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ বাড়িগুলি মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনে বিশেষত আমার কেন্দ্র নওদার আন্দুলবেড়িয়া-২ পঞ্চায়েতে পুরো ছাপ্পা ভোট হয়। সেখানে কংগ্রেসকে বুথ থেকে তাড়িয়ে দিয়ে এমন ভোট করেছে যে, শতকরা ৯০-৯৫ ভাগ ভোট সেখানে হয়েছে। তারপর থেকে ঐ পঞ্চায়েতের অধীন তেঘরা, নাজিবপুর, রিজেনগর অঞ্চল এবং যেখানে বোসেদের বাস, তাদেরকে গ্রাম ছাড়া করেছে। তারা বর্তমানে গ্রামে ফিরতে পারছে না। আমি রেজিনগর থানার পুলিশের কাছে গিয়েছিলাম। পুলিশ অফিসার বলেছেন, 'আমি দাঁড়িয়ে থেকে সেখানে ভোট করেছি।' সেখান থেকে যেসব কংগ্রেসি বাড়ি ছেড়ে চলে গেছেন তাদের সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তারা বাড়ি ফিরতে পারেননি। একটা ভয়ঙ্কর অবস্থা চলছে সেখানে। পাশের গ্রামে কোনও মানুষ সেখানে ঢুকতে পারছেন না অথচ কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। ভোটের সাত-আট দিন আগে এস. পিকে গিয়ে বলেছিলাম, 'আপনি ওখানে একবার দয়া করে গিয়ে বলে আসুন। আমরা চাই ওখানে ফেয়ার ইলেকশন হোক। কিন্তু তিনি সেখানে যায়নি। বলেছিলাম, কংগ্রেস বা সি. পি. এমের ব্যাপার নয়, আমরা

ফেয়ার ইলেকশন চাই। তিনি যাবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু যাননি, ফলে পুরো অঞ্চলে কংগ্রেসের কোনও ভোট হয়নি, সম্পূর্ণ ছাপ্পা ভোট করে নিয়েছে। তাই আমি আবেদন করছি, ওখানে যারা ফিরে অসেতে পারছেন না তাদের ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সল্ট লেকে নিম্নবিত্ত এবং মধ্যবিত্তদের পুনর্বাসনের জন্য তৈরি হয়েছিল, প্রয়াত বিধানচন্দ্র রায়ের স্বপ্ন ছিল যা সেই সল্ট লেকের জমি কেলেঙ্কারীর যে খবর বের হয়েছে তাতে জানা যাচ্ছে যে, অর্থদপ্তরের যুগ্ম সচিব ঐ জমি কেলেঙ্কারীর কারবার চালাচ্ছেন। তারপরে দেখতে পাচ্ছি, তার বাড়ি থেকে ২৭ লক্ষ টাকা আয়কর বিভাগের কর্মীরা উদ্ধার করেছেন। সেই সল্ট লেকের জমিতে অর্থদপ্তর এবং স্বরাষ্ট্র দপ্তরের যোগসাজোসে বেআইনিভাবে প্রমোটারদের জমি দিয়ে তাতে বাড়ি করা হয়েছে। এই কারবারে অনেক রাঘব বোয়াল জড়িত। আজকে স্বরাষ্ট্র দপ্তর এবং অর্থ দপ্তরের যোগসাজোসে যে জমি কেলেঙ্কারী হয়েছে তারজন্য বিচার বিভাগীয় তদন্তের দরকার আছে। মুখ্যমন্ত্রীর দপ্তরও এর সঙ্গে জড়িত।......

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং বিভাগের মন্ত্রীকে জানাতে চাই, আজকে বিভিন্ন এলাকায় আন্ত্রিক রোগের প্রকোপ যে বেড়ে চলেছে সেটা শুধু পানীয় জলের জন্য। আমার বিধানসভা কেন্দ্র বনগাঁ। ঐ বনগাঁ মিউনিসিপ্যালিটি গত ১৯.৬.৮৫ সালে জল প্রকল্পের জন্য ইনস্যুরেন্স কোম্পানির কাছ থেকে ১ কোটি ৩ লক্ষ টাকা ঋণ নিয়েছেল। বাকি ম্যাচিং গ্রান্ট দেবে রাজ্য সরকার। কিন্তু ১৯৮৫ সাল থেকে এই ডিপার্টমেন্টে যে মন্ত্রী আছেন তাকে বলেছি, প্রশ্নোত্তরের সময়েও বলেছি, তিনি বলেছিলেন যে হ্যাঁ, হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি যে সেখানে কোনও জলপ্রকল্প কার্যকর হয়নি। আজকে জলের জন্য শহরের বিভিন্ন ওয়ার্ডে ওয়ার্ডে আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। এই ১ কোটি ৩ লক্ষ টাকা ইনসিওরেন্স কোম্পানির ৭ লক্ষ টাকা করে প্রতি বছর স্টেট গভর্নমেন্ট সুদ বাবদ কেটে নিচ্ছে ডেভেলপমেন্টের টাকা থেকে। অতএব আমি একথা বলতে চাই যে মন্ত্রী মহাশয় এখানে দাঁড়িয়ে যে কথা বলেছিলেন সেটা তদন্ত করা হোক।

[1-00 – 1-10 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয় গতকাল এই সভায় কংগ্রেসের আভ্যন্তরীন দ্বন্দ্ব নিয়ে উৎকণ্ঠা প্রকাশ করা হয়েছিল। কিন্তু হুগলি জেলার আরামবাগ মহকুমাতে সি. পি. আই এবং ফরোয়ার্ড ব্লক দলের উপরে অত্যাচার দেখে সি. পি. আই দলের নেত্রী শ্রীমতী গীতা মুখার্জি ভয়ঙ্করভাবে অভিযোগ করেছিলেন যে কিভাবে সি. পি. এম.-এর লোকেরা সন্ত্রাস করেছে। এই অভিযোগের জবাব সম্পর্কে যখন আমাদের পশ্চিমবঙ্গের ভাবী মুখ্যমন্ত্রী হবার স্বপ্নে বিভোর বুদ্ধদেব ভট্টাচার্যকে জিজ্ঞাসা করা হয় তখন তিনি বলেছিলেন

যে, কে গীতা মুখার্জি তিনি সি. পি. আই-এর কত পারসেন্ট মানুষের প্রতিনিধিত্ব করেন, তাঁর প্রশ্নের জবাব দেবার কোনও প্রয়োজনীয়তা মনে করিনা। এই উদ্ধত আচরণ একজন প্রবীন নেত্রীর প্রতি দেখে আমরা মর্মাহত হয়েছি। বাংলার তথ্য এবং সংস্কৃতি মন্ত্রীর এই ধরনের আচরণের আমরা নিন্দা করি এবং এটা অত্যন্ত লজ্জাজনক। আমি সি. পি. এম., ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি'র কাছে আবেদন করব যে আপনারা এই দাসত্ব থেকে বেরিয়ে আসুন। এই দাসত্ব শৃঙ্খলা থেকে মুক্ত হয়ে আসুন এবং পশ্চিমবাংলায় সি. পি. এম.-এর এই ঔদ্ধত্য আচরণের জন্য এবং গণতন্ত্রের নিধনকারী ভূমিকার বিরুদ্ধে বাংলার বুকে জোরদার আন্দোলন করি, এই অপশাসনের হাত থেকে রাজ্যকে মুক্ত করি এবং এতে আপনারাও কিছু উদ্যোগ গ্রহণ করুন। এই কথা বলে আমার বক্তব্য করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার:** মাননীয় মধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪-পরগনা বরানগর পৌর এলাকায় বি. টি. রোডের ধারে একটা দীর্ঘদিনের বড় কারখানা ২ বছর ধরে বন্ধ হয়ে আছে এবং এই কারখানার মালিক কারখানার ৩।। শত শ্রমিককে তাদের প্রাপ্য পাওনা-গন্ডা থেকে বঞ্চিত করেছেন। অথচ এই বন্ধ কারখানার উদ্বৃত্ত জমিতে প্রায় ১৩ শত ফ্ল্যাট নির্মাণের জন্য ৬০ কোটি টাকার একটা প্রকল্প নেওয়া হয়েছে এবং প্রোমোটারের হাতে সেই উদ্বৃত্ত জমি তুলে দেওয়া হয়েছে। এই বিষয়ে বরানগর পৌরসভায় এই ফ্ল্যাট তৈরির নক্সা পাস করাতে গিয়ে পৌরসভায় যে বোর্ড সেখানে বিতর্ক হয়। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে পৌরমন্ত্রী, শ্রমমন্ত্রী এবং আবাসন মন্ত্রী এই বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ করা উচিত। এই কারখানার শ্রমিকদের বক্তব্য হচ্ছে, এই কারখানার উদ্বৃত্ত জমি প্রোমোটারের হাতে যাতে না তুলে দেওয়া হয় এবং কারখানার শ্রমিকদের পাওনা যাতে মিটিয়ে দেওয়া হয়। কাজেই আমি সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে অনুরোধ করব যে বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে যথাযথ ব্যবস্থা করা হোক।

**শ্রী প্রবীর ব্যানার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা মেডিকেল কলেজ হসপিটালে যে ইনটেনসিভ কেয়ার ইউনিট আছে, সেখানে সরকার থেকে বলা হয়েছে যে ৫টি কার্ডিয়াক মনিটর আছে। কিন্তু আমরা দেখেছি যে তার বেশির ভাগ কাজ করে না। আমার এলাকার একজন পৌর সভার ভাইস-চেয়ারম্যানের হার্ট অ্যাটাক হয়। আমরা যখন তাকে সেখানে নিয়ে যাই তখন দেখি যে ৩টি কার্ডিয়াক মনিটর কাজ করছে না, দুটো কাজ করছে। ফলে বেশির ভাগ রুগী যারা মৃত্যুমুখে পড়ছে তারা নার্সিং হোমে চলে যাচ্ছে। আমি দাবি করছি যে অবিলম্বে গুরুত্ব দিয়ে এই কার্ডিয়াক মনিটরের কাজ শেষ করার ইনস্ট্রাকশন রাজ্য সরকারের পক্ষ থেকে মেডিক্যাল কলেজকে দেওয়া হোক।

**শ্রী মনোহর তিরকী:** আমাদের ডুয়ার্স বনাঞ্চলে, চা-বাগান অঞ্চলে একটি গুরুত্বপূর্ণ

সমস্যা নিয়ে এই সরকারের আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের ডুয়ার্সের চা-বাগান অঞ্চলে অধিকাংশ আদিবাসী সম্প্রদায়ের মানুষ বাস করে এবং দিনের পর দিন তাদের শিক্ষার প্রবণতা বাড়ছে। তারা সকলেই প্রায় হিন্দি ভাষায় লেখাপড়া করে। এই অঞ্চলে যথেষ্ট পরিমাণে হিন্দি না থাকার ফলে এখানকার মানুষ হিন্দিতে লেখাপড়া করতে পারছে না। তার উপর এখানে হাই স্কুলের মধ্যে একমাত্র হিন্দি হায়ার সেকেন্ডারি স্কুল থাকার ফলে ছাত্রদের ভর্তির ব্যাপারে বিরাট সমস্যা দেখা দিয়েছে। এখানে শিক্ষা প্রসারের ক্ষেত্রে, শিক্ষার উৎসাহ দেবার ব্যাপারে ছাত্রদের ভর্তির রেকগনিশন দেওয়ার ব্যাপারে দৃষ্টি দেওয়া উচিত। এখানে বিভিন্ন বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিচ্ছে, আদিবাসীদের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি করা হচ্ছে। এই সব যাতে না ঘটে তার জন্য এই বিষয়ে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বামফ্রন্ট সরকারের মধ্যে একটা ফাটল দেখা দিয়েছে। এক মন্ত্রী আর এক মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনছেন যেটা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এই সরকার দুর্নীতির তুঙ্গে বসে আছে। এই সরকারের মন্ত্রী সভার যদি যৌথ দায়িত্ব থাকে তাহলে এই সরকারের এক মুহূর্ত অবকাশ নেই এই সরকারে আসীন থাকার। ট্রেনী নার্স নিয়োগের ব্যাপারে এই সরকারের দুর্নীতি প্রকাশ পেয়েছে। এর আগে আমরা জাল মার্কশিট নিয়ে শুনেছি। অসামরিক প্রতিরক্ষা বিভাগের ট্রেনী নার্স নিয়োগের ব্যাপারে দুর্নীতি প্রকাশ পেয়েছে। এটা আমাদের কথা নয়, মাননীয় অর্থমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় এই উক্তি করেছেন, তিনি দুর্নীতির কথা তুলে ধরেছেন। এই বছর যে ৪৭ জন ছাত্রীর লিস্ট তৈরি হয়েছিল সেটা বার বার পাল্টানো হয়েছে, তিনবার পাল্টানো হয়েছে। আগে যে ৫২ জনের লিস্ট তৈরি করা হয়েছিল তার মধ্যে ৫১ জনকে বাতিল করা হয়েছে। সি. পি. এম.-এর পক্ষ থেকে বলা হচ্ছে একবার নয় বার বার দুর্নীতি করা হয়েছে। আমি দাবি করছি এই ব্যাপারে একটা যৌথ পরিষদীয় তদন্ত কমিটি করা হোক যারা গত ১৬ বছরের যে দুর্নীতি হয়েছে সেইগুলি তাঁরা দেখবেন এবং সেইগুলি প্রকাশ করবেন।

[1-10 – 2-00 p.m.] (including adjournment)

**শ্রী অজয় দে ঃ** আমাদের গ্রামাঞ্চলে বিদ্যুতের অত্যন্ত খারাপ অবস্থা দাঁড়িয়েছে, বিশেষ করে সন্ধ্যা বেলার পর মফস্বলে বিদ্যুৎ আর দেখা যাচ্ছে না। বিদ্যুতের এই অবস্থার মধ্যে দিয়ে বিশেষ করে গ্রামাঞ্চলে গ্রামীণ যে বৈদ্যুতিকরণ প্রকল্প আছে সেটা পশ্চিমবাংলায় চরমভাবে মার খাচ্ছে। শুধু তাই নয় কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের যে প্রকল্প লোকদীপ এবং অন্যান্য, সেইগুলির লক্ষ্যমাত্রা পূরণ করা যাচ্ছে না। এই যে চরম অব্যবস্থা চলছে তার উপর এই সরকার বিদ্যুতের আরও দাম বাড়াবার পরিকল্পনা নিয়েছে। যেখানে বিদ্যুতের কোনও রকম ব্যবস্থা নেই তার উপর সরকার জনবিরোধী নীতির মাধ্যমে বিদ্যুতের দাম বাড়াবার পদক্ষেপ নিচ্ছেন। বিভিন্ন দাম বাড়াবার পদক্ষেপ নিচ্ছেন। বিভিন্ন

ভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণ মার খাচেছ তার উপর বিদ্যুতের দাম বাড়ানো হবে বলে পদক্ষেপ নেওয়া হচ্ছে। এর আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুতর বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত নির্বাচনের ঠিক পরে গত ৪ দিন ধরে লাগাতার আমার বিধানসভা কেন্দ্রের সবং এলাকার তিনটি গ্রাম বুলপাই, খেলনা এবং দুবরাজপুর এরিয়ায় হঠাৎ করে মিছিল করে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা গ্রামে ঢুকে নিরপরাধ নীরব গ্রামবাসীদের উপর চড়াও হয়ে মারধোর করে। তার ফলে প্রায় ৩৫ জন গ্রামের মানুষ মহিলা সহ মেদিনীপুর হাসপাতালে, সবং হাসপাতালে ভর্তি আছে। একই সঙ্গে কেসিয়ারী ব্লকে—এটা বিধানসভার সদস্য মাননীয় মহেশ্বর মুর্মুর নিজের এলাকা প্রতিটি গ্রামে লাগাতার কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার করা হল। আপনার মাধ্যমে আমি জানাতে চাই, গত পরশু থেকে ওখানে লাগাতার সবং ব্লকে, বি. ডি. ও. অফিসের সামনে—যারা গৃহহারা, অসহায় বৃদ্ধ বৃদ্ধা তাঁরা স্ত্রী পরিজনদের নিয়ে অবস্থান করছেন। কেশিয়ারী থানার সামনে যাঁরা অবস্থান করছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর এই ব্যাপারে হস্তক্ষেপ দাবি করছি। দোষী ব্যক্তিদের অবিলম্বে গ্রেপ্তারের নির্দেশ দিন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী, মাননীয় অচিন্তবাবু এখানে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যদি আলোচনা করেন তাহলে ভাল হয়। আমাদের রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে কেস আছে, মামলা চলছে। যার ফলে অনেক ক্ষেত্রে শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। বেশিরভাগ ক্ষেত্রে অর্গানাইজিং শিক্ষক এবং প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক যাঁরা আছেন তাঁরা মামলা করেছেন। বহুদিন ধরে তাঁরা আছেন। তাঁরা মনে করবেন যে তাঁদের উপরে ইনজাস্টিস হয়েছে, তার ফলে তাঁরা মামলা করেছেন। বহু দিন ধরে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। এর ফলে একদিকে যেমন আন-এমপ্লয়মেন্ট বাড়ছে, অন্যদিকে শিক্ষকরা এবং ছাত্ররা ক্ষতিগ্রস্ত হচ্ছে । এই সমস্ত অর্গানাইজড এবং ট্রেন্ড টীচার্স, অর্গানাইজিং টীচার যাঁরা আছেন, তাঁরা অনেকদিন ধরে আন্দোলন করছেন। এখানে জেদাজেদির কোনও প্রশ্ন নেই। জেদাজেদি ভুলে গিয়ে মানবিকতার দিক থেকে আলোচনা করে এই সমস্যার সমাধান করুন যাতে পুনরায় প্রাথমিক শিক্ষক নিয়োগ করা যায়। প্রাথমিক ছাত্ররা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে লক্ষ্য দিয়ে এটা করা দরকার। যাঁরা ইন্ডাস্ট্রিস হয়েছে বলে হাইকোর্টে গেছেন তাঁদের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আপনি নিজে উদ্যোগী হয়ে আলোচনার মাধ্যমে এই সমস্যার সমাধান করুন। ধন্যবাদ।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মন্ত্রী মহোদয় রয়েছেন। আজকে কো-অর্ডিনেশন অনুমোদিত সি. আই. টি. ইউ. এবং আই. এন. টি. ইউ. সি. অনুমোদিত গভর্নমেন্ট এমপ্লয়িজ ফেডারেশন যৌথভাবে আন্দোলন করছেন। তারই পরিপ্রেক্ষিতে আমাদেরও নৈতিক দায়িত্ব আছে। এখানে মন্ত্রী মহাশয় রয়েছেন, আপনি যদি আলোকপাত করেন তাহলে

কয়েক হাজার কর্মচারী, যাদের কাছে আপনি প্রতিশ্রুতি দিয়েছেন তাঁরা উপকৃত হতে পারেন। একটু আগে এখানে ডি. এ. নিয়ে আলোচনা হয়েছে। ৩২ পারসেন্ট ডি. এ. পেন্ডিং রয়েছে। এটা কোনও বিশেষ পার্টির ব্যাপার নয়, সমস্ত দল একসঙ্গে আজকে রাস্তায় নেমে আন্দোলন করছে। এখানে আপনি যখন ঘোষণা করেছিলেন যে কেন্দ্রীয় সরকারের মতো করে ডি. এ. দেবেন, সেদিন আপনাদের সবাই সাধুবাদ জানিয়েছিলেন। ৩২ পারসেন্ট ডি. এ. পেন্ডিং হয়ে যাওয়ার পরে আপনি এখনও বলবেন না কবে দেবেন? আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি—শুধু আন্দোলন নয়, এখানে আরতিদি আছেন, তিনিও ট্রেড-ইউনিয়ন করেন, তিনি তো জানেন আজকে সি. আই. টি. ইউ. অন রোড। যে সমস্ত কমিশন হয়েছিল এবং যে সমস্ত সুপারিশ তাঁরা করেছিলেন তারমধ্যে একটা হিউজ টাকা এরিয়ার, পেন্ডিং হয়ে রয়েছে। এরিয়ারগুলো যদি বকেয়া হয়ে পড়ে থাকে, সরকার যদি এই রকম বকেয়া রাখেন, তাহলে প্রাইভেট কোম্পানীর কাছে গিয়ে আমরা কী বলব? তাদের কাছে গিয়ে আজকে আমরা দাবি করতে পারছি না সরকারের এরিয়ারস্ এবং ডি. এ. পেন্ডিং হয়ে যাবার ফলে। তাই আমি দাবি করছি, এই দাবি কোনও বিশেষ দল, সম্প্রদায় বা ব্যক্তির নয়, এই দাবি সম্পূর্ণভাবে গভর্নমেন্ট এমপ্লয়িদের। তাদের এই দাবি, যেটা আপনি মেনে নিয়েছেন, আপনি যদি এই ব্যাপারে একটু আলোকপাত করেন তাহলে ভাল হয়। অসীমবাবু বহুবার আমাদের মেনশনের উত্তর দিয়েছেন। আপনি কিছু বলুন।

(At this stage the House was adjourned till 2-00 p.m.)

(After recess)

[2-00—2-10 p.m.]

## Presentation of the Fourth Report of the Subject Committee on Irrigation and Waterways, 1993-94

**Shri Nirmal Das :** Sir, I beg to present Fourth Report of the Subject Committee on Irrigation and Waterways, 1993-94 on an appraisal of urgent situations at some places in the southern districts requiring special attention of the Department of Irrigation and Waterways.

## LEGISLATION

### The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993

**Shri Benoy Krishna Chowdhury :** Mr.Deputy Speaker Sir, I beg to introduce the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993.

(Secretary then read the Title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Mr. Deputy Speaker Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993 be taken into consideration.

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,, ১৮৯৪ সালে ভূমি অর্জন আইন বিধান অনুযায়ী কোনও বাড়ির কেবলমাত্র অংশবিশেষ রাজ্য সরকার গ্রহণ করতে পারেন না যদি বাড়ির মালিক সম্পূর্ণ বাড়িটি সরকার কর্তৃক গ্রহণের ইচ্ছা প্রকাশ করেন। অথচ অনেক ক্ষেত্রে দেখা যায় যে সম্পূর্ণ বাড়িটি রাজ্য সরকারের প্রয়োজন নেই অংশ বিশেষ গ্রহণ করলেই চলে। তাই রাজ্য সরকার কোনও একটি বাড়ির অংশ বিশেষ গ্রহণের উদ্দেশ্যে ১৮৯৪ সালের ভূমি অর্জন আইনের ৪৯(১) ধারার সংশোধনের জন্য ভূমি অর্জন (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ১৯৮৬ আনয়ন করেন। ভারত সরকার যে বিধেয়কে সম্মতি প্রদান আপত্তি করেন যেহেতু তাদের মতে এই সংশোধনের অবাধ প্রয়োগে বাড়ির মালিকদের স্বার্থ ক্ষুন্ন হবে। রাজ্য সরকার বিধেয়কটি পুনরায় সংশোধন করে ১৯৮৬ সালের সংশোধন শুধুমাত্র কলকাতা কর্পোরেশন, হাওড়া কর্পোরেশন অন্তর্গত এলাকায় সীমাবদ্ধ রাখতে রাজি হওয়াতে ভারত সরকার ১৯৮৬ সালের সংশোধন বিধেয়কটিতে সম্মতি প্রদান করেন এবং তা আইনে পরিণত হয়।

ভারত সরকার ১৯৮৬ সালের সংশোধনী বিধেয়কটিতে সম্মতি প্রদান করেন এবং তা আইনে পরিণত হয়। ভারত সরকারের কিছু আপত্তি আইন অনুযায়ী কলকাতা ও হাওড়া কর্পোরেশনের অন্তর্গত এলাকায় কোনও একটা বাড়ির অংশ বিশেষ যে ক্ষেত্রে অবশিষ্টাংশে ব্যবহারের কোনও রকম অসুবিধা হবে না অথবা বহুতল বাড়ির একটা অংশগ্রহণ করা যাবে। এই উদ্দেশ্যে বর্তমানে ভূমি অর্জন বিধেয়ক ১৯৯৩ প্রণয়ন করা হয়েছে।

ভারত সরকার ১৯৮৬ সালের সংশোধনী বিধেয়কটিতে সম্মতি প্রদান করেন এবং তা আইনে পরিণত হয়। ভারত সরকারের কিছু আপত্তি আইন অনুযায়ী কলকাতা ও হাওড়া কর্পোরেশনের অন্তর্গত এলাকায় কোনও একটা বাড়ির অংশ বিশেষ যে ক্ষেত্রে অবশিষ্টাংশে ব্যবহারের কোনও রকম অসুবিধা হবে না অথবা বহুতল বাড়ির একটা অংশ গ্রহণ করা যাবে। এই উদ্দেশ্যে বর্তমানে ভূমি অর্জন বিধেয়ক ১৯৯৩ প্রণয়ন করা হয়েছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী যে বিল আমাদের সামনে এনেছেন সেই ল্যান্ড অ্যাকুইজিশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৩, তাকে আমরা সমর্থন করছি এবং তিনি তার প্রাক ভাষণে যে উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে আনা হয়েছে সেটা মোটামুটিভাবে বলেছেন। তবুও আমি এর কতগুলো দিক এই সভার সামনে তুলে ধরতে চাই। ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট ১৮৯৪, সেকশন ৪৯-এ ছিল "The provision of this Act shall not be put in force for the purpose of acquiring a part only of any house, manufactory or other

building, if the owner desires that the whole of such house, manufactory or building shall be so acquired." তার মানে দাঁড়াচ্ছে একটা বাড়ির অংশ অধিগ্রহণ করা যাবে না। বাড়ির মালিক যদি বলতেন পুরো বাড়িটা অধিগ্রহণ করতে হবে, তখন সরকার পুরো বাড়িটায় অধিগ্রহণ করত। সেইজন্য এই আইনটাকে সংশোধন করে ১৯৮৬ সালে একটা নতুন ধারা সংযোজন করা হল যেটা মন্ত্রী মহাশয় বলেছেন। সেই ৪৯ (এ) "where the owner desires under sub-section(1) of Section 49 that the whole of any house, manufactory or building shall be acquire the provisions of that sub-section shall have effect only when the collector is satisfied that the acquisition of a part only of such house, manufactory or building shall so adversely affect the house of the remaining part for the purpose for which it was being used as to justify the acquisition of the whole of the house, manufactory or building as the case may be." তার মানে দাঁড়াচ্ছে ১৮৯৪, সেকশন ৩৯ যেটা ছিল বাড়ির মালিক যদি বলতেন না পুরো বাড়িটা অধিগ্রহণ করতে হবে, তাহলে পুরো বাড়িটা অধিগ্রহণ করতে হত। এখন সেখানে ৪৯-এর (এ)তে সংযোজন করে বলা হল মালিক চাইলেই হবে না, কালেকটারকে সন্তুষ্ট হতে হবে। বাড়ির হয়ত একটা অংশ সরকার অধিগ্রহণ করতে চাইছে, গোটা বাড়িটা নয়। যে উদ্দেশ্যে বাড়িটা তৈরি হয়েছে তাতে মালিকের খুব ক্ষতি হবে, এই ব্যাপারে যতক্ষণ পর্যন্ত না কালেকটার সন্তুষ্ট হচ্ছেন, ততক্ষণ পর্যন্ত সরকার পুরো বাড়িটা অধিগ্রহণ করবে না। যদি কালেক্টর সন্তুষ্ট হন তাহলে পুরো বাড়িটা অধিগ্রহণ করা যাবে। এই ধারাটি সারা পশ্চিমবাংলায় প্রযোজ্য ছিল। কিন্তু তারপর মন্ত্রী মহাশয় বললেন এবং আমরাও শুনলাম এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কিছু আপত্তি করেছিল এবং তার ফল অনুসারে বর্তমানে এই আইনের ৪(এ) প্রয়োগ। এর পরিধিটা গোটা পশ্চিমবাংলা থেকে কমিয়ে কলকাতা এবং হাওড়ার মধ্যে সীমাবদ্ধ করা হয়েছে। এটা খুব ভাল কথা। এটা ঠিকই একটা বহুতল বাড়ির একটা বা দুটো তলাতে কোনও রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের কোনও সংস্থার অফিস আছে। সেখানে দশতলা বাড়িটি অধিগ্রহণ করলে হবে না। একতলা বা দোতলাটা অধিগ্রহণ করতে হবে, সেইজন্যই এই সংশোধনী আনা হয়েছে।

[2-10 – 2-20 p.m.]

সেটা যদি এই উদ্দেশ্য নিয়ে এনে থাকেন তাহলে আমি বলব সেই উদ্দেশ্যটা খারাপ নয়। কিন্তু এখানে কতকগুলি অসুবিধা দেখা দেবে সেটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। যারা বহুতল বাড়ি তৈরি করেন তারা যদি দেখেন যে সরকারের অধিগ্রহণ করবার একটা সম্ভাবনা আছে তাহলে স্বাভাবিকভাবেই তাদের মধ্যে একটা অনীহা আসবে রাজ্য সরকার হোক, কেন্দ্রীয় সরকার হোক অথবা রাজ্য বা কেন্দ্রীয় সরকারের কোনও সংস্থাকেই হোক ভাড়া দেওয়ার ব্যাপারে। কারণ আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলায় এটা একটা অলিখিত আইনের মতোন হয়ে গিয়েছে যে বহুতল বাড়ি যারা তৈরি করেন বা ফ্ল্যাট

যারা তৈরি করেন সেই ফ্ল্যাট বা তলা ভাড়া দেওয়ার সময় সমস্তটা সাদা টাকায় কারবার হয় না। সেখানে আমরা জানি যে একটা ফ্ল্যাটের দাম বা একটা তলার দাম যদি ১০ লক্ষ টাকা হয় খাতায় কলমে হয়ত সেখানে দেখানো হয় ৬ লক্ষ টাকায় বিক্রি করা হল বা দীর্ঘমেয়াদী ভিত্তিতে ভাড়া দেওয়া হল। যেখানে প্রকৃতপক্ষে ভাড়া হওয়া উচিত হয়ত পার স্কোয়ার ফিট ৭ টাকা সেখানে কালো টাকায় একটা বিরাট পরিমাণে সেলামী নিয়ে ভাড়াটা কম দেখানো হল। আপনারা সকলেই জানেন পশ্চিমবঙ্গের কলকাতা বা হাওড়ায় এটা একটা প্রচলিত রীতির মতোন হয়ে গিয়েছে। তারপর কমপ্লেসেশনের কথায় আসছি। একটা তলা যখন অধিগ্রহণ করছেন তখন সেটা কি ভাবে করবেন? সেখানে মার্কেট প্রাইস বলতে প্রথমেই যেটা আসবে সেটা হচ্ছে অন্য ফ্ল্যাট বা তলা কি দামে বিক্রি হয়েছে সেটা দেখা। এখন ফ্ল্যাটের যেটা অ্যাকচুয়াল দাম সেটা তার থেকে অনেক কম দামে ট্রান্সফার হয়েছে বলে দেখানো আছে কাজেই আপনারা সেখানে পুরো দাম তাদের দিতে পারবেন না। সুতরাং অধিগ্রহণকালে মালিককে যে টাকা ক্ষতিপূরণ হিসাবে দেবেন সেখানে বাড়ির মালিক দেখবে যে অ্যাকচুয়াল দামের চেয়ে অনেক কম দাম তিনি পাচ্ছেন। কাজেই এরজন্য কেন্দ্রীয় সরকারই হোক বা রাজ্য সরকারই হোক তাদের দেবার ব্যাপারে মালিকদের একটা অনীহা থেকে যাবে। এই অবস্থাটা কি করে অতিক্রম করা যায় মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি সেটা বলবেন। এখন কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার বা সরকারি সংস্থার সংখ্যা দিনের পর দিন যেভাবে বাড়ছে তাতে তাদের বহুতল বাড়ি নেওয়া ছাড়া উপায় নেই কিন্তু এই অবস্থায় যে প্রতিবন্ধকতা দেখা দেবে সেটা আশা করি চিন্তা করবেন। সরকার অধিগ্রহণ করলে বাড়ির মালিক ক্ষতিপূরণ হিসাবে কিভাবে কম টাকা পাবেন সে কথা আগেই বলেছি কাজেই সরকার সংস্থাকে ভাড়া দেওয়ার ক্ষেত্রে অনিহা থেকে যাবে। ক্ষতিপূরণের ক্ষেত্রে আর একটি কথা যেটি বলতে চাই সেটা হচ্ছে, এই ক্ষতিপূরণটা দিতে অনেক সময় এত দেরি হয় যে দেখা যায় ১০/১৫/২০ বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে কিন্তু ক্ষতিপূরণের টাকা লোকে পাননি। এ সম্পর্কে আমি অনেক দৃষ্টান্ত দিতে পারি যেখানে দেখা যাবে জমি অধিগ্রহণ করার ২০ বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে কিন্তু লোকে ক্ষতিপূরণ পায়নি। যদিও আইনে আছে যে শতকরা ৮০ ভাগ টাকা অগ্রিম হিসাবে কালেক্টর ইচ্ছা করলে যার জমি অধিগ্রহণ করেছেন তাকে দিয়ে দিতে পারেন। আমার এলাকার একটা দৃষ্টান্ত এই প্রসঙ্গে আমি তুলে ধরতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয় এটার নোট নিয়ে যদি ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। আমার কেন্দ্র কান্দিতে রনগ্রাম বলে একটি গ্রাম আছে দ্বারোকা নদীর দক্ষিণ তীরে। সেখানে ইরিগেশন ডিপার্টমেন্টের একটি বাঁধ আছে। নদীর একেবারে ধারে ইরিগেশন ডিপার্টমেন্টের আর একটি বাঁধ আছে। এখানে বন্যা এলে যাতে তা প্রতিরোধ করা যায় তারজন্য এই রিটায়ার্ড বাঁধের প্রয়োজন ছিল। কিন্তু এল্লাকার লোকের যথেষ্ট আপত্তি ছিল এই বাঁধের জন্য জমি দেওয়ার ব্যাপারে। তৎকালীন জেলাশাসক আমাকে বিধায়ক হিসাবে অনুরোধ করেন যে আপনি লোকদের বুঝিয়ে যাতে তারা জমি দেন সে ব্যবস্থা করে দিন। আমি লোকদের বুঝিয়ে সেই জমি দেওয়ার ব্যবস্থা করে দিই কিন্তু তারা এখনও সেই জমি বাবদ ক্ষতিপূরণের টাকা

পান নি। এখন তারা আমাকে এসে বলছেন, আপনার কথা মতোন আমরা জমি দিলাম কিন্তু আজ পর্যন্ত ক্ষতিপূরণের টাকা পেলাম না। ২০ বছর অতিক্রান্ত হয়ে গেছে, এখনও পর্যন্ত ক্ষতিপূরণ পায়নি। এই যদি অবস্থা হয় তাহলে ক্ষতিপূরণ পাওয়া না পাওয়া সব সমান। যার জমি সে হয়তো মারা গেছেন, তার ছেলে তার নাতি পুতি পর্যন্ত এখনও ক্ষতিপূরণ পাচ্ছেন না। এটা মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখতে বলব, শুধু অধিগ্রহণ করলেই চলবে না, ক্ষতিপূরণ যাতে তাড়াতাড়ি দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। এই দুটো জিনিসের প্রতি অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি গ্রামের নামটা আর একবার বলুন।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** দ্বারকা নদীর দক্ষিণ সাইডের বাঁধ, গ্রামের নাম রণগ্রাম।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে ৯০ সালে ভূমি অর্জন বিলটা এনেছেন, এই বিলটাকে সর্বান্তকরণে সমর্থন করছি। আমি আনন্দিত যে আমাদের বিরোধী সদস্য মাননীয় অতীশবাবু তিনি এটাকে সমর্থন জানালেন কারণ সমর্থন না জানিয়ে উপায় নেই, এটা অলরেডি রাষ্ট্রপতি সই করে দিয়েছেন, বিল হয়ে গেছে। কিন্তু দুটো কথা না বলে পারছি না, পুরানো দিনে ১৮৯৪ সালের যে বিলটা ছিল, তখনকার অবস্থা এবং এখনকার অবস্থা পাল্টে গেছে। তখন ছিল বহুতল বাড়ির সংখ্যা নিতান্ত কম, পুরো বাড়িটা না নিতে পারলে অসুবিধা হবে সেই জন্য মালিকের ইচ্ছায় সব কিছু ছিল না। কেবলমাত্র কালেক্টার যদি মনে করেন, কালেক্টারের সেখানে বিবেচনা ছিল, কিন্তু সেখানে বড় কথা যেটা মাননীয় অতীশবাবু একটা কথা বললেন সেটা হচ্ছে এই অধিগ্রহণ করার সময় বহুতল বাড়িগুলোর একটা তল কি দুটো তল রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকার অথবা যে সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলো আছে, তাদের প্রয়োজনে অধিগ্রহণ করতে হতে পারে, কিন্তু ওঁর কথা হচ্ছে বাড়িগুলো অনেক বড় বড় প্রোমোটার তৈরি করেছেন, তারা দেবে কি না ইত্যাদি। এই চিন্তা করেই তো আইনটা আনা হয়েছে। আমি অতীশবাবু সম্পর্কে বলব, তার মধ্যে একটা ওকালতি করার সুর ছিল। কিন্তু এই আইনটা আনা হয়েছে আনা হয়েছে যাতে কোনও অসুবিধা না হয়। রাষ্ট্রপতি সই দেবার সময়, অনুমোদন করার সময় সমস্ত পশ্চিমবাংলার জন্য অনুমোদন দেননি। ৮৬ সালে যেটা অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল, তাতে পশ্চিমবাংলা সম্পর্কে বলা হয়নি তাতে নির্দিষ্টভাবে হাওড়া এবং কলকাতা মিউনিসিপ্যালিটিতে এটা প্রযোজ্য হবে। কিন্তু আজকে কেবল এটা কলকাতা এবং হাওড়ার জন্য করলেই হবে না প্রত্যেকটি জেলা শহরে মাল্টি স্টোরিড বহু বিল্ডিং উঠেছে। শুধুমাত্র কলকাতা এবং হাওড়ায় এটা যাতে নিবদ্ধ না থাকে, জেলা শহরগুলোতেও যাতে এটা ছড়িয়ে পড়ে তার ব্যবস্থা করতে হবে। কিন্তু তা করায় এখন অসুবিধা আছে, কারণ রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে এটা আনা হয়েছে। সুতরাং সমগ্র জেলার পক্ষে যাতে এটা হয়, মূল আইনে যা ছিল, সেই ভাবে এগোতে বলছি। এই বিষয়ে আর কিছু বলার

নেই। এই বিলটা আমি সমর্থন করছি এবং আবার বলছি যাতে কেবলমাত্র হাওড়া এবং কলকাতা নয়, সমগ্র পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা প্রযোজ্য হয়, তার জন্য অনুরোধ জানিয়ে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-20 – 2-30 p.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয় "দি ল্যান্ড অ্যাকুইজিশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৩" নিয়ে এসেছেন। এই বিলের আলোচনায় অংশগ্রহণ করে আমি কয়েকটি প্রসঙ্গের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলে বলা হচ্ছে দি ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট, ১৮৯৪—১০০ বছর আগে এর সেকশন ৪৯-এর সঙ্গে কনফারমিটি রেখে কলকাতা এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকায় যে সমস্ত মাল্টি-স্টোরিড বিল্ডিং-এর যে সমস্ত অংশ সরকারি অকুপেশনে রয়েছে যে সমস্ত অংশ সরকার অ্যাকুয়ার করে নিতে পারবে—পার্ট অফ্ এনি হাউস সরকার অ্যাকুয়ার করতে পারবে। সেই উদ্দেশ্য নিয়েই এই বিলটা আনা হয়েছে। কিন্তু এই বিলের সেকশন -৩ 'এ বলা আছে ১৪ই ফেব্রুয়ারি ১৯৯০ থেকে এটা কার্যকর হবে। বিলের বক্তব্য থেকে এটা আমাদের কাছে পরিষ্কার হচ্ছে না, যে বিল আজকে আমরা আলোচনা করছি তা ৩ বছর আগে থেকে কেন কার্যকর হবে? তাহলে তিন বছর আগেই এই বিলটা ডিপার্টমেন্ট এখানে আনেনি কেন? বিনয়বাবুর মতো একজন প্রবীণ মন্ত্রী যেখানে রয়েছেন, যিনি এই দপ্তর ভাল বোঝেন তাঁর দপ্তরের এরকম একটা ত্রুটি কেন হ'ল? আর একটা কথা হচ্ছে, এই ধরনের অ্যাকুইজিশন করা বাড়িতে যে সমস্ত সরকারি দপ্তর চলছে সে সমস্ত বাড়িগুলির রক্ষণাবেক্ষণ ব্যবস্থা খুবই অবহেলিত। ফলে সে সমস্ত বাড়িতে জনসাধারণকে কাজের জন্য গিয়ে খুবই দুর্ভোগ ভোগ করতে হয়। সরকারি অব্যবস্থার ফলে বাড়িগুলি দিনের পর দিন ক্ষতিগ্রস্ত হচ্ছে। অথচ এই বিলের মধ্যে সে বিষয়ে কোনও গ্যারান্টি দেওয়া হচ্ছে না। আর একটা কথা হচ্ছে, অ্যাকুইজিশনের ফলে এই সমস্ত বাড়ি থেকে যারা উচ্ছেদ হচ্ছে তাদের বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বা হবে সে সম্বন্ধে এই বিলের মধ্যে কোনও উল্লেখ নেই। সরকার বহু ক্ষেত্রে জমি বা বাড়ি অধিগ্রহণ করছেন, কিন্তু যাদের জমি বা বাড়ি অধিগ্রহণ করছেন তাঁদের যে ক্ষতিপূরণ দেওয়ার কথা তা সময় মতো তাঁরা পাচ্ছেন না। আমরা দেখছি সরকার ইতিপূর্বে বহু জমি বহু জায়গায় অধিগ্রহণ করেছেন, কিন্তু অধিগৃহীত জমির ক্ষতিপূরণ বাবদ যে টাকা দেওয়ার কথা ছিল তা যথা সময়ে দেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আইনের মাধ্যমে যে ক্ষমতা নিচ্ছেন সেই ক্ষমতা বাস্তবে প্রয়োগ করার সময় যে পারস্পরিক পদক্ষেপগুলি সাথে সাথে নেওয়া দরকার সেগুলি কিন্তু নেওয়া হচ্ছে না। বিভিন্ন সময়ে বিভিন্ন ক্ষেত্রে আমরা এই জিনিস লক্ষ্য করছি। যাদের জমি আপনার দপ্তর ইতিপূর্বে অধিগ্রহণ করেছে তাঁরা আপনার দপ্তরে বছরের পর বছর গিয়েও ক্ষতিপূরণ আদায় করতে পারেনি বা পারছে না। এ রকম বহু ঘটনা আমাদের জানা আছে। কিভাবে ক্ষতিপূরণ দেওয়া হবে, কত ক্ষতিপূরণ দেওয়া হবে, এই সব করতে করতেই এই দপ্তরের অনেক সময়

লেগে যায় এবং সেই সময়ের মধ্যে জমির ভ্যাল্যুয়েশন পুরনো হারে ক্ষতিপূরণ পাওয়ার ফলে কমে যায়। এই বিলের মধ্যে দিয়ে যে ব্যবস্থা করা হচ্ছে তাতেও এই একই অবস্থা হবে না এরকম কোনও গ্যারান্টি এই বিলের মধ্যে দেখছি না। এই ক'টি বিষয়ের প্রতি আমি মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিয়ে অনুরোধ জানিয়ে এই বিলের ওপর আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, "দি ল্যান্ড অ্যাকুইজিশন ('ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৩" মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী আমাদের সামনে নিয়ে এসেছেন। আমি এই বিলটিকে সমর্থন জানিয়ে দু' একটি কথা বলতে চাইছি। আজকে বিশেষ প্রয়োজনে ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টটি সংশোধন করা দরকার হয়ে পড়েছে। এতদিন কোনও বিল্ডিং-এর কোনও একটা অংশ বিশেষ অ্যাকুইজিশন করার ক্ষেত্রে অসুবিধা ছিল। আজকের এই সংশোধনী ফলে সেই অসুবিধা দূর হবে। আমার আগে মাননীয় ক্ষিতি গোস্বামী যে কথা বললেন আমার কথাও তাই। এটা শুধু কলকাতা হাওড়া কর্পোরেশনের মধ্যে সীমাবদ্ধ রাখার কারণটা কি? এই সমস্যা এখন সব কটা বড় শহরে কম বেশি দেখা যাবে এবং আগামীদিনে আরও ভয়াবহ আকার ধারণ করবে। হোল অফ ওয়েস্ট বেঙ্গল না করে শুধু কলকাতা হাওড়ার পক্ষে প্রযোজ্য হল কেন সেই ব্যাখ্যাটা মাননীয় মন্ত্রী নেবেন। সেই সঙ্গে প্রাসঙ্গিকভাবে আমি একটা কথা বলতে চাই, অনেক ক্ষেত্রে দেখা যায় নূতন রাস্তা করার ক্ষেত্রে, বাইপাশ করার ক্ষেত্রে বিল্ডিং কোনও একটা বিল্ডিং রাস্তার মধ্যে পড়ে যাচ্ছে, বা তার অংশ বিশেষ রাস্তার মধ্যে পড়ছে, রাস্তা এত তাতে সংকীর্ণ হয়ে যায়, যান চলাচলের অসুবিধা হয়, এই অবস্থা প্রত্যহ হচ্ছে। ব্ল্যাক টপ রোড আছে, মটরেবল রোড আছে, সেই মটরেবল রোডের দু'পাশে একটা নির্দিষ্ট দূরত্বে কেউ যেন কোনও কনস্ট্রাকশন করতে না পারে এই রকম একটা আইন করা যায় কিনা সে সম্বন্ধে একটু ভেবে দেখবেন। এটা একটা খুব সমস্যা হয়ে দাঁড়াচ্ছে বিভিন্ন জায়গায়। এর একটা বিপদও আছে, যাঁরা রাস্তার ধারে জমি জায়গা কিনছেন তাঁরা সীমানা বরাবর বিল্ডিং তুলে দিচ্ছেন রাস্তা ঘেঁষে, তাঁরা এই ভয় করছেন যে রাস্তার সামনে ফাঁকা জায়গা থাকলে গুমটী বসে যাচ্ছে। কিছু মস্তান আছে, তাদের সাহায্য নিয়ে বিভিন্ন গুমটী বলছে, পঞ্চায়েত এলাকাতেও এই গুমটী আতঙ্ক দেখা যাচ্ছে। রেগুলেশন বিল এনে এটা নিয়ন্ত্রণ করা যায় কিনা একটু ভেবে দেখতে হবে। এর আগেও একটা বিল হয়েছে। সরকারি ডেভেলপমেন্টের ক্ষেত্রে কোনও কোনও এরিয়ার ডেভেলপমেন্ট ঘোষণা করতে পারেন, নিয়ন্ত্রণ করতে পারেন, পঞ্চায়েত এরিয়ায় করার দরকার আছে। ক্রমবর্ধমান পঞ্চায়েত যেখানে আছে, সেখানে বাজার ইত্যাদি আছে সেখানে যেভাবে বাড়ি গজিয়ে উঠছে কোনও ফাঁকা জায়গা রাখা যাচ্ছে না, আলো, বাতাস, পাওয়া যাচ্ছে না, পুতিগন্ধময় হয়ে উঠছে, ডেভেলপ অবস্থার সৃষ্টি হচ্ছে। মিউনিসিপ্যালিটি এলাকা না হলে সমস্যার সমাধান করা যাচ্ছে না। জল-নিকাশি ব্যবস্থা হচ্ছে না। যাতে এই সমস্ত ব্যবস্থাগুলি বজায় থাকে সেই উদ্দেশ্যে এই সমস্ত আইন করা জরুরি হয়ে পড়েছে। রাস্তার ধারে ঐভাবে যাতে বাড়িগুলি উঠতে না পারে সেইসব জায়গাগুলিকে সরকার থেকে অধিগ্রহণ করে যাতে প্ল্যান করে সেগুলি দেওয়া যায়

রাস্তার জায়গা থাকে, ফাঁকা জায়গা থাকে, মাঠ থাকে আগামী দিনের কথা মাথায় রেখে এইগুলি করার দরকার আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ভেবে দেখার জন্য অনুরোধ করছি এবং আগামী দিনে এই কথা নিয়ে কোনও অসুবিধা না হয় তার দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিভিন্ন মাননীয় সদস্যদের বক্তব্য খুব মন দিয়ে শুনে আসছি। মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় ঠিক বুঝেছেন। অনেকগুলি তার জন্য রাখা হয়েছে। প্রথমে যেটা বিলে অনম্বর সেকশন ব্র্যাকেটে ৩ আছে সেটা একটু আমি পড়ে যাচ্ছি। দি প্রভিসন "The provisions of this section shall apply to a multi-storeyed building where the State Government or the Central Government or any Government undertaking, State or Central has been occupying any portion of any floor or any flat for the purpose of its office, either as a monthly tenant or otherwise, and intends to retain such floor or flat, as the case may be, permanently under occupation in any area within—" আপনারা যা বলছেন সেটা ঠিক নয়। এই ব্যাপারে অনেকেই ভুল করছেন। আমি তো বলেই দিয়েছি যে, তিন বছর করে রিকুইজিশন যা করা হত সেটা অ্যাক্ট অনুযায়ী করা হত। সেটা তিন বছর তিন বছর করে বাড়াতাম। কিন্তু সেটা অন্যায় হত বলে আমিও ফিল করতাম। তারপর ঠিক করলাম, এটা আর করা হবে না। তখন ঠিক হল, এইরকম ক্ষেত্রে অ্যাক্ট ইজিশন করে নিতে হবে, রিক্যুইজিশন নয়। আপনারা বুঝবেন যে, ১৮৯৪ সালের অবস্থা এবং ১৯৯৩ সালের অবস্থা সম্পূর্ণ আলাদা। তখন এত মাল্টি স্টোরিড হয়নি শুধু নয়, তখন একটা বাড়ির যা মূল্য ছিল তার থেকে এখন একটা বাড়ির মূল্য হাজার হাজার গুণ বেশি। একটা মাল্টি-স্টোরিড বিল্ডিং সেখানে সেন্টার গভর্নমেন্ট হোক বা স্টেট গভর্নমেন্টই হোক, অফিস করতে হলে গোটা বিল্ডিং কিনে করতে গেলে পর হবে না। কাজেই তখন বলতে হবে, অ্যাকুইজিশন হয়, অফিস করতে হলে নিজে বাড়ি করুন। এখানে সেজন্য বর্তমানে একটা রেস্ট্রিকশন করা হয়েছে। কেউ হয়ত একটা ফ্ল্যাট করেছেন, সেখানে গভর্নমেন্ট ঢুকলে ব্ল্যাক মানি হোয়াইট মানি করা যাবে না গভর্নমেন্টের ক্ষেত্রে। কিন্তু এগুলো তো তা নয়! এখানে আপনাদের ভাবতে হবে, এ ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্ট আছে, গভর্নমেন্ট আন্ডার-টেকিংস আছে, এইরকম অবস্থা থেকে বেরিয়ে গিয়ে নতুন বাড়ি করা ছাড়া কোনও পথ রাখবো না এইরকম পথ নেবেন কিনা। আপনারা দেখবেন, এটা করতে গিয়ে এক্সপ্ল্যানেশনে ক্লিয়ার করে দেওয়া আছে—"For the purposes of this section, "multi-storeyed building" shall mean a building comprising more than one storey and containing a number of flats which may be treated as independent units but which are part of such building having direct access or exit to a road, street, or highway or to a common area or facility leading to such road, street,

or highway, which together with its undivided interest in such common area and facility, forms an independent residential unit." এগুলো না থাকলে, আপনারা যেটা বলছিলেন, সত্যিই অসুবিধা হবে। আমি বলে দিলাম, তারপর নিলাম—এটা যাতে না হয় তারজন্য এটা। এটা না করলে আমি যেখানে খুশি নিয়ে নেব, তারপর তুমি মরো! এটা তো হতে পারে না। তাই কারও যাতে ইনকনভিনিয়েন্ট না হয় তারজন্য এতে অনেকগুলো সেফ-গার্ডের ব্যবস্থা করা হয়েছে। এখন হাওড়া এবং অন্যান্য জায়গায় বিল্ডার এবং প্রমোটাররা ফ্ল্যাট তৈরি করে বিক্রি করতেন, কিন্তু সেক্ষেত্রে তারা আমি কেনা ছাড়া একটি পয়সাও নিজেদের পকেট থেকে খরচ করেন না। বর্তমানে শুধু গভর্নমেন্টেই নয়, প্রাইভেট ফ্ল্যাটও বিক্রি হচ্ছে। তার ফলে আমার কাছে অনেক চিঠি আসছে বুঝতে পারছেন না বলে। এটা হচেছ, কারণ প্রেমিসেস অ্যাক্টে ভাড়াটের কি অসুবিধা সেটা আমি জানি। আর কলকাতায় এমন জায়গা আছে যেখানে ভাড়াটে বাড়িওলাকে বাড়িছাড়া করেছেন। আমরা জানি, এক সময়ে আমাদেরও ধারণা ছিল। কিন্তু যখন আমি ভাল করে স্টাডি করলাম তখন বিষয়টা আমার কাছে পরিষ্কার হয়েছে। ভাড়াটে মানেই একটা ধারণা আছে যে সব নির্যাতিত, অত্যাচারিত। কিন্তু সেটা সব ক্ষেত্রে সঠিক নয়। আমি জানি যে বাড়ির মালিক কিভাবে অত্যাচারিত হয়েছে, ভাড়াটে তোলা যাচ্ছে না। এমন ঘটনাও জানি যে ভদ্রলোক বাড়ি করেছেন, তারপরে বাইরে বোম্বেতে গেছেন কাজ করতে। তিনি এক তলা, দোতলা ভাড়া দিয়েছেন, তিন তলা ভাড়া দেননি, ফিরে এসে নিজে থাকবেন বলে। কিন্তু চাকুরির শেষে ফিরে এসে তিনি বাড়িতে ঢুকতে পারছেন না, বাড়ির ভাড়াটেরা তাকে একসেস দিচ্ছেন না। এই ঘটনা স্নেহাংশুর এক আত্মীয়ের ক্ষেত্রে ঘটছে। এজন্য আমাদের আরও বেশি করে ভাবতে হবে, আরও বেশি করে জানার প্রয়োজন আছে। ফ্রান্সে এই জিনিস আছে। কি করতে পারবে, কি করতে পারবে না, কোন এরিয়ায় কত ভাড়া হবে, সেটাও ফিক্সড্ করে দেওয়া আছে, তার কত কি প্রপার রেট সব কিছু দেওয়া আছে। আপনারা এটা খোঁজ নিলে জানতে পারবেন। এখানে অবশ্য সেই স্কোপ নেই। এগুলির জন্য সাবসিকোয়েন্টলি এক্সপ্ল্যানেশন দরকার। তাই বলছি যে বাইরে যত আমাকে গালাগাল দিক না কেন, আমি তো অবিবেচক নয়, আমি সব চিন্তা-ভাবনা করে এই জিনিস করেছি। আরও কিছু কিছু বিষয় বলা হয়েছে, সেগুলি অবশ্য আইনের সঙ্গে সংশ্লিষ্ট নয়, ইমপ্লিমেন্টেশনের ব্যাপারে, এগুলি আমাদের দেখতে হবে। অনেক ডিফিকাল্টিস আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের কিছু ব্যাপার আছে, টাইমের ব্যাপারে আছে, নানা অসুবিধা আছে, জটিলতা আছে, কমপেনশনের ব্যাপারে আছে। আমি অতীশবাবুকে বলব যে এই বিলটার আলোচনা শেষ হলে আপনি আমার কাছে আসুন, আমরা নিজেরা একটু আলোচনা করে নেব। ১৮ তারিখে আমি বহরমপুরে যাচ্ছি, ডিফিকাল্টিজ যা আছে সেগুলিকে কি করে দূর করা যায় সেটা দেখতে হবে। যাই হোক, যেগুলি সেফগার্ড দেওয়া দরকার সেগুলি দিয়ে এটা করা হয়েছে। তারপরেও আমি দেখব আর কি করা যায়। আরও কিছু কিছু বিষয়ে বলা হয়েছে, সেগুলি অবশ্য এই বিলের সঙ্গে সংশ্লিষ্ট নয়, সেগুলি প্রেমিসেস টেনেন্সি অ্যাক্টের সঙ্গে সংশ্লিষ্ট। সেটা পরে আলোচনা করা যাবে। তাই, আমি

বলছি যে এটাতে আপত্তি করার কিছু নেই, আশা করব আপনারা সকলে এটা সমর্থন করবেন।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 - 3 and Preamble**

The question that Clauses 1 - 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury:** Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1998, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Bill, 1993.**

**Shri Benoy Krishna Chowdhury:** Mr. Deputy Speaker Sir, I beg to introduce the Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Bill, 1993.

**(Secretary then read the Title of the Bill)**

**Shri Benoy Krishna Chowdhury:** Sir, I beg to move that the Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Bill, 1993, be taken into consideration.

[2-40 – 2-50 p.m.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ অবহিত আছেন, ১৯৮১ সালের কলকাতা ঠিকা প্রজাস্বত্ব (অর্জন ও প্রনিয়ন্ত্রণ) আইন দ্বারা উর্ধ্বতন স্বত্ব অধিগ্রহণ করা হয়েছিল। পরবর্তীকালে এই আইনের কয়েকটি ধারাকে কলকাতা হাইকোর্ট অসাংবিধানিক বলে ঘোষণা করেন। এই সিদ্ধান্তের বিরুদ্ধে সরকারের আপীল সুপ্রিম কোর্টে বিচারাধীন আছে এবং কলকাতা হাইকোর্টের রায় আপাতত সুপ্রিম কোর্ট দ্বারা স্থগিত আছে। ইতিমধ্যে এই কয়েক বৎসরের অভিজ্ঞতার ফলে সরকারের কাছে প্রতীয়মান রয়েছে, আইনের উদ্দেশ্য আরও সুষ্ঠুভাবে রূপায়নের জন্য এবং আইনের বিধান স্পষ্টতর করার জন্য কিছু সংশোধন প্রয়োজন।

এই উদ্দেশ্যে উত্থাপিত বিধেয়কে আইনের হ্রস্ব ও দীর্ঘনাম এবং মুখবন্ধ (প্রি-অ্যাসেম্বল) পরিবর্তিত করে স্পষ্টতর করা হয়েছে। কতগুলি নতুন সংজ্ঞা যোগ হয়েছে, এবং কিছু সংজ্ঞা পরিবর্তন করা হয়েছে। বস্তি এবং বস্তি সংলগ্ন পুকুরকে এই আইনের আওতায় আনা প্রস্তাবিত হয়েছে। ৫ নং ধারা স্পষ্টতর করা হয়েছে। ২৬ ধারা পরিবর্তন করে জরিপ এবং স্বত্বলিপি গঠনের বিস্তারিত পদ্ধতি প্রস্তাবিত হয়েছে। ৬ এবং ৭ ধারা সংশোধন করে এবং নূতন ১৪এ ধারার দ্বারা আইনভঙ্গের জন্য জেল বা জরিমানার ব্যবস্থা এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যকর ব্যবস্থা প্রস্তাবিত হয়েছে।

৮নং ধারা সংশোধন করে ধর্মীয় বা দাত বা দাতব্য প্রতিষ্ঠানের বিলুপ্ত স্বত্বের জন্য স্থায়ী অ্যান্যুইটি প্রস্তাবিত হয়েছে। ভাড়াটিয়ার অধিকার আরও সুদৃঢ় করার জন্যও কিছু সংশোধন প্রস্তাবিত হয়েছে।

অন্যান্য আনুষঙ্গিক প্রস্তাবও আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় মহোদয়, আলোচ্য মূল আইন আমাদের রাজ্যে সামন্ততান্ত্রিক এক ভূমি ব্যবস্থার শেষ চিহ্নগুলি বিলোপ করার দিকে একটি সুনির্দিষ্ট পদক্ষেপ। প্রস্তাবিত সংশোধনী এই আইনের কাঠামো আরও দৃঢ় করার জন্য। আমি আশা করব, মাননীয় সদস্যগত, সকলেই আমার প্রস্তাব সমর্থন করবেন এবং আমার উত্থাপিত ১৯৯৩ সালের কলকাতা ঠিকা প্রজাস্বত্ব (অর্জন ও প্রনিয়ন্ত্রণ) (সংশোধন) বিধেয়কটি অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঠিকা টেনান্সী অ্যাক্ট যেটা আমাদের সামনে মন্ত্রী মহাশয় এনেছেন, সংশোধনী এই ঠিকা টেনান্সী অ্যাক্টকে নীতিগতভাবে আমরা সমর্থন করি ঠিকই। তাঁর প্রারম্ভিক ভাষণে মন্ত্রী মহাশয় যেটা বলেছেন সামন্ততান্ত্রিক ধারার শেষ চিহ্ন হিসাবে কলকাতায় যে সমস্ত বস্তি বা খাটালের মালিক তাদের উচ্ছেদ করা হচ্ছে। এটাতে নীতিগতভাবে সমর্থন থাকলেও আমার মনে হয়েছে, ঠিকা টেনান্সী অ্যাক্ট যেভাবে সংযোজিত হচ্ছে, তাতে অনেক ভুল বেশি বেশি এবং অনেক কেস হওয়ার সম্ভাবনা আছে এবং হয়েছেও। মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, যেসব কেস হাইকোর্টে আছে, সুপ্রিম কোর্টে আছে, যার জন্য যে উদ্দেশ্যে এই বিলগুলো আনা হয়েছে,, সেই উদ্দেশ্য সাধিত হচ্ছে না। এই ব্যাপারে আমি পরে আসছি। আমি প্রথমে যেটা উল্লেখ করতে চাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তা হচ্ছে, ঠিকা টেনান্টের ডেফিনেশনে কি বলছে? এই ডেফিনেশনটা হচ্ছে অ্যাক্ট ১৯৮১'র এটির যে সংশোধনী সেকসেন ৩ নং ৮, এখানে আপনি দেখবেন বলা হয়েছে; Thika tenant means any person who occupies whether under written lease or otherwise land under another person. তারপরে আরও আছে। আমি পড়তে চাইছি না। তার মানে কি দাঁড়াচ্ছে? একজন ঠিকা টেনান্ট হচ্ছে সে, যে আর একজনের জমি অকুপাই করছে আন্ডার এ রিটিন লীজ অর আদারওয়াইজ। যেমন

ধরুন, মন্ত্রী মহাশয়, একটা জমি দিলেন, তাঁর নিজের জমি, খালি জমি একজনকে মোটর গ্যারেজ করবার জন্য দিলেন। সে নিশ্চয়ই খুব গরিব লোক নয় বা সে নির্যাতিত অকুপায়েড প্রোলেটারিয়েত নয়। সে মোটর গ্যারেজ করে মাসে মাসে টাকা উপার্জন করছে। সে দাবি করল, 'আমি ঠিকা টেনান্ট।' কেননা, এই ঠিকা টেনান্টের ডেফিনেশন অনুযায়ী হি ইজ অকুপাইয়িং ল্যান্ড আন্ডার অ্যানাদার পার্সন। তাকে কী বলবেন? তাকে ঠিকা টেনান্ট বললেন? মন্ত্রী মহাশয়ের একটা জমি আছে, সেই জমিটা তিনি একজনকে সিনেমা হল তৈরি করবার জন্য দিলেন। সে সিনেমা হল করে কোটি কোটি টাকার মালিক হল। সে অকুপাই করল লীজ বা এগ্রিমেন্ট করে। তারপর সে দাবি করবে একজন ঠিকা টেনান্ট। মন্ত্রী মহাশয়ের জমি একজনকে দিলেন পেট্রোল পাম্প করবার জন্য। এর জন্য রিটিন এগ্রিমেন্ট হলো, লীজ দিয়ে মন্ত্রী মহাশয় তাকে বললেন তুমি পেট্রোল পাম্প তৈরি কর। আজকাল তো আর প্রাইভেট পেট্রোল পাম্প নেই, আই. বি. পি. বার্মাশেল, ক্যালটে নেই। এখন হিন্দুস্থান পেট্রোল পাম্প, ভারত পেট্রোল পাম্প ইত্যাদি হয়ে গেছে। তারা ভাড়া নিয়ে বলব, 'আমি ঠিকা টেনান্ট হয়ে গেলাম।' বাস্তবেও হয়েছে তাই। ১৯৮১ সালে মন্ত্রী মহাশয় যখন ঠিকা টেনান্সী বিল এনেছিলেন, আমি তখন তাঁকে বলেছিলাম যে এই পেট্রোল পাম্পগুলো দাবি করছে যে তারা ঠিকা টেনান্ট। এরা কেন্দ্রীয় সরকারের সংস্থা। তখন মন্ত্রী মহাশয় বলেছিলেন যে তিনি দেখবেন যাতে এদের ঠিকা টেনান্সীর আওতা থেকে বার করে আনতে পারেন। মন্ত্রী মহাশয় বলেছিলেন, কিন্তু তা সত্ত্বেও আজকে যে সংশোধনী এনেছেন তার মধ্যে পরিষ্কার করে বলা নেই। আপনি যখন উত্তর দেবেন তখন এই ঠিকা টেনান্ট কারা, কারা নয়, এটা আপনি পরিষ্কার করে বলবার চেষ্টা করবেন। আমি যতদূর জানি, আপনারাও জানেন, কলকাতা ঠিকা টেনান্সী অ্যাক্ট আনা হয়েছিল প্রধানত কলকাতার খাটালগুলোকে উচ্ছেদ করার জন্য এবং কলকাতার বস্তিগুলোকে উন্নতি করার জন্য। কিন্তু আমার কাছে যতদূর সংবাদ আছে তাতে, এই আইন ১৯৮১ সালের আগেও আর একটা ঠিকা টেনান্সী অ্যাক্ট ছিল।

[2-50 – 3-00 p.m.]

সালটা ঠিক মনে পড়ছে না তখন থেকে এবং ১৯৮১ সালের পর থেকে আজকে প্রায় ১২ বছর হয়ে গেল একটা খাটালও কি কলকাতা থেকে সরানো হয়েছে? একটা বস্তিও কি অধিগ্রহণ করে সেখানে বস্তি উন্নয়ন হয়েছে এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণের সময়ে বলবেন। আমি মন্ত্রীর ১৯৯২-৯৩ সালের বাজেট ভাষণ থেকে পড়ে শোনাচ্ছি। ১৮ নং অনুচ্ছেদে ১৯৯৩-৯৪ সালের বাজেট ভাষণে তিনি বলছেন যে ইতিমধ্যে বলা হয়েছে যে কলকাতা হাইকোর্টের একটা রায়ের ফলে ১৯৮১ সাল কলকাতা ঠিকা ভাড়াটিয়া স্বত্ব (অধিগ্রহণ ও প্রনিয়ম) দারুণভাবে বাধাপ্রাপ্ত হয়েছে। এ সংক্রান্ত বেশ কিছু আপীল সুপ্রিম কোর্টে অমীমাংসিত অবস্থায় রয়েছে। তাসত্ত্বেও আমার বিভাগ বর্তমানে এই আইনের আওতায় ঠিকা ভাড়াটিয়ারা যে সমস্ত রিটার্ন দাখিল করেছেন সেগুলো সম্পর্কে প্রাথমিক তদন্ত শেষ করার কাজে নিযুক্ত রয়েছি। এর পরবর্তী বছরে ১৯৯৩-৯৪ সালের

কথা এখানে আলোচনা হয়নি। আলোচনা হয়ত আগামী দিনে হবে। তাতে ওঁনারা বলেছেন যে আপীল The appeal against the judgement of the Calcutta High Court striking down some provisions of the Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Act, 1981, is still pending before the Supreme Court of India. However, we hope to bring before the current session of this Assembly a bill to amend this act to make it more effective. সেখানে তিনি আরও বলেছেন মাই ডিপার্টমেন্ট is also engaged in making preliminary enquiries under this Act. আমি মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি যে এই ক্যালকাটা হাইকোর্টের এই আইনের কোনও কোনও ধারা আল্টা ভায়ারস্ বলে ডিক্লেয়ার করেছেন এবং সরকার তরফে সুপ্রিম কোর্টে যে যাওয়া হয়েছে সেই আইনগুলো কার্যকর করার ক্ষেত্রে যে আল্টা ভায়ারস প্রমাণ করার জন্য কি কি পদক্ষেপ এবং কি কারণ দর্শানো হয়েছে সেটা খুলে বলুন। দীর্ঘ ১২ বছর হয়ে যাবার পরেও কতদূর কাজ এগিয়েছে। ঠিকা টেনেন্সি বাস্তবে কী রূপায়িত কাজ করার ক্ষেত্রে আমার মনে হয় যথেষ্ট সন্দেহ আছে। আমি জানতে চাইছি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে এখনও পর্যন্ত ঠিকা টেনেন্সি অ্যাক্টের আওতায় কত জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে এবং তার ক্ষতিপূরণ কত দেওয়া হয়েছে তার হিসাব আপনি আপনার জবাবি ভাষণে দেবেন এবং তাহলে আমরা বুঝতে পারব এই সংক্রান্ত ব্যাপারে সরকার কতদূর তৎপর এবং কতটা কাজ করতে পেরেছেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** মাননীয় সদস্যকে একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই যে এখানে যে তথ্য চেয়েছেন তা আপনি পরে কোয়েশ্চেন আকারে দেবেন তাকে কত কি হয়েছে বলব। এখন কত হয়েছে বলা সম্ভব নয়।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** স্যার, উনি যখন একটা বিল আমাদের এখানে এনেছেন তখন নিশ্চয় তিনি পরিসংখ্যান নিয়ে প্রস্তুত থাকবেন। আপনি তো অনেকক্ষণ পরে বলবেন তারমধ্যে তৈরি হয়ে নেবেন এবং উত্তর দেবেন। সরকারি কর্মচারিরা তো আপনার পেছনেই বসে আছেন, নিশ্চয় তাঁদের কাছ থেকে জেনে নিতে পারবেন। যাইহোক আমার পয়েন্টগুলো বলতে চাই সেটা হচ্ছে যে, যে উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে সেই উদ্দেশ্য কিন্তু আমরা দেখছি সাফল্যমন্ডিত হচ্ছে না। বরং ডেফিনেশনের সঙ্গে এমনসব কথা বা ভাষা আছে যেগুলো কনফিউশনের সৃষ্টি করছে। আপনারা কি আদৌ এই সিটিটিএ রক্ষা করেছেন? এই আইনের সুযোগ নিয়ে নানা রকম গন্ডগোল নানারকম প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। যার ফলে সমস্ত জায়গায় একটা জগা খিচুরী হয়ে যাচ্ছে এবং হাইকোর্ট ও সুপ্রিম কোর্টের মধ্যে কেসটা নড়াচড়া করছে। এটা আপনাকে ক্ল্যারিফাই করতে হবে। এই গ্যারেজ ওয়ালা, সিনেমা, পেট্রোলওয়ারা এই অ্যাক্টের মধ্যে আসবে কেন? এই যে গ্যারেজ, সিনেমা এবং পেট্রোলওয়ালারা কি গরিব? ঢাকা পেট্রোলওয়ালারা তো প্রোটেকশন দেওয়া কি দরকার ছিল। আপনাদের কি দেয়?

এই যে ১১।১২ বছর ধরে যারা খাটাল মালিক, যারা খাটাল চালিয়ে যাচ্ছেন তাদেরকে সাহায্য করবার জন্য এই কলকাতা ঠিকা টেনেন্সী অ্যাক্ট। ওরা মালিকদের ভাড়া দেওয়া বন্ধ করে দিয়েছেন। এই কলকাতা ঠিকা টেনেন্সী অ্যাক্টে তারা সরকারকেও ভাড়া দিচ্ছে না। আর আপনাদের এমন কোনও ক্ষমতা নেই যে ১২ বছর ধরে এরিয়া যেটা পড়ে রয়েছে সেই ভাড়া আদায় করবেন্। এখানে আপনার আইনে সেকশন ২৬, ক্লজ ১৫তে বলা হয়েছে পাঁচ টাকা পার .০০৭ হেক্টর। আমি হিসাব করে দেখেছি প্রতি কাঠাতে এক টাকা এবং পাঁচ বছর অন্তর ১০ পারসেন্ট এটা ইনক্রিজ করা হবে। পাঁচ বছর পরে এক টাকা ১০ পয়সা হবে। এই একটা টাকা আদায় করতে গিয়ে আপনার এক হাজার টাকা খরচ হবে সরকারি কর্মচারিদের জন্য। এটা কি আপনার বাস্তব সম্মত জ্ঞান। এই এক টাকা ভাড়া করেছেন এবং প্রতি পাঁচ বছর অন্তর বাড়বে। ভাড়া বাড়ানোর জন্য আপনি চিঠি লিখবেন এবং সার্টিফিকেট অফ পোস্টিং করে চিঠি লিখবেন এর জন্য আপনার কত টাকা খরচ হবে। একেই তো দেউলিয়া সরকার, তারপর ৯০ পয়সা আদায় করতে গিয়ে পিয়ারলেসের কাছ থেকে আবার টাকা ধার করতে হবে। আপনার মতো একজন প্রবীণ মানুষের এই কি বাস্তবসম্মত জ্ঞান। সেকশন ২৫, ক্লজ ১৪, সেখানে বলা হয়েছিল সার্ভে করা হবে, আবার পরে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্টের ৭ ও ৭(এ) বলা হল রেকর্ড অফ দি রাইটস তৈরি করা হবে। আমি আনতে চাই, এই যে এটা শুরু হয়েছে, এটা কবে শেষ হবে, সেটা দয়া করে আপনি জানাবেন? আমার মনে হয় তো আপনি বস্তিগুলির দিকে একটু নজর দিন। কলকাতা ঠিকা টেনেন্সির অ্যাক্ট তাহলে অনেকটা কাজ হবে। আমরা সরকারে থাকতেও পারিনি, আপনারা ১৬ বছর ধরে ক্ষমতায় থেকেও পারেননি কলকাতা থেকে খাটাল হটাতে। আজকাল পরিবেশ নিয়ে সচেতনতা বেড়ে গেছে। বস্তি ও খাটাল আজকে পরিবেশকে দূষিত করছে। কিন্তু কত খাটাল আপনারা কলকাতা থেকে সরাতে পেরেছেন? আপনারা বললেন এই ঠিকা টেনেন্সি অ্যাক্টের মধ্যে দিয়ে বস্তিগুলি অধিগ্রহণ করবেন। আপনাদের সামন্ততন্ত্রের মৃত্যুঘন্টা বেজে যাবে। বস্তিতে জল সরবরাহের আপনার কি ব্যবস্থা করেছেন, সেখানে পয়প্রণালীর কি ব্যবস্থা আপনারা করেছেন। সেখানে একই পুকুরে মোষ স্নান করছে, মানুষে স্নান করছে, সেই দূষণ প্রতিরোধ করবার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন। অথচ বলছেন কলকাতা ঠিকা টেনেন্সি অ্যাক্ট এটাকে কার্যে পরিণত করবার চেষ্টা আমরা করছি। আপনার হাতে ইনফ্রাস্ট্রাকচার নেই, আপনার হাতে পয়সা নেই, আপনি করবেন কি করে? দেখুন কলকাতাটাকে মেগাসিটি করে, কেন্দ্রীয় সরকারকে ভয়টয় দেখিয়ে কিছু টাকা-পয়সা আদায় করতে পারেন কিনা? তাহলে কলকাতা বাঁচতে পারে এবং কলকাতার মানুষ হিসাবে আমরাও খুব আনন্দিত হব। আপনাদের সেই প্রচেষ্টাকে আমরা নিশ্চয় স্বাগত জানাব।

[3-00 – 3-10 p.m.]

এরপর যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে ক্ষতিপূরণ সংক্রান্ত, মাননীয় মন্ত্রী মহাশয় ব্যাপারটি একটু শুনবেন। ধরুন, ঠিকা টেনেন্সী অ্যাক্টের আন্ডারে কোনও বস্তি বা কোনও জমি

আপনি সরকারে ন্যস্ত করালেন, এতে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা হচ্ছে আবার ল্যান্ড সিলিং অ্যাক্টের মতোন। আরবান ল্যান্ড সিলিং অ্যাক্ট যদিও কেন্দ্রীয় আইন কিন্তু এটা আমার কাছে খুব অসঙ্গতিপূর্ণ লাগছে। যদিও এটা সেন্ট্রাল অ্যাক্ট, আপনার করার কিছু নেই, আপনি কেবল এটা জুড়ে দিয়েছেন যে এটার ক্ষতিপূরণটা আরবান ল্যান্ড সিলিং অ্যাক্টের মতোন হবে কিন্তু আপনি চিন্তা করে দেখুন যে আরবান ল্যান্ড সিলিং অ্যাক্টে কি বলছে। এটাকে যদি সত্যি করে যুক্তিসঙ্গত করতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের সঙ্গে এটা টেক আপ করুন। অথবা এখানে ক্যালকাটা ঠিকা টেনেন্সী অ্যাক্টে যেটাকে আরবান ল্যান্ড সিলিং অ্যাক্টের সঙ্গে যুক্ত করে দিয়েছেন সেখানে আলাদা করে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করুন। কেন এটা বলছি সেটা পরিসংখ্যান দিলেই বুঝতে পারবেন। এখানে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থাটা কি? ১০ টাকা পার স্কোয়ার মিটার ইন ক্যাটাগরি এ অ্যান্ড বি সি ডি। আর ক্যাটাগরি সি অ্যান্ড ডি সিটি, সেটা লোকসংখ্যা অনুযায়ী হয়, সেখানে ৫ টাকা পার স্কোয়ার মিটার। তাহলে হিসাবে আসছে কত? প্রতি কাঠাতে ৭২০ টাকা এ অ্যান্ড বি সি টিতে এবং সি ও ডি সিটিতে আসছে ৩৬০ টাকা প্রতি কাঠা। আমি চৌরঙ্গীর কথা না হয় ছেড়েই দিলাম কিন্তু কলকাতার আশেপাশে ধাড়ধাড়া গোবিন্দপুরে কিম্বা কলকাতার উত্তর দিকে যদি যান তাহলেও এক লক্ষ টাকা কাঠার নিচে জমি পাবেন না। সেখানে আপনি কাঠায় দিচ্ছেন ৭২০ টাকা। এটা কি ক্ষতিপূরণ? তাদের জমি দিয়ে নিলেন, তাদের ইনকামটা নিয়ে নিলেন এবং নিয়ে গরু মেরে জুতো দানের মতোন কাঠাপ্রতি ৭২০ টাকা দিয়ে বললেন যে বাড়ি যাও। সামন্ততন্ত্র তো দেশ থেকে উঠে গিয়েছে। আপনি নিজেই স্বীকার করেছেন যে ভাড়াটিয়া মানেই সে গরিব লোক তা সব সময় নয়। আর ক্যালকাটা ঠিকা টেনেন্সী অ্যাক্টে যাদের জমি নিচ্ছেন তারা যে সব সময় বিরাট ধনী—টাটা বিড়লা, জৈন তা নয়। অনেকের হয়ত বা একটু সম্পত্তি আছে বা একটা বস্তি আছে। কারুর হাত বা একটা ছোট্ট জমি আছ এবং সেখানে ঠিকা টেনেন্ট আছে। সেখানে আপনি এক কাঠাতে ৭২০ টাকা কমপেনসেশন দেবেন। এই কমপেনসেশন দেবার মানে আছে কিনা আমি তো বুঝতে পারছি না। জিনিসটা আপনার নজরে আনছি, এগুলির যাতে পরিবর্তন হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। আর একটি পয়েন্টে আমি বলতে চাই কিন্তু এটা পুনরাবৃত্তি হচ্ছে কিন্তু বিষয়টির উপর ট্রেস দিতে চাই বলে বলছি। এই যে ক্যালকাটা ঠিকা টেনেন্সী অ্যাক্ট আনছেন এতে আপনাদের দৃষ্টিভঙ্গিটা কি? সামন্ততন্ত্রের শেষ রশ্মি যেটুকু পশ্চিমবাংলার বুকে আছে তাকে ছুরি মেরে সেটুকু দূর করা, না, কলকাতার কিছু উন্নতি করা? আপনাদের দৃষ্টিভঙ্গিটা কি? যে মুহূর্তে এই আইনটা আনছেন সেই মুহূর্তে সামন্ত্রতন্ত্রের শেষ রশ্মির বুকে ছুরি মেরে দিয়েছেন কিন্তু ঠিকা টেনেন্টরা আর ভাড়া দেয় না। আপনাদেরও দেয় না, মালিকদেরও দেয় না। বিনা পয়সায় তারা সেইসব জায়গা এনজয় করছেন। আপনারা সেই ভাড়া আদায় কোনওদিনও করতে পারবেন না। তা করতে গেলে ঢাকের দায়ে মনসা বিক্রি হয়ে যাবে। কাজেই আপনাদের দৃষ্টিভঙ্গিটাকি সেটা জানতে চাই। এই যে ঠিকা টেনেন্সীর আওতাভুক্ত জমিতে খাটাল যেগুলি আছে সেগুলির সত্যিকারের উন্নয়নের দৃষ্টিভঙ্গি আছে কিনা? যদি থাকে তাহলে কি ভাবে করবেন। সেখানে টাকা কোথা

থেকে আসবে, কি পদ্ধতিতে করবেন সেটা আমাদের জানালে আমরা খুশি হ'ব। যতক্ষণ পর্যন্ত না এ ব্যাপারে আপনার কাছ থেকে সমস্ত বুঝতে পারছি ততক্ষণ পর্যন্ত আমি দুঃখিত, এই সংশোধনী বিল সমর্থন করতে পারছি না।

[3-10 – 3-20 p.m.]

**श्री लगन देव सिंह :** माननीय अध्यक्ष महोदय, माननीय भूमि और भूमि राजस्व मंत्री महाशय, जो ठीका टेनेन्सी एमेन्डमेन्ट बिल 1993 जो हाउस के सामने पेश किए है मै उसका समर्थन करता हूँ, और समर्थन करते हुए दो-चार बातें कहना चाहता हूँ। अभी हमारे कांग्रेसी बन्धु जो घड़ियाली आंसू बहा रहे थे, सुनकर हँसी आती है। मैं कांग्रेसी बन्धु से पूछना चाहता हूँ विधानचन्द्रबाबू से लेकर सिद्धार्थबाबू तक कांग्रेस के सासन काल मे क्या कानून था इन वस्ती वाले लोगों के लिए, हमेशा सिर्फ गरीब लोगों को तंग किया जाता था, जब इच्छा होता था उच्छेद कर दिया जाता था। हावड़ा और कलकत्ता मे बस्ती की क्या अबस्था थी टेनेन्ट के इच्छा पर निर्भर रहना पड़ता था, भाड़ाटिया का तो कोई अधिकार ही नही था भाड़ाटिया के लिए कोई सुविधा नही था वही ठीका टेनेन्ट को थोड़ा सुविधा होने के बाबजूद, उच्छेद किए जा सकते थे, ये कानून आपलोग किए थे। ठीका टेनेन्ट के भाड़ाटिया जो एकदम गरीव लोगो थे उनको कोई अधिकार नही था टेनेन्सी राइट या अन्य कोई सुविधा लिखित रुप में नही था। वही ठीका टेनेन्ट, भाड़ाटिया को आपलोग कोई अधिकार नही दिए थे, टेनेन्ट के इच्छा के अनुसार वाहर कर दिया जाता, भगा दिया जाता था उसके लिए कानून में कोई प्रोटेक्सन नही था।

माननीय अध्यक्ष महोदय, आज जब कानून बनाकर भाड़ाटिया के नाम को खाता मे दर्ज कराने की व्यबस्था हुइ है। अब पूरा-पुरी मालिक के इच्छापर निर्भर रहने की आवश्यकता नही हैं अब भाड़ाटिया के बात को भी सुना जाता हैं। फार्म भरकर जमा करना होगा। ए फार्म मालिकों के लिए, ठीका टेनेन्ट के लिए, बी फार्म भाड़ाटिया के लिए। सर, कुछ तो नियम होना ही चाहिए। नाम उल्लेखित रहने पर उच्छेद नही किया जा सकेगा। बस्ती में वास करने वाले भाड़ाटिया के लिए, बस्ती में वास करने वाले लोगों के लिए ये बिल लाया गया हैं। कांग्रेसी सरकार और वामफ्रन्ट सरकार मे यही एक अन्तर हैं। वामफ्रन्ट सरकार देब-कुचले लोगों की सरकार हैं, गरीब तबके के लोगो की सरकार हैं सर्वहारा की सरकार हैं जबकि कांग्रेसी बन्धु का ध्यान लगा रहता हैं कि कब बस्ती वालों का उच्छेद कर वहाँ प्रमोटर के द्वारा बड़ी अट्टालिकाए बनाई जा सके, इसकी चिन्तां इन्हे

अधिक रहती हैं।

माननीय अध्यक्ष महोदय, ६ नंम्बर धारा के 1,2,3 एवं 4 नम्वर क्लाउज में बिल के भूल उद्देश्य को स्पष्ट कर दिया गया हैं। सर, वामफ्रन्ट सरकार की तो नीति ही रही हैं गरीब लोगों को उनका हक दिलाना, इसके लिए पहले भी संघर्ष करती थी और आज भी उनके पिछे खाड़ी हैं ये वामफ्रन्ट सरकार। सर, कांग्रेस के समय में तो कोई, रिकार्ड रहता ही नही था सरकार के पास, तहसीलदार के पास ही सब कागजात रहता था। जमीन के मालिक स्वयं ट्रेजरी मे जमा देता था, गवर्नमेन्ट के पास तो कोई रिकार्ड ही नही रहता था। सर, कलकत्ता या हावड़ा में वस्ती है यह कारपोरेशन में उल्लेखित है पर सरकार के पास वस्ती बोलकर कुछ भी उल्लेखित तनही था, इससे साफ पता चलता हैं कि वस्ती में वास करने वालें लोगों के लिए कांग्रेस के पास कितनी हमदर्दी थी। सर, आगे के कानून के अनुसार वस्ती मे वास करने का कोई कानूनी अधिकार ही नही था। किन्तु वामफ्रन्ट सरकार आने के बाद बस्ती के लोगों को भी यह आभास हुआ कि उनके देखने वाला भी कोई हैं। सर, बामफ्रन्ट सरकार चाहती हैं वस्ती मे बास करने बाले जो लोग हैं उनके जीवन-यापन रहन-सहन को कैसे उन्नत किया जा सके। इसलिए ये बिल लाया गया हैं। सर, आगे यदि कन्टूमेन्शन ऑफ दलाँ होता तो कोई फौनाल क्लॉज नही होता था सेक्शन 13 मे पैनाल्टी व्यवस्था किया गया हैं इसमे कनभिक्शन होगा, जुर्माना होगा नही तो कोई कानून नही मानेगा। कुछ कानून का भय रहना भी जरूरी हैं। १० नम्बर धारा में सर्वे करने की व्यवस्था किया गया हैं। सर, यह जरूरी हैं। काम कारगर ढ़ंग से हो रही हैं या नही यहा देखना तो जरूरी हैं नही तो सिर्फ कानून बनकर रह जाएगा उसपर कोई अमल ही नही होगा।

मैं माननीय मंत्री महोदय, से भाड़ाटिया एवं बस्तीवाले लोगों की ओर विशेष नजर देने का अनुरोध करूगा। अभी भी बहुत सारे ऐसे वस्ती हैं जहां पानी की अच्छी व्यवस्था नही हैं। विजली की व्यवस्था नही हैं। सबसे अधिक जरूरी है छोटे-छोटे स्वास्थ्य केन्द्र, जहाँ छोटो-मोटी कुछ बिमारियाँ होने पर वस्ती वाले इन स्वास्थ्यकेन्द्रो से लाभ उठा सके। आने-जाने के लिए रास्ते की व्यवस्था होनी चाहिए। देखा जाता हैं खासकर बरसात के दिनों मे इन बस्ती वाले लोगों को काफी परेशानी का सामना करना पड़ता हैं। ये तो कांग्रेसी सरकार नहीं हैं, बामफ्रन्ट सरकार का तो मतलव ही होता है जो सबसे दबे एवं गरीब

हैं उन्हे भी लगे की हम पूरी तरह सुरक्षित हैं। इलाँकि यह सही हैं कि इस सब मामले में केन्द्र की सरकार, कांग्रेसी सरकार काफी उदासीन ही हैं। उससे तो आप किसी प्रकार की मदद की आशा तो कर नही शकते हैं। अभी जो परिस्थिति हैं और राज्य सरकार की अपनी एक सीमाए हैं, अपनी सीमित क्षमता हैं फिर भी इसी क्षमता में हमें इन लोगों की मदद् के लिए अग्रसर होना होगा। और सरकार इस ओर ध्यान दे वी तरही हैं।

इसी के साथ इस बिल के पास होने पर और बिकाश की गति को वढ़ाया जा सकेंगा तथा कांग्रेसी बन्धु से इस बिल का समर्थन करने का अनुरोध करूगा। इलाँकि इस सम्बन्ध में बहुत सारे मामले हाई-कोर्ट में पड़ा हुआ हैं कही-कही कानूनी बाधा आ रही हैं। इलाँकि इस बिल में टेनेन्ट एवं मालिक के लिए भी कुछ सुविधाए की बात की गई हैं। सरकार किसी को वी सुविधा से बंचित करना नही चाहती, लेकिन इसका मतलव यह नही कि उन्हे भाड़ाटिया के उपर मनमानी करने की सरकार छूट दे दे। मैं कांग्रेसी बन्धु से अनुरोध करूगा कि वह बिल को अच्छी तरह पढ़े। सिर्फ बिरोधी दल के हैं इसलिए बिरोधिता करनी होगी इस मानसिकता का कम-से-कम मानले मे प्रयोग नही करे। अन्त मे मैं इस बिल का समर्थन करते हुए अपनी बात समाप्त करता हूँ।

**শ্রী আব্দুল মান্নান :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমাদের মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয় দি ক্যালকাটা ঠিকা টেনেন্সি 'অ্যাকুইজিশন অ্যান্ড রেগুলেশন) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৩, যেটা নিয়ে এসেছেন সেই বিলের ওপর বক্তব্য রাখতে গিয়ে কয়েকটি কথা বলব। ঠিকা টেনিন্সি অ্যাক্ট ১৯৮১ সালে যখন নিয়ে আসা হয়েছিল তখন সরকার পক্ষ থেকে যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেগুলি আজও রক্ষা করা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন সমস্ত ঠিকা প্রথার উপর আঘাত হানতে এবং তার বিলোপ সাধন করার জন্য এই বিল আনা হয়েছিল। কিন্তু বাস্তবে—একটু আগে আমাদের মাননীয় সদস্য মাননীয় অতীশ সিন্‌হা মহাশয় তথ্য দিয়ে বললেন সেই উদ্দেশ্য সাধিত হয়নি। এই ঠিকা প্রথা সরকার যে ভাবে কার্যকর করছেন তাতে এক শ্রেণীর লোক এই আইনের কিছু সুযোগ নিয়ে সরকারকে ফাঁকি দিচ্ছে। সরকারের আয় যেখানে কমে যাচ্ছে সেখানে সরকার বন্ধ করার কোনও ব্যবস্থা নিতে পারছেন না। শুধু তাই নয় ঠিকার যাঁরা বসবাসকারী আছেন—আমি ডিটেলস পরে বলছি—তারা কিন্তু এখন পর্যন্ত ভাড়াটিয়ার সুযোগ পাননি। সেখানেও দেখা গেছে বৈষম্য হচ্ছে।

তাদের স্বার্থে যেটুকু করার কথা ছিল এক শ্রেণীর অসাধু লোক এর সুযোগ নিয়ে

নিয়েছেন। আমাদের এখানে একটু আগে মাননীয় অতীশবাবু, বললেন যে সেকশন ২৬ সত্যই যে হারে এগুলি দেওয়া হয় যে রেট ওখানে ঠিক করা হয়েছে সেই রেট কোন বিচারের বুদ্ধিতে করা হয়েছে বুঝতে পারা যাচ্ছে না। এক কাঠা জমির জন্য ৫ টাকা যদি দিতে হয় তাহলে এটা কোন শ্রেণীর লোক টাকা দিচ্ছে সেটা পরিষ্কার করে বলা নেই। উনি বললেন কেউ পেট্রোল পাম্প করার জন্য নিয়ে গেছে। কনস্ট্রাকশন করার জন্য আইনগত বাধা নেই। অন্য কিছু দিলেন অন্য পারপাসে ব্যবস্থা করেছেন, সরকারের কাছ থেকে জলের দামে ঠিকা নিয়ে আরেকভাবে লাভবান হচ্ছে। সেটাকে প্রতিরোধ করার জন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না সরকার পক্ষ থেকে। তারপর সরকার যে সমস্ত ঠিকার অধিকার দিয়ে—পূর্বে যে জমির স্ট্রাকচার ছিল না সেই জমি নিয়ে আজও কোনও রকম সমস্যার সমাধান হয়নি। এই বিষয়ে যাঁরা প্রশাসনিক দায়িত্বে আছেন সেই ব্যক্তিদের ভূমিকা থাকা উচিত ছিল। তার ঘাটতি রয়েছে ঠিকা টেনেন্ট আদালতে ঠিকগুলি বিক্রি করছে। এই বিষয়ে প্রথমে বলি যে ধারাগুলি রাখা হয়েছে তার দ্বারা ট্রান্সফার বাধ্য করা যাচ্ছে না। সরকারি ঠিকা নিয়ে আইনের ফাঁকে সেগুলি বিক্রি করছে সেই ফাঁকগুলি পূরণ করার ক্ষেত্রে আরও একটু সতর্ক হওয়া দরকার, রাজ্য সরকারের সেখানে কোনও সতর্কতা নেই, আপনারা ক্লজ ১৪ সেকশন ২৫এ বলা হচ্ছে এখানে এই ধরনের মেনটেনেন্সের ক্ষেত্রে ঠিকা টেনেন্ট বসতিগুলি পরিবর্তন করতে পারবে, সেকথা বলা নেই। এটা তাদের ইচ্ছার উপর ছেড়ে দেওয়া হয়েছে। এখানে তারা আইনের সুযোগ নেবেন। এখানে সেকশন ২৫ (৪)-যে যা আছে তাতে তাতে যারা সরাসরি গভর্নমেন্টের ঠিকা তাদের কেন খতিয়ান দেওয়া হবে না সেটা কিন্তু বলা হচ্ছে না। আর একটি হচ্ছে সেকশন ৫, ক্লজ ৬ সি.তে—এতে কতটা ওপেন এরিয়া নিতে পারবে তার কোনও লিমিট বলা নেই। এই লিমিট বলে দেওয়া দরকার, কারণ কেউ হয়ত মোটর গ্যারেজ করলেন এবং তারপর বাকি জায়গাটাও নিয়ে নিলেন। কাজেই আইন উন্নয়নের ক্ষেত্রে একাধিক সতর্কতা নিতে পারছেন না এবং তার ফলে লিমিট না থাকবার কারণে সুযোগ তারা নেবেন। আর একটি হচ্ছে, ফিনান্সিয়াল মেমোরেন্ডামে যা বলেছেন, একটা তো টাইম লিমিট থাকবে কমপেনসেশন দেবার ক্ষেত্রে! কিন্তু কমপেনসেশন কতদিনের মধ্যে দেবেন সেটা বলা হচ্ছে না, কমপেনসেশন পাবার ক্ষেত্রে কোনও টাইম লিমিট করা হচ্ছে না। কাজেই বিলের উদ্দেশ্য সাধন করতে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এক্ষেত্রে আইনের ফাঁক পূরণ করা দরকার, কিন্তু দেখা যাচ্ছে, সেক্ষেত্রে গাফিলতি রয়েছে। এই ব্যাপারে সতর্কতা নিন, ফাঁকগুলি বুঝাবার চেষ্টা করুন, এইকথা বলে শেষ করছি।

[3-20—3-30 a.m.]

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, ঠিকা টেনেন্সী অ্যাক্ট যেটা একানে এসেছে তাকে সমর্থন জানিয়ে দুই-একটি কথা বলতে চাই। এই বিলকে সমর্থন করবার কারণ হচ্ছে, বিশেষ করে শহরগুলোতে বস্তির উন্নয়নের জন্য এটার বিশেষ প্রয়োজন ছিল। ১৯৮১ সালে যে বিল পাস হয়েছিল তার সংশোধন, সংযোজন হিসাবে আজকে যে বিল

এখানে উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করতে গিয়ে আমি একথাই বলব যে, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা অভিযোগ করেছেন—এই আইন তৈরি হবার পরে কোনও উন্নয়নই হয়নি, কিন্তু একথা ঠিক নয়। কারণ ক্যালকাটা মিউনিসিপাল কর্পোরেশন বস্তি এলাকায় যেসব বাড়ি ছিল সেখানে এই আইনবলে অনেক বাড়ি এবং বস্তি অঞ্চলে অনেক রাস্তাঘাট তৈরি করতে পেরেছেন, আলোর ব্যবস্থা করেছেন, পানীয় জলের ব্যবস্থা করেছেন, টিউবওয়েল বসিয়েছেন। কিন্তু এর আগে এই সমস্ত কাজ করতে গেলে জমির মালিকের অনুমতি ছাড়া এসব কাজ করা সম্ভব হত না। স্বাভাবিকভাবে সেটা বস্তি এলাকার উন্নয়নের প্রচেষ্টার পথে একটা বাধা হিসাবে ছিল। এই আইন হবার ফলে বহু উন্নয়নের কাজ ক্যালকাটা মিউনিসিপল কর্পোরেশনের পক্ষ থেকে করা হচ্ছে এবং ভবিষ্যতেও করা হবে। সাথে সাথে দেখা যাচ্ছে কিছু কিছু এমন বসতি এলাকা আছে, সেই জমির যে মালিক তার সত্ব এখনও রয়ে গেছে। স্বাভাবিকভাবে দেখা যায় যে সেখানে কোনও কাজ করতে গেলে অনেক বাধার সৃষ্টি হচ্ছে। এই বিল পাস হয়ে গেলে সেই বাধাগুলি দূর হয়ে যাবে। আবার অনেক অনেক এলাকায় পুকুর আছে, ডোবা আছে, সেগুলিও এই বিলের মাধ্যমে সরকারের অধীনে আসবে এবং সেখানে উন্নয়নমূলক কাজ করার সুযোগ ঘটবে, তবে একটা জিনিস আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঠিকা প্রজা সত্বের ব্যাপারে যে রিটার্ন বা ডিক্লারেশন সেটা বহু বস্তির যারা ঠিকা প্রজা তারা এখনও জমা দেননি। তাদের এই রিটার্ন জমা দেবার জন্য একটা সুযোগ করে দেওয়া উচিত এবং সেখানে সার্ভে করার জন্য তাড়াতাড়ি ব্যবস্থা করা উচিত। এখনও বহু বস্তি আছে যেখানে রিটার্ন জমা দেবার পরে যে ইন্সপেকশন হওয়া দরকার, সেগুলি হয়নি। তাছাড়া জমি অধিগ্রহণ করা পরে ঠিকা প্রজা যারা আছেন, তাদের রেন্ট কন্ট্রোলে যে রেন্ট জমা দেবার কথা সেটা হয়ত শতকরা ২০ ভাগ জমা হয়েছে, কিন্তু ৮০ ভাগ তারা জমা দেননি। স্বাভাবিকভাবে তারা যাতে জমা দেন সেইরকম একটা ব্যবস্থা গ্রহণ করা উচিত। তাছাড়া আর একটা বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই আইনের ফলে কলকাতা কর্পোরেশনের বিল্ডিং রুলে বস্তির ঠিক প্রজাদের ১, ২ পাকা বাড়ি করার সুযোগ করে দিয়েছেন। কিন্তু দেখা যাচ্ছে যে অনেক বস্তি এলাকায় অসাধু প্রোমোটাররা বস্তির ঠিকা প্রজা যারা আছেন, মালিক আছেন, তাদের নানাভাবে প্রোভোকেশন করে, নানা প্রলোভন দেখিয়ে বেআইনিভাবে বাড়ি তৈরি করছেন। এই বেআইনি বাড়ি করার ক্ষেত্রে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন আইনগত ব্যবস্থা নিলেও, দেখা যায় যে এক শ্রেণীর কর্মচারী এবং পুলিশের সহযোগিতায় সেই সমস্ত জায়গায় ৩, ৪, ৫ তলা বাড়ি পর্যন্ত তৈরি হচ্ছে। স্বাভাবিকভাবে ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টে, ঠিকা টেনেন্সি অ্যাক্টে এই জমিগুলি আছে। সেখানে সরকার পক্ষ থেকে, যারা ঠিকা প্রজা, যারা এগুলি বেআইনিভাবে করছে, তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ যাতে সক্রিয় হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। আমরা দেখছি যে তাদের নাকের ডগায় বসে ৪।৫ তলা বাড়ি হচ্ছে। কাজেই সেগুলি যাতে না হয় সেটা দেখা দরকার। এখানে খাটালের কথা উল্লেখ করা হয়েছে। খাটাল উচ্ছেদ করার জন্য সব রকম চেষ্টা করা হয়েছে। কিন্তু

মামলা করার ফলে, হাইকোর্টের ইনজাংশনের ফলে খাটাল উচ্ছেন করা এখনও সম্ভবপর হচ্ছে না। কারণ যদি খাটাল উচ্ছেদ করা না হয় তাহলে এই কলকাতা শহরের সমস্ত ড্রেনেজ, পয়ঃপ্রণালী সমস্ত বন্ধ হয়ে যাবে। কাজেই এগুলি উচ্ছেদ করা দরকার। কিন্তু হাইকোর্টের আদেশে সেটা করা যাচ্ছে না। এগুলি একটু খতিয়ে দেখতে হবে। এই সমস্ত বাধাগুলি যাতে অতিক্রম করা যায় সে বিষয়ে একটু চিন্তা-ভাবনা করতে হবে। আর কলকাতায় যে সমস্ত বস্তি আছে, সেখানে যারা ঠিকা প্রজা আছে, তারা যাতে সহজভাবে তাদের রিটার্ন জমা দিতে পারেন সেই রকম একটা ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার কাছে আবেদন রাখছি। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 – 3-40 p.m.]

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় দি ক্যালকাটা ঠিকা টেনেন্সী (অ্যাকুইজিশন অ্যান্ড রেগুলেশন) (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৩ যেটা উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। ঝলমলে কলকাতার আলোর নিচে অন্ধকার আছে আমরা জানি। বিভিন্ন বস্তির দুর্গতি এবং দুরবস্থার কথা আমরা জানি। আমি আশ্চর্য হলাম যে বিরোধী দলের পক্ষ থেকে এই বিলের কিছুটা বিরোধিতা করা হল। এই কথা স্মরণ রাখা দরকার যে ইতিপূর্বে বস্তির উন্নয়ন একেবারে কিছু হয় নি—এই কথা ঠিক নয়। আমরা দেখেছি গোয়াবাগান, মিয়াবাগান এবং উড়েবাগান এই বস্তিগুলিতে সরকারি হস্তক্ষেপে যথেষ্ট উন্নতি ঘটেছে। সেখানে ওয়াটার সাপ্লাই, পয়ঃপ্রণালী ব্যবস্থা, শিক্ষা চিকিৎসা বিভিন্ন বিভাগের কাজ বিভিন্নভাবে ফুটে উঠেছে। বিভিন্ন জায়গায় এই ধরনের উন্নয়নমূলক কাজ করে সরকার এগিয়ে চলেছে। এই বিল আনার উদ্দেশ্য হল মহামান্য হাইকোর্টে নিষেধাজ্ঞা জারি করে সরকারের এই কাজগুলি ঠেকিয়ে রাখার যে পরিকল্পনা নিয়েছেন সেটাকে বন্ধ করা। এই কাজগুলি ঠেকিয়ে রাখার জন্য কারা সহযোগিতা করছে সেটা অতীশবাবু ভাল করেই জানেন। তাঁর বক্তব্যের মধ্যে জানা গেল ভাড়া কম হওয়ায় তাঁদের বিরোধিতা, ক্ষতিপূরণ কম হচ্ছে তার জন্য তাঁদের বিরোধিতা। তাঁদের আরও বিরোধিতার যে কারণ সেটা হল সামন্ততন্ত্রের শেষ চিহ্ন যেটা কলকাতায় বজায় আছে সেটা উঠে যাবে এবং সাথে সাথে পশ্চিমবাংলা থেকে উঠে যাবে। এই কথাটা ওনারা বারে বারে রিপিট করছেন। এই কথাটা ওনাদের শুনতে ভাল লাগেনি। ওনাদের কথা শুনে মনে হচ্ছে এই বস্তি উন্নয়নের বিষয়টা ওনারা কোনওদিন ভাবতে পারেননি। সঙ্গত কারণে আজকে বস্তি উন্নয়নের প্রশ্নটা এসে পড়েছে। আলোচনার শুরু থেকে তাঁদের কথায় মনে হয়েছে বস্তিবাসীরা যে দুরবস্থার মধ্যে আছে তারা যাতে আরও দুরবস্থার মধ্যে ফিরে যায় সেটাই তাঁদের কাম্য। অতীত থেকে এখনও পর্যন্ত বস্তির যে উন্নয়ন হয়েছে সেটা তাঁরা সহ্য করতে পারছেন না। বস্তি উন্নয়নের স্বার্থে খাটাল কলিকাতা থেকে উঠে যাবে, বস্তিবাসী স্বাস্থ্য ফিরে পাবে, পয়ঃপ্রণালী ভাল হবে এটা তাঁরা চান না। একজন মালিক জবরদস্তি ভাড়াটিয়া উচ্ছেদ করে নূতন ভাড়াটিয়া বসাতে পারবে না, কোনও জমি একজন মালিক ঠিকাদারী হিসাবে রাখতে পারবে

না সেই ব্যাপারে যখন সরকারি নিয়ন্ত্রণ হতে চলেছে তখন বিশিষ্ট কিছু লোক সেটাকে বিরোধিতা করছেন। আমি আশা করেছিলাম কলকাতা বস্তি উন্নয়নের প্রশ্নে সকলে ঐক্যমত হবেন, সেখানে দুরবস্থার অবসান ঘটানোর চেষ্টা করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় ব্যাখ্যা দিয়ে বলেছেন মহামান্য হাই-কোর্টের পক্ষ থেকে বাধা আসছে এই কাজ সম্প্রসারণের ক্ষেত্রে, সেইজন্য এই বিল আনতে হচ্ছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এই বিল আনার জন্য। কলকাতার বিভিন্ন জায়গায় বস্তিবাসীরা যে দুরবস্থার মধ্যে বসবাস করছে এই ঠিকা টেনেন্সী অ্যাক্টের মাধ্যমে তাদের দূরবস্থা লাঘব হবে এই আশা রেখে বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মীকান্ত দেঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী আজকে যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন তারজন্য আমি কেবলমাত্র আমার পক্ষ থেকে না, কলকাতা শহরের গরিবতম মানুষের পক্ষ থেকে তাঁকে ধন্যবাদ জানাতে চাই আপনার মাধ্যমে। অতীশবাবু এবং মান্নান সাহেব কলকাতার মানুষ নন। তাঁরা কলকাতার গরিব মানুষগুলোর কথা বুঝতে পারবেন না। খাটালের বিষয় কেবল খাটালের বিষয় নয়, খাটালের বিষয়টা একটা পার্ট। ১৯৮১'র সেন্সাস অনুযায়ী কলকাতার একশোটি বস্তিতে ১৩ লক্ষ মানুষ বাস করেন। আমাদের এখন যা হিসাবে আছে তাতে কলকাতার ৪১টি ওয়ার্ডে ২৩ লক্ষ মানুষ বস্তিতে বাস করেন এবং গ্রেটার ক্যালকাটাতে ৪৪ লক্ষ লোক বাস করেন। কলকাতার বস্তিতে উন্নয়নকল্পে সরকার কিছু বিল এনেছিলেন ১৯৮১ সালে। আজকে তাদের কাছে যে বাধা বিপত্তি আসছে তা কাটিয়ে আইনের সুযোগটা সাধারণ গরিব লোকেরা যাতে সঠিকভাবে পায় তারজন্যই এই অ্যমেন্ডমেন্ট মন্ত্রী মহাশয় এখানে এনেছেন। তারজন্য তাঁকে বেশি করে ধন্যবাদ জানাই গরিব মানুষগুলোর পক্ষ থেকে। উনি বললেন, উন্নয়ন কিছু হয়েছে কিনা? আমাদের মাননীয় সদস্য মাননীয় ইয়াকুব সাহেব বলেছেন যে, কলকাতার বস্তিগুলো কি ভাবে উন্নয়নের মধ্যে এসে গেছে ১৯৮১ সালের পর থেকে। অতীশবাবু, আপনি জানেন যে ভারত সরকার বিশ্বব্যাঙ্ক থেকে টাকা নেন। বিশ্বব্যাঙ্ক বস্তি উন্নয়নের কাজ দেখতে দিল্লিতে আসেন, যতবার তাঁরা এসেছেন ততবারই আপনাদের সরকার তাঁদের কলকাতা শহরে পাঠিয়ে দিয়েছেন। উনি তিনটি বস্তি নাম বলেছেন, যা জানেন তাই-ই বলেছেন। কিন্তু দক্ষিণ বেলিয়াঘাটায় ঐ প্রতিনিধি দল ঘুরে দেখেছিলেন এবং তাঁরা নতুন করে কলকতাতার বস্তির উন্নয়নের জন্য 'ভাল' আখ্যা দিয়ে ৪৩ কোটি টাকা পশ্চিমবাংলার জন্য, তথা কলকাতার বস্তিগুলোর উন্নয়নের জন্য দেবার প্রতিশ্রুতি দিয়েছেন। একজাম্পল হিসাবে কয়েকটি ওয়ার্ডে কাজ শুরু হয়েছে। কেবলমাত্র আপনার আমার নয়, কেন্দ্রীয় সরকার বিশ্বব্যাঙ্ক থেকে টাকা নেন। সি. এম. ডি. এ. যেখান থেকে টাকা নিয়ে এসে কাজ করেন, সেই বিশ্বব্যাঙ্কের প্রতিনিধিরা যখনই দিল্লিতে আসেন তাঁদের কলকাতায় পাঠিয়ে দেন বস্তির উন্নয়ন দেখবার জন্য, ঠিক যেমনভাবে পঞ্চায়েতের কাজ দেখবার জন্য যেমনভাবে পশ্চিমবঙ্গে পাঠান সেইভাবেই তাঁরা পাঠান। এইরকম অবস্থায় এখানে একটি প্রশ্ন উত্থাপন করেছেন যে, ফাঁকা জমিগুলোকে নিয়ে নেওয়া হয়েছে। আপনারা

কলকাতায় থাকেন না, কলকাতার মধ্যে সাধারণ লোক যারা বাস করে, ১৯৮১ সালে যে আইন হয়েছিল সেই সেই আইনের ফাঁক ফোকরের সুযোগ নিয়ে কমন রাস্তাগুলো বিক্রি করে দিচ্ছে। এমন হয়েছে, যে রাস্তার ব্যাক পোর্সান, যেখানে ধরা যাচ্ছে না, যেখানে ঠিকা টেনান্সী হয়নি, সেটাকে বিক্রি করে দিচ্ছে। বহু বস্তিতে কমন প্যাসেজ আছে। জমির মালিকরা ঠিকা টেনান্সীর ফাঁক-ফোকর দিয়ে সেই কমন প্যাসেজের এক দুই, তিন, চার কাঠা করে বিক্রি করে দিচ্ছে, ধরা যাচ্ছে না। এগুলো তো লীজের মধ্যে নেই, ভাড়ার রসিদ নেই, আইনের এই ফাঁক দিয়ে কেমন প্রিভি, বেদিং প্লাটফর্ম এগুলো জমির মালিকরা বিক্রি করে দিচ্ছে। প্রিভি পর্যন্ত বিক্রি হয়ে যাচ্ছে যেগুলো সামান্য জমির উপরে আছে।

[3-40 – 3-50 p.m.]

আজকে এই আইনের সংশোধনের মধ্যে দিয়ে সেটা ধরার চেষ্টা করা হচ্ছে। আপনারা তো অর্থাৎ অতীশবাবু এবং মান্নান সাহেব তো গ্রামের লোক কলকাতার বস্তি সম্বন্ধে জ্ঞান নেই। কলকাতার বস্তিতে যারা বাস করেন তারা আকাশের মুখ খুব কমই দেখতে পায়। যদিও বা একটু কমন জায়গা থাকে যেখানে পূজা, বিয়ে, শ্রাদ্ধ ইত্যাদি হয় কমন ইউজের জন্য হয় সেগুলোও ব্যবস্থা করে বন্ধ করে দেওয়া হচ্ছে। সেখানে সরকার এই ঠিকা টেনেন্সি অ্যাক্টের সংশোধন করে তার ব্যবস্থা নিতে চাইছেন বস্তিগুলোর মধ্যে কোনও ড্রেনেজ সিস্টেম সেরকম নেই এবং যেসব ডোবাগুলো ছিল সেগুলোতেও জল নিকাশির ব্যবস্থা না করে বিক্রি হয়ে গেছে। জমিদাররা আইনের ফাঁক ফোকরের ভেতর দিয়ে যতখানি সুযোগ নেওয়া যায় তার চেষ্টা করেছেন। কলকাতার শহরে যেহেতু জমির দাম বেশি পাওয়া যায় তাই তারা বিক্রি করে দিয়েছেন এবং সেটাই মন্ত্রী মহাশয় আটকাতে চেষ্টা করছেন। কমন ইউজে ব্যবহার করা যায় হোল্ডিং নাম্বার অতীশ সিন্‌হা এবং মান্নান সাহেব কিছুই জানেন না। হোল্ডিং নাম্বারের মধ্যে যত যা কিছু আছে যেমন বস্তির আশেপাশের জায়গাও যাতে ব্যবহার করা যায় তারজন্য এই সংশাধনী বিলের মাধ্যমে এনে বস্তি উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে। সেই সূত্রে বলছি যে কমন ইউজের ব্যাপারে ১৯৮১ সালে যে আইন হয়েছিল এবং সেটা সিলেক্ট কমিটিতে অল পার্টির মধ্যে আলোচনা হয়ে পাসও হয়েছিল। সেই আইনের ভেতরে আমরা দেখেছি যে সরকার বলেছেন যে ভাড়া বাড়ি বিক্রি হবে না, সরকারি লিজের বাড়ি বিক্রি হবে না। কিন্তু আমরা দেখেছি যে সেইসব অংশের বাড়িও বিক্রি হয়ে যাচ্ছে। সেখানে ভাড়া বাড়ি বিক্রি হয়ে গিয়ে মাল্টি স্টোরিড বিল্ডিং হচ্ছে। তাতে বড়লোকরাই আসছে, গরীব লোকেরা কলকাতার বাইরে চলে যাচ্ছে। এক্ষেত্রে আইনের অ্যামেন্ডমেন্ট সেই সুযোগ বন্ধ করে দেওয়া হচ্ছে এবং এটা যদি কেউ করতে যায় তাহলে ইমপ্রিজনমেন্ট, জেল, জরিমানা ইত্যাদি হতে পারে। যে প্রয়োজনে এই আইনটা আনা হয়েছে সেই আইনের সুযোগ নিয়ে আগে বহু মালিকরা ব্যাক ডেট করে রিটিন এগ্রিমেন্ট করে কোর্টে গিয়ে কেস করে বাড়ি বিক্রি করে দিত। বিক্রি করে দিয়ে, মাল্টি স্টোরিড বিল্ডিং করতে চাইতেন, এই প্রচেষ্টাকে বন্ধ করা হচ্ছে। আপনারা আরও দেখবেন বহু বাড়ি ভেঙ্গে গেছে সেগুলো মালিকরা সারাতে

চান না, সেক্ষেত্রে ভাড়াটিয়ারা গরিব লোক, তারা কি করে এই বাড়ি সারাবে? সেখানে আইনে বলা হয়েছে যে যদি বাড়িওয়ালারা বাড়ি না সারায় তাহলে ভাড়াটিয়ারা সারিয়ে নেবেন এবং সারানোর যে খরচ হবে সেটা হিসাব করে কন্ট্রোল কালেক্টার ঠিক করে দেবেন। তাতে মাসে মাসে করে ভাড়ার থেকে ওই টাকা কেটে বাড়িওয়ালাকে দেওয়া হবে। এই সমস্ত কিছু ঠিক করবেন কালেক্টার এবং সেই অধিকার তাকে দেওয়া হয়েছে। তার সঙ্গে কর্পোরেশনের প্ল্যানের যে ব্যবস্থা করা হয়েছে এবং তার মাধ্যমে বাড়ি সংস্কারের ব্যবস্থা করা হয়েছে। ১৯৮১-৮২ সালে এই আইনের সংশোধন করে যখন বিলটি আসে তখন কিছু উর্দুভাষী, হিন্দীভাষী এবং কিছু বাঙালি জমিদার শ্রেণী এই বিলের তীব্র বিরোধিতা করেন। তাদের দিক থেকে এই প্রস্তাব উত্থাপিত হয়েছিল যে এই যে বাড়ি বিক্রি বন্ধ করে দেওয়া—এতে যে বংশ-পরম্পরায় ভোগ দখল করে আসছে এবং ভাইয়ে-ভাইয়ে দখল নিয়ে আসছে সেটা তারা পাবে না। সেখানে এই আইনের অ্যামেন্ড করে বলা হয়েছে।

বাইরের লোকেদের কাছে বিক্রি করা যাবে না। তাহলে প্রোমোটাররা বড়লোকেদের কলকাতা শহরে বাসস্থানের ব্যবস্থা করে দেবে। লগনদেও সিং বলেছেন, যে ১৯৮১ সালে যে আইন হয়েছিল সেটা সারা ভারতবর্ষের ক্ষেত্রে একটা একজামপেল। বাড়িওয়ালা ও ভাড়াটিয়ার নাম সরকারি খাতায় নথিভুক্ত হবে। ভারতবর্ষের কোনও শহরে, কোনও গ্রামে এই জিনিস নেই। এই আইনে সাধারণ গরিব লোকেদের নামটা লেখা হবে, তারা কত টাকা ভাড়া দিচ্ছে, কতটা জমি সব কিছু সেখানে লেখা থাকবে। এই সুবিধা কেবলমাত্র পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দিয়েছে, আপনারা কোনও দিন সুযোগ দেননি। তবে যেটুকু লুপ হোলস্ আছে, আইনের সুযোগ নিয়ে আইনের মধ্যে ফাঁকফোকর খুঁজে, হাইকোর্ট, সুপ্রিমকোর্ট করে জমিদাররা যেভাবে তাদের বঞ্চিত করার চেষ্টা করছে তারজন্য বিভিন্ন অ্যামেন্ডমেন্ট নিয়ে এসে এটাকে আমরা রোখার চেষ্টা করছি। সেটা আটকানোর জন্যই এই অ্যামেন্ডমেন্ট। জানি সুব্রতবাবুরা এটাকে সমর্থন করতে পারবেন না। কিন্তু ১৯৮১ সালে সিলেক্ট কমিটিতে আপনারা এটাকে সমর্থন করেছিলেন। বিভিন্ন সময় ঠিকা টেনেন্সি আইন হয়েছিল, অ্যামেন্ডমেন্ট হয়েছিল, কিন্তু কোনও সময় জমিদারী উচ্ছেদ হয়নি প্রথম ঠিকা টেনেন্সি অ্যাক্ট ৪৯ সালে। তখন এই আইনে বলা ছিল মাটির দেওয়াল ছাড়া ভাড়াটিয়ারা পাকা দেওয়াল করতে পারবে না এবং যে কোনও সময় জমিদাররা তাদের উচ্ছেদ করতে পারতেন। ১৯৫৩, ১৯৫৯ ও ১৯৬৪ সালে তারপর অ্যামেন্ডমেন্ট করা হয়েছিল। এই তিনটে অ্যামেন্ডমেন্ট করেও ভাড়াটিয়াদের স্থায়িত্ব কিছু ছিল না, তাদের পাকা দেওয়াল করার রাইট দেননি। ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট সরকার আসে তখন এই আইনের কিছু কিছু অ্যামেন্ডমেন্ট হয় এবং তারপরই পাকা করার অধিকার তাদের দেওয়া হয় এবং কর্পোরেশনের কাজ করার অধিকার দেওয়া হয়। মজার ব্যাপার হচ্ছে বিধানবাবু ১৯৫৮ স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট বলে একটা অ্যাক্ট নিয়ে এসেছিলেন। তাতে বস্তির লোকদের কলকাতা থেকে হটানোর কথা বলা হয়েছিল।

[3-50 – 4-00 p.m.]

বলা হয়েছিল যে নামটা পরিবর্তন হবে সিলেক্ট কমিটিতে গিয়ে। সেখানে বলা হল যে ক্যালকাটা slum clearance and rehabilitation of slum dwellers Act, 1958, কংগ্রেসের আমলে বিধানবাবু থেকে শুরু করে প্রফুল্লচন্দ্র সেনের আমল পর্যন্ত সমস্ত হচ্ছে গরিব লোককে উচ্ছেদ করার আইন। তিন ফুট পাকা দেওয়াল করতে পারবে তার উপর মাটির থাকবে এই ছিল কলকাতা কর্পোরেশনের বস্তি অবস্থা। মাটি আর ছিটে বেড়া ছাড়া লোকরা বাস করতে পারবে না। সেখানে সুযোগ থাকলেও তারা তা করতে পারবেন না। জমিদাররা সেখানে ইচ্ছামতোন উচ্ছেদ করে দিত। আর ঠিকা টেনেন্টদের ভাড়াটিয়ার কোনও রাইটই দেননি। কোনও টেনেন্সী অ্যাক্টের সুযোগ তাদের জন্য ছিল না। সেখানে ঠিকা টেনেন্টদের ঐ আমলে খানিকটা রাইট থাকলেও তারা উচ্ছেদ হয়ে যেত। সেখানে সেই আইন আপনারা করে দিয়েছিলেন। ঠিকা টেনেন্টদের ভাড়াটিয়া যারা, যারা একদম গরিব লোক তাদের কোনও রাইট ছিল না। সেখানে তাদের কোনও সুযোগ ছিল না। টেনেন্সী রাইট বা অন্য কোথাও লিখিতভাবে কিছু ছিল না। সেখানে ঠিকা টেনেন্ট, যাদের ভাড়াটিয়াদের আপনারা কোনও রাইট দেননি, যাদের ইচ্ছামতোন বের করে দেওয়া যেত, তাড়িয়ে দেওয়া যেত, যাদের জন্য আইনের কোনও প্রোটেকশন ছিল না সেখানে আইন করে তাদের নামটা খাতায় তোলার ব্যবস্থা হয়েছে। সেখানে ফরম ফিল আপ করে দেখাতে হবে। 'এ' ফরম মালিকদের জন্য, ঠিকা টেনেন্টদের জন্য, 'বি' ফরম ভাড়াটিয়াদের জন্য। নাম রেকর্ডভুক্ত হলে উচ্ছেদ করতে পারবে না। আজকে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের বিভিন্ন বাধা ইত্যাদি যা তৈরি হয়েছিল তা দুর করার জন্য এই আইন আনা হয়েছে। কমন ল্যান্ড, প্রিভি, পাশের ডোবা, আউটলেট যা বিক্রি হয়ে যেত সেগুলিকে আটকে যাতে গরিব বস্তিবাসী মানুষরা সুন্দরভাবে বাস করতে পারে তার সুযোগ সৃষ্টি করা জন্যই আইনের এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। ১৯৭৭ সালের পর কলকাতার বস্তির চেহারা যদি দেখে আসেন তাহলে দেখবেন যে সেখানে আকাশপাতাল তফাৎ হয়ে গিয়েছে। আগে গরিব লোকরা যে রকম অস্বাস্থ্যকর অবস্থায় থাকত এখন তার থেকে অনেক পরিবর্তন হয়ে গিয়েছে। সেখানে তারা তিনতলা পর্যন্ত বাড়ি করতে পারবেন, সুন্দরভাবে বাস করতে পারবেন এইসবের জন্য আইনের যে সমস্ত ফাঁক ফোকর ছিল তা বন্ধ করার জন্য এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। এরজন্য কলকাতার ১৭।১৮ লক্ষ বস্তিবাসী এবং গ্রেটার ক্যালকাটার ৪৪ লক্ষ বস্তিবাসীদের তরফ থেকে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে পুনরায় সমর্থন করে আমি শেষ করলাম।

[4-00 – 4-10 p.m.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তব্য খুব মনোযোগ দিয়ে শুনেছি। মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় যেটা বলেছেন ঠিক সেই উদ্দেশ্যেই অর্থাৎ বস্তি মানুষদের ডেভেলপমেন্টের জন্যই এই বিল বিশেষ করে আনা

হয়েছে। কারণ আমরা দেখলাম যে আমাদের যে আইন ঠিকা টেনেন্সী অ্যাক্ট, তাতে স্ট্রাকচার, যেটাতে তারা বাস করে এটা ছাড়া এক ছটাক জমি নেবার কিছু নেই। অথচ বস্তি ডেভেলপমেন্ট করতে গেলে ঐ স্ট্রাকচারের বাইরে রাস্তা, ড্রেন, অন্য ব্যবস্থা যদি করতে হয়—কল-পায়খানা ইত্যাদি তার কোনও ব্যবস্থা নেই। এটা অ্যাকোয়ার করা ছাড়া উপায় নেই। কিন্তু এর ভেতরে এগুলি পড়ছে না, অথচ এগুলি আছে, তার মালিকানা আসছে না। অনেকে এ সম্পর্কে বিস্তৃতভাবে বলেছেন, আমি বিশেষ কিছু বলছি না, আমি শুধু এইটুকু বলতে চাই যে আপনারা যারা সংবাদপত্র পড়েন তারা দেখেছেন এবং সকলেই জানেন যে নানান কারণে কলকাতার ঐ ৩০০ বছর পূর্তি উৎসবে নানান ব্যাপারে সম্প্রতি নানান সোর্স থেকে কিছু টাকা পাওয়া যাচ্ছে যা দিয়ে বস্তির আরও ব্যাপকভাবে উন্নয়ন করার প্রচেষ্টা করা যায়। কিন্তু সেই কাজটা করা যাচ্ছে না, সম্ভব নয়, যদি রাস্তার জন্য, ড্রেনেজের জন্য অন্য কিছু করার অন্য বা একটা ওপেন স্পেস রাখা এই রকম একটা ব্যবস্থা করে দেওয়া এটার জন্যই অ্যাকয়ার করা। ৬ নং ধারা ১, ২, ৩, ৪ করে মূল লক্ষ্য কী সেটা বলে দেওয়া হয়েছে। আপনি যেটা বলেছেন, সেটা আপনিও জানেন আমরাও জানি, যেমন ধরুন এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, সেখানে সরকারের ঘরে কোনও রেকর্ড ছিল না। মনে রাখতে হবে যে আমাদের সঙ্গে রেস্ট অব ইন্ডিয়ার একটা তফাৎ ছিল রায়তারীর দিক থেকে। সেখানে অংশীদারদের কাছে সব কিছু থাকত। পার্মানেন্ট সেটেলমেন্ট যখন হয় তখন সেখানে জমিদারের ঘরেই সব ছিল। জমিদাররা ডাইরেক্টলি ট্রেজারীতে জমা দিত। গভর্নমেন্টের কাছে কোনও রেকর্ড ছিল না। কলকাতায় বস্তী আছে কর্পোরেশনের কাছে লেখা আছে, বস্তি বলে কিন্তু গভর্নমেন্টের ঘরে কোনও রেকর্ড নেই। ঠিকা টেনেন্ট গভর্নমেন্টের ঘরে কিছু নেই। দীর্ঘদিন ধরে কর্পোরেশনের রেকর্ড থেকে নিয়ে করতে হয়েছে। এই ডিফিকাল্টিটা বুঝতে হবে। ৫৩ সালে যখন এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট হয় তখন দুটো জায়গাকে বাদ দেওয়া হয়েছিল, একটা হচ্ছে কলকাতা এবং আর একটা হচ্ছে দার্জিলিং এই ছিল এরিয়া। এর পরে যখন বস্তি উন্নয়নের উপর জোর দেওয়া হয়েছিল তখন কথা উঠেছিল শুধু খাটাল উচ্ছেদ নয়, কলকাতার বস্তিতে যারা বাস করে, ওদের বাস করার কোনও অধিকার নেই। কিন্তু আমরা চাইছি বস্তিবাসী মানুষগুলোর জীবন যাত্রার মান কিভাবে উন্নত করা যায়। করতে গেলে কিছুই প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার দরকার যেমন রাস্তা, ড্রেনেজ, পায়খানা, জলের ব্যবস্থা, পার্কের ব্যবস্থা। কারণ এইগুলো সব ঘিঞ্জি এরিয়া, একটু ব্রিদিং স্পেস নেই, খেলাধুলা করার কোনও জায়গা নেই। এইগুলো যদি না করা যায় তাহলে বস্তি উন্নয়ন হবে না। তার জন্য ল্যান্ড অ্যাকয়ার যদি না করা যায় তাহলে কিছু হবে না। সেই জন্য এটা জানা হয়েছে। আগে আইনে যা ছিল যদি কনট্রাভেনশন অব ল হত তাহলে কোনও পেনাল ক্লজ ছিল সেকশন ১৩তে এই পেনাল্টির ব্যবস্থা করা হয়েছে। তাতে কনভিকশন হবে, জরিমানা হবে, তা না হলে কেউ আইন মানবে না। এটা ঠিক কবে কী হয়েছে, যত পরিবর্তন হয়ে গেছে, এর কোনও প্রপার সার্ভে করা হয়নি। যে জন্য ১০ নং ধারায় সার্ভের ব্যবস্থা করা হয়েছে। খাটালের বিষয় যা বলেছেন, সেটা পাঁচ নং ধারায় আসবে না। ল্য রিফর্মস এর ব্যাপারে অনেকগুলো কেস কোর্টে তুলে রয়েছে। এই

পেন্ডিং যেগুলি হাইকোর্টে আছে, সেইগুলো বিচার করে যা নেসেসারী তা আমাদের করতে হবে। সেজন্য এগুলো ফেলে রাখা যায় না। এখন কিছু টাকা এসেছে, কিছু ডেভেলপমেন্টের কাজ শুরু হয়েছে। যে কাজকে আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে। সে কাজে যাতে কোনও বাধার সৃষ্টি না হয় তার জন্যই এই চেষ্টা করা হচ্ছে। অন্য যে সব কথা এখানে বলা হয়েছে, সে সব সম্বন্ধে আমি বলব যে, ঐ সব কাজ-কর্ম শুধু বস্তিতেই হচ্ছে না, অনেক জায়গাই হচ্ছে। সারা ভারতবর্ষে কি হচ্ছে দেখতে পাচ্ছে না? ব্যবসা বাণিজ্যের যে অবস্থা তাতে আজকে ব্ল্যাক মানি সব চেয়ে বেশি রিয়েল এস্টেটে ইনভেস্ট হচ্ছে এভরিহোয়ার ইন অল বিগ সিটিস। দারুণভাবে এই জিনিস চলছে। সাংঘাতিক সব র‍্যাকেট গড়ে উঠেছে। এরকম অবস্থায় একটা কঠিন লড়াই গড়ে তুলতে হবে। এখানে যেটা মূল উদ্দেশ্য সেটা বিলের স্টেটমেন্ট অফ্ অবজেক্টে আছে। সেটা হচ্ছে, আমরা ডেভেলপমেন্টের কাজে নেমে দেখলাম কিছু কিছু ডিফিকাল্টিস রয়েছে, সেগুলো দূর করার জন্য আইনের সংশোধন প্রয়োজন। অতীশবাবু অ্যাকুইজিশনের কথা বললেন। তিনি খুব ভাল করেই জানেন ভারতবর্ষে একমাত্র তামিলনাড়ু ছাড়া বাকি সমস্ত স্টেট লেজিসলেচার—আমরা এখানে ক্ষমতায় আসবার আগে—রেজলিউশন করে সেন্ট্রাল গভর্নমেন্টকে পাওয়ার দিয়ে দিয়েছিল। পরবর্তীকালে আমি নিজে কেন্দ্রীয় মন্ত্রী ভীষ্মনারায়ণ সিং-এর সঙ্গে দেখা করে এ বিষয়ে আলোচনা করেছিলাম। সেন্ট্রাল অ্যাক্টের ফলে কি কি অসুবিধা হচ্ছে তা আমি বলেছিলাম। তিনি স্বীকারও করেছিলেন, কিন্তু তারপর আর কিছু হয়নি। শীলা কলের সঙ্গেও কিছু দিন আগে আমার মিটিং হয়েছিল, তাঁকেও বুঝিয়েছি। কমপেনসেশনের ব্যাপার নিয়ে এখনও আমাদের চিন্তা ভাবনা করতে হবে। আপনাদের যেগুলো রিজনেবল্ কথা সেগুলো আমি বুঝি, সেগুলোতে কোনও অসুবিধা কিছু নেই। কিন্তু সেগুলোর সঙ্গে আমাদের এই বিলের মূল উদ্দেশ্যকে গুলিয়ে ফেলবেন না। আমাদের উদ্দেশ্য অন্য কিছু নয়, বর্তমানে নানারকম অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের কাছে এবিষয়ে কিছু টাকা আসছে সেই টাকা যাতে যথাযোগ্যভাবে ব্যবহার করে বস্তিগুলোর একটা উন্নয়ন করা যায় তার জন্যই এই আইনের সংশোধনী আনা হয়েছে। বস্তিগুলোর উন্নতির জন্য ন্যূনতম ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার ক্ষেত্রে যে সমস্ত বাধা এখনও আছে সেগুলো যতটা সম্ভব দূর করার উদ্দেশ্য নিয়ে এই বিল আজকে এখানে আনা হয়েছে। এর মধ্যে অন্য কোনও অসৎ উদ্দেশ্য নেই। সে জন্য আমি আপনাদের অনুরোধ জানাচ্ছি আপনারা এবিষয়ে আমাদের সঙ্গে সহযোগিতা করুন। আমি আশা করব আপনারা বিলের উদ্দেশ্য সম্বন্ধে আমাদের সঙ্গে সহমত পোষণ করবেন। আজকে কলকাতার বস্তিগুলোর মানুষদের মধ্যে একটা উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হয়েছে। অনেক বস্তিতে আমি মিটিং করেছি। সেগুলোকে ধীরে ধীরে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। এই কাজে আমি আশা করব আমরা আপনাদের সকলের সহযোগিতা পাব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Bill, 1993 be

taken into consideration was then put and agreed to.

**Clauses - 1 to 4**

The question that Clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clause - 5**

**Mr. Speaker:** There are amendments to Clause 5 of Shri Lakshmi Kanta Dey (Amendment Nos. 1 to 4). The amendments are in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that

**Shri Benoy Krishna Chowdhury:** I accept the amendments.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment Nos. 1 to 4) was then put and agreed to.

The question that Clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clauses - 6 to 8**

The question that Clauses 6 to 8 do stand part of the Bill were then put and agreed to.

**Clauses - 9 to 12**

The question that clauses 9 to 12 do stand part of the Bill was then put and agreed to.

**Clause - 13**

**Mr. Speaker:** There is amendment to Clause 13 given by Shri Lakshmi Kanta Dey (Amendment No.2). The amendment is in order and I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir I beg to move that "In Clause 13, Section 18A, sub-section (1) in sixth line after fifth word, the word "three" and in seventh line after fifth word, the word "one" be substituted by the words "five" and "ten" respectively".

**Shr Benoy Krishna Chowdhury:** I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment No. 2) was then put and agreed to.

The question that Clause 13, as amended, to stand part of the Bill was then put and agreed to.

### Clause - 14

**Mr. Speaker:** There is amendment to Clause 14 given by Shri Lakshmi Kanta Dey (Amendment No. 3). The amedment is in order and I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that "In sub-clause (4) in the sixth line after the words "other lands", the words "as a raiyat" be inserted."

**Shri Benoy Krishna Chowdhury:** I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment No. 3) was then put and agreed to.

The question that Clause 14, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clause - 15 and Preamble

The question that clause 15 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the Calcutta. Thika Tenancy (Acquisition and Regulation) (Amendment) Bill, 1993, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker:** Now Shri Subrata Mukherjee.

## POINT OF INFORMATION

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, পয়েন্ট অফ ইনফরমেশন, গতকাল মাঝ রাত থেকে জলপাইগুড়ি জেলার বানাঘাট জায়গাতে একটা চা বাগানে সিটুর লোকেরা এবং মালিকপক্ষের দুর্বৃত্তরা আই. এন. টি. ইউ. সির কর্মীদের উপর হামলা চালায়।

এই পর্যন্ত ১১জন চা-বাগান কর্মী খুন হয়েছেন। যদি অবিলম্বে দ্রুত ব্যবস্থা সরকার

না নেন তাহলে আমাদের কাছে যে সংবাদ এসেছে, গায়ে গায়ে লাগান চা-বাগান, তাতে টোটাল ডুয়ার্সে আগুন লেগে যাবে। তার পরিনাম কি হবে জানি না। আরও সতর্ক থাকা দরকার কারণ আদিবাসী এবং নেপালিরা ওখানে থাকেন। ঘটনাটি গার্ডেনে ঘটেছে। একটি সংঘর্ষে যেখানে ১১ জন মারা যান এবং প্রশাসন যদি নীরব ভূমিকা পালন করেন তাহলে তার পরিণতি কোথায় গিয়ে দাঁড়াবে তারজন্য আমরা আশঙ্কিত সেজন্য এই ব্যাপারে ইনফর্মেশন দিতে বলছি। কোনও মন্ত্রী হাউসে নেই। আপনি সরকারকে এই ব্যাপারে বলুন, তা নাহলে টোটাল ডুয়ার্সে দাবানলের মতো আগুন লেগে যাবে। সেখানে ই. এফ. আর. নামাতে বলুন, না হলে আমি জানি না, কতজন আদিবাসী এবং নেপালি সেখানে নিহত হবেন। এখন পর্যন্ত ১১ জন নিহত হয়েছেন এবং তারা আই. এন. টি. ইউ. সির চা বাগানের কর্মী। এই ধরনের বড় ঘটনা বহুদিন পরে হল। পঞ্চায়েত নির্বাচনের পর নিরবচ্ছিন্নভাবে ঘটনা ঘটছে, কিন্তু এই ধরনের বড় ঘটনা চা বাগানে প্রথম ঘটল। আপনি সরকারকে নির্দেশ দিন যাতে অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়। এটা আমাদের ডিমান্ড। আপনি গ্র্যাভিটি অফ দি সিচুয়েশন জাজ করে, যেখানে ১১ জন মারা গেছেন, আশা করব আপনি এই নির্দেশ দিলেন। আপনি বুদ্ধদেববাবু এবং চিফ মিনিস্টারকে ডেকে পাঠান পরিষদীয় মন্ত্রীর মাধ্যমে। এখানে সভা চলছে সেখানে ১১ জন মানুষ চা বাগানে খুন হয়ে যাবেন? আমি মনে করি, এই হাউসের মর্যাদা রক্ষা করতে বাধ্য হবেন তাঁরা। আমি দাবি করছি, অবিলম্বে ব্যবস্থা নেবার জন্য মন্ত্রীকে খবর দিন। বুদ্ধদেববাবু, একটু আগে এখানে ঘুরঘুর করছিলেন। তাদের আনার ব্যাপারে পরিষদীয় মন্ত্রীকে নির্দেশ দিন! আমি বলছি, মারাত্মক অবস্থা সেখানে । যারা ট্রেড ইউনিয়ন করেন তারা জানেন সেখানে চা বাগানগুলি গায়ে গায়ে লাগান, কাজেই হাজার হাজার শ্রমিক যুক্ত হয়ে যেতে পারেন। আপনি কি ব্যবস্থা নিলেন জানতে চাই।

[4-10 – 4-20 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতবড় একটি ঘটনা, অ্যাসেম্বলি চলছে এবং দুই দিন আগে আমরা সরকারের বিরুদ্ধে নো কনফিডেন্স মোশন মুভ করেছি এবং ল অ্যান্ড অর্ডার সিচুয়েশন নিয়ে আলোচনা করেছি। ১১ জন খুন হয়েছেন অথচ মন্ত্রিসভা নীরব, এটা হতে পারে না। আপনি চিফ মিনিস্টারকে খবর দিন, আমরা প্রকৃত ঘটনা জানতে চাই। আমাদের এই হাউসে বসে থাকা সম্ভব নয়। আমরা জানতে চাই হোয়াট হ্যাজ অ্যাকচুয়ালি হ্যাপেনড্ দেয়ার। ১১জন মারা গেছেন হাউস চলাকালীন, অথচ মন্ত্রিসভার অনেক মন্ত্রী সভায় অ্যাবসেন্ট। কিন্তু এই ব্যাপারে হাউস ইনডিফারেন্ট থাকতে পারে না। ইউ আস্ক দেম, ইউ টেক অ্যান ইমিডিয়েট মোশন। আপনি মন্ত্রী মহাশয়কে বলুন এই সম্বন্ধে আমাদের বিস্তারিত জানাতে, না হলে হাউস্ চালানো সম্ভব হবে না। আপনি হাউসের কাস্টডিয়ান। এই জিনিস চলতে পারে না। পার্লামেন্টারী অ্যাফেয়ারস্ মিনিস্টার এখানে রয়েছেন, তাঁর মাধ্যমে আপনি চিফ মিনিস্টারকে খবর দিন। আমরা জানতে চাই প্রকৃত ঘটনা কি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্রবোধবাবু, আপনি কনসার্নড মিনিস্টারের সঙ্গে যোগাযোগ করে

তাঁকে সভায় আসার জন্য খবর দিন।

(গোলমাল)

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমাকে যা বললেন সেইমতো আমি তাঁদের কাছে খবর পাঠাব।

## LEGISLATION

### The Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993

**Dr. Ambarish Mukhopadhyaya :** Sir, I beg to introduce the Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ambarish Mukhopadhyaya :** Sir, I beg to move that the Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993 be taken into consideration.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, এই ব্যাপারটার কি করলেন? এটার একটা খবর নিন। আমরা মানুষকে কি বলব? এখানে হাউস বলছে, ১১ জন মানুষ কাল রাত্রে খুন হয়েছে, আজকে বিকাল ৪।।টা পর্যন্ত আমরা কিছু জানতে পারছি না যে কি অবস্থা। সরকার এখনও পর্যন্ত জানাতে পারলেন না।

...... গোলমাল .......

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে এমন কিছু বেশি সময় লাগবে না, এটা ১০ মিনিটে শেষ হয়ে যাবে। তারপরে আপনি হাউস অ্যাডজর্নড করে চলে যাবেন। রুলিং পার্টির লোকেরা বলছেন যে সংবাদ আসছে। তাহলে এটা কেন করবেন না? আপনি ১০ মিনিট হাউস অ্যাডজর্নড করুন, তারপরে এটা নেবেন। এই বিলে এমন কিছু নেই, সেটা মন্ত্রীও জানেন, আমরাও জানি। কাজেই আপনি ১০ মিনিট হাউস অ্যাডজর্নড করে, তারপরে করেন তাহলে কি অসুবিধা হবে?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বিলের উপরে বলুন। আমি মন্ত্রী মহাশয়কে খবর দিতে বলেছি, উনি খবর দিতে গেছেন। **(এই সময়ে বুদ্ধদেব ভট্টাচার্য হাউসে প্রবেশ করেন)** বুদ্ধদেববাবু এসে গেছেন, উনি আপনাদের কাছে কিছু বলছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা

বলতে চাই, যে ঘটনা ঘটেছে সেটা খুবই মারাত্মক ঘটনা। এখনও ঘটনা চলছে, না কি সেখানে মৃতদেহ খোঁজাখুজি চলছে তবে পুলিশ পার্টি গেছে এই পর্যন্ত খবর আমি পেয়েছি রাইটার্স বিল্ডিংয়ে ৪টা পর্যন্ত। কাজেই কি হয়েছে, কতজন মারা গেছে, কারা আক্রমণকারী, কারা আক্রান্ত হয়েছে, সেই সম্পর্কে সরকার পক্ষ থেকে এই মুহূর্তে বিবৃতি চাইলে দেওয়া যায় না। আমি বিরোধী দলের সদস্যদের কাছে অনুরোধ করব যে দুই এক দিন সময় দেবার জন্য। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিধানসভার এই আশঙ্কা এবং বক্তব্যগুলি উপস্থিত করব। তারপরে মাননীয় মুখ্যমন্ত্রী তার বক্তব্য রাখছেন।

[4-20 – 4-33 p.m.]

আমি এই কথাটা শুনলাম। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, উনি বলছেন আজকে জবাব দিন।

(গোলমাল)

আমি ওনাকে বলি এই ঘটনা ঘটেছে উত্তরবঙ্গের একটি জেলার চা-বাগানের মধ্যে, এটা একটা অদ্ভুত অঞ্চল যেখানে অনেক জায়গায় পুলিশ গিয়ে পৌঁছাতে পারেনি।

**(এ ভয়েস : সংখ্যাটা বলুন)**

**(গোলমাল)**

চিৎকার করলে সংখ্যা বলা যায় না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কাল রাত থেকে ঘটনা ঘটছে, তার কথা জানতে চাইলে চিৎকার করা হয়? আমাদের সদস্যরা বলছেন আমাদের লোক মারা গেছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনারা আবেগ ছেড়ে যুক্তিতে আসুন, তবে আবেগ থাকা উচিত। এখন পর্যন্ত যা খবর পাওয়া গিয়েছে তাতে আমাদের কর্মীরা মারা গেছে। আমি দায়িত্ব নিয়ে বলছি সরকারিভাবে খবর না আসা পর্যন্ত কিছু বলা যায় না, তবে আমরা চেষ্টা করছি খবর নেবার। মাননীয় মুখ্যমন্ত্রী আগামীকাল যত তাড়াতাড়ি সম্ভব সরকার পক্ষ থেকে বক্তব্য জানাবেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা বসুন। মাননীয় মন্ত্রী বললেন যে কালকে খবর নিয়ে হাউসে বলবেন। যত তাড়াতাড়ি সম্ভব মাননীয় মুখ্যমন্ত্রী খবর সংগ্রহ করে দেবার চেষ্টা করবেন। সুব্রতবাবু আপনি বসুন।

**(গোলমাল)**

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** উনি দায়িত্ব নিয়ে বললেন যে এটা অত্যন্ত দুর্গম জায়গা। আমরা

যতদূর সম্ভব জানি, যদি কারও ভৌগোলিক জ্ঞান থাকে তিনি জানবেন এটা দুর্গম জায়গা নয়। কাল রাত থেকে ঘটনা ঘটছে, এখন সন্ধ্যা পর্যন্ত কোনও খবর নেই? একটা ছোট্ট রাজ্য আপনারা পরিচালনা করছেন। কাদের লোক আপনারা নাম করে বলুন। দুপুরবেলা পর্যন্ত ১১ জন লোক খুন হয়েছে, এখন সেটা বেড়ে মনে হয় ২৫ হয়েছে।

**(গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সুব্রতবাবু আপনি বিলের উপর বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** বিল উচ্ছন্নে যাক।

**(গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তো বলেছেন কালকে খবর সংগ্রহ করে এখানে সেই খবর দেবেন। সুব্রতরা, আপনি বিলের উপর বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** কি বিল, কিসের বিল, কার স্বার্থে এই বিল? আজকে ২৫ জন সংগঠিত শ্রমিক মারা গেল।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিরোধী দলের নেতাদের কাছে অনুরোধ করছি যেটা অসম্ভব ব্যাপার সেটা তাঁরা দাবি করছেন।

**(গোলমাল)**

এই মুহূর্তে কারা মারা গিয়েছে, কে মারা গিয়েছে সেটা বলতে হবে। এটা বলা যায় না। সরকারি তথ্য জেলা দপ্তর থেকে না আসা পর্যন্ত কোনও খবর সরকার দিতে পারে না।

**(গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সুব্রত মুখার্জি, আপনি বলুন।

**(তুমুল গোলমাল)**

**(গোলমাল)**

**শ্রী প্রকাশ মিন্‌জ ঃ** আজকে বিধানসভায় বন-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন, এই বিলকে সমর্থন করে আমি দু'চারটি কথা বলতে চাই। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি জানেন যে দার্জিলিং ভারতবর্ষের একটি গুরুত্বপূর্ণ ট্যুরিস্ট সেন্টার। এই ট্যুরিস্ট সেন্টারে গোটা ভারতবর্ষ থেকে, বিদেশ থেকে ট্যুরিস্টরা আসেন। এই অবস্থায় দার্জিলিংয়ের মিউজিয়ামটি, যেটি অধিগ্রহণ করা হয়েছে তারজন্য এখানে 'বেঙ্গল ন্যাচারাল হিস্ট্রি সোসাইটি (অ্যাকুইজিশন অব দি ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়াম) বিল, ১৯৯৩

আনা হয়েছে। আমি মনে করি এটি খুবই যুক্তিপূর্ণ।

**(গোলমাল এবং বাধাদান হতে থাকে)**

**(এই সময়ে কংগ্রেস পক্ষের সদস্যরা ডেপুটি স্পিকারের আসন ঘিরে রাখেন।)** আমি এই বিলটিকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**(গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** অম্বরিশবাবু, আপনার জবাবি ভাষণ দিন।

**ডাঃ অম্বরিশ মুখোপাধ্যায় ঃ** এই ব্যাপারে কোনও বিরোধ নেই, মাননীয় সদস্য সুব্রত মুখার্জিও বলেছেন। আমার আশা, সর্বসম্মতভাবেই এই বিলটি পাস হবে।

The motion of Dr. Ambarish Mukhopadhyay that the Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993, be taken into consideration, was then put and agreed to.

**Clauses - 1 to 11 and Preamble**

The question that clauses 1 to 11 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ambarish Mukhopadhayay :** Sir, I beg to move that the Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993, as settled in the Assembly, be passed.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that the Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 4-33 p.m. till 11.00 a.m. on Thursday, the 17th June, 1993 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 17th June, 1993 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, .1 Ministers of State and 151 Members.

[11-00 — 11-10 a.m.]

**(নয়েজ)**

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন। রবীনবাবু বলুন।

## POINT OF INFORMATION

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার কাছে এই কথা নিবেদন করতে চাই যে আজকে দেশজুড়ে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে একটা সুনির্দিষ্ট অভিযোগ উঠেছে এবং দেশজুড়ে কংগ্রেস ও বি. জে. পি. এক সঙ্গে হাত মিলিয়ে আজকে সুবিধা লাভ করছে এবং সমস্ত জায়গায় তারা আজকে সংগঠিতভাবে খুনখারাপি করার চেষ্টা করছে এবং বিধানসভায় তালপাড় করার চেষ্টা করছে। জলপাইগুড়ি জেলার বানারহাট চা বাগানে সিটু ইউনিয়ন যখন মিছিল করে যাচ্ছিল তখন সংগঠিতভাবে লাঠি, বোমা, বল্লম, টাঙ্গি, তীরধনুক নিয়ে আক্রমণ চালিয়েছে এবং জালিয়ানওয়ালাবাগ, মালোপাড়ার ঘটনা এবং ৭২-৭৭ যে সন্ত্রাস এটা তাকে ছাড়িয়ে গেছে। নৃশংসভাবে সেখানে তারা খুন করেছে এবং জঙ্গলের মধ্যে গলা কেটে, হাত কেটে তারা খুন করেছে। এই বর্বর হত্যাকান্ড কংগ্রেস দলের পক্ষ থেকে করা হয়েছে। গতকাল সুব্রতবাবু হাউসকে বিপথগামী করেছে, তারজন্য আজকে আমি তার শাস্তি দাবি করছি। আর সিটু ইউনিয়নের কর্মীদের যেভাবে খুন করা হয়েছে তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি তাদের যাতে সাজা দেওয়া হয়। কংগ্রেস দলের এই সংগঠিত আক্রমণের বিরুদ্ধে আমরা তীব্র ধিক্কার জানাচিছ। আমি স্যার আপনাকে বলতে চাই, আমরা মাঠে-ময়দানে বহু খুন হয়ে আমরা পশ্চিমবাংলায় এসেছি। কিন্তু আমরা নপুংসক নয়। এই জিনিস হতে পারে না। যদি এটা বন্ধ না হয় তাহলে আমরা মাঠে-ময়দানে মোকাবিলা করব, এদের ছিঁড়ে ফেলে দেব।

**(নয়েজ)**

এই জিনিস কখনও চলতে পারে না। এই বর্বরতা নৃশংস, মানবিকতাহীন। এই বর্বরোচিত আক্রমণের কঠোর সাজা হওয়া উচিত। আজকে এই বর্বরতার বিরুদ্ধে আমি তীব্র ধিক্কার জানাচ্ছি। আমরা মনে করি মাননীয় মুখ্যমন্ত্রী এর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন। আমরা এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন। সুব্রতবাবু বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খুনের রাজনীতি বিশ্বাস করি না এবং আমরা কোনোকালে খুনের রাজনীতি বিশ্বাস করিনি। কারা পশ্চিমবাংলায় খুনের রাজনীতি এনেছিল তা পশ্চিমবাংলার মানুষ জানে। আমি গতকাল যা বলেছিলাম আজও তাই বলছি, এই রাজ্যের মধ্যে একটা সংঘর্ষ হল, এতগুলো মানুষ খুন হল, অথচ মাননীয় মুখ্যমন্ত্রী ৩৬ ঘন্টার মধ্যে হাউসকে জানাতে পারল না। আজকে স্বরাষ্ট্র সচিবকে দিয়ে বলিয়ে নিয়েছে, যারা খুন হয়েছে তারা সব সিটুর লোক এবং যারা খুন করেছে তারা সব আই. এন. টি. ইউ. সি.-র লোক। স্বরাষ্ট্র সচিবকে বলার অধিকার কে দিয়েছে? তিনি কি বিচারক? আইন বলবে কারা খুন করেছে এবং যারা খুন করেছে তারা সাজা পাবে।

কিন্তু স্বরাষ্ট্র সচিব কি করে অগ্রিম বলে দেন যে আই. এন. টি. ইউ. সি. খুন করেছে এবং যারা খুন হয়েছে তারা সিটুর লোক? কোন আইনে বললেন? কি ভাবে বললেন?

(গোলমাল)

স্যার, এরা খুনি, এরা শাসনে প্রায় ৫০ জন লোককে খুন করেছে। আমি আবার বলছি, প্রায় ৩১ জন সেখানে আহত হয়ে আছেন এবং আজকেই সংবাদ পাওয়া যাবে যে তাদের মধ্যে অধিকাংশই হচ্ছেন আই. এন. টি. ইউ. সি.-র ওয়ার্কার। এরা আজকে মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষছে। সেখানে তীর ধনুক নিয়ে আই. এন. টি. ইউ. সি.-র মহিলা কর্মীদের আগে আঘাত করা হয়েছে এবং ভয়ানক ভাবে জখম করা হয়েছে, গণ ধর্ষণ করা হয়েছে। তার প্রতিক্রিয়ায় কিছু হতেই পারে। কিন্তু তবুও আমি মনে করি আজকে রবীনবাবু যেভাবে হাউসের মধ্যে দাঁড়িয়ে আপনার সামনে হুমকি দিচ্ছেন যে খুন করবেন প্রয়োজন হলে এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। খুন উনি অতীতে করেছেন, আগামীদিনে করবেন কিন্তু ওকে বলতে চাই যে এইরকম রাজনীতি আমরা করি না। আমরা তাই চাই এর বিচার বিভাগীয় তদন্ত হোক। কারা সিটু কারা আই. এন. টি. ইউ. সি. সেটা দেখা হোক। কারা কাদের আক্রমণ করেছে, সত্যিকারের কারা দোষী তা তদন্ত করে দেখা হোক। সঙ্গে সঙ্গে স্বরাষ্ট্র সচিবের আমি পদত্যাগ দাবি করছি। কারণ একটা পার্টির হয়ে তিনি আগাম বিবৃতি দিয়ে দিয়েছেন। ট্রেড ইউনিয়নের কিছু জানেন উনি? আইন জানেন? কি করলে মেম্বারশিপ থাকে না সেটা কি উনি জানেন? এইসব না জেনে যেভাবে উনি আই. এন. টি. ইউ. সি.-কে দোষারোপ করার চেষ্টা করেছেন তার প্রতি আমি তীব্র ধিৎকার জানাচ্ছি। আর এখানে উনি যে ধমক দিয়েছেন তার বিরুদ্ধে আমরা প্রিভিলেজ মোশন নিয়ে আসব। প্রধানমন্ত্রীকে উনি চোর বলেছেন। এটা কোন আইনে বলেছেন সেটা আমি জানতে চাই। যাদের গুষ্ঠিশুদ্ধু চোর তারা অন্যকে বলছেন। এরাই একদিন বোফর্স নিয়ে বলেছিলেন কিন্তু সেটা প্রমাণ করতে পারেন নি। আজকে ৪/৫ বছর হয়ে গেল তার প্রমাণ ওরা দিতে পারেননি। আজকে তাই বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়ে, গাঁটছড়া বেঁধে বলছেন যে প্রধানমন্ত্রী এক কোটি টাকা চুরি করেছেন। রবীনবাবু, প্রধানমন্ত্রী যদি চুরি করেন তাহলে এক কোটি টাকা চুরি

করেন না। ছাগল চুরি, গরু চুরি, মুরগি চুরি আপনারা করেন। প্রধানমন্ত্রী চুরি করলে এক কোটি টাকা নয়, এক হাজার কোটি টাকা চুরি করতে পারেন। আপনাদের সবচেয়ে ছোট মন্ত্রী, মৎস্যমন্ত্রী, তারই বছরে এক কোটি টাকা চুরির কেস আছে আর বাকি ধেড়ে মন্ত্রীদের কথা না হয় ছেড়েই দিলাম। আজকে তাই বলছি প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যৌথ তদন্ত হোক, দেখা যাক কে আসলে চুরি করেছেন। আপনাদের মন্ত্রীসভার বিরুদ্ধে তদন্ত হোক, দেখবেন চুরিটা কোথায় গিয়ে ঠেকেছে। আমি তাই আবার বলছি, তদন্ত না করে এইভাবে অভিযোগ আনা চলবে না।

**শ্রী ননী কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল সুব্রতবাবু এবং পরে বিরোধীদলের নেতা—এরা দুজনে মিলে হাউসের সামনে অসত্য ভাষণ উপস্থিত করেছিলেন। আমরা জানি কারণটা। স্যার, ইতিমধ্যেই আপনি শুনেছেন যে বম্বেতে হর্ষদ মেহেতা বলেছেন যে এক কোটি টাকা ওদের নেতার কাছে পৌছে দিয়েছেন। সে কথাটা যখন চালু হয়ে গিয়েছে তখন ইচ্ছা করে অসত্য কথা বলে মানুষকে বিভ্রান্ত করার জন্য সুব্রতবাবু এখানে এসে তাদের লোককে আক্রমণ করা হয়েছে বলে অসত্য ভাষণ দিলেন। স্যার, সে সম্পর্কে এখন খবর এসে গিয়েছে। গতকাল মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু এখানে এ সম্পর্কে বলেছেন এবং আমাদের পক্ষ থেকেও বলা হয়েছে কিন্তু তা সত্ত্বেও আমরা দেখলাম তখন ডেপুটি স্পিকার মহাশয় চেয়ারে ছিলেন তাকে ওরা তেড়ে গিয়েছেন, গোলমাল করেছেন। তারা এসব করেছেন শুধুমাত্র মানুষের দৃষ্টি অন্য দিকে সরিয়ে নিয়ে যাবার জন্য। স্যার, এইভাবে গোটা পশ্চিমবাংলায় ওরা গোলমাল করার চেষ্টা করছেন। স্যার, যেভাবে হেট ক্যাম্পেন ওরা করছেন, যেভাবে অ্যাসেম্বলিকে ওরা ব্যবহার করছেন এবং যেভাবে কিছু খবরের কাগজ লিখছে তাতে ওরা একটা আতঙ্কের আবহাওয়া সৃষ্টি করতে চাইছে এবং তারজন্যই গোলমাল করছে। স্যার, যে সব ঘটনা ঘটেছে তা কল্পনা করা যায় না। ১২ জন মানুষ, তাদের হাত কেটেছে, পা কেটেছে, গলা কেটেছে এবং সে সব জেনেশুনে এখানে এসে ওরা অন্য রকম কথা বলছেন। স্যার, আজকে দেশের ঘোর দুর্দিন, পশ্চিমবঙ্গ তার মধ্যে নতুন একটা রাস্তা দেখাবার চেষ্টা করছে।

[11-10 — 11-20 a.m.]

যার জন্য এবারের পঞ্চায়েত নির্বাচনে ৬৫ ভাগ আসন পেয়ে আজকে পশ্চিমবাংলায় আবার বামফ্রন্ট ফিরে এসেছে, তার জন্য আজকে ওরা গোলমাল করছে। ওরা বলছে বি. জে. পি.-র সঙ্গে সম্পর্ক নাকি আমাদের রয়েছে। ওদের দু কান কাটা, ওরা বাড়ির উপর দিয়ে যায়। সেই কারণে হাবড়ায় ওরা যে কান্ড করেছে, সেই কান্ডের পর ওরা এখানে এই সব অপকর্ম করছে। ওদের শুধু বি. জে. পি.-র সঙ্গে সম্পর্ক নয়, ওদের কেউ কেউ হয়ত বি. জে. পি.-র মেম্বারও হয়ে গেছে। ওরা নিজেরা নিজেদের মধ্যে কি রকম গোলমাল করে দেখুন, গতকাল ওদেরই দুজন মেম্বার বিধানসভার ভীতর কি কান্ড করলেন, আপনি যদি সময় মতো হস্তক্ষেপ না করতেন তাহলে কংগ্রেসের ঐ দুই মেম্বার মারামারি করত। ওদের অফিসে নিজেদের মধ্যে ভাগাভাগি নিয়ে মারামারি হচ্ছে। ওদের নিজেদের মধ্যে এই অবস্থা। আজকে এখন আবার জয়নাল আবেদিন সাহেব দাঁড়াচ্ছেন কিছু বলবার জন্য। এই জয়নাল

সাহেব কদিন এখানে থাকবেন, তিনি এখানকার নেতা থাকবেন কি না তা উনিও জানেন না। এই সম্পর্কে প্রতিদিন তাদের মধ্যে ঝগড়া হচ্ছে। এই রকম ভাবে পঞ্চায়েত নির্বাচনের পর ওরা সর্বত্র একটা আতঙ্ক সৃষ্টি করছেন। আজকে এই সব পত্রিকা সুব্রতবাবুর এই অসত্য ভাষণের কি জবাব দেবে? রেডিও, টি. ভি.-তেও প্রধানমন্ত্রীর বিরুদ্ধে এই গুরুতর অভিযোগ তুলে ধরা হয়নি। আজকে সকাল ৭।। টার খবরেও এই সম্পর্কে কোনও খবর নেই। জলপাইগুড়িতে যে ঘটনা ঘটল সেই সম্পর্কে কোনও খবর নেই। সি. পি. এম. পার্টি থেকে গোটা জলপাইগুড়ি জেলায় আজকে বন্ধ চলছে। আজকে গোটা পশ্চিমবাংলায় প্রতিবাদ হচ্ছে। এই খবর যখন বামফ্রন্টের চেয়ারম্যান বিবৃতি হিসাবে রাখলেন তখনও সেটা ছাপা হল না। সুব্রতবাবুর দুঃসাহস কি রকম দেখুন, আই. এন. টি. ইউ. সি.-র নেতৃত্বে সেখানে এতগুলো সিটুর লোক খুন হল, উনার নেতৃত্বে খুন হল, তিনি এখানে অসত্য ভাষণ দিলেন, যে কারণে আজকে সেখানে হরতাল হচ্ছে। সুব্রত মুখার্জির নেতৃত্বে এবং নির্দেশে এই খুন হয়েছে বলে আজকে এখানে তিনি এই অসত্য কথা বলছেন। বাইরে অনেক কিছু হবে। পশ্চিমবাংলায় ৭২ সাল আর হতে দেব না। কংগ্রেস যদি এই রকম করে তার জবাব জনগণ দেবে। পঞ্চায়েত নির্বাচনে তার জবাব দিয়েছে। মাঠে ময়দানে, বাইরে বলার কি আছে? আমি দাবি করছি সুব্রত মুখার্জির এখানে বিচার হোক। বিচারের কাঠগোড়ায় তাকে দাঁড় করানো হোক। আমরা তার বিচার চাই। বিচারের কাঠ গোড়ায় সভার সামনে সেই বিচার তার হবে। বিচারের পর বিধানসভার স্বাভাবিক কাজকর্ম হবে। এর সব অন্যায় কাজ কখনও সহ্য করা যায় না। সমস্ত কাজ বন্ধ করে দিয়ে এবং বিচার করে তারপর অন্য কাজ হবে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউস একটা নিয়মে চলে। সংবিধান আমাদের করে দিয়েছে, রুলস অব প্রসিডিয়োর অ্যান্ড কন্ডাক্ট অফ্ বিজনেস ইন দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি। আপনি আপনার চেয়ারের ঊর্ধ্বে নন।

আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর প্রশ্ন আছে। আমি রুল ৩২৮-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বলা আছে, "A member while speaking shall not use his right of speech for the purpose of obstructing the business of the House." আমাদের ফার্স্ট আওয়ার হচ্ছে কোয়েশ্চেন আওয়ার। কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করার আপনার কি কোনও এক্তিয়ার আছে? আপনার কোনও এক্তিয়ার নেই। অথচ আপনি তাই করছেন। আজকে সারা রাজ্যে ওরা মানুষ খুন করছে। এই অবস্থায় আজকে চিফ মিনিস্টারের হোম ডিপার্টমেন্ট সংক্রান্ত প্রশ্ন আছে, সুতরাং আপনার উদ্দেশ্য হচ্ছে তাকে অ্যামব্যারাসমেন্ট থেকে বাঁচান। সে জন্যই আপনি এই জিনিস করছেন। আমরা দেখছি এই কৌশল এই হাউসে আপনি বার বার নিচ্ছেন। আপনি স্পিকার হবার অনেক আগে থেকে আমি এই হাউসের সদস্য। আমি এই হাউসে ৩৫ বছর আছি। আপনি স্পিকার হবার আগে আমি কখনও দেখিনি স্পিকার কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করে অপ্রাসঙ্গিক আলোচনার সুযোগ করে দিয়েছেন। আইন অনুযায়ী ফার্স্ট আওয়ার কোশ্চেন আওয়ার। আপনি যদি মনে করেন আপনি আইনের ঊর্ধ্বে, তাহলে আমরা দুঃখ পাব এবং প্রতিকার প্রার্থনা করব।

আপনি আইনের উর্ধ্বে নন। অথচ আপনি বার বার এই চেষ্টা করে আসছেন, আমরা বার বার এই অভিযোগ করছি। আমরা লক্ষ্য করছি যখনই মুখ্যমন্ত্রীর কোন প্রশ্নে এমব্যারাসমেন্টের সুযোগ থাকে তখনই হাউসকে বিপথে চালিত হতে আপনি বাধা দেন না। এই একটা পয়েন্ট।

সেকেন্ড পয়েন্ট হচ্ছে কোনও ব্যক্তির বিরুদ্ধে, কোনও অফিসের বিরুদ্ধে সাবস্টেন্টিভ মোশন না এনে কোনও বক্তব্য এখানে রাখা যায় না। দুর্ভাগ্যের বিষয় ওরা আইন জানে না, কিন্তু জ্যোতিবাবু তো আইন জানেন। এখানে প্রাইম মিনিস্টারের নাম তোলা হয়েছে সাবস্টেন্টিভ মোশন ছাড়াই। এ ভাবে বলা চলে না। আজকে তাই যে—সমস্ত কথা ওরা বলেছে তা আপনি এক্সপাঞ্জ করতে বাধ্য। তা না হলে আমি চিফ মিনিস্টারকে আহ্বান করছি, লেট হিম ডিফেন্ড হিজ পার্টি, তিনি রান-অ্যাওয়ে করতে পারেন না। এই জিনিস হতে পারে না। এর আগের সেশনে আমরা দুর্নীতির অভিযোগ সাবস্টেন্টিভ মোশন এনে করবার চেষ্টা করেছিলাম, আপনি বাঞ্চাল করে দিয়েছিলেন। তারপর এবারে নো-কনফিডেন্স মোশনের উপর ঐ আলোচনা করেছি, কিন্তু মুখ্যমন্ত্রী কোনও উত্তর দেননি। আমরা সে জিনিস দেখেছি। আজকে স্পেসিফিক Rule 32B of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. "A member while speaking shall not—

(i) refer to any matter of fact on which a judicial decision is pending ;

(ii) make a personal charge against a member ;

(iii) use offensive expressions about the conduct or proceedings of Parliament or any State Legislatures ;

(iv) reflect on any determination of the House except on a motion for rescinding it ;

(v) reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitutions ;

(vi) use the President's or the Government's name for the purpose of influencing the debate ;

(vii) utter treasonable, seditious, or defamatory words ;

(viii) use his right or speech for the purpose of obstruct the business of the House.

স্যার, আপনি এই সুযোগ দিয়েছেন।

আমার শেষ কথা হচ্ছে, রবীনবাবু একাধিকবার—আপনি হাউসে ঢোকবার আগে এবং আপনি হাউসে ঢোকবার পরে—আমাদের খুন করবার হুমকি দিয়েছেন। এটাকে কি মনে করেছেন, কসাইখানা? উনি হুমকি দিচ্ছেন, আমাদের খুন করবেন, আর আপনি শুনছেন। আপনি শুনে মুখ ঢেকেছেন। আপনি কি কানে তুলো দিয়েছেন? ওর কথা শুনে মুখ্যমন্ত্রী মুখ লুকিয়েছেন। এ কথা আপনি বলতে দেবেন? এটা বিধানসভা, না কসাইখানা? এখানে কি ঐ হুমকি দেওয়া যাবে? আজকে মাঠের রুল ফাইট যদি এখানে হয়, তাহলে এটাকে কোন নক্কারজনক জায়গায় নিয়ে যাচ্ছেন? এই ভাবে বিধানসভা চলবে আর আপনি নীরব দর্শক হয়ে বসে থাকবেন? আপনার কাছে আমি উত্তর চাইছি, এখানে হুমকি দিতে পারে কিনা যে, ওরা মাঠে ময়দানে আমাদের খুন করবে? কোনও অধিকার আছে এ কথা বলার? এ কথা বলবে আর মুখ্যমন্ত্রী নীরব দর্শক হয়ে বসে থাকবেন? আপনি হাত দিয়ে লজ্জায় মুখ ঢাকবেন। অবশ্য আপনাদের লজ্জা নেই। এটা জাতীয় লজ্জা, রাজ্যের লজ্জা। আপনারা ডেমোক্রেসিতে বিশ্বাস করেন না, আপনারা ডেমোক্রেসিকে শুধু প্ল্যাটফ্রম হিসাবে ব্যবহার করেন। তাই ওরা এই সব কথা বলছে। দে ওয়ান্ট টু ব্রেক দি কনস্টিটিউশন। তাই আজকে সাবস্টেন্টিভ মোশন ছাড়াই প্রাইম মিনিস্টারের নাম করছে। কোন আইনে এটা ওরা করতে পারে তা আপনি দেখিয়ে দিন। আপনি বা এই হাউস আইনের উর্ধ্বে নয়। ওরা বি. জে. পি.-র দোসর ছিল, ময়দানে বি. জে. পি.-কে নিয়ে মিটিং করে চারটে রাজ্যে বি. জে. পি.-কে শাসন ক্ষমতায় প্রতিষ্ঠিত করেছিল এবং বি. জে. পি.-কে দোসর করে ভি. পি. সিং-কে দেশের শাসন ক্ষমতায় ১১ মাসের জন্য বসিয়ে সরকার চালিয়েছিল।

[11-20 — 11-30 a.m.]

এইসব কথা বলা যদি নিয়মমতো না হয়ে থাকে, যদি আইনের বাইরে হয়ে থাকে তাহলে All these words which have spoken by the Hon'ble Members of the Treasury Bench must be expunged. নইলে আমরা কৌশল ডিসাইড করতে বাধ্য হবে।

**Mr. Speaker :** Hon'ble Member, Dr. Zainal Abedin has drawn my attention to various rules, where during the question hour other than the business of question, no other business can be taken up. I repeatedly told the members that they should follow the rules strictly and the matter of principle. When question hour is over, no other business is taken up. But it has been convention of this House and also of the Opposition members to raise important matter and also setting aside the question—not the taking all these questions at the request of the Opposition. Rules can be relaxed not only for the Opposition but also for the ruling party. That depends on the exigency of the circumstances. If

it can be done it for the Opposition we can do it for the ruling party. We will go on for the debate.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এ কথা ঠিকই যে আমাদের কোয়েশ্চেন-আওয়ার আছে, কিন্তু সিচুয়েশনে ডিমান্ডটা এমন পরিস্থিতির সৃষ্টি করে যখন প্রচলিত রীতিনীতিকে ভঙ্গ করার প্রয়োজন হয়। সেই রকম একটা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। আমি সেই পরিস্থিতির সম্পর্কে বলার আগে যে কথাটা বলতে চাইছি সেটা হচ্ছে, গতকাল সিটুর ১২ জন শ্রমিককে হত্যা করা হয়েছে। আমাদের দলের পক্ষ থেকে দ্ব্যর্থহীন ভাষায় এই হত্যাকান্ডের তীব্র নিন্দা জানাচ্ছি এবং সাথে সাথে এই কথা বলছি, এই গদি সর্বস্ব দল সন্ত্রাস এবং খুনের রাজনীতি নিয়ে চলছে। সেই সন্ত্রাস এবং খুনের রাজনীতির এই দুর্ভাগ্যজনক পরিণতি। আমি এই হত্যাকান্ডের পূর্ণাঙ্গ তদন্ত এবং সাথে সাথে পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচনের আগে এবং পরে যে হত্যাকান্ড ঘটেছে তার পূর্ণাঙ্গ তদন্তের দাবি করছি এবং এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি। কারণ এমন একটি পরিস্থিতির সৃষ্টি হয়েছে যেটা প্রচলিত রীতিনীতির বাইরে এ বিষয়ে আলোচনা করা দরকার। আপনি ঘোষণা করেছেন, আমাদের প্রধানমন্ত্রীকে তিনি ১ কোটি টাকা নগদে ভেট বা ঘুস দিয়েছেন। এটা অত্যন্ত নিন্দনীয়। একথা যদি সত্য হয় তাহলে প্রধানমন্ত্রী গণতান্ত্রিক রীতিনীতিতে মেনে অবিলম্বে পদত্যাগ করুন। এটা আমার দলের পক্ষ থেকে দাবি জানাচ্ছি এবং সাথে সাথে যে সমস্ত রাজনৈতিক নেতারা এই ভেট বা ঘুষের সঙ্গে জড়িত তাদের নাম যাতে প্রকাশিত হয় এবং পূর্ণাঙ্গ ও নিরপেক্ষ তদন্ত হয় তার দাবি জানাচ্ছি। এর সাথে সাথে দাবি করছি, কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকারের মন্ত্রিসভা—বর্তমান এবং অতীতের যে সমস্ত মন্ত্রীরা—যারা ক্ষমতাসীন আছেন এবং প্রাক্তন মন্ত্রী—তাদের সম্পর্কে এই ধরনের কোনও স্বনামে কিম্বা বেনামে যাই হোক, কোনও দুর্নীতির অভিযোগ থাকলে সেই ব্যাপারে পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানাচ্ছি এই হাউসে।

**শ্রী মনোহর টিরকি :** স্যার, গত পরশুদিন রেড-ব্যাঙ্ক চা-বাগানে যে হত্যাকান্ড ঘটে গেছে তা অত্যন্ত মর্মান্তিক এবং দুঃখজনক। এই সম্বন্ধে আমি বলতে চাই, কংগ্রেসিরা এই সমস্ত ষড়যন্ত্রে ধরা পড়ছে এবং বিভিন্ন কেলেঙ্কারির সঙ্গে জড়িত হয়ে যাচ্ছে। এতে জনসাধারণের যে ক্ষোভ বাড়ছে তাকে অন্যদিকে ডাইভার্ট করে দেবার জন্য সুসংহতভাবে চেষ্টা করছে। ঝাড়খন্ডি এবং জি. এল. এন. এফ.-দের সঙ্গে মিলেমিশে চা-বাগানে এই সন্ত্রাস সৃষ্টি করছে এবং খুন-জখমের রাস্তা নিয়েছে। পঞ্চায়েত নির্বাচনেও এই জিনিস করেছিল। আসামে যেমন আলফাদের সঙ্গে মিলিত হয়ে মালিকদের কাছ থেকে টাকা-পয়সা চাঁদা হিসাবে তোলার জন্য জোর-জুলুম করেছিল, এখানেও সেইভাবে করার চেষ্টা হচ্ছে। আমি প্রশাসনকে অনুরোধ করছি, এ ব্যাপারে সঠিক ব্যবস্থা নেওয়ার জন্য। এর আগেও বহু ঘটনা ঘটেছে। শাসকদলের কেউ খুন হলে পুলিশ যেমন দৌড়ে যায়, অন্য কেউ হলে পুলিশের সে রকম উৎসাহ দেখা যায় না। এটা যেন না হয়। চা-বাগানে যাতে শান্তি থাকে সে ব্যাপারে যেন দৃষ্টি দেওয়া হয়। বিভিন্ন জাতি এবং ধর্মের লোক সেখানে কাজ করে। সাম্প্রদায়িক সম্প্রীতি সেখানে যেন বজায় থাকে। আর প্রকৃত ঘটনার তদন্ত করে দোষী ব্যক্তিদের যেন উপযুক্ত শাস্তি দেওয়া হয়।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অভূতপূর্ব পরিস্থিতির মধ্যে বিতর্ক শুরু হয়েছে। ঘটনাটা দুঃখজনক, যে কোনও মৃত্যুই মর্মান্তিক এবং আমরা তার তীব্র প্রতিবাদ করি এবং এই কথাই আমরা এতদিন—১৬ বছর ধরে বলে আসছি। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বামফ্রন্ট সরকারের রাজত্বে প্রায় ২০ হাজার মানুষের বেশি মানুষ খুন হয়েছে পশ্চিমবঙ্গে এবং কংগ্রেস কর্মী খুন হয়েছে প্রায় দু জাহার। পঞ্চায়েত নির্বাচনের আগে, পরে এবং সময়ে কংগ্রেসের কর্মী খুন হয়েছে ২৯ জন। রেড ব্যাঙ্ক চা বাগানে যে ঘটনা ঘটেছে কত জন সিটু, কতজন আই. এন. টি. ইউ. সি. সে ব্যাপারটাতে আমরা মাননীয় মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রীর বিবৃতি জানতে পারিনি। মাননীয় বুদ্ধদেববাবু হাউসে সদস্য হিসাবে এবং মন্ত্রী হিসাবে বললেন যে অত্যন্ত দুর্গম জায়গা, পুলিশ পৌঁছতে পারেনি। এই হাউসে এখানে বসে বেলা ৪টেয় একজন মাননীয় মন্ত্রী বলছেন পুলিশ পৌঁছতে পারেনি, এত দুর্গম জায়গা, আমরা খবর পাইনি, আমরা খবর নিয়ে বলব, মাননীয় মুখ্যমন্ত্রী বিবৃতি দেবার চেষ্টা করবেন। মাননীয় সুব্রতবাবু খুব উদ্বেগের মৃত্যুর ঘটনা উপস্থিত করেছিলেন এবং সরকারের কাছে জানতে চেয়েছিলেন যে কি ঘটনা ঘটেছে, নিশ্চয়ই অন্যায় করেননি। কিন্তু অত্যন্ত মর্মান্তিক ব্যাপার, যখন সারা পশ্চিমবঙ্গের ৪০ হাজার সি. পি. এমের কর্মী কংগ্রেস কর্মীদের কুচিয়ে কুচিয়ে কাটছে, যখন আদিবাসী নিধন হচ্ছে ঝাড়গ্রামের বুকে সারা বাংলায়—আমার জেলায় একটি ১১ বছরের মেয়ে মারা গেল নাম রীণা সাহু, বাবার নাম বিজয় সাহু গায়ে পেট্রল স্প্রে করে মারা হয় এই মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির হাতে ম্যানতপুরের একটি ১১ বছরের ছেলে নাম মাণিক দাস কেটে কুচিয়ে খুন করা হয়। সেই সব জল্লাদদের মুখে এইসব কথা শোভা পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুনের কথা বলতে বলতে মাননীয় প্রধানমন্ত্রীর নাম ব্যবহার করা হয়েছে।, একটা দুর্নীতি পরায়ণ দালাল রাম জেঠমালানি বি. জে. পি.-র নেতৃত্বে ভারতবর্ষের স্বাধীনতা, অখন্ডতা, ভারতবর্ষের সার্বভৌমত্ব এবং ভারতবর্ষের রাজনৈতিক অস্থিরতা সৃষ্টি করার জন্য আজকে এই তীর নিক্ষেপ করছে। সাম্রাজ্যবাদিদের সঙ্গে সাম্যবাদী মার্কসবাদীরা যুক্ত হয়েছে। অত্যন্ত দুঃখের কথা এরা রাজীব গান্ধী মহাশয়ের বিরুদ্ধে বোফর্স বোফর্স বলে চিৎকার করেছে মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, কিন্তু প্রমাণ হয়ে গেছে রাজীব গান্ধী যুক্ত নয়। এই বি. জে. পি., সি. পি. এম. উভয়ে ভারতবর্ষের মাননীয় প্রধানমন্ত্রীকে আক্রমণ করতে চাইছে। আমরা এর তীব্র বিরোধিতা করছি, কংগ্রেসের পক্ষ থেকে তদন্ত দাবি করছি, আজকে সংসদীয় কমিটি তার রেজাল্ট বের হোক, আমরা দাবি করছি তদন্ত হোক, কিন্তু তার আগে দুর্নীতি পরায়ণ দালাল হর্ষদ মেহেতা, রাম জেঠমালানির সঙ্গে বি. জে. পি., সি. পি. এমের অশুভ আঁতাত ধ্বংস হোক। ভারতবর্ষের প্রধানমন্ত্রীর চেয়ার কলঙ্কিত নয়। কংগ্রেস পক্ষ থেকে দাবি জানাচ্ছি এ ব্যাপারে তদন্ত হোক। মুখ্যমন্ত্রীর বিরুদ্ধের তদন্ত হোক এবং তা বাইরে প্রকাশ করা হোক, এই দাবি জানাচ্ছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[11-30 — 11-40 p.m.]

**শ্রী প্রকাশ মিঞ্জ ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাই অত্যন্ত দুঃখের সঙ্গে, অত্যন্ত উদ্বেগের সঙ্গে একটি ঘটনা সম্পর্কে। স্যার, আপনি জানেন, ১৯৮৩ সালে পঞ্চায়েত নির্বাচনের পর মালদা জেলার মালোপাড়া কংগ্রেস গণহত্যা করে

যেভাবে ১৩ জনকে খুন করেছিল, ঠিক তেমনিভাবে এবারের পঞ্চায়েত নির্বাচনের পর আমরা প্রতিদিন কাগজের হেড লাইনে দেখছি সি. পি. এম. কর্মীদের খুন করা হচ্ছে। গত পরশু দিন সিটু কর্মীরা যখন নিজেদের দাবি দাওয়া চা বাগানের ম্যানেজারের কাছে দিতে যাচ্ছিল তখন সুপরিকল্পিতভাবে তাদের উপর আক্রমণ করে খুন করা হয়। আমার মনে হয় এই ঘটনার সঙ্গে কংগ্রেস এবং আই. এন. টি. ইউ. সি.-র বড় নেতা এবং ঐ বাগানের ম্যানেজারের হাত আছে। বানারহাটের কাছে রেডব্যাঙ্ক টি গার্ডেনের শ্রমিকরা অন্যায়ের প্রতিবাদ করতে গেলে তাদের উপর যেভাবে আক্রমণ করা হয় এবং নৃশংসভাবে তাদের খুন করা হয়, আমার মনে হয় ঐভাবে জন্তু জানোয়ারকেও খুন করা হয় না। এইভাবে সেখানকার আদিবাসী শ্রমিকদের কংগ্রেস খুন করেছে। এখন আমি শুনলাম, ঐ ঘটনায় ৩৫ জনের মতো মানুষ আহত হয়ে মেডিক্যাল কলেজে ভর্তি হয়েছেন। যারা ঐ খুনের সঙ্গে জড়িত, যারা খুন করেছে, আই. এন. টি. ইউ. সি.-র যারা জড়িত, তাদের কঠোর শাস্তি দেবার দাবি জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমরা সব সময় যে কোনও খুনের নিন্দা করি। ১৯৭৭ সালে সামবিয়াং চা বাগানে কি নিষ্ঠুর হত্যা সংঘটিত হয়েছিল এবং সেটা কারা করেছিলেন সেটা আপনি জানেন। আজকে বিধানসভা চলছে এবং পশ্চিমবঙ্গে একজন মুখ্যমন্ত্রীও আছেন, কিন্তু সেই বিধানসভা চলাকালীন মুখ্যমন্ত্রী বিধানসভায় কোনও স্টেটমেন্ট করলেন না যে, ঐ ঘটনায় আই. এন. টি. ইউ. সি. দোষী, না সিটু দোষী বা কারা খুন হয়েছেন। সবচেয়ে বেশি হাউসকে অপমান করেছেন হোম সেক্রেটারি। হাউস চলাকালীন তিনি কি করে স্টেটমেন্ট দিলেন? একজন বিভাগীয় মন্ত্রী আছেন এবং তিনি নিশ্চয়ই এই ব্যাপারে অবহিত আছেন, সেক্ষেত্রে তিনিই ফার্স্ট স্টেটমেন্ট করবেন। কিন্তু আমাদের হোম সেক্রেটারির স্টেটমেন্ট থেকে জানতে হচ্ছে, ঐ যে খুন হয়েছেন সেটা করেছে আই. এন. টি. ইউ. সি. এবং যারা খুন হয়েছেন তারা সবাই সিটুর কর্মী। এটা দুর্ভাগ্যজনক। এর দ্বারা পশ্চিমবঙ্গের মানুষ এবং হাউসকে অপমান করা হয়েছে। কারণ এটা আমরা প্রথমে শুনব মুখ্যমন্ত্রীর কাছ থেকে। আজকে যখন ননীবাবু এবং রবীনবাবু সভায় ঢুকছিলেন তখনই বুঝেছিলাম তারা একটা জায়গা আলোচনা করেই এখানে আসছেন। কিন্তু এটা পরিতাপের বিষয়—আপনি আইনের লোক, আইন সম্বন্ধে আপনার জ্ঞান আছে—ওরা বলতে বলতে বলে দিলেন প্রধানমন্ত্রী এক কোটি টাকা হরসদের কাছ থেকে নিয়েছেন। হর্ষদ জে. পি. সি.-র কাছে সাক্ষ্য দিয়েছিলেন এবং সেখানে সবকিছুই বলেছিলেন, আমার কাছে কাগজ আছে। তিনি তখন এই ব্যাপারে কিছু বললেন না। কখন বললেন? বিলেটেড স্টেটমেন্ট মেড বাই দি অ্যাকিউজড—স্যার, আপনি তো জানেন, সুপ্রিম কোর্টের ডিসিসন আছে—শুড বি টেকন ইনটু কন্সিডারেশন উইথ ডিউ কেয়ার অ্যান্ড কশন। তাই ঐ Belated statement cannot be believed। আপনি জানেন, এ-ব্যাপারে সুপ্রিম কোর্টে ভাল নজির আছে। হতে পারেন জেঠমালানি ভাল উকিল। তিনি আদবানির সঙ্গে কথা বলেছিলেন। তিনি প্রধানমন্ত্রীর সঙ্গেও দেখা করতে গিয়েছিলেন, কিন্তু প্রধানমন্ত্রী দেখা করেননি। আদবানির সঙ্গে দেখা করে তিনি এক ঘন্টা আলোচনা করেছিলেন। ঐ আলোচনার পর হর্ষদ মেহতা ঐ স্টেটমেন্ট দিয়েছে, এফিডেভিট করেছে যে এক কোটি ঘুসের দায়ে অভিযুক্ত প্রধানমন্ত্রী। কিন্তু কেউ যদি এক কোটি টাকা ঘুস নেয় সে সাক্ষ্য রাখে না। আপনাদের মন্ত্রীরাও তো কত ঘুস খেয়েছে, কৈ

কোনও সাক্ষী রেখেছে? এই যে লক্ষ লক্ষ টাকা একটা জয়েন্ট সেক্রেটারি বাড়ি থেকে পাওয়া গেল, কৈ কোনও সাক্ষি রেখেছে? কোনও সাক্ষি রাখেনি। তদন্ত করতে গিয়ে পাওয়া গেল। আর ১০ জন লোককে সাক্ষী রেখে একটা প্রধানমন্ত্রী ঘুস খেয়েছেন। এর আগেও আমাদের আর একজন প্রধানমন্ত্রীকে—ভি. পি. সিং নয়, তখন ছিলেন পি. ভি. আমাদের নেতা, পি. ভি.-র সঙ্গে ষড়যন্ত্র করে নির্বাচন করে একটা লোককে হত্যা করিয়েছেন আপনারা। একটা নির্বাচনী বৈতরণি পার হয়েছেন। আবার এক কোটি টাকা নিয়ে যখন সারা ভারতবর্ষে একটা অস্থিরতা চলছে, একটা অর্থনৈতিক সংকট চলছে, তখন বিশ্বের দরবারে ভারতবর্ষকে ছোট করার জন্য আদবানি সাহেবের সঙ্গে জেঠমালানির যে যোগসাজস, সেই আদবানি সাহেব যেটা বলেছিলেন সেটাই আপনারা বিধানসভায় বলছেন। বরং আপনাদের বলা উচিত ছিল যে জেঠমালানি যে স্টেটমেন্ট করেছেন সেটা সম্পূর্ণ মিথ্যা এবং এটা যোগসাজস করে প্রধানমন্ত্রীকে অকারণে দোষী করা হয়েছে, একথা বলা উচিত ছিল। আমি এই বিষয়ে আলোচনা করতে প্রস্তুত আছি। আপনি আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, আপনি সমস্ত দলের লোককে নিয়ে আসুন আমরা আলোচনা করি। আলোচনা হচ্ছে, এখনও শেষ হয়নি। জে. পি. সি.-র এখনও ইনকোয়ারি চলছে। তারাও এই বিষয়ে ইনকোয়ারি করবেন। আপনাদেরও দক্ষ মেম্বার রয়েছে। আপনারা সেগুলি আলোচনা না করে এক কোটি টাকার দোহাই দিয়ে প্রধানমন্ত্রীকে নিয়ে পশ্চিমবাংলায় যা করছেন, আমি আপনাদের একথা বলব যে আপনারা যদি পশ্চিমবঙ্গের নাগরিক হন, ভারতবর্ষের নাগরিক হন, আর বি. জে. পি.-র বিরুদ্ধে যদি আপনাদের সংঘর্ষ হয় তাহলে আমাদের সকলে মিলে আজকে রেজলিউশন নেওয়া উচিত যে, যে অভিযোগ জেঠমালানি করেছেন, এটা মিথ্যা, এটাতে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর চেয়ারকে কলঙ্কিত করেছে, ভারতবর্ষে অখন্ডতাকে কলুষিত করেছে, একথা আপনাদের আমাদের সঙ্গে একই কণ্ঠে বলা উচিত। কিন্তু আপনারা এক সময়ে রাজনৈতিক ফায়দা নেবার চেষ্টা করেছিলেন, এখনও সেই জিনিস করছেন। আমি আপনাদের সাবধান করে দেই, যখন ভারতবর্ষে অর্থনৈতিক অবস্থা একটু স্বচ্ছল হচ্ছে, বিশ্বের দরবারে ভারতবর্ষের সুনাম হচ্ছে তখন আপনারা এটাকে প্রশ্রয় দেবেন না। আসুন, আমরা সকলে মিলে বি. জে. পি.-র ষড়যন্ত্রকে ব্যর্থ করে প্রধানমন্ত্রীকে সমর্থন করি এবং সেটাই ভারতবাসী হিসাবে, পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে আমাদের প্রধান এবং প্রথম কাজ। এই কথা বলে আপনাদের সমর্থনের আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটো বিষয়ে বলব। একটা হচ্ছে, যে লোকগুলি মার্ডার হয়েছে সেটা সম্পর্কে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলব যে এটার সুইটেবল ইনভেস্টিগেশন সবচেয়ে বড় কথা। তার কারণ জুডিশিয়াল ইনকোয়ারি হোক, আর যা কিছুই হোক তাতে বিশেষ কিছু হয় না যদি ইনভেস্টিগেশন প্রপারলি না হয়। এতবড় গাস্টল অ্যাফেয়ারস, আমি বলব যে অ্যাবাভ দি র‍্যাং অব এস. ডি. পি. ও., এই রকম লোককে দিয়ে সুইটেবল ইনভেস্টিগেশন হওয়া উচিত। আর দ্বিতীয় কথা হচ্ছে, পি. ভি নরসিমাহ্ রাও সম্পর্কে। অবশ্য আমাদের-রুলসে যা আছে তাতে আমার ঠিক বলা উচিৎ নয়, কিন্তু তবুও বলতে হচ্ছে কারণ আপনি অনেককে বলতে বলেছেন এবং অনেকে বলেছেন, সে জন্য আমি বলছি ইন দি ফিটনেস অব থিং তার উচিত হচ্ছে রিজাইন করে to show the Sanctity of the Indian politics. Thank you.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়িতে যে দুঃখজনক ঘটনা কালকে ঘটেছে, একজন শ্রমিক নেতা হিসাবে সুব্রত মুখার্জি শ্রমিক হত্যায় বিচলিত হয়ে হাউসে প্রসঙ্গটি উত্থাপন করেছিলেন। শ্রমিক হত্যা সব সময়ে নিন্দনীয়। কালকে মাননীয় তথ্য মন্ত্রী হাউসে আমাদের জানিয়েছিলেন যে দুর্গম জায়গা খবর নিয়ে তিনি জানাবেন।

[11-40 — 11-50 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাবার চেষ্টা করছেন। তখন সরকার পক্ষের সমস্ত সদস্য এক যোগে এই প্রসঙ্গে যাতে আলোচনা করতে দেওয়া না হয় তার জন্য সুব্রতবাবুকে ব্যাঙ্গ করেছিলেন, নানা রকম মন্তব্য করেছিলেন। তারপর স্বরাষ্ট্র সচিব বললেন যে সি. আই. টি. ইউ লোকেরা সেখানে মার খেয়েছে, তখন সরকার পক্ষের সদস্যরা চিৎকার করতে শুরু করলেন। এই স্বরাষ্ট্র সচিব এই সরকারের হাতে পরিচালিত হয়ে দলীয় রাজনীতি করতে গিয়ে এই কথা বলেছেন। এর ফলে স্বরাষ্ট্র সচিব নক্কারজনক ভূমিকা পালন করলেন। তার দায়িত্ব আইন-শৃঙ্খলা সঠিক ভাবে বজায় রাখা। কিন্তু সেটা যথাযথ পালন না করে তিনি রায় দিয়ে দিলেন ওরা সি. আই. টি. ইউ.-র লোক। আর তা শুনে শাসক পক্ষের সদস্যরা চিৎকার শুরু করে দিলেন। আমি শুধু শাসক পক্ষের সদস্যদের এই ব্যাপারে নিন্দা করছি তা নয়, স্বরাষ্ট্র সচিবের পদ থেকে যে উক্তি, যে আচরণ করা হয়েছে তার জন্য তাকে ইমিডিয়েট বরখাস্ত করা দরকার। হর্ষদ মেহেতা একটা বিবৃতি দিয়েছেন, তার পরিপ্রেক্ষিতে সরকার পক্ষের সদস্যরা উৎফুল্ল হয়ে এই প্রসঙ্গে আলোচনা উত্থাপন করেছেন এই হাউসে। হর্ষদ মেহেতার হাত এক দিকে বি. জে. পি. এবং রাম জেঠমালানি টানছে আর এক হাত বামফ্রন্ট সরকার টানছে। হর্ষদ মেহেতা বিরাট জালিয়াতি করেছে। হর্ষদ মেহেতার তথ্য অনুসন্ধান করার জন্য সংসদীয় একটা কমিটি তৈরি হয়েছে, তারা এই ব্যাপার নিয়ে বিচার করছে, অনুসন্ধান করছেন। হর্ষদ মেহেতা সেখানে এমন কোনও প্রমাণ দাখিল করতে পারেনি, এখনও কোনও প্রমাণ দিতে পারেনি যে সরকারি পদস্থ লোককে টাকা দিয়েছেন। আজকে এখানে সরকার পক্ষের বন্ধুরা ওই প্রসঙ্গ উত্থাপন করে অনেক বড় বড় কথা বলছেন। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার আইন অনুযায়ী সমস্ত ব্যবস্থা নিচ্ছে, এই যে ব্যবস্থা নেওয়া হচ্ছে এটাকে উৎসাহ না দিয়ে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়ে, সুর মিলিয়ে। হর্ষদ মেহেতা একজন আসামী, সে একটা সাক্ষী দিয়েছে, সেটাকে এখানে বেশি করে গুরুত্ব দেওয়া হচ্ছে। তাই যদি হবে তাহলে মাননীয় মুখ্যমন্ত্রীর একজন ঘনিষ্ঠ ক্যাবিনেট মন্ত্রী যখন বেঙ্গল ল্যাম্প নিয়ে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন তখন তার তদন্ত করা হল না কেন? হর্ষদ মেহেতা জালিয়াতি করেছে, হর্ষদ মেহেতার একটা বিবৃতি নিয়ে আপনারা এখানে হইচই করছেন সেই দিন আপনারা কোথায় ছিলেন যে দিন মুখ্যমন্ত্রীর ক্যাবিনেটের একজন সদস্য বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারির ব্যাপারে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন, কেন সেই দিন তদন্ত করলেন না? সেই দিন কোনও তদন্ত হয়নি। আপনারা প্রধানমন্ত্রীকে পদত্যাগ করতে বলছেন? আগে মুখ্যমন্ত্রী পদত্যাগ করুন তারপর আপনারা কথা বলবেন।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই হাউসের কাস্টোডিয়ান,

আমি আপনার থেকে একটা রুলিং চাইব। বিরোধী দলের নেতা যিনি আজকে এই সভায় গণতন্ত্র সম্পর্কে যখন নানা কথা তুলেছেন তখন গত কাল ডেপুটি স্পিকার হাউস চালাচ্ছিলেন তখন তাদের দলের একজন নেতা সুব্রতবাবু সভাকে চালাতে দিচ্ছিলেন না। তিনি এই সভাকে বিভ্রান্ত করেছেন এবং তিনি বলছিলেন যে আই. এন. টি. ইউ. সি.-র শ্রমিকদের হত্যা করা হয়েছে। আই. এন. টি. ইউ. সি.-র শ্রমিকদের হত্যা করা হয়েছে বলে বার বার সভাকে বিভ্রান্ত করেছেন এবং সভাকে অচল করে দেবার চেষ্টা করেছিলেন। মাননীয় উপাধ্যক্ষের আসরের সামনে গিয়ে তার সমস্ত মাইক কেড়ে নিয়ে সভাকে অচল করে দিতে চেয়েছিলেন। বিরোধী দলের নেতাদের প্রধান দায়িত্ব হচ্ছে গণতন্ত্র রক্ষা করা এবং এই সভাকে সুষ্ঠুভাবে পরিচালনা করতে দেওয়া।

**মিঃ স্পিকার ঃ** গত কাল একটা কমিউনিকেশন গ্যাপ হয়ে গিয়েছিল।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** আমি বলতে চাই, একটা যে কথা আছে "লজ্জা ঘেন্না ভয়, তিন থাকতে নয়", এই কথাটা আমাদের রাজ্যের বিরোধী দলের ক্ষেত্রে প্রযোজ্য। আজকে জয়নাল আবেদিন সাহেবের উঠে দাঁড়িয়ে প্রথমে বলা উচিত ছিল ১২ জন শ্রমিক যে মারা গেছে তাদের জন্য শ্রদ্ধা জানানোর জন্য নীরবতা পালন করা হোক। এই ব্যাপারে তাদের প্রথমেই স্পিকারকে অনুরোধ জানানো উচিত ছিল। ওদের তো লজ্জা নেই। ১২ জন শ্রমিক যে মারা গেছে এই ব্যাপারে কে কে বিবৃতি দিয়েছেন সেটা দেখার দরকার নেই, স্বরাষ্ট্র সচিব কি বিবৃতি দিয়েছেন সেটা দেখার দরকার নেই। আজকে সমস্ত খবরের কাগজে এই কথা বেরিয়েছে যে আই. এন. টি. ইউ. সি.-র লোকেরা সাংঘাতিক ভাবে সি. আই. টি. ইউ. শ্রমিকদের হত্যা করেছে।

সি. আই. টি. ইউ.-এর শ্রমিক বোধ হয় শ্রমিক নয়? তাদের হত্যা করলে বুঝি হত্যাকান্ড হয় না? এটা বুঝি হত্যাকান্ড হয় না? এটা বুঝি গণতন্ত্র? আর আজকে এখানে এসে সাফাই গাইছেন। আমি আপনার কাছে রুলিং চাইব, এই সভাকে যারা বিভ্রান্ত করছেন, আপনি একজন জস্টিস, আপনি আমাদের কাস্টোডিয়ান, আপনি ভারতবর্ষের একজন প্রখ্যাত স্পিকার, আমি আপনার কাছে রুলিং চাইব, ভারতবর্ষের প্রধানমন্ত্রী যেহেতু শেয়ার কেলেঙ্কারির সঙ্গে জড়িয়ে গেছেন, হর্ষদ মেহেতার সঙ্গে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর নাম জড়িয়ে গেছে—এখানে মাননীয় সত্য বাপুলি মহাশয় সুপ্রিম কোর্টের রুলিংয়ের কথা তুলেছেন, আমি আইনটা অত বুঝি না, ভারতবর্ষের প্রধানমন্ত্রী ৮০ কোটি মানুষের বিশাল দেশের প্রতিনিধি। তার উচিত গণতন্ত্রের স্বার্থে, সার্বভৌমত্বের স্বার্থে বিদেশে ভারতবর্ষের যে সম্মান আছে তা রক্ষা করে মানুষের কাছে বিশ্বাসযোগ্যতা অর্জন করবার জন্য প্রধানমন্ত্রী নরসিমা রাও পদত্যাগ করে জে. পি. সি.-কে নিরপেক্ষ ভাবে তদন্তের ব্যাপারে সাহায্য করা উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, বানারহাটের চা বাগানে নৃশংস ভাবে ১৩ জন সি. আই. টি. ইউ. কর্মী খুন হয়েছেন।

(কংগ্রেস বেঞ্চ থেকে আওয়াজ শোনা যায় ঃ—অসত্য, অসত্য।)

এটা সত্য, না অসত্য, এটা জানবার জন্যই আমি আপনার কাছে যেটা দাবি করব—আপনি কোশ্চেন আওয়ার যেহেতু সাসপেন্ড করেছেন, মুখ্যমন্ত্রীর এই বিষয়ে বিবৃতি দেওয়ার কথা। তাতে বোঝা যাবে কথাটা কতটা সত্য, না অসত্য। আমি সুব্রতবাবুকে দোষ দিচ্ছি না। এটা হতে পারে যে ওর সঠিক তথ্য ছিল না। তবে আজকে এটা দেখা যাচ্ছে আমি যে কথা বলছি সেটা ঠিক। উনি আই. এন. টি. ইউ. সি.-র সভাপতি, আমি ওর কাছে অনুরোধ করব উনি দুঃখ প্রকাশ করবেন, এতে মর্যাদাহানি হবে না। কতকগুলো দায়িত্বজ্ঞানহীন উক্তি কোন জায়গায় ঠেলে দিচ্ছে আমি তার উল্লেখ করছি। গত ১০ই জুন প্রদেশ কংগ্রেসের সভাপতি প্রেস কনফারেন্স করে বললেন যে কংগ্রেস কর্মীরা আইন হাত তুলে নেবেন। কেন বানারহাটে কর্মীরা খুন হল তা এই ধরনের উক্তি থেকে বোঝা যায়। সত্য বাপুলি এখানে আলোচনা করতে গিয়ে বললেন, 'বোমা, বন্দুক তুলে নেব।' আপনাদেরই কংগ্রেসের একজন কংগ্রেস নেত্রী, শ্যামবাজারে স্ট্রিট কর্ণার করে বললেন—হে কংগ্রেস ভাই বন্ধুগণ, চাঁদা তোল, বন্দুক কিনতে হবে। আপনাদের এই দায়িত্বজ্ঞানহীন উক্তিগুলো, আপনাদের বিভিন্ন সংগঠনের মধ্যে এই মানসিকতা তৈরি করে দিয়েছে। বিরোধী দলের কর্মীকে খুন করলে পলিটিক্যাল নেতারা তাদের হিউম্যান শেল্টার দেবে। রাজনীতিগত ভাবে বিরোধীদের দৈহিক ভাবে জীবন বিপন্ন করার উক্তি আপনারা দিচ্ছেন। এর ফল ভাল হবে না এটা আপনারা বুঝতে পারবেন। গোটা উত্তরবঙ্গের চা বাগানে আই. এন. টি. ইউ. সি.-র চেহারা কি তা বিধানসভায় এম. এল. এ.-দের চেহারা দেখলে বোঝা যাবে। উত্তরবঙ্গ থেকে একজনকেও এম. এল. এ. করে আনতে পারেন নি। আপনাদের উক্তি, আপনাদের পরিকল্পনা অনুযায়ী ওখানে ১৩ জন সি. আই. টি. ইউ. কর্মী খুন হয়েছেন।

[11-50 — 12-00 Noon]

এটা জেনে রাখুন আমরা বামপন্থী আমরা কমিউনিস্ট, আমাদের কর্মী খুন হলে তার প্রতিবাদ কী করে করতে হয় তা আমরা জানি। এবং তা জানি বলেই আপনাদেরকে জানিয়েছি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে সন্ত্রাস করেছিলেন তার ফল হিসাবেই আপনারা ৪২ এসে দাঁড়িয়েছেন। আপনারা যত খুন করছেন তত সংখ্যা কমছে। যত আপনারা আমাদের রক্ত ঝড়াবেন তত আপনারা সংখ্যায় কমবেন। যত আপনারা বামফ্রন্টের রক্ত ঝড়িয়েছেন ততই সংখ্যা কমে ৪৩ এসেছেন, এবার তার থেকেও কমে ৪ তারপরে ২ হয়ে একেবারে নিশ্চিহ্ন হয়ে যাবেন। আমরা অতীতের বদলা এই ভাবে নিচ্ছি। আপনারা রক্ত ঝড়ানো বন্ধ না করলে আপনাদের আর রাজ্যে প্রতিনিধিত্ব থাকবে না, বিধানসভাতে আপনাদের আর কোনও অস্তিত্ব থাকবে না, রাজ্যের মানুষই তার উত্তর দেবে। তারপরে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে হর্ষদ মেহেতার মতো লোককে নিয়ে। আপনাদের খেয়াল রাখা উচিত যে হর্ষদ মেহেতা একজন নামকরা কালপ্রিট। তাকে নিয়ে একটা রাজনৈতিক বাতাবরণ সৃষ্টি দেশের মধ্যে একটা সংকট সৃষ্টি করা হচ্ছে। দ্বিতীয় নং হচ্ছে দেশের প্রধানমন্ত্রী ১ কোটি টাকা ঘুস নিয়েছেন এটা দেশের মানুষ হিসাবে বিশ্বাস করতে আমাদের খুব একটা গর্ব অনুভব করব না। প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যেভাবে, অভিযোগ উঠেছে তাতে তিনি

প্রমাণ করুন যে ওই অভিযোগ সঠিক নয় এবং তারজন্য তিনি পদত্যাগ করে এটা প্রমাণ করুন যে তথ্যটি সত্য নয়। তিনি পদত্যাগ করে প্রমাণ করুন যে নির্দোষ এবং গোটা পৃথিবীতে তাতে আমাদের মর্যাদা বাড়বে। আজকে গোটা পৃথিবীর দিকে তাকান, সেখানে কি অবস্থা চলছে। ইটালিতে রাজনীতি নিয়ে কী হচ্ছে সেটা আপনাদের নজর আছে? পশ্চিমী রাজনীতির দিকে একটু নজর রাখুন। আজকে দুনিয়ার পুঁজিবাদী ব্যবস্থার কি চেহারা হচ্ছে দেখুন। পশ্চিমী দেশগুলিতে বড় বড় কলঙ্ক প্রমাণিত করছে যে পুঁজিবাদী ব্যবস্থা আর চলতে পারে না। জে. পি. সি. যে তদন্ত করছে তাতে যে প্রধানমন্ত্রী হর্ষদ মেহেতার কাছ থেকে টাকা নেননি এটা প্রমাণ করুন এবং তারজন্য তিনি আগে থেকেই পদত্যাগ করুন। আপনাদের দলের লোক তো প্রধানমন্ত্রী, আপনারা দেশের স্বার্থে তাকে পদত্যাগ করতে বলুন এবং তিনি যে নির্দোষ সেটা প্রমাণ করুন। আজকে গোটা দেশটা ডি-জেনারেশনের দিকে যাচ্ছি তাতে গোটা পশ্চিমী দেশগুলো নিশ্চিন্ন হয়ে যাচ্ছে, সেখানে ভারতবর্ষের প্রধানমন্ত্রী পদত্যাগ করে একটা দেশের সম্মান রক্ষা করুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে প্রথমেই আমাদের দলের পক্ষ থেকে বলা হয়েছে যে জলপাইগুড়ি জেলাতে যে ঘটনা অত্যন্ত নিন্দনীয় গতকাল সুব্রত মুখার্জি বিষয়টি তুলেছিলেন, তখন বুদ্ধদেববাবু সভায় এসে বলেছিলেন যে বিকেল বেলা সভায় দাঁড়িয়ে এই ঘটনা সম্পর্কে উত্তর দেওয়া সম্ভব নয়। এই ব্যাপারে সরকারের কাছে এখনও কোনও স্পষ্ট উত্তর আসেনি। সুতরাং এই মুহূর্তে তার পক্ষে বলা সম্ভব নয়। অথচ সন্ধ্যা সাতটার সময়ে দূরদর্শনের খবরে জানতে পারলাম যে স্বরাষ্ট্র সচিব বলেছেন আই এন. টি. ইউ. সি. সমর্থক সিটু সমর্থকদের আঘাত করেছে এবং নিহত হয়েছে। যেখানে অবধি রাজ্য সরকারের কাছে খবর নেই সেখানে সাড়ে সাতটার মধ্যে আরেকটি প্রতিপক্ষ দলকে এইভাবে নির্দিষ্টভাবে চিহ্নিত করা গেল কি করে আমি, বুঝতে পারলাম না। আমরা জানি সরকার পক্ষ থেকে এইভাবে একটা বিবৃতি দিয়ে আসল বিষয়টিকে লুকানোর চেষ্টা করবেন। পঞ্চায়েতের নির্বাচন থেকে আজ অবধি দেখছি তারা এই করে যাচ্ছেন যেটা নাকি জলপাইগুড়ি জেলাকে কেন্দ্র করে ঘটে গেল। দ্বিতীয়ত জ্যোতি বসুকে যখন এই হর্ষদ মেহেতা ঘটনা সম্পর্কে প্রতিক্রিয়া জানতে চাওয়া হল তার উত্তরে তিনি বললেন যে তার কোনও প্রতিক্রিয়া দেবেন না, পলিটব্যুরো যা বলার বলবেন। সেখানে কংগ্রেস দলের পক্ষ থেকে শারদ পাওয়ার, অর্জুন সিং, ভি. এন. গ্যাডগিল বিবৃতি দিয়ে সম্পূর্ণভাবে বিষয়টি অস্বীকার করেছেন এবং এইভাবে দেশের, মানুষকে একটা নিশ্চিন্তভাবে চালিত করার জন্য তাদের উদ্দেশ্যে বিবৃতি দিয়েছেন।

স্যার, আগামীকাল সাট্টা ডন রশিদ খাঁন জেল থেকে বেরিয়ে এসে যদি বলে যে মুখ্যমন্ত্রী আমার কাছে এক কোটি টাকা চেয়েছিল বা তার কোনও লোক সেই টাকা নিয়ে এসেছে। তাহলে কি এটাকে ইস্যু করে চিৎকার করতে হবে। দাউদ যদি কোনও নেতার নাম করে বলেন যে অমুক লোক আমার কাছ থেকে এত টাকা নিয়েছেন, তাহলে কি তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে বলতে হবে? তাই আমার মনে হয় এটা একটা গভীর চক্রান্ত চলছে এবং এই চক্রান্ত উদঘাটিত হোক।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশু জলপাইগুড়ি জেলার চা-বাগানে যে হত্যাকান্ড হয়েছে, সেটা গভীর চক্রান্তের ব্যপার। চা-বাগানের মালিকদের সঙ্গে পরামর্শ করে আই. এন. টি. ইউ. সি. এই হত্যাকান্ড করেছে। যখন গোটা পশ্চিমবাংলায় শিল্পোন্নয়নের একটা পরিবেশ গড়ে উঠেছে এবং সুযোগ দেখা দিয়েছে, তখন পশ্চিমবাংলার উন্নয়নকে ধ্বংস করার লক্ষ্যে এই হত্যাকান্ড করা হয়েছে। চা-বাগানের মালিক এবং কংগ্রেস দল এই কাজ করেছে। পশ্চিমবাংলার উন্নয়ন যাতে স্তব্ধ হয়ে যায়, পশ্চিমবাংলায় যাতে কলকারাখানা না হয় তারই ফলশ্রুতি হচ্ছে এই হত্যাকান্ড। গতকাল সুব্রতবাবু বলেছেন আই. এন. টি. ইউ. সি. এই হত্যাকান্ডের সঙ্গে জড়িত নয় এবং আই. এন. টি. ইউ. সি.-র লোকেরা এই খুন করেছে। আমরা যারা ট্রেড ইউনিয়ন করি তারা জানি যে কোন কারখানায় কোন ইউনিয়নের সদস্য বেশি সেটা রেজিস্টারে আছে এবং সেটাই হচ্ছে প্রমাণপত্র। এটা তদন্ত করলে সহজেই প্রকাশ পাবে যারা নিহত হয়েছেন তারা কাদের লোক এবং তারা সদস্য ছিলেন এটা রেজিস্টার দেখেই প্রমাণ হয়। যদি প্রমাণ হয় যে সিটুর সদস্যরা নিহত হয়েছে, তাহলে কি সুব্রতবাবু পদত্যাগ করতে প্রস্তুত আছেন? আজকে কংগ্রেস শুধু দুর্নীতির রাজনীতি করছে? আজকে তারা ভারতবর্ষে বোফর্স কামানের কেলেঙ্কারি করেছেন এবং তারপর আজকে এই শেয়ার কেলেঙ্কারি দেখা দিয়েছে।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে সি. পি. আই. এমের মানববাবু আমাদের জ্ঞানের কথা বলছিলেন। আজকে হর্ষদ মেহতা একজন শেয়ার দালাল। তিনি বলেছেন যে প্রধানমন্ত্রীকে তিনি এক কোটি টাকা দিয়েছেন। এর আগে বিদেশি শক্তির সাহায্যে ভারতবর্ষকে অনেক বিচ্ছিন্ন করার চেষ্টা করা হয়েছে। এর আগে বোফর্স নিয়ে অনেক কথা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত প্রমাণ হয়নি বোফর্সের ব্যাপারে কারা জড়িত ছিল? কিন্তু এটা প্রমাণ হয়েছিল যে রাজীব গান্ধী নির্দোষ ছিল। কিন্তু তাকে শেষ পর্যন্ত খুন হতে হয়েছিল। হর্ষদ মেহেতা বি.জে.পি.-এর এজেন্ট জেঠমালিনীকে নিয়ে ঘোষণা করেছেন যে এক কোটি টাকা তিনি প্রধানমন্ত্রীকে দিয়েছেন। অর্থ দপ্তরের যুগ্ম সচিব যদি বলেন যে আমি অমুক লোককে এত টাকা দিয়েছি তাহলে কি প্রমাণ হবে তিনি টাকা দিয়েছেন? তাহলে কি সরকার তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন? আজকে ভারতবর্ষে যে স্টেবল অবস্থা সেটাকে ভাঙবার জন্য বিদেশি শক্তির এই সমস্ত দালালরা এইসব কাজ করছে।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী মলিন ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা কংগ্রেসিরা বড় বড় আওয়াজ মারছে [* * * * * *]

**(তুমুল হট্টগোল)**

**(এই সময় একাধিক কংগ্রেসি সদস্য মাননীয় স্পিকার মহাশয়ের আসনের সামনে গিয়ে এই কথার প্রতিবাদ জানাতে থাকেন।)**

---

* Expunged as ordered by the Chair.

স্যার, কংগ্রেস, বি.জে.পি একসঙ্গে হয়ে গিয়েছে। কংগ্রেসি ভোটাররা সব বি.জে.পি.-কে ভোট দিয়েছে। এক একটা বুথে কংগ্রেস ১১/১২টা করে ভোট পেয়েছে, এতেই প্রমাণিত হয় যে কংগ্রেসের সঙ্গে বি.জে.পি.'র আঁতাত হয়েছে।

**মি স্পিকার :** এই কথাগুলি বাদ যাবে।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention, namely —

| | | |
|---|---|---|
| 1) | Reported killing of twelve CITU workers at Redbank Tea Garden of Banarhat Police Station at Dooars in Jalpaiguri on 15.6.1993 | : Shri Shish Mohammad and Shri Id Mohammad |
| 2) | Steps to prevent flood at Moina Block of Midnapore district | : Shri Manik Bhowmik |
| 3) | Reported non-opening of Santipur State General Hospital | : Shri Ajoy De |
| 4) | New employment potential in the State and payment of the due Dearness Allowance to the State Government employees and teachers. | : Shri Nirmal Das |

I have selected the notice of Shri Shish Mohammad and Shri Id Mohammad on the subject of Reported killing of twelve CITU workers at Redbank Tea Garden of Banarhat Police Station at Dooars in Jalpaiguri district on 15.6.1993.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Jyoti Basu**

Mr. Speaker Sir,

With your permission, I rise to make the following statement regarding the attack on a peaceful meeting of CITU workers at Redbank Tea Estate, Banarhat, district Jalpaiguri on June 15, 1993.

On June 15, 1993, at about 18.30 hrs. there was a serious incident in the Redbank Tea Garden, P.S. Banarhat, Dist. Jalpaiguri. The work force of the said tea garden is about 1,000. The Union is controlled by the Cha Bagan Mazdoor Union (CITU). A combined group of workers and persons owing allegiance to the INTUC, NLCC and the Jharkhand Party armed with deadly weapons mounted a diabolical attack on a peaceful meeting of unarmed CITU workers. This violent and premeditated attack disrupted the meeting and many CITU workers fell under the deadly hail of arrows, tangis and other offensive weapons. The police, on receiving information, went to the spot and recovered 12 dead bodies. All the 12 killed have been identified to be workers owing allegiance to the Cha Bagan Mazdoor Union. Eight other workers of the same Union were injured in the attack, all them seriously. 15 persons have been arrested so far, including 6 FIR named accused.

Senior Police officers and the Additional District Magistrate, Jalpaiguri are camping in the garden. Large units of armed police have been deployed in the garden and the surrounding areas. Investigations are being made and raids are being conducted. Some persons have been detained. The case has been handed over to the CID for a detailed investigation and necessary action. The Director-General and Inspector-General of Police is camping at Jalpaiguri to supervise the local police and to oversee investigations.

The situation is tense but under control. The CPI(M) has given a call for a 12-hour Jalpaiguri district Bundh from 6-00 a.m. to 6-00 p.m. today.

**Mr. Speaker :** Replies to today's question will be laid on the Table.

## Starred Questions

## (to which written answers were laid on the Table

### Incidents of Violence in Panchayat Elections

*11. (Admitted question No. *6) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of violent incidents that took place during campaigning, polling and counting for the Panchayat Elections held on 30th May, 1993 ;

(b) the number of persons killed injured in the incidents with their

political affiliations ; and

(c) steps taken by the Govt. in the matter?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 172.

(b)

| Killed | | Injured | |
|---|---|---|---|
| 22 | | 352 | |
| (Politcal affiliation) | | (Political affiliation) | |
| Cong. (I) | — 7 | Cong. (I) | — 200 |
| C. P. M. | — 11 | C. P. M. | — 130 |
| B. J. P. | — 1 | B. J. P. | — 7 |
| F. B. (S) | — 1 | F. B. (S) | — 3 |
| F. B. | — 1 | F. B. | — 3 |
| J. K. P. (Jharkhand Party) | — 1 | J. K. P. (Jharkhand Party) | — 9 |
| Total : | 22 | Total : | 352 |

(c) Specific cases have been started against the accused persons. A large number of arrests have been made. The Total number of arrested persons is 735. All the cases are under investigation.

পঞ্চায়েত নির্বাচনে দলগত প্রার্থী

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *১) শ্রী রবীন দেব ও শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সম্প্রতি অনুষ্ঠিত রাজ্যের নির্বাচনে (৩০শে মে, ১৯৯৩) জেলাভিত্তিতে কোন কোন স্বীকৃত রাজনৈতিক দল প্রতিটি স্তরে কত জন করে প্রার্থী দিয়েছেন এবং তম্মধ্যে কতজন করে প্রার্থী জয়লাভ করেছেন?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সম্প্রতি অনুষ্ঠিত চতুর্থ সাধারণ পঞ্চায়েত নির্বাচনে বিভিন্ন স্বীকৃত রাজনৈতিক দল গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ স্তরে মোট কতজন প্রার্থী দিয়েছেন এবং তম্মধ্যে কতজন প্রার্থী জয়ী হয়েছেন তার জেলাভিত্তিক পরিসংখ্যান অদ্যাবধি প্রাপ্ত তথ্যের ভিত্তিতে 'ক', 'খ', এবং 'গ' সারণিতে লিপিবদ্ধ করে

সারণিক 'ক'

সম্প্রতি অনুষ্ঠিত চতুর্থ পঞ্চায়েত নির্বাচনে গ্রাম স্তরে স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও জয়ী প্রার্থীর জেলা ভিত্তিক পরিসংখ্যান

| | সি.পি.আই. (এম) | | সি.পি.আই | | আর.এস.পি. | | এ.আই.এফ.বি. | | আই.এন.সি. | | বি. জে. পি. | | জনতা পার্টি | | জনতা দল এ | | জনতা দল(বি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা |
| ১। হাওড়া | ২৮৬৭ | ১৬১৯ | ৭৪ | ১৬ | ৪ | — | ৪৮৯ | ১৫৪ | ২৯১৩ | ১২০১ | ২০২৮ | ১১২ | — | — | ০২ | — | ৩৪ | — |
| ২। উঃ চব্বিশ পরগনা | ৩৯২৮ | ২৪২২ | ২৩৫ | ৮৬ | ২৪৭ | ৪৫ | ৩৫৭ | ১০৬ | ৩৯৬৫ | ১২৯৩ | ২৯০৮ | ১৯৪ | — | — | — | — | ৩০ | ০১ |
| ৩। দঃ চব্বিশ পরগনা | ৫৮৮৭ | ২৭৭১ | ৯৪ | ১৯ | ৬২৩ | ৩২০ | ৬২ | ১৮ | ৫৩১২ | ২০৭৪ | ৩৩৪০ | ২২১ | — | — | — | — | ০৫ | — |
| ৪। মুর্শিদাবাদ | ৪৯০৯ | ২৩০১ | ৫৫১ | ২৫ | ১৬১৭ | ৩৪৩ | ১২৫০ | ১৯৮ | ৪৬৩৭ | ১৯০০ | ১৮৬১ | ২৯১ | ৪৯ | — | — | — | ৪০ | ০২ |
| ৫। নদীয়া | ৩৬৯৬ | ১৯৫৯ | ১৫৪ | ২১ | ২৪৮ | ২৮ | ১১৫ | ০৮ | ৩৬৪১ | ১৩৩০ | ২৮৮৭ | ৩০৭ | — | — | — | — | ০৫ | — |
| ৬। বর্ধমান | ৪৯৬৮ | ৪০৯২ | ১৮০ | ৯৬ | ৫২ | ৩৮ | ১৭৯ | ৯১ | ৪১৬৪ | ৭৪২ | ৩০২০ | ১৭৬ | — | — | — | — | ৩৪ | ০৮ |
| ৭। বাঁকুড়া | ৩২০৯ | ২৩৬৪ | ২৩১ | ৩১ | ২৬২ | ১০১ | ৪২২ | ৮৯ | ২০৩৯ | ৪৬৬ | ১৫৩৩ | ১৪১ | — | — | — | — | — | — |
| ৮। মেদিনীপুর | ৮৪৩৭ | ৫৫৯৯ | ৯১৫ | ৩০২ | ১৫১ | ১৮ | ২৫৩ | ১৪ | ৬৭৮২ | ২২২৩ | ৪০৪৩ | ১২৯ | — | — | ০৩ | — | ১৯ | ০৬ |
| ৯। পুরুলিয়া | ২৪৭৬ | ১৬৬৪ | ৬৮ | ১৭ | ৪২ | — | ৭৪৪ | ১৮৬ | ১৮২৯ | ৮৯৭ | ৫৬৭ | ২১ | — | — | — | — | ০৪ | — |
| ১০। বীরভূম | ২৮৫৭ | ১৮৮০ | ২০৫ | ৩৯ | ১৭৩ | ৩০ | ৬৬৭ | ১২৬ | ২২৪২ | ৫৩২ | ১৭৮৭ | ২৪৫ | ১৬ | ০২ | ০৫ | — | ১১ | — |
| ১১। হুগলি | ৪১৬৪ | ৩১২৩ | ২১০ | ৭০ | ১২ | ০৪ | ৩৭৭ | ৫০ | ৩২৩৩ | ৮২২ | ১৯৭০ | ২৮ | — | — | — | — | ০৩ | ১ |
| ১২। জলপাইগুড়ি | ২১১৯ | ১২৪০ | ৬৬ | ০৮ | ৮৯৪ | ১৭০ | ১০৭ | ১১ | ২০৯০ | ৬৩৪ | ১৬৬৯ | ৬৯ | — | — | — | — | ১০ | — |
| ১৩। কুচবিহার | ২২৯৮ | ১৩৯৩ | ৬৬ | ০১ | ২৯ | ০৩ | ৯৩৯ | ৭৫ | ২৩৩৮ | ৫৩৯ | ১৯৮৪ | ৭৮ | — | — | — | — | — | — |
| ১৪। মালদা | ২৬৯৪ | ১৪১১ | ১৪৫ | ১০ | ৩১৯ | ১৫ | ১৪০ | ২৫ | ২৭৯৬ | ১০৬৯ | ১৯১৪ | ২১৪ | — | — | — | — | ১২ | — |
| ১৫। উঃ দিনাজপুর | ১৮৩৭ | ১০৬৩ | ৮২ | ১১ | ১৯৮ | ৬৮ | ৪৬০ | ৮৬ | ১৭৬৮ | ৫৬৯ | ১০৮৬ | ৭৬ | — | — | — | — | ০৬ | — |
| ১৬। দঃ দিনাজপুর | ১২২৮ | ৪৩৪ | ১৩ | ১০ | ১০৭৮ | ৩৪৫ | ১৯৭ | ০৪ | ১২৫০ | ৩৯৩ | ১১৩১ | ৬২ | — | — | — | — | — | — |
| মোট | ৫৭৫৭৪ | ৩৫৩৩৫ | ৩৩৬৯ | ৮০২ | ৫৯৪৬ | ১৫২৮ | ৬৭৫৮ | ১২৪১ | ৫০৯৯৯ | ১৬২৮৪ | ৩৩৭২৮ | ২৩৬৪ | ৬৫ | ০২ | ১০ | — | ২১৩ | ১৭ |

## সারণিক 'খ'

### সম্প্রতি অনুষ্ঠিত চতুর্থ পঞ্চায়েত নির্বাচনে পঞ্চায়েত সমিতি স্তরে স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও জয়ী প্রার্থীর জেলা ভিত্তিক পরিসংখ্যান

| | সি.পি.আই (এম) | | সি.পি.আই | | আর.এস.পি. | | এ.আই.এফ.বি. | | আই.এন.সি. | | বি. জে. পি. | | জনতা পার্টি | | জনতা দল এ | | জনতা দল(বি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা |
| ১। হাওড়া | ৪৩৩ | ২৭২ | ১৩ | ০৪ | — | — | ৬৮ | ১৮ | ৪৪৪ | ১৬৮ | ৩০৯ | ০৫ | — | — | ০১ | — | ০৪ | — |
| ২। উঃ চব্বিশ পরগনা | ৫৮২ | ৪৪৪ | ৩১ | ০৯ | ৫০ | ৪৫ | ১২ | ৬০০ | ১৪৪ | ৪৭৮ | ০৯ | — | — | — | — | — | ০৪ | — |
| ৩। দঃ চব্বিশ পরগনা | ৯০৮ | ৪৮৬ | ১১ | ০২ | ৯৮ | ৬০ | ১১ | — | ৮৫২ | ২৮৬ | ৫৯৯ | ১৩ | — | — | — | — | ০৩ | — |
| ৪। মুর্শিদাবাদ | ৭১০ | ৩৮২ | ৮৯ | ০১ | ২৭৫ | ৪৩ | ১৭৪ | ১০ | ৭০৯ | ২৮৫ | ৩৫৬ | ২১ | — | — | — | — | ১০ | — |
| ৫। নদীয়া | ৫৪১ | ৩৪৪ | ২৩ | ০৫ | ৩৫ | ০৪ | ২৫ | ০২ | ৫৪১ | ১৭২ | ৪৫৮ | ১৮ | ০৯ | — | — | — | ০২ | — |
| ৬। বর্ধমান | ৭২৭ | ৬৭২ | ২৩ | ১৪ | ১৮ | ১৬ | ৩৬ | ২৫ | ৬৭১ | ৬২ | ৫০৬ | ০৬ | — | — | — | — | ০৩ | — |
| ৭। বাঁকুড়া | ৫২৩ | ৪৫১ | ৩৩ | ০৫ | ৫০ | ২০ | ৮৫ | ১২ | ৩৭৫ | ৪২ | ২৯০ | ০৮ | — | — | — | — | — | — |
| ৮। মেদিনীপুর | ১৪৩৭ | ১০৪৯ | ১১৩ | ৩৩ | ২৫ | ০১ | ৪৪ | — | ১১৭৪ | ৩২২ | ৭৫৪ | ০৩ | — | — | — | — | ০৫ | — |
| ৯। পুরুলিয়া | ৪৩১ | ৩৪৮ | ১৩ | ০২ | ১০ | — | ১৩৭ | ৩৯ | ৩৮২ | ৬৭ | ১২৪ | ০২ | — | — | — | — | — | — |
| ১০। বীরভূম | ৪৭৩ | ৩৮৭ | ৩৫ | ০৫ | ৩০ | ০২ | ১০৬ | ১৪ | ৪১৫ | ৬৪ | ৩৩৭ | ১৪ | ০৩ | — | ০২ | — | ০৫ | — |
| ১১। হুগলি | ৬২৩ | ৫১৭ | ৩৪ | ০৮ | ০২ | — | ৫৪ | ০৪ | ৫১৩ | ৯৪ | ৩২৫ | — | — | — | — | — | ০২ | — |
| ১২। জলপাইগুড়ি | ৩৪৫ | ২২৮ | ০৮ | — | ১৬৯ | ২৪ | ১৪ | — | ৩৪৩ | ৯৪ | ২৭৪ | ০৪ | — | — | — | — | ০২ | — |
| ১৩। কুচবিহার | ৩৫৮ | ২৩৫ | ০৬ | — | ০২ | — | ১৪৯ | ১০ | ৩৬২ | ৭৯ | ৩২০ | ০৬ | — | — | — | — | — | — |
| ১৪। মালদা | ৪১৫ | ২৬৫ | ২১ | ০৩ | ৫৭ | — | ২১ | ০১ | ৪২৮ | ১৪৯ | ৩৩৯ | ০৯ | — | — | — | — | ০৫ | — |
| ১৫। উঃ দিনাজপুর | ২৭৭ | ১৭৩ | — | ০১ | ৩১ | ০৫ | ৭০ | ১৫ | ২৮১ | ৮০ | ১৮১ | ০৪ | — | — | — | — | — | — |
| ১৬। দঃ দিনাজপুর | ১৯০ | ৭৭ | ১৫ | — | ১৬৮ | ৬১ | ৩৫ | — | ১৯২ | ৫৩ | ১৭৭ | ০১ | — | — | — | — | — | — |
| মোট | ৮৯৭৩ | ৬৩৩০ | ৪৬৮ | ৯২ | ১০২০ | ২৪১ | ১০৭৪ | ১৬৯ | ৮২৮২ | ২১৬১ | ৫৮২৭ | ১২৩ | ১২ | — | ০৩ | — | ৪৫ | — |

## সারণিক 'গ'

### সম্প্রতি অনুষ্ঠিত চতুর্থ পঞ্চায়েত নির্বাচনে জেলা পরিষদ স্তরে স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও জয়ী প্রার্থীর জেলা ভিত্তিক পরিসংখ্যান

| | সি.পি.আই. (এম) | | সি.পি.আই | | আর.এস.পি. | | এ.আই.এফ.বি. | | আই.এন.সি. | | বি. জে. পি. | | জনতা পার্টি | | জনতা দল এ | | জনতা দল(বি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা | মোট প্রার্থীর সংখ্যা | মোট জয়ী প্রার্থীর সংখ্যা |
| ১। হাওড়া | ২৪ | ২৩ | ০১ | — | — | — | ০৫ | ০২ | ২৭ | ০৩ | ২৭ | — | — | — | — | — | ০১ | — |
| ২। উঃ চব্বিশ পরগনা | ৪১ | ৪০ | ০১ | ০১ | ০৫ | — | ০৫ | ০২ | ৪২ | ০১ | ৪২ | — | — | — | — | — | — | — |
| ৩। দঃ চব্বিশ পরগনা | ৫৫ | ৩৬ | — | — | ০৫ | ০৩ | ০১ | — | ৫৭ | ১৩ | ৫৫ | — | — | — | — | — | ০২ | — |
| ৪। মুর্শিদাবাদ | ৪৭ | ৩৬ | ০৬ | — | ২৩ | ০২ | ১৭ | — | ৫১ | ১৪ | ৪২ | — | — | — | — | — | ০৪ | — |
| ৫। নদীয়া | ৩৩ | ৩১ | — | — | ০৩ | — | ০৩ | — | ৩৪ | ০২ | ৩৪ | — | — | — | — | — | — | — |
| ৬। বর্ধমান | ৫৪ | ৫১ | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | ৬২ | ০৩ | ৫৪ | — | ০২ | — | — | — | — | — |
| ৭। বাঁকুড়া | ৩৯ | ৩৯ | ০৩ | — | ০৪ | ০২ | ০৭ | ০২ | ৪১ | — | ৩২ | — | — | — | — | — | — | — |
| ৮। মেদিনীপুর | ১০৩ | ৯১ | ০৫ | ০২ | ০৫ | — | ০৫ | — | ৯৬ | ১২ | ৯৩ | — | — | — | — | — | — | — |
| ৯। পুরুলিয়া | ৩৩ | ৩২ | — | — | ০২ | — | ১০ | ০৫ | ৪০ | ০২ | ২১ | — | — | — | — | — | — | — |
| ১০। বীরভূম | ৩৬ | ৩৩ | ০১ | ০১ | ০৩ | — | ০৭ | ০১ | ৩৮ | ০৩ | ৩৫ | — | ০২ | — | ০১ | — | ০১ | — |
| ১১। হুগলি | ৩৬ | ৩৫ | ০২ | — | — | — | ০৯ | — | ৩৬ | ০১ | ৩৩ | — | — | — | — | — | — | — |
| ১২। জলপাইগুড়ি | ২৫ | ২০ | — | — | ১৩ | ০১ | — | — | ২৫ | ০৫ | ২০ | — | — | — | — | — | ০১ | — |
| ১৩। কুচবিহার | ১৭ | ১৫ | — | — | — | — | ০৮ | ০৩ | ২৩ | ০২ | ২৩ | — | — | — | — | — | — | — |
| ১৪। মালদা | ২৯ | ২৬ | ০১ | — | ০৭ | — | — | — | ৩০ | ০৪ | ৩০ | — | — | — | — | — | — | — |
| ১৫। উঃ দিনাজপুর | ১৬ | ১৪ | — | — | ০২ | — | ০৬ | — | ১৮ | ০৪ | ১৮ | — | — | — | — | — | — | — |
| ১৬। দঃ দিনাজপুর | ১৪ | ০৭ | ০১ | — | ১৪ | ০৪ | ০৮ | — | ১৪ | ০৩ | ১৪ | — | — | — | — | — | — | — |
| মোট | ৬০২ | ৫২৯ | ২৩ | ০৬ | ৮৮ | ১৪ | ৯৩ | ১৭ | ৬৩৪ | ৭২ | ৫৭৩ | — | ০৪ | — | ০১ | — | ০৯ | — |

দেওয়া হল। এই প্রসঙ্গে বলা যায় যে, গত ৬ই জুন তারিখে অনুষ্ঠিত পুনরায় ভোট গ্রহণের ফলাফলও এই সারণিগুলিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## Deaths in Police Custody

*13. (Admitted question No. *11) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) the total number of deaths in Police Custody in the City/State from 1977 to 1992;

(b) the number of political activists, if any, among the victims; and

(c) the number of cases in which Judicial Inquiry has been ordered?

**Minister-in-charge of the Home (Political) Department :**

(a) Two hundred fourteen persons died while detained in police custody, out of which 56 persons died in lock-ups and others died in hospitals, health centres etc., while remaining in police custody.

(b) Nil.

(c) One.

## জয়কৃষ্ণপুর নেতাজী হাইস্কুলের প্রধান শিক্ষক খুনের ঘটনা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ-কথা কি সত্যি যে, গোঘাটের জয়কৃষ্ণপুর নেতাজী হাইস্কুলের প্রধান শিক্ষক প্রকাশ্য দিবালোকে খুন হয়েছেন ; এবং

(খ) সত্যি হলে,—

(১) কারণ কি, এবং

(২) ঘটনায় জড়িত ব্যক্তিদের গ্রেপ্তার করা হয়েছে কি এবং না হলে তার কারণ কি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উনি গত ০৩. ০৯. ৯১ তারিখে ভোর ৪টা থেকে ৪.৩০ টার মধ্যে খুন

হয়েছেন।

(খ) (১) পুরানো শত্রুতা।

(২) অভিযুক্ত ১৯ জন ব্যক্তির মধ্যে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে এবং ১৭ জন আগাম জামিনের জন্য সুপ্রিম কোর্টে আবেদন করেছেন।

### সীমান্তে অনুপ্রবেশ রোধে ব্যবস্থা

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬) **শ্রী আবদুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সীমান্তে বাংলাদেশি অনুপ্রবেশ রোধে রাজ্য সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১। অনুপ্রবেশকারিদের প্রতি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়।

২। অনুপ্রবেশকারিদের সনাক্ত করে ফেরত পাঠানোর উদ্দেশ্যে মোবাইল টাস্কফোর্স সমেত পশ্চিমবঙ্গ পুলিশ অভিযান চালায়।

৩। অনুপ্রবেশের ব্যাপকতা রদ করার জন্য সীমান্তে বি. এস. এফ.-এর চৌকি সংখ্যা ও নজরদারি বাড়ানো হয়েছে।

৪। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে মোবাইল টাস্ক ফোর্সের শক্তি বৃদ্ধির প্রস্তাব করেছেন।

৫। মোবাইল টাস্ক ফোর্স এবং সীমান্ত রক্ষীবাহিনীর যাতায়াতের সুবিধার জন্য সীমান্তের কাছাকাছি সড়ক নির্মাণের কাজ শুরু হয়েছে।

৬। সীমান্ত বরাবর বেড়া তৈরির বিষয় বিবেচনা করা হচ্ছে।

### সীমান্ত দিয়ে গরু পাচার

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রায় প্রতিদিনই পশ্চিমবাংলার সীমান্ত দিয়ে হাজার হাজার গরু বাংলাদেশ পাচার করা হচ্ছে ; এবং

(খ) অবগত থাকলে, এ বিষয়ে সরকার কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবাংলার সীমান্ত দিয়ে গরু পাচারের ঘটনা সঠিক হলেও ইহা ঠিক নয় যে

প্রায় প্রতিদিনই সীমান্ত দিয়ে হাজার হাজার গরু বাংলাদেশে পাচার করা হচ্ছে।

(খ)

(১) সীমান্তে বি. এস. এফ.-এর চৌকিসংখ্যা ও নজরদারি বাড়ানো হয়েছে।

(২) বি. এস. এফ. সীমান্তে নজরদারি আরও কঠোর করেছে।

(৩) সীমান্ত অঞ্চলের থানাগুলিকে নজরদারি বৃদ্ধি করার নির্দেশ দেওয়া হয়েছে।

### উগ্রপন্থী ধরতে পাঞ্জাব পুলিশের অভিযান

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী আবদুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ-কথা কি সত্যি যে, সম্প্রতি পাঞ্জাব সরকারের পুলিশ এই রাজ্যে আশ্রয় লওয়া শিখ উগ্রপন্থিদের ধরার জন্য এক বিশেষ অভিযান চালিয়েছিল ; এবং

(খ) এই রাজ্যে আশ্রয় লওয়া উগ্রপন্থিদের বিরুদ্ধে রাজ্য পুলিশ এ পর্যন্ত কি কি ব্যবস্থা নিয়েছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) প্রয়োজনমতো খবরাখবর রাখা হচ্ছে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ;

### Murder in Belpahari

*18. (Admitted question No. *77) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the incidents of murder in Belpahari P. S. area on 9-5-93 ;

(b) if so,—

(i) number of persons murdered and political party affiliations of those persons, and

(ii) the reasons thereof ;

(c) number of persons arrested and political identity of the arrested persons; and

(d) the latest position of the cases ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) Yes,

(b) (i) 6, CPI(M).

(ii) Violent, premeditated and diabolical criminal attack by Jharkhand Party activists.

(c) 65 persons of the Jharkhand Party.

(d) Under investigation.

**Mr. Speaker :** Today I have received a notice of privilege from Shakti Bal, addressed to the Secretary, West Bengal Legislative Assembly, which is as follows :

**Notice of Privilege Motion**

"I hareby give notice that I propose to move a privilege motion in the House to-day 17.6.1993 against the English Daily 'The Telegraph' for having committed the breach of privilege of the House by publication on 15.6.93 of false and distorted version of the Hon'ble Chief Minister's speech made in the House on 14.6.93 in reply to the No-confidence motion brought against the Council of Ministers. The grounds are as follows :

'C.P.I. responsible for Post-Poll Violence' — Basu as published in 'The Telegraph' is a totally false and distorted version of Hon'ble Chief Minister."

Mr. Shakti Bal move your privilege notice.

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে দি টেলিগ্রাফ, ইংরাজি ডেইলি পত্রিকা, সেই পত্রিকায় যে খবর গত ১৫ তারিখে প্রকাশিত হয়েছে, সেটা আপনার কাছে প্রিভিলেজ কোশ্চেনের প্রশ্ন তুলে প্রিভিলেজ মোশন আনবার জন্য নোটিশ দিয়েছি। সেটা বলার মূল উদ্দেশ্য হচ্ছে, খবরটা যেভাবে প্রকাশিত হয়েছে, সেই খবর আমাদের এই পবিত্র বিধানসভার সামগ্রিকভাবে প্রিভিলেজ ভঙ্গ করেছে এবং সভার অধিকার ক্ষুণ্ণ করেছে, এইভাবে আপনার কাছে আমি নোটিশ দিয়েছি। আমার দুটো অভিযোগ, গত ১৪ তারিখে বিরোধী পক্ষ থেকে মন্ত্রী সভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয়েছিল। সেই অনাস্থা প্রস্তাব সম্বন্ধে বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ থেকে যারা জবাবি ভাষণ দিয়েছিলেন —কিন্তু আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী এবং সভার নেতা মাননীয় জ্যোতি বসু, তিনি যে জবাবি ভাষণ দিয়েছিলেন, সেই জবাবি ভাষণ সম্পর্কে দি টেলিগ্রাফ, ইংরাজি পত্রিকা একটা অসত্য ভাষণ ছাপিয়েছেন, তাঁর ভাষণকে বিকৃত করে তার মুখে বসিয়ে দেওয়া হয়েছে। যেটা সভার অধিকার ভঙ্গ করেছে, সেটা পড়ে দিচ্ছি। সি. পি. আই. রেসপন্‌সিব্‌ল ফর পোস্ট-পোল ভায়লেন্স—বাসু। মন্ত্রী মহাশয় জবাবি ভাষণে যা বলেছেন সেই জবাবি ভাষণের সমস্ত কপি আপনার কাছে একজ্যাক্টলি দিয়েছি। এই হাউসের সমস্ত মাননীয় সদস্যদের কাছে এই হাউসের একটা মর্যাদা আছে, সেই সভার যিনি নেতা, তার বক্তৃতাকে সম্পূর্ণভাবে বিকৃত করে

কাল্পনিকভাবে তার মুখ দিয়ে বলিয়েছেন, যা তিনি বলেন নি, সেটা বসিয়ে দেওয়া হয়েছে। যার ফলে বামফ্রন্টের ঐক্য নষ্ট হবার পক্ষে সহায়ক হয়েছে। এখানে যে সব সাংবাদিক উপস্থিত আছেন, তাদেরও একটা মর্যাদার ব্যাপার আছে। তাদের কাছে আমার আবেদন এবং সমস্ত পত্রিকাগুলোর কাছে আমার আবেদন, তাদের গণতান্ত্রিকভাবে মত প্রকাশের অধিকার নিশ্চয়ই আছে, তাদের প্রচারের মাধ্যমে লক্ষ লক্ষ মানুষের কাছে প্রতিদিন খবর পৌঁছায়। আনন্দবাজার পত্রিকা প্রতিদিন শুধুই ৮/৯ লক্ষ করে প্রকাশন হয়। এবং আরো অনেক পত্র-পত্রিকা রয়েছে, যেগুলো লক্ষ লক্ষ মানুষের কাছে পৌঁছায় এবং তা তারা পড়েন। সুতরাং এইভাবে যেন কোনও অসত্য সংবাদ কোনও সংবাদপত্রে প্রকাশিত না হয়। আমাদের দেশে অনেক ভুল সংবাদ পরিবেশনের জন্য স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন বিভ্রান্তি ঘটেছে। বিদেশে সংবাদপত্রের একটা আলাদা মর্যাদা আছে, মর্যাদা ক্যারি করে। একবার লণ্ডনের একটা সংবাদপত্রে প্রফুরো কেলেংকারির কথা প্রকাশিত হওয়ার ফলে সেই দেশের সরকারকে পদত্যাগ করতে হয়েছিল।

[12-10 — 12-20 p.m.]

স্যার, আমি আজকে আপনার মাধ্যমে এই পবিত্র বিধানসভার কাছে আবেদন করছি বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করা হোক। সাংবাদিক এবং সংবাদপত্রের প্রতি শ্রদ্ধা জানিয়েই আমি এখানে উপস্থিত সংবাদপত্রের সাংবাদিক বন্ধুদের কাছে আবেদন করছি, তাঁরা যেন সংবাদ কালেকশন এবং সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সততার পরিচয় দেয়। বিধানসভা চলছে বলে আমি এখানে ঐ মিথ্যা সংবাদ প্রকাশের বিরুদ্ধে প্রতিবাদ করার সুযোগ পাচ্ছি। কিন্তু ইতিমধ্যেই ঐ মিথ্যা সংবাদ লক্ষ লক্ষ মানুষের কাছে পৌঁছানোর এবং মানুষকে বিভ্রান্ত করার সুযোগ পেয়েছে। সুতরাং আমি এ বিষয়ে আপনার রুলিং চাইছি।

## RULING FROM CHAIR

**মিঃ স্পিকার ঃ** আমি আপনার নোটিশ পেয়েছি। কনটেন্ট অফ্ দি স্পিচের কপিও আপনি ফাইল করেছেন। অ্যাপারেন্টলি একটা ভায়োলেন্স হয়েছে। যে কথা বলা হয় নি, সে কথা ওরা ছেপেছে। কিন্তু আমাদের হাউসের একটা কনভেনশন আছে—আমরা প্রথমে প্রেসকে লিখি তাঁদের বক্তব্য শোনার জন্য। সুতরাং তাঁদের বক্তব্য শোনার জন্য আমাদের সেক্রেটারি তাদের কাছে চিঠি লিখবেন। তাঁদের বক্তব্য আমরা চাইব। তাঁরা কি উত্তর দেন তা দেখে তারপর আমরা আমাদের পরবর্তী সিদ্ধান্ত নেব। এটাই আমাদের প্রোসিডিয়োর। আমরা প্রথমে ওঁদের কাছে জানতে চাইব ওঁদের কি বক্তব্য আছে। সেক্রেটারি উইল রাইট্ টু দি প্রেস অ্যাণ্ড আস্ক ফর আন এক্সপ্ল্যানেশন।

## MENTION CASES

**শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা চাঞ্চল্যকর তথ্য উত্থাপন করতে চাই। তথ্যটা হ'ল—কলকাতার দক্ষিণ প্রান্তে পোর্ট ট্রাস্টের জমিতে গঙ্গা স্যাংশন প্ল্যানের কাজ হতে চলেছে। এই কাজ করার জন্য কলকাতার দক্ষিণ প্রান্তে বহু জমি থাকা সত্ত্বেও জিঞ্জিরা-বাজারের কাছে প্রায় ১০০ ছোট দোকানদার আজ প্রায় ৩০ বছর ধরে পসরা বিছিয়ে বসে কাঁচামাল, জামা-কাপড়, মিষ্টি ইত্যাদি বিক্রি করছে তাদের উচ্ছেদ করে

সেই জায়গায় গঙ্গা অ্যাকশান প্ল্যানের কাজ হতে চলেছে। এই যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, এর আমি বিরোধিতা করছি। আমি অবশ্যই কেন্দ্রীয় সরকারের গঙ্গা অ্যাকশন প্ল্যানের বিরোধী নই, আমি তাকে সমর্থন করি। এই কাজের মধ্যে দিয়ে আমাদের পরিবেশ দূষণ মুক্ত হবে। কিন্তু ওখানে বেস্ ব্রিজের কাছে যে একটা পেট্রোল পাম্প আছে তার পাশে যথেষ্ট পরিমাণে খালি জমি থাকা সত্ত্বেও বাজারের দোকানগুলোকে উচ্ছেদ করে সেই জায়গায় কাজ করার যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তার বিরোধিতা করছি। যদি পাশের খালি জমিতে গঙ্গা অ্যাকশন প্ল্যানের কাজ করা হয় তাহলে ১০০০ দরিদ্র হকার বাঁচতে পারে আর যদি তা না করা হয়, যদি দোকান উচ্ছেদ করে ওখানেই কাজ করতে যাওয়া হয় তাহলে সংঘর্ষ অনিবার্য। ঐ বাজারের জায়গাটাকে বাদ দিয়ে গঙ্গা অ্যাকশন প্ল্যানের কাজ হোক। সংঘর্ষ যাতে না হয় তার জন্যই আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমাদের মালদা জেলার একটা গুরুত্বপূর্ণ ঘটনা এখানে তুলে ধরছি। আমাদের মালদা জেলায় যে ফায়ার ব্রিগেডটি আছে তার দ্বারা গোটা জেলা কভার করা সম্ভব হচ্ছে না। জেলার দূরবর্তী কোনও জায়গায় কোনও ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে ফায়ার ব্রিগেড সেখানে পৌঁছোবার আগেই বাড়ি-ঘর, মানুষ-জন পুড়ে ছাই হয়ে যায়। অবিলম্বে মালদা জেলায় ফায়ার স্টেশনের সংখ্যা বাড়ানো দরকার। তা বাড়ালে মালদার মানুষ উপকৃত হবে। মালদা ফায়ার স্টেশনে মাত্র দুটি গাড়ি আছে এবং তার মধ্যে একটা গাড়ি বেশিরভাগ সময়ে খারাপ হয়ে থাকে এবং একটা গাড়ি সব জায়গায় গিয়ে পৌঁছতে পারে না। তা সম্ভবও নয়। সুতরাং অবিলম্বে গাড়ির সংখ্যা বাড়ানো দরকার। মালদা টাউন থেকে হরিশ্চন্দ্রপুর ১০০ কিলোমিটার দূরে। চাঁচল ৮০ কিলোমিটার দূরে এবং হবিবপুর, বামনগোলা প্রভৃতি এলাকা ৪০ কিলোমিটার দূরে অবস্থিত। ফলে মালদা টাউনের ফায়ার ব্রিগেটটির গাড়ি ঐ সব জায়গায় আগুন নেভাতে গিয়ে পৌঁছাবার আগেই সমস্ত কিছু পুড়ে ছাই হয়ে যায়। কাজেই এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয় তাই আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে মালদা জেলায় ফায়ার স্টেশনের সংখ্যা বাড়ানো হোক এবং বর্তমান স্টেশনটিতে গাড়ির সংখ্যা বাড়ানো হোক তাহলে মালদা জেলার মানুষের উপকার হবে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের সালার মৌজা, বরহাটি মৌজা, কান্দ্রা মৌজা এবং বিনোদিয়া মৌজায় যে সমস্ত ক্লাস্টার শ্যালো বহুদিন আগে হয়েছিল সেগুলি এখন অকেজো হয়ে পড়ে আছে। এর ফলে চাষিরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সালারে যে ক্লাস্টার শ্যালো আছে সেটাও অকেজো হয়ে পড়েছে। এর জন্য যে ২ জন শ্রমিক নিযুক্ত আছে—একজন অপারেটর এবং একজন নাইট গার্ড—এরা বসে বসে বেতন নিচ্ছে, কারণ ক্লাস্টার শ্যালো চালু হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ক্লাস্টার শ্যালো চালু করা হয় এবং ঐ কর্মচারী ২ জন বসে বসে বেতন না পায়।

**শ্রীমতী রুবি নুর ঃ** মাননীয় স্পিকার স্যার, পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সারা

বাংলায় যে অন্যায় অবিচার চলছে তা আপনারা সবাই জানেন। আমি তার একটি প্রতিচ্ছবি আপনার মাধ্যমে এই হাউসের সামনে তুলে ধরতে চাই। আমাদের কালিয়াচক ব্লক ২-র ছারকা গ্রামে, আমার কনস্টিট্যুয়েন্সির মধ্যে, আমার চোখের সামনে আমি আই-উইটনেস—এটা গল্প কথা নয়, নিজের চোখে দেখেছি, ৩রা জুন, সি.পি.এমের একটা মিছিল যাচ্ছিল। সেখানে কিছু কংগ্রেস কর্মী ছিল। ওদের সাথে কথা কাটাকাটি এবং মারধোর আরম্ভ হয়। তারপর কংগ্রেস কর্মী হাকিম শেখের বাড়ি আক্রমণ করে। হাকিম শেখ প্রাণ নিয়ে কোনও রকমে পালিয়ে যায়। কিন্তু হাকিম শেখের স্ত্রীর উপর অন্যায় অত্যাচার করা হয়। শুধু তাই নয়, তার ৮ মাসের শিশু কন্যাকে মাটিতে ফেলে পা দিয়ে পিষে মেরে ফেলা হয়। আমি ডেড বডিটা নিয়ে তার পরের দিন থানায় যাই এবং বিচারের জন্য প্রত্যেকের কাছে অনুরোধ জানাই। থানার লোকেরা খুব ভালোভাবে বুঝিয়ে দিলেন বিচার করব, আপনি ফিরে যান। কিন্তু আজ পর্যন্ত শাস্তি দেওয়া তো দূরের কথা, ওদের কাউকে গ্রেপ্তার পর্যন্ত করা হয়নি। আমি শুনলাম, উল্টে হাকিম শেখের ওয়ারেন্ট বেরিয়েছে। হাকিম শেখ ঘর ছাড়া, চারিদিকে আশ্রয়ের জন্য ঘুরে বেড়াচ্ছে। আমি অন হিউম্যানিটেরিয়ান গ্রাউণ্ডে বিচার চাই।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে পানাগড়ে ডি. ভি. সি. কর্তৃক ১৯৫৬ সালে তারা ইরিগেশন এক্সপেরিমেন্টাল ফারমিং ১৮৫ একর জমি নিয়ে শুরু করেন এবং ১৯৮৯ সাল থেকে এই ফার্মটা সিড ফার্মে রূপান্তরিত হয়েছে। সেখানে সাড়ে ৩০০ কৃষি শ্রমিক কাজ করেন। সেই সিড ফার্ম থেকে প্রতি বছর পশ্চিমবঙ্গ সরকারের যে বীজ নিগম আছে তারা প্রায় সিকি ভাগ অর্থাৎ ২৫ পারসেন্ট উন্নত ধরনের বীজ সরবরাহ করেন। এখন ডি. ভি. সি. কর্তৃপক্ষ তার খাম-খেয়ালির জন্য এই ফার্মটি বন্ধ করে দেবার সিদ্ধান্ত নিয়েছে। ১৮৫ একর ফার্টাইল ল্যাণ্ড একসঙ্গে আছে যা চাষ করলে ৩ ফসল পাওয়া যাবে। শুধু তাই নয়, ম্যানেজমেন্ট ছেড়ে দিলে পর ইউনিয়নের পক্ষ থেকে বলছে যে এটাকে লাভজনক করা যাবে। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করছি, ডি. ভি. সি. কর্তৃপক্ষের এবং কেন্দ্রীয় মন্ত্রীর উপর ইমপ্রেস করা হোক যাতে এই ১৮৫ একর কৃষি ফার্মটি বন্ধ না হয়। সাড়ে ৩০০ কৃষি শ্রমিক অনাহারের মুখে পড়েছে। তাই অনুরোধ করছি, ডি. ভি. সি. কর্তৃপক্ষ এবং কেন্দ্রীয় মন্ত্রীকে বলা হোক যাতে ঐ ফার্মটি চালু করা হয় এবং সাড়ে ৩০০ শ্রমিক যাতে কাজ করার সুযোগ পায়। তারা লাভজনক ফার্মে পরিণত করে দেবে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমরা সংবাদপত্রে দেখলাম পশ্চিমবঙ্গে তফসিলি এবং উপজাতি কল্যাণ বিভাগের সচিবের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে। বেকার যুবকদের এস. টি. ডি. আই. এস. ডি. ফোন পাইয়ে দেবার নাম করে প্রতারণা করছেন। স্যার, মন্ত্রী এবং সচিবদের বিরুদ্ধে একের পর এক অভিযোগ আসছে, কিন্তু কিছুই প্রমাণ হচ্ছে না। আজকে সমস্ত পিছিয়ে পড়া মানুষ, তাদের অনগ্রসরতার সুযোগ নিয়ে যে সচিব—জানিনা কার বিরুদ্ধে অভিযোগ এসেছে—যদি সত্যি হয় তাহলে অবিলম্বে বিচার বিভাগীয় তদন্ত হোক এবং যতদিন তদন্তের রিপোর্ট না বেরোয় ঐ সচিবকে তাঁর পদের দায়িত্ব থেকে সাসপেণ্ড করা হোক।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র মুর্শিদাবাদের জলঙ্গী এখানে পি.ডবলিউ. ডি. রাস্তার এমন অবস্থা হয়েছে যে ওখান থেকে বাস এসে বহরমপুর পৌঁছাবে কিনা তার সন্দেহ আছে। ডোমকল রাস্তার অবস্থাও খুবই করুণ। জলঙ্গী থেকে কাছড়াপাড়া যেখানে বি.এস.এফ ক্যাম্প আছে সেখানে বহরমপুর আসার রাস্তাটাও একেবারে বিপদের সীমায় গিয়ে পৌঁছেছে। কোথাও যাবার অবস্থা নেই, এবং যে কোনও মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। তাই অবিলম্বে রাস্তাটি যাতে মেরামত করা হয় এবং বহরমপুরের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করা যায় সেজন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার ব্যাপারে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সেচ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী একটু আমার কথাটা শুনবেন। শ্যামপুর দু-নম্বর রূপনারায়ণ নদীর বাঁধ ভীষণ খারাপ অবস্থায় চলে গেছে, এলাকার মানুষ নাম দিয়েছে ভাঙ্গা বাঁধ। বর্ষার আগে বাঁধটি মেরামত না করতে পারলে শ্যামপুর এক এবং দু-নম্বর জলের তলায় তলিয়ে যাবে। কাজেই জরুরি ভিত্তিতে বাঁধটি মেরামত করার জন্য সেচ দপ্তরের কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি গত ১৫ তারিখে জানিয়েছিলাম যে রাজ্যের বিভিন্ন প্রান্তে কংগ্রেস, বি.জে.পি. ঝাড়খণ্ড-এরা যে বিশৃঙ্খলা এবং অশান্তির সৃষ্টি করছে তাদের প্রচার মাধ্যমগুলি আকাশবাণী এবং দূরদর্শন যেভাবে তাদের কথা প্রচার করছে এর দ্বারা বিভিন্ন প্রান্তের সমাজবিরোধীরা নানা ধরনের সমাজবিরোধী কার্যকলাপ চালাচ্ছে। আমার কেন্দ্রের কড়েয়া থানায় গত ৬ই জুন পরভিন নামে ৯ বছরের কিশোরীর উপর বলাৎকার করবার পর তাকে খুন করা হয়। ঐ ঘটনায় পুলিশ ইতিমধ্যে দুইজনকে ধরেছেন এবং দুইজনই কংগ্রেসের সমাজবিরোধী। আমরা লক্ষ্য করছি, বি.জে.পি এবং কংগ্রেস আজকে সারা রাজ্যে এই সমস্ত কাজ করছে, যেমন বানারহাটের ঘটনা। গত ১৪ তারিখে তারা হাওড়ার জেলা শাসকের অফিসের সামনে পুলিশকে আক্রমণ করেছিল, ব্যাঙ্ক জ্বালিয়ে দিয়েছিল। আমরা দেখেছি, তারা জনগণের সম্পত্তি ট্রাম বাস নষ্ট করেছে। আর পরিবহন শ্রমিকরা যখন মিছিল করছিলেন তখন ঐ নির্লজ্জ আনন্দবাজার এবং টেলিগ্রাফ তাদের বিরুদ্ধে কথা বলেছে। গোটা রাজ্যে কংগ্রেস এবং বি.জে.পি-র এই অরাজকতা সৃষ্টির বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই বিধানসভায় মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত এক মাস যাবৎ নদীয়া জেলায় প্রচণ্ড লোডশেডিং চলছে বিদ্যুতের অভাবে। এই লোডশেডিং-এর জন্য সমগ্র নদীয়া জেলাতে, বিশেষ করে কৃষ্ণনগর, রানাঘাট, নবদ্বীপ, শান্তিপুর প্রভৃতি শহরাঞ্চলে ঠিকমতো পানীয় জল সরবরাহ করা যাচ্ছে না এবং তার ফলে মানুষের চরম দুর্ভোগ হচ্ছে। নদীয়া জেলা কৃষি প্রধান অঞ্চল এবং পাট চাষের জন্য বিখ্যাত। কিন্তু বিদ্যুতের অভাবে চাষিরা পাটখেতে জলসেচ দিতে পারছেন না। এই বিদ্যুৎ সঙ্কটের সময় বিদ্যুৎ মন্ত্রীকে সভায় দেখতে পাচ্ছি না। গত বাজেট অধিবেশনে তিনি বলেছিলেন দিনের ২৪ ঘণ্টার মধ্যে এক-দুই ঘণ্টার বেশি লোডশেডিং হবে না। তিনি আরও বলেছিলেন, বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে বলে বিহার এবং উড়িষ্যাকে নাকি বিদ্যুৎ

দেওয়া হবে। যেখানে নিজের ঘরে আলো নেই সেখানে তিনি অন্যের ঘরে আলো দেবার কথা বলছেন। এই চরম লোডশেডিং-এর ফলে পরীক্ষার্থিরা পড়াশুনা করতে পারছে না। বি.এ. এবং অন্যান্য যেসব পরীক্ষা হচ্ছে সেখানে পরীক্ষার্থিদের অন্ধকারে বসে পরীক্ষা দিতে হচ্ছে। এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য আমি বিদ্যুৎ মন্ত্রীর কাছে দাবি করছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবে মাত্র গঙ্গা নদীতে বন্যা চলে এসেছে। আমি ইতিপূর্বে গত বছর যখন বন্যার সময় হতে যাচ্ছে সেই সময় আমার এলাকার মেরুপুর গ্রামে প্রিচিং এবং এ্যাপ্রোন ভাঙতে শুরু করে। আমি ঐ ব্যাপারে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তিনি বিষয়টা চিফ ইঞ্জিনিয়ারকে বলেছিলেন এবং আমাকেও তার কাছে পাঠিয়েছিলেন। তার সঙ্গে আমার বহু আলোচনাও হয়েছিল। তিনি বিষয়টা দেখবেন বলে জানিয়েছিলেন। এক বছর হয়ে গেলো, কিন্তু তিনি কোনও কাজ করলেন না। এখানে ইরিগেশন মিনিস্টার নেই, কিন্তু স্টেট মিনিস্টার আছেন। যদি অবিলম্বে মেরুপুরের প্রিচিং এবং অ্যাপ্রোন মেনটেনেন্সের ব্যবস্থা না করেন তাহলে গোটা এলাকা ধ্বংস হয়ে যাবে। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য ইরিগেশন স্টেট মিনিস্টারকে অনুরোধ করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী কেন্দ্র নওদার শ্যামনগর সম্পর্কে রাজ্যের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই একটি গ্রাম, যে গ্রামে প্রায় ১।। হাজার ঘর লোক বাস করে এবং নওদা থানা থেকে অনেক দূরে যেখানে কোনও রাস্তা নেই। দীর্ঘদিন থেকে এরা অবহেলিত হয়ে আছে। আমি বারবার এখানে আসার পরে এই হাউসে এই ব্যাপারে আপনার মাধ্যমে বলেছি। কিন্তু আজও কোনও ব্যবস্থা করা হয়নি। বছরের ৬ মাস এই গ্রামটি একটা দ্বীপের মতো ভাসে, কোনওরকম যোগাযোগের ব্যবস্থা থাকে না, সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে পড়ে। এটাকে কালান্তর এরিয়া বলা হয়। এই বিষয়ে আমি বারবার বলেছি, আবার আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই রাস্তাটি সেখানে হওয়া দরকার। এটা হওয়া যে কতখানি দরকার সেটা তদন্ত করলে বোঝা যাবে। প্রায় ৭।৮ কিলোমিটার হবে পাকা রাস্তা থেকে শ্যামনগর গ্রাম যেখানে আছে। কিছুদিন আগে এই পাশের গ্রামে কমিউনাল রায়ট হল। পুলিশ সেখানে ৭।৮ ঘণ্টা ঘুরেও পৌছাতে পারেনি। একথা বারবার বলেছি যে প্রশাসন থেকে যথা সময়ে যেতে পারে না। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা করা হয়নি। আজকে আমি আবার আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে এই রাস্তাটা হওয়া একান্ত দরকার। এটা না দেখলে অনুমান করা যাবে না যে ৭।৮ কিলোমিটার রাস্তা না হওয়ার জন্য এই গ্রামটা বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। সেখানে কোনও রাস্তা নেই, এটা অবহেলিত গ্রাম। আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীকে দ্রুত ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের কৃষি মন্ত্রীর প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে পাটের মরশুম এসে গেছে। যারা দরিদ্র চাষি তারা ডিসট্রেস সেলে অভাবে পাট বিক্রয় করতে শুরু করেছে, অনেকে প্রয়োজনের তাগিদেও পাট বিক্রয় করছে। অথচ জুট কর্পোরেশনের কোনও পাত্তা

নেই। অনেকে বলে যে এটা জুট কর্পোরেশন নয়, রুট কর্পোরেশন। কারণ সময় মতো জুট কর্পোরেশনের কোনও পাত্তা পাওয়া যায়না। আজকে পাট বিক্রয় ক্ষেত্রে এই রকম একটা অবস্থা দেখা দিয়েছে। আমি কৃষি মন্ত্রীকে অনুরোধ করব যে অবিলম্বে জুট কর্পোরেশনের সঙ্গে করুন যাতে তারা উত্তরবঙ্গের হাটগুলিতে অ্যাটেন করেন এবং গরিব চাষি যারা অভাবের দায়ে পাট বিক্রয় করছে তারা যাতে ন্যুনতম মূল্য পায় তার জন্য ব্যবস্থা করেন। জুট কর্পোরেশন ভাওতা দিচ্ছে, পশ্চিমবঙ্গের চাষের জন্য প্রয়োজন হলে স্টেট কো-অপারেটিভ ব্যাংক থেকে ঋণ নিয়ে এখানে জুট কর্পোরেশন অব ওয়েস্ট বেঙ্গল গড়ে তোলা হোক পাট চাষিরা যাতে অভাবের সময়ে পাটের মূল্য পায়। আজকে এর থেকে সেখানে শতশত কোটি টাকা বৈদেশিক মুদ্রা আসছে সেখানে কেন্দ্রীয় সরকার তাদের ন্যুনতম দায়িত্ব পালন করেন না, জুট কর্পোরেশনকে কোনও ডাইরেকশন দেননা পাট কেনার ব্যাপারে। কাজেই প্রয়োজন হলে মুখ্যমন্ত্রী জুট কর্পোরেশনের সঙ্গে কথা বলুন এই আবেদন করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলির শ্রীরামপুর হাসপাতালে ঔষুধ নেই, কোনও চিকিৎসাপত্র হয় না। এখন বিল্ডিংগুলিও ভেঙে পড়ছে কিন্তু পি. ডবলিউ. ডি মিনিস্টার কোনও দায়িত্ব পালন করেন না। এখন এমন একটা অবস্থা দেখা দিয়েছে যে ঐ হাসপাতালের ছাদ থেকে জল পড়ছে, মুমুর্ষ রুগীকে অন্য জায়গায় স্থানান্তরিত করতে হচ্ছে।

মেন্টেনেন্সের অভাবে হাসপাতাল বিল্ডিংটার যে অবস্থা হয়েছে তাতে রোগীরা থাকতে পারছে না। তার উপর আবার ঔষধের অভাব রয়েছে, এক্সরে মেশিনগুলি মাঝে মাঝে অকেজো হয়ে যাচ্ছে। অ্যাম্বুলেন্সের অবস্থা আরো খারাপ। এই চরম অবস্থার জন্য মানুষ হাসপাতালে চিকিৎসা পাচ্ছে না। শুধু শ্রীরামপুর নয়, হাওড়া এবং চন্দননগর সাব ডিভিশনের একটা বিরাট অংশের মানুষ এই হাসপাতালের উপর নির্ভরশীল। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই ব্যাপারে ইমিডিয়েট ব্যবস্থা নিন, হাসপাতাল বিল্ডিংটার রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করুন এবং ঔষধপত্র যাতে সরবরাহ হয় তার জন্য ব্যবস্থা নিন।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন, আমি তার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র বজবজের মহেশতলা ব্লক এরিয়া কলকাতার লাগোয়া। আশ্চর্যের বিষয় স্বাধীনতার পরে আজ পর্যন্ত ওই ব্লকে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই। আগে আমি এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে বলেছি, উনি সি. এম. ও. এইচ.-কে একটা পরিকল্পনা করতে বলেছিলেন। প্রায় ১ বছর হয়ে গেলো এখনও পর্যন্ত এই ব্যাপারে কোনও উদ্যোগ বা আয়োজন আছে বলে আমরা মনে করছি না। এলাকার মানুষ ওই হাসপাতালের জন্য জমি দিতে প্রস্তুত আছেন, সরকার এই ব্যাপারে কোনও উদ্যোগ নিচ্ছে না। এলাকার মানুষ আজকে হাসপাতাল দাবি করছে না, অন্তত একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রও করে দেওয়া হোক যাতে করে রোগের সামান্য চিকিৎসা করানো যেতে পারে যাতে সামান্য কারণে কলকাতায় আসতে না হয়। এখন সামান্য চিকিৎসার জন্য মানুষকে কলকাতায় আসতে হচ্ছে। এই হয়রানির হাত থেকে মানুষকে রক্ষা করার জন্য নিশ্চয়ই বামফ্রন্ট সরকার সুযোগ দেবে। সেই জন্য এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমি বলছি এই জন্য যে আমাদের মাননীয় বিধায়কদের জানা উচিত কেন্দ্রীয় সরকারের কতকগুলি নর্মস আছে। তার মধ্যে একটা নর্মস হল প্রতিটি ব্লকে একটি করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থাকবে। আমাদের সেই স্বাস্থ্যকেন্দ্র আছে। আমরা সেই জন্য একটা ব্লকে একটার বেশি স্বাস্থ্যকেন্দ্র করতে পারব না। করতে হলে আমাদের গ্রামীণ হাসপাতাল করতে হয়। সেই ধরণের প্রস্তাব এলে আমি দেখতে পারি। অনেকে বলে থাকেন আর একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র করুন। কিন্তু এটা আমি করতে পারি না। কেন্দ্রের যে নীতি আছে সেই অনুযায়ীই আমাকে কাজ করতে হয়।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কমনওয়েলথ টেস্ট গেমস ইভেন্টস কনটেস্ট যেটা ক্যানাডায় অনুষ্ঠিত হবে তাতে ভারতবর্ষ থেকে ৪ জনকে মনোনীত করেছে জিমনাস্টিক ফেডারেশান অফ ইণ্ডিয়া। ভারতবর্ষ থেকে যে ৪ জন নির্বাচিত হয়েছে তাদের মধ্যে পশ্চিমবাংলার একজন আছে যে কানাডায় যাবার জন্য নির্বাচিত হয়েছে। সেখানে যাবার জন্য যে খরচ, এয়ার ফেয়ার, বোর্ডিং এবং লজিং ইত্যাদির জন্য ৬২ হাজার ৫০০ টাকা প্রয়োজন। স্যার, একটা চিঠির মাধ্যমে আমাদের যে প্রতিনিধি, পশ্চিমবাংলা থেকে যে জিমন্যাস্ট নির্বাচিত হয়েছে সেই শম্পা দে কে জানানো হয়েছে ১০ হাজার টাকা তোমাকে দেওয়া হবে বাকি ৫২ হাজার ৫০০ টাকা তোমাকে যেখান থেকে হোক জোগাড় করতে হবে। স্যার, এক দিকে যেমন লজ্জার বিষয় যে সে যেতে পারছে না টাকার অভাবে, অন্যদিকে আনন্দিত যে এই শম্পা দে আমার কেন্দ্রের একজন ভাল জিমন্যাস্ট। এই শম্পা দে নিজের প্রচেষ্টায় আমাদের এলাকায় একটা ছোট জিমন্যাস্টের ক্লাব আছে, সেই ক্লাবে দীর্ঘ দিন ধরে এলাকার ছেলে-মেয়েদের নিয়ে জিমন্যাস্টিক শিখেছে। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে যে সমস্ত প্রতিযোগিতা হয়েছে তাতে অংশগ্রহণ করেছে। আমি ক্রীড়ামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যেন তাকে এই ৬২ হাজার ৫০০ টাকা দেওয়া হয় যাতে সে অংশগ্রহণ করতে পারে।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী হাউসে উপস্থিত আছেন, উনি নিশ্চয়ই অবগত আছেন, আমি আপনার মাধ্যমে বিষয়টি তাঁর দৃষ্টিতে আনছি। বালি জুট মিল যেটি হাওড়া জেলায় অবস্থিত, এটিতে পাঁচ হাজার শ্রমিক কাজ করেন। এটি আজকে প্রায় মাসের উপরে লক-আউট হয়ে আছে। অনেকগুলো দ্বিপাক্ষিক বৈঠক হয়েছে। মালিক পক্ষের অনমনীয় মনোভাবের জন্য কিছু হচ্ছে না, অচলাবস্থা চলছে। মাননীয় শ্রম মন্ত্রীকে আমি অনুরোধ করব, তিনি ব্যক্তিগতভাবে উদ্যোগ নিয়ে—এর বাজার ঠিক আছে—অবিলম্বে বালি জুট মিলটি যাতে চালু হয় তারজন্য আলোচনা করুন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** বালি জুট মিল নিয়ে আলাদাভাবে লেবার কমিশনার এবং মালিক পক্ষের যিনি এই ব্যাপারটি দেখেন, দু'জনের সঙ্গে আলোচনা হয়েছে। তারপর একসঙ্গে আলোচনা হয়েছে। এরপর ইউনিয়নগুলো মালিকের সঙ্গে আলাদাভাবে বসেছিলেন। সম্প্রতি সমস্ত ইউনিয়ন দু'একদিনের মধ্যে আমার কাছে আসবেন। আমি তাদের তারিখ দিয়েছি। মালিকপক্ষের যিনি এটি দেখেন তাঁর সঙ্গে কথা হয়েছে। আমার লেভেলে আমি কিছুটা

কথাবার্তা আরম্ভ করব। বালি থেকে নির্বাচিত এম. এল. এ., যিনি মন্ত্রী, পতিতপাবন পাঠক, তাঁর মাধ্যমে কিছুটা কথাবার্তা হয়েছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, সল্টলেকের জমির ব্যাপারে একটা বিতর্কিত অবস্থার সৃষ্টি হয়েছে। পুলিশ কমিশনার ১৪ই জুন লালবাজারে বসে সাংবাদিক সম্মেলন করে বললেন যে, মুখ্যমন্ত্রীর কোটায় জমি পাইয়ে দেবার কথা তার জানা নেই। তারপর বলেছেন যে মুখ্যমন্ত্রীর কোনও কোটা নেই। আবার রাজ্যের অ্যাডভোকেট জেনারেল নরনারায়ণ গুপ্ত গতকাল বলেছেন, পুলিশ কমিশনারের বক্তব্য ঠিক নয়। মুখ্যমন্ত্রীর শতকরা ২৫ শতাংশ কোটা আছে। মুখ্যমন্ত্রী যদি বিভিন্নভাবে তার বিচার্যের মধ্যে পড়ে তাহলে তা তিনি দিতে পারেন। একদিকে পুলিশ কমিশনার বলছেন মুখ্যমন্ত্রীর কোনও কোটা নেই, আবার অন্যদিকে অ্যাডভোকেট জেনারেল বলছেন, আছে। আবার খোদ মহাকরণে যুগ্ম সচিব সল্টলেকের জমি নিয়ে দালালি করছেন। বিরোধী পক্ষ থেকে এই বিষয়ে আমরা বিচার বিভাগীয় তদন্ত দাবি করছি। সল্ট লেকের জমি কাদের পাবার কথা? বিধান রায়ের সময়ে সিদ্ধান্ত ছিল মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তরা সল্টলেকের জমি পাবেন। এখন দেখা যাচ্ছে যে জমি যা আগে বিক্রি হয়ে গিয়েছে তা হস্তান্তরিত হচ্ছে এক-দেড় লক্ষ কাঠায় সমস্ত অসাধু ব্যবসায়িরা, অত্যন্ত ধনী ব্যক্তিরা সল্টলেকের সমস্ত জমিগুলিকে কুক্ষিগত করে ফেলেছে, অথচ সরকার নীরব হয়ে বসে আছে। এই রকমভাবে বিধাননগর যে উদ্দেশ্যে তৈরি হয়েছিল তা সম্পূর্ণ নষ্ট হয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রীর কোটায় সি. পি. এম. পার্টি লেভেলে অত্যন্ত বেশি জমি পেয়েছে। এর একটা বিচার হওয়া দরকার, বিচার-বিভাগীয় তদন্ত হওয়া দরকার।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** স্যার, আজকে সংবাদপত্রে দেখলাম যে ভারতবর্ষের একটি কুখ্যাত দলের লোক বলে চিহ্নিত হর্ষদ মেহেতা তিনি আজকে বিবৃতি দিয়েছেন।

**মিঃ স্পিকার :** এটা নিয়ে ডিবেট হয়ে গেছে, আর এটা হবে না।

**শ্রী মানিক ভৌমিক :** (নট প্রেজেন্ট।)

**শ্রী মনোহর তিরকী :** স্যার, কিছুক্ষণ আগে হাউসের চা বাগানের একটি মর্মান্তিক ঘটনা সম্পর্কে আলোচনা হচ্ছিল। আমি চা বাগানের শ্রমিকদের দুঃখের কথা জানাচ্ছি এবং আপনার মাধ্যমে এই ব্যাপারে খাদ্য বিভাগের, মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চা বাগানের শ্রমিকরা সরকারি গণ বণ্টন ব্যবস্থার আওতার বাইরে। তারা চাল, গম, চিনি ইত্যাদি কিছুই পায় না। কেরোসিন তেল কিছুই পায় না। এগুলো সবই মালিকদের কাছ থেকে বেশি দামে কিনতে হয় এবং তারজন্য মাইনেও তাদের কাটা যায়। এদের অবিলম্বে রেশন কার্ডের ব্যবস্থা করা হোক। রেশন কার্ড না হলে পরে আইডেনটিটি কার্ড পেতেও অসুবিধা হয় কারণ রেশন কার্ড থাকলে বার্থ সার্টিফিকেট ভোটার লিস্টে নাম ওঠে। সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি চা বাগান শ্রমিকদের গণ বণ্টনের ব্যবস্থা করুন এবং রেশন কার্ড দিন।

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকাতেই ঐতিহাসিক পলাশি যুদ্ধক্ষেত্র অবস্থিত। ওই

পলাশি এলাকাতে খৈতানরা নেবার পরে খৈতান নগর করবার প্রস্তাব নিয়েছিলেন এবং আমি তার প্রতিবাদ করে সেটা বন্ধ করেছিলাম। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই কলকাতা থেকে পলাশির মনুমেন্ট এই নামে সি.এস.টি.সির বাস দেওয়া হোক। আমি এই ব্যাপারে আগেও দাবি করেছি এখনও করছি যে কলকাতা থেকে পলাশির মনুমেন্ট পর্যন্ত সি.এস.টি.সির বাস দেওয়া হোক।

**শ্রী নাজমুল হক ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খার্বাতে একটি পুলিশি আউটপোস্ট স্থাপনের জন্য দাবি জানাচ্ছি। খর্বা থানা চাঁচলে স্থানান্তরিত হয়েছে ফলে সেখানকার মানুষের একটা দাবি উঠছে যে খর্বাতে পুলিশ ফাঁড়ি করা হোক। থানার জায়গা পড়ে আছে, সামান্য মেরামতি করলেই আউটপোস্ট করা যাবে। এর কাছেই হাইস্কুল, গ্রাম-পঞ্চায়েত অফিস আছে। তাছাড়া চাঁলেকে মহকুমাতে রূপান্তরিত করা হচ্ছে। সর্বশেষে জলপাইগুড়িতে কংগ্রেস কর্মিরা যেভাবে তাণ্ডবলীলা করছে তাতে পুলিশ ফাঁড়ি করা একান্ত দরকার হয়ে পড়েছে কারণ এটি ঠিক রাজ্যের সীমানাতে অবস্থিত, ফলে পাশ থেকে সমাজ বিরোধীদের যেকোনও মুহূর্তে আক্রমণ হতে পারে। সেই কারণে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখছি যাতে অবিলম্বে খর্বাতে পুলিশ আউটপোস্ট করা হয়।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে হাসপাতালে, বিশেষ করে বনগাঁ হাসপাতালে দেখা যাচ্ছে যে শয়ে শয়ে মৃতদেহ হাসপাতালের মর্গে পড়ে আছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানেন হাসপাতাল থেকে মৃতদেহ সৎকারের জন্য ধার্য আছে মাত্র ৩০ টাকা এবং মিউনিসিপ্যালিটি ৬০ টাকা দেয় মৃতদেহ সৎকারের জন্য। কিন্তু ঐ টাকায় সৎকার করা যাচ্ছে না, ফলে মৃতদেহগুলি হাসপাতালে জমা থাকছে পরিবেশ দূষণ হচ্ছে, মানুষ দুর্গন্ধে সেখানে বসবাস করতে পারছে না। ঐ মৃতদেহগুলো সৎকারের জন্য অন্ততঃ ১২০ টাকা করে ব্যবস্থা করা হোক। আপনি তদন্ত করে দেখুন বনগাঁ হাসপাতালে কোনও মৃতদেহ সৎকার করা হচ্ছে না। তাই আমার দাবি রেটটা বাড়িয়ে পরিবেশ দূষণের হাত থেকে মানুষকে বাঁচানো হোক।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র ডাঙ্গাপাড়া গ্রামে ২৫শে মে, ১৯৯২ তারিখে যখন সার্বিক প্রসারতা শিবির চলছে, তখন সেই শিবির থেকে আজিজুল হককে থানার মেজবাবু সুবোধ বিশ্বাস তুলে নিয়ে যায়। পরের দিন অর্থাৎ ২৬শে মে তারিখে দেখা যায় গভীর রাত্রিতে তার ডেড বডি নিয়ে পুলিশ তার বাড়িতে হাজির হয়। অভিযোগ জানায় যে জীপ থেকে ঝাঁপিয়ে পালিয়ে যেতে গিয়ে মারা গেছে। পরবর্তীকালে তদন্ত করে জানা গেছে যে ঘটনাটি সর্বৈব অসত্য। কিন্তু সেই ঘটনার কোনও তদন্ত হয়নি। ডি আই. জি. শ্যামল দত্ত তদন্ত করতে গিয়েছিলেন, কিন্তু হাওড়ার একটা ঘটনার জন্য তিনি তখন সেখান থেকে চলে আসেন। আপনি দেখেছেন সমাজ বিরোধীরা হরিহর পাড়ায় অনেক ঘটনা ঘটিয়েছিল। এর আগে যিনি এস. পি ছিলেন তিনি চলে যাবার পর সমাজ বিরোধীদের দৌরাত্ম্য আবার বেড়ে যাচ্ছে। আবার শুনেছি সেই মেজবাবুর প্রমোশনের ব্যবস্থা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীর

কাছে আমার দাবি অবিলম্বে এই ঘটনাটার তদন্ত করা হোক এবং দোষি পুলিশ অফিসারের শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গতকাল প্রশ্নোত্তর পর্বের সময় মন্ত্রী মহাশয় জানিয়েছেন, জেলার ক্ষেত্রে মামলা থাকার জন্য প্রাথমিক বিদ্যালয়গুলির শূন্য পদে শিক্ষক নিয়োগ করা হচ্ছে না। মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয় জানেন সারা পশ্চিমবাংলায় কয়েক হাজার শিক্ষক-শিক্ষিকা আছে এবং দীর্ঘদিন ধরে তাদের নিয়োগ না করার জন্য তারা মামলা করেছিল এবং সেই মামলার রায়ও বেরিয়ে গেছে এবং তাদের নিয়োগ করার কথা বলা আছে। শিক্ষকদের হাজার হাজার পদ শূন্য থাকার জন্য আজকে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে এবং একটা চরম দুরাবস্থার মধ্যে পড়েছে। অনতিবিলম্বে এই শিক্ষকদের নিয়োগ করার ব্যবস্থা করুন।

আমরা দেখছি যে আমাদের এক মেদিনীপুর জেলাতেই প্রাথমিক শিক্ষকের দু-হাজার পদ খালি আছে। এক-একটি বিদ্যালয়ে ৪/৫শো করে ছাত্রসংখ্যা হলেও সেখানে একজন শিক্ষক কাজ চালাচ্ছেন এমন বিদ্যালয়ও আছে। স্যার, আমরা নিরক্ষরতার বিরুদ্ধে যেখানে দুর্বার আন্দোলন গড়ে তোলার কথা বলছি সেখানে দেখা যাচ্ছে যে গ্রামাঞ্চলের ছেলেমেয়েরা শিক্ষকের অভাবে পড়াশুনা করতে পারছেন না অথবা পড়াশুনা বন্ধ করে দিতে বাধ্য হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব, সংগঠক শিক্ষকদের যেখানে নিয়োগ করার জন্য হাইকোর্ট নির্দেশ দিয়েছেন সেখানে যে সমস্ত বিদ্যালয়ে একজন করে শিক্ষক আছেন সেখানে অন্তত তাদের থেকে শিক্ষক নিয়োগ করে বর্তমানে যে দুরাবস্থা দেখা দিয়েছে তা দূর করার চেষ্টা করা হোক।

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, পঞ্চায়েত নির্বাচনের গ্লানি ভোলার জন্য কংগ্রেসের গুণ্ডাবাহিনীর গ্রামাঞ্চলে যে তাণ্ডব শুরু করেছেন তারই একটি দৃষ্টান্ত আপনার মাধ্যমে এই হাউসে তুলে ধরছি। গত ১১ই জুন নবগ্রাম ব্লকের শিবপুর জি. পি.-র মধ্যে অ্যাবসোলিউট মেজরিটি পাওয়ার জন্য সি. পি. আই. এম পার্টি সেখানে কেন্দ্রীয়ভাবে বিজয় উৎসব ডেকেছিলেন। সেখানে দুশো নিরীহ শান্তিপ্রিয় মানুষ মিছিল করে যখন জয়কৃষ্ণপুর গ্রামের ভিতর দিয়ে যাচ্ছিলেন তখন কংগ্রেসের গুণ্ডাবাহিনী—সেখানকার ব্লক কংগ্রেসের সভাপতি আবদুল রসিদ সেখানে বাস করেন, তার প্রচ্ছন্ন ইঙ্গিতে সেই মিছিল আক্রমণ করেন। তারা লাঠি, টাঙ্গি ইত্যাদি নিয়ে আমাদের পার্টির লোকদের আক্রমণ করেন। আমাদের পার্টির লোকরা যখন তার বিরুদ্ধে রুখে দাঁড়ান তখন তারা পশ্চাদপসারণ করতে বাধ্য। স্যার, ভোটে হেরে গিয়ে ওরা গ্রামে গ্রামে এইভাবে সন্ত্রাসের সৃষ্টি করতে চাইছেন এ ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় সভায় আছেন, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র শান্তিপুর এলাকায় ১৩১ বেডের একটি গ্রামীণ হাসপাতাল স্টেট জেনারেল হাসপাতাল হয়েছে অবশ্য। বছর চারেক আগে এর অর্ডার হলেও দীর্ঘদিন ধরে এই

হাসপাতালটির বিল্ডিং-এর যে কাজ সেটা হয়নি। বিল্ডিং-এর কাজ আরম্ভ হয়ে মাঝখানে সেটা থেমে যায় এবং পরবর্তীকালে আবার শুরু হয় এবং গত ৮ মাস আগে পূর্ত দপ্তর সেই বিল্ডিং-এর কাজ শেষ করেন। সেই বিল্ডিং গত ৮ মাস আগে পূর্ত দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য দপ্তরে হস্তান্তরিত করা সত্ত্বেও—বিরাট বিল্ডিং হয়েছে, স্টাফ, নার্স এবং ডাক্তারদের কোয়ার্টার হয়েছে—স্বাস্থ্যমন্ত্রীকে বারবার বলা সত্ত্বেও আজ পর্যন্ত তা চালু হয়নি। এত টাকা খরচ করে যেখানে বিল্ডিং করা হল সেখানে এটা এখনও চালু হল না। সাধারণ মানুষের চিকিৎসার স্বার্থে অবিলম্বে এটা চালু করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশচন্দ্র অধিকারী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত, শিক্ষা, সেচ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিন বিঘা হস্তান্তরের পূর্বে এবং পরে বিভাগীয় মন্ত্রীদের তরফ থেকে কুচলিবাড়ির উন্নয়নের জন্য কয়েক কোটি টাকা প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছিল। তার মধ্যে ছিল ১৮ কিঃ মিঃ পাকা রাস্তা করা হবে, শিক্ষার প্রসারের জন্য একটি বালিকা বিদ্যালয়, একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ঐ এলাকায় করা হবে। সেচের উন্নয়নের জন্য ঐ এলাকায় গভীর নলকূপ এবং শ্যালো টিউবওয়েলের ব্যবস্থা করা হবে। সমস্ত এলাকায় পানীয় জলের আওতায় আনার কথা পি. এইচ. ই'র তরফ থেকে বলা হয়েছিল। তা ছাড়া আর. এম. সি কর্তৃক নিয়ন্ত্রিত বাজার এবং ব্যাপক ড্রেনেজ সংস্কারের কাজ করার কথা বলা হয়েছিল। এক বছর পার হয়ে যাবার পর আমরা দেখছি কোনও কোনও কাজ শুরু হয়ে বন্ধ হয়ে আছে আবার কোনও কোনও কাজ শুরুই হয়নি।

[1-00 — 1-10 p.m.]

সেখানকার সাধারণ মানুষের মনে তীব্র একটা অসন্তোষ দেখা দিয়েছে। আর একটা আশ্চর্যের বিষয়, কুচলিবাড়িতে রমানাথ জুনিয়ার হাই স্কুল বলে একটা স্কুল আছে সেই স্কুলটাকে হাই স্কুলে পরিণত করা হয়েছে, কিন্তু কোনও শিক্ষক সেখানে নিয়োগ করা হয়নি। এই সমস্ত বিষয়গুলো সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়গুলো সম্পর্কে তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করা হোক।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি আজকে সভায় উপস্থিত আছেন। মেদিনীপুর জেলা পশ্চিমবাংলার সর্ব বৃহৎ জেলা। মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় হয়েছে, বর্ধমানে বিশ্ববিদ্যালয় হয়েছে এবং বর্ধমানে মেডিক্যাল কলেজও তৈরি হয়েছে, উত্তরবঙ্গে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় হয়েছে এবং উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজও হয়েছে। কিন্তু পশ্চিমবাংলার মধ্যে মেদিনীপুর জেলা সর্ব বৃহৎ জেলা হওয়া সত্ত্বেও সেখানে এখনও পর্যন্ত কোনও মেডিক্যাল কলেজ হল না। মেদিনীপুর জেলাকে বঞ্চনা করা হচ্ছে। সেখানে মেডিক্যাল কলেজের দাবি উঠেছে, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি দ্রুত জরুরি ভিত্তিতে সার্বিক অবস্থা পর্যালোচনা করে এই সর্ব বৃহৎ জেলার দাবি মেনে নিয়ে মেদিনীপুর জেলায় একটা

মেডিক্যাল কলেজ স্থাপন করা হোক। ১৯৭২ সালে এই সম্পর্কে একটা প্রস্তাব নেওয়া হয়েছিল, সুতরাং মেদিনীপুরের সেই দাবিকে শ্রদ্ধা জানিয়ে মন্ত্রী মহাশয় মেদিনীপুর জেলায় একটি মেডিক্যাল কলেজ স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী প্রশান্তকুমার সুর ঃ** আমি মাননীয় বিধায়ককে বলছি, কংগ্রেস আমলে যে একটা প্রস্তাব গৃহীত হয়েছিল, সেটার পরিণতি কি হল?

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আপনি সেটা বলুন, আপনি সেটা গ্রহণ করুন।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কতকগুলো জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। রামনগর কেন্দ্রে ঠিকরা মোড় থেকে মীরগোদা রাস্তাটির কেবলমাত্র দেউলিহাট পর্যন্ত সারানো হয় অথচ মীরগোদা পর্যন্ত রাস্তা সারানো হয় না কয়েক বছর ধরে। চাউলখোলা থেকে দাদানপাত্রবাড় রাস্তাটি কেবল মাত্র কালিন্দী পর্যন্ত সারানো হয়, দাদানপাত্রবাড় পর্যন্ত সারানো হয় না কয়েক বছর ধরে। রামনগর এগরা রাস্তাটি অত্যন্ত শোচনীয় অবস্থায় রয়েছে বিশাল বিশাল গর্ত, গাড়ি যাতায়াত করতে পারে না। যুকি থেকে মীরগোদা রাস্তাটি মাত্র কয়েক কিলোমিটার মোরাম, কোয়ার পড়েছে বহু বছর আগে এখনও কিছু হচ্ছে না। বালিসাই বোধরা রাস্তাটির অবস্থা খুবই খারাপ। ঠিকাদারি প্রথা তুলে দিয়ে পঞ্চায়েতগুলিকে রাস্তার কাজে লাগালে কাজের গুণগত দিক অনেক ভালো থাকবে।

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভার প্রথমে জলপাইগুড়ির পানার হাট অঞ্চলে রেড ব্যাংক চা বাগানে যে বর্বরোচিত ঘটনা ঘটিয়েছে কংগ্রেসি ইউনিয়ন আই. এল. টি. ইউ. সি., সেই সম্পর্কে আলোচনা হয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী সেই সম্পর্কে এখানে বিবৃতিও দিয়েছেন। তবুও আমি জলপাইগুড়ির মানুষ হিসাবে আরও কিছু তথ্য এই হাউসে পরিবেশন করতে চাই। একজন নামকরা কংগ্রেস মদতপুষ্ট, তিনি মালিক, তিনি সেখানে যান এবং তারই ম্যানেজার এরা কংগ্রেসিদের সঙ্গে নিয়ে সেখানকার সিটি. কর্মীরা যে সমস্ত ন্যায়সঙ্গত দাবি নিয়ে আন্দোলন করছে, তাকে দাবিয়ে রাখার জন্য এই সমস্ত চক্রান্ত তারা করছে। কিছুদিন আগেও সেখানে শ্রমিকরা বস্তি উন্নয়ন এবং পানীয় জলের দাবি জানিয়েছে। ঐ চা বাগানের মালিকরা এখন পর্যন্ত পেনসনের ৮ লক্ষ টাকা জমা দেয়নি। শ্রমিকদের কিছু দাবি গত ১৫ই মে পূরণ করার কথা ছিল, কিন্তু সে দাবিগুলো এখন পর্যন্ত পূরণ করা হয়নি। ওখানে সি. আই. টি. ইউ.-এর আন্দোলনকে নষ্ট করে দেবার জন্য আই. এন. টি. ইউ. সি., ঝাড়খণ্ড এবং মালিকপক্ষ যড়যন্ত্র করে এই মর্মান্তিক ঘটনা ঘটিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দোষিদের উপযুক্ত শাস্তির দাবি জানাচ্ছি।

**শ্রী সুভাষচন্দ্র সোরেণ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার বিধানসভা কেন্দ্রের নয়াগ্রাম ব্লকের বালিগড়িয়া স্বাস্থ্য কেন্দ্রটি দীর্ঘদিন ধরে ভাঙাচোরা অবস্থার মধ্যে পড়ে আছে। অবিলম্বে সেটি পুনর্নির্মাণের প্রয়োজন। অথচ ৩টি ব্লক হেড কোয়ার্টার বা ব্লক স্বাস্থ্য কেন্দ্র হিসাবে খুবই গুরুত্বপূর্ণ স্বাস্থ্যকেন্দ্র। বাড়ি ঘরের এমনই ভাঙা

অবস্থা যে ওখানে রুগী এবং ডাক্তারদের থাকা সম্ভব হচ্ছে না। এর ফলে ঐ আদিবাসী এলাকার মানুষরা চিকিৎসার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। সুতরাং অবিলম্বে ঐ স্বাস্থ্য কেন্দ্রটির বাড়িঘরগুলো পুনর্নির্মাণ করা হোক। এ ছাড়া গোপিবল্লভপুরে যে স্বাস্থ্যকেন্দ্রটি আছে, সেটিও আমার নির্বাচনি এলাকার মধ্যে। সেই স্বাস্থ্য কেন্দ্রটিতে দিনের পর দিন রুগির সংখ্যা বা চাপ বৃদ্ধি পাচ্ছে। সুতরাং সেটিকে অবিলম্বে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার প্রয়োজন আছে। তাই আমি এই দুটি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মমতা মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে আমাদের জেলা পুরুলিয়ায় ঝাড়খণ্ডী এবং কংগ্রেসের আঁতাতের ফলে এখনো ক্রমাগত সন্ত্রাস চলছে। সেই সন্ত্রাসের একটা নিদর্শন আমি আপনার মাধ্যমে হাউসের সামনে রাখছি। স্যার, আমাদের পুরুলিয়া জেলার কঁ্যাদা থানার বিচোসিন গ্রামে সি. পি. আই. এম. প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় গ্রাম-পঞ্চায়েত-এর সদস্য হিসাবে নির্বাচিত হয়েছেন। সেই এলাকায়—যেহেতু বিনা প্রতিদ্বন্দ্বিতায় সি. পি. আই. (এম) প্রার্থী গ্রাম পঞ্চায়েতে জিতে গেল সেহেতু— ঝাড়খণ্ডী এবং কংগ্রেসিরা ঐ বিজয়ী প্রার্থীর বাড়ি চড়াও হয়ে তাকে হত্যা করতে গিয়ে তাকে না পেয়ে তাঁর ভাই সুরথলাল সিংদেওকে হত্যা করে এবং সেখানকার ঘরে ঘরে গিয়ে মা-বোনদের বলে যে, এই ঘটনার কেউ সাক্ষী দিলে তার ছেলে-মেয়েকে হত্যা করা হবে। স্যার, আরো বেদনার বিষয় হচ্ছে, চোখের সামনে ছেলেকে ঐভাবে মরতে দেখে ঐ নিহত ব্যক্তির বৃদ্ধ বাবা ঐ ঘটনার দেড় দিনের মাথায় মারা যান। সবচেয়ে দুঃখের বিষয় হচ্ছে পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবার ১৫/১৬ দিন পরেও নিহত ব্যক্তির লাশ এখনো পুলিশ খুঁজে বের করতে পারেনি এবং এই কেসে যাদের নাম এফ. আই. আর. করা হয়েছে সে সমস্ত আসামীরা পুলিশের চোখের সামনে ঘুরে বেড়াচ্ছে, পুলিশ এখনো তাদের অ্যারেস্ট করছে না। আমি বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমার নির্বাচনি এলাকার ইন্দাস পাত্রসার থেকে পালসি পাণ্ডুয়া পর্যন্ত পি. ডবলু. ডি.-র রাস্তাটা নষ্ট হয়ে গেছে এবং বাস চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। প্রাইভেট বাস মালিকরা ঐ রাস্তা দিয়ে বাস চালাতে চাইছে না। বাস চললেও ঐ রাস্তার যা অবস্থা তাতে যে কোনও দিন যে কোনও বড় দুর্ঘটনা ঘটতে পারে। সে জন্য আমি আপনার মাধ্যমে রাস্তাটির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি অবিলম্বে ঐ রাস্তাটি মেরামতের ব্যবস্থা করে জনসাধারণকে দুর্গতি এবং দুর্ঘটনার হাত থেকে রক্ষা করুন।

**শ্রী অঙ্গদ বাউড়ি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলা খরাপ্রবণ এলাকা। আমার বিধানসভা কেন্দ্রে আমি দেখেছি গত এপ্রিল—মে মাসে প্রচণ্ড পানীয় জলের অভাব দেখা দিয়েছিল।

[1-10 — 1-20 p.m.]

সেখানে কূপ এবং টিউবওয়েল খনন করেও জল পাওয়া যাচ্ছে না। আমার অনুরোধ, আমার বিধানসভা এলাকার পাশে দামোদর নদী আছে। সেখান থেকে জল উত্তোলন করা হয় এবং পানীয় জল সরবরাহ করা হয় তার জন্য আমি জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রামীণ জল জলসরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় আমাদের কিছু এলাকা আছে যেখানে প্রতি বছর বন্যা হয় এবং বন্যা হওয়ার ফলে এপার ওপার নৌকা করে এবং ভেলা করে পার করতে হয়। সেইসব এলাকায় টিউবওয়েলগুলি প্রায় সবই খারাপ হয়ে পড়ে আছে। এই খারাপ হওয়ার কথা বললে বলে পঞ্চায়েত করবে, কিন্তু পঞ্চায়েত করতে পারে না। যখন বন্যা হয় তখন জল সরবরাহ বিভাগ থেকেই টিউবওয়েল বসাবার চেষ্টা করা হয়। এই জল সরবরাহের দায়িত্ব সরকারের। বিশুদ্ধ জল সরবরাহের দায়িত্ব হচ্ছে সরকারের। সরকারকে এ ব্যাপারে অগ্রণী হতে হবে। বন্যা প্রবণ এলাকায় খারাপ টিউবওয়েলগুলি এখনই মেরামত করা হোক। যদি কোনও বিপদ হয় তখন সরকারের ঘাড়েই দোষটা আসবে, পঞ্চায়েতের ঘাড়ে আসবে না। এই সমস্ত টিউবওয়েল যেখানে আড়াইশো ফুট বসাবার কথা, সেখানে ৫০ ফুট বসিয়েই কাজ শেষ করে দেয়। তাই বলছি, এখনই গ্রামীণ জল সরবরাহ বিভাগের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা হোক, কেননা বন্যা আসতে আর বেশি দেরি নেই।

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিশেষ বেদনাদায়ক বিষয় যেটা বীরভূম জেলার রামপুরহাট থানার অন্তর্গত দীর্ঘদিন ধরে চলে আসছে সেই সম্পর্কে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হল, আমাদের জননায়ক হেমন্তকুমার বসু মহাশয় যখন পূর্তমন্ত্রী ছিলেন তখন তারাপিঠ থেকে একটি রাস্তা দেবী পারুলিয়া—মুর্শিদাবাদের সঙ্গে যোগাযোগ করার জন্য একটা ব্যবস্থা গ্রহণ করেছিলেন। কিন্তু আজ ২০ বছর পার হয়ে গেল, এই ৫ কিলোমিটার রাস্তা এক-দুই হাত প্রত্যেক বার হচ্ছে। এই রাস্তাটি যাতে সম্পন্ন হয় তারজন্য আমি সবিনয়ে আপনার মাধ্যমে মাননীয় পূর্ত (সড়ক) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনের পর বিভিন্ন জায়গায় যে সন্ত্রাস চলছে সেই সম্পর্কে এখানে সরকারপক্ষ এবং বিরোধীপক্ষের সদস্যরা উল্লেখ করছেন। আমি কুলতলি কেন্দ্রের তেমনি একটি ঘটনার কথা উল্লেখ করছি যেটা অত্যন্ত জঘন্যতম ঘটনা। আমাদের দলের কর্মী ক্ষুদিরাম মাঝির বোন দেবলা মাঝির গোবিন্দ নস্করের সাথে একই গ্রামে পশ্চিম গ্রামতলা গ্রামে বিয়ে হয়। এবারে পঞ্চায়েত নির্বাচনে দেবলার বৌদি, অলকা মাঝি এস. ইউ. সির হয়ে পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হয়েছিলেন। অপরদিকে দেবলার দেওর পঞ্চানন নস্কর সি. পি. এম দলের প্রার্থী হয়। কিন্তু এই নির্বাচনে যেহেতু দেবলা নস্কর তার বৌদি, অলকা মাঝিকে ভোট দেন, সেহেতু তার স্বামী গোবিন্দ নস্কর দেবলার উপর উৎপীড়ন করে। তাকে গালাগালি করে এবং পরে তাকে হত্যা করে। এই হত্যাকাণ্ডকে চেপে দেবার জন্য তার মুখে বিষ ঢেলে দেয়। আমি এই ব্যাপারে মাননীয়

মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে দোষি ব্যক্তিরা উপযুক্ত শাস্তি পায়।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র নওদার টুংগী বলে একটি জায়গায় হেলথ সেন্টারে সুদীর্ঘ দিন থেকে হাসপাতালটিকে রক্ষণাবেক্ষণ করার কোনও লোক নেই, যার জন্য ওখানকার ইঁট, কাঠ খুলে নিয়ে যাচ্ছে। ২/১টি মেথর ওখানে পাহারা দেয়, ওষুধ, ডাক্তার তো নেই-ই, হাসপাতালের বিল্ডিং পর্যন্ত চলে যাচ্ছে, তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে বিল্ডিংটাকে রক্ষা করার ব্যবস্থা করুন।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগেই মাননীয় বিধায়কের সাথে আমার কথা হয়েছে। আমি বলছি যে, যেসব ডাক্তার আমরা অ্যাপয়মেন্ট করেছি তাঁরা কেউই গ্রামে যেতে চাইছে না। উনি বললেন ডাক্তারের দরকার নেই, যে কোনও একজন লোককে পাঠান, ডাক্তার ছাড়া যদি অন্য কোনও অ্যাসিস্ট্যান্ট পাঠালে কাজ হয় তাহলে আমি আগামীকালই পাঠিয়ে দেব।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা উল্লেখ করছি। আজকে ভারতবর্ষের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় আলোচিত হচ্ছে। এর আগেও আলোচিত হয়েছে। গতকাল বোম্বেতে প্রেস কনফারেন্সে বলা হয়েছে যে প্রধানমন্ত্রী মহাশয়কে উপ-নির্বাচনে দু-দফায় ১ কোটি টাকা দেওয়া হয়েছিল, সে সম্বন্ধে বলার পরে প্রধানমন্ত্রী হিসাবে তাঁর আসনে থাকার অধিকার নেই। অনেক কথা হচ্ছে, সৎপাল মিত্তাল, তাঁর ছেলে মিত্তাল লণ্ডনে আছে। পি.এ টু প্রাইম মিনিস্টার, আর পি.এ টু মিত্তালও আছে। যদি জোর করা যায় সত্য জিনিসটা বেরিয়ে আসবে। ভারতবর্ষের প্রধানমন্ত্রীর পক্ষে এই ধরনের ঘটনা মাথায় নিয়ে প্রধানমন্ত্রিত্ব করা যায় না। ঐ ফ্যামিলিটা হচ্ছে [**], এদের বিরুদ্ধে একটা মামলা রয়েছে, এবং এর ছেলে গোল্ড স্টার স্ক্যামের সঙ্গে জড়িত রয়েছে, নির্দিষ্টভাবে এই অভিযোগ এসেছে। এফিডেবিট করছে। হর্ষদ মেহেতা আজকে আসামী হলেও নির্দিষ্ট বিষয়গুলি বলছে। সুতরাং আজকে জাতির স্বার্থে একজন প্রধানমন্ত্রী...

**(মাইক বন্ধ হয়ে যাওয়ায় মাননীয় সদস্য তার আসন গ্রহণ করেন।)**

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। খড়গপুর-হাওড়া, সাউথ ইস্টার্ন রেলওয়ে লোকাল ট্রেনে ফার্স্ট ক্লাস আগে ছিল, রেলওয়ে বোর্ড আগামী ১লা জুলাই থেকে সেটা তুলে দেবার সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে এম. এল. এ., এম. পি. সাধারণ রোগী স্বাধীনতা সংগ্রামি এবং ফিজিক্যালি হ্যান্ডিক্র্যাফটদের যাতায়াতের খুবই অসুবিধা হবে। তাই আপনার কাছে আমার আবেদন ফার্স্ট ক্লাস যাতে চালু থাকে তার জন্য এই সভা কোনও ব্যবস্থা নেওয়া যায় কিনা সেটা একটু দেখবেন।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া ডিভিসনের ব্যান্ডেল, কাটোয়া-

Note : Expunged as ordered by the Chair.

আজিমগঞ্জ সেকশনে হাজার হাজার লোক প্রতিদিন ট্রেনে কলকাতার দিকে আসেন এবং ফিরে যান, কিন্তু ঐ সেকশনে ডবল লাইন না থাকবার ফলে এবং ডিজেল ইঞ্জিন থাকবার ফলে ক্রসিং এর সময় অসম্ভব ট্রেন লেট করে এবং তারজন্য যাত্রী সাধারণকে অসম্ভব কষ্ট পেতে হয়। পূর্বে এই সভা থেকে ঐ সেকশনকে বিদ্যুতায়িত করবার ব্যাপারে একটা প্রস্তাবও পাঠানো হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। আমরা শুনেছিলাম, এই ব্যাপারে নাকি কেন্দ্রীয় সরকার একটা প্রস্তাব গ্রহণ করেছেন, কিন্তু কোনও উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে না। এরফলে ঐ এলাকার মানুষের মধ্যে প্রচন্ড বিক্ষোভ সৃষ্টি হয়েছে। যাতে অবিলম্বে এটা করা হয় কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্রের চাঁদমনি-১ ও ২ নং অঞ্চলে কিছু সি. পি. এম. সন্ত্রাসের কথা আমি এই হাউসে তুলে ধরতে চাই। বিগত পঞ্চায়েত নির্বাচনের দিনে সি. পি. এম. পার্টি-ক্যাডাররা খোঁজখামার, কুমারীয়া, বাটনা মাদ্রাসা ইত্যাদি বুথ দখল করে ভোট দেবার পর মিছিল করে কংগ্রেসিদের উপর হামলা করে এবং দেড় হাজার মানুষকে গ্রাম ছাড়া করে। আজও তারা গ্রামে ফিরে আসতে পারেননি। ফলে তারা তাদের মাঠের ধান পর্যন্ত কাটতে পারছেন না। দেখতে পাচ্ছি, সেখানে পুলিশ রাতের বেলায় এসে বাড়ি বাড়ি কংগ্রেসিদের খুঁজছে। তারা পুরুষদের না পেলে মেয়েদের বন্দুকের বেয়নেট দিয়ে খোঁচা মেরে ছেলেদের নাম জানতে চাইছে। আজকে সেখানে পুলিশ আইনের যতগুলি ধারা আছে সেগুলো চাপিয়ে দিয়ে চাঁদমনি-১ ও ২ অঞ্চলে সন্ত্রাস চালাচ্ছে। এর বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, সত্বর এর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন। বর্তমানে পশ্চিমবঙ্গে নতুন করে আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব হয়েছে। আমার বাড়িতে আমার মায়েরও এই রোগ হয়েছিল। আমি মাকে নিয়ে আই. ডি. হসপিটালে ভর্তি করতে গিয়েছিলাম, কিন্তু সেখানকার কর্তৃপক্ষ বলেছিলেন—নিজের মা যখন তখন আপনি এখানে তাকে ভর্তি করবেন না, করলে মারা যাবেন। আজকে আমরা যে সুযোগটা পাচ্ছি, সাধারণ মানুষ কিন্তু সেটা পাচ্ছেন না। তাই আমার অনুরোধ, ঐ হাসপাতালে যাতে সুচিকিৎসার ব্যবস্থা হয় সেটা দেখুন যাতে কেউ মারা না যান।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক, বিশেষ করে বিরোধী দলের বিধায়করা মাঝে মাঝে এমন খবর এখানে পরিবেশন করেন যেটাকে আমি মিথ্যা বলছি না, তবে তা অসত্য। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, এ বারে যে আন্ত্রিক হয়েছে এবং সেক্ষেত্রে আই. ডি. হসপিটালে যেভাবে তার চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে তাতে আগে যেখানে ডেইলি আড়াইশ তিনশ রোগী ভর্তি হতেন তারা ২৪ ঘন্টার মধ্যে নিরাময় হয়ে ডিসচার্জড হয়ে চলে যেতেন সেখানে বর্তমানে ঐ ভর্তির সংখ্যা দৈনিক একশ দেড়শতে নেমে এসেছে। সেখানে ওয়ার ফুটিং নিয়ে যেভাবে কাজ হয়, সেখানে সাড়ে সাতাশ বেডে রোগীরা

রয়েছেন এবং তাদের পায়খানা, মল-মূত্রের মধ্যে ডাক্তাররা যেভাবে কাজ করছেন, যেভাবে ডবল স্যালাইন দিয়ে কাজ করছেন, সেটা প্রশংসনীয়। একমাত্র টেট্রাসাইক্লিন ছাড়া ঐ রোগে আর কোনও ওষুধ লাগে না। ও. আর. এস. সেখানে প্রত্যেক রোগীকে খাওয়ানো হয়।

যাদের শেষ পর্যায়ে নিয়ে আসা হয়েছে তারা মারা গেছে। সেখানে চিকিৎসা ব্যবস্থা যা আছে, আপনি যদি রেকর্ড দেখেন তাহলে দেখবেন যে ইউনিসেফ এবং ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন থেকে যারা এসেছিলেন তারা বলে গেছেন যে ইট ইজ দি বেস্ট ইন এশিয়া।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের জলপাইগুড়ি জেলায় গত পরশু যে ঘটনা ঘটেছে, এটাকে আমরা বিচ্ছিন্ন ঘটনা বলে মনে করছি না। ওরা যে রাজনীতি করে এসেছে সেটাই ওখানে শুরু হয়েছে। গত দেড় দশক ধরে যারা এই জাতীয় কংগ্রেসের নেতৃত্বে আছে, যারা ধনিকশ্রেণীর প্রতিনিধিত্ব করেন, যখন সংকট দেখা দেয়, যখন সংকটের বিরুদ্ধে মানুষ লড়াই করে বাঁচার জন্য তখন এরা বিভেদ, ধর্মান্ধতা এবং সন্ত্রাস সৃষ্টি করে। আজও সেই সন্ত্রাস এরা শুরু করেছেন। শুধু তাই নয়, আমরা লক্ষ্য করেছি যে আমাদের জেলায় ভুটান, আসাম এবং পাশাপাশি কুচবিহার থেকে বিভিন্ন রকম অস্ত্রশস্ত্র চলে আসছে। এই সম্পর্কে খোঁজ-খবর করা দরকার এবং অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ৫টি সাবসিডিয়ারি হেলথ সেন্টার আছে, একটি প্রাইমারি হেলথ সেন্টার আছে। এর মধ্যে জড়ালপুর প্রাইমারি হেলথ সেন্টারে দীর্ঘদিন ধরে ডাক্তার নেই, কোনও হাসপাতালে ঔষধ পাওয়া যায় না। তাছাড়া কালিয়াগঞ্জে যে প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্র, যেটা স্যাংশন হয়েছে সেটা আজ পর্যন্ত আরম্ভ করা হয়নি। হাসপাতালে ঔষধ নেই, রুগী ভর্তির অসুবিধা হচ্ছে কারণ কোনও ব্যবস্থা নেই। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে জড়ালপুর প্রাইমারি হেলথ সেন্টারে ডাক্তার না থাকার জন্য লোকের অসুবিধা হচ্ছে, সেখানে অবিলম্বে ডাক্তার দেওয়া হোক, হাসপাতালে ঔষধের ব্যবস্থা করা হোক।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবারে বিধানসভায় একটা শব্দ শুনছি যে সন্ত্রাস, সন্ত্রাস। পঞ্চায়েত নির্বাচনের পর থেকে নাকি সন্ত্রাস হচ্ছে। অথচ লক্ষ্য করছি যে তিন দিন আগে মুর্শিদাবাদের লালগোলায় আমাদের ২ জন কমরেডকে কুপিয়ে মেরে ফেলল। গত পরশু দিন রেড ব্যাঙ্ক টি গার্ডেনে এক কলঙ্কিত ইতিহাস সৃষ্টি করল। এর পরেও ওরা সন্ত্রাসের কথা বলছেন। পঞ্চায়েত ভোটের রাজনীতিতে ওরা হেরে গিয়ে সন্ত্রাসের কথা বলছেন। পঞ্চায়েতে ভোটের রাজনীতিতে ওরা হেরে গিয়ে পরিকল্পনা মাফিক ওরা সন্ত্রাস সৃষ্টি করে পশ্চিমবাংলার বুকে আগুন জ্বালিয়েছে। আমি ওদের সতর্ক করে দিতে চাই যে এই আগুনে ওদেরই পুড়ে মরতে হবে।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌরসভা বিষয়ক রাষ্ট্রমন্ত্রী অশোক ভট্টাচার্য মহাশয় এখানে আছেন, আমি আপনার মাধ্যমে তার প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে মে কৃষ্ণনগরে পৌরসভার নির্বাচন হয়েছে। ১৯৮৮ সালের

নির্বাচন থেকে ১৯৯৩ সালে যে নির্বাচন হল তাতে কংগ্রেসের সংখ্যা বেড়ে ২৫ হয়েছে। ২৯টির মধ্যে কংগ্রেস পেয়েছে ২৫টি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এখানে উপস্থিত আছেন। বিগত ৪ মাস ধরে কৃষ্ণনগর পৌরসভার কর্মচারিরা তাদের বেতন পাচ্ছে না, তারা কলম ধর্মঘট করেছেন। কাজেই আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে, উন্নয়নমূলক যে সমস্ত টাকা-পয়সা, নেহেরু যোজনায় যে সমস্ত টাকা-পয়সা এবং অন্যান্য যে সমস্ত টাকা-পয়সা পাওনা আছে সেগুলি দিয়ে দেওয়া হোক তাহলে আমরা এই সমস্ত কর্মচারিদের সমস্ত বেতন দিয়ে দিতে পারি।

[1-40 — 2-00 p.m.] (Including Adjournment)

গণতান্ত্রিক অধিকার, গণতান্ত্রিক রায় এই সমস্ত বামফ্রন্ট সরকার নাকি অনেক সম্মান দেন, অনেক মর্যাদা দেন। সুতরাং সেই সম্মান এবং মর্যাদা দিয়ে নূতন পৌরসভা বোর্ড গঠন করতে না পারে, পুরানো বোর্ড ভেঙ্গে যায় তার ব্যবস্থা করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই বিষয়ে ব্যবস্থা নিন।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার মিলিত হব ২-০০ সময়।

(At this Stage the House was adjourned till -2-00 p.m.)

(After recess)

[2-00 — 2-10 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি ঘরে বসে শুনলাম যে ভারতের প্রাইম মিনিস্টার, এক্স প্রাইম মিনিস্টারের ফ্যামিলি সম্পর্কে কৃষ্ণচন্দ্র হালদার মহাশয় একটা বিরূপ মন্তব্য করেছেন; এই কথাটা বাদ যাবে। এই রকম ব্যক্তি যারা হাউসের মেম্বার নন তাদের সম্পর্কে এই রকম মন্তব্য করা উচিত নয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, হাউসের মেম্বার সম্পর্কে কি এই রকম বলা যাবে?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** না, না, কারও সম্পর্কে এই রকম বলা যাবে না।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No-35

(The Printed Budget speech on Demand No-35 of Shri Goutam Deb was a taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩৫নং দাবির অন্তর্ভুক্ত মুখ্যখাতে '২২১৫—জলসরবরাহ ও অনাময় (বায়ু ও জল দূষণ প্রতিরোধ ব্যতীত) বাবদ ব্যয় নির্বাহের জন্য ৭৬ কোটি ৬৩ লক্ষ ৯৪ হাজার টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে যে টাকা (২৫ কোটি ৫৫ লক্ষ টাকা) অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুর (ভোট-অন-অ্যাকাউন্ট) করা

হয়েছে তাও উক্ত টাকার অন্তর্গত।

২। রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে; একই দাবি ৩৫ নং এর অন্তর্ভূক্ত মুখ্যখাতে '৬২১৫—জলসরবরাহ ও অনাময়ের জন্য ঋণদান (বায়ু ও জল দূষণ প্রতিরোধ ব্যতীত)' বাবদ ১৮ লক্ষ টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে যে ৬ লক্ষ টাকা অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুর (ভোট-অন-অ্যাকাউন্ট) করা হয়েছে তাও উক্ত টাকার অন্তর্গত।

৩। আমি এই সুযোগে আপনার মাধ্যমে রাজ্য সরকার কর্তৃক জলসরবরাহ এবং অনাময় সম্পর্কে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ১৯৯৩-৯৪ সালে যা করা হবে তার সম্পর্কে কিছু তথ্য মাননীয় সদস্যদের গোচরিভূত করতে চাই।

**৪। গ্রামীণ জলসরবরাহ ঃ**

৪.১। প্রতি বছরের মতো এবারও গ্রামাঞ্চলে রাজ্য সরকারের জলসরবরাহ প্রকল্পগুলি কার্যকর করার জন্য রাজ্য সরকারের ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প (এম. এন. পি.) এবং কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্প (এ. আর. ডবলিউ. এস. পি.)-গুলি হাতে নেওয়া হয়েছে। সি. এম. ডি. এ. এলাকার বাইরের শহরাঞ্চলের জন্যও জলসরবরাহ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। গ্রাম ও শহরের সমস্ত সাধারণ মানুষের কাছে নিরাপদ পানীয় জল পৌঁছে দেওয়াই আমাদের সম্যক প্রয়াস।

৪.২। এই সমস্ত প্রকল্পে জনগণের অংশগ্রহণের প্রচেষ্টায় জিলা পরিষদের হাতে হস্তচালিত নলকূপ এবং ইঁদারা খননের টাকা দেওয়া হচ্ছে। উপরিউক্ত উদ্দেশ্যে ১৯৯২-৯৩ সালে জিলা পরিষদগুলির হাতে ৩৩৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

নলবাহিত জলসরবরাহ প্রকল্প কার্যকরি করা ছাড়াও রাজ্যের কিছু নির্ধারিত অঞ্চলে রিগপ্রোথিত নলকূপ খননের কাজ জনস্বাস্থ্য কারিগরি দপ্তর করছে এবং এইজন্য এই দপ্তরকে ১২০ লাখ টাকা দেওয়া হয়েছে। এছাড়াও হাওড়া ও হুগলি জিলা পরিষদ যথাক্রমে জগদীশপুর ও জিরাট-হাসিমপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প কার্যকর করার কাজ হাতে নিয়েছে। জগদীশপুর জলসরবরাহ প্রকল্পের কাজ অনেকদূর এগিয়ে গেছে।

৪.৩। ১৯৯২-৯৩ সালে ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্পের জন্য ব্যয় বরাদ্দ ছিল ২১ কোটি টাকা এবং ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পে কেন্দ্রীয় সরকারের অনুদান ছিল ১৮.২৪ কোটি টাকা। সংশোধিত ব্যয়বরাদ্দে, ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্পের ব্যয়বরাদ্দ কমিয়ে ১১.০৩ কোটি টাকা করা হয়েছে। ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের খাতে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ১৮.২৪ কোটি টাকা পেয়েছি। ১৯৯২-৯৩ সালে আমাদের লক্ষ্য ছিল জিলা পরিষদগুলি কর্তৃক ১৭১৯টি গ্রামে স্থানিক উৎস স্থাপন এবং ৬৯৫টি গ্রামে রিগ-প্রোথিত নলকূপ স্থাপন সহ মোট ২৬৮২টি গ্রামকে ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প এবং ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের অধীনে আনা। বর্তমানে হ্রাসপ্রাপ্ত অর্থে এই লক্ষ্য অর্জন করা সম্ভব নয়। মোট ৪৯৩.১৪ লাখ জনসংখ্যার (১৯৯১ আদমসুমারি) মধ্যে আমরা ৩১-৩-৯২ পর্যন্ত ৩০৮.১৪ লাখ জনগণকে স্থানিক উৎস এবং নলবাহিত জলসরবরাহ প্রকল্পের আওতায় আনতে পেরেছি। এটা সমস্ত জনসংখ্যার ৬২.৪২ শতাংশ। আমরা চেষ্টা

করছি অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষের দিকে গ্রামীণ জনসংখ্যার মোট ৮৬ শতাংশ মানুষকে এই প্রকল্পগুলির আওতায় আনা, যাতে প্রতি ২৫০ জন মানুষের জন্য অন্তত একটি করে পানীয় জলের উৎসের সুবিধা দেওয়া যায়।

৪.৪। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সূচনায় যেখানে ১১ শতাংশ গ্রামীণ জনসংখ্যা নলবাহিত জলসরবরাহ প্রকল্পের আওতায় ছিল অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে তা ২৪.৪৬ শতাংশে পৌঁছনোর লক্ষ্য নেওয়া হয়েছে। ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প এবং ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্প প্রবর্তন হওয়া থেকে আজ পর্যন্ত দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদীয় অঞ্চল ব্যতীত অন্যান্য গ্রামীণ এলাকায় ৬০৩টি নলবাহি জলসরবরাহ প্রকল্প মঞ্জুর করা হয়েছে যার মধ্যে ২৯৯টি প্রকল্প ইতিমধ্যেই সম্পূর্ণ/আংশিক সম্পূর্ণ হয়েছে, ২০১টি প্রকল্পের কাজ চলছে এবং ১০৩টি প্রকল্পের কাজ হাতে নেওয়ার অপেক্ষায় আছে।

৪.৫। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, তফসিলি জাতি/উপজাতি অধ্যুষিত অঞ্চলে আরও বেশি করে নিরাপদ পানীয় জলসরবরাহের উদ্দেশ্যে বিশেষ পরিকল্পনাখাতে তফসিলি জাতির জন্য বরাদ্দের পরিমাণ ২০ শতাংশ থেকে বাড়িয়ে ২৫ শতাংশ এবং উপজাতিদের ক্ষেত্রে ৫ শতাংশ থেকে ১০ শতাংশ করা হয়েছে। যেসব অঞ্চলে লোকসংখ্যার ৫০ শতাংশের বেশি তফসিলি জাতি/তফসিলি উপজাতি বাস করেন সেসব অঞ্চলে ভারত সরকার বাবা সাহেব আম্বেদকর জন্মশতবার্ষিকী কর্মসূচির অধীনে নিরাপদ পানীয় জলের উৎস স্থাপনের বিশেষ কর্মসূচি নিয়েছেন। এ ধরনের ৯৪৪টি তফসিলি জাতি/উপজাতি অধ্যুষিত অঞ্চলে ১৬৭১টি হস্তাচালিত নলকূপ ইত্যাদি স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। আশা করা যায় নির্দিষ্ট সময়ের মধ্যেই কাজগুলি সম্পূর্ণ হবে।

৪.৬। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের এলাকাভুক্ত গ্রামে এবং শহরে পানীয় জলসরবরাহ এবং অনাময় প্রকল্পগুলি (নেওড়াখোলা জলসরবরাহ প্রকল্প ব্যতীত) এখন পরিষদ নিজেই রূপায়িত করছেন। মাননীয় সদস্যগণের জ্ঞাতার্থে জানাই যে দেওলো জলাধার যা নেওড়াখোলা প্রকল্পের একটি অংশ—ইত্যবসরে সামরিক এবং অসামরিক মানুষকে পানীয় জলসরবরাহ করার জন্য ব্যবহৃত হচ্ছে।

৪.৭। ১৯৯৩-৯৪ সালে গ্রামীণ জলসরবরাহ খাতে ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্পের অধীনে মোট ১৫.৪৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আশা করা যায় সমপরিমাণ টাকা কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্প বাবদ পাওয়া যাবে। ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প এবং ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্প বাবদ প্রাপ্ত অর্থে ১৯৯৩-৯৪ সালে ২০০৮টি গ্রামকে সম্পূর্ণভাবে জলসরবরাহের আওতায় আনাই আমাদের লক্ষ্য।

৪.৮। 'রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলে জলসরবরাহ প্রকল্প (দ্বিতীয় ভাগ) এর কাজ বিভিন্ন পর্যায়ে চলছে। রাজ্য সরকার, ভারত সরকার এবং ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডের আর্থিক সহযোগিতায় এই প্রকল্পের কাজ চলছে। রাজ্য সরকার এবং ভারত সরকারের দেয় অর্থ পুরোটাই পাওয়া গেছে। ই. সি. এল.-এর কাছ থেকে বর্তমান বছরে ৪০ লাখ টাকা পাওয়া গেছে এবং ই. সি. এল.-এর দেয় ১৪.৩৬ কোটির মধ্যে আমরা এখনও ৬.৯৩ কোটি টাকা পাব। ইস্টার্ন কোল ফিল্ডের কাছ থেকে অপ্রতুল অর্থ পাওয়ার জন্য কাজের অগ্রগতি ব্যাহত

হচ্ছে। তবুও প্রকল্পটির যাতে আংশিকভাবেও চালু করা যায় তার চেষ্টা চালানো হচ্ছে।

**৫. টেকনোলজি মিশন ঃ**

৫.১। নূতন পানীয় জলের উৎস স্থাপন করা, পূর্বে স্থাপিত উৎসগুলিকে ভালভাবে পুনরায় চালু ও দূষণমুক্ত করা এবং যথোপযুক্ত প্রযুক্তিবিদ্যা উদ্ভাবন করে পানীয় জলের উৎস সন্ধান, তার বিকাশ এবং পানীয় জলের গুণগত মান বজায় রাখাই টেকনোলজি মিশনের কাজ। বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর মিনি মিশন জিলাগুলিতে এ ধরনের কাজ চলছে।

**জেলাওয়াড়ি প্রধান কাজের লক্ষ্যমাত্রা এবং সাফল্যের পরিমাণ নিচে দেওয়া হল ঃ**

| জেলার নাম | স্থানীয় উৎসের নির্মাণ | | ধরে রাখা বৃষ্টির জলে চাষের কাজের জন্য কাঠামো নির্মাণ | |
|---|---|---|---|---|
| | **লক্ষ্যমাত্রা** | **সাফল্যের পরিমাণ** | **লক্ষ্যমাত্রা** | **সাফল্যের পরিমাণ** |
| মেদিনীপুর | ২৬০৬ | ২৫৬২ | ১২ | ৩ |
| বাঁকুড়া | ৭০৪ | ৬১৮ | ৩৭ | ২৭ |
| পুরুলিয়া | ৯২১ | ৬৭৭ | ৩ | ৩ |

৫.২। মাননীয় সদস্যগণের নিশ্চয়ই মনে আছে যে গত বাজেট অধিবেশনে আমরা উপমিশন কর্মসূচির অন্তর্গত ভূগর্ভ-জলে আর্সেনিক দূষণ অনুসন্ধান কমিটির প্রতিবেদন আপনাদের জ্ঞাতার্থে বিলি করেছিলাম। ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ সম্পর্কিত সমস্যা বিষয়ে আমরা অবহিত এবং এ ব্যাপারে স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া, সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড, সেন্টার ফর স্টাডি অব ম্যান অ্যান্ড এনভায়রনমেন্ট, বর্ধমান বিশ্ববিদ্যালয় ইত্যাদি সংস্থার বিশেষজ্ঞদের নিয়ে আরও একটি সমীক্ষক দল তৈরি করেছি। সমীক্ষক দলটির সুপারিশগুলি এখনও পাওয়া যায়নি। ইতিমধ্যে একটি প্রকল্প তৈরি করা হচ্ছে যাতে করে আর্সেনিক দূষণমুক্ত অঞ্চল/স্তর থেকে পানীয় জল সরবরাহ করা যায় এবং এ ব্যাপারে ভারত সরকারের আর্থিক সহায়তা পাওয়ার ব্যাপারেও চেষ্টা করা হবে। ইতিমধ্যে চার লক্ষ টাকা অনুমতি ব্যয়ে সহায়ক যন্ত্রাংশ সহ চারটি স্পেকট্রোফটোমিটার সংগ্রহ করে তা দিয়ে ভূগর্ভস্থ জলে আর্সেনিকের মাত্রা নির্ধারণ এবং বিশ্লেষণের ব্যবস্থা করা হচ্ছে।

৫.৩। উপমিশনের কর্মসূচির অঙ্গ হিসাবে ভারত সরকার হস্তচালিত নলকূপগুলি থেকে লৌহদূষণ দূরীকরণের উদ্দেশ্যে ৯৪৬টি যন্ত্র স্থাপন কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছিলেন। কেন্দ্রীয় সরকার মেসার্স বি, পি, এম, ই, এলকে লৌহদূষণ দূরীকরণ যন্ত্র স্থাপন এবং যন্ত্রগুলি সরবরাহ করার দায়িত্ব দিয়েছিলেন। তারা ইতিমধ্যে ২২টি মাত্র যন্ত্র স্থাপন করেছে। প্রকল্পগুলির কাজ সন্তোষজনক নয় এবং গ্রামাঞ্চলেরও উপযোগী হয়নি। মাননীয় সদস্যগণ অবশ্যই মনে করতে পারেন যে যন্ত্রগুলির সাফল্য সম্বন্ধে আমাদের আগেই সংশয় ছিল, কারণ এই যন্ত্রগুলির ধৌতিকরণের (ব্যাক ওয়াশিং) জন্য স্বয়ংক্রিয় ব্যবস্থার অভাব। যাই

হোক ভারত সরকারকে এ ব্যাপারে পরীক্ষামূলকভাবে বিকল্প যন্ত্র স্থাপনের জন্য অনুরোধ করা হয়েছে।

৫.৪। মাননীয় সদস্যগণ অবশ্যই অবহিত আছেন যে লবণ দূরীকরণ কর্মসূচির অঙ্গ হিসাবে কেন্দ্রীয় সরকার মেদিনীপুর জেলার তিনটি স্থান যথা ঘাটোয়া, শিলাবেড়িয়া এবং দীঘা এবং দক্ষিণ ২৪-পরগনা জেলার দুটি স্থান যথা সজনেখালী এবং রাঙ্গাবেলিয়াতে লবণ দূরীকরণ প্রকল্প স্থাপনের কাজ অনুমোদন করেছেন। মেদিনীপুরের দীঘা প্রকল্পটি স্থাপিত হয়েছে কিন্তু দুর্ভাগ্যবশত জলে অত্যধিক লৌহের উপস্থিতি এবং অন্যান্য দ্রবীভূত খনিজের জন্য অন্য প্ল্যান্টগুলি স্থাপন করা যায়নি। এই ব্যাপারে ইতিমধ্যেই আমরা ভারত সরকারকে জানিয়েছি। তারা প্ল্যান্টের কার্যকারিতা সম্পর্কে নিশ্চিত না হয়ে এ ধরনের আর নূতন কোনও প্ল্যান্ট স্থাপন করবে না।

৬। গ্রামীণ অনাময় ঃ

খাটা পায়খানাকে স্যানিটারি পায়খানাতে রূপান্তরিত করার কাজ জেলা পরিষদগুলি এখন করছেন। ১৯৯৩-৯৪ সালে এই বাবদে প্রস্তাবিত অর্থের পরিমাণ হল চার লাখ টাকা। ভারত সরকার 'কেন্দ্রীয় গ্রামীণ অনাময় কর্মসূচি' নামে একটি নূতন কর্মসূচি চালু করেছেন। আমরা এ বাবদে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছু অর্থ পাব বলে আশা করছি। গ্রামীণ অনাময় প্রকল্পের সুষ্ঠু রূপায়ণের জন্য জেলা পরিষদগুলির অংশগ্রহণ সুনিশ্চিত করতে অবশ্য প্রয়াসী হতে হবে। জেলা পরিষদগুলিকে এ ব্যাপারে একটি প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে এবং প্রতিবেদনটি পাওয়ার অপেক্ষায় আছে।

৭। বন্যা ঃ

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, ২৬-৯-১৯৯২ তারিখ থেকে অবিরত প্রচন্ড বৃষ্টিপাতের ফলে পুরুলিয়া জেলার কংসাবতী নদী অববাহিকা অঞ্চল এক অদৃষ্টপূর্ব ভয়াল বন্যার সম্মুখীন হয়েছিল। এজন্য গ্রামীণ এবং শহরাঞ্চলের জল সরবরাহ ব্যবস্থার ভীষণ ক্ষতি হয়েছিল। জেলার ক্ষতিগ্রস্ত জলসরবরাহ ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য রাজ্য সরকার ৯২.২৭ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। পুনরুদ্ধারের কাজ এখনও চলছে।

৮। শহরাঞ্চলের জলসরবরাহ ব্যবস্থা ঃ

৮.১। সি. এম. ডি. এলাকার বাইরে মোট ৭৪টি পৌরসভার মধ্যে ৬৯টি পৌরসভা এলাকায় সম্পূর্ণভাবে এবং দুইটি পৌরসভায় আংশিকভাবে জলসরবরাহের সুবিধা দেওয়া গেছে। ২৩টি পৌরসভাতে জলসরবরাহ প্রকল্পের কাজ বিভিন্ন পর্যায়ে আছে। এই প্রকল্পগুলির মধ্যে নূতন এবং উন্নীতকরণ প্রকল্পগুলিও আছে।

৮.২। মাননীয় সদস্যগণ ইতিমধ্যেই অবহিত হয়েছেন যে, আমরা পৌর বিষয়ক বিভাগের সঙ্গে আলোচনাক্রমে হাডকো-র ঋণ সহায়তায় শিলিগুড়ি, খড়গপুর, দুর্গাপুর, দার্জিলিং ইত্যাদি এলাকায় জলসরবরাহ প্রকল্প রূপায়ণের চেষ্টা চালাচ্ছি। শিলিগুড়ি এবং খড়গপুর প্রকল্পের জন্য হাডকো-র কারিগরি অনুমোদন (টেকনিক্যাল ক্লিয়ারেন্স) পাওয়া গেছে। হাডকো ঋণের

বিস্তারিত শর্তাদি বিষয়ে কথাবার্তা চলছে। যাহোক, ২১৪১.৩৫ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে ৩০.৫০ এম. এল. ডি. জলসরবরাহের লক্ষ্য রেখে খড়গপুর জলসরবরাহ প্রকল্প রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছে। আশা করা হচ্ছে এই প্রকল্প রূপায়ণ বাবদ হাডকো-র কাছ থেকে ১২৭৬ লক্ষ টাকা ঋণ পাওয়া যাবে। ৩১-৩-১৯৯৩ পর্যন্ত এই প্রকল্প বাবদ ইতিমধ্যেই আমরা ১৬৯.৮৫ লক্ষ টাকা মঞ্জুর করেছি। যন্ত্রাংশ সংগ্রহ, জমি অধিগ্রহণ এবং জলের অনুসন্ধান প্রভৃতি খাতে আমরা ১৪৩.০০ লক্ষ টাকা খরচ করেছি।

৮.৩। নেওড়াখোলা জলসরবরাহ প্রকল্পের কাজ দ্রুতগতিতে চলছে এবং ইতিমধ্যেই দেওলো জলাধারটি, যা এই প্রকল্পের অংশ—কাজে লাগানো হচ্ছে। এতে সামরিক এবং অসামরিক উভয় পক্ষের জনগণই আরও বেশি করে পানীয় জলের সরবরাহ পেয়ে উপকৃত হবেন। যত তাড়াতাড়ি সম্ভব প্রধান প্রকল্পটি চালু করার জন্য সম্মিলিত চেষ্টা চলছে। ১৯৯৩-৯৪ সালে এ বাবদ রাজ্য সরকারের দেয় প্রস্তাবিত অর্থের পরিমাণ ১৯৫ লক্ষ টাকা।

৮.৪। এটা অত্যন্ত আনন্দের বিষয় যে, ৪৫.৭৩ কোটি টাকা অনুমিত ব্যয়ে নির্মিত হলদিয়া শিল্পাঞ্চলের জলসরবরাহ প্রকল্পটি চালু করা হয়েছে। হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ রক্ষণাবেক্ষণসহ প্রকল্পটি অধিগ্রহণ করতে নীতিগতভাবে সম্মত হয়েছেন। এ ব্যাপারে প্রয়োজনীয় কথাবার্তা চলছে। অধিগ্রহণ করার পরেও যখনই হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ চাইবেন তখনই জনস্বাস্থ্য কারিগরি অধিকার তাদের সব রকমের কারিগরি সহায়তা দিতে থাকবেন।

৮.৫। ১৯৯৩-৯৪ সালে শহরাঞ্চলের জল সরবরাহ প্রকল্পে প্রস্তাবিত অর্থের পরিমাণ ৬৫০ লক্ষ টাকা। এর মধ্যে হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষকে দেয় ১২৫ লক্ষ টাকা ধরা হয়েছে যা দিয়ে বকেয়া মেটানো যাবে।

**৯। শহরাঞ্চলের অনাময় ব্যবস্থা ঃ**

সি. এম. ডি. এ. এলাকা বহির্ভূত পৌরসভা এলাকায় কম খরচে খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানাতে রূপান্তর করার কর্মসূচি পৌরসভা কর্তৃপক্ষ নিজেরাই রূপায়িত করছেন। ১৯৯২-৯৩ সালে এ বাবদ গুস্করা, রাণীগঞ্জ এবং মালবাজার পৌরসভার জন্য আমরা ৯.৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছিলাম। ১৯৯৩-৯৪ সালে এ বাবদ আমাদের প্রস্তাবিত বরাদ্দের পরিমাণ ২ লক্ষ টাকা। এর মধ্যে ১ লক্ষ টাকা নিষ্কাশন ব্যবস্থার জন্য।

**১০। গঙ্গা অ্যাকশন প্ল্যান ঃ**

গঙ্গা নদীর জলদূষণ প্রতিরোধের উদ্দেশ্যে ৫৪১.২৬ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে বহরমপুর, কল্যাণী এবং নবদ্বীপ এলাকায় গঙ্গা অ্যাকশন প্ল্যানের অধীনে চারটি প্রকল্প তৈরি করা হয়েছে। দূষিত জল আটকানো, দিক পরিবর্তন এবং দূষিত জল শোধনের প্ল্যান্ট স্থাপনের কাজ এই প্রকল্পের অন্তর্গত। ২৮-২-১৯৯৩ পর্যন্ত জনস্বাস্থ্য কারিগরি দপ্তর এ বাবদে ৫১৫.৫২ লক্ষ টাকা খরচ করেছেন। আশা করা যায় সমস্ত সম্পন্ন প্রকল্পের কাজ খুব শীঘ্র চালু করা যাবে।

**১১। গঙ্গাসাগর মেলা ঃ**

গত ১৯৯৩ সালের জানুয়ারি মাসে সাগরদ্বীপে, অনুষ্ঠিত মেলায় আগত তীর্থযাত্রিদের জন্য অস্থায়ী বাসস্থান নির্মাণ, জলসরবরাহ, অনাময়, বিদ্যুৎ এবং অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করতে পেরে আমরা আনন্দিত। স্থানীয় পঞ্চায়েতের সক্রিয় অংশগ্রহণের জন্যই এটা সম্ভব হয়েছে।

**১২। দ্বিপাক্ষিক সহায়তা ঃ**

পুরুলিয়া জেলার রঘুনাথপুর এবং বীরভূম জেলার বোলপুর ও তদ্ সংলগ্ন এলাকার জন্য যথাক্রমে ১৩.১২ কোটি টাকা এবং ১৩.৭৬ কোটি টাকা অনুমিত ব্যয়ে নির্মিত সমন্বিত জলসরবরাহ এবং অনাময় প্রকল্প রূপায়ণের কাজ জার্মান সরকারের বৈদেশিক সাহায্যে সম্পন্ন করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেছে। জার্মান অর্থ-লগ্নিকারি সংস্থা কে. এফ. ডবলিউ. কর্তৃক নিয়োজিত জি. কে. ডবলিউ-সি. ই. এস. নামক যুক্ত সংস্থা প্রকল্পগুলির রূপায়ণের সম্ভাব্যতা সম্পর্কে একটি অন্তর্বর্তীকালীন প্রতিবেদন পেশ করেছেন। উক্ত প্রকল্পের জলসরবরাহ, অনাময়, নিষ্কাষণ, শক্ত আবর্জনা সম্পর্কে ব্যবস্থা গ্রহণ, স্বাস্থ্য শিক্ষা, সামাজিক, অর্থনৈতিক প্রেক্ষাপট এবং জলের উৎস ইত্যাদি বিষয়ে প্রতিবেদনে আলোকপাত করা হয়েছে। এই ব্যাপারে বিভিন্ন সংশ্লিষ্ট বিভাগের মতামত চাওয়া হয়েছে। ইতিমধ্যেই সংস্থাটি জলের চূড়ান্ত উৎস নিরূপণের জন্য উক্ত অঞ্চলগুলিতে এবং কিছু বাহিরেও ভূসমীক্ষণ ইত্যাদি চালাচ্ছেন। প্রকল্পটি রূপায়ণের সম্ভাব্যতা নিরূপণের অংশ হিসাবে আমরাও চৌদ্দটি পরীক্ষামূলক নলকূপ খননের জন্য ৩১.৫০ লাখ টাকা বরাদ্দ করেছি। যদি এই পরীক্ষামূলক নলকূপগুলি সফল হয় তাহলে এগুলোকেই কার্যকর উৎপাদনশীল নলকূপে পরিণত করা হবে। এ ব্যাপারে চূড়ান্ত প্রতিবেদন শীঘ্রই পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

ইউ. এন. ডি. পি./বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় জল এবং অনাময় পারিপার্শ্বিক অবস্থার উন্নতি প্রভৃতি কর্মসূচির জন্য ১২০ লাখ টাকা অনুমিত ব্যয়ে বীরভূম জেলার মহম্মদবাজারে একটি নিবিড় গ্রামীণ জলসরবরাহ পরিবেশ, অনাময় প্রদর্শন প্রকল্প রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছে। প্রকল্পটির ৭৫ শতাংশ ব্যয়ভার ইউ. এন. ডি. পি. এবং ২৫ শতাংশ ব্যয় ভার রাজ্য সরকার বহন করবেন।

**১৩। সাংগঠনিক পরিবর্তন ঃ**

জলসরবরাহ প্রকল্পগুলির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও রূপায়ণে এবং স্থানীয় জনসাধারণের সংযোগ সাধনে বর্তমান ১৭টি গ্রামীণ জলসরবরাহ উপবিভাগ (সাবডিভিসন) থাকা সত্ত্বেও আরও ৫৭টি সিভিল ইঞ্জিনিয়ারিং উপবিভাগ গঠন করা হয়েছে। দার্জিলিং-গোর্খা পার্বত্য পরিষদীয় অঞ্চল ব্যতীত সমস্ত পশ্চিমবঙ্গ এসবের আওতায় থাকবে। এ ব্যাপারে জেলা পরিষদগুলির সহযোগিতাও চাওয়া হয়েছে।

১৪। মহাশয়, এই বক্তব্য রেখে আমি ৩৫ নং দাবির অন্তর্গত মুখ্যখাতে—২২১৫—জলসরবরাহ ও অনাময় (বায়ু ও জল দূষণ প্রতিরোধ ব্যতীত) এবং ৬২১৫ নং মুখ্যখাতে জল সরবরাহ ও অনাময়ের জন্য ঋণদান (বায়ু ও জল দূষণ প্রতিরোধ ব্যতীত) বাবদ ১৯৯৩-৯৪ আর্থিক বৎসরের ব্যয় নির্বাহের জন্য মোট ৭৬ কোটি ৮১ লক্ষ

৯৪ হাজার টাকা মঞ্জুরির প্রস্তাব পেশ করছি। অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুরীকৃত (ভোটেড-অন-অ্যাকাউন্ট) ২৫ কোটি ৬১ লক্ষ টাকা এর অন্তর্গত।

**Deputy Speaker :** There is a cut motion to Demand No. 35. That cut motion is in orders.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় স্পিকার যেদিন আমাদের মিটিংয়ে ডাকেন তখন স্পিকার বলেছিলেন যে গ্রান্টের উপরে ডিসকাশনের আগে অল পার্টি একটা মিটিং ডাকবেন। শুধু প্রিন্টেড স্টেটমেন্ট দিলেই হবে না। এটা আইনে নেই। এরপরে যদি ডিসকাশন হয়, দ্যাট স্যুড নট বি ট্রিটেড অ্যাজ পার্ট অব দি প্রসিডিংস। ইট ক্যান নট বি পার্ট অব দি প্রসিডিংস। আমাদের মেম্বার পার্টিসিপেট করবে এটা হতে পারে না। আপনি আইনে দেখান। আপনি আইনের বাইরে যেতে পারেন না। আপনাকে আইন দেখাতে হবে। ওরা যখন আমাদের কাছে বান্ডিল ছেপে আমাদের কাছে বিলি করেছিলেন তখন আমরা আপত্তি করেছিলাম। আপনাকে ডিবেটে আসতে হবে, হোয়াট আর দি পার্ট অব দি প্রসিডিংস? আমরা সেদিন আপত্তি করেছি। স্পিকার আমাদের বলেছিলেন যে একটা মিটিং ডাকবেন। এটা না হলে আমরা প্রসিডিংস হতে দেব না।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনারেবেল ডঃ জয়নাল আবেদিন, বিরোধীপক্ষের নেতা অল পার্টি মিটিংয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে যে বক্তব্য রেখেছেন সেটা খুবই যুক্তি-সঙ্গত এবং হাউসের রুলস অফ প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অফ বিজনেসের সঙ্গে সঙ্গতি রেখেই কথাটি বলেছেন। এই নিয়ে একবার বিতর্কও হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণও করা হয়েছিল। সাংবিধানিক পরিষদীয় নীতির নিয়ম মেনে শ্রী শ্রদ্ধেয় নেতা ডাঃ জয়নাল আবেদিন এই বিতর্ক তুলেছিলেন। কিন্তু সেই বিষয়ে এখনও অবধি কোনও ইতি টানা হয়নি এবং শেষ কথাও বলা হয়নি। মাননীয় স্পিকার বলেছিলেন যে আলোচনা হবে এবং প্রসঙ্গটা পর্যালোচনা করা হবে। এটা নিয়ে অল পার্টিতে বসে আলোচনা করে হাউসে বলবেন কিন্তু দুঃখের বিষয় এখনও অবধি সেই জিনিস হল না। সুতরাং যুক্তি-সঙ্গত কারণেই এবং সাংবিধানেক ও পরিষদীয় রীতি মেনেই ডাঃ আবেদিন এই ব্যাপারে রুলস চেয়েছেন।

**Mr. Speaker :** I am sorry that I have wrongly quoted by the Hon'ble Leader of the Opposition and Dr. Manas Bhunia about the All Party Meeting. Dr. Abedin raised the question. I pointed out to them that this procedure was adopted with a request of the Opposition during Hon'ble Shri Syed Mansur Habibullah's when he was the Speaker... (noise)...

I said, if this procedure is to be changed we will have to have an all party meeting to discuss the matter and come to a fresh con-

ensus. Till such time this procedure has to continue. It has been done y agreement. It has been done before I became the Speaker. I cannot hange it. I am sorry. ....(noise)....

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এই বিতর্কের সূত্রপাত করার ন্য আদেশ দিয়েছেন এবং সেই অনুসারেই আমি বিতর্কের সূত্রপাত করছি। আজকে মাননীয় ন্ত্রী মহাশয় জনস্বাস্থ্য এবং ইঞ্জিনিয়ারিং বিভাগের যে বাজেট বরাদ্দ নিয়ে এসেছেন তার পরেই বিতর্ক শুরু হচ্ছে। স্যার, আজকে মন্ত্রীর বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করে আমার ক্তব্য রাখছি। খুব গুরুত্বপূর্ণ সময়েই এই এই বিতর্কে অংশগ্রহণ করেছি। যখন সারা শ্চিমবঙ্গের প্রায় ৪০ হাজার মানুষ সরকারি ভাষায় আন্ত্রিক রোগে আক্রান্ত। আমি সরকারি াষায় বলছি কেন না এখনও সরকার এবং স্বাস্থ্য বিভাগ বলতে পারছে না হোয়াট ইজ রুট কজ অফ দি গ্যাস্ট্রো এন্ট্রাইটিজ। এটা কি কলেরা, এটা কি পানীয় জল দূষণের জন্য য়েছে নাকি খাদ্য জনিত কারণে নাকি চিকিৎসা সংকটের জন্য এই রকম একটা ভয়ঙ্কর পেজ্জনক অস্বস্তিকর পরিস্থিতির মধ্যে পড়েছে তা এখনও জানা যায়নি। সেই অবস্থাতে নস্বাস্থ্য এবং ইঞ্জিনিয়ারিং বিভাগের বাজেট বিতর্ক শুরু হয়েছে। ৪০ হাজার গ্রামে বিকেন্দ্রীকৃত রিকল্পিত অর্থনৈতিক বিন্যাস তথাকথিত পশ্চিমবঙ্গে ঘটেছে যা পঞ্চায়েত মন্ত্রী এখানে বসে াছেন আমাদের জনস্বাস্থ্য এবং ইঞ্জিনিয়ারিং বিভাগের পেছনে বসে আছেন ভাল করে লতে, পারবেন। সেখানে আমাদের পশ্চিমবঙ্গ নাকি একটি অঙ্গ রাজ্য এবং সেখানে ১ জার মানুষ শিশু সমেত মারা গেছে আন্ত্রিকে।

[2-10 — 2-20 p.m.]

এবং এর অধিকাংশ জায়গাতে দূষিত পানীয় জল। আমি মন্ত্রী মহাশয়ের কাছে কনিকালিটিস নিয়ে বলছি, যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে গ্রামোন্নয়ন দপ্তর এবং জনস্বাস্থ্য ঞ্জিনিয়ারিং দপ্তর অঙ্গাঙ্গিভাবে জড়িত থেকে যে কাজ করা দরকার সেটা হল মানুষের কাছে ানীয় জল পৌঁছে দেওয়া। নগরন্নোয়ন দপ্তরের সঙ্গে যুক্ত জনস্বাস্থ্য উন্নয়ন দপ্তর এই কাজটা রেন এবং গ্রামবাংলায় এবং মিউনিসিপ্যালিটি এলাকায় মানুষের কাছে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া। কিন্তু বাংলার মানুষের অভিজ্ঞতা হল গ্রামে এবং কিছু মিউনিসিপ্যালিটি লাকায় ৪০ হাজার মানুষ আজকে আন্ত্রিকে আক্রান্ত হয়েছে এবং তাতে এক হাজার লোক ারা গেছে। আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তরের বাজেট ালোচনায় অংশগ্রহণ করছি। কি বিপদজনক অবস্থার মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। কেন ামি এই কথা বলছি? এর আগেও আমি মন্ত্রী মহাশয়কে অবহিত করেছিলাম যে ব্যাপারটা ধু কংগ্রেস, কমিউনিস্ট ব্যাপার নয়, আপনাকে বিজ্ঞানভিত্তিক চিন্তা করতে হবে। মাটির লায় জলের লেয়ার আজকে বিপদজনকভাবে কিছু কিছু এলাকায়, কিছু কিছু ব্লকে একটা র্দিষ্ট সীমার নিচে নেমে গেছে। ফলে অধিকাংশ গ্রাম এলাকায় ও জেলাগুলিতে বিশুদ্ধ ানীয় জলের নলকূপগুলি অধিকাংশই কাজ করছে না। এর কারণ কি সরকারকে দেখে লতে হবে? আপাত দৃষ্টিভঙ্গিতে যা দেখা যাচ্ছে—মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ রব—ইন্ডিস্ক্রিমিনেট ইউস অফ আন্ডারগ্রাউন্ড ওয়াটার, মাটির তলার জলকে অসংযমিভাবে ্যবহার করার ফলে এই জিনিসটা হচ্ছে। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব

সরকারের পক্ষ থেকে এই বিষয়ে বিধানসভায় একটা আইন প্রণয়ন করবার কথা ভাবতে হবে। কিন্তু এখনও পর্যন্ত সরকার সেই ব্যাপারে কোনও চিন্তা-ভাবনা করলেন না। আজকে অধিকাংশ গ্রামে অধিকাংশ পানীয় জলের নলকূপগুলি খারাপ হয়ে পড়ে আছে। বাংলার মানুষকে আজকে তার ফলে অধিকাংশ জায়গায় পুকুরের জলের উপর নির্ভর করতে হচ্ছে ও বাইরের জলের উপর নির্ভর করেত হচ্ছে। আবার কিছু কিছু জায়গায় কৃষি কাজে ব্যবহৃত যেসব নলকূপগুলি চলছে গ্রামবাংলায় সেসব জলও আজকে মানুষকে পান করতে হচ্ছে। জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তর আজকে এই জায়গায় দাঁড়িয়ে আছে। মানুষ আজকে আতঙ্কের মধ্যে দিয়ে দিন কাটচ্ছে। পাশাপাশি আমরা সরকারের নিয়ম অনুযায়ী ২৫০ জনসংখ্যা পিছু একটা গ্রামে একটা বিশুদ্ধ পানীয় জলের সোর্স থাকলে সেই গ্রামটা সমস্যা সংকুল গ্রাম নয় বলে চিহ্নিত হবে। কিন্তু বাস্তব অভিজ্ঞতা কি? পশ্চিমবাংলায় ১৯৮০ সাল থেকে ১৯৮৫ সাল অবধি সরকারি তথ্য যা পাওয়া যাচ্ছে তাতে দেখা যাচ্ছে যে মাত্র পাঁচ হাজারটি গ্রামে নাকি এই কাজ বাকি ছিল। সেখানে বিশুদ্ধ পানীয় জলের নলকূপ প্রতি ২৫০ জনসংখ্যা পিছু ছিল না। ১৯৯৩ সালে পশ্চিমবঙ্গ সরকার যে তথ্য পাঠিয়েছে কেন্দ্রের কাছে তাতে দেখা যাচ্ছে যে কোনও গ্রাম নাকি এমন নেই যেখানে পানীয় জলের সঙ্কট আছে। এটা কি সত্য কথা? মাননীয় সদস্যরা বলুন, বাস্তব অভিজ্ঞতা কি? গ্রাম বাংলার ৪০ হাজার গ্রামে কি এই পানীয় জলের সমস্যা নেই। আলবাত আছে। ভয়ঙ্কর ভাবে, বিপদজনকভাবে আছে।

[2-20 — 2-30 p.m.]

আছে বলেই আন্ত্রিক হচ্ছে, বিশুদ্ধ পানীয় জল না পেয়ে পচা পুকুর, ডোবার জল এবং নদীর জল খেয়ে মানুষ আন্ত্রিক রোগের শিকার হচ্ছে এবং মারা যাচ্ছেন। তাহলে সরকারের দৃষ্টিভঙ্গিটা কি? লাল ফিতার বাঁধনে বেঁধে অফিসাররা যুক্তি খাড়া করে সাফাই গান এবং তা চোখ বুলিয়ে পাঠিয়ে দিচ্ছেন দিল্লিতে। এর অবসান কি করে হবে জানি না। বাস্তব ক্ষেত্রে কিন্তু বাংলার অধিকাংশ গ্রামে পানীয় জলের নলকূপ হয় কাজ করছে না অথবা নেই। এর সঙ্গে যুক্ত হয়েছে একটি রাজনৈতিক পদক্ষেপ। এ সম্বন্ধে আমি আগেও বলেছি এবং আবার রিপিট করছি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার জন্য। এই যে পঞ্চায়েত নির্বাচন হ'ল—পঞ্চায়েত মন্ত্রী পালিয়ে গেলেন, থাকলে ভাল হত এবং এটা শুনলে ভাল হত—পঞ্চায়েত নির্বাচনের আগে গাড়ি গাড়ি পাইপ এবং টিউবওয়েল গ্রামে গ্রামে নামানো হল। বলা হল, মধু, সি. পি. এম.-কে ভোট দাও আর এই তিনটে পাইপ আর একটা টিউবওয়েল নিয়ে যাও, যদু, সি. পি. এমের জন্য ভোট জোগাড় কর আর এই ১০০টা পাইপ আর ৪টে টিউবওয়েল নিয়ে যাও। বলা আছে যে ৩৫০ ফুট, ২৫০ ফুট কিম্বা কম করে ১৫০ ফুটের কম পাইপ না পুঁতে টিউবওয়েল করা যাবে না কিন্তু বাস্তবে হচ্ছে কি? পাইপ ভাগ করে করে টিউবওয়েল পোঁতা হচ্ছে। বর্ষাকালে জলের লেয়ার যখন উপরে উঠে আসছে সেই সময় অধিকাংশ গ্রামে ২০ ফুট, ৪০ ফুট, ৬০ ফুট পাইপ পুঁতে টিউবওয়েল করা হচ্ছে এবং তার ফলে পুকুরের পচা জল খেয়ে মানুষ মরছে। জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তরের পক্ষ থেকে কাগজে কলমে ২৫০/৩০০ ফুট পাইপের কথা বলা হলেও বাস্তবে এই অবস্থা হচ্ছে। এইসব কথা বললেই তো স্যার, ঐ দৃষ্টিভঙ্গির দল চেঁচামেচি শুরু করে দেন

কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে এটাই। এসব কথা বললেই ওরা বলেন যে কংগ্রেসি চক্রান্ত কিন্তু আমি আপনাদের বলছি, এটাকে কংগ্রেসিদের চক্রান্তের ব্যাপার নয় এটা হচ্ছে গ্রামাঞ্চলের মানুষদের বাস্তব অভিজ্ঞতা। সেখানে অধিকাংশ জায়গাতে টিউবওয়েলের ডাঙ্গাগুলি মাথা খাড়া করে দাঁড়িয়ে আছে কিন্তু তা দিয়ে জল পড়ছে না। পঞ্চায়েতের নির্বাচনের দু'দিন আগে আর নির্বাচনের দিন কি পরের দিন তা দিয়ে জল পড়েছে, তারপর আর জল পড়ছে না। আমরা অভিযোগ করলে মন্ত্রী মহাশয় সেগুলি দেখেন, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এগুলি দেখার জন্য বলছি। আজকে আমরা বলছি যে দু'হাজার সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্যের ব্যবস্থা করব কিন্তু আজকেও সরকারি হিসাবে আন্ত্রিকে পশ্চিমবঙ্গে হাজার, হাজার মানুষ আক্রান্ত। অধিকাংশ জায়গাতে নলবাহী সিঙ্গল মৌজাতে আজকে ওয়াটার সাপ্লাই প্রোজেক্ট আপনারা অ্যাবান্ডান করে, টাকা খরচ করতে না পেরে পাঠিয়ে দিচ্ছেন ফেরত। আমার জেলা মেদিনীপুরের গত ৫/৬ বছরের ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন সিঙ্গল মৌজা পাইপলাইন ওয়াটার সাপ্লাই প্রোজেক্ট আপনারা করতে পারেননি। এটা অবশ্য আপনার আগের সময়, আপনার সময় নয়। কেন টাকা ফেরত গেল? কেন্দ্রের যে ২০ দফা কর্মসূচি, রুর‍্যাল ডেভেলপমেন্ট দপ্তরের যে টাকা আপনার দপ্তরের মাধ্যমে খরচ হয়, pipeline water supply with reservior, pipeline water supply without reservior. এগুলি কার্যকর হচ্ছে না কেন? আজকে এসব প্রশ্ন করলে আপনার দপ্তরের অফিসাররা সঠিক জবাব দিতে না পেরে খালি বলেন ফাইনান্সিয়াল এমবারগো। আমি আপনার কাছে নির্দিষ্টভাবে জানতে চাই বিগত আর্থিক বছরে আপনার দপ্তরের জন্য কত টাকা ইয়ারমার্কড ছিল ফাইনান্সিয়াল বাজেট অ্যালোকেশনে এবং কত টাকা আপনি হাতে পেয়েছেন বেতন বাদ দিয়ে তা আমাদের জানাবেন। আপনি পানীয় জলের সমস্যার সুরাহা করবেন কি করে? আমি একটা দৃষ্টান্ত দিই—খড়গপুরের কথা বলি। আপনারা জানেন যে কবে, কোনও আদিকাল থেকে খড়গপুরের পানীয় জলের প্রোজেক্ট স্যাংশন, প্ল্যানিং, কাজের কথা বলা হচ্ছে কিন্তু বাস্তব অবস্থাটা কি? সেই প্রকল্পটি পড়ে আছে। এমনি প্রতিটি শহর এবং মিউনিসিপ্যালিটিতে যদি দেখা যায়, একটা একটা করে দেখা যাবে আপনার দপ্তর যে পরিকল্পনাগুলো আজকে কাগজে কলমে নিচ্ছে তা পরিপূর্ণ রূপায়ণ হচ্ছে না। এই জায়গাটা আপনাকে আজকে ধরতে হবে এবং কেন সেখানে পরিকল্পনাগুলো রূপায়ণ করা যাচ্ছে না, আপনাকে এখানে তা বলতে হবে। আজকে অনেকগুলো পরিকল্পনার মাধ্যমে আপনার দপ্তর জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তর কাজ করছে। মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, এটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখবেন না। আমরা যখন স্লোগান দিয়েছি হেলথ টু অল, সেখানে একদিকে যেমন পানীয় জলের সমস্যা মেটাতে হবে, আর একদিকে জনস্বাস্থ্যের সঙ্গে যুক্ত পয়ঃপ্রণালী, জল নিষ্কাশন, যদিও সেটা নগর উন্নয়ন এবং পৌর দপ্তরের সঙ্গে আপনার দপ্তরের একটা বিরাট অংশ যুক্ত থেকে গেছে, সেই জায়গায় দেখছি আপনার দপ্তর এবং গ্রামোন্নয়ন দপ্তর এর মধ্যে কোহেশন নেই, সংযোগ নেই। সিঙ্গল ইউনিট পারফরমেন্স সেটা হচ্ছে না। ফলে আপনার দপ্তর এবং গ্রামোন্নয়ন দপ্তর, আপনার দপ্তর এবং পঞ্চায়েত দপ্তর, আপনার দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের মধ্যে কোনও কোহেশন নেই, কোনও যোগাযোগ নেই। সংযুক্তিকরণ করে করার প্রয়াস না থাকার ফলে এই কাজ ঠিকমতো হচ্ছে না। টাইম মতো কাজ হচ্ছে না। টাকা পাওয়া যাচ্ছে না, অফিসাররা বলছেন টাকা নেই, এমবার্গো, জেলা স্তরে বলা হচ্ছে টাকা

নেই, ব্লক স্তরে বলছে টাকা নেই। আমরা কোনও জায়গায় দাঁড়িয়ে আছি সেটা বলবেন। যে কথা প্রথমে বলছিলাম সেটা বলছি পশ্চিমবাংলায় কতকগুলো জোন দেখা গেছে, আর্সেনিক সাংঘাতিক ভাবে দেখা গেছে এবং আর্সেনিকের প্রভাবে বেশ কিছু আক্রান্ত হয়েছে নদীয়া, মুর্শিদাবাদ এবং দুই ২৪ পরগনায়। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন, সেন্ট্রাল গভর্নমেন্টের রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট এবং অন্যান্য সংস্থা রাজ্য সরকারের কাছে এগিয়ে এসেছে, তারা এই বিষয়টা টেক আপ করে রিপোর্ট দিয়েছে। আপনারা এর এগেনস্টে কি প্রটেকশন নিয়েছেন, রাজ্য সরকার আর্সেনিক পয়েজনিং এর ক্ষেত্রে এবং জল থেকে আর্সেনিক দূর করার ক্ষেত্রে কি কি সঠিক পদক্ষেপ গ্রহণ করেছেন সেটা বলবেন। আর একটা বিষয়, জলের স্যালাইনিটি প্রবলমে আছে। এই স্যালাইনিটি প্রবলেম সম্পর্কে আপনার দপ্তর কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা কিন্তু আমরা জানতে পারছি না। তেমনি ভাবে পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের ঝাড়গ্রামের পাথুরে অঞ্চলে সেখানকার সম্পর্কে বলা হয়েছে যে সেখানে পানীয় জল পাওয়া যাবে না। কিন্তু আমাদের কাছে খবর আছে যে এটা রটনা। এর পেছনে বৈজ্ঞানিক কি যুক্তি আছে সেটা বলবেন। আমরা দেখতে পাচ্ছি জিওলজিক্যাল সার্ভের যে রিপোর্ট তার থেকে যে সংশ্লিষ্ট পাথুরে এলাকার মাটির নিচে জলের স্তর আছে। এই বেল্টের মানুষের কাছে কি ভাবে পানীয় জল পৌঁছে দেওয়া যেতে পারে সেই সম্পর্কে কি পরিকল্পনা আপনারা গ্রহণ করেছেন জানাবেন। জল যে পাওয়া যাবে না, এর সায়েন্টিফিক বেসিস কি সেটা কিন্তু আমরা এখনও পর্যন্ত জানতে পারলাম না। আর একটা বিষয়, বিপদজনকভাবে মাটির নিচের জলকে ব্যবহার করা হচ্ছে। এর ফলে এক সময় জল দুর্ভিক্ষ দেখা দিতে পারে। এই বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** ডেপুটি স্পিকার, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিট্রেশন খাতের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে এই বিতর্কে অংশ গ্রহণ করে আমি কিছু কথা বলতে চাই।

বিরোধী পক্ষের মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়া এই বিতর্কে অংশ নিয়ে কেবল মাত্র কিছু নেতিবাচক কথা বললেন। যে দপ্তরের বাজেট বিতর্কে তিনি অংশ নিলেন সেই দপ্তর বিগত বছরে কি কাজ করেছে এবং বর্তমান আর্থিক বছরে কি কাজ করতে চাইছে সেসব সম্বন্ধে তিনি কোনও আলোচনা করলেন না। বর্তমানে এই দপ্তরের মাধ্যমে কি হচ্ছে, বিগত দিনেই বা কি হয়েছিল সেসব কথাও তিনি এখানে উত্থাপন করলেন না। সেসব আলোচনা যদি তিনি করেন তাহলে নিশ্চয়ই আলোচনাটা একটু ভাল হ'ত। কারণ প্রত্যেক বিভাগেরই দুটো দিক থাকে, একটা ইতিবাচক দিক একটা নেতিবাচক দিক। এটা বাস্তব কারণেই থাকে। স্বাভাবিকভাবে এই দপ্তরেরও আছে। তিনি ইতিবাচক দিকগুলো দিয়ে না গিয়ে কেবল মাত্র কতগুলো নেতিবাচক দিকই এখানে আলোচনা করলেন। তিনি এটা দেখলেন না যে, পশ্চিমবাংলার মোট জনসংখ্যার মধ্যে ৪ কোটি ৯১ লক্ষ ৬১ হাজার মানুষই বাস করেন গ্রামে। ১৯৯২ সালের মার্চ মাস পর্যন্ত তাদের মধ্যে ৩ কোটি ৮ লক্ষ ১৪ হাজার মানুষের

কাছে পানীয় জল পৌঁছে দেওয়া গেছে। যা আমাদের রাজ্যের মোট জনসংখ্যার ৬২.৪২ ভাগ। এই অগ্রগতির কথা ওর আলোচনার মধ্যে দেখা গেল না। এখন পর্যন্ত এই বিভাগ গ্রামে পানীয় জল সরবরাহের জন্য মোট ৬০৩-টি প্রকল্প মঞ্জুর করেছে। ইতিমধ্যেই ২৯৯টির কাজ সমাপ্ত হয়েছে। ২০১-টির কাজ চলছে এবং আরও ১০১টির কাজ এখনই হাতে নেওয়া হবে। এগুলো উনি দেখতে পেলেন না। এ ছাড়াও তফসিলি জাতি অধ্যুষিত এলাকাগুলোর জন্য আগে যেখানে বরাদ্দ ছিল শতকরা ২০ ভাগ সেখানে বর্তমানে বরাদ্দ বৃদ্ধি করে করা হচ্ছে শতকরা ২৫ ভাগ। উপজাতিদের ক্ষেত্রে শতকরা ৫ ভাগ থেকে বরাদ্দ বৃদ্ধি করে শতকরা ১০ ভাগ করা হয়েছে। এসব বিষয়গুলো মানসবাবুর আলোচনার মধ্যে থাকলে ভাল হ'ত। নিশ্চয়ই, হ্যাঁ, পানীয় জলের সংকটের যে কথা তিনি উল্লেখ করেছেন তা সত্য। কিন্তু তার কারণ কি? প্রতি বছর গ্রাম বাংলায় খরার মরশুমে চাষের এলাকা বাড়ছে, গ্রাম বাংলার মাঠগুলো ক্রমাগত সবুজ হয়ে যাচ্ছে। কৃষি ক্ষেত্রে এটা আমাদের একটা বিরাট সাফল্য। কিন্তু এই ফসল উৎপাদন করতে গিয়ে মাটির তলা থেকে যে জল তুলে নেওয়া হচ্ছে তাতে সর্বত্র জল-স্তরে ক্রমশ নিচে নেমে যাচ্ছে। ফলে একটা ভয়াবহ সংকটের দিকে আমরা এগিয়ে যাচ্ছি, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। হ্যাঁ, সরকারকে অবশ্যই আজকে এ সম্পর্কে ভাবতে হবে এবং ব্যবস্থা নিতে হবে। না হলে আগামী দিনে তীব্র জল সংকট দেখা দেবে। চাষের জন্য আমাদের মাটির নিয়ে জল কতটা তুলতে হবে, কতটা অন্যভাবে আমরা জোগাড় করতে পারব সে সম্বন্ধে এখনই ভাবনা চিন্তার প্রয়োজন আছে এবং ব্যবস্থা গ্রহণেরও প্রয়োজন আছে। তারপর বেশ কিছু এলাকায় জলে আর্সেনিকের সমস্যা দেখা দিয়েছে। একথা মানষবাবুও বলেছেন। হ্যাঁ, আমরা জানি আর্সেনিকের সমস্যা আছে এবং সেই সমস্যার সমাধানের জন্য একটা প্রকল্প গৃহীত হয়েছে। তাতে যে এলাকার জলে আর্সেনিক নেই সেই এলাকা থেকে জল নিয়ে যে সমস্ত এলাকার জলে আর্সেনিক আছে সে সমস্ত এলাকায় সরবরাহ করার ব্যবস্থা করা হবে। বহু ক্ষেত্রেই সমস্যা আছে, কিন্তু প্রত্যেক ক্ষেত্রেই সমস্যা সমাধানের পদক্ষেপ নেওয়া হচ্ছে। এগুলো মানসবাবুকে ভাবতে হবে। কেবল মাত্র নেতিবাচক কথা বললেই হবে না। আমরা জানি এই দপ্তরের দায়িত্ব হচ্ছে গ্রাম এবং শহরের প্রত্যেক মানুষের কাছে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়ার এবং স্যানিট্রেশনের ব্যবস্থা করার। তা যদি না করা যায় তাহলে জনস্বাস্থ্যের কথা, কথার কথাই থেকে যাবে। সেই উদ্দেশ্য নিয়েই এই দপ্তর অন্যান্য বছরের মতো এ বছরও রাজনৈতিক সদিচ্ছা নিয়ে যথাসাধ্য চেষ্টা করছে। তবে আমাদের কিছু অর্থনৈতিক সংকট আছে। কিন্তু কেন এই সংকট? '৯২ সালে ২১ কোটি টাকা বরাদ্দ ছিল, ১১ কোটি ৩ লক্ষ টাকায় তা নেমে এসেছিল। এর জন্য দায়ী কে? এর জন্য দায়ী কংগ্রেসি নেতৃত্ব। তারা আই. এম. এফ.-এর শর্তের কাছে আত্ম সমর্পন করেছেন এবং তার ফলেই তারা ১৯৯১-৯২ সালে রাজ্যের সম্পদ সংগ্রহের উপর কয়েকটি বড় বড় আঘাত হেনেছেন। তারা তা ছাড়াও ২১৫ কোটি টাকার প্রতিশ্রুতি দিয়েও তা রাজ্যকে দেননি। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমাদের ৪১৪ কোটি টাকার ক্ষতি হয়েছে। একটা আর্থিক বছরেই রাজ্য সরকারের মোট ক্ষতি হয়েছে ৬২৯ কোটি টাকা। এটা কি কম কথা। ১৯৯২-৯৩ সালে ৩৭১ কোটি টাকা ক্ষতি হল। এটা কল্পনা করা যায়? তা সত্ত্বেও এই সরকার বর্তমান আর্থিক বছরে গ্রামে এবং শহরে পানীয় জল সরবরাহের জন্য এবং তা বাড়াবার জন্য পদক্ষেপ নিয়েছেন এবং গ্রামের দিকে ১৫ কোটি ৪৩ লক্ষ টাকা

বরাদ্দ করার প্রস্তাব দেওয়া হয়েছে। শহরাঞ্চলের সাড়ে ৬ কোটি টাকার প্রকল্প আগামীদিনে নেওয়া হবে। এটা কল্পনা করা যায়? সি. এম. ডি.-এর বাইরে ৭৪টি পৌর এলাকা আছে। তারমধ্যে ৬৯টি পৌর এলাকায় জল সরবরাহের ব্যবস্থা আছে। বাকি পৌর এলাকাগুলিতে জল দেবার ব্যবস্থা চলছে। এই রাজ্য সরকারের ক্ষমতা কতটুকু? এই সীমিত ক্ষমতার মধ্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে জল সরবরাহের চেষ্টা এই সরকার করছে। কোন পথে গেলে মানুষ মুক্তি পাবে সেই চেষ্টা করছে। মানুষকে সঙ্গে নিয়ে এই সরকার লড়াই করছে গ্রামে-গঞ্জে, শহরে সর্বত্র। এই সরকারের কাজের গতি যে অব্যাহত সেটা আপনারা উল্লেখ করলেন না। আমি বিশ্বাস করি, যোগ্যতার সঙ্গে প্রতি বছর যথাযথ প্রকল্প হাতে নিয়ে পানীয় জলের স্বার্থে, স্যানিটেশনের স্বার্থে এই সরকার আগামীদিনে এগিয়ে যাবেন এই আশা-ভরসা রেখে, বিরোধীদলের আনা কাট-মোশনের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী গৌতম দেব যে বাজেট প্লেস করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা না করে আমি কিছু বক্তব্য রাখতে চাই যেগুলি ভাবার দরকার আছে। প্রথমত, জল প্রকল্পের ফিনান্সিয়াল এজেন্সি হচ্ছে, এম. এন. পি.—এটা হচ্ছে মেইন, এটা রাজ্য সরকারের। আর একটা হচ্ছে, এ. আর. ডবলু. এস., সেন্ট্রাল গভর্নমেন্টের। ১৯৯২-৯৩ সালে এম. এন. পি.-র বাজেট ছিল ২১ কোটি টাকা, সেটা সংশোধিত হয়ে হল ১১ কোটি টাকায়। আর. এ. ডবলু. এসের ১৮ কোটি ২৪ লক্ষ টাকা যেটা আপনারা পুরোটা পেয়েছেন। এখানে একটা প্রিন্টিং মিসটেক আছে বলে মনে হয়, ১৯৯২-৯৩ সালে ২৬৮২টি গ্রামকে রিগ-প্রোথিত ও নলকূপ স্থাপনসহ জল সরবরাহ করবেন বলেছিলেন। ১৭১৯টি গ্রামে স্থানিক উৎস স্থাপন এবং ৬৯৫টি গ্রামে রিগ-প্রোথিত নলকূপ স্থাপন। এটা যোগ করলে দাঁড়াচ্ছে ২ হাজার ৪১৪টি গ্রাম অর্থাৎ ২০০টি গ্রাম পাওয়া যাচ্ছে না। আমি এটা বলতে চাচ্ছি, আজকে এম. এন. পি. এবং এ. আর. ডবলু. এস এই স্কীম কয়েক বছর আগে চালু হওয়ার ফলে এ পর্যন্ত আপনারা ৪ কোটি ৯৩ লক্ষ গ্রামীণ জনসংখ্যার ভিত্তিতে জল দিতে পেরেছেন ৪০ হাজার গ্রামের মধ্যে। বাকি শহরভিত্তিক এলাকায়। তাহলে দাঁড়াচ্ছে ৩ কোটি লোককে শহরে জল দিচ্ছেন, কিন্তু তা তো নয়। লোকসংখ্যা বেশি বাড়ছে, আরও বাড়বে, ৪ কোটি জায়াগায় আরও বেশি হওয়া উচিত। যাহোক, যা দাঁড়াচ্ছে তার মূল ব্যাখ্যা করতে চাচ্ছি। মাটি ভিত্তিক জল ব্যবহার করতে হবে। মাটি ৩ প্রকার হয়ে যাচ্ছে। পাহাড়ি এলাকা, নোনা এলাকা এবং সাদা-মাটি এলাকা। ফলে দেখা যাচ্ছে, নোনামাটি এলাকায় বিশেষ করে মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন, একবার মিটিং করেছিলাম—দিঘা কেন্দ্রিক, কাঁথি কেন্দ্রিক যে সল্টি বা নোনা এলাকা হয়েছে সেখানে ওয়াটার সাপ্লাইয়ের দারুণ সমস্যা দেখা দিয়েছে। কেন্দ্রীয় সরকারের দ্বারা যে রিগ টিউবওয়েল হয়েছিল সেগুলি চোকড হয়ে গেছে। তারফলে মিউনিসিপ্যাল এলাকাগুলিতে ওয়াটার সাপ্লাইয়ের বিশেষ ক্রাইসিস হয়েছে। ঝাড়গ্রাম এলাকা, দার্জিলিং-এর পার্বত্য এলাকা—আপনি জানেন—রকি এলাকা, সেখানেও সমস্যা দেখা দিয়েছে। বেলপাহাড়িতে জল সরবরাহ প্রকল্পের জন্য বহু টাকা দেওয়া হয়েছে। কিন্তু কেন এই প্রকল্প হচ্ছে না—এটা দেখতে অনুরোধ করব। এ. আর. ডবলু. এস হচ্ছে বড় স্কীম আর এম. এন. পি. হচ্ছে ছোট স্কীম, এটা রাজ্যের। আমাদের জেলায় এবং পশ্চিমবাংলার সর্বত্র এই ধরনের স্কীমগুলি করার আগে ভাবা হয়নি।

কেন বলছি? যেখানে রিগ বা ডিপ-টিউবওয়েল করা হয়েছে সেখানে ইলেকট্রিক কানেকশন ১০ বছরেও পাবে না। অথচ সেখানে জেলাতে এমন এমন গ্রাম রয়েছে আমার এলাকায় যেখানে সমস্ত পি. এইচ. ই.-র কাজ কমপ্লিট হয়েছে কিন্তু ইলেক্ট্রিক কানেকশন আজকে ৫/৭ বছর ধরে পাওয়া যাচ্ছে না। ৪০ কোটি টাকা খরচ হচ্ছে অথচ দেশের মানুষ জল পাচ্ছে না। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ডিপটিউবওয়েল বা পাইপলাইনে ওয়াটার সাপ্লাই করতে গেলে ইলেক্ট্রিক প্রবেলম আগে দেখতে হবে, এই হচ্ছে মোটামুটি ব্যাপার। আমার সময় খুবই সংক্ষিপ্ত, আমি মাননীয় মন্ত্রী মাহশয়কে বলব আমার এলাকা মহিষাদল এলাকায় জল প্রকল্প—ওনার উদার মানসিকতার জন্য—হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির আন্ডারে নিয়ে আসবেন বলেছেন, ওখানে ৬ই ডিসেম্বর বিখ্যাত দিনে হলদিয়া জল প্রকল্প মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছিলেন, ২১ বিলিয়ন গ্যালন জল কাজে লাগবে, এটার দরকার আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করে এবং বিরোধী পক্ষের থেকে যে কাটমোশন এসেছে তার বিরোধিতা করে আমি দু-একটি কথা বলব। পানীয় জলের সমস্যা দূর করার জন্য বর্তমান সরকার সব রকম চেষ্টা করছেন এই দপ্তর নানা দিক থেকে যাতে গ্রামাঞ্চলে পানীয় জলের সমস্যা দূর করা যায় তার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এটা বিগত দিনের অবস্থা এবং আজকের দিনের অবস্থার অনেক পার্থক্য আছে। আমাদের বিরোধী বন্ধুরা নিশ্চয় সেটা অবগত আছেন। টিউবওয়েলের ব্যাপারে গ্রামাঞ্চলের ডিপটিউবওয়েল অথবা বিগ ডায়া টিউবওয়েল বসাবার কাজ বহু এলাকায় হয়েছে এবং চলছে, কিন্তু বহু জায়গায় এমনও আছে যেখানে আজকে—আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—যে সমস্ত এলাকার গ্রামাঞ্চল নদীর নিকটবর্তী সেখানে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান করা যায় কিনা সেই ভাবে পরিকল্পনা করে আনফিলটেড ওয়াটারকে ফিল্টারাইজ পাইপলাইন দ্বারা করা যায় কিনা সে সম্পর্কে চিন্তা ভাবনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ বিগ ডিপ টিউবওয়েল, বিগ ডায়া টিউবওয়েল অথবা ডিপ টিউবওয়েল এগুলির একটা সময় আছে যে সময়ের পরে সেই গভীর নলকূপ অকেজো হয়ে যায় অথবা ডিফাংট হয়ে যায়, সেজন্য বিশেষ করে নদীর নিকটবর্তী গ্রামাঞ্চলে এ ব্যবস্থা যদি আগামী দিনে দূর করা যায় তাহলে অনেক বেশি সুবিধা হবে এবং খরচের দিক থেকেও আমরা আগামী দিনে রেহাই পাব। সাথে সাথে বিরোধী বন্ধুরা অনেক সমালোচনা করেছেন, ওরা জানেন যে বরাদ্দ আজকে করা হল আগামী দিনে যে হারে কেন্দ্রীয় সরকারের বাজেট এবং তাদের নীতি এর ফলে—কারণ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের আন্ডারে এটা—স্বাভাবিকভাবে মাল মেটেরিয়েলসের দাম যেখানে ১০ টাকা বরাদ্দ হল ৬ মাসের মধ্যে দেখা গেল প্রশাসনিক অর্ডারে জিনিসের দাম এমন ভাবে বেড়ে গেল ১০ টাকা বরাদ্দের মধ্যে দুটো টিউবওয়েলের কাজের জায়গায় একটা সিংকিং করা সম্ভব হচ্ছে।

[2-40 — 2-50 p.m.]

স্বাভাবিকভাবে যে ইচ্ছা সরকারের থাকে সেই ইচ্ছাটাকে কেন্দ্রীয় সরকারের নীতির

ফলে পূরণ করা যায় না। তাই আমার বিরোধী বন্ধুদের এদিকে দৃষ্টি দেওয়া উচিত এবং এই সমস্ত বিষয় বিবেচনা করে এখানে আলোচনা করলে ভাল হয়। সেজন্য আমি এই ডিমান্ডকে সমর্থন জানিয়ে এখানেই কথা শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, মন্ত্রী মহাশয় তার নিজের বাজেট ভাষণেই বলেছেন যে, মিনিমাম নিড প্রগ্রাম এবং একসেলারেটেড ওয়াটার সাপ্লাই প্রোগ্রামে ১৯৯২/৯৩ সালে যে ২১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল সেই ২১ কোটি টাকা ছাঁটাই করে মাত্র ১১ কোটি ৩ লক্ষ টাকায় নামিয়ে আনা হয়েছে। অর্থাৎ ন্যূনতম যা প্রয়োজন সেক্ষেত্রে ৫০ পারসেন্ট ছাঁটাই হয়ে গেল। মন্ত্রীর তাই ক্ষোভ, যেভাবে টাকা ছাঁটাই করা হয়েছে তারজন্য গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের টার্গেট ফুলফিল করতে পারেননি, ৩৭.৫৮ পারসেন্ট গ্রামকে মিনিমাম নিড প্রোগ্রামের আওতায় আনতে পারেননি। যেখানে সরকার এত জনদরদের কথা বলেন সেখানে ন্যূনতম যে গ্রামীণ জল সরবরাহ প্রকল্প বাজেটের টাকার ৫০ পারসেন্ট ড্র্যাস্টিকালি ক্ষেত্রে বাজেটের টাকা কাট করতে পারতেন। এর দ্বারাই গ্রামে সাধারণ মানুষের প্রতি তাদের অ্যাটিচুড কি, দৃষ্টিভঙ্গি কি সেটা রিফ্লেক্ট করে। মন্ত্রী নিজে স্বীকার করেছেন একসেলারেটেড রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোজেক্টে কেন্দ্রীয় সরকারের ১৮ কোটি ২৪ লক্ষ টাকা তারা পেয়েছেন, কিন্তু নিজেদের বাজেট এক্ষেত্রে ৫০ কেটে দিলেন। এটা একটা অদ্ভুত ব্যাপার। এরাই আবার জনদরদের কথা বলেন। মন্ত্রী বলেছেন যে, তারা বিশুদ্ধ পানীয় জল সরবরাহের দায়িত্ব নিয়েছেন। এমনই বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করেছেন যার ফলে—এটা লেটেস্ট রিপোর্ট, থার্ড উইক অফ মে—৬২,০২৪ জন আন্ত্রিকে আক্রান্ত এবং তাদের মধ্যে ৮০৫ জন মারা গেছেন। আর শহরে পানীয় জল সরবরাহের যে অবস্থা, সেখানেও দূষণমুক্ত পানীয় জল সরবরাহ করতে পারছেন না। তার প্রমাণ, কলকাতা এবং হাওড়ায় যেভাবে আন্ত্রিকে মানুষ মারা যাচ্ছেন সেটা। আজকে রাজ্যের জনস্বাস্থ্য দপ্তর এইভাবে কাজ করছে। মন্ত্রী মহাশয়, তার বাজেট ভাষণে বলেছেন যে, যেভাবে বাজেট কাট করা হয়েছে তাতে কিভাবে কাজ করব? গ্রামের মানুষের স্বাস্থ্য সচেতনতা সম্পর্কে বলেছেন, কিন্তু তাদের যদি বিশুদ্ধ পানীয় জল না দিতে পারেন তাহলে কি হবে? বর্তমানে গ্রামের ৮০ পারসেন্ট টিউবওয়েল অ্যাকচুয়ালি সেগুলো খারাপ হয়ে রয়েছে, কিন্তু মেন্টেনেন্সের কোনও ব্যবস্থা নেই। মন্ত্রী নিজেই স্বীকার করেছেন, পুরুলিয়ায় বন্যার পর নয় মাস কেটে গেছে, কিন্তু এখনও পর্যন্ত খারাপ হয়ে যাওয়া টিউবওয়েলগুলো কাজ চালাবার উপযুক্ত করে তুলতে পারেননি।

আপনি সেগুলির কিছু করতে পারেননি। সেই সমস্ত জায়গায় উপযুক্ত ব্যবস্থা নিতে পারেননি, অবস্থা ফিরিয়ে আনতে পারেনি। আর একটা কথা হচ্ছে, এই যে পাইপ ওয়াটার সাপ্লাই, এটা নিয়ে একটা দুর্নীতি হচ্ছে। আপনি যদি অ্যাসেস করে থাকেন তাহলে দেখবেন যে পশ্চিমবাংলায় পাইপ ওয়াটার সাপ্লাইয়ের যে সমস্ত স্কীম ছিল তার ৫০ পারসেন্ট অকেজো। আজকে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে, কিন্তু পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিংয়ের কি কাজ হচ্ছে? কোনও কাজ হচ্ছে না, সেই টাকাগুলি নিয়ে দুর্নীতি হচ্ছে। আজকে এই সম্পর্কে

তদন্ত হওয়া দরকার। আপনি জানেন যে পাইপ ওয়াটার স্কীম যেগুলি হয়েছে, তার কতকগুলি ইন অর্ডার আছে, আর কতগুলি নেই। আমাদের জয়নগর কেন্দ্রে পাইপ ওয়াটার স্কীম কাজ করছে না, এইরকমভাবে আশেপাশের বিভিন্ন জায়গায় মিউনিসিপ্যালিটি এলাকায় দেখা যাবে যে ৫০ পারসেন্ট পাইপ ওয়াটার স্কীমে কাজ হচ্ছে না, কোটি কোটি টাকা এইভাবে অপচয় হচ্ছে। আজকে কাকে কন্ট্রাক্ট দেওয়া হচ্ছে, আর কাকে দেওয়া হচ্ছে না, আপনি এগুলি তদন্ত করবেন কি? আমি আপনার কাছে অভিযোগ করছি যে পাইপ ওয়াটার স্কীমে দুর্নীতি হচ্ছে, আপনি তার দতন্ত করুন। তাছাড়া আরও কিছু প্রকল্প আপনি নিয়েছেন কিন্তু বিদ্যুতের সংযোগের জন্য সেগুলি কার্যকর করা যাচ্ছে না। আপনি এই সমস্ত বিষয়ে পদক্ষেপ নিন। আজকে এই যদি অবস্থা হয় তাহলে এই পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট রেখে কোনও লাভ হবে না। কাজেই এই দপ্তরের জন্য অর্থ বরাদ্দ করে লাভ নেই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষের দ্বারা আনীত কাট মোশনের বিরোধিতা করে কয়েকটি কথা এখানে বলতে চাই। বামফ্রন্ট সরকারের আমলে যতগুলি সাফল্য হয়েছে তার মধ্যে পানীয় জল সরবরাহ ব্যবস্থা হচ্ছে অন্যতম সাফল্য। আমরা কংগ্রেস আমলে দেখেছি যে তারা মানুষের জন্য পানীয় জলের কোনও ব্যবস্থা করতে পারেনি। আমরা গ্রামাঞ্চলে এও দেখেছি যে গ্রাম থেকে গ্রামান্তরে মানুষকে জলের সন্ধানে ছেলেমেয়ে কাঁধে করে যেতে হত এবং ঘন্টার পর ঘন্টা লাইনে দাঁড়িয়ে থেকে তাদের ফিরে আসতে হত। বামফ্রন্ট সরকার এই পানীয় জল সরবরাহের সমস্যা সমাধান কল্পে কতকগুলি পদক্ষেপ গ্রহণ করেছেন। গ্রামে ন্যূনতম জল সরবরাহের যে ব্যবস্থা সেই ব্যবস্থা কার্যকর করার জন্য গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে, পঞ্চায়েত সমিতির মাধ্যমে এবং জেলা সমিতির মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গ্রামাঞ্চলে মানুষের কাছে জল পৌঁছে দেওয়া হচ্ছে টিউবওয়েলের মাধ্যমে। সি. এম. ডি. এ এলাকায় সি. এম. ডি.-এর মাধ্যমে, পৌর সভার অন্তর্গত এলাকায় পৌর সভার মাধ্যমে এই পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করা হয়েছে। আমরা দেখেছি যে গ্রামাঞ্চলে শুধু টিউবওয়েল নিয়ে যাওয়া হচ্ছে তাই নয়, সেখানে নলবাহি জল সরবরাহ প্রকল্পগুলি হাতে নেওয়া হয়েছে। আমরা দেখেছি যে এই নলবাহি প্রকল্প হাতে নিয়ে কতকগুলি জায়গায় সম্পন্ন করা হয়েছে, আবার কতকগুলি জায়গায় অসমাপ্ত রয়েছে যদিও সেখানে কাজ চলছে, আবার কতকগুলি জায়গায় কাজ হাতে নেওয়া হবে। তবে এই কাজ অত্যন্ত ধীর গতিতে চলছে, সব জায়গায় ত্বরান্বিত করা যাচ্ছে না। কাজেই এগুলি যাতে ত্বরান্বিত করা যায় সেই দিকে লক্ষ্য রাখা দরকার। এই জল সরবরাহ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সময়মতো টাকা না পাওয়ার জন্য ঠিকমতো কাজ করা যাচ্ছে না। শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, মিনি ডিপ টিউবওয়েল, এই সব বসিয়ে ভূগর্ভস্থ জল কৃষি কাজে ব্যবহার করা হচ্ছে। এর ফলে পানীয় জলের অভাবে দেখা দিয়েছে। কাজেই ভূপৃষ্ঠস্থ উপরের জলের সদ্ব্যবহার করতে হবে। আজকে গ্রামাঞ্চলের জন্য স্যানিটারি ব্যবস্থার প্রয়োজন আছে। আমরা দেখেছি যে শহরাঞ্চলে

বস্তি এলাকাতেও সাধারণ মানুষ পায়খানা তৈরি করে সেটা ব্যবহার করছে।

গ্রামাঞ্চলের লোকসংখ্যা বেড়ে যাবার ফলে গ্রামের লোকেরা আর মাঠে আসতে পারছে না, সেখানে জায়গা না থাকার ফলে যেখানে সেখানে মল-মূত্র পরিত্যাগ করে। ফলে রোগ বেড়ে যাচ্ছে। আমি বলতে চাই বস্তিতে যেভাবে কমন ল্যাট্রিন তৈরি করা হয়েছে সেইভাবে গ্রামাঞ্চলেও কমন ল্যাট্রিন তৈরি করার উদ্যোগ গ্রহণ করা হোক। পানীয় জল দূষণ রোধ করার জন্য বোর্ড গঠন করা হয়েছে। তারা ঠিক ঠিক ভাবে কাজ করছে কিনা সেটা দেখতে হবে। আর্সেনিক দূর করার জন্য যে বোর্ড করা হয়েছে তারা যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে তার কোনও রিপোর্ট নেই। তারা যাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে আর্সেনিক দূর করার ক্ষেত্রে সেটা দেখতে হবে। সাধারণ মানুষ যাতে স্বাভাবিক জীবন-ধারণ করতে পারে সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব। আর আমি বিশেষ কিছু বলতে চাই না, আমি এই বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী গৌতম দেব মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের জীবনের সবচেয়ে বড় জিনিস যেটা সেটা হল পানীয় জল। আমরা জানি জলের অপর নাম জীবন। সেই জলের ব্যাপারে মানুষের মনে একটা চরম আতঙ্ক। সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। কয়েক মাস ধরে যেভাবে আমাদের এখানে আন্ত্রিকের প্রকোপ দেখা দিয়েছে এবং মৃত্যু ঘটেছে বিশেষ করে গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় তাতে জলে যে আর্সেনিক আছে সেই জিনিসটা আমরা ভীষণভাবে উপলব্ধি করছি। ফলে মানুষের মধ্যে পানীয় জল সম্পর্কে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলেছেন আর্সেনিক থেকে যে দূষণ হচ্ছে তার প্রতিরোধের জন্য বিভিন্ন ব্যবস্থা নিচ্ছেন। কিন্তু আমি দেখেছি বিশেষ করে নদীয়া জেলায় বিভিন্ন জায়গায় আর্সেনিকে ছেয়ে গেছে। সেখানে যে টিউবওয়েলগুলি বসানো হচ্ছে যেখানে ২০০/২৫০ ফুটের নিচে ভাল জল পাওয়া যায় না সেখানে ৫০/৬০ ফুটের বেশি পাইপ নামানো হচ্ছে না। একটা জিনিস উনি বার বার বলেছেন যে দূষণ প্রতিরোধের জন্য যন্ত্র বসাচ্ছি। এখানে বলছেন যে কিছু যন্ত্র বিকল হয়ে গিয়েছে। আমরা দীর্ঘ দিন আগে শুনেছিলাম কলেরা উঠে গিয়েছে, আজকে সেই কলেরাই আন্ত্রিক হয়ে দেখা দিয়েছে। সেই জায়গায় নূতন করে আবার জলে আর্সেনিক বলুন বা বিভিন্ন ভাবে জল দূষণের অবস্থায় সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব যেখানে ৫০-৬০ ফুট পাইপ দিয়ে ডিপ টিউবওয়েল হচ্ছে সেটা যেন তিনি দেখেন। এখানে বলা হয়েছে এস. সি. এস. টি. এলাকায় বিভিন্ন জায়গায় পানীয় জল পৌঁছে দেবার চেষ্টা করা হচ্ছে। আমার এলাকায় আমি জানি শতকরা ৯০ ভাগ মানুষ এস. টি. অ্যান্ড এস. সি. অন্তর্ভূক্ত, সেখানে দপ্তর থেকে প্রপোজাল গিয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেখানে কিছু হল না। বিভিন্ন জায়গায় স্যানিটেশনের প্রয়োজন হয়। যেমন অনেক মেলা হয়, গঙ্গাসাগর মেলা হয়, বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন ধরনের মানুষ একত্রিত হয়, সেখানে স্যানিটেশনের জন্য অর্থ বরাদ্দ করা হয়।

এর আগে আমরা দেখেছি যে বিভিন্ন জায়গায় যে মেলাগুলো হয়, যেমন, কল্যাণীর

ঘোষ পাড়ার মেলা, শান্তিপুরের মেলা, নবদ্বীপের মেলা, এখানে কারিগরি দপ্তরের একটা ভূমিকা থাকত। কিন্তু বিগত তিন চার বছর দেখছি এই মেলাগুলোতে কোনও অর্থ বরাদ্দ করা হচ্ছে না। আমি মন্ত্রীর কাছে আবেদন করব, এই মেলাগুলোতে যেখানে মানুষ জমায়েত হয়, সেখানে যেন আপনার দপ্তর থেকে অর্থ বরাদ্দ করা হয়। অনেক আগে পুরনো পাইপড ওয়াটার স্কীম যেটা ছিল, সেখানে কোনও মেন্টেনেন্স হচ্ছে না। শান্তিপুরে, নদীয়ার বিভিন্ন জায়গায় '৬৬ সালে এই স্কীমে চালু হয়েছিল। কিন্তু মেন্টেনেন্সের জন্য কোনও অর্থ বরাদ্দ না হওয়ার জন্য সব খারাপ হয়ে যাচ্ছে। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব তিনি যেন এখানে কিছু অর্থ বরাদ্দ করেন।

**শ্রী গৌতম দেব :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের যে বাজেট, যেটা আগেই পেশ করা হয়েছে, তার সমর্থনে এবং যে কাট মোশন এখানে রাখা হয়েছে, তার বিরোধিতা করে কিছু বলছি। এই ডিপার্টমেন্টের কাজের মূল লক্ষ্য যা আগেও বলা হয়েছে সেটা হচ্ছে, কাজ হিসাবে যেটা আমরা বক্তৃতাতে রেখেছি। পশ্চিমবাংলার গ্রামে পি. এইচ. ই. কাজ করে। কলকাতা বা সি. এম. ডি. এ. এলাকার মধ্যে যেগুলো পড়ে সেখানে পি. এইচ. ই. কিছু করে না। সি. এম. ডি. এ.-র বাইরে যে ৭২টি মিউনিসিপ্যালিটি আছে, আর বাকি গ্রাম বাংলায়, সেখানে পি. এইচ. ই.-র কাজ। সেখানে ৬২.৪২ শতাংশ মানুষ গ্রাম বাংলার। এখানে পুরোপুরি পানীয় জলের ব্যবস্থা বলতে যা বোঝায়, যে সংজ্ঞা আছে, সেই ব্যবস্থাই আমরা করতে পেরেছি। আর ৮ম পরিকল্পনা যেটা চলছে, এই ৮ম পরিকল্পনার মধ্যেই ৬২.৪২ শতাংশকে ৮৬ শতাংশ গ্রামবাংলার পপুলেশনকে ফুললি কভার করতে হবে। এই সিদ্ধান্ত নিয়েই আমরা চলেছি। অর্থাৎ আড়াই শত মানুষ পিছু একটা করে সোর্স থাকবে। ২নং হচ্ছে, আরও বেটার জলের ব্যবস্থা যেটা হয় সেটা হচ্ছে পাইপড ওয়াটারের মাধ্যমে। এখন পর্যন্ত পশ্চিমবাংলায় প্রতি একশোতে এগারো জন মানুষকে আমরা জল খাওয়াতে পারি। এরজন্য এটাকে ২৪.২৬ শতাংশে এখন নিয়ে যেতে হবে। এই পরিকল্পনা নিয়ে, নতুন স্কীম আমরা নিয়েছি। এই দুটোকে বড় কাজ হিসাবে আমরা ঠিক করেছি। এখানে বারবার আলোচনা হয়েছে যে আমাদের রাজ্যের বিস্তীর্ণ অঞ্চল ধরে আর্সেনিক হচ্ছে। এই সমস্যার কি করে মোকাবিলা করা যায় তারজন্য একটা কমিটি হয়েছিল। তার রিপোর্ট আমাদের কাছে এসেছিল, বিধানসভার সদস্যদেরও তা দেওয়া হয়েছিল। তারা ভয়ঙ্কর কথা বললেন। তারপরে আমি এই দপ্তরে আসবার পর আরও একটা বড় কমিটি হয়েছে। সেই কমিটির রিপোর্টের মধ্যে যা ছিল সেই অনুযায়ী আমরা অ্যাকশন প্রোগ্রাম নিলাম, আর্সেনিক ম্যাপ তৈরি করবার জন্য বললাম। দিল্লির সরকারের সাথে আলোচনা করে, আমরা কি করে এর মোকাবিলা করতে পারি সে সম্পর্কে কথা বলেছি। ডিপ টিউবওয়েল আছে, পাইপ ওয়াটার আছে, মানুষ জল তুলছে, কিন্তু তারমধ্যে আর্সেনিক। এগুলোকে তাহলে সব বন্ধ করে দিতে হবে। তাহলে কোথা থেকে মানুষকে জল দেওয়া হবে? এগুলোতে কোটি কোটি টাকার সম্পত্তি রয়েছে। নতুন করে করতে কে টাকা দেবে, এসব নিয়ে দিল্লির সাথে কথা বললাম। সেখানে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের মন্ত্রী যিনি আছেন, কুমার মঙ্গলমের সাথে, গ্রামোন্নয়নের মন্ত্রী উত্তমভাই প্যাটেল এদের সাথে কথা বললাম।

[3-00 — 3-10 p.m.]

সর্বশেষে অফিসাররাও দিল্লি থেকে এসেছিলেন। আমাদের অফিসাররা এবং ইঞ্জিনিয়াররা গিয়েছিলেন কমপ্লিট প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে দিল্লিতে পাঠিয়ে দিয়েছে। ফার্স্ট ফেজের ১৫ কোটি টাকার স্কীম পাঠানো হয়েছে এবং আশা করি নতুন করে জলের কানেকশন পাওয়া যাবে এবং তার উত্তর পাওয়া যাবে। এটা হচ্ছে একটা স্কীম। তারপরে সেকেন্ড, থার্ড ফেজ আছে, এইভাবে আমাদের যেতে হবে। এই যে আন্ত্রিক হল এখানে কিছু কিছু খবরও এসেছে এবং এটা নিয়ে বিধানসভাতে বলাও হয়েছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, মুখ্যমন্ত্রী তার ঘরে একাধিক বার মিটিং করেছেন এবং সেখানে আমি মিটিংয়ে একাধিকবার থেকেছি। সেখানে তিনি একটি কথাই বলেছেন যেভাবে হোক এটাকে মোকাবিলা করতেই হবে। এটা টপমোস্ট প্রায়োরিটির বিষয়। কিন্তু আমাদের ডাক্তারদেরই বলতে হবে কি জন্যে এটা হচ্ছে যেটা মানস ভূঁইয়া বলেছেন। আমাদের তো আর ডাক্তারি প্রফেশন নয়, এম. এল. এ. হলেই সব জানা যায় না। সেখানে এই রোগটা কি জন্য হচ্ছে—জলবাহিত নাকি অন্য কোনও ভাইরাস ঘটিত সেটা বলতে হবে ডাক্তারদেরই। কেননা এখানে যে রিপোর্ট আছে তাতে ঠিক পরিষ্কার হচ্ছে না। ডাক্তাররা যতক্ষণ না বলছেন ততক্ষণ এই প্রবিলিটি থেকেই যাচ্ছে। সুতরাং আমাদের যতটুকু ব্যবস্থা, নেওয়া দরকার তা সাংগঠনিক দিক থেকে পয়সাগত দিক থেকে আমরা নিচ্ছি। নতুন টিউবওয়েল খনন করা হয়েছে। এইসব আমরা শুরু করেছি বিগত ২-৩ মাস ধরে এবং তাতে যতটুকু খবর পেয়েছি ভালই ফল পেয়েছি। তবে এটা তো একটা ক্রনিক প্রবলেম এবং সেই কারণে আমি পঞ্চায়েত মন্ত্রীকে হাসতে হাসতে বলছিলাম যে এই টিউবওয়েল খনন পঞ্চায়েতের মধ্যে নিতে আসতে। পি. এইচ. ই.-র পক্ষে এতগুলো গ্রামকে সুপারভিসন করা সম্ভব নয়। যেখানে ৪০ হাজার গ্রাম সেখানে ১ লক্ষ ৬৫ হাজার ৩৬৭টি টিউবওয়েল খনন করা সম্ভব নয়। সেটা যদি ভাগ ভাগ করে করা হয় তাহলে করা যায়। কিন্তু সবচেয়ে বড় কথা হচ্ছে যে এই যে টিউবওয়েল বসানো হচ্ছে তাতে কোনও গ্রামে বেশি, হচ্ছে আর কোথাও কম হচ্ছে এইভাবে এক সঙ্গে তো ওয়ার্কিং করা যায় না। কিছুদিন আগেই ৯২,৫৫৩টি টিউবওয়েল লাগানোর কাজ হয়েছে এবং সঙ্গে সঙ্গে ৭২,৮১১টি টিউবওয়েল অকেজো হয়ে গেছে। এই যে কাজ করছে না এর সংখ্যাটি তো কম নয়। এর কতগুলো খারাপ থাকছে কেন কাজ করছে, না এত সব তো দেখা সম্ভব নয়। এই ১ লক্ষ ৬৫ হাজার ৩৬৭টি টিউবওয়েল লাগানো এবং তদারকি করা তো একটা ডিপার্টমেন্টের পক্ষে মোনিটারিং করা সম্ভব নয়। সেইদিক থেকে, গ্রাম পঞ্চায়েত যে হয়েছে খুব ভাল হয়েছে তারা সাহায্য করবেন। তারা করেছেও এবং করছে, বলেই আমরা এর সংখ্যা আরও বাড়াতে পেরেছি। এই নিয়ে ইঞ্জিনিয়ার অফিসারদের সঙ্গে মিটিং করছি। টিউবওয়েল বসিয়ে আমরা গ্রামের ৩০০ লোককে জল দিতে পেরেছি। তাছাড়া পাইপ ওয়াটার বসিয়েছি কিছু কিছু জায়গায় এবং তা দিয়ে ৬-৭টি গ্রামে জল সরবরাহ করতে সক্ষম হয়েছি। এইভাবে স্টেজ অনুযায়ী এগোচ্ছি। আমরা এই ব্যাপারে বিভাগীয় অফিসারদের জোর দিয়েছি যাতে নরম্যাল টার্মের আগেই আগেই করা যায় এবং ২ মাসের মধ্যেই করতে হবে। এই ভাবে ২৪টি পাইপ ওয়াটারের স্কীম এই সময়ের মধ্যে চালু করেছিলাম। আরও নতুন ৩১টি পাইপ ওয়াটার প্রোজেক্টের কাজ কমপ্লিট হয় এবং তাতে ৩১টি নতুন পাইপ বসার জন্য টাকা

দিয়েছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** যা সময় আছে তাতে হবে না সেইজন্য ১০ মিঃ সময় বাড়ানোর জন্য প্রস্তাব করছি। আশা করি এতে সবার সম্মতি আছে।

**শ্রী গৌতম দেব ঃ** এই ৩১টি পাইপ ওয়াটার বসানোর জন্য এই বছরে ফার্স্ট কাজ শুরু হল এবং তাতে ৩ কোটি ১১ লক্ষ ৯২ হাজার টাকা ধরা হয়েছে। আগে যে স্কীম ছিল তাতে এটা চালু করা হয়েছে এবং আরও ৩৪ টি নতুন পাইপ ওয়াটার স্কীম ধরা হয়েছে। গত বছরে তা স্যাংশনও করেছি।

জেলাগুলিতে টিউবওয়েল চালু করার জন্য এবারের বাজেট ৩ কোটি ৩৮ লক্ষ টাকা ছিল। আপনারা সবই জানেন যে বাজেটে টাকা কমে গেছে, তার জন্য এবারে ৩ কোটি ৩৮ লক্ষ টাকা ধরা হয়েছিল। বাজেট হয়ে যাওয়ার পরেও অবশ্য টাকাটাকে বাড়ানো হয়েছিল। আন্ত্রিকের মোকাবিলা করার জন্য পরে আমরা আরও ৭৫ লক্ষ টাকা বাড়িয়ে দিই। স্বাস্থ্যমন্ত্রী তার রিপোর্টে বললেন মেইনলি দুটো ২৪ পরগনায় ও হাওড়ায় আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। আমরা এই তিনটে জেলাকে আলাদাভাবে ৭৫ লক্ষ টাকা দিয়েছি এবং সারা রাজ্যে এইসব কাজ দেখা শোনা করার জন্য আমাদের তিন জন চিফ ইঞ্জিনিয়ার আছে, সেই তিনজনকে আমরা তিনটে জেলাকে আলাদাভাবে দেখতে বলেছি। খারাপ টিউবওয়েলগুলি সারানো এবং নতুন টিউবওয়েল করার জন্য আমরা আলাদাভাবে ঐ তিনটে জেলাকে ৭৫ লক্ষ টাকা দিয়েছি এবং তাছাড়া যে পাইপ ওয়াটারগুলো এক-দুই মাসের মধ্যে রেডি হয়ে যাবে সেগুলোকে তাড়াতাড়ি চালু করার জন্য আমরা বলেছি। মেদিনীপুর জেলায় জেনারেটার ভাড়া করে আমরা একটা পাইপ ওয়াটার স্কীম চালু করেছি এবং দক্ষিণ ২৪ পরগনাতেও আমরা এই রকম করেছি, সেখানে পাওয়ার যাচ্ছে না। ১৭টা স্কীম আমাদের কমপ্লিটলি রেডি করেছি। আমরা যে ২৪টা পাইপ ওয়াটার স্কীম চালু করেছি তার সঙ্গে এই ১৭টা যোগ করা যেত। কিন্তু পাওয়ার না পাওয়ায় আমরা সেগুলো চালু করে উঠতে পারিনি। এর সাথে আম্বেদকর সেন্টিনারি যা চলছে তার জন্য বিশেষ ব্যবস্থা আমরা করেছি, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস যেখানে ৫০ পারসেন্টের বেশি সেখানে আমরা ১,৬৭১টি গভীর নলকূপ পুঁতব, এটা আমরা ঠিক করেছি। এর মধ্যে ১,৪১১টির কাজ চলছে। আর একজন সদস্য খড়গপুর শহরের কথা বললেন। সেখানে একটা বড় স্কীমের কাজ আমাদের চলছে। এটা ২১ কোটি ৪১ লক্ষ ৩৫ হাজার টাকার একটা স্কীম। সেখানে ইতিমধ্যে আমরা ১,৬৭,০০০ টাকা আমরা দিয়েছি এবং এর মধ্যে ১,৪৩,০০০ টাকা খরচ হয়েছে। আমাদের হাডকো থেকে লোন নিতে হবে ১২ কোটি ৭৬ লক্ষ টাকা, রাজ্য সরকার দেবে ৭ কোটি ৫৫ লক্ষ টাকা এবং মিউনিসিপ্যালিটি মোবিলাইজড করবে ১,১০,০০০ টাকা। আমাদের রাজ্যে একটা বৃহত্তর স্কীম হচ্ছে হলদিয়াতে, এটা ২০ এম. জি. ডি.-র স্কীম। এটা ৪৫ কোটি টাকার স্কীম। আমাদের রাজ্যে বড় শিল্প নগরী হচ্ছে হলদিয়া। তাছাড়া কালিম্পঙে নেওড়াখোলা জল প্রকল্পের কাজ ফেজ ওয়ান আমরা করেছি। গত বছর মুখ্যমন্ত্রী এই কাজ শুরু করে এসেছিল। এটার কাজ এখন শেষ হয়ে গেছে। পাহাড়ী লোকেরা বলছে সামনের বছর থেকে আর তাদের জল কিনতে হবে না। আর কয়েকদিন বাদে আমাদের মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় মন্ত্রী মল্লিকার্জন—জানিনা দিল্লির যা ব্যাপার তাতে উনি আসতে পারবেন কিনা—গিয়ে ওটার উদ্বোধন করবেন। আগামী

মাসের তিন তারিখে এই নেওড়াখোলা জল প্রকল্পের উদ্বোধন হবে এবং সেই স্কীম থেকে মিলিটারিরাও জল পাবে। সারা রাণীগঞ্জ কোলিয়ারি এলাকায় আর. সি. পি.—টু-র কাজ আমরা শুরু করেছি। প্রথম ফেজের কাজ একটা চালু হয়েছিল। দু-তিন মাসের মধ্যে আমরা পুরো প্রোজেক্টের কাজ চালু করব। দামোদরের উপর দিয়ে একটা ব্রিজ করা হয়েছিল, সেটা ভেঙ্গে গিয়েছিল, আবার আমরা সেটা তৈরি করেছি। সেইসব কাজ শেষ করে প্রোজেক্টটা কিছুদিনের মধ্যেই চালু করতে চলেছি। শিলিগুড়ির জন্য ৫২ কোটি টাকার এবং দুর্গাপুরের জন্য ২২ কোটি টাকার একটা স্কীম আমরা গ্রহণ করেছি। আরও ছোট ছোট স্কীম আমরা করেছি। এর জন্য এল. আই. সি., হাডকোর থেকে লোন নিয়ে নন-সি. এম. ডি. এ. এলাকায় যা করা সম্ভব তা করার চেষ্টা আমরা করছি। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু অভিযোগ করে বললেন যে পাবলিক ওয়াটার স্কীমে নাকি ৫৮ পারসেন্টের উপর খারাপ হয়ে আছে, চলছে না। আমি বলছি এটা কখনও হতে পারে না। তা সত্ত্বেও আমি আপনার কাছে বলছি আপনি আমাকে বিস্তারিত জানাবেন।

[3-10 — 3-20 p.m.]

নিশ্চয় আমরা সেগুলি সংশোধন করে নিতে পারব। জলের বিষয়টা রাজনীতির বিষয় নয়। মানুষকে পানীয় জল দিতেই হবে। আন্ত্রিকের জন্য আমরা সবাই উদ্বিগ্ন এবং এই ভাবেই এটার আমরা মোকাবিলা করব। এই বলে আমার বাজেট সকলে সমর্থন করবেন এই আশা করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি বিষয়ে ক্লারিফিকেশন চাইছি। জলের ব্যাপার বলেই আমি বিষয়টি তার কাছে উত্থাপন করছি। আপনারা পাইপ ওয়াটার স্কীম যেটা বলছেন সেই স্কীমে অধিকাংশ জায়গায় দেখা গিয়েছে যে পানীয় জল হিসাবে যেটা দেওয়া হচ্ছে সেটা ব্যবহার করা যায় না। এগুলি ক্লোরিন বা ব্লিচিং পাউডার দিয়ে আজ পর্যন্ত ওয়াশ করা হয়নি যেটা আমি দেখেছি। এটা যদি বলেন যে এরকম ব্যবস্থা আছে কিনা তাহলে ভাল হয়।

**শ্রী গৌতম দেব :** সত্যবাবু, আপনি গ্রামে থাকেন, আপনি জানেন যে ৫০ ফুট নিচে থেকে ডিপ টিউবওয়েলে জল তোলা হচ্ছে এটা কখনও হতে পারে না। একটাও পাইপ ওয়াটার স্কীম পশ্চিমবঙ্গে তার ডিপ টিউবওয়েল ৫০/৬০ ফুট নিচে যদি দেখাতে পারেন তাহলে সেই ইঞ্জিনিয়ারের এই দপ্তরে চাকরি থাকবে না। ডিপ টিউবওয়েল মানে অনেক গভীর থেকে জল তোলা। দু নং কথা হচ্ছে, সেখানে রিজারভারে ক্লোরিন দেওয়া বা ব্লিচিং দেওয়া প্রভিসন রয়েছে এবং তারজন্য টাকাও বরাদ্দ আছে। তারা যতটা চান হয়ত সব সময় ততটা দেওয়া যায় না তবে তারা ক্লোরিন, ব্লিচিং দিতে পারবেন না, কখনও দিচ্ছেন না এটা হতে পারে না। এটা হলে পরে তাকে ধরা হবে।

## DEMAND NO. 35

The motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 76,81,94,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" (This is inclusive of a total sum of Rs. 25,61,00,000 already voted on account in March, 1993) was then put and agreed to.

**Demand No-36**

**Mr. Deputy Speaker :** Now discussion on Demand No. 36.

**(The Printed Budget speech of Shri Gautam Deb on Demand No-36 was taken as read)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে, ৩৬ নং দাবির অধীন মুখ্য খাতে "২২১৬—আবাসন', "৪২১৬—আবাসনের মূলধন বিনিয়োগ" এবং "৬২১৬—আবাসনের জন্য ঋণ" বাবদ ব্যয়-নির্বাহের জন্য ১৯৯৩-৯৪ আর্থিক বছরে সর্বমোট ৩৪,৮৬,৭৮,০০০ (চৌত্রিশ কোটি ছিয়াশি লক্ষ আটাত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এর মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে প্রস্তাবিত ১১,৬৪,০০,০০০ (এগার কোটি চৌষট্টি লক্ষ) টাকা অন্তর্ভুক্ত আছে।]

২। মোট দাবিকৃত ৩৪ কোটি ৮৬ লক্ষ ৭৮ হাজার টাকা বিভিন্ন সমাজ উন্নয়নমূলক আবাসন ও আনুষঙ্গিক কর্মপ্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজন।

বিভিন্ন খাতে বিশদ বিবরণ নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| (১) ২২১৬-আবাসন | ... | ২০,৮৬,২৮,০০০ |
| (২) ৪২১৬-আবাসনের মূলধন বিনিয়োগ | ... | ১৩,৭৫,৫০,০০০ |
| (৩) ৬২১৬-আবাসনের জন্য ঋণ | ... | ২৫,০০,০০০ |
| মোট | | ৩৪,৮৬,৭৮,০০০ |

৩। মোট ৩৪,৮৬,৭৮,০০০ (চৌত্রিশ কোটি ছিয়াশি লক্ষ আটাত্তর হাজার) টাকার এই দাবির মধ্যে নিম্নলিখিত প্রস্তাবগুলি রয়েছে ঃ

ক) রাজ্য পরিকল্পনাভুক্ত (বার্ষিক পরিকল্পনা) সমাজ উন্নয়নমূলক আবাসন প্রকল্পসমূহ রূপায়ণের জন্য ৫ কোটি ৩৬ লক্ষ টাকা,

খ) রাজ্য পরিকল্পনা-বহির্ভূত কিছু আবাসন এবং তৎ সম্পর্কিত প্রকল্প ও নির্দেশনা, প্রশাসন এবং পরিচালনার ব্যয় হিসাবে ২৯ কোটি ২৫ লক্ষ ৭৮ হাজার টাকা,

এবং

গ) বাগিচা-শ্রমিকদের জন্য ভর্তুকি প্রদেয় সহায়তাপুষ্ট (অধুনা পরিত্যক্ত) আবাসন প্রকল্পসমূহের পূর্বদায়বদ্ধ ব্যয় হিসাবে ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) টাকা।

৪। মাননীয় সদস্যবৃন্দ দেশের বিপুল আবাসন সমস্যা সম্পর্কে সুপরিচিত এবং এই সমস্যা কেবলমাত্র সরকারের সচেষ্ট প্রয়াসে সমাধানে করা প্রায় অসম্ভব। তীব্র আর্থিক সংকট সহ নানা বাধা সত্ত্বেও এ বছরে সংশোধিত বাজেটে প্রাপ্ত ৫৪৭.৬০ লক্ষ টাকার আবাস ইউনিট বৃদ্ধির জন্য আমার বিভাগ বিশেষ গুরুত্ব দিয়েছে। যদিও পরিকল্পনা কমিশনের অনুমোদনে ১৯৯২-৯৩ সালের প্রস্তাবিত ১০.০০ কোটি টাকা বাজেট বরাদ্দ হ্রাস করা হয়েছে।

৫। আমি সদস্যবৃন্দকে জানাতে চাই যে, পরিকল্পনা কমিশনের নির্দেশ মতো আবাসন বিভাগ বর্তমানে রাজ্য সরকারি কর্মচারিদের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট, জমি অধিগ্রহণ ও উন্নয়ন, চাকুরিরতা একক মহিলাদের জন্য এক কক্ষ বিশিষ্ট আবাস ইউনিট ও নিম্ন আয়ের ব্যক্তিদের জন্য ফ্ল্যাট নির্মাণে অধিক জোর দিয়েছেন। বাজেট বরাদ্দ হ্রাসের কারণে আবাসন বিভাগ কিছু কর্মসূচি পুনর্বিন্যাস করেছেন এবং কিছু প্রস্তাবিত প্রকল্প আপাতত স্থগিত রেখেছেন। আবাসন বিভাগের পরিচালনাধীন পশ্চিমবঙ্গে আবাসন পর্ষদ কর্তৃক বাজার থেকে এক কোটি টাকা ঋণ সংগ্রহ সহ আবাসন বিভাগের ১৯৯৩-৯৪ সালের মোট বাজেট বরাদ্দের পরিমাণ হ'ল সাত কোটি টাকা।

৬। আবাসন বিভাগ প্রাপ্ত বাজেট বরাদ্দ বিনিয়োগ করে এ বছরে রাজ্য সরকারি কর্মচারিদের জন্য বেহালায় বেচারাম চ্যাটার্জি স্ট্রিটে প্রথম পর্যায়ে ৬৪টি এবং বীরভূম জেলায় বোলপুরে ৭২টি ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ করতে সফল হয়েছেন। অধিকন্তু, ঐ প্রকল্পের অধীনে আরও ২৪০টি ফ্ল্যাটের নির্মাণ কার্য সমাপ্তির পথে এগিয়ে চলেছে। যেহেতু এই প্রকল্প বিভাগের প্রাথমিক কর্মধারার সঙ্গে যুক্ত, তাই আবাসন বিভাগ এ বছরে আরও কয়েকটি নতুন আবাসন ইউনিটের কাজ গ্রহণ করতে ইচ্ছুক যদি বরাদ্দ অর্থ সহায়ক হয়। রাজ্য সরকারি কর্মচারিদের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণের জন্য ১৯৯৩-৯৪ আর্থিক বছরের মোট ২০০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

৭। বৃহত্তর কলকাতার সন্নিকটে ও জেলা-শহরগুলির আশে-পাশে আবাস নির্মাণ উপযোগী জমি সংগ্রহের উপর আবাসন বিভাগের উন্নয়নমূলক কার্য নির্ভরশীল, কিন্তু ঐ সমস্ত অঞ্চলে ব্যবহার উপযোগী জমি ক্রমশ মূল্যবান ও দুষ্প্রাপ্য হয়ে উঠছে। উপরন্তু, প্রাইভেট ডেভেলাপারগণ যে কোনও মূল্যে জমি সংগ্রহের জন্য ওৎ পেতে থাকে, আর আবাসন বিভাগ স্বল্প আর্থিক-সঙ্গতির জন্য জমির মালিকদের জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণ তাৎক্ষণিকভাবে মেটাতে পিছপা হয়। যাইহোক, আবাসন বিভাগ এই সমস্যার প্রতি উপযুক্ত গুরুত্ব দিয়েছেন। তাছাড়া, গৃহনির্মাণ ক্ষেত্রে যৌথ উদ্যোগকে ইতিমধ্যে বিশেষ প্রাধান্য দেয়া হয়েছে এবং সেই কারণে উক্ত খাতে গত বছরে ১৪০.০০ লক্ষ টাকা রাখা হয়েছিল কিন্তু ঐ টাকা পাওয়া যায়নি। যাই হোক, ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ঐ খাতে ১২০.০০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৮। কলকাতার মতো জনবহুল শহরে চাকুরিরতা একক মহিলাদের ক্ষেত্রে নিরাপদ বাসস্থান সংগ্রহের ভীষণ সমস্যা ও অসুবিধার কথা বিবেচনা করে, আমার আবাসন বিভাগ কলকাতা সাহাপুরে ৪৮টি এক কক্ষ বিশিষ্ট মহিলা হোস্টেল নির্মাণের কাজ ইতিমধ্যে শুরু করেছেন। সমস্যাটি লাঘব করার উদ্দেশ্যে, আবাসন বিভাগ পুনরায় বিধাননগরে পর্যায়ক্রমে একটি বড় আকারের হোস্টেল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছেন। প্রাথমিক পর্যায়ে, ৬৪টি স্যুট সহ ৭০টি ডরমিটরি নির্মাণ করা হবে। বাস্তবিকপক্ষে, এর জন্য বেশ মোটা টাকার প্রয়োজন কিন্তু এ বছরের বাজেট বরাদ্দের মধ্যে মাত্র ৫০.০০ লক্ষ টাকার সংস্থান করা সম্ভব হয়েছে।

৯। নিম্ন আয়কারি ব্যক্তিদের পক্ষে শহরাঞ্চলে একটি বাড়ির বাসনা বাস্তবিক পক্ষে স্বপ্ন। আবাসন বিভাগ পশ্চিমবঙ্গে আবাসন পর্ষদের সহযোগিতায় এই শ্রেণীর ব্যক্তিদের আবাসনের সুবিধা দানের জন্য সবরকম প্রয়াস চালাচ্ছে। আবাসন বিভাগ নিম্ন আয়সম্পন্ন ব্যক্তিদের জন্য আগামী আর্থিক বছরে বর্ধমানে একটি নতুন প্রকল্প গ্রহণ করবেন এবং এর জন্য ২৫.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। স্বল্প বাজেট বরাদ্দের মধ্যেও আর্থিকভাবে দুর্বলশ্রেণীর ব্যক্তিদের আবাসন সুবিধাদানের প্রস্তাব করা হয়েছে এবং এর জন্য ১৯৯৩-৯৪ সালের বাজেটে ১০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

১০। স্পষ্ট ও সঙ্গত কারণে রাজ্য সরকার বিভিন্ন জেলার প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারি আর্থিকভাবে দুর্বলশ্রেণীর ব্যক্তিদের উন্নতির জন্য সুবিধা প্রদানে আগ্রহী। এই ধারণা রূপায়ণকল্পে প্রতিটি উপযুক্ত ব্যক্তিকে তার আবাসগৃহ নির্মাণের জন্য ১২,৫০০ টাকা প্রদানের সমস্ত রকম বন্দোবস্ত প্রায় সম্পূর্ণ করা হয়েছে। বিগত বছরে একথা উল্লেখ করেছিলাম। বর্তমানে হাডকো থেকে ১১.৩০ কোটি টাকা ঋণ গ্রহণের সকল রকম চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে এবং ঐ টাকায় পশ্চিমবঙ্গে মোট ৯০৪০ জন ব্যক্তি উপকৃত হবেন। হাডকো, পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক এবং জেলা পরিষদ প্রভৃতির সক্রিয় সহায়তা ও সহযোগিতায় এই নমুনা প্রকল্পের সাফল্যের উপর নির্ভর করে, আবাসন বিভাগ ঐ শ্রেণীর মানুষের দুর্গতি লাঘব করার উদ্দেশ্যে প্রতি আর্থিক বছরে আরও এই প্রকার প্রকল্প গ্রহণের ইচ্ছা পোষণ করেন।

১১। সরকারি আবাসনে বসবাসকারি রাজ্য সরকারি কর্মচারিবৃন্দ যারা অবসর গ্রহণের পর আবাসন ছাড়তে বাধ্য থাকেন বা আর্থিক দুরবস্থার জন্য নিজস্ব বাসস্থান নির্মাণ করতে পারেন না, তাদের পরিবর্তে বাসস্থান প্রদানের জন্য যথেষ্ট গুরুত্ব দিয়েছেন এবং সেজন্য মুর্শিদাবাদ জেলার বহরমপুরের কাছে বানজাতিয়ায় ৮০টি আবাসগৃহের নির্মাণ কাজ চলছে ও আরও ২টি নতুন প্রকল্প গ্রহণ করার জন্য ৫০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

১২। আবাসন বিভাগের নিয়ন্ত্রণাধীনে প্রায় ৩০ হাজারের বেশি বিভিন্ন ধরনের ফ্ল্যাট আছে। এগুলির বেশির ভাগ অংশ ১৯৬০-৭০ সালের মধ্যে নির্মিত হয়েছিল। ফলে, এগুলির রক্ষণাবেক্ষণ, পরিবর্তন ও নবীকরণের জন্য প্রচুর অর্থের প্রয়োজন, কিন্তু আর্থিক সংকটের কারণে আমার বিভাগ এই কাজ ধাপে ধাপে করার প্রস্তাব করেছেন এবং এজন্য ৩০.০০ লক্ষ টাকা ব্যয় নির্ধারিত হয়েছে। পরিচালন-উন্নয়নমূলক কর্মসূচিতে চলতি প্রকল্প পরিসমাপ্তির

জন্য ১০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ফ্ল্যাটের মেরামতি ও রক্ষণাবেক্ষণ ব্যয় ইতিমধ্যেই বহুগুণ বৃদ্ধি পেয়েছে। তাই, সাম্প্রতিক ব্যয়-বৃদ্ধির কথা বিবেচনা করে আবাসন বিভাগ নির্ধারিত বাড়িভাড়ার পুনর্বিন্যাস করতে চান।

১৩। আবাসন বিভাগ ইতিমধ্যে নিম্ন/মধ্য আয় সম্পন্ন ব্যক্তিদের জন্য নির্দিষ্ট গৃহ-নির্মাণ-ঋণ প্রকল্পটি বন্ধ করে দিয়েছেন, কিন্তু ঐ খাতে স্বীকৃত দায় পরিশোধের জন্য প্রতিক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় সরকার "চা-বাগিচা-শ্রমিকদের ভর্তুকি আবাসন প্রকল্প"-টি গুটিয়ে নিয়েছেন তথাপি রাজ্য সরকার ধীরে ধীরে স্বীকৃত দায় মুক্ত হতে চান। এজন্য ২৫.০০ লক্ষ টাকার ব্যয় ধরা হয়েছে, যদিও মোট প্রয়োজন অনেক বেশি।

১৪। বিগত বছরে আমি বলেছিলাম যে, পলতা যন্ত্র-চালিত ইট-ভাটির আধুনিকী করণের জন্য তৃতীয় যন্ত্রটি সংস্থাপন করা হবে। কিন্তু এখন মাননীয় সদস্যবৃন্দকে জানাতে চাই যে, অপ্রতুল অর্থের জন্য প্রস্তাবিত কাজ বাস্তবায়িত করা যায়নি এবং ঐ কাজের প্রথমাংশ আগামী বছরে সম্পাদন করা হবে, এর জন্য ৭০.০০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব আছে।

১৫। এবার আমি মাননীয় সদস্যবৃন্দকে রাজ্যের তীব্র বাসস্থান সমস্যার সমাধানে খুবই সতর্ক পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের কিছু উল্লেখযোগ্য কর্মধারার কথা বলতে চাই। আবাসন পর্ষদ প্রকৃতপক্ষে রাজ্যের বিভিন্ন আয়ভুক্ত ব্যক্তিদের জন্য গৃহনির্মাণের ক্ষেত্রে সর্ববৃহৎ সংস্থা। পর্ষদ সাধারণত প্রতি বছর বাজার থেকে ঋণ সংগ্রহ করে এবং ভারত সরকারের আর্থিক সংস্থা হাডকোর নিকট থেকে ঋণ গ্রহণ করে, তাদের গৃহনির্মাণের দক্ষতা কাজে লাগিয়ে রাজ্যে আবাস-ইউনিটের সংখ্যা বৃদ্ধি করে থাকেন। চলতি বছরে বিভিন্ন ধরনের ৩২০টি আবাস ইউনিট সমাপ্ত করার লক্ষ্য ধার্য করা হয়েছে এবং ২৩৬৪টি আবাস ইউনিটের নির্মাণ কার্য শুরু করার এবং ১৭০১টি নানা ধরনের আবাস ইউনিটের নির্মাণ কার্য সমাপ্ত করার লক্ষ্য ধার্য করেছেন। পর্ষদ সারা বছরের জন্য ৫৫৩৬.৭৮ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করেছেন।

১৬। সল্টলেকে প্রোজেক্ট গঠনের মূল উদ্দেশ্য হ'ল আধুনিক সুযোগ-সুবিধা দান করে বিধান নগরে উন্নতি সাধন করা এবং বিধাননগর উন্নয়নের অবশিষ্ট কার্যসমূহ যথা, রাস্তাঘাট নির্মাণ, বৈদ্যুতিকরণ, বাজার নির্মাণ, ভূ-নিম্নস্ত জলাধার নির্মাণ, অফিস-গৃহ নির্মাণ এবং সুইমিং পুলের পরিবর্ধন ইত্যাদি সমাপ্ত করার প্রয়াস চালানো হচ্ছে। বিধাননগরের উন্নয়ন এবং পরিচালন এবং বাগজোলা জলনিকাশি ব্যবস্থায় পুনর্বিন্যাস ও রক্ষণাবেক্ষণের জন্য ১৯৯৩-৯৪ সালে ১১,৩৪,০৮,০০০ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

১৭। শহর উন্নয়ন বিভাগ কল্যাণী ও পাতিপুকুর শহরের আবাসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ের তদারক করে এবং এর জন্য ১৯৯৩-৯৪ সালের বাজেটে ৪৭,২২,০০০ টাকা ব্যয়ের প্রস্তাব করেছেন।

১৮। মাননীয় সদস্যগণের অজানা নেই যে, গৃহনির্মাণ ব্যাপারে প্রাইভেট প্রমোটারদের কার্যকলাপ জনগণের উদ্বেগের কারণ হয়ে দাঁড়ায়। কারণ, অধিকাংশ ক্ষেত্রে তারা প্রতিশ্রুতিমতো ফ্ল্যাট বা ফ্ল্যাটের পরিকাঠামো পান না, অধিকন্তু, নিম্নমানের মালপত্র ব্যবহার করায় নির্মাণের

ঝুঁকি থেকে যায়। এই সমস্ত বিবেচনা করে আবাসন বিভাগ ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ গৃহনির্মাণ (গৃহনির্মাণের উন্নয়ন বিধি ও প্রমোটার কর্তৃক হস্তান্তর) বিল এই সভায় উপস্থাপন করেছিলেন এবং ঐ বিল সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় আমি আনন্দিত।

মহাশয়, এই কয়টি কথা বলে আমি উপস্থাপিত দাবি মঞ্জুরের জন্য সভাকে অনুরোধ করছি।

**Mr. Deputy Speaker** : There are two cut motions on Demand No-36. All the cut motions are in order and the respective Members may move the motion.

**Shri Saugata Roy** :<br>**Shri Subrata Mukherjee** : } Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs100/-

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিমান্ড নং ৩৬-এর যে ব্যয় বরাদ্দের দাবি মাননীয় মন্ত্রী মহাশয় এই সভায় রেখেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশনগুলি সমর্থন করে কয়েকটি বক্তব্য রাখব। আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলায় গৃহ সমস্যা একটা ভয়ঙ্কর সমস্যা।

গৃহ সন্ধানিদের চাপ এই পশ্চিমবাংলায় ক্রমবর্ধমান এবং রাজ্যের মানুষের এই মুহূর্তে একটা সমীক্ষায় দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলার গ্রাম এবং শহরে এখনও পর্যন্ত কম করে ১৫ লক্ষ শেল্টার প্রয়োজন মানুষের মাথা গোঁজার জায়গার জন্য। এই বিরাট শেল্টার যখন রাজ্যের মানুষের চাহিদা সেখানে পশ্চিমবঙ্গ সরকারের এই দপ্তরের বাজেটের বরাদ্দ মাত্র ৩৪ কোটি ৮৬ লক্ষ ৭৮ হাজার টাকা। এই ৩৪ কোটি টাকা নিয়ে পশ্চিমবাংলার জন্য যে ভয়ঙ্কর গৃহ সমস্যায় আজকে রাজ্যের মানুষ মুখোমুখি হয়েছে তাকে মোকাবিলা করা এটা স্বপ্নের মতো, এটা বাস্তবে কখনও সম্ভবপর নয়। সুতরাং প্রয়োজনের তুলনায় এটা অত্যন্ত অপ্রতুল এবং আমরা জানি যে পশ্চিমবঙ্গ সরকারের প্রয়াস বলতে এই রাজ্যের আবাসন পর্ষদ, এরাই কেন্দ্রীয় সরকারের সংস্থা হাডকোর সঙ্গে যোগাযোগ করে বাড়ি তৈরি করছে এবং সেই বাড়ি মানুষের মধ্যে বিলি বন্টন করার ব্যবস্থা করছে। কিন্তু যে পরিমাণ বাড়ি তৈরি হচ্ছে তার প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগণ্য। মন্ত্রী মহাশয় বলেছেন যে ৫০ হাজার ফ্ল্যাট করবেন, এটা তার স্বপ্ন। কিন্তু প্রতি বছর গৃহ নির্মাণ কত করে হচ্ছে, হাউসিং বোর্ড কি পরিমাণ সাফল্যের সঙ্গে কাজ করছে, এই বিষয়ে আজকে এখানে আলোচনা হওয়ার দরকার আছে। আপনার দপ্তর সঙ্গে যেটা খুব সুস্পষ্ট অভিযোগ, সেটা ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক, তাদের কাছ থেকে টাকা নিয়ে ভারতবর্ষের চারটি রাজ্য, অন্ধ্র, তামিলনাড়ু, কেরালা এবং কর্ণাটক ২০০ কোটি টাকা নিয়েছে এবং তারা ঐ রাজ্যগুলিতে ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক এর সহায়তা নিয়ে ছোট ছোট বাড়ি, ৩৭৫ স্কোয়ার ফুট এবং ৪৫০ স্কোয়ার ফুট ছোট ছোট বাড়ি এত বিপুল পরিমাণে করছে তাতে তাদের গৃহ সমস্যা যত দ্রুত আজকে মিটে যাচ্ছে, পশ্চিমবাংলার ক্ষেত্রে আজকে সেই সুযোগ আপনারা নিতে পারছেন না। আপনারা পারছেন না কেন, আপনাদের হাউসিং বোর্ড যেটা হয়েছে, তারা খুব স্টিরিওটাইপ কাজ করছে। এরা মাত্র ১০/১২টা স্কীম সারা বছরে গ্রহণ করেছে এবং সেটা ইমপ্লিমেন্ট করার জন্য চেষ্টা করছে। কিন্তু একটা কোনও স্কীম

বা কোনও ডিটেল প্রপোজাল ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের কাছে দিতে চাইছেন না। তার কারণ হাউসিং বোর্ড ওয়ার্ক লোড নিতে চাইছে না। ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের প্রতিনিধিরা কলকাতায় আসছেন আলোচনা করতে, কোনও আলোচনা হচ্ছে না, কোনও পলিসি দেওয়া হচ্ছে না এবং হাউসিং বোর্ড দায় সারা ভাবে বৈঠক করছে এবং তারা মনে করছে যত বেশি করে ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের কাছ থেকে সহায়তা নেওয়া হবে তত এই দপ্তরের কাজের চাপ বাড়বে। সুতরাং হাউসিং বোর্ড যে ভাবে ৫০ হাজার ফ্ল্যাট তৈরি করে দেব বলেছেন, এই স্বপ্ন বাংলার মানুষের কাছে বাস্তবে রূপায়িত করতে ব্যর্থ হয়েছেন। সেই কারণে ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের সহযোগিতা ছাড়া আপনার পক্ষে মাত্র ৩৪ কোটি টাকা বরাদ্দ নিয়ে বাংলার মানুষের হাউসিং সমস্যা মিটতে পারে না, যেখানে আমি বলছি ১৫ লক্ষ শেল্টার এই মুহূর্তে প্রয়োজন রয়েছে, এটা দুঃস্বপ্ন ছাড়া আর কিছুই নয়। আপনি জয়েন্ট সেক্টারে বাড়ি তৈরি করবার কথা ভাবছেন, আমি জানতে চাই, আপনি জয়েন্ট সেক্টারে বাড়ি তৈরি করব বলে একটা কমিটি করলেন, সেই কমিটির মেম্বার ছিলেন তরুণ দত্ত, ডবলিউ. বি. আই. ডি. সি., ভাইস চেয়ারম্যান হুগলি রিভার ব্রিজ প্রোজেক্ট কমিশন, পি. কে. দাস, রিজিয়নাল চিফ হাডকো, এদের নিয়ে একটা কমিটি।

[3-20 — 3-30 p.m.]

এদের নিয়ে আপনি একটা কমিটি তৈরি করে ১০/১৫-টি ফার্মকে ডেকেছিলেন যে, এদের সঙ্গে যৌথ উদ্যোগে হাউসিং সমস্যা মেটানো যায় কিনা সে সম্বন্ধে চিন্তা করেছিলেন। কিন্তু আপনাদের সেই অগ্রগতির গতি পিয়ারলেস ছাড়া আর কেউ নেই। এতজনকে ডেকে শেষ পর্যন্ত সেই পিয়ারলেসের কাছে নাকখত দিয়ে যৌথ উদ্যোগে গৃহ নির্মাণের পরিকল্পনার মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং তৈরি করে ফেলেছেন বলে আমাদের কাছে খবর আছে। এই খবর সত্য কিনা আপনার কাছে আমি জানতে চাইছি। যে পিয়ারলেসের কাছ থেকে ১০০ কোটি টাকা ধার নিয়ে সরকারি কর্মচারিদের বেতন দিয়েছিলেন, সেই পিয়ারলেসের সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্যের তীব্র আবাসন সমস্যার সমাধানের জন্য পরিকল্পনা গ্রহণ করছেন কিনা, এটা আমি আপনার কাছে জানতে চাইছি। আমরা জানি আপনারা নিজেরা কিছু করতে পারবেন না, কারণ আপনাদের টাকা নেই। টাকা থাকবে কোথা থেকে, ব্যাঙ্করাপ্ট ইকনমি আর্থিক দিক দিয়ে এই রাজ্যের। পিয়ারলেসের কাছে সরকার বিক্রি হয়ে গেছে। এখন আবার শুনছি পিয়ারলেস ছাড়া আর একটা প্রতিষ্ঠান সিমপ্লেক্সের নাম। তাদের সঙ্গেও আপনারা যোগাযোগ করেছেন। কি কি শর্তে, আন্ডার হোয়াট টার্মস অ্যান্ড কন্ডিশনস আপনারা পিয়ারলেস এবং সিমপ্লেক্সের সঙ্গে যৌথ প্রকল্পগুলো ইমপ্লিমেন্ট করতে চলেছেন? শর্ত কি কি আছে, কাদের কিভাবে নিচ্ছেন এবং কাদের কাদের বর্জন করছেন তার একটা বিস্তারিত বিবরণ হাউসের কাছে উপস্থাপিত করুন। কারণ এক সঙ্গে ১০/১৫-টি ফার্মকে ডেকে তাদের মধ্যে থেকে মাত্র ২/১ জনকে নিলেন, আর বাকিদের কেন বাদ দিলেন, তাদের কি দোষ ছিল, কি ত্রুটি ছিল? মাননীয় মন্ত্রী মহাশয়, একটা বড় ধরনের পরিকল্পনা গ্রহণ করার আপনার ইচ্ছে আছে, একটা কর্মযজ্ঞ করবার আপনি চেষ্টা করছেন। আপনি নিশ্চয়ই জানেন গৃহ নির্মাণের ক্ষেত্রে ইঁট, কাঠ, লোহা এবং সিমেন্ট সবচেয়ে প্রয়োজনীয় জিনিস। পরিকল্পনা গ্রহণের পাশাপাশি ঐ সব জিনিসগুলো অ্যাডিকোয়েট সাপ্লাই-এর ব্যবস্থা রাখতে হবে। সেই

সরবরাহের ব্যবস্থা যদি ঠিকমতো না করা হয় তাহলে অবশ্যই পরিকল্পনা রূপায়ণ বাধা প্রাপ্ত হবে। আপনি জানেন লোহার দাম প্রতি দিন বাড়ছে, ইঁটের দাম আজকে যদি ২০০০ টাকা হয়, কালকেই ৪,০০০ টাকা হয়ে যাবে। সুতরাং এই অবস্থায় আপনি পরিকল্পনা এক রকম করলেন তারপর পরিকল্পনা রূপায়ণ করতে গিয়ে দেখলেন আর এক রকম হয়ে যাচ্ছে। তখন আপনার সমগ্র পরিকল্পনাটাই বাঞ্চাল হয়ে যাবে। অবশ্য আমরা দেখছি আজকে হাউসিং বোর্ড যে সব বাড়ি তৈরি করে বিক্রি করছে সেসব বাড়ির দাম তারা বেসরকারি আনস্ক্রুপুলাস প্রোমোটারদের চেয়ে কিছু কম নিচ্ছে না। ৫০০/৬০০ টাকা স্কোয়ার ফিটের নিচে তারা একটা বাড়ি বিক্রি করছে না। আমরা জানি অসাধু প্রোমোটারদের যেখানে ২০০/২৫০ টাকা স্কোয়ার ফিট খরচ পড়ে সেখানে তারা ৫০০/৬০০ টাকা স্কোয়ার ফিট দামে বাড়ি বিক্রি করে এবং প্রচুর মুনাফা করে। আজকে হাউসিং বোর্ডও প্রায় সেই একই মূল্যে বাড়ি বিক্রি করছে। আপনার সরকারি দপ্তর থেকে বাড়ি বিক্রির যে বিজ্ঞাপন প্রকাশিত হচ্ছে তাতে দেখছি—হাউসিং বোর্ড বিজ্ঞাপন দিচ্ছে—এত টাকা থেকে এত টাকা বেতনের সরকারি কর্মচারিদের এত স্কোয়ার ফিটের বাড়ির মূল্য পড়বে এত টাকা। আমি পার স্কোয়ার ফুট দিয়ে ভাগ করে দেখছি প্রায় ৫০০/৬০০ টাকা পার স্কোয়ার ফিটের দাম পড়ে যাচ্ছে। এই অবস্থায় কি সরকারি কর্মচারিরা উৎসাহী হবেন? তারা এককালীন টাকা দিয়ে বাড়ি কিনতে পারেন না। তাহলে তাদের আকৃষ্ট করার জন্য আপনার সেই উদ্যোগ কোথায়? অপরদিকে আপনারা কিছু কিছু এলাকায় আলাদা ভাবে এন. আর. আই.-দের আকৃষ্ট করছেন। যারা এক সময়ে দেশের সঙ্গে তাদের শেকড় ছিন্ন করে দেশ ছেড়ে চলে গিয়েছিল, তাদের একটু বেশি দাম দিয়ে কেনবার ক্ষমতা আছে সুতরাং তাদের আপনারা আকর্ষণ করছেন। তা করুন। কিন্তু সাধারণ সরকারি কর্মচারিরা, সাধারণ মানুষরা বছরের পর বছর একটা ফ্ল্যাট চেয়ে পাচ্ছে না। ৫০০/৬০০ টাকা স্কোয়ার ফিট দাম দিয়ে তাদের পক্ষে ফ্ল্যাট কেনা সম্ভব নয়। সে জন্য আমি আপনাকে অনুরোধ করছি কলকাতাকে কেন্দ্র করে একটা স্যাটালাইট টাউনশিপ প্রোজেক্ট করার কথা ভাবুন।

যেটাকে কেন্দ্র করে হাউসিং ব্যাঙ্ককে ইনভলভ করাতে হবে, আপনার হাউসিং বোর্ডকে অনেক বেশি অ্যাক্টিভাইজ করাতে হবে। মূল কথা হচ্ছে, আপনি গোটা ডিপার্টমেন্টকে মোটিভেট করতে পারছেন না। হাউসিং এমন একটা গুরুত্বপূর্ণ দপ্তরে পরিণত হয়েছে—মানুষের ঘরের চাহিদা এত বেশি হয়ে গেছে—যতক্ষণ মোটিভেট করতে না পারবেন, বাস্তবে ইমপ্লিমেন্টেড হবে না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, হাউসিং-এর ব্যাপারে আপনি মোটিভেট করতে পারছেন না। তারপর আপনি জানেন, এখানকার মন্ত্রীরা এবং আপনারা মাঠে-ময়দানে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সমালোচনা করে, বহু গালাগালি করে আপনাদের মন্ত্রীসভার ৮/১০টি দপ্তর ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়ে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তা নিয়ে তাদের দপ্তরের অনেক পরিকল্পনা চালাচ্ছেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির হাউসিং ডিপার্টমেন্ট যখন ওয়ার্ল্ড ব্যাঙ্কের ঋণের সহায়তা নিয়ে হাউসিং পরিকল্পনা করছে, হাউসিং স্কীমগুলি ইমপ্লিমেন্ট করছে, তখন আপনার দপ্তরের কোনও উদ্যোগ নেই। আপনার তরুণ বয়স, আপনি এখন ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা কিভাবে নেবেন ভাবছেন, কারণ ডি. ওয়াই. ফি. আই. করার সময়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক নিয়ে অনেক গালি-গালাজ করেছেন, ম্যাকনামারার কুশ-পুত্তলিকা পুড়িয়েছিলেন। সেইজন্য বোধ হয় হঠাৎ করে

ওয়ার্ল্ড ব্যাঙ্কের খাতায় কেন নাম লিখিয়ে দেব—এই কথা ভাবছেন। হয়ত ভাবছেন আর কয়েকজন মন্ত্রী যাক, তারপর ভাবব। আমার কথা হচ্ছে, এইসব ভাবনা-চিন্তা ত্যাগ করে এক ডজন মন্ত্রী যেখানে ওয়ার্ল্ড ব্যাঙ্কের খাতায় নাম লিখিয়ে দিয়েছেন, যেখানে বেশি বেশি করে তারা ঋণের সহায়তা নিচ্ছে, সেখানে আপনিও সেই ঋণের সহায়তা নিন। আপনি জানেন, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকার-এর যোজনা পর্ষদ এই রকম ছোট গৃহ নির্মাণ করবার ক্ষেত্রে সহায়তা দিচ্ছে। পশ্চিমবাংলার হাউসিং দপ্তর এই সমস্যা নিয়ে যোজনা পর্ষদের সঙ্গে বৈঠক করা দরকার। পশ্চিমবাংলার মানুষের গৃহের জন্য যদি বিশেষ অর্থ বরাদ্দের প্রয়োজন থাকে—কারণ গৃহ সমস্যা এত অ্যাকিউট—আমার মনে হয় সকলে মিলে যোজনা কমিশনের সঙ্গে কথা বলতে চলুন দিল্লি যাই। কারণ আপনার দপ্তরের ৩৪ কোটি টাকা বরাদ্দ—এটা উচ্ছিষ্ট। তার কারণ, বরাদ্দের ৫০ পারসেন্ট টাকাও পাবেন না। আপনি দুঃখ করে লিখেছেন গত বছর বাজেট বরাদ্দে প্ল্যান-আউট-লেতে যে টাকা বরাদ্দ হয়েছে তার সব টাকা হাতে পাননি। ১৯৯২-৯৩ সালে ১৫০১ কোটি টাকা টোটাল প্ল্যান আউটলে ছিল। কিন্তু ৭০০ কোটি টাকার বেশি খরচ করতে পারছেন না। তার কারণ, রিসোর্স মবিলাইজেশনের রাস্তা নেই। আপনি কি করবেন? অর্থমন্ত্রী জিরো ডেফিসিট বাজেট নিয়ে আসবেন, অথচ কোথাও রিসোর্স মবিলাইজ করতে পারবেন না। সেলস ট্যাক্স আদায়ের ক্ষেত্রে মিজারেবলি ফেলিয়োর করবে আর দপ্তরগুলিকে তাদের কাজের জন্য টাকা না পাবার ধাক্কা খেতে হবে এবং তারজন্য সাধারণ মানুষকে সাফার করতে হবে। একটা ফারসাইটেডনেসের অভাবে, ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সির অভাবে গভর্নমেন্টকে টোটাল গ্রাস করছে। গভীরে গিয়ে পুরো ব্যাপারটা এসেস করার পরিকল্পনা বাস্তবে ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে, এই সরকারের ম্যানেজারিয়েল ইন-এফিসিয়েন্সি প্রকাশ পাচ্ছে। প্রতি পদে পদে এই বেড়াজালে না পড়ে থেকে গোটা সমস্যাটাকে আরও ওপেন মাইন্ড নিয়ে আলোচনা করুন। দরকার হলে ব্যাঙ্ককে এই ব্যাপারে ইনভলভ করুন। পশ্চিমবাংলার গৃহ সমস্যা মোকাবিলা করার ক্ষেত্রে আপনার বাজেটে যাতে আরও টাকা বাড়ে তারজন্য আপনি চেষ্টা করুন, দরকার হলে আমরা সকলে আপনাকে সহযোগিতা করব। তা না হলে বুঝব আপনাকে এই দপ্তরের এমনি মন্ত্রী করে বসিয়ে রাখা হয়েছে। সল্টলেক প্রোজেক্টের জন্য ১১ কোটি ৩৪ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। সল্টলেককে সাজিয়ে-গুছিয়ে দিতে হবে মুখ্যমন্ত্রী ও তার পুত্রের বাসস্থানের জন্য। অন্য কোনও জায়গায় প্রয়ঃ প্রণালী ব্যবস্থা, জল-নিকাশি ব্যবস্থা হোক আর না হোক সল্টলেককে যথেষ্ট গুরুত্ব দিয়ে করতে হবে, কেননা মুখ্যমন্ত্রী উদগ্রীব হয়ে বসে আছেন। আমি দেখলাম, এই টাকার মধ্যে অর্থাৎ ১১ কোটি ৩৪ লক্ষ টাকার যে প্রস্তাব করেছেন তারমধ্যে কেবলমাত্র সল্টলেকে জল নিকাশি ব্যবস্থা এবং সল্টলেকের সুইমিং পুলের জন্য। এটার ক্ষেত্রে প্রাওরিটি দেবার দরকার ছিল না। যদিও বাগজোলা খালের জল নিকাশি ব্যবস্থার দাবি আছে, তবুও মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করতে গিয়ে ঐ এলাকাটি এমনিতেই সুন্দর, তাকে আরও সুন্দর করার যে উদ্যোগ নেওয়া হয়েছে তাকে কম গুরুত্ব দিয়ে অন্যদিকে টাকা-পয়সা একটু বেশি রাখতে পারতেন, তাহলে আরও দু-একটি জায়গার উন্নতি হতে পারত।

[3-30 — 3-40 p.m.]

আপনি আপনার বক্তব্যের সপ্তম অনুচ্ছেদে বলেছেন, বৃহত্তর কলকাতার সন্নিকটে ও

জেলা শহরগুলির আশে পাশে আবাস নির্মাণ উপযোগী জমি সংগ্রহের উপর আবাসন বিভাগের উন্নয়নমূলক কার্য নির্ভরশীল, কিন্তু ঐ সমস্ত অঞ্চলে ব্যবহার উপযোগী জমি ক্রমশ মূল্যবান ও দুষ্প্রাপ্য হয়ে উঠছে। উপরন্তু প্রাইভেট ডেভেলপারগণ যে কোনও মূল্যে জমি সংগ্রহের জন্য. ওতপেতে থাকে, আর আবাসন বিভাগ স্বল্প আর্থিক সঙ্গতির জন্য জমির মালিকদের জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণ তাৎক্ষণিকভাবে মেটাতে পিছপা হয়। যাইহোক, আবাসন বিভাগ এই সমস্যার প্রতি উপযুক্ত গুরুত্ব দিয়েছেন। তাছাড়া, গৃহনির্মাণ ক্ষেত্রে যৌথ উদ্যোগকে ইতিমধ্যে বিশেষ প্রাধান্য দেওয়া হয়েছে এবং সেই কারণে উক্ত খাতে গত বছরে ১৪০.০০ লক্ষ টাকা রাখা হয়েছিল কিন্তু ঐ টাকা পাওয়া যায়নি। যাইহোক, ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ঐ খাতে ১২০.০০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে। আপনি গত বছরে ১ কোটি ৪০ লক্ষ টাকা যে উদ্দেশ্যে রেখেছিলেন এখন রাখতে পারছেন না। আপনি ঠিক সল্ট লেকের ক্ষেত্রে ১১ কোটি ৩৪ লক্ষ ৮ হাজার টাকা ব্যয়ের প্রস্তাব রেখেছেন, আপনি আপনার বাজেট প্রস্তাবের শেষে আবার বলেছেন, 'মাননীয় সদস্যদের অজানা নেই যে, গৃহনির্মাণ ব্যাপারে প্রাইভেট প্রোমোটারদের কার্যকলাপ জনগণের উদ্বেগের কারণ হয়ে দাঁড়ায়। কারণ অধিকাংশ ক্ষেত্রে তার প্রতিশ্রুতিমতো ফ্ল্যাট বা ফ্ল্যাটের পরিকাঠামো পান না, অধিকন্তু নিম্নমানের মালপত্র ব্যবহার করায় নির্মাণের ঝুঁকি থেকে যায় এবং আপনারা জানেন যে আমরা এক সঙ্গে বসে করেছিলাম এবং সিলেক্ট কমিটি হয়েছিল। এটাতে আপনি বলেছেন যে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এটায় আমি আনন্দিত যে আপনার প্রোমোটারের বিষয়টি এবং আর্বান ডেভেলপমেন্ট দপ্তর কর্পোরেশনের এই প্রোমোটারদের বেড়াজাল সম্পর্কে রাজ্যের মানুষের এখন কোনও পরিচ্ছন্ন ধারণা নেই, মানুষ সামগ্রিকভাবে জানে যে পশ্চিমবাংলার এই সরকারটা অসাধু প্রোমোটারদের কাছে বিক্রি হয়ে গেছে এবং শেষ পর্যন্ত হিন্দুজাকে নিয়ে আপনারা আবার একটা কেলেঙ্কারি করলেন। বোফর্স বলে চিৎকার করছেন। বোর্ফসের টাকার কাট মানির কথা নিয়ে সারা দেশে আজকে সবচাইতে বেশি আলোচিত, আবার তাকে দিয়ে একটা অ্যাকুইরিয়াম মাছঘর নির্মাণ করছে, হিন্দুজাদের নিয়ে সেই মাছঘর নির্মাণ করা হয়েছে, আর একটা কেলেঙ্কারি করেছে। সুতরাং প্রোমোটারদের কাছে আপনার সরকার সোল্ড আউট, প্রোমোটারদের মোকাবিলা করার ক্ষেত্রে আপনি শুধু হাউসিং বিভাগের যে বিল এনেছেন সেটাকে আপনি আলাদা করে বিচার করলে পারবেন না, আপনি আর্বান ডেভেলপমেন্ট দপ্তরের সঙ্গে, কলকাতা পুরসভার কর্তৃপক্ষের সঙ্গে বসে যৌথ দৃষ্টিভঙ্গি নিয়ে অসাধু প্রোমোটারদের প্রশ্নে সরকারের সত্যিকারের দৃষ্টিভঙ্গি কি সেটা বিচার করবার চেষ্টা করবেন। অসাধু প্রোমোটারদের স্বর্গরাজ্যে হয়ে গেছে এই পশ্চিমবাংলা। এই কথা আমরা বার বার করে অভিযোগ করেছি এই রাজ্যে। আপনি একটা বিল নিয়ে এসেছেন, ভাল কথা, কিন্তু এই বিলের মধ্যে প্রকৃত পক্ষে প্রোমোটারদের নিয়ন্ত্রণ কতটা করতে পারবেন তা জানিনা তা সত্ত্বেও আপনার উদ্যোগকে আমাদের ভাল লেগেছে, কিন্তু আপনি অসহায় ছাড়া আর কিছু নন। এই বিরাট সমস্যার প্রতি নজর রেখেই আমাদের দলের পক্ষ থেকে দুটি কাট মোশন দেওয়া হয়েছিল এবং একটিতে বলা হয়েছিল failure of the Government to ensure repairs in Government Housing State ; যেটা আপনি জানেন, ঠিক করতে পারছেন না এর মালিকানা আপনারা দেবেন, বিক্রি করে দেবে। আর একটা failure of the Government to achieve targets for Indira Awas Yojana. ইন্দিরা আবাস

যোজনা আবাসন দপ্তর সম্পর্কে আপনাদের লেথারজি আছে ; এই দপ্তর সম্পর্কে আমাদের সুনির্দিষ্ট অভিযোগ থাকল, সুতরাং হাউসিং ডিপার্টমেন্টের প্রতি এই রাজ্য সরকারের সামগ্রিক যে গুরুত্ব যে প্রায়রিটি এবং অর্থ বরাদ্দ করে মোকাবিলা করানোর কথা ছিল এই সরকার বা আপনার দপ্তর তা করতে পারেননি। প্রতি বছর এক—দেড় কোটি করে ফ্ল্যাট তৈরি করব আর মানুষের হাতে কিছু কিছু করে চাবি তুলে দেব, আবার সরকারি কর্মচারিদের ক্ষেত্রে কো-অর্ডিনেন্স কমিটির সদস্য হতে হবে আর প্রাইভেট যেগুলি বিক্রি হবে তাতে সি. পি. এমের লোকাল কমিটির নেতা হতে হবে এইসব করে পশ্চিমবঙ্গের গৃহ সমস্যা মিটবে না, সেজন্য আমি এর বিরোধিতা করে আমাদের দেওয়া কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী মহাশয় তার যে ব্যয় বরাদ্দে দাবি পেশ করেছেন আমি তার পূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলছি। মাননীয় সুদীপবাবু যে কথা বলেছেন যে আবাসন সমস্যা জটিল এবং কঠিন, আমি তার সঙ্গে একমত এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কারণ আমাদের সারা দেশজুড়ে জনসংখ্যা যত বাড়বে আবাসনের সমস্যাও তত বাড়বে, জমির সমস্যাও বাড়বে। এই সমস্যাগুলি আছে। কিন্তু এই প্রশ্নে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি কি? এটা একটা জাতীয় প্রশ্ন, তাই এ-ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গিটা আমাদের বুঝে নিতে হবে। ১৯৮৮ সালে ন্যাশনাল হাউসিং পলিসি পাস করা হয়েছিল এবং ঐ জাতীয় আবাসন নীতিতে বড় বড় কথা বলা হয়েছিল। কথাগুলা খুব সুন্দর। তাতে বলা হয়েছিল, জনসংখ্যা যত বাড়বে আবাসনের সংখ্যাও তত বাড়াতে হবে, দুর্বলতর শ্রেণীর জন্য আবাসনের ব্যবস্থা করতে হবে ইত্যাদি। কিন্তু এই কাজ করতে হলে যে অর্থের দরকার, যে জমি দরকার, সেসব কোথা থেকে আসবে সে সম্পর্কে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ নিশ্চুপ। রাজ্য সরকারগুলির উপর ঐ দায়িত্বটা রেখে দিয়েছেন তারা। অথচ কেন্দ্রীয় সরকারেরই একটি কমিটি, তারা তাদের রিপোর্ট দিয়েছেন 'আউটলুক ফর ইন্ডিয়াস' ফিউচার' নামে। তাতে তারা বলেছেন যে, এই সমস্যা কত গভীর এবং তারজন্য কি দৃষ্টিভঙ্গি নিতে হবে। বলেছেন—There is an imperative need to recognise Housing as a necessity of life next only to Food and clothing and employment stimulent and wide expenditure in terms of balance growth. কিন্তু এই সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি কি কিছু সুন্দর সুন্দর কথা? কারণ এক্ষেত্রে বাস্তবে অর্থ এবং জমির যে সমস্যাগুলি আমাদের সমাধান করা দরকার আবাসন গড়ে তোলার স্বার্থে সেই বিষয়ে তাদের কোনও বক্তব্যই নেই। আজকে কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা হাডকোর কাছ থেকে টাকা নিয়ে বিভিন্ন রাজ্যের আবাসন দপ্তর এই সমস্যার কিছুটা সমাধান করতে চান। আমাদের রাজ্য সরকার হাডকোর সঙ্গে কথা বলে যাতে অর্থনৈতিক দিক থেকে দুর্বলতর শ্রেণীর লোকেরা নিজেদের আবাসনের ব্যবস্থা করতে পারেন তারজন্য ঋণের ব্যবস্থা করেছিলেন। এতে দশ হাজার পরিবার উপকৃত হবেন এবং নিজেদের আবাসনের ব্যবস্থা নিজেরাই করে নিতে পারবেন। বেনিফিসিয়ারিরা ইতিমধ্যে জেনেও গেছেন যে, তারা ১২.৫ হাজার টাকা করে ঋণ পাচ্ছেন। হঠাৎ দেখা গেল হাডকো রাজ্য সরকারের সঙ্গে কোনও কথা না বলে ইন্টারেস্টের হার বাড়িয়ে দিলেন একতরফাভাবে। তারফলে যারা বেনিফিশিয়ারি ছিলেন, দুর্বলতর শ্রেণীর মানুষ, যাদের কথা ন্যাশনাল হাউসিং পলিসির একটি

বড় প্যারাগ্রাফে বলা হয়েছিল, হঠাৎ করে সুদের হার এমন বাড়িয়ে দেওয়া হল যার জন্য তাদের পক্ষে আর এটা নেওয়া সম্ভব হোল না এবং যার জন্য রাজ্য সরকার বিপাকে পড়লেন। এই হচ্ছে তাদের আবাসন সমস্যার প্রতি দৃষ্টিভঙ্গি। কোথা থেকে এই সমস্যার সমাধান হবে? শুধু পশ্চিমবঙ্গের নয়, বিভিন্ন রাজ্যের এইরকম তথ্য আমার কাছে আছে। আমি হাডকোর এই যে উদাহরণ দিলাম এটা ভারত সরকারেরই একটি সংস্থা। কাজেই একটি রাজ্য সরকারের পক্ষে কখনওই আবাসনের এই জটিল সমস্যার সমাধান করা সম্ভব নয় যদি না এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়, আর্থিক দিক থেকে রাজ্য সরকারগুলিকে সাহায্য না করা হয়।

[3-40 — 3-50 p.m.]

তা সত্ত্বেও আমি আবাসন মন্ত্রীকে অনুরোধ করব যে তার উত্তর দেবার সময়ে তিনি এগুলি বলবেন। কারণ অনেক কাজ করা হয়েছে। এই অল্প টাকার মধ্যে অনেক প্রকল্প গ্রহণ করা হয়েছে। এটা শুধু দুর্বল শ্রেণীর জন্য নয়, নিম্ন আয়ের, মধ্য আয়ের সরকারি কর্মচারী, বিভিন্ন যে সমস্ত মহিলা আছেন যারা কাজ করতে শহরে আসেন তাদের আবাসনের জন্য অনেক প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং তার মধ্যে সার্থক রূপায়ণও কতকগুলো হয়েছে। তা সত্ত্বেও এখানে কতকগুলি সমস্যা আছে। যেমন—যারা এই সব বাড়িতে ভাড়া দিয়ে বাস করেন, তাদের সঙ্গে যে চুক্তি হয় যে অবসর গ্রহণের পরে তাদের বাড়ি ছেড়ে দিতে হবে। কিন্তু আমরা দেখেছি যে সেই চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবার পরেও তারা বাড়ি ছাড়তে চান না। আবার কেউ কেউ বাড়ি ছেড়ে দিলেন কিন্তু অন্য লোককে ঢুকিয়ে দিয়ে যান। এই ভাবে অনেকে বেআইনি কাজ করছেন। তাদের সম্পর্কে রাজ্য সরকারের আবাসন দপ্তর কী ব্যবস্থা গ্রহণ করছেন? তাদের এভিক্ট করার জন্য আইনে যে ব্যবস্থা আছে সেগুলি ব্যবহার করা দরকার। আমরা দেখছি যে তারা আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে চলে যাচ্ছে। আর একটি কথা এখানে বলতে চাই, সুদীপবাবু প্রোমোটারদের কথা এখানে উল্লেখ করেছেন। এটা নিয়ে একটা বিল এখান থেকে পাস হয়ে গেছে। সেটার অ্যাসেন্ট পেয়েছেন কিনা আমি জানি না, তবে এই আইনটা দ্রুত কার্যকর হওয়া দরকার। কারণ প্রোমোটররা যে ভাবে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছেন, সরকারের আবাসন নীতিকে পর্যুদস্ত করার জন্য যে সব পরিকল্পনা করছেন, তাকে আঘাত করার জন্য, প্রতিহত করার জন্য এই আইন কার্যকর করা দরকার। আমরা জানি বাড়ি জমির উপরে হবে, শূন্যে হবে না। যদি আইনানুগ কোনও ব্যবস্থা নিতে না পারেন তাহলে এগুলি শুধু হ্যাঙ্গিন গার্ডেন অব বেবিলন হয়ে যাবে। যে জমি সরকার ঠিক করছেন, তার থেকে চড়া দামে তারা এই সব জমিগুলি গ্রহণ করছে এবং ইঞ্জিনিয়ারিংয়ের যে সমস্ত নিয়ম-কানুন আছে সেগুলিকে তারা কলা দেখিয়ে সেখানে তারা বাড়ি করছে। তারা যে বাড়িগুলি করছে সেগুলির কি অবস্থা হচ্ছে সেই সম্পর্কে আমার অভিজ্ঞতা আছে। কাজেই সেই বিল কি অবস্থায় আছে, সেটা অ্যাসেন্ট হয়েছে কিনা, সেই সম্পর্কে মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন। এই কথা বলে আবার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের আবাসন মন্ত্রী যে ব্যয়-

বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি সেই দাবির বিরোধিতা করছি। আমার ভাবতে অবাক লাগে যে আমাদের এই মন্ত্রী মহাশয় এবং তার দলের লোকেরা বারবার সর্বহারাদের কথা বলেন, গরিব মানুষের দুঃখে তারা চোখের জলে ভাসিয়ে দেন। কিন্তু বাজেট বক্তৃতার ১৬ নম্বর অনুচ্ছেদে আমি দেখছি যে মন্ত্রী মহাশয় ১১ কোটি ৩৪ লক্ষ ৮ হাজার টাকা ব্যয় করছেন। সল্টলেকের বিধাননগরের উন্নতি সাধন, বিভিন্ন উন্নয়নমূলক কার্য, রাস্তা-ঘাট নির্মাণ, বাজার ইত্যাদি কাজের জন্য তিনি এটা ব্যয় করছেন। সল্টলেকে ডঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্ন ছিল যে সেখানে গরিব মানুষের, সাধারণ মানুষের বাসস্থানের সুযোগ করে দেওয়া হবে। কিন্তু আপনার সহকর্মী নগর উন্নয়ন মন্ত্রীর বদান্যতায় এমন কি মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে সেখানে সাধারণ তো দূরের কথা, মাল্টিমিলিওনারিরা বাড়ি করছেন।

সেখানে প্রিভিলেজ ক্লাসকে সুযোগ দেওয়ার জন্য বেশি টাকা খরচা করতে পারছেন। আপনার আর্থিক অনটন আছে, তার মধ্যেও আপনি যে টাকা খরচ করছেন সেটা প্রিভিলেজ ক্লাস-দের আরও প্রিভিলেজ দেওয়ার জন্য। আবার এই বামফ্রন্ট সরকার সর্বহারার সরকার বলে দাবি করেন লজ্জা করা উচিত। এই হল নারায়ণবাবুদের পলিসি। দু-কান কাটার দল। এই যে বাস গৃহ সমস্যা, এটা আজকে শুধু কলকাতায় নয়, সারা পশ্চিমবাংলায় আছে। এমন কি রুর‍্যাল বেল্টে বাস গৃহ নিয়ে সমস্যা হয়েছে। জেলা শহরে যারা আছে তাদের কথা চিন্তা করুন। শুধু কলকাতা শহরে সি. এম. ডি. এ এলাকায় আপনার কাজকর্ম সীমাবদ্ধ রাখছেন। ফলে জেলা শহরগুলি আজকে বঞ্চিত হচ্ছে, রুর‍্যাল বেঙ্গল আজকে বঞ্চিত হচ্ছে। গৃহ সমস্যার সমাধানের ব্যাপারে আপনার উদ্যোগের অভাব দেখতে পাচ্ছি। জিনিস পত্রের দাম এত বেড়ে যাচ্ছে যে মানুষ নিজে থেকে বাড়ি তৈরি করতে পারছে না। সরকারি কর্মচারী শুধু নয়, সাধারণ মানুষের কাছে আপনারা যে রেটে বাড়ি বিক্রি করছেন তাতে নিম্ন আয়ের লোকের পক্ষে সেটা কেনা সম্ভব নয়। তাদের কথাটা আপনি এতটুকু চিন্তা করছেন না। আপনারা কংগ্রেস আমলের অনেক দোষ দেন। কংগ্রেস আমলে কিছু বাড়ি হয়েছিল, সেখানে কম ভাড়ায় গরিব মানুষের থাকার ব্যবস্থা হয়েছিল। ১৯৭২-৭৭ সালে এবং তার আগে যে ফ্ল্যাট তৈরি হয়েছিল তাতে সাধারণ মানুষ, নিম্নমধ্যবিত্ত মানুষ ভাড়া দিয়ে থাকতে পারত। আজকে আপনি বাড়ির মালিকানা দেবার চেষ্টা করছেন। আপনারা কো-অপারেটিভ মুভমেন্টের উপর জোর দিতে পারেননি। আপনারা যদি কো-অপারেটিভ মুভমেন্টের উপর জোর দিতে পারতেন তাহলে অনেক সমস্যার সমাধান হত। কো-অপারেটিভকে আপনারা উৎসাহ দিতে পারেননি। কেবলমাত্র বড় বড় বক্তৃতা দিয়ে বাজার মাত করছেন আর কেন্দ্রের ঘাড়ে দোষ চাপাচ্ছেন। কলকাতায় ৫ লক্ষের উপর লোক ফুটপাতে বাস করছে। নিজেদের শ্রমিক দরদি, গরিব দরদি সরকার বলে দাবি করেন। তাদের জন্য আপনারা কি চিন্তা করছেন? তাদের জন্য একটা কমিউনিটি করে থাকার ব্যবস্থা করতে পারতেন। ৫ লক্ষ লোক ফুটপাতে বাস করে তাদের জন্য আপনারা কিছু করতে পারেননি। আমাদের দেশে গৃহ সমস্যার কারণ হচ্ছে বাড়ি ভাড়া দিতে গেলে যে সমস্যা তার জন্য কেউ বাড়ি ভাড়া দিতে চাচ্ছে না। গ্রামাঞ্চলের লোক কলকাতা শহরে থাকার জন্য যদি আসে তাহলে সে বাড়ি ভাড়া পায় না। টেনেন্সি অ্যাক্টে কিছু অসুবিধা আছে। দিল্লিতে গিয়ে যত তাড়াতাড়ি মানুষ বাড়ি ভাড়া পেতে পারে, সাউথ ইন্ডিয়ায় গিয়ে মানুষ যত তাড়াতাড়ি বাড়ি ভাড়া পেতে পারে পশ্চিমবাংলার কলকাতা

শহরে এসে তত তাড়াতাড়ি বাড়ি ভাড়া পায় না, বহু দিন অপেক্ষা করেও বাড়ি ভাড়া পাওয়া যায় না। এখানে এই সমস্যা আছে। আপনারা এই সমস্যা সমাধানের ব্যবস্থা করতে পারেননি। এতে আপনাদের গাফিলতি আছে। গৃহ সমস্যা সমাধানের পদক্ষেপ নেওয়ায় ব্যর্থ হয়ে যাওয়ায় আজেক প্রমোটার বেড়ে গিয়েছে। এই সবে আপনাদের উৎসাহ বেশি। সরকারি উদ্যোগে গৃহ সমস্যার সমাধানে ব্যর্থ হলে প্রমোটার তৈরি হত না, সরকারি উদ্যোগের উপর লোকেদের বিশ্বাস নেই। দলের লোক প্রমোটারদের সঙ্গে যুক্ত, আপনাদের দলের লোকেদের পৃষ্ঠপোষকতার অনেক প্রমোটার হয়েছে, অনেকে আবার নিজেরাই প্রমোটার হয়ে গিয়েছে। সেই জন্য এই পরিস্থিতিতে প্রমোটারদের প্রভাব এত বেড়েছে। তারা এমন বাড়ি তৈরি করছে, র-মেটিরিয়াল এত লো কোয়ালিটি দিয়ে বাড়ি তৈরি করছে তাতে প্রতি বছর পর পর বাড়ি ভেঙে পড়ছে। এই প্রমোটারদের আপনারা কিছু করতে পারেননি। মানুষের গৃহ সমস্যা আছে, সরকারের উপর মানুষ আস্থা রাখতে পারছে না, সেই বিশ্বাস নেই, তার ফলে প্রমোটারদের উপর বেশি বিশ্বাস রাখতে হচ্ছে। সেইজন্য মানুষ প্রমোটারদের উপর নির্ভরশীল হয়ে পড়ছে, সেটা আপনারা সামান্যও কমাতে পারেননি। একটা প্রগতিশীল সরকার বলে যারা নিজেদের দাবি করছেন তাদের রাজত্বে প্রমোটারদের আধিপত্য বাড়ছে। লজ্জা করা উচিত ছিল। আপনাদের তো লজ্জা নেই।

[3-50 — 4-00 p.m.]

সেই লজ্জা আপনাদের নেই। প্রোমোটারদের আধিপত্য দূর করতে আপনারা কোনও ব্যবস্থা নিতে পারেননি, এটা দুর্ভাগ্যের বিষয় আপনি নিজেও স্বীকার করেছেন যে এটা উদ্বেগের বিষয়। কিন্তু এটা তো আপনাদেরই সৃষ্ট। আপনারা সেই ব্যাপারে কোনও ব্যবস্থা নিতে পারেননি, এটা আমাদের কাছে দুর্ভাগ্যের। আজকে গৃহ সমস্যার সমাধান আপনারা করতে পারেননি। রাজনৈতিক দৃষ্টিতে আপনারা ফ্ল্যাট বিতরণ করেন। ফ্ল্যাট পেতে গেলে আপনাদের দলের পক্ষ থেকে তদ্বির না করতে পারলে ফ্ল্যাট পাওয়া যায় না। দু'-একটা ফ্ল্যাট বিরোধী দলের নেতাদের দেন কেবল লোক দেখাবার জন্য। কিন্তু ইন জেনারেল ফ্ল্যাট বিতরণের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে অসাধু ব্যবসায়িদের বিতরণ করছেন। শুধু তাই নয়, সাধারণ মানুষকে আপনাদের দলের কাছে আনুগত্য প্রকাশ করতে হয়, তা না হলে তারা ফ্ল্যাট পায় না। এগুলো দূর করতে না পারলে কিছুই হবে না। বিধাননগরে প্রিভেলেজড ক্লাসকে সুযোগ দেবার জন্য আজকে এই বাজেট আনা হয়েছে। প্রোমোটারদের সুযোগ দেবার জন্য এই বাজেট আনা হয়েছে, এই বাজেটকে পাশ করিয়ে দিয়ে কোনও লাভ নেই। সেজন্য জনগণের স্বার্থে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** অনারেবল ডেপুটি স্পিকার স্যার, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে এবং কাট মোশনের বিরোধিতা করে দু'-একটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। আবাসন দপ্তরের যে পরিকল্পনা, আমি মনে করি সেই পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য দীর্ঘদিন চেষ্টা চলছে এতে কোনও সন্দেহ নেই। কিন্তু গৃহ সমস্যা একটা জটিল আকার ধারণ করেছে, এটাতে আমরা সকলেই একমত। এই সমস্যা তাড়াতাড়ি দূর করা সম্ভব হবে এই কথা আমি মনে করি না। কিন্তু

এই দপ্তরের অধীনে যে পরিকল্পনা তাকে বাস্তবায়িত করতে হলে আজকে তাতে আরও গতি আনতে হবে। যে গতিতে চলছে, এই গতিতে চললে কিন্তু আমরা অনেক পিছিয়ে থাকব। দ্বিতীয় কথা হচ্ছে, শহরাঞ্চলে বিশেষ করে কলকাতা, হাওড়া এবং সমস্ত শহরে জনসংখ্যা দিনের পর দিন বাড়ছে। আবাসনের প্রচন্ড অভাব দেখা দিয়েছে। তার সুযোগেই বিভিন্ন জায়গায় বস্তিতে অসাধু প্রমোটাররা বিভিন্ন ভাবে বস্তির ঠিকা প্রজাদের প্রভোকেট করে বেআইনি ভাবে বাড়ি তৈরি করছে। আবাসনের চাহিদা যাদের আছে তাদের কাছে অনেক বেশি দামে সেগুলোকে বিক্রি করছে। এই অবস্থা কিন্তু চলতে দেওয়া যায় না। সেজন্য হাওড়া, কলকাতা এবং কলকাতার সংলগ্ন যেসব জায়গা আছে যেমন, দমদম, বেহালা এবং যাদবপুর সেইসব জায়গায়, গ্রেটার ক্যালকাটার মধ্যে যেসব জায়গা আছে—শহর কলকাতা এবং পার্শ্ববর্তী এলাকায় একটু খোঁজ খবর করলে দেখা যায় অনেক ভ্যাকান্ট প্লট অব ল্যান্ড আছে। যেমন উল্লেখ করি, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট জেনারেল স্কীম করার সময়ে বহু জমি অধিগ্রহণ করেছিল। সেই জমিতে অনেক পরিকল্পনা রূপায়িত হলেও বহু জমি আজও ভ্যাকান্ট পড়ে আছে। যেমন, উল্টোডাঙ্গার কাছে প্রচুর জমি রয়েছে। সেখানে আমি মাননীয় আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব।

সেইসব জমি আবাসন দপ্তরে নিয়ে আসা যায় কিনা তিনি একটু চিন্তা ভাবনা করবেন। তাছাড়া বেহালায় দিকে যেতে গেলে ডায়মন্ডহারবার রোড এবং জাজেস কোর্ট রোডে যে বর্ধমান মহারাজার প্রচুর জমি আছে তাতে বহু ভ্যাকেন্ট প্লট অফ ল্যান্ড রয়েছে এবং সেই জমি যাতে তারা বিক্রি করতে না পারে তারজন্য ১৯৭৮ সালে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট একটা নোটিফিকেশন করেছিলেন। এখনও সেই জমি পড়ে আছে এবং সেই জমিগুলো আবাসন দপ্তর অধিকার গ্রহণ করতে পারেন কিনা একটু যদি দেখেন তাহলে ভাল হয়। এগুলো লোয়ার ইনকাম গ্রুপ এবং মিডিল ইনকাম গ্রুপের জন্য যদি আবাসন নির্মাণ করা যায় তাহলে ভাল হয়। তাছাড়া আমাদের শ্রদ্ধেয় নারায়ণ দা যে কথাটি বললেন যে বহু ফ্ল্যাটে দেখা যায় যে প্রকৃত টেনেন্ট থাকেন না, আরেক জনকে বেশি দামে বিক্রি করে চলে গেছেন। অথচ তাদের উচ্ছেদ করা সম্ভব হচ্ছে না। আবার এমনও অনেক টেনেন্ট আছেন যারা খাজনা বা রেন্ট ঠিকমতো দেন না এবং ফলে আদায় করা সম্ভব হচ্ছে না। সেক্ষেত্রে বিষয়টি একটু বিবেচনা করে গুরুত্ব দেওয়ার দরকার আছে। এই ক্ষেত্রে আইন করে যাতে বাড়ি হস্তান্তর না হয় এবং ফ্ল্যাট যাতে বিক্রি না হয় সেই দিকটা দেখতে হবে। সাথে সাথে আরেকটি কথা বলছি সেটা হচ্ছে যে এই আবাসনের ক্ষেত্রে শুধু সরকারি কর্মচারিদের দিকটাই দেখলে হবে না সেই সঙ্গে সঙ্গে সাধারণ নাগরিক যারা আজকে আবাসনের অভাবে এদিক ওদিক ছোটাছুটি করছে তাদের দিকটাও দেখতে হবে। বিশেষ করে যারা লোয়ার ইনকাম গ্রুপের লোক তাদের কথা চিন্তা করা দরকার। বহু গরিব বস্তিতে থাকে একটা ছাউনির তলায় থাকে তাদের বাসস্থানের ব্যবস্থা করা দরকার। সেক্ষেত্রে তাদের একটা ওয়ান রুম ফ্ল্যাট দেওয়ার দরকার। শুধু ওয়ান রুম ফ্ল্যাট দিলেই হবে না তাদের জিনিস যা তারা রুজি রোজগার করে তার রাখার ব্যবস্থা করতে হবে। যেমন একজন রিক্সাওয়ালা সে হয়ত ৪ তলায় একটা ওয়ান রুম ফ্ল্যাট পেল কিচেন এবং অ্যাটাচাড বাথ সহ কিন্তু তার রিক্সাটা রাখবে কোথায়? তার একটা তো ব্যবস্থা করতে হবে, সেই রকম ফলওয়লার ক্ষেত্রেও ঠিক

একই কথা প্রযোজ্য। সুতরাং এইসব ব্যাপারগুলো আগে থেকে পরিকল্পনা করে করার দরকার আছে। কোনও ক্যাটাগরি কোথায় থাকবে তার থাকার ব্যবস্থা করে সেইভাবে স্কীম তৈরি করা দরকার। অবশ্যি বিরোধী সদস্য এই আলোচনা প্রসঙ্গে স্বীকারও করেছেন যে মাল মেটিরায়লসের দাম অনেক বেড়ে গেছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে আজকে ইটের দাম যেভাবে বেড়েছে বলার নয়। পেট্রোল, ডিজেল ইত্যাদির দাম বাড়ার সঙ্গে সঙ্গে ইটের অস্বাভাবিকভাবে ১,৭০০ টাকা হয়েছে এবং আগামী ৬ মাসের মধ্যে দেখা যাবে যে ২,৭০০ টাকাতে দাঁড়াবে।

[4-00 — 4-10 p.m.]

লোহার দাম, সিমেন্টের দাম, স্টোন চিপের দাম বিভিন্ন দিক থেকে বেড়ে যাচ্ছে। সঠিকভাবেই আবাসন দপ্তরের যে ব্যয়-বরাদ্দর প্রস্তাব রাখা হয়েছে তাতে আগামী ছয় মাসে সেটা যে বাড়বে না সেই গ্যারান্টি দেওয়া যায় না। স্বাভাবিকভাবেই যে পরিমাণ গৃহনির্মাণ করার পরিকল্পনা থাকে, এই দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য সেটা আর সম্ভব হয় না। কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই এটা সম্ভব হয় না। স্বাভাবিকভাবেই সমস্যা থেকে যায়। সাথে সাথে কেন্দ্রীয় সরকারকে যেভাবে রাজ্য সরকারকে এই আবাসনের ব্যাপারে সহযোগিতা করা দরকার ও সাহায্যের জন্য এগিয়ে আসার দরকার তার অভাব বোধ করি। সেই ক্ষেত্রে বিরোধী বন্ধুদের কাছে আমি বলতে চাই আপনারাও আমাদের সাথে চলুন, এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে প্রস্তাব হাউসিং ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। আমরা সকলেই জানি যে আমাদের দেশের মূল সমস্যাগুলির মধ্যে গৃহ সমস্যা একটা জ্বলন্ত সমস্যা। এখানে বিরোধী দলের পক্ষ থেকে অনেকে বক্তৃতা দিয়েছে। আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই, ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরু বলেছিলেন একটা সভ্য দেশের সভ্যতার অন্যতম মাপকাঠি হচ্ছে সেই দেশের মানুষ বসবাস করতে পারেন কি না। আমরা লক্ষ্য করছি, কেন্দ্রীয় সরকার যে সমস্ত পলিসি নিয়েছেন তার মধ্যে বিশেষ করে খাদ্য, বস্ত্র ও বাসস্থানকে রাখা হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বাসস্থান ব্যাপারটাকে গ্রাহ্যই করা হয়নি। সেইজন্য যে গৃহনীতি সেই গৃহনীতির ফলে আজকে এই অবস্থা হচ্ছে। সুতরাং পশ্চিমবাংলায় এমন কিছু স্বর্গ গড়ে তোলা সম্ভব নয়। সীমাবদ্ধ ব্যবস্থার মধ্যে এখানে রাজ্য সরকার অনেক উদ্যোগ নিন। এর আগে বিরোধী দলের সদস্য বলিছলেন আসুন আমরা দিল্লি যাই। দিল্লি যাওয়ার দরকার নেই, আপনারা দিল্লিকে বলুন। এটা ঠিকই যে ভারতবর্ষ একটা দেশ যেখানে গৃহ সমস্যা অত্যন্ত জ্বলন্ত সমস্যা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে উদ্যোগ নিন এবং রিসোর্সটাকে বাড়াবার চেষ্টা করতে হবে। আমাদের শহর আলিপুরদুয়ারে আজও পর্যন্ত কোনও কিছু এই গৃহ সমস্যার ব্যাপারে করা হয়নি। এই কথা বলে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি প্রথমেই কয়েকটি ইনফরমেশন দিয়ে আমার মূল বক্তব্য শুরু করব। মাননীয় সদস্য সুদীপবাবু এবং মান্নান সাহেব কবে

থেকে এম. এল. এ. আমি বলতে পারব না তবে অনেক পুরানো এম. এল. এ. এবং আমার তুলনায় অনেক পুরানো এম. এল. এ. সেটা আমি জানি। ওরা একটা কাট মোশনে যে কথাটা বলেছেন সে সম্পর্কে আমি ইনফরমেশনটা দিতে চাই। ওরা একটা কাট মোশনে যে কথাটা বলেছেন সেটা হাউসিং ডিপার্টমেন্টের ব্যাপারই নয়। অর্থাৎ ইন্দিরা আবাস যোজনা, এর সাথে হাউসিং ডিপার্টমেন্টের কোনও সম্পর্ক নেই। অন্তত আমি তো এর কিছু জানি না। এটা পঞ্চায়েত ডিপার্টমেন্টের সাবজেক্ট, তারাই এটা করেন। এর সাথে আমার বাজেটের কোনও সম্পর্ক নেই। যেহেতু ওরা কাট মোশন এর উপর দিয়েছেন সেইজন্য আমি এই ইনফরমেশনটা দিয়ে দিলাম। তারপর এই বাজেটের সে সম্পর্কেও ২/১ জন বললেন, আমি আমার অফিসারদের জিজ্ঞাসা করেছিলাম যে এই যে সল্টলেকে বলে ঢোকানো থাকে এর ব্যাপারটা কি? ওরা বললেন যে এর সাথে আমাদের কোনও সম্পর্ক নেই, আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের বাজেট কিন্তু বহুদিন আগে থেকে প্রথাটা চলে আসছে যে লাস্ট দুটি প্যারাতে সম্পর্ক নেই। আমি এই দুটি ব্যাপার জানিয়ে দিলাম।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** আপনার বাজেট বইতে এই দুটি ব্যাপার লিখে দিচ্ছে, এটা তাহলে থাকা উচিত নয়, তাহলে আপনার বাজেট থেকে এটা বাদ দিয়ে দিন।

**শ্রী গৌতম দেব ঃ** এই দুটি হাউসিং ডিপার্টমেন্টের ব্যাপার নয় কিন্তু নানান কারণে এটা চলে আসছে, এটা ঢোকানো থাকে, আপনাদের কাছে ব্যাপারটা পরিষ্কার করার জন্য এটা বলে দিলাম।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** এটা ছোট করে দেখার বিষয় নয় কারণ ডাবল বাজেট পাস হয়ে গেলে মুশকিল হবে। এর নজিরও আছে। একবার ইউথ সার্ভিসেস দপ্তরের বাজেট নিয়ে এরকম হয়েছিল এবং সেই সময় এরজন্য হাউস অ্যাডজর্ন পর্যন্ত করতে হয়েছিল। কাজেই ব্যাপারটা গুরুত্ব দিয়ে দেখা উচিত।

**শ্রী গৌতম দেব ঃ** ব্যাপারটা তো আমি পরিষ্কার করেই দিলাম। গতবারেও এটা ছিল, তার আগের বারও ছিল। আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের বাজেট এইভাবে থাকে। প্রত্যেকবারই এইরকম হয়। যাইহোক, আমি এবারে আমার মূল বক্তব্যে আসছি। আমি প্রথমেই যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, শহরে এবং তার আশেপাশে আমরা যদি জমি ধরতে না পারি তাহলে বাড়ি করব একথার কোনও মানে হয় না। আমি হাউসে দাঁড়িয়ে একথা বলেছিলাম যে আমরা একটা এক্সপার্ট কমিটির মাধ্যমে কিছুটা জেনেছিলাম যে আমাদের যদি ৫০ হাজার ফ্ল্যাট করতে হয় কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর এইরকম গুরুত্বপূর্ণ জায়গায় বা শহরাঞ্চলে—গ্রামাঞ্চলের কথা আমি এখন বলছি না—তাহলে এক হাজার একর জমি আমাদের মবিলাইজ করতে হবে। তিন হাজার বিঘা জমি আমাদের লাগবে। আর জমি জোগাড় করার কি অসুবিধা সেটা আপনারা ভালই জানেন। আমরা গভর্নমেন্ট থেকে হয়ত বললাম যে ২০ হাজার টাকা কাঠা দেব কিন্তু সেই জমিটা এক লক্ষ টাকা কাঠা দরে হয়ত কেনা হল। সেখানে ১৫ হাজার টাকা দরে হয়ত দলিল হল আর ৮৫ হাজার টাকা ব্ল্যাকে দেওয়া হল। গভর্নমেন্টকে এইভাবে জমি কিনতে দেয় না, প্রোমোটাররা এই সমস্ত বাধা দেয়। তবে ১।।/২ বছর ধরে চেষ্টা করে আমরা যতটুকু রেজাল্ট এখনও পর্যন্ত পেয়েছি সেটা

আপনাদের কাছে তুলে ধরছি। হাউসিং বোর্ডের মাধ্যমে আমরা ৩৩.৫৮ একর অর্থাৎ ধরতে পারেন ৩৩০ একর জমি অ্যাকুইজিশনের জন্য প্রস্তাব রেডি করে জমা দিয়েছি। এই প্রস্তাব জমা পড়ে গিয়েছে। আমরা পজেশন নিয়ে নিয়েছি, আমাদের হাতে জমি নিয়ে নিয়েছি ১১২.৭৪ একর। আর. সি. এম. ডি.-এর কাছ থেকে আমরা জমি কিনেছি ৪২ একর। মোট ৪৮৫.৩২ একর জমি থ্রু—হাউসিং বোর্ড আমরা মবিলাইজ করছি। ডিপার্টমেন্ট নিজের জন্য জমি জোগাড় করে এবং জমিটা জোগাড় করে হাউসিং বোর্ডকে দিয়ে দেয়। .

[4-10 — 4-20 p.m.]

হাউসিং ডিপার্টমেন্ট যে নিজের জন্য জমি জোগাড় করে এবং নিজে জমি জোগাড় করে হাউসিং বোর্ডকে দিয়ে দেয়। সেখানে আমরা পজেশন নিয়েছি ৫০.৪৬ একর জমি এবং প্রপোজাল জমা দিয়েছি। এই জমি আমাদের, অ্যাকুইজিশন আমরা করছি, তার প্রপোজাল জমি দিয়েছি ৩৬৮.৯৯৮৩ অর্থাৎ ৩৬৮ একরই ধরুন, আমরা প্রপোজাল সাবমিট করেছি এবং আমরা আর কয়েকদিনের মধ্যে আর একটা প্রপোজাল জমা দিচ্ছি ৮.২০ একর জমি, মোট ৪২৭.২৩৪৩ একর হাউসিং ডিপার্টমেন্ট থেকে। দুটো মিলে আমরা ৯১২ একর জমি অ্যাকুইজিশন এর প্রস্তাব তা জমি দিয়েছি, পজেশন আমরা নিয়েছি, তার কয়েকটা কোর্টে হিটেড হয়েছে, অর্থাৎ যেখানে আমাদের এক হাজার একর জমি মোবিলাইজ করতে হবে, ৯০০ একর জমি মোবিলাইজ করবার কাজ থ্রু ডিপার্টমেন্ট আমরা সেরেছি যে জমির পরিমাণ হচ্ছে ২ হাজার ৭৩৯ বিঘা এবং এটা বুঝতে পারছেন, এই জমি তো সুন্দরবনের পাশের জমি জোগাড় করে কোনও লাভ নেই? ওখানে বাড়ি ঘরদোর কে কিনবে? এই জমি আমাদের কলকাতার আশেপাশে কি শিলিগুড়িতে এই সব জায়গায় জোগাড় করতে হচ্ছে এবং এই যা জমি আমি বললাম, এর ১২ আনা জমি বড় বড় রাঘব বোয়াল প্রমোটার যাদের কলকাতা শহরে বা ভারতবর্ষে যারা কলকাতাতে তারা এই সমস্ত জমি কিনে রেখেছিল, কব্জা করে রেখেছিল। সেই জমি আমরা অ্যাকুইজিশন করেছি, অথবা প্রস্তাব জমা দিয়েছি এবং তার অনেকগুলো কোর্টে গেছে। এই বাইপাশের ধারে আমরা জমি দখল করলাম, দখল মানে অ্যাকয়্যার করলাম, বিরাট পাঁচিল দিয়ে ঘিরে রেখে দিয়েছে, খান্ডেরওয়ালা জয়েন্ট প্রপার্টি। আমরা গেলাম, দেখলাম, কথাবার্তা বললাম। ওখানে প্রায় ৬০/৭০ বিঘা জমি অ্যাকুইজিশন করলাম। আমরা পজেশন নিলাম, পাঁচিল-টাঁচিল ভেঙে আমাদের লোকেরা ঢুকে সরকার আমাদের পজেশন দিলো। আমি শুনছি এখন ৩০ থেকে ৪০টা কেস ঐ একটা জমির উপর হাইকোর্টে আছে। সে গোয়েঙ্কা থেকে শুরু করে তাদের কোনও লোক বাদ নেই। একটা জমির ব্যাপারে ৪০টা কেস হয়েছে। আমাকে লোকজন বলল ঐ জমিটার বাজার মূল্য ১০/১২ কোটি টাকা। আপনারা তো ৩ কোটি টাকা দিয়ে জমিটা অ্যাকোয়্যার করছেন, এটা বিক্রি করলে ১০/১২টা কোটি টাকা পাবেন। আমরা সেই জমি অ্যাকোয়ার করেছি, পজেশন নিয়েছি, ৪০টা কেস হয়েছে। আমরা সেই কেস লড়ছি। আর এই বৃহস্পতিবার ফাইনাল হিয়ারিং, সেখানে হবে। আপনারা ভি. আই. পি. রোডের উপর ঐ এয়ারপোর্ট যখন যান, তখন দেখবেন বাঁদিকে—

**মিঃ ডেপুটি স্পিকার :** গৌতমবাবু আমি টাইমটা বাড়িয়ে দিচ্ছি, কারণ আপনার এখনও

শেষ হয়নি। ১০ মিনিট টাইম বাড়িয়ে দেওয়া হল।

**শ্রী গৌতম দেব ঃ** আমরা সেখানে ৭২ বিঘা জমি অ্যাকোয়্যার করলাম। এখানেও মুনত্রা, সিমপ্লেকসের মালিকরা তারা পাঁচবার আমার ঘরে এলেন যে দিল্লির সরকারের সঙ্গে আমাদের সমস্ত স্কিম হয়ে গেছে—প্রথমে তারা বলেননি, কিছু গরিব লোক নিয়ে তারা কোর্টে গিয়েছিলেন, আমি তাদের বললাম আপনার জমি তো, আপনাদের আমি জানি। ওখানেও আমরা অ্যাকোয়্যার করেছি, আপনারা তো বহু জায়গায় বাড়ি করেছেন। গোটা ভি. আই. পি. রোডটা তো প্রোমোটাররা নিয়ে নিলেন, আপনাদের জমি পাবেন না, আর আপনার তো জমি নেই বলছেন—ওরা বলল গরিবরা কেস টেস করেছে, আমি তো নেব ভাবছিলাম। এখন সরাসরি বলছে, না, ৩০ বিঘা আমরা কিনে ফেলেছি, দিল্লির একটা স্কিম আছে, এই সমস্ত ওটা ছেড়ে দিতে পারবেন কি না। আমি বললাম, অসম্ভব, ঐ জমি ছাড়তে পারবো না। এই ৭২ বিঘার উপরে ওখানে আমরা তিন হাজার ফ্ল্যাট বানাবো এবং সেটা এই রাজ্যের নিম্ন বিত্ত মানুষ সেখানে থাকতে পারবে। আমরা পানিহাটিতে অমরাবতি একটা ট্রাস্টির জমি শুনলাম বিক্রি করে দেওয়া হচ্ছে প্রোমোটারদের। অনেক সিনিয়ার একজন ডাক্তারবাবু ৮৫ বছর বয়স, তাঁর কাছে আমাদের অফিসারদের পাঠালাম। ট্রাস্ট যদি হয়, বিক্রি যদি করেন তাহলে গভর্নমেন্টকে করুন। হিসাবপত্র করে প্রায় দু কোটি টাকা জমির দাম হয়, আমরা কিনে নেব। পরে জানালাম অনেক বেশি দামে বেচা হয়েছে প্রোমোটারকে সেই জমি। আমি হস্তক্ষেপ করেছি, শুধু সেই জমি দখল করা তাই নয়, এখন কাগজপত্র দেখে তার বেশিরভাগ ভেস্টেড হবে এবং সেই জমি আমরা দখল করবো যে তিন চার কোটি টাকায় কিনেছে সে বুঝবে। তারপর কোর্ট, সুপ্রীম কোর্ট, যতদূর যা হবে তা আমরা দেখে নেব।

বাধা প্রচণ্ড আছে, কিন্তু বাধা থাকলেও আমাদের সকলের যদি একটু মনোভাব থাকে তাহলে নিশ্চয়ই আমরা সেই বাধাকে কিছুটা কাটিয়ে উঠতে পারব এবং সমস্যা সমাধানের দিকে এগিয়ে যেতে পারব। সুদীপবাবু অবশ্য সে কথা বলেছেন। আপনারা জানেন হাউসিং বোর্ড বা হাউসিং ডিপার্টমেন্ট থেকে যে বাড়িগুলো বানিয়ে দেওয়া হয় তার ৯০ ভাগ বাড়িই লটারির মাধ্যমে বিলি-বণ্টন করা হয়। নেতাজি ইণ্ডোর স্টেডিয়ামে বা অন্য কোথাও লটারি হয়, সাধারণ মানুষরাই সেখানে লটারি করেন, অফিস্যাররা দূরে বসে থাকেন, কে পেল বা কে পেল না তা তাঁরা দেখেন না। সাধারণ মানুষরা এই বাড়িগুলো পান এবং তারা ১৩ বছর ধরে ইনস্টলমেন্টে দাম শোধ করেন। আমরা চেষ্টা করছি, বাধা অনেক আছে, কিছুটা বাধা কাটিয়ে ওঠবার আমরা চেষ্টা করছি। বেসরকারি যেসব মানুষরা আজকে এই কাজে নেমেছে কোটি কোটি টাকা তাদের পেছনে আছে, ওকে কিনছেন, তাকে কিনছেন, টাকার থলি নিয়ে ঘুরে বেড়াচ্ছেন। সে জন্য সবাই সাহায্য করলে আমরা নিশ্চয়ই কিছুটা বাধা দূর করতে পারব। মান্নান সাহেব গ্রামের কথা এখানে উল্লেখ করেছেন। ইন্দিরা আবাসন আমাদের দপ্তরের ব্যাপার নয়, ওটা পঞ্চায়েত ডিপার্টমেন্টের ব্যাপার। আমরা গ্রামের গরিব মানুষদের জন্য একটা প্রকল্প করেছি। যাদের একটু জমি আছে, যারা এক কাঠা জমির পাট্টা পেয়েছেন বা সামান্য একটু জমিতে একটা কুড়ে ঘর করে বসবাস করছেন তাদের আমরা ১২ হাজার ৫০০ টাকা লোন দিচ্ছি, তারা সেই টাকা ২০ বছর ধরে শোধ দেবেন। আমরা তাদের বলছি, নিজেরা পরিষ্কার করে, নিজেরাই জোগাড় করে ১৫/২০ হাজার টাকার মধ্যে একটু থাকবার

মতো ব্যবস্থা করে নিন এবং আসতে আসতে ২০ বছর ধরে সেই টাকা শোধ করুন। এই স্কিমে আমরা ৯৪০০ জন বেনিফিসিয়ারির তালিকা তৈরি করেছি। পঞ্চায়েতের মাধ্যমে তাদের এই সাহায্য করা হবে। আপনারাও কিছু পঞ্চায়েতে জিতেছেন, বামপন্থীরা বেশিরভাগ পঞ্চায়েতে জিতেছে উভয়ে উদ্যোগ নিয়ে এই স্কিমকে আপনারা কার্যকর করুন। আমরা ঠিক করেছি পঞ্চায়েত এবং কো-অপারেটিভ ব্যাঙ্কগুলোর মাধ্যমে ২০ বছর ধরে এই টাকা শোধ করতে হবে। কারণ ২০ বছর ধরে তো আর আমরা আদায় করতে পারব না, সুতরাং মূলত কো-অপারেটিভ ব্যাঙ্ক এই টাকা কালেকশন করবে। তাদের দিয়ে এটা আমরা করছি। তারপর ভাড়াটেদের প্রভিসনের একটা প্রশ্ন এখানে উঠেছে। এমন ১২০০ ফ্ল্যাট আছে, যেগুলোতে এখন যারা আছে তারা সেখানে থাকতে পারে না, আমরা তাদের সরে যাবার জন্য নোটিশ দিয়েছিলাম। তার মধ্যে ২৭৪টি হাইকোর্টে কেস হয়েছিল, সেই কেসগুলো এখনো চলছে তো চলছে। ফলে একজনকেও সরাতে পারছি না। আমাদের বিবেচনায় তারা থাকতে পারে না। আমাদের যেখানে মোট ৩১ হাজার ফ্ল্যাট আছে সেখানে ১৬ হাজার সরকারি কর্মচারী এবং ১৫ হাজার অন্য সাধারণ মানুষ আছে। সেই ফ্ল্যাটগুলোর জন্য প্রতি বছর আমাদের মেনটেন্যান্স বাবদ ৭/৮ কোটি টাকা খরচ হচ্ছে, আর সেগুলো থেকে আমাদের আয় হচ্ছে দেড় কোটি টাকা। যেগুলোতে একদম গরিব মানুষরা থাকে সেগুলোর কথা আমি ছেড়ে দিচ্ছি। সেগুলো ঠিক আছে। কিন্তু যে ফ্ল্যাটের আজকে ভাড়া হওয়া উচিত ২০০০ টাকা সেখানে আমরা ভাড়া পাচ্ছি মাত্র ৩০০ টাকা। সে জন্য আমরা একটা কমিটি করেছি কিছু ভাড়া বাড়াতে হবে এবং হিসাব নিকাশ করে বাড়াতে হবে। এ বিষয়ে কংগ্রেস বা অন্য দলের কি মনোভাব নিশ্চয়ই তা আমাদের আলোচনা করে জানতে হবে। আপনারাই বিবেচনা করুন মানিকতলায় একটা ১০০ স্কোয়ার ফিটের ফ্ল্যাটের কিন্তু ভাড়া হওয়া উচিত। তারপর এখানে একটা প্রশ্ন উঠেছে, কলকাতায় গরিব মানুষদের থাকার জন্য আপনারা কি ব্যবস্থা করছেন? কলকাতা শহরে ৬২ হাজার টাকায় আমরা ফ্ল্যাট দেবার ব্যবস্থা করেছি। এর জন্য ইতিমধ্যে বিজ্ঞাপনও দেওয়া হয়েছে। আপনারা হয়ত সে বিজ্ঞাপন দেখেছেন। কলকাতার বুকে একটা পান-বিড়ির দোকানের জন্যও ৬২ হাজার টাকার বেশি টাকা সেলামি দিতে হয়। আমরা ৬২ হাজার টাকা দামের ৫০০ ফ্ল্যাট বিক্রি করব, তার বিজ্ঞাপন বেরিয়েছে। সেই ফ্ল্যাটগুলো বানাতে রাজ্য সরকারের— আমাদের হাউসিং বোর্ডের এক একটির জন্য ১ লক্ষ ১২ হাজার টাকা খরচ হয়েছে। সে ফ্ল্যাটগুলো আমরা বিক্রি করব ৬২ হাজার টাকা করে। কিন্তু আমরা ওপরের লোকদের কাছ থেকে একটু বেশি লাভ করেছি, যাতে গরিব মানুষরা কলকাতায় থাকতে পারে তার জন্য তাদের কম দামে লোকসান করেও ফ্ল্যাট দিচ্ছি রাসবিহারি, গড়িয়ার মুখে ই. সি. পি. টি-ফেজ ফোরে আমরা এগুলো করছি।

[4-20 — 4-30 p.m.]

কিন্তু এইসব বলে লাভ নেই বড়লোকদের ফ্ল্যাট হবে না। আপনারা এম. এল. এরা বলুন, স্পিকারের সাথে কথা বলুন। জয়েন্ট সেক্টারে আমরা করবো। গভর্নমেন্ট অর্ডার দিয়েছেন, রাজ্যপাল কনসেন্ট দিয়েছেন। যে সমস্ত এ্যাপ্লিকেশন আমাদের কাছে এসেছে—আমরা এক্সপার্ট নই—তরুণ দত্ত, শৈলপতি গুপ্ত এবং পি. আর. দাস, হার্ডকোর রিজিওনাল ম্যানেজার এই ৩৫ জনকে নিয়ে কমিটি করে দিয়েছিলাম এবং বলেছিলাম এই সমস্ত বিজনেস কনসার্ন

এসেছে এগুলি আপনারা দেখুন। তারমধ্যে পিয়ারলেস আছে, গুজরাট অম্বুজা আছে, মার্টিন-বার্ণ আছে, সিপ্লেক্স আছে। ৪।৫ জনের তালিকা আছে। যদি ৪৫ জনের সাথে করি, প্রথম থেকেই করব। যদি ২ জনের সাথে করি প্রথম থেকেই করব। টেকনিক্যাল এক্সপার্ট দিয়ে করা হয়েছে, আমরা জয়েন্ট সেক্টারে করবো যেখানে গভর্নমেন্টের মেজরিটি থাকবে। কিছুদিনের মধ্যে জয়েন্ট সেক্টারে কাজ শুরু করব। এই কথা বলে বাজেটকে সমর্থন করে এবং সুদীপবাবু যে কথা বলেছেন আগামীদিনে সেইসব নিয়ে দিল্লিতে কথা বলার সময় আপনারা নিশ্চয়ই থাকবেন আমাদের রাজ্যের জন্য যেটুকু করা সম্ভব তা করার চেষ্টা করব এই কথা বলে কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 36

The motions of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Subrata Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 34,86,78,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads: "2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing." (This is inclusive of a total sum of Rs. 11,64,00,000 already voted on account in March, 1993) was then put and agreed to.

## POINT OF INFORMATION

**শ্রী রবীন দেব ঃ** আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে। আমি আপনার মাধ্যমে হাউসে জানাতে চাই, আজ ভোর ২-১৫ মিনিটে সাগরদ্বীপ থেকে ৩৫ কিলোমিটার দূরে কলকাতা পোর্ট ট্রাস্টের এম. ভি. ট্যালেন্ট মালবাহী জাহাজটি নিখোঁজ হয়। ৩ হাজার টন ডাল নিয়ে ঐ জাহাজটি কলকাতা বন্দরের দিকে আসছিল। এই জাহাজে ১৭ জন নাবিক ছিলেন। তাঁদের খুঁজে পাওয়া যাচ্ছে না। এইরকম একটা ঘটনায় আমি আপনার মাধ্যমে এই হাউসে জানাতে চাইছি এবং সরকার এই সম্পর্কে প্রয়োজনীয় খবর নিয়ে নিখোঁজ নাবিকদের উদ্ধারের কাজে কি ব্যবস্থা নেওয়া যায় এবং রাজ্যের যে ৩ হাজার টন ডাল আসছিল—এই যে এত বড় ক্ষতি হল—এ বিষয়ে দেখার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** স্যার, একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে। আমি একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এখানে এই অ্যাসেম্বলিতে একটা রুল ১৯৬৯ সালে পাস হয়েছে, তাতে অ্যাসেম্বলি মেম্বারদের মেডিক্যাল ফেসিলিটি দেওয়ার জন্য সেই রুল বলছে Every Member of the West Bengal Legislation Assembly, other than those Government by the medical attendance will be seen such and such medical facilities. এখানে বলছে জেনারেল ডেপুটি স্পিকার স্যার, কারণটা হচ্ছে এখানে আর একটা সারকুলার ইস্যু করা হয়েছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটাতে আপনি অ্যাসেম্বলির সেক্রেটারিকে চিঠি দিয়ে জানিয়েছেন, তিনি এটা ডিপার্টমেন্টকে লিখেছেন, অতএব আবার এটা মেনশন করছেন কেন?

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** ২০/১০/৯২ তারিখে হেলথ ডিপার্টমেন্টের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি সারকুলার দিয়ে বললেন সেখানে এম. এল. এ.-দের নাম নেই। Not allowed to take the opportunity and to take the facilities. এবার আপনি বলুন যে ২০.১০.৯২ তারিখ থেকে আজ পর্যন্ত চলে আসছে এস. এস. কে. এম হাসপাতালে এম. এল. এ.-দের বলা হচ্ছে you are to pay.

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটাতো অলরেডি আপনি বিধানসভায় জানিয়েছেন। আমাদের বিধানসভা থেকে হেলথ ডিপার্টমেন্টের সেক্রেটারিকে লেখা হয়েছে এবং বিধানসভা অলরেডি ব্যবস্থা গ্রহণ করেছে, কারণ এটা সমস্ত মেম্বারদের ফেসিলিটির ব্যাপার, সুতরাং উই আর অল কনসার্ন।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** Mr. Deputy Speaker Sir, my point is that when the circular is issued in and month of October, 1992 and since then write up. অ্যাসেম্বলিতে যে রুল পাস হল সেই রুলটা কোনও একজন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি গভর্নমেন্টকে বাইপাশ করে সারকুলার দিতে পারে? আমি আগে জানিয়েছি এখন পর্যন্ত কিছু হয় নি।

## Demand No-52

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** কাজটা ঠিক হয়নি, বিধানসভা থেকে কাজটা দেখা হচ্ছে। There is a cut motion to Demand No. 52. That cut motion is in order.

The Budget speech of Dr. Ambarish Mukhopadhyay on Demand No-56 was taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৫২ নং দাবির অধীনে মুখ্যখাত "২৪০৬-বন ও বন্যপ্রাণী" এবং "৪৪০৬-বন এবং বন্যপ্রাণীর মূলধনী ব্যয়" বাবদ মোট ৬১,৪৮,০৪,০০০ (একষট্টি কোটি আটচল্লিশ লক্ষ চার হাজার) টাকা ব্যয় বরাদ্দ মঞ্জুর করা হোক। (ইতিমধ্যে ভোট অন অ্যাকাউন্টে গৃহীত ২০,৫০,০০,০০০ (কুড়ি কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এই হিসাবের অন্তর্ভূক্ত।

মহাশয়, আমাদের মেরুদণ্ডে শিহরণ জাগে যখন শুনি ধরিত্রীর কাতর আর্তনাদ প্রকৃতি ও ভবিষ্যৎকে ক্রমাগত মন্থন করে নেবার বেদনা। "গ্রীন হাউসের প্রভাব" আন্তর্জাতিক ক্ষেত্রে শুধুমাত্র বিতর্কের বিষয় না বরং এক ভয়াবহ বাস্তব। ভয়াবহতার ব্যাপকতায় ধ্বংস করার ক্ষমতায় ও এক অন্ধকার ভবিষ্যতের পূর্বাভাষ।

অবশ্য প্রকৃতিও ছেড়ে কথা বলে না। তাই বৃষ্টিপাত ও আবহাওয়া পরিবর্তনের কুপ্রভাব মানুষের জীবনে আজ বহুগুণ বেড়ে গেছে। শুধুমাত্র বাক সর্বস্বতার কারণে উন্নয়নের ধারণাটাই আজ আবার পুরানো জায়গায় ফিরে এসেছে।

গত ৪০ বছরে পৃথিবীর জনসংখ্যা প্রায় দুগুণ বৃদ্ধি পেয়ে হয়েছে ৫.৩ বিলিয়ন। আগামী ৪০ বছরে এই সংখ্যা আরও দুগুণ বাড়বে। ইতিমধ্যে প্রায় শতকরা ১০ ভাগ উর্বর জমি মরুভূমিতে পরিণত হয়েছে এবং আরও ২৫ ভাগ জমি বিপদগ্রস্ত। প্রতি বছর প্রায় ৮.৩ মিলিয়ন হেক্টার জমি নষ্ট হচ্ছে ভূমিক্ষয়ের ফলে এবং বনাঞ্চল কেটে ফেলা হচ্ছে আরও কুড়ি মিলিয়ন হেক্টরে তাছাড়া দরিদ্র মানুষের বেশিরভাগই বাস করে এমন এলাকায় যেখানে পরিবেশগত ভারসাম্য বিপদগ্রস্ত। আবার এই দুরবস্থা আমাদের এই মহাদেশে শতকরা ৬০ ভাগ।

১.৩ মিলিয়ন মানুষের বিশুদ্ধ পানীয় জল মেলে না। ২.৩ মিলিয়ন মানুষের সুস্থ স্যানিটারি ব্যবস্থাতে কোনও অধিকার নেই। এবং ১.৫ বিলিয়ন মানুষের ভাগ্যে প্রয়োজনীয় জ্বালানীও জোটে না।

এর কারণ অনেক হতে পারে কিন্তু তাই নিয়ে উত্তর ও দক্ষিণে মতভেদ প্রখর। এটা শুধুমাত্র ভিন্ন দৃষ্টিকোণ নয় বরং ছদ্মবেশের আড়ালে আসল উদ্দেশ্য হল ধনীদের আরও প্রাপ্তিযোগের সম্ভাবনা সুনিশ্চিত করা। কারণ উত্তর গোলার্ধে বাস করে জনসংখ্যার ৫ ভাগের ১ ভাগ। কিন্তু তারা ভোগ করে ৭০% শক্তি, ৭%৫ ধাতু, ৮৫% কাঠ এবং ৬০% খাদ্যদ্রব্য। এর জন্য প্রয়োজন হয় প্রায় ১০ গুণ বেশি আকরিক জ্বালানী ও ২০০ গুণ অজৈব পদার্থ। এই একই অবস্থান কি আমাদের দক্ষিণ গোলার্ধে ঘটতে দেওয়া উচিত?

আগামী ৪০ বছরে ভোগ আরও ২ গুণ বাড়বে। কিন্তু পৃথিবীর বুকে জমে থাকা জ্বালানী ও আকরিক পদার্থের সমস্ত সঞ্চয় নিঃশেষ করেও তা সম্ভব হবে না। ফলে পর্দার আড়াল থেকে বেড়িয়ে আসে বৈপরীত্যে ভরা, রাজনৈতিক বুলি সর্বস্ব এক উন্নয়নের তত্ত্ব যা কিনা আপাতদৃষ্টিতে সব মানুষের সুযোগের সমান সদ্ব্যবহারের নীতির উপর প্রতিষ্ঠিত।

বিজ্ঞানীরা সময় সময় সব কিছুর জন্য অশিক্ষা ও অজ্ঞানতাকে দায়ী করে। এর জন্য দায়ী ঔপনিবেশিক ও মহা ঔপনিবেশিক শাসন-ব্যবস্থার শ্বাপদ নির্মমতা। মানব উন্নয়ন সংক্রান্ত তথ্যে দেখা যায় উন্নয়নের সূচক আরও নিম্নগামী। পৃথিবীব্যাপী ধনসম্পত্তি বিতরণের অসাম্যের ফলে দক্ষিণ গোলার্ধকে উত্তর গোলার্ধের সাহায্যের প্রশ্নটা প্রকট হয়ে পড়ে। আসলে বর্দ্ধিত প্রাকৃতিক সম্পদের খুব অল্পই নিচুতলার মানুষ ভোগ করে থাকে। ২০ পারসেন্ট ধনী ভোগ করেন ৮২.৭%, ২০% অপেক্ষাকৃত কম ধনী ভোগ করেন ১১.৭% আর ৬০%-এর জোটে মাত্র ৫.৬%। এর মধ্যে দরিদ্রতম ২০% এর ভাগে মাত্র ১.৪% ফলে পৃথিবীর সম্পদশালী ২০% মানুষ দরিদ্রতম ২০% মানুষের থেকে ১৫০ গুণ বেশি ধনী।

মহাশয়, আমরা যত বেশি দিয়ে থাকি তার থেকে আরও বেশি ঋণজালে আবদ্ধ হই। কিন্তু জি '৭৭-এর বৈঠকে বিশেষত ভারত ও চিনের কণ্ঠস্বরে ধ্বনিত হয়েছে পরিবেশগত পাওনার কথা। ঠিকমত হিসাব করলে দক্ষিণের পাওনা ৬০০ বিলিয়ন ডলার। আর অঙ্কের নিয়মে এর মধ্যে ভারতের ভাগে আসে ৫০০০ কোটি এবং ৬০০০ কোটি ডলার বৈদেশিক

মুদ্রার বাড়তি সঞ্চয়।

তথাকথিত একটি রাজনৈতিক মেরুবিশিষ্ট পৃথিবীতে শান্তির ফলে এবং ৯০-এর দশকে সামরিক ব্যয় প্রতি বছর ৩ ভাগ কমিয়ে সারা পৃথিবীতে প্রায় ১.৫ ট্রিলিয়ন ডলার উন্নয়নের জন্য সংগ্রহ করা যায়। এর মধ্যে শিল্পোন্নত দেশগুলির দেয় মাত্র ১.২ ট্রিলিয়ন ডলার আর উন্নয়নশীল দেশগুলির ৩০০ বিলিয়ন ডলার। প্রসঙ্গত ১০০০ মিলিয়নে ১ বিলিয়ন এবং ১০০০ বিলিয়নে ১ ট্রিলিয়ন।

"দারিদ্রের দেশে দেশান্তরে ভ্রমণে ছাড়পত্র লাগে না এবং সম্পদের অসম বণ্টন হিসাবে তা পরিবেশের বড় শত্রু"। উত্তর গোলার্ধের অপচয় প্রকৃতির সহ্যের অতীত। প্রাকৃতিক বিপর্যয়, জীবনযাত্রার মানের অধোগতি, জীবনের সদ্‌গুণাবলীর অবক্ষয় এত বেশি যে অস্তিত্বের প্রশ্নই বিপণন। উপরন্তু National Committee for Indian Decade for National Disaster (IDNDR) প্রস্তাবিত কারিগরি বিপর্যয় সংক্রান্ত সম্ভাবনা তো আছেই। মহিলা জ্বালানি সংগ্রহের জন্য আরও পরিশ্রম, মজুরদের জন্য শ্রমদিবসের সংখ্যার হ্রাস, দৈনন্দিন জিনিসপত্রের সাপ্তাহিক মূল্যবৃদ্ধি, ক্রমাগত বন্ধ হয়ে যাওয়া কলকারখানা, ক্রমবর্ধমান বেকারি, হাসপাতালে প্রতীক্ষারত মানুষের লম্বা লাইন—এই সমস্তই আমাদের দুঃখ-দুর্দশার ভান্ডারকে পরিপূর্ণ করে।

বন যতই অপসৃত হচ্ছে আমাদের ভবিষ্যত্রে আশা-ভরসা ততই বিলীন হচ্ছে। প্রকৃতি তার প্রতিশোধ নিচ্ছে দ্বিগুণভাবে। দুর্বল এলাকাগুলি দুর্বলতর হচ্ছে, তার স্বাভাবিক পরিণতির দিকে এগিয়ে যাচ্ছে। একদিকে সমগ্র স্থলভাগ বিশেষ করে অরণ্যভূমির উপর যে চাঁদোয়া বা আচ্ছাদন রয়েছে তা ক্রমশ সঙ্কীর্ণ হচ্ছে অপরদিকে ভূগর্ভস্থ জলস্তর হ্রাস পাচ্ছে। ফলত উপরিভাগের মৃত্তিকা ক্ষয়প্রাপ্ত হচ্ছে এবং নাইট্রোজেন ও আর্দ্রতা বিপন্ন হচ্ছে। এই সবকিছু মিলে এক অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। খরা, বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ও অগ্ন্যুৎপাত সব কিছুর জন্য দায়ী এই পরিবেশের বিপর্যয়।

বিশ্ব অর্থনীতি মন্দার সম্মুখীন। জাপানের গাড়ি তৈরি শিল্প দ্রুত নিম্নগামী। যুক্তরাজ্য কর্মসংস্থান এবং বাণিজ্য বিস্তারের প্রয়াসে রত। ইউরোপীয়ান কমিউনিটি ও পূর্ব-ইউরোপের দেশসমূহের বিপর্যস্ত অবস্থার সুযোগ নিচ্ছে জার্মানি এবং 'দক্ষিণাঞ্চলে' তার প্রভাব বিস্তারের চেষ্টা করছে। মার্কিন যুক্তরাষ্ট্র তার বর্তমান দুরবস্থা থেকে মুক্তি পাওয়ার প্রাণপণ চেষ্টা করছে এবং আগ্রাসী হাত প্রসারিত করছে গরিব দেশগুলির উপর ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রে, যার গভীর যন্ত্রণাদায়ক ক্ষত ঐ দেশগুলি মর্মে মর্মে উপলব্ধি করছে। 'উত্তরাঞ্চলের' রয়েছে জৈব প্রযুক্তি এবং 'দক্ষিণের' রয়েছে সম্পদ যার উপরে এখন নজর পড়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের। তারা বোঝাতে চাচ্ছে বনভূমির সংরক্ষণ শুধু কাঠের জন্যই নয়, জৈব প্রযুক্তির উপকরণের জন্যও বটে। ক্ষয়িষ্ণু হলেও এই সম্পদ কেবল 'দক্ষিণেই' লভ্য, তার উষ্ণ বৃষ্টিপাত অঞ্চলের অরণ্যে, হিমালয় এবং তৎসংলগ্ন পার্বত্য অঞ্চলে, নদী অববাহিকা ও সমুদ্র উপকূলে এবং গভীর অরণ্যে। একটি মত হ'ল—এই সম্পদের ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ করার পক্ষে। কারণস্বরূপ বলা হচ্ছে, ৯০-এর দশকে এবং ২০০০ সালের পরবর্ত্তীকালেও জৈবপ্রযুক্তির অগ্রগতির কথা, যার আসল উদ্দেশ্য হ'ল পৃথিবীর জনসংখ্যার সর্বোচ্চ শতকরা ২০ ভাগ

এবং অংশত তার নিচের শতকরা ২০ ভাগের জীবনযাত্রার মান রক্ষা করা। আমাদের দেশ সহ দক্ষিণের সম্পন্ন গোষ্ঠীও এই মতাবলম্বী। তারা ভুলে যায় এই শতাব্দী শেষ হওয়ার আগেই আমাদের প্রয়োজন আরও পশুখাদ্য, গার্হস্থ্য সামগ্রী, কৃষি-যন্ত্রপাতি, শিল্পের জন্য কাঁচামাল এবং কঠোর জীবন-সংগ্রামে রত বর্তমান প্রজন্মের জন্য খাদ্য ও বস্ত্রের।

অর্থ-নৈতিকভাবে অনগ্রসর মানুষের জন্যই আমরা আছি। তা কেবল শুধু তাদের প্রতি আমাদের অপরিসীম ভালবাসার জন্যই নয়, পরন্তু শিল্প ও কৃষিতে তাদের অবদানের জন্যও। আমাদের মতো কৃষি ও কৃষিভিত্তিক শিল্প নির্ভর দেশে তারা যে কঠিন শ্রম করেন তা মনে রাখা উচিত।

এই জন্য আমাদের সামগ্রিক বন-পরিচালন ব্যবস্থার উদ্দেশ্য হ'ল এইসব গরিব মানুষদের তাদের দুঃস্থ অবস্থা থেকে মুক্ত করা। একলাফে অনেকখানি উন্নতির কথা নয়, তারা যাতে আমাদের সকলের জন্যে, ভবিষ্যতের জন্যে বেঁচে থাকতে পারে তার ন্যূনতম ব্যবস্থা সুনিশ্চিত করা। অরণ্যে বা তৎসংলগ্ন এলাকায় যে সমস্ত লোক প্রাকৃতিক বা মনুষ্য সৃষ্ট কারণে হতাশা, ধ্বংসলীলা ও বিপর্যয়ের মধ্যে বাস করছে তাদের কথা না ভেবে কোনও বন-পরিচালন ব্যবস্থার কথা চিন্তা করা যায় না। তাই এদের সহযোগী করেই আমাদের বন-পরিচালন ব্যবস্থা। খড়গপুরস্থিত ইসরোর (I.S.R.O.) রিজিওনাল রিমোট সেনসিং সার্ভিস সেন্টার এবং বন-বিভাগের উদ্যোগে যে উপগ্রহ ইমেজারি সমীক্ষা চালানো হয় তাতে দেখা গেছে যে পরসংখ্যানভুক্ত বনাঞ্চল শতকরা ১ ভাগ বৃদ্ধি পেয়েছে। বর্তমানে যে সমীক্ষা চলছে তাত আরও ভাল ফল আশা করা যায়। এ ছাড়াও আছে সবুজায়নে শতকরা ৫ ভাগ বৃদ্ধি যা সম্ভব হয়েছে সাধারণ মানুষ, পঞ্চায়েত ও বন-বিভাগের যৌথ প্রচেষ্টায়। এরও বাইরে আছে ক্রমবর্ধমান জনসংখ্যার জীবন যাত্রার উন্নতির প্রয়োজনে নিয়োজিত অরণ্য সম্পদ যার পরিমাণ অন্তত শতকরা ৩ ভাগ।

বন অর্থে শুধু গাছ এবং কাঠই নয়, এর মধ্যে রয়েছে জন-সমষ্টির সম্পদ, সুন্দরবন এবং হিমালয়ের পাদদেশের 'জৈব পরিমন্ডল', 'ব্যাঘ্র প্রকল্প', প্রস্তাবিত হস্তী-অভয়ারণ্য ও করিডোর, গন্ডার, পাখিরালয়, কুমির, বাঘরোল তাদের আবাসস্থল সমস্ত বণ্য প্রাণী ও জলাভূমি।

এই কি সব? শহরের চাই সুন্দর উদ্যান ও ফাঁকা জায়গা, রাস্তার ধারে চাই সবুজ গাছ। উন্নতমানের ও অলাভজনক গবাদি পশুর খাদ্যের জন্য চাই সবুজ ঘাসের চাষ। এই সবই বন-বিভাগের এবং অংশত পরিবেশ বিভাগের কাজের মধ্যে পড়ে। এসবের জন্য প্রয়োজনীয় অর্থ পাওয়া যাচ্ছে না যার একটি কারণ কেন্দ্রীয় সরকারের বঞ্চনা ; যদিও কেন্দ্রীয় সরকার নিজেই বিপন্ন নানা আন্তর্জাতিক কূট-কৌশলের শিকার হয়ে।

আমরা বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতি চাই এবং বনোন্নয়নের সকল ক্ষেত্রে ও সকল শাখায় এর পরিপূর্ণ প্রয়োগের চেষ্টায় আছি। আমরা এক সামগ্রিক উন্নয়ন কর্মসূচিতে রত যার মধ্যে আছে বিজ্ঞান এবং প্রযুক্তি বিভাগ, স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা বিভাগ, কৃষি বিভাগ, প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগ, তফসিলি জাতি ও উপজাতি, বন এবং তৎসংলগ্ন অঞ্চলের অধিবাসী। তৃণমূল থেকে পরিকল্পনা প্রণয়ন রূপায়ণ-এর লক্ষ্যকে সামনে রেখে আমরা বন-অধিকার বন-বিভাগের পুনর্গঠনেরও প্রস্তাব রাখছি।

আন্তর্জাতিক প্রচেষ্টায় এই তত্ত্ব চূড়ান্ত পরিণতি লাভ করে রিও-ডি-জেনিরো বৈঠকে আমাদের দেশও জোরালো অভিমত দেয় যে বনাঞ্চলেরও সার্ব্বভৌমত্ব ক্ষুণ্ণ হতে দেওয়া যায় না। ভবিষ্যৎ প্রজন্মের প্রয়োজনে অধিকন্তু বর্তমান প্রজন্মের জন্য। তাছাড়া আমাদের কাজের ধারা দেশে-বিদেশে প্রশংসিত। বিশ্ব উন্নয়ন সংস্থা থেকে পাওয়া ঋণ আমরা এইভাবেই কার্যকর করছি।

মহাশয়, এই পরিস্থিতিতে আপনার অনুমতি নিয়ে আমি ১৯৯৩-৯৪ সালের বাজেট পেশ করছি। এর সাথে জানাচ্ছি আমাদের লক্ষ্য এবং অভিজ্ঞতালব্ধ সার্থকতা ও ব্যর্থতা। কর্মকৌশলকে আমরা কাজের ধারার সাথে মিশিয়েছি—বাস্তবের সঙ্গে সঙ্গতি রেখে।

মহাশয়, এই প্রসঙ্গে জানাই ব্যর্থতা কিছু কিছু ক্ষেত্রে আমাদের হতে পারে কিন্তু জাতীয় ক্ষেত্রে আমাদের সাফল্য রূপোলি রেখার মতো। কারণ আমরা কাজ করে শিক্ষালাভ করি। আমরা বিশ্বাস করি ভয়ানক দুর্দিনের মধ্যে দিয়ে আমাদের এগিয়ে যেতে হচ্ছে। চূড়ান্ত আর্থিক অনটন, দেশজুড়ে বিচ্ছিন্নতাবাদী ধর্মীয় উন্মাদদের তান্ডবলীলা এই সবের চূড়ান্ত লক্ষ্য একটিই।—দরিদ্র যাতে আরও দরিদ্র থাকে আর সমাজের ওপরতলার মানুষের জন্য বনসম্পদ কুক্ষিগত হয়ে পড়ে।

### ১৯৯২-৯৩ সালের কর্মবিবরণী

বর্তমান বছরে বনসৃজন ও পতিতভূমি উন্নয়নের কর্মসূচি সফল রূপায়ণের পথে। বনসংরক্ষণে জনসাধারণের অংশগ্রহণমূলক পরিচালন পদ্ধতি উত্তরবঙ্গ ও পাহাড়ি এলাকায় সম্প্রসারিত হয়েছে। বনসংরক্ষণ ও নার্সারি তৈরির কাজে মহিলারা এগিয়ে এসেছে। এর মাধ্যমে পারিবারিক আয়ের পথ সুগম হয়েছে। উত্তরবঙ্গে বনসম্পদকে সুসংহত অপহরণের হাত থেকে রক্ষা করার স্বার্থে ওয়ারলেস সেটের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা জোরদার করা হয়েছে। ইহা ছাড়াও বনসংরক্ষণের জন্য বনরক্ষিবাহিনীর চারটি দল গঠন করা হয়েছে। প্রকৃতি সংরক্ষণ জাতীয় উদ্যান এবং অভয়ারণ্য উন্নয়ন প্রভৃতি কর্মসূচি ও অব্যাহত রয়েছে। ১৯৮৯-৯০ সালে সুন্দরবন এলাকার পরিবেশ সংরক্ষণের স্বার্থে সুন্দরবন জীবপরিমণ্ডল গঠিত হয়েছে এবং এই এলাকার উন্নয়নে এই বিভাগ প্রশংসনীয় কাজ করেছে।

আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তাপুষ্ট "পশ্চিমবঙ্গ বনায়ন প্রকল্প"-এর কাজ এই বছরে শুরু হয়েছে। ম্যানগ্রোভ উন্নয়নের সাথে সাথে বিভিন্ন পর্যায়ে বনসৃজনের কাজ এই প্রকল্পে সাফল্যের সঙ্গে সম্পন্ন হয়েছে। বক্সা ব্যাঘ্র-প্রকল্প, সুন্দরবন এবং অন্যান্য বন্যপ্রাণী সংরক্ষিত এলাকার জনসাধারণের অংশগ্রহণমূলক পরিচালন পদ্ধতি সম্প্রসারিত হয়েছে। বিভিন্ন প্রজাতির উদ্ভিদের বংশবৃদ্ধি, পুষ্টিবিধান, বীজের মানোন্নয়ন প্রভৃতি বিভিন্ন গবেষণা প্রকল্পের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। এই প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য অতিরিক্ত কর্মচারী নিয়োগ যানবাহন ও অন্যান্য উপকরণ সংগ্রহ প্রশিক্ষণ বাড়িঘর নির্মাণ ইত্যাদি কাজের যে সংস্থান ছিল বিশেষ অসুবিধাজনক পরিস্থিতির জন্য তার অগ্রগতি সন্তোষজনক নয়।

ইহা ছাড়াও অরণ্যসম্পদ সমীক্ষা, বন সুদৃঢ়ীকরণ, বনান্তর্গত এলাকার যোগাযোগ ব্যবস্থার

উন্নতি, গৃহনির্মাণ প্রকল্প, কর্মপরিকল্পনা প্রস্তুতিকরণ, অরণ্যসংলগ্ন এলাকার অধিবাসীদের উন্নয়ন, কাজের অগ্রগতি সম্বন্ধে সংবাদ সংগ্রহ ইত্যাদি বিভিন্ন চালু প্রকল্পগুলির কাজ এই বছরে ও অব্যাহত রয়েছে।

১৯৯৩-৯৪ সালে প্রস্তাবিত কার্যাবলির বিবরণ ঃ

এই বৎসরের প্রস্তাবগুলির মধ্যে প্রধান হোল আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তাপুষ্ট "পশ্চিমবঙ্গ বনায়ন প্রকল্প" যা অরণ্যভূমির সার্বিক উন্নয়নের জন্য ১৯৯২ সালের এপ্রিল মাস থেকে গৃহীত হয়েছে। এই বৎসরে বনসৃজন প্রকল্প রূপায়ণের যে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে তা নিম্নে বর্ণিত হল ঃ

ক) ৬৬৮৫ হেক্টর ক্ষয় প্রাপ্ত ও বৃক্ষহীন বনভূমিতে পুনর্বনায়ন।

খ) সুন্দরবন এলাকার ৫৫০ হেক্টর জমিতে ম্যানগ্রোভ বনসৃজন।

গ) উত্তরবঙ্গ ও পার্বত্য এলাকার ১০০০ হেক্টর জমিতে মূল্যবান বৃক্ষরোপণ।

ঘ) নদীতীরবর্তী অঞ্চলে, রাস্তা, বাঁধ ও রেললাইন সংলগ্ন এলাকায় ৮০০ হেক্টর জমিতে সারিবদ্ধ বৃক্ষরোপণ।

ঙ) ব্যক্তিগত মালিকাধীন ১৮২২৫ হেক্টর জমিতে বন আবাদ।

চ) বনসুরক্ষা সমিতির সহায়তায় ৯৫৫০ হেক্টর ক্ষয়িষ্ণু শালবনের ও ৫০০০ হেক্টর ম্যানগ্রোভ জাতীয় বনভূমির পুনরুজ্জীবন।

ইহা ছাড়াও মাটির বাঁধ নির্মাণ, জলাশয়/টিউবওয়েল খনন, বনের সীমানা নির্ধারণ, বনান্তর্গত রাস্তা ও ব্রিজ ইত্যাদির সংস্কার, বনকর্মচারী ও বনসুরক্ষা সমিতির সভ্যদের প্রশিক্ষণ, ম্যানগ্রোভ সমীক্ষা, বিকল্প জ্বালানী ও কাষ্ঠব্যতীত অন্যান্য বনসম্পদ সম্পর্কে অনুসন্ধান, বন্যপ্রাণী ও অরণ্যসম্পদ উন্নয়ন সম্পর্কীয় বিশেষ গবেষণা। প্রকল্প সম্পর্কীয় কাজের সমীক্ষা ও মূল্যায়ণ ইত্যাদি বিভিন্ন কার্যাবলির লক্ষ্যমাত্রা এই প্রকল্পে ধার্য্য করা হয়েছে।

এই প্রকল্পের অন্তর্ভূক্ত নয় এই ধরনের যে সব কর্মসূচির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার বিবরণ নিম্নে বর্ণিত হল ঃ

**১) ভূমি সংরক্ষণ কর্মসূচি ঃ** অত্যধিক বৃষ্টিপাত ও নরম প্রস্তর খণ্ডের উপস্থিতির ফলে পার্বত্য এলাকায় প্রায়শই ভূমিক্ষয়, ধ্বংস ইত্যাদি সংঘটিত হয়। দক্ষিণ পশ্চিমবঙ্গের লালমৃত্তিকা অঞ্চলে প্রধানত ব্যাপক ভূমিক্ষয় দেখা যায় যার ফলে মাঝে মাঝে খাতের সৃষ্টি হয়। যথেচ্ছ গোচারণ ও বেআইনি গাছকাটার ফলে ইহা যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়। নদীগুলিতে চড়া পড়ে, যার ফলে প্রায়শই বন্যা দেখা যায়। এই সমস্ত সমস্যা সমাধানের জন্য বনসৃজন ও প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের বিভিন্ন কর্মসূচি এই বৎসরে চালু থাকবে। এই প্রকল্পে ৪৬৩ হেক্টর জমিতে ভূমি-সংরক্ষণের কাজ হাতে নেওয়া হবে।

ইহা ছাড়াও কংসাবতী, তিস্তা, অজয় ও রূপনারায়ণ নদীগুলির উপত্যকা এলাকায়

কেন্দ্রীয় সহায়তা প্রাপ্ত "নদী-উপত্যকা প্রকল্প" ও গঙ্গা অববাহিকা প্রকল্প" দুটির কাজ এই বৎসরেও অব্যাহত থাকবে। এজন্য ৮৯৮ হেক্টর জমিতে বনসৃজনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

২) বনসংরক্ষণ কর্মসূচি ঃ উত্তরবঙ্গে চারটি বনরক্ষী বাহিনী নিযুক্ত করা হয়েছে। এই উদ্দেশ্যে ওয়ারলেসের মাধ্যমে সংবাদ আদানপ্রদানের কর্মসূচি জোরদার করা হয়েছে।

৩) বিনোদন বনায়ন প্রকল্প ঃ শহরই হোক, গ্রামই হোক, আধা শহরই হোক, সর্বত্রই মানুষ চায় কর্মমুখর জীবন থেকে কিছুক্ষণের জন্য মুক্তির স্বাদ। এই প্রয়োজন মেটানোর তাগিদে বিভিন্ন স্থানে পার্ক ও উদ্যান প্রকল্পের যে কর্মসূচি হাতে নেওয়া হয়েছে সেগুলি এই বৎসরেও চালু থাকবে। এর জন্য ৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

৫) সমুদ্র উপকূলবর্তী এলাকায় বৃক্ষরোপণ ঃ যে সমস্ত উপকূলবর্তী এলাকা পশ্চিমবঙ্গ বন্যায় প্রকল্পের অন্তর্ভুক্ত নয় সেই এলাকাতে এই কর্মসূচি চালু থাকবে। এই বৎসরে ২০ হেক্টর জমিতে বৃক্ষরোপণের সঙ্গে সঙ্গে মেদিনীপুর জেলার পুরাতন বনসম্পদ রক্ষণাবেক্ষণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৬) এলাকাভিত্তিক জ্বালানী ও পশুখাদ্য কর্মসূচি ঃ শতকরা ৫০ ভাগ কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত এই কর্মসূচিতে বাঁকুড়া, মেদিনীপুর, ২৪-পরগনা, বর্ধমান ও বীরভূমের মতো জ্বালানী ঘাটতি জেলাগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। নদীয়া, মালদা ও মুর্শিদাবাদ ও পশ্চিম-দিনাজপুর জেলাগুলিকেও এই কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব আছে। এই বৎসরে ৩০০০ হেক্টর এবং ১০০০ হেক্টর জমিতে যথাক্রমে বনসৃজন ও খাতভরাটের কাজ গ্রহণ করা হবে।

৭) সুসংহত পতিতজমি উন্নয়ন প্রকল্প ঃ এই প্রকল্পে পতিত জমিতে বনসৃজন, ভূমিসংরক্ষণ, ক্ষয়প্রাপ্ত জমির উন্নয়ন ক্ষয়িষ্ণু, বনভূমিতে মূল্যবান বৃক্ষরোপণ নার্সারি ও আবাদি বন-সৃজন, কৃষি-অরণ্য সৃজন প্রভৃতি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই বৎসরে ৬০০০ হেক্টর পতিত জমিতে উপরোক্ত কর্মসূচি গ্রহণ করা হবে।

৮) কাষ্ঠ আহরণ কর্মসূচি ঃ প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে অর্থনৈতিক প্রয়োজন মেটানোর স্বার্থে সুষ্ঠুভাবে বনসম্পদ আহরণ এই কর্মসূচির অন্তর্গত। এই বৎসরের কর্মসূচি হোল কাষ্ঠসংগ্রহের ক্ষেত্রে ১৫০০০ কিউবিক মিটার এবং জ্বালানীর ক্ষেত্রে ৩৫০০০ গাঁদা।

৯) আকাশ থেকে বীজ সঞ্চারণ প্রকল্প ঃ বর্তমানে এই প্রকল্প সুন্দরবন এলাকায় চালু আছে। উত্তরবঙ্গের দুর্গম পার্বত্য এলাকাগুলিও এই প্রকল্পের অধীনে আনার ব্যাপারে কর্মসূচি গ্রহণ করা হচ্ছে।

১০) বিকেন্দ্রীভূত জনতা নার্সারি ঃ এই কর্মসূচিতে কিসান নার্সারির মাধ্যমে চারা তৈরি করা হয়। এই চারা বিক্রি করার ফলে যে অতিরিক্ত আয় হয় তা গ্রামীণ দরিদ্র জনসাধারণের অর্থনৈতিক উন্নতির সহায়ক।

১১) অরণ্য সংক্রান্ত গবেষণা ঃ উন্নতমানের অরণ্যসম্পদ উন্নয়নের জন্য গবেষণার উপর অধিক গুরুত্ব আরোপ করা হয়েছে। শতকরা ১০০ ভাগ সহায়তা প্রাপ্ত "বীজের

মানোনন" সংক্রান্ত প্রকল্প এই বৎসরে অব্যাহত থাকবে।

১২) বন্যপ্রাণী সংরক্ষণ প্রকল্প ঃ চলতি আর্থিক বছরে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প, বক্সা ব্যাঘ্র-প্রকল্প ও জলদাপাড়া অভয়ারণ্য প্রকল্প চালু থাকবে। অন্যান্য প্রকল্প—যেমন বেআইনি পশু শিকার নিয়ন্ত্রণ, সিংহালীলা জাতীয় উদ্যান উন্নয়ন, প্রকৃতি বিষয়ক শিক্ষা, মহানন্দা অভয়ারণ্য উন্নয়ন, সিঞ্চল অভয়ারণ্য উন্নয়ন, প্রভৃতি বর্তমান বছরেও চালু থাকবে। এ ছাড়াও কেন্দ্রীয় সরকারের শতকরা ১০০ ভাগ সহায়তায় বক্সা ব্যাঘ্র প্রকল্প ও সুন্দরবন ব্যাঘ্র-প্রকল্পের প্রত্যন্ত এলাকার উন্নয়নের কাজ হাতে নেওয়া হবে। এছাড়া কেন্দ্রীয় সরকারের ১০০ ভাগ অনুদানে হস্তী প্রকল্পের কাজ চলতে থাকবে। 'গন্ডার প্রকল্প' ও পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ে 'কেশরিবাগ' প্রকল্প দুটি কেন্দ্রীয় সরকারের বিবেচনার জন্য প্রেরিত হয়েছে।

১৩) জলাভূমির উন্নয়ন ঃ রাজ্যের বিভিন্ন স্থানে জলাভূমি সংরক্ষণ ও উন্নয়নের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হচ্ছে। হাওড়া জেলার সাঁত্রাগাছির নিকটবর্তী প্রায় ১২.৭৫ হেক্টর জলাভূমি সংরক্ষণে জন্য ১,২৯,৫০০ টাকা অনুমোদন করা হয়েছে।

কোচবিহার জেলার আটিয়ামোচন জলাভূমি সংরক্ষণের এক প্রকল্পর সাহায্যে কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরিত হয়েছে।

১৪) জনসচেতনতা কর্মসূচি ঃ অরণ্য সপ্তাহ ও বন্যপ্রাণী সপ্তাহ, পালন করা ছাড়াও বন ও বন্যপ্রাণী সংরক্ষণের প্রয়োজনীয়তা উপলব্ধির জন্য বিভিন্ন স্থানে সভা-সমিতি ইত্যাদির ব্যবস্থা করা হয়ে থাকে। জনগণের মধ্যে বৃক্ষরোপণের উৎসাহ সৃষ্টির জন্য অরণ্যসপ্তাহে বিনামূল্যে চারা বিতরণ করা হয়ে থাকে।

১৫) নর্দমা নিষ্কাশিত জল দ্বারা পরীক্ষামূলক বনসৃজন ঃ কেন্দ্রীয় সাহায্যে নদীয়া জেলার কল্যাণীতে নর্দমা নিষ্কাষিত আবর্জনাযুক্ত জল ব্যবহার করে পরীক্ষামূলক বনসৃজনের যে কর্মসূচি নেওয়া হয়েছে তাতে উৎসাহব্যঞ্জক সাড়া মিলেছে।

ইহা ছাড়াও বন-সম্পদ সমীক্ষা, বনজসুদৃঢ়ীকরণ, বনান্তর্গত রাস্তাঘাটের উন্নয়ন, গৃহনির্মাণ প্রকল্প, কর্মপরিকল্পনা প্রস্তুতিকরণ, অরণ্যসংলগ্ন এলাকার অধিবাসীদের অর্থনৈতিক উন্নয়ন, বিভাগীয় কাজের তথ্যসংগ্রহ ইত্যাদি বিভিন্ন প্রকল্পগুলি এই বৎসরেও চালু থাকবে।

বনদপ্তরের অধীনস্থ বিভিন্ন সংস্থার কার্যাবলির বিবরণ নিম্নে প্রদত্ত হল ঃ

**পশ্চিমবঙ্গ পতিত জমি উন্নয়ন নিগম ঃ** বাঁকুড়া, পুরুলিয়া ও মেদিনীপুর জেলায় সরকারি ও ব্যক্তিগত মালিকানাধীন পতিত জমি উদ্ধার ও উন্নয়নের জন্য এই নিগম স্থাপিত হয়েছে। এই সংস্থা বনদপ্তরের রূপকার সংস্থা হিসাবে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট "সুসংহত পতিত জমি উন্নয়ন প্রকল্প" মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় রূপায়ণ করছে। সবুজের আচ্ছাদন তৈরি করা ছাড়াও ভূমি সংরক্ষণের জন্য বাঁধ তৈরির কাজ হাতে নিয়েছে এবং ধূম্রবিহীন চুল্লি বিতরণ সহ কিছু কিছু আর্থ-সামাজিক কাজ করছে।

**পশ্চিমবঙ্গ পাল্পউড উন্নয়ন নিগম ঃ** এই সংস্থা টিটাগড় পেপার মিলস-এর সঙ্গে সমান অংশিদারিতে যৌথভাবে গঠিত। এই সংস্থা রাজ্যের কাগজকলগুলির কাঁচামালের প্রয়োজন

মেটাতে NABARD-এর আর্থিক সহায়তায় বিভিন্ন ব্যাঙ্ক থেকে ঋণ গ্রহণ করে মন্ডকাঠ সৃজনের কাজে লিপ্ত। মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, .বর্ধমান এবং জলপাইগুড়ি জেলায় প্রায় ৬৫০০ হেক্টর সরকারি ও বেসরকারি জমিতে বৃক্ষরোপণ করেছে। টিটাগড় পেপার মিলের সমানুপাতিক হারে টাকা না পাওয়ায় এই সংস্থা আর্থিক সংকটে পড়েছে।

**পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম ঃ** জাতীয় বননীতি ও বন (সংরক্ষণ) আইনে প্রাকৃতিক বনজ সম্পদ আহরণের উপর নিষেধাজ্ঞা জারির ফলে এই সংস্থার কাজ অনেকাংশ ব্যাহত হয়েছে। আদিবাসী সংগঠন ল্যাম্পস-এর মাধ্যমে দক্ষিণবঙ্গ এবং কালিম্পং এর ক্ষয়প্রাপ্ত বনভূমি থেকে কাঠ সংগ্রহের কাজ শুরু করা হয়েছে। অন্যদিকে কেবল পতিত জমিতেই নয়, অন্যান্য ফাঁকা জমিতে এবং দার্জিলিং-এর চা-বাগানের খাস জমিতে তাড়াতাড়ি বেড়ে উঠে এই ধরনের বৃক্ষরোপণের কাজ এই সংস্থা হাতে নিয়েছে। সিংহালীলা ও নেওরাভ্যালি জাতীয় উত্থান ও সেঞ্চল অভয়ারণ্য বন্যপ্রাণী দপ্তরের হাতে চলে যাওয়ায় কালিম্পং এবং দার্জিলিং-এ এই সংস্থার অধীনস্থ বনভূমির পরিমাণ হ্রাস পেয়েছে। এই সংস্থার অন্যান্য কাজ হল কাঠচেরাই, আসবাবপত্র তৈরি, খুঁটি মজবুত করার ব্যবস্থা, গাড়ি, মেরামতি, পলিথিন টিউব উৎপাদন ইত্যাদি। ইহা ছাড়াও রাজ্যের বিভিন্ন স্থানে চেরাই কাঠ, আসবাবপত্র, ইত্যাদি বিক্রির জন্য ডিপো স্থাপন করা হয়েছে। জনসাধারণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে উত্তরবঙ্গে বনভূমির মধ্যে সিট্রোনেলা ঘাস উৎপাদনের কাজ চলছে এবং এই ঘাস থেকে তেল নিষ্কাশনের ব্যবস্থা করা হচ্ছে। মংপং-এ অবসর বিনোদনের জন্য উদ্যান স্থাপন করা হয়েছে।

মেদিনীপুর জেলায় কাজুবাদামের যে চাষ শুরু হয়েছে তা থেকে সংস্থার কিছু আয় হচ্ছে। আর্থ-সামাজিক বনায়ন প্রকল্পের নমুনা হিসাবে পুরুলিয়া জেলায় কেন্দুবোমা অঞ্চলে বনায়নের কাজ শুরু হয়েছে। এই প্রকল্পের বিশেষ দিক হল জনগণের সক্রিয় অংশগ্রহণের নীতির উপর ভিত্তি করে কেবলমাত্র আদিবাসী মহিলাদের দিয়ে কাজ শুরু করা হয়েছে। সাবাই ঘাসের লভ্যাংশের শতকরা ২৫ ভাগ এদের মধ্যে বিলি করা হয়েছে। এছাড়া এই সংস্থা নতুন ধরনের বিভিন্ন প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা নিয়েছে।

আমি খুশি এবং কিছুটা উৎসাহিত কারণ সমস্ত বিশ্বের অভিমত হল সাধারণ মানুষকে সংরক্ষণ ও পরিচালন-ব্যবস্থায় সামিল করানো। মানুষ আজ উন্নয়ন প্রক্রিয়ার মাঝখানে। কারণ উপযুক্ত পরিবেশ ছাড়া উন্নয়ন সম্ভব নয়, আবার উন্নয়নের অভাবে পরিবেশ কলুষিত হয়ে পড়ে।

আমরা মনে করি উপযুক্ত অভিজ্ঞতা ও কলাকৌশলের সাহায্যে বনাঞ্চলের যে পুনরুজ্জীবনের প্রচেষ্টা চালাচ্ছি তা সবার প্রশংসার যোগ্য হবে। এই বছর আমরা অগ্রাধিকার দেব মহিলাদের ভূমিকাকে। কারণ সুদীর্ঘ শতাব্দিব্যাপী এরা গ্রামে ও শহরে নির্যাতনের শিকার। স্বভাবতই লাঞ্ছিত এই শ্রেণীর জন্য এবার আমাদের স্লোগান "জননীর জন্য জঙ্গল" ইতিমধ্যেই আমাদের সবজি-বাগান ও প্রমিলা বনের প্রকল্প থেকে উৎসাহব্যঞ্জক সুফল পাওয়া যাচ্ছে। আমরা এর পরিধি আরও বিস্তৃত করব।

আজ তৃণমূলে জনগণের উদ্যোগ ও উচ্ছ্বাস বাঁধনহারা প্লাবনের মতো। পঞ্চায়েত গণতান্ত্রিক

স্বেচ্ছাসেবি সংস্থা, বৈজ্ঞানিক সংগঠন শিক্ষক ছাত্র বালক বালিকা সবাই গভীরভাবে উদ্দীপিত। এই উদ্দীপনা কর্মযজ্ঞে পরিণত হচ্ছে।

মহাশয়, আমার উপরোক্ত নিবেদনের আলোয় এই মহতী সভার মাননীয় সদস্যদের কাছে আমি অনুরোধ করছি এই বাজেট অনুমোদনের জন্য। আমাদের প্রচেষ্টার অন্তিম লক্ষ্য হচ্ছে "সকলের জন্য অরণ্য" এই স্লোগানকে বর্তমান শতাব্দীর মধ্যে সার্থক করা। যখন মানুষের সাথে পশুর বৈরিতা যাবে কমে—আর ঘন সবুজের আঙিনায় রং-বেরং-এর ফুলের ও নানান ফলের সমারোহে মানুষের অস্তিত্ব হবে প্রকৃতির ঐক্যতানের সাথে সঙ্গতিপূর্ণ।

এই বক্তব্য পেশ করে সশ্রদ্ধ ধন্যবাদ জানিয়ে মহতী সভার কাছে এই আশা নিয়ে ১৯৯৩-৯৪ সালের বাজেট পেশ করছি যেন ইহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**Mr. Deputy Speaker :** There is a cut motion to Demand No-52 that cut motion is in order.

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs.100/-.

**শ্রী আবদুল মান্নান ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য প্রভঞ্জনবাবু যে প্রশ্নটা তুলেছেন সে সম্পর্কে আমি কোনও প্রশ্ন করছি না, প্রয়োজন আছে। কিন্তু এই চেয়ার থেকে বার বার কতকগুলি নর্মসের কথা বলা হয়। এখানকার সেক্রেটারিয়েটের কাজকর্ম নিয়ে এই হাউসে কোনও আলোচনা করা যায় না। আমাদের এম. এল. এ. হোস্টেলে জল থাকে না, মেম্বাররা স্নান করতে পারেন না, খাবারের কোয়ালিটি খারাপ আপনি আজকে আলোচনা করতে দিলেন, এবার থেকে আমরাও এই রকম বক্তব্য রাখব।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন ও বন্যপ্রাণী সংরক্ষণ খাতে প্রায় ৬২ কোটি টাকার বরাদ্দের জন্য অনুরোধ জানিয়েছেন। আমি এই বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের যে কাট মোশন এসেছে তাকে সমর্থন জানাচ্ছি। আজকে সারা ভারতবর্ষের প্রতিটি রাজ্যে যেভাবে যে অনুপাতে নতুনভাবে বনসৃজন করা হয়েছে আমরা তার ধারে কাছেও যেতে পারিনি, বরং ডিফারেস্ট্রেশন যা হয়েছে তাতে আমরা এক নম্বর স্থানে রয়েছি। বন ধ্বংসের ব্যাপারে পশ্চিমবঙ্গ এক নম্বর স্থানে এবং বনসৃজনের ব্যাপারে পশ্চিমবঙ্গ সবথেকে শেষে চলে গেছে। আপনারা জানেন না, আজকে এই ডিফরেস্ট্রেশনের কারণে ঝাড়গ্রামে খরা বেড়েছে। আজকে আপনারা জানেন না, উত্তরবঙ্গে কিভাবে ডিফরেস্ট্রেশন হয়েছে, সেখানে যে খয়ের গাছের জঙ্গল ছিল সে সব কিভাবে ধ্বংস করা হয়েছে। তাই আজকে আপনাদের সম্পর্কে মানুষের মনে সন্দেহ দেখা দিয়েছে। আজকে বন ধ্বংস করে বাঘ মারা, হাতি মারা, গন্ডার মারা থেকে শুরু করে পরিবেশকে সর্বনাশের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। আমরা শুনতে পাই যে, আমাদের পরিবেশের একটি অংশ হচ্ছে ফরেস্ট এবং বন্যপ্রাণী। আমি আপনার বক্তব্য ভাল করে পড়ে দেখলাম। ভাল সাহিত্য রচনা করেছেন আপনি, কিন্তু পশ্চিমবঙ্গের বাস্তব চিত্র এই আলোচনায় খুব কৌশলে এড়িয়ে গেছেন। এতে

এত ইরেলেভেন্ট কথা বলেছেন যার প্রয়োজন ছিল না। আমি দুই-একটি লাইন পড়ে শোনাচ্ছি। একটি জায়গায় রয়েছে—'আমরা মেরুদন্ডি। শিহরণ জাগে যখন শুনি ধরিত্রীর কাতর আর্তনাদ...।' যখন এই কথা লিখছেন তখন দেখতে পাচ্ছি, বনগুলি একটির পর একটি ধ্বংস করছেন। কোনওভাবেই বুঝতে পারছেন না যে, এই বন এবং বন্যপ্রাণী রক্ষার ব্যাপারে ব্যবস্থা নিতে পারেন, ভূমিকা গ্রহণ করতে পারেন। ওনার বক্তব্য বিভিন্ন জায়গায় শুনেছি। পরিবেশ সংক্রান্ত সেমিনার এই মন্ত্রী কিন্তু একজন শ্রেষ্ঠ বক্তা, কিন্তু পরিবেশ দূষণ রোধের ব্যাপারে সবচেয়ে পেছনে। উনি দীর্ঘদিন মন্ত্রী রয়েছেন, কিন্তু ওদের এই ১৭ বছরের রাজত্বে পশ্চিমবঙ্গে বিভিন্ন বনাঞ্চল ধ্বংস হয়েছে যার মধ্যে সুন্দরবনও রয়েছে। এখানে কিভাবে ডিফরেস্ট্রেশন হয়েছে সেটা দেখলে আশঙ্কিত হতে হয়। শহরের পার্কগুলিও বনের একটি অংশ হিসাবে কাজ করে, কিন্তু সেখানেও গাছ উড়িয়ে দিয়ে তৈরি করে দেওয়া হয়েছে পি. ডবলিউ. ডি. স্টোরেজ। ফলে শহরাঞ্চল এবং গ্রামাঞ্চল উভয়ই একটা বিপজ্জনক অবস্থায় পৌঁছে গেছে।

উনি এক জায়গায় লিখেছেন, বিশ্ব অর্থনীতি মন্দার সম্মুখীন। জাপানের গাড়ি তৈরি শিল্প দ্রুত নিম্নগামী। যুক্তরাজ্য কর্ম সংস্থান এবং বাণিজ্য বিস্তারের প্রয়াসে রত। ইউরোপিয়ন কমিউনিটি ও পূর্ব-ইউরোপের দেশসমূহের বিপর্যস্ত অবস্থার সুযোগ নিয়েছে জার্মানি এবং দক্ষিণাঞ্চলে তার প্রভাব বিস্তারের চেষ্টা করছে। মার্কিন যুক্তরাষ্ট্র তার বর্তমান দুরবস্থা থেকে মুক্তি পাওয়ার প্রাণপণ চেষ্টা করছে এবং আগ্রাসি হাত প্রসারিত করছে গরিব দেশগুলির উপরে ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে, যার গভীর যন্ত্রণাদায়ক ক্ষত ঐ দেশগুলি মর্মে মর্মে উপলব্ধি করছে।—বনের সঙ্গে এর কি সম্পর্ক আছে আমি জানি না। আর এক জায়গায় লিখেছেন, 'দারিদ্রের দেশ দেশান্তরে ভ্রমণে ছাড়পত্র লাগে না এবং সম্পদের অসম বণ্টন হিসাবেই পরিবেশের বড় শত্রু'। আর এক জায়গায় লিখেছেন, আমরা যত বেশি দিয়ে থাকি তার থেকে আরও বেশি ঋণজালে আবদ্ধ হই'। অর্থাৎ রাজনৈতিক ভাবে যে কথাগুলি বলা হয়, সেই আই. এম. এফ.-এর কথাও এর মধ্যে ঢুকিয়েছেন। আর এক জায়গায় বলেছেন, 'পর্দার আড়াল থেকে বেরিয়ে আসে বৈপরিত্য ভরা, রাজনৈতিক বুলি সর্বস্ব এক উন্নয়ন-এর তত্ত্ব যা কিনা আপাতদৃষ্টিতে সব মানুষের সুযোগের সমান সদ্ব্যবহারের নীতির উপর প্রতিষ্ঠিত। বন দপ্তরের বাজেট ভাষণের মধ্যে কৌশল করে রাজনৈতিক তত্ত্ব ঢুকিয়ে দিয়েছেন। বন নয়, বন্য প্রাণী নয়, আপনি সৃজন করার চেষ্টা করেছেন মার্কসবাদী তত্ত্ব এবং সেটাকে ভাষণের মধ্যে দিয়ে প্রকাশ করার চেষ্টা করেছেন। আপনি পরবর্তীকালে কি করতে পারছেন সেটা জানান। আপনি নিজে বলেছেন যে ইকলজিক্যাল সম্পর্ক রয়েছে এই ফরেস্টের সঙ্গে। এই সম্পর্ক রক্ষা করার জন্য আপনি বহুবার বলেছেন যে মিনিমাম ৩৩ পারসেন্ট ফরেস্ট দরকার। আর আপনি স্বীকার করেছেন যে এখানে ১৩ পারসেন্ট আছে। আপনি কোথাও ব্রেক আপ দেননি। ১৬ বছরে যদি ১৩ পারসেন্ট হয়ে থাকে তাহলে আপনি করেছেন কত? আমাদের সময়ে ছিল ১১ পারসেন্ট। আপনি ১৭ বছরে মাত্র ২ পারসেন্ট বাড়িয়েছেন। সত্যি কথা বলতে কি, আপনি যে সহযোগিতা কেন্দ্র থেকে এবং আন্তর্জাতিক বিভিন্ন পরিবেশ সংক্রান্ত সংস্থা থেকে পেয়েছেন, সেটা আমাদের সময়ে আমরা পাইনি। কিন্তু তা সত্ত্বেও আপনি মাত্র ২ পারসেন্ট করতে পেরেছেন। আপনি নিজে বলেছেন যে ৩৩ পারসেন্ট দরকার,

এটা করতে হবে। আর কত বছর আপনি সুযোগ চান? একটা সরকার ১৭ বছর সুযোগ পেয়ে মাত্র ১৩ পারসেন্ট করেছেন, সেখানে ৩৩ পারসেন্ট তো সুদূর পরাহত। আপনি জায়গার যে সংখ্যা তথ্যের কথা বলেছেন, সেখানে দেখছি যে আপনি এরিয়া ঠিক করে রেখেছেন। আপনি বহু হেক্টর এরিয়া বাড়িয়েছেন বলে দাবি করেছেন। কিন্তু বাস্তবে দেখছি যে এরিয়া হেক্টরে বেড়েছে, কিন্তু তার ভিতরে জঙ্গল, বনের গাছ দারুণ ভাবে কমেছে অর্থাৎ বলা যায় যে জিওমেট্রিক্যাল হারে কমেছে। স্বভাবতই আপনি কি করে এটা বাঁচাবেন আমি জানিনা। ইন্দিরা গান্ধীর কথা বললেই আপনারা লাফাবেন। ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী, এটা নিয়ে মুভমেন্ট করার চেষ্টা করেছিলেন। বনসৃজন, ইট ইজ এ পার্ট অফ মুভমেন্ট। যেমন কো-অপারেটিভ মুভমেন্ট, ল্যান্ড রিফর্ম মুভমেন্ট, তেমনি বন সৃজন, বন্য প্রাণী সংরক্ষণ, এটাও একটা পার্ট অব মুভমেন্ট। এটাকে সেই দৃষ্টিভঙ্গিতে দেখা উচিত ছিল। এর জন্য মানুষের মধ্যে চেতনা সৃষ্টি করতে হবে এবং অপর দিকে উদ্যোগ নিতে হবে। আপনি ১৭ বছর ধরে সুবর্ণ সুযোগ পেয়েছিলেন। কিন্তু সেই সুযোগ আপনি হারিয়েছেন। আপনি কোনও জায়গায় দেখাতে পারবেন না যে এই বন ১৬ বছর আগে যা ছিল, ১৬ বছর পরে তার থেকে বৃদ্ধি করেছেন। আমরা বিভিন্ন জায়গায় গিয়ে দেখেছি, ফরেস্ট ডিপার্টমেন্টের লোকেদের জিজ্ঞাসা করেছি যে এই এই শালবন কি করে ধ্বংস হল? তারা আমাদের সঠিক উত্তর দিতে পারেনি। তারা বলেছে শাল গাছ কাটার পরে আমরা বেবি সাল লাগিয়েছি। আমরা বিভিন্ন পঞ্চায়েতে আলোচনা করেছি যে, এই যে গাছ লাগানো হয়েছে, কয়টা জায়গায় এগুলি দেখাশুনা করার জন্য ব্যবস্থা নিয়েছেন? লক্ষ লক্ষ গাছ ছাগলে খাচ্ছে, মানুষেরা নিচ্ছে, জ্বালানি হিসাবে সেগুলি ব্যবহার করার জন্য কেটে ফেলছে, গাছ পুঁতে দেবার পরে সেগুলি মরে যাচ্ছে। এগুলি বাঁচাবার চেষ্টা কিন্তু আপনি করেননি।

[4-40 — 4-50 p.m.]

এখন করছেন না। বনের ব্যাপারে মেন্টেনেন্সের একটা বড় ভূমিকা আছে। এখানে বন বাড়ছে বলছেন। সংখ্যা তথ্যে দেখাচ্ছেন এই বছর এত লক্ষ গাছ লাগিয়েছি যা কংগ্রেস সরকার লাগাতে পারেনি। কিন্তু গিয়ে দেখছি গাছ নেই। আমি উল্লেখ করছি, আপনি চেষ্টা করে দেখবেন পারেন কিনা। নেহেরু এবং জওহর রোজগার যোজনায় বহু টাকা আসছে। এই পরিকল্পনার মধ্যে আপনার বন রক্ষা এবং সংরক্ষণ যুক্ত করতে পারেন কিনা দেখবেন। কিছু কিছু কাজ করা হয় পঞ্চায়েতের মাধ্যমে। এটা মূল দপ্তরের সঙ্গে সংযোগ করা যায় কিনা দেখবেন। তাহলে শহরে অনেক গাছ লাগাতে পারবেন যদি এই পরিকল্পনা যুক্ত করেন। আপনার প্ল্যান অ্যালোকেশন কত? আপনি একটি অক্ষরও বলেননি যে বনের জন্য প্ল্যান অ্যালোকেশন এত। কি পেলেন, কিভাবে সদ্ব্যবহার করছেন? এইটথ প্ল্যানে কত টাকা প্রপোজালের মধ্যে নিয়ে এসেছেন? আর সেভেন্থ প্ল্যানে যা টাকা ছিল তার রেজাল্ট কি? ক্যাটাগরিক্যালি বলবেন সেভেন্থ প্লান এবং এইটথ প্লানে কত টাকা ছিল, কি আছে, কত অ্যালোকেশন হয়েছে, সদ্ব্যবহার হয়েছে কিনা। আপনি এই সব কথা বক্তব্যে বলেননি। বক্তৃতায় শুধু সাহিত্য রচনা করেছেন, আসল কথা এড়িয়ে গিয়েছেন। আমি কতকগুলি প্রশ্ন আপনার কাছে করছি। কি ভাবে বন আপনি রক্ষণাবেক্ষণ করেছেন, কটা বন আপনি তৈরি করেছেন, কি হয়েছে, কতটা আছে সেটা বলবেন। ন্যাচারাল ক্যালামিটি হলে বন্য প্রাণীকে

রক্ষা করার জন্য তার বিকল্প ব্যবস্থা দেখাতে পারেন কি হয়েছে? জলপাইগুড়ি থেকে আরম্ভ করে কোনও জায়গায় দেখাতে পারবেন? কিন্তু আন্তর্জাতিক পরিবেশ দপ্তর বলছে বারে বারে ন্যাচারাল ক্যালামিটিতে বন বিধস্ত হতে পারে, বন ধ্বংস হতে পারে সেই ক্ষেত্রে একটা সাবিস্টিটিউট ব্যবস্থা করতে হবে বন্য প্রাণী রক্ষার জন্য। পর পর দুটি ন্যাচারাল ক্যালামিটি হলে তাকে মোকাবেলা করার জন্য বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে ব্যবস্থা করতে হবে। আপনি দেখাতে পারবেন কি হয়েছে এই ব্যাপারে? আপনি শুধু টাকা চাইছেন। ৬০-৬২ কোটি টাকা পরিবেশ রক্ষার জন্য বন্য প্রাণী রক্ষার জন্য, বন রক্ষার জন্য, বন তৈরি করার জন্য কিছু নয়। কি গুরুত্ব দিয়েছেন? আজকে দেখুন বিভিন্ন শহরের বিভিন্ন জায়গাগুলি কি ভাবে এগিয়ে যাচ্ছে। ব্যাঙ্গালোরে যান, বম্বে যান, বম্বের আশে-পাশে যান, দিল্লি যান, গিয়ে দেখুন শহর ঢেকে যাচ্ছে আস্তে আস্তে। কলকাতায় শুধু মাল্টিস্টোরেড বাড়ি তৈরি হচ্ছে, পার্কগুলি ধ্বংস হচ্ছে। সুন্দরবন তো লুট হয়ে গেল। সুন্দরবনে যাওয়ার ব্যাপারে লোকের ভয় ছিল, এখন সেটা আর তারা ভাবতে পারে না। সুন্দরবনের আসল সৌন্দর্য নষ্ট হয়ে গেছে। এই দপ্তরের গুরুত্ব হালকা করে দিয়েছেন ১৭ বছরের রাজত্বে। এটা দপ্তরের লজ্জা, ভাবতে অবাক লাগে। এই সমস্ত কথা লেখা হয়নি বলে উল্লেখ করছি। আপনি কত অর্থ আনতে পেরেছেন বলতে পারবেন? আপনি যদি এত নূতন বন তৈরি করে থাকেন, বন্য প্রাণী তৈরি করে থাকেন তাহলে কত এভিনিউ অফ মূল খাতে সরকারকে দিতে পেরেছেন? মূল খাতে দেবার জন্য আপনার কোনও রিসার্চ সেন্টার আছে কিনা সে সম্পর্কে আপনি বলবেন। গাছের পাতা থেকে, ফল থেকে, কাঠ থেকে আর্থিক সংস্থান হতে পারে। সরকারের মূল খাতে যদি সেটা আসতে পারে তাহলে এই রকম আর্থিক অবস্থায় অনেকখানি কাজে লাগতে পারে। আপনি সেই রকম কিছু করতে পারেননি। আপনি লায়াবিলিটি হয়ে গেছেন, সরকারের কাছে আপনি অ্যারেস্ট হতে পারেননি। আমি দাবি করছি, আপনি রিসার্চ ইনস্টিটিউট যদি তৈরি করতে পারেন এবং এই সমস্ত জিনিসকে ব্যবহার করে আর্থিক সংস্থান করতে পারেন তাহলে অনেক। কাজ হতে পারে, আপনি তার ব্যবস্থা করুন। তা না করে আপনি সবকিছু নষ্ট করছেন। আপনি স'মিলের উপরে কন্ট্রোলের ব্যবস্থা করতে পারেননি—কোনও প্রোটেকশনের ব্যবস্থা করতে পারেননি। গরিব মানুষরা জ্বালানি হিসাবে কাঠকে ব্যবহার করে। তারা কাঠ ব্যবহার না করে কি করবে? কাঠ তারা কাটবেই। দারিদ্র সীমার নিচে যে সমস্ত মানুষ বাস করে আমাদের এখানে তারা সামান্য কাঠ যদি না পায় তাহলে তারা বাঁচবে কি করে? তাদের চাল দিলেও কাঠ না থাকলে তারা না খেতে পেয়ে মারা যাবে। সুতরাং বিকল্প ব্যবস্থা না করতে পারলে তারা কাঠ ব্যবহার করবেই, কাঠ তারা কাটবেই। আপনি গোবর গ্যাসের ব্যবস্থা করতে পারেন এবং ঐ সমস্ত গরিব মানুষকে প্রোভোক করতে পারেন তাকে জ্বালানি হিসাবে ব্যবহার করবার জন্য। এটা না করতে পারলে তারা তো কাঠ কাটবেই। আপনি এখানে বলবেন, জ্বালানি হিসাবে কি বিকল্প ব্যবস্থা করেছেন। আপনি বিকল্প ব্যবস্থা করতে পারেননি। আপনি বলবেন কি ব্যবস্থা করতে পারেন। আবার বনের মধ্যে দেখছি বসতি তৈরি হচ্ছে। বনের মধ্যে বসতি তৈরি হওয়া মানে হচ্ছে বনের ধ্বংস নেমে আসা। আমরা এখানে বারে বারে বলেছি যে অনেক জায়গায় সিটি গার্ডেন তৈরি হয়েছে। যে সমস্ত মানুষ সেখানে বসতি করে বাস করছে তারা পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটির মধ্যে পড়ে না—নো ম্যান'স ল্যান্ড-এর মধ্যে পড়ে। তারা বন কাটছে। তারা আমাদের সিটিজেন পর্যন্ত নয়। বনের মধ্যে

থেকে এই মানুষগুলো যদি বসতি তৈরি করে, নতুন করে যেগুলো গজিয়ে উঠেছে, তাদের অন্য জায়গায় বাসস্থানের ব্যবস্থা করা দরকার। ল্যান্ডের শিলিং হওয়ার ফলে একটা সাংঘাতিক ব্যাপার আমরা লক্ষ্য করছি মুর্শিদাবাদ এবং মালদহে এই দুটি জেলায় আম গাছগুলো ধ্বংস হয়ে যাচ্ছে। আমের বাগানগুলো চলে যাবার ফলে এই দুটো জেলায় একটা ইমব্যালান্স তৈরি হয়েছে পরিবেশের ক্ষেত্রে। আপনি এই ব্যাপারে বিশেষ করে ল্যান্ড রিফর্মস মিনিস্টারের সাথে যোগাযোগ করুন, তার সাথে কথা বলুন। মুর্শিদাবাদ এবং মালদহে বিস্তীর্ণ অঞ্চলকে রক্ষা করার দরকার হয়ে পড়েছে। আপনি অবিলম্বে এই ব্যাপারে কথা বলুন। আমাদের এখানে বাঁশ শুধু আর্থিক কারণে নষ্ট হয়ে যাচ্ছে। আমরা এটাকে বহু ভাবে ব্যবহার করতে পারি। ভাল ভাবে বাড়লে আমরা এটাকে ভাল ভাবে ব্যবহার করতে পারি। আসামে বাঁশের সুযোগটা বেশি আছে ঠিকই, এখানে টাকাটাই শুধু বড় কথা নয়, বাঁশের ব্যবহার আজকে ঠিকমতো হচ্ছে না। আপনার বক্তৃতার মধ্যে প্ল্যান সম্বন্ধে কোনও কথা উল্লেখ নেই। যা সত্যিকারের বাস্তব, সত্য কথার কোনও উল্লেখ নেই, শুধুমাত্র কাগজে কলমে কিছু কথা উল্লেখিত হয়েছে। বাস্তবতার সঙ্গে যার কোনও মিল নেই সেই রকম কিছু কথার উল্লেখ আপনার বক্তৃতার মধ্যে আছে। আপনার এই সমস্ত ব্যর্থতার জন্য আমার কাট মোশনগুলোকে আপনি গ্রহণ করুন। আপনার বাজেট প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুন্দর হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন বিভাগের এই বাজেট প্রস্তাবকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ যে কাট মোশন এনেছেন তার বিরোধিতা করছি। বাজেটকে সমর্থন করে আমি দু-একটি কথা এই সভায় রাখার চেষ্টা করছি। আপনি জানেন স্যার, আমি বিশেষ করে ভাবছিলাম যে সুব্রতবাবু জঙ্গল সম্বন্ধে কিছু বলবেন। তিনি হাউসকে কিছু নতুন ধরনের কথা শোনাবেন ভেবেছিলাম। কিন্তু তার কাছ থেকে যা শুনলাম তা থেকে বোঝা গেল যে জঙ্গল সম্বন্ধে তাঁর এ বি সি নলেজ আছে বলে মনে হল না। আমরা দেখছি, পশ্চিমবাংলায় যে বনাঞ্চল সৃষ্টি হয়েছে তার সম্বন্ধে তিনি অবহিত নন। গ্রাম বাংলায় একটা কথা চালু আছে—'চোখ থাকতে কানা, চোখের মাথা খা না।'

[4-50 — 5-00 p.m.]

কংগ্রেসি আমলে আমরা দেখতে পেয়েছি বনাঞ্চল থেকে কাঠ কেটে নিয়ে কারখানায় কাঁচামাল ইত্যাদির কাজে ব্যবহৃত হওয়ায় বিভিন্ন ধরনের বনাঞ্চলে সমস্যা দেখা গিয়েছে। অতীতে জঙ্গলে মাফিয়ার দলেরা জঙ্গল কেটে শেষ করে দিত। তারা লরিতে করে বনে ঢুকে সঙ্গে ক্যাসেট নিয়ে আসত। সেই ক্যাসেটে মানুষ মরে গেলে যেমন বল হরি বোল বলে বলা হয় সেইরকম ক্যাসেটে ওই সুর দিয়ে বনের মধ্যে গিয়ে ক্যাসেট চালিয়ে গাছ কাটত। এইভাবে কংগ্রেস আমলে জঙ্গল শেষ করেছে। বামফ্রন্ট সরকার আসার পরে জঙ্গলের দিকে দৃষ্টি দিয়েছে এবং জঙ্গল নতুন করে রক্ষা পেয়েছে। তার মুল কারণ হচ্ছে জঙ্গলের মানুষেরা আদিবাসী, তফসিলি শ্রেণী। তাদের নিয়ে ফরেস্ট প্রোজেক্ট কমিটি হয়েছে এবং তাদের মাধ্যমেই জঙ্গল রক্ষা পাচ্ছে। জঙ্গলের বিভিন্ন রকম স্কীম হয়েছে। ফরেস্ট প্রোজেক্ট কমিটির মাধ্যমে অন্তত শতকরা ২৫ ভাগ জঙ্গল থেকে কাঠ বিক্রি করে রাজ্য সরকার পাচ্ছেন কিন্তু এতে কিছু আইনে অসুবিধা আছে, সেগুলো পঞ্চায়েতের সঙ্গে বসে আলোচনা করতে হবে এবং

এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যাতে বিষয়টি দেখেন। এই জঙ্গল থেকেই আদিবাসীরা কেন্দুপাতা, শালপাতা, ছাতু পাতা ইত্যাদি বিক্রি করে জীবিকার সংস্থান করে এবং তাদের অবস্থার অনেকটা উন্নতি ঘটেছে। আমরা অতীতে দেখেছি যে এই বিদ্যুতের তাপ ক্যানেল করার জন্য জলাশয় সৃষ্টি করা হত এবং তারজন্য বহু জঙ্গল এরিয়া নিয়ে নেওয়া হত। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পরে অনেক দৃষ্টি দিয়েছে এবং জঙ্গলকে বিশেষভাবে রক্ষা করেছে। তারপরে ওয়েট ল্যাণ্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে অনেকগুলো ফরেস্ট স্কিম নেওয়া হয়েছে। এবং এর ফলে আদিবাসি মানুষেরা বিশেষ উপকৃত হচ্ছেন। পশ্চিমবঙ্গের মডেলগুলো ভারত সরকার গ্রহণ করেছে এবং কেন্দ্র শাসিত রাজ্যগুলিতে এই রাজ্যের মডেল অনুসরণ করতে নির্দেশ দিয়েছেন। আমাদের ভারত সরকার যে ইন্দিরা প্রিয়দর্শিনী পুরস্কার চালু করেছেন তাতে পশ্চিমবঙ্গ থেকে প্রতি বছর গিয়ে প্রাইজ নিয়ে এসেছে। আমাদের অঞ্চলের একজন প্রধান দিল্লিতে গিয়ে এই পুরস্কার নিয়ে এসেছেন। তিনি যাবার সময়ে আমরা অনেক ঠাট্টা করেছিলাম যে দিল্লিতে যে যাচ্ছে তারজন্য কোট প্যান্ট করিয়েছে কিনা। ওই প্রধান শাল বনের জঙ্গলে তসরের চাষের ব্যবস্থা করেছেন এবং প্রাইজ নিয়ে এসেছে। দিল্লির সরকার প্রতি বছর পশ্চিমবঙ্গ থেকেই প্রাইজ নিয়ে আসত বলে এই প্রাইজ দেওয়া বন্ধ করে দিয়েছে। আরেকটি বিশেষ সমস্যা আছে সেটা হচ্ছে যে বিহারের দলমা পাহাড় থেকে বিরাট সংখ্যক হাতির দল মেদিনীপুর, পুরুলিয়া এবং উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছে এতে বনের বিরাট ক্ষতি হচ্ছে।

এখন জঙ্গল সৃষ্টি হয়েছে বলেই হাতি সেই এলাকায় চলে আসছে। সেই হাতিরা এসে চাষীদের প্রচুর ফসল নষ্ট করছে এবং জীবনহানি ঘটাচ্ছে। আমি বলব হাতির যে ক্ষতিপূরণ সরকার থেকে দেওয়া তা আগে মাত্র ১৮০ টাকা ছিল বর্তমানে এখন সেটা ৩০০ টাকা হয়েছে। আর জীবনহানি হলে তিন হাজার টাকা আগে ছিল এখন সেটা পাঁচ হাজার টাকা করা হয়েছে। কিন্তু হাতি ঘরবাড়ি ভেঙে দিলে যাতে ক্ষতিপূরণ দেওয়া হয় সেই চেষ্টা আমি মন্ত্রিসভায় করতে বলব সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে থেকেও। পরিশেষে আমি বলব সোসাল ফরেস্ট্রি প্রোজেক্ট-এর ফলে সেখানে বাঁশ গাছ, ঘাস, হলুদ ইত্যাদি তৈরি হচ্ছে এবং সেগুলো বিক্রি করে সরকার উপার্জন করছে এবং গরিব মানুষরা উপকৃত হচ্ছে' আজকে এটা আমরা দেখতে পাচ্ছি। আরও কিছু প্রকল্প পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছে ১৯৮৯-৯০ সালে ২৭ হাজার ৩০৫ হেক্টর নতুন করে বনাঞ্চল সৃষ্টি করা হয়েছে। এটা খুব জনপ্রিয় একটা প্রোজেক্ট। আমরা দেখতে পাচ্ছি ওয়েস্ট ল্যাণ্ড ডেভেলপমেন্ট প্রোজেক্টের মাধ্যমে আজকে মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া প্রভৃতি জায়গায় বিভিন্ন বনাঞ্চল সৃষ্টি হয়েছে এবং মানুষ এর দ্বারা উপকৃত লাভ করেছে। আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খাঁন ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আজকে ১৯৯৩-৯৪ সালে ৫২ নং দাবির ভিত্তিতে বন বিভাগ দপ্তরের মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার ওপরে বলতে উঠে আমাদের দেয় কাট মোশানগুলোকে সমর্থন করে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য আমি রাখছি। আমরা দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্যের কোনও মানে হচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি তার বক্তব্যে মমত্ব ও ভাবাগতভাব ফুটে উঠেছে। আমি ওনার বক্তব্যের প্রথম লাইন থেকে বলছি—মহাশয় আমাদের মেরুদণ্ডে শিহরণ জাগে। সত্যি কথাই আপনার

বক্তব্য পড়ে শিহরণ জাগে, কিন্তু কাজের বেলায় কিন্তু আপনি তা দেখাতে পারেন নি। আমার সময় কম, নইলে আমি প্রত্যেকটা আইটেম ধরে ধরে বলতাম। আপনি কোনও কাজের কথা বলতেও পারেন নি এবং তা দেখাতেও পারেননি। আপনার বক্তব্যের একটা জায়গায় দেখছি এক পারসেন্ট বনের উন্নতি করেছেন। তার মানেটা কি? সেটাও আপনি খুলে বলতে পারেননি। কতদিন থেকে, কতদিনের মধ্যে আপনি এই উন্নতি করেছেন? বড় বড় জঙ্গল যারা রক্ষণাবেক্ষণ করেন সেই পুলিশরা লর্ড ক্লাইভের আমলের সেই গাদা বন্দুক নিয়ে বসে আছে। ফলে লোকেরা বন থেকে কাঠ নিয়ে চলে যাচ্ছে।

[5-00 — 5-10 p.m.]

আপনি গরিবের কথা খুব বলছেন। বন তৈরি করবেন তারমধ্যেও দেখছি যে কমিউনিজম ঢুকিয়ে দিয়েছেন। গরিবদের প্রতি দেখছি আপনার খুব দরদ। বন তৈরি করতে গিয়ে গরিবের কথা কি করে এলো বুঝতে পারছি না। আপনি একটা কমিটি তৈরি করেছেন এবং বলছেন যে এরা বনের রক্ষণা-বেক্ষন করবেন। সেই কমিটিরাই সব চুরি করে নিচ্ছে। সরষের মধ্যেই ভূত ঢোকানো আছে। আপনি জানেন না যে আপনার প্রশাসনের কি অবস্থা। সুব্রতবাবু বলছিলেন নো ম্যানস ল্যাণ্ডের কথা। আমি বন দেখতে গিয়েছিলাম। সেখানে কিছু কিছু বস্তি তৈরি হয়েছে এবং তারা প্রতিনিয়ত এগুলি কেটে নিয়ে যাচ্ছে। বোঝা বেঁধে নদী পার হয়ে এপারে এসে ডেলি বিক্রি করে দিচ্ছে। রক্ষণাবেক্ষণের জন্য আপনার যেসব পুলিশ আছে তাদের সঙ্গে সম্পূর্ণ কনট্রাক্ট বেসিসে তারা এইসব করছে। তাদের বলা হচ্ছে যে এতটার সময় আসবে এবং কেটে নিয়ে যাবার সময় আমরা হাজির হব। এরপর আমি হাতির কথা বলি। বাঁকুড়া বা এদিকে ওদিকে যে ফরেস্ট আছে সেখানে দেখা যাচ্ছে যে হাতিগুলি একেবারে লোকালয়ে এসে হাজির হচ্ছে এবং এমন কি লোককে মেরে পর্যন্ত ফেলছে। আপনি সেখানে কিছু কলাগাছ লাগিয়েছেন কিন্তু তা এতটাই অপর্যাপ্ত যে তাতে হাতিগুলির কুলোচ্ছে না। আপনি আপনার বক্তব্যে বলেছেন যে আপনি অনেক টাকা নিয়েছেন কিন্তু সেই ঋণের সুদের হার কি, কত টাকা ঋণ নিয়েছেন, কতদিনে তা পরিশোধ করতে হবে তা কিছুই বলেননি। আপনি বলছেন যে ঋণ নিয়ে আপনি অনেক কিছু করেছেন কিন্তু কি করেছেন তা বলেন নি। আমি মুর্শিদাবাদ জেলার লোক। মুর্শিদাবাদের আম শুধু ভারত বিখ্যাত নয়, পৃথিবী বিখ্যাত। কিন্তু সেই সব আম বাগান আজ শেষ হয়ে যাচ্ছে, আপনি সেগুলোকে ধরে রাখতে পারছেন না। সেখানে পুলিশ এবং বি.এল.আর.ও'র দপ্তরের লোকরা টাকা নিচ্ছে এবং নিয়ে সেই সমস্ত আমবাগান শেষ করে দিচ্ছে। আপনি সময় করতে পারলে আমি আপনাকে নিয়ে গিয়ে সব দেখাতে পারতাম। আগে রাজা বাদশাহরা গরিব প্রজাদের দেখার জন্য মাঝেমধ্যে তাদের কাছে যেতেন কিন্তু আপনি গরিবের কথা বললেও তাদের কাছে যাবার সময় আপনার নেই। আপনি রাস্তার ধারে যেসব জঙ্গল তৈরি করেছেন সেগুলি তৈরি করাব পর দেখা যাচ্ছে এক ধার থেকে সব কাটতে আরম্ভ করে দিয়েছে। গরিবরা বেচে খাচ্ছে তা কিন্তু নয়, এর পেছনে একটা চক্রান্ত আছে। এন. এইচ. ৩৪-এর গাছ কাটা দেখলে অবাক হয়ে যেতে হয়। মোটা মোটা গাছগুলি সব কেটে নিচ্ছে। একদিকে গাছ লাগানো হচ্ছে অপরদিকে গাছগুলি কেটে নেওয়া হচ্ছে। আপনি বন ও পরিবেশ দপ্তরের মন্ত্রী। আপনার উপর বিরাট দায়িত্ব। কারণ দেশের পরিবেশ বনের উপর নির্ভরশীল। এর

ভারসাম্য রক্ষা করার দায়িত্ব আপনার উপর। আপনি জঙ্গল মন্ত্রী হলে হবে কী, আপনি সবার উপরে। সুতরাং আপনার এর প্রতি দৃষ্টি ভয়ানকভাবে দিতে হবে। আপনি শুধু জঙ্গল মন্ত্রী নন, পরিবেশকে ঠিকমতো রাখার দায়িত্ব আপনার উপর। পরিবেশের ভারসাম্য রক্ষা করার দায়িত্ব আপনার। আপনি শুধু জঙ্গলের মন্ত্রী নন, আপনি আপনার দায়িত্ব ভালভাবে পালন করতে পারছেন না বলে আজকে বন দপ্তরের এই অবস্থা। পরিবেশ, জঙ্গল, বন, গাছ, প্রত্যেকটার অবস্থা অত্যন্ত শোচনীয়। শুনেছিলাম আপনি পরিবেশ বিষয়ক একটা আলোচনায় অংশগ্রহণ করার জন্য ব্রাজিলে গিয়েছিলেন, চিন্তা করুন কত বড় ইমপর্টেন্ট পোর্ট ফোলিও আপনার, কত গুরুত্ব আপনার, যার জন্য আপনাকে ভারতবর্ষের প্রতিনিধি হিসাবে সিলেক্ট করা হয়েছিল। তার জন্য পশ্চিমবঙ্গবাসী হিসাবে আমরা গর্বিত। জানিনা, ওখান থেকে আপনি কি জ্ঞান লাভ করেছিলেন, সেই জ্ঞান আপনি কোথায় কাজে লাগালেন? কোনও সুস্পষ্ট পরিকল্পনার দিশা কোথায়? এই বাজেট ভাষণে আমি ভাল করে পড়ে কয়েকটি জায়গায় আন্ডার লাইন করেছি। আমি দেখলাম আপনি সব জায়গায় পরিবেশের কথা ছেড়ে কমিউনিজমের কথা বলেছেন। বনের কথা এখানে কোথায়? গরিবদের দিয়ে বনসৃজন করবেন বলেছেন, আবার তারা আবার আপনার বন নষ্ট করবে, এর মানে কি হচ্ছে জানি না, আমার মাথায় কিছু ঢুকছে না, জানিনা আপনার মাথায় কিছু ঢুকেছে কি না। আপনি বলছেন, বন যতই অপসৃত হবে জীবন যাত্রার মান ততই নিম্নমুখি হবে। কিন্তু কথায় যা বলছেন তা কাজে করছেন কৈ? কোনও সুনির্দিষ্ট পদক্ষেপ নেই, খালি ভাবাবেগ আছে। সুন্দর বন সম্পর্কে বলেছেন সেইগুলোর কি মানে তা আমি বুঝতে পারছি না। এতে পরিকল্পনার কথা কোথায়? এইগুলো শুনতে সুন্দর লাগে এই পর্যন্ত। আপনি বলেছেন শহরের পরিবেশ একটা ভয়াবহ সমস্যা, এর জন্য গাছ লাগাতে হবে, উদ্যান করতে হবে। কটা উদ্যান আপনি করতে পেরেছেন? যে গাছগুলো রাস্তার ধারে ছিল সমস্ত ধ্বংস হয়ে গেছে, এটা রক্ষণাবেক্ষণ করতে পারছেন না। অতএব এই বাজেটকে সমর্থন করতে পারছি না, আমাদের আনা কাটমোশনগুলোর সমর্থনে সেইজন্য বক্তব্য রাখছি। আপনি বলেছেন জাতীয় ক্ষেত্রে আমাদের সাফল্য রুপালি রেখার মতো।

[5-10 — 5-20 p.m.]

আপনি কেন 'রূপালি' বললেন, কেন 'সোনালী' বলবেন না? আপনি নিজেই নিজেকে ছোট করছেন। আপনি নিজে থেকে এক ধাপ নেমে থাকছেন কেন? যাই হোক আমি আপনাকে সমর্থন করতে পারলাম না, কাট্ মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, ১৯৯৩-৯৪ সালের জন্য বন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় অম্বরীশ মুখার্জি মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি আজকে এই সভায় পেশ করেছেন তার সমর্থনে উঠে আমি দু'চারটি কথা বলছি। আজ থেকে দীর্ঘদিন আগে রাজ্যের বনাঞ্চলকে রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছিল— বন বিভাগের অধীন বনাঞ্চলকে পাহারা দেবার জন্য পুলিশি ব্যবস্থা—তা কার্যকর হবার ফলে আজকে রাজ্যের বনাঞ্চলকে কিছুটা রক্ষা করা সম্ভব হচ্ছে। সবচেয়ে বড় সমস্যা হচ্ছে রাজ্যের বিভিন্ন বনাঞ্চলের আশপাশে যে সব গরিব মানুষরা বসবাস করে তারা জীবিকার

স্বার্থে বন থেকে একদিকে যেমন জ্বালানী কাঠ সংগ্রহ করে অপরদিকে তেমন বে-আইনিভাবে গাছ কেটে জ্বালানী কাঠ এবং অন্যান্য কাঠ আশপাশের এলাকায় খুবই স্বল্প দামে বিক্রি করে। এর ফলে আমাদের বনাঞ্চল ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমরা দেখেছি অন্যান্য ক্ষেত্রে মানুষ চুরি করলে অন্য মানুষদের কাছে নিগৃহীত হয়, সাজা পায়। কিন্তু বন থেকে যারা কাঠ চুরি করে তারা অন্যের কাছে নিগৃহীত তো হয় না, কোন সাজাও পায় না। বরঞ্চ তারা অন্য মানুষেব সহানুভূতি লাভ করে। ফলে তারা বন থেকে কাঠ চুরি করতে আরো উৎসাহি হয়। মূলত জীবন-জীবিকার স্বার্থে এই মানুষগুলো কাঠ চুরি করে বিক্রি করে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এদের বিকল্প জীবিকার জন্য কিছু ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে চিন্তা-ভাবনা করতে অনুরোধ করছি। যে সব বহুমূল্য গাছ, যা একটা বড় হতে ২০/৩০/৪০ বছর সময় লাগে এবং যা পরবর্তীকালে আমাদের গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করার জন্য বিশেষ প্রয়োজন সেসব গাছও এরা কেটে সস্তা দামে বিক্রি করে দিচ্ছে। বিভিন্ন মূল্যবান গাছগুলো যাতে রক্ষা করা যায় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে চিন্তা-ভাবনা করতে অনুরোধ করছি। চোরা-গোপ্তা গাছ কেটে নিয়ে যারা বনের ক্ষতি করছে এবং জাতীয় সম্পদ নষ্ট করছে তাদের বিষয়ে বিশেষভাবে চিন্তা-ভাবনাব দরকার। মূলত জ্বালানির অভাব এবং ঐ মানুষগুলোর জীবিকার অভাবই এই অবস্থার জন্য দায়ী। একদিকে যেমন জ্বালানি কাঠ যাতে সহজে পাওয়া যায়—কম দামে যে সব কাঠ আজকাল জ্বালানীর জন্যই তৈরি করা হচ্ছে বা ঐ উদ্দেশ্য নিয়ে যেসব গাছ লাগানো হচ্ছে তার সংখ্যা বৃদ্ধি করতে হবে, তেমন অপরদিকে বিকল্প জ্বালানীর ব্যবস্থা করতে হবে? গোবর গ্যাস, সৌরশক্তি ইত্যাদি যাতে বেশি সংখ্যায় ব্যবহৃত হয় তার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। যে সব বাড়িতে গরু-ছাগল আছে তারা যাতে গোবর গ্যাস প্ল্যান্ট নিজেরাই কবে নিতে পারেন তারজন্য তাদের উৎসাহ দিতে হবে। শুধু জ্বালানীর জন্যই চোরাগোপ্তা গাছ কাটা হয় না, আমরা বনাঞ্চলের আশপাশ এলাকায় দেখতে পাই ভাল ভাল কাঠ দিয়ে বাড়ি ঘর পর্যন্ত করা হয়, জমিতে বেড়া দেওয়া হয়। যেমন গরিব মানুষরা সাধারণত এই কাজ করে তাদের যদি গ্রামের পঞ্চায়েতের মাধ্যমে অন্য কোনও জীবিকার দিকে নিযুক্ত করা যায় তাহলে এই চোরাগোপ্তা কাঠ চুরি অনেকাংশে বন্ধ করা সম্ভব হবে। সুতরাং এই বিষয়টা বিশেষভাবে গুরুত্ব দিয়ে চিন্তা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এ বিষয়ে একটা সঠিক পরিকল্পনা রচনা করা দরকার। সুন্দর বনাঞ্চলে সৌর-শক্তির সাহায্যে জ্বালানী এবং বিদ্যুতের ব্যবস্থা করা যায় কিনা সেটাও আমাদের বিশেষভাবে ভেবে দেখতে হবে। জ্বালানী সাশ্রয় করার জন্য ধুম্রহীন চুল্লী আর গোবর গ্যাস এবং সৌর শক্তি দিয়ে বিদ্যুৎ চালিত করা যায় কিনা দেখবেন। বিভিন্ন উদ্যান যেমন, পারমাদন অভয়ারণ্য, বিভূতিভূষণ হরিণ অভয়ারণ্য এবং শ্যামপুরের উলুঘাটা হরিণ উদ্যানগুলি উপযুক্তভাবে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। পারমাদন ডিয়ার পার্কে প্রতি বছর লক্ষ লক্ষ টুরিস্ট যায়। সেখানে থাকার তেমন কোনও ব্যবস্থা নেই। সেখানে হাজার হাজার গাড়ি রাখার ব্যবস্থা করতে হবে। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন সেই ব্যয়-বরাদ্দের দাবির উপর কয়েকটি

কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী এখানে তার বাজেট ভাষণের ৩।৪ পাতা ধরে সারা বিশ্বের নানান বিষয় উপস্থাপিত করেছেন এবং বন সম্পদ আজকে কি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে—পরিবেশ এবং মানুষের জীবন-জীবিকা এবং সুস্থ জীবন গড়ে তোলার ক্ষেত্রে সেই বনের যে ভূমিকা সেই সম্পর্কে এখানে উল্লেখ করেছেন। মাননীয় মন্ত্রী বন-সৃজনের গুরুত্বের কথা বলেছেন। তার কাজের মধ্যে নতুন নতুন করে বন-সৃজন করে জলাভূমি সংরক্ষণ করা এবং রাস্তার ধারে জলাভূমি এবং যে সমস্ত জায়গায় যেখানে গাছপালা নেই সেইসব জায়গায় অরণ্য সৃষ্টি করার কথা বলেছেন। কিন্তু নতুন করে যেমন সৃষ্টি করতে হবে, তার আগে যেটা বেশি গুরুত্ব দেওয়া দরকার সেটা হচ্ছে পশ্চিমবঙ্গের দক্ষিণবঙ্গে, উত্তরবঙ্গে এবং হিমালয়ের পার্বত্য মালভূমি অঞ্চলে যে বন আছে সেই বন-সংরক্ষণের উপর গুরুত্ব দেওয়া দরকার। আপনি নতুন নতুন বন-সৃজনের কথা যেমন বলেছেন এবং উদ্যোগ গ্রহণ করেছেন, কিন্তু যে বন আমাদের আছে তাকে রক্ষা করতে হবে। সুন্দরবন এলাকায় বর্তমানে সেই বনভূমি ধ্বংস-প্রাপ্ত হয়ে গেছে। তিনি বলেছেন এই বন সংরক্ষণ করার জন্য পাহারাদার নিযুক্ত করেছেন। কিন্তু পাহারাদার থাকা সত্ত্বেও দেখা যাচ্ছে সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চল থেকে গাছ কেটে নিয়ে যাচ্ছে। সুন্দরবনের সুন্দরী কাঠ এবং গরাণ ও অন্যান্য যে গাছগুলি ছিল সেই গাছগুলি কেটে বাইরে চালান হয়ে যাচ্ছে। ঝোপ-ঝাড় জঙ্গল এই খালি তৈরি হয়ে আছে। সুন্দরবন এলাকার চড়ে আপনি ম্যান-গ্রোভ সৃষ্টি করার চেষ্টা করেছেন। কিন্তু এতে করে স্থানীয় গরিব মানুষের বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে।

[5-20 — 5-30 p.m.]

আপনি জানেন যে আমাদের দেশের সাধারণ গরিব মানুষ বিশেষ করে সুন্দরবন এলাকার মানুষ—আমাদের একফসলী দেশ—একবার মাত্র ধান হয়, তারপর বিকল্প আর কোনও কাজের ব্যবস্থা নেই। সাধারণ মানুষের অবস্থা অত্যন্ত খারাপ, যার জন্য বেশিরভাগ গরিব মানুষ নদী এলাকাগুলিতে থাকে তাদের জীবন জীবিকা চিংড়ির পোনা ধরে চালাতে হয়, সেগুলি বাগদা চিংড়ি। ওগুলি বিক্রি করে বেশিরভাগ মানুষের জীবন-জীবিকা চলে। নদীর ধারে ম্যানগ্রোভ তৈরি করার ফলে তাকে রক্ষা করার জন্য যে পাহারাদার আছে ওদের নদীতে নামতে দেয় না, যার জন্য ওখানকার ব্যাপক মানুষের মনে একটা অসন্তোষের সৃষ্টি হয়েছে। এই ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের হাজার হাজার গরিব মানুষ ছেলে, মেয়ে, বউ সমস্ত স্তরের গরিব মানুষ মাছ ধরে জীবিকা চালায়, ম্যানগ্রোভ করা হয়েছে, কিন্তু তাদের বিকল্প কোনও জীবিকার ব্যবস্থা যদি করতে পারা না যায় তাহলে খুবই অসুবিধার সৃষ্টি হবে। আপনি এর জন্য যে কমিটি গঠন করেছেন তাদের বেতন অত্যন্ত নগণ্য, এর ফলে অনেক সময় দেখা যায় ওরা যারা কাঠ কাটে তাদের কাছ থেকে টাকা নিয়ে থাকে, ঐ পাহারাদার সাহায্য নিয়েই জঙ্গল কাটা হচ্ছে। অপরদিকে হিমালয়ের পাদদেশে যে সমস্ত শাল, সেগুন গাছের যে বনভূমি দেখা যায় সেখানকার গাছগুলি চোরকারবারিরা জঙ্গলের মধ্যে কাঠ চেরাই করার মেশিন বসিয়ে মিল বসিয়ে কাঠ চিরে চালান করে দিচ্ছে, কাঠ যার জন্য আজ দুষ্প্রাপ্য হয়ে উঠেছে। বন বিভাগের পাহারাদারদের সাথে তাদের একটা আঁতাত গড়ে উঠেছে। জঙ্গল একেবারে সাফ করে দিচ্ছে আপনি সেক্ষেত্রে সফল হতে পারেন নি। আপনি বলছেন নতুন নতুন জঙ্গল সৃষ্টি করেছেন। রাস্তার

ধারে গাছ তৈরি করেছেন, সেগুলি বেশিরভাগ সুবাবুল, অন্য কোনও গাছ হচ্ছে না, যার ফলে কিছু কিছু ঝোপ-ঝাড়ের সৃষ্টি হচ্ছে। ব্যাপক বন্যা এলাকা যাতে তৈরি হয় সেদিকে লক্ষ্য দেওয়া দরকার। অপরদিকে রাস্তার ধারের পুরনো গাছ যেমন আম, মেহগিনি অশ্বত্থ গাছ ছিল বিভিন্ন জেলায় আমরা যখন যাই দেখি গাছের ডালপালা কাটছে। রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নেই। মন্ত্রী মহাশয় বলছেন জঙ্গলের সৃষ্টি করছেন, পরিমাণটা বেড়ে গেছে বলে দাবি করছেন কিন্তু এর জন্য বন্য প্রাণী সংরক্ষণের ব্যাপারে মুশকিল হয়েছে। হাতি, গ্রামাঞ্চলে চলে আসছে, মন্ত্রী মহাশয় একবার নিজেই বিবৃতি দিয়ে বলেছিলেন যে জঙ্গলে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে হাতিদের থাকার জায়গা না থাকার ফলে খাবারের অভাবে লোকালয়ে চলে আসছে। মন্ত্রী মহাশয়ের কথাতেই প্রমাণ হয় যে বনাঞ্চল ধ্বংস হয়ে যাচ্ছে, হাতি থাকতে পারছে না। অভয়ারণ্যের কথা বলছেন সেখানেও দেখা যাচ্ছে গণ্ডার, হাতি, সুন্দরবনের বাঘ, হরিণ এদেরকে বেপরোয়াভাবে শিকার করা হচ্ছে, বাঘের ছাল চালান হয়ে যাচ্ছে বাজারে বিক্রি হচ্ছে। এই অবস্থা চলছে।

মাননীয় মন্ত্রী মহাশয় বনাঞ্চল সৃষ্টি করা, জঙ্গলের মধ্যে বন্য প্রাণী সংরক্ষণ ব্যবস্থার দাবি করেছেন, কিন্তু সেটা ঠিক মতো হচ্ছে না। ফলে যে সমস্ত দুষ্প্রাপ্য জীবজন্তু আছে সেগুলি আস্তে আস্তে নষ্ট হয়ে যাচ্ছে। আমি আপনাকে বলব যে সুন্দরবন এলাকায় যে জঙ্গলগুলি ধ্বংস হয়ে গেছে, সেই জায়গায় নতুন করে যাতে বন সৃজন করা যায়, আপনি সেই পরিকল্পনা গ্রহণ করুন। সুন্দরবনে এমন অনেক জায়গা আছে সেখানে খালি পড়ে আছে, ঝোপ-ঝাড় হয়ে আছে। আপনি সেই সমস্ত জায়গায় পরিকল্পনার মাধ্যমে ব্যবস্থা করুন। আর একটা কথা হচ্ছে, সুন্দরবনের নোনা মাটিতে যে গাছগুলি তৈরি করা যায় সেই ধরনের কোনও পরিকল্পনা নেওয়া হচ্ছে না। শুধু নদীর তীরে বায়োস্ফিয়ার্স স্কিমে ম্যাঙ্গো তৈরি করার যে পরিকল্পনা করেছেন, সেটা করলেই আপনি সফল হতে পারবেন না। অপরদিকে সুন্দরবনের বিভিন্ন জায়গায় নদী তীর ধ্বংস হয়ে যাচ্ছে, ক্ষয় হয়ে যাচ্ছে, বালির চর পড়ে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই সেখানে যদি ব্যাপকভাবে ঘন জঙ্গল করা যায় তাহলে এই ধ্বংস রক্ষা করা যায় এবং সুন্দরভাবে বনসৃজনও হতে পারে। আপনি বলেছেন যে সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে বৃক্ষ রোপণ করছেন। কিন্তু কোন কোন জায়গায় এই স্কিম গ্রহণ করেছেন সেটা আমাদের অজানা। আমি মনে করি সেগুলি এখানে উল্লেখ করা দরকার। আপনি বলেছেন যে গ্রামের গরিব যে মানুষ, সেই গরিব মানুষদের কিছু সাহায্য দিয়ে নার্সারি তৈরি করে পঞ্চায়েতের মাধ্যমে সেই গাছগুলি বিতরণ করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। কিন্তু আমাদের কাছে যে খবর আছে তাতে সেই পরিকল্পনা সঠিকভাবে কার্যকর হচ্ছে না, দু-একটা জায়গায় হয়ত হচ্ছে। আমাদের কাছে যে খবর আছে তাতে বেশিরভাগ স্কিমগুলি বন্ধ হয়ে যাচ্ছে। আপনি এই বিষয়ে আমাদের অবহিত করবেন। আপনি পতিত জমি উন্নয়নের ব্যবস্থা করেছেন। বাঁকুড়া, পুরুলিয়া জেলায় এইভাবে পতিত জমি উন্নয়নের কাজ করছেন এবং সেই পতিত জমিগুলিতে জঙ্গল সৃষ্টি করার পরিকল্পনা গ্রহণ করেছেন। আপনি কতদূর কি কাজ করেছেন সেটা আমাদের জানা নেই, সেটা আমাদের জানাবেন। আপনি বলেছেন, "সকলের জন্য অরণ্য"। এই শ্লোগান দেবার ক্ষেত্রে আপনি কার্যকর ভূমিকা কি নিয়েছেন? এটা কি শুধু শ্লোগান দিলেই হবে, না একে বাস্তবায়িত করতে হবে? এটাকে বাস্তবে রূপ দিতে গেলে যে

জঙ্গল আছে সেগুলিকে রক্ষণাবেক্ষণ করা দরকার এবং সেই সঙ্গে নতুন করে বনাঞ্চল সৃষ্টি করা দরকার। সেই সঙ্গে সঙ্গে যাদের আপনি এগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব দিয়েছেন, তারা ঠিকমতো সেটা পালন করছে কিনা সেটাও দেখা দরকার। আর একটা কথা এখানে বলতে চাই। এই বনাঞ্চল রক্ষা করার জন্য যাদের নিয়োগ করছেন তাদের বেতন খুবই সামান্য। সেই কারণে তারা এগুলি ঠিকমতো দেখাশুনা করেনা। তার ফলে এক শ্রেণীর অসাধু ব্যবসায়িদের সঙ্গে যোগসাজসে তারা অল্প টাকা নিয়ে বন-জঙ্গল কেটে সাফ করে দিচ্ছে। সে জন্য তাদের বেতনটা বাড়ানো যায় কিনা সেটা চিন্তা করে দেখা দরকার। আপনি একদিকে বন-জঙ্গল তৈরি করছেন বা আগে যে বন-জঙ্গল তৈরি আছে সেগুলি তারা কেটে নিচ্ছে। কাজেই আপনি যতই নার্সারি তৈরি করুন না কেন দেখা যাবে যে সব সাফ হয়ে যাচ্ছে। এর ফলে এই রকম একটা অবস্থা দাঁড়াবে যে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা যাবেনা।

[5-30 — 5-40 p.m.]

আপনি যে গরিবদের কথা উল্লেখ করছেন, গরিবদের জ্বালানি সরবরাহের দায়িত্বটা গ্রহণ করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ। এটা না করতে পারলে আপনি বনাঞ্চল সৃষ্টি করতে পারবেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় বনমন্ত্রী যে ব্যায়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলার চেষ্টা করছি। আমি উত্তরবঙ্গের লোক, আমাদের চারিদিকে পাহাড় এবং বন-জঙ্গল। এখানে যে বন ছিল সেই পরিপ্রেক্ষিতে আমাদের বামফ্রন্ট সরকার যেভাবে উল্লেখ করেছেন তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। বামফ্রন্ট সরকারের যে নীতি ভাল এই কথা অস্বীকার করার উপায় নেই। কিন্তু সেই নীতি ঠিকমতোভাবে কার্যকরি হচ্ছে না। সেই ব্যাপারে আমি বনমন্ত্রীকে দু-একটা কথা বলতে চাই। এখানে যে বন-সৃজন করা হচ্ছে তাতে হাজার হাজার লোক নির্ভরশীল। বন-জঙ্গল দেখাশোনার ব্যাপারে তাদের খুব অসুবিধা ভোগ করতে হচ্ছে। এখানে এই কাজ পঞ্চায়েতের মাধ্যমে হয় না। পঞ্চায়েতের মাধ্যমে সেখানকার লোকেরা যে রকম উপযুক্ত ব্যবস্থা পায়, তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। এটা পঞ্চায়েতের মধ্যে আনা দরকার। সাথে সাথে এখানে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা নেই, রাস্তা-ঘাটের ব্যবস্থা নেই। দু-একটা যাও বা আছে সেইগুলি মেরামত হচ্ছে না। সেখানে হাতি বন-জঙ্গল থেকে বেরিয়ে যাচ্ছে এবং গ্রামে ঢুকছে। গ্রামে ঢুকছে তার কারণ তারা ঠিকমতো বন-জঙ্গল পাচ্ছে না। গ্রামে ঢোকার ফলে সেখানে প্রাণহানি ঘটছে। প্রাণহানির জন্য বর্তমানে যে ক্ষতিপূরণ পায় সেই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই টাকাটা যাতে বাড়ানো যায় সেই ব্যাপারে তিনি যেন চিন্তা-ভাবনা করেন। এখানকার চিকিৎসার ব্যাপারটা বলা দরকার। ম্যালেরিয়া এবং আন্ত্রিক রোগে যারা মারা গেছে খোঁজ করে দেখবেন তারা বেশির ভাগ ফরেস্টের লোক। কারণ সেখানে কোনও স্প্রেইং হয় না, ডি. ডি. টি স্প্রে হয় না। এখানকার লোকেরা সারা বছরে ১০০ দিনের বেশি কাজ পায় না। সেইজন্য বেশিরভাগ ফরেস্ট ভিলেজার্স এবং ট্রাইবালসরা যাতে বেশি কাজ পায় সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করবেন। এখানে যে বন চুরি হচ্ছে, কাটা হচ্ছে এই ব্যাপারটা সঠিকভাবে দেখতে হবে। দেখবেন বড় বড় লোকেরা এর সঙ্গে জড়িত আছে। একটা সাধারণ খেটে খাওয়া মানুষ যে এক দিনের হাজিরা নিয়ে কাঠ কাটতে গিয়ে

ধরা পড়ে, অন্য লোকেরা ধরা পড়ে না। এখানে অনেক জায়গায় বেসরকারি কারখানা আছে, এই কারখানাগুলিতে মাঝে মাঝে চেক করা দরকার, হানা দেওয়ার দরকার। এটা যদি করা যায় তাহলে বন যে কাটা হচ্ছে তার অনেক খানি বাঁচানো যাবে। মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** (অনুপস্থিত ছিলেন।)

**শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বনমন্ত্রী বন দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধী পক্ষ থেকে আজকে যে বক্তব্য রাখা হয়েছে, বিশেষ করে সুব্রতবাবু যিনি বক্তব্য রেখেছেন, তিনি কলকাতার মানুষ। বন-জঙ্গল সম্বন্ধে তাঁর অভিজ্ঞতা খুবই কম। আজকে পশ্চিমবাংলায় যে বনের অবস্থা তা কংগ্রেস আমল থেকে নিশ্চয়ই ভালো। ভারত সরকারের নীতির ফলে আজকে ৩০ কোটি মানুষ অপুষ্টিতে ভুগছে, ২২ কোটি মানুষের প্রয়োজনীয় বাসস্থান নেই, ২৫ কোটি মানুষের প্রয়োজনীয় ক্যালোরির অভাব। ভারত সরকারের গৃহীত নীতির ফলেই আজকে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। কংগ্রেসের আমলে বন-জঙ্গলে যারা বাস করে তারা কাজ পেত না। সেই জায়গায়, বিশেষ করে আদিবাসী অধ্যুষিত এলাকায় ওদের সময়ে যে মজুরি ছিল তার চাইতে মজুরির পরিমাণ অনেক বেড়েছে। তৎকালে বনে শুকনো কাঠ কুড়ালে জেলে যেতে হত। এখন এই সমস্ত গরিব মানুষ বিনা পয়সায় কাঠ সংগ্রহ করতে পারে। তাদের বাসস্থানের জন্য প্রয়োজনীয় কাঠ বিনা পয়সায় পায়। তাহলে বামফ্রন্ট সরকারের আমলে পরিবর্তন হয়নি? বন থেকে যে সম্পদ সংগৃহীত হয়, বিশেষ করে কেঁদু পাতা, ওদের আমলে এই পাতা সংগ্রহ করতে গিয়ে বহু হয়রানির মধ্যে পড়তে হয়েছে। কিন্তু আজকে আর তা হয় না। গরিব মানুষকে পয়সা দিয়ে কেঁদু পাতা সংগ্রহ করতে হত, ট্যাক্স দিতে হত। আজকে যেভাবে বনের অগ্রগতি ঘটেছে, যেভাবে বনকে রক্ষা করা হচ্ছে তা কংগ্রেস পিরিয়ডে '৭২-'৭৭ সালে ছিল না। ওরা বনকে ধ্বংসের মুখে নিয়ে গিয়েছিল। তৎকালে আমাদের জেলার লোকই ছিলেন বনমন্ত্রী, আজকের মন্ত্রীও আমাদের দরকার। কংগ্রেস আমালের মন্ত্রী তাঁর শ্যালকের নামে একটা স'মিল খুলেছিলেন। তারা বনকে ধ্বংস করেছে। আমরা তার পরিবর্তন এনেছি। পশ্চিমবাংলায় আঠার'শ বন কমিটি তৈরি হয়েছে। বন কমিটির মাধ্যমে গ্রামের মানুষ উপকৃত হচ্ছে। যে বন ধ্বংস হয়ে গিয়েছিল আজকে তা আলাপ-আলোচনার মাধ্যমে তারাই রক্ষা করেছেন। কংগ্রেসিরা বলছেন যে এখানে হাতি আসছে। আমি তাঁদের কাছে প্রশ্ন করি, হাতি কোথা থেকে আসত? কংগ্রেস পিরিয়ডে হাতি আসতো না? এখন কোথা থেকে আসছে? ভারত সরকারের বন নীতির ফলে পশ্চিমবাংলায় আজকে হাতি আসছে। এখানে বন থাকার জন্যই তো হাতি আসছে। তাহলে এখানে বনের উন্নতি হয়নি? বন যদি ধ্বংস হত তাহলে তো পশ্চিমবাংলায় হাতি আসত না। সুতরাং তারা বন ধ্বংস হয়ে যাচ্ছে বলে যা বলছেন, তার সাথে আমি একমত নই। পুরুলিয়ায়, মেদিনীপুরে যেসব হাতি আসে সেগুলো বিহার থেকে আসে। বিহারে বন ধ্বংস হয়ে যাবার ফলে সেখানে খাবার না পেয়ে এখানে হাতি চলে আসছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের উদ্যোগে আজকে বনের সম্প্রসারণ ঘটেছে।

[5-40 — 5-50 p.m.]

আজকে আমাদের বিভিন্ন রকম, যে বনভূমি আছে সেই সমস্ত জায়গায় গরিব মানুষেরা কাজ করে কর্ম সংস্থানের ব্যবস্থা করেছে। ওইসব গভীর বনে ঘাস চাষ করে, আরো বিভিন্ন রকমের কেন্দুপাতা, শাল পাতা প্রভৃতির চাষ করে কাজের সংস্থান হয়েছে। তবে আরো এই ব্যাপারে নজর দেওয়ার দরকার আছে। তবে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই এখানে কিছু কিছু জায়গা আছে যেগুলো বিশেষ করে কংগ্রেসি বনাঞ্চল, কংগ্রেসিরা গ্রাম পঞ্চায়েতগুলো দখল করেছে সেইসব জায়গায় বন ধ্বংস হয়ে যাচ্ছে। সেক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত আলাপ আলোচনার চেষ্টা করছে না। এই দিকটা একটু দৃষ্টি দিতে হবে। যে সব জায়গায় ঠিক বনসৃজনের ব্যবস্থা করা যাচ্ছে না সেক্ষেত্রে ল্যাম্পের মাধ্যমে ওইসব বনের সম্পদ যদি সংগ্রহ করা যায় বনাঞ্চল বাড়তে পারবে। বনজ সম্পদ বাড়াতে গেলে মেদিনীপুর, পুরুলিয়া প্রভৃতি এইসব জায়গায় সালমা বিজের ব্যাপক ফলন হয় এগুলো গরিব মানুষরা সংগ্রহ করে। এইগুলো যদি ল্যাম্পের মাধ্যমে করা যায় তাহলে এর থেকে প্রচুর অর্থ আসবে। বনাঞ্চলে যে সমস্ত জিনিস তৈরি হয় তার থেকে শিল্প প্রসারিত করা যায় এবং কর্মসংস্থান হত। বনাঞ্চলে বেশিরভাগ জায়গা আদিবাসী অধ্যুষিত এলাকা, সেখানে যদি শতকরা ২৫ ভাগ টাকা পায় তাহলে সেটাতেই তাদের সমস্যার সমাধান হবে। যে সব গাছ ১০ বছরের উপরে হয়ে গেছে সেগুলো কেটে দেওয়া উচিত। কারণ ৫ বছরেই গাছের গ্রোথ অনেক বেশি হয়ে যায়। সুতরাং এর থেকে কর্মসংস্থানও অনেক হতে পারে। আমাদের যে বনরক্ষা কমিটি আছে সেই বনরক্ষা কমিটির মাধ্যমে বনের লোকেরা কাজ পায়। বহু গাছ আছে যার আয়ু ১৫-২০ বছরের সেগুলো নিশ্চয় কাটতে হবে নতুন গাছ লাগাতে হবে। এই ব্যাপারে ওখানকার-মানুষের বিশেষ উদ্যোগ আছে, সেই উদ্যোগের ফলেই আজকে বনসৃজন করা সম্ভব হয়েছে এবং এর ফলেই বনসৃজনে পশ্চিমবঙ্গ প্রথম স্থান ভারতের মধ্যে অর্জন করেছে। আমরা এখনও বিরাট বনভূমি করতে পারিনি তবে আগামী দিনে আরও যাতে সরকারি পক্ষ থেকে ব্যাপক সহযোগিতা পাই তার আবেদন রেখে ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিমান্ড নম্বর ৫২ পরিপ্রেক্ষিতে যে ব্যয়-বরাদ্দ মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। স্যার, আমি দু-একটা কথা এখানে বলতে চাই। বনাঞ্চল বা সবুজায়ন এটা আমাদের আমলে বাড়ছে, না কমছে, এটা নিয়েই আজকে আলাপ-আলোচনা করা দরকার। কংগ্রেস আমলে তো গাছপালা ছিল না। আমার কথা হচ্ছে পরিবেশটা কি গাছ না কাটলেই রক্ষা হবে বা গাছ কাটলেই পরিবেশ দূষণ হবে। তবে এটা ঠিক গাছ পরিবেশ দূষণ রোখার ক্ষেত্রে সহায়ক। তবে গাছ লাগিয়েই পরিবেশটাকে সুন্দর করে গড়ে তোলা আমাদের প্রয়োজন আছে। পরিবেশ দূষণ কেবলমাত্র গাছপালা কেটে ফেললেই হবে সেটা বড় কথা নয়। তবে এটা ঠিক আজকে সবুজায়ন বৃদ্ধির ফলে মানুষের আর্থ সামাজিক কাঠামো একটু ভাল হয়েছে। আমরা যারা মেদিনীপুরের অধিবাসী বা ঝাড়গ্রাম এলাকার আদিবাসী তারা জানি বিভিন্ন জায়গায় আর্থ সামাজিক ব্যবস্থার কি রকম উন্নতি ঘটেছে। তফসিলি জাতি, উপজাতি এলাকার মানুষদেরও অনেক উন্নতি ঘটেছে এর মাধ্যমে। এটা কিন্তু আজকে বামফ্রন্ট সরকারের সাফল্য। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা

জিনিস ভাবতে অনুরোধ করব আমাদের এলাকা মেদিনীপুর জেলা সম্বন্ধে। আপনি অনুগ্রহ করে এই ব্যাপারে দু-একটি কথা বলবেন। কেলেঘাই, কেশিয়ারি, নারায়াণগড় প্রভৃতি নদীর তীরে যে ভূমিক্ষয় হচ্ছে সেই ভূমিক্ষয় রোধ করতে গেলে সবচেয়ে বড় দরকার ঐ অঞ্চল বনাঞ্চল সৃষ্টি করা, সবুজায়ন তৈরি করা। সেখান থেকে যাতে মানুষ গাছপালা কেটে না নিয়ে যায় সেটা দেখতে হবে। তবে আইন করে এসব জিনিস বন্ধ করা যাবে না। আমরা দেখেছি গাছগুলো খুব বে-আইনিভাবে কেটে নিয়ে যাওয়া হচ্ছে এবং তার সাথে শুধু গরিব মানুষরাই জড়িত নয়, ঐ এলাকায় বড়লোক ও দুর্নীতিপরায়ণ লোকও এর সঙ্গে জড়িত আছে। সেখানে অসংখ্য সমিল এই চোরাই কাঠ দিয়ে চলছে। আমি বিধানসভায় দাঁড়িয়ে দায়িত্ব নিয়ে এইকথা বলছি। এইগুলো বন্ধ করার প্রয়োজন আছে। তাই আমি সকল পক্ষের লোকেদের বলব এরজন্য আমাদের সামাজিক উন্নতি করা দরকার। আইন করে, পুলিশ দিয়ে এগুলো আটকানো যাবে না। তাই সামাজিক ব্যবস্থার পরিবর্তন করতে হলে বিরোধী পক্ষের সাহায্যও প্রয়োজন। এইসব জিনিসগুলো আজকে আমি মন্ত্রী মহাশয়কে ভাবতে বলব।

[5-00 — 6-00 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আর একটি বিষয়ে বলব যে এই সমাজ ব্যবস্থার মধ্যে এ সম্পর্কে উন্নতি করতে হলে রাজনীতিগতভাবে সকলকে নিয়ে চলার কথা ভাবতে হবে। এমন কি বিভিন্ন জায়গাতে এরজন্য পঞ্চায়েতের সাহায্য গ্রহণ করতে হবে। আইন করে বা দুটো পুলিশ দিয়ে বা দুটি বন্দুক বাড়িয়ে সমস্যার সমাধান হবে না। যে কোনও দলেরই হোক না কেন সেখানে পঞ্চায়েতগুলি যাতে সংরক্ষণ করতে পারে সেটা দেখতে হবে। সমাজের উন্নতি করতে গেলে, মানুষের মনের উন্নতি করতে গেলে সকলের সহযোগিতা একান্ত কাম্য। মাননীয় মন্ত্রী মহাশয়কে আর একটি বিষয়ে বলব যে এই বিধানসভায় দাঁড়িয়ে তিনি বলেছিলেন যে ওপন্ জু করবেন। এ সম্পর্কে আপনার নিজের স্টেটমেন্ট আছে। আমি আশা করি জবাবি ভাষণের সময় আপনি এ ব্যাপারে আমাদের আলোকপাত করবেন যে কেন হচ্ছে না, কোথায় বাধা ইত্যাদি। কলকাতার যে জু সেটা এশিয়া মহাদেশের গর্ব ছিল কিন্তু বিভিন্ন রাজ্যে গিয়ে আমরা যা দেখেছি তাতে বলতে পারি যে এখন জু-র অনেক অবক্ষয় হয়েছে। এই জু দেখতে সারা পৃথিবী থেকে ভিজিটাররা আসেন এবং তা ছাড়া পরিবেশের টানে অনেক দূর থেকে একটা সিজনে পাখিরা আসে। কিন্তু সেই জু যা আমরা ছোটবেলাতে দেখেছি তার অনেক অবক্ষয় ঘটেছে। কবিতার কথায় বলতে হয় যে দাও ফিরে সে অরণ্য, সেই প্রসঙ্গে বলছি যে সবুজায়নের সঙ্গে সঙ্গে এই ওপন জু-টা কেন করা যাবে না, কোথায় বাধা সেটা আমাদের বলুন। পরিশেষে আমি বলব, আপনার দপ্তরের কাজের অনেক উন্নতি ঘটেছে এবং আমরা আশা করি যে আরও উন্নতি সেখানে ঘটবে। দলমত নির্বিশেষে সকলের সহযোগিতা নিয়ে সবুজায়নের জন্য এগিয়ে চলুন—এই কথা বলে আপনার বাজেটকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধীদলের অনুজপ্রতীম সদস্য শ্রী সুব্রত মুখার্জি মহাশয়ের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। আমার দুঃখ, তিনি আমার আবেগ দেখেছেন কিন্তু বিশ্বব্যাপী যে আর্তি, যে বেদনা যা আজ

সারা বিশ্বকে আলোড়িত করছে, বিপন্ন বসুন্ধরার কান্না তিনি শুনতে পাননি। আমি তার সম্বন্ধে যে মত পোষণ করতাম সেখানে তিনি যেন একটা জিজ্ঞাসার চিহ্ন রেখে গেলেন। রিও ডি জেনেরিওতে যে সম্মেলন হয়েছিল আপনারা সেটাকে যাই মনে করুন না কেন সারা বিশ্বের জ্ঞানীগুণি, স্বেচ্ছাসেবী থেকে শুরু করে হেড অব দি গভর্নমেন্ট, হেড অব দি স্টেটস সেখানে গিয়েছিলেন এবং আলোচনা করেছিলেন। আমরা গৌরব বোধ করছি যে ভারতবর্ষ সেখানে একটা স্টান্ড নিতে পেরেছে এবং জি. ৭৭, চায়না এবং এমন কি সাউথ আমেরিকান স্টেটস সেখানে লক্ষ্য করেছেন যে আমরা উন্নত দেশগুলিকে আসামীর কাঠগোড়ায় দাঁড় করাতে পেরেছিলাম। আমার সেখানে যাবার সৌভাগ্য হয়েছিল। আমাদের প্রধানমন্ত্রী ডেলিগেশনের নেতৃত্বে ছিলেন। শ্রী কমলনাথ গিয়েছিলেন। আমাকে সেখানে সিনিয়ার অ্যাডভাইসর করে নিয়ে যাওয়া হয়েছিল। আপনার যদি ইন্টারন্যাশনাল সম্বন্ধে ধ্যান ধারণা না থাকে তাহলে করার কিছু নেই।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আমি জানি, আপনি অ্যাডভাইসর ছিলেন, আপনি ডেলিগেট ছিলেন না।

**ডাঃ অম্বরীশ মুখার্জি ঃ** আই ওয়াজ এ মেম্বার অব দি ডেলিগেশন। আমি আপনার অবগতির জন্য জানাচ্ছি, আমি একমাত্র মিনিস্টার ছিলাম সারা ভারতবর্ষে, আদার দ্যান মিঃ কমলনাথ এবং প্রধানমন্ত্রী পি. ভি. নরসিমা রাও, ওটা স্ট্যাটাস দেওয়া হয়েছিল মেম্বার অব ডেলিগেশন, এটা বোঝা উচিত আপনার। যাই হোক সেখান থেকে যে কনসেনসাস নিয়ে এসেছি, এই হল প্রথম যে গোটা দক্ষিণের দেশগুলো যাদের অরণ্য সম্পদ শোসিত হচ্ছে, নিঃশেষিত হচ্ছে, কি জন্য? যাদের উপরের ২০ জন, তাদের উন্নত জীবন, ভোগ বিলাসের জন্য। আমরা সেখানে কমপিউট করেছি, আমি আমার বিদ্যার কথা আপনাকে বলছি না, আমি কখনও ক্লেম করি না যে আই অ্যাম টলার দ্যান দি ইনস্টিটিউশন, যা আপনি হয়ত মনে করছেন। আমরা সেখানে সবাই মিলে সিদ্ধান্ত করেছি যে আমাদের কি ক্ষতিগুলো হচ্ছে। আমাদের ইকলজিক্যাল কস্ট কি, আমাদের যদি খোলামেলা বাজার থাকে তাহলে আমাদের কি ট্রেড ব্যালেন্স হত আমাদের পক্ষে, আমরা সেইগুলো লিপিবদ্ধ করে দিয়েছি। গতবারে ফিরে আসার পর আমার হিলোটিন হয়েছিল। আপনাকে কি এবারেও বলতে হবে যে আজকে ওদের কনজাম্পশন সারা বিশ্বে যা হয়েছে, তার ৮০ পারসেন্ট টপ ২০ পারসেন্ট, তারা কনজিউম করে? উড মানে কাঠ, কাঠ মানে কাঠ। এই উড ওপরের ২০ শতাংশ মানুষ যারা টপ ২০ পারসেন্ট তারা ৮০ পারসেন্ট কাঠ ব্যবহার করে। সিঙ্গাপুর, মালয়েশিয়া থেকে শুরু করে আমাদের জঙ্গল। তার চাপ পড়বে না? একটা দেশ কেন গরিব হল? তার জন্য আন্তর্জাতিক, জাতীয় কারণ নেই? তার মধ্যে কতকগুলো ব্যাপারে আমরা তো একমত হতে পেরেছিলাম। আমি তার উপর দাঁড়িয়ে কিছু বক্তব্য আপনাদের কাছে রেখেছি। কথা হচ্ছিল, আপনি অনেক আবেগ করেছেন। হ্যাঁ, সুব্রতবাবু আজকে পরিবেশ সম্পর্কে যাদের সামান্য ধ্যান ধারণা আছে, তারা যদি কাঁদতে শুরু করে, সকাল হয়ে যাবে। আর এ যদি আবেগ হয়, এ যদি অপরাধ হয় তাহলে শুধু আমি নয়, এই অপরাধ করছে সারা বিশ্বের অগনিত মানুষ। আমি তাদের কথা বলেছি। আপনি তারপরও বলতে চেষ্টা করলেন যে আমাদের কিছুই হয়নি। আমি শুধু একটা কথা আপনাকে বলতে চাই যে দিল্লি থেকে যে

কাগজে বেরোল, এ কি আমি দিলাম নাকি? বলল যে পশ্চিমবাংলার বন সৃজনের যে মডেল আছে, এটা রাজ্যগুলোকে কেন্দ্র নির্দেশ দিল যে আপনারা মেনে চলবেন। কি মডেল? জঙ্গল কাটছে, আর তাই মানবার জন্য বললেন নাকি ওরা? সমস্ত নিউজ পেপারে বেরিয়েছে এবং আপনার জানা উচিত এটা দিল্লির বন এবং পরিবেশ দপ্তর এর ডিরেকশন। আপনি যদি আপনার দিল্লির পরিবেশ দপ্তরের সমালোচনা করতে চান, আমার আপত্তি নেই।

[6-00 — 6-10 p.m.]

এরপর আমি তিন নং প্রশ্নের উত্তর দিতে চাই। আপনি বললেন, জঙ্গল শেষ হয়ে গেছে। মাননীয় সদস্য, আমি আপনাকে বলছি, কলকাতা থেকে জঙ্গল দেখা যায় না। সুব্রতবাবু আমি আপনাকে অনুরোধ করছি আপনাদের কেন্দ্রীয় মন্ত্রী এরপর যখন হেলিকপ্টারে করে ঘুরে বেড়াবেন তখন আপনিও তার সঙ্গে একটা লো ফ্লাই দিন। তাহলেই জঙ্গল দেখতে পাবেন। কারণ আপনাদের তো মাটির সঙ্গে কোনও সম্পর্ক নেই। আমি মাটি দিয়েই চলি। আই অ্যাম এ ম্যান অন দি স্ট্রিট। আই অ্যাম এ ম্যান অফ দি গ্রাসরুট। এই যে ছবিগুলো আমার কাছে রয়েছে, এগুলো আমাদের তৈরি করা বা আঁকা ছবি নয়। এগুলো আপনাদের কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন সংস্থাই তুলেছে। আমি এসব বিষয়ে এক সময়ে আপনার সঙ্গে আলাদা ভাবে আলোচনা করব, অবশ্য যদি আপনার সময় হয়। এই জন্য আলোচনা করতে চাই যে, এ সম্বন্ধে আপনার কিছু জানা উচিত। আপনি নিশ্চয়ই জানেন কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন খড়গপুরে রিজিওনাল রিমোট সেন্সিং সার্ভিস সেন্টার, তারা এ বিষয়ে কি বলছে। এসব তাদেরই ছবি, তাদেরই রিপোর্ট। আপনারা নিশ্চয়ই আগেই শুনেছেন, আমাদের মাননীয় চিফ মিনিস্টার বলেছেন যে, আমাদের এক শতাংশ জঙ্গল বেড়েছে, চিরায়ত বন বেড়েছে, ন্যাচারাল ফরেস্ট বেড়েছে। যে সময় পর্যন্ত এই হিসাব নেওয়া হয়েছে, সে সময়ের পর আবার আমরা জঙ্গল বাড়াবার উদ্যোগ নিয়েছি, বিভিন্ন প্রোগ্রাম গ্রহণ করেছি। আমি আগেই বলেছি, আবার বলছি ১৯৮৮ সালের অক্টোবর-নভেম্বর মাস পর্যন্ত যেখানে আমাদের জঙ্গল ছিল ১৩.৪৮ শতাংশ, সেখানে তা বেড়ে হয়েছে ১৪.৩২ শতাংশ। হ্যাঁ, অবশ্যই আমি জানি এই ১% জঙ্গল বাড়াটা খুব একটা বড় কথা নয়। কিন্তু শুধুই বন বাড়েনি, বন বেড়েছে, ডেনসিটি বেড়েছে, ইন্টেন্সিটি বেড়েছে। তা না হলে এই ভাবে ছবি আসে কি করে? এ তো আর হাতে আঁকা ছবি নয়। মোস্ট রেপুটেড রিমোট সেন্সিং সেন্টার ৫০০০ স্কোয়ার কিলোমিটার ফরেস্ট কভার করেছে ইন দি স্টেট। এতে তো আমাদের কিছু বলার নেই। এরপরে আরও শুনুন, ১৪.৩২% পরে আরও বাড়তে শুরু করেছে। এখন ১৪.৯০% হয়েছে। অর্থাৎ ক্রমাগত বাড়ছে। ১৯৯১ সালে সেন্সাস অনুযায়ী ১৪.৯০% হয়েছে। নিশ্চয়ই এটা সহজ ব্যাপার নয়। ১৯৯১ সালে রিমোট সেন্সিং-এর ছবি এ কথা বলছে। ওয়েস্ট ল্যান্ড, ভেজিটেশন কভার বেড়েছে। আপনারা যে সব কথা বলছেন—মানুষের দারিদ্র নিয়ে যে ভাবে কথা বলছেন তাতে আপনাদের কথাগুলো ঐ ফ্রান্সের রাণীর মতো হয়ে যাচ্ছে, 'রুটি না পেলে কি হবে, কেক খাও।'

আপনারা বললেন সুন্দরবনের কথা। আপনাদের কাট-মোশনও আছে। আমরা দুটো একসঙ্গে করছি। আপনারা জানেন, কনজারভেশন অফ ফরেস্ট ইন ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট

আছে। আমরা লড়ি বাজেয়াপ্ত করছি, আমরা কাঠ বাজেয়াপ্ত করছি, নানারকম প্রিজারভেশন করছি—অ্যামেন্ডমেন্টে এইসব আছে। সুন্দরবনে যুগপৎ দুটি কাজ করছি। একদিকে উদ্ধারের পরিমাণ বাড়াচ্ছি, নৌকা বাজেয়াপ্ত করছি, অন্যদিকে মানুষকে সঙ্গে নিয়ে সুন্দরবনের পরিমন্ডলকে রক্ষা করার চেষ্টা করছি। শুধু তাই নয়, ন্যাশনাল অ্যান্ড ইন্টার-ন্যাশনাল এক্সপার্টস, আমাদের দেশের যারা জ্ঞানী-গুনী, আমাদের ইউনিভার্সিটির যারা রিসার্চ স্কলার, যারা সায়েন্টিস্ট, এনভায়রনমেন্টালিস্ট—যারা অন্তত সুন্দরবন নিয়ে কাজকর্ম করেছেন তাদের সকলকে সঙ্গে নিয়ে পরামর্শ করছি। অনারেবল প্রেসিডেন্ট, আর ভেঙ্কটরমনের সার্টিফিকেট আমার কাছে আছে। তিনি দেখে অভিভূত হয়ে গেছেন। তার নিজের হাতে লেখা আছে। তিনি বলেছেন, "দি ভিজিট টু প্রোজেক্ট টাইগার, ওয়াজ ভেরি এনজয়েবেল। উই ওয়ার লাকি টু সি, এ টাইগার জাম্পড ইনটু দি ওয়াটার।" বাঘ ঝোপ-ঝাড় থেকে লাফিয়ে নদীতে গিয়ে পড়ল—এটা দেখে তিনি অভিভূত হয়ে পড়লেন। এনটায়ার রিপোর্ট আমার কাছে আছে। বায়োস্ফিয়ার রেজার্ভের জন্য কি কি করতে হয় আপনারা জানুন। (গোলমাল) আপনাদের মুশকিল হয়েছে, জঙ্গল সংরক্ষণের জন্য নতুন দিগন্ত উন্মোচিত করেছি—এটাই আপনাদের কাছে বিপজ্জনক বলে মনে হয়েছে। আপনাদের চেতনার উন্মোচন না হলে জঙ্গল রক্ষা করা যাবে না। জঙ্গল রক্ষা করবার জন্য শীতের রাতে, আঁধার রাতে জঙ্গলের প্রান্তে-প্রান্তে বাস করে কারা? দে আর দি শিডিউল কাস্টস, শিডিউল ট্রাইবস। তারা শহরের হাতছানিকে উপেক্ষা করে জঙ্গলে বসে আছে। আমরা তাদের সঙ্গে নিয়েছি, ফরেস্ট প্রোটেকশন কমিটি করেছি, তারা জঙ্গল রক্ষা করছে। লস্ট ফরেস্টগুলিকে আমাদের উদ্ধার করতে হবে। আমরা ইনভাইট করেছিলাম। ওয়ার্ল্ড ব্যাঙ্কের টিম এসে দেখেছেন। (গোলমাল) আপনারা মানুষকে ভালবাসেন না। আজকে সমস্ত উন্নয়নের কেন্দ্রবিন্দু মানুষ।

[6-10 — 6-20 p.m.]

আজকে গরিব মানুষকে সঙ্গে নিয়েছি। আমরা চাই আমাদের চিরন্তন উন্নয়ন। আমার জন্য নয়, আমার সন্তান, সন্ততি এতে অনাগত প্রজন্মের উন্নয়ন চলবে। তা করতে গেলে দারিদ্র দূরীকরণের কথা ভেবে দেখতে হবে। এনভায়ারনমেন্ট স্লোগান শুনেছেন? পড়বার সময় পাননি। আজকে ঐ দুষ্ট চক্র ভাঙ্গতে হবে, আজকে কনজুগেট করতে হবে রুটি, রুচি এবং রোজগার এর সঙ্গে সমতা রাখতে হবে। আমি এটুকু বলব যে আপনি কি দয়া করে আমার কাছে আসবেন? আমি কিছু তথ্য দোব এবং সেই তথ্যগুলি কনস্ট্রাক্টিভ করবেন। আপনি তথ্য সম্বন্ধে কথা তুলেছেন, আপনার প্রতি সম্মান জানিয়ে বলছিলাম। আমি আপনাকে চ্যালেঞ্জ করছি, আপনি ফেস করুন, ফেস ইট। এ প্রসঙ্গে আমার কাকা উইলিয়ামের একটা কথা মনে পড়ছে। কাকা উইলিয়াম বলেছিলেন 'আমি সব সময়ে ভয় পেতাম, আমার মনে হত মাথার মধ্যে ব্রেণ আছে মস্তিষ্ক আছে তাতে খোঁচা লাগবে, সেজন্য অনেক কাজ করতাম না। এখন দেখলাম ঐ বস্তুটির অভাব। এখন যে কোনও কাজ সব সময় করতে পারি। সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে আমাদের সাফল্য বিচার করতে হবে এবং বিচার করতে হবে সেই নিরিখে যে হত দরিদ্র দেশ যেখানে আপনারা আজকে সমস্ত দেশকে আত্মহত্যা করার জন্য আহ্বান জানিয়েছেন সেখানে জনগণের কথা শুনলে আপনারা অভিভূত হবেন। এই কথা বলে—আপনার কাট মোশনের মধ্যে কোনও যুক্তি নেই, শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা

করেছেন। আমার শেষ কথা, আমাদের যে দায়বদ্ধতা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের যে দায়বদ্ধতা আছে সে সম্বন্ধে আমরা সজাগ এবং কিছু উন্নয়ন দেখা দিয়েছে বিপুল মানুষের সমর্থনে আমাদের পক্ষে আছে। আপনাদের সমালোচনায় আমরা আমাদের পথ থেকে সরে যাব না। পশ্চিমবঙ্গের যে মডেল তৈরি হয়েছে, সারা ভারতবর্ষেই শুধু নয় সারা বিশ্বে বন্দিত। আপনারাও তার শরিক হবেন। এই কথা বলে আমাদের বাজেট সমর্থন করে কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Subrata Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 61,48,04,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life", (This is inclusive of a total sum of Rs. 20,50,00,000 already voted on account in March, 1993), was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6-16 p.m. till 11-00 a.m. tomorrow, on Friday the 18th June 1993, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 18th June 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 120 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions (to which oral answers were given)

### Epidemic of Gastro-enteritis

*19. (Admitted Question No. *85) **Shri Sougata Roy :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) Whether an epidemic of Gastro-enteritis has swept through the districts and also through Calcutta in April, May, 1993;

(b) reasons for the outbreak of the epidemic; and

(c) steps taken by the Government to control the same ?

**Shri Prasanta Kumar Sur :**

(a) No. But there has been an out break of gastro-enteritis in a few districts viz.. South 24-Parganas, North 24-Parganas, Calcutta, Burdwan, Hooghly and Howrah during the said period.

(b) The reasons for out break of gastro-enteritis disease are as follows :—

(i) Scarcity of drinking water at some places.

(ii) Transformation of non pathogenic Vibrio Cholerae non 01 to pathogenic one.

(iii) Unhygienic food and health habits.

(c) (i) Disinfection of water sources.

(ii) Early detection of cases by field visits.

[18th June, 1993]

(iii) Immediate arrangements for treatment of the patients in Camps/Health Centres/Hospitals.

(iv) Supply of medicines including saline, bleaching powder, O.R.S. Hallozen tablets etc. to the treatment Centres Hospitals.

(v) Strengthening the medical back-up Units in the hospitals of the affected areas specially I.D. Hospital in Calcutta and increasing its in-take capacity.

(vi) Arrangements for treatment in Howrah General Hospital, Vidyasagar Hospital and Bagha Jatin Hospital of South 24-Parganas district.

(vii) Propagating health education through mass media like News Paper, Radio, T.V. etc.

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি কতগুলো জেলার নাম বললেন যেখানে আন্ত্রিক হয়েছে, কিন্তু রোগীর সংখ্যা কত সেটা বলতে পারবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** হ্যাঁ নিশ্চয়ই বলতে পারি।

**মিঃ স্পিকার :** প্রশান্তবাবু, ২৪নং প্রশ্নটি একই বিষয় সংক্রান্ত, প্রশ্নটি শ্রী শিবপ্রসাদ মালিকের। এটাও একসঙ্গে নিয়ে নেবেন।

আন্ত্রিক রোগের প্রকোপ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬) **শ্রী শিবপ্রসাদ মালিক :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯৩ সালের ১লা ফেব্রুয়ারি থেকে ৩১শে মে পর্যন্ত সময়ে রাজ্যে আন্ত্রিক রোগে আক্রান্ত মানুষের সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময়ে কতজন মানুষ ঐ রোগে মারা গেছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর :**

(ক) ৬৭,৪৫৮ জন।

(খ) ৮৫১ জন।

**শ্রী আব্দুল মান্নান :** একটা কারণ হিসাবে বললেন যে, স্কেয়ারসিটি অফ ড্রিংকিং ওয়াটারের কারণে আন্ত্রিক রোগের সংখ্যা বেড়েছে। আমরা দেখতে পাচ্ছি এই আন্ত্রিক রোগ একই জায়গায় বারবার হচ্ছে। সেক্ষেত্রে প্রিভেন্টিভ মেজার কি কি নিয়েছেন জানাবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আপনার প্রথম প্রশ্নটা ঠিক নয়, এটা একই জায়গাতে হচ্ছে না। আগের বছর এটা বর্ধমান, বীরভূম মেদিনীপুরে হয়েছিল, কিন্তু এবারে দেখবেন সাউথ

২৪-পরগনায় এটা সবচেয়ে বেশি হয়েছে, তারপর নর্থ ২৪-পরগনা, তারপর কলকাতা এবং হাওড়ার মিউনিসিপ্যাল এলাকা, হুগলি এবং মুর্শিদাবাদে হয়েছে। অবশ্য বর্ধমান এবং মেদিনীপুরেও এটা হয়েছে। তবে মেদিনীপুর খুব কমই হয়েছে, সেখানে মাত্র ৭১ জনের হয়েছে।

উত্তর দিনাজপুরের কিছু কিছু জায়গায় এটা স্প্রেড ওভার করেছে, যেখানে অন্য বার বীরভূম, মুর্শিদাবাদ, বর্ধমান এই সমস্ত জেলায় হয়েছিল। এখানে ম্যাকসিমাম হয়েছে দক্ষিণ-২৪-পরগনায়। এইগুলির ডিটেলস আমি দিতে পারি। আপনারা দেখবেন অন্যবার আমরা ফেব্রুয়ারি-মার্চ মাসে কতকগুলি মেজার নিয়ে থাকি। কিন্তু এবারে ফেব্রুয়ারি-মার্চ মাসের অনেক আরলি আন্ত্রিক শুরু হয়েছে। শুরু হয়েছে দক্ষিণ ২৪-পরগনায় প্রথম। অন্যান্য জায়গা যেগুলি আছে যেমন হুগলি, মুর্শিদাবাদ, বর্ধমান, বীরভূম, মেদিনীপুর এবং উত্তর দিনাজপুরে মে মাসের প্রথমে অল্প অল্প কেস হয়েছে, খুব বেশি কেস হয়নি। সবচেয়ে বেশি হয়েছে ২৪-পরগনা উত্তর এবং দক্ষিণ।

**শ্রী আব্দুল মান্নান ঃ** একটা জিনিস দেখা যায় আন্ত্রিক রোগ হলে আপনার দপ্তরে আসে। কিন্তু আপনি যে আন্ত্রিক হওয়ার কারণগুলি বললেন তারমধ্যে দূষিত পানীয় জল ইত্যাদি আছে। সুতরাং এই ব্যাপারটা তো অন্যান্য ডিপার্টমেন্টের সঙ্গে যুক্ত। আপনি বললেন কতকগুলি জায়গায় খুব বেশি হয়নি। কিন্তু আমি জানি আপনি যেখানে গিয়েছিলেন রিষড়ায় ৩ মাস ৬ মাস অন্তর ৩-৪ বার আন্ত্রিক হচ্ছে। এই আন্ত্রিক রোগ যাতে না হয় তারজন্য প্রিভেনটিভ মেজার নেবার জন্য বিভিন্ন দপ্তর যেগুলি আন্ত্রিক রোগ হওয়ার সঙ্গে যুক্ত, পি.এইচ.ই, ফুড, মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স, সি.এম.ডি.এ এই সমস্ত দপ্তরের সঙ্গে বসে একটা টোটাল টাস্ক ফোর্স গঠন করা যায় কিনা এই ব্যাপারে কিছু ভাবছেন? এই সমস্ত দপ্তরের সঙ্গে কো-অর্ডিনেশনের অভাব আছে, সবাই একসঙ্গে বসে একটা টাস্ক ফোর্স গঠন করার কোনও পরিকল্পনা আছে কি?

[11-10 — 11-20 a.m.]

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের সরকারের কো-অর্ডিনেশনের অভাব নেই। আপনি বুঝবেন, আপনি গ্রামবাংলায় যান। গ্রামবাংলায় সাধারণ মানুষের যে হেলথ হ্যাবিটস, যাকে বলে একেবারে খুব ভোরে ঘুম থেকে উঠে দাঁত মাজা থেকে শুরু করে রাতে শুতে যাওয়া পর্যন্ত যে হ্যাবিটগুলি অভ্যাসের মধ্যে রাখা দরকার সেইগুলি করে না। এটা মনে রাখতে হবে আন্ত্রিক রোগটা হচ্ছে জল বাহিত রোগ। কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী একটা গ্রামে যতই লোক বাস করুক না কেন একটা যদি টিউবওয়েল থাকে তাহলে তাকে বলা হচ্ছে ওয়াটার সাপ্লাই আছে। কিন্তু যেখানে ১০ হাজার লোক আছে ২০ হাজার লোক আছে সেখানে অন্তত ১০টি টিউবওয়েলের দরকার। আন্ত্রিক রোগ হওয়ার পরে আমরা যে জিনিসগুলি করতে বলি, যেটা প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে আছে সেটা হল ও.আর.এস, ওরাল রিহাইড্রেশন সল্ট দিন। এটা যদি প্রাথমিক অবস্থায় খাওয়ানো হয় আমি আপনাদের গ্যারান্টি দিতে পারি আমি আই.ডি. হাসপাতালে বার বার নিজে গিয়ে দেখেছি তাতে রোগটা কিছুতেই বাড়তে পারে না। আন্ত্রিক হলে বড় বড় ডাক্তারের কাছে যান, আমি ডাক্তারদের দোষ দিচ্ছি না, তারা অনেক

পড়াশোনা করেছেন। কিন্তু ও.আর.এস হল ওয়ার্ল্ড হেলথ অরগানাইজেশনের তৈরি। এটা বারে বারে খাওয়ানো হলে রোগ বৃদ্ধি হয়না, রোগ নিরাময় হয়। গ্রামাঞ্চলে এই ও.আর.এস ব্যবহার করে না। আর একটা ব্যাপার হল ধরুন কারো আন্ত্রিক হল, সেখানে যে পুকুর রয়েছে যেখানে থালা-বাসন মাজা হয় সেখানেই আন্ত্রিক রোগির জামা-কাপড় ধোয়া হচ্ছে। আবার কখনও কখনও সেই জল গ্রামের লোকেরা খাচ্ছে। আমরা বলি জল ফুটিয়ে খাবেন। কিন্তু গ্রামাঞ্চলে এমন লোকও আছে যাদের জল ফুটিয়ে খাবার ক্ষমতা নেই। এইরকম কতকগুলি কারণ আছে। শুধু আমাদের এখানে গ্রামাঞ্চলেই হচ্ছে না। দিল্লিতে কি হয়েছে? দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি এলাকায় ১ হাজার মানুষ মারা গেছে। যমুনার অপর পারে ডি.ডি.এ প্রোজেক্ট ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল বসিয়েছে, ১০-২০ ফিট নিচে বসিয়েছে বলে সেখানে ইনফেকশন হয়েছে। সেইজন্য আন্ত্রিক রোগে ভরে গিয়েছে। সুতরাং এই কথা বলে লাভ নেই। কথাটা হচ্ছে বলা হচ্ছে যে আমাদের স্বাস্থ্য সম্পর্কে আমরা সচেতন নই। ভারতবর্ষের সমস্ত গ্রামাঞ্চলে যে ব্যবস্থা নেওয়া দরকার সেটা কোনও রাজ্যেই আপনাদের বা আমাদের দলের, যে দলের সরকারই সরকার পরিচালনা করুন না কেন এটা নেই। গ্রামাঞ্চলে যে ধরনের স্বাস্থ্য ব্যবস্থা করা দরকার সেটা আমরা করতে পারছি না। কিন্তু প্রতিষেধক ব্যবস্থাটা যদি থাকে তাহলে এটাকে আমরা অনেকাংশে কমিয়ে আনতে পারব।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** এবারের সংখ্যাটা খুব বেশি হওয়ায় আমার এলাকায় স্বাস্থ্যকেন্দ্রে আমি গিয়েছিলাম। দেখলাম সেখানে ওষুধপত্রের অপ্রতুলতা ছিল। প্রতিষেধক হিসাবে হাসপাতালগুলোতে যাতে প্রতিষেধকের ব্যবস্থা থাকে, এর ব্যবস্থা করবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনারা বারেবারে এই কথাটা বলছেন, এটা সঠিক নয়। আপনাদের অনুরোধ করব, আপনারা আই.ডি. হাসপাতালে যাবেন। আই.ডি. হাসপাতালে কোনও ওষুধের দরকার হয়না, সেখানে ও.আর.এস. মায়েরা শিশুদের বসে বসে খাওয়াচ্ছেন এমন দেখা যায় এবং দেখা গেছে যে তারা চব্বিশ ঘন্টার মধ্যে বাড়ি ফিরে যাচ্ছেন। মেডিসিন একটা আছে, একটা যেটা আছে সেটা হচ্ছে ও.আর.এস., আর একটা হচ্ছে স্যালাইন। সেখানে আমাদের ডাবল স্যালাইন দিয়ে, আই.ডি. হাসপাতালে যেখানে পাঁচ ছ'শ রোগি থাকে, তাদের পাঁচ ছ'হাজার বোতল স্যালাইন দরকার হয়। আমরা এর জন্য প্রায় এক লক্ষ টাকা ব্যয় করেছি। এখানে ওষুধ কি দরকার, না ও.আর.এস., আর একটামাত্র ওষুধ যা ব্যবহার করা হয় সেটা হল টেট্রা সাইক্লিন। আন্ত্রিক রোগে কোনও বড় ধরনের ওষুধ দরকার হয়না। আমরা সেজন্য আপনাদের বলছি, এটা ঠিকই যে আমরা দামি ওষুধ দিতে পারছি না। কিন্তু আন্ত্রিক রোগের জন্য দামি ওষুধের দরকার হয়না।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আপনি আন্ত্রিক রোগের কারণ সম্বন্ধে যা বললেন, তার মধ্যে ইকোলজিক্যাল ব্যালান্স কনটেক্সটে এমনিতেই পলিউশন একটা কারণ হতে পারে। পলিউশনের সঙ্গে এর কোনও রিলেশন আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আন্ত্রিক রোগটা, পলিউটেড, আপনি বলতে পারেন আমাদের জলটা যদি দূষিত হয়, যে কোনও কারণে দূষিত হলে এটা হতে পারে। ওয়াটার পলিউশনের ব্যাপারে আপনারা জানেন, গঙ্গার জল হায়েস্ট পলিউটেড। আমরা জানি, ধর্মীয় মনোভাবাপন্ন

বহু লোক আছেন যারা গঙ্গার জল পান করেন, স্নান করেন, পূজা করেন। বালক ব্রহ্মচারিরও মৃত্যু হয়না। সুতরাং এইসব কথা বলে লাভ কি? আমরা কুসংস্কারে আচ্ছন্ন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** সাপ্লিমেন্টারি প্রশ্ন স্যার। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি তো সংখ্যাতত্ত্ব দিলেন, বললেন কতজন আক্রান্ত হয়েছেন, কতজন মারা গেছেন আপনার কাছে জানতে চাইছি, রাজ্যের জেলাগুলোতে এই আন্ত্রিক রোগ এপিডেমিক মহামারি রূপ নিয়েছে কিনা? আপনি এক কথায় হ্যাঁ, বা না বলে দেওয়ার আগে এর অন্তত সংজ্ঞা যেটা আছে, সেটা ধরে বলুন। পার্কস টেকস্ট বুক অব প্রিভেন্টিভ অ্যান্ড সোস্যাল মেডিসিনের থার্টিন্থ এডিশনে বলছে যে কোনও রোগ, সেটা যদি সাধারণ গড় মানের থেকে বেশি হয় তাহলে তাকে মহামারি বলা যায়। এই সঙ্গাটা ধরে আপনি দয়া করে বলবেন কি এই আন্ত্রিক রোগ জেলাগুলোতে মহামারি রূপ নিয়েছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আপনি যেটা বলছেন সেটা ঠিক নয়। একটা স্পেসিফায়েড এরিয়া বা একটি লোকালিটিতে ১ লক্ষ মানুষ বসবাস করে তাতে ১ বছরে ১০ পারসেন্ট লোক যদি মারা যায় তাহলে আমাদের বিধান অনুযায়ী এপিডেমিক বলা যায়। কিন্তু আমাদের তথ্য বলছে যে ওয়ান পয়েন্ট থ্রি পারসেন্ট লোকও মারা যায় নি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি সম্প্রতি বিভিন্ন এলাকায় ইরিগেশন কমিটি কাজে গিয়ে দেখেছে যে যথেচ্ছভাবে কৃষির প্রয়োজনে সরকারি নির্দেশ অমান্য করে গ্রাউন্ড ব্যবহার করছে। এই জল ব্যবহার করার দরুন কোনও কোনও এলাকায় স্যালাইন ওয়াটার বেরিয়ে আসছে এবং পানীয় জলের সঙ্কট দেখা দিচ্ছে। এই যথেচ্ছভাবে গ্রাউন্ড ওয়াটার ব্যবহারজনিত যে সমস্যা তারজন্য কোনও চিন্তা ভাবনা করছেন কিনা এবং আন্ত্রিকের যে সমস্যা দেখা দিয়েছে তাতে দক্ষিণবঙ্গে আপনারা মেজারস নিয়েছেন এবং খুব দ্রুত আরোগ্য লাভ করছে। কিন্তু উত্তরবঙ্গে যে ঘটনা ঘটছে তাতে কোনও বরাদ্দ নেই। সেখানে কোনও প্ররিশ্রুত পানীয় জলও পাওয়া যাচ্ছে না। এরফলে চা বাগানে একটা বিড়ম্বনা দেখা দিয়েছে এই ব্যাপারে আপনারা কি চিন্তা ভাবনা করছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর :** সাধারণত ফেব্রুয়ারি মার্চ মাসে ডিস ইনফেকশন করার জন্য জলে ব্লিচিং পাউডার দিয়ে ডিসইনফেকটেড করা হয় এইবার ফেব্রুয়ারি মাসে বর্ষা কম থাকার জন্য ফেব্রুয়ারি মাস থেকে আরম্ভ করা যায় নি। কিন্তু ফেব্রুয়ারিতে টিউবওয়েল বসানোর কাজ শুরু হয়েছে এবং ব্লিচিং পাউডার দেওয়াও শুরু হয়েছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় তার উত্তরে বললেন যে ৬৭ হাজার ৪৫৮ জন আন্ত্রিকে আক্রান্ত হয়েছেন এবং ৮৫১ জন মারা গেছেন। এই যে ভয়ঙ্কর আন্ত্রিকে রাজ্যব্যাপী লোক মারা যাচ্ছে এইক্ষেত্রে আপনি একটা টাস্ক ফোর্স গঠন করে একটা সমন্বয় সাধন করে এর মোকাবিলা করা যায় কিনা তার কথা ভাবছেন কি এবং তাতে আপনি থাকবেন চেয়ারম্যান, বুদ্ধদেব বাবু, নরেন দে এবং গৌতম দেব থাকবেন এইরকম টাস্ক ফোর্স গঠন করা যায় কিনা চিন্তা ভাবনা করছেন কি?

**মিঃ স্পিকার :** আপনি যেটা বলছেন সেটা গভর্নমেন্ট পলিসির সম্বন্ধে এবং সেটা এই প্রশ্নের মধ্যে আসে না। ফ্যাক্টস কি আছে সেটা জিজ্ঞাসা করুন।

(গোলমাল)

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মন্ত্রী কি কোনও সমন্বয় সাধন করছেন কি এই আন্ত্রিকের ব্যাপারে তারা উত্তর দেবেন না? (গোলমাল)

[11-20 — 11-30 a.m.]

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস :** গ্রামাঞ্চলে যেসব জায়গাতে এই আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে বা দিচ্ছে সেখানে ভি.ডি.ও ক্যাসেটের মাধ্যমে এই রোগের প্রতিষেধক ব্যবস্থাগুলি এবং চিকিৎসার ব্যবস্থাগুলি সম্পর্কে ছবি প্রদর্শনের ব্যবস্থা করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** এটা বোধহয় আপনারা লক্ষ্য করে থাকবেন যে রেডিওতে স্বাস্থ্য এবং সম্পদ বলে একটি অনুষ্ঠান ৭টা বাজার ৫ মিনিট আগে হয় এবং তাতে বিশিষ্ট চিকিৎসকরা বলেন এবং বিশেষ করে এই আন্ত্রিকের উপর বিশেষজ্ঞরা তাদের মতামত দেন। তা ছাড়া টি.ভিতেও আমরা স্লাইড দিচ্ছি যে কিভাবে আন্ত্রিক হয়, কিভাবে নিবারণ করা যায়, এরজন কিভাবে কি ব্যবস্থা নেওয়া যায় ইত্যাদি। আপনি জিজ্ঞাসা করেছেন যে স্লাইড করে গ্রামে গ্রামে দেখানো যায় কিনা। এখন স্লাইড করে গ্রামে গ্রামে কিভাবে তা প্রদর্শনের ব্যবস্থা করা যায় সেটাও একটা প্রশ্ন। এই আন্ত্রিক রোগের ব্যাপারে আমাদের যে সমস্ত সাব সেন্টার আছে—আপনারা জানেন যে আমাদের পশ্চিমবঙ্গে ৮ হাজার ৬১৪টি সাব সেন্টার আছে এবং সেখানে সাব সেন্টারে আমাদের দুজন করে কর্মি থাকেন যার একজন মহিলা এবং একজন পুরুষ। তাদের ১।। বছর এবং ৬ মাসের ট্রেনিং দেওয়া হয়। তারা হেলথ সম্পর্কে গ্রামবাসীদের বলেন। আন্ত্রিক রোগ হলে কি করতে হয়, ও.আর.এস কি ভাবে ব্যবহার করতে হয় ইত্যাদি। সেখানে ৫ হাজার মানুষ পিছু দুজন করে কর্মী আছেন। তাছাড়া পাহাড়ি অঞ্চলে এবং শিডিউল্ড কাস্ট ও শিডিউল্ড ট্রাইবস অঞ্চলে ৩ হাজার মানুষ পিছু দুজন করে কর্মী আছেন। মানুষকে স্বাস্থ্য সম্পর্কে সচেতন করার জন্য তারা গ্রামে গ্রামে মানুষের বাড়িতে বাড়িতে যান।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** এই আন্ত্রিক রোগ অশোধিত জলের জন্য হচ্ছে এটা মাননীয় মন্ত্রী মহাশয়, আপনিও বলেছেন, স্বাস্থ্য দপ্তর থেকেও বারবার ঘোষণা করা হয়েছে। বিরোধীপক্ষ এ সম্পর্কে কি বলছেন আমার জানার দরকার নেই, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে যেটা বলতে চাই সেটা হচ্ছে, আমরা দেখছি বহু গ্রামে পানীয় জলের নলকূপগুলি খারাপ হয়ে আছে বা অকেজো অবস্থায় পড়ে আছে। আমার নিজের বিধানসভা কেন্দ্র সহ সারা মেদিনীপুর জেলার কথা আমি বলতে পারি যে বহু জায়গাতে এই অবস্থা রয়েছে এবং এমন কি সেন্টারগুলির সামনে অনেক নলকূপ অকেজো হয়ে আছে। সেগুলিকে চালু করে যাতে মানুষকে ভাল জল দেওয়া যায় খাবার জন্য সে সম্পর্কে কোনও পরিকল্পনা গ্রহণ করেছে কি?

**মিঃ স্পিকার :** না, না, এ প্রশ্ন হবে না, নলকূপের ব্যাপার ওর বিভাগের ব্যাপার নয়।

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** সাম্প্রতিককালের খবরে প্রকাশ। যে ভারতবর্ষের রাজধানী খোদ দিল্লিতে এই আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যেটা জানার কথা সেটা হচ্ছে এরকম কোনও তথ্য আছে কিনা যে কোনও বিশেষ কারণে শুধু একটি রাজ্যে নয়, কোনও একটা এলাকায় নয়, ভারতবর্ষে ব্যাপকভাবে বিভিন্ন জায়গায় এই আন্ত্রিক রোগ দেখা দিয়েছে? তা যদি হয় তাহলে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য দপ্তরের বিশেষজ্ঞদের পরামর্শের ভিত্তিতে রাজ্য স্বাস্থ্য দপ্তর তাদের সঙ্গে যোগাযোগ করে এবং পরামর্শ করে এই রোগ প্রতিরোধের জন্য কোনও বিশেষ ব্যবস্থা করেছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এই ধরনের কোনও ব্যবস্থা হয়নি। তবে আমি বলতে পারি যে এ নিয়ে খুব সিরিয়াস বিশ্ব স্বাস্থ্য সংস্থা। তারা আলোচনা করছেন, বিভিন্ন পরামর্শ দিচ্ছেন — কেন্দ্রীয় সরকারকে দিচ্ছেন, কেন্দ্রীয় সরকারের মারফত আমাদের দিচ্ছেন, সেইভাবে চলছি। এবং আমি আই.ডি. হসপিটালে কথা বলেছি। এখন দেখবেন ইউনিসেফ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা তারা এসে সাজেসন দিয়ে গেছেন। এই যে ব্যবস্থা নেওয়া হয়েছে এবং এই হাসপাতালের ব্যবস্থা এটা এশিয়ার মধ্যে সবচেয়ে ভাল ব্যবস্থা নেওয়া হয়েছে। সুতরাং কেন্দ্রীয় সরকারের এই ধরনের কোনও পরিকল্পনা নেই, কোনও পরিকল্পনা তারা পাঠাননি, কিন্তু সাধারণভাবে স্বাস্থ্য সম্পর্কে যা বলা হয়, আমরা প্রচার করছি এবং কেন্দ্রীয় সরকারও প্রচার করছেন কিন্তু এই ধরনের কোনও পরিকল্পনা আমাদের নেই।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আন্ত্রিক রোগ যাতে ছড়িয়ে না পড়ে তারজন্য পঞ্চায়েতকে ইনভলভ করে কোনও পরিকল্পনা নিয়েছেন কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** পঞ্চায়েতকে যুক্ত করে আন্ত্রিক রোগ প্রতিরোধের ব্যাপারে কাজ করা হয়। এই কাজ আমরা যৌথ ভাবে করে যাচ্ছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, অনেক সময় প্রত্যন্ত গ্রামে হাসপাতাল থেকে দূরে যখন রাত্রে এইসব অসুখ আরম্ভ হয় তখন ও.আর.এস. পাওয়া যায় না। পঞ্চায়েতের যারা মেম্বার থাকেন তাদেরকে যদি পাঁচ প্যাকেট করে ও.আর.এস. দেওয়া হয়, এই ব্যবস্থাটা সম্ভব কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এটা সম্ভব। আমরা ইতিমধ্যে জেলায় যেখানে যেখানে গেছি, সেখানে বলেছি পঞ্চায়েত সদস্যদের কিছু কিছু ও.আর.এস. প্যাকেট দেওয়া হয়, এইরকম নির্দেশ আছে। আপনারা পঞ্চায়েত সদস্যদের সঙ্গে এই ব্যাপারে কথা বলতে পারেন। তাছাড়া আপনারা এম.এল.এ. আপনারা প্র্যাকটিকালি আপনাদের এলাকার যে কোনও হসপিটালে যেতে পারেন, হেলথ সেন্টারে যেতে পারেন, তাছাড়া আপনারা তো ম্যানেজিং কমিটির সঙ্গে যুক্ত আছেন, আপনারা বিষয়টা দেখলে উপকৃত হব।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** আন্ত্রিক রোগ যেটা হয় সেটা ওয়াটার বোর্ন ডিজিজ। যেহেতু ড্রিংকিং ওয়াটার রুর‍্যাল এবং আরবান এরিয়ায় সাপ্লাই করার ব্যাপারটা আপনার দপ্তরের নয়, সেই হেতু আপনি পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরের সঙ্গে জয়েন্ট এফর্টে এই ব্যাপারে কোনও ইন ডেপথ স্টাডি করেছেন কি না? যদি না করে থাকেন তাহলে এটা করবার বিষয়ে কোনও চিন্তা ভাবনা করছেন কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এবারে আন্ত্রিক রোগ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী একটা সভা ডেকেছিলেন, সেখানে আমাদের যিনি পি.এইচ.ই. মন্ত্রী আছেন, সেই দপ্তরের সঙ্গে কথা বলার পর আমরা ৪০০ টিউবওয়েল বসানোর ব্যবস্থা করেছি এবং কোথায় কোথায় বসবে আমাদের বিভিন্ন জেলার যারা ভারপ্রাপ্ত অফিসার আছেন, তাদের সঙ্গে বসে নির্দিষ্ট ভাবে বলা হয়েছে এবং যেখানে প্রয়োজন সেখানে সেখানে ৪০০ টিউবওয়েল বসানোর ব্যবস্থা করা হয়েছে।

## বগুলা গেটে উড়ালপুল নির্মাণ

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রী রবীন দেব ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বগুলা গেটে উড়ালপুল নির্মাণে কেন্দ্রীয় সরকার কবে অনুমোদন দিয়েছেন;

(খ) এইজন্যে কেন্দ্রীয় সরকার কোনও অর্থ বরাদ্দ করেছেন কি;

(গ) বরাদ্দ করে থাকলে, সেই অর্থের পরিমাণ কত; এবং

(ঘ) এই উড়ালপুল নির্মাণে রাজ্যের পূর্ত বিভাগ এ পর্যন্ত কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী মতীশ রায় ঃ**

(ক) কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের কাছ থেকে এ বিষয়ে এখনও চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়নি।

(খ) রেল উড়ালপুল প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে সরাসরি কোনও অর্থ বরাদ্দ করেন না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) উড়ালপুল অভিমুখি পথরেখা প্রাথমিকভাবে নির্ধারিত হয়েছে। সেই ভিত্তিতে প্রাককলন ও তৈরি করা হয়েছে। রেলের উপরের মূল সেতুর নকসা ও প্রাককলন রেল কর্তৃপক্ষ তৈরি করেছেন। তবে কোনও কিছুই এখনও চূড়ান্ত হয়নি। সেতু অভিমুখি পথরেখা, সেতুর নকসা ও প্রাককলন চূড়ান্ত করণের জন্য রেল কর্তৃপক্ষের সঙ্গে রাজ্য পূর্ত দপ্তর নিয়মিত যোগাযোগ রক্ষা করে চলেছেন।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এক্ষেত্রে কোনও বরাদ্দ হয়নি। আমি মন্ত্রী মহাশয়কে বলতে অনুরোধ করছি, আমরা দেখেছি যে, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এবং বর্তমান সাংসদ, তার রিপোর্ট দিয়ে স্টেটসম্যান পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছে, এরজন্য কেন্দ্রীয় সরকারের দপ্তর থেকে চার কোটির অধিক টাকা বরাদ্দ হয়েছে। এ সম্পর্কে আপনার দপ্তর থেকে কোনও চিঠি বা কোনওরকম যোগাযোগ কেন্দ্রীয় সরকারের দপ্তরের সঙ্গে করা হয়েছে কি?

**মিঃ স্পিকার ঃ** হবে না। নট অ্যালাউড। কোনও সাংসদ কি বললেন তার মন্ত্রী কি উত্তর দেবেন! ওটা লোকসভায় জিজ্ঞাসা করবেন। এখানে ওটা হয়না।

**শ্রী রবীন দেব ঃ** রাজ্য সরকারের পূর্ত দপ্তরের পক্ষ থেকে ব্যান্ডেল গেটে রেল লাইন বাদ দিয়ে বাকি অংশে উড়ালপুল নির্মাণের কোনও পরিকল্পনা আছে কিনা তা অনুগ্রহ করে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য আমি জানাচ্ছি যে, আমাদের যে ৮ম পঞ্চবার্ষিকি পরিকল্পনা চলছে তার মধ্যে ব্যান্ডেল গেটে, লিলুয়ায় এবং লেক গার্ডেনসে উড়ালপুল নির্মাণের কাজ যাতে শুরু করতে পারি তারজন্য রাজ্য সরকারের পূর্ত দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। ইতিমধ্যেই আমরা এবিষয়ে রাজ্য সরকারের সমস্তরকম প্রয়োজনীয় অনুমোদন পেয়েছি। কিন্তু মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, আমাদের রাজ্য সরকারের দারুণ আর্থিক সঙ্কট চলছে। এখন পর্যন্ত যা ধার্য হয়েছে তাতে শুধুমাত্র বন্ডেল গেটের উড়ালপুল করতে আমাদের ১৩ কোটি টাকা খরচ হবে। অলরেডি আমরা জমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ ২ কোটি ১২ লক্ষ টাকার এস্টিমেট করেছি। আমরা মনে করছি কলকাতা শহর এবং শহরবাসীদের স্বার্থে বন্ডেল গেট এবং লেক গার্ডেন্স-এর উড়ালপুল নির্মাণের কাজে যত শীঘ্র সম্ভব হাত দিতে হবে। আমরা আশা করছি রেল মন্ত্রকের সঙ্গে আলোচনার মাধ্যমে ৮ম পঞ্চবার্ষিকি পরিকল্পনার মধ্যেই আর্থিক দায়িত্ব সংক্রান্ত বিষয়ে একটা সুস্পষ্ট মিমাংসায় পৌঁছতে পারব। ব্যান্ডেল গেটে উড়াল পুল তৈরির যে পরিকল্পনা রাজ্য সরকার নিয়েছেন সেটাকেও ঐ অষ্টম পঞ্চবার্ষিকি পরিকল্পনার মধ্যে রেখে যাতে আমরা কাজ শুরু করতে পারি তারই চেষ্টা করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩টে রেলওয়ে ফ্লাই ওভার করার ব্যাপারে অষ্টম পঞ্চবার্ষিকি পরিকল্পনায় প্রস্তাব নেওয়া হয়েছে ব্যান্ডেল গেটের ব্যাপারে আপনি জানেন এই হাউসে প্রয়াত মাননীয় সদস্য শ্রী শচীন সেনের সময়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। আপনারা রেল দপ্তরে কবে নাগাদ বন্ডেল গেটে ফ্লাই ওভার করার জন্য প্রস্তাব পাঠিয়েছেন, সময়টা জানাবেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্য যদি নোটিশ জানাতে পারি, তবে আমার যতদূর মনে হয় তাতে দুই থেকে আড়াই বছর আগে পাঠানো হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** প্রস্তাব নেওয়া হয়েছে ৮ বছর আগে, আর পাঠিয়েছেন মাত্র দু' বছর আগে, তাহলেই বুঝুন আপনার দপ্তরের দক্ষতা কতদূর?

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে প্রত্যক্ষ ভাবে আপনি দিল্লির সঙ্গে যোগাযোগ করতে পারেন না, আপনার কাছে এমন কোনও খবর আছে কি যে ৪ কোটি টাকার বেশি এরজন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছেন?

**শ্রী মতীশ রায় ঃ** আমার কাছে এমন কোনও খবর নেই, ও খবরটা খবরের কাগজে আমিও দেখেছি, দপ্তরেও খোঁজ নেব, তবে এ ব্যাপারে মাননীয় বিরোধী দলের সদস্যরা যদি আমাদের একটু সাহায্য করেন তাহলে উপকৃত হব।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এ ব্যাপারে আমার একটি অন্য প্রশ্ন আছে। বাগুইহাটি ভি.আই.পি. রোড খুবই কনজেসটেড। এ প্রস্তাব আমি আগেও দিয়েছিলাম, ওখানে জনগণের সুবিধার জন্য কোনও উড়াল পুল বা অন্য কোনও ব্যবস্থা করার কথা চিন্তা ভাবনা করছেন কি?

**মিঃ স্পিকার :** ছেড়ে দিন, এটা প্রশ্ন হয়না।

## এলাঙ্গী সেতু নির্মাণের কাজ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬) **শ্রীমতী মমতাজ বেগম :** পূর্ত ও সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মালদহ জেলার মালতীপুর ব্লকস্থিত ধামগাড়া-বিষণপুর অঞ্চলের "এলাঙ্গী" ব্রিজটি তৈরির কাজ কবে নাগাদ শুরু করা হবে; এবং

(খ) ঐ ব্রিজটি তৈরির জন্য কি কি ব্যবস্থা করা হয়েছে?

**শ্রী মতীশ রায় :**

(ক) সেতুটি নির্মাণের আপাততঃ কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

[11-40 — 11-50 a.m.]

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, এই প্রস্তাবিত সেতুর উভয় দিকে যে রাস্তা সেটা হচ্ছে জেলা পরিষদের। আমাদের যে প্রচলিত নিয়ম সেই নিয়ম অনুযায়ী আমরা তদন্ত করে দেখেছি যে, উভয় দিকের রাস্তা দুটি কাঁচা এবং উভয় দিকের রাস্তার দৈর্ঘ্য হচ্ছে ১১ কিলোমিটার। আমাদের বক্তব্য হচ্ছে, রাস্তা দুটি পাকা না হওয়া পর্যন্ত নির্মাণের পরিকল্পনা নিলে জনসাধারণের এবং যানবাহনের কোনও সার্থকতায় সেটা আসবে না। সেজন্য আমরা মনেকরি, জেলা পরিষদ উভয় দিকের রাস্তা পাকা করবার ব্যবস্থা নেবার পরই আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে পরিকল্পনা কমিশনের কাছ থেকে অনুমোদন নিয়ে ঐ সেতুটা নির্মাণের দিকে এগোতে পারব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** যেসব রাস্তার দুই দিকে জেলা পরিষদের রাস্তা পাকা করেছে সেই ব্রিজগুলিকে আপনার বিভাগ থেকে তৈরি করা সম্ভব হবে কি?

**মিঃ স্পিকার :** এটা হবে না, নট অ্যালাউড।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** অনেক ব্রিজ আমাদের রাজ্যে তৈরি করা দরকার, কিন্তু করতে পারছেন না .....

**মিঃ স্পিকার :** অনেক কেন, হাজার হাজার করা দরকার, কিন্তু এই প্রশ্ন হবে না। নট অ্যালাউড।

**শ্রী পান্নালাল মাঝি :** মাননীয় মন্ত্রী জানাবেন কি, কোন জায়গায় একটি ব্রিজ হলে

তার অ্যাপ্রোচ রোডগুলি পি.ডব্লু.ডি. (রোডস) করে থাকে। এক্ষেত্রে অ্যাপ্রোচ রোড জেলা পরিষদ করে দেবে এবং ব্রিজটি পি.ডব্লু.ডি. করবে এটা কেন?

**মিঃ স্পিকার ঃ** এটা পলিসি ম্যাটার। এটা হবে না, নট অ্যালাউড।

**শ্রীমতী সাবিত্রি মিত্র ঃ** আমার বিধানসভা কেন্দ্রে পুরুলিয়া ব্রিজ হবার কথা...

**মিঃ স্পিকার ঃ** এটা এখন হবে না, নোটিশ দেবেন। মালদা জেলায় তো এক হাজারটা ব্রিজ এর প্রয়োজন থাকতে পারে। নট অ্যালাউড।

**রেশনের আওতা থেকে বিত্তবানদের বাদ দেওয়ার প্রস্তাব**

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

> এটা কি সত্যি যে, বিত্তবান মানুষদের রেশনের আওতা থেকে বাদ দেওয়ার বিষয়ে সরকার বিবেচনা করছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** বিষয়টি পরীক্ষাধীন রয়েছে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** আমাদের কাছে সংবাদ, কেন্দ্রে এরজন্য তিনজনের একটি কমিটি হয়েছে। আপনার সঙ্গে কেন্দ্রীয় সরকারের এই বিষয়ে কোনও আলোচনা হয়েছে কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** গণবন্টন ব্যবস্থা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের যে অ্যাডভাইসরি কমিটি আছে সেই কমিটির চতুর্দশতম অধিবেশনে এটা সিদ্ধান্ত হয়েছে যে, জাতীয় খাদ্যনীতি একটা তৈরি করা হবে। ঐ তিনজনের কমিটির উপর দায়িত্ব দেওয়া হয়েছে এই বিষয়ে মতামত জানাতে একটা নীতি নির্ধারণ করবার জন্য।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে বললেন রেশনের আওতা থেকে বিত্তবানদের বাদ দেবার বিষয়টা পরীক্ষাধীন আছে; আমার জিজ্ঞাস্য, আই.এম.এফের যে শর্ত অনুযায়ি কেন্দ্রীয় সরকার ঋণ নিয়েছেন তার একটি অন্যতম শর্ত জনকল্যাণমূলক খাতে ভরতুকি কমিয়ে দেওয়া এবং সেই শর্ত মেনেই কি আপনারা এই রেশনটা তুলে দেবার ব্যবস্থা করছেন? অর্থাৎ আমার জিজ্ঞাস্য, আপনার সরকার কি একই পথ নিয়ে বিত্তবানদের রেশন-ব্যবস্থা থেকে বাদ দেবার কথা চিন্তা করছেন? যদি সেটাই করে থাকেন তাহলে এই বিত্তবানদের ক্রাইটেরিয়া কি সেটা এই হাউসকে আলোকপাত করবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** গণবন্টন ব্যবস্থার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে অ্যাডভাইসরি কাউন্সিল আছে তার ত্রয়দশতম সভায় একটা প্রস্তাব গৃহীত হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের একটা নির্দিষ্ট খাদ্যনীতি তৈরি হোক। আর চতুর্দশতম অধিবেশনে একটা সিদ্ধান্ত গৃহীত হয় যে, মিনিংফুল কোয়ানটিটি অফ ফুডগেন্স অপেক্ষাকৃত দরিদ্র শ্রেণীর মানুষদের দেওয়া হোক। এই খাদ্য নীতি তৈরি করবার দায়িত্ব পেয়েছেন ঐ তিনজনের কমিটি। সেই কমিটি ভারতবর্ষের বিভিন্ন জায়গা বাঙ্গালোর, কলকাতা, দিল্লি প্রভৃতি স্থানে মিটিং করছেন। আমাদের দেশের

সমস্ত রাজ্য সরকারের কাছ থেকে তাদের মতামত জানতে চেয়েছেন, এমন কি সমস্ত পলিটিক্যাল পার্টিকে অনুরোধ করা হয়েছিল তাদের বক্তব্য পেশ করার জন্য। প্রায় সমস্ত রাজ্য সরকার এবং রাজনৈতিক দল নীতিগত ভাবে বলেছেন যে যাদের আর্থিক ক্ষমতা বেশি আছে, তাদের এই রেশনিং আওতা থেকে বাদ দেওয়া হোক। কিন্তু তারা কারা? অর্থাৎ লাইনটা কোথায় টানতে হবে। আমার যতদূর মনে আছে, কলকাতা থেকে এস.ইউ.সি'র পক্ষ থেকে যারা প্রতিনিধিত্ব করেছিলেন, তারাও নীতিগত ভাবে এটা মেনে নিয়েছিলেন। কিন্তু কোথায় লাইনটা টানতে হবে এই বিষয়ে কোনও কথা বলা হয়নি। এই কমিটি এখনও তাদের রিপোর্ট ফাইনালাইজ করেনি। ১০ই জুলাইয়ের মধ্যে এই রিপোর্ট জমা দেবার কথা। ১০ই জুলাইয়ের মধ্যে এই কমিটি তাদের রিপোর্ট চূড়ান্ত করবে এবং জমা দেবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এটা কি মেনে নেওয়া হয়েছে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বলা হয়েছে যে নীতিগত ভাবে এটা মেনে নেওয়া যেতে পারে। যারা আর্থিক দিক থেকে সম্পন্ন তাদের রেশনের আওতা থেকে বাদ দেওয়া হতে পারে এবং সেটাও একটা ফেজ হিসাবে করা হবে। কারণ একটা ব্যবস্থা চলছে, এই ব্যবস্থার পাল্টা ব্যবস্থা আনতে গেলে সময় লাগবে। পশ্চিমবঙ্গ সরকার অপেক্ষা করছে, কেন্দ্রীয় সরকারের থেকে খাদ্য নীতির গাইড লাইন কিভাবে আসে সেটা দেখার পরে পশ্চিমবঙ্গ সরকার এই বিষয়ে তাদের নীতি ঘোষণা করবেন।

**শ্রী রাজদেও গোয়ালা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার খাদ্যের ব্যাপারে যে নীতি গ্রহণ করেছেন সেটা যাতে কেউ রেশন না পান। কিন্তু কলকাতায় যে রেশন ব্যবস্থা চালু আছে, এটা বামফ্রন্ট সরকার করেছে। কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে এটা তুলে দেওয়া। কাজেই এই নীতি যদি মেনে নেওয়া হয় তাহলে কলকাতায় আমরা এটা চালাব কি করে, এতে রেশন ব্যবস্থা বাঞ্চাল হবেনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এই বিষয়ে রাজ্য সরকার নীতি সেটা এখনও কোনও সিদ্ধান্ত গ্রহণ করেনি। কেন্দ্রীয় সরকারের যে খাদ্য নীতি সেটা এখনও চূড়ান্ত হয়নি। এই নীতি পাবার পরে রাজ্য সরকার এই বিষয়ে চিন্তা করবেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, প্রশ্ন হচ্ছে বিত্তবান মানুষকে রেশনের আওতা থেকে বাদ দেওয়া হবে, সেটা সরকারের পরীক্ষাধীন আছে। আজকে রেশন কার্ডে, মডিফায়েড বলুন, আর স্ট্যাটিউটোরি বলুন, অনেক জিনিস দেওয়া হয়। চাল, গম, ডাল, কেরোসিন তেল ইত্যাদি বিভিন্নরকম জিনিস দেওয়া হয়। কয়েক বছর আগে থেকেই 'ক' থেকে 'ঙ' এই ৫টি শ্রেণীকে রেশন কার্ড দেওয়া হত এবং তাতে যারা চাল প্রডিউস করেন তাদেরও তিন মাস থেকে ছয় মাস পর্যন্ত চাল দেওয়া হত। এখন যে অবস্থা আছে, যে লোক ধান প্রডিউসড করেন এবং বিক্রয় করেন, তারাও রেশনের মাধ্যমে চাল, গম নেওয়ার সুযোগ পান। অথচ রেশন দেবার জন্য সরকারকে সাবসিডি দিতে হবে। আমার প্রশ্ন হচ্ছে, যাদের প্রয়োজন নেই তাদের জন্য সরকারকে সাবসিডি দিতে হচ্ছে, সেটা বন্ধ করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা বা সরকার কোনও চিন্তা

করছেন কিনা?

[11-50 — 12-00 Noon.]

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এর আগে আমি বলেছি পুরো ব্যাপারটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের খাদ্য নীতি তৈরি হওয়া পর্যন্ত অপেক্ষা করছি। তাদের খাদ্য নীতি চূড়ান্ত হবার পর আমাদের কাছে এলে আমরা তাদের আলোকে সমস্ত বিষয়টা বিবেচনা করব এবং তারপর আমাদের পশ্চিমবাংলায় খাদ্যনীতি প্রস্তুত করব।

**শ্রী পরেশ অধিকারি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, নূতন কার্ড পাওয়া যাবে কিনা এবং পাওয়ার জন্য কি দরকার? কারণ সীমান্তবর্তী এলাকায় রেশন কার্ড নিয়ে সমস্যা দেখা দিয়েছে।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** যদিও এই বিষয়টা এখানে প্রাসঙ্গিক নয় তবুও বলছি, রেশন কার্ড দেওয়ার ক্ষেত্রে আমাদের দুটি জিনিস দেখা যায়। একটা হচ্ছে সে ভারতীয় নাগরিক কিনা। দ্বিতীয় হচ্ছে যে এলাকায় সে রেশন কার্ডের জন্য দরখাস্ত করছে সেই এলাকায় সে থাকে কিনা, এই ব্যাপারে খাদ্য দপ্তরের অফিসারকে সুনিশ্চিত করতে হবে। দরখাস্তকারিকে তার স্বপক্ষে এমন সার্টিফিকেট দাখিল করতে হবে যাতে খাদ্য দপ্তরের অফিসার তাতে সুনিশ্চিত হতে পারেন। এটা করলেই সে রেশন কার্ড পাবে।

**শ্রী নির্মল দাস ঃ** আই.এম.এফ যখন কেন্দ্রীয় সরকারকে ঋণ দেয় তখন তারা নানা শর্ত আরোপ করেছে বলে নানা খবর আমরা শুনেছি। এই অবস্থায় গণ বন্টন ব্যবস্থা বিপর্যয়ের মুখে পড়েছে, তাদের উপর নির্ভর করে এফ.সি.আই নানা বিড়ম্বনার সৃষ্টি করছে। আমাদের রাজ্যের মানুষের প্রয়োজনে বামফ্রন্ট সরকার এইরকম [illegible] ফু[illegible]র্পোরেশন যেটা পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণে থাকবে গোড়ে তোলার কথা ভাব[illegible] [illegible] কোনও পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এইরকম ফুড কর্পোরেশন [illegible] ১৯৮৬ সালে এফ.সি.আই-এর সঙ্গে আমাদের চুক্তি হয়েছিল যে ওরা আমা[illegible] রাজ্যে ৩৮টি গোডাউন অন্তত রাখবে। আমরা সেটার উপর জোর দিয়েছি। কয়েকটি গোডাউ[illegible] কম করছেন, এই বিষয়ে আমরা আপত্তি জানিয়েছি। আমরা এফ.সি.আই.কে বলেছি, দিল্লিতে খাদ্যমন্ত্রীকে জানিয়েছি যে ৩৮টি গোডাউন যে রাখার চুক্তি আছে সেটা রাখুন এবং ৩৮টি গোডাউনে খাদ্য যেমন চাল গম চিনি মজুত রাখো। এই দায়িত্ব যদি এফ.সি.আই নেয় তাহলে আমরা রাজ্য সরকার দায়িত্ব নিচ্ছি প্রতিটি দোকানে খাদ্য শস্য পৌঁছে দেব।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গোডাউনের ব্যাপারে ভারত সরকারের সঙ্গে রাজ্য সরকারের চুক্তি হয়েছে। এফ.সি.আই-এর বহু গোডাউনে অনেক কর্মচারী কাজ করত। অনেক গোডাউন বন্ধ করে দেবার জন্য বহু লোক কর্মচ্যুত হয়েছে। এই ব্যাপারে তারা আপনার কাছে ডেপুটেশন দিয়েছে। গোডাউন খোলার ব্যাপারে মন্ত্রী মহাশয় উদ্যোগ নেবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** রাজ্য সরকারের পক্ষ থেকে কিছুটা উদ্যোগ নেওয়া হয়েছে যাতে

এখানে যে সমস্যার সৃষ্টি হয়েছে সেই সমস্যার সমাধান করা যায়।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** এই রেশনিং ব্যবস্থার মধ্যে দিল্লিতে কেন্দ্রীয় সরকার সম্বন্ধে আপনি যেটা বললেন, আজকে কেন্দ্রীয় সরকার বিত্তশালিদের বাদ দেবার কথা উল্লেখ করেছেন। আমি আপনার কাছে জানতে চাইব, আমাদের রাজ্যে রেশনিং ব্যবস্থাটা যে ভাবে কলকাতা শহরে এবং শিল্পাঞ্চল শহরে যেটা আছে, যদি কেন্দ্রীয় সরকারের নির্দেশ মেনে নেওয়া যায় তাহলে সেটা বিপর্যস্ত হয়ে পড়বে কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** কেন্দ্রীয় সরকারের নির্দেশ যদি মেনে নেওয়া যায়, এতগুলো 'যদি'র ভিত্তিতে আমি উত্তর কি করে দেব? তবে কেন্দ্রীয় সরকারের নির্দেশ না পাওয়া পর্যন্ত আমি কি করে বলবো?

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যে সমস্ত পুরনো রেশন কার্ড এখন রেশন কার্ড হোল্ডারদের কাছে আছে, সেই কার্ডগুলো নষ্ট হয়ে গেছে, এগুলো সরবরাহ করার ব্যাপারে নতুন করে যাতে তারা রেশন তুলতে পারে তারজন্য কি ব্যবস্থা করছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমার দপ্তরের কাছে যে খবর আছে তাতে প্রয়োজন অনুযায়ী নতুন রেশন কার্ড পাঠাচ্ছে এবং আরও নতুন কার্ড আমার দপ্তরে রয়েছে। আপনি যে বিষয়ে বললেন, নির্দিষ্ট ভাবে বললে আমি সত্বর ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** এখন রেশনিংয়ের মাধ্যমে গরিব মানুষের মধ্যে যে পরিমাণ খাদ্যদ্রব্য সরবরাহ করা হয় তা বাড়াবার কোনও চিন্তা-ভাবনা আছে কি?

**মিঃ স্পিকার ঃ** চিন্তা-ভাবনা দিয়ে প্রশ্ন হয়না।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** ১৯৮১-৯১ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় সেন্সাস পপুলেশন যা আছে, সেন্সাস পপুলেশনের চাইতে বেশি রেশন কার্ড ডিস্ট্রিবিউশন করেছেন। এত অধিক রেশন কার্ড ছেড়েছেন যে, আমরা নর্থ বেঙ্গলে গিয়েছিলাম, সেখানে দেখেছি পপুলেশন ১৭ লক্ষ, অথচ ১৯ লক্ষ কার্ড দিয়েছেন। এইভাবে হাওড়া, বীরভূমে সেন্সাস পপুলেশনের চাইতে ঘোষ্ট কার্ড বেশি। এগুলো বাতিল করার কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি, এবং কোন পদ্ধতিতে বাতিল করছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** ভুয়া রেশন কার্ড একটা সমস্যা। এই সমস্যা শুধু আমাদের রাজ্যে নয়, সারা ভারতবর্ষের সমস্যা। সমস্ত রাজ্যেই এই সমস্যা রয়েছে। আজকের কাগজে সেই ধরনের খবর আছে। আমাদের রাজ্যে ভুয়া রেশন কার্ড বাতিল করার কাজ প্রতি নিয়তই, করে চলেছি, এটা কন্টিনিউয়াস প্রসেসের মধ্যে আছে। নতুন রেশন কার্ড দেওয়া এবং ভুয়া রেশন কার্ড বাতিল করার জন্য আমাদের ইন্সপেক্টরকে দায়িত্ব দেওয়া হয়েছে। তারা রেশন দোকানে বসে থাকেন। তারা ভুয়া রেশন কার্ড বাদ দেন। আমরা এইভাবে অনেক কার্ড বাদ দিয়েছি এবং দিচ্ছি।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মন্ত্রী মহাশয় জানালেন যে ন্যাশনালিটি সার্টিফিকেটটা রেশনিংয়ের

সঙ্গে যুক্ত। আমি বংশ পরম্পরায় এখানে আছি। আমার ন্যাশনালিটি সার্টিফিকেট নেই। মিনিস্টারের এটা আছে কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** ন্যাশনালিটি সার্টিফিকেট আমরা চাই না একজন যদি বাই বার্থ ইন্ডিয়ান সিটিজেন হন তাহলে আমরা তার কাছে এটা চাই না। কোনও কোনও ক্ষেত্রে যাদের বয়স হয়ে গেছে অথচ রেশন কার্ড নেই, তারা যখন দরখাস্ত করেন তখন আমাদের সমস্যায় পড়তে হয় যে তিনি কতদিন ভারতবর্ষে আছেন। সেইক্ষেত্রে জনপ্রতিনিধিদের দেওয়া সার্টিফিকেটের উপরে আমাদের নির্ভর করতে হয়, অথবা যিনি রেশন কার্ড ইস্যু করেন, সাইনিং অথরিটিকে স্যাটিসফায়েড হতে হবে যে তিনি ভারতবর্ষের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী আবুল হাসনাৎ খান :** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, বিশেষ করে বাউন্ডারি এলাকায় বাংলাদেশি অনুপ্রবেশকারিরা রেশন কার্ড পেয়ে যাচ্ছেন এইরকম কোনও অভিযোগ আছে কিনা এবং সেই সম্পর্কে তদন্ত করে রেশন কার্ড বাতিল করার ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** রেশন কার্ড বাতিল করার যে পদ্ধতি সেই পদ্ধতিই চলছে। আলাদাভাবে বাংলাদেশি সিটিজিয়েন কিনা সেটা আইডেন্টিফাই করে রেশন কার্ড বাতিল করার কোনও পদ্ধতি নেই। বাংলাদেশি নাগরিক হলে তো সে রেশন কার্ড পেতোই না।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রেশন কার্ড যে ১০-১২ বছর আগে দেওয়া হয়েছিল তখন ফ্যামিলি ইউনিট গণনা যে হয়েছিল সেই সংখ্যা এখন আর নেই। এখন পরিবার পিছু লোকসংখ্যা বেড়েছে কিন্তু সেইভাবে রেশন কার্ড দেওয়া হয়না। পঞ্চায়েত এলাকাতে এই ধরনের সমস্যা আসছে এবং সেই পরিপ্রেক্ষিতে নতুন রেশন কার্ড ইস্যু করার কথা ভাবছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** রেশন কার্ড যদি ক্ষতবিক্ষত হয়ে গেছে দেখা যায় তাহলে সেটা পরিবর্তন করে নতুন দেওয়ার ব্যবস্থা আছে এবং সেটাই চলছে।

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নির্বাচিত প্রতিনিধি এবং বিধায়করা কারুর জন্য সুপারিশ করলে তাদের রেশন কার্ড দেওয়া হয় কিন্তু নাগরিকত্ব প্রমাণপত্র যাদের নেই এদের প্রমাণ পত্র জানা থাকলেও কি সুপারিশ করতে পারেন? মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর ক্ষেত্রে এটা প্রযোজ্য কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** আপনাদের জানা উচিত যে সার্টিফিকেট হচ্ছে একটা সাপোর্টিং এভিডেন্স, নট ডিসাইডিং। এইজন্য ইন্সপেক্টরদের বলা আছে যে আপনারা যদি স্যাটিসফায়েড হন তবেই দেবেন। এইরকম ঘটনা হয়েছে যে সার্টিফিকেট ইস্যু হয়ে গেছে তাদের সার্টিফিকেট পরে দেখা গেল যে বাংলাদেশি নাগরিকত্ব আছে তখন এই ব্যাপারে সংশ্লিষ্ট ইন্সপেক্টরকে সাসপেন্ড করা হয়েছে। এইজন্যই বলা হয়েছে যে স্যাটিসফায়েড হয়ে তবেই রেশন কার্ড দেবেন। মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর সম্পর্কে যে কথা বলেছেন সেই প্রসঙ্গে জানাই যে ওনারা বাই বার্থ ভারতবর্ষের নাগরিক এবং বাই বার্থ যদি কেউ ভারতের নাগরিক হয় তাহলে তার

কাছ থেকে সিটিজেনশিপ সার্টিফিকেট নেওয়ার দরকার পড়ে না।

**শ্রী শিবপ্রসাদ দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আজকে যে ১৪ বছর আগে রেশন কার্ড অপ্রাপ্ত বয়স্কদের দেওয়া হয়েছিল তারা তো এখন প্রাপ্ত বয়স্ক হয়েছে, তাদের ক্ষেত্রে নতুন প্রাপ্ত বয়স্কর রেশন কার্ড দেওয়ার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** রেশন কার্ড হোল্ডাররা যখন অ্যাডাল্ট হয় তখন অ্যাপ্লাই করলে প্রাপ্তবয়স্কদের জন্য কার্ড পাওয়া যায়। এটা তো অঙ্কের হিসাব এই পদ্ধতি তো অনেকদিন ধরেই চলছে।

**মিঃ স্পিকার :** লক্ষ্মীবাবু ন্যাশনালিটির সার্টিফিকেট সম্বন্ধে একটা প্রশ্ন তুলেছেন, শিবদাসবাবু জানতে চেয়েছেন মুখ্যমন্ত্রী মহাশয়ের ন্যাশনালাটির সার্টিফিকেট আছে কিনা? এটা সকলের জানা উচিত যে যাদের পাশপোর্ট থাকে সেটাই তাদের ন্যাশনালিটির সার্টিফিকেট হয়। আমরা যখন পাশপোর্ট পাই তখন তাতে রাষ্ট্রপতির সার্টিফিকেট থাকে যে এ হচ্ছে ভারতীয় নাগরিক আর এটা হচ্ছে আদেশ বিদেশি কর্তৃপক্ষদের সাহায্য করার জন্য। ওটাই হচ্ছে সার্টিফিকেট। আমাদের মুখ্যমন্ত্রী তো অনেকবার বিদেশে গিয়েছেন কাজেই ওর কাছে সেই সার্টিফিকেট আছে। এখন আমি খাদ্য মন্ত্রী মহাশয়কে বলব, আমার একটা ছোট্ট প্রশ্ন আছে—এই যে বিধায়কদের বলছেন যে তারা সার্টিফাই করবেন যে ভারতীয় নাগরিক কিনা, আইনে কিন্তু বিধায়কদের এই অধিকার নেই। ন্যাশনালিটির সার্টিফিকেট একমাত্র এস.ডি.ও কিংবা ডি.এম. দিতে পারেন। না হলে হোম সেক্রেটারি দিতে পারেন। এটাই হচ্ছে আইনের ব্যাপার। এখন সাধারণত বিধায়করা যা দেন ঐ কারেক্টার সার্টিফিকেট দেওয়ার মতন যে To the best of my knowledge he is an Indian citizen by birth. টু দি বেস্ট অব মাই নলেজ, যতদূর জ্ঞানত আমি জানি, এ হচ্ছে ভারতীয় নাগরিক। কিন্তু বাস্তবে আইনে তার কোনও মূল্য নেই। কারণ একজন বিধায়ক, তিনি একটা বিস্তীর্ণ এলাকার লোকদের প্রতিনিধিত্ব করেন। তার এলাকার প্রতিটি ভোটার সে কখন জন্মেছে, কিভাবে জন্মেছে, কোথা থেকে এসেছে, কি ব্যাপার, না ব্যাপার সবকিছু তার পক্ষে জানা বাস্তবে সম্ভব নয় বা সেটা জেনে এটা করা সম্ভব নয়। আমার প্রশ্ন, এই যে আপনারা রেশনকার্ডের সঙ্গে ন্যাশনালিটির সার্টিফিকেটটা যুক্ত করছেন এতে কি আমরা ধরে নেব যে যাদের কাছে রেশনকার্ড আছে তাদেরই ভারতীয় নাগরিক আপনারা ধরে নিচ্ছেন? আইনের—লিগ্যাল পজিশন কি তাই?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** স্যার, যাদের বার্থ সার্টিফিকেট আছে অথবা যাদের আগে রেশনকার্ড ছিল বা অন্য জায়গায় সারেন্ডার করে সারেন্ডার সার্টিফিকেট দাখিল করেছেন তাদের ক্ষেত্রে কোনও অসুবিধা হয়না। প্রবলেম যেটা হয় সেটা হল, যাদের বার্থ সার্টিফিকেট নেই বা দিতে পারছেন না অথবা এজেড হয়ে গিয়েছেন এবং যে কোনও কারণেই হোক রেশনকার্ড করেন নি তাদের ক্ষেত্রেই প্রবলেমটা হয়। আগে অন্য কোথাও রেশনকার্ড আছে কিনা সেটা জানা যাচ্ছে না, ভারতীয় নাগরিক কিনা জানা যাচ্ছে না। সেইসব ক্ষেত্রে আমরা ইন্সপেক্টারদের বলেছি যে লোক্যাল এনকোয়ারিটা করতে হবে। কোনও জনপ্রতিনিধি যদি তার পারসোনাল নলেজ থেকে বলেন যে এই ব্যক্তি ভারতবর্ষে জন্মগ্রহণ করেছেন এবং তিনি পারসোনালি

জানেন যে ঐ ব্যক্তি ভারতবর্ষের সিটিজেন তাহলে কাজের সুবিধা হয়। কিন্তু তা সত্ত্বেও লোকাল এনকোয়ারিটা করতে হবে। কারণ এরকম ঘটনা আছে যে এই ধরনের সার্টিফিকেট থাকা সত্ত্বেও এটা প্রমাণ হয়ে গিয়েছে যে সে ভারতীয় নাগরিক নয়।

**মিঃ স্পিকার ঃ** আমাদের সুপ্রিম কোর্টে কয়েকটা রুলিং আছে যে ভোটার লিস্টে নাম থাকলেও তিনি যে ভারতীয় নাগরিক তা প্রমাণ করে না। ভোটার লিস্টে নাম যে কোনওভাবেই হোক এনরোলমেন্ট করাতে পারে। ভোটার লিস্টে নাম এনরোলমেন্টের একটা পদ্ধতি আছে, তাতে আপনি এনরোলমেন্ট করিয়ে নিলেন, ভোটার লিস্টে নাম উঠে গেল। তার মানে এটা নয় যে নিতে হবে আপনি ভারতীয় নাগরিক আছেন। এটা ইন্ডিপেনডেন্টলি প্রমাণ করতে হয় যদি কোনও প্রশ্ন ওঠে বা ইস্যু ওঠে। এখন রেশনকার্ড ইস্যুইং অথরিটি যারা আছেন সেখানে তাদের ইন্ডিপেনডেন্ট ইনভেস্টিগেশন এজেন্সি যদি সঠিকভাবে কাজ না করে তাহলে সব সময় এইভাবে রেশনকার্ড ইস্যু করার সম্ভাবনা থাকবে, এই দুর্বলতা থেকে যাবে। কিন্তু বিধায়কদের উপর একটা অথরিটি দিয়ে দেওয়া যে তুমি বলে দাও যে সে ভারতীয় নাগরিক কিনা, এটা একটা রিস্কি ব্যাপার? কোথা থেকে তিনি বলবেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** স্যার, আমরা কোনও জনপ্রতিনিধিকে ইনসিস্ট করছি না, অফ দেয়ার ওন যদি তারা করেন আলাদা কথা।

**মিঃ স্পিকার ঃ** অনেক সময় রেশনিং এজেন্সি ডিমান্ড করেন এটা কি যে আপনারা এম.এল.এ-র কাছ থেকে নিয়ে আসুন বা কাউন্সিলারের কাছ থেকে নিয়ে আসুন, পঞ্চায়েতের কাছ থেকে নিয়ে আসুন। এটা অবশ্য তারা ডিমান্ড করেন তাদের সিকিউরিটির জন্য। কারণ তারা আবার এটা অ্যাজ এ সাপোর্টিং ডকুমেন্ট দেখাতে পারবেন এবং বলবেন যে আমি তো এর ভিত্তিতে করেছি। তারা চায় তাদের প্রোটেকশনের জন্য যে আমি কি আর ইনভেস্টিগেশন করব, এই তো এই ডকুমেন্টের ভিত্তিতে আমি করেছি। কিন্তু একটা ইন্ডিপেনডেন্ট ইনভেস্টিগেশন থাকা দরকার।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** স্যার, নতুন রেশনকার্ড করার ক্ষেত্রে এই অসুবিধাটা হয়।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention, namely :–

1. Reported shipwreck off Haldia causing missing of 17 Crew members : Shri Deba Prasad Sarkar.

2. Reported non-issuance of Ration Cards in Nadia district for a long time : Shri Ajoy De.

3. Reported lock out of Sathdehaia Division of Atal Tea Garden and Atal Tea Garden under Naxalbari P.S. of Darjeeling district : Shri Prakash Minj.

4. Reported issuance of notices by the Pollution Control Board to

close eleven industrial units including Howrah Railway Station. : Shri Lakshman Seth.

5. Request to set up Development Authority for Dooars and Coochbehar areas : Shri Nirmal Das.

I have selected the notice of Shri Deba Prasad Sarkar on the subject of Reported shipwreck off Haldia causing missing of 17 Crew Members. The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be make on the 23rd June, 1993

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of the Health and Family Welfare Department will make a statement on the subject of out-break of Malaria in Dooars and other areas of Jalpaiguri district resulting in death of a number of persons. (Attention called by Shri Nirmal Das on the 14th June, '93)

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** স্যার, মাননীয় বিধায়ক শ্রী নির্মল দাস যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছেন তার উত্তরে আমি বলতে চাই যে ঃ

১৯৯৩ সালে এ পর্যন্ত জলপাইগুড়ি জেলায় ম্যালেরিয়ার প্রকোপ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে বা ম্যালেরিয়া মহামারি আকার ধারণ করেছে এমন কোনও খবর নেই। হাসপাতালে মানুষ ঔষধ পাচ্ছে না বা রক্ত পরীক্ষার ব্যবস্থা অপ্রতুল এ কথাও ঠিক নয়। ধূপগুড়ি ব্যতিরেকে এ জেলার অন্যকোনও স্থানে এ রোগে মৃত্যু হয়েছে এমন কোনও খবরও রাজ্য সরকারের নেই।

ঐ জেলার সমস্ত ব্লকে বিশেষত ম্যালেরিয়া প্রবণ অঞ্চলে গত ২৫শে মে থেকে ডি.ডি.টি. স্প্রে'র কাজ শুরু হয়েছে।

প্রয়োজনীয় ঔষধ হিসাবে ৩ লক্ষ ক্লোরোকুইন বড়ি ও ৮০ হাজার প্রাইমাকুইন বড়ি ইতিমধ্যেই ঐ জেলায় সরবরাহ করা হয়েছে। প্রয়োজনে আরও করা হবে। সরকার জলপাইগুড়ি জেলার ম্যালেরিয়া পরিস্থিতির উপর সতর্ক দৃষ্টি রাখছে। পরিস্থিতি অনুযায়ী ব্যবস্থা নিতে রাজ্য সরকার তৎপর।

ধূপগুড়িতে যে অদ্ভুত ধরনের জ্বরের খবর পাওয়া গেছে তা এক ধরনের ম্যালেরিয়া বলে রক্ত পরীক্ষায় জানা গেছে। এ পর্যন্ত এ রোগে ধূপগুড়িতে ৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

## MENTION CASES

[12-10 — 1-00 p.m.](including adjournment)

**শ্রী হৃষিকেশ মাইতি :** স্যার, কাকদ্বীপ মহকুমার শহর হিসাবে ঘোষিত হয়েছে। এই মহকুমা শহরের উপর একটা হাসপাতাল রয়েছে কাকদ্বীপ রুর‍্যাল হসপিটাল। গোটা সুন্দরবন এলাকার গরিব মানুষ জন ওখানে আসে, কিন্তু তারা স্পেশালিস্ট ট্রিটমেন্ট পায়না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন করেছিলাম, যাতে ঐ রুর‍্যাল হাসপাতালকে সাব ডিভিসনাল উন্নীত করা হয়। মন্ত্রী মহাশয় তা করে দিয়েছেন। এতে জনসাধারণ সেখান থেকে স্পেশালিস্ট ট্রিটমেন্ট পাবে। মন্ত্রী মহাশয় এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেছেন। আমি শুধু তাকে অনুরোধ করছি যাতে অতি দ্রুত হাসপাতালটার উন্নতি করা হয়, এটাই আমার একমাত্র আবেদন।

**শ্রী পান্নালাল মাজি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুতর সন্ত্রাসের বিষয় উল্লেখ করতে চাই। পঞ্চায়েত ইলেকশনের পরে হাওড়া জেলার উদয়নারায়ণপুর অঞ্চলে কংগ্রেসের লোকেরা যে ধরনের সন্ত্রাস করছে তাতে জন জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। পঞ্চায়েত নির্বাচনের পরের দিন ৩১ তারিখে পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবার পর সেখানে একজন লোক সুইসাইড করে। এই ঘটনাকে কেন্দ্র করে কংগ্রেস প্রচার করে যে সিপিএম খুন করেছে। তারপর কংগ্রেসের লোকেরা শীতল পাঁজা বলে একজন চাষির বাড়ি আক্রমণ করে, তার ধানের গোলা লুঠ করে, এবং সাত আট কাহন খড় পুড়িয়ে দেওয়া হয়, তার পাম্প সেট, পাওয়ার টিলার ভাংচুর করা হয়, বাড়িঘর ভাংচুর করা হয়। তারপর কাশিনাথ মহিষ বলে একজনের হাত মেরে ভেঙে দেওয়া হয়, রবীন ঘড়ুই বলে একজন লোক তার দোকান লুঠ করা হয়। এইরকমভাবে বহু লোকের উপর সেখানে অত্যাচার চলেছে। অবিলম্বে সেই এলাকায় যাতে মানুষ নিরাপদে বাস করতে পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহোদয়, গতকাল সিপিএম দলের পক্ষ থেকে বহু জায়গায় পথ-সভায় বক্তব্য রাখা হচ্ছিল। আমি আমার এলাকার একটা জায়গায় একটু দূর থেকে দাঁড়িয়ে বক্তব্য শুনছিলাম। প্রধানমন্ত্রীকে এবং তার পরিবারকে কেন্দ্র করে অকথ্য ভাষায় কুৎসিত গালিগালাজ করে বক্তব্য রাখা হচ্ছিল। আমার বিশ্বাস করতে অসুবিধা হচ্ছিল যে, সিপিএম-এর রাজ্য নেতৃত্বের ঐ বক্তব্যে অনুমোদন আছে। তা যদি না থাকে তাহলে বুঝতে হবে রাজ্য নেতৃত্বে নেতাদের নিচের স্তরের কর্মিদের ওপর কোনও নিয়ন্ত্রণ নেই, সম্পূর্ণ নিয়ন্ত্রণহীন হয়ে যে যা খুশি তাই বলে বেড়াচ্ছেন। স্যার, গতকাল বিধানসভায় শেয়ার কেলেঙ্কারির কুখ্যাত ব্যক্তিকে নিয়ে আলোচনা হয়েছে। সে বিষয়ে আমরা খুব বেশি আলোচনা করতে পারি নি, কারণ বিচারাধীন বিষয় সম্বন্ধে বলতে গিয়ে বার বার আমরা আটকে যাচ্ছিলাম। অথচ আমরা দেখছি কুখ্যাত ডন রশিদ খান বলছে, সে মুক্তি পেলে বহু চাঞ্চল্যকর সংবাদ সে পরিবেশন করবে।

**মিঃ স্পিকার :** হবে না। ডিস অ্যালাউড। বিষয়টা সাব-জুডিস আলোচনা করা যাবে না।

**শ্রী দীপক মুখার্জি :** আপনার মেনশন আউট অফ অর্ডার। ওটা বজবজ মিউনিসিপ্যালিটিকে বলুন, এখানে বলা যাবে না।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, পাভুয়া রেল স্টেশনটি একটা গঞ্জ এলাকায় অবস্থিত। তার উত্তর এবং দক্ষিণ দিক দিয়ে কয়েকটি বাস রুট আছে এবং একটা রিক্সা স্ট্যান্ড আছে। পাভুয়ার পশ্চিমদিকে সিমলাগড়, বৈঁচিগ্রাম এবং বৈঁচি স্টেশনে রেল ফটক আছে, কিন্তু পাভুয়ায় কোনও রেল ফটক নেই। ফলে জনসাধারণকে রেল লাইন ক্রস করে যাতায়াত করতে হয়। এরজন্য মাঝে মাঝেই ওখানে অ্যাক্সিডেন্ট হচ্ছে। এই গুরুত্বপূর্ণ জায়গায় অবিলম্বে একটা রেল ফটক নির্মাণের জন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর এবং তার মাধ্যমে রেল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

(At this Stage the House was adjourned till-1-00 p.m.)

[1-00 — 1-10 p.m.](After recess)

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে আমার কেন্দ্র কাঁদি এবং গোটা মুর্শিদাবাদ জেলাতে ট্রান্সফরমারের অভাবে বিদ্যুৎ সরবরাহ ভীষণ ভাবে মার খাচ্ছে, চাষিরা বিশেষ করে তাদের চাষের অত্যন্ত ক্ষতি হচ্ছে। এক একটা ট্রান্সফরমার পুড়ে গেলে সেগুলি ৭/৮ মাস এমন কি এক বছর পর্যন্ত মেরামত করা হচ্ছে না। রিপ্লেস করা হচ্ছে না। আমি যতদূর জানি কোনও গ্রামে কোনও ট্রান্সফরমার পুড়ে গেলে তার তারিখ নোট করে একটা প্রায়রিটি লিস্ট থাকে এবং সেই অনুযায়ী ক্রমান্বয়ে মেরামত করা হয়, কিন্তু এখন সেটা হচ্ছে না, এরমধ্যে টাকার লেনদেন হচ্ছে কিনা জানিনা যে প্রায়রিটি লিস্ট, সেই প্রায়রিটি লিস্টকে অতিক্রম করে যারা ঘুষ দিচ্ছে তাদের ট্রান্সফরমারগুলি আগে মেরামত হচ্ছে আর যারা ঘুষ দিতে পারছে না তাদের গুলি মাসের পর মাস পড়ে থাকছে। একটা সঙ্কট জনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে করে চাষিরা অত্যন্ত ক্ষিপ্ত হয়ে উঠেছে এবং বিদ্যুৎ দপ্তর ঘেরাও হচ্ছে বা দপ্তরের অফিসাররা নিগৃহীত হচ্ছেন। অবিলম্বে এই অবস্থার সুরাহা না করলে অবস্থা আয়ত্তের বাইরে চলে যাবে। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker :** Shri Prabir Banerjee mention case is out of order. Now Shri Nirmal Das.

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন আজ থেকে ৩০/৩৫ বছর আগে গড়ে ওঠে। উত্তরবঙ্গবাসীর পরিবহন পরিষেবা সমৃদ্ধ করার জন্য উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের নামে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন, ক্যালকাটা কর্পোরেশন, দুর্গাপুর পরিবহন ইত্যাদি আছে। আমাদের দাবি অবিলম্বে চা বাগানের যে সমস্ত বনাঞ্চল আছে সেখানে যে সমস্ত বাস সার্ভিস চালু করার জন্য জানাচ্ছি। আগে এইসব পরিবহন ব্যবস্থার পরিচালন ব্যবস্থার মধ্যে বিধায়কদের ভূমিকা ছিল এখন তা নেই অতীতে ন্যাথানিয়েল মুর্মু এবং দীপক মুখার্জি ছিলেন। এটা হচ্ছে অ্যাসিওরড বাই দি লেফট ফ্রন্ট গভর্নমেন্ট সেখানে পরিচালন ব্যবস্থায় আমাদের মাননীয় বিধায়করা যাতে আসতে পারেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন, উত্তরবঙ্গ মানুষের পরিবহন

পরিষেবা তাতে যাতে আসতে পারেন। এখন রকেট সার্ভিস চালু করার ঝোঁক দেখা দিয়েছে। যে রকেট বাসগুলি আছে সেগুলিও সেকেলে। আর আলিপুরদুয়ার থেকে যেসব রকেট বাস ছাড়ে সেগুলো প্রায়ই রাস্তায় খারাপ হয়ে যায়। সেখানে নতুন নতুন এলাকায় বাসের দাবি করলেই পরিবহন দপ্তর বলে থাকেন লোকসান হবে। অথচ দেখতে পাচ্ছি প্রতি বছর লক্ষ লক্ষ টাকা ভরতুকি দিতে হচ্ছে। আমার মনে হয় ঐ পরিবহন ব্যবস্থায় ত্রুটি রয়েছে যা কাটিয়ে ওঠা দরকার। আমি চাই জনপ্রতিনিধিরা ঐ পরিবহন ব্যবস্থার সঙ্গে যুক্ত থাকুন, এবং তাহলে আমরা মানুষকে বিষয়টা বুঝাতে পারব। বর্তমানে আমলারাই ব্যবস্থাটা পরিচালনা করছেন। যাতে ঐ পরিবহণ ব্যবস্থা যথাযথভাবে সার্থকতা লাভ করে তারজন্য দ্রুত ব্যবস্থা নেবেন, কারণ আজকে চা বাগান এলাকার মানুষের দারুণ ক্ষোভ। ঐ অঞ্চলের মানুষ আজকে নানাভাবে বঞ্চিত। সেজন্য পরিবহন মন্ত্রীকে অনুরোধ করছি, তিনি যেন বিষয়টা গুরুত্ব দিয়ে দেখেন।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বিষয়টা হল, সম্প্রতি দুরদর্শনে বাংলা অনুষ্ঠান চরমভাবে কমিয়ে দেওয়া হয়েছে। বিশেষ করে মেট্রো চ্যানেলের নাম করে এই অনুষ্ঠান প্রায় বন্ধ হবার মুখে। বর্তমানে সেকেন্ড চ্যানেলের সাড়ে চার ঘন্টা সময়ের মধ্যে বাংলা অনুষ্ঠান দেড় ঘন্টাও অনুষ্ঠিত হচ্ছে না। আমি এটা কোনও প্রাদেশিকতার কথা বলছি না। আমি বলছি জাতীয় চ্যানেলে ভারতের সব ভাষাকে সমানভাবে বরাদ্দ করা হোক, কিন্তু সেকেন্ড চ্যানেলে বাংলা ভাষায় অনুষ্ঠান বেশি করে দেখানো হোক। এই দাবিটা কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেবার জন্য আমি অনুরোধ রাখছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করছি। বিষযটা হল, আমাদের পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের রাজত্বে ২২টি শিল্প সংস্থাকে রুগ্ন হিসাবে তারা গণ্য করেছেন। এই ২২টি শিল্প সংস্থার ৪৬টি ইউনিটের সবগুলিই বি.আই.এফ.আরে গেছে। এই ব্যাপারে আমাদের সিটুর পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর কাছে কিছু সাজেশন রেখেছি। মুখ্যমন্ত্রীও তার পরিপ্রেক্ষিতে গত ৫ই মে একটা চিঠি লিখেছেন। তার উত্তরে প্রধানমন্ত্রী বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের সব মন্ত্রকের অধীনে একটা ত্রিপাক্ষিক কমিটি হবে এবং তারা এই ২২টি শিল্প সংস্থা সম্পর্কে পর্যালোচনা করে একটা রিপোর্ট দেবেন এবং তারপর বি.আই.এফ.আর সেটা অনুমোদন করবে। কিন্তু আজও কেন্দ্রীয় সরকারের বি.আই.এফ.আর কারখানাগুলির মালিকানা এবং প্রোমোটার হিসাবে দায়িত্ব গ্রহণ করছে না। ঐ কারখানাগুলিতে ১ লক্ষের মতো শ্রমিক রয়েছেন। কিন্তু আজকে সেগুলো বন্ধ হবার মুখে। যদি কেন্দ্রীয় সরকার প্রমোটার হিসাবে ওগুলোর দায়িত্ব না গ্রহণ করেন তাহলে সেগুলো বেসরকারি মালিকানায় চলে যাবে। একেই পশ্চিমবঙ্গে কোনও নতুন কারখানা হচ্ছে না, তার উপর ঐ ২২টি কারখানা সম্পর্কে মুখ্যমন্ত্রীকে আশ্বাস দেওয়া সত্ত্বেও তারা কিছু করছেন না। আমি এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি পশ্চিমবঙ্গে শিল্পায়নের স্বার্থে।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে এই পশ্চিমবঙ্গ সরকার উচ্চমাধ্যমিক, মাধ্যমিক স্তরে বিভিন্ন পরীক্ষার ফিস, ডেভেলপমেন্ট ফিস, লাইব্রেরি ফিস, স্পোর্টস অ্যান্ড গেমস ফিস, সমস্ত ফিসগুলি প্রায় দ্বিগুন হারে বৃদ্ধি করে দিয়েছেন। আজকে এই ফিস বৃদ্ধির ফলে মাধ্যমিক পরীক্ষা যেটা অবৈতনিক করার কথা সরকার ঘোষণা করেছিলেন সেটা কার্যত প্রহসনে পর্যবসিত হতে চলেছে। এমনিতেই পাঠ্য-পুস্তক এবং শিক্ষার ব্যয়-ভার যেভাবে বাড়ছে তাতে অভিভাবকদের ছাত্রছাত্রিদের শিক্ষার ব্যয়ভার বহণ করা কঠিন হয়ে পড়েছে। তার উপরে এই ফিস বৃদ্ধির ফলে আজকে বহু ছাত্র-ছাত্রির পড়াশুনা বন্ধ হয়ে যাবে। কাজেই এই জনস্বার্থ বিরোধী যে সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন সেটা প্রত্যাহার করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৮০।৭১ বিধানসভার রাণাঘাট ইস্টের ৭১ নম্বর বুথের দুটি সিটের একটিতে আমাদের পার্থি ছিলেন কলেজের ছাত্রি রত্না হাওলাদার। আর একটিতে ছিলেন মায়া দাস। ভোট শুরু হয় সকাল ৭।। টায়। কিন্তু ১১।। টার সময়ে এক মস্তান বাহিনী এসে রত্না হাওলদারকে মারে এবং তাকে বুথ থেকে তাড়িয়ে দেয় এবং মায়া দাসকেও তারা মারে এবং বুথ থেকে তাকেও তাড়িয়ে দেয়। তারা প্রকাশ্যে আমাদের সি.পি.এম-এর ভোটারদের মারে এবং তাড়িয়ে দেয়। আমরা পুলিশ প্রশাসনকে এবং এস.ডি.ওকে বলি যে আমাদের প্রার্থিদের যেতে দিন, এজেন্টদের ঢুকতে দিন, কারণ ওখানে রিগিং হচ্ছে। আমরা বারবার টেলিফোন করি, আমাদেল সাংসদ ডঃ অসীরাবালাও ছিলেন, তিনিও টেলিফোন করেন ডি.এম.-কে এবং বলেন যে এই বাচ্চা মেয়েকে তাড়িয়ে দেওয়া হয়েছে, এদের ওখানে যেতে দেওয়া হোক, এজেন্টদের ওখানে বসতে দেওয়া হোক, কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা বলেছিলাম যে ই.এফ.আর-এর ব্যবস্থা করা হোক। কারণ আমাদের এজেন্টদের অনুপস্থিতিতে যদি ভোট গণনা করা হয় তাহলে রিগিং হবে। এই গুন্ডা এবং মস্তান বাহিনীর নেতৃত্বে ছিল কংগ্রেস এবং তারা জোর করে ঐ বুধ দখল করেছিল, কাউন্টিংয়ের সময়ে কাউকে থাকতে দেওয়া হয়নি। কাজেই আমি এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বিষয়টা হচ্ছে, শ্রীরামপুরে ইন্ডিয়া জুট মিলের কাছে পৌরসভার ৩১ লক্ষ টাকা কর বাবদ বাকি আছে। বহুবার সেই কর দেবার জন্য ইন্ডিয়া জুট মিল কর্তৃপক্ষকে নোটিশ দেওয়া হয়েছে কিন্তু তারা কর্ণপাত করেন নি। এই বিষয়ে ডি.এম. এবং এস.ডি.ও হস্তক্ষেপ করেছেন কিন্তু প্রশাসনকেও তারা গুরুত্ব দেয়নি। সেখানকার মিউনিসিপ্যালিটির দুই জন কমিশনার, পিনাকি ভট্টাচার্য এবং দীপক ভঞ্জন ঘোষ এবং দুই জন অফিসার তারা কালকে পুলিশ নিয়ে মিল কর্তৃপক্ষের কাছে গিয়েছিলেন টাকা আদায় করতে। কিন্তু সেই সময়ে সমাজ বিরোধীরা এবং মিলের কর্তৃপক্ষ তাদের উপরে হামলা চালায়। এর ফলে কয়েকজন গুরুতর ভাবে আহত হয়ে হাসপাতালে

ভর্তি হয়েছে। কাজেই অবিলম্বে এই মিল কর্তৃপক্ষকে গ্রেপ্তার করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র গো-ঘাটে পঞ্চায়েত নির্বাচন ঘোষণার পর থেকে ব্যাপকভাবে সন্ত্রাস চলছে এবং এই সন্ত্রাস অব্যাহত আছে। গত ১৬ই জুম মান্দারন বাজার গ্রামে সন্ত্রাস চালিয়ে ৮।১০টি বাড়ি লুঠ করা হয় এবং সেগুলি ভাংচুর করা হয়। আমাদের সমর্থক ভক্তি রায়, তাকে টাঙ্গি দিয়ে মাথা ফাটিয়ে দেওয়া হয়। কামারপুর হাসপাতালে সে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। আমাদের জেলা সেক্রেটারি, মৃণাল ঘোষ আমাকে টেলিফোন করে জানান, আমি স্বরাষ্ট্র সচিবকে জানাই। ফিরে গিয়ে এস.ডি.ও এবং এস ডি.পি.ও-কে ঘটনাটা জানিয়ে ছিলাম। পরের দিন ১৭ তারিখে মান্দনের প্রাক্তন প্রধান সামসের আলিকে মেরে পাঁজর ভেঙে দিয়েছে, তার এখন রক্ত বমি হচ্ছে। আর একজন আমাদের কর্মী আইফলকে তার ডান হাত এবং বাম পা কুড়ুল দিয়ে কেটে দিয়েছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি ওখানকার সমাজবিরোধীদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং ক্ষতিগ্রস্ত মানুষদের পুনর্বাসন দেওয়া হোক।

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন পশ্চিমবাংলা তথা ভারতবর্ষ এবং ভারতবর্ষের বাইরে কৃষ্ণনগরের মৃৎশিল্পের কথা সবাই জানে। এই মৃৎ শিল্পী যারা আছে তারা শুধু মাটির জিনিস তৈরি করে তা নয়, ব্রঞ্জের বিভিন্ন মূর্তি তারা তৈরি করে। কলকাতার ময়দানে বিভিন্ন মূর্তি কৃষ্ণনগরের শিল্পীরা তৈরি করেছে। এখানকার বহু শিল্পী রাষ্ট্রপতি পুরস্কার পেয়েছে, যেমন গৌতম পাল, কার্তিক পাল এবং গণেশ পাল। এই সমস্ত শিল্পীরা আজ অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়েছে। এই সমস্ত শিল্পীরা ব্রোঞ্জের এবং মাটির মূর্তি তৈরি করে জগৎ বিখ্যাত হয়েছে এবং জগতের কাছে ভারতবর্ষের সুনাম তুলে ধরেছে। রাজীব গান্ধী এই গৌতম পালকে মস্কোতে পাঠিয়ে ছিলেন সেখানে গান্ধীর মূর্তি তৈরি করতে। আজকে এই সমস্ত পালেরা, যারা এই মাটির এবং ব্রোঞ্জের জিনিসপত্র তৈরি করে তাদের বাঁচানোর ব্যবস্থা করুন। তারা আজকে অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়েছে। আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এই সমস্ত মৃৎ শিল্পী এবং তাদের পরিবারকে বাঁচানোর ব্যবস্থা করেন।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন :** রেড ব্যাঙ্ক চা বাগানে যে নারকীয় ঘটনা ঘটে গিয়েছে তাতে এই পর্যন্ত যা খবর পাওয়া গেছে তাতে জানা গেছে ১৩ জন সি.আই.টি.ইউ কর্মী নিহত হয়েছে এবং ৫ জন আহত অবস্থায় হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এখানে এই নিয়ে আলোচনা হচ্ছে, বিবৃতি দেওয়া হচ্ছে, কিন্তু সরকারের কাছে আমি জানতে চাই ওই সমস্ত দুর্গত পরিবারগুলির উপযুক্ত ক্ষতিপূরণের জন্য মালিক পক্ষকে বলা হবে কিনা? কারণ উক্ত চা বাগানের মালিক আমি মনেকরি যুক্ত ছিল নারকীয় ঘটনায়। এই সমস্ত ক্ষতিগ্রস্ত পরিবার যাতে উপযুক্ত ক্ষতিপূরণ পায় এবং কর্মসংস্থান হয় তারজন্য আবেদন জানাচ্ছি। আর এখনও পর্যন্ত অনেক প্রকৃত খুনি ঘুরে বেড়াচ্ছে, তারা পাশের ডায়না জঙ্গলে লুকিয়ে বেড়াচ্ছে। এই ব্যাপারে পুলিশের ততপরতার অভাব লক্ষ্য করছি। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে প্রকৃত অপরাধিদের ধরে কঠোরতম শাস্তি বিধানের ব্যবস্থা করা হয়।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ করতে চাই। হরিহর পাড়া থানা এলাকায় বেশকিছু দিন ধরে সরকারি রাস্তার ধারে খাস জমির উপর গাছ কাটার অভিজান চলছে। বি.এল.আর.ও-কে সেখানকার জনগণ জানিয়েছে, কিন্তু কোনও ফল হয় নি। চোয়া পঞ্চায়েত প্রধান স্বয়ং নিজে রাস্তার গাছ কাটছে এবং ব্যবসা করছে। এই ব্যাপারে স্থানীয় মানুষ সোচ্চার হয়েও বিফল হয়েছে গাছ কাটা বন্ধ করতে। এটা ব্যাপক হারে চলেছে। পাশাপাশি যারা জোরদার আছে তারা ঐক্যবদ্ধ ভাবে সমস্ত বাগান কেটে সাফ করে ফেলছে। এমত অবস্থায় চোয়া পঞ্চায়েত এলাকায় বিভিন্ন জায়গায় এই ধরনের গাছ কাটা হচ্ছে। এই বিষয়ে আমি ভূমিরাজস্ব মন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ব্যাপারে তদন্ত হয় এবং দোষি ব্যক্তিদের শাস্তির ব্যবস্থা করা হয়।

[1-20 — 1-30 p.m.]

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গঙ্গারামপুরে গত ১৪-১৬ই জুন ৭২ ঘন্টা একফোঁটা বিদ্যুৎ ছিলনা। বিষয়টি আমি এই কারণে এই সভায় উল্লেখ করছি যে, বিষয়টি আমাদের কাছে অত্যন্ত রহস্যময় এবং ষড়যন্ত্রপূর্ণ বলে মনে হয়েছে। গঙ্গারামপুরে বিদ্যুৎ সরবরাহ করা হয় তপন থানার শালাজ ও বুনিয়াদপুর থেকে। তপন থানার ঠাঙ্গাপাড়া থেকে বুনিয়াদপুর পর্যন্ত বিদ্যুৎ ছিল কিন্তু গঙ্গারামপুরে বিদ্যুৎ ছিল না। বিরোধী কংগ্রেসিরা পরিকল্পিত ভাবে ৭২ ঘন্টা এই বিদ্যুৎ বিভ্রাট ঘটিয়েছে। কংগ্রেসি সমাজবিরোধীরা বিদ্যুৎ অফিসে হামলা করেছে, সমস্ত কাগজপত্র ছড়িয়ে ফেলেছে ও তছনছ করেছে, সবকিছু ভাংচুর করেছে। বিষয়টি আমি এই কারণে উল্লেখ করছি যে, গঙ্গারামপুরে বিদ্যুতের যে অফিস রয়েছে, সেখানে আই-এন-টি-ইউ-সি. পরিচালিত কিছু কর্মী কংগ্রেসি সমাজবিরোধীদের সাথে আঁতাত করে বিদ্যুৎ নিয়ে কারচুপি করছে। তারা সমস্ত ইন্ডাস্ট্রির মিটারগুলো পুড়িয়ে দিচ্ছে। তারা মিটার রিডিং ঠিকমতো করছে না। এই দুর্নীতির সাথে তারা যুক্ত হয়ে পড়েছে। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, লাইন্সম্যানদের সাথে পরিকল্পিত ভাবে যোগসাজস করে কংগ্রেসিরা এই ধরনের কাজগুলো করছে। এই সমস্ত অপরাধিরা ১৫ তারিখে অফিস ভাংচুর করেছিল। আমরা বিস্ময়ের সাথে লক্ষ্য করেছি যে গতকাল তারা রাস্তা অবরোধ করে গোটা গঙ্গারামপুর থানায় একটা জ্যামজট সৃষ্টি করেছে। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে অনুরোধ করছি, ঐ সমস্ত দোষি ব্যক্তিদের গ্রেপ্তারের ব্যবস্থা করুন এবং অবিলম্বে তাদের বদলি করুন।

**শ্রী ইউনুস সরকার ঃ** (উপস্থিত ছিলেন না।)

**শ্রী পরেশচন্দ্র অধিকারি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সার্কের চুক্তি অনুযায়ী ভুটান সরকারের কাছে বিভিন্ন মালপত্র, যেমন কমলালেবু, ডলোমাইট, বোল্ডার এইসব আমাদের এখান থেকে পাঠানো হয়। এগুলো আমাদের রাণীহাট, চাঁড়াবান্দা সড়ক দিয়ে নিয়ে যাওয়া হয়। চাঁড়াবান্দা ও রাণীহাটে যে সড়ক পথ আছে, বর্তমানে সেই সড়ক পথে প্রতিদিনই কমপক্ষে পাঁচশো ট্রাক যাতায়াত করে। কিন্তু রাস্তাগুলোর যে অবস্থা তাতে প্রতিদিনই দুর্ঘটনা

ঘটছে। রাস্তাগুলোর বেহাল অবস্থার জন্য এই দুর্ঘটনা ঘটছে। চাঁড়াবান্দা ও রাণীহাটের সড়ক পথটি জলপাইগুড়ি জেলায় যাওয়ার ক্ষেত্রে একটি মাত্র রাস্তা, একমাত্র যোগাযোগের রাস্তা। অতিশীঘ্র যাতে এই রাস্তাগুলোর মেরামত করা হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি। এই সাথে, এই রাস্তায় সুনন্দা নদীর উপরে একটিমাত্র যে ব্রিজ আছে তার অবস্থা বেহাল। এই ব্রিজটি যদি তাড়াতাড়ি মেরামত না করা হয় তাহলে সেখানে দুর্ঘটনা ঘটতে পারে বলে আমি মনেকরি।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। রাস্তাঘাটের অবস্থা খুবই খারাপ। কিন্তু ওর কিছু করার নেই। টাকা না পেলে উনি কি করবেন? ওর ইচ্ছা থাকলেও কিছু করার নেই। কি করবেন? পূর্তমন্ত্রী মহাশয়, আপনি দয়া করে একটু আমার কথা শুনুন। আমার কথা হচ্ছে, টাকা নেই, আপনি কি করবেন? একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে যে আপনাদের ডিপার্টমেন্টের এরজন্য টাকা লাগবে না কিন্তু দপ্তরের লোকদের কর্তব্যে অবহেলার জন্য প্রতিটি রাস্তাই প্রায় জমি দখল হয়ে যাচ্ছে। এন এইচ ৩৪ যে জমি যার দাম ১ ডেসিমিল ২-৩ লক্ষ টাকা সেই জমিও দখল হয়ে যাচ্ছে। মালদহ জেলার সুপারিনটেনডেন্ড আসার পরে এর প্রতিরোধ করেছিলেন এবং রাস্তা পরিষ্কার করে দিয়েছিলেন। যথেষ্ট উন্নতি করেছিলেন কিন্তু চলে যাবার পরে আগের অবস্থায় ফিরে আসে। পঞ্চায়েতের ভোটের আগে কোনও সরকার ছিল বলে মনে হচ্ছিল না কারণ রাস্তাগুলো সব দখল হয়ে গেছিল। আমরা এই ব্যাপারে থানাতেও গেছিলাম কিন্তু থানা থেকেও বলা হল যে আইনে এইসব উদ্ধার করা যাবে না। এখন থেকে যদি এর ব্যবস্থা না করেন তাহলে রাস্তাগুলোতে যে পরিমাণ অ্যাক্সিডেন্ট হচ্ছে তা আর ঠেকাতে পারবেন না। সুতরাং কোনও যদি আইন করা যায় তাহলে সেই দখলিকৃত জমি উদ্ধার হতে পারে এই ব্যাপারে আমি আপনাকে বিশেষ করে আবেদন নিবেদন করছি যাতে এর ব্যবস্থা হয়। পঞ্চায়েতের জন্য কাজ করার সময় আছে কিন্তু রাস্তা রক্ষা করার তাদের দায়িত্ব নেই। এই বিষয়টি একটু চিন্তা ভাবনা করা যায় তার অনুরোধ করছি।

**শ্রী ননী কর ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন হচ্ছে যে, আমাদের বিরোধীপক্ষের দলের মধ্যে কি বিতর্ক বা বিবাদ আছে সেই বিষয়ে আমি এখানে বলছি না কিন্তু খবরের কাগজে কি ওরা বলছেন না বলছেন তারমধ্যেও যাচ্ছি না। কিন্তু খবরের কাগজে বেরিয়েছে যে আমাদের বিরোধীপক্ষের খুব ইমপর্টেন্ট সদস্য সত্যরঞ্জন বাপুলি এবং সৌগত রায় নাকি পদত্যাগ করছেন। তারা দুজনেই এস্টিমেটস কমিটির সদস্য। আপনার কাছে এই ব্যাপারে কোনও খবর আছে কিনা সেটা জানার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** খবরের কাগজে কি লিখল না লিখল তাতে আমাদের ত্রে নোটিশে আনার দরকার নেই, আমাদের যখন জানাবেন তখন আমরা জানাব।

**শ্রী ননী কর ঃ** কাগজে বেরিয়ে যাবার পরে যদি অস্বীকার করেন তা তো হয় না।

একটা গণ মাধ্যমে চলে যাওয়ার পরে রাস্তায় অস্বীকার করলে চলবে না, এই দিকটা তো দেখতে হবে। আপনি যদি অনুমতি করেন তাহলে এখানে সত্য বাপুলি মহাশয় রয়েছেন তার কাছ থেকে ঘটনাটি কি জানা যেতে পারে।

**মিঃ স্পিকার ঃ** আমার কাছে কিছু দেয় নি। তারা যদি প্রয়োজন মনে করেন তো জানাবেন তখন আমি নজরে নেব। ওরা গোচরে না আনলে তো আমার জানার দরকার নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি যে রুলিং দিয়েছেন সঠিক রুলিংই দিয়েছেন। খবরের কাগজের কথা তুলে যদি এখানে আলোচনা করা হয় তাহলে আমরাও অনেক কথা কাগজের সুত্র ধরে তুলতে পারি। সুতরাং, এই যে রেকর্ড করা হল এটা আপনি এক্সপাঞ্জ করতে বলুন কারণ তা না হলে রেকর্ড থেকে যাবে তো।

**মিঃ স্পিকার ঃ** না এক্সপাঞ্জ হবে না।

## ZERO HOUR

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি এই সভায় বি.জে.পি. সম্বন্ধে বক্তব্য রেখে বলেছিলাম হর্ষদ মেহেতার সঙ্গে বি.জে.পি'র একটা সম্বন্ধ আছে এবং জেঠমালানির মাধ্যমে এই সম্বন্ধটা গড়ে উঠেছে এবং আমাদের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যে অসত্য অভিযোগটা আনা হয়েছে সেটা ঐ জেঠমালানির মাথা থেকে এসেছে। বি.জে.পি. সেটাকে মূলধন করে প্রধানমন্ত্রীর পদত্যাগ চাইছে। স্যার, কালকে যখন এটা নিয়ে এখানে এক ঘন্টা আলোচনা হল তখন আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হাউসে উপস্থিত ছিলেন। তিনি কিন্তু বিধানসভায় উপস্থিত থেকেও সেই আলোচনায় অংশ গ্রহণ করেন নি বা কোনও কথা বলেন নি। কিন্তু দেখলাম যে বাইরে গিয়ে তিনি এ সম্বন্ধে মন্তব্য করেছেন। স্যার, ঠিক একই মন্তব্য — বি.জে.পি. যে মন্তব্য করেছে উনিও সেই মন্তব্য করেছেন। আমি তাই বলব, বি.জে.পি'র সঙ্গে আপনাদের একটা কঠিন গাটছড়া বাঁধা আছে এবং মুখ্যমন্ত্রীর বক্তব্য থেকেই সেটা পরিষ্কার হয়ে গিয়েছে। বি.জে.পি. যেটা চাইছে আপনারাও সেটা চাইছেন। আপনারা দু দলে একসঙ্গে পরামর্শ করে এটা চাইছেন। ঠিক যেমন ভি.পি.সিং-এর সঙ্গে পরামর্শ করে একবার করেছিলেন এবারও ঠিক সেইরকম ভাবে করছেন এবং সেটা ধরা পড়ে গিয়েছে। তিনি বিধানসভায় থাকলেন, তার যদি কোনও বক্তব্য থাকত তিনি বিধানসভায় তা বলতে পারতেন পরিষ্কার করে কিন্তু তা না করে তিনি বাইরে গিয়ে বললেন। ঠিকই একই সুর — বি.জে.পি. যে সুরে কথা বলছে সি.পি.এমও সেই একই সুরে কথা বলছে। জ্যোতিবাবু বাইরে গিয়ে বলে সেটা প্রমাণ করে দিয়েছেন। বিধানসভা খোলা আছে, তিনি উপস্থিতও ছিলেন কিন্তু এখানে সে সম্বন্ধে কথা না বলে, বিধানসভাকে অপমান করে, উপেক্ষা করে তিনি সংবাদপত্রের মাধ্যমে এমন একটা কথা বললেন যা বি.জে.পি. বলেছে। এটা স্যার, ভাবের ঘরে চুরি করা হচ্ছে। আমি জিজ্ঞাসা করতে চাই—পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কি চান সেটা তিনি সত্যি করে বলুন। তিনি কি নির্বাচন চান? যদি তা চান তাহলে আমরা নির্বাচনে যেতে প্রস্তুত আছি। এই সময় তার পক্ষে নির্বাচন চাওয়া অস্বস্তিকর সেটা আমরা জানি কিন্তু বি.জে.পি. নির্বাচন চাইছে এবং তারা মনে করছে এই সময় নির্বাচন হলে তাদের সুবিধা হবে। উনি ঐ ভি.পি.সিং-এর সঙ্গে হাত মিলিয়ে যে খেলা রাজীব গান্ধীর সময়

খেলেছিলেন সেই একই খেলা খেলতে চাইছেন। কারণ ওর কাছে ক্ষমতাই সবচেয়ে বড়। ওর কাছে দেশ ছোট, দেশ কিছু নয়, দেশের মানুষ, দেশের অখন্ডতা কিছু নয়, ভারতবর্ষের সম্মান কিছু নয়, এগুলি তার কাছে কিছুই নয়, এতে তিনি কিছু মনেও করেন না—এটা আগেও প্রমাণ হয়েছে সেটা আবার প্রমাণ করলেন ঐসব কথা বলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য তথা পশ্চিমবঙ্গবাসীর কাছে বলতে চাই যে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বি.জে.পি'র সঙ্গে হাত মেলাতে চান কিনা তা তিনি পরিষ্কারভাবে বিধানসভায় এসে বলুন। তিনি যদি বি.জে.পি'র সঙ্গে হাত মেলাতে না চান তাহলে বলুন যে বি.জে.পি'র দ্বারা আনীত হর্ষদ মেহেতার অভিযোগ সম্পূর্ণ অসত্য, যোগসাজসে তৈরি করা ঘটনা। ভারতবর্ষের সংহতি, অখন্ডতা সার্বভৌমত্ব রক্ষার স্বার্থে এবং বিশ্বের দরবারে ভারতকে যেভাবে ছোট করা হচ্ছে তা রুখতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে তিনি তাহলে বিধানসভায় দাঁড়িয়ে এর বিরুদ্ধে প্রতিবাদ করুন। বিশ্বের দরবারে ভারতের সম্মান রক্ষার স্বার্থে আমি দাবি করব বিধানসভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী এর প্রতিবাদ করুন।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে আগে এ দিককার লোকরা উত্তরবঙ্গে যেতে চাইতেন না ম্যালেরিয়ার ভয়ে। মাঝখানে আমরা লক্ষ্য করেছিলাম যে ডুয়ার্স এলাকা থেকে ম্যালেরিয়া প্রায় উঠেই গিয়েছে। কিন্তু ইদানিং দু/তিন বছর হল সেখানে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব খুব বেড়ে গিয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আজকে এ সম্পর্কে বিবৃতি দিয়েছেন। কিন্তু কথা হচ্ছে, ম্যালেরিয়া যখন শুরু হয় তখন যদি প্রিভেনটিভ মেজারস নেওয়াহয় তাহলে ভাল হয়। আমার বক্তব্য হচ্ছে, আজকাল তো নানান রকমের বৈজ্ঞানিক নিরীক্ষা, গবেষণার ফল বের হয়েছে এর মাধ্যমে যদি গোড়া থেকেই একটা লাগাতার প্রক্রিয়া নেওয়া যায় তাহলে মনে হয় ম্যালেরিয়া দুরীভূত হবে। উত্তরবঙ্গের ডুয়ার্স এলাকায় মাঝখানে ম্যালেরিয়া মুক্ত ছিল। ওখানকার জল হাওয়া ভাল, সেই অবস্থা ফিরে আসছে। তাই আবেদন করব ম্যালেরিয়া হলে চিকিৎসা হবে এবং ম্যালেরিয়া না হলে চিকিৎসা হবে না, এটা ঠিক নয়। লাগাতার একটা কর্মসূচি ম্যালেরিয়া সম্পর্কে নেওয়া দরকার। আমি অনুরোধ করছি যাতে গোড়া থেকে ম্যালেরিয়া প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করেন, এই ব্যাপারটা একটু দেখুন।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার মালদহ জেলার গঙ্গা ভাঙনের গুরুত্বপূর্ণ বিষয়ে। মালদহের মানিক চক থেকে পঞ্চাননপুর পর্যন্ত গঙ্গার ভাঙন শুরু হয়েছে। ২৪নং স্পার হয়ে ভাগীরথি এবং পাগলা নদীর কাছাকাঠি এই ভাঙন শুরু হওয়ার ফলে অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। এবং বাঁধ রিপেয়ার না হওয়ার জন্য দেখা যাবে আমাদের ভাগীরথি পাগ্‌লা নদীর ভেতর দিয়ে গঙ্গা বইতে শুরু করবে। এরফলে মালদহের মানচিত্র পাল্টে যাবে সার্ভে রিপোর্টে। গোটা মালদহ জেলা এবং মালদহের এন.টি.পি.সি. শুন্যে ঝুলবে। কিন্তু সেচ দপ্তর থেকে বাঁধ রিপেয়ারের জন্য মাত্র ৮০ লক্ষ টাকা স্যাংশন করা হয়েছে যেখানে পাঁচ কোটি টাকার বেশি দরকার হবে। মালদহ যখন জলের তলায় চলে যাবে তখন পাঁচ কোটি টাকা দিয়েও কিছু হবে না। আজকে স্টেট গভর্নমেন্ট ৮০ লক্ষ টাকা খরচ করে এই বাঁধকে ঠিক করার ব্যবস্থা

নিচ্ছেন। তাই আপনার মাধ্যমে সেচমন্ত্রীর কাছে আবেদন করব মালদহের মানুষের স্বার্থে এবং এন.টি.পি.সি'র স্বার্থে যথাযথ ব্যবস্থা নিন।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, সম্প্রতি কেন্দ্রীয় সরকারের যে পলিসি, বিশেষ করে মূল্য নীতি, তারজন্য যেভাবে জিনিসপত্রের দাম বাড়ছে এবং ওরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমাবেন, কিন্তু দেখা যাচ্ছে এখনও নিজেদেরই দাম কমিয়েছেন, কিন্তু জিনিসপত্রের দাম দিনের পর দিন বাড়ছে। ফলে আমাদের রাজ্যের মানুষের উপর তার প্রতিক্রিয়া দেখা দিয়েছে। যারা সরকারি কর্মচারী, শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী তারা খুব কষ্টে আছে, অতীতে কেন্দ্রীয় সরকার যেমন যেমন ডি.এ. ঘোষণা করেছিলেন, রাজ্য সরকারও সমান তালে তা মেনে নিয়ে ডি.এ. ঘোষণা করেছেন। কিন্তু বেশ কিছুদিন কেন্দ্রীয় সরকার নোট ছাপিয়ে কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের ডি.এ. দিচ্ছেন, তাদের কোনও অসুবিধা নেই, এবং এখানকার যে সমস্যা তা হৃদয়ঙ্গম না করে কেন্দ্রীয় সরকার এর কাছ থেকে রাজ্যের যে অর্থ পাওনা তারা রাজ্য সরকারকে না দেওয়ার ফলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষ, এখানকার সরকারি কর্মচারী, শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী তারা যন্ত্রনার মধ্যে দিন কাটাচ্ছে। তাই আমি অনুরোধ করছি মুখ্যমন্ত্রী এই সম্পর্কে বিবেচনা করুন কারণ অর্থমন্ত্রী সম্প্রতি বলেছেন যে বর্তমানে রাজ্যের আর্থিক অবস্থা নাকি ভাল হয়েছে। যখন আর্থিক অবস্থা কিছুটা ভালর দিকে তখন অবিলম্বে রাজ্য সরকারি কর্মচারী, শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিদের তাদের প্রাপ্য ডি.এ. ঘোষণা করুন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অর্থ পাওনা আছে তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করুন। এখানকার সরকারি কর্মচারী, শিক্ষ,ক এবং অশিক্ষক কর্মচারিরা তারজন্য আন্দোলন করবেন, তারা রাজ্য সরকারের পাশে থাকবে। রাজ্য সরকারকে ডি.এ. ঘোষণা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পঞ্চায়েত নির্বাচনের পর আমরা বিভিন্ন সময়ে মুখ্যমন্ত্রীর কাছে শুনেছি রাজ্যের সর্বত্র শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য তিনি তার পার্টি ক্যাডারদের অনুরোধ করেছেন। অথচ কৃষ্ণনগর ১নং ব্লকে ভীমপুর এবং আষাঢ়নগর অঞ্চলে সিপিএম ক্যাডাররা পশুপতি ঘোষ নামে একজন কংগ্রেস সমর্থককে বিজয় উৎসবের নামে মিছিল করে গিয়ে গুলি করে হত্যা করেছে। শুধু তাই নয়, ঐ দুটি অঞ্চলের যে সমস্ত মহিলারা কংগ্রেসকে ভোট দিয়েছিল তাদের ঘরে ঘরে গিয়ে তাদের ওপর অত্যাচার করেছে, বাড়ি ঘর ভেঙেছে। শুধু কংগ্রেস সমর্থকদেরই নয়, অন্যান্য দলের সমর্থকদেরও বাড়ি ঘর ভেঙেছে। অত্যাচারের এবং প্রাণের আশঙ্কায় ঐ দুটি অঞ্চলের বহু গ্রামবাসী গ্রাম ছেড়ে অন্যত্র চলে গেছেন। এই ঘটনার আসল আসামি, যার বিরুদ্ধে বিভিন্ন সময়ের বিভিন্ন হত্যার মামলা রয়েছে তার নাম আমজাদ খান। এই সমাজ-বিরোধীকে কৃষ্ণনগর কোতয়ালি থানার পুলিশ আজ পর্যন্ত গ্রেপ্তার করতে পারেনি। নদীয়ার এস.পি.'ও তাকে গ্রেপ্তার করছেন না। অথচ মাননীয় মুখ্যমন্ত্রী বারবার বলছেন পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা ভাল। কিছুক্ষণ আগেই সিপিএম-এর সুভাষবাবু আইন-শৃঙ্খলার কথা বলেছেন এবং আইন-শৃঙ্খলা সংক্রান্ত একটি বিষয়ে তদন্ত দাবি করেছেন। আমিও কৃষ্ণনগর এক নং ব্লকের ভীমপুর এবং আষাঢ়নগর অঞ্চলের হত্যাকান্ড এবং সন্ত্রাসের ঘটনার আপনার

মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে তদন্ত এবং প্রতিকার দাবি করছি। আমি দাবি করছি অবিলম্বে ঐ আসামিকে গ্রেপ্তার করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচ ও জলপথ বিভাগের এবং অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় মহানন্দা মাস্টার প্ল্যানের অবস্থা অত্যন্ত খারাপ। রামায়ণপুর, ভালুকাবাজার এবং খিদিরপুরের বাঁধের অবস্থা অত্যন্ত খারাপ। রামায়ণপুরে ফুলাহার নদীর জল ২০০ গজের মধ্যে চলে গেছে। কিন্তু এখন পর্যন্ত ওখানে বাঁধ মেরামত এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য এক পয়সাও মঞ্জুর করা হয়নি। অথচ আমরা দেখছি প্রতি বছরই বন্যার সময় লক্ষ লক্ষ টাকা জলে ফেলা হয়। আগে থাকতে বাঁধগুলো মেরামত করলে এবং বন্যা নিয়ন্ত্রণের অন্যান্য ব্যবস্থা গ্রহণ করলে বন্যার সময় ঐ টাকা নষ্ট করতে হয়না। কিন্তু প্রতি বছরই এবিষয়ে আমাদের কোনও কথা শোনা হয়না। এখন পর্যন্ত যা অবস্থা হয়েছে এবং এখনই যদি বাঁধ মেরামতের ব্যবস্থা না করা হয় তাহলে এবারে আবার নতুন করে বাঁধ ভাঙবে গোটা মালদা জেলার তিন ভাগই ডুবে যাবে। তখন লক্ষ লক্ষ টাকা খরচ করতে হবে। সুতরাং অবিলম্বে ওখানে বাঁধ মেরামত এবং বন্যা নিয়ন্ত্রণের অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সাথে সাথে বিহারের দিকের বাঁধগুলো যদি মেরামত না করা হয় তাহলেও আমাদের ক্ষতি হয়ে যাবে। সুতরাং বিহার সরকারের প্রতিনিধিদের ডেকে এখনই তাদের সঙ্গে মিটিং করা দরকার। সেজন্য আমি বিষয়টির প্রতি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। স্যার, আপনি জানেন রাজ্য সরকার যেখানে সাংবাদিকদের স্বাধীনতার কথা বলেন সেখানে আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি লালবাজারে সাংবাদিকদের সংবাদ সংগ্রহের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। কারণ সম্প্রতি সল্ট লেকের জমি কেলেঙ্কারির বিষয় এবং আরও কিছু বিষয় যেভাবে সংবাদপত্রে ফাঁস হয়েছে তাতে সরকার এবং শাসক দল খুবই অসুবিধাজনক অবস্থায় পড়েছে। এই অবস্থায় নতুন করে সংবাদ চেপে দেবার জন্য নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। স্যার, আপনি জানেন তুষার তালুকদার পুলিশ কমিশনার হিসাবে আসার পর তিনি নিজে বলেছেন, — নিচেরতলার পুলিশ অফিসাররা লালবাজার থেকে মেয়র ফ্যাক্টস সংবাদপত্রের জন্য সাংবাদিকদের দিতে পারবেন। কিন্তু গত ১৬ তারিখ নতুন করে আবার নিষেধাজ্ঞা অবিলম্বে প্রত্যাহার করা হোক এবং রাজ্য সরকার তাদের ঘোষিত নীতি অনুযায়ী — সাংবাদিকদের স্বাধীনতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নীতি নিয়ে — চলুন।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে একটি আবেদন করতে চাই। গতকাল এই বিধানসভা থেকে ফেরবার পর আমার ওখানে গিয়ে শুনলাম যে, পান্ডুয়ায় কুলিপাড়া গ্রামে আমাদের কর্মিরা আক্রান্ত হয়েছে। আসগার আলিকে মারধোর করে তার হাত ভেঙে দিয়েছে এবং সেখানে প্রচার করা হচ্ছে

যে ঐ বানারপুর চা বাগানে যে ঘটনা ঘটেছে এখানেও সেইরকম হবে। এইভাবে মারধোর করে খুন করা হবে। আমি মনেকরি যারা এইরকম পরিস্থিতির সৃষ্টি করতে চাইছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হোক এবং দোশীদের শাস্তি দেওয়া হোক।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকমাস ধরে দেখা যাচ্ছে যে মুখ্য নির্বাচনী অফিসার নিয়োগ নিয়ে একটা অস্বস্তিকর অবস্থা চলছে। নির্বাচন কমিশনের কাছে রাজ্য থেকে নাম যাচ্ছে, এবং তা খারিজ হয়ে চলে আসছে। মুখ্য নির্বাচনী অফিসারের নাম ঘোষিত না হলে সামনে জুলাই মাসে রাজ্যসভার নির্বাচন আসছে। কয়েকদিন আগে কতকগুলি রাজ্যের উপ-নির্বাচন এ পর্যন্ত হতে পারল না। শোনা যাচ্ছে যে বিষয়টি নিয়ে রাজ্য সরকার আদালতে যাচ্ছেন। বিধানসভা চলছে, এতবড় একটা প্রশ্ন বিধানসভাকে অবহিত না করে আদালতের দ্বারস্থ হতে চলেছেন বলে আমি আপনাকে জানাচ্ছি যে অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রী সভায় এসে বিষয়টি কোন পর্যায়ে দাঁড়িয়ে আছে সেটাকে প্রেসটিজ ইস্যু না করে মুখ্য নির্বাচন কমিশনার টি.এন. শেষন মহাশয়ের সঙ্গে অবিলম্বে বৈঠকে বসুন। বৈঠকে বসে নির্বাচনী অফিসারের সম্বন্ধে একটা সিদ্ধান্ত গ্রহণ করুন। আমাদের উপ-নির্বাচন এরজন্য আটকে আছে, আগামী জুলাই মাসে রাজ্য সভার নির্বাচন আছে সে সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী সভায় একটা বিবৃতি দিন।

**শ্রী সুন্দর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উত্থাপন করছি। গত ২৭ তারিখে আমাদের লালগড়ে সি.পি.এমের লোকাল কমিটির অফিস সেখানে ঝাড়খন্ডি এবং কংগ্রেসিরা ৩৩ জন মোটর সাইকেলে এসেছিল আমাদের পার্টি অফিসে আগুন দেয়। জনসাধারণ এগিয়ে এলে তারা পালাবার চেষ্টা করে, একটা মোটর বাইক স্টার্ট না হবার ফলে ৪ জন লোক ধরা পড়ে মানুষ তাদের ধরে থানায় দেয় এখনও ২০/২২ জন বাইরে রয়েছেন। অবিলম্বে এদের খুঁজে বার করে শাস্তির ব্যবস্থা যাতে করা যায় সেজন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রকাশ মিঞ্জ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি এলাকা দার্জিলিং জেলার নকশালবাড়ি থানায় সেখানে অটল চা বাগান এবং সাতভাই চা বাগান গত ২৬শে এপ্রিল এবং ৭ই মে মালিকপক্ষ বে-আইনিভাবে লক আউট ঘোষণা করে। এরফলে দুটি চা বাগানের এক হাজার শ্রমিক বেকার হয়ে পড়েছে। শ্রমিকেরা অবিলম্বে ঐ চা বাগান খোলার জন্য দাবি জানাচ্ছে। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা উদ্বেগের বিষয় থেকে এখন সকলকে আশ্বস্ত করা যাবে। আজ বেলা ১০টা ১০ মিনিটে ফেয়ারলি প্লেস হুগলি নদীর জলপথের একটি লঞ্চ ছেড়ে গার্ডেনরীচের দিকে যাবার সময় ঝড় হওয়ায় আর যেতে পারে না, ফিরে আসার চেষ্টা করে এবং আসবার পথে ডুবে যায়। ৪ জন প্যাসেঞ্জার ছিল। ওদের ভাষায় ৪টে পিন থাকায় লঞ্চটির তলা ফুটো হয়ে যায়। যারা চালক ছিল তারা জলে ঝাঁপিয়ে পড়ে দড়ি ধরে একটি পোস্টের সঙ্গে বেঁধে ফেলে এবং ঐ ৪ জন লোককে উদ্ধার করে। তাদের সুস্থ্য করে পরে বাড়ি পাঠিয়ে দেয়। লঞ্চ ডুবে গেলে দড়ি বেঁধে ফেলার জন্য একটু জেগে

রয়েছে। হুগলি নদী পরিবহন সমিতি, পরিবহণ মন্ত্রী মহাশয় শ্রী শ্যামল চক্রবর্তী এবং আমরা গিয়ে দেখে এসেছি। ইতিমধ্যে মাননীয় মন্ত্রী শ্যামল চক্রবর্তী, ঐ দপ্তরের সচিব শ্রী এস.এন.রায় এবং আমরা গিয়েছিলাম সেখানে। দেখে এসেছি যে, ঐ লঞ্চের পরিচালক যারা জলে ঝাঁপ দিয়েছিলেন তাদের কোনও ক্ষতি হয়নি। এটা আমি হাউসের কাছে পেশ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয় আমি এই সভায় উপস্থিত করতে চাই। বেশ কিছুদিন যাবৎ কয়েকটি খবরের কাগজ পঞ্চায়েত নির্বাচনের সময় আমাদের বিরুদ্ধে এক ধরনের কুৎসা প্রচার করেছে বালক ব্রহ্মচারির বিষয়ে। অবশ্য তার জবাব মানুষ দিয়েছেন পঞ্চায়েত নির্বাচনে বামফ্রন্টকে জয়যুক্ত করে। আমি ব্যক্তিগতভাবে মনেকরি বালক ব্রহ্মচারির মৃতদেহ এতদিন রেখে দেবার একটিই কারণ ছিল, সেটা হল সামন্ততান্ত্রিক মনোভাব, পশ্চাদপদতা, কুপমন্ডুকতা এবং ধর্মীয় গোড়ামি। কিন্তু বিজ্ঞানের এই অগ্রগতির যুগে ধর্মকে এইভাবে ব্যবসা হিসাবে গ্রহণ করা, এর বিরুদ্ধে সোচ্চার হবার ক্ষেত্রে মানুষের অভিজ্ঞতাই হচ্ছে সবচেয়ে বড় শিক্ষক। ঐ ডেড বডি এতদিন ধরে রেখে দেবার মধ্যে দিয়ে বোঝা যাচ্ছে তাদের মনোভাব। স্বাভাবিকভাবেই ঐ বডি এতদিন ধরে রেখে দেবার জন্য আজকে তার নানা অংশ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। তারফলে মানুষ বুঝতে পারছেন তাদের কথার মধ্যে কোনও সত্যতা নেই এবং তারই জন্য আজকে দর্শনার্থিদের সংখ্যাও কমে যাচ্ছে। আজকে ঐ বডি যেভাবে ইনফেকশন ছড়াচ্ছে এবং পরিবেশকে কলুষিত করছে তাতে মানুষ চাইছে ঐ দেহের সৎকার করা হোক। আমি দাবি করছি, অবিলম্বে দুই-চার দিনের মধ্যে বালক ব্রহ্মচারির দেহের সৎকার করা হোক। আমি খবরের কাগজে দেখেছি, বিরোধী দলের চিফ হুইপ বাতিল করে দিয়ে সেখানে উপস্থিত থাকেন তারজন্য আমি বলছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইংরাজিতে একটি কথা আছে বেটার লেট দ্যান নেভার। বিলম্বে হলেও সরকারের যে এ-ব্যাপারে বোধহয় হয়েছে এটা দেখে ভাল লাগলো। নির্বাচনের আগের যে ঘটনা, সেক্ষেত্রে সরকারি দলের পক্ষ থেকে যে স্ট্যান্ড তখনই নেওয়া উচিত ছিল সেটা নির্বাচনের পর নেওয়া হচ্ছে। আমরাও এটা চাই। কারণ বিজ্ঞানসম্মত দৃষ্টিভঙ্গিতে কখনই একটা মৃতদেহ দিনের পর দিন, মাসের পর মাস পড়ে থাকা উচিত নয়। রাজ্য সরকার অবিলম্বে এই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করে ঐ মৃতদেহ যদি পরিপূর্ণ মর্যাদায় ব্যবস্থা করতে পারেন তাহলে আমরাও নিশ্চয়ই ঐ উদ্যোগের সঙ্গে সামিল হতে পারি এবং সেক্ষেত্রে কোনও রাজনীতির প্রশ্ন আসবে না এটুকু আমরা আমাদের দলের পক্ষ থেকে আশ্বস্ত করতে পারি।

## Laying of Budget Estimate

### The Budget Estimate of the Damodar Valley Corporation for the Year 1992-93.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Budget Estimate of the Damodar Valley Corporation for the year 1992-93.

[18th June, 1993]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand Nos-25 & 79

**Mr. Speaker :** Now discussions on Demand Nos.25 & 79.

**(The Budget Speech on Demand No-25 & 79 of Shri Motish Roy was taken as read.)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, (১) ২৫নং দাবির অধীনে ব্যয়নির্বাহের জন্য ১,৬০,২২,৫৩,০০০ টাকা (একশো' ষাট কোটি বাইশ লক্ষ তিপান্ন হাজার টাকা মাত্র) এবং (২) ৭৯নং দাবির অধীনে ব্যয়নির্বাহের জন্য ১,৫০,০২,১০,০০০ টাকা (একশো' পঞ্চাশ কোটি দু'লক্ষ দশ হাজার টাকা মাত্র) মঞ্জুর করা হোক। ১৯৯৩-৯৪ সালের জন্য ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে যে অর্থ দেখানো হয়েছে সেটিও এরমধ্যে ধরা হয়েছে।

২। প্রথমেই আমি এটা বলে নিতে চাই যে, আকস্মিকভাবে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতা ও অনুদান হ্রাস পাওয়ায় চলতি বছরটি আমরা তীব্র আর্থিক সঙ্কট এবং সময়মতো অর্থ পাওয়ার ব্যাপারে অনিশ্চয়তা নিয়ে কাটিয়েছি। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, পূর্তবিভাগ, পূর্ত (সড়ক) এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ সকল সরকারি ভবন, সড়ক ও সেতুর পরিকল্পনা, নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত। এছাড়া এইসব বিভাগকে স্থানীয় সংস্থাসমূহ ইত্যাদির হয়েও নানা ধরনের কাজ করতে হয়। পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগকে বর্তমানে যেসব সড়ক আছে সেগুলিকে আরও উন্নত ও মজবুত করতে হয় এবং সামর্থানুযায়ী নতুন সড়কও নির্মাণ করতে হয়। এই উদ্দেশ্যে সীমাবদ্ধ বাজেট বরাদ্দ এমনকি ন্যূনতম লক্ষে পৌছনোর পথেও প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। অর্থ সরবরাহ ও প্রয়োজনের মধ্যে এই ব্যবধান দূর করতে আমরা আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতার সম্ভাব্যতা পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করেছি যা বর্তমান পরিস্থিতিতে একমাত্র বিকল্প বলে মনে হয়।

৩। অর্থ-সম্পদ সীমিত পরিমাণে পাওয়া সত্ত্বেও বিভিন্ন চালু কর্মপ্রকল্পের কাজে কিছু সাফল্য লাভ করা গেছে। উদাহরণ হিসাবে প্রথমেই আমি ১৯৯২-৯৩ সালে পূর্ত (সড়ক) বিভাগের কিছু বৈশিষ্ট্যপূর্ণ কাজকর্ম এবং ১৯৯৩-৯৪ সালের নূতন কর্মসূচির উল্লেখ করতে চাই।

৪। ১৯৯২-৯৩ সালে পূর্ত (সড়ক) বিভাগের জন্য মূল যোজনা বরাদ্দের পরিমাণ ছিল ৪,২৫৭.৬৭ লক্ষ টাকা, যারমধ্যে ৩,২৫৭.৬৭ লক্ষ টাকা স্বাভাবিক যোজনা কার্যের জন্য এবং ১০০০.০০ লক্ষ টাকা এশীয় উন্নয়ন ব্যাঙ্কের সহায়তাপ্রাপ্ত প্রকল্পের জন্য এশীয় উন্নয়ন ব্যাঙ্কের সহায়তাপ্রাপ্ত প্রকল্পের জন্য ভারত সরকারের নিকট থেকে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য আগাম পাওয়ার দরুন, ঐ বাবদ বরাদ্দ ১৭১৬.০০ লক্ষ টাকায় সংশোধিত করা হয়েছে। কিন্তু, স্বাভাবিক যোজনা কার্যের জন্য নির্দ্ধারিত বরাদ্দ সংশোধিত করে ২৪৮৪.০০ লক্ষ টাকায় নামিয়ে আনা হয়েছে। অবশ্য অর্থ-সম্পদ যোগানের ধারা থেকে বোঝা যাচ্ছে যে,

চলতি আর্থিক বছরে ছাঁটাই করা বরাদ্দের একশো ভাগ এই বিভাগ নাও পেতে পারে। এই কারণ এই বিভাগ ১৯৯২-৯৩ সালের লক্ষ্য সংশোধন করতে বাধ্য হয়েছে। এই বিভাগ ন্যূনতম প্রয়োজন কর্মসূচি, তফসিলি জাতিদের জন্য বিশেষ সংবদ্ধ যোজনা এবং তফসিলি উপজাতি অঞ্চল উপযোজনার আওতাভুক্ত সড়কসহ ৪১ কিলোমিটার নতুন সড়কের কাজ শেষ করতে পারবে বলে আশা করছে। আর এর ফলে, রাজ্যের প্রায় ১৬০টি গ্রামকে সংযুক্ত করা যাবে, অবশ্য ১৯৯২-৯৩ সালে এই বিভাগের পাওনা অর্থ-সম্পদের পরিমাণ যদি সংশোধিত বরাদ্দের একশো ভাগ হয়।

৫। গত বছরের বাজেট ভাষণে যে আশা ব্যক্ত করেছিলাম তার সাথে সঙ্গতি রেখেই চলতি আর্থিক বছরে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ সেতুগুলির কাজ শেষ হয়েছে ঃ

(ক) কুচবিহার জেলার সুতঙ্গা নদীর ওপর সেতু।

(খ) জলপাইগুড়ি জেলার দুদুয়া নদীর ওপর সেতু।

(গ) মালদহ জেলার আলালঘাটে মহানন্দা নদীর ওপর সেতু।

(ঘ) দক্ষিণ দিনাজপুর জেলার আত্রেয়ি নদীর ওপর সেতু।

(ঙ) উত্তর ২৪-পরগনা জেলার বেলঘরিয়াতে একটি সড়ক-উড়ালপুল।

৬। এ ছাড়া মুর্শিদাবাদ জেলায় কুয়ে ও ময়ূরাক্ষি নদীর ওপর সেতু দুটির মূল সেতু অংশের নির্মাণ কাজ শেষ হয়েছে। যদিও ভূমি গ্রহণজনিত সমস্যার কারণে সংযোগ রক্ষাকারি রাস্তার কাজ শেষ করা যায়নি। আশা করা যায় ১৯৯৩-৯৪ সালে এই সেতু দুটি যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া যাবে। উত্তর ২৪-পরগনা জেলা পরিষদের আর্থিক সহায়তায় উক্ত জেলায় ঘটকপুকুরে কুলটি খালের ওপর আরও একটি সেতুর কাজ শেষ হয়েছে।

৭। দ্বারকা, ট্যাঙ্গন, চুর্নী, সতী, কুলিক, বালিয়াখাড়ি নদীর ওপর কয়েকটি বড় সেতু ও উস্থিতে একটি গুরুত্বপূর্ণ সেতু এবং সোদপুর ও পুরুলিয়ায় সড়ক উড়ালপুল নির্মাণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে।

৮। জলপাইগুড়ি জেলার সেন্ট্রাল ডুয়ার্স সংযোগকারি বসরার উপর প্রস্তাবিত সেতু সম্পর্কে অনুসন্ধান ও জরিপের কাজ সমাপ্ত হয়েছে। কুচবিহার শহরের সমীপবর্তী তোরসার উপর প্রস্তাবিত সেতু, মেদিনীপুর জেলার শ্রীরামপুর ঘাটে কংসাবতি নদীর উপর প্রস্তাবিত সেতু এবং ২৪ পরগনা (দক্ষিণ) জেলার হোগল নদীর উপর প্রস্তাবিত সেতু সম্পর্কে অনুসন্ধান ও জরিপের কাজ এগিয়ে চলেছে।

৯। উত্তর ২৪-পরগনা জেলা পরিষদ গৌড়েশ্বর নদীর উপর সেতু নির্মাণের উদ্দেশ্যে কিছু অর্থ প্রদান করেছেন। তারপরই এতদসম্পর্কিত কার্যাদেশ প্রদান করা হয় এবং শীঘ্রই নির্মাণ কার্যও শুরু হয়ে যাবে। এই বিভাগ ২.৫০ কোটি টাকা ব্যয়ে লট নং ৮এ একটি জেটির দ্বিতীয় পর্যায়ের নির্মাণ কার্য ইতিমধ্যেই আরম্ভ করে দিয়েছে।

১০। লিলুয়া, ব্যান্ডেলগেট ও লেক গার্ডেনস-এ সড়ক উড়াল পুল নির্মাণের প্রস্তাব পূর্ত (সড়ক) বিভাগের অগ্রাধিকার তালিকায় রয়েছে এবং খসড়া নকশা ও এতদ সম্পর্কি-

অন্যান্য বিষয় সম্পর্কে চূড়ান্তকরণের ক্ষেত্রে রেলপথ প্রাধিকারের সঙ্গে এই বিভাগ ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রেখে চলেছে।

১১। বিগত বৎসরের বাজেট বক্তৃতায় উল্লেখ করা হয়েছিল যে, ক্রমবর্ধমান যানবাহনের ভার বহনের উপযোগি করার জন্য কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তাকে প্রশস্ত ও মজবুত করার কাজ পর্যায়ক্রমে হাতে নেওয়া হয়েছে।

এই লক্ষ্য নিয়ে নিম্নলিখিত রাস্তাগুলির ক্ষেত্রে অগ্রগতি ঘটানো হয়েছে যথা—

(ক) বর্ধমান জেলায় এস.টি.কে.কে. রোড।

(খ) হুগলি জেলায় চণ্ডিতলা—চাঁপাডাঙ্গা সড়ক।

(গ) দক্ষিণ ২৪ পরগনা জেলায় কলিকাতা-বাসন্তী সড়ক।

(ঘ) দক্ষিণ ২৪ পরগনা জেলায় কচুবেড়িয়া-গঙ্গাসাগর সড়ক।

(ঙ) হাওড়া জেলায় বাগনান-আমতা সড়ক।

(চ) দক্ষিণ ২৪ পরগনা জেলায় ডায়মন্ডহারবার-কাকদ্বীপ সড়ক।

(ছ) মেদিনীপুর জেলায় কাঁথি-দীঘা সড়ক।

গত বৎসর যাদবপুরে সড়ক-সেতু (সুকান্ত সেতু) উন্মুক্ত করার পর, বর্তমানে রাজা সুবোধ মল্লিক রোড ৮-বি বাস স্ট্যান্ড থেকে সুলেখা ওয়ার্কস (৫৮৫ মিঃ) পর্যন্ত প্রশস্ত করার কাজ হাতে নেওয়া হয়েছে।

১২। পানাগড় থেকে মোরগ্রাম পর্যন্ত সড়কের উন্নতিসাধন বাবদ এশীয় উন্নয়ন ব্যাঙ্ক সহায়তাপ্রাপ্ত প্রকল্পের জন্য দুই খেপে অগ্রিম সংগ্রহ ঠিকাদারগণকে প্রদান করা হয়েছে এবং নির্মাণকার্য শুরু করা হচ্ছে।

১৩। পূর্ত (সড়ক) বিভাগের জন্য ১৯৯৩-৯৪ সালে যোজনা বরাদ্দের পরিমাণ এশীয় উন্নয়ন ব্যাঙ্ক সহায়তাপ্রাপ্ত প্রকল্পের জন্য ১০০.০০ লক্ষ টাকা সমেত ৩১০০.০০ লক্ষ টাকা স্থির করা হয়েছে। যা হোক আরও ১৫০০.০০ লক্ষ টাকা এ ডি বি প্রকল্পের সম্ভাবিত ব্যয়ের জন্য বাজেটে ব্যবস্থা করা হয়েছে। যোজনা বরাদ্দের পরিমাণ ১৯৯৩-৯৪ সালে প্রচুর মাত্রায় কমিয়ে দেওয়া হয়েছে। বলা নিষ্প্রয়োজন যে, ঐরূপ হ্রাসের ফলে নির্মাণকার্যের পরিধি আরও সঙ্কুচিত হয়ে পড়বে। এই হ্রাসপ্রাপ্ত বরাদ্দের পরিমাণ সত্ত্বেও পূর্ত (সড়ক) বিভাগ ১৯৯৩-৯৪ সালে নিম্নলিখিত নির্মাণকার্য সমূহ রূপায়ণের উদ্যম গ্রহণ করেছে ঃ

(ক) আগেকার চালু কাজ হিসাবে কিছু চালু কর্ম প্রকল্প।

(খ) পর্যায়ক্রমে কিছু গুরুত্বপূর্ণ রাজ্য সড়ককে প্রশস্ততর ও মজবুত করা।

(গ) উত্তরবঙ্গে বিশেষ করে কুচবিহার এবং জলপাইগুড়ি জেলায় কিছু কমজোরি ও কাঠের তৈরি সেতুর বদলে আর সি সি সেতু নির্মাণ।

(ঘ) রাজ্যস্তরের গুরুত্বপূর্ণ অপরিহার্য কার্য।

১৪। ১৯৯৩-৯৪ সালে, এই বিভাগ অতিরিক্ত ৬০ কি.মি. নতুন সড়ক নির্মাণের আশা রাখে। অদৃষ্টপূর্ব পরিস্থিতির উদ্ভব না হলে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ সেতু সমূহের নির্মাণকার্য ১৯৯৩-৯৪ সালের মধ্যে শেষ হতে পারে ঃ—

(ক) বীরভূম জেলায় দ্বারকা নদীর উপর সেতু।

(খ) কুচবিহার জেলায় সতী নদীর উপর সেতু।

(গ) দক্ষিণ দিনাজপুর জেলায় বালিয়াখাড়ি নদীর উপর সেতু।

(ঘ) উত্তর ২৪-পরগনা জেলায় সোদপুর সড়ক-সেতু।

(ঙ) দক্ষিণ দিনাজপুর জেলায় কুলিক নদীর উপর সেতু।

১৫। তা ছাড়া, ১৯৯৩-৯৪ সালে প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে নিম্নলিখিত প্রকল্পগুলির নির্মাণকার্য সন্তোষজনক অগ্রগতিও আশা করা যায় ঃ—

(ক) নদীয়া জেলায় চুর্নী নদীর উপর সেতু।

(খ) কুচবিহার জেলায় বাউটি নদীর উপর সেতু।

(গ) কুচবিহার জেলায় খুটিমরি প্রণালির উপর সেতু।

(ঘ) কুচবিহার জেলায় মরা তোর্ষা নদীর উপর সেতু।

(ঙ) দক্ষিণ দিনাজপুর জেলায় ট্যাঙ্গন নদীর উপর সেতু।

(চ) বর্ধমান জেলায় নতুনহাটে অজয় নদের উপর সেতু।

১৬। আমাদের সার্বিক প্রচেষ্টা ও প্রবর্তনা সত্ত্বেও, ভারত সরকারের ভূতল পরিবহন মন্ত্রক থেকে কেন্দ্রীয় সড়ক তহবিলে বর্ধিত সঞ্চয়ের অনুপাতে কোনও অর্থ পাওয়া যায়নি, যদিও ১৯৮৮ সালের মে মাসে সংসদে সেই মর্মে একটি প্রস্তাব গৃহিত হয়েছিল। যা হোক, ৩১.৩.৯২ তারিখের কেন্দ্রীয় সড়ক তহবিলের প্রস্তাব অনুযায়ী পশ্চিমবঙ্গ রাজ্যের প্রাপ্য মুক্ত উদ্বৃত্ত ১৬৬.২৫ লক্ষ টাকা থেকে হুগলি জেলার পশ্চিম পার্শ্বস্থ জাতীয় সড়ক-২-এর সাথে ঈশ্বর গুপ্ত সেতুর সংযোগকারি একটি যোগাযোগ সড়ক প্রশস্ত ও মজবুত করণের প্রকল্প গৃহীত হয়েছে। সমগ্র উদ্বৃত্ত খরচ এবং তারও বেশি কিছু খরচ হলে তা রাজ্য সরকারকে বহন করতে হবে। ভারত সরকারের পরিবহন মন্ত্রক ১৯৯২-৯৩ থেকে ১৯৯৪-৯৫ অবধি সময়সীমার জন্য কেন্দ্রীয় সড়ক তহবিলের অধীনে সম্ভাব্য সঞ্চয়ের ইঙ্গিত দিয়েছেন এবং তা থেকে একটি গুরুত্বপূর্ণ সেতু প্রকল্প গ্রহণ করবার জন্য গভীরভাবে চিন্তা করা হচ্ছে।

১৭। এই দপ্তর রাজ্যের রাস্তাঘাটের ক্রম অবনতি এবং ঐগুলির উন্নতি বিধানের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন। কিন্তু এই উদ্দেশ্যে বরাদ্দকৃত অর্থ ওয়ার্ক-চাজর্ড বাবদ দায় মেটানোর পর সংশ্লিষ্ট কাজের পক্ষে নিতান্তই অপ্রতুল হয়ে দাঁড়ায়।

১৮। জাতীয় সড়ক সেক্টরে (অর্থাৎ পশ্চিমবঙ্গের ভিতর দিয়ে যাওয়া জাতীয় সড়কগুলির উন্নয়ন, নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ) রাজ্য সরকার ভারত সরকারের প্রতিনিধি হিসাবে কাজ

করে থাকেন। কিন্তু এই সেক্টরে কাজকর্মের যা অবস্থা তা কেন্দ্রের দ্বারা রাজ্যকে বঞ্চনার তালিকায় আরও একটি সংযোজনের দৃষ্টান্ত। ভারত সরকারের আর্থিক আবন্টন আকস্মিকভাবে নিদারুণ হ্রাস পাওয়ার দরুন জাতীয় সড়ক নির্মাণকার্য (মৌলিক) রূপায়ণের কাজ নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। যদিও ১৯৯২-৯৩ সালে পশ্চিমবঙ্গের জাতীয় সড়ক নির্মাণকার্য (মৌলিক) বাবদ ৩০.৩৫ কোটি টাকা আবশ্যিক বলে নির্ধারণ করা হয়েছিল, তৎসত্ত্বেও, ১৯৯২ সালের ২৩-২৪শে জুলাই নতুন দিল্লিতে অনুষ্ঠিত কার্যসমীক্ষাগত পর্যালোচনা সভায় ভূতল পরিবহন মন্ত্রক ১৯৯২-৯৩ সালের জন্য এই রাজ্যের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে বলে জানিয়েছেন তা কেবলমাত্র ১০.৫০ কোটি টাকা বলে দেখা গেছে। এই অর্থ একেবারেই অপ্রতুল ও একপেশে সিদ্ধান্তপ্রসূত। যদি ভারত সরকার কর্তৃক ১০.৫০ কোটি টাকার বেশি পরিমাণ অর্থ বরাদ্দ করা না হয়, তা হলে, এই রাজ্যে জাতীয় সড়ক সংক্রান্ত সকল চালু মৌলিক কার্য ন যযৌ ন তস্থৌ অবস্থায় এসে যাবে এবং এর ফলে চালু কার্যের সঙ্গে যুক্ত ঠিকাদারেরা বসে যাওয়া শ্রম ও মূল্যবৃদ্ধির দরুন বাড়তি অর্থ দাবি করবে এবং তার ফলে মামলা মোকদ্দমার উদ্ভব হতে পারে।

১৯। পরিস্থিতি যাই হোক না কেন, ১৯৯২-৯৩ সালে, মুর্শিদাবাদ জেলায় ৩৪নং জাতীয় সড়কের উপর মোরগ্রামে সড়ক উড়াল পুলের কাজ সম্পূর্ণ হয়েছে ও তা যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে।

২০। জাতীয় সড়ক নং ৩১-এ ফালাকাটা-পুন্ডিবাড়ি সড়কে প্রবেশপথ সহ তোরসা নদীর উপর সেতুর নির্মাণকার্য চলছে। কিন্তু ভারত সরকারের কাছ থেকে পর্যাপ্ত অর্থ প্রাপ্তির অভাবে প্রবেশপথ ও মূল সেতু নির্মাণের কাজে যে অগ্রগতি বাঞ্ছনীয় তা হয়নি।

২১। ২নং জাতীয় সড়কের পানাগড় থেকে রাণীগঞ্জ সেক্টরে এশীয় উন্নয়ন ব্যাঙ্কের আর্থিক সহায়তায় চার সারি গাড়ি চলাচলের উপযোগি সড়ক প্রশস্তিকরণের প্রকল্পটি (দ্বিতীয় পর্যায়)-র জন্য প্রকল্প প্রস্তুতকরণ পরামর্শদাতাদের ভূতল পরিবহন মন্ত্রক মনোনয়ন করেছেন এবং তারা ওই কাজ হাতে নিয়েছেন।

২২। ২নং জাতীয় সড়কের উপর পানাগড়ে সড়ক সেতু নির্মাণ প্রকল্পটি ভূতল পরিবহন মন্ত্রক কর্তৃক মঞ্জুরীকৃত হয়েছে এবং প্রকল্পটির জন্য টেন্ডারের চূড়ান্তকরণের কাজ চলছে। ১৯৯৩-৯৪ আর্থিক বছরের শুরুতে কাজ আরম্ভ হবে।

২৩। দক্ষিণেশ্বরের বিবেকানন্দ সেতুটির আদ্যন্ত মেরামতির কাজ ভূতল পরিবহণ মন্ত্রক কর্তৃক মঞ্জুরিকৃত হয়েছে। কিন্তু ভারত সরকারের কাছ থেকে কোনও আর্থিক বরাদ্দ না পাওয়ার জন্য কাজটি আরম্ভ করা যাচ্ছে না।

২৪। দুর্গাপুর এক্সপ্রেসওয়ের প্রথম প্যাকেজ ব্যতিত সমস্ত প্যাকেজের কাজ চলছে। প্যাকেজ-১ নিয়ে টেন্ডার সংক্রান্ত আলোচনা চলছে এবং আশা করা হচ্ছে তা শীঘ্রই চূড়ান্ত হবে।

২৫। এই সরকারের বিভিন্ন বিভাগের নানাবিধ নির্মাণমূলক যে কাজ আছে সেগুলির সম্পাদনের দায়িত্ব পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগের উপর ন্যস্ত। এই বিভাগগুলি হল স্বাস্থ্য ও

পরিবার কল্যাণ বিভাগ, শিক্ষা বিভাগ, প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগ, তথ্য ও সংস্কৃতি বিভাগ, কারিগরি শিক্ষা ও ট্রেনিং বিভাগ ইত্যাদি। এইসব কাজের জন্য ব্যয় বরাদ্দ ২৫নং দাবির অন্তর্ভুক্ত। প্রসঙ্গত উল্লেখ্য যে, ১৯৯২-৯৩ সালের বাজেটে ৭৯নং দাবির অন্তর্গত নির্মাণ পর্ষদ অধিকারে কোনও কাজ ছিল না। ১৯৯২-৯৩ সালের ২৫ নং দাবিতে মোট ৩,৪৩৫.৫৫ লক্ষটাকার অর্থ সংস্থান ধার্য আছে। চলতি প্রকল্পগুলির জন্য এই বছরে এই টাকা বরাদ্দ করা হয়েছে। নিম্নলিখিত প্রকল্পগুলি ১৯৯২-৯৩ সালে সম্পূর্ণ হয়েছে—

১। শান্তিপুর রাজ্য সাধারণ হাসপাতাল।

২। নদীয়া জেলার বগুলা গ্রাম্য হাসপাতাল এবং উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের আই সি সি ইউনিট।

মেমারি, সবং, আমতলা, কাকদ্বীপ, টাকি, মধ্যমগ্রাম, গোবরডাঙ্গা, হুড়া, কোটশিলার গ্রাম্য হাসপাতালগুলি নির্মাণের কাজ দ্রুত গতিতে চলছে এবং অনুমান করা যাচ্ছে যে ঐ কাজগুলি ১৯৯৩-৯৪ আর্থিক বছরের মাঝামাঝি সম্পূর্ণ হবে। অন্যান্য কেন্দ্র অনুমোদিত প্রকল্পগুলির মধ্যে বিভিন্ন জেলায় ইন্ডিয়ান পপুলেশন প্রোজেক্ট (৪)-এর কাজ চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। মাননীয় সদস্যবৃন্দকে আনন্দের সাথে জানাচ্ছি যে বীরসিংহ পি-এইচ-সি এবং মোড়খানা পি-এইচ-সি-এর কাজ সাফল্যের সঙ্গেই এগোচ্ছে।

২৬। এ ছাড়া রায়গঞ্জ পলিটেকনিক এবং ঐ প্রতিষ্ঠানের কর্মচারিদের আবাসন নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে এবং ১৯৯৩-৯৪ সালের মধ্যে এটি সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। মেখলিগঞ্জ, সন্দেশখালি, বনগাঁ এবং রঘুনাথপুর প্রাণী স্বাস্থ্য কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মচারিদের আবাসন নির্মাণের কাজ সাফল্যের সাথে এগোচ্ছে।

২৭। এখন আমি পূর্ত বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট সড়ক ও ভবনাদি সম্পর্কিত কর্মপ্রকল্পগুলির বিষয় কিছু বলব। আমি ইতিমধ্যেই বলেছি, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে উল্লেখযোগ্য কোনও মৌলিক কাজ শুরু করা যায়নি। দ্বিতীয় হুগলি সেতু (বিদ্যাসাগর সেতু) চালু করার পরিপ্রেক্ষিতে পূর্ত বিভাগ ডাফরিন রোড, খিদিরপুর রোড, আচার্য জগদীশচন্দ্র রোড, রেড রোড এবং আন্দুল রোড প্রশস্তিকরণের কর্মসূচি চূড়ান্ত করেছে।

২৮। লবণহ্রদ পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক সংসদের জন্য কেন্দ্রীয় প্রশাসনিক ভবন নির্মাণ সম্পূর্ণ হয়েছে এবং তা শিক্ষা দপ্তরকে হস্তান্তরিত করা হয়েছে। জলপাইগুড়িতে প্রশাসনিক ভবন নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে। মালদায় একটি নতুন সার্কিট হাউস এবং বালুরঘাটে ডিস্ট্রিক্ট জেল নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে। কিন্তু পর্যাপ্ত অর্থের অভাবে পরিকল্পনামতো কাজের অগ্রগতি হয়নি। রবীন্দ্র সদন এলাকার মধ্যে বাংলা একাডেমি ও কুচলিবাড়িতে একটি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ চলছে। এ ছাড়াও নিম্নলিখিত বড় ধরনের যে নির্মাণ কাজগুলি পূর্বে হাতে নেওয়া হয়েছিল সেগুলির কাজ বর্তমানে চলছে যথা—

(১) নজরুল ইসলাম এভিনিউতে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার ভবন।

(২) লবণহ্রদ ইঞ্জিনিয়ারিং কলেজ কমপ্লেক্স।

(৩) লবণহ্রদ চর্মপ্রযুক্তি কলেজ ভবন।

(৪) কল্যাণীতে সাবডিভিসন অফিস কমপ্লেক্স নির্মাণ।

(৫) ব্যারাকপুর থানা ভবন।

(৬) বরাহনগর থানা ভবন।

২৯। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি শিলিগুড়িতে দ্বিতীয় 'মহানন্দা সেতু'-র কাজ প্রায় শেষ হতে চলেছে। বীরপাড়া-লঙ্কাপাড়া রাস্তার উপর আরও দুটি সেতুর কাজ শেষ হয়ে গেছে এবং যান-চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। আমরা দক্ষিণ দিনাজপুর জেলায় পুণর্ভবা নদীর উপর বড়ো ধরনের সেতু নির্মাণের কাজ শুরু করতে চলেছি। এই সেতুটির কাজ ১৯৯৩-৯৪ সালের মধ্যে শুরু হবে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়। গত ৫ই মার্চ ১৯৯৩ উক্ত সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

৩০। এছাড়া এই বিভাগের অধীনস্থ উত্তরবঙ্গের কিছু দুর্বল ও সংকীর্ণ কাঠের সেতু যেমন দিনহাটা-সাহেবগঞ্জ, বক্সিরহাট-জোরাই-মাথাভাঙ্গা-শীতলকুচি, দিনহাটা-গোসানিমারি, কুমারগঞ্জ-জোরাই, ত্রিহানা-নকসালবাড়ি, মাটিগাড়া-কার্শিয়াং এবং ময়নাগুড়ি-চ্যাংড়াবান্ধা রাজ্য সড়কে অবস্থিত দুর্বল ও সংকীর্ণ সেতুগুলি পাকা করার প্রস্তাব নেওয়া হয়েছে।

৩১। কলকাতায় ৪নং ক্যামাক স্ট্রীটে অফিস কমপ্লেক্স নির্মাণের জন্য ৬ কোটি টাকার একটি কর্মপ্রকল্প রাজ্য যোজনা পর্যদের অনুমোদন পেয়েছে এবং ভবন নির্মাণের প্রাথমিক কাজ আরম্ভ হয়েছে। নতুন দিল্লিতে বহুতল সরকারি অতিথিশালা (বঙ্গভবন)। এর পশ্চাৎবর্তী ব্লক ও সম্মুখবর্তী ব্লকের নির্মাণকার্য ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে।

৩২। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে জাতীয় নেতা, বিপ্লবী, শহীদ, সমাজসংস্কারক ও সাহিত্যিক প্রমুখের স্মৃতি রক্ষার জন পূর্তবিভাগের কিছু প্রকল্প রয়েছে যথা ঃ—

(ক) কলকাতায় স্থাপনের উদ্দেশ্যে বারো ফুট উচ্চ ইন্দিরা গান্ধীর একটি পূর্ণাবয়ব ব্রোঞ্জ মূর্তি নির্মাণের কাজ শেষ পর্যায়ে এসে পৌঁছেছে। ১৯৯৩ সালের মধ্যে কলকাতায় একেটি নির্বাচিত স্থানে মূর্তিটি বসানো যাবে বলে আশা করা হচ্ছে।

(খ) শহীদ কানাইলাল ভট্টাচার্যের একটি আড়াই ফুট উচ্চ আবক্ষ মূর্তি তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে। উক্ত আবক্ষ মূর্তিটি দক্ষিণ চব্বিশ পরগনার জয়নগরে নির্ধারিত জায়গায় বসানো হবে। উক্ত মূর্তিটির বেদি এবং আনুষঙ্গিক কাজকর্ম চলছে।

(গ) কলকাতায় যতীন দাস পার্কে শহীদ যতীন দাসের নয় ফুট উচ্চ একটি পূর্ণাবয়ব মূর্তি বসাবার জন্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যাদেশ দেওয়া হয়েছে।

(ঘ) কলকাতায় রাজকীয় ভারতীয় নৌবাহিনী বিদ্রোহের স্মৃতিস্তম্ভ স্থাপনের একটি পরিকল্পনা সরকার অনুমোদন করেছেন এবং ভাস্কর নির্বাচনের কাজ সম্পূর্ণ হয়েছে। নির্মাণ কাজটি এগিয়ে চলছে।

(ঙ) পশ্চিমবঙ্গের প্রয়াত মুখ্যমন্ত্রী অজয়কুমার মুখোপাধ্যায়ের বারো ফুট উচ্চ একটি

পূর্ণাবয়ব মূর্তি তৈরি করা এবং সেটি কলকাতায় স্থাপনের প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এই কাজের জন্য ভাস্কর নির্বাচন করা হয়েছে।

(চ) হাওড়া জেলায় বেতোড়ে প্রবীণ বিপ্লবী প্রয়াত ভোলানাথ দাসের একটি আবক্ষ মূর্তি স্থাপনের সিদ্ধান্ত সরকার অনুমোদন করেছেন। এইজন্য ভাস্কর নির্বাচন করা হয়েছে।

(ছ) সরকার গোয়া মুক্তি সংগ্রামের শহীদ নিত্যানন্দ সাহার একটি আবক্ষমূর্তি নদীয়া জেলার পায়রাডাঙ্গায় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন এবং ভাস্কর নির্বাচনের কাজ চলছে।

(জ) মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গনে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নয় ফুট উচ্চ একটি পূর্ণাবয়ব মর্মরমূর্তি স্থাপনের প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

৩৩। ওড়িশার বালেশ্বরে বাঘাযতীন মিউজিয়াম স্থাপন করার কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। জলপাইগুড়ি জেলার সিনচুল্লা পাহাড়ের উপর 'বকসাদুয়ার বন্দিশিবির' নামে পরিচিত যে পরিত্যক্ত দুর্গটি আছে সেটি সংরক্ষণের উদ্দেশ্যে বনবিভাগ, পর্যটনবিভাগ এবং স্বরাষ্ট্র (কারা) বিভাগের সঙ্গে পরামর্শ ক্রমে পূর্তবিভাগ একটি কর্মপ্রকল্প গ্রহণ করেছে।

৩৪। আমি সংক্ষেপে পূর্তবিভাগ, পূর্ত (সড়ক) বিভাগ এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগের বর্তমান এবং প্রস্তাবিত কার্যাবলি বর্ণনা করলাম।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এখন আমি ১৯৯৩-৯৪ সালের জন্য যে দাবিগুলি পেশ করেছি তাহা গ্রহণ করার জন্য সভার কাছে অনুরোধ রাখছি।

**Demand No.25**

**Shri Saugata Roy :**
**Shri Jatu Lahiri :** } Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100-.

**Demand No.79**

**Shri Deba Prasad Sarkar :**
**Shri Manik Bhowmik :** } Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100.-

[2-00 — 2-10 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মতীশ রায় কর্তৃক আনীত ২৫ নম্বর এবং ৮৯ নম্বর যে দাবি তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনীত কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি যখন বাজেট বক্তৃতা ছাপাবেন তখন হেডওয়াইজ ভাগ করে দিতে পারেন যে কোন হেডে কত টাকা তাহলে সুবিধা হয়। একসঙ্গে টোটাল একটা দাবি দিয়েছেন। ২৫ নম্বর দাবির অধীনে ১৬০ কোটি টাকা এবং ৮৯ নম্বর দাবির অধীনে ১৫০ কোটি টাকা। অনেকগুলি হেড আছে। বিভিন্ন দপ্তরের যে হেড অব অ্যাকাউন্ট থাকে সেগুলি যদি আপনি ভাগ করে উত্থাপন করেন তাহলে আমাদের বুঝতে সুবিধা হয়। এতে অবশ্য কয়েকটি পাতা বেশি খরচ করতে হবে। আমি আপনাকে প্রথমে বলি যে পশ্চিমবঙ্গে

আপনার যিনি পূর্বসুরি ছিলেন, যতীনবাবু, তিনি এই পূর্ত মন্ত্রকের দায়িত্বে ছিলেন এবং এই রাজ্য সরকারের বিরুদ্ধে অভিযোগ তোলায় তাকে বিদায় নিতে হয়েছে। আর সেই দলের আপনি পরবর্তী মন্ত্রী। কোন জায়গায় এসে পৌঁছেছেন যে মুখ্যমন্ত্রীকে সাংবাদিকদের সামনে বলতে হচ্ছে যে কে মতীশ রায়। এটা নিয়ে অনেকে হৈচৈ হয়েছে। কিন্তু আমি এই বিষয়ে আপনাকে সমর্থন করতে চাই যে প্রশ্নে আপনি একটা বলিষ্ঠ পত্রাঘাত আমাদের মাননীয় মন্ত্রী সুভাষ চক্রবর্তীকে করেছিলেন, যে টোডি পার্কের সঙ্গে উড়ালপুলের প্রশ্নটা জড়িত আছে, সেই উড়ালপুলকে বাদ দিয়ে টোডি পার্কের নির্মাণের কাজ এককভাবে সুভাষবাবুর দপ্তর করতে পারেন না, সেই কারণে আপনি চিঠি দিয়েছিলেন। আপনার দাবি ন্যায্য এবং সেটা করা উচিত ছিল। কিন্তু আপনি হাড়ে হাড়ে টের পেয়েছেন যে এই সরকারের সঙ্গে আর যাই করুন, এই কাজোরিয়া, বাজোরিয়া, টোডি, ফতেপুরিয়া এদের সঙ্গে আপনি কখনও যাবেন না তাহলে আপনাকে যতীনবাবুর মতো বিদায় নিতে হবে। তাই, আপনাকে বলি যে আপনি অন্তত আপনার স্ট্যান্ড পয়েন্টে ঠিক থাকবেন, উড়াল পুলের ব্যাপার সেটেল না হলেও, মুখ্যমন্ত্রীর কে মতীশ রায়' প্রশ্নবানে জর্জরিত করলেও আপনি আপনার স্ট্যান্ড পয়েন্ট থেকে সরবেন না। আপনার এই দপ্তর সম্পর্কে প্রত্যেক দলের বিধায়কদের একটা প্রত্যাশা থাকে। অপরিসীম রাস্তা-ঘাটের প্রশ্ন এবং যে কোনও রাজনৈতিক দলের বিধায়ক যারা গ্রাম থেকে নির্বাচিত হয়ে আসছে তাদের মূল সমস্যা, মূল অভিযোগ হচ্ছে এই রাস্তাকে কেন্দ্র করে। কিন্তু সেই অভিযোগ থাকা সত্ত্বেও আপনার হাত-পা বাঁধা থাকে, আপনার কিছু করণীয় থাকেনা। কারণ আপনার বাজেট বরাদ্দ প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম এবং যা বরাদ্দ আপনি প্ল্যান আউট লে-তে পাচ্ছেন তারও সব টাকা আপনার দপ্তর পাচ্ছে না। কিন্তু গুরুত্বপূর্ণ দিক থেকে দেখতে গেলে আপনার এই দপ্তরের যা পাওয়া উচিত ছিল, যে প্রাইওরিটি পাওয়া উচিত। ছিল সেটা আপনি পাচ্ছেন না। এতে দুটো জিনিস দাঁড়ায়। একটা হচ্ছে রাজ্য সরকার সামগ্রিক ভাবে মনে করছে যে এলাকায় রাস্তা-ঘাট নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ এগুলির গুরুত্ব এখন না দিয়ে অন্য বিষয়ের জন্য দৃষ্টি দিতে পারি। আর তানাহলে ভাবছে যে মন্ত্রীর দায়িত্ব যখন আর.এস.পি'র হাতে আছে তখন একটু বিমাতৃসুলভ ব্যবহার করে দেখ, আর মাঝে মাঝে টাকার জন্য মতীশ রায়কে অসীমবাবুর দপ্তরে ঘোরা-ঘুরি করানোর জন্য একটু নাকে দড়ি দিয়ে ছোটানো যাক তাহলে মন্দ হবেনা। সুতরাং আপনার দপ্তরের যে চাহিদা এবং মানুষের যে প্রত্যাশা এই দুটোর মধ্যে তফাত এতবেশি যে সেই ফারাক দিয়ে পশ্চিমবঙ্গের রাস্তা-ঘাটের বর্তমান যে অবস্থা তা আপনি মোকাবিলা করতে পারবেন না। কারণ আমার নিজের অ্যাসেসমেন্ট হচ্ছে পশ্চিমবঙ্গে আপনার মোট যে পরিমাণ রাস্তা আছে তা প্রায় ২৩ হাজার কিলোমিটার এবং এই ২৩ হাজার কিলোমিটার রাস্তাকে যদি আজকে রক্ষণাবেক্ষণ করতে হয় তাহলে ৬০।৭০ কোটি টাকা প্রয়োজন কেবল মাত্র রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ করতে। কিন্তু সেই ক্ষেত্রে আপনি ২৫ কোটি টাকার বেশি সরকারি ভাবে বরাদ্দ পাচ্ছেন না। সেই বরাদ্দে আবার কাট-ছাট হচ্ছে। আপনার যে ডিমান্ড, এক্সপ্লানেটরি মেমোরান্ডাম যেটা আছে সেটা যদি আমরা ভাল করে দেখি তাহলে তারমধ্যে দেখতে পাব আপনার প্রত্যাশার তুলনায় আপনি সেই টাকা পাচ্ছন না। সুতরাং আপনার কাছে আমার প্রথম কথা হচ্ছে দপ্তরের মন্ত্রী হিসাবে এই দপ্তরের বাজেট বরাদ্দ বাড়ানো নিয়ে যে বলিষ্ঠ কণ্ঠস্বর, বাঘের মতো কন্ঠস্বর হওয়া দরকার, সেটা আমরা দেখিনি। এখানে একটা প্রশ্নে উত্তর দিতে গিয়ে

যেভাবে গলার স্বর বার করলেন, যে হুংকার ছাড়লেন, ক্যাবিনেটে সেই হুঙ্কার ছাড়লে দপ্তরের জন্য কিছু টাকা পেলেও পেতে পারতেন। আপনার এই হুঙ্কার যখন ক্যাবিনেট বৈঠকে জ্যোতিবাবুকে দেখেন, মন্ত্রিসভার সদস্যদের দেখেন তখন আপনার ওই বাঘের কণ্ঠস্বর বেড়ালের মতো কণ্ঠস্বর হয়ে যায়, বেড়ালের কণ্ঠস্বরের মতো মিউ মিউ আওয়াজ বার হয়। পশ্চিমবাংলার মানুষের দিকে তাকিয়ে এইভাবে করলে চলবে না, প্রশ্নে উত্তর দিতে গিয়ে যে বাঘের কণ্ঠস্বর বার করেছিলেন সেই ভাবে করতে হবে। পশ্চিমবাংলায় রাস্তাঘাটের দুরবস্থার ব্যাপারে সোচ্চারে প্রতিবাদ করুন, প্রকৃত অর্থের জন্য আওয়াজ তুলুন। সারা ভারতবর্ষের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি আপনার যে গ্রোথ রেট এই রেট অফ সারফেস ট্রান্সপোর্ট সেখানে আপনি মহারাষ্ট্র, তামিলনাড়ু, কর্ণাটক, হরিয়ানা এবং পাঞ্জাবের থেকে অনেক পেছিয়ে আছেন। তাহলে আপনার দপ্তরের যে মূল প্রত্যাশা তার মূল জায়গায় ব্যহত হচ্ছে আঘাত পাচ্ছে। আপনার দপ্তরের যে বরাদ্দ তাতে দেখতে পাচ্ছি শতকরা ৮৫।৯০ ভাগ টাকা আপনার নন-প্ল্যান এক্সপেন্ডিচারে খরচ হয়ে যাচ্ছে। নন-প্ল্যান এক্সপেন্ডিচারে যদি ৯০ শতাংশ খরচ হয়ে যায় তাহলে বাকি এই বিরাট দপ্তর পরিচালনা করবেন কি করে? আপনার প্ল্যান আউটলে তে যে বরাদ্দ সেই বরাদ্দের মোট প্ল্যান বাজেটে কত টাকা পান? রাজ্যের ১৯৯২-৯৩ সালে প্ল্যান আউটলে ছিল ১৫০১ টাকা সেখানে রিসোর্স মোবিলাইজেশন করতে না পারার জন্য ৭০০ কোটি টাকাও টারগেট রিজ করতে পারেন নি। প্ল্যান আউটলেতে সরকারের এই ব্যর্থতা। সেখানে মানচিত্রে আপনার স্থান কোথায় সেটা আপনি মন্ত্রিত্বে থেকে গদিতে থেকে আপনি নিজে ভালভাবে উপলব্ধি করতে পারছেন। রাস্তা-ঘাটের কোনও রক্ষণাবেক্ষণ নেই। সরকারের যে সমস্ত বাড়ি আপনার দপ্তরের মাধ্যমে হয় সেখানে আমরা কিছু আনহোলি নেকসাস দেখতে পাই। আপনার দপ্তরের যারা ভারপ্রাপ্ত ইঞ্জিনিয়ার আছেন, অফিসার আছেন তাদের মধ্যে কন্ট্রাক্টারদের একটা আনহোলি নেকসাস আছে। এইগুলিকে আপনাকে দেখতে হবে। একদিকে অর্থের অভাব রয়েছে, অন্যদিকে রিপেয়ারিং-এর জন্য আপনাকে অর্থ ব্যায় করতে হচ্ছে। পি.ডব্লু.ডি-র মাধ্যমে যে বাড়ি তৈরি হচ্ছে সেই বাড়ির কোনও লংজিবিটি নেই। এই ক্ষেত্রে যে সুপারভিসন দরকার সেই সুপারভিসন যতক্ষণ না পর্যন্ত আপনার দপ্তর থেকে সঠিকভাবে পরিচালিত হচ্ছে ততক্ষণ পি.ডব্লু.ডি-র প্রকৃত অর্থ মানুষের প্রয়োজনে কোনও কাজ করা যাবে না। সঠিক সুপারভিসন মেশিনারি আপনার দপ্তরে নেই। আপনার মেশিনারিকে অনেক বেশি একটিভাইজ করতে হবে। তা না হলে দেখা যাবে আনহোলি নেকসাস যেটা হচ্ছে সেটা বেড়ে যাবে। লোকের মুখে মুখে এই কথা শুনতে পাই পি.ডব্লু.ডি-র যারা কন্ট্রাক্টর তারা চোর হয়, পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্টের কন্ট্রাক্টারদের সঙ্গে ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ার এবং অফিসারদের অশুভ আঁতাত আছে। এটা সর্বজনবিদিত সত্য কথা। এই সত্যকে আপনাকে মুছে ফেলতে হবে, এই জায়গাটায় আপনাকে আঘাত করতে হবে। আপনার পশ্চিমবঙ্গের রাস্তা-ঘাটের অবস্থা ভারতবর্ষের যে কোনও রাজ্যের তুলনায় করুন। আপনি সমগ্র ভারতবর্ষ দেখে আসুন, আপনি বম্বে, ম্যাড্রাস, অন্ধ্রপ্রদেশ যান, দিল্লিতে যান। দিল্লিতে কেন্দ্রীয় সরকারের টাকায় হয়, সেটা ভাল হতে পারে।

[2-10 — 2-20 p.m.]

কিন্তু অন্যান্য রাজ্য সরকারের অধীনে সেখানকার পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্টের কাজকে

প্রায়োরিটি দেওয়া হয়। সেখানকার রাস্তাঘাট পরিচ্ছন্ন এবং স্ট্রাকচারাল অ্যারেঞ্জমেন্ট যা আছে সেই তুলনায় পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের অবস্থা বহুদিক থেকে পিছিয়ে আছে। পশ্চিমবাংলায় রাস্তঘাট উন্নয়নের কাজ হচ্ছে না। তারপরে, এখানে জাতীয় সড়কগুলোর কি দুরবস্থা হয়েছে একবার দেখুন। জাতীয় সড়কগুলোর জন্য যে টাকা বরাদ্দ করা হচ্ছে আপনি বক্তৃতায় বলেছেন, 'আমি যেটুকু চাইছি তার এক তৃতীয়াংশ পাচ্ছি' সেই টাকাটা ঠিকমতো খরচ হচ্ছে না। অতীশবাবু বললেন যে তিনি ট্রেনে করে বিকেলে বাড়ি যাবেন। কারণ কলকাতা থেকে বহরমপুর পর্যন্ত রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ, গাড়ি নিয়ে যাওয়া যাবে না। অর্থাৎ রক্ষণাবেক্ষণের প্রশ্নে জাতীয় সড়কগুলো যে গুরুত্বের সঙ্গে এবং যেভাবে রক্ষণাবেক্ষণ করা উচিত, সেইভাবে জাতীয় সড়কগুলোর রক্ষণাবেক্ষণ হচ্ছে না এবং যে টাকা আসছে সেই টাকাগুলো, ফান্ড ডাইভার্সান হয়ে যাচ্ছে। জাতীয় সড়কের উন্নয়নের জন্য যে টাকা আসছে তা আপনার দপ্তরের কাজে ব্যবহার না করে ফান্ড ডাইভার্সান হচ্ছে। তাছাড়া পি.ডব্লু.ডি.র কাজের যে কোয়ালিটি, সেই কোয়ালিটি অত্যন্ত খারাপ। পি.ডব্লু.ডি.র কাজের এই কোয়ালিটি খারাপ হওয়ার কারণ হচ্ছে কোনও সুপারভিসন নেই। যারফলে গোটা দপ্তরটা একটা গড্ডালিকা প্রবাহে ভেসে যাওয়ার অবস্থায় চলে গিয়েছে। কলকাতার বুকে বিবেকানন্দ সেতুর কি অবস্থা? এখন আবার আমরা শুনছি, নতুন করে বিবেকানন্দ সেতুর কাছে হুগলি নদীতে তৃতীয় সেতু হচ্ছে হাওড়া এবং কলকাতাকে জুড়ে দেবার জন্য। সেদিন বিদ্যাসাগর সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে আপনাকে দেখা গেল না। মানুষের আশা ছিল পূর্তমন্ত্রী মতীশ রায় সেখানে উপস্থিত থাকবেন। কিন্তু আমরা দেখলাম যে আপনি বাইরে দর্শকের আসনে বসে দেখছেন। তার কারণ হল মতীশ রায় হচ্ছেন ছোট দল আর.এস.পি. দলের প্রতিনিধি। আপনি ছোট দলের হলেও একজন প্রতিনিধি, আপনাকে এইভাবে অবহেলা করা হচ্ছে। এবারে আমি আসব বঙ্গভবন প্রসঙ্গে। দিল্লির বঙ্গভবনে আপনি যে কটা ব্যবস্থা করেছেন সংবাদপত্রে আমরা দেখলাম সেখানে পাঁচ ছয় তলা কর্তৃপক্ষের অনুমাৎ শঁড়া তুলেছিলেন, তাই নিয়ে বিরোধ হয়েছে। ওখানে তো আপনি এস.টি.ডি. বুথ চালু করতে পারেন। এখন কি ডিফিকাল্টি হচ্ছে, না একটা এস.টি.ডি. করতে গেলে বাইরে ছুটতে হয়। ওখানে একটা এস.টি.ডি. বুথ করুন একটা লোক বসিয়ে টাকা দিয়ে। কারণ বাইরে থেকে ওখানে অনেকে সংবাদ পাঠান। যোগাযোগের জন্য ওখানে তো একটা রুম সার্ভিস আপনি করতে পারেন। বঙ্গভবনের টেলিফোন সার্ভিসকে এফেক্টিভ করতে হবে। কারণ বাইরে থেকে কোনও কল এলে নিচে নেমে এসে কথা বলতে হয়। নিচে নেমে আসতে আসতে দেখা গেল সেই ফোনটা কেটে গেছে। নিচে কোনও ফোন আসলে একজন উপরে গিয়ে খবর দেয়, তারপর সেই ব্যক্তি নিচে আসতে আসতে দেখা যায় সেই ফোনটা কেটে গেছে। যিনি ফোনটা করেছিলেন তিনি হয়ত কোনও ব্যস্ত লোক, দেরি হচ্ছে দেখে তিনি ফোনটা নামিয়ে রাখলেন। কারণ যতক্ষণে ফোন ধরতে আসছেন ততক্ষণে অনেক সময় কেটে গেছে এটা দেখা যায়। আপনার এখন যেটা আছে তা হচ্ছে ঘর থেকে ঘরে টেলিফোন করা যায়। কিন্তু বাইরের কোনও শহর থেকে ফোন আসলে বা বাইরে কোথাও ফোন করার দরকার হলে তা ঘরে বসে করার কোনও সুযোগ নেই। আপনি ওখানে রুম সার্ভিসটা চালু করুন টেলিফোনের ক্ষেত্রে। সেই সাথে সাথে এস.টি. ডি.টা চালু করুন। আপনার কাছে আরও একটা প্রশ্ন করেছিলেন বঙ্গভবনের ইনটেরিয়র ডেকরেশনের ব্যাপারে। যখন ইনটেরিয়র ডেকরেশন করেছিলেন তখন বিনা টেন্ডারেই এক

কোটি টাকার উপরে কন্‌ট্রাক্ট দিয়েছিলেন ডি.টি. কুমারকে। বঙ্গ ভবনের ইনটেরিয়ার ডেকোরেশন এটা অত্যন্ত ভাইটাল ব্যাপার। আমরা এই ব্যাপারে বারেবারে অভিযোগ করা সত্ত্বেও কোনও উত্তর পাই নি। এই যে ১ কোটি টাকার উপরে একজন ব্যবসায়িকে যে অর্ডার দেওয়া হল কাকে জিজ্ঞাসা করে দিলেন? তারজন্য টেন্ডার ডাকা হল না কেন? Tender was not floated so far the interrior decoration of Banga Bhavan was concerned. আপনি জানেন ১৮.৮.৮৬ তারিখে ৩ ঘন্টার মধ্যে সই হয়ে অর্ডার করানো হল। বেলা ১টার সময়ে পূর্ত দপ্তরের সচিব সই করলেন, তারপরে পূর্তমন্ত্রী সই করলেন এবং বেলা ৪টার সময়ে স্বয়ং মুখ্যমন্ত্রী সই করলেন যে ডি.টি. কুমারকে ইন্টারিয়ার ডেকোরেশন করার জন্য কনট্রাক্ট দেওয়া হোক। এরজন্য দিল্লিতে ফোনও করা হল। এই যে ডি.টি. কুমারকে কনট্রাক্ট দেওয়ার জন্য এতো তদ্বির করা হল এর কারণ কি এবং স্বয়ং মুখ্যমন্ত্রী কেন এতে জড়িত ছিলেন সেটা, মাননীয় মন্ত্রী তার জবাবি ভাষণে বলবেন।

(ভয়েস ঃ কার সময়ে হয়েছে?)

আমরা জানি আপনার সময়ে নয়, তখন যিনি পূর্তমন্ত্রী ছিলেন তাহলে তিনি পরিকল্পিতভাবে দুর্নীতি করেছেন এবং স্বয়ং মুখ্যমন্ত্রী এতে জড়িত ছিলেন এবং তার বিরুদ্ধে স্পেসিফিক কারাপশনের চার্জ আনুন। তাতে জ্যোতি বাবুও জড়িয়ে পড়বেন। আর আপনি যদি দুর্নীতিতে জড়িত না থাকেন এবং তার পুনরাবৃত্তি করতে না চান তাহলে ওই যে সইগুলো ছিল কেন করা হয়েছিল তার উত্তর দিন। ফাইলে যে সই ছিল স্বয়ং মুখ্যমন্ত্রী সেটা আমি খুব দায়িত্ব নিয়ে বলছি। আপনার যদি ক্ষমতা থাকে আমাকে চ্যালেঞ্জ করুন এবং যদি চিফ মিনিস্টার এবং মন্ত্রীর সই না থাকে দেখা যায় তাহলে আমি আপনার কাছে কান ধরে কথাটা উইথড্র করে নেব। যতীন বাবুকে জড়িয়ে দুর্নীতির কথা বললেই তো হবে না জ্যোতি বাবুও তো সই করেছেন ফাইলে এবং অর্ডারও দিয়েছেন। সুতরাং এরপরে তো শুধু যতীন বাবুর ঘাড়ে দোষ চাপালে হবে না। সুতরাং এরমধ্যে একটা সন্দেহের গন্ধ থেকে যাচ্ছে। পূর্ত মন্ত্রী তখন কে ছিলেন বলে দায়িত্ব এড়িয়ে যেতে পারবেন না। আরেকটা উত্থাপন করছি সেটা হচ্ছে যে সম্প্রতি পৌরসভার নির্বাচনের ব্যাপারে আমি মেদিনীপুরে গিয়েছিলাম। আমি মেদিনীপুরের শহরে প্রচারে গিয়েছিলাম, বুদ্ধদেব বাবুও গিয়েছিলেন। আমাদের রাস্তায় আসতে আসতে কথা হচ্ছিল যে মেদিনীপুরের প্রপার শহরের রাস্তার অবস্থা সম্পর্কে এবং তাতে আপনি বলেছিলেন যে এখানে কংগ্রেসিদের ভোট আপনাদের পাওয়া উচিত নয় সেখানে এই মেদিনীপুর শহর যেহেতু কংগ্রেসিদের জায়গা সেইহেতু পূর্ত দপ্তর এরদিকে একেবারেই নজর দেয় না। আমরা একই সার্কিট হাউসে দুজনে ছিলাম। সেখানে বুদ্ধদেব বাবু বলেছিলেন যে এবারে মেদিনীপুরে আপনার ৮টির বেশি সীট পাবেন না, আমি তাকে বলেছিলাম যে আমরা ১৩টা সীট পাব। এবং পরবর্তী সময়ে দেখা গেল যে আমরা ১৪টি সীট পেয়েছি। আসলে মেদিনীপুর জেলা কংগ্রেসিদের হাতে থাকার জন্য পি.ডব্লু.ডি. দপ্তর অর্থাৎ বামফ্রন্ট সরকার বিমাতৃসুলভ আচরণ করছেন। এই দপ্তরের জন্যই আজকে মেদিনীপুরের ভোট আমাদের দিকে এসেছে। মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর এবং রঘুনাথপুরে যেটি অতীশ সিনহার রাস্তা, ওই। রাস্তাটি সারানোর ব্যাপারে বারেবারে উত্থাপিত হয়েছে এবং ওখানকার মানুষরা বহুদিন ধরে ওই রাস্তাটির না সারানোর জন্য অসুবিধার মধ্যে আছে কিন্তু তাসত্ত্বেও কোনও সিদ্ধান্তে আপনারা আসেন নি।

তারপরে মূর্তি তৈরির ব্যাপারে আমি বলছি যে আগামী ১৯শে নভেম্বর যাতে প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর মূর্তি কলকাতার শহরে যেখানে সরকারি স্থান ঘোষিত হয়েছে সেখানে বসানো হয়। এই নিয়ে সভাতে জানিয়ে সভাকে আশ্বস্ত করুন। তার পাশাপাশি আরেকটি বিষয়ে জানাচ্ছি যে প্রয়াত প্রধানমন্ত্রী স্ত্রী এবং ন্যায়ামের চেয়ারম্যান শ্রী রাজীব গান্ধীর মূর্তি প্রস্তুত সম্পর্কে আপনারা এত নীরব কেন? রাজীব গান্ধীর পূর্ণ বয়ব মূর্তি বসানোর প্রস্তাব এই সরকারের কাছে বারে বারে আমাদের পক্ষ থেকে দাবি করা হয়েছে কিন্তু আজ অবধি কোনও কর্ণপাত করেন নি। এমন বিষয়টি সম্বন্ধে সুস্পষ্ট বক্তব্য এখনো পর্যন্ত ঘোষণা করেন নি।

[2-20 — 2-30 p.m.]

আমার অনুরোধ, রাজীব গান্ধীর পূর্নাবয়ব মূর্তি কলকাতা শহরে প্রতিষ্ঠা করার প্রশ্নে আপনি আজকে সভাকে আশ্বস্ত করুন এবং তার দিনক্ষণ আমাদের জানান। এই প্রসঙ্গে আমি আপনাদের জিজ্ঞাসা করতে চাই যে, রাজীব গান্ধীর মূর্তি স্থাপনের বিষয়টি রাজ্য সরকারের কাছে নীতিগত প্রশ্নে আটকাচ্ছে, না, অর্থ সঙ্কুলানের বিষয় আটকাচ্ছে? যদি অর্থ সঙ্কুলানের প্রশ্নে আটকায় তাহলে আমরা কংগ্রেসের পক্ষ থেকে সেই টাকা রাজ্য সরকারকে দিতে চাই যার মাধ্যমে রাজীব গান্ধীর মূর্তি তৈরি হতে পারে। এরপর আমি পৃথিবী বিখ্যাত চলচ্চিত্রকার সত্যজিত রায়ের মূর্তি প্রতিষ্ঠার প্রশ্নে আসতে চাই। আপনার কাছে অনুরোধ যে, আপনি আজকে সভাকে আশ্বস্ত করুন যে ভারতরত্ন পৃথিবী বিখ্যাত চলচ্চিত্রকার, বাংলা তথা ভারতের গর্ব শ্রীসত্যজিত রায়ের মূর্তি তৈরি করে কলকাতার একটি গুরুত্বপূর্ণ স্থানে অবিলম্বে তা প্রতিষ্ঠা করবেন। এরপর আমি যার মূর্তির কথা আপনার কাছে বলব তিনি হচ্ছেন লোকমাতা রাণী রাসমনি। আমি জানি না আপনারা খবর রাখেন কিনা যে এ বছর লোকমাতা রাণী রাসমনির দুশো বছর পূর্তি উৎসব হচ্ছে। রাণী রাসমনি যিনি বাংলা সংস্কৃতি, ঐতিহ্যের সঙ্গে একদম পুরোপুরি মিশে আছেন সেই লোকমাতা রাণী রাসমনির একটি মূর্তি আছে রাসমনি পার্কে। তার মৃত্যু দিবসের দিনে আমি এবং ডাঃ ওমর আলি সেখানে গিয়ে দেখে এসেছি যে সেই মূর্তিটিতে ফাটল ধরে মাঝখানে থেকে একেবারে চিরে গিয়েছে। আমি আপনার কাছে অনুরোধ জানাব, লোকমাতা রাণী রাসমনির দুশো বছর জন্মদিন উপলক্ষে রাজ্য সরকার একটি সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণ করে তার একটি পূর্নাবয়ব মূর্তি কলকাতার প্রকাশ্য রাজপথে একটি গুরুত্বপূর্ণ স্থানে বসানোর সিদ্ধান্ত গ্রহণ করুন। তার একটি মূর্তি তৈরি হয়ে পড়ে আছে যেটা কলকাতায় বসানো হচ্ছে না, সেটার ব্যাপারে আপনি সিদ্ধান্ত গ্রহণ করুন। পরিশেষে আমি বলতে চাই যে আপনার পূর্ত দপ্তরের যে ব্যয়বরাদ্দ তাতে আপনার করণীয় কিছু নেই। যে দপ্তরের বাজেটের টাকা মাহিনা দিতে এবং সামান্য এদিক ওদিকের এক্সপেনডিচার সামলাতেই খরচ হয়ে যায় সেই দপ্তরের কাছে কি আর প্রত্যাশা করা যায়? আপনি অসহায় মানুষ আপনাকে আঘাত করে লাভ নেই। এই দপ্তর সম্বন্ধে আমাদের কিন্তু তীব্র অভিযোগ আছে। এখানে পরিকল্পনা যা কিছু সামান্য তৈরি হচ্ছে তাও সেটা যদি কোনও কংগ্রেসি এম.এল.এ-এর কেন্দ্রে হয় তাহলে তো আর কথাই নেই, কিছুই হবে না, সেটা আমরা জানি। ব্যাপারটা হচ্ছে ঐ ছাগলের তিন নং বাচ্চার মতন যে বাঁটে মুখ দিতে পারে না খালি পাশ থেকে গুঁতোয়। এইসব কারণেই এই বাজেটের আমি

বিরোধিতা করছি। এই দপ্তরের সম্বন্ধে রাজ্য সরকারের অনিহা আমরা লক্ষ্য করছি। আপনার মাথার উপর বিগ ব্রাদার বিগ বস মাথার উপর বসে আছেন সেটা আমরা জানি। আপনার অভিযোগ থাকলেও আপনি বলতে পারবেন না। এ সম্বন্ধে আমরা কিছু বললে আপনারা বলেন যে আমাদের ঐক্য অটুট আছে। যে দপ্তরের শতকরা ৯০ ভাগ টাকা নন প্ল্যান এক্সপেন্ডিচারে খরচ হয়ে যায় সেই দপ্তরের কাছ থেকে কোনও উন্নয়ন প্রত্যাশা করা যায় না। এই বাজেটের তাই আমি তীব্র বিরোধিতা করছি এবং আমাদের কাটমোশনগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের ২৫নং দাবির অধীন ব্যয় নির্বাহের জন্য ১৬০ কোটি ২২ লক্ষ ৫৩ হাজার টাকা এবং ৭৯ দাবির অধীন ব্যয় নির্বাহের জন্য ১৫০ কোটি ২ লক্ষ ১০ হাজার টাকা, এই ব্যয় বরাদ্দ দাবি আমি সমর্থন করে এবং বিরোধী পক্ষের সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। আমার পূর্ববর্তী বিরোধী পক্ষের বক্তব্য শুনে আমার মনে হল যে উনি নর্দমা পরিদর্শক এবং বিচ্ছিন্নতাবাদ দৃষ্টিভঙ্গির বক্তা। তা নাহলে পূর্ত দপ্তর যেটা একটা গুরুত্বপূর্ণ সরকারি দপ্তর এবং যে দপ্তরে অনেকগুলো উইং রয়েছে, পশ্চিমবঙ্গের উন্নয়নের ক্ষেত্রে এই বিভাগের অত্যন্ত গুরুত্ব রয়েছে, তার যে ভাল কাজগুলো, সেইগুলো উনার নজরে পড়লো না। আর উনি বামফ্রন্টের ঐক্যকে চিড় ধরাবার জন্য তিনি তার বেসুর বাজিয়ে গেলেন। আমি বলতে চাই যে উনি আগে নিজের ঘর সামলান, বামফ্রন্টের মধ্যে ১০টা দল আছে, নিশ্চয়ই তারমধ্যে দৃষ্টিভঙ্গির কিছু পার্থক্য আছে, পার্থক্য না থাকলে ১০টা দল হয় না। কিন্তু সামগ্রিক ভাবে বামফ্রন্টের একটা লক্ষ্য আছে, সেই লক্ষ্যে তারা নিষ্ঠাবান থেকে কাজ করছেন। আপনারা একটা দল, একটা দলের মধ্যে আপনারা বিধানসভার মধ্যে বসে ঝগড়া করছেন এবং তারা চিৎকার চেঁচামেচি করছেন। সুতরাং নিজেদের ঘরটা আগে সামলান তারপর আমাদের বামফ্রন্টের মধ্যে অনৈক্য আনবার চেষ্টা করুন, এটাই আশা করব। আমাদের পূর্ত, পূর্ত সড়ক, পূর্ত নির্মাণ পর্ষদ এর এই বাজেট সম্পর্কে প্রথমে আমি বলতে চাই, ন্যাশনাল হাইওয়েগুলো, যে হাই ওয়েগুলোর মেন্টিনেন্স এবং ডেভেলপমেন্টের দায়িত্ব আমাদের এই পূর্ত দপ্তরের উপর দেওয়া হয়, কেন্দ্রীয় সরকার তারজন্য এজেন্সি চার্জ বাবদ দিয়ে থাকেন মাত্র ১১ শতাংশ টাকা। কিন্তু এর এসটাবলিশমেন্ট কস্ট সহ এই খাতে যে খরচ হয়, সেই খরচ ধরুন দু' কোটি টাকা যদি কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন সেই ক্ষেত্রে খরচ হয় সাত কোটি টাকা। অর্থাৎ পাঁচ কোটি টাকা এই যে বেশি খরচ হল, কেন্দ্রীয় সরকার এই খাতে সেই টাকা দেন কি? আপনারা পশ্চিমবঙ্গের অধিবাসী বলে দাবি করেন বিরোধী বন্ধুরা, কিন্তু আমরা যখন কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের কথা বলি, যখন সারকারিয়া কমিশন বলে পশ্চিমবঙ্গ সহ ২৫টি রাজ্যের উন্নয়নের জন্য তাদের আর্থিক ক্ষমতা দিতে হবে। এই আন্দোলন যখন জয় যুক্ত হয়, তখন কেন্দ্রীয় সরকার আমাদের রাস্তাঘাট নির্মাণ, ব্রিজ নির্মাণ, বিভিন্ন মূর্তি তৈরি, বিল্ডিং তৈরির জন্য যে টাকা খরচ হয়, তারজন্য কত টাকা দেন? সুদীপ বাবু বললেন দিল্লির কথা। দিল্লিতে কুচকুচে কালো পিচ ঢালা রাস্তা, চওড়া রাস্তা সমস্ত রাজ্যগুলোকে শোসন করে, মরুভূমি করে, একটা ওয়েসিস তৈরি করা হয়েছে দিল্লিতে, এইরকম কয়েকটি

শহর আছে কেন্দ্রীয় সরকার যাদের দেখেন আর অন্যান্যগুলোকে বঞ্চিত করেন। সুদীপবাবু, আপনি বললেন যে, রাজ্য বাজেট পূর্ত দপ্তরের জন্য বরাদ্দ খুবই কম। হ্যাঁ, আমরা স্বীকার করি বরাদ্দ কম। কিন্তু কেন? শুধু পূর্ত দপ্তরেই নয়, সব দপ্তরেই প্রয়োজনের তুলনায় বরাদ্দ কম। কারণ কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের রাজ্যের যে পাওনা তা গত দু'বছর ধরে আমরা পাচ্ছি না। মূলত সেই কারণেই গত বছর থেকে আমাদের রাজ্যে অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে। আমরা মনেকরি এই সঙ্কটের বেশিরভাগ দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। একদিকে কেন্দ্রীয় সরকার রাজ্যকে তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করেছেন, অপর দিকে স্মল সেভিংস থেকে আমরা যে অর্থ দীর্ঘদিন পাচ্ছিলাম তাও কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলে গত দু'বছর আমাদের অনেক কমে গেছে। কেন্দ্রীয় সরকার বেসরকারি সংস্থাগুলোর ক্ষেত্রে সুদের হার বাড়িয়ে দিয়ে স্মল সেভিংস-এ জমার পরিমাণ কমিয়ে দিয়েছিলেন। গত দু'এক দিন আগেই আমরা একটা স্টেটমেন্ট পেয়েছি, তাতে দেখছি গত বছর এই সময়ে যেখানে ১০ কোটি টাকা স্মল সেভিংস-এ জমা পড়েছিল এবছর সেখানে আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর ক্রমাগত চাপ সৃষ্টির ফলে কেন্দ্রীয় সরকার সুদের হারের কিছু পরিবর্তন ঘটাবার ফলে স্বল্প সঞ্চয় একটু বুষ্ট-আপ করেছে। আজকে কংগ্রেস দল দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় শাসন ক্ষমতায় প্রতিষ্ঠিত থেকে পশ্চিমবঙ্গ সহ গোটা ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলোকে শুকিয়ে রেখে দিল্লিতে মাথাভারী শাসন যন্ত্র কায়েম করেছে। তার বিরুদ্ধে আপনারা দু'চারটে কথা বলুন না। তা যদি করতেন তাহলে বুঝতাম পশ্চিমবাংলার রাস্তাঘাট, ব্রিজ, মূর্তি প্রভৃতি রক্ষার ক্ষেত্রে আপনাদের কিছুটা আন্তরিকতা আছে। পশ্চিমবাংলার প্রতি আপনাদের দরদ আছে। তানা করে আপনারা শুধুই বামফ্রন্ট সরকারের সমালোচনা করছেন এবং বামফ্রন্টের মধ্যে বিভেদ সৃষ্টির চেষ্টা করছেন। তবে সুদীপবাবু, আমি আপনার সঙ্গে একটা বিষয়ে একমত। সেটা হল — অফিসারদের সঙ্গে কন্ট্রাক্টরদের একটা নেকসাস আছে। আমরা প্রায়ই শুনতে পাই, ছোটখাট কন্ট্রাক্টররা অভিযোগ করেন, অফিসাররা তাদের বলে ২% না দিলে বিল নেওয়া যাবে না ইত্যাদি। কিন্তু আমি আপনাকে জিজ্ঞাসা করি, এ জিনিস কারা তৈরি করেছে? কংগ্রেস দীর্ঘ ৩০ বছর ধরে এই রাজ্য পরিচালনা করেছে এবং কেন্দ্রে স্বাধীনতার পর ৪৭ বছরের মধ্যে মাঝের তিন বছর মাত্র দু'বারে বাদ দিয়ে ৪৪ বছর। তারাই এই জিনিস তৈরি করেছে। এই সিস্টেম কংগ্রেসের তৈরি। আমরা এই সিস্টেম ভাঙতে চাই। অবশ্য আমরা জানি প্রচলিত বুর্জোয়া জমিদারি ব্যবস্থার মধ্যে একটা ছাঁচ তৈরি হয়ে যায়। সেই ছাঁচটা যদি বাঁদরের ছাঁচ হয় তাহলে তারমধ্যে আপনি মাটি দিলে যেমন বাঁদর বেরিয়ে আসবে তেমন আমি মাটি দিলেও বাঁদরই বেরিয়ে আসবে। সেজন্য এই ছাঁচকে ভাঙবার জন্যই আমাদের [illegible] ফ্রন্ট সেই সংগ্রামই চালাচ্ছে। আজকে আমাদের সকলকে একথা মনে রাখতে হবে যে, এই আফসার[illegible] যোগসাজসই সবচেয়ে বেশি। তাদের যোগসাজসেই তারা এই ধরনের দুর্নীতির সঙ্গে যুক্ত থাকে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দেখছি যে এখানে একটা সাবজেক্ট কমিটি এই পূর্ত দপ্তরের সঙ্গে যুক্ত আছে। যদিও আমি সেই সাবজেক্ট কমিটির সদস্য নই, তথাপি আমি তাদের রিপোর্টটি অনুধাবন করেছি। তাতে তারা উল্লেখ করেছে, এই ডিপার্টমেন্ট যেমন নতুন রাস্তা তৈরি করে তেমন পুরোনো রাস্তাগুলো রক্ষণাবেক্ষণ এবং মেরামত করে। এ কাজ হচ্ছে এই ডিপার্টমেন্টের সবচেয়ে বড় কাজ। এছাড়াও এরা নতুন নতুন সরকারি বাড়ি তৈরি করে এবং পুরোনো

সরকারি বাড়িগুলো রক্ষণাবেক্ষণ করে। সরকারের বিভিন্ন দপ্তর এই কাজের জন্য এই ডিপার্টমেন্টকে টাকা দেয়। এটাও এই ডিপার্টমেন্টের একটা বড় কাজ। এছাড়া এরা মনিষীদের মূর্তি নির্মাণ করিয়ে স্থাপন করেন। এই ডিপার্টমেন্টের কন্সট্রাকশনের কাজ ছাড়াও এই ডিপার্টমেন্টের অধীন ইলেক্ট্রিক্যাল এবং অন্যান্য কয়েকটি শাখা যুক্ত আছে। সুতরাং এটা একটা বিরাট দপ্তর। এই দপ্তরের অধীনে প্রায় ২৩ হাজার কিলোমিটার রাস্তা আছে। তারমধ্যে ৬ হাজার কিলোমিটার হল ন্যাশনাল হাইওয়ে। এছাড়া দুর্গাপুর হাইওয়ে এবং আরও কতগুলি বড় রাস্তা সেগুলি দায় দায়িত্ব পি.ডব্লু.ডি. কে নিতে হয়। আমরা দেখছি যে এখানে বাজেট প্রভিসন ১৯৯৩-৯৪ প্ল্যান হেডে আমরা fund received from other departments for construction of buildings and fund alloted for construction of new roads including bridges and others (b) fund alloted for widening and strengthening of old roads আর non-plan. (1) আছে fund for maintenance and repairs of Government buildings (2) আরও আছে fund for maintenance and repairs of roads and bridges. এইখানে মাননীয় মন্ত্রী মহাশয় তার যে স্টেটমেন্ট, বাজেট ভাষণে তা দেখিয়েছেন। সুতরাং এই যে বাজেট তৈরি হয়েছে তাতে কুচবিহারে শুধন্য নদীর উপর জলপাইগুড়িতে দুদুয়া নদীর উপর মালদাতে মহানন্দা নদীর উপর এবং দক্ষিণ দিনাজপুরে আত্রেয়ি নদীর উপর সেতু এবং উত্তর ২৪ পরগনার বেলঘরিয়া সড়কে উড়াল পুল এবং এছাড়াও কতকগুলি রাস্তায় যেমন বর্ধমানে এস.টি.কে.কে. রোড, হুগলির চন্ডিতলা থেকে চাঁপাডাঙ্গা রোড এই সমস্ত রাস্তাগুলি তৈরি হয়েছে। আগেকার কিছু প্রকল্প রিপেয়ার এবং পর্যায় ক্রমে কিছু গুরুত্বপূর্ণ রাজ্যের সড়ক প্রশস্ত করা হয়েছে। উত্তরবঙ্গে বিশেষ করে কুচবিহার এবং জলপাইগুড়িতে কাঠের সেতুর বদলে আর.সি. সেতু তৈরি করা হয়েছে। আমাদের এখানে এই দপ্তর ইতিমধ্যেই আমরা দেখছি মুর্শিদাবাদ জেলার ৩৪নং জাতীয় সড়ক তৈরি সম্পন্ন হয়ে গেছে, যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। আমি সাবজেক্ট কমিটির রিপোর্ট দেখছি, এই দপ্তরের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কিছু কাজ করতে পেরেছে। সুতরাং সাবজেক্ট কমিটি যে সুপারিশগুলি করেছেন আমি সেই সুপারিশগুলি এখানে রিপিট করতে চাই। আমাদের এই পূর্ত দপ্তর যে তার থার্ড রেকমেনডেশন সেই সমস্ত রেকমেনডেশন করা হয়েছে The construction of roads taken-up during the 3rd to 6th five-year plan should be completed first. অর্থাৎ ষষ্ঠ পঞ্চবার্ষিকি পরিকল্পনায় যে রাস্তাগুলি তৈরির সিদ্ধান্ত আগে করা হয়েছিল সেগুলি আগে সম্পন্ন করতে হবে and thereafter construction of new roads under the 7th and 8th plan to be taken up. আগেকারগুলি আগে শেষ করতে হবে। তারপর সপ্তম, প্ল্যান পিরিয়ডে যে রাস্তাগুলি ধরতে হবে। ২ নম্বর The work of widening and strengthening of old and narrow roads constructed in earlier plans should be taken up in right earnest. অর্থাৎ আগে যেগুলি তৈরি হয়েছিল সেগুলি শক্ত করতে হবে। দ্বিতীয়ত efforts should be made by departments for getting special allocation of funds in consultation with the concerned department of Government of West Bengal and Government of India for completion of construction of roads. and also for widening and strengthening সুতরাং এই সাজেশনগুলি আমি রাখছি এবং বাজেটকে সমর্থন করে বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য

শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে পূর্ত দপ্তরের মন্ত্রী যে ২৫ এবং ৭৯ নম্বর ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে সংক্ষেপে আমার বক্তব্য রাখছি। একটা দেশের উন্নয়নের মস্তবড় সহায়ক হচ্ছে সড়ক। কিন্তু আজকে পশ্চিমবঙ্গের মানুষ এখানকার রাস্তাঘাটের কি অবস্থা সেটা তারা উপলব্ধি করে থাকেন চলাচলের মধ্যে দিয়ে। কিন্তু রাজ্যের রাস্তাঘাটের এই দুরবস্থা নিয়ে যখন আমরা আলোচনা করি তখন শাসক দলের সদস্যরা কেন্দ্র অর্থ দিচ্ছেন না এই কথা বলে সরকারের ব্যর্থতাকে হালকা করতে চান, কিন্তু এর জন্য প্রশাসনের খামখেয়ালি নীতিই অনেকাংশে দায়ী বলে আমার মনে হচ্ছে। কারণ আমরা দেখছি, থার্ড প্ল্যানের রাস্তা এখনও কমপ্লিট হয়নি। থার্ড প্ল্যান থেকে সিক্সথ প্ল্যানের ৫০০ কিলোমিটার রাস্তা এখনও অসম্পূর্ণ অবস্থা রয়েছে। পরবর্তী কালে সেভেন্থ প্ল্যানের ৩৫০ কিলোমিটার রাস্তাও অসম্পূর্ণ। আজকে যে সিস্টেমের মধ্যে দিয়ে এই দপ্তরের কাজকর্ম চলছে তাতে আমার মনে হয় এর পদ্ধতিগত দিকটা সম্পর্কে চিন্তা-ভাবনা করবার সময় এসেছে, কারণ দেখা যাচ্ছে যে রাস্তার কাজ ২০ বছর আগে আরম্ভ হয়েছিল তার কাজ সম্পূর্ণ হবার আগেই আরও পাঁচ-সাতটি নতুন রাস্তার কাজ আরম্ভ করে দেওয়া হয়েছে। ২০ বছর আগের যে রাস্তার জন্য অর্থ বরাদ্দ করা হল, দেখা গেল তার পাঁচ কিলোমিটার রাস্তার মধ্যে আধ কিলোমিটার রাস্তার কাজ সম্পূর্ণ হল। পরবর্তীকালে ঐ ৫ কিলোমিটার রাস্তার তৈরি হাফ কিলোমিটার রাস্তার পরে যখন কাজ শুরু করা হল দেখা গেল আগের সেই হাফ কিলোমিটার রাস্তা খারাপ হয়ে গেছে। এই যে সিস্টেম এর পরিবর্তন দরকার বলে আমি মনেকরি। আজকে বিভিন্ন জায়গার ন্যাশনাল হাইওয়ের রিপেয়ারের কাজ হচ্ছে, কিন্তু পাশাপাশি পি.ডব্লু.ডির রাস্তাগুলি বিশেষ করে গ্রামাঞ্চলে পি.ডব্লু.ডির রাস্তার খারাপ অবস্থার জন্য বাস রুট পর্যন্ত বন্ধ হয়ে রয়েছে। সেক্ষেত্রে ঐতিহাসিক জায়গা, যেমন নদীয়ার পলাশি, বা তারকেশ্বরে যাবার রাস্তা, এইসব গুরুত্বপূর্ণ রাস্তার ক্ষেত্রেও কোনও অগ্রাধিকার দেওয়া হচ্ছে না। তাই আমার মনে হয়, পি.ডব্লু.ডি. যে সিস্টেমের মধ্যে কাজ করছে সেই সিস্টেমের পরিবর্তন করা দরকার। অগ্রাধিকারের ভিত্তিতে কিছু রাস্তাকে বেছে নিয়ে সেই রাস্তাগুলি রিপেয়ার করা দরকার। আজকে শুধু এই সিসটেম নয়, রাস্তার জন্য আপনি যে কাজ করতে পারছেন না, আপনি যে বিপর্যস্ত হচ্ছেন, তার পিছনে আর একটা বড় কারণ আছে। সেই কারণটা হচ্ছে, আমরা বিভিন্ন সময়ে সরকারি দপ্তরে গিয়ে দেখেছি গুরুত্বপূর্ণ পদে যে সমস্ত অফিসার রয়েছেন তারা খুব তাড়াতাড়ি বদলি হয়ে যান। যেমন ধরুন, একটা জায়গায় চিফ ইঞ্জিনিয়ার রয়েছেন, একটা জায়গায় সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার রয়েছে, একটা জায়গায় একজিকিউটিভ ইঞ্জিনিয়ার রয়েছেন। এত তাড়াতাড়ি এই গুরুত্বপূর্ণ পদগুলির বদলি হচ্ছে যে সেই পদে নূতন যিনি আসছেন, তার দপ্তরে কত রাস্তা আছে, কোন কোন এলাকার রাস্তা কি অবস্থায় আছে, সেই সম্পর্কে বুঝে নিয়ে যে সময় দরকার সেটা তিনি পাচ্ছেন না। আমরা বিধায়ক পি.ডব্লু.ডি. (রোডস) দপ্তরে গিয়ে ৩ মাস আগে যারসঙ্গে কথা বলে এসেছি, ৩ মাস আগে যে প্রস্তাব দিয়ে এসেছি, পরবর্তীকালে গিয়ে দেখছি সেখানে অন্য লোক এসেছেন। এইসব ব্যাপারে

কাজের গতি শ্লথ হয়ে যাচ্ছে। এই বিষয়ে চিন্তা করা উচিত এবং এইভাবে একটা জায়গায় যেতে না যেতে পদের যাতে বদলি না হয় সেটা দেখা দরকার। আমি আশা করব যে মন্ত্রী মহাশয় কয়েকটি ব্যাপারে আমাদের জানাবেন। এই দপ্তর থেকে একটা রোড রোলার কেনা হয়। এই রোড রোলার কেনার ক্ষেত্রে গভর্নমেন্টের যে সংস্থাগুলি আছে, সেই সংস্থাগুলি থেকে কেনা উচিত বলে আমি মনেকরি। কিন্তু আমরা দেখেছি যে রোড রোলার কেনার ক্ষেত্রে সরকারি সংস্থাকে বাদ দিয়ে বিড়লার টেক্সম্যাকো থেকে কেনা হয়েছে। আজকে বিভিন্ন রাস্তায় ভাইব্রেটার রোলার চালু হয়েছে। সেই রোলার সরকারি সংস্থা থেকে না কিনে বিড়লার সংস্থা থেকে কেনা হয়েছে। আমি জানিনা, সরকারের সঙ্গে বিড়লার কোনও চুক্তি আছে কিনা, যদি থাকে সেটা কি? মাননীয় মন্ত্রী মহাশয় প্রকৃত অবস্থাটা আমাদের জানাবেন। আজকে বিভিন্ন যে সমস্ত রাস্তাগুলি আছে, বিশেষ করে গ্রামে যে রাস্তাগুলি আছে, আমরা দেখেছি যে সেগুলি অত্যন্ত ন্যারো। এই রাস্তাগুলি বাড়ানোর ক্ষেত্রে সরকার কি চিন্তা আমি জানিনা, গ্রামাঞ্চলে যে রাস্তাগুলি মাটির সেগুলি মেটাল রাস্তা করতে গেলে যে অর্থের প্রয়োজন, সেই অর্থ আপনার নেই। সেক্ষেত্রে সরকার এইরকম চিন্তা করতে পারেন কিনা যে গ্রামের যে রাস্তাগুলি ১০ কিলোমিটার, সেই টোটাল রাস্তাকে মেটাল না করে শুধু গাড়ির চাকা যেতে পারে সেইভাবে দুটো সাইডে মেটাল করে সেই রাস্তাগুলি করা যায় কিনা? গ্রামের মানুষের যে অবস্থা, সেই অবস্থার কথা চিন্তা করে সেই সিস্টেমে এই রাস্তাগুলি করা যায় কিনা সেটা চিন্তা করার জন্য আবেদন রেখে এবং এই ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত, সড়ক নির্মাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ১৯৯৩-৯৪ সালের যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। খুবই স্বাভাবিকভাবে মাননীয় মন্ত্রী মহাশয়, তার বাজেট বক্তৃতার শুরুতেই আমাদের গোটা রাজ্যের পূর্ত সড়ক পরিবহন এবং সড়ক নির্মাণের ক্ষেত্রে যে অসুবিধা এবং আমাদের রাজ্যের মানুষের যে প্রয়োজন, সেই প্রয়োজনের ক্ষেত্রে যে চাহিদা, সেই চাহিদা কেন মেটানো যায়নি এবং না মেটানোর ক্ষেত্রে যে সবচেয়ে বড় বাধা আর্থিক সঙ্গতি, সেই আর্থিক সঙ্গতির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে সাহায্যের ব্যাপার আছে, সেটা উল্লেখ করেছেন। স্বাভাবিকভাবে আমাদের সকলের মনে রাখা দরকার এই দপ্তরের বিভিন্ন ধরনের কাজ আছে সেই কাজের ক্ষেত্রে মানুষের চাহিদা মতো সমস্ত কাজ মানুষ পাচ্ছে না। এলাকার উন্নয়নের জন্য সড়ক নির্মাণের ক্ষেত্রে সময়সীমা বেঁধে পরিকল্পনা মাফিক কাজ শেষ হচ্ছে না। আমাদের বিরোধী দলের সদস্যরা তাদের বক্তব্য রাখার সময় এই সমস্ত কথা উল্লেখ করলেন। কিন্তু অর্থের প্রয়োজনে সেই কাজ করতে গেলে সেই প্রয়োজনীয় অর্থ পাওয়ার প্রশ্ন আছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার টালবাহনা করছে এবং কোনও কোনও ক্ষেত্রে পরিকল্পিত ভাবে বঞ্চিত করার মানসিকতা বাস্তব ক্ষেত্রে লক্ষ্য করছি। এই ব্যাপারে তারা কিছু উল্লেখ করলেন না। আমি জোরের সঙ্গে বলতে চাই আমাদের রাজ্যের মানুষ বাঁচার তাগিদে, চলাফেরা করার তাগিদে আর্থিক উন্নয়নের স্বার্থে সড়কের যথেষ্ট উন্নতির প্রয়োজন। এই প্রয়োজনীয় কাজ করতে গেলে

কেন্দ্রীয় সরকারের যে আর্থিক সাহায্য, আর্থিক সহযোগিতা সেটা সবচেয়ে বড় দরকার। আমাদের রাজ্যের যে পরিকল্পনা, সারা রাজ্যে সড়ক নির্মাণের ক্ষেত্রে যে পরিকল্পনা সেই সমস্ত কাজ মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তব্যে উল্লেখ করেছেন। আমাদের সরকার কোন কোন কাজ হাতে নিয়েছে। খুব স্বাভাবিক ভাবে তাকে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করতে হচ্ছে। পেছিয়ে পড়া কয়েকটি জায়গা যেখানে বেশি গুরুত্ব দিয়ে সেই এলাকাকে বেছে নিতে হয়েছে। বিশেষ করে তিনি উত্তরবঙ্গকে তিনি বেছে নিয়েছেন। কারণ এই উত্তরবঙ্গ বেশি অবহেলিত ছিল কংগ্রেস আমলে। সড়ক নির্মাণের ক্ষেত্রে সরকারের যে দৃষ্টিভঙ্গি সেটা মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তব্যের মধ্যে প্রতিফলিত হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণের মধ্যে কিছু পরিকল্পনার কথা বলেছেন, যে কাজ শুরু হয়েছে, যে কাজ শেষ করা হয়েছে এবং যে কাজ আগামী দিনে করা হবে সেই সমস্ত পরিকল্পনা বিস্তারিত ভাবে লিখেছেন। সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই অনুযায়ী রাজ্যের মানুষের আর্থিক উন্নতির ক্ষেত্রে সড়ক যোগাযোগ ব্যবস্থা যেটা বেশি গুরুত্বপূর্ণ সেইদিকে লক্ষ্য রেখে সঠিকভাবে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করা হচ্ছে। পেছিয়ে পড়া এলাকার জন্য যে বেশি গুরুত্ব দেওয়া দরকার এবং সেখানে যে অগ্রাধিকার দেওয়া সেই দৃষ্টিভঙ্গি মাফিক আমাদের রাজ্য সরকার কাজ করছে। আমি এই কথা বলতে চাই এই কাজ করার ক্ষেত্রে আর্থিক অনটন হচ্ছে আমাদের সবচেয়ে বড় প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। ফলে এই বিভাগে প্রশাসনে যারা আছেন তারা কাজ রূপায়িত করতে পারছেন না। আমাদের বিরোধী দলের সদস্যরা যারা বক্তব্য রাখলেন তাদের দলের মাধ্যমে কেন্দ্রীয় সরকার পরিচালিত হচ্ছে। আমাদের রাজ্যের মানুষের উন্নয়নের স্বার্থে এই রাজ্যের একজন অধিবাসী হিসাবে এই হাউসের সদস্য হিসাবে কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে যে বিমাত্রিসুলভ আচরণ করছেন তার বিরুদ্ধে আপনারা সোচ্চার হোন। যাতে আমাদের সরকারের যে দৃষ্টিভঙ্গি এবং যে পরিকল্পনা আছে, যে কাজগুলি নির্দিষ্ট ভাবে নির্ধারিত হয়ে আছে সেই কাজগুলি দ্রুততার সাথে সময়মতো শেষ করা যায়। কেন্দ্রীয় যদি কেন্দ্রীয় সরকার তাদের নির্ধারিত অর্থ সঠিক সময়ে দেন তাহলে সেই কাজগুলি সঠিক সময়ে দ্রুততার সাথে সম্পন্ন করা যায়। আশাকরি এই ব্যাপারে বিরোধী দলের সহযোগিতা পাব। সেই সঙ্গে সঙ্গে আমি মনেকরি পূর্ত বিভাগে সড়ক নির্মাণের ক্ষেত্রে কিছু প্রশাসনিক ত্রুটি-বিচ্যুতি আছে, কাজের সময় নির্ধারণের ক্ষেত্রে কিছু ত্রুটি-বিচ্যুতি আছে। এগুলোকে আমাদের সরকারের পক্ষ থেকে অত্যন্ত দৃঢ়তার সাথে লক্ষ্য রাখা দরকার এবং তার সংশোধন হওয়া দরকার। আমরা বিশেষ বিশেষ ক্ষেত্রে অনেক সময়ে দেখি, এখন আমরা দেখতে পাব যে বর্ষা শুরু হয়ে গিয়েছে। আমাদের রাজ্যের বিভিন্ন স্তরের রাস্তা, ন্যাশনাল হাইওয়ে, স্টেট হাইওয়ে পি.ডব্লু.ডি.র রাস্তা বা কোনও গ্রামীণ রাস্তা হতে পারে, এগুলো এখন বর্ষার সময়ে সংস্কার করা হচ্ছে। বর্ষার সময়ে সংস্কার করলে সেই সংস্কারের কাজ কখনও ভাল হতে পারে না, দেখা যায় শীঘ্রই সেগুলো খারাপ হয়ে যায়। এই ব্যাপারে প্রশাসনিক ব্যবস্থাগুলো যাতে আমরা সঠিক ভাবে গ্রহণ করতে পারি তা দেখা দরকার। আমাদের আর্থিক অভাব নিশ্চয়ই আছে, কিন্তু আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দিয়েও আমরা যে রাস্তাগুলোকে সংস্কার করছি বা নতুন রাস্তা নির্মাণ করছি তারজন্য যদি সময়ের নির্দিষ্টতা না ঠিক করতে পারি তাহলে সংস্কারের যে উপযোগিতা তা আমরা ঠিকমতো পাব না। আর্থিক অভাবের জন্য আমরা নির্দিষ্ট সময়ে পরিকল্পনাগুলোক আমরা গ্রহণ করতে পারছি না, এটা ঠিক। সেজন্য রাস্তা সংস্কারের কাজটা

বর্ষা আসার আগে যাতে শুরু করা যায় তারজন্য প্রশাসনিক একটা নির্দেশ থাকা দরকার। গ্রামীণ এলাকার রাস্তার ক্ষেত্রে আমরা দেখি, কন্ট্রাক্টররা যে কাজ করে তা সরকারি প্ল্যান এস্টিমেটস যা আছে সেই অনুসারে না করে চলে যাওয়ার চেষ্টা করে। এই ক্ষেত্রে প্রশাসনিক স্তরে আধিকারিকদের পক্ষ থেকে সুপারভিসন থাকা দরকার। এই ধরনের ত্রুটি বিচ্যুতি আমাদের আছে, এটা দেখা দরকার। গ্রামীণ এলাকায় নতুন রাস্তা নির্মাণের ক্ষেত্রে এবং কিছু কিছু ক্ষেত্রে প্রয়োজন অনুসারে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করা দরকার। হাওড়া জেলায় গুরুত্বপূর্ণ রাস্তাগুলো অগ্রাধিকারের ভিত্তিতে করা হচ্ছে। কিন্তু গ্রামীণ এমন অনেক রাস্তা আছে যেটি হয়ত মানুষের যাতায়াতের একমাত্র রাস্তা। যেমন হাওড়া জেলার পাঁচলা বিধানসভা কেন্দ্রে জয়নগর বাজার থেকে হাটখোলা হাইস্কুল পর্যন্ত রাস্তাটি দীর্ঘদিন তৈরি হলেও এখনও পর্যন্ত সংস্কার সেইভাবে হয়নি। রাস্তাটি এখন মানুষ চলাচলের অযোগ্য হয়ে গেছে। এই ধরনের রাস্তাগুলোকে গুরুত্ব দিয়ে যাতে আমরা সংস্কার করতে পারি সেই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা দরকার। আমার বিধানসভা এলাকায় ২০ বছর আগে একটি রাস্তা নির্মাণ করার পরিকল্পনা গৃহীত হয়েছিল। বনহরিশপুর স্বাস্থ্যকেন্দ্র রোড, এই নামে রাস্তাটি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত প্রাথমিক কাজও শুরু করা যায়নি। এইরকম রাস্তা রাজ্যের বিভিন্ন জায়গায় আছে। আমরা যাতে পরিকল্পিত রাস্তাগুলোকে করতে পারি এবং যেখানে অসুবিধা আছে তা দূর করে নির্মাণ করতে পারি, কাজকর্মগুলো করতে পারি তারজন্য উদ্যোগ নেওয়া দরকার। কাজের ক্ষেত্রে আমাদের যেটা বিশেষ প্রভাব ফেলছে, যে সমস্ত রাস্তাকে সংস্কার করা হচ্ছে, নতুন রাস্তা নির্মাণ করা হচ্ছে, কন্ট্রাক্টর যারা কাজ করছে, দেখা যাচ্ছে তারা স্বাভাবিক সময়ে পেমেন্ট পাচ্ছে না, দু-তিন বছর লেগে যাচ্ছে পেমেন্ট পেতে। আমরা যদি নির্ধারিত সময়ের মধ্যে তাদের পেমেন্ট দিতে না পারি তাহলে কাজের ক্ষেত্রে তার একটা জের থেকে যাবে।

[3-00 — 3-10 p.m.]

একজন কনট্রাক্টর যে টাকা ইনভেস্ট করছেন সেই টাকা সময়মতো যদি না পান তাহলে সে কম কাজ করে সেই টাকাতেই মেকআপ দেওয়ার চেষ্টা করবে। সরকার যদি পেমেন্ট সময়মতো দেন তাহলে এই অসুবিধাটা থাকে না। সুতরাং সেই দিকটা দেখতে হবে এবং কাজ যাতে সঠিকভাবে বুঝে নেওয়া হয় তারজন্য প্রশাসনিক স্তরে আরও বেশি উদ্যোগ নেওয়ার দরকার। যা খুশি কাজ করে টাকা নেবে সেটা তো হওয়া উচিত নয়। স্কীমের কাজ যাতে সঠিকভাবে হয় সেই দিকটা দেখতে হবে। আরেকটি বিষয়ে বীরেন মৈত্র যেকথা বলেছেন সেটা খুবই গুরুত্বপূর্ণ কথা বলেছেন। আজকে পূর্ত দপ্তরের অর্দ্ধেক রাস্তার উভয় সাইডের জমি দখল হয়ে যাচ্ছে। নানা সমস্যা তৈরি হচ্ছে। ওখানে যে সমস্ত রাস্তা আছে সেই সমস্ত রাস্তার উভয় সাইডের জমি দখল হয়ে যাচ্ছে এবং নানা সমস্যা দেখা যাচ্ছে। আমি মনেকরি এই বিষয়ে প্রশাসনিক স্তরে আমাদের বিশেষ করে গুরুত্ব নেওয়ার দরকার এবং নজর দেওয়ার দরকার। বড় বড় জাতীয় সড়কের ধারে স্টেট হাইওয়ের কাছে গ্রামের যে সমস্ত পি.ডব্লু.ডির রাস্তা আছে সেগুলো দেখাশোনার অভাবে জমি দখল হয়ে যাচ্ছে, বেআইনিভাবে জমি দখল হয়ে যাচ্ছে। কিন্তু দপ্তরের পক্ষ থেকে কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। কিছু কিছু কাজ হচ্ছে কিন্তু অধিকাংশ জায়গায় দেখা যাচ্ছে যে, এই বেআইনি দখলের ফলে

রাস্তাগুলি দিয়ে চলার একটা সঙ্কটের সৃষ্টি করছে। যেকোনও সময়ে যেকোনও ধরনের বড় দুর্ঘটনা ঘটে যেতে পারে এবং ঘটছেও। কোনও কোনও সময়ে আবার পি.ডব্লু.ডির রাস্তা দখল করে সেখানে কোনও ধর্মীয় স্থান হিসাবে মসজিদ, মন্দির তৈরি হচ্ছে। এমন কি রাস্তার ধারে বস্তি এলাকায় জল নিকাশি যে ব্যবস্থা রয়েছে সেগুলোও জবর দখল হয়ে যাবার ফলে সেই নিকাশি ব্যবস্থা দিয়ে জমা জল বেরুতে পারছে না। এবং বেআইনি দখল হয়ে যাবার নিকাশি ব্যবস্থা সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যাচ্ছে। অথচ রাস্তার জমা জল সরানোর জন্য রাস্তা খননের কোনও ব্যবস্থা করা হচ্ছে না। সেইক্ষেত্রে রাস্তা যাতে ড্যামেজ না হয় এবং সংস্কারের ক্ষেত্রে অর্থ বরাদ্দ করতে না পারলেও প্রশাসনিক স্তরে যাতে উদ্যোগ নেওয়া হয় সেইদিকটা দেখতে হবে। আজকে বেআইনি রাস্তা দখলের ফলে রাস্তাগুলোর অবস্থা খুবই খারাপ হচ্ছে, চলাচলের বা ব্যবহারের বাইরে, সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশাসনিক স্তরে নিজের থেকে উদ্যোগ নেওয়ার দরকার যাতে দখল মুক্ত করতে পারেন। মাননীয় মন্ত্রী মহাশয় অনেকগুলো নতুন সেতু, সড়ক তৈরির ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনার কথা লিখেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই যে অনেক সেতু সারানো এবং নির্মাণের পরিকল্পনার কথা লিখেছেন তারমধ্যে বীরভূম জেলার পান্ডবেশ্বর ভীমগড়ের কাছে অজয় নদীর উপরে একটি সেতু নির্মাণ করার জন্য বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও ওই সেতু নির্মাণ করা হয়না। এতে পুরুলিয়া জেলার থেকে বীরভূমের দীর্ঘ পথের একটা যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে। এটাকে যাতে আগামিদিনে পরিকল্পনার মধ্যে যুক্ত করতে পারেন অর্থাৎ পান্ডবেশ্বর ভীমগড়ে অজয় নদীর উপরে সেতু নির্মাণ করা যেতে পারে সেইদিকটা দেখতে হবে এটা হলে পরে বিরাট যোগাযোগ স্থাপন করা হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব বিষয়টি দেখবেন এবং সেই সঙ্গে সঙ্গে আরেকটি বলছি সেটা হচ্ছে যে এটা নিয়ে উদ্যোগ নেওয়া হয়েছে কিন্তু এখনো সঠিক পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সেটা হচ্ছে এন এইচ ৩১কে এন এইচ ৩৪ গাজলে যোগ করার যে চেষ্টা এবং পরিকল্পনা রয়েছে সেটা যাতে রূপায়িত হয় সেই দিকটা দেখতে হবে। অর্থাৎ গাজল এবং হরিশচন্দ্র পুরের মধ্যে যোগাযোগ স্থাপন করা দরকার এই হরিশচন্দ্রপুর হচ্ছে বিহার রাজ্যের একটি অংশ এবং এটা যাতে যোগাযোগ হয় সেইদিকটা দেখতে হবে তবে রাজ্য সরকার এই ব্যাপারে, সেইরকম চেষ্টা করছে না। সুতরাং এই রাস্তাটির কাজ যাতে পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত করা যায় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। এরপর আমি এই দপ্তরের বাড়ি নির্মাণ সম্পর্কে কয়েকটি কথা বলব। এই দপ্তরের মাধ্যমে সরকারের বহু দপ্তরের বাড়িঘর নির্মাণ ও সংস্কারের কাজ হয় সেটা আমরা জানি। ধরুন একটা হাসপাতালের বাড়ি নির্মাণ করার কাজ হচ্ছে অথবা কোনও হাসপাতাল সংস্কারের কাজ হচ্ছে সেখানে আমরা যেটা দেখি সেটা হচ্ছে, পি.ডব্লু.ডি.র পক্ষ থেকে একটা কনট্রাক্টরকে হয়ত নিয়োগ করা হল এবং তিনি নির্মাণ কার্য শুরু করলেন পি.ডব্লু.ডি'র পক্ষ থেকে যে প্রশাসনিক অফিসার তারসঙ্গে যুক্ত তিনি সেই কাজটা দেখেন। এই কাজের সঙ্গে সেই হাসপাতালের সুপারিনটেনডেন্ট অথবা মেডিক্যাল অফিসার যিনি থাকেন তার কিন্তু কোনও সম্পর্ক থাকে না। অনেক ক্ষেত্রে তারা তাদের মতন কাজ করেন কিন্তু সেখানে হাসপাতালের সত্যিকারের যেটা প্রয়োজন অথবা প্রয়োজনীয় কাজগুলি সঠিকভাবে হচ্ছে কিনা পূর্ত দপ্তরের তরফ থেকে প্রতিনিয়ত তা দেখার সুযোগ থাকে না। কিন্তু যে হাসপাতালে কাজ হচ্ছে সেই হাসপাতালে যারা থাকেন তাদের সেই সুযোগ থাকে। সরকারের

অন্যান্য প্রশাসনিক ভবনের ক্ষেত্রেও ঠিক একই কথা প্রযোজ্য। কনট্রাক্টররা তাদের প্রাপ্য টাকা ঠিকই পেয়ে যান কিন্তু পুরোপুরিভাবে কাজটা বুঝে নেওয়ার ক্ষেত্রে যে উদ্যোগ থাকা দরকার সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে যোগাযোগ রেখে সেটা করা যায় কিনা তা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। আপনারা সকলেই জানেন যে দ্বিতীয় হুগলি সেতুর কাজ শেষ হয়ে গিয়েছে এবং তার উপর দিয়ে এখন গাড়িও যাচ্ছে। এখন সেই সেতুর সঙ্গে সংযোজিত নানান অ্যাপ্রোচ রোড তৈরি করা হচ্ছে। এরকম একটা রাস্তার কথা আমি আগেই উল্লেখ করেছি আন্দুল রোড। এখন এই প্রচন্ড বর্ষাতে আমরা দেখছি সেখানে কাজ শুরু হয়েছে। সেখানে রাস্তার সাইড চওড়া করা, পাইলিং-এর কাজ, মাটি ফেলার কাজ হচ্ছে। বর্ষার আগে এই কাজটা করতে পারলে আমার মনে হয় কিছু টাকা বাঁচানো যেত। আমি একথা টার উল্লেখ করলাম এইজন্য যে রাস্তার কাজ যাতে সঠিক সময় করে বর্ষার আগেই তা শেষ করা যায় তাহলে অর্থ নষ্ট হবার সম্ভাবনা থাকে না। এ ব্যাপারটিও মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখার জন্য অনুরোধ করছি। আমরা জানি যে মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরবাংলার জন্য অনেকগুলি পরিকল্পনার কথা ঘোষণা করেছেন। সেখানে দুর্বল সেতুর সংস্কার, নতুন সেতু নির্মাণ ইত্যাদি নানান কথা তিনি বলেছেন। মাননীয় বিরোধী দলের সদস্যদের আমি শুধু একটি কথা বলব যে আপনাদের জানা উচিত যে রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে সড়কের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। আমাদের রাজ্য সরকারের সড়ক উন্নয়নের ক্ষেত্রে সদিচ্ছা আছে, সঠিক পরিকল্পনা আছে কিন্তু সেই পরিকল্পনাকে বাস্তবায়িত করতে গেলে যে আর্থিক সঙ্গতির দরকার তা ততটা নেই। এই আর্থিক সঙ্গতির ব্যাপারে বিরোধীদল যদি কেন্দ্রের সঙ্গে কথা বলে এরজন্য একটা উদ্যোগ নেন তাহলে ভাল হয়। তারপর জাতীয় নেতা ও বিশিষ্ট নেতাদের সম্মান প্রদর্শনের জন্য আমরা জানি যে তিনি বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। এগুলি যাতে সঠিক সময় রূপায়িত হয় তারজন্য অনুরোধ জানাব। আজকে একথা প্রমাণিত যে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক বিশৃঙ্খলা ও পশ্চিমবঙ্গের প্রতি বিমাতৃসুলভ মনোভাবের মধ্যে দাঁড়িয়েও বামফ্রন্ট সরকার মানুষের জন্য কাজ করতে চাইছেন।

[3-10 — 3-2·· p.m.]

রাজ্যের অর্থনৈতিক উন্নয়নকে আরও বেশি শক্তিশালী করতে চাইছি, বামফ্রন্ট সরকার যাতে সেই কাজ করতে পারেন তারজন্য আমি বিরোধী সদস্যদের কাছে আবেদন করব, রাজ্যে যাতে আরও বেশি অর্থ আসে, তাদের লেভেল দিয়ে সুপারিশ করা উচিত। কারণ তাদের দল কেন্দ্রে আজকে সরকার পরিচালনা করছেন। তারা তার উদ্যোগ নেবেন। তেমনি ভাবে সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও আমরা যে কাজ করতে চাইছি, সেই কাজ করার ক্ষেত্রে আমাদের যতটুকু প্রশাসনিক ত্রুটি বিচ্যুতি আছে বা সুপারভিসনের অভাব আছে সেটা যাতে আমরা সঠিকভাবে দূর করে, আমাদের সদিচ্ছাকে, আমাদের দৃষ্টিভঙ্গিকে যাতে কার্যকর করে রূপ দিতে পারি, সেই ক্ষেত্রে আমরা যথাযথ ব্যবস্থা নেব। এই আশা রেখে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখনে রেখেছেন, তাকে আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পূর্তমন্ত্রী ও পূর্ত সড়ক এবং

পূর্ত নির্মাণ পর্ষদ, এতে ২৫ নং এবং ৭৯ নং দাবি সম্পর্কে মন্ত্রী মহাশয় যে ১৬০ কোটি ২২ লক্ষ ৫৩ হাজার টাকা এবং ১৫০ কোটি ২ লক্ষ টাকা মঞ্জুরির দাবি করেছেন, তার বিরোধিতা করছি এবং আমাদের আনা কাট মোশনকে সমর্থন করছি। কারণ কি, আমরা যে সাজেশন দেব, উনারা নেবেন না। বলবেন যে বাজে কথা বলছেন, কেন্দ্রীয় সরকার দিচ্ছে না এইসব কথা বলবেন। আজকে আমি শুধু বলতে চাই আপনাদের ডিপার্টমেন্ট, আপনাদের সরকার বা আমাদের যে কমিটি, এরা যে সাজেশন দিয়েছে প্রতিটি সাজেশন আপনারা শুনছেন না। ডিপার্টমেন্টে দুর্নীতি আছে ·আমরা ছোটবেলা থেকে শুনে আসছি, পি.ডব্লু.ডিতে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি আছে। সেই ক্ষেত্রে আপনারা যেটা বলছেন ফার্স্ট পয়েন্টে, আপনারা নিজেরা স্বীকার করছেন যে পি.ডব্লু.ডি.'র আন্ডারে যে জমি আছে সেই জমি অধিগৃহীত হয়েছে এবং উনি একটু আগে বললেন যে আজকে সেই সমস্ত housing, shops and stalls in the right of way. This causes undesirable delay and economic losses to the fast-moving through traffic and invites more chances of accidents. এটসেটরা এটসেটরা, এইগুলো ডেমলিশ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন, তার ভাষণে মন্ত্রী মহাশয় কিছু বলেন নি। আপনারা সমস্যা স্বীকার করছেন কিন্তু সমস্যাটাকে কি করে ওভার কাম করবেন, সেই সম্পর্কে ডিটেলসে কোনও কথা আপনারা বলছেন না। এক জায়গায় আপনারা স্বীকার করছেন, আপনি বক্তৃতার মধ্যে বলছেন ''There are a number of weak and narrow bridges on National Highways which are required to be placed immediately. বলে টেব্ল ফোরে আপনারা যে সমস্ত ন্যারো, উইক ব্রিজ এর কথা বলছেন, লিস্টটা আপনারা দিয়ে দিয়েছেন যে এই সমস্ত জায়গায় কোথায় আছে, না, সিংগাডন, দেহাত, তিস্তা, মঞ্জী, কোসলি, ভাগীরথি, ইছামতি, সব জায়গায় রয়েছে। এইগুলো এন.এইচ যে উপর ইমপর্টান্ট ব্রিজেস, কিন্তু ন্যারো, উইক ব্রিজেস, এইগুলো রিপেয়ার করা উচিত। কিন্তু আজ পর্যন্ত রিপেয়ার কিভাবে করা হবে, সেটা বলেন নি। আমাদের কমিটি বলছে গত বছর মালদহতে, উত্তর দিনাজপুরে, দক্ষিণ দিনাজপুরে বন্যা হয়ে গেল। কিন্তু সেই রাস্তাগুলো মেরামত করতে গিয়ে এই ডিপার্টমেন্ট কি ব্যবস্থা নিয়েছেন, সেই বিষয়ে কোনও উল্লেখ করেন নি। একটা কথা দীর্ঘদিন ধরে শুনে আসছি, যা হচ্ছে না, সেটা কেন্দ্রের দোষ আপনারা সমস্ত দোষ এড়িয়ে যেতে চাইছেন। যদি আমরা দেখতাম সত্যিকারের ভাল কাজ করছে, অবশ্যই সমর্থন করতাম। কারণ আমরা বিরোধী দলে আছি, আমরা চাই পশ্চিমবাংলার উন্নতি হোক, তাহলে আমরা তো খুশি হবো যে আজকে অন্তত: পশ্চিমবাংলার মানুষ কিছু পাচ্ছে, রাস্তাঘাট হচ্ছে, ব্রিজ হচ্ছে, মানুষ হাঁটতে পারছে। কিন্তু তা না হয়ে শুধু মাত্র এই ডিপার্টমেন্টকে সরকার গুরুত্ব দিচ্ছে না, আবাসনকে কেটে বাদ দিয়ে দেওয়া হয়েছে। এই যে সেকেন্ড হুগলি ব্রিজ হল আন্ডার ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট। সুদীপবাবু বললেন উনি দর্শকের আসনে বসে থাকলেন ব্রিজ হয়ে গেল। সেই ক্ষেত্রে ইমপর্টান্ট হচ্ছে যে উইংগুলো সড়ক থেকে কেটে নিয়ে গিয়ে আজকে এই ডিপার্টমেন্টকে ঠুঁটো জগন্নাথ করে রাখা হয়েছে। আজকে সেই উপায় নেই বলে এর বিরোধিতা করতে হচ্ছে। আপনাদের কমিটি স্বীকার করেছে যে রাস্তাঘাট রিপেয়ার হয়না এবং সেখানে আপনারা বলছেন, আপনাদের ডিপার্টমেন্ট রাস্তা রিপেয়ার কেন করে না? সেই ক্ষেত্রে রিপোর্টে বলা হচ্ছে, রিপোর্টে স্বীকার করেছে এবং বলেও দিচ্ছে যে ম্যাকসিমাম টাকা চলে যাচ্ছে যারা স্টাফ আছে তাদের মাইনে দেবার জন্য ম্যাকসিমাম টাকা চলে যাচ্ছে,

এটা স্বীকার করছেন। বালুরঘাট, হিলি প্রভৃতি বাংলাদেশ বর্ডার অঞ্চলে কোনও ন্যাশনাল হাইওয়ে নেই। বাঁকুড়া জেলায় ন্যাশনাল হাইওয়ে নেই। আবার অনেক জায়গায় ন্যাশনাল হাইওয়ের ওপর ইল্লিগ্যাল এনক্রোমেন্ট করা হয়েছে। এসব বিভিন্ন সমস্যা আপনি কি ভাবে মোকাবিলা করবেন তা বলছেন না। আজকে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা হচ্ছে আমাদের ন্যাশনাল হাইওয়ে গুলোর দুধারের বহু পুরোনো দামি গাছ অবাধে কেটে ফেলা হচ্ছে এবং কাঠ চুরি করা হচ্ছে। এই গাছ চুরি রোধ করতে আমি বারবার কমিটিকে, ডিপার্টমেন্টকে এবং মন্ত্রীকে বলেছি। অথচ আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করছি সরকারের তরফ থেকে এবিষয়ে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আপনারা যদি মনে করেন যে ন্যাশনাল হাইওয়ে কেন্দ্রীয় সম্পত্তি তাহলে এবিষয়ে কেন্দ্রের কাছেই ডিমান্ড করা হোক। আমরা নিশ্চয়ই আপনাদের সঙ্গে সেক্ষেত্রে সামিল হব। আমার মন্ত্রী মহাশয়ের কাছে বিশেষ করে রাস্তা রক্ষণাবেক্ষণের জন্য কয়েকটি সাজেশন আছে এবং সেগুলো আমি রাখছি। আমার মনে হয় বর্ষার পরবর্তীকালে যে প্যাচওয়ার্ক হয় তা যদি সঙ্গে সঙ্গে করা হয় তাহলে কাজের পরিমাণ কিছু কমে এবং মেনটিনান্স কস্টও কম পড়ে। দ্বিতীয়ত আমরা জানি যখন কোনও নতুন রাস্তা তৈরি হয় তখন অনেকের কাছ থেকে অনেকগুলো টেন্ডার কল করা হয় এবং লোয়েস্ট টেন্ডারে কাজ দেওয়া হয়। এই ব্যবস্থার আমি একটু পরিবর্তন চাইছি। ইউরোপের বিভিন্ন দেশে, ফ্রান্সে এবং ইউ.এস.এ.-তে আমরা দেখেছি একটা টেন্ডারের অ্যাভারেজ নির্দিষ্ট করে সবচেয়ে ভাল কাজ যে করতে পারবে বলে মনে হয় তাকে কাজের দায়িত্ব দেওয়া হয়। সেই ব্যবস্থা এখানেও চালু করা যেতে পারে। এখানে আমরা যে জিনিসটা সবচেয়ে বেশি লক্ষ্য করছি তা হচ্ছে একটা রাস্তা তৈরির দায়িত্ব কোনও একজন কনট্রাক্টরকে দিয়ে দেবার পর সে কিভাবে কত দূর কি কাজ করল, না করল তা কেউ দেখে না। ফলে এতই নিম্নমানের কাজ হয় যে, একটা বর্ষার পর রাস্তার পিচ, খোয়া সব উঠে যায়। এইভাবে কাজ না করে যাকে রাস্তা নির্মাণের কনট্রাক্ট দেওয়া হবে তাকে তা দেবার সঙ্গে সঙ্গে যদি বলে দেওয়া হয় যে, দু বছরের জন্য রাস্তার সম্পূর্ণ দায়িত্ব তোমাকে নিতে হবে, যদি রাস্তা এরমধ্যে ভেঙে যায় তাহলে তা মেরামতের দায়িত্ব তোমার। তাহলে সে নিজের দায়িত্বে দুবছর রাস্তাটাকে ঠিকমতো রক্ষণাবেক্ষণ করবে। তানাহলে বর্তমানে একবার কোনওরকমে কাজ করে বিল দিয়ে টাকা নিয়ে বাড়ি চলে যাচ্ছে। তারপর রাস্তা ভেঙে যাচ্ছে। সুতরাং তাকে কনট্রাক্ট দেবার সময়েই বলে দিতে হবে যে, আগামী দু বছরের জন্য ইট ইজ ইয়োর ডিউটি টু মেনটেন তাহলে সেই কনট্রাক্টর বেশি চুরি করার সাহস পাবে না। তৃতীয়ত থানা ভিত্তিতে বেনিফিসিয়ারি কমিটি গঠন করা দরকার। প্রতিটি রাস্তার জন্য স্থানীয় ভিত্তিতে অল পার্টি মেম্বারদের নিয়ে যদি একটা করে কমিটি করে দেওয়া হয় তাহলে সেই কমিটি রাস্তা রক্ষণাবেক্ষণে কি কাজ হচ্ছে, না হচ্ছে দেখতে পারে, আদৌ রাস্তা ঠিকমতো হচ্ছে কিনা তা দেখতে পারে। তা যদি করা হয় তাহলে কনট্রাক্টরদের এবং অফিসারদের চুরি করার প্রবণতা কমবে। আর একটা জিনিস হচ্ছে, ধরুন পশ্চিমবাংলায় পি.ডব্লু.ডি. (রোড) ১২০০০ কিলোমিটার রাস্তা রক্ষণাবেক্ষণ করছে। অথচ এই দুটি শাখা একই ডিপার্টমেন্টের অধীন। কিন্তু তাদের কাজের সীমা পরিসীমা এমনভাবে ভাগ করা হয়েছে যে, একই জেলার এক প্রান্তে পি.ডব্লু.ডি.-র খানিকটা রাস্তা রয়েছে এবং অপর প্রান্তে খানিকটা রাস্তা রয়েছে, মাঝে অনেকটা রাস্তাই পি.ডব্লু.ডি. (রোড)-এর দায়িত্বে রয়েছে। এখন পি.ডব্লু.ডি.-র চিফ ইঞ্জিনিয়ার বা অন্য কোনও অফিসার সেই

জেলা পরিদর্শনে গিয়ে এক প্রান্ত দেখে তারপর অপর প্রান্ত দেখতে যেতে যে অর্থ এবং সময় ব্যয় করেন তা প্রকৃত পক্ষে অপব্যয়। এই এসটাবলিশমেন্ট কস্ট অনেকটাই কমিয়ে আনা যায় যদি নির্দিষ্ট অঞ্চলের রাস্তার নির্দিষ্ট শাখার উপর দায়িত্ব দিয়ে দেওয়া যায়। এটা যদি ঠিক করে দেওয়া যায় তাহলে তদারকিও ভালভাবে হবে। আমি বলতে চাইছি বারাসাত থেকে কলকাতা যে রাস্তাটি আছে সেটির সম্পূর্ণ দায়িত্ব আপনি পি.ডব্লু.ডি.-এর ওপর দিয়ে দিন, তারপর থেকে রাস্তাটার শেষ সীমা পর্যন্ত বা সেখান থেকে অপর যে রাস্তাটা বসিরহাট পর্যন্ত যাচ্ছে তার দায়িত্ব পি.ডব্লু.ডি. (রোড)-কে দিয়ে দিন। এইভাবে ভাগ করে দিলে কাজে অনেক সুবিধা হবে। কমিটি তাদের রিপোর্টের এক জায়গায় সরকারের এই দপ্তরের ব্যর্থতার কথা স্বীকার করেছে। স্যার, বামফ্রন্ট সরকার যখন প্রথম ক্ষমতায় এসেছিল তখন তারা বলতেন — কংগ্রেস আমলে ৩০% চুরি হয়েছে, ৭০% কাজ হয়েছে। আর এখন আমরা দেখছি বামফ্রন্ট আমলে ১০% চুরি হচ্ছে ২০% কাজ হচ্ছে। সেইজন্য আমি যে সাজেশনগুলো দিলাম তা যদি টোটালি ফলো করা হয় তাহলে চুরি কিছুটা অ্যাভয়েড করা সম্ভব হবে। এছাড়াও এই কমিটি প্রপোজাল দিয়েছেন একটা জায়গায়, কমিটি বলেছেন The Committee however experienced gloomy picture in this regard and the Committee holds that the department will share it and try to implement the recommendation of the Committee faithfully in future as it is better let than never. ওরা স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গে এই দপ্তর ঠিকমতো কাজ করতে পারছে না। এই দপ্তরকে ঠিকমতো গুরুত্ব দেওয়া হচ্ছে না। আপনি আপনার বাজেট ভাষণে কোন কোন জেলায় কতটা সফল হয়েছে, কি কি কাজ করতে পেরেছে এইসব পরিসংখ্যান দিয়েছেন। একটি কথা মনে করিয়ে দিই আপনারা বলেছেন বহু জায়গায় কাঠের ব্রিজ বদলে আর.সি.সি. ব্রিজ করেছেন কিন্তু ১৯৯১ সালে আমি যখন নির্বাচিত হয়ে আসি তখন আমি বলেছিলাম আমার কেন্দ্রে গোবরডাঙায় একটা ঐরকম ব্রিজ ভেঙে গিয়েছিল এবং তাতে মানুষ বিক্ষোভ করেছিল পুলিশ গুলি চালায় এবং তারফলে দুজন মানুষ মারা যায়। মন্ত্রী মহাশয় ভিজিট করেছিলেন, ১৯৯১ সালে অ্যাসেম্বলি ফ্লোরে আমি পাকা লিস্ট তাতে যা শুনেছিলাম যে ওটার জন্য ৮১ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে, আজ পর্যন্ত এই জায়গায় কাজ হয়েছে? তাই কতটাকা কি হচ্ছে কোথায় কি ডেভেলপমেন্ট হচ্ছে আমরা সল্ট লেক ইত্যাদি জায়গায় ঘুরেছি কোনও ডেভেলপমেন্ট নেই। সবকিছু চুরি হয়ে যাচ্ছে, মানুষ বিপদে পড়ছে। তারপর মূর্তির কথা বলছেন। কলকাতায় এইসব মুর্তিগুলি হলে আমরা খুশি হব। আমি একটা সাজেশন দিচ্ছি। সিরিয়াসলি। এটাকে ব্যাঙ্গ বলে মনে করবেন না। মাননীয় রাজীব গান্ধী এবং ইন্দিরা গান্ধীর মুর্তি হলে আমরা খুশি হব, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর একটা মূর্তি করুন। মাদ্রাজে যেমন করুণানিধির মূর্তি আছে। উনি অনেক দিন মুখ্যমন্ত্রী আছেন। তাহলে সব সমস্যা মিটে যাবে। পি.ডব্লু.ডি. এই দপ্তর আর নেগলেক্ট হবে না। পশ্চিমবঙ্গের উন্নতি চরম শিখরে উঠে যাবে। এই কথা বলে এর বিরোধিতা করে কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় পূর্ত মন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি, এবং বাজেট প্রস্তাবকে সমর্থন করে দু-একটি কথা বলছি। আমি সমর্থন জানাচ্ছি এইজন্য যে যে কোনও দেশের নির্মাণ দপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। আমাদের

দেশের কেন্দ্রীয় যে নির্মাণ নীতি সেটা অত্যন্ত সংকীর্ণ থাকার দরুন গোটা দেশের সড়ক যোগাযোগ, পরিবহন যোগাযোগ ব্যবস্থা যতটা বিকশিত হওয়ার দরকার ছিল ততটা হয়নি। লাইফ লাইন যোগাযোগ ব্যবস্থাটা সৃষ্টি হয়, যতটা ততটা হয়নি। পশ্চিমবঙ্গে এখন বর্তমানের যে চিত্র সেটা হচ্ছে ১৮ হাজার কিলোমিটার পাকা রাস্তা যেটা ৬ হাজার পি.ডব্লু.ডি. ১২ হাজার রোডস যা মেনটেন করেন এবং সবচেয়ে যেটা লজ্জা সেটাহচ্ছে এই পশ্চিমবঙ্গে মাত্র ১৬০০ কি.মি. জাতীয় সড়ক। এই অবস্থায় পূর্ত দপ্তর চলছে এবং আমার বলতে দ্বিধা নেই আজকে এখানে বিরোধী দলের পক্ষ থেকে কাট মোশন আনা হয়েছে বিরোধিতা করার জন্যই বিরোধিতা, প্রকৃতপক্ষে জোরালো বিরোধিতা করার জায়গা তাদের নেই। কারণ ওদের কেস খুবই দুর্বল এইজন্য যে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অর্থ আসা দরকার সেটা তারা দিচ্ছেন না। তাই রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতায় পূর্ত দপ্তরকে যতটা বরাদ্দ করা দরকার সেটা রাজ্য সরকার দিতে পারছেন না। আজকে সেজন্যই কংগ্রেস বন্ধুরা উভয় সঙ্কটে পড়েছেন এবং তারজন্যই চরম বিরোধিতা করা তাদের সম্ভব হয়নি। আমরা জানি রাজ্য থেকে কেন্দ্রীয় সরকার যে রেভিনিউ পান তার একটা অংশ রাজ্য পায়। এটা কোনও দয়া-দাক্ষিণ্যের ব্যাপার নয়। কিন্তু ওরা তার এক-চতুর্থাংশও দিতে পারছেন না। তবুও আমরা দেখছি, বর্তমানের পূর্তমন্ত্রী এই দপ্তরের দায়িত্বে আসার পর কাজে একটা গতি সঞ্চার হয়েছে। তবে তিনি যে বহুলাংশেই উন্নতি করতে পারছেন তা নয়, কিন্তু তুলনামূলকভাবে দেখেছি, বিশেষ করে উত্তরবঙ্গের রাস্তাঘাটের যে বিপর্যস্ত অবস্থা ছিল সেটা অনেকটাই ফিরিয়ে এনেছেন। এটা নিশ্চয়ই তার কাছে একটা বিরাট চ্যালেঞ্জ ছিল এবং সেটা তিনি করতে পেরেছেন। কিন্তু আরও অনেক কিছু করবার সুযোগ রয়েছে। এই অবস্থায় এই রাজ্য থেকে ফুয়েল বিক্রির জন্য যে কোটি কোটি টাকা সেন্ট্রাল রিজার্ভ ফান্ডে চলে যাচ্ছে এটা নিয়ে মাননীয় সদস্যদেরও কিছু করবার আছে। এই সেন্ট্রাল রিজার্ভ ফান্ডের টাকার অংশ রাজ্যগুলিকে দেবার ব্যাপারে পার্লামেন্টে একটা নীতি ঠিক হয়েছিল। সেইমতো পশ্চিমবঙ্গের জনসংখ্যার ভিত্তির এই রাজ্যের ১৫ কোটি টাকা সেন্ট্রাল রিজার্ভ ফান্ড থেকে পাবার কথা। কিন্তু সেখানে ২ কোটি টাকাও নয়, মাত্র ১.৯০ কোটি টাকা দেওয়া হয়েছে। ওরা বলছেন রাস্তা নেই, রাস্তা স্ট্রেনদেন করতে হবে ইত্যাদি, কিন্তু প্রশ্ন একটাই টাকা চাই। কারণ টাকা ছাড়া নির্মাণ বিভাগ চলতে পারে না। আমাদের এই নির্মাণ বিভাগে অনেক কৃতি ইঞ্জিনিয়ার রয়েছেন এবং আমরা দেখেছি, স্বাস্থ্য দপ্তর, এডুকেশন ডিপার্টমেন্ট এবং অন্যান্য দপ্তর তাদের কাজের জন্য যে টাকাটা দিচ্ছেন সেটা দিয়ে নির্মাণ দপ্তরের ইঞ্জিনিয়াররা কাজটা করে দিচ্ছেন। আজকে রাজ্য সরকার একটা নীতির মধ্যে দিয়ে চলছেন। রাজ্য বাজেটের ৫০ পারসেন্ট টাকা আজকে পঞ্চায়েতকে দেওয়া হচ্ছে। আমার সাজেশন রাজ্য সরকারের কাছে, যাদের টেকনিক্যাল নো-হাউ আছে সেই জায়গায় নির্মাণ বিভাগকে নেওয়া উচিত হবে না। সেক্ষেত্রে নিজ নিজ নো-হাউকে আরও উপযুক্তভাবে কাজে লাগাতে হবে। কারণ আমরা দেখেছি, ফরেস্ট ডিপার্টমেন্ট বিভিন্ন জায়গায় সোস্যাল ফরেস্ট্রি গড়ে তুলেছেন এবং তারফলে কোটি কোটি টাকার সম্পদ সৃষ্টি হয়েছে। এই কাজে একটা ইয়ার মার্ক করে দেওয়া হয়েছে। আমি পূর্ত দপ্তরের কাছে আবেদন করব, বাজেটে যে টাকাটা দেওয়া হচ্ছে তার যথাযোগ্য ব্যবহার করতে হবে। আজকে এখানে ১৬০ কোটি এবং ১৫০ কোটি, মোট ৩১০ কোটি টাকার মধ্যে ২৭৫ কোটি টাকা ইনফ্রাস্ট্রাকচার রক্ষা করতেই চলে যাচ্ছে।

[3-30 — 3-40 p.m.]

সেখানে যে ইনফ্রাস্ট্রাকচার আছে, পূর্ত দপ্তরের যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে, সেটাকে মেনটেন করতে সব টাকা চলে যাচ্ছে। আজকে এগুলি নির্মাণ করা এবং তাকে রক্ষণাবেক্ষণ করা অত্যন্ত কষ্টসাধ্য ব্যাপার হয়ে উঠেছে। এই বিষয়ে ভেবে দেখার জন্য আমি রাজ্য সরকারের কাছে আবেদন জানাব। আমরা জানি, যেটাকে আমরা কেন্দ্রীয় ডিসক্রিমিনেশন বলি অর্থাৎ কাউকে আনুকূল্য দেখানো, আর কাউকে যন্ত্রণা দেওয়া। কেন্দ্রীয় সরকার আজকে এই নীতি নিয়ে বলেছেন। এরফলে আজকে মহারাষ্ট্র, গুজরাট সড়ক উন্নয়নের ব্যাপারে আদর্শ না হলেও অনেক বেশি উল্লেখযোগ্য স্থান নিয়েছে। সেক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গে পঞ্চায়েত দপ্তর যে উদ্যোগ নিয়েছে, রাজ্য সরকার যে গুরুত্ব দিয়েছে, আমি আশা করব সমান গুরুত্ব পূর্ত দপ্তরের দেবার সময় এসেছে। কেন্দ্রীয় সরকারকে ভুটান, আর আমাদের আন্তর্জাতিক যে সীমারেক্ষা সেখান থেকে শুরু করে ডুয়ার্স এলাকা দিয়ে, চা বাগান দিয়ে আসাম পর্যন্ত একটা ন্যাশনাল হাইওয়ে গড়ে তোলার আবেদন জানান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে বিবেকানন্দ সেতু যেটা নিয়ে দীর্ঘদিনের দাবি সংস্কারের, সেটার জন্য যে প্রতিশ্রুতি দেওয়া ছিল, আজ পর্যন্ত সেটা রক্ষা করা হয়নি। আপনাকে সেই প্রতিশ্রুতি অনুযায়ী টাকাও দেওয়া হয়নি। সেজন্য অনুরোধ করছি যে সেই টাকা দিতে হবে। আজকে এটা ঘটনা যে বহু এলাকা আছে যেখানে শিল্প আছে, কলকারখানা আছে, সেগুলি যারা পরিচালনা করেন তারা কোটি কোটি টাকা মুনাফা করছেন। আজকে চা বাগানের মালিকদেরও ইনভলভ করার প্রয়োজন আছে। এই রাস্তাগুলি করার জন্য প্রয়োজন হলে ট্যাক্স বসান, সেখান থেকে সেই টাকা উঠে যাবে এবং তখন সেটা পূর্ত দপ্তরকে দিন। এইভাবে এটা হতে পারে। এই ধরনের উদ্যোগ পূর্ত দপ্তরকে নিতে হবে, রাজ্য সরকারকে নিতে হবে। শুধু তাই নয়, জলপাইগুড়ি জেলা, কুচবিহার প্রভৃতি এলাকায় রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে কাঠের সেতু রাখবেন না। এটা না রাখাই ভাল। ধীরে ধীরে এই কাঠের সেতুগুলি তুলে নেওয়া হচ্ছে। গত বছর অনেকগুলি ব্রিজ হয়েছে শিলিগুড়িতে, মহানন্দা সেতু উদ্বোধন হয়েছে। কিন্তু তার পাশাপাশি কিছুটা যন্ত্রণাও আছে। ৪০ বছর ধরে আলিপুরদুয়ার মহকুমা, জলপাইগুড়ি জেলায় যোগাযোগের জন্য বিলেবাড়িহাটের অদুরে অবস্থিত শিলতোড় নদীর উপরে ফেয়ার ওয়েদার ব্রিজ আজও পাকা সেতুতে পরিণত হলনা। রাজীব গান্ধী সেই শিলতোড়ে ভোট পাবার জন্য নিজে বক্তৃতা দিলেন, প্রতিশ্রুতি দিলেন যে এরজন্য সেন্ট্রাল রোড ফান্ড থেকে টাকা দেবেন। কিন্তু কি অবস্থা হল? রোড ফান্ড থেকে টাকা দেবেন কিন্তু সেটা দিচ্ছেন না। মাত্র ২ কোটি টাকা দেওয়া হয়েছে। এই হচ্ছে অবস্থা। বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করে অনেকে বলেছেন যে রাস্তার অবস্থা বেহাল হয়ে গেছে। আজকে যদি এগুলি সংস্কারের ব্যবস্থা না করা হয় তাহলে এগুলি ভেঙে যাবে, নষ্ট হয়ে যাবে। আজকে বেহাল অবস্থা কেন হচ্ছে? আমরা দেখেছি যেসমস্ত রাস্তা দিয়ে ২২ টন, ২৮ টন ওজনের ট্রাকগুলি চলছে, তাদের ক্ষেত্রে কোনও রেস্ট্রিকশন নেই। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে বলব যে আন্তঃরাজ্য যে সমস্ত পরিবহন ব্যবস্থা আছে সেগুলির ক্ষেত্রে যদি কিছু রেস্ট্রিকশন করা হয় যে মালপত্র আসাম যাবেনা, ত্রিপুরা যাবেনা, তাহলে অনেকটা সুরাহা হবে। আজকে কেন্দ্রীয় সরকারের যে রেল যোগাযোগ ব্যবস্থা তারফলে আমাদের এই অবস্থার সৃষ্টি হয়েছে। শুনলাম রাত বারোটায় ট্রেন যাবে, অর্থাৎ ১

দিন বাদে যাবে। রেলের অবস্থার কথা তো ভাবা যায় না। আজকে সড়ক, সেতু ভেঙে যাচ্ছে, সেই রাস্তা স্ট্রেনদেনিং হচ্ছে না তার জবাব কে দেবে? আমাদের রাজ্যকে জবাব দিতে হবে? আজকে রিসোর্স আমাদেরই তৈরি করতে হবে। এই ব্যাপারে তাদের উপর নির্ভর করলে চলবে না। আমাদের রাজ্য সরকারকে আমি বলব ওয়েস্ট বেঙ্গল রোডস অ্যান্ড ব্রিজ কন্সট্রাকশন কর্পোরেশনের নামে অর্থ লগ্নি সংস্থার সহায়তা নেওয়ার দরকার আছে। প্রয়োজন হলে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের সহায়তার দরকার আছে। আমাদের যদি উন্নতি করতে হয় তাহলে অবিলম্বে এই যে সেক্টরের কথা বলা হচ্ছে সড়ক নির্মাণ বিভাগের উপর গুরুত্ব দিতে হবে। রাজ্যের উন্নয়ন তরান্বিত হতে পারে যদি যোগাযোগ ব্যবস্থা ভাল হয়। আমাকে বলতে হচ্ছে উত্তরবঙ্গের প্রত্যন্ত এলাকায়, দক্ষিণবঙ্গের প্রত্যন্ত এলাকায় ইঞ্জিনিয়াররা যেতে চান না। তারা বলেন কমপ্লেন করুন, আমরা আসাম সীমান্তে যাব আবার ফিরে আসব। এই ধরনের তাদের মানসিকতা। কলকাতা রাজধানী, তারা কলকাতায় থাকতে চান। আমি এই ব্যাপারে পূর্ত দপ্তরের সচিবকে বলেছিলাম একটা নজরদারি করা দরকার, আরও কো-অর্ডিনেশন দরকার। আমাদের যে রিসোর্স আছে সেটাকে পরিপূর্ণ ভাবে ব্যবহার করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় করিত কর্মা লোক, তিনি সর্বত্র যান, ওনার গতি আছে। ওনার গতির সঙ্গে অফিসারদের গতি মেলানো দরকার। এখন যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে ডিস্ট্রিক্ট লেভেলে টাকা আসে, এখন লক্ষ লক্ষ টাকা নয়, কোটি কোটি টাকা যায়। এখন পঞ্চায়েত থেকে রাস্তা তৈরি করা হয়। আমাদের প্রবীণ ফরোয়ার্ড ব্লক নেতা বললেন দু-এক হাত করে রাস্তা হচ্ছে, ৭ কিলোমিটার রাস্তা। পঞ্চায়েত থেকে যদি রাস্তা হয় তাহলে পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ারদের সঙ্গে নিতে হবে। এই ক্ষেত্রে পূর্ত দপ্তরের সহযোগিতার দরকার আছে। পঞ্চায়েত এখন ব্রিজ করছে, রাস্তা করছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি নিচ থেকে ব্রিজ ভেঙে পড়ে যাচ্ছে। সেইজন্য পূর্ত দপ্তরের সাহায্য নিতে হবে। কারণ এই পূর্ত দপ্তরে অনেক কৃতি ইঞ্জিনিয়ার আছে। একটা সময় দেখা যাবে টেকনিক্যাল নো-হাউ পাওয়া যাচ্ছে বলে পূর্ত দপ্তর সাইন বোর্ড দিয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে এবং এই রাজ্য সরকারের কাছে আবেদন জানাব বলতে পারেন যে সুযোগ আমাদের সামনে এসেছে, যে বাতাবরণ সৃষ্টি হয়েছে তাকে কাজে লাগিয়ে আমাদের রাজ্যে যে কৃতি ইঞ্জিনিয়ার আছে অন্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে কৃতি ইঞ্জিনিয়ার বেশি আছে তাদের বেশি করে ব্যবহার করতে হবে। সমস্ত কর্মচারী রাইটার্স বিল্ডিং-এ বসে থাকবে এটা হয় না। রাজ্য সরকার বলছে আমরা প্রত্যন্ত এলাকায় উন্নয়ন পৌঁছে দেব। কিন্তু এই জিনিস থাকলে তা সম্পূর্ণ ভাবে পৌঁছে দেওয়া যাবে না। রাইটার্স বিল্ডিং থেকে সমস্ত তদারকি করা হবে এটা বন্ধ করা দরকার। এখানে অনেক মূর্তি স্থাপনের কথা বলা হল। অতীতে এই দপ্তর থেকে গৌরবের সাথে অনেক মহিষীর মূর্তি স্থাপন করা হয়েছে। এটা আমাদের একটা গৌরব। যারা স্বাধীনতা সংগ্রামি, মুক্তি আন্দোলনের মাধ্যমে দেশকে স্বাধীন করেছে তাদের মূর্তি স্থাপন করা হয়েছে। সত্যজিৎ রায়ের মূর্তি স্থাপন করা দরকার। আর একটা কথা আমি বলি, বীরেন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের একটা আবক্ষ মূর্তি কলকাতার কোনও একটা ভাল জায়গায় স্থাপন করা দরকার। কারণ এই বামফ্রন্ট সরকার আসার পিছনে এই বিপ্লবি কবির অনেক অবদান আছে। বিপ্লব তীর্থ বক্সাদুয়ার সংরক্ষণের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে তাকে আমি সাধুবাদ জানাই। এটা যাতে দ্রুত কার্যকর হয় তারজন্য ব্যবস্থা নেওয়া যাক। এই কথা বলে বাজেটকে সমর্থন করে

আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলি আনা হয়েছে তাকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯২-৯৩ সালের বাজেট বক্তৃতায় প্রথমে যে কথা উল্লেখ করেছিলেন, এবারে ১৯৯৩-৯৪ সালের বাজেট উত্থাপন করতে গিয়ে একই কথা বলবার চেষ্টা করেছেন। অর্থাৎ কথাটা হচ্ছে, এই যে, কেন্দ্রীয় সরকারের অর্থ ছাঁটাইয়ের জন্য, আর্থিক বরাদ্দের সংশোধনের জন্য তিনি তার টার্গেটে পৌঁছুতে পারছেন না। এই সাফাইটা গেয়ে রাখার চেষ্টা করেছেন। লেখা দিয়ে, ভাষা দিয়ে, বাঁধুনি দিয়ে যে বাজেট বক্তৃতা তিনি গতবারে রেখেছিলেন, ঠিক তেমনি কিছু সংশোধনীর মাধ্যমে, সংযোজন করে একই কথা বলার চেষ্টা করেছেন। আমার আগে যে ব্যক্তিরা আমাদের পক্ষে এবং মন্ত্রী মহাশয়ের ডান পাশের যারা বক্তৃতা করেছেন তারাও তার দপ্তরের প্রয়োজনীয়তা, ও কাজের কথা বারেবারে এই কথাই উচ্চারণ করেছেন। কিন্তু আমার আগে নির্মলবাবু যিনি বক্তৃতা করেছেন, তিনি তার দলের মন্ত্রীকে বাঁচাতে, তাকে আড়াল করতে, তার প্রশংসা করতে কেন্দ্রীয় সরকারের উপরে দোষ চাপিয়ে বক্তৃতা করতে চেষ্টা করেছেন। ১৯৯২-৯৩ সালের বাজেট যদি দেখেন, তাহলে দেখবেন বরাদ্দ ছিল ১৮৩ কোটি ১৮ লক্ষ ৬৫ হাজার টাকা। সেখান থেকে আরও কার্টেল হয়েছে সরকারের আর্থিক সঙ্কটের জন্য, আর্থিক বিধি নিষেধের জন্য। ১৮৩ কোটিকে নামিয়ে ১৯৯৩-৯৪ সালের বাজেটে লেখা হয়েছে ১৬০ কোটি ২২ লক্ষ ৫৩ হাজার টাকা। এটা কিন্তু নির্মলবাবু বললেন না। মন্ত্রী মহাশয় কিন্তু এই কথাটা একবারও বললেন না। মন্ত্রী মহাশয় শুধু কেন্দ্রীয় সরকারের কথাই বললেন। মন্ত্রী মহাশয় তার বক্তৃতায় একবারও বললেন না যে তাকে কাজ চালাতে গিয়ে তার দপ্তরে কত টাকা বরাদ্দ হয়েছিল এবং কত টাকা কেটে নেওয়া হয়েছে? শাসক দলের সদস্যরা নিশ্চয়ই দলের মর্যাদা ও নিয়ম রাখতে মন্ত্রীর পাশে দাঁড়াবেন এবং বাজেটকে পাশ করাবার চেষ্টা করাবেন। আমরা জানি যে, বিরোধিতা করলেও আমাদের কথা অনুযায়ী প্রস্তাব গ্রহণ করা হবে না। কিন্তু প্রতিদিন এই বিধানসভায় বসে আমরা কি শুনতে পাই? আমরা তো বলবই যে রাস্তা খারাপ, রাস্তা খানাখন্দে পরিণত হয়েছে। কিন্তু শাসক দলের সদস্যরা কি বলেন, কোনও সময়ে উল্লেখ পর্বে, কখনও বা জিরো আওয়ারে? তারা বলেন রাস্তাগুলোর কি অবস্থা চলছে। আজকে রেকর্ড বলছে যে পশ্চিমবাংলায় সব মিলিয়ে ১৮৬ কি.মি. রাস্তা রয়েছে। তারমধ্যে পি.ডব্লু.ডি. করে ১২ হাজার কি.মি. তারমধ্যে ৬ হাজার কি.মি. রাস্তা রোডস মেনটেন করে। কিন্তু ১৮ হাজার কি.মি.র কতটা রাস্তা ভাল আছে? প্রতিটি জেলায় একটু খবর নিয়ে দেখবেন। প্রতিটি জেলায় কোনও না কোনও সময়ে রাস্তা সারানোর দাবিতে বাসের কর্মচারিরা আন্দোলনের হুমকি দিয়েছে এটা দেখতে পাবেন। তারা বাস বন্ধের নোটিশ দিয়েছেন। এই অবস্থা বিভিন্ন জায়গাতেই হচ্ছে। স্যার, আপনি জানেন, সড়ক উন্নয়নের সাথে মানুষের জীবন জীবিকার প্রশ্ন এবং সামগ্রিকভাবে উন্নয়নের প্রশ্ন জড়িত। কিন্তু এই সড়ক ও পূর্ত দপ্তর কি ভাবে চলছে সেটা আপনারা সকলেই জানেন। আর মতীশবাবুরও তো কোনও উপায় নেই। কারণ, তারজন্য ১৯৯২/৯৩ সালের বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছিল

আমরা দেখেছি তার থেকেও তাকে কম টাকা দেওয়া হল। কিন্তু তার তো প্রতিবাদ করার উপায় নেই কারণ প্রতিবাদ করলেই তার পূর্বসূরী যতীন চক্রবর্তীর মতন তার অবস্থা হবে অর্থাৎ মন্ত্রিসভা থেকে তাকে বিদায় নিতে হবে। তাই শাসকদলের বড় শরিকের বিরুদ্ধে তিনি কোনও কথা বলতে পারেন না। সড়কের দুরাবস্থার ব্যাপারে সারা পশ্চিমবঙ্গের একই চিত্র। আমি স্যার, মেদিনীপুর জেলার মানুষ, এই মেদিনীপুর জেলাতে পশ্চিমবঙ্গের সবচেয়ে জনপ্রিয় পর্যটন কেন্দ্র দীঘা অবস্থিত। কিন্তু সেই দীঘা যাবার রাস্তার অবস্থাটা কি? প্রায়শই কোনও না কোনও মন্ত্রী সড়ক পথে দিল্লিতে যান। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও পূজা অবকাশ কাটানোর জন্য দীঘাতে যান তবে তিনি হেলিকপ্টারেই যান।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, হাউসে কোরাম নেই।

**(এই সময় কোরামের জন্য বেল বাজানো হয়।)**

**(হাউসে কোরাম হবার পর শ্রী শৈলজাকুমার দাস আবার তার বক্তব্য শুরু করেন।)**

[3-50 — 4-00 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** এই দীঘাতে যাবার যে রাস্তা যেটা প্রায় ৯০ কিঃ মিঃ সেই রাস্তাটির অবস্থা কি সেটা স্যার, আপনিও গিয়েছেন, আপনিও জানেন। এই ৯০ কিঃ মিঃ রাস্তার মধ্যে অন্তত ১০০ জায়গাতে বাম্প আছে। অবশ্য মুখ্যমন্ত্রী যখন সড়ক পথে দীঘা গিয়েছিলেন তখন আমরা দেখেছিলাম রাতারাতি সেই সমস্ত বাম্প তুলে দেওয়া হয়েছিল। কিন্তু মুখ্যমন্ত্রী দীঘা থেকে ফিরে আসার পর আবার সেই বাম্পগুলি যথাস্থানে তৈরি হয়ে গিয়েছে। এই বাম্পগুলি বহু সময় যাত্রিবাহি বাসের দুর্ঘটনার কারণ হয় এবং তাতে মানুষের মৃত্যুও হয়। তাছাড়া এই রাস্তাটি অত্যন্ত জনপ্রিয় হওয়ার জন্য দীঘা অভিমুখে শত শত গাড়ি, বাস দৈনিক দীঘাতে যায়। এই রাস্তাটি চওড়া অত্যন্ত কম, একে স্টেট হাইওয়েতে রূপান্তরিত করা হয়েছে বলে আমরা শুনেছি কিন্তু বাস্তবে আমরা সেটা দেখতে পাচ্ছি না। রাস্তাটি স্টেট হাইওয়ে করতে হলে এক আরও চওড়া ও সুন্দর করা দরকার এবং বেশি যানবাহন চলাচলের উপযোগি করা দরকার কিন্তু সেটা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি দাবি জানাব যে এর প্রতি আপনি দৃষ্টি দিন এবং এই রাস্তা সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে কিছু দুর্বল সেতু এবং কাঠের সেতুর কথা উল্লেখ করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি বিষয়ে লিপিবদ্ধ করে নিতে অনুরোধ করছি যাতে তার জবাবি ভাষণে এর উত্তর পাই। আপনি নিশ্চয় জানেন যে দীঘাতে যাবার পথে কাঁথি থানা যেখানে শেষ হয়েছে যারপরে রামনগর শহর শুরু হল সেখানে পিছাবনী নামে একটি জায়গা আছে, এই পিছাবনীতেই লবণ সত্যগ্রহ আন্দোলন শুরু হয়েছিল এবং ঐতিহাসিক দিক থেকেও এটি একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। এখানে একটি পুল আছে, কাঠের পুল দীর্ঘদিনের এটি, একটি বিপজ্জনক অবস্থায় রয়েছে যেকোনও সময়ে কিছু ঘটে যেতে পারে সেই কারণে এটি কংক্রিট করার জন্য, মজবুত করার জন্য আমরা দাবি জানিয়েছি এবং আবার জানাচ্ছি। প্রতিদিন প্রায় হাজার হাজার লোক এর উপর দিয়ে যাতায়াত করে, সুতরাং এর একটা আশু ব্যবস্থা করা দরকার। মাননীয় মন্ত্রী তার বাজেট ভাষণে অজয় মুখার্জির মূর্তি তৈরির ব্যাপারে বললেন। আগের অর্থাৎ গত বছরের বিধানসভার সেসনে যখন আমরা এই অজয় মুখার্জির

মূর্তি তৈরির ব্যাপারে দাবি তুলেছিলাম তখন মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন যে, যত অসুবিধাই থাকুক না কেন অজয় মুখার্জির মূর্তি স্থাপন করা হবেই। এখানে মাননীয় মন্ত্রী বলেছেন তার বাজেট বইতে যে, ওই মূর্তি স্থাপন করার জন্য সক্রিয় ভাবে বিবেচনা করা হচ্ছে। আবার পরের লাইনে বলেছেন যে মূর্তির জন্য ভাস্কর ঠিক হয়েছে। এই যে কথাটি বলা হয়েছে এটা পরস্পর বিরোধী লাইন। এরমধ্যে একটা অসঙ্গতি রয়েছে, সুতরাং মাননীয় মন্ত্রী তার জবাবি ভাষণে এই সম্পর্কে বলবেন। এই মূর্তি স্থাপন করার কাজ কতদূর এগিয়েছে সেটা একটু দয়া করে জানাবেন। এইবার আমি দুটি গুরুত্বপূর্ণ ব্রিজের কথা বলব। আপনি নিশ্চয় জানেন যে শ্রীরামপুর এলাকায় কাঁসাই নদীর উপরে ব্রিজ আছে। ওই থানা এলাকায় প্রায় দেড় লক্ষ লোক বাস করে যারা মহকুমা শহর থেকে বঞ্চিত হয়ে থাকে। আপনি বলেছিলেন যে জমি অনুসন্ধানের কাজ চলছে, জমি জরিপের কাজও চলছে। আমি জানতে চাইছি যে, ওই কাঁসাই ব্রিজের বিষয়টি কোন অবস্থাতে রয়েছে এবং এটাকে অগ্রাধিকার দেওয়ার কথা বিবেচনা করছেন কিনা। ওই ব্রিজের কাজকবে নাগাদ শুরু হবে সেটা একটু জানাবেন। আমার এলাকা খেজুরি তফসিলি অধ্যুষিত এলাকা, ওখানে সুনির্মল পাইক হচ্ছেন ওই অঞ্চলের জন প্রতিনিধি, ওখানে রসুলপুর বলে একটি নদী আছে যার সাথে ঋষি বঙ্কিমচন্দ্রের নবকুমারের নাম জড়িয়ে আছে। ওই অঞ্চলের মানুষের দীর্ঘ দিনের দাবি যে ওখানে একটা ব্রিজ করা হোক এবং এই দাবি আমি উল্লেখও করেছিলাম। আশা করব এই দাবি মেনে নিয়ে যত শীঘ্র সম্ভব এই ব্যাপারে ব্যবস্থা নেবেন। আরেকটি বিষয়ে উল্লেখ করছি সেটা হচ্ছে যে, উড়িষ্যার ট্রাঙ্ক রোড যেটা আছে সেটা এত বিপজ্জনক অবস্থায় রয়েছে যে খড়গপুরের পরের থেকে যাবার উপায় নেই, খুবই খারাপ অবস্থায় রয়েছে। শেষ করার আগে আরেকটি বিষয়ে বলব সেটা হচ্ছে যে আপনারা তো জনগণের জন্য সত্যিকারের চিন্তা করে থাকেন এই যে ব্যাপক দুর্নীতির কথা উঠেছে সেটা রোধ করতে ব্লক ভিত্তিক একটা করে বেনিফিসিয়ারি কমিটি করে দেবেন এবং সেই কমিটিকে আগাম কাজের শিডিউলও করে দেবেন যাতে করে ভালোভাবে কাজ হয় এবং সেই কাজের যথাযথ সুপারভিসন যাতে হতে পারে সেই দিকটা দেখবেন বলেছেন। পরিশেষে বলি যে এই যে দপ্তরের ব্যাপক দুর্নীতি এবং অকর্মণ্যতা রয়েছে সেই কারণে এই বাজেট বরাদ্দকে সমর্থন করতে পারছি না। আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে এবং বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4 00 — 4-10 p.m.]

**শ্রী শিশির সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী তার দপ্তরের জন্য ২৫ নং ও ৭৯ নং দাবির অধীন চলতি আর্থিক বছরের জন্য যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। তাই তার সমর্থনে আমার কিছু বক্তব্য ও এখানে পেশ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তরের কাজ সম্পর্কে অগ্রগতি, ব্যর্থতা এবং ইচ্ছা ও পরিকল্পনা থাকলেও আর্থিক সীমাবদ্ধতার জন্য প্রয়োজন মাফিক এবং সময়মতো কাজ করতে না পারার জন্য যে স্পষ্ট স্বীকারোক্তি করেছেন, সেইজন্য তাকে ধন্যবাদ জানাই। সারা ভারতবর্ষে যে অর্থনৈতিক অস্থিরতা তার প্রভাব আমাদের উপর পড়তে বাধ্য। বিশেষ করে কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের অনুমোদন, সাহায্য ও সহযোগিতা হ্রাস এবং যাও দেন তাও সময়ে না পাওয়ার ফলে এই

বিরাট কার্যকলাপকে সঠিক পথে পরিচালনার যে সঙ্কট ও সমস্যা তা আজ সকলকে অনুধাবন করতেই হবে। এই দপ্তরের জন্য পাওয়া সীমিত পরিমাণ অর্থ নিয়ে বিভাগের জন্য নূন্যপক্ষে অবশ্য করণীয় বিরাট ও ব্যাপক এবং বিশেষ বিশেষ কর্মসূচিকে সফল করা অতীব দুরুহ। তাই মন্ত্রী মহাশয় শত চেষ্টায় উজানে দাঁড় বেয়ে চলেছেন। তিনি স্বীকার করেছেন তার দপ্তরের জন্য প্রাপ্য টাকা না পাওয়ার জন্য মাঝে মাঝেই সংশোধিত পরিকল্পনা ও লক্ষ্য গ্রহণ করতে হল। তাই তিনি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতার সম্ভাবনা নিয়ে পরীক্ষার কথা উল্লেখ করেছেন। গত বৎসরও বলেছিলেন এই বিষয়ে একটা কর্পোরেশন গঠন করা হয়। কিন্তু তার ফল কি? সেখান থেকে কত টাকা পাওয়ার আশা বা লক্ষ্য তা উল্লেখ করেন নি। এই প্রসঙ্গে একটা স্বীকার করতেই হবে বামফ্রন্ট সরকার আসার পূর্বে গ্রামের উন্নয়ন এবং গ্রামের সার্বিক পরিকল্পনার অভাব ছিল। তাই দীর্ঘ ১৬ বৎসর বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবাংলার গ্রামের অর্থনৈতিক অগ্রগতি ঘটেছে বিভিন্ন ক্ষেত্রে, যেমন, কৃষি, ক্ষুদ্র ও কুটির শিল্পে, উৎপাদন বেড়েছে তারই ফলে বিভিন্ন গ্রামকে গঞ্জ এবং মহকুমা ও জেলা শহরের সঙ্গে যুক্ত করার দাবি ও প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আর্থিক স্বচ্ছলতা সৃষ্টি হলেই প্রয়োজন হয় বিভিন্ন পরিষেবামূলক কাজের জন্য প্রশাসনিক ভবন ও দপ্তরের নির্মাণ। তাই পূর্বের চেয়ে আজকে দপ্তরের কাজের দায় দায়িত্ব ও প্রয়োজনীয়তা ব্যাপক। অথচ কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা এবং অবশ্য দেয় আর্থিক অনুদানের ছাঁটাই আজকে বিরাট সঙ্কটের মুখে ঠেলে দিয়েছে। মন্ত্রী মহাশয় গত বাজেট বক্তব্যে বলেছিলেন তফসিলি জাতি ও উপজাতি অঞ্চলকে সংঘবদ্ধ যোজনা এবং উপযোজনার জন্য ৬০ কিলোমিটার নুতন রাস্তা তৈরি করবেন এবং তারফলে ২৫০টি গ্রামকে সংযুক্ত করতে পারবেন। এবারে বলেছেন অনুরূপ খাতে নতুন রাস্তা ৪১ কিলোমিটার এবং তারফলে ১৪০টি গ্রামকে সংযুক্ত করবেন। কিন্তু তিনি স্পষ্ট করে বললেন না এবারের ঘোষণা কি গতবারের অবশিষ্ট অথবা গতবারের লক্ষ পুরণ হয়েছে। তাই এবারের ঘোষণা নুতন লক্ষ্যমাত্রা। আজকে পশ্চিমবাংলার সবচেয়ে বড় সমস্যা, একদিকে বিভিন্ন নদ নদী পরিবেষ্টিত বিচ্ছিন্ন এলাকাকে সংযুক্ত করতে বিভিন্ন সেতু নির্মাণ, দ্বিতীয়ত পুরাতন রাস্তাগুলির উপর যান বাহনের প্রচন্ড চাপ থাকার ফলে রাস্তাগুলির সংস্কার, রক্ষণাবেক্ষণ, প্রশস্ত করা এবং মজবুত করা অতীব প্রয়োজন। তৃতীয়ত অগ্রাধিকারের ভিত্তিতে নতুন এলাকাকে সংযুক্ত করার জন্য প্রয়োজনে নতুন রাস্তা নির্মাণ করতে হবে। চতুর্থত পশ্চিমবঙ্গের ভিতর দিয়ে যে জাতীয় সড়কগুলি গেছে, কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসাবে রাজ্য সরকারকে তার রক্ষণাবেক্ষণ করতে হয়। এই কাজেই কেন্দ্র রাজ্যকে বঞ্চনার শিকার করে চলেছে। বর্ধিত অঞ্চল অনুপাতে কোনও অর্থ পাওয়া যায়নি। সর্বোপরি যে অর্থ ও বরাদ্দ হয় তার বেশির ভাগই চলে যায় ওয়ার্ক চার্জড দায় মেটানোর জন্য। সমস্যা অনেক তবু দপ্তরকে কাজ করতেই হবে জনস্বার্থে। আমার বক্তব্য প্রয়োজন ভিত্তিক অগ্রাধিকারের ভিত্তিতে কর্মসূচি গ্রহণ ও রূপায়ণ করা প্রয়োজন। অনেক সময়েই এই পরিকল্পনা রচনা এবং রূপায়ণ আমলা নির্ভর হয়ে যায়। পূর্বে আমরা দেখেছি বিধায়কগণ মোটামুটি জানতে পারতেন তার এলাকায় কোন কোন প্রকল্প গৃহীত হয়েছে, এস্টিমেটের কস্ট কত, কোন ঠিকাদার কাজ পেয়েছে, কাজের ধরণ কি ইত্যাদি। কিন্তু বর্তমানে সে ব্যবস্থা চালু নেই। জনপ্রতিনিধি হিসাবে আমি দাবি করছি সেই ব্যবস্থা আবার চালু করা হোক। বর্তমানে যেভাবে কাজ হচ্ছে তাতে আমার বাস্তব অভিজ্ঞতা হচ্ছে, আমার এলাকায় একটা রাস্তা মেরামতের কাজ হচ্ছিল প্রথমে

গর্তে মাটি ফেলে তারপর ব্রিক ব্যাটস দিয়ে রোলার করা হচ্ছিল। আমি সেখানে জানতে চেয়েছিলাম, এইভাবে কেন কাজ হচ্ছে? ঠিকাদার আমাকে জানাল যে, পি.ডব্লু.ডি.-র অনুমোদিত ওয়ার্ক অর্ডার অনুযায়ী কাজ হচ্ছে। তার বেশি সে কিছু জানাল না। সুতরাং আমার দাবি জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং বিধায়কগণকে সংশ্লিষ্ট এলাকার কাজের কপি পূর্ব থেকে দেবার ব্যবস্থা করা হোক। তাহলে তারা কাজ সঠিকভাবে হচ্ছে কিনা দেখতে পারেন এবং কাজটাও ভালভাবে হতে পারে। আমরা দেখছি ঠিকাদাররা অনেক সময়েই কাজে হাত দিয়ে কাজ শেষ করতে বিলম্ব করে এবং মূল্য বৃদ্ধির অজুহাত দেখিয়ে রিভাইসড এস্টিমেট দাবি করে। সুতরাং কাজ দেবার সাথে সাথে কাজ সম্পন্ন করার জন্য তাদের সময় নির্দিষ্ট করে দেওয়া দরকার। কাজ করতে করতে কাজ যাতে বন্ধ করে রাখতে না পারে তারজন্য ব্যবস্থা নেওয়া দরকার। কাজ সময় মতো শেষ না করতে পারলে তাদের বিরুদ্ধে যাতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যায় তা দেখতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই সমস্ত কাজের তদারকির ক্ষেত্রে প্রশাসনের সঙ্গে সঙ্গে জনপ্রতিনিধিদেরও যদি যুক্ত করা হয় তাহলে কাজগুলো সঠিকভাবে রূপায়িত হতে পারে। সর্বোপরি নতুন সড়ক, ভবন করার প্রয়োজন দিনের পর দিন বাড়ছে। সুতরাং সেগুলো করতে হবে। কিন্তু যে সমস্ত পুরোনো সড়ক এবং ভবন অবহেলায় নষ্ট হয়ে যাচ্ছে তার সংস্কার এবং রক্ষণাবেক্ষণ সর্বাগ্রে প্রয়োজন। ১৯৯১-৯২ সালে বামফ্রন্টের মুর্শিদাবাদ জেলার বিধায়করা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়ে জঙ্গীপুরের কাছে ভাগীরথির ওপর দ্বিতীয় সেতু নির্মাণের দাবি জানিয়েছিলাম। সেই পরিপ্রেক্ষিতে ১৯৯২-৯৩ সালের বাজেটে ৩ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ ধার্য হয়েছিল। অথচ এ বছরের বাজেটে ও বিষয়ে কোনও অ্যালটমেন্ট নেই। এটা কি হল? আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। আমার স্মরণ আছে, ইতিপূর্বে আমাদের রঘুনাথগঞ্জ দু'নং ব্লকের সভাপতির সঙ্গে আমরা ২/৩ জন বিধায়ক দপ্তরে গিয়ে যোগাযোগ করেছিলাম। দপ্তরের একজন ইঞ্জিনিয়ার স্বীকার করেছিলেন, উত্তরবাংলার সঙ্গে যোগাযোগের জন্য এই সেতুর বিশেষ প্রয়োজন আছে।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

আমার সময় শেষ হয়ে যাবার জন্য আমি এই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 -- 4-20 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় তার দপ্তরের ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে আমি আপনার মাধ্যমে এখানে কয়েকটি কথা উপস্থিত করছি। আমি প্রথমেই বলতে চাই, আমাদের এই পশ্চিমবাংলায় হিসাব করে দেখা গেছে মাত্র ১৮ হাজার কিলোমিটার পথ পূর্ত দপ্তরের পরিচালনাধীন আছে। অর্থাৎ এই পথটুকু পশ্চিমবঙ্গ সরকার রক্ষণাবেক্ষণ করেন। এখনো পশ্চিমবঙ্গের গ্রামবাংলার সঙ্গে শহরের যোগাযোগের যেখানে সড়ক পথই হচ্ছে যোগাযোগ স্থাপনের পথ সেখানে সেই পথ আমাদের প্রয়োজনের তুলনায় এখনো পর্যন্ত খুবই অপ্রতুল। আমরা যারা নির্বাচিত সদস্য প্রত্যেকে জিরো আওয়ার্সে এই বিধানসভায় বাজেট বক্তব্যে

আমরা বিভিন্ন এলাকার রাস্তা নির্মাণ করবার জন্য দাবি জানাই। কিন্তু দেখা যাচ্ছে সেই তুলনায় বিন্দুমাত্র কাজের অগ্রগতি নেই। যেরকম প্রয়োজন সেই অনুপাতে পূর্ত দপ্তরের জন্য ব্যয় বরাদ্দের প্রয়োজন তা পান না। দেখা গেছে আপনি প্রথমে যে ব্যয় বরাদ্দের দাবি তুলেছিলেন। তার থেকে কাটল করে টাকা কমানো হয়েছে। সেজন্য আমি বলতে চাই এদিক থেকে আমাদের যে প্রয়োজন প্রথম রাস্তাগুলির যে অবস্থা যা তৈরি হয়ে পড়ে আছে ১৮ হাজার কিলোমিটার যে পথ আছে সেগুলির অবস্থা অত্যন্ত সঙ্গীন। তাছাড়া নূতন তৈরি করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। যে রাস্তাগুলি নির্মিত হয়ে আছে সেগুলির অগ্রগতি ঘটছে না সেজন্য সর্বপ্রথম আপনার দপ্তরের ব্যয় বরাদ্দের পরিমাণটা বাড়ানো। আমি সেজন্য বলতে চাই মাননীয় মন্ত্রী মহাশয়কে যে রাস্তাগুলি ইতিমধ্যে তৈরি হয়ে আছে সেই রাস্তাগুলি মেরামত, রক্ষণাবেক্ষণের অভাব, যান চলাচলের অনুপোযোগি হয়ে পড়েছে। রোডস ডিপার্টমেন্টের যে রাস্তাগুলি আছে ছোট ছোট রাস্তা সেগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়, পীচ উঠে গেছে এবং চৌবাচ্চার মতো বড় বড় গর্ত হয়েছে, সামান্য রিক্সা বা ভ্যান রিক্সাও চলতে পারে না। আপনি পূর্তমন্ত্রী হিসাবে — আজকে দুর্ভাগ্যজনক অবস্থা যে রাস্তা তৈরি হয়ে আছে সেগুলি মেরামত হচ্ছে না। আপনি বলবেন টাকার অভাব, টাকার অভাব থাকলেও যেভাবে মেরামতের প্রয়োজন সেভাবে না হওয়ার ফলে বর্ষার সময়ে দুরবস্থার সৃষ্টি হয়। যান চলাচল করতে গিয়ে দুর্ঘটনা ঘটে। মানুষের জীবন বিপন্ন হয়। আপনি পরিকল্পনা গ্রহণ করে রাস্তাগুলি তৈরি করেছেন, রাস্তাগুলি তৈরি করতে গিয়ে, ২০ কি.মি. রাস্তা তৈরি করবার পরিকল্পনা গ্রহণ করেছেন ৫ কি.মি. ইঁট, খোয়ার রোলার চালিয়ে এসেছে, ২ কি.মি. আবার পীচ করেছেন। দেখা যাচ্ছে সেই অবস্থা ১০, ১৫, ২০ বছর পড়ে আছে, এরফলে যেটুকু তৈরি করেছেন সেগুলির অবস্থা আরও খারাপ হয়ে যাচ্ছে। খালি পায়ে যাওয়া যায় না। পীচ নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ ব্যাপারে আপনি একটা নীতি নির্ধারণ করুন, রাস্তাগুলি দীর্ঘদিন ধরে কে গ্রহণ করেছেন সেগুলি সম্পূর্ণ না হলে নূতন রাস্তা তার হাতে দেবেন না। একদিকে নূতন রাস্তা হাতে দিচ্ছেন অপর দিকে যে রাস্তাগুলি করেছেন সেগুলি পড়ে থাকছে। সেইগুলির ব্যবস্থা সম্পূর্ণ না করার ফলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হচ্ছে, এ ব্যাপারে একটা সুষ্ঠু নীতি নির্ধারণ হওয়া দরকার। রাস্তা তৈরি করবার জন্য টেন্ডার করে যে ঠিকাদার নিযুক্ত হয় সেইসব ঠিকাদাররা ঠিক সময়ে কাজগুলি শুরু করে না দেখতে পাই। দেখতে পাই, প্রথমে তারা কিছু খোয়া ফেলে রাখে এবং সেটা বছরের পর বছর পড়ে থাকে। তারপর সেগুলো তুলে নিয়ে গিয়ে অন্য জায়গায় তারা দেয়। আপনাদের যখন টাকার অভাব তখন সেই টাকাগুলো যাতে ঠিক সময়ে ঠিক কাজে ব্যবহৃত হয়, ঠিকাদাররা যাতে ঠিকমতো কাজ করে সেদিকে লক্ষ্য দেওয়া দরকার এবং অগ্রাধিকারের ভিত্তিতে সেটা করা দরকার। দেখতে পাচ্ছি আপনার বরাদ্দকৃত টাকার ৮৫ পারসেন্ট নন-প্ল্যান খাতে ব্যয় হয়ে যাচ্ছে। কাজেই যে সামান্য পরিমাণ টাকা থাকছে কাজ করবার জন্য সেক্ষেত্রে কাজটা যদি ঠিকভাবে না করেন, ঠিকাদারদের উপর যদি নিয়ন্ত্রণ না রাখেন, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার যারা রয়েছেন তারা যদি ঠিকাদারদের কাজটা দেখাশুনা না করেন তাহলে কাজটা হবে কিভাবে? আজকে জেলা স্তরের কাজগুলি জেলা পরিষদকে দেবার কথা বলছেন। সেক্ষেত্রে টেন্ডার হয়ে যাবার পর কাজের বিবরণটা যদি জনপ্রতিনিধিদের হাতে যায়, পঞ্চায়েত সমিতির কাছে যায় তাহলে সেখানে কি কি কাজ

হচ্ছে, কাজের নেচার কি, সেসব তারা জানতে পারেন এবং সুপারভিসন করতে পারেন। এই ব্যাপারে তাই আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে জাতীয় সড়কগুলি ছাড়া এমন কতকগুলো রাস্তা রয়েছে যেগুলো বহু পূর্বে তৈরি হয়েছিল, কিন্তু বর্তমানে সেসব রাস্তা দিয়ে ভারী ভারী যান চলাচল করছে যা বহন করবার ক্ষমতা ঐসব রাস্তার নেই। আপনি বলেছেন, কিছু রাস্তা ভারী যান চলাচলের উপযুক্ত করে গড়ে তোলা হচ্ছে। কিন্তু শহরের সঙ্গে গ্রামের যোগাযোগের যেসব রাস্তা রয়েছে সেগুলো সবই ভারী যান চলাচলের অনুপযুক্ত। রাস্তাগুলি চওড়াও নয়। সেজন্য রাস্তা স্ট্রেনদেন করবার ব্যাপারে জেলাভিত্তিক অগ্রাধিকার তালিকা তৈরি করা দরকার। এটা করা হলে জনপ্রতিনিধিরা জানতে পারবেন কোন রাস্তাটা চওড়া করা হবে। কোন কোন নতুন রাস্তা তৈরি করছেন, আংশিক তৈরি হওয়া রাস্তা যার অংশ বিশেষ ব্ল্যাক টপ করা হয়েছে তার কোনটির কাজ শেষ করতে চাইছেন, এক্ষেত্রেও অগ্রাধিকার তালিকা থাকা দরকার। তবে পুরানো রাস্তার কাজ শেষ করবার পরই নতুন রাস্তার কাজে হাতে দেবেন এই কথা বলছি। আমার নির্বাচনী এলাকায় জীবন মন্ডলের হাট থেকে সোনার হাট পর্যন্ত রাস্তাটির সুন্দরবন উন্নয়ন পর্ষদের টাকায় মাটির কাজ হয়ে গেছে, ইট-খোয়াও করে দেওয়া হয়েছে। আপনার দায়িত্ব শুধু ব্ল্যাক টপ করে দেওয়া। আমাদের ডিস্ট্রিক্ট কমিটি রাস্তাটি করার সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত সেটা হল না। সেজন্য বলছি, ঐ রাস্তাটি কতদিনে সম্পূর্ণ করবেন জানাবেন। আপনি বলেছেন যে, আদিবাসী ও তফসিলি অধ্যুষিত এলাকার জন্য আপনি বিশেষভাবে পরিকল্পনা গ্রহণ করেছেন। উল্লিখিত রাস্তাটি যে অঞ্চল দিয়ে গেছে সেখানে ৮৫ পারসেন্ট ঐ সম্প্রদায়ের মানুষ বাস করেন। সেজন্য ঐ রাস্তাটি নির্মাণের ক্ষেত্রে অগ্রাধিকারের দাবি করছি। আপনি জানেন যে সুন্দরবন এলাকা হচ্ছে নদী বহুল এলাকা। তারমধ্যে যে রাস্তাগুলি আছে, তারমধ্যে যে নদীগুলি আছে, তার সংযোগ সাধনের কথা আপনি বলেছেন। এখানে দেখছি যে বাসন্তি এলাকায়, বাসন্তি থানার মধ্যে হোগল নদীর উপরে একটি ব্রিজ করার জন্য জরীপের কাজ চলছে, একথা এখানে উল্লেখ করেছেন। এইরকম সুন্দরবন এলাকায় ছোট ছোট বহু নদী আছে। সেগুলির উপরেও যদি ব্রিজ করে দেন তাহলে ঐ সমস্ত এলাকার মানুষের একদিক থেকে আর একদিকে যোগাযোগের সুবিধা হয়। আপনি হোগল নদীতে ব্রিজ করার কথা বলেছেন। পেটকুল চাঁদ নদীর উপরে ব্রিজ করার জন্য জেলা পরিষদ টাকা পি.ডব্লু.ডি.কে দেবার প্রস্তাব দিয়েছে। এখন পি.ডব্লু.ডি থেকে জরিপের কাজ হচ্ছে। যেখানে টাকা দপ্তরকে দিতে হচ্ছে না, পি.ডব্লু.ডিকে টাকা জেলা পরিষদ দেবে, সেই অর্থে আমি এখানে এই কথা বলতে চাই যে পি.ডব্লু.ডি যদি এই ব্রিজটা করার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন তাহলে দেখা যাবে যে বিস্তীর্ণ এলাকার কয়েকটা গ্রাম পঞ্চায়েতে সংযোগ সাধন করা যাবে। সেজন্য আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অপর দিকে কতকগুলি কাঠের ব্রিজকে আপনি কনক্রিটের ব্রিজ করার কথা বলেছেন। আমরা দেখেছি যে এই কাঠের ব্রিজগুলি বেশির ভাগ বহুদিন আগে তৈরি হয়েছে এবং সেগুলি খুবই বিপদজনক অবস্থায় আছে। সেগুলিও পরিবর্তন করে নতুন কনক্রিটের ব্রিজ করার প্রয়োজন আছে। আমি সেজন্য একথা বলতে চাই যে গোচারণ স্টেশন থেকে ধোসা পর্যন্ত যে পি.ডব্লু.ডি'র রাস্তাটি আছে তার উপ্পরে এইরকম একটা কাঠের ব্রিজ ছিল। সেটাকে অপসারণ করে নতুন কনক্রিটের ব্রিজ হচ্ছে। সেই ব্রিজের কাজ গত কয়েক বছর ধরে হাফ ডান হয়ে পড়ে আছে, সেটা হচ্ছে না। সুন্দরবন প্রত্যন্ত এলাকা। কলকাতা শহর থেকে ট্রেনে

[4-20 — 4-30 p.m.]

করে অনেককে এখান থেকে যাতায়াত করতে হয়। এখানে পিয়ালি ক্রোজারে পিয়ালি পর্যটন কেন্দ্র তৈরি হচ্ছে। সেখানে যাতায়াত করার ক্ষেত্রেও এই ব্রিজটা দিয়ে যাতায়াত করতে হয়। এই ব্রিজটা দিয়ে বর্ষার সময়ে যান চলাচল করার ক্ষেত্রে ভয়ানক অসুবিধার সৃষ্টি হয়। কাজেই এই ব্রিজটা যাতে দ্রুত সম্পন্ন হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। আমরা দেখেছি যে ঠিকাদাররা ঠিকমতো এখানে কাজ করছে না। কেন করছে না সেটা আমি জানিনা। যাইহোক, এটা যাতে দ্রুত সম্পন্ন হয় তারজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। জয়নগর থেকে মহিষামারি হাট যেটা বারাসাতের সঙ্গে সংযোগ সাধন করেছে, এই রাস্তাটার অবস্থা খুবই খারাপ। সেখানে দ্রুত যাতায়াতের জন্য প্রাইভেট বাস এবং ভ্যান চলাচল করত। কিন্তু রাস্তাটি এত খারাপ অবস্থা হয়েছে সে সেখানে এখন ভ্যান রিক্সাও যাতায়াত করতে পারছেনা। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এটার প্রতি আপনি দৃষ্টি দেবেন। এই কথা বলে আমাদের সদস্য মাননীয় দেবপ্রসাদ সরকার যে কাট মোশন দিয়েছন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ২৫ নম্বর এবং ৭৯ ডিমান্ড সমর্থন করছি এবং তার সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। আমি প্রথমে যে কথাটা বলতে চাই তা হল, বিরোধী দল যে সমালোচনা করলেন সেটা শুনে আমার অবাক লাগলো। বর্তমানে যে অবস্থা তাতে পঞ্চায়েত এবং জেলা পরিষদের হাতে ক্ষমতা দেওয়া আছে, মন্ত্রী হাতে ক্ষমতা কোথায়? এই ব্যাপারে মন্ত্রী মহাশয় কি বলবেন এটা আমার মাথায় আসছে না। ঘোড়ার গাড়িতে যদি গাড়িটাকে আগিয়ে দেওয়া হয় আর ঘোড়াটাকে পেছিয়ে দেওয়া হয় তাহলে কি হবে? পশ্চিমবাংলা এমন একটা রাজ্য যেখানে পঞ্চায়েত এবং জেলা পরিষদের হাতে ক্ষমতা। সেখানে গভর্নমেন্টের সমালোচনা করলে, মন্ত্রী মহাশয়ের সমালোচনা করলে কি হবে কোন জায়গায় কটা ব্রিজ হবে, পাকা ব্রিজ হবে না কাঁচা ব্রিজ হবে সেটা জানবে কি করে? একটা কথা বলতে চাই জাতীয় সড়কের জন্য কেন্দ্রীয় সরকারের উচিত খরচ করা। একজন সদস্য বললেন যে কেন্দ্রীয় সরকারের টাকা এবং এটা অনুদান। এটা অনুদান নয়, এটা আমাদের পাওনা টাকা। আমাদের রাজ্যের সেই পাওনা টাকাটা কেন্দ্রীয় সরকার কেন দেয় না সেই কথা তো বিরোধী দলের লোকেরা বললেন না? এটা কি কেন্দ্রীয় সরকারের টাকা নাকি? আমাদের রাজ্যের রাজস্ব থেকে এই টাকা আসে, এটা আমাদের পাওনা টাকা। সেই টাকা কেন দিচ্ছে না কেন্দ্রীয় সরকার তারজন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সকলে মিলে সোচ্চার হওয়া উচিত। রাস্তা তৈরি করার খরচ গত বছরের তুলনায় ২০ পারসেন্ট বেড়ে গেছে। হিসাব করলে আরও বেশি দেখা যাবে, তবে আমি রাফলি বলে দিচ্ছি ২০ পারসেন্ট থেকে ২৫ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে। সেই তুলনায় কেন্দ্রীয় সরকার টাকা বাড়ান নি। স্যার, আমি আপনার মাধ্যমে হাউসের সামনে বলতে চাই কেন্দ্রীয় সরকার সেই পরিমাণ টাকা বাড়ায় নি, সেই মানধাতা আমলে যে পরিমাণ ছিল সেটা রেখে দিয়েছেন। এন.এইচ ৪০ জাতীয় সড়ক আমাদের হলদিয়া মহকুমার উপর দিয়ে গিয়েছে, তার আজকে কি হাল? তারজন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না। এখন রাজ্য সরকারের কাছে প্রস্তাব আসছে যে বিভিন্ন জায়গা থেকে টাকা নিয়ে এই রাস্তা সারান। কেন্দ্রের টাকা কেন আসেনি সেই কথাটা

কেন বিরোধী দলের নেতারা বলছেন না? শুধু মাত্র আমরা সোচ্চার হব? রাজ্যের স্বার্থ বিরোধী দলের দেখা উচিত নয়? রাজ্যের ইন্টারেস্ট, রাজ্যের পাওনা, রাজ্যের এই টাকা পাওয়ার অধিকার আছে, সেই অধিকার থেকে কেন কেন্দ্রীয় সরকার বঞ্চিত করছে এই কথাটা তাদের মুখ দিয়ে বেরোবে না? অদ্ভুত ব্যাপার! মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রবোধবাবু বললেন অমুক রাস্তা তৈরি করার কথা। জেলা পরিষদের একটা ডেভেলপমেন্ট সেল আছে, সেই ডেভেলপমেন্ট সেল অগ্রাধিকার ঠিক করবে কোন রাস্তাটা প্রথমে হবে। মন্ত্রীর কি ক্ষমতা আছে? মন্ত্রী মহাশয় যদি বলে দেন যে আমাদের মেদিনীপুরে উনি এই রাস্তা করবেন, আর জেলা পরিষদের ডেভেলপমেন্ট সেল যদি বসে ঠিক করে যে না এই রাস্তা হবে না অমুক রাস্তা করব বা গোপিবল্লভপুরের রাস্তা করব সেখানে মন্ত্রী মহাশয়ের কথা টেকে না। মন্ত্রী মহাশয়ের সেই অধিকার নেই, সেখানে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত। এটা আমরা সকলেই জানি। এটা পঞ্চায়েতের আইন। পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে রাজ্যের সার্বিক ক্ষমতা পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হয়েছে। সেই ক্ষমতা তুলে দেওয়ার পরেও মন্ত্রী মহাশয় কি করে বলবেন যে এই ব্রিজটা কবে হবে, এই ব্রিজ পাকা হবে না কাঁচা হবে, এই ব্রিজে কটা পেরেক মারবে? ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আপনারা যা করে গিয়েছিলেন সেটা আবার করতে চান। আমাদের ত্রুটি আছে, বিচ্যুতি আছে, রাস্তার অবস্থা বেহাল এটা আমরা জানি। টাকা পয়সার সীমাবদ্ধতার মধ্যেও কিন্তু উন্নয়নের কাজ হয়েছে। অনেক রাস্তা হয়নি, এটা আমরা জানি। বিরোধী দলের মাননীয় সদস্য দীঘার রাস্তার কথা বলছিলেন, আমি তার সাথে একমত। এটা ঠিক। আমরা জেলা পরিষদ থেকে সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছি এই ব্যাপারে। হ্যাঁ, দীঘা পশ্চিমবাংলার মধ্যে একমাত্র পর্যটন কেন্দ্র। দীঘায় শুধু এই রাজ্যের নয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকেও শতশত পর্যটক এখানে আসেন। সেই রাস্তার বেহাল অবস্থা। রাস্তাটি ওয়াইডেন করা দরকার, বড় করা দরকার, তারজন্য জমি অধিগ্রহণ করা দরকার। **(কংগ্রেস পক্ষ থেকে শোনা যায় 'ঠিক।')** শুধু ঠিক বললেই হবে না। দিল্লির সরকারের কাছ থেকে টাকা চাইতে পারেন না? হ্যাঁ, দীঘার রাস্তাটি হওয়া উচিত। দার্জিলিংয়ে গোলমাল হওয়ার পর এটিই এখন একমাত্র পর্যটন কেন্দ্র। এরজন্য টাকা দরকার। জেলা পরিষদ যেটাকে প্রায়োরিটি দিয়েছে সেটা কেন হচ্ছে না তা আমাদের জানা দরকার। মন্ত্রীকে আমি এই জিনিসটা একটু দেখতে বলব যে, আপনার দপ্তরে ইঞ্জিনিয়ার আর নন-টেকনিক্যাল ব্যক্তিদের মধ্যে ঝগড়া আছে। কন্ট্রাক্টরদের জন্য অনেক টাকা ড্রেনেজ হয়। তারজন্য পঞ্চায়েতকে কিভাবে ইনভলভ করা যায় তা দেখা দরকার। এই বিষয়ে আমরা এম.এল.এ. যারা আছি, আমাদের জেলা পরিষদে এ নিয়ে আলোচনা হয়। আমরা শুনি যে পূর্ত দপ্তর নাকি সবচেয়ে দুর্নীতির জায়গা। সেটা আপনি কি করে বন্ধ করবেন? এটা আইন দ্বারা হয়না। সেজন্য পঞ্চায়েতের হাতে আরও ক্ষমতা দিন, তাহলে ইঞ্জিনিয়াররা এটা করতে পারবে না। ভাল কাজও হয়েছে। এখানে তফসিলি জাতি ও উপজাতিদের যে রাস্তা, এই রাস্তাকে দ্রুত শেষ করা উচিত। এই ব্যাপারে গভর্নমেন্ট প্রতিশ্রুতিবদ্ধ। আপনি মন্ত্রিত্বে আসার আগে এই কথা বলেছেন। আগে যারা ছিলেন তারাও বলেছেন। আমাদের একটা দৃষ্টিভঙ্গি আছে, তা হচ্ছে শ্রেণী সচেতনতা নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। তফসিলি জাতি ও উপজাতিদের মাঝখান দিয়ে যে রাস্তা গেছে সেগুলো কোন জায়গা[illegible] আছে, তার উন্নতি করতে হবে আমি যাদবপুরের স্থায়ী বাসিন্দা, ওখানে সুকান্ত সেতু

[4-30 — 4-40 p.m.]

হওয়ার জন্য মানুষের মনে উৎসাহের সৃষ্টি হয়েছে। কিন্তু রাস্তার কাজ সম্বক গতিতে চলছে। আমি ৮-বি বাস স্ট্যান্ড থেকে তিন-চার মিনিটের দূরত্বে থাকি, আমি এটা দেখেছি। সুকান্ত সেতু হওয়ার ফলে সন্তোষপুর আর দমদম পর্যন্ত যাতায়াতের ক্ষেত্রে অনেক সহজ হয়েছে। ওড়িষ্যাতে বাঘা যতীনের যে মিউজিয়ামের কাজ হচ্ছে এটি সম্পন্ন হতে চলেছে। যিনি ৮০ দিন ধরে দেশকে স্বাধীন করতে গিয়ে ব্রিটিশ শাসকের বিরুদ্ধে লড়াই করেছিলেন, তার বিষয়ে ওখানে একটি মিউজিয়াম তৈরি হচ্ছে। এটি শেষ হয়ে গেলে, মন্ত্রীকে অনুরোধ করব, আমরা যারা পশ্চিমবাংলা বিধানসভার সদস্য আমাদের একবার নিয়ে যাবার ব্যবস্থা করুন। রাস্তার বেহাল অবস্থা সত্ত্বেও কাজের অগ্রগতি এখানে ঘটেছে একথা সত্য, এইজন্য আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পূর্ত বিভাগের মন্ত্রী যে ২নং এবং ৭৯নং দাবির উপরে বক্তব্য রেখেছেন আমি তার বিরোধিতা করে আমাদের আনীত ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। অবশ্য আমি বিরোধিতা করতে গিয়ে আপনার সমর্থনে অনেক বলব। সুতরাং আপনার বিচলিত হয়ে যাবার কিছু নেই। এই দপ্তরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর কিন্তু আপনার টাকা সীমিত, আপনার এই সীমিত টাকা থাকার ফলে আপনার যতই কাজ করার ইচ্ছা থাকুক আপনি আপনার বাসনা পূরণ করতে পারছেন না। সেটাই প্রমাণিত হয়েছে আপনার বাজেট বক্তৃতায়। গত বছরে ১৮৩ কোটি টাকা পেয়েছিলেন এই বছর ১৬০ কোটি টাকা পেলেন এটা কেন হল? আপনি আর এস পি বলে আপনাকে কার্টেল করছে এবং যদি কোনও প্রতিবাদ করতে যান তাহলে আপনার অবস্থাও যতীন চক্রবর্তীর মতো হবে। একেবারে যতীনবাবুর মতো চিরতরে দল থেকে চলে যেতে হবে। সুতরাং যতীন বাবুর মতো বেঙ্গল ল্যাম্পের কথা মুখেও আনবেন না, আপনাকেও তাহলে চলে যেতে হবে। সুতরাং আপনি ওই কাজ ভুলেও করবেন না। আপনি টাকা নিয়ে কাজ করছেন কিন্তু আপনার কাজটা কিরকম জানেন আমাদের ওখানে মোথা বলে একটা ঘাস আছে সেই ঘাস যখনই যতই কাটুন না কেন আবার পাছার তলা দিয়ে বেরুতে শুরু করে। আপনাদেরও কাজের সেই একই অবস্থা। আপনাদের কন্ট্রাক্টররা কাজ করতে গিয়ে যে জায়গাটার করছেন পরে দেখা যাচ্ছে আবার সেখানে ফাটল ধরেছে। যেমন বেলডাঙাতে কাজ করার পরে আমডাঙার কাজ শুরু করছেন তখন দেখা যাচ্ছে যে বেলডাঙাতে সেখানে কাজ কন্ট্রাক্টররা করেছিলেন সেখানে আবার ফাটল দেখা গিয়েছে। সুতরাং আপনাদের অবস্থা ঠিক মোথা ঘাসের মতো। আমি এটা সমালোচনা করতে হয় তাই করছি না ঘটনাটা সত্যি তাই। তারপরে কাজ আরম্ভ হচ্ছে কখন না বর্ষার সময় ফলে জলে ধুয়ে মুছে যাচ্ছে। এই কাজটা বৃষ্টির আগে আরম্ভ করা উচিত এবং সেই ব্যাপারে আপনার একটু দৃষ্টি দেওয়া দরকার। তারপরে কন্ট্রাক্টররা যে কাজ করে তা পেমেন্ট পায় না আপনাদের কাছ থেকে ফলে তারা আর কাজ করতে উৎসাহ বোধ করে না এবং মাঝপথেই কাজ বন্ধ করে চলে যায়। বর্ষার আগে যাতে রাস্তার কাজটা হয় সেইদিকে বিশেষ নজর দেওয়ার দরকার। আরেকটি মজার কথা আপনাকে বলছি, আপনি এই ব্যাপারে একটু দৃষ্টি দেবেন। আপনার রাস্তা তৈরির জন্য পীচ লাগে সেই পীচ গলানোর জন্য আরও ১ ব্যারেল পীচ লাগে। একটা পীচ গরম করার

জন্য ১ ব্যারেল পীচ দরকার হয়। এর থেকে সর্বনাশ আর কি হতে পারে। আপনি নিজে গিয়ে একবার দেখে আসুন তাহলে বুঝতে পারবেন কিভাবে এই জিনিসের অপচয় হচ্ছে। আমি শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছি না, সেখানে কি সর্বনাশটা হচ্ছে সেটা আপনাকে একটু দেখতে বলছি। আপনাকে যে টাকাটা দেওয়া হয় সেটা যদি সঠিকভাবে কাজে লাগাতে পারেন তাহলেই আপনি বাহবা পাবেন। আমতলা থেকে বেলডাঙা রাস্তাটিতে আপনি গিয়েছেন এবং সেখানে আপনাদের প্রাকরতন বখাটে এম.এল.এ-বখাটে এইজন্য বলছি কারণ তিনি এখানে খুব বেশি বকবক করতেন রাধানগর ব্রিজ দেখতে গিয়েছিলেন বা প্রচার করতে গিয়েছিলেন। এবারে দেখছি সেই ব্রিজের নাম গন্ধ পর্যন্ত নেই। আর ওখানে উনি প্রচার করছেন যে এটা আমি করিয়েছিলাম, আমিই বন্ধ করে দিয়েছি। সেখানে আমতলা পর্যন্ত রাস্তাটি এতোই শরু যে মাসে ২/৩ টি বাস রাস্তার ধারে খাদে উল্টে পড়ে যায়। আমি আপনাকে ঐ আমতলা বেলডাঙ্গা রাস্তাটির কথা চিন্তা করতে অনুরোধ জানাচ্ছি। আর একটি ১৪ কিঃ মিঃ রাস্তা আমি যখন আগে এম.এল.এ. ছিলাম এবং মাননীয় ভোলা সেন মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন স্যাংশন হয়েছিল সেই রাস্তাটি কাশিপুর পর্যন্ত ৫ কিঃ মিঃ আমার সময় হয়েছিল কিন্তু তারপর সেটা বন্ধ হয়ে গিয়েছে। সেই স্যাংশন্ড রাস্তাটা পর্যন্ত আপনি করলেন না, সেই টাকাটা অন্য জায়গায় নিয়ে চলে গেলেন। এটা অত্যন্ত অন্যায় কথা। আমাদের স্যাংশন করা রাস্তা রেজিনগর থেকে সর্বাঙ্গপুর, সেটা আপনি করলেন না। গতকাল জিরো আওয়ারে আমি এটা বলেছি। ওখানে শ্যামনগর গ্রাম বলে একটি গ্রাম আছে যেখানে ১।। হাজার ঘরের বাস, বছরের ৬ মাস তার চারিদিক জলমগ্ন থাকে। সেখানে চাঁদিপুর থেকে একটি রাস্তা যদি করতেন তাহলে বিরাট এলাকায় একটা যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠতে পারতো। শ্যামনগরের পাশেই ডাকাতিয়াপোতা বলে একটি গ্রাম আছে সেখানে গত বছর একটা কমিউন্যাল রায়ট হয়ে গেল, পুলিশকে খবর দেওয়া হল কিন্তু রাস্তার অভাবের জন্য তাদের যেতে ৭/৮ ঘন্টা সময় লেগে গেল। আমাদের শক্তি বল মহাশয় এখানে বক্তৃতা করার সময় কোথাকার কথা কোথায় নিয়ে এলেন আমি বুঝতে পারলাম না। তিনি বললেন, সব পঞ্চায়েতের মাধ্যমে হবে। তাহলে এ দপ্তর রেখে লাভ কি? এই দপ্তর তাহলে তুলে দিন এবং তুলে দিয়ে বলুন যে আমার কিছু করণীয় নেই। যাইহোক, শেষ কথা আমি বলছি, সাবজেক্ট কমিটির কথা আপনি জানেন নিশ্চয়। পি.ডব্লু.ডি'র যে সাবজেক্ট কমিটি হয়েছিল তার রিপোর্ট কিন্তু খুব হতাশাব্যঞ্জক। তাতে বলছে, আপনি কিছুই করতে পারেন নি, করতে পারবেন না। এ রিপোর্ট আপনার নিশ্চয় পড়া উচিত যেহেতু আপনি এই দপ্তরের মন্ত্রী। আপনি জানেন, কংগ্রেসের আমলে আমাদের সময় আমাদের প্ল্যান ছিল বছরে ১০০ কিঃ মিঃ করে পাকা রাস্তা করার। আর আপনারা কি করলেন? ক কিলোমিটার রাস্তা গত দু বছরে করতে পারলেন মন্ত্রী মহাশয় জানাবেন। আপনার জানানোর ক্ষমতা নেই, কারণ আপনার টাকাগুলো আপনার দপ্তরে না দিয়ে সমস্ত পার্টি ফান্ডে চলে যাচ্ছে। কন্ট্রাক্টরের সঙ্গে আপনাদের কনট্রাক্ট আছে যাতে এই পারসেনটেজ হবে। আপনি জানেন আপনার দপ্তরের যে বাড়ি তৈরি হয় তাতে এক নম্বর ইঁট এর জায়গায় তিন নম্বরে ইঁটে কাজ হয় এবং এক নম্বর ইঁটের বিল হয়। নিশ্চয়ই আপনার দপ্তরের সঙ্গে এবং কনট্রাক্টরের সঙ্গে একটা কনট্রাক্ট আছে যে এত পারসেনটেজ দিতে হবে। আপনারা কি সর্বনাশ করছেন দেখেছেন? কংগ্রেসি আমলে যে এই জিনিস হত না তা নয়, তারা যে ধোয়া তুলসি পাতা তা বলব না, কিন্তু তারা যখন

[4-40 — 4-50 p.m.]

কাজ করাতো তখন এক নম্বরের জায়গায় দু নং ইঁট থাকত। আর আপনাদের আমলে এক নম্বরের জায়গায় তিন নম্বর চার নম্বর ইঁটে কাজ হচ্ছে। এটা আমি অবান্তর কথা বলছি না। আপনি দেখুন, আপনার সর্বনাশ হয়ে গেল। এই বলে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ চেয়েছেন তার বিরোধিতা করে আমাদের আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমি শেষ করছি।

**শ্রী মদনমোহন নাথ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয় বরাদ্দ আজকে এখানে উপস্থিত করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধী পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব রাখা হয়েছে তার সম্পূর্ণ বিরোধিতা করে দু-একটি কথা এখানে রাখতে চাই। বিরোধী পক্ষের সব বক্তার মধ্যে থেকেই একটা কথা বোঝা গেল যে দপ্তরের কাজকর্ম হয়নি। তারজন্য মন্ত্রীর প্রতি তাদের যথেষ্ট দরদ আছে। কাজ হয়নি যেহেতু আজকে ফ্রন্টের অন্য যে দল, সর্ববৃহৎ দলের তাদের প্রতি আনুকুল্য না থাকায় তিনি কাজ করতে পারেন নি। যেমন আমরা প্রথমে দেখলাম, বলতে গিয়ে বিরোধী পক্ষের মাননীয় সদস্য বললেন, তিনি কাজকর্ম কি করে করবেন, তার বরাদ্দ টাকা ছাঁটাই হয়ে গেছে, যা বরাদ্দ টাকা থাকে তার সবটা নন-প্ল্যানে খরচ হয়ে যায়, অতএব তার ১০ পারসেন্ট টাকায় কি কাজ হবে? আসল কারণটা কি, তা কেউ বলবার চেষ্টা করেন নি। আসল কারণ হচ্ছে কেন্দ্রের বরাদ্দ টাকা যা পাওয়া উচিত এবং যে ক্ষেত্রে আমরা দেখছি বেশির ভাগ কাজই কেন্দ্রের সাহায্য ছাড়া করা সম্ভব নয়, কেন্দ্রের টাকা পাওয়া যায় না বলে কাজ হয়না এবং যাও বা কিছু পাওয়া যায় তা সময়মতো পাওয়া যায় না, যারজন্য কাজ হয়না। এই পূর্ত দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর, রাস্তাঘাট না হলে সমস্ত বিধায়ক যারা আছেন প্রত্যেকের অসুবিধা হবে, সবাই সেই কথা বলছেন। কিন্তু শুধু এই দপ্তরের নয়, সব দপ্তরেই অর্থের অভাব রয়েছে, শিক্ষা দপ্তর গুরুত্বপূর্ণ দপ্তর স্বাস্থ্য দপ্তর গুরুত্বপূর্ণ দপ্তর সমস্ত দপ্তরের বাজেট বরাদ্দ থেকেই ছাঁটাই হয়েছে। তার মূল কারণ সেটা অনেকে বলেছেন যেখানে ১৫০০ কোটি টাকা বাজেট বরাদ্দ থাকে সেখানে ৭০০ কোটি টাকা দেওয়া হয়েছে। ওরা স্বল্প বরাদ্দের কথা বারবার বলছেন, অথচ কারণ'টা বলছেন না! বছরে যেখানে কেবলমাত্র স্বল্প সঞ্চয় প্রকল্প থেকে আমাদের ৪০০ কোটি টাকা আদায় হত, বিগত দু'বছর কেন্দ্রীয় সরকারের নীতির মধ্যে দিয়ে স্বল্প সঞ্চয় প্রকল্পকে বানচাল করে দেওয়ার ফলে আমরা সেই টাকা থেকে বঞ্চিত হয়েছি। তা ছাড়াও কেন্দ্র রাজ্যের ন্যায্য প্রাপ্য থেকে গত দু'বছর রাজ্যকে বিভিন্নভাবে বঞ্চিত করেছে। ঐ সমস্ত টাকা না পাওয়ার ফলে শুধু পূর্ত দপ্তরই নয় অনেক দপ্তরেই প্রয়োজন অনুযায়ী ন্যূনতম অর্থও বরাদ্দ করা সম্ভব হয়নি। ফলে দপ্তরগুলোর কাজকর্মও আশানুরূপ হয়নি। এই একই কারণে শিক্ষা দপ্তর, স্বাস্থ্য দপ্তর তাদের প্রয়োজনীয় কাজটুকুও অনেক ক্ষেত্রেই করতে পারেনি। অনুরূপভাবে পূর্ত দপ্তরেও অনেক কাজ হয়নি। কিন্তু কেন্দ্র কেন আমাদের প্রাপ্য টাকা দিলো না তা আমরা বিরোধী সদস্যদের মুখ থেকে শুনতে পেলাম না। কেন্দ্রের কাছে যে, এবিষয়ে বলা দরকার, এটাও ওরা কেউ বললেন না। তারপর ওরা দুর্নীতির কথা বললেন। ওরা আরও বললেন যে, কাজ যেটুকু হয়েছে তাও খুবই নিম্নমানের। অবশ্য দুর্নীতির কথা কংগ্রেসের কাছ থেকে আজকাল আর পশ্চিমবাংলার মানুষ শুনতে চায় না। আজকে এখানে ওরা এবিষয়ে যেসব কথা উল্লেখ করলেন তাও কেউ শুনবে না। শুধু

পশ্চিমবাংলা কেন ভারতবর্ষের মানুষও এখন ওদের এসব কথা শোনে না। আমরা জানি অবশ্যই পূর্ত দপ্তরের কিছু ত্রুটি-বিচ্যুতির কথা এখানে উল্লেখ করা যেতে পারে। কিন্তু এখানে এইমাত্র শুনলাম ওরা বললেন পূর্ত দপ্তর এক নং ইঁটের জায়গায় ২নং ইঁট দিয়ে কাজ করছে। অথচ ওরা দেশ স্বাধীন হবার পর থেকে বিগত দিনে ৩০ বছরে এই রাজ্য শাসন করেছিলেন এবং তখন ওরা কিভাবে কাজ করতেন তা আমরা এবং রাজ্যের মানুষ জানে। সে সময়ে পি.ডব্লু.ডি.-র কাজকর্মের ধারা আমি এখানে একটু উল্লেখ করছি। আমরা দেখেছি সরকারের পক্ষ থেকে কোথাও হয়ত একটা পুরোনো শেডকে ভেঙে নতুন করে করার জন্য বলা হল। পূর্ত দপ্তর থেকে সেই পুরোনো শেডের খুঁটিগুলোকে তুলে উল্টে পাল্টে লাগিয়ে, সেই পুরোনো টিনগুলোই আবার লাগিয়ে দিয়ে রং করে দিয়ে বলা হল নতুন শেড হয়ে গেছে। এবং সেখানে নতুন শেড নির্মাণ বাবদ বিল পেমেন্ট হয়ে যেত এবং খুবই প্রম্পট পেমেন্ট হত। এসব জিনিস আমরা দেখেছি। এরপরে এখন এখানে ওরা দুর্নীতির কথা বলছেন! ওরা এক নং ইঁটের জায়গায় দু'নং ইঁট দেওয়ার কথা বলছেন। ওদের রাজত্বকালে আমরা দেখেছি এক নং-এর জায়গায় তিন নং, চার নং ইঁট দিয়ে কাজ হত। আর আমি এসব কথা বেশি বলতে চাই না। ওরা স্বাধীনতার পর ৩০ বছর এখানে ক্ষমতায় ছিলেন। দেশ ভাগ হবার পর আমাদের বেশকিছু রেলপথ দিয়ে আমাদের চলাচল যখন বন্ধ হয়ে গেল, উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেল তখন ওরা রাজ্যে এবং কেন্দ্রে ক্ষমতায় আসীন ছিলেন। তখন আমাদের রোড ট্রান্সপোর্টের সম্প্রসারণ সব চেয়ে দরকারি ছিল। ওরা আজকে বলুন, সে সময়ে ১০/১৫/২০ বছরে উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগের কী ব্যবস্থা করেছিলেন? সে সময়ে রোড ট্রান্সপোর্টের অবস্থা কী ছিল? আমরা দেখেছি, এই সে দিনও বি.টি. রোডে গরু চরত, মানুষ যাতায়াত করতে পারত না। যশোহর রোড দিয়ে গাড়ি চালাবার মতো কোনও অবস্থা ছিল না। আজকে আমরা এইসব রাস্তার যথেষ্ট ইমপ্রুভ করতে সমর্থ হয়েছি। যশোহর রোড ন্যাশনাল হাইওয়ে, অথচ আমরা ঐ রাস্তার জন্য কেন্দ্রের কাছ থেকে কি পাচ্ছি? ন্যাশনাল হাইওয়ে রক্ষণাবেক্ষণের হিসাব মাননীয় মন্ত্রী তার বিবৃতির মধ্যেই উল্লেখ করেছেন। ন্যাশনাল হাইওয়েগুলোর জন্য প্রয়োজনীয় টাকা তো দূরের কথা, বর্তমান প্রচলিত ব্যবস্থার মধ্যে আমাদের যা প্রাপ্য তাও আমাদের কেন্দ্র দিচ্ছেন না। আর '৮৮ সালের চুক্তি অনুযায়ী ঠিক হয়েছিল সেন্ট্রাল রোড ফান্ড যেগুলো অ্যাপ্রুভ করবে, সেগুলোর জন্য তারা নিয়মমাফিক তাদের দেয় অর্থ দেবেন। কিন্তু সেটাও তারা প্রয়োজন মতো দিচ্ছেন না।

[4-50 — 5-00 p.m.]

ন্যাশনাল হাইওয়ের কাজ টাকা দিয়ে কতটা হয়, সেটা আমরা দেখেছি, এখানে মাননীয় সদস্য বলেছেন বিবেকানন্দ সেতুর কথা, সেটা খুবই সত্য কথা, বিবেকানন্দ সেতুর অবস্থা যা হয়েছে এখনি যদি থরো রিপেয়ারের ব্যবস্থা না করা যায় তাহলে খুবই মুশকিল হবে, কারণ সেতুটি মেন যোগাযোগ রক্ষা করে, এর উপর দিয়ে অনেকগুলি ন্যাশনাল হাইওয়ের সঙ্গে যোগাযোগ রক্ষা করা যায়, কাজেই এটা রিপেয়ার না করলে বড় বিপদ ঘটতে পারে। এসব কথা বললেন, অথচ বিবেকানন্দ সেতুর জন্য বরাদ্দ প্রাপ্য টাকার কথাটা কি উল্লেখ করেছেন? বিবেকানন্দ সেতু এখানে করা হবে কি করে, ন্যাশনাল হাইওয়ের জন্য অনেক অর্থ যাচ্ছে।

শুধুমাত্র একটা উদ্দেশ্য নিয়ে ফ্রন্টের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্য নিয়ে এই কথা বলে লাভ হবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট থেকে একটু উল্লেখ করছি, তিনি গুরুত্ব দিয়েই বুঝিয়েছেন, এখানে তিনি বলেছেন 'এখন আমি পূর্ত বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট সড়ক ও ভবনাদি প্রকল্পগুলির বিষয় কিছু বলব। আমি ইতিমধ্যে বলেছি ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে উল্লেখযোগ্য কোনও মৌলিক কাজ শুরু করা যায়নি। দ্বিতীয় হুগলি সেতু (বিদ্যাসাগর সেতু) চালু করার পরিপ্রেক্ষিতে পূর্ত বিভাগ ডাফরিন রোড, খিদিরপুর রোড, আচার্য জগদীশ বসু রোড, রেড রোড এবং আন্দুল রোড প্রশস্তি করণের কর্মসূচি চূড়ান্ত করেছে।' বিদ্যাসাগর সেতুর উদ্বোধনের সময়ে মাননীয় মন্ত্রীকে যথাযোগ্য মর্যাদা দেওয়া হয়নি বলা হয়েছে। সে সম্বন্ধে বলছি আমাদের মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী যথাযোগ্য কাজই করেছেন। দ্বিতীয় কথা বললে বুঝতে পারবেন, বিবেকানন্দ সেতু কয়েক মাস চালু হয়েছে, ও থেকে ২৭ লক্ষ টাকা ইনকাম হচ্ছে, ১১ হাজার মাত্র গাড়ি চলছে, ওটা ভালভাবে ঠিক হয়ে গেলে ৮৫ হাজার হবে। ৮৫ হাজার গাড়ি রোজ চলতে পারবে। তাই বলছি যে, যে সমস্ত কাজগুলি হয়েছে, যেমন, ন্যাশনাল হাইওয়ে, স্টেট হাইওয়ে, ব্রিজ, সেতু যা টাকা পেয়েছেন তার থেকে অনেক বেশি কাজ হয়েছে, যথাযোগ্য ভাবেই তবে আরও তৎপর হবার দরকার আছে। উত্তর ২৪ পরগনা জেলায় যেখানে যশোর রোড, ন্যাশনাল হাইওয়ে এটা যাতে একটু প্রশস্ত করা যায় এটা সবচেয়ে গুরুত্বপূর্ণ রাস্তা বসিরহাট, টাকি রোড স্টেট হাইওয়ে করার ব্যবস্থা অনেক বেশি গুরুত্বপূর্ণ ওটা যাতে করা যায়, তারপর গোবরডাঙ্গা ইছাপুর, ব্রিজ ওটা দুটো রাস্তাকে কানেক্ট করছে, ব্রিজটা হলে ভাল হয়। তারপর ব্যারাকপুরে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথের একটি মূর্তি প্রতিষ্ঠা করা দরকার এবং তার বাসভবনটি অধিগ্রহণ করা দরকার। রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ যে ওখানে থাকতেন সেকথা আমরা সকলেই প্রায় ভুলতে বসেছি। কাজেই এগুলি করা দরকার। এই কথা বলে মাননীয় পূর্তমন্ত্রীর আনীত বাজেটকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পূর্ত ও সড়ক বিভাগের মাননীয় মন্ত্রী শ্রী মতীশ রায় মহাশয় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি সেই দাবির বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে সেই সমস্ত কাট মোশনের সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের মাননীয় পূর্তমন্ত্রী তার যে বাজেটের কপিগুলি আমাদের পাঠিয়েছেন মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন এবং মাননীয় সুব্রত মুখার্জি বারবার বলেছেন যে সভায় পাঠ করা হোক, এগুলি প্রসিডিংসে যায়। কিন্তু কতকগুলি টেকনিক্যাল গ্রাউন্ড তুলে এখানে পাঠ না করার জন্য আমাদের মন্ত্রী মহাশয় জানেন না যে এইগুলিতে কি কি বলা হচ্ছে। যদি জানতেন তাহলে কনট্রাডিকটরি বক্তৃতা রাখতেন না। ১৯৯২-৯৩ সালের বক্তৃতার কপির ৮ পাতা থেকে আমি একটু পড়ে শোনাচ্ছি। অনুচ্ছেদ ১৬(খ), এতে বলা আছে, অজয় মুখার্জির একটি প্রতিমূর্তি তৈরি ও সেটি স্থাপনের কাজ এগিয়ে চলেছে, আর এবারে বলছেন 'পশ্চিমবঙ্গের প্রয়াত মুখ্যমন্ত্রী অজয় মুখার্জির ১২ ফুট উচ্চ একটি পূর্ণাবয়ব মূর্তি তৈরি করা এবং সেটি কলকাতায় স্থাপনের প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এই কাজের জন্য ভাস্কর নির্বাচন করা হয়েছে।' গতবার বলেছেন

তৈরি হবে এবং স্থাপনের কাজ এগিয়ে চলেছে, কিন্তু এবারে বলেছেন বিবেচনাধীন। তাহলে উনি কি ব্যাক গিয়ারে চলেন? মন্ত্রী এই যে বাজেট বক্তৃতা দিয়েছেন আমরা তো তার উপর ভিত্তি করেই আলোচনা করব, কিন্তু আমরা দেখছি উনি কনট্রাডিকটরি বক্তব্য রাখছেন। সেই মন্ত্রীর বাজেট বরাদ্দকে কি করে পাস করা যায় হাউসে? শুধু তাই নয়, গতবারে যে বক্তব্য রেখেছেন এবারেও সেই একই কথা বলছেন। গতবার ৬(ক), চার নং পাতায় বলেছেন, 'ব্যান্ডেল গেট, লেক গার্ডেন্স এবং লিলুয়াতে যথাক্রমে তিনটি সড়ক সেতু নির্মাণের ব্যাপারে খসড়া নকশা ও আনুসঙ্গিক বিষয়াদি চূড়ান্ত করতে রেল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা চলছে।' আর এবারে তিন পাতার ১০ নম্বরে বলছেন 'লিলুয়া, ব্যান্ডেল গেট, লেক গার্ডেনসে সড়ক উড়াল পুল নির্মাণের প্রস্তাব পূর্ত (সড়ক) বিভাগের অগ্রাধিকার তালিকায় রয়েছে এবং খসড়া নকশা ও এতদ সম্পর্কিত অন্যান্য বিষয় সম্পর্কে চূড়ান্তকরণের ক্ষেত্রে রেলপথ প্রাধিকারের সঙ্গে এই বিভাগ ঘনিষ্ঠ যোগাযোগ রেখে চলেছে।' প্রতিবারই যদি একই কথা বলেন তাহলে চার ঘন্টা ধরে এই বাজেট ডিসকাশন চালাবার প্রয়োজন কি? তারচেয়ে এটা সরাসরি গ্র্যান্ট করিয়ে নিলেই পারতেন, বাজেট আলোচনার দরকার ছিল না, কারণ সবটাই তো ভেগ। গতবার ৬(ক)-তে বলেছিলেন, জলপাইগুড়ি জেলার ধুপগুড়ি-ফালাকাটা সড়কে দুদুয়া নদীর উপর কয়েকটি সেতু এবং এইরকম ৬টি সেতু নির্মাণের কাজ শেষ হবে বলেছিলেন। ছয়টির কথা যা বলেছিলেন তারমধ্যে চারটি হয়েছে। গতবারে তিনি বলেছেন যে, আর্থিক সংস্থান যদি হয় তাহলে ১৯৯২-৯৩ সালের মধ্যে কাজগুলি শেষ করা হবে। এবারে ১৫ নং অনুচ্ছেদে বলেছেন - ১৯৯৩-৯৪ সালে প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে নিম্নলিখিত প্রকল্পগুলির নির্মাণকার্যে সন্তোষজনক অগ্রগতি আশা করা যায়। গতবারেও বলেছেন, আবার এবারেও বলেছেন যে, টাকা পেলে করতে পারবেন। একই কথা বারবার বলে যাচ্ছেন এইরকম ভুরি ভুরি উদাহরণ রয়েছে। প্রতিবারই আপনি বলছেন যে, সন্তোষজনক অগ্রগতি আশা করা যায়, কিন্তু আসলে কাজের কতটুকু হচ্ছে সেটা বলতে পারছেন না। বামফ্রন্টের মাননীয় সদস্যরা বলছিলেন ফ্রন্টে ভাঙন ধরানো যাবে না, কিন্তু আমরা তো বলিনি যে বালুরঘাটে আপনারা আলাদা আলাদা প্রার্থি দিন। কাজেই আপনাদের মধ্যে ঐক্য কতটুকু আসে আমরা জানি। আমরা জানি, মন্ত্রিত্বের স্বাদ নেবার জন্য আপনারা এখানে ঐক্যের কথা বলেন, কিন্তু গ্রামে গিয়ে নিজেদের মধ্যে ঝগড়া করেন। আমরা ওদের মধ্যে ফাটল ধরাতে চাইনা। কিন্তু এখানে অনেকাংশে পশ্চিমবঙ্গের স্বার্থ জড়িত। হরিপালে পঞ্চায়েতের নির্বাচনী প্রচারে মাননীয় মুখ্যমন্ত্রীর যাবার কথা ছিল। দিল্লি রোডে তারকেশ্বর হয়ে হরিপাল পর্যন্ত পি.ডব্লু.ডি. থেকে সমস্ত রাস্তার বাম্পগুলি কেটে মসৃণ করে দেওয়া হল। হরিপালের রাস্তাকে সুন্দর করা হল শুধু মুখ্যমন্ত্রী যাবেন বলে। মুখ্যমন্ত্রী যে রাস্তা দিয়ে যাবেন সেই রাস্তা সুন্দর করা হবে, আর যে রাস্তা দিয়ে যাবেন না সেই রাস্তায় কোনও কাজ হবেনা। সেখানকার রাস্তা দিয়ে কি কোনও গাড়ি চলেনা, কোনও বাস চলেনা? মুখ্যমন্ত্রী কোথায় হেলিকপ্টারে করে যাবেন, সেই রাস্তার গুরুত্ব থাকবে। আর সাধারণ যে রাস্তা দিয়ে যাতায়াত করে সেই রাস্তার কোনও গুরুত্ব থাকবেনা, এটা কোন দেশের বিচার? আর এরজন্য অর্থমন্ত্রী টাকা বরাদ্দ করে দিচ্ছেন, কিন্তু অন্য ক্ষেত্রে আপনার টাকা কেটে নিচ্ছে অথচ আপনি ভয়ে সেটা স্বীকার করতে পারছেন না। আমার একটা কথা মনে পড়ে গেল। গ্রামে দুই জন মহিলার মধ্যে ঝগড়া হচ্ছিল। একজন মহিলা ঝগড়া করে আর একজনকে বলছে, আমার স্বামী আমাকে মারে তাতে তোমার কি, তুমি বলবার কে?

আপনাদের অবস্থাও সেইরকম হয়েছে। আপনাদের সি.পি.এম মারছে, মারুক, তাতে আমরা বলার কে, আমাদের বলার কোনও প্রয়োজন নেই। কিন্তু আপনার দপ্তরের টাকা কেটে নিলে শুধু আপনি ক্ষতিগ্রস্ত হবেন না, সারা পশ্চিমবঙ্গের মানুষ ক্ষতিগ্রস্ত হবে। সেই কারণে আমাদের প্রতিবাদ করতে হচ্ছে। আপনি এখানে বিবেকানন্দ সেতুর কথা বলেছেন। বিবেকানন্দ সেতু ভাল করে রিপেয়ার হয়েছিল সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে। তারপরে আর সেই ধরনের কোনও রিপেয়ার আপনি করতে পারছেন না। একবার রিপেয়ার করছেন, আবার তা গর্ত হয়ে যাচ্ছে। কোনও সময়ে ওয়ান ওয়ে করে দিচ্ছেন, আপনি মেনটেন করতে পারছেন না, আপনার কাছে আমরা নূতন রাস্তা চাইনা। কংগ্রেস আমলে, ২০ বছর আগে যে রাস্তাগুলি তৈরি করা হয়েছিল সেগুলি আপনি দয়া করে রিপেয়ার করুন। এই রিপেয়ার না করার জন্য বাস চলাচল প্রায় বন্ধ হয়ে যাচ্ছে। অনেক বাসওয়ালারা বলছে, আমরা স্ট্রাইক করব। যদি রাস্তা-ঘাট ভাল না হয় তাহলে আমরা বাস চালাতে পারব না। ন্যাশনাল হাইওয়ের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন, সেগুলিও আপনি রক্ষণাবেক্ষণ করতে পারছেন না। রাজ্য সরকারের যেগুলি স্টেট হাইওয়ে আছে, সেই রাস্তাগুলিরও কোনও কাজ করতে পারছেন না। আজকে এইরকম একটা অবস্থা হয়ে আছে। আজকে গ্রামের রাস্তাগুলির অবস্থা আরও খারাপ। সেখানে বাস চলতে পারছেনা, সাইকেল রিক্সা চলতে পারছে না, এইরকম অবস্থার মধ্যে মানুষকে কাজ করতে হচ্ছে। আপনি যে টাকা পাচ্ছেন সেই টাকা কর্মচারিদের মাইনা দিতেই চলে যাচ্ছে। আজকে আপনি বলুন যে আপনি টাকা পাচ্ছেন না। অর্থ দপ্তর তার দায়িত্ব না পালন করার জন্য আপনি টাকা পাচ্ছেন, এটা বলুন? আজকে অর্থমন্ত্রী পুলিশ বাজেটে টাকা দিচ্ছেন। জ্যোতিবাবুর যে দপ্তরগুলি আছে সেখান থেকে কিছু কাটার ক্ষমতা তার নেই। আর আপনার দপ্তরকে তিনি টাকা দিতে পারেন না। আজকে রাস্তাগুলির এমন অবস্থা হয়েছে যে অ্যাম্বুলেন্সে করে একটা রুগিকে হাসপাতালে নিয়ে যাওয়া যায়না। আমি ফ্রন্টের বিরুদ্ধে কিছু বলতে চাইনা। কিন্তু ফ্রন্টের একটা শরিক দল, কমিউনিস্ট পার্টি, আর একটা শরিক দলের প্রতি যেভাবে বিমাতৃসুলভ আচরণ করছেন তাতে রাজ্যের সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেজন্য আমি এর প্রতিবাদ করছি। আপনাদের ঐক্য থাকুক, তাতে আমাদের কিছু যায় আসে না। আপনাদের প্রেম আরও ঘনিষ্ট হোক তাতে আমাদের কিছু বলার নেই। কিন্তু রাজ্যের সাধারণ মানুষ যেখানে ক্ষতিগ্রস্ত হচ্ছে সেখানেই আমাদের প্রতিবাদ। সেজন্য আপনি যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, সেটা পেশ করার কোনও নৈতিক অধিকার আপনার নেই। কারণ যে কথা আগেও বলেছেন, যেকথা এখন বলছেন, সেকথা আগামী দিনেও বলবেন। সুতরাং একই কথা বলার জন্য বেশি টাকা দেবার প্রয়োজনীয়তা নেই। সেইজন্য আপনার এই ব্যয়-বরাদ্দকে বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশনগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবাংলার পূর্ত এবং সড়ক দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আজকে বিরোধী দলের সমস্ত বক্তার বক্তব্য দীর্ঘক্ষণ ধরে অনুধাবন করলাম। আমার মনে হয় তাদের কোনও নৈতিক দায় দায়িত্ব নেই। আসলে জন জামাই ভাগনা, আসেন যান কাঁসি বাজান। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো কি করেছিলেন আপনারা,

কি করে রেখে গিয়েছিলেন আপনারা? আগে গ্রামাঞ্চলের রাস্তাগুলো বর্ষার সময় যা হত তাতে গরুর গাড়ির চাকা ডুবে যেত। গরুর গাড়ির চাকায় যে হাঁড়ি থাকে সেই হাঁড়িগুলো পর্যন্ত ডুবে যেত। সেই গরুর গাড়ি আজকে সেই রাস্তা দিয়ে গড় গড় যাচ্ছে। আপনারা সমালোচনা করছেন? আপনারা মানুষকে বিভ্রান্ত করছেন, হাউসকে বিভ্রান্ত করছেন। পশ্চিমবাংলার প্রতি আপনাদের কোনও দায়-দায়িত্ব নেই? আপনারা পশ্চিমবাংলার মাটিতে জন্মগ্রহণ করেছেন, পশ্চিমবাংলার জল-বায়ুতে মানুষ আপনাদের পশ্চিমবাংলার প্রতি দায়-দায়িত্ব নেই? আসলে আপনারা তো জন জামাই ভাগনা। আগে হাইওয়ে যেভাবে তৈরি হয়েছিল তার উপর দিয়ে বড় বড় গাড়ি যাওয়ার ফলে রাস্তা পটলের মতো হয়ে গিয়েছিল। আমরা সেই রাস্তকে ঠিক করেছি। আপনাদের আমলে যে টাকা রাস্তা তৈরি করার জন্য লাগত এখন তার চেয়ে অনেক বেশি টাকা লাগছে। আগে এক কিলোমিটার রাস্তা তৈরি করতে লাগত ১ লক্ষ টাকা, এখন সেখানে লাগছে ১২-১৩ লক্ষ টাকা। আসি যাই খাজনা জানিনা, খুব মজা। দূর্গাপুর রোড করবেন বলছেন, গ্রামে চাষিদের কাছ থেকে জমি দখল করলেন। তারপর সেইসব পড়ে রইল, সাধের বৃন্দাবন ছেড়ে চলে গেল কানু। আপনারা পাপ করে গিয়েছিলেন সেই পাপের বোঝা আমাদের মাথায় বহন করে নিয়ে যেতে হচ্ছে। পশ্চিমবাংলায় যা ছিল তার আমরা পরিবর্তন ঘটিয়েছি। তাই আপনাদের গায়ের জ্বালা। আপনারা ওই কোটনাগিরি করাটা একটু বন্ধ করুন। বুড়ির স্বামী চলে গেল তো বিধবা হল, তারপর কোটনাগিরি আরম্ভ হল। দেশের টাকা গুলি সব চলে যাচ্ছে। বোফোর্স কেলেঙ্কারি হলো, সেয়ার কেলেঙ্কারি হল, নিজে অশ্বথামা হত ইতি গজ করে বসে আছে। কেন্দ্র নিজে টাকা দিচ্ছে না, পশ্চিমবাংলা আন্দোলন করে আপনাদের কান মুলে টাকা আদায় করে নিচ্ছে এবং এইভাবে আদায় করে পশ্চিমবাংলা এগিয়ে যাবে। এরজন্য ওদের গায়ে জ্বালা ধরবেই। আপনাদের কোনও কথা বলার রাস্তা নেই। আপনারা টাকা দেবেন না আমরা জানি। আপনারা কথা দিয়ে টাকা দেন নি। আমরা সেইজন্য বাজেট দু-রকম করেছি। টাকা পেলে এটা করবো, টাকা না পেলে সেটা করব না। আমাদের নিজেদের মুরদে যা টাকা আদায় করতে পারব সেইভাবে আমরা ধাপে ধাপে এগোচ্ছি। সেইজন্য কোথাও কোথাও আমরা পিচের রাস্তা করছি, কোথাও কোথাও লাল মাটির রাস্তা করছি। রাস্তা যাইহোক মানুষের যাওয়া নিয়ে ব্যাপার। গরুর গাড়ির চাকা আমরা আর মাটিতে তলিয়ে যেতে দেব না।

[5-10 — 5-20 p.m.]

আপনারা কি চাচ্ছেন? সোনার ডিম একটা একটা করে নেব না, ছুরি চালিয়ে সমস্ত ডিম নেব। আমরা ধাপে ধাপে এগোচ্ছি। আমাদের মানুষের যে চাহিদা আছে, সেই চাহিদা পূরণ করবার ক্ষমতা আমাদের নেই। কারণ আমাদের অর্থ সীমিত। আপনারা কোটনাগিরি করে বলছেন, মাল ছেড়না, ধরে রাখ। আর ক'দিন চলবে এই দালালি? আমাদের কিছু ত্রুটি নেই, এই কথা বলছি না। নিশ্চয়ই আছে। তবে আপনারা কিছু কিছু সমালোচনা করেছেন, তা থেকে আমরা নিশ্চয়ই শিক্ষা নিয়েছি। নিইনি, তা নয়। কিন্তু দায়িত্ব আপনাদের। যে রোগ আপনারা ধরিয়ে গেছেন — টি.বি. রোগ সেই রোগ ছড়াবে না। আমাদের হাতে যখন পড়েছে তখন পোকাও মরবে, আর টি.বি.ও সারবে। আমরা দেখছি যে অনেক জায়গায় রাস্তা দখল হয়ে গেছে। কোথাও শনি মন্দির হয়েছে। জনসংখ্যা বেড়েছে। আজকে রাস্তায় অ্যাক্সিডেন্ট

হচ্ছে। আমরা চেষ্টা করছি, মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন যাতে রাস্তাগুলোকে পুনরুদ্ধার করা যায়, রাস্তাগুলোকে চওড়া করা যায়, ঘুমটিগুলোকে সরানো যায়। অনেক রাস্তায় জল নিকাশি হয় না, রাস্তার পাশের বাড়িগুলোর জল রাস্তায় এসে পড়ছে। বাড়ির জমি উঁচু হয়েছে আর রাস্তা হয়ে গেছে নিচু। সেগুলোকে পঞ্চায়েতের মাধ্যমে, জেলা পরিষদের মাধ্যমে আলোচনা করে যাতে ড্রেন হয় এবং জল বার করে দেওয়া যায় তারজন্য মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন। আজকের দিনে বহু জায়গায়। দেখা যাচ্ছে যে, আপনারা জুয়াচুরি করে রেকর্ড করে রেখেছেন। সরকারি রাস্তা, পি.ডব্লু.ডি.র রাস্তা কায়দা করে রেকর্ড করে রেখেছেন। গাছগুলো পর্যন্ত সরকারকে ফাঁকি দেবার উদ্দেশ্যে বেআইনি ভাবে রেকর্ড করে রেখেছেন। সেগুলোকে ধরবার চেষ্টা করা হচ্ছে। টাকা ছাড়া এই ডিপার্টমেন্ট চলতে পারে না এটা ঠিক। কিন্তু আজকের দিনে যে অবস্থা, যে পরিস্থিতি, মানুষের জীবন যাপনের পক্ষে যেগুলো আছে সেগুলোকে দেখা দরকার। হাইওয়ে যেগুলো আছে আমি জি.টি. রোডের পাশে বাস করি, জি.টি. রোড দিয়ে যাতায়াত করি, আমি বিশেষ ভাবে জানি যেমন, গ্রান্ড ট্রাঙ্ক রোড, এর নাম হয়েছে মরণ রোড, রোজ লোক মরছে। রাস্তা আজকে ছোট হয়ে গেছে। রাস্তাটি হয়েছে উঁচু নিচু, মেরামতি হয়না। কেন্দ্রীয় সরকারের যে টাকা দেবার কথা, খরচ করার কথা তা তারা খরচ করেন না। এই অবস্থায়, আমাদের রাজ্য সরকারের যেটুকু আছে, সীমিত ক্ষমতা যেটুকু আছে, যে অর্থ আমাদের আছে তা দিয়ে আমরা এগিয়ে চলব। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, হাসপাতাল যেগুলো আছে, সেখানে সরকারি বিল্ডিং যেগুলো আছে তা রক্ষা করবার জন্য আপনি দায়িত্ব নিয়েছেন, সেগুলোকে যাতে মেরামতি করা হয় তারজন্য আপনি চেষ্টা করবেন। সেই সাথে সাথে রাস্তাঘাট যেগুলো আছে আমাদের টাকা নেই ঠিকই, কিন্তু আপনি কঠিন দায়িত্ব নিয়েছেন, যে টাকা আছে তা দিয়ে নিষ্ঠার সঙ্গে আপনাকে দায়িত্ব পালন করতে হবে। সরকারি কর্মচারিরা অনুভব করুন যে তারা এই দেশের নাগরিক। তারা যেন যত্ন সহকারে কাজ করেন। এইটুকু বলে, এই বাজেটকে সমর্থন করে আপনারা সমালোচনা করেছেন, শুধুই সমালোচনা করেছেন, কোনও গঠনমূলক কথাবার্তা নেই আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ সময় ধরে বিরোধী দলের এবং সরকার পক্ষের বন্ধুদের বক্তব্য আমি শুনছি। আমি আশা করেছিলাম বিরোধী দলের বক্তারা তাদের পূর্ত দপ্তরের বাজেট বক্তৃতা রাখার ক্ষেত্রে কিছুটা গঠনমূলক প্রস্তাব রাখবেন কিন্তু দুঃখের বিষয় যে আমরা আমাদের বাজেট বক্তৃতায় যেকথা বলেছি সেটা ভালোভাবে বিরোধী দলের বন্ধুরা অনুধাবন করতে পারেন নি। আমি প্রথমেই আমার বাজেট বক্তৃতায় যেকথা বলবার চেষ্টা করেছি সেটা হচ্ছে যে আজকে বিভিন্ন জেলায় রাস্তাঘাট, সেতু তৈরির ক্ষেত্রে যে সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যা সমাধানের জন্য প্রতিটি জেলায় পূর্ত দপ্তর সেখানে কি চিন্তা ভাবনা করছেন এবং সেক্ষেত্রে কি দায়িত্ব পালন করছেন এবং তারজন্য কি কর্মসূচি নিয়েছেন ও কর্মসূচি নিয়ে কিভাবে এগোবার চেষ্টা করছেন সেটা আমি আমার বাজেট বক্তৃতায় রেখেছি। আসলে ধৈর্য ধরে বক্তব্যগুলো পড়েন নি। যদি পড়তেন তাহলে দেখতেন প্রতিটি জেলায় রাস্তা অথবা সেতু গড়ার ক্ষেত্রে সরকারি পরিকল্পনা যেটা পূর্ত দপ্তরের আওতায় এসেছে তার বিশদ বিবরণ আমার বাজেট বক্তৃতার মধ্যে আছে। দুর্গাপুর এক্সপ্রেস

হাইওয়ে যেটি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সহযোগিতায় তৈরি হবে সেটি পানাগড় থেকে মৌরিগ্রাম পর্যন্ত একটি রাস্তা তৈরি হবে এবং সেখানে ফোর লেন্ড রোড তৈরি হবে। একটা বাস্তব ধরনের রাস্তা, এরজন্য খরচ হবে ২০০ কোটি টাকা। আমি এই ব্যাপারে আশ্চর্য হয়ে গেলাম যে এই প্রোজেক্টটা সম্বন্ধে বিরোধী দলের বন্ধুরা একটি কথাও বললেন না। রাজ্য সরকারের এই পরিকল্পনার কথা তারা কোনও আলোকপাতও করলেন না। আপনারা জানেন নিশ্চয় কিছু লোক আছে তারা যখন কোনও খুঁতই পান না তখন বলেন যে নাচছে তার কোমর বাঁকা। সুতরাং বিরোধী দলের অবস্থা আজকে তাই হয়েছে। মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় বঙ্গভবনের ব্যাপারে খুব গুরুত্ব দিয়েছেন। আমরা বিধানসভার পি.এ. কমিটিতে আছি তাতে বিরোধী দলের নেতারাও সেই কমিটিতে প্রাধান্য পেয়ে থাকেন। সুব্রতবাবু নিজেও সেই কমিটিতে চেয়ারম্যান ছিলেন এবং এরসাথে যুক্ত, আমি খুশি হব যদি তিনি এই ব্যাপারে কিছু বলেন। কিন্তু এখনো পর্যন্ত সেই ব্যাপারে রাজ্য সরকারের কোনও ত্রুটি পায়নি। দ্বিতীয় জিনিস হচ্ছে আমরা বলেছি যে বঙ্গভবন তৈরির ব্যাপারে কোনও আইনগত ত্রুটি নেই। আমি এই ব্যাপারে বুঝিয়ে দিচ্ছি এবং এই নিয়ে প্রশ্ন আসতে পারে এবং বিরোধী দলের থেকেও কথা উঠেছে এবং কয়েকদিন আগে খবরের কাগজে একটি কথা বেরিয়েছে যে বঙ্গভবনের ক্ষেত্রে আমরা নাকি বাড়তি খরচ করেছি। আমি দায়িত্ব নিয়ে বলছি যে, বাড়তি খরচ হয়নি কখনোই। এটা তৈরির ব্যাপারে স্বনামধন্য প্রতিষ্ঠান ভোল্টাজ সেখানে টেন্ডার পার্টিসিপেট ছিল। সমস্ত কিছু বিবেচনা করেই ভোল্টাজকে দেওয়া হবে কিনা সেটা গোটা মন্ত্রী সভার সঙ্গে আলোচনা হওয়ার পরেই রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে। সেক্ষেত্রে কোনওরকম আমাদের রাজ্য সরকারের ত্রুটি আছে বলে মনে করিনা এবং মুখ্যমন্ত্রী কোনওভাবেই জড়িত নন। গোটা মন্ত্রিসভার আলোচনার ভিত্তিতেই সেই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কংগ্রেস দলের একজন বন্ধু, মাননীয় সদস্য তিনি উল্লেখ করেছেন যে রোলার কেনার ব্যাপারে রাজ্য সরকার থেকে বিশেষ একটি শিল্পগোষ্ঠীকে প্রাধান্য দেওয়া হয়েছে। আমি প্রথমেই বলে রাখি যে ওরা যে ব্যক্তির নাম মাঝে মাঝে উল্লেখ করেন, যাকে ওরা সবচেয়ে বড় বন্ধু বলে এখন মনে করেন সেই ব্যক্তি যখন পূর্ত দপ্তরের সাথে যুক্ত ছিলেন সেই লোকের আমলে যদি বিড়লাদের সাথে লেনদেন হয়ে থাকে সেটা হয়েছে। সেইজন্যই সেই বন্ধুর নাম বলেন যে ঐ ব্যক্তি পূর্ত দপ্তরের কাজ খুব ভাল করে চালাতেন। দ্বিতীয়ত আমি বলছি, আমাদের রাজ্য সরকারের যে নিজস্ব প্রতিষ্ঠান ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, সেই কোম্পানি থেকে আমরা রোলার কিনি। রাজ্য সরকারের প্রতিষ্ঠানগুলিকে অর্থনৈতিক দিক থেকে এবং অন্যান্য দিক থেকে যাতে আরও সুযোগ সুবিধা দেওয়া যায় সেই চিন্তাধারা নিয়ে আমরা কাজ করছি। কংগ্রেসের বন্ধুরা বলেছেন যে পূর্ত দপ্তরের টাকা নেই, পূর্ত দপ্তর কাজ করতে পারে না, এই পূর্ত দপ্তর পঙ্গু হয়ে গিয়েছে। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি যেটা বলতে চাই তা আমি মাননীয় সুব্রতবাবু, সুদীপবাবু এবং মান্নান সাহেবকে একটু ভালভাবে বিবেচনা করে দেখতে অনুরোধ করব। ন্যাশনাল হাইওয়ের ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করি। আলোচনার ভিত্তিতে তারা আমাদের বলেন যে, আপনাদের যা টাকার প্রয়োজন সেই টাকার দাবিটা আপনারা পেশ করে দিন। আমরা বর্তমান আর্থিক বছরে সেই টাকার দাবি পেশ করেছিলাম। আমি অল্প কথায় প্রসঙ্গটা শেষ করে দিচ্ছি। এ ক্ষেত্রে মধ্যপ্রদেশ দাবি করেছিলেন ২৫ কোটি ৭০ লক্ষ টাকা, তারা পেলেন ১৮ কোটি ৭০ লক্ষ টাকা অর্থাৎ শতকরা ৭১ ভাগ।

পশ্চিমবঙ্গ দাবি করেছিলেন ৩০ কোটি ৩৫ লক্ষ টাকা, কেন্দ্রীয় সরকার দিলেন ৯ কোটি টাকা। পারসেনটেজের হিসাবে পশ্চিমবঙ্গের অংশ হচ্ছে ২৯ পারসেন্ট। দিল্লি দাবি করেছিলেন ৫ কোটি ৫৬ লক্ষ টাকা, দিল্লি পেলেন ৬ কোটি ৫০ লক্ষ টাকা। উত্তরপ্রদেশ দাবি করেছিলাম ৫৫ কোটি ৪৬ লক্ষ টাকা, তারা পেলেন ৪৩ কোটি টাকা, পারসেনটেজের হিসাবে তারা পেলেন ৭৭ পারসেন্ট। গুজরাট দাবি করেছিলেন ৭৬ কোটি ৯০ লক্ষ টাকা, তারা পেলেন ৩৬ কোটি টাকা, পারসেনটেজের হিসাবে ৪৬ পারসেন্ট। বিহার দাবি করেছিলেন ৩১ কোটি টাকা, তারা পেলেন ১২ কোটি ৫০ লক্ষ টাকা, ৩৯ পারসেন্ট। সর্বভারতীয় স্তরে পশ্চিমবঙ্গের অংশ হচ্ছে সবচেয়ে কম।

[5-30 — 5-40 p.m.]

আমি এই ব্যাপারে চিঠি দিয়েছিলাম, আমি চিঠি দেবার পর আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় স্থল ও পরিবহন মন্ত্রীকে চিঠি দিয়েছিলেন ১৮ই সেপ্টেম্বর, পশ্চিমবঙ্গের প্রতি যে অবিচার করা হয়েছে, আপনারা তার ব্যবস্থা করুন। আমি তারপর আল্টিমেটাম দিয়ে চিঠি দিলাম, কেন্দ্রীয় সরকারের অধীনে যে জাতীয় সড়ক পশ্চিমবঙ্গে রয়েছে, তার মেন্টিনেন্সের দায়িত্ব তা নেব কি না সেটা চিন্তা করতে হবে। তারপর ওরা বললেন আমাদের ভুল হয়ে গেছে, কিন্তু ভুল শোধরাবার কোনও উপায় নেই। আমরা অন্য রাজ্যকে সব দিয়ে দিয়েছি, সব রাজ্য আমাদের জানিয়ে দিয়েছে যে তারা সব টাকা খরচ করে ফেলেছে। সুতরাং আপনাদের আমরা দু কোটি টাকার বেশি দিতে পারব না। আমি চিঠির নম্বর বলে দিচ্ছি ডি.ও. নং ২১১ - সি.এম. তারিখ ১১/৮/৯১-৯২। আমি বিধানসভায় যা বলে দেবার বলে দিয়েছি। অতএব আজকে আমার বক্তব্য হচ্ছে দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের ব্যাপারে হাউসকে জানাচ্ছি, দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের অর্থ বরাদ্দের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। ওরা আমাদের চিঠি দিয়েছে, আমাদের আর্থিক অবস্থা এমন জায়গায় এসে দাঁড়িয়েছে, ৩১শে ডিসেম্বরের পর দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের জন্য কোনও আর্থিক দায়িত্ব কেন্দ্রীয় সরকার আর বহন করতে পারবে না। আপনারা চিন্তা করুন পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকারের মনোভাব কি? আমাদের কাছে আরও দুর্ভাগ্য জনক খবর হচ্ছে বিবেকানন্দ ব্রিজের ব্যাপারে কেন্দ্রীয় সরকার তদন্ত করে বলেছিলেন যে রেল দপ্তরের মাধ্যমে যে এই সেতু সারাই করার জন্য সবকার যে পরিকল্পনা নিয়েছেন, তাতে আমরা সর্বতো ভাবে সহায়তা করবো, ১২ কোটি টাকার মতো টাকা আমরা দেব। বর্তমান আর্থিক বছরে যতে ৯ কোটি টাকা অন্ততঃ পাওয়া যায় তারজন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করবেন। আমাদের দিলেন কত, তারা ফাইন্যালি আমাদের জানিয়ে দিলেন বর্তমান আর্থিক বছরে এক কোটি টাকার বেশি পাওয়া যাবে না। দ্বিতীয় বিবেকানন্দ সেতু আমাদের কি বলা হল, প্রজেক্ট রিপোর্ট তৈরি করতে বলা হল, আমরা প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে পাঠালাম, তারা সেটা গ্রহণ করলেন, কিন্তু পরবর্তীকালে জানালেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের যে স্কীম আছে তাতে আর্থিক সহায়তা পাওয়া যাবে না। তাতে দ্বিতীয় বিবেকানন্দ সেতুকে স্থান দেওয়া যাচ্ছে না। অন্য রাজ্যকে দিয়ে দিয়েছে, এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকারের মনোভাব। রাজ্য সরকারের আর্থিক সঙ্কট আছে, পূর্ত দপ্তরেও আছে, আমার বলার দরকার নেই, বিরোধী দলের বন্ধুরা সাবজেক্ট কমিটিতে যারা আছেন, আমাদের বিধানসভার সদস্যরা সাবজেক্ট কমিটির রিপোর্ট সেটা পেয়েছেন, যারা সেটা পড়েছেন, তারা

জানেন সেই রিপোর্ট তারা বলেছেন পূর্ত দপ্তরে যে পরিমাণ অর্থ পাওয়া উচিত, রাজ্যের আর্থিক অনটনের জন্য, সেই অর্থ পাচ্ছে না, তা সত্ত্বেও তারা সুপারিশ করেছেন পূর্ত দপ্তর যাতে আরও বেশি টাকা পায় সেদিকে থেকে অর্থ দপ্তরকে দৃষ্টি দিতে হবে। আমাদের কিছু দেবেন না, আর সুব্রত বাবুরা, সুদীপ বাবুরা শুধু কিল মারার গোঁসাই হবেন, এটা চলতে পারে না। আমি পরিষ্কারভাবে বলতে চাই যে, আমাদের আর্থিক অনটন আছে। প্রতি মুহূর্তে রাজ্য সরকারের ব্যয় বাড়ছে। কর্মচারিদের বেতন, ভাতা দিতে আমাদের ব্যয় বাড়ছে। এটা স্বীকার করেই আমরা রাজ্যের উন্নয়নমূলক কাজকে অব্যাহত রাখছি। নওদার বিধায়ক বললেন, মোথা গাছ যতই কাটা হোক তার গ্যাঁজ গজাবেই। আমি তার কথার অন্তর্নিহিত অর্থ উপলব্ধি করেছি। তিনি বলতে চাইলেন গ্যাঁজ আমরা নির্মূল করতে পারি নি। মোথা গাছের গ্যাঁজ থেকে যায়, গাছ কেটে নেবার পরে আবার তা গজিয়ে ওঠে। কংগ্রেস আমলে এ রাজ্যে ওরা যে দুর্নীতি সৃষ্টি করে গেছেন — আমি পশ্চিমবঙ্গ বিধানসভায় দাঁড়িয়ে বলছি, নদীয়া জেলার সদস্য শ্রী অজয় দে এখানে উপস্থিত আছেন, একমাত্র নদীয়া জেলাতেই আমাদের কন্ট্রাক্টররা আমাদের পূর্ত দপ্তরের অফিসারদের কাছে অভিযোগ করেছেন তারা সরকারি নিয়ম অনুযায়ী কাজ করতে পারছেন না। আমরা প্রতি বছরই রাস্তা তৈরি করার ক্ষেত্রে এই অভিযোগ পাচ্ছি। সেখানে শর্মা এবং সিং কোম্পানি অত্যাচার করছে। এমন কি তারা আমাদের অফিসারদের রিভলবার দেখিয়ে বলছে, 'এই এই কন্ট্রাক্টরকে কনট্রাক্ট দিতে হবে, তানাহলে আপনাদের বাড়ি, গাড়ি জ্বলবে।' মুখ্যমন্ত্রীর সঙ্গে আমরা এবিষয়ে আলোচনা করেছি। শর্মা অ্যান্ড সিং কোম্পানির অত্যাচার আগামী দিনে আমরা বন্ধ করবই। আমরা সিদ্ধান্ত নিয়েছি, টপ প্রায়রিটি দিয়ে নদীয়া জেলায় রাস্তা তৈরির কাজ হবে। শর্মা অ্যান্ড সিং কোম্পানি কাদের সমর্থনে এসব করে, কারা তাদের মদত দেয়, সেসব আমরা জানি। ওরা তো কিছুদিন আগেও জেলে ছিল। মজার ব্যাপার ওদের সমর্থন দেওয়ার জন্য ১৭ কুইন্টাল মাংসের ভোজ হল, কোথা থেকে টাকা পেলেন? সেজন্য আমার বক্তব্য হচ্ছে, মাননীয় বিধায়ক বন্ধু নাসিরুদ্দিন সাহেবকে আমি বলছি গত বছরও বিধানসভার বাজেট অধিবেশনের সময় আমি এখানে দাঁড়িয়ে বলেছিলাম কোনও বিধায়কের কাছে যদি কোনও দুর্নীতির প্রমাণ থাকে, অভিযোগ থাকে তাহলে তা তিনি আমাকে ব্যক্তিগতভাবে লিখে জানাবেন আমি পূর্ণাঙ্গ তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করব। বামফ্রন্টের পুরুলিয়া জেলার একজন বিধায়ক আমার কাছে এবং মুখ্যমন্ত্রীর কাছে একটা চিঠি দিয়ে একটা দুর্নীতির ঘটনাই শুধু এখন পর্যন্ত জানিয়েছেন। বিগত এক বছরে বিরোধী দলের একজন সদস্যও একটিও দুর্নীতির নালিশ আমার কাছে করেন নি। আজকে বাজেট অধিবেশনে এসে নানা কথা বলছেন। সেজন্য আমি আবার বলছি, যদি কোনও সদস্যের কারো বিরুদ্ধে কোনও দুর্নীতির অভিযোগ থাকে তাহলে তিনি তা লিখিতভাবে আমাকে জানাবেন, আমি তার পূর্ণাঙ্গ তদন্ত করতে প্রস্তুত আছি এবং এই হাউসের সামনে তদন্তের ফল জানাতেও প্রস্তুত আছি। আমি মন্ত্রী হিসাবে এই কথা বলতে চাই যে, পূর্ত দপ্তরের দুর্নীতি যাতে নিবারণ করা যায় তারজন্য আমরা বিগত এক বছরে ১০ জন অফিসার এবং কর্মচারীর বিরুদ্ধে যেখানে যেখানে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার ছিল, সেখানে সেখানে আমরা তা গ্রহণ করেছি। আগামী দিনে তাদের চূড়ান্ত বিচার হবে। তারপর আমার একজন কংগ্রেসি বন্ধু বললেন, ন্যাশনাল হাইওয়ের দু-পাশে যে পুরোনো গাছগুলো আছে সেই গাছগুলো রাত্রির অন্ধকারে কেটে নিয়ে যাওয়া হচ্ছে, সেই

গাছ গুলোর দাম হচ্ছে লক্ষ লক্ষ টাকা। যেগুলির দাম হচ্ছে লক্ষ টাকা। ঘটনাতে জানা গেল তার সাথে কারা জড়িত, মাননীয় বিরোধী দলের বন্ধুদের দল, তারা সেই কাজের সাথে যুক্ত। এখানে বাম্পের কথা তুলেছেন। ন্যাশনাল হাইওয়েতে আইনগত ভাবে কেন্দ্রীয় সরকারের নির্দেশ কোনও বাম্প করা যাবে না, আমরা বাম্পের বিরুদ্ধে। বিরোধী দলের সঙ্গে যুক্ত বিশেষ বিশেষ শ্রেণীর লোক তারা রাতারাতি বাম্প করে যাতে রাতের অন্ধকারে সেখানে সমাজ বিরোধী কাজ করা যায় তারজন্য চেষ্টা করেন। আমরা তাই বাম্পগুলিকে ভেঙে দিতে চাই, আমি সেই কারণেই আজকে বাম্পের ব্যাপারে যে সমস্ত কথা বলা হয়েছে তাতে এটাই বোঝাতে চাওয়া হয়েছে যে আমরা রাস্তায় কোনও বাম্প রাখব না, আজকে মাননীয় বিরোধী দলের বন্ধুরা রাস্তার ক্ষেত্রে যে কথাগুলি বলেছেন তার পরিপ্রেক্ষিতে এই কথা বলছি যে এটা আমাদের নীতি। সুতরাং রাস্তা তৈরি করার ক্ষেত্রে আমার বাজেট বক্তব্যে আমি সেটা পরিষ্কার ভাবে পরিষ্কার করে দিয়েছি। এটাই হচ্ছে আমাদের উদ্দেশ্য, লক্ষ্য আমরা এক বছরের করব। মাননীয় সদস্য বন্ধু মান্নান সাহেব বলেছেন আমার গত বছরের বক্তব্যের সঙ্গে এ বছরের বক্তব্যের না কি কোনও মিল নেই। গত বছরে অজয় নদীর উপরে সেতু নির্মাণের কথা বলেছি। ২৬ তারিখে আপনি অন্তত উপস্থিত থাকবেন, অজয় নদীর উপর আমরা যে সেতু নির্মাণ করেছি তার শিলান্যাস আগামী ২৬ তারিখে করব। সেই অজয় নদী.....

(এ ভয়েস ঃ- অজয় মুখার্জি মহাশয়ের মূর্তির কথা বলুন।)

[5-40 — 5-50 p.m.]

সে কথাও বলেছি, দুটি কথাই বলেছি। সেজন্য আমি বলছি মাননীয় অজয় মুখার্জির স্ট্যাচুর ব্যাপারেও জবাব দেব। আমার অনুরোধ হচ্ছে আমি বাজেট বক্তব্যে বিগত বছরে যে কথা বলেছিলাম সেটা হল প্রথম বছরে তেমন অগ্রগতি হয়নি। এবারে মাননীয় অজয় মুখার্জির ব্যাপারে বক্তব্যটা তুলে ধরছি। পশ্চিমবঙ্গের প্রয়াত মুখ্যমন্ত্রী মাননীয় অজয় মুখার্জির ১২ ফুট একটা পূর্ণাঙ্গ মূর্তি তৈরি করে এবং সেটা কলকাতায় স্থাপন করার প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে, এই কাজের জন্য ভাস্করও নিয়োগ করা হয়েছে। আমরা আপনাদের কাছে বলছি, লক্ষ্য করলে ফারাকটা বুঝতে পারবেন সেটা হচ্ছে যে আমরা ভাস্কর নির্বাচন করে বাজেট অর্ডার দিয়েছি, ওখানে পরিস্কার লেখা আছে যে, ভাস্কর নির্বাচন করা হয়েছে। ভাস্কর নির্বাচিত হয় ক্লে মডেল পাওয়ার পরে, আমরা পরিষ্কার সে কথা বলেছি, সেজন্য আমি আপনাদের কাছে বলছি গত বছরেও বলেছিলাম আমাদের সে ক্ষেত্রে অগ্রগতি হয়েছে এবং মাননীয় অজয় মুখার্জি তো ওনাদের দল থেকে তাড়িয়ে দিয়েছিলেন, আজকে কেন তার প্রতি এত আগ্রহ দেখাচ্ছেন? অজয় মুখার্জি মহাশয় নির্বংশ করার প্রস্তাব নিয়েছিলেন, কংগ্রেস যাতে আর পশ্চিমবঙ্গে না আসতে পারে তিনি সে ব্যবস্থা করতে চেয়েছিলেন, তবে হঠাৎ আজ কেন তার জন্য কুম্ভীরাশ্রু ফেলছেন, ওতে কোনও কাজ হবে না। আমরা বামফ্রন্ট সরকার জাতীয় নেতাদের প্রতি সম্মান জানাতে জানি। জাতীয় নেতার মূর্তি প্রতিষ্ঠা করার ক্ষেত্রে ওরা তো ডাঃ বিধানচন্দ্র রায়কে পশ্চিমবঙ্গের রূপকার বলেন কিন্তু বিধানচন্দ্র রায়ের কোনও মূর্তিই তো ওরা করেন নি, সেটাতো আমরাই করেছি। তারপর মাননীয়া ইন্দিরা গান্ধীর মূর্তি তৈরির ব্যাপারে শুনলে আপনারাই হাসবেন। বিধানসভায় সিদ্ধান্ত হয়েছিল যিনি বিরোধী দলের নেতা থাকবেন সেই মাননীয় সদস্যই গিয়ে মাননীয় ইন্দিরা গান্ধীর মূর্তি

তৈরির ব্যাপারটা ঠিক করে আসবেন। আপনারা জানেন, এই বিধানসভায় সিদ্ধান্ত হয়েছিল, শ্রী সত্যরঞ্জন বাপুলি যিনি কংগ্রেসের ডেপুটি লিডার ছিলেন তিনি ইন্দিরা গান্ধীর মূর্তি দেখে আমাদের জানিয়ে দেবেন। তিনি দেখে বলেও দিয়েছিলেন হ্যাঁ, মূর্তির কাজ ঠিকভাবেই চলছে। কিন্তু ডাঃ জয়নাল আবেদিন যখন লিডার অফ দি অপোজিশন হলেন তখন তিনি বললেন 'সত্যরঞ্জন বাপুলি কে? আমরা না দেখলে সেটা ফাইনাল হবে না।' এরজন্য কয়েক মাস দেরি হয়ে গেছে এবং সেই দেরি করবার ফলে ইন্দিরা গান্ধীর মূর্তি আজকে যে অবস্থায় আছে সেটা হত না। তবুও আমরা আশা করছি, তার মূর্তি সময়সীমার মধ্যেই তৈরি করতে পারবো। সুদীপ ব্যানার্জি ঠিক কথাই বলেছেন যে, রাজীব গান্ধীর মূর্তির কি হল? সুদীপবাবু জানেন, এক্ষেত্রে পদ্ধতিটা কি। সেটা হল মূর্তির ব্যাপারে একটা প্রস্তাব সরকারের কাছে পাঠাতে হয়। কংগ্রেস দলের দৈন্যতা এমনই, বিধানসভায় বক্তৃতা দেবার সময় রাজীব গান্ধীর মূর্তি স্থাপনের ব্যাপারে প্রশ্ন তুলছেন, কিন্তু কার্যক্ষেত্রে এ-ব্যাপারে কোনও লিখিত প্রস্তাব তারা এখনও সরকারের কাছে পাঠাননি। রাজ্য সরকার এই প্রস্তাব পেলে, আমি বিধানসভায় বলছি, রাজ্য সরকার নিশ্চয়ই সেটা গুরুত্ব দিয়ে বিবেচনা করবেন এবং সে সম্বন্ধে যা ব্যবস্থা নেওয়া দরকার সেটা তারা নেবেন। আমাদের ধারণা, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত আমরা নিতে পারব।

এবারে একটি চাঞ্চল্যের ঘটনা আপনাকে জানাচ্ছি। আগস্ট বিপ্লবের নেত্রী মাতঙ্গিনী হাজরার রাজ্য সরকারের তৈরি মূর্তি মেদিনীপুর কংগ্রেস অফিসে ছিল, কিন্তু এই বিধানসভার একজন সদস্য সেই মূর্তিটি চুরি করে সেটা অন্য জায়গায় বসিয়েছেন বিধানসভার বিনা অনুমতিতে। এই ঘটনাটা শুনেছিলাম এই বিধানসভার ঐ দলেরই একজন বিধায়কের মুখে। তিনি আমাকে লিখিতভাবে চিঠি দিয়ে বলেছিলেন আপনি ঐ বিধায়কদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন। সেই কারণেই বলছি, কংগ্রেসের যে দৈন্যতা আছে সেই দৈন্যতা এর থেকেই আপনারা বুঝতে পারবেন। আমি আপনাদের কাছে বলছি, কারো মূর্তি তৈরি করবার ব্যাপারে আমাদের রাজ্য সরকারের একটা সুনির্দিষ্ট নীতি আছে। সেই নীতির ভিত্তিতে আমরা ভবিষ্যতেও চলবার চেষ্টা করবো। আমরা ভাবপ্রবণ মনোভাব নিয়ে চলি না। আমাদের এই যে চিন্তাধারা সেক্ষেত্রে এখনও আমরা ঠিক আছি। তবে আমাদের জাতীয় সড়কের উপর ইছামতী ব্রিজের ব্যাপারে একটা ত্রুটি থেকে গেছে। বনগাঁর মাননীয় বিধায়ক ঐ ব্রিজের অবস্থাটা কি সেটা আমাকে জিজ্ঞাসা করছিলেন। কেন্দ্রীয় সরকার ঐ ব্রিজের ব্যাপারে টাকার দায়িত্ব বন্ধ করতে চেয়েছিলেন, কিন্তু আমরা ঐ ব্রিজের কাজ চালিয়ে যেতে দৃঢ় প্রতিজ্ঞ। বিধানসভায় আবার ঘোষণা করছি, ঐ ব্রিজ আমরা তৈরি করব। সত্যজিৎ রায় সম্বন্ধে দুইজন বিধায়ক নির্মল দাস এবং সুদীপ ব্যানার্জি যে প্রস্তাব এনেছেন, তাদের অনুরোধ করব, লিখিতভাবে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাব আমার কাছে পাঠিয়ে দেবেন। আমাদের সরকারের নিয়ম অনুযায়ী যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা আমরা গ্রহণ করব। গোবরডাঙ্গা ব্রিজের ব্যাপারে একথা বলতে চাই যে আপনাদের আশ্রিত দুস্কৃতকারিদের নিবৃত্ত করুন, যে কাঠের সেতু আছে সেটা যেন না পুড়িয়ে দেয়। রাজ্য সরকার যতক্ষণ পর্যন্ত পাকা সেতু না করতে পারছেন, এই কাঠের সেতু দিয়ে সাধারণ মানুষ যাতায়াত করতে পারে। আপনাদের কাছে অনুরোধ যে সেই কাঠের সেতু পুড়িয়ে দেবেন না, মানুষের ক্ষতি করবেন না। আইনের দিক

থেকে আপনারাও মুক্ত নন। যদি সেটা পোড়াবার মনোবৃত্তি থাকে তাহলে সাধারণ মানুষের দুঃখ বাড়বে এবং সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভিন্ন জেলার যে সেতুর কথার উল্লেখ আছে, সেটা আমি বলেছি। এই কথা বলে কংগ্রেস দলের সমস্ত কাট মোশন এবং তার বাইরে অন্যান্য দল, এস.ইউ.সি দলের আনা কাট মোশন, সমস্ত কাট মোশনের বিরোধিতা করে, আমি যে বাজেট এখানে পেশ করেছি, সেই বাজেটকে আপনারা গ্রহণ করবেন, মঞ্জুর করবেন, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 25**

The motions of Shri Saugata Roy and Shri Jatu Lahiri that the amount of Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March 1993 that a sum of Rs.1,60,22,53,000 be granted for expenditure under Demand No.25, Major Heads: "2059—Public Works, 2202—General Education (Buildings), 2205—Art and Culture (Buildings), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 2216—Housing (Buildings), 2230—Labour and Employment (Buildings), 2235—Social Security and Welfare (Social Welfare) (Buildings), 2401—Crop Husbandry (Buildings), 2403—Animal Husbandry (Buildings), 2404— Dairy Development (Buildings), 2406— Forestry and Wild Life (Buildings), 2408—Food, Storage and Warehousing (Buildings), 2852—Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries) (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings), 4851 Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) and 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed & Sick Industries) (Buildings)."

(This is inclusive of a total sum of Rs.53,48,05,000 already voted on account in March, 1993.) was then put and agreed to.

## Demand No. 79

[5-50 — 5-53 p.m.]

**Mr. Speaker** : I now put all the cut motions to vote.

The motions of Shri Deba Prasad Sarkar and Shri Manik Bhowmick that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs.1,50,02,10,000 be granted for expenditure under Demand No.79, Major Heads : "3054-Roads and Bridges and 5054-Capital Outlay on Roads and Bridges". (This is inclusive of a total sum of Rs.50,46,00,000 already voted on account in March, 1993) was then put and agreed to.

## Adjournment

The House was accordingly adjourned at 5.53 p.m. till 11 a.m. on Monday, the 21st June, 1993. at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 21st June, 1993 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 31 Ministers, 14 Ministers of State and 247 Members.

[11-00 — 11-10 a.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### সাক্ষরতা কর্মসূচি

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮০) **শ্রী অরুণকুমার গোস্বামী :** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত "নিরক্ষরতা দূরীকরণের" কর্মসূচিতে কেন্দ্রীয় সরকারের নিকট হতে কত টাকা পাওয়া গেছে ; এবং

(খ) ঐ টাকার জেলাভিত্তিক বরাদ্দের পরিমাণ কিরূপ?

**শ্রীমতী অঞ্জু কর :**

(ক) ১৯৯৩-এর মার্চ পর্যন্ত সময়ে সাক্ষরতা অভিযানের জন্য সর্বমোট ৩,০১৯.২৭ লক্ষ টাকা পাওয়া গিয়েছে।

(খ) উক্ত টাকার জেলাভিত্তিক ভাগ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| বর্ধমান | — | ৩০০.০০ লক্ষ |
| মেদিনীপুর | — | ৫০০.০০ " |
| বাঁকুড়া | — | ২৯২.০০ " |
| বীরভূম | — | ১৫০.০০ " |
| কুচবিহার | — | ১৫০.০০ " |
| উত্তর ২৪ পরগনা | — | ৩৭২.৪৬ " |
| হুগলি | — | ২৭৭.০০ " |
| দক্ষিণ ২৪ পরগনা | — | ২৫০.০০ " |
| হাওড়া | — | ১৫০.০০ " |
| মুর্শিদাবাদ | — | ২৭৭.০০ " |

| | |
|---|---|
| নদীয়া | — ২৫০.০০ " |
| পুরুলিয়া | — ২০.০০ " |
| মালদা | — ৩০.০০ " |
| মোট | —৩০১৯.২৭ লক্ষ |

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** এই টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন। এখানে পশ্চিমবঙ্গ সরকারের কিছু খরচ আছে কি?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** পশ্চিমবঙ্গ সরকারেরও খরচ আছে। প্রোজেক্ট কস্ট যেটা হয় তার টু থার্ড কেন্দ্রীয় সরকারের এবং ওয়ান থার্ড রাজ্য সরকারের।

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** কত অর্থ, অঙ্কটা বলবেন?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মোট ৮৮৯ লক্ষ টাকা রাজ্য সরকার দিয়েছে।

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** এই যে কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছে, জেলা ভিত্তিক টাকাগুলো গিয়েছে, এই টাকা খরচের হিসাব আপনি পেয়েছেন কি?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** হ্যাঁ, টাকার হিসাব পেয়ে গিয়েছি। যেমন যেমন খরচ হচ্ছে, আমরা ইউটিলাইজেশন চেয়েছি, সেই রকম ইউটিলাইজেশন পেয়েছি। তবে সব জেলা থেকে ইউটিলাইজেশন পাইনি।

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** কোনও কোনও জেলা থেকে আপনি হিসাব পাননি?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** আপনি নির্দিষ্ট প্রশ্ন করবেন, উত্তর দিয়ে দেব।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া জানাবেন কি, নিরক্ষরতা দূরীকরণের ব্যাপারে যে টাকাটা খরচ হয়েছে তারমধ্যে পোস্ট লিটারেসি প্রোগ্রামে কত টাকা খরচ হয়েছে এবং প্রি লিটারেসি প্রোগ্রামে কত টাকা খরচ হয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় সদস্যের জানার জন্য বলছি যে এতক্ষণ ধরে যেটা বললাম। এ ছাড়া সাক্ষরতা-উত্তর কর্মসূচির জন্য কেন্দ্রীয় সরকারের যে কর্মসূচি আছে—পোস্ট লিটারেসির যে কর্মসূচি আছে সে বাবদ তাদের কাছ থেকে আমরা পেয়েছি ৬ কোটি ৪ লক্ষ টাকা এবং এ বাবদ রাজ্য সরকারের তরফ থেকে খরচ হয়েছে ১ কোটি ৯৫ লক্ষ টাকা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়ার তরফ থেকে যে তথ্য দেওয়া হল এবং এই সরকারের তরফ থেকে নিরক্ষরতা দূরীকরণের ব্যাপারে যেভাবে প্রচার করা হয় তাতে মনে হয় যে এটাতে বুঝিবা রাজ্য সরকারের মূল অবদান রয়েছে। মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে আমার যেটা জিজ্ঞাস্য সেটা হচ্ছে, যে অর্থ এরজন্য বরাদ্দ করা হয়েছে তার মেজর অংশ—তিন ভাগের দু ভাগ হচ্ছে কেন্দ্রীয় সরকারের এবং তিন ভাগের ভাগ টাকা হচ্ছে রাজ্য সরকারের এবং সেখানে আমরা দেখছি আপনার দেওয়া প্রদত্ত হিসাব অনুযায়ী যে সেটাও আপনারা খরচ করতে পারেননি। আপনারা ৮৮৯ লক্ষ টাকা খরচ করেছেন,

বাকিটা কতদিনের মধ্যে খরচ করতে পারবেন এবং খরচ না করার ক্ষেত্রে অসুবিধা বা অন্তরায়টা কি সেটা জানাবেন কি?

**শ্রীমতী অঞ্জু কর :** এই সাক্ষরতা কর্মসূচিতে রাজ্য সরকারের দেয় যে টাকা সেটা কাজের অগ্রগতি দেখে দেওয়া হয় অর্থাৎ যেমন যেমন অগ্রগতি হচ্ছে তেমন তেমন টাকা দেওয়া হচ্ছে, টাকাটা একেবারে দেওয়া হয় না। কেন্দ্রীয় সরকারও অনুরূপভাবে টাকা দেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** আমরা জানি যে কংগ্রেসের আমলে এই রাজ্যে অ্যাডাল্ট লিটারেসি প্রোগ্রাম বলে একটি প্রোগ্রাম চালু করা হয়েছিল এবং তাতে নাইট স্কুল ইত্যাদি হয়েছিল এবং সেখানে টাকার নয় ছয় হয়েছিল, কাজের কাজ কিছুই হয়নি। মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে আমার জিজ্ঞাস্য, যে টাকা বরাদ্দ করা হল এবং খরচ করা হল তাতে কতগুলি জেলা পূর্ণ সাক্ষরতা অর্জন করেছে জানাবেন কি?

**শ্রীমতী অঞ্জু কর :** এই টাকা দিয়ে এখনও পর্যন্ত ৪টি জেলা সাক্ষর হয়েছে এবং এখন পর্যন্ত মোট ৪২ লক্ষ ৮২ হাজার মানুষ সাক্ষরতা অর্জন করেছে। এ ছাড়া আরও ৫৩।। লক্ষ মানুষ সাক্ষরতা অর্জনের পথে।

**শ্রী সৌগত রায় :** মাননীয়া মন্ত্রী মহোদয়া যে দুটি হিসাব দিলেন সেটা আমার কাছে স্পষ্ট হল না। রাজীব গান্ধীর সময় ন্যাশনাল লিটারেসি মিশনের কর্মসূচি হিসাবে এতে কেন্দ্রীয় সরকার তিন ভাগের দু ভাগ টাকা দেন এবং রাজ্য সরকার এক ভাগ দেন। এই প্রকল্পটা কন্টিনিউ করছে। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ৩০ কোটি দিলে রাজ্য সরকারের ১৫ কোটি দেওয়ার কথা কিন্তু সেই টাকা রাজ্য সরকার দেননি। এই যে গ্যাপ এটা কেন হল? আর একটা জেলা সাক্ষর মানে কি সমস্ত মানুষকে সাক্ষর করা? না, কি কেন্দ্রীয় সরকারের যে নর্মস আছে ৮২ পারসেন্ট সাক্ষর হলেই হবে, সেটা? অর্থাৎ আমার দুটি প্রশ্ন—(ক) রাজ্য সরকার বাকি ৭ কোটি টাকা যেটা দেয় সেটা কেন দেননি, কবে দেবেন এবং (খ) পূর্ণ সাক্ষর মানে কি সমস্ত লোককে সাক্ষর করা?

**মিঃ স্পিকার :** আপনি একটি প্রশ্নের জবাব দিন।

[11-10 — 11-20 a.m.]

**শ্রীমতী অঞ্জু কর :** কেন্দ্রীয় সরকারের নর্মস অনুযায়ী মোট নিরক্ষরের ৮০-ভাগকে সাক্ষর করে তুলতে পারলেই নিরক্ষরতা দূরীকরণ হয়েছে বা পূর্ণ সাক্ষর হয়েছে বলা যেতে পারে। ঐ নর্মস অনুযায়ী আমরা সাক্ষরতা কর্মসূচির ফলাফল ঘোষণা করে থাকি।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :** মাননীয়া মন্ত্রী মহোদয়া, এই প্রোগ্রামে যে টাকা খরচ করা হচ্ছে তা বন্টন করার ক্ষেত্রে জনসংখ্যাকে ভিত্তি ধরা হচ্ছে, না নিরক্ষরের সংখ্যাকে ভিত্তি ধরা হচ্ছে?

**শ্রীমতী অঞ্জু কর :** প্রতি একজন নিরক্ষর পিছু বই, খাতা, ব্ল্যাক বোর্ড এবং অন্যান্য মেটিরিয়ালস বাবদ যে পরিমাণ খরচ হতে পারে সেই পরিমাণের ভিত্তিতেই অর্থ বন্টন করা হয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া, আপনি বললেন ৩০ কোটি ১৯ লক্ষ টাকার কিছু বেশি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন, আর ৮ কোটি ৮৯ লক্ষ টাকার কিছু বেশি টাকা রাজ্য সরকার দিয়েছেন। কেন্দ্রীয় সরকারের নমর্স অনুযায়ী রাজ্য সরকারের ১৫ কোটির কিছু বেশি টাকা দেওয়ার কথা। রাজ্য সরকার ৬ কোটির বেশি টাকা এখন পর্যন্ত কম দিয়েছেন। এই টাকা কি আপনি অর্থ দপ্তরের কাছে চেয়ে পাননি, না আপনারা ওটা আর প্রয়োজন মনে করেননি?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** আমি যে টাকার কথা ইতিপূর্বে উল্লেখ করেছি প্রকল্প ব্যয় তার চেয়ে অনেক বেশি হয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকেও এখন পর্যন্ত প্রকল্প ব্যয় বাবদ প্রাপ্য টাকা সব পাইনি। মাননীয় সদস্যের অবগতির জন্য আমি আরও জানাচ্ছি যে, মূল প্রশ্নটা করা হয়েছিল গত মার্চ মাস পর্যন্ত হিসাবের এবং আমি সে হিসাবেই উত্তর দিয়েছি। মার্চ মাসের পরেও কিছু টাকা খরচ করা হয়েছে।

**শ্রী নটবর বাগদি ঃ** স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানতে চাইছি, যে—চারটি জেলায় নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচি ঘোষণা করা হয়েছে সেই জেলাগুলো ছাড়া অন্য জেলাগুলোতে এই কর্মসূচি গ্রহণ করার জন্য ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মতো ঠিকাদারদের মাধ্যমে এই কর্মসূচি রূপায়ণের প্রকল্প গ্রহণ করা হবে কি? বা অন্য কোনও ভাবে কর্মসূচি গ্রহণের কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী অঞ্জু কর ঃ** আমরা এখন পর্যন্ত যে পদ্ধতিতে নিরক্ষরতা দূরীকরণ প্রকল্প রূপায়িত করছি সে পদ্ধতিতেই সব জেলায় নিরক্ষরতা দূরীকরণ প্রকল্পের কাজ চালিয়ে যাব। মাননীয় সদস্য অন্যান্য রাজ্যের কথা এখানে উল্লেখ করলেন। বামফ্রন্ট সরকার যখন কেরালায় প্রতিষ্ঠিত ছিল তখন সেখানে ৯৫% সাক্ষরতা প্রকল্পের কাজ সাফল্যলাভ করেছিল। পরবর্তীকালে সেখানে কংগ্রেসের নেতৃত্বে সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে সেই লিটারেসি ফল করেছে। সেই লিটারেসিকে ধরে রাখার জন্য সেখানে পোস্ট লিটারেসি কর্মসূচি গ্রহণ করা উচিত ছিল, কিন্তু সেখানে তা গ্রহণ করা হয়নি বলে সেখানে শিক্ষার মান আবার নেমে গেছে। মহারাষ্ট্রেরও কিছু জায়গায় এরকম খবর আছে—সেখানে কিছু মানুষ এই প্রোগ্রামে শিক্ষিত হয়েছিল, কিন্তু শিক্ষিত হবার পর সেই শিক্ষাকে ধরে রাখার জন্য যে কর্মসূচি গ্রহণ করার কথা, তা সেখানে গ্রহণ না করার ফলে মানুষ তাদের শেখা শিক্ষা ভুলে যাচ্ছে এবং আবার তারা নিরক্ষরদের দলে ভিড় করছে। আমাদের রাজ্যে আমাদের লক্ষ্য হচ্ছে—১৯৯৫ সালের মধ্যে আমরা আমাদের রাজ্যের সমস্ত মানুষকে শিক্ষিত করে তুলব। সেই কর্মসূচিই আমরা গ্রহণ করেছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** নিরক্ষরতা দূরীকরণের জন্য জেলাভিত্তিক যে সমস্ত টাকা দিয়েছেন সেই টাকা কোন কোন খাতে দিয়েছেন তা দয়া করে জানাবেন কি, বই কেনা বা ট্রেনিং-এর জন্য কোন কোন খাতে টাকা দেওয়া হয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** নির্দিষ্ট প্রশ্ন করবেন, উত্তর দেব। এখানে সামগ্রিকভাবে রাজ্যের প্রশ্ন আছে। কোনও জেলার ব্যাপারে বা কোনও জায়গার ব্যাপারে জানতে গেলে নির্দিষ্ট প্রশ্ন করলে উত্তর দেব।

**শ্রী ধীরেন সেন :** ১৯৯৫ সালের মধ্যে জেলাগুলিকে কভার করবেন বলেছেন। বর্তমানে কোন কোন জেলায় সাক্ষরতা কর্মসূচি চলেছে এবং পোস্ট লিটরেসি কোন কোন জেলায় হয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর :** বর্তমানে কলকাতাসহ ১৪টি জেলায় চলেছে। বাকি আছে দার্জিলিং এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর। জলপাইগুড়িতে কর্মসূচি শুরু হবে। দার্জিলিং-এর কর্মসূচি চলে এসেছে। কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠাব। পোস্ট লিটারেসি কর্মসূচি বর্ধমান, মেদিনীপুর, বাঁকুড়া ও বীরভূম এই ৪টি জেলায় হয়েছে। শুরু করেছি কোচবিহারে, উত্তর ২৪-পরগনায় আংশিক এবং হুগলিতে আমরা শুরু করেছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** সব থেকে কম অর্থ বরাদ্দ হয়েছে মালদা জেলায়, এর কারণ কি?

**শ্রীমতী অঞ্জু কর :** নির্দ্দিষ্ট জেলা নিয়ে কোনও প্রশ্ন নেই। তবু যতটা পারব আমি উত্তর দেবার চেষ্টা করব। মালদা জেলার পুরো প্রোজেক্ট অনুমোদিত হয়নি। কেন্দ্রীয় সরকার পুরো প্রোজেক্ট অনুমোদন করেননি। তারা এখন অ্যাড-হক ভিত্তিতে ৩০ লক্ষ টাকা গ্রান্ট দিয়েছেন কাজ শুরু করার জন্য এবং রাজ্য সরকারও টাকা দিয়েছে। পরবর্তীকালে সামগ্রিকভাবে প্রোজেক্ট অনুমোদিন হলে আমরা সেখানে আরও টাকা পাব। সুতরাং এখন যেটা দেখছেন ঐটা সব নয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** নিরক্ষরতা দূরীকরণের জন্য দক্ষিণ ২৪-পরগনা জেলায় ১৯৯২-৯৩ সালে যে টাকা ধার্য হয়েছিল সেই পুরো টাকাটা কি কারণের জন্য দেওয়া হয়নি?

**মিঃ স্পিকার :** আলাদাভাবে নোটিশ দেবেন। কিভাবে উনি উত্তর দেবেন? এটা হবে না।

**শ্রী পদ্মনিধি ধর :** বিরোধীরা বলছেন কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন রাজ্যগুলিকে। আমি শুনেছি, ইউনিসেফ-এর কাছ থেকে ভারত সরকার টাকা পেয়েছেন নিরক্ষরতা দূরীকরণের জন্য...

**মিঃ স্পিকার :** আপনি কি শুনেছেন সেই শোনার উপর প্রশ্ন হবে না।

**শ্রী দীপক মুখার্জি :** যে যে জেলায় সাক্ষরতা কর্মসূচি গ্রহণ করা হয়েছে সেই সেই জেলার সাংসদ এবং বিধায়কদের নিয়ে জেলার সভাধিপতিদের চেয়ারম্যান করে এবং জেলা শাসকদের কার্যকর সভাপতি হিসাবে নির্বাচিত করে কমিটি করা হয়েছিল। সেক্ষেত্রে বিভিন্ন রাজনৈতিক দলের ভূমিকা কেমন ছিল? কংগ্রেস এবং এস. ইউ. সি. দলের কি ভূমিকা ছিল? তাদের কাছ থেকে কি কোনও সাহায্য পেয়েছেন?

**মিঃ স্পিকার :** হবে না, নট অ্যালাউড।

**শ্রী শৈলজাকুমার দাস :** যে ৪টি জেলায় পোস্ট লিটারেসি কোর্স শুরু হয়েছে, তাদের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে কি যে এই সময়ের মধ্যে শেষ করতে হবে?

[11-20 — 11-30 a.m.]

**শ্রীমতী অঞ্জু কর :** পোস্ট লিটারেসির সময় সীমা বাঁধা যাবে না। এর বিভিন্ন স্টেজ আছে। একটা হচ্ছে ৩ মাস পর্যন্ত। তারপরে থার্ড পাটের জন্য বই তৈরি করা হচ্ছে। প্রথম দুটো বই পড়ার পরে থার্ড পার্টে আরও ৩ মাসের জন্য বই তৈরি করা হচ্ছে এবং এটা ৬ মাসে শেষ হচ্ছে এবং পরবর্তী কালেও এর কন্টিনিউয়েশনে এডুকেশন চলবে।

## Appointment of Lawyers outside the Government Panel

*27. (Admitted question No. *82) **Shri Sougata Roy :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether the Government (esecially in the Housing, L & LR and UD Departments) is contemplating utilising the services of lawyers outside the Government panel for pleading cases in the High Court ; and

(b) if so, reasons thereof ?

**Mr. Speaker :** Now Shri Saugata Roy's Question. There are some technical difficulty though my Secretariat has admitted that question but the form in which it has come it should not have been admitted. Because discussion cannot be answered in the form it has come. How can one Minister answer what another Department is contemplating ? So it has to be disallowed.

**শ্রী সৌগত রায় :** আপনি যেটা বলছেন, ডিজঅ্যালাউড আমার উদ্দেশ্য ছিল, আমরা কাগজে পড়েছি যে গভর্নমেন্ট ল'ইয়াররা সমস্ত কেসে হেরে যাচ্ছে এবং সেজন্য ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্ম, আর্বান ডেভেলপমেন্ট, হাউসিং এরা বাইরের ল'ইয়ার, আউটসাইড গভর্নমেন্ট লইয়ার অ্যাপয়েন্ট করে। এটা ওর রেলেভেন্ট ডিপার্টমেন্টকে জানানো হয়েছে কিনা, কারণ সব ল'ইয়াররা হারছে। এটা ঠিক, আই. এগ্রি উইথ ইউ যে কনটেমপ্লেটিংয়ের ব্যাপারে কোনও প্রশ্ন হতে পারে না। কিন্তু আমার ফর্মে এই রকম ছিল না। আমি আপনাকে বলব যে অরিজিন্যাল কোয়েশ্চেনটা নিয়ে এসে দেখুন ফর্মটা ঠিক ছিল কিনা। যদি থাকে তাহলে রি-অ্যাডমিট করুন, আমার কোয়েশ্চেনটা মডিফাই করে সাবমিট করতে দিন। মেন ব্যাপার হচ্ছে গভর্নমেন্টের ল'ইয়ার হারছে, গভর্নমেন্টই বাইরের ল'ইয়ার নিচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মাননীয় বিধায়ক সৌগত রায় যে প্রশ্নটা করেছেন, প্রশ্নটা অন্যভাবে করলে হত, আপনি যেটা বলেছেন। কিন্তু আমরা জানি যে প্যানেল ছাড়াও বাইরের বহু ইম্পর্টেন্ট ল'ইয়ার বিভিন্ন জায়গায় অ্যাপয়েন্ট

করা হয়েছে এবং স্পেশ্যাল অ্যাপয়েন্ট করে, স্পেশ্যাল ফি দিয়ে করা হয়েছে এবং তারা আবার একটা গোষ্ঠীভুক্ত, তাদের বেছে বেছে করা হয়েছে—এটা কি সত্যি? এই বিষয়ে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই বলতে পারবেন। কারণ আমরা জানি যে বহু জায়গায় একটা রাজনৈতিক দলে যারা আছেন, এই রাজনৈতিক দলের ল'ইয়ারদের বিভিন্ন জায়গায় স্পেশ্যাল অ্যাপয়েন্টমেন্ট, ডবল অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দুইজন করে এক একটা জায়গায় অ্যাপয়েন্টমেন্ট দিয়ে কেস করার জন্য টাকা পাইয়ে দিচ্ছেন এবং তারা এমিনেন্ট ল'ইয়ারস বাট নট উইদিন দি প্যানেল। এটা ঠিক কিনা?

**Mr. Speaker :** Mr. Bapuli, that is not the question. It is the prerogative of the Government to engage any lawyer they may consider fit for defending their cases. It may be panel lawyer, it may not be panel lawyer. Government has got the discretion.

অনেক সময়ে কোনও পার্টিকুলার কেস হলে, যার গুরুত্ব বেশি আছে, সেক্ষেত্রে প্রফেশন্যাল লোককেও ডাকে কোয়ালিফাইং দ্যাট ফিল্ড, সে ডিফেন্ড করে। দেয়ার ইজ নো হার্ড অ্যান্ড ফাস্ট রুল যে প্যানেলের উকিলই করবে। বাট গভর্নমেন্ট ডাজ মেন্টেন এ প্যানেল ল'ইয়ার ফর ডুইং ডে টু ডে লিগ্যাল অ্যাফেয়ার্স। সে জন্য তারা কোর্টে অ্যাপিয়ার হন। কিন্তু কোনও গুরুত্বপূর্ণ ম্যাটার হলে, স্পেশ্যাল কোনও কনটেম্পাস হলে, আইনের কোনও কমপ্লিকেটেড সিচুয়েশন হলে অ্যাডভোকেট জেনারেলও অ্যাপিয়ার হন। অনেক সময়ে স্পেশ্যাল ল'ইয়ারও গভর্নমেন্ট নিয়োগ করেন। That is always the behaviour of the Government. Nothing peculiar in that.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** কিন্তু এখানে এটা রেগুলার হয়ে গেছে।

## Budge Budge Thermal Power Plant

*28. (Admitted question No. *184) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

> What is the latest position in the matter of implementation of Budge Budge Thermal Power Plant of C.E.S.C. ?

সি. ই. এস. সি. কর্তৃক বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কাজ ১৯৯২ সালের ১লা সেপ্টেম্বর কে 'জিরো ডেট' ধরে এগিয়ে চলেছে। সি. ই. এস. সি. থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী এই বছরের ১৫ই জুন পর্যন্ত কাজের অগ্রগতি নিম্নরূপ ঃ

মূল প্রকল্পটির জন্য এ পর্যন্ত পূজালি ও রাজারামপুর মৌজায় ১৪৮ একর জমি নেওয়া হয়েছে। প্রকল্পটির জন্য রাস্তা নির্মাণ জমি ভরাট করার কাজ, গভীর নলকূপ ও সাইট অফিস নির্মাণের কাজ, বৈদ্যুতিক ট্রান্সফর্মার বসানো ও প্রকল্প এলাকায় পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহের কাজ চলছে। আউটডোর সুইচইয়ার্ড এবং বাউন্ডারি ওয়ালের কাজও শুরু হয়েছে। বয়লার, চিমনি ইত্যাদি সংস্থাপনের জন্য পাইলিং এর কাজ চলছে

এবং ১৭৮৭ টি পাইলিং এর কাজ সম্পূর্ণ হয়েছে। বয়লার ও টারবাইন সরবরাহের জন্য ইতিমধ্যেই অর্ডার দেওয়া হয়েছে এবং সরবরাহকারি সংস্থাগুলি নির্মাণ কার্য শুরু করেছে। রেলওয়ে সাইডিং নির্মাণের ব্যাপারে 'রাইটস' সার্ভের কাজ সম্পন্ন করেছে।

তবে সম্প্রতি কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রক থেকে অতিরিক্ত জমি অধিগ্রহণ এবং পুনর্বাসন পরিকল্পনা জমা না দেওয়ার অজুহাতে প্রকল্পটির জন্য মঞ্জুরীকৃত পরিবেশ সংক্রান্ত অনুমোদন সাময়িকভাবে মুলতুবি রাখার কথা জানানো হয়েছে।

সি. ই. এস. সি.-র তরফ থেকে পরিবেশ মন্ত্রককে পরিষ্কারভাবে জানিয়ে দেওয়া হয়েছে যে, প্রকল্পটির জন্য মোট ব্যবহৃত জমির পরিমাণ পূর্বনির্ধারিত সীমা ছাড়িয়ে যাবে না। এছাড়া ও পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা ইতিপূর্বেই প্রাথমিক প্রস্তাব পরিকল্পনার সঙ্গে পরিবেশ মন্ত্রকে সি. ই. এস. সি. জমা দিয়েছে। পুনরায় সি. ই. এস. সি.-র তরফ থেকে প্রয়োজনীয় তথ্য সমৃদ্ধি পুনর্বাসন পরিকল্পনা সংক্রান্ত একটি রিপোর্ট পরিবেশ মন্ত্রকে পাঠানো হয়েছে। আশা করা যায় কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রক তাদের এক-তরফা সিদ্ধান্ত পরিবর্তন করে পরিবেশ সংক্রান্ত অনুমোদন মূলতুবি রাখার নোটিশ প্রত্যাহার করে নেবেন।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে উনি ডিটেল্ড জবাব দিয়েছেন। অ্যাকচুয়ালি যে ব্যাপারে চিন্তিত, যে সম্প্রতি পরিবেশ মন্ত্রককে একটা চিঠি দেওয়া হয়েছে, সেই চিঠিতে আছে—The environmental clearance for the Budge Budge Project was being 'Suspended' on the charge that the CESC was acquiring more land for the project than required. চিঠির ব্যাপারে সংবাদপত্রে বলা হয়েছে এটা আমি সংবাদপত্রে দেখেছি যে সি. ই. এস. সি. অথরিটি আবার লিখেছে এনভায়ারনমেন্টের জন্য কি কি করছে। এক হাজার ফিট উঁচুতে চিমনির হাইট করা হচ্ছে যাতে পাশাপাশি এলাকায় ছাই না পড়ে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই যে এনভায়ারনমেন্ট ক্লিয়ারেন্স সাসপেন্ডেড হল এর ইমপ্লিকেশন কি? এখানে কাজ বন্ধ করে দেবেন যদি এনভায়ারনমেন্ট ক্লিয়ারেন্স না আসে? এই ব্যাপারে রাজ্য সরকার ইন্টারভেন্স করবে? রাজ্য সরকার স্টাডি করেছে পরিবেশের ব্যাপারে ভারসাম্য নষ্ট হচ্ছে, পরিবেশ মন্ত্রকের যে চার্জ সেটা সত্যি কিনা? এই ব্যাপারে রাজ্য সরকারের ভিউ জানান।

**ডঃ শঙ্করকুমার সেন :** পরিবেশের ব্যাপারে কেন্দ্রের বন ও পরিবেশ মন্ত্রক যে আপত্তি করেছেন তার রেফারেন্স কিন্তু রাজ্য সরকারের কাছে আসেনি। কাগজে দেখলেও সমস্ত তথ্য রাজ্য সরকার জানে না। জুলাই মাসের প্রথমে আমরা সি. ই. এস. সি.-কে নিয়ে বসব যে সত্যি কোনও রকম আমাদের যেটা শিডিউল্ড প্রোগ্রাম সেটার চেয়ে ওরা একসেস জমি নিয়েছে কিনা। এখনও পর্যন্ত আমার যে রিপোর্ট তাতে একসেস জমি নেওয়া হয়নি। আমি এখনও ডাইরেক্ট রেফারেন্স পাইনি।

**শ্রী সৌগত রায় :** এখনও পর্যন্ত যা রিপোর্টে তাতে দেখতে পাচ্ছি বজবজে দুটি প্লট লাগবে, একটা প্লট ২১০ একর জমি আর একটা প্লট ১১০ একর জমি, মোট ৩২০ একর

জমি। এখন পর্যন্ত রাজ্য সরকার ১৪৮ একর জমি হ্যান্ডওভার করেছে, সেটার একুইজিশন কমপ্লিট হয়ে গেছে। এই ল্যান্ড একুইজিশন নিয়ে প্রচন্ড বিক্ষোভ হচ্ছে, এই এলাকার সমস্ত জমি ধানের, কৃষকদের মধ্যে রেজিস্ট্রেন্স রয়েছে এবং কৃষকরা বলছে রিহ্যাবিলিটেশন প্রোপোজাল জোর করে ইমপ্লিমেন্ট করার চেষ্টা হচ্ছে। ডি. এম. এবং লোকাল অ্যাডমিনিস্ট্রেশনের উপর প্রচন্ড রেজিস্ট্রেন্স আছে এবং লোকাল লোকেরা বাধা দিচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে টোটাল ৩২০ একর ল্যান্ড অ্যাকোয়ার করে সি. ই. এস. সি.-কে হ্যান্ডওভার করার ব্যাপারে সেখানে স্থানীয় কৃষকদের প্রতিরোধের বিষয়ে লেটেস্ট পোজিশন জানাবেন এবং এটা জানাবেন যে এই ৩২০ একর জমি পুরোপুরি না পেলে প্রোজেক্টের কোনও ক্ষতি হবে কিনা।

**ডঃ শঙ্করকুমার সেন :** স্থানীয় কৃষকদের কাছ থেকে কোনও রকম বাধা আসছে সেটা অফিসিয়ালি আমার প্রোগ্রামের মধ্যে আসেনি, নিউজ পেপারে যেটা বলা হচ্ছে সেটা আমার কাছে আসেনি। এখন পর্যন্ত ২০৪.৬৯ একর জমি সি. ই. এস. সি.-কে ওরা অ্যাকোয়ার করে দিয়েছে।

[11-30 — 11-40 a.m.]

রিহ্যাবিলিটেশন ভিলেজের জন্য ৩৫ একর জমি, অর্থাৎ সব নিয়ে ২৩৯.৬৯ একর জমি অ্যাকোয়ার করা হয়েছে। বাকিটা ধীরে ধীরে অ্যাকোয়ার করা হবে এবং কোনও মতেই নির্দ্দিষ্ট সীমার বেশি হবে না, সেদিকে আমরা নজর রাখব।

**শ্রী দীপক মুখার্জি :** মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন আছে। পুনর্বাসন প্রকল্প নিয়ে আমরা শুনেছি যে আপনি বিশেষজ্ঞদের নিয়ে একটা কমিটি করেছেন, এই খবর সত্য কিনা? যদি তা হয়ে থাকে, তাহলে সেই বিশেষজ্ঞ কমিটি কাজ শুরু করেছেন কিনা ; আর মূল পুনর্বাসন প্রকল্পটা কি, সে সম্পর্কে আমাদের আপনি আলোকপাত করতে পারেন কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন :** পুনর্বাসন প্রকল্প নিয়ে যেটা হচ্ছে তা'হল একটা রিহ্যাবিলিটেশন ভিলেজ হচ্ছে। সেই রিহ্যাবিলিটেশন ভিলেজে সি. ই. এস. সি. কয়েকটা বাড়ি তৈরি করেছে। সেই বাড়ি তৈরির মান সম্পর্কে আমার কাছে কমপ্লেন এসেছে। তারজন্য আমি উচ্চ ক্ষমতাসম্পন্ন একটা কমিটি করেছি। দু'জন সিভিল ইঞ্জিনিয়ারকে নিয়ে একটা কমিটি সেখানে করেছি। উক্ত কমিটি সেই বাড়িগুলোর মান ঠিক আছে কিনা সে সম্পর্কে আমার কাছে রিপোর্ট দেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই প্রশ্নের জবাবে বলেছেন যে কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রক এই অতিরিক্ত জমি অধিগ্রহণ এবং পুনর্বাসন প্রকল্প সম্পর্কে যে অভিযোগ আছে তার ভিত্তিতে সাময়িক একতরফাভাবে এই অনুমোদন মুলতুবি রেখেছেন। আমার এখানে স্পেসিফিক প্রশ্ন হচ্ছে, এটা শুধু কেন্দ্রীয় সরকারের নয়, এই অভিযোগ স্থানীয় মানুষের দীর্ঘদিনের, এটা নিশ্চয়ই আপনার অজানা নয়। অন্তত আমরা জানি, পূজালিতে এই ভাবে বেশ কিছু ভাল ধান চাষের জমি অধিগ্রহণ করা হয়েছে জবরদস্তি করে। এ নিয়ে পুলিশ গুলি চালিয়েছে। এইসব অভিযোগ হয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে পার্সোনালি দেখা

করেছি। সেখানে প্রচলিত রীতিনীতি লঙ্ঘন করা হচ্ছে। আপনি এই পুনর্বাসন প্রকল্প সম্পর্কে যে অভিযোগ আছে—যেটা আপনি আংশিকভাবে স্বীকার করলেন যে বেআইনিভাবে ধান জমি অধিগ্রহণ করেছে—এই যে বিতর্ক হয়েছে, এর অবসান ঘটাবার জন্য আপনি বিদ্যুতমন্ত্রী হিসাবে একটা শ্বেতপত্র এই হাউসকে দিয়ে সন্তুষ্ট করতে পারেন কি? আপনি এই অভিযোগ সম্পর্কে তথ্য পরিবেশন করবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি নোটিশ দিলে এবং আমাকে অধ্যক্ষ মহাশয় আজ্ঞা করলে আমি নিশ্চয়ই উত্তর দেব। তবে একটা কথা বলছি, রাজ্য সরকারের একটা প্রোজেক্ট যখন হয় তখন ওরিজিন্যাল প্রোজেক্ট রিপোর্টের মধ্যে বলা থাকে যে, এতটা জমি দরকার হবে। রাজ্য সরকার নজর রাখছে যাতে অতিরিক্ত জমি তারা অধিগ্রহণ না করে। আমাদের ডিপার্টমেন্ট মাসে একবার করে মনিটারিং করছে, তাতে পাওয়ার সেক্রেটারিও আছেন, তিনিও মনিটারিং করেন। মাঝে মাঝে আমিও মনিটারিং করি। সুতরাং আমাদের মনিটারিং আছে পরিবেশ সম্পর্কে। অরিজিন্যাল প্রোজেক্ট রিপোর্টের বাইরে যাতে না যায় সেটা আমরা দেখছি। পরিকল্পনা যাতে সঠিক সময়ে শেষ হয় সেটা আমরা দেখছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** স্যার, গত কয়েকদিন ধরে খবরের কাগজে আমরা দেখছি যে—কেন্দ্রীয় সরকার আছে বলে দেখা যাচ্ছে না—কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আপনার কাছে কিছু জানিয়েছে বলে আপনি বলতে পারছেন না। বজবজে সি. ই. এস. সি.-র যে প্লান্টটা হতে চলেছে সে সম্পর্কে আপনি কিছু বলতে পারছেন না।

আপনার কাছে এই সম্পর্কে কেন্দ্রীয় সরকার কোনও কিছু জানবার চেষ্টা করছেন কি না, যে অ্যাকচুয়ালি বেশি ল্যান্ড পশ্চিমবঙ্গ সরকার অধিগ্রহণ করেছে, যা প্রোজেক্ট বহির্ভূত?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমি আগেই বলেছি এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের যে সংশ্লিষ্ট দপ্তর আছে তারা আমাদের দপ্তরকে সরাসরি কিছু জানায়নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে কি এই রকম কোনও অভিযোগ আছে যে বজবজে যতটা জায়গা নেওয়া হয়েছে সেটা এগ্রিকালচারাল ল্যান্ড এবং বেস্ট এগ্রিকালচারাল ল্যান্ড এবং তার পরিপ্রেক্ষিতে এই সমস্ত ক্ষতিগ্রস্ত পরিবার চাকরি যাতে পাই সেই রকম পরিকল্পনা আপনারা কাছে রেখেছিল কিনা? তাছাড়া এই সমস্ত ক্ষতিগ্রস্ত পরিবারদের চাকরি দেবার পরিকল্পনা আপনার আছে কিনা এবং থাকলে কি রকম আছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় সদস্যর দৃষ্টি আকর্ষণের জন্য বলছি এই বিধানসভায় একটা টোটাল রিহ্যাবিলিটেশন প্যাকেজ আমি পেশ করেছিলাম গত বিধানসভায় এবং সেটা সার্কুলেটও করা হয়েছিল। আমি বলতে পারি যে প্যাকেজ আমি অ্যাসেম্বলিতে ঘোষণা করেছিলাম সেটা সুষ্ঠভাবে যাতে করা হয় তার দিকে আমরা নজর রাখছি এবং প্রতি মিটিঙে আমি এবং পাওয়ার সেক্রেটারি প্রোগ্রেসটাকে মনিটারিং করছি।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received four notices of Calling Attention, namely :—

| | |
|---|---|
| i) Reported lock-out in India Jute Mill in Serampur of Hooghly district from 19. 6. 1993 | : Shri Abdul Mannan |
| ii) Present state of Haldia Petro-Chemicals | : Shri Lakshman Chandra Seth |
| iii) Reported pollution of drinking water by Arsenic in several areas of the state including Ramnagar Block of Baruipur Subdivision. | : Shri Sobhandeb Chattopadhyay & Shri Dipak Mukherjee |
| iv) Alleged deplorable condition of the Kulic Birds' Sanctuary near Raigunj in South Dinajpur district. | : Shri Tapan Hore |

I have selected the notice of Shri Lakshman Chandra Seth on the subject of present state of Haldia Petro-chemicals.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 23rd June, 1993.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of the power Department will make a statement on the subject of non-availability of clearance from the Union Forest and Environment Ministry for the 500 MW Budge Budge Power Plant of C.E.S.C.

(Attention called by Shri Dipak Mukherjee on 15th June, 1993)

**Dr. Sankar Sen :**

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

সি. ই. এস. সি.-র ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বজবজ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে কেন্দ্রীয় বন ও পরিবেশ দপ্তর থেকে প্রয়োজনীয় ছাড়পত্র মুলতুবি রাখা সম্পর্কে মাননীয় সদস্য শ্রী দীপক মুখার্জি মহাশয় কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করছি।

নিয়মমাফিক সর্বপ্রকার ছাড়পত্র পাওয়ার পর সি. ই. এস. সি. তাদের বজবজ বিদ্যুৎ প্রকল্পের কাজ ১লা সেপ্টেম্বর, ১৯৯২ তারিখ থেকে শুরু করেছে। নির্মীয়মান প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক এবং অনিবার্য কোনও বাধা না এলে আশা করা যায় নির্ধারিত সময় সীমার মধ্যেই ২ × ২৫০ মেগাওয়াটের এই তাপবিদ্যুৎ প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে।

গত ১৭ই মে, ১৯৯৩ তারিখে কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রক এর অতিরিক্ত অধিকর্তা এবং অফিস মেমোরান্ডামের মাধ্যমে জানিয়েছেন যে ১৪. ৮. ৯১ তারিখে দেওয়া প্রকল্পের পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র সাময়িকভাবে মুলতুবি রাখা হল। কারণ হিসাবে বলা হয়েছে ১) প্রকল্পের জন্য ৩২০ একর জমির প্রয়োজন বলা হয়েছিল কিন্তু সি. ই. এস. সি. ৫২০ একর জমি অধিগ্রহণ করছে বলে তাদের কাছে অভিযোগ এসেছে, ২) পুনর্বাসন পরিকল্পনা জমা না দেওয়া। সি. ই. এস. সি. লিমিটেড তাদের বক্তব্য হিসাবে জানিয়েছে যে তারা ছাড়পত্র লিখিত নির্ধারিত জমির বাইরে কোনও জমি নিচ্ছেন না এবং মূল প্রকল্পের জন্য এখনও পর্যন্ত মাত্র ১৪৮ একর জমি পাওয়া গেছে। ঘনবসতিপূর্ণ জায়গাগুলি নেওয়া হচ্ছে না এবং যাদের বাস্তুজমি নেওয়া হবে তাদের নির্মীয়মান পুনর্বাসনগ্রামে বিনামূল্যে জমি বা বাসস্থানের ব্যবস্থা করা হবে। অবশ্য এখনও পর্যন্ত এই প্রকল্পের জন্য একজনও বাস্তুচ্যুত হননি। সি. ই. এস. সি. আরও জানিয়েছে যে তারা পুনর্বাসন প্রকল্পের রূপরেখা আগেই মূল প্রস্তাব পরিকল্পনা সঙ্গে পাঠিয়েছিলেন তা সত্বেও তারা প্রয়োজনীয় তথ্য সমৃদ্ধ পুনর্বাসন প্রকল্প আবার পাঠিয়েছে।

আশা করা যায় কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রক তাদের উপরোক্ত মুলতুবি রাখা নোটিশ প্রত্যাহার করে প্রকল্পের অগ্রগতি অব্যাহত রাখবেন।

**মিঃ স্পিকার ঃ** ডাঃ আবেদিন, আপনার কি বক্তব্য আছে বলছিলেন।

## DISCUSSION ON TWO YEAR'S MINISTRY OF NARASIMA RAO

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে পি. ভি. নরসীমা রাওয়ের নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের দুই বছর পূর্ণ হোল। আপনি জানেন, ১৯৯১ সালের ইলেকশনের পর ভারতের রাজনীতিতে দোদুল্যমান অবস্থা দেখা দিয়েছিল, কিন্তু আজকে তার সুযোগ্য এবং সঠিক নেতৃত্বে পলিটিক্যাল স্টেবিলিটি এসেছে। আজকে ফোর্সেস অফ ডিজারাপশন, ফোর্সেস অফ ডি-স্টেবিলাইজেশন—এগুলোকে পরাস্ত করে তার সুযোগ্য নেতৃত্বে ভারতবর্ষে পলিটিক্যাল স্টেবিলিটি এনেছেন। শুধু পলিটিক্যাল স্টেবিলিটিই নয়, যেখানে ভারতবর্ষ ল্যাঙ্গুইশিং ইন ইকোনোমিক গ্রোথ অ্যান্ড ডেভেলপমেন্ট সেখানে ইকোনোমিক রিফর্মস ইন দি ফর্ম অফ পলিসি ইজ টেকন, প্লেস ব্যাকড বাই এ কমপিটেন্ট ইনস্ট্রুমেন্ট ফর ম্যানেজমেন্ট। আজকে ভারতের অর্থনীতি বিস্ময় জাগিয়েছে গোটা বিশ্বজুড়ে। আমাদের ক্রেডিবিলিটি কমে গিয়েছিল। গাল্ফ ওয়ারের পর উই হ্যাভ বিন রেন্ডার্ড টু দি স্টেট অফ এ ইনক্রেডিবিলিটি। এটাকে অতিক্রম করে ঐ দেশনায়কের নেতৃত্বে, মনমোহন সিং এর নেতৃত্বে একটা নতুন ফর্মে আজকে ভারতবর্ষ গ্লোবাল ইকোনোমিতে অংশ নিতে চলেছে। ইট ইজ এ ম্যাটার অফ প্রাইড যে, ভারতবর্ষের অনুমোদন ছাড়া, ভারতবর্ষের পরিচালনা ছাড়া, ভারতবর্ষের অংশগ্রহণ করা ছাড়া বিশ্ব অর্থনীতিতে উল্লেখযোগ্য পরিবর্তন সম্ভব হবে না। এর ইকোনোমিক আর একটা

দিক আছে, সেটা হোল কংক্রিট ডেভেলপমেন্ট ইন দি প্রডাকশন অফ এগ্রিকালচার। আপনারা দেখেছেন, আজকে এগ্রিকালচারের শুধু প্রডাকশনই বাড়েনি, রেমুনারেটিভ প্রাইস দেওয়া হচ্ছে টু দি ফার্মার। এরজন্য যারা ফোর্সেস অফ ডি-স্টেবিলাইজেশন তারা কৃষকদের উষ্কানি দিতে চাইছে, কিন্তু এখানে কোনও কৃষক আন্দোলন সম্ভব হয়নি। আজকে ফার্মার সেকশন, এগ্রিকালচার সেকশন ইজ কন্টেন্ড উইথ দি প্রাইস এবং তাই কেন্দ্রীয় ভান্ডারে আজকে আশানুরূপ খাদ্যশস্য সংগৃহীত হয়েছে। আর ব্যাকড বাই মনসুন ইন্ডিয়া উইল বি ইন এ পোজিশন টু ফিড দি ল্যাঙ্গুইশিং স্টেট, ল্যাঙ্গুইশিং রিপাবলিক অফ এশিয়া অ্যান্ড আফ্রিকা।

মিঃ স্পিকার স্যার, আজকে এই কেন্দ্রীয় সরকারের আর একটি সাফল্যের দিক হচ্ছে পঞ্চায়েতীরাজ। মহাত্মা গান্ধীর যে পঞ্চায়েতীরাজের সুখ ছিল সেই পঞ্চায়েতীরাজ ব্যবস্থাকে রাজীব গান্ধী তাঁর আমলে সংস্কার করেছিলেন পঞ্চায়েতী-রাজ এবং নগরপালিকা বিলের মাধ্যমে ৭৩ এবং ৭৪ তম সংবিধান সংশোধন করে। প্রথমে পঞ্চায়েতীরাজ এবং নগরপালিকা এসব ছিল স্টেট সাবজেক্ট। কিন্তু আজকে দিজ আর ক্রিয়েশনস অফ দি কনস্টিটিউশন, প্রডাকশন অফ দি কনস্টিটিউশন। এখানে মৌলিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটেছে, পাওয়ার টুল দি পিপল প্রকৃত অর্থে করা হয়েছে, রিজারভেশন ফর দি ওমেন টু ৪০ পারসেন্ট এটা করা সম্ভবপর হয়েছে এবং রিজারভেসন ফর দি এস. সি। এস. টি. ইজ প্রপোরশন টু দেয়ার পপুলেশন এটা করাও সম্ভবপর হয়েছে। কিন্তু রাজ্য সরকার এখনও এটা গ্রহণ করেননি, তবে কাট অফ ইয়ারের পর গ্রহণ করতে বাধ্য হবেন। এখানে ইলেকশন কমিশন হবে, স্টেট ফিনান্স কমিশন হবে এবং তারা রিসোর্স অ্যালোকেশন করবে। আজকে এটা সম্ভবপর হয়েছে। কোন ইকোমনিক গ্রোথের ক্ষেত্রে আজকে এনার্জি হচ্ছে মেইন কনস্ট্রেন্ট। কিন্তু এখানে সোর্স থাকা সত্ত্বেও সেই এনার্জি বাইরে থেকে আনতে হচ্ছে।

পাওয়ার জেনারেশান, এখানে শংকরবাবু আছেন, তিনি ভাল কাজ করছেন। সারা ভারতবর্ষে আজকে পাওয়ার Generation/2 to the extent of 30000 Mega Watt in 8th 5 year plan, 30000 Mega Watt power generation. এর পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্য সরকারগুলি যদি এটাকে ঠিকমতন ইমপ্লিমেন্ট করেন তাহলে after eight plan there will be security for power for any occasion of any load-shedding or shortage of this evergy. আমাদের নন-ফরম্যাল সোর্স অব এনার্জি, তাকে এক্সপ্লয়েড করা হয়েছে। এখন নন-ফরম্যাল সোর্স অব এনার্জি, এটার মাধ্যমে আমরা এনার্জির ডিমান্ড মিট করার চেষ্টা করছি। কয়লার নতুন নতুন সোর্স খোঁজা হচ্ছে, নতুন নতুন মাইনস আইডেন্টিফাই করা হচ্ছে। স্যার, আজকে সোশ্যাল জাস্টিসের জন্য মাইনরিটি কমিশন তৈরি হয়েছে, শিডিউল কাস্ট অ্যাণ্ড শিডিউল ট্রাইবস কমিশন তৈরি হয়েছে। Backward class Development Board has been constituted. সোশ্যাল জাস্টিসের ক্ষেত্রে এই যে সমস্ত দিক to content the social tension these are marvellous achievement of P. V. Narasima Rao. More funds have been provided for the Welfare of scheduled castes and Scheduled Tribees and backward classes. স্যার, এবারে ৮ম পরিকল্পনায় রুর‍্যাল ডেভেলপমেন্টের জন্য অ্যালোন থার্টি থাউজেন্ড ক্রোরস—৮ম পরিকল্পনায় এটা সম্ভবপর হয়েছে যা আগে কখনও

সম্ভবপর হয়নি। আমাদের একটা স্টিগমা ছিল ক্যারিং নাইট সয়েলের ব্যাপারে, এটা আজকে আইন করে বন্ধ করে দেওয়া হয়েছে। এটা Marvellous achievement in social justice. বলে আমরা মনে করছি। Law and order situation even after Ayodhya event অন্যায়ভাবে ঐ বি.জে.পি. এবং তার সাগরেদরা স্টেটলি অতোবড় দাঙ্গা করার পর সেটার মোকাবিলা করা গিয়েছে। দেশে ল এ্যাণ্ড অর্ডার ফিরিয়ে আনা হয়েছে। Normally has been restored in Assam and Punjab. আসামে বোড়ো স্বায়ত্তশাসন বোর্ড গঠন করা সম্ভবপর হয়েছে। পাঞ্জাবে বিয়ন্ত সিং-এর নেতৃত্বে প্রায় স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা হয়েছে। সেখানে পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে আনলাইক ওয়েস্টবেঙ্গল। পাঞ্জাবে এটা করা সম্ভবপর হয়েছে। improvement of law and order situation in spite of Ayodhya events. এটা একটা উল্লেখযোগ্য বিষয়। বিশ্ববাসী অবাক বিস্ময়ে এরজন্য ভারতবর্ষের দিকে তাকিয়ে আছে। strenghtening of integrity and unity of the country in spite of vandalism created by the diversive forces. এটা করা সম্ভবপর হয়েছে। এই দু বছরের কার্যকালের মধ্যে ফরেন রিলেশন ভাল হয়েছে। John Major, Boris Yeltesin, Helmut Cohe and other foreign dignatories king of Nepal have visited our country as a result of improvement in foreign relation. ফরেন রিলেশন উন্নত হওয়ার জন্য। Both President and Vice-President and Prime Minister have been invited by foreign countries. আমাদের এক্সপোর্ট যেটার উপর নির্ভর করছে, আমাদের ফিসক্যাল পলিসি যেটার উপর নির্ভর করছে সে সম্পর্কে সকলেই জানেন যে কি উন্নতি হয়েছে। এখানে বর্ষীয়ান মন্ত্রী বিনয়বাবু আছেন, তিনি জানেন এই যে এনটায়ার প্রসেস, এর উপর ইকনমিক সাকসেস নির্ভর করছে। কাজেই আমাদের এক্সপোর্ট ইনক্রিস করতে হবে। স্যার, গোটা ভারতবর্ষ এগিয়ে চলছে কিন্তু পশ্চিমবঙ্গ ল্যাগিং বিহাইন্ড। আজকে আমাদের ছুতমার্গ পরিত্যাগ করে ইন্ডাস্ট্রি অ্যাণ্ড এগ্রিকালচারকে গিয়ার আপ করতে হবে। আজকে একটা বিশাল কর্মযজ্ঞ প্রধানমন্ত্রী পি. ভি. নরসিমা রাও-এর উদ্যোগে শুরু হয়েছে।

[11-50 — 12-00 Noon]

পশ্চিমবাংলাও যেন এর শরিক হতে পারে। আপনারা প্রচার করুন এই জিনিস, যে ভারত সরকারের এই অ্যাচিভমেন্টস। এইগুলো আপনারা ইনফর্মেশান এণ্ড পাবলিসিটির মাধ্যম, এখানে পশ্চিমবঙ্গ সরকারের যে পশ্চিমবাংলা, ওয়েস্টবেঙ্গল, যুবমানস এইসব পত্রিকাগুলোর মাধ্যমে অবাধে প্রচারিত হয় এবং যথাযথভাবে প্রচারিত করা হয় এবং রাজ্যবাসীদের যাতে অবহিত করা যায় তার চেষ্টা আপনারা করুন সেই অনুরোধ করি। আর আপনারা যদি মুখে বলেন We are all for integrity of the country, unity of the country. আপনাদেরও এগিয়ে যেতে হবে। আজকে এক বিশাল কর্মযজ্ঞ শুরু হয়েছে। বিনয়বাবু এখানে আছেন, তিনি সভার প্রবীণ নেতা, তিনি কিছু বলুন। আমরা আশা করি ইট উইল রান টু দি ফুল টার্ম। আমরা এই হাউসের মাধ্যমে একটা প্রস্তাব আনতে পারি, যদি আপনাদের আপত্তি না থাকে। We Can formulate a resolution welcoming and congratulating the achievments of the Central Government led by

P. V. Narasima Rao, the Prime Minister.

**মিঃ স্পিকার ঃ** ডাঃ আবেদিন এই পাশের বন্ধুরা জিজ্ঞাসা করছে এই কথাগুলো আপনি কোন রুলিং-এ বললেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি জিরো আওয়ারে বলবার অনুমতি দিয়েছিলেন। রুল ৩১৯ অনুযায়ী আমি বলেছি।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম একটা বিষয়ে আমাদের বলার দরকার ছিল না। যেহেতু ডাক্তার জয়নাল আবেদিন একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন তুললেন কেন্দ্রীয় সরকারের দু-বৎসরের পূর্তি উৎসব উপলক্ষে সেইহেতু বলতে হবে। তিনি যে বিষয়গুলি এখানে তুললেন আমি তার সঙ্গে একটা ব্যাপারে একমত। হ্যাঁ, দু'বছরে পি. ভি. নরসীমা রাওয়ের নেতৃত্বে কেন্দ্রীয় সরকার কতগুলি নজিরবিহীন ঘটনা ঘটানোর জন্য একটা দৃষ্টান্ত স্থাপন করেছে এবং সেগুলো সম্পর্কে ভারতবর্ষের মানুষকে তারা প্রতিনিয়ত ভাবিয়ে তুলছে। এই সম্পর্কে কয়েকটি কথা আমি আপনাদের কাছে তুলে ধরতে চাই। এই কেন্দ্রে কংগ্রেস সরকারের নেতৃত্বে সরাসরিভাবে ভারতবর্ষের ধর্মনিরপেক্ষতার মূলে কুঠারাঘাত করা হয়েছে। পি. ভি. নরসীমা রাওয়ের দু'বছরের আমলে গত ৬ই ডিসেম্বর এমন একটা ঘটনা ভারতবর্ষে ঘটেছে যা ভারতবর্ষের কলঙ্ক দিন হিসাবে চিহ্নিত হয়ে রয়েছে। এই দু'বছরের সময় সীমার মধ্যে ভারতবর্ষের মান-মর্যাদা আজকে লুণ্ঠিত হয়েছে। স্বাধীনোত্তর ভারতবর্ষে এইরকম নজিরবিহীন বছর ইতিপূর্বে আর কখনো ঘটেনি। যার জন্য আজকে বাংলায় পাঁচ হাজার মানুষের প্রাণহানি হয়েছে। এই পি. ভি. নরসিমা রাওয়ের আমলে হিন্দু-মুসলমান দাঙ্গা হল এবং সেই দাঙ্গা-হাঙ্গামায় জীবনহানি হল ও হাজার হাজার কোটি টাকার সম্পত্তি ধ্বংস হল। এটা একটা নজিরবিহীন ঘটনা। এই সরকার এমন একটা সরকার যে সরকারের আমলে—আমি খুব বড় ধরনের অর্থনীতিবিদ নই—ভারতবর্ষের মাথাকে বিক্রি করতে হচ্ছে ঐ সাম্রাজ্যবাদী বিদেশি শক্তির কাছে। তাদের নির্দেশে ভারতবর্ষের অর্থনীতি আজকে একটা চরম বিশৃঙ্খলার মধ্যে দিয়ে চলছে। পি. ভি. নরসিমা রাওয়ের আমলে এই অর্থনীতি পরিচালিত হচ্ছে এবং ভারতবর্ষে এটা একটা নজিররিহীন ঘটনা। দুর্নীতিতেও এই সরকার নজিরবিহীন ঘটনা ঘটিয়েছে। পি. ভি. নরসিমা রাওয়ের এই দুই বছরে হরষদ মেহেতা কয়েক হাজার কোটি টাকা জালিয়াতি করেছে যা নিয়ে আজকে ভারতবর্ষ জুড়ে তোলপাড় চলছে। পি. ভি. নরসিমা রাও একজন প্রধানমন্ত্রী যার মূল্য ঠিক হয়ে—গিয়ে এক কোটি টাকা। এই দুই বছরের আমলে এই সরকারের এটাই নজিরবিহীন ঘটনা।

স্যার ভারতবর্ষের মানুষের কাছে অন্য একটা গুরুত্বপূর্ণ বিষয় হল যে, সাম্প্রদায়িকতা বিরোধী সংগ্রামে পি. ভি. নরসীমা রাও পরিপূর্ণ ব্যর্থ। ৬ই ডিসেম্বরের ঘটনার পর এটা ভারতবর্ষে প্রমাণিত। এমন কি আমাদের রাজ্যে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সাম্প্রদায়িক বি. জে. পি.-র সঙ্গে আঁতাত পর্যন্ত করেছেন। গত ৭ তারিখে কংগ্রেস বি. জে. পি. যৌথভাবে পি. ভি. নরসীমা রাও-র নেতৃত্বে বাংলা বন্ধ পর্যন্ত করার চেষ্টা করেছে। গত দু-বছরে নরসীমা রাওয়ের নেতৃত্বে এই সরকার ভারতবর্ষের স্বাধীনতা, সার্বভৌমত্ব, সততাকে ধ্বংস

করেছে। বিভেদকামী সাম্প্রদায়িক শক্তির সঙ্গে আঁতাত করে গত দু-বছরে এই সরকার এক কলঙ্কিত ইতিহাস সৃষ্টি করেছে। আজকে এমন সব দুর্নীতির প্রশ্ন উঠেছে যে ভারতবর্ষকে এক চূড়ান্ত পরীক্ষা-নিরীক্ষার সামনে এসে হাজির হতে হয়েছে। আজকে প্রধানমন্ত্রীর গদিতে পি. ভি. নরসীমা রাও-এর বসে থাকার সময় শেষ হয়ে গেছে। ওঁর উচিত অবিলম্বে উনি ঐ জায়গা থেকে সরে গিয়ে সততার ন্যূনতম নিদর্শন স্থাপন করুন এবং এর মধ্যে দিয়ে তিনি ভারতবর্ষের মানুষের চাহিদা পূরণ করুন। এই জনবিরোধী সরকার অবিলম্বে শেষ হয়ে যাক, আমি অন্তত এই দাবি করছি।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কেন্দ্রীয় সরকারের দু'বছর পূর্তি উপলক্ষে ডাঃ জয়নাল আবেদিন যে কথা এখানে উল্লেখ করলেন তার সমর্থনে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই। মাননীয় সদস্য রবীনবাবু এই প্রসঙ্গে কয়েকটি কথা এখানে উল্লেখ করলেন। আমি তাঁকে বিগত কয়েক বছর আগের কিছু কথা স্মরণ করতে অনুরোধ করছি। যে সময়ে যেভাবে আপনারা বি. জে. পি. এবং ভি. পি. সিংকে নিয়ে এগিয়ে এসেছিলেন, আজকে আবার সেইভাবে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে এগিয়ে এসে তাঁর পদত্যাগ দাবি করছেন। আজকে আবারও আপনারা বি. জে. পি. এবং ভি. পি. সিং-এর সঙ্গে একই সুরে বলছেন, প্রধানমন্ত্রীর পদত্যাগ করা উচিত। যদি প্রধানমন্ত্রীর পদত্যাগ করা উচিত হয় তাহলে আমি বলব আগে মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত। আজকে গোটা দেশের মধ্যে সবচেয়ে বেশি দুর্নীতির অভিযোগ উঠেছে এ রাজ্যের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। আমরাও সেসব অভিযোগ এই বিধানসভায় বার বার তুলেছি। শুধু রশিদের ব্যাপারই নয়, অর্থ দপ্তরের জয়েন্ট সেক্রেটারি থেকে আরম্ভ করে ওর পরিবারের বিরুদ্ধে এবং ওর পুত্রের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ উঠেছে তাতে উনি ছাড়া অন্য যেকোনও মুখ্যমন্ত্রী হলে অনেক আগেই পদত্যাগ করতেন। কিন্তু উনি এখনো পর্যন্ত পদত্যাগ করেন নি। এখনো গদি ধরে রেখেছেন। সুতরাং আপনারা অন্তত দুর্নীতির কথা বলবেন না। আপনারা না বলে অন্য কেউ বললে ভাল হ'ত। সি.পি.এম.-এর মুখে দুর্নীতির কথা শোভা পায় না। তাঁদের দুর্নীতি আজকে কোন অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে তা সারা পশ্চিমবাংলার মানুষ জানে। আপনারা প্রধানমন্ত্রীর পদত্যাগ চাইছেন। আমি আপনাদের চ্যালেঞ্জ জানিয়ে বলছি, আপনাদের মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলুন—প্রধানমন্ত্রী পদত্যাগ করুন, পার্লামেন্ট ভেঙে দেওয়া হোক এবং নির্বাচন হোক। এই সৎ সাহস তিনি দেখান। আজকে আবার আপনারা বি. জে. পি.-এর সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন। এক কোটি টাকার অভিযোগকে কেন্দ্র করে বি. জে. পি., ভি. পি. সিং. এবং সি. পি. এম. আজকে আবার অশুভ আঁতাত গড়ে তুলছেন। বি. জে. পি.-কে দিল্লীর মসনদে বসাবার আপনারা ষড়যন্ত্র করছেন। তবুও আমি বলছি, আপনারা দাবি করুন যে, পার্লামেন্ট ভেঙে দিয়ে এখনই নির্বাচন করা হোক, তাহলে বুঝব আপনাদের সৎ সাহস আছে। আমি আপনাদের চ্যালেঞ্জ জানিয়ে বলছি, হ্যাঁ, আমরা এর জন্য প্রস্তুত আছি। আমাদের এই সৎ সাহস আছে। আমাদের নেতা প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী সে সৎ সাহসের পরিচয় দিয়ে গেছেন। উনি নির্বাচন করেছিলেন। আমরাও আপনার কাছে দাবি করছি, আপনারা আপনাদের মুখ্যমন্ত্রীকে বলুন—রশিদ এবং অন্যান্য দুর্নীতির সঙ্গে তাঁর যোগাযোগ সংক্রান্ত যে সমস্ত অভিযোগ

উঠেছে সেসবের পরিপ্রেক্ষিতে তিনি পদত্যাগ করুন। তবুও প্রশ্ন তুলবেন দুর্নীতির কথা। সি. পি. এম. দুর্নীতির কথা বলতে পারে না, কারণ আপনারাই হচ্ছেন দুর্নীতির সম্রাট।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কেন্দ্রীয় সরকারের, নরসীমা রাও সরকারের ২৪ মাস, যে ২৪ মাস গোটা দেশের মানুষের জীবনে নামিয়ে এনেছে সর্বনাশ। একইদিনে—আজকে হচ্ছে আমাদের গর্বের দিন। আজকে বামফ্রন্ট সরকারের ১৯২ মাস পূর্তি হল। আমাদের ১৯২ মাস অর্থাৎ পাঁচ হাজার ৮৪৪ দিন আর ওদের হচ্ছে ৭৩২ দিন। স্বাধীনতার পর এটা একটা নতুন রেকর্ড, পশ্চিমবঙ্গে নির্বাচিত বিধানসভায় একটানা ১৬ বছর ১৯২ মাস। ৫ হাজার ৮৪৪ দিন। ভারতবর্ষের কোনও মন্ত্রিসভা, কোনও মুখ্যমন্ত্রী এর আগে এতদিন একসাথে ক্ষমতায় ছিলেন না। এইজন্য এঁদের (কংগ্রেসিদের) হচ্ছে দুঃখ। এঁরা ৭৩২ দিন টিকছে, তারজন্যে ওদের বুক দুরদুর করছে। ওরা দেশের মানুষের সামনে কোনও সুস্থিতি আনতে পারেননি, নিজেদের দলের মধ্যে সুস্থিতি নেই। বোমাতঙ্কে দেশ ছেয়ে গেছে। এখন কেলেঙ্কারির পর কেলেঙ্কারি ভারতবর্ষে হচ্ছে। আমরা দেখছি, এই ২৪ মাসের মধ্যে নরসীমা রাও ও মনমোহন সিং দেশের সার্বভৌমত্ব বিকিয়ে দিয়েছে। তারা যে বাজেট তৈরি করেছেন তা আই.এম.এফ এবং বিশ্বব্যাঙ্কের নেতৃত্বে। গত ১৫ সেপ্টেম্বর ১৯৯১ সাল আমাদের কাছে একটা কালো দিন। একটু আগে মাননীয় বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন মনমোহন সিং-এর সুখ্যাতি করলেন। আমি ডাঃ আবেদিনকে জানাতে চাই, আপনি একটু মনোযোগ দিয়ে শুনুন, ১৫ সেপ্টেম্বর, ১৯৯১ সালে—তার আগে স্বাধীনতার পর কোনওদিন হয়নি—কেন্দ্রীয় অর্থমন্ত্রী রাতের অন্ধকারে ১২০০ কোটি টাকার ট্যাক্স চাপিয়ে দিয়ে সেই রাতে ওয়াশিংটন পাড়ি দিলেন আই. এম. এফকে খুশি করবার জন্য। সেই সরকার ২৪ মাস ধরে মানুষের মধ্যে অস্থিরতা এনেছে, অনৈক্য এনেছে, ধর্মনিরপেক্ষতাকে ধ্বংস করেছে। অথচ এই বামফ্রন্ট সরকার একটানা ১৯২ মাস রাজত্ব চালাচ্ছে। মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় আজকে জ্যোতি বসুর পদত্যাগ চাইছেন। আমি ওনাকে বলি নিজের আয়নায় মুখটা দেখুন। উনি ৫ হাজার ৮৪৪ দিন ধরে একটানা মুখ্যমন্ত্রী আছেন আর আপনাদের হচ্ছে ২৪ মাসের অর্থাৎ ৭৩২ দিনের সংখ্যালঘু সরকার। পাঞ্জাবের অস্বাভাবিকতা ছাড়া প্রতিটি রাজ্যের প্রতিটি নির্বাচনে আপনারা হেরেছেন। আর এখানে ১৬ বছরে ১৪টি বড় নির্বাচন হয়েছে—পঞ্চায়েত নির্বাচন থেকে শুরু করে পৌর নির্বাচন, সব ক'টিতেই বামফ্রন্ট সরকার জয়ী হয়েছেন, অন্যদিকে কংগ্রেস এবং বামফ্রন্ট বিরোধীরা পরাজিত হয়েছেন। এই বামফ্রন্ট সরকার এত বছর ক্ষমতায় থাকার জন্য গণতন্ত্র তৃণমূল পর্যন্ত বিস্তারিত হয়েছে। কিন্তু আপনাদের জন্য আমাদের দুঃখ হয়। কারণ এই সরকারকে ক্ষমতায় ২৪ মাস থাকার জন্য কাগজে বিজ্ঞাপন দিতে হচ্ছে বড় করে প্রধানমন্ত্রীকে ডিফেণ্ড করার জন্য। স্টেট্সম্যানে বিজ্ঞাপন দিতে হয়েছে। সবচেয়ে বড় কথা, আমরা ভাল করে বুঝতে পারছি দেশের সামনে বড় বিপদ। এই বিপদের মুখে দাঁড়িয়ে গোটা ভারতবর্ষের মানুষ যখন ভারতবর্ষকে রক্ষা করবার জন্য, ভারতীয় হিসাবে পরিচয় অক্ষুন্ন রাখার জন্য, ভারতবর্ষের মানচিত্রকে একটু অটুট রাখার জন্য উৎকণ্ঠার মধ্যে আছে, তখন নরসীমা রাও ও তার দল এ. আই. সি.-র অধিবেশন করতে পারলেন না পঞ্চায়েত নির্বাচনের জন্য। ২০ অক্টোবর পর্যন্ত ঠেকিয়ে সময়টা পিছিয়ে দিলেন। এরা পঞ্চায়েতরাজ কায়েম করবেন? আমাদের এখানে চতুর্থবার

পঞ্চায়েত নির্বাচন হল। কেন্দ্রীয় সরকার ২৪ মাস রাজত্ব করে মানুষের জীবনে নামিয়ে এনেছে সর্বনাশ আর এই বামফ্রন্ট সরকার ১৯২ মাস রাজত্ব করে গোটা ভারতবর্ষকে আকর্ষণ করছে তার জনস্বার্থবাহী কাজের জন্য। সেটা হচ্ছে ওদের ২৪ মাস হতাশার মাস, আর আমাদের এখানে হচ্ছে মানুষের প্রত্যাশার মাস। সেদিক থেকে আজকে এই সভায় এই কথা বলছি যে, এই ২৪ মাসের রাজত্বে নরসীমা রাওয়ের যে অবস্থা তাতে মানুষের উৎকণ্ঠার সঙ্গে আমি এই বিধানসভায় বলতে চাই—এর থেকে আমরা মুক্তি চাই, দেশের অগ্রগতি চাই, ঐক্য চাই, দেশের ধর্মনিরপেক্ষতা রক্ষা করতে চাই। এই হচ্ছে আমার কথা।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। স্যার, ডাঃ জয়নাল আবেদিন যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। তবে আমার মনে হচ্ছে, আমাদের আলোচনার মান অত্যন্ত নিচু পর্যায়ে চলে যাচ্ছে।

[12-10 — 12-20 p.m.]

**মিঃ স্পিকার ঃ** মিঃ পান্ডে, ডাঃ আবেদিন এখানে প্রস্তাব আনেননি, তার একটি বক্তব্য রেখেছেন।

**শ্রী সাধন পান্ডে ঃ** মেনে নিচ্ছি উনি একটি বক্তব্য রেখেছেন, কিন্তু স্যার আমার বক্তব্য হচ্ছে, তার পরিপ্রেক্ষিতে যে আলোচনা চলছে তার মান অত্যন্ত নিচু লেভেলে চলে যাচ্ছে। এটা অ্যাপ্রিসিয়েশন করা দরকার, ভারতবর্ষে যে সরকার নরসীমা রাও চালাচ্ছেন তার প্রধানমন্ত্রী তিনি কি পরিস্থিতিতে হলেন, কি পরিস্থিতিতে এই সরকার প্রতিষ্ঠিত হল। আপনি তো জানেন, আমাদের দেশের সোনা বিদেশের বাজারে বিক্রি হয়ে গিয়েছিল, সোনা বিদেশের কাছে বন্দক রাখতে হয়েছিল, অর্থনীতি ভেঙ্গে পড়েছিল এবং চারিদিকে চলছিল বিশৃঙ্খলা। ঠিক তার আগে আমাদের রাজীব গান্ধীকে হত্যা করা হোল। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে একটি মানুষ যিনি ভারতবর্ষে রাজনীতি থেকে দূরে সরে যাচ্ছিলেন, রিটায়ার করছিলেন, তিনি বললেন—'আমি দেশের হাল ধরব' এবং তিনি সেই হাল ধরলেন। তার এই হাল ধরার ব্যাপারে আপনারা অনেক কথা বলতে পারেন, কিন্তু আপনাদের সংসদ সদস্যরা এবং মুখ্যমন্ত্রী উপস্থিত থাকলে তাকে অ্যাপ্রিসিয়েট করতেন। আজকে আপনারা যত কথাই বলুন না কেন তার কোনও মূল্য নেই, কেন না এই দেশে কংগ্রেস ছাড়া বিকল্প নেই। পরশু দিন আমাদের মুখ্যমন্ত্রী বারানসীতে দাঁড়িয়ে বলেছেন যে, কংগ্রেস ঐ চারটি রাজ্যে আসতে পারে, কিন্তু কংগ্রেসকে লড়তে হবে। কাজেই আপনাদের অধিকার নেই এসব কথা বলার। একদিক সি. পি. আই. আমাদের লেজুড় হয়ে ছিল, আর এখন আপনারা আমাদের পায়ের তলায় যেতে চাইছেন, কারণ আপনারা জানেন ভারতবর্ষে আমরা ছাড়া বি. জে. পি.-কে কাউন্টার করবার মতো কোনও শক্তি নেই। মুখ্যমন্ত্রী বলেছেন—আমি যেটা বলি সেটা সত্য। তিনি পলিট-ব্যুরোর সিদ্ধান্তের কথা বলেছেন, কিন্তু তার নিজের সিদ্ধান্তের কথা তিনি জানাননি। তবে তার সিদ্ধান্ত হল—'নরসীমা সরকার থাকুন', এবং ঐ সরকার থাকবেও। আর ঐ সিদ্ধান্ত তিনি গোপনে টেলিফোনের মাধ্যমে জানিয়ে দিয়েছেন প্রণব মুখার্জিকে দিয়ে—'নরসীমা রাওয়ের পেছনে আমরা রয়েছি।' প্রণব মুখার্জিকে দিয়ে জানিয়ে দিয়েছেন—আমরা পুরো সমর্থন করছি তাকে। সেজন্য দুই বছর এই সরকার চলছে এবং ঐ সরকারকে অনেক খারাপ পরিস্থিতির

মধ্যে দিয়ে চলতে হচ্ছে। স্যার, একটার পর একটা পরিকল্পনা আমরা যা নিয়েছি তাতে ভারতের অর্থনীতির বিকাশ ঘটেছে এবং তারজন্য ফার্স্ট কোয়ার্টারে এক্সপোর্ট প্রায় ১৫ শতাংশ ইনক্রিজ ইন ডলার টার্মস। আজকে একটা চক্রান্ত করে নরসীমা রাওয়ের ইমেজেকে কলুষিত করবার চেষ্টা হচ্ছে। একজন ভদ্রলোক রাজীব গান্ধীকে একশ প্রশ্ন করেছিলেন। উত্তরে রাজীব গান্ধী বলেছিলেন—বার্কিং ডগস উইল বার্ক। আজকে সেই ভদ্রলোক হর্ষদ মেহেতার সঙ্গে যুক্ত হয়ে ভারতবর্ষের রাজনীতিকে কলুষিত করবার চেষ্টা করছেন। এটা আমাদের কাছে খবর, তিনি প্রধানমন্ত্রীকে বলেছেন যে, হর্ষদ মেহতাকে ছেড়ে দেওয়া হোক। কিন্তু তাকে ছাড়া হবে না, কারণ ১০,০০০ কোটি টাকার স্ক্যামের সঙ্গে তিনি যুক্ত। আমরা জানি এইভাবে একটা ব্ল্যাকমেইলিং এর চেষ্টা হচ্ছে, কিন্তু এই ব্ল্যাকমেইলিং আমরা ভারতবর্ষের বুকে হতে দেব না। আর এই ব্যাপারে আপনারা হাত মিলিয়েছেন তাদের সঙ্গে। তবে মনে রাখবেন, সংহতি রক্ষা না করবার ফলে আঘাতটা প্রথম আসবে আপনাদের উপরে, কারণ ভারতে বিজেপি সরকার হলে আপনাদের তারা ভেঙ্গে দেবেন, আপনাদের কোনও অস্তিত্ব তারা রাখবেন না। সেজন্যই বলছি, ইন অ্যাপ্রিসিয়েশন টু দি সেন্ট্রাল গভর্নমেন্ট আমরা দৃঢ়তার সঙ্গে সরকার চালাব এবং জ্যোতিবাবুরাও আমাদের সমর্থন করে যাবেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলার জন্য সময় দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। জয়নাল সাহেব এমন একটা প্রস্তাব করেছেন যাতে আমাদের বলার সুযোগ হয়েছে। এই সরকারকে নাকি টিকিয়ে রেখেছি—গালাগাল করে কি হবে। ভারতবর্ষে এর আগে কোনও প্রধানমন্ত্রীর নামে এক কোটি টাকা ঘুষের খবর আসেনি—সত্যি কি মিথ্যা আমি জানি না। ওরা বলছেন ভাল হয়েছে, রেলের ভাড়া দ্বিগুণ হয়েছে, সারের দাম দ্বিগুণ হয়েছে, চাষী পাটের দাম পাচ্ছে না, চাষী পাট বিক্রয় করতে পাচ্ছে না, কয়লার দাম ধাপে ধাপে বাড়ছে, মানুষ চাকুরি পাচ্ছে না। ওরা বলেছিলেন যে গরিব হটাবেন। গরিব অনেক পিছনে হটে গেছে। ওরা বলেছিলেন যে এক কোটি লোকের চাকুরি দেবেন, কিন্তু এক হাজার লোকেও চাকুরি দিতে পারেননি। অপরদিকে আরও বেকার বেড়েছে। ওরা আবার বড় গলা করে বলছেন যে এইসব আমরা করেছি। হর্ষদমেটা টাকা চুরি করেছিল। প্রধানমন্ত্রী ঘুস খেয়েছেন, এটা আমি বলতে চাচ্ছি না। তবে টাকাটা ওদের আমলে চুরি হল। ওরা কি ঘুমিয়ে ছিলেন? আজকে চাষীর অবস্থা ভাল হয়েছে। জয়নাল সাহেব এই সব কথা বলছেন। সাম্প্রদায়িক দাঙ্গায় কয়েক হাজার লোকের জীবন নিয়ে চলে গেল সারা দেশে। ওরা কিছু করতে পারলেন না। আমরা, বামফ্রন্ট সরকার এখানে রক্ষা করেছে। এই রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গায় সব থেকে কম সংখ্যক লোকের প্রাণ গেছে। এসব কথা ওদের বলতে লজ্জা করে না যে আমরা ওদের টিকিয়ে রেখেছি—কি আর বলব।

**শ্রী সৌগত রায় ঃ** আজকে প্রথমে কেন্দ্রের বর্তমান নরসিমহা রাওয়ের নেতৃত্বে যে কংগ্রেস সরকার আছে, তার দুই বছর পূর্তির জন্য আনন্দ প্রকাশ করছি। এর আগে কেন্দ্রে দুটি অকংগ্রেসি সরকার হয়েছিল। একটি ভি. পি. সিংহের সরকার, সেটা ১১ মাস টিকে ছিল। আর একটি হচ্ছে চন্দ্রশেখরের সরকার, সেটা ৭ মাস ছিল। নরসিমহা রাওয়ের সরকার এই দেশে স্থিতিশীলতা এনে দিয়েছে। দেশের মৌলিক সমস্যা সমাধানের দিকে এগিয়ে চলেছে। মুদ্রাস্ফীতি ১৯৯১ সালে যেখানে ১৭ শতাংশ উঠেছিল, সেই মুদ্রাস্ফীতি ৬ শতাংশ কমে

এসেছে। এটা সারা বিশ্বে একটা সর্বকালীন রেকর্ড এবং যার মধ্যে দিয়ে একটা আদর্শ নীতি, একটা অর্থনৈতিক নীতি অবলম্বন করা হয়েছে এবং তাতে এই দুই বছরে দেশের বৈদেশিক মূলধন বিনিয়োগ ২৫ গুণ বৃদ্ধি পেয়েছে। আজকে ভারতবর্ষের সম্মান সারা পৃথিবীর কাছে উজ্জ্বল হয়ে উঠেছে। সারা পৃথিবীর দেশগুলি এখানে বিনিয়োগ করতে চাচ্ছে। আপনারা জানেন যে ব্রিটেনের প্রধানমন্ত্রী এখানে এসেছিলেন। তারপরে জার্মানির চ্যান্সেলর, হেলমুট কোল, এখানে এসেছিলেন। স্পেনের প্রধানমন্ত্রী ফিলিপোগঞ্জা এখানে এসেছিলেন। আমাদের প্রধানমন্ত্রী ফ্রান্সে গিয়েছিলেন। সারা পৃথিবীর কাছে তিনি কত সম্মান পেয়েছেন। এটা ৮৫ কোটি মানুষের দেশ। প্রতিটি মানুষ দেখছে যে এই দেশ তার নিজের সমস্যা নিজেই সমাধান করছে। পাঞ্জাবে ১০ বছর ধরে যে আগুন জ্বলছিল, সেটা আজকে নিয়ন্ত্রণে আনা হয়েছে। পাঞ্জাবে একটা খুন না হয়ে পঞ্চায়েতের নির্বাচন হয়েছে। কাজেই এটা প্রমাণ করে যে পাঞ্জাবে স্বাভাবিক অবস্থা ফিরে আসছে। আসামের আন্দোলনে মানুষ মারা যাচ্ছে না। সেখানে আজকে শান্তি ফিরে এসেছে। বোরোল্যান্ডের আন্দোলন নিয়ন্ত্রণ করা হয়েছে। একমাত্র কাশ্মীরে পাকিস্থানের মদতে অশান্তি চলছে। একটা রাজনৈতিক প্রক্রিয়ায় এটা শুরু করা হয়েছে। বোম্বে সাম্প্রতিককালে যে বিস্ফোরণ হয়েছে, অনেকে ভেবেছিলেন যে ভারতবর্ষে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা ছড়িয়ে পড়বে। কিন্তু মহারাষ্ট্র সরকার সেখানকার পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছেন। এটা ঠিক যে সাম্প্রদায়িক দাঙ্গায়. কিছু লোকের প্রাণ গেছে। এই ঘটনা খুবই দুঃখজনক যে গান্ধীজীর দেশে এই রকম সাম্প্রদায়িক দাঙ্গায় মানুষ মারা গেছে।

[12-20 — 12-30 p.m.]

আজকে কেন্দ্রীয় সরকার বলিষ্ঠভাবে সাম্প্রদায়িক শক্তির মোকাবিলা করেছেন। তারা বি. জে. পি. শাসিত ৪টি রাজ্য ভেঙে দিয়েছেন, সমস্ত সাম্প্রদায়িক দলকে নিষিদ্ধ ঘোষণা করেছেন। বিশেষ এক সাম্প্রদায়িক শক্তি বিদেশি মদতে এখানে অস্থিতিশীলতার পরিস্থিতি সৃষ্টি করতে চাইছে। অ্যাকচুয়াল অ্যাসাসিনেশন দু-রকমের। একটা হচ্ছে রাজীব গান্ধী, ইন্দিরা গান্ধীকে হত্যা করা হয়েছে, এটা হল ক্যারেক্টার অ্যাসাসিনেশন, আর একটা হচ্ছে রাষ্ট্রে অস্থিতিশীলতার পরিস্থিতি সৃষ্টি করা। তৃতীয় বিশ্বের দেশগুলিকে সাম্রাজ্যবাদীরা চক্রান্ত করে ভেঙে দিতে চাইছে। আজকের কেন্দ্রীয় সরকার তাদের অর্থনীতির মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে, খাদ্য শস্যে স্বয়ংভর হয়েছে, বিদেশে খাদ্য রপ্তানি করছে, শিল্পে উন্নতির টার্ন নিয়েছে, পৃথিবীতে ভারতবর্ষের সম্মান বাড়ছে। সত্যিকারের যদি বামপন্থী থাকত তাহলে তারা সমর্থন করতেন। লেনিনকে অনুসরণ করা উচিত। এই পরিস্থিতিতে প্রতিক্রিয়া বিরোধী প্রগতি শক্তি বামপন্থী হয়ে দাঁড়ানো উচিত। বামপন্থীর নেতারা সেটা বোঝেন। সেইজন্য জ্যোতিবাবু বার বার বলেন কংগ্রেস ছাড়া উপায় নেই, কংগ্রেসকেই সমস্যার সমাধান করতে হবে, তাদের ৫ বছর থাকতে হবে। তিনি জানেন কংগ্রেসের বিকল্প বামপন্থীরা নন, বামপন্থীরা হচ্ছেন একটা কুয়োর ব্যাঙ, কয়েকটি জায়গায় টিকে আছে। ভারতবর্ষে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে নেতৃত্ব দিতে পারে একমাত্র কংগ্রেস, তাদের সেকেন্ডারি ভূমিকা থাকতে পারে। শাসক দলের বিধায়করা কেন্দ্রীয় সরকারের ২ বছর পূর্তি উপলক্ষে আনন্দ প্রকাশ করুন এবং ঘোষণা করুন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারকে সমর্থন করবেন। তবে বামপন্থী পরিস্ফুট হবে।

**শ্রী ননী কর :** স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে অভিনন্দন জানাচ্ছি এবং ধন্যবাদ জানাচ্ছি যে হাউসে আজকে কেন্দ্রীয় সরকারের দু-বছর পূর্তির বিষয়ে উল্লেখ করেছেন বলে। স্যার, আজকে কাগজে দেখলাম যে গতকালই ওদের পার্লামেন্টারি পার্টির সভা হয়েছে এবং সেই পার্টির সভায় ওদের একজন মেম্বার দুটি ব্যাগ হাতে করে ঢুকেছে। তার ছবি বেরিয়েছে। সেই সভাতে যে কজন প্রধানমন্ত্রী ২ বছর হওয়াতে উৎফুল্ল করে উৎসাহ প্রকাশ করার কথা বলেছেন তাদের সবাই—আমি কারও নাম করে বলতে চাই না কে কি করে—আপনি দেখবেন কোনও না কোনও সময় কোনও দুর্নীতির দায়ে মন্ত্রিসভা থেকে কংগ্রেস অপসরণ করেছে। আমার অবাক লাগছে শেষ পর্যন্ত দুর্নীতিতে কি করে জয়নাল আবেদিন সাহেব তার নিজের নামটা লেখালেন। যে সমস্ত ছবি বেরিয়েছে তারা কংগ্রেস থেকে অপসারিত হয়েছে বিভিন্ন সময় দুর্নীতি করতে গিয়ে। আজকে তাদের লাইন আছে। শেষ পর্যন্ত আজকে সভায় হঠাৎ উপায় নেই, ওরা ঐ কাজ করবেন। ওরা বি. জে. পি.-র সঙ্গে চুক্তি করেছেন পার্লামেন্টে। ওরা আবার বলছেন নরসিমা রাওয়ের প্রশংসা করবেন। ওরা শুধু মন্দির ভাঙেন নি, মসজিদ ভাঙেন নি, অনেক কিছুই ভেঙেছেন। সত্যি কথাটা ভেঙেছেন। স্যার, আপনি জানেন, আপনি স্পিকার, অনিলবাবু ডেপুটি স্পিকার ওদের আপত্তি সত্ত্বেও হয়েছেন। পার্লামেন্টের স্পিকার ওদের দলের, আর ডেপুটি স্পিকার বি. জে. পি.-র। এই ব্যাপারটা স্যার, এমনি এমনি হয়নি। এমনকি অপোজিশন থেকে ভাগাভাগি করে পি. এ. সি.-র চেয়ারম্যান হয়। সেখানে শুধুমাত্র বি. জে. পি.-কে খুশি রাখবার জন্য দেখলাম, প্রথমবার বি. জে. পি. থেকে চেয়ারম্যান করা হল, এবারেও চেয়ারম্যান করা হল বি. জে. পি. থেকে। বি. জে. পি.-র সঙ্গে ওদের সম্পর্কের কথা সকলেই জানেন। এই দু' বছর আমাদের কাছে কালোদিন। গোটা পৃথিবীর কাছে আমাদের এই কালোদিনগুলো ফুটে উঠেছে। দু'বছর এই দল ক্ষমতায় আছে, কত দ্রুত এই নরসিমা রাওয়ের সরকার চলে যাবে তারজন্য আমরা তাকিয়ে আছি। কাজেই প্রস্তাবটা এইভাবে আসা উচিত যে নরসিমাকে পদত্যাগ করতে হবে আমাদের সম্মান বজায় রাখার জন্য। সেজন্যই আমরা অপেক্ষা করে আসছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় এই বেঞ্চ থেকে কেন্দ্রে নরসিমা রাওয়ের দু'বছর পূর্তি উপলক্ষ্যে আনন্দ জ্ঞাপন করার কথা বলছে। এটা সত্যি কথা, সারা ভারতবর্ষের মানুষের যেখানে নরসিমা রাওয়ের এই দু বছরের শাসনে তাদের চোখের জল ঝরছে, তখন আনন্দ উৎসবের কথা বলছেন। এই কন্ট্রাস্টটা খুব ভাল। কারণ এই সরকার ক্ষমতায় আসার আগে দেশের মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিল যে ক্ষমতায় আসার এক বছরের মধ্যে জিনিসপত্রের দাম কমবে, প্রতি বছর দশ লক্ষ বেকারের চাকুরি হবে। তারা ক্ষমতায় আসার পর কি ভাবে সেই প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন তা মানুষ জানে। তাদের বিদায় নীতি নিয়ে, উদার অর্থনীতি গোটা ভারতবর্ষকে যে ভাবে দেউলিয়া করে দিয়েছে, আই. এম. এফ. ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যে ভাবে দেশকে বিকিয়ে দিচ্ছে তারজন্য আজকে জনজীবন বিপর্যস্ত। আই. এম. এফের চাপে আজকে জনকল্যাণমূলক কাজে রেশনিংয়ের ভর্তুকি তুলে দেবার ব্যবস্থা করছে। চিনি, চাল ও গমের দাম বেড়েছে। পেট্রোল, ডিজেল এবং কয়লার দাম বেড়েছে। তারফলে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। রেলের মাসুল

বেড়েছে, সাধারণ মানুষের উপরে ১৮০০ কোটি ট্যাকর বাড়তি মাসুল চাপিয়ে দিয়েছে। একদিকে আর্থিক শোষণ, অত্যাচার নামিয়ে এনেছে, অপরদিকে বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর থেকে ভর্তুকি তুলে দিচ্ছে। সারের উপর থেকে ভর্তুকি তুলে দিয়ে কৃষকের উপরে আক্রমণ নামিয়ে এনেছে। আর একদিকে হাজার হাজার কোটি টাকার শেয়ার কেলেঙ্কারির যে ঘটনা তা দেশের মানুষ সকলেই জানেন। স্বভাবতই এত ভাল কাজ করেছেন যে তাতে চব্বিশ মাসের পূর্তি উৎসব, আনন্দোৎসব পালন করবে, এতে আর আশ্চর্যের কি আছে। সর্বশেষে তাদের বিরুদ্ধে যে অভিযোগ, শেয়ার কেলেঙ্কারির যে নায়ক, হর্ষদ মেহেতা, সে এক কোটি টাকা নগদ প্রধানমন্ত্রীকে দিয়েছে। গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি বিন্দুমাত্র আস্থা থাকলে এই ধরনের বিতর্কের অবসান ঘটাতে—গণতান্ত্রিক মূল্যবোধকে অনুসরণ করে এই রকম ঘটনায় পৃথিবীর যে কোনও দেশের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে এই ধরনের অভিযোগ আসলে পদত্যাগ করতেন—যতক্ষণ পর্যন্ত ঐ অভিযোগ অসত্য বলে প্রমাণিত না হয়, ততক্ষণ পর্যন্ত তিনি পদত্যাগ করুন। গণতান্ত্রিক রীতি মেনে তার পদত্যাগ করা উচিত। সেজন্য আমরা দাবি জানিয়েছি, নরসিমা রাও পদত্যাগ করুন। গোটা বিষয়টির তদন্ত হোক। সমস্ত মন্ত্রীদের বিরুদ্ধে, বর্তমান এবং প্রাক্তন সমস্ত মন্ত্রীদের বিরুদ্ধে—স্বনামে এবং বেনামে কি আছে তার তদন্ত হোক। সত্য উদ্ঘাটিত হোক। জনস্বার্থে আমরা এটা দাবি করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের নরসিমা রাও সরকারের দু'বছর পূর্তি উৎসবের জন্য আমাদের বিরোধীদলের নেতা এখানে প্রস্তাব উত্থাপন করেছেন। আমি বিরোধীদলের বন্ধুদের একটা জিনিস বলব। দেশ স্বাধীন হওয়ার সময় থেকে প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর আমল থেকে নরসিমা রাও সময়কাল পর্যন্ত যত প্রধানমন্ত্রী ভারতবর্ষে এসেছে এবং প্রধানমন্ত্রিত্ব করেছে তার মধ্যে গত দুই বছরে ভারতবর্ষের বুকে যে সমস্ত ঘটনা ঘটেছে তাতে ভারতবর্ষের সংবিধান ভুলুণ্ঠিত হয়েছে, ভারতবর্ষের সংবিধানের পবিত্রতা ধ্বংস হয়েছে। ভারতবর্ষের সংবিধানের তিনটি ধারা, গণতন্ত্র, জোট নিরপেক্ষতা, ধর্ম নিরপেক্ষতা। এই তিনটি জিনিসের উপর ভারতবর্ষের সংবিধান দাঁড়িয়ে। ভারতবর্ষের গণতন্ত্র রাজীব গান্ধীর আমলেই শেষ হয়ে গেছে, আর ধর্মনিরপেক্ষতা গত ৬ই ডিসেম্বরের ঘটনার পরই শেষ হয়ে গেছে। আমাদের ধর্মনিরপেক্ষতা আজকে ভুলুণ্ঠিত হয়ে গেছে, ভেঙ্গে টুকরো টুকরো হয়ে গেছে। কংগ্রেসিরা যারা মহাত্মা গান্ধীর নাম উচ্চারণ করেন, সেই গুজরাটে আজকে দাঙ্গায় বেশ কিছু লোকের জীবনহানি হয়েছে। ৬ই ডিসেম্বরের ঘটনা সারা দেশে যে দাঙ্গা সৃষ্টি করেছে তা আর বলার দরকার নেই। ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে জাতীয় পর্ষদের মিটিঙে সমস্ত রকম ক্ষমতা এই ব্যাপারে দেওয়া হয়েছিল, সেই ক্ষমতায় তিনি অপব্যবহার করেছেন। তিনি জ্ঞানপাপী। আজকে এতবড় ঘটনার সুযোগ তিনি দিয়েছেন। আজকে ভারতবর্ষের কোনও প্রধানমন্ত্রীর শেয়ার কেলেঙ্কারির অভিযোগ ওঠেনি। শেয়ার কেলেঙ্কারির মূল অভিযুক্ত হর্ষদ মেহেতা আজকে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে ঘুষের অভিযোগ এনেছে। আজকে নৈতিকতাই যদি ওদের বিন্দুমাত্র বিশ্বাস থাকে তাহলে প্রধানমন্ত্রীর পদত্যাগ করা উচিত।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাক্তার জয়নাল আবেদিন পি. ভি. নরসিমা রাও সরকারের দু'বর্ষ পূর্তি উৎসব উপলক্ষ্যে কয়েকটি কথা বলার পরিপ্রেক্ষিতে সরকার পক্ষের মাননীয় সদস্য রবীন মন্ডল এবং রবীন দেব মহাশয় বামফ্রন্ট সরকারের

রেকর্ডের কথা উল্লেখ করলেন। ওদের স্মৃতিশক্তি হয়ত খুবই কম, তাই পুরোনো রেকর্ড থেকেই বাজালেন আধখানা। বিধানচন্দ্র রায় ১৪ বছরের মুখ্যমন্ত্রিত্বকালে ডি. পি. এল., দুর্গাপুর স্টিল, প্লান্ট, সি. এস. টি. সি. ব্যান্ডেল থার্মাল পাওয়ার স্টেশন, হলদিয়া প্রকল্প তৈরি করার চেষ্টা করেন এবং আরও অনেক কিছু প্রকল্প আছে। আর আমাদের মুখ্যমন্ত্রী যিনি ১৬ বছর ক্ষমতায় থাকার রেকর্ড করেছেন, তিনি দুর্নীতিরও অনেক রেকর্ড করেছেন। এর আগে পশ্চিমবাংলার কোনও মুখ্যমন্ত্রীর আত্মীয়স্বজনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসেনি। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর আত্মীয়স্বজনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে। তিনি অনাবাসী শিল্পপতি নিয়োগ করার নাম করে প্রত্যেকবার বিদেশ ভ্রমণ করে এসেছেন। মুখ্যমন্ত্রী জ্যোতি বসু আজকে বলতে পারবেন যে একটা শিল্প কারখানা অনাবাসীরা তৈরি করেছেন। একটা শিল্প কারখানা নতুন ভাবে তৈরি হয়েছে। তিনি একটা কথায় বলতে পারবেন একটা ইস্টার্ন বিস্কুট কোম্পানি তৈরি করেছেন। আজকে কমরেডদের দিয়ে সরকার চলতে পারে না।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে কেন্দ্রের নরসিমা রাও সরকারের দু'বছর পূর্তি উপলক্ষ্যে এখানে বিরোধীদলের বন্ধুরা যে ভাবে আনন্দ প্রকাশ করছেন তাতে ভারতবর্ষের ৮৫ কোটি লোকের কাছে একটা লজ্জার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এখানে রাজনীতির কথা অনেকেই বলেছেন, বেসরকারিকরণ, ডাঙ্কেল প্রস্তাব ইত্যাদি নিয়েও অনেক কথা হয়েছে, আমি সেই আলোচনায় যাচ্ছি না। আজকে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, রাজনীতি কোথায় যেতে পারে, মর‍্যালিটি কোথায় যেতে পারে বা রাজনীতি কত নিচে নামতে পারে তারই প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে এই নরসিমা রাও সরকার। এই সরকারের যদি এতটুকু গণতান্ত্রিক মূল্যবোধ থাকে তাহলে পদত্যাগ করুন এবং এখন একজন অস্থায়ী প্রধানমন্ত্রী আসুন, যদি এই বিতর্কে বা মামলায় বর্তমান প্রধানমন্ত্রীর পক্ষে রায় হয় তাহলে আবার তিনি প্রধানমন্ত্রী হোন। এইটুকু গণতান্ত্রিক মূল্যবোধ নরসিমা রাও সরকারের থাকা উচিত। আজকে রাজনীতিতে যে চরম অবমূল্যায়ন ঘটেছে, চরম নীতিহীনতা চলছে তাতে ৮৫ কোটি ভারতবাসীর আজকে সোচ্চার প্রতিবাদ করা ছাড়া উপায় নেই। আমি তাই অবিলম্বে কেন্দ্রের নরসিমা রাও সরকারের পদত্যাগ দাবি করছি এবং বলছি যে কেন্দ্রে এখন একজন অস্থায়ী প্রধানমন্ত্রী হোন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে সরকারি দলের তরফ থেকে অভিযোগ আনা হয়েছে যে বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়ে নরসিমা রাও সরকার দেশের রাজনীতিতে এই বাতাবরণ বা এই পরিস্থিতির সৃষ্টি করেছেন। স্যার, প্রসঙ্গে প্রথমেই যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, আপনারা জানেন, খুব শীঘ্রই ভারতবর্ষের ৪টি রাজ্যে নির্বাচন হচ্ছে। এই ৪টি রাজ্যের নির্বাচন বি. জে. পি.-র বিরুদ্ধে ভারতবর্ষে যে দলকে লড়তে হবে সেই দলটি হচ্ছে ভারতবর্ষের জাতীয় কংগ্রেস দল, সেই দলটি সি. পি. এম. নয়। বি. জে. পি.-কে সর্বভারতীয় স্তরে প্রতিহত করতে পারে কেবলমাত্র কংগ্রস দল। এই বোধটুকু সি. পি. এমের বিধায়কদের উপলব্ধিতে কেন্দ্র আসছে না তা আমি বুঝতে পারছি না। স্যার,

আমরা জানি যে গত ১৬ বছর ধরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে এখানে গণতন্ত্রের উপর বলাৎকার হয়েছে, এখানে গণতন্ত্র ধর্ষিত হয়েছে এবং একদলীয় শাসনব্যবস্থা এখানে কায়েম করা হয়েছে। এখানে সি. পি. এম. টোটাল ডেমোক্র্যাটিক নর্মসকে বা সিস্টেমকে ধ্বংস করেছে। আমরা সেই রাজীব গান্ধীর আমল থেকে নরসিমা রাও-এর আমল পর্যন্ত দিল্লিকে বারবার একথাটা বোঝাতে চেয়েছি কিন্তু জ্যোতিবাবুর সঙ্গে তাদের মেন একটা সম্পর্ক ছিল যে যখনই দিল্লিকে আমরা বোঝাতে যেতাম যে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলার অবনতি হচ্ছে, এখানে রাজ্য সরকার কোনও উদ্যোগ নিচ্ছেন না অমনি জ্যোতিবাবুর একটা করে ফোন দিল্লিতে যেত কখনও মমতার আন্দোলনকে স্তব্ধ করে দিতে আবার কখনও বা কংগ্রেসের কর্মসূচিকে বন্ধ করে দিতে। আমরা বারবার এ ব্যাপারে চেষ্টা করেছি। আজকে রাজেস পাইলট মহাশয় কলকাতায় এসেছেন, ১লা জুলাই চ্যবন আসছেন রাজ্যের মানুষদের অভিযোগের তদন্তে। স্যার, যেই চ্যবনের পশ্চিমবঙ্গ সফরের খবর কাগজে বেরিয়েছে তখন থেকেই আমরা দেখছি এরা পাগলের মতোন চিৎকার করতে আরম্ভ করেছেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অভিযোগ তুলে। এরা এমন করছেন যেন নরসিমা রাও সরকারকে পদত্যাগ করিয়েই ছাড়বেন। স্যার, একটা রাজ্য সরকার যার আপাদ মস্তক ডুবে আছে দুর্নীতিতে তারাই আবার নরসিমা রাও সরকারের পদত্যাগ দাবি করছেন। এই দাবি ওদের মুখে শোভা পায় না। আগে জ্যোতিবাবু পদত্যাগ করুন তারপর নরসিমা রাও সরকারকে পদত্যাগ করতে বলবেন—এটাই কাম্য।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন কেন্দ্রীয় সরকারের দু' বছর টিকে থাকাতে আনন্দ প্রকাশ করেছেন এবং এটা ঠিকই যে ভাবে এই সরকার গত দু' বছর টিকে আছে তাতে ওদের আনন্দ হওয়ারই কথা। গত দু' বছরে আমাদের দেশকে এমন কিছু অভিজ্ঞতার মুখোমুখি হতে হয়েছে যা অতীতে কখনও হ'তে হয়নি। এটা নিঃসন্দেহে এই সরকারের একটা কৃতিত্বটি ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকার বিদেশি ধার অতীতের কোনও সরকারের কৃতিত্বে নেই। ৪ লক্ষ কোটি টাকার অন্তঃ ঋণ। এটা অবশ্যই নরসিমা রাও-এর কৃতিত্ব। এই সরকারের অন্যতম কৃতিত্ব হচ্ছে কাগজে-কলমে ভারতের অর্থনীতিকে ডেবট ট্রাপে ফেলে দেওয়া। অর্থাৎ বিদেশ থেকে যে পরিমাণ টাকা আমরা আনছি সেই টাকা চলে যাচ্ছে বিগত ধারের সুদ শোধ করার জন্য। এই সরকারের আর একটা রেকর্ড—গত দু' বছরে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস হাইক করেছে, ১৬ হাজার কোটি টাকার জিনিসের দাম বাড়িয়েছে। এরকম নজির অতীতের কোনও সরকারের নেই। শেষে এই সরকার কৃতিত্ব দাবি করতে পারে যে, ওরা বেকারের সংখ্যাকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে গেছে এবং টাকার মূল্যকে ভারতবর্ষের স্বাধীনতার পর থেকে সর্ব নিম্ন পর্যায়ে পৌঁছে দিতে পেরেছে। এত সব কৃতিত্ব সত্ত্বেও এই সরকার টিকে আছে। এই সরকারের পেছনে মেজরিটি সদস্যের সমর্থন নেই। প্রকৃতপক্ষে এ এক এমনই ডিফেক্টিভ শিশু, যার নাকে আই. এম. এফ.-এর অক্সিজেনের নল, হাতে কমপিটেটিভ কমিউনালিজম-এর স্যালাইন। আর শোনা যাচ্ছে হর্ষদ মেহেতার পেথিডিনের দু' একটা ডোজ দিয়ে একে বাঁচিয়ে রাখা হয়েছে। মাননীয় ডাঃ জয়নাল আবেদিন কি একটু দয়া করে উত্তর দেবেন? আমি অযোধ্যায় বাবরি মসজিদ কে ভেঙেছে, না ভেঙেছে সে প্রশ্নের মধ্যে যাচ্ছি না। বি. জে. পি. আর. এস.

এস. সিঙ্ঘল পরিবারের ৩ লক্ষ মানুষ সেদিন অযোধ্যায় কি জন্য গিয়েছিল এবং সেদিন দেশের সংখ্যালঘু মানুষদের একজনও কি সেখানে অযোধ্যাকে রক্ষা করার জন্য গিয়েছিল? তাহলে তারা বাবরি মসজিদকে রক্ষা করার জন্য কাদের ওপর নির্ভর করেছিল? দেশের সংখ্যালঘু মানুষরা কাদের উপর নির্ভর করেছিল বাবরি মসজিদকে বাঁচাবার জন্য? তারা নিজেরা যাননি, আপনাদের উপর, সরকারের ওপর তারা নির্ভর করেছিলেন। কিন্তু আপনারা রক্ষা করতে পারেননি। তাহলে আজকে আপনারা মাথা নিচু করে তাদের কাছে ক্ষমা চান দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের কাছে আপনারা আপনাদের প্রতিশ্রুতি রক্ষা করতে পারেননি। কেন আপনারা আর. এস. এস. এবং বজরঙ দলের বিরুদ্ধে নিষেধাজ্ঞা নোটিশ জারি করেও উপযুক্ত তথ্য বাহারিণ ট্রাইব্যুনালের কাছে দিতে পারলেন না? যার জন্য ব্যান তুলে নেওয়া হ'ল। আজকে আপনারা হাবড়া লাইনের কথা বলছেন। দয়া করে কি জানাবেন চন্দ্রস্বামীকে দিয়ে অযোধ্যায় সোম যজ্ঞ করে বিশ্বহিন্দু পরিষদের রাম মন্দির প্রতিষ্ঠার দাবিকেই প্রতিষ্ঠিত করতে যাচ্ছেন কিনা? হ্যাঁ, এই দুপক্ষেও এই সরকারের একটা কৃতিত্ব।

আপনারা যদি প্রকৃত অর্থে সাম্প্রদায়িকতা মোকাবিলার ভূমিকা নিতেন, আমরা নিশ্চয়ই আপনাদের সমর্থন করতাম। কিন্তু আপনারা সে ভূমিকা নিলেন না। এখনও নিচ্ছেন না। এখানে সত্য বাপুলি আমাদের চ্যালেঞ্জ জানাচ্ছেন। কিন্তু আমরা জানি আমাদের দেশেরও রাজনীতি সত্য বাপুলির মতো নেতাদের কথায় চলে না এবং কংগ্রেস দলও চলে না। সাহস থাকলে নরসিমা রাও, এস. বি. চ্যবনরা বলুন না পার্লামেন্ট ভেঙে দিয়ে নির্বাচন হোক। এখানে আপনারা বললে কি হবে? আপনাদের কথায় কি এসে যায়। আপনাদের কেন্দ্রীয় নেতৃত্ব সাহস পাচ্ছে না নির্বাচনের কথা বলতে। সত্য বাপুলি, সাধন পান্ডেরা যতই বলুন না কেন, তাদের কেন্দ্রীয় নেতৃত্ব নির্বাচনে যাবেন না। যাই হোক, এই রকম একটা নীতিহীন পরিস্থিতির মধ্যে একটা নীতিহীন সরকার দু বছর ধরে টিকে আছে। অবশ্যই দেশে অনিশ্চয়তা আসুক, এটা কেউ চায় না। কিন্তু আমরা এই সরকারের দু' বছরের রাজত্বকালকে স্বাগত জানাতে পারছি না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দীর্ঘ সময় ধরে সকলের বক্তব্য শুনলাম। আমি তিনটি বিষয়ের উপর আমার বক্তব্য লিপিবদ্ধ রাখব।

[12-40 — 12-50 p.m.]

প্রথমে বলা হচ্ছে, কেন্দ্রের নরসিমহা সরকারের ২ বছর পূর্তি হয়েছে এবং সেই পূর্তির জন্য জয়নাল সাহেব থেকে আরম্ভ করে বিরোধীদলের সদস্যরা বলছেন এই ২ বছরে তিনি অসাধ্য সাধন করেছেন। কিন্তু গলাবাজি করে হার্ডফ্যাক্টস যা, তাকে ঢেকে দেওয়া যায় না। সেইজন্য আমি কতকগুলি সত্য, হার্ডফ্যাক্টস উল্লেখ করছি, যা আপনারা অস্বীকার করতে পারবেন না। কেন্দ্রীয় সরকারের ঋণের পরিমাণ এমন একটা জায়গায় এসে যাচ্ছে—বছরে যে পরিমাণ ঋণ পান, তার থেকে বেশি পরিমাণ টাকা ঐ ঋণের সুদ এবং আসলের জন্য দিতে হয়। একে বলে ডেট ট্রাপ। এটা অস্বীকার করতে পারবেন না। যতই নানারকম স্টাটিস্টিক্যাল জাগলারির ভিতর দিয়ে বলুন, যে প্রতিশ্রুতি নির্বাচনের আগে এই সরকার (কেন্দ্রীয় সরকার) দিয়েছিলেন ১০০ দিনের ভিতরে—আপনাদের ম্যানিফেস্টো দেখুন—যে

মূল্যমান সেই মূল্যমান নামিয়ে নিয়ে আসবেন। কিন্তু ঘটনা হচ্ছে, ১০০ দিন তো দূরের কথা, ১ বছরে ৩৬৫ দিন হয়, সেই ৩৬৫ দিনেও মূল্যমান কমেনি। পাইকারি দর ১৪.৭ পারসেন্ট বেড়েছে। তার মানে খুচরোর দর আরও অনেক বেশি বেড়েছে। এটা আপনারা অস্বীকার করতে পারবেন না। আপনারা দেশের লোককে বোঝাবার চেষ্টা করলেন, টাকার অবমূল্যায়নের ভিতর দিয়ে এক্সপোর্ট বাড়াবে। এক মাসে কত পারসেন্ট বেড়েছে বললে হবে না, এটা দেখতে হবে ওভার দি ইয়ার। যে বৎসরটা শেষ হল—কেন্দ্রীয় সরকারের রিপোর্ট পড়ে দেখেন—সেখানে বলছে এক্সপোর্ট বেড়েছে মাত্র ৩.৪ ভাগ আর ইমপোর্ট বেড়েছে ২০ ভাগ। অর্থাৎ অ্যাডভার্স ব্যালেন্স অফ ট্রেড হয়ে যাচ্ছে। যেটা আগের বছরে ছিল ১০ হাজার কোটি টাকা, সেটা ২১ হাজার কোটি টাকা হয়েছে। এটা কেউই অস্বীকার করতে পারবেন না। ঐ যে আপনারা বললেন ১০ লক্ষ মানুষের কর্মসংস্থান করবেন, কি করেছেন? একজিট পলিসি—আপনাদের প্রভু ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডার তারা আপনাদের নাড়ি টিপে বুঝেছে। আমাদের মূল সমস্যা হচ্ছে, প্রত্যেক কলকারখানায়, দপ্তরে-দপ্তরে, ব্যাঙ্কে, ইন্সুরেন্সে প্রয়োজনের অতিরিক্ত লোক আছে। অতএব সেখানে লিস্ট করে সব কিছু দিয়ে তাদের বিদায় কর—এরই নাম বিদায় নীতি। আপনাদের জন্যই আজকে বেকার সমস্যা বাড়ছে। মুখে আপনারা যাই বলুন, যে খাঁড়া আমাদের ঝুলছে এরজন্য ১৯৯১ সালে সারা ভারতবর্ষে শিল্প ধর্মঘট হয়েছে, আবার ১৯৯২ সালের ১৬ই জুন তারিখে শিল্প ধর্মঘট হয়েছে। আপনারা কি বলবেন জানি না—কিন্তু বাস্তব জীবনের যে সমস্যা, সেই সমস্যা তারা অনুভব করেছেন এবং অনুভব করেছেন বলেই আগামী ৯ সেপ্টেম্বর দেখবেন সারা ভারতবর্ষে সেই জিনিস হতে যাচ্ছে। সেইজন্য এক কথায় বলছি, ভারতবর্ষের অর্থনীতিকে আপনারা সর্বনাশের শেষ প্রান্তে এনে দাঁড় করিয়েছেন, একথা আপনারা স্বীকার করুন বা নাই করুন। আমার সাথে অনেক চেম্বার অফ কমার্সের অনেকের আলাপ আছে। আপনারা ইকনমিক টাইমস পড়ুন, এখন টাটাও ফিল করছে, ইমপোর্ট যেভাবে হচ্ছে—স্টিল ইমপোর্ট—তাতে টাটাও ভীত সন্ত্রস্ত।

আমি দেখতে পেয়েছি যে, আপনারা গ্লোবালাইজেশন এবং লিবারালাইজেশন ওপেন করবার কথা বলেছেন। এতে আগে এই রাজ্যে যতটুকু শিল্প গড়ে উঠেছিল এবং যাতে আড়াই লক্ষ মজুর যুক্ত সেই শিল্পগুলি আজকে বন্ধ হতে চলেছে। এখন তার চেয়েও বড় সমস্যা হবে, যে নীতি তারা নিয়েছেন তাতে কমপিটিশনে দাঁড়াতে পারবেন না। এটা বাস্তব সত্য। আজকে টেলকোর কি অবস্থা হয়েছে দেখুন। একটু বুঝবার চেষ্টা করুন। সেজন্যই আমরা বলছি, এটা হচ্ছে নির্মম বাস্তব সত্য। শুধু তাই নয়, সবচেয়ে বড় ঘটনা হল, গত বছর যখন সারা ভারতবর্ষে ঘটা করে '৪২ সালের স্বাধীনতা সংগ্রামের সুবর্ণজয়ন্তী পালন করা হচ্ছিল সেই সময় ভারতবর্ষের সার্বভৌমত্ব ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে ঋণের দায়ে বিকিয়ে দেওয়া হয়েছে। শুধু সোনা নয়, ভারতবর্ষের স্বাধীনতা, সার্বভৌমত্ব তারা বিকিয়ে দিয়েছেন। শুধু তাই নয়, এর থেকেও বড় কলঙ্কের ব্যাপার হল—দুটি পেট্রোলিয়াম কোম্পানি, এস. এ. আই. এল. এবং এইচ. এম. টি.-র ইক্যুইটি শেয়ার বিক্রি। বাজারে যার মূল্য ১০ হাজার কোটি টাকা, সেটা ৩ হাজার ২৫ কোটি টাকায় বিক্রি করার অধিকার কে দিয়েছে তাদের? এই জিনিস হয়েছে অর্থনীতির দিক থেকে। আজকে লজ্জা যদি থাকত তাহলে মাথা হেট

করে থাকতেন। একটা স্বাধীন দেশ, কিন্তু নিজেদের স্বার্থে বাজেট রচনা করবার ক্ষমতা নেই। খালি প্রভুদের দিকে তাকিয়ে থেকে তাদের দ্বারা বাজেট অনুমোদিত হলে তবেই প্ল্যানিং। দেশকে এইরকম একটা কন্ডিশনালিটির ভেতর দাঁড় করিয়েছেন। আজকে বড় বড় কথা বলে লাভ নেই। এটা স্বীকার করতে হবে যে, গত সাত বছর ধরে—ডাটা বলছে—খাদ্য উৎপাদন ১৭ কোটি টন থেকে ১৮ কোটি টনের ভেতর ওঠা-নামা করছে, অপরদিকে বলা হচ্ছে খাদ্য উৎপাদনে সবুজ বিপ্লব এসেছে। আর আমাদের এই সরকার সেটা এখানে করে দেখিয়েছেন। এটা বাস্তব ঘটনা। আজকে অস্বীকার করতে পারেন, খবরের কাগজেও বেরিয়েছে, রাজস্থানের বিরাট এলাকা, মধ্যপ্রদেশ, ওড়িষ্যার কালাহান্ডিই নয়, বিহারের পালামৌ ছোটনাগপুর থেকে আরম্ভ করে মহারাষ্ট্রে পর্যন্ত দুর্ভিক্ষাবস্থা চলছে? ঠিক সেই সময় মানুষের জন্য যে রেশন সেটা তুলে দেওয়া হচ্ছে। এগুলো হচ্ছে নির্মম বাস্তব। চাল ও গম যেটা গরিব মানুষের কাছে সবচেয়ে প্রয়োজনীয় জিনিস তার দর যথাক্রমে ২৮ পারসেন্ট এবং ৪৮ পারসেন্ট বাড়িয়েছেন এটা অস্বীকার করতে পারেন? কাজেই আজকে বড় বড় কথা বলে লাভ নেই। আমি জিজ্ঞাসা করি, ১৯৪১ সালে যে বাবরি মসজিদে তালা মেরে দেওয়া হয়েছিল সেই তালা কারা খুলেছিল? জওহরলাল নেহেরুর কথায়, বল্লবভাই প্যাটেলের কথায়, গোবিন্দবল্লভ পন্থের কথায় যে তালা বন্ধ হয়েছিল ১৯৪৯ সালে সেই তালা ৩৭ বছর পর ফৈজাবাদ কোর্টের রায়ে কারা খুলে দিয়েছিলেন? সাহাবানু মামলার রায়ের বিরুদ্ধে মৌলবাদিদের স্বার্থে কারা সংবিধান সংশোধন করেছিল? আজকে এর দায় আপনারা অস্বীকার করতে পারবেন? সেখানে শিলান্যাস কারা করেছিল? কে বুটা সিংকে নিয়ে গিয়ে মাচানবাবার আশীর্বাদ নিয়ে ওখানে শিল্যানাস করে নির্বাচনের কাজ আরম্ভ করেছিল? ১৯৯২ সালের ১৫ই আগস্টের দিন দিল্লির লালকেল্লা থেকে দেশবাসীর উদ্দেশ্য কি বলা হয়েছিল?

[12-50 — 1-45 p.m.] Including Adjournment

দিল্লির লালকেল্লা থেকে গত বছর ১৫ই আগস্টে দেশবাসীর উদ্দেশ্যে বাবরি মসজিদকে রক্ষা করবেন বলে গোটা দেশের কাছে আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু কি করেছিলেন? আপনারা না জানেন, এটা সারা পৃথিবীর মানুষ জানে। যখন বি. বি. সি. থেকে তাকে প্রশ্ন করেছিল, ১১।। সময়ে আপনি যখন জানলেন যে মসজিদ ভাঙ্গা হচ্ছে, তারপরে কি স্টেপ নিয়েছিলেন? কোনও স্টেপ নেওয়া হয়নি। শুধু এর সঙ্গে ওর সঙ্গে কথা বলা হয়েছে। সেজন্য মনে রাখতে হবে যে এই সব জিনিস রয়েছে। কাঁচের ঘরে বাস করে অন্যের ঘরে ঢিল মারার আগে নিজেদের আত্মসমালোচনা করে দেখুন। আজকে শুধু এটা ওটা নয়। আজকে আমার তিনটা পরিষ্কার কথা হচ্ছে, যে সরকারের ২ বছর পূর্তির জন্য ছোটবড় কথা বলছেন, তার চেয়ে অনেক বড় কথা হচ্ছে দেশের অর্থনীতি। পন্ডিত নেহেরুর সময় থেকে আরম্ভ করে যা কিছু নীতি সমস্ত কিছু জলাঞ্জলি দিয়ে আজকে দেশকে ঋণের দায়ে জড়িয়ে ফেলা হয়েছে। আজকে এমন একটা জায়গায় নিয়ে গেছেন যে ঋণের দায়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আন্তর্জাতিক অর্থ ভান্ডারের হুকুম অনুযায়ী দেশের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে দেশকে ডুবিয়েছেন, দেশের অর্থনীতিকে ডুবিয়েছেন এবং সঙ্গে সঙ্গে নিজেদের স্বাধীনতাকেও নষ্ট করেছেন। আমি সরাসরি জিজ্ঞাসা করতে চাই যে ভিন্দ্রেনওয়ালাকে কে সৃষ্টি করেছিল? আমি জানি, আমার ৮৩ বছর বয়স হয়েছে, তখন আপনি জন্মান নি। কে ভিন্দ্রেনওয়ালাকে তৈরি করেছিল

বিভিন্ন জায়গায়? এই সব জিনিস মনে রাখতে হবে। আর অন্য দিকে দেখুন, ২ বছরের জন্য বড় বড় কথা বলছেন। কিন্তু যে রাজ্যে বসে আছেন, যে রাজ্যের বিধানসভায় বসে আছেন, সেই রাজ্য সরকার ১৬ বছর পূর্ণ করে ১৭ বছরে পদার্পণ করল এবং এই ভারতবর্ষের মাঝখানে দাঁড়িয়ে—এটা অস্বীকার করতে পারেন না। কেন্দ্রীয় সরকারের কথা বলছেন? ধর্ম পরিকল্পনায় আমলে খাদ্য উৎপাদনের ক্ষেত্রে, কৃষির অগ্রগতির ক্ষেত্রে আমাদের স্থান সর্বোচ্চ ৩৪ পারসেন্ট। তারপরে হরিয়ানা, তারপরে পাঞ্জাব, এটা অস্বীকার করতে পারবেন না। এই রকম সমস্ত ঘটনা আছে। আজও এই সমস্ত নীতি সত্ত্বেও ভারতবর্ষের মধ্যে কলকাতা শহরে সবচেয়ে সস্তায় খাবার পাওয়া যায়। আপনারা এখানে সাম্প্রদায়িকতার কথাই বলুন, আর এখানকার যাই কিছু বলুন, আজও এখানে মানুষ অনেক বেশি নিশ্চিন্তে রয়েছে। একথা অনেক বড় বড় লোকও স্বীকার করেন। কাজেই আমার কথা হচ্ছে যে আপনারা যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যর কোনও সারাংশ নেই। আজকে যেখানে দেশের অগণিত মানুষ তাদের জীবনের মর্মান্তিক অভিজতা থেকে যে সরকারকে প্রতিনিয়ত অভিশাপ দিচ্ছে যে সরকারের পতনের জন্য, আজকে শ্রমিক, কৃষক, শতকরা ৯৫ ভাগ মানুষ তারা ঐক্যবদ্ধ হয়ে সংগ্রামে এগিয়ে এসেছে, সেখানে আপনারা নিজেরা দুই হাত তুলে নাচুন, কিন্তু দেশবাসী আপনাদের সঙ্গে দুই হাত তুলে নাচতে পারবে না। এই সরকারের সংগ্রাম গড়ে তোলাই আজকের দিনে সবচেয়ে বড় কর্তব্য।

(At this stage the House was adjourned till 1-45 p.m.)

(After cecess)

[1-45 — 1-55 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT DEMAND NO. 69 & 72

**The Budget Speech of Dr. Sankar Sen on Demand No. - 69 were taken as read**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, "২৮০১—বিদ্যুৎ", "৪৮০১—বিদ্যুৎ প্রকল্পে মূলধন বিনিয়োগ", "৬৮০১—বিদ্যুৎ প্রকল্পের জন্য ঋণ" এবং "৬৮৬০—ভোগ্য শিল্পের জন্য ঋণ" সংক্রান্ত মুখ্যখাতে সামগ্রিক ব্যয় নির্বাহের বাবদ ১৮০,০০,০০,০০০ (একশ আশি কোটি) টাকা ব্যয়-বরাদ্দ মঞ্জুর করা হোক। এই দাবির মধ্যে আছে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও ডি. পি. এল.-কে প্রদেয় ঋণ, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে বিনিয়োগের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প রূপায়ণে সমানুপাতিক হারে অংশগ্রহণ এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদকে গ্রামীণ বৈদ্যুতিকীকরণের জন্য প্রদেয় ভরতুকি ও 'লোকদীপ' প্রকল্পের জন্য অনুদান। কেন্দ্রীয় সরকার প্রবর্তিত আন্তঃরাজ্য ট্রান্সমিশন লাইন প্রকল্পও এই দাবির অন্তর্গত। এই দাবির মধ্যে "ভোট-অন-অ্যাকাউন্টে" ইতিমধ্যে বরাদ্দকৃত ৯০,০০,০০,০০০ (নব্বই কোটি) টাকা ধরা হয়েছে।

## ২। রাজ্যে বিদ্যুতের চিত্রপট

আমার গত বছরের বাজেট বক্তৃতার পর থেকে বিদ্যুৎ উৎপাদন পরিস্থিতির ক্ষেত্রে পশ্চিমবঙ্গে যে পরিবর্তন এসেছে তার মূল বৈশিষ্ট্যগুলি নিচে দেওয়া হ'ল।

### ২.১। উৎপাদন ক্ষমতার সদ্ব্যবহার

বিদ্যুতের ক্ষেত্রে এই রাজ্য এবং সমগ্র দেশ জুড়ে সম্পদ সংগ্রহের ব্যাপারে গুরুতর অপ্রতুলতার কথা মনে রেখে আমরা বর্তমানে উৎপাদন ক্ষমতার সর্বাধিক সদ্ব্যবহারের জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। সেই সাথে নবীকরণ ও আধুনিকীকরণের রূপায়ণের কাজ চলছে, যার মধ্যে রয়েছে বর্তমান বিদ্যুৎ কেন্দ্রগুলির প্লান্ট এবং মেশিনারির আয়ুষ্কাল বৃদ্ধির উদ্দেশ্যে অবশিষ্ট আয়ুষ্কাল নির্ণয়ের জন্য সমীক্ষার কাজ। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে রাজ্যের কয়েকটি বিদ্যুৎ কেন্দ্র যথা ব্যান্ডেল এবং দুর্গাপুর ইতিমধ্যেই ৩০/৩৫ বছর ধরে চলছে।

(ক) এই সকল প্রচেষ্টার ফলশ্রুতি হিসাবে বর্তমান বিদ্যুৎ কেন্দ্রগুলি থেকে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য লাভ করা গেছে। নিচের সারণিতে বর্ণিত বিভিন্ন সংস্থায় ১৯৯২-৯৩ সালে উৎপাদিত বিদ্যুতের পরিমাণের সঙ্গে পূর্ববর্তী বছরগুলিতে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ তুলনা করলে এই সাফল্যের চিত্রটি সুস্পষ্ট হবে।

(বিদ্যুৎ উৎপাদন মিলিয়ন ইউনিট হিসাবে)

| সংস্থা | ১৯৯০-৯১ | ১৯৯১-৯২ | '৯১-'৯২ (এপ্রিল '৯১ থেকে জানুয়ারি '৯২) | '৯২-'৯৩ (এপ্রিল '৯২ থেকে জানুয়ারি '৯৩) |
|---|---|---|---|---|
| রাজ্য বিদ্যুৎ পর্ষদ | ২,৭৩৬ | ২,৮৫৩ | ২,২৫৪ | ২,২৯৯* |
| পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম | ২,৪৮৩ | ৩,৯০০ | ৩,২০৯ | ৩,৫৮৯ |
| ডি. পি. এল. | ৮৩২ | ৬০৯ | ৫৫০ | ৭৬৩ |
| সি. ই. এস. সি. | ২,৭১৯ | ৩,১০৩ | ২,৬০১ | ২,৯২৬ |
| | ৮,৭৭০ | ১০,৪৬৫ | ৮,৬১৪ | ৯,৫৭৭ |

*ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিট বাদে এই ইউনিটটি ১৯৯২-এর মার্চ মাস থেকে বন্ধ ছিল।

মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, ব্যান্ডেলের ২১০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৫নং ইউনিটটি জেনারেটর ট্রান্সফরমার বিকল হয়ে যাওয়ার দরুণ ২৫শে মার্চ ১৯৯২ থেকে চালু না থাকা সত্ত্বেও এই বছরে বিদ্যুতের উৎপাদন বেড়েছে। এই ট্রান্সফরমারটি স্থানীয়ভাবে সারানো সম্ভব না হওয়ায় 'ভেলের' ভূপালের কারখানায় মেরামতির জন্য পাঠাতে হয়েছিল। যাই হোক, এই ইউনিটটি মেরামতি এবং রক্ষণাবেক্ষণের পর ১৯৯৩-এর ফেব্রুয়ারিতে পুনরায় চালু করা হয়েছে। ব্যান্ডেলের ৫নং ইউনিটে ১৯৯১ সালের এপ্রিল থেকে ১৯৯২ সালের জানুয়ারি পর্যন্ত মোট উৎপাদিত ৮৬৮ মিলিয়ন ইউনিটের ঘাটতি সাঁওতালদি, কোলাঘাট এবং

ডি. পি. এল.-এর বিদ্যুৎ কেন্দ্রগুলি থেকে অতিরিক্ত উৎপাদনের ফলে মেটানো গেছে। সাঁওতালদি বিদ্যুৎ কেন্দ্রে বর্তমান বছরে (১৯৯২-এর এপ্রিল থেকে ১৯৯৩-এর ফেব্রুয়ারি পর্যন্ত) উৎপাদন ১,৩৫০ মিলিয়ন ইউনিটে পৌঁছেছে। গত বছরের উপরোক্ত সময়ে এই উৎপাদনের পরিমাণ ছিল ৫৮৬ মিলিয়ন ইউনিট। সাঁওতালদি কেন্দ্রের কাজকর্ম বিশেষ উল্লেখের দাবি রাখে। কারণ এখানে বেশ কয়েক বছর বাদে তিনটি ইউনিট একই সাথে চলছে এবং ১৯৯২-এর জুলাই থেকে নিয়মিতভাবে বিদ্যুৎ উৎপাদন করে চলেছে। এই সুযোগে আমি পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের সমস্ত কর্মী, অফিসার এবং ইঞ্জিনিয়ারদের তাদের উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য অভিনন্দন জানাই। অন্য দুটি সরকারি বিদ্যুৎ সংস্থা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং ডি. পি. এল.-এর কাজকর্মও সমানভাবে উজ্জ্বল। ১৯৯৩-এর ৪ঠা জানুয়ারি ডি. পি. এল.-এর বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ সর্বকালীন সর্বোচ্চ ২৫৭ মেগাওয়াট হয়েছিল, এবং ১৯৯২-এর ১৮ই ফেব্রুয়ারির উৎপাদন ৫.১৪৬ মিলিয়ন ইউনিট হয়েছে যেটা কিনা ডি. পি. এল.-এর একদিনের সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদনের রেকর্ড। ১৯৯৩-এর ফেব্রুয়ারিতে ১নং এবং ৫নং টার্বো-অলটারনেটর পুনরায় চালু করা ডি. পি. এল.-এর আরেকটি উল্লেখযোগ্য কৃতিত্ব। ১নং টার্বো-অলটারনেটরটি ১৯৮৭ সালের ৪ঠা অক্টোবর মেরামতির জন্য বন্ধ হয়েছিল এবং ১৯৯৩ সালের ১৮ই ফেব্রুয়ারি প্রায় সাড়ে পাঁচ বছর বাদে পুনরায় চালু হয়েছে। ৫নং টার্বো-অলটারনেটরটি ১৯৮৯ সালের ২রা অক্টোবর মেরামতির জন্য বন্ধ হয়েছিল এবং ১৯৯৩ সালের ১৫ই ফেব্রুয়ারি, সাড়ে তিন বছর বাদে পুনরায় চালু করা হয়েছে। এই দুটি ইউনিট পুনরায় চালু করার ব্যাপারে ডি. পি. এল.-এর কর্মী এবং ইঞ্জিনিয়ারগণ বিশেষ ভূমিকা পালন করেছেন। আমি নিশ্চিত যে, মাননীয় সদস্যগণ ডি. পি. এল.-এর কাজকর্মের সবিশেষ উন্নতি লক্ষ্য করে খুশি হবেন।

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের ইউনিটগুলি ভাল কাজকর্মের ধারা যথারীতি বজায় রেখেছে এবং গত বছরে চালু হওয়া ৫নং ইউনিটটির উৎপাদনে স্থিতিশীলতা এসেছে। এ ছাড়া কোলাঘাটের ৬নং ইউনিটটি ১৯৯৩-এর ১৬ ই জানুয়ারি চালু করা হয়েছে। কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের সর্বশেষ ইউনিটের (৪নং ইউনিট) বয়লারে আগুন একই দিনে দেওয়া হয়েছে। সি. ই. এস. সি.-র বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির উৎপাদন স্থিতিশীল রয়েছে এবং গত বছরের এবং গত বছরের তুলনায় উৎপাদন ১১.৫ বেড়েছে।

গত বছর আমি উল্লেখ করেছিলাম যে, কোলাঘাটে ট্রাক-হপার পদ্ধতির নিমার্ণ কাজ শেষ হতে চলেছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ট্রাক-হপার পদ্ধতি ১৯৯২-এর সেপ্টেম্বরে চালু হয়ে গিয়েছে এবং বটম ডিচার্জ ওয়াগানগুলি উপরোক্ত পদ্ধতিতে খালাস করা হচ্ছে। ফলে সাধারণ ওয়াগান টিপলার পদ্ধতির তুলনায় ওয়াগান খালাসের কাজ দ্রুততর হচ্ছে।

**(খ) নবীকরণ ও আধুনিকীকরণ কর্মসূচি :** উল্লেখ করা যেতে পারে যে, ব্যান্ডেলের প্রথম চারটি ইউনিট, সাঁওতালদির ৪টি ইউনিট এবং ডি. পি. এল.-এর প্রথম পাঁচটি ইউনিট অনেক দিনের পুরানো এবং পূর্বে বর্ণিত মেরামতি সত্ত্বেও নবীকরণ এবং আধুনিকীকরণের কাজ শেষ না হলে ঐ ইউনিটগুলি থেকে বিদ্যুতের যোগান নির্দিষ্ট হারে পাওয়া সম্ভবপর নয়। এই কর্মসূচির উপযোগিতা নির্ধারণের জন্য অবশিষ্ট আয়ুষ্কাল নির্ণয়ের সমীক্ষা বিশেষ জরুরি।

ব্যান্ডেলের প্রথম চারটি ইউনিটের বয়লার, মিলিংপ্লান্ট ইত্যাদির নক্সার পরিবর্তন সহ অবশিষ্ট আয়ুষ্কাল নির্ণয়ের জন্য "ভোল"-কে একটি অর্ডার দেওয়া হয়েছে। এই সমীক্ষার কাজ শেষ হলে নবীকরণ ও আধুনিকীকরণের সবিস্তার পরিকল্পনা তৈরি ক'রে 'পাওয়ার ফাইনান্স কর্পোরেশনের' কাছে আর্থিক সহায়তা দানের প্রস্তাব পেশ করা হবে। সাঁওতালদি বিদ্যুৎ কেন্দ্রের ইউনিটগুলির অবশিষ্ট আয়ুষ্কাল নির্ণয়ের জন্য সমীক্ষার কাজ যথাসময়ে হাতে নেওয়া হবে। ডি. পি. এলের পুরানো ৫টি ইউনিটের অবশিষ্ট আয়ুষ্কাল নির্ণয়ের সমীক্ষাসহ নবীকরণ ও আধুনিকীকরণের মেসার্স সিমেন্স ইন্ডিয়া লিমিটেড একটি প্রস্তাব দিয়েছে এবং তাদের কাছ থেকে সবিস্তার পরিকল্পনার প্রস্তাবের জন্য আমরা অপেক্ষা করছি।

মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন যে, শিলিগুড়ির গ্যাস-টারবাইন কেন্দ্রটি চালু করা হয়েছে এবং হলদিয়ার দ্বিতীয় গ্যাস-টারবাইনটি চালু করার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিশেষ প্রচেষ্টা চালাচ্ছেন।

২.২। **চালু এবং ভবিষ্যৎ উৎপাদন কর্মসূচি ঃ**

(ক) আর্থিক অনটনের জন্য রাম্মাম জল বিদ্যুৎ প্রকল্প ২য় পর্যায় এবং তিস্তা ক্যানেল ফলস জল বিদ্যুৎ প্রকল্পের কাজের অগ্রগতি আশানুরূপ নয়। শিলিগুড়ি থেকে রাম্মামে যন্ত্রাংশ পরিবহনের পরীক্ষামূলক প্রচেষ্টা সন্তোষজনকভাবে শেষ হয়েছে। বর্তমান বিশ্লেষণ অনুযায়ী রাম্মাম প্রথম ইউনিটটি ১৯৯৪-এর শেষ দিকে এবং বাকি তিনটি ইউনিট ১৯৯৫-এর মধ্যে চালু হবে বলে আশা করা যায়। তিস্তা ক্যানেল ফলস প্রকল্পের ইউনিটগুলি ১৯৯৪-এর ডিসেম্বর থেকে ১৯৯৬-এর ফেব্রুয়ারির মধ্যে চালু হবে বলে আশা করা হচ্ছে।

(খ) **সি. ই. এস. সি.-র বজবজ তাপ বিদ্যুৎ প্রকল্প ( ২ × ২৫০ মেগাওয়াট) ঃ** প্রয়োজনীয় সব অনুমোদন পাওয়া গেছে এবং আর্থিক সংস্থানের ব্যবস্থা চূড়ান্ত হয়েছে। ১৯৯২ সালের ১লা সেপ্টেম্বরকে 'জিরো ডেট' ধরে প্রকল্পের কাজ শুরু হয়েছে।

(গ) **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প (২ × ২১০ মে. ও.) ঃ** সংশ্লিষ্ট সংস্থাগুলির সাথে আলোচনা করে প্রকল্পটির কিছু পরিবর্তনের পর ও. সি. এফ.-এর কাছে ঋণের জন্য পুনরায় পেশ করা হয়েছে। এ ছাড়া নির্মীয়মান ইউনিটগুলির টার্বো-জেনারেটর সেটগুলির জন্য আর্থিক সহায়তাদানের প্রস্তাব রাজ্য সরকার পেয়েছেন।

(ঘ) **পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্প ঃ** কেন্দ্রীয় সরকার প্রকল্পটি ৮ম ও ৯ম পরিকল্পনায় ও. ই. সি. এফ. আর্থিক সহায়তায় রূপায়ণের জন্য অন্তর্গত করেছেন।

(ঙ) **গৌরীপুর তাপবিদ্যুৎ প্রকল্প ঃ** গৌরীপুরের পরিত্যক্ত স্টেশনের পরিবর্তে (২ × ৬৭.৫ মে. ও.) ক্ষমতাসম্পন্ন তাপবিদ্যুৎ কেন্দ্র সংস্থাপন ও পরিচালনার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও বিড়লা টেকনিক্যাল সার্ভিস-এর মধ্যে একটি সমঝোতা (এম. ও. ইউ) পত্র সই হয়েছে। প্রকল্পটির ডি. পি. আর. কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের সক্রিয় বিবেচনাধীন।

(চ) **বলাগড় তাপবিদ্যুৎ প্রকল্প (৩ × ২৫০ মে. ও.) ঃ** 'নীতিগতভাবে' প্রকল্পটি রূপায়ণের দায়িত্ব সি. ই. এস. সি.-কে দেওয়া হয়েছে। রাজ্য সরকার প্রকল্পটির ডি. পি. আর. পেয়েছেন এবং ১৯৯৩ সালের মধ্যেই বিষয়টি চূড়ান্ত হবে বলে আশা করা যায়।

**(ছ) মুর্শিদাবাদ (সাগরদিঘি) তাপবিদ্যুৎ প্রকল্প প্রথম পর্যায় (২ × ৫০০ মে. ও.) ঃ এই প্রকল্পটি** রূপায়ণের জন্য রাজ্য সরকার পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং মেসার্স ডেভেলপমেন্ট কনসালট্যান্ট লিঃ-এর মধ্যে একটি সমঝোতা পত্র (এম. ও. ইউ.) সই হয়েছে। আর্থিক সংস্থান সম্পর্কিত প্রস্তাবগুচ্ছ আগামী ৬ মাসের মধ্যে পাওয়া যাবে বলে আশা করা যায়।

(জ) **রাম্মাম ১ম পর্যায় (৩ × ১২ মে. ও.) জলবিদ্যুৎ প্রকল্প ঃ** এই প্রকল্পটি ৯ম পরিকল্পনায় রূপায়ণের জন্য কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে।

রাজ্য সরকার এবং সিকিম সরকারের মধ্যে আন্তঃরাজ্য বিষয়গুলির মীমাংসা কয়েক মাস আগে চূড়ান্ত হয়েছে।

**(ঝ) কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে ২৫ মেগাওয়াট এফ. বি. সি. ইউনিট ঃ প্রকল্প** প্রতিবেদনটি কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের বিবেচনাধীন।

(ঞ) *রাম্মাম তৃতীয় পর্যায় (৩ × ২০ মে. ও.) এবং বালাসন প্রথম পর্যায় (৪ × ৩ মে. ও.) জলবিদ্যুৎ প্রকল্প দুটির প্রতিবেদন "ওয়াপকস" তৈরি করছে।

*রায়াডাক জলবিদ্যুৎ, তোর্সা জলবিদ্যুৎ এবং তিস্তা হাই ড্যাম জলবিদ্যুৎ প্রকল্পগুলির সামগ্রিক অনুসন্ধান কার্য এবং ডি. পি. আর. তৈরি করার কাজে আর্থিক অনুদানের জন্য জাপানের ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জেইকা) কাছে আবেদন পেশ করা হয়েছে।

*অনুসন্ধানরত প্রকল্পগুলি হল ঃ জলঢাকা পরিবর্ধন পরিকল্পনা, রাম্মাম ৪র্থ পর্যায় পরিকল্পনা এবং মংপু মিনি-জলবিদ্যুৎ পরিকল্পনা।

*রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার কে—

(১) আলিপুরদুয়ার/কোচবিহারে একটি কম্বাইন্ড সাইকল গ্যাস টার্বাইন প্লান্ট ; এবং

(২) সুন্দরবনের উপকূলবর্তী এলাকায় একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ জানিয়েছে।

৩। **বিদ্যুৎ সঞ্চালন ও বন্টন ঃ**

যদিও বিদ্যুৎ উৎপাদন চিত্রটি উজ্জ্বলতর ভবিষ্যতের সম্ভবনার ইঙ্গিত করছে কিন্তু বিদ্যুৎ সঞ্চালন ও বন্টনের ক্ষেত্রে অনেক কাজ এখনও বাকি। একদিকে নতুন গড়ে ওঠা বিদ্যুৎ কেন্দ্রগুলির উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের জন্য যথোচিত উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এই উদ্দেশ্যে একটি মাস্টার প্ল্যান তৈরির কাজ চলছে। অন্যদিকে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে নতুন ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন চালু এবং চালু ডিস্ট্রিবিউশন সাব-স্টেশনগুলির ক্ষমতার পরিবর্ধন-এর কার্যক্রম বাড়ানো এবং সিস্টেম ভোলটেজ-এর উন্নতির জন্য পদক্ষেপ গ্রহণ প্রয়োজন হয়ে পড়েছে। এই জন্য আর্থিক সংস্থান দরকার। জীবনের মৌলিক চাহিদা হিসাবে বিদ্যুৎ সরবরাহ পাওয়া সম্পর্কে জনগণের প্রত্যাশা আমরা সম্যক অবহিত এবং গ্রামীণ ও কৃষিক্ষেত্র সহ সর্বত্র বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার পরিবর্ধন এবং উন্নত করা আমাদের গুরুত্বপূর্ণ উদ্বেগের ক্ষেত্র হিসাবে চিহ্নিত।

মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন যে, ৪০০ কেভি কোলাঘাট-রেঙ্গালি এবং জিরাট-দুর্গাপুর লাইন দুটি চালু হয়ে গেছে।

নতুন ৩৩ কে.ভি. সাব-স্টেশন এবং লাইন নির্মাণ এবং বর্তমানে চালু ৩৩ কে.ভি. সাব-স্টেশনের ক্ষমতা পরিবর্ধনের ক্ষেত্রে অগ্রগতির খতিয়ান নিচে দেওয়া হল ঃ

| | ইতিমধ্যে সমাপ্ত | কাজ চলছে |
|---|---|---|
| (ক) নতুন ৩৩ কে.ভি. সাব-স্টেশন নিমার্ণ | ৬টি ১৯.৬ এম. ভি. এ. ক্ষমতা | ৫১টি, ১০২.২ এম.ভি.এ. ক্ষমতা |
| (খ) বর্তমানে চালু ৩৩ কে.ভি সাব-স্টেশনগুলির ক্ষমতা পরিবর্ধন | ১৩টি ৩৫.১ এম. ভি. এ. | ৬৬টি, ১৩৯ এম.ভি.এ. |
| (গ) নতুন ৩৩ কে.ভি. লাইন নির্মাণ | ৬৯২.২৮৩ কি.মি. | ২২৬.১ কি.মি |

১১ কে. ভি. নেটওয়ার্ক বিস্তার এবং সিস্টেম উন্নয়ন, মাঝারি এবং নিম্নভোল্টেজ ডিস্ট্রিবিউশন লাইন নির্মাণের অগ্রগতি নিম্নরূপ ঃ

(ক) নতুন ১১ কে.ভি. লাইনের কাজ সমাপ্ত—৩৭.৪৭ কি.মি.।

(খ) নতুন ১১ কে.ভি. ডিস্ট্রিবিউশন—৭৬টি ; সাব-স্টেশনের কাজ সমাপ্ত— ০.১৯৬ এম. ভি. এ.।

সি. ই. এস. সি-র শ্রীরামপুর এবং পিক্‌নিক্‌ গার্ডেন রোড দুটি নতুন ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন এই আর্থিক বছরের মধ্যেই চালু হবে বলে আশা করা হচ্ছে। রবীন্দ্রসদনে বর্তমানে চালু ডিস্ট্রিবিউশন স্টেশনের ক্ষমতা আরও একটি ১৬ এম. ভি. এ. ট্রান্সফরমার সংযোজনের মাধ্যমে বৃদ্ধির কাজ এই আর্থিক বছরের মধ্যেই হবে। নতুন ভূগর্ভস্থ ১৪০ কি.মি. (এইচ. ভি. এবং ই. এইচ. ভি. ৬০ কি. মি. .এবং এম. ভি. ৮০ কি.মি.) এবং ৪৯ কি. মি. ওভারহেড লাইন সি. ই. এস. সি.-র ডিস্ট্রিবিউশন নেটওয়ার্কে ইতিমধ্যেই সংযোজিত হয়েছে।

২। **গ্রামীণ বৈদ্যুতিকরণ ঃ**

আর্থিক সংকট গ্রামীণ বৈদ্যুতিকরণের অগ্রগতিকে দারুণভাবে ব্যাহত করেছে। এবং ১৯৯২-৯৩-এর প্রাথমিক ধার্য লক্ষ্যমাত্রা হ্রাস করতে হয়েছে। ১৯৯২-৯৩-এর পরিবর্তিত লক্ষ্যমাত্রার অগ্রগতি/সাফল্য এবং ১৯৯৩-৯৪-এর দৃষ্টিভঙ্গি/কর্মসূচি নিচে দেখানো হল।

| | প্রকৃত লক্ষ্যমাত্রা ১৯৯২-৯৩ | পরিবর্তিত লক্ষ্যমাত্রা ১৯৯২-৯৩ | অগ্রগতি ১৯৯২-৯৩ | কর্মসূচি ১৯৯৩-৯৪ |
|---|---|---|---|---|
| (ক) মৌজা বৈদ্যুতিকরণ | ৫১৭ | ৪২২ | ২৮৫ | ৩৫০ |
| (খ) মৌজা নিবিড়করণ | ৫০০ | ৪১০ | ৭৮ | ২৫০ |
| (গ) পাম্প সেটে বিদ্যুৎ সংযোগ ঃ | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| (১) পরিকল্পনা | ৭০০ | ৭০০ | ৩৬৮ | ৯৮০ |
| (২) এস. পি. এ. | ৫৫০৩ | ৫৫০৩ | ৫৩৫ | ২৬০০ |

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে পাম্পসেটে বিদ্যুৎ সংযোগের খরচ জিনিসপত্রের ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধিতে দারুণভাবে বেড়ে গেছে। এছাড়া আছে এই কাজে অর্থ সাহায্যকারী সংস্থাসমূহের ঋণ সহায়তাদানে অনাগ্রহ। উপরন্তু, কিছু কিছু ক্ষেত্রে পাম্প ব্যবহারকারীরা বিদ্যুৎ সংযোগ গ্রহণে এগিয়ে আসছেন না যদিও বিদ্যুৎ সংযোগদানের মতো কাজ সেখানে শেষ হয়ে গেছে।

যাই হোক, গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশনের ঋণ সহায়তায় আমরা জনগণের আশাকে রূপ দেবার জন্য এখনও যে সকল মৌজা বিদ্যুতায়িত হয়নি সেগুলি দায়িত্বের সঙ্গে পালন করছি। বিশেষত মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায়। নিবিড়করণ ও পুনরুজ্জীবনের কাজে আমাদের চেষ্টা পিছিয়ে পড়েছে প্রচন্ড আর্থিক সংকটের জন্য। আমরা লোকদ্বীপ প্রকল্পের কাজ চালিয়ে যাচ্ছি এবং এই প্রকল্পের অধীনে ৩০. ৯. ১৯৯২ পর্যন্ত ৪৮,৭২২টি বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ প্রকল্পের অধীন বিশ্ব ব্যাঙ্কের সাহায্যে বিভিন্ন ধরনের পাম্পসেট বিদ্যুতায়িত করা বিদ্যুৎ দপ্তর ও ক্ষুদ্রসেচ দপ্তরের যৌথ উদ্যোগে হয়ে থাকে। এ প্রকল্পের অগ্রগতির চিত্রটি নিম্নরূপ ঃ

| পাম্পসেটের | | মোট অগ্রগতি | সাফল্য ৩১. ১. ৯৩ পর্যন্ত |
|---|---|---|---|
| আর. এল. আই. | .. | ২০০ | ১০০ |
| এইচ. ডি. টি. ডব্লু. | .. | ১২০০ | ৪৩৩ |
| এম. ডি. টি. ডব্লু. | .. | ৫০০ | ১২৭ |
| এল. ডি. টি. ডব্লু. | .. | ২৯৪০ | ৫৪০ |
| এস. টি. ডব্লু. | .. | ৫৪০০ | ৯৭৬ |
| মোট | | ১০২৪০ | ২১৭৬ |

৫.১। **রাজ্য বিদ্যুৎ পর্ষদ ঃ** এ বছরে গার্হস্থ্য, বাণিজ্যিক, শিল্প ও কৃষিক্ষেত্রের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগদানের অগ্রগতি নিচে দেওয়া হ'ল ঃ

| | | |
|---|---|---|
| (ক) গার্হস্থ্য/বাণিজ্যিক | .. | ৫২,৮৮৭ |
| (খ) শিল্প/(এল./এম.ভি.) | .. | ৬২০ |
| (গ) কৃষি | .. | ৮৩৬ |
| (ঘ) এইচ. টি. বাল্ক | .. | ৪৬ |
| | মোট | ৫৪,৩৮৯ |

৫.২। **সি. ই. এস. সি. ঃ** এ বছরে ১৩,১৫৪ সংখ্যক নতুন এম. ভি/এল. ভি. গার্হস্থ্য বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে এবং আরও ৭,০০০ বিদ্যুৎ সংযোগ আর্থিক বছরের অবশিষ্ট সময়ের মধ্যে দেওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। ১৯৯৩-৯৪ এর লক্ষ্যমাত্রা ২০,০০০। অনুরূপভাবে ১৭টি নতুন এইচ. টি. সংযোগ দেওয়া হয়েছে এবং আরও ১৫টি বিদ্যুৎ সংযোগ এ বছরের মধ্যে দেওয়া যাবে বলে আশা করা হচ্ছে। ১৯৯৩-৯৪ এর লক্ষ্যমাত্রা ৪০।

৬। **সিস্টেম সীমাবদ্ধতা ঃ**

আমাদের রাজ্যে অধিকতর বিদ্যুৎ উৎপাদন হওয়া সত্ত্বেও আঞ্চলিক গ্রিডের গুরুতর সীমাবদ্ধতার ব্যাপারে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্যদের স্মরণ আছে যে পূর্বাঞ্চলে সার্বিক বিপর্যয়ের তিনটি ঘটনা ১৯৯০, ১৯৯১ এবং ১৯৯২ সালে ঘটেছে। এই ধরনের বিপর্যয় রোধের উদ্দেশ্যে কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী "আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে" কলকাতাসহ রাজ্যের বিভিন্ন সাব-স্টেশনে চালু করা হয়েছে। প্রথম স্তরের রিলেগুলি ১৯৯২ এর ১লা নভেম্বর এবং দ্বিতীয় স্তরের রিলেগুলি ১৯৯৩ সালের ১লা মার্চ চালু হয়েছে। এই অঞ্চলের সংশ্লিষ্ট সকল সদস্যের গ্রিড অনুশাসন কঠোরভাবে পালনের উপরেই এই প্রতিরোধমূলক ব্যবস্থার সাফল্য নির্ভর করে।

কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের সহযোগী সংস্থা ই. আর. ই. বি. এই অনুশাসন জারি করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং আমি উল্লেখ করতে চাই যে 'আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে' চালু হওয়ার জন্যই মার্চ মাসের প্রথম সপ্তাহে যখন সংলগ্ন একটি রাজ্যের একটি সাব-স্টেশন গুরুতর বাসফল্ট ঘটেছিল তখন পশ্চিমবঙ্গ একটি বিদ্যুৎ বিপর্যয় থেকে রক্ষা পেয়েছে।

যদিও এই রিলেগুলি বিভিন্ন সাব-স্টেশনে ঘুরিয়ে ফিরিয়ে চালু রাখা হচ্ছে তথাপি এই রিলে চালু থাকাকালীন ঘন ঘন বিদ্যুৎ সরবরাহ ব্যহত হওয়ার ফলে রাজ্যের কয়েকটি অংশে জনগণের ব্যাপক অস্বস্তি এবং অসুবিধা সম্পর্কে আমরা অবহিত আছি। আমাদের লোড ম্যানেজমেন্ট ইউনিট সবসময় সিস্টেম ফ্রিকোয়েন্সি মনিটর করছেন এবং যতদূর সম্ভব অসুবিধা উপশমের চেষ্টা করে চলেছেন যতদিন পর্যন্ত উৎপাদিত বিদ্যুৎ উপযুক্ত 'স্পিনিং রিজার্ভ' গড়ে তুলতে সক্ষম না হচ্ছে ততদিন এ ব্যাপারে আমাদের সঙ্গে সহযোগিতার জন্য এবং পূর্বাঞ্চল গ্রিডের সঙ্গে যুক্ত সকল সংস্থার কাছে গ্রিড অনুশাসন কঠোরভাবে পালন করার জন্য আমি সকলের কাছে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

৭। **আর্থিক প্রতিবেদন**

**(ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ**

নিচের প্রদত্ত পরিসংখ্যান থেকে দেখা যাবে যে বিদ্যুৎ বিক্রয়ের পরিমাণ, উৎপাদন এবং রাজস্ব আদায় বৃদ্ধি পাওয়া সত্ত্বেও রাজ্য পর্ষদ আর্থিক সংকটের মধ্যে চলছে।

| আর্থিক বছর | বিক্রিত বিদ্যুৎ (এম. ইউ.) | আগের বছরের চেয়ে শতকরা বৃদ্ধির হার (%) | বছরের রাজস্ব বাবদ আদায় ও অন্যান্য খাতে আয় (টাকা) | আগের বছরের চেয়ে বৃদ্ধির হার (%) |
|---|---|---|---|---|
| ১৯৮৮/৮৯ (প্রকৃত) | ৪৮৩৩.০৭ | ৫.০৪ | ৪,৪৮,৯০,১৫,৪৯৬ | ১৫.৯৫ |
| ১৯৮৯/৯০ (প্রকৃত) | ৫১৯২,২০ | ৭.৪০ | ৫,৪৭,০৮,৫৩,৬৭৬ | ২১.৮৭ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯৯০/৯১ (প্রকৃত) | ৫২৯৬.০৭ | ২.০১ | ৫,২৮,১৯,৭২,৭৪৭ | (-)৩.৪৫ |
| ১৯৯১/৯২ (প্রকৃত) | ৫৮৪৯.০৯ | ১০.৪১ | ৬,৬২,২৯,৭১,৫৯৩ | ২৫.৩৯ |
| ১৯৯২/৯৩ (প্রাক-প্রকৃত) | ৬১৯০.০০ | ৫.৮৩ | ৬,৯২,১৬,১৮,০০০ | ৪.৫১ |

একদিকে জিনিসপত্রের মূল্য বৃদ্ধি, কয়লা ও রেল মাসুলের বৃদ্ধির জন্য কার্যনির্বাহী ব্যয় বৃদ্ধি পেয়েছে, অন্যদিকে এল. টি. গ্রাহকদের (যারা সাধারণত ভর্তুকি মূল্যে বিদ্যুৎ পায়) আনুপাতিক হার এইচ. টি. গ্রাহকদের তুলনায় বেড়েছে। তা ছাড়াও আমরা হুকিং ও ট্যাপিং-এর সাহায্যে বিদ্যুৎ চুরি, ওভারহেড লাইনের চুরি, টওয়ার মেম্বারগুলি এবং ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমারের অংশ ইত্যাদি চুরিতে নিযুক্ত অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে খুব একটা সফল হইনি। যদিও স্থানীয় কর্তৃপক্ষ ও পুলিশের সহায়তায় নিরবচ্ছিন্ন প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

কমপিউটারের সাহায্যে ফলপ্রদ স্টোর ইনভেনটরি কন্ট্রোল ব্যবস্থার দ্বারা প্রয়োজনের অতিরিক্ত ব্যয় হ্রাস করার ব্যবস্থা করা হচ্ছে। কর্ড রোডের বৃহত্তম স্টোরে ইতিমধ্যেই কমপিউটার ব্যবস্থা চালু করা হয়েছে। কর্মীদের প্রশিক্ষণের উপর নজর দেওয়া হয়েছে এবং উৎসাহব্যঞ্জক সাড়া পাওয়া গেছে। কমপিউটারের মাধ্যমে বিল করা এমন একটি পদক্ষেপ যার ফলে মিটার রিডিং এবং বিল করার কাজ মনিটর সম্ভবপর এবং ফলে গ্রাহকদের পরিষেবার মান উন্নত করার প্রতি জোর দেওয়া যায়।

একই সাথে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থাকে জোরদার ও উন্নত করে পরিবহন ও সঞ্চালনজনিত ক্ষতি কমিয়ে আনা, রাজস্ব আয় বৃদ্ধি এবং বিদ্যুৎ চুরি ও অন্যান্য অসদুপায় অবলম্বন বন্ধে অধিকতর ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে স্থির করা হয়েছে যে আগামী আর্থিক বছর থেকে কোনও জেলায় পঞ্চায়েত এবং জেলা পরিষদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে লক্ষ্যমাত্রার অতিরিক্ত যে রাজস্ব আদায় হবে তা ঐ জেলায় সম্পূর্ণভাবে ব্যবহৃত হবে।

মাননীয় সদস্যগণ স্বীকার করবেন রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক অবস্থার উন্নতির জন্য যে কোনও প্রচেষ্টা—বিশেষ করে বিুদ্যৎ পরিবাহী লাইন চুরি, ট্রান্সফরমার চুরি, টাওয়ার মেম্বার চুরি এবং হুকিং ট্যাপিং-এর সাহায্যে বিদ্যুৎ চুরি বন্ধ জনগণের সক্রিয় সমর্থন এবং অংশগ্রহণ ছাড়া আশানুরূপ কার্যকর হতে পারে না।

আমি সেইজন্য মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে, তারা তাদের পূর্ণ সহযোগিতার হাত বাড়িয়ে দিন এবং এগিয়ে আসুন মূল্যবান পরামর্শ নিয়ে যাতে করে জনগণের অপরিসীম দুর্দশা সৃষ্টিকারী এই ভয়াবহ অবস্থার অবসান ঘটানো সম্ভবপর হয়।

**(খ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম**

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের ১৯৯২-৯৩ (আনুমানিক) সালের আর্থিক অবস্থার বিবরণ নিচে দেওয়া হল ঃ

(ক) বিক্রীত বিদ্যুৎ বাবদ আয় .. ৩৩৭.৮২ কোটি টাকা

(খ) নগদ উদ্বৃত্ত .. ৫৫.৩৫ কোটি টাকা

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম পি. এফ. সি.-এর কাছে চলতি বছরে (১৯৯২-৯৩) ৩৫ কোটি টাকা ঋণের জন্য আবেদন করেছে। বিষয়টি পি. এফ. সি.-এর কাছে অনুমোদনের অপেক্ষায় আছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম ১৯৯২ সালের ডিসেম্বর মাসে ৪৭ কোটি টাকার ঋণপত্র বাজারে ছাড়ে এবং এই ঋণপত্র পুরোপুরি আদায়িকৃত হয়ে যায়।

**(গ) দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড**

আমি আপনাদের জানাতে পেরে আনন্দিত যে চলতি বছরে দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড-এ আর্থিক অবস্থার উন্নতির ধারা পরিলক্ষিত হয়েছে। যদিও, ১৯৯১-৯২ সালের সম্ভাব্য ক্ষতির পরিমাণ আমার পূর্ব বছরের প্রতিবেদনে উল্লেখিত ১০ কোটি টাকা থেকে কিছুটা বৃদ্ধি পেয়েছে। নিট ক্ষতির পরিমাণ ৯১-৯২ সালে ১৪.৩৪ কোটি টাকায় দাঁড়িয়েছে।

১৯৯১-৯২ সালের ১০৬.৮৮ কোটি টাকা রাজস্ব আদায়ের তুলনায় ১৯৯২-৯৩ সালের রাজস্ব আদায় বেড়ে ১৪০.৪৩ কোটি টাকা হবে বলে আশা করা যাচ্ছে।

১৯৯২-এর অক্টোবর থেকে ডি. পি. এল.-এ লাভ হচ্ছে এবং উন্নতির ধারা নিচের পরিসংখ্যান থেকে বোঝা যাবে—

| | | |
|---|---|---|
| অক্টোবর '৯২ | .. | ১০.৩৬ লক্ষ টাকা |
| নভেম্বর '৯২ | .. | ৪৭.২৮ ,, ,, |
| ডিসেম্বর '৯২ | .. | ৪৯.৬৭ ,, ,, |
| জানুয়ারি '৯৩ | .. | ৯৫.৮৭ ,, ,, |

জানুয়ারি '৯৩ পর্যন্ত সাকুল্যে ক্ষতির পরিমাণ ছিল ৩.৯৩ কোটি এবং বৎসর শেষে ক্ষতির পরিমাণ দাঁড়াবে ২/৩ কোটি টাকায়।

**৮। দামোদর ভ্যালি কর্পোরেশন (ডি. ভি. সি.)**

ডি. ভি. সি.-এর মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্পের ৩ × ২১০ মে. ও.) নিরূপিত ব্যয় ১৯৮৬ সালে অনুমোদন কালে ছিল ৫৬৬ কোটি টাকা। প্রকল্পের রূপায়ণে অত্যধিক বিলম্বের জন্য ব্যয়ের বৃদ্ধি ঘটে এবং বর্তমান হিসাব অনুযায়ী আনুমানিক ব্যয় বৃদ্ধি পেয়ে ১২৭৫ কোটি টাকা হবে। প্রকল্পের কাজ ব্যাহত হওয়ার মূল কারণ ডি. ভি. সি.-র ক্রমবর্ধমান ক্ষয়িষ্ণু আর্থিক সঙ্গতি।

ডি. ভি. সি. জানিয়েছে যে কাজের পরিমাপের অগ্রগতি নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ইউনিট—১ | .. | ৩৫% |
| ইউনিট—২ | .. | ২৪% |
| ইউনিট—৩ | .. | ২৬% |

**প্রকৃত খরচার হিসাবে আর্থিক অগ্রগতির পরিমাণ নিম্নরূপ ঃ**

(১) মার্চ, ১৯৯২ পর্যন্ত ব্যয় .. ৪৫০.৫৩ কোটি

(২) এপ্রিল, ১৯৯২ থেকে জানুয়ারি .. ১০৯.৫৭ "

সর্বশেষ নির্ধারিত 'সিনক্রোনাইজেশন'-এর লক্ষ্য—

| | | |
|---|---|---|
| ইউনিট—১ | .. | ডিসেম্বর, ১৯৯৪ |
| ইউনিট—২ | .. | জুন, ১৯৯৫ |
| ইউনিট—৩ | .. | ডিসেম্বর, ১৯৯৫ |

যেহেতু দামোদর উপত্যকা অঞ্চলে অবস্থিত কয়লা, স্টিল রেলওয়ের মতো মূল শিল্পগুলি ডি. ভি. সি.-র বিদ্যুৎ উৎপাদনের উপর নির্ভরশীল, এজন্য রাজ্য সরকার ডি. ভি. সি.-র আর্থিক অবস্থার পুনরুদ্ধার এবং মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের দ্রুত রূপায়ণের ব্যাপারে বিশেষভাবে উদ্বিগ্ন।

৯। **ডিশেরগড় পাওয়ার সাপ্লাই কোং লিমিটেড (ডি. পি. এস. সি.)**

ডিশেরগড় পাওয়ার সাপ্লাই কোং লিমিটেডের লাইসেন্সের মেয়াদ ১৮ই ডিসেম্বর, ১৯৯২ সাল শেষ হয়। রাজ্য সরকার ২০১২ খৃষ্টাব্দ পর্যন্ত লাইসেন্সের মেয়াদকাল একই শর্তে বৃদ্ধি করেছে—তবে এই শর্তসাপেক্ষ যে, অনতিলম্বে এস. ই. বি. এবং ডি. পি. এস. সি.-এর মধ্যে গ্রাহকদের পুনর্বিন্যাস করা হবে। ইতিমধ্যেই ডি. পি. এস. সি. চিনাকুরিতে ৪০ মেগাওয়াট ক্ষমতা বৃদ্ধির একটি প্রস্তাব পেশ করেছে।

১০। কেন্দ্র কর্তৃক একতরফাভাবে পরিকল্পনা খাতে দেয় অর্থ থেকে বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার বকেয়া প্রাপ্য কেটে নেওয়া একটা উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। এর ফলে কেবলমাত্র বিভিন্ন উন্নয়নের কাজই ব্যাহত হচ্ছে না উপরন্তু রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক অবস্থার উন্নতিকল্পে আমাদের অনলস প্রচেষ্টায় প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে।

১১। **অন্যান্য কাজকর্ম**

**(ক) ফ্লাই অ্যাশের সদ্ব্যবহার**

১১.১। **পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম**

মেসার্স ই. পি. ডি. সি. জাপানকে কয়লার ছাই বিভিন্ন কাজে ব্যবহার করার জন্য পরিকল্পা নক্সাসহ একটি প্রজেক্ট রিপোর্ট তৈরির দায়িত্ব দেওয়া হয়েছে। এই রিপোর্ট তৈরির কাজ ও. ই. সি. এফ জাপান-এর আর্থিক সহায়তায় করা হচ্ছে।

১১.২। **পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ**

পরিবেশ দূষণ রোধে ফ্লাই অ্যাশ দ্রুত সরানো এবং ব্যবহারের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ব্যাণ্ডেলে একটি এগ্রিমেট ম্যানুফ্যাক্চারিং পাইলট প্ল্যান্ট স্থাপন করেছে।

এখানে হাল্কা ওজনের এগ্রিগেট তৈরির পরীক্ষামূলক উৎপাদন শুরু হয়েছে। ব্যাণ্ডেল ফ্লাই অ্যাশ থেকে ইঁট তৈরির একটি প্ল্যান্ট স্থাপনের ব্যাপারে পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প নিগমকে দায়িত্ব অর্পণ করা হয়েছে। এই প্ল্যান্টের উৎপাদন ১৯৯৩ সালের মে মাস থেকে শুরু হবে বলে আশা করা যায়।

১১.৩। ডি. পি এল.

ফ্লাই অ্যাশ সদ্ব্যবহারের ব্যাপারে উপযুক্ত প্ল্যান্ট তৈরির জন্য আলাপ-আলোচনা চলছে।

**(খ) পরিবেশগত অবস্থার উন্নতি**

পরিবেশ দূষণ কমানোর উদ্দেশ্যে বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের ইলেকট্রোস্ট্যাটিক প্রেসিপিটেটর আধুনিকীকরণের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে।

**(গ) ডি. পি. এল.-এর কোকওভেন প্ল্যান্টের নবীকরণ**

কোকওভেন প্ল্যান্ট, বাই-প্রোডাক্ট প্ল্যান্ট এবং ওয়াটার ওয়ার্কসের উৎপাদন অনেক বেড়েছে। মেসার্স কলিঙ্গ আয়রণ ওয়ার্কস এবং টাটা আয়রণ অ্যান্ড স্টিল কোম্পানি লিঃ-এর সঙ্গে তাদের সরবরাহকৃত কয়লা এবং অস্ট্রেলিয়া থেকে আমদানি করা কয়লাকে কোকে রূপান্তরিত করার জন্য দুটি সমঝোতা পত্র (এম. ও. ইউ.) সই করা হয়েছে। কোকওভেন ব্যাটারিগুলি নবীকরণ এবং আধুনিকীকরণ করে বিড়লা টেকনিক্যাল সারভিসেসের (বি. টি. এস.) প্রস্তাবিত হলদিয়া স্টিল প্ল্যান্টে কোক সরবরাহ করার ব্যাপারে রাজ্য সরকার, ডি. পি. এল. এবং বি. টি. এস.-এর মধ্যে আর একটি সমঝোতা পত্র (এম. ও. ইউ.) সই করা হয়েছে। বি. টি. এস. কোল ওয়াশারি প্ল্যান্ট এবং বাই-প্রোডাক্ট প্ল্যান্টের কিছু অংশের নবীকরণ এবং সমযোপযোগী (আপডেশন) করার বিভিন্ন কাজেও সাহায্য করবে। বি. টি. এস. মের্সাস মেকনকে ডি. পি. আর. প্রস্তুতির কাজে ইতিমধ্যেই নিয়োগ করেছে।

**(ঘ) শক্তি সংরক্ষণ**

শক্তি সংরক্ষণ কর্মসূচির উপযোগিতা সংশ্লিষ্ট সকলেই বিশেষভাবে উপলব্ধি করছেন। এই সমস্ত কর্মসূচিতে খরচেরও সাশ্রয় হয়। কারণ নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের তুলনায় এতে কম খরচের প্রয়োজন হয়। তাছাড়া শক্তি সংরক্ষণের কর্মসূচি অনেক কম সময়ে রূপায়ণ করা যায়। এই জন্য বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধির পদক্ষেপ হিসাবে এই কর্মসূচিকে অধিকতর না হলেও সমান গুরুত্ব দেওয়া উচিত। বিভিন্ন প্রচার-মাধ্যমের সাহায্যে শক্তি সংরক্ষণের ব্যাপারে জনসাধারণের সচেতনতা সৃষ্টি করার জন্য প্রচার শুরু করা হয়েছে। মাননীয় সদস্যগণের কাছে আমি অনুরোধ করছি তারা যেন এ ব্যাপারে পূর্ণ সহযোগিতা করেন।

পরিশেষে আমি এই সভার সকল মাননীয় সদস্যগণকে বিশেষ করে যারা সাবজেক্ট কমিটির সদস্য তাদের রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতির উন্নতিকল্পে সক্রিয় আগ্রহ, নিয়মিত আলাপ-আলোচনা, উপদেশ ও পরামর্শের জন্য আমার তরফ থেকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতির গুণগতমান উন্নত করার ব্যাপারে চমৎকার প্রচেষ্টার জন্য রাজ্যের বিভিন্ন বিদ্যুৎ সংস্থার কর্মী, কর্মচারী, অফিসার এবং ইঞ্জিনিয়ারদের অভিনন্দন জানাই।

মাননীয় সদস্যগণের কাছে অনুরোধ তারা যেন এই দাবি অনুমোদন করেন।

**The Printed Budget speech of Dr. Sankar Kumar Sen on Demand No. 72 was taken as read.**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব রাখছি যে, ৭২ নং অভিযাচনের অধীন মুখ্যখাত নং "২৮১০—নন কনভেনশনাল সোর্সেস অব এনার্জি"-তে বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের জন্য মোট ৬৫,০০,০০০ (পঁয়ষট্টি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক।

২। বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগ পশ্চিমবঙ্গে অপ্রচলিত শক্তির উৎস সংক্রান্ত কর্মসূচি রূপায়ণের বিষয়ে সমন্বয়-সাধনকারী তথা নোডাল বিভাগের দায়িত্ব পালন করে। প্রকল্পগুলি কার্যায়িত করে রাজ্য সরকারের নিম্নলিখিত বিভাগ ও অধিকার ঃ

(ক) ক্ষুদ্র ও কুটির শিল্প অধিকার—জৈবগ্যাস এবং সৌরতাপীয় ব্যবস্থা

(খ) ক্ষুদ্র সেচ বিভাগ—ফোটোভোল্টেইক এবং বায়ুচালিত পাম্প

(গ) বন বিভাগ—জ্বালানী কাঠ এবং বনাঞ্চল সংলগ্ন এলাকায় উন্নত চুল্লি

(ঘ) মৎস্য বিভাগ—জলজ বায়োমাস

(ঙ) ত্রাণ ও কল্যাণ বিভাগ—উন্নত চুল্লি (অন্যান্য এলাকায়)

(চ) বিদ্যুৎ বিভাগে (রাজ্য বিদ্যুৎ পর্ষদের মাধ্যমে)—জলবিদ্যুৎ, বায়ুশক্তি থেকে উৎপন্ন বিদ্যুৎ, ফোটোভোল্টেইক বিদ্যুৎ, জৈবগ্যাস ও জৈবজ্বালানী থেকে বিদ্যুৎ উৎপাদন।

সম্প্রতি অন্যান্য বিভাগ ও সংস্থার সঙ্গে সমন্বয় রেখে এই বিভাগের বিভিন্ন কর্মসূচি রূপায়ণের জন্য 'দি ওয়েস্ট বেঙ্গল রিনিউএবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি' নামে একটি পৃথক সংস্থা স্থাপিত হয়েছে।

৩। আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ১৯৯১-৯২ আর্থিক বছরে জৈবগ্যাস উন্নয়নের জাতীয় প্রকল্প জনপ্রিয়করণের ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের জন্য ভারত সরকারের অপ্রচলিত শক্তির উৎস মন্ত্রক পশ্চিমবঙ্গ রাজ্যকে দ্বিতীয় পুরস্কারে সম্মানিত করেছে।

৪। **কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ**—(ক) ১৯৯২ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত এই রাজ্যে ৫১,৩৪৯টি পরিবারোপযোগী জৈবগ্যাস প্ল্যান্ট বসানো হয়েছে।

(খ) একটি প্রতিষ্ঠানোপযোগী জৈবগ্যাস প্রকল্প রূপায়িত হয়েছে পুরুলিয়া রামকৃষ্ণ মিশনে। হরিণঘাটা কেন্দ্রীয় ডেয়ারিতে এই ধরনের আরও একটি প্রকল্প রূপায়ণের কাজ চলছে—আশা করা যায় এই বছরের জুন মাসের মধ্যে এই কাজ সম্পূর্ণ হবে।

(গ) ১৯৯১-৯২ আর্থিক বছরে দিন প্রতি ৫০,০০০ লিটার সৌর জল গরম করার ব্যবস্থা স্থাপন করা ছিল এই রাজ্যের জন্য নির্দিষ্ট কেন্দ্রীয় লক্ষ্যমাত্রা। ১৯৯১-৯২ সালে এই

রাজ্যের বিভিন্ন হস্টেল, হাসপাতাল, ডেয়ারি এবং হোটেল বিভিন্ন মোট দিনপ্রতি ৪৭,০০০ লিটার সৌর জল গরম করার, ব্যবস্থা করা সম্ভব হয়েছে। এই ফলাফলে উৎসাহিত হয়ে ভারত সরকারের অপ্রচলিত শক্তির উৎস মন্ত্রকের কাছে ১৯৯২-৯৩ সালের জন্য দিন প্রতি ৬,৮৩,০০০ লিটারের প্রস্তাব পেশ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, প্রতিটি দিন প্রতি ১০০ লিটার আয়তনের সৌর জল গরম করার ব্যবস্থা বছরে ২৫০০ ইউনিট বিদ্যুৎ শক্তি বাঁচায়।

(ঘ) ১৯৯২ সালের ৩১-শে ডিসেম্বর পর্যন্ত এই রাজ্যে ৭৮৩ টি সৌর ফোটোভোলেটেক রাস্তার আলো বসানো হয়েছে। এই কাজ করা হয়েছে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, পঞ্চায়েত এবং জেলা পরিষদের সাহায্যে এবং অনেক ক্ষেত্রে স্থাপিত ব্যবস্থাগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়া হয়েছে ঐ সংশ্লিষ্ট সংগঠনগুলির ওপরই। এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

ডিসেম্বর, ১৯৯২ পর্যন্ত বিভিন্ন বি. ডি. ও. অফিস, হাসপাতাল, ডেয়ারি, সমবায় সমিতি লজ এবং গৃহে মোট ১৮২ টি সৌরলণ্ঠন দেওয়া হয়েছে। গত আর্থিক বছরে মোট ১০টি সৌর ফোটোভোল্টেইক বসানো হয়েছে।

(ঙ) ১৯৯১-৯২ সালে রাজ্যে উন্নত চুল্লি বসানো হয়েছে মোট ৮২,০০০ টি। এই ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ছিল ৫৫,০০০টি।

(চ) বায়ু শক্তি ব্যবহারের ক্ষেত্রে বিভিন্ন জায়গায় বায়ু মানচিত্র তৈরির কাজ চলছে। ১৯৯২-৯৩ সালে দিঘা এবং নয়াচরে ২টি ১০ কিলোওয়াট বায়ু বিদ্যুৎ জেনারেটর বসানো হয়। কিন্তু, যান্ত্রিক গোলযোগের কারণে এই দুটি আপাতত কাজ করছে না।

(ছ) ভারত সরকারের আর্থিক সহায়তায় উর্জাগ্রাম তৈরির প্রকল্প শুরু করার ব্যাপারে এই বিভাগ ৫টি গ্রামকে চিহ্নিত করেছে। এই গ্রামগুলিতে সমীক্ষা ও পরিকল্পনা সংক্রান্ত কাজ শুরু করা হয়েছে।

(জ) কঠিন পৌর আবর্জনা ব্যবহারের ক্ষেত্রে কলকাতার তপসিয়ায় একটি ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন পরীক্ষামূলক ইউনিট কাজ করছে। এই ইউনিটটির কাজের তথ্য সংগ্রহ করা হচ্ছে যাতে ভবিষ্যতে একটি বৃহত্তর ইউনিট চালু করা যায়।

(ঝ) রাজ্য বিদ্যুৎ পর্ষদের সঙ্গে যোগাযোগ রেখে এই বিভাগ ক্ষুদ্র মাপের জল-বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা প্রসারের ক্ষেত্রে একটি সুসংহত, লক্ষ্যমুখী কর্ম-পরিকল্পনা হাতে নিয়েছে। এর লক্ষ্য দার্জিলিংয়ের পার্বত্য এলাকায় ভারত সরকারের অপ্রচলিত শক্তির উৎস মন্ত্রকের আর্থিক সহায়তা গ্রহণ করে রাষ্ট্রীয় ও ব্যক্তিগত ক্ষেত্রের বিভিন্ন চা-বাগান কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে ক্ষুদ্র মাপের জল-বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার উন্নয়ন ও প্রসার ঘটানো। এ ব্যাপারে বিস্তৃত প্রোজেক্ট রিপোর্ট তৈরি এবং ১১টি ক্ষুদ্র জল-বিদ্যুৎ উৎপাদন প্রকল্প রূপায়ণের পরিকল্পনা করা হয়েছে এবং সেই মতো প্রাথমিক কাজ শুরু করা হয়েছে। এই পরিকল্পনার লক্ষ্য মোট ৭০০০ কিলো-ওয়াট বিদ্যুৎ উৎপাদন করা [মংপুতে একটি ৫০০০ কিলো-ওয়াট ইউনিট (দুটি

প্রন্থে) সমেত]। এই কাজে প্রয়োজনীয় পথনির্দেশ দিচ্ছে এই বিশেষ উদ্দেশ্যে গঠিত একটি উচ্চক্ষমতাসম্পন্ন স্টিয়ারিং কমিটি।

৫। এই কথাগুলি বলে আমি অভিযাচন নং ৭২-র অংশ এই ৬৫ লক্ষ টাকা ১৯৯৩-৯৪ আর্থিক বছরের জন্য মঞ্জুর করতে সভাকে অনুরোধ করছি।

**Mr. Speaker :** There are nine cut motions to Demand No. 69. All the cut motions are in order and taken as moved. There is no cut motion to Demand No. 72.

**Shri Deba Prasad Sarkar, Shri Manik Bhowmik, Shri Subrata Mukherjee, Shri Saugata Roy :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের বিদ্যুৎমন্ত্রী আজকে তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন এসেছে সেইগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী ইদানিংকালে একটু আত্মসন্তুষ্টিতে ভুগছেন। বেশ কিছু দিন ধরে কলকাতা শহরে লোডশেডিং একটু কম হয়েছে, যদিও গ্রামাঞ্চলের চিত্র অন্য রকম, তাতে তিনি ভাবছেন যে বিদ্যুৎ সমস্যার সমাধান তিনি করে ফেলেছেন। কিন্তু বাস্তবে তা নয়। বিগত ১৬ বছর ধরে এই সরকার বিদ্যুৎ উৎপাদনের নূতন কোনও ইউনিট খাড়া করতে পারেননি। আজকে বিদ্যুৎ সংকট কলকাতা শহরে কম তার কারণ হচ্ছে, শীতকালে ব্যাপক লোডশেডিং হত, সমস্ত মেশিনগুলি সেই সময় চালানো হত না, বেশ কিছু ইউনিট বন্ধ করে রাখা হয়েছিল। এখন সমস্ত ইউনিটগুলি চালানো হচ্ছে। যার ফলে গ্রীষ্মকালে কলকাতা শহরে লোড শেডিং কম হচ্ছে। নূতন কোনও ইউনিট তৈরি হয়নি বিদ্যুতের জন্য, নূতন কোনও ইউনিট চালু হয়নি, সেই আগে যা ছিল সেই সবগুলি চালু করে কিছুটা লোডশেডিং কমানোর চেষ্টা করা হয়েছে। মাননীয় বিদ্যুৎমন্ত্রী এবারে দেখলাম তার বাজেট ভাষণে বক্রেশ্বর নিয়ে কিছু উল্লেখ করেছেন। স্যার, বক্রেশ্বর নিয়ে এই রাজ্য সরকার রাজ্যের মানুষকে বহুদিন ধরে ধাপ্পা দিয়ে চলেছেন। পশ্চিমবাংলার মানুষের কাছে বলেছিলেন যে বক্রেশ্বর আমরা রক্ত দিয়ে গড়ব। আজকে দেখা গেছে সেটা ফাঁকা আওয়াজ ছাড়া আর কিছু নয়। আমরা সেই দিন বারে বারে বলেছিলাম স্লোগান দিয়ে বক্রেশ্বর হয় না। বক্রেশ্বরের জন্য যে পরিকাঠামো দরকার, যে প্রযুক্তি দরকার সেটা নেই। বক্রেশ্বর তৈরি করার ব্যাপার নিয়ে প্রচুর সমস্যা রয়েছে, বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে বক্রেশ্বর করা হয়নি। সাইট সিলেকশনে ভুল ছিল। মন্ত্রী নিজে একজন টেকনোক্রাট, তিনি নিজে বোঝেন যে সাইট সিলেকশনে ভুল ছিল। তারপর আবেগের বসে বক্রেশ্বর থারমাল পাওয়ার প্লান্টরক তৈরি করতে গেলেন। তখন আপনারা স্লোগান দিলেন "শোনো হে দিল্লিশ্বর, রক্ত দিয়ে গড়ব মোদের বক্রেশ্বর"। কোথায় গেল সেই স্লোগান? আপনারা তখন সোভিয়েতের সঙ্গে চুক্তি করলেন, সেই চুক্তি বাতিল হয়ে গেল। এখন আবার জাপানের সঙ্গে যুক্তি করেছেন, ও. ই. সি. এফ.-এর সঙ্গে চুক্তি করেছেন সংবাদপত্রে দেখলাম।

কি অবস্থা যদি মন্ত্রী মহাশয় বলেন এবং কি কি শর্তের ভিত্তিতে ও. ই. সি. এফ. টাকা দিতে রাজি হচ্ছে সেটা যদি বলেন তাহলে আমাদের আলোচনা করতে সুবিধা হবে। প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকার মতো প্রকল্পটিতে খরচ হবে। রাজ্য সরকার ৩০ পারসেন্ট অর্থাৎ বারশ' কোটি টাকার মতো দিতে পারবেন কি? সেই আর্থিক সঙ্কুলান আছে কিনা তা মন্ত্রী মহাশয় আমাদের জানান। সংবাদপত্রে কিছু দিন আগে আমরা দেখছিলাম, মুখ্যমন্ত্রী একটা জনসভায় বললেন যে এক নম্বর ইউনিট বক্রেশ্বরে চালু হয়ে যাবে, দু'নম্বর ইউনিট পরে হবে। অথচ বক্রেশ্বরে কয়েকটা ফ্লাট হওয়া ছাড়া, দেওয়াল দিয়ে ঘেরা ছাড়া আর কিছুই হয়নি। বক্রেশ্বর নিয়ে আপনারা পশ্চিমবাংলার মানুষকে একের পর এক ভাঁওতা দিয়ে চলেছেন। আপনি এস. ই. বি.-র ১৯৯২-৯৩ সালের বাজেটটা যদি দেখেন তাহলে দেখতে পাবেন। বাজেট এস্টিমেট ফর '৯৩-'৯৪ অ্যান্ড রিভাইজড বাজেট এস্টিমেট ফর '৯২-'৯৩ সালে ডবলু. বি. স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড-এর ১৮১ কোটি টাকা লস হয়েছে। কি হারে টাকা নয়ছয় হচ্ছে। অফিসারদের টি. এ. বিল আপনি একটু ভেরিফাই করে দেখুন, এত টাকা খরচ হয়েছে কিনা তা ধরা পড়বে। ইলেক্ট্রিসিটি বোর্ডের মেম্বার, প্রণব রায়, যাকে আপনারা চিফ ইলেক্টোরাল অফিসার করে নাম পাঠালেন সেশন-এর কাছে। তিনি তার নাম রিজেক্ট করেছেন। তার ইলেক্ট্রিক বিল কত টাকার সেটা আপনি হাউসকে জানান। একজন সরকারি অফিসার, যার নাম চিফ ইলেক্টোরাল অফিসার হিসাবে পাঠিয়েছেন, তিনি যে বিল পাঠিয়েছেন সেগুলো আপনি একটু দেখুন। আপনি টি. এ. বিল, অ্যালাউন্স বাবদ অ্যামাউন্টের পরিমাণ কত তা দেখতে পাচ্ছি না। ওভারটাইম অ্যালাউন্স ইত্যাদির জন্য বাজেট এস্টিমেট ফর '৯২-'৯৩ যেটা ৫৯০ লক্ষ ৯২ হাজার টাকা ছিল সেটা রিভাইজড এস্টিমেট-এ দাঁড়ায় ৭১৯ লক্ষ ১ হাজার টাকা। অর্থাৎ পারসেন্টে ইনক্রিজ হয়েছে ২১.৬৮ পারসেন্ট। ট্রাভেলিং অ্যালাউন্স ১৪২.৪৫ লক্ষ টাকা যেটা ছিল সেটা বেড়ে হয়েছে ১৬২.৫১ লক্ষ টাকা। অর্থাৎ সেখানে ট্রাভেলিং অ্যালাউন্স বেড়ে গেল ১৪.৮ পারসেন্ট। স্যার, এস. ই. বি.-তে, বিদ্যুৎ দপ্তরের অনেক গাড়ি আছে, অথচ তারা বাইরে থেকে গাড়ি ভাড়া নিচ্ছে। ভেইকেল হায়ার চার্জ যেটা ১৮০.৭৩ লক্ষ টাকা ছিল, সেই খরচটাকে বাড়িয়ে করা হল ২ কোটি ৩ লক্ষ ৬০ হাজার টাকা। সেখানে ১২.৬৫ শতকরা হারে গাড়ি ভাড়া বাবদ চার্জ বেড়ে গেল। অথচ সরকারের যে গাড়িগুলো আছে, সেগুলোকে যদি রিপেয়ার করে চালানো হত তাহলে এত খরচ হত না। গাড়ি সারাবার জন্য খরচ যেখানে ৫০ লক্ষ ৯০ হাজার টাকা ছিল, সেটা বেড়ে হল ৫৮ লক্ষ ৬৯ হাজার টাকা। অর্থাৎ ১৪.৯৮ পারসেন্ট খরচ বেড়ে গেল। সরকারের যে গাড়িগুলো আছে সেগুলোকে সারিয়ে পথে নামালে এত খরচ হত না। এটা না করে আপনি এস. ই. বি.-কে এই টাকা খরচের সুযোগ করে দিলেন। শঙ্কর সেন মহাশয় একজন শিক্ষাবিদ সম্মানীয় ব্যক্তি। তিনি আন্তর্জাতিক অনেক পুরস্কার পেয়েছেন। কিন্তু বিদ্যুৎ দপ্তরটা আজকে কার হাতে? শঙ্কর সেন মহাশয়ের হাতে, নাকি আর. পি. গোয়েঙ্কার হাতে? আর. পি. গোয়েঙ্কা সি. ই. এস. সি.-কে কন্ট্রোল করে। সেখানে বিদ্যুৎমন্ত্রী ডঃ শঙ্কর সেনের কোনও ক্ষমতা নেই। সেখানে অথরিটি হচ্ছে আর. পি. গোয়েঙ্কা। সি. ই. এস. সি. সরকারের অনুমতি না নিয়ে দু'মাস অন্তর ইলেক্ট্রিক বিল করে দিচ্ছে। এরফলে মাসের খরচ অনেক বেশি হয়ে যাবে। সি. ই. এস. সি. ইলেক্ট্রিক বিলকে দু'মাস অন্তর করে দেবার ফলে বিল চার্জ অনেক বেশি হয়ে যাবে। সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু করতে পারলেন না। শুধু

তাই নয়, আমাদের দেশের শিল্প কারখানার মুমূর্ষু অবস্থা, তাদের সিকিউরিটি চার্জ, সিকিউরিটির যে টাকা জমা দিতে হয় সেটাকে চার-পাঁচ গুণ বাড়িয়ে দিলেন।

[1-55 — 2-05 p.m.]

বিভিন্ন কলকারখানায় সিকিউরিটি চার্জ বাড়িয়ে দেওয়া হল। রাজ্য সরকার কোনও কিছু কন্ট্রোল করতে পারছে না। আজকে গোয়েঙ্কারা এক রকম সরকারকে ব্লাক মেইল করছে। আপনারা কোনও ব্যবস্থা করতে পারেননি। হলদিয়ার ব্যাপারে গোয়েঙ্কারা আপনাদের অনেক আশ্বাস দিয়েছিল, পাঁচ হাজার কোটি টাকা খরচাও করেছিল এবং পাঁচিলও দিয়েছিল। এখন সরকারকে বিপদে ফেলে পালিয়ে গেছে। সি. ই. এস. সি. গোয়েঙ্কাদের হাতের ক্রীড়ানক হয়ে উঠেছে। এদিকে ওরা বড় বড় শিল্পপতিদের বিরুদ্ধে মুখে লড়াইয়ের কথা বলেন। এস. ই. বি. এবং সি. ই. এস. সি. একটা ইলেক্ট্রিসিটি ডিউটি নেই। এটা রাজ্য সরকারের প্রাপ্য। কিন্তু সি. ই. এস. সি.-র কাছ থেকে সেই টাকাটা রাজ্য সরকার আদায় করতে পারছে না। পশ্চিমবাংলার বিদ্যুৎ দপ্তরটা আজকে সি. ই. এস. সি.-র মনোপলি হয়ে গেছে। আমাদের বিদ্যুৎ মন্ত্রী রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের কথা বলেছেন, পশ্চিমবাংলায় ১৬ বছরের ক্ষমতায় থাকার ফলেও রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ক্ষেত্রে তেমন উন্নতি হয়নি এবং হরিয়ানা, মহারাষ্ট্র, গুজরাট এবং সমস্ত রাজ্যগুলির স্ট্যাটিসটিকসের থেকে আমাদের রাজ্য অনেক পিছিয়ে আছে। গ্রামগুলোর উপর দিয়ে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের লাইন চলে গেছে, কিন্তু গ্রামের মানুষ বিদ্যুৎ পাচ্ছে। ফলে তারা হুক মেরে বিদ্যুৎ চুরি করছে। কানেকশনের জন্য টাকা জমা দেওয়ার পরেও তাদের লাইন দিতে পারছেন না। এদিকে ঐ এলাকাটিকে ইলেক্ট্রিফায়েড এলাকা বলবার চেষ্টা করছেন। এই অবস্থায় আজকে বিদ্যুৎ দপ্তর চলছে। বিদ্যুৎ দপ্তরের কাছে একজন মন্ত্রী লিখলেন, বঁনগায় বাদুড়িয়া হাসপাতালে মাননীয় শ্রমমন্ত্রী শান্তি ঘটক গিয়ে দেখলেন সেখানে ইলেক্ট্রিক লাইন কেটে দেওয়া হয়েছে। তারপর তিনি হেলথ মিনিস্টার এবং পাওয়ার মিনিস্টারকে অনুরোধ করলেন বাদুড়িয়া হাসপাতালে বিদ্যুৎ লাইন যাতে আবার দেওয়া হয়। কারণ হাসপাতালের অবস্থা খুবই খারাপ। তাই ইমিডিয়েটলি বিদ্যুৎ সংযোগের জন্য তিনি অনুরোধ করেন। সাধারণ মানুষ নয়, একজন এম. এল. এ. নয়, মন্ত্রিসভার একজন সদস্য, আপনার কাছে একটা নোট পাঠালেন। আপনি তার উত্তর দিচ্ছেন এবং আপনি নিজের হাতে লিখেছেন—ক্যান বি ডান, আফটার ফুল পেমেন্ট। গ্রামের একটা হাসপাতালে লাইন দেবার জন্য তিনি শুধু অনুরোধ করেছিল। আজকে বড় বড় হাসপাতালগুলোতে জেনারেটরের ব্যবস্থা নেই। ও. টি.-তে যখন রোগিদের নিয়ে যাওয়া হচ্ছে, তখন ডাক্তাররা ভয় পাচ্ছে। ও. টি.-তে নিয়ে যেতে ডাক্তাররা সাহস পায় না। এদিকে আপনারা বিবৃতি দিচ্ছেন কারখানা এত বেড়ে গেছে, যে বিদ্যুৎ চাহিদাও বেড়ে গেছে ফলে লোডশেডিং হয়। কারখানাগুলোতে লোডশেডিং হওয়ার ফলে, সেখানে আজকে লে-অফ হচ্ছে এবং কারখানাগুলো আজকে বন্ধ হয়ে যাচ্ছে।

বিদ্যুৎ সংকট যেখানে যে অবস্থায় ছিল সেটা কোনও অংশে কমেনি, বিদ্যুতের চরম সংকটই রয়েছে। যেমন হাইডোজের ঔষধ দিয়ে সাময়িকভাবে রোগের উপশম করা হয় সেই রকম সাময়িক প্রলেপ দিয়ে সমস্ত মেশিনগুলি চালিয়ে আপনি কিছুটা উপশম করার চেষ্টা করেছেন, বাকি কিছু করতে পারেননি। বজবজের অবস্থাটা যে কি সেটা আজকেই আপনার

বিবৃতি থেকে বোঝা গিয়েছে। আপনি দু বছর বিদ্যুৎ মন্ত্রী আছেন, জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী হিসাবে ৫ বছর এই দপ্তরের দায়িত্বে ছিলেন, প্রবীরবাবু ১০ বছর ছিলেন কিন্তু কিছুই হয়নি। আপনি এই দু'বছর বিদ্যুৎ দপ্তর চালিয়ে বিদ্যুতের পরিকাঠামো কতগুলি তৈরি করেছেন সেটা একটু বলবেন। আপনি বলবেন যে কতগুলি বিদ্যুৎকেন্দ্র করেছেন। অমুক জায়গায় বিদ্যুৎ কেন্দ্র হবে, তমুক জায়গায় বিদ্যুৎ কেন্দ্র হবে বক্রেশ্বরে হবে, হলদিয়াতে হবে ইত্যাদি নানান কথা আমরা দীর্ঘদিন ধরে শুনে আসছি কিন্তু আপনাকে বলি, আপনি একটা বিদ্যুৎ কেন্দ্রের নাম করুন যেখানে নতুন ইউনিট চালু রেখেছেন। ব্যান্ডেলের ৫ম ইউনিটটি চালু করে আপনি কৃতিত্ব নেওয়ার চেষ্টা করছেন। কিন্তু এই ইউনিটটা তো আপনার নয়। ভেল থেকে সারিয়ে এনে আপনি তার কৃতিত্ব দাবি করছেন কিন্তু নতুন ইউনিট ইনস্টল করতে পারছেন না। এমন কি পুরানো ইনফ্রাস্ট্রাকচার কংগ্রেসের আমলে যেটা ছিল সেটাও আপনি চালু রাখতে পারছেন না। এর ব্যর্থতা আপনাকে নিতে হবে। আরপনার কাছে আমার অনুরোধ, পশ্চিমবাংলার মানুষের সাথে আর তঞ্চকতা না করে, তাদের ধাপ্পা না দিয়ে আপনাদের ব্যর্থতার কথাটা স্বীকার করুন। যেটা করতে পারেননি সেটা বলুন। মন্ত্রী মহাশয় বলেছেন যে বক্রেশ্বরের জন্য ৫।। কোটি টাকা তুলেছিলেন এবং সেখানে বিদ্যুৎ উৎপাদন করবেন বলেছিলেন কিন্তু কোথায় গেল সেখানকার বিদ্যুৎ? কেন্দ্রীয় মন্ত্রী বসন্ত সাঠে যখন বলেছিলেন যে এটা কেন্দ্রীয় সরকার করবেন, সি. ই. ও. করবেন তখন তা আপনাদের ইগোতে লেগেছিল, সেখানে আপনারা সেন্টিমেন্ট দেখালেন। বাংলার মানুষকে সেদিন আপনারা সেন্টিমেন্টের কথা বলে নির্বাচনী বৈতরণী পার হবার জন্য বললেন যে আপনারা এই বক্রেশ্বর প্রকল্প করবেন কিন্তু কোথায় গেল বক্রেশ্বর? ৮৬ সালে নির্বাচনের আগে আপনাদের প্রতিশ্রুতি ছিল যে ৯৩ সালে নতুন ইউনিট বক্রেশ্বরে চালু করবেন, কোথায় গেল সেই ইউনিট তা আমাদের দয়া করে বলবেন। আপনারা এখন বলছেন যে বক্রেশ্বর কবে হবে তা বলতে পারছেন না। তাহলে মানুষের কাছ থেকে যে টাকা নিয়েছিলেন সেটা তাদের ফেরত দিয়ে দিন। অনেক মানুষের একদিনের বেতন এবং এমন কি রক্তের বিনিময়ে আপনারা টাকা নিয়েছিলেন, সেই টাকা তাহলে ফেরত দিয়ে দিন কারণ আপনারা আপনাদের প্রতিশ্রুতি রক্ষা করতে পারেন নি। সেদিন পশ্চিমবাংলায় মানুষকে ধাপ্পা না দিয়ে যদি বসন্ত সাঠের কথা শুনতেন তাহলে এতদিনে বক্রেশ্বর প্রকল্প হয়ে যেত। আপনাদের এই ব্যার্থতার জন্য আপনার ব্যয় বরাদ্দের আমি বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান যেভাবে বক্তৃতা করলেন তাতে মনে হল যে কংগ্রেস যেন পশ্চিমবাংলার জন্য একটা সাজানো বাগান তৈরি করে রেখে গিয়েছিলেন এবং এই ১৬ বছরে তা ধ্বংস হয়ে গিয়েছে। স্যার, আমি আমার বক্তব্য আরম্ভ করতে চাই কয়েকটি তথ্য পেশ করে। ১৯৫১ থেকে ১৯৭১ সালের একটা হিসাব যদি ধরি তাতে দেখা যাচ্ছে যেখানে সারা ভারতে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা যেখানে বেড়েছে ১৪ গুণ, সেখানে পশ্চিমবঙ্গে তা বেড়েছে ৬ গুণ। ১৯৫১ সালে সারা দেশের মোট উৎপাদন ক্ষমতার ৩০ শতাংশ ছিল পশ্চিমবঙ্গে এবং ১৯৭২ সালে

ডাঃ জয়নাল আবেদিনের নেতা এবং তাদের কর্মকৃতিত্বের ফলে সেটা নেমে যায় ১০ শতাংশে। ১৯৫১ সালে বিদ্যুতের ব্যবহারের ক্ষেত্রে মাথাপিছু যে অঙ্ক ছিল তাতে পশ্চিমবাংলা ছিল স্থানে সেটা ১৯৭২ সালে নেমে হয় ৬ষ্ঠ স্থানে। আমি এই হিসাবটা দিচ্ছি ডবলু . বি. এস. ই. বি.-র ১৯৫৫-৭৩ তথ্য থেকে।

[2-05 — 2-15 p.m.]

আমি এটা আবেদিন সাহেব এবং মান্নান সাহেবের বোঝার জন্যই দিচ্ছি। এখানে পশ্চিমবঙ্গের বিদ্যুতের ইনস্টল ক্যাপাসিটি সম্বন্ধেও প্রশ্ন উঠেছে। ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ৩০ বছরে পশ্চিমবঙ্গে ইনস্টল ক্যাপাসিটি ছিল ১৩৬১ মেগাওয়াট। ১৯৭৭ সাল থেকে ১৯৯২ পর্যন্ত আমাদের সরকারের ১৬ বছরে সেই ইনস্টল ক্যাপাসিটি বৃদ্ধি পেয়েছে, ১৬৮৪ মেগা ওয়াট নতুন ক্ষমতা সংযোজিত করেছি। ওরা ৩০ বছরে করেছিলেন ১৩৬১ মেগাওয়াট, আমরা ১৬ বছরে করেছি ১৬৮৪ মেগাওয়াট। এখানে লোডশেডিং সম্বন্ধেও কথা উঠেছে। বিশেষ করে মান্নান সাহেব ঐ কথা তুলেছেন। মান্নান সাহেব, জেনে রাখুন ইনস্টল ক্যাপাসিটি বৃদ্ধি করা সম্ভব হয়েছে বলেই লোডশেডিং নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। আপনারা ১৯৭৬ সালে এখানে উৎপাদন করেছিলেন ১৯৩২ মিলিয়ন ইউনিট। ১৯৯২-৯৩ সালে উৎপাদন বেড়ে কত দাঁড়িয়েছে? ৯,৫৭৭ মিলিয়ন ইউনিট। ৫ গুণ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এটা মন্ত্রীর বাজেট বিবৃতির মধ্যেও উল্লেখ করা হয়েছে।এই সব তথ্য এখানে থাকা সত্ত্বেও এই বিভাগের এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে বিরোধীরা নানা অভিযোগ উত্থাপন করছেন, যদিও অভিযোগগুলো সবই ভিত্তিহীন। মাথার ওপরে প্রখর সূর্যকে দেখেও ওরা দু' চোখে হাত চাপা দিয়ে বলছেন, 'এটা দিন নয়, রাত'। অবশ্য আমরা জানি আজকে জীবজগতের সবচেয়ে বড় অমেরুদন্ডী জীবের নাম পশ্চিমবাংলার কংগ্রেসি যে যাই হোক, সে কথা আমি এই আলোচনার মধ্যে আনছি না। যে প্রসঙ্গের ওরা এখানে অবতারণা করেছেন সেই কংগ্রেসেই আমি আসছি। ওরা এখনও লোডশেডিং-এর কথা বলছেন। অবশ্য আমরা জানি ওরা প্রথা-গত কতগুলো কথা জানেন, তার বাইরে ওদের কোনও কথা জানা নেই। আমি ওদের আর লজ্জা দিতে চাই না। ওরা পশ্চিমবঙ্গে যা করেছিলেন তা তো গোটা রাজ্যের মানুষই জানেন। ওদের সময়ে—১৯৭৪ সালের ৯ই এপ্রিল আনন্দবাজার পত্রিকা বলছে, 'বিদ্যুৎ রেশন একটা প্রহসনে পরিণত হয়েছে। ২৪ ঘন্টা ধরে আলো নিভে রয়েছে।' তারপর ১৯৭৪ সালের ২৪শে এপ্রিল আনন্দবাজার পত্রিকা বলেছে, রেশন, পাওয়ার কাট, লোডশেডিং ইত্যাদি ওদেরই আমদানি করা শব্দ। এই কয়েক দিন আগে দিল্লিতে কি অবস্থা হয়েছিল? বিখ্যাত সাংবাদিক শ্রী হিরণ্ময় কার্লেকর ১৮. ৬. ৯৩ তারিখে আজকাল পত্রিকায় লিখেছেন, "লোডশেডিংয়ে দিল্লির দহনে। না। কলকাতা নয়, ঘটনাটা ঘটে ভারতবর্ষের রাজধানী দিল্লিতে, আর এমন একটা রাতে, যখন বাতাসে আগুন ঝরছে। তবে আমরা অন্য অনেকের তুলনায় অল্পেতে পার পেয়ে গিয়েছিলাম। কারণ নয়া দিল্লির যে ক্ষুদ্র এলাকায় রাজধানীর অত্যন্ত গুরুত্বপূর্ণ লোকেদের বাস, আমাদের বাড়িটার অবস্থান তার এক প্রান্তে। তাই বিদ্যুত অপেক্ষাকৃত তাড়াতাড়ি ফিরে এসেছিল। কোনও কোনও জায়গায় দশ ঘন্টা বিদ্যুতের চিহ্ন ছিল না।" হিরণ্ময় কার্লেকর বামপন্থী নন। তিনি এসব কথা লিখেছেন। এখন আপনারাই বলুন এখানকার পরিস্থিতি কি দিল্লির মতো? ভারতবর্ষের রাজধানী দিল্লিতে এই হচ্ছে বিদ্যুতের অবস্থা।

সেখানে ঘন্টার পর ঘন্টা বিদ্যুত নেই। কর্ণাটক সরকার কয়েক দিন আগেই ঘোষণা করেছে, সেখানে ২৫% পাওয়ার কাট হয়েছে। মহারাষ্ট্রের বিদ্যুৎ ব্যবস্থা বিপর্যস্ত। বিপর্যয় মোকাবিলায় সেখানে ব্যাপক-ভাবে পাওয়ার কাট হচ্ছে। আসাম প্রয়োজন অনুযায়ী মাত্র ৪৬০ মেগাওয়াট উৎপাদন করতে পারছে না, সেখানে ২৮০ মেগাওয়াট উৎপাদন হচ্ছে। আর কত শুনবেন? আমি আর উদাহরণ বাড়িয়ে আপনাদের লজ্জা দিতে চাই না। এখানে মাননীয় সদস্য আবদুল মান্নান সাহেব বলেছেন যে, আমাদের রাজ্যে বিদ্যুতের অবস্থা খুবই খারাপ। কি রকম খারাপ? খারাপ অবস্থার সূচনা তো আপনারা করে গিয়েছিলেন। সেখান থেকে আজকে অবস্থার অনেক উন্নতি হয়েছে। স্যার, এখানে যেহেতু মহারাষ্ট্রের কথা উঠেছে সেহেতু আমি গোটা ভারতবর্ষের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার একটা তথ্য এখানে উল্লেখ করতে চাই। এ বিষয়ে উত্তরাঞ্চল, দক্ষিণাঞ্চল, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলের চিত্রটা কি? পূর্বাঞ্চলে যেখানে ৮,১৬১ মিলিয়ন ইউনিট, উত্তরাঞ্চলে সেখানে ১৭,৪৭০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপন্ন হতে পারে। আর পশ্চিমাঞ্চলে ১৮,৮১৮ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা রয়েছে। অথচ তা দিয়েও তারা সামলাতে পারছে না। আমি এ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি আমাদের ৫০ বছরের পুরোনো মেশিন-পত্র দিয়ে পরিস্থিতির সার্বিক উন্নতি ঘটিয়েছেন। আমাদের এমন সব পুরোনো মেশিন-পত্র আছে, যেগুলো দিনে ৪/৫ ঘন্টার বেশি চালান সম্ভব নয়, বাকি সময় সেগুলোকে বন্ধ রাখতে হয়। সেই সমস্ত পুরোনো মেশিনপত্র নিয়ে তিনি কাজ করছেন। এ ছাড়াও এন. টি. পি. সি. আমাদের বাধ্য করছে, তাদের কাছ থেকে আমাদের বাধ্যতামূলকভাবে বিদ্যুৎ কিনতে হচ্ছে। কেন্দ্রীয় সরকার এই জিনিস আমাদের উপর জোর করে চাপিয়ে দিয়েছে। ওরা যখন আমাদের বিদ্যুৎ দেবে তখনই আমাদের বিদ্যুৎ নিতে হবে, সে সময়ে আমাদের প্রয়োজন থাক, আর না থাক। বহু সময় এস. ই. বি. নিজস্ব উৎপাদন বন্ধ করে রেখে এন. টি. সি.-র কাছ থেকে বিদ্যুত নিতে বাধ্য হয়। মাননীয় মন্ত্রী প্রবীর সেনগুপ্ত এক সময়ে এই দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি জানেন তাকে কি যন্ত্রণার মধ্যে কাজ করতে হয়েছে। কি যন্ত্রনার মধ্যে মাননীয় মন্ত্রী শঙ্কর সেনকে যে কাজ করতে হচ্ছে সেসব কথা বিরোধী সদস্য আলোচনার মধ্যে উল্লেখ করলেন না। যখন পশ্চিম বাংলায় আমরা কোনও ক্ষেত্রে সাফল্য লাভ করি তখন ওরা তা দেখতে পান না এবং সে সম্বন্ধে এক লাইনও বলেন না। বিদ্যুতের ক্ষেত্রে আমাদের এই যে সাফল্য এর জন্য মান্নান সাহেব মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে একটু ধন্যবাদ পর্যন্ত দিলেন না। ওরা দিল্লির ক্রীতদাস হিসাবে সব সময় যে কাজ করেন তাই আজকেও এখানে করলেন। ওরা দিল্লির ক্রীতদাস হিসাবে রাজ্যের সমস্ত কিছুর বদনাম এবং বিরোধিতা করতে করতে রাজ্যের মানুষেরই বিরোধিতা করতে আরম্ভ করেছেন।

যারজন্য বক্রেশ্বরের উদাহরণ আপনারা বারবার টেনে আনছেন। এটা কোথা থেকে এসেছে? কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে মানুষ বক্রেশ্বর করবেই। আমি এই ব্যাপারে আলোচনার মধ্যে যাচ্ছি না। এখানে মাননীয় সদস্য মান্নান সাহেব বললেন আপনারা কিছুই করেননি। আমি আপনাকে আশ্বস্ত করে বলতে পারি, ফরাক্কা ছেড়ে দিয়ে ১১৭৫ মেগাওয়াট নতুন সংযোজন হতে যাচ্ছে আগামী কয়েক বছরের মধ্যে। সাঁওতালডিহি ৪, কোলাঘাট ৫/৬ ইউনিট, বজবজ থারমাল পাওয়ার স্টেশনের ৫০০ মেগাওয়াট, গৌরীপুর থারমাল

পাওয়ার—হাইডেল বাদ দিয়ে—এই সব মিলিয়ে ১১৭৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। আমাদের রাজ্যের কয়েকটি জায়গায় বিদ্যুৎ মাঝে মাঝে থাকছে না। এটা আমাদের বিদ্যুৎ সমস্যার জন্য হয় না। আপনারা জানেন, পূর্বাঞ্চলে যে বোর্ড আছে রিজিওনাল ইলেক্ট্রিসিটি বোর্ড তাদের সমন্বয় না থাকার জন্য এই জিনিস হচ্ছে। এটা কেন্দ্রীয় সরকারের ব্যবস্থাপনায় চলার কথা এই সমন্বয় না থাকার জন্য আন্ডার ফ্রিকোয়েন্সি ফ্লিপিং হচ্ছে এবং তারফলে মেশিনপত্রের ক্ষতি হচ্ছে, আমাদের পাওয়ার প্ল্যান্ট নষ্ট হচ্ছে। এই নিয়ে আপনারা সমালোচনা করছেন। মহারাষ্ট্রে আগে আপনারা সামলান। কিন্তু আমাদের বিদ্যুৎমন্ত্রীর দক্ষতা আছে, এ ব্যাপারে অভিজ্ঞতা আছে, তিনি জানেন কিভাবে সামলাতে হবে। তিনি এর মেজার হিসাবে কতকগুলি ব্যবস্থাপনা নিয়েছেন। আপনারা কাট-মোশন এনেছেন যে গ্রামীণ বৈদ্যুতিকরণে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে। আমার কাছে হিসাব আছে, আমাদের ৩৮ হাজার ২৪টি গ্রাম আছে। এই ৩৮ হাজার ২৪টি গ্রাম আছে। এই ৩৮ হাজার ২৪টি গ্রামের মধ্যে আপনাদের আমলে ৭ হাজার ৮১১টি গ্রামের কতকগুলি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে। আপনারা বললেন শতাংশ হিসাবে ২ শতাংশের সামান্য বেশি। আমি অন্য কথায় যাচ্ছি না, বামফ্রন্ট সরকারের আমলে কি হয়েছে—৩৮ হাজার ২৪টি গ্রামের মধ্যে ২৮ হাজার ৮৫টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে, অর্থাৎ শতাংশ হিসাবে ৭৪ শতাংশ। আপনাদের আমলে গ্রামে বৈদ্যুতিকরণের নাম করে কোথাও পোল খাটিয়েছেন কিন্তু তার খাটাননি, আবার কোথাও তার খাটিয়েছেন, সেখানে দড়িতে রূপালি রং করে অ্যলুমিনিয়ামের তার বলে চালিয়েছেন এবং কংগ্রেসি এম. এল. এ-রা পয়সা ভাগ করে নিয়েছিলেন। এখন সেইসব দড়িতে মানুষ কাপড় শুকোতে দেয়। আপনাদের লজ্জা করা উচিত, এই নিয়ে কাট-মোশন আনা উচিত নয়, বাজেটকে সমর্থন করা উচিত। আপনাদের জানিয়ে রাখি, পশ্চিমবাংলায় যে বিদ্যুৎ ব্যবস্থা আছে তা হচ্ছে ১ লক্ষ ২৫ হাজার ৫৪০ সার্কিট কিলোমিটার। এস. ই. বি-র ১ লক্ষ ১৪ হাজার ৫৯৩ সার্কিট কিলোমিটার। সি. ই. এস. সি.-র গোয়েঙ্কার দিশেরগড় পাওয়ার সাপ্লাই এই সব মিলিয়ে ১৬ হাজার ৯৫৩ সার্কিট কিলোমিটার। আপানারা বিদ্যুতের দাম বাড়াবার প্ররোচনা দিয়েছেন। আপনাদের কাজের জন্য বিদ্যুৎ ব্যবস্থায় নাভিশ্বাস উঠেছে। পশ্চিমবাংলায় আণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার উদ্দেশ্য আমাদের দলের এম. পি. রাধিকারঞ্জন প্রামাণিক যোজনা কমিশনের কাছে গিয়েছিলেন এবং আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে বিদ্যুৎমন্ত্রীও গিয়েছিলেন যে অন্তত পশ্চিমবাংলায় আণবিক কেন্দ্র স্থাপন করা হোক। কিন্তু যোজনা কমিশন তা নাকচ করে দিয়েছেন। আর আপনারা এখানে বলছেন কেন বিদ্যুৎ মন্ত্রী আনবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতে চাইছেন। কিন্তু আপনাদের সরকার তা করতে দেবেন না। আপনাদের লজ্জা করা উচিত, হর্ষদ মেহেতার টাকা খেয়েও আপনাদের লজ্জা লাগে না। সাঁওতালডিহি পাওয়ার প্ল্যান্ট আপনারা কোনও অবস্থায় রেখে গিয়েছিলেন?

[2-15 — 2-25 p.m.]

আপনারা এটা জানেন যে, সাঁওতালদি আজকে ২৫০ মেগাওয়াট স্টেডি প্রডাকশন দিচ্ছে। সেদিনের রুগ্ন একটা পাওয়ার প্ল্যান্ট থেকে আজকে ২৫০ মেগাওয়াট স্টেডি জেনারেশন আসছে। এটা জেনেও আপনারা খুশি হবেন যে, কোলাঘাট প্ল্যান্ট আজকে সর্বোচ্চ উৎপাদনের

জন্য প্রথম পুরস্কার পেয়েছে, ডি. পি. এলও লাভ করছে। অথচ আজকে পশ্চিমবঙ্গের মানুষকে সাহায্য করতে পারছেন না বলে অহেতুক সমালোচনা করছেন এখানে দাঁড়িয়ে।

এখানে বিদ্যুৎ পর্ষদকে যে যন্ত্রণার মধ্যে কাজ করতে হয় সেদিকে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যে জায়গায় স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বিদ্যুৎ সরবরাহ করে সেটা অলাভজনক জায়গা, কিন্তু লাভজনক এলাকায় বেসরকারি প্রতিষ্ঠানগুলি বিদ্যুৎ সরবরাহ করে থাকে। এস. ই. বি.-কে আজকে বেশি দাম বিদ্যুৎ কিনে কম দামে সেটা বিক্রি করতে হয় এবং তারজন্য প্রতি বছরই এই সংস্থার অ্যাক্যুমুলেটেড লস বাড়ছে। কিন্তু বিরোধী পক্ষ অফিসারদের টি. এ. বিলে কত যাচ্ছে সেটা আলোচনা করে বিষয়টা অন্য দিকে ঘুরিয়ে দিতে চাইছেন। কিন্তু ঘটনা হোল, লোকসানের জায়গায় এস. ই. বি. বিদ্যুৎ সরবরাহ করে এবং লাভজনক এলাকায় বেসরকারি সংস্থাগুলি বিদ্যুৎ সরবরাহ করে। আজকে এই ব্যবস্থার পুনর্বিন্যাস করা উচিত এবং তারজন্য যথাযথ আইনের সংশোধন করা উচিত বলে আমি মনে করি। এই রাজ্যে পি. এল. এফের কথা ওরা বলছিলেন। বর্তমানে এই রাজ্যে ব্যক্তি মালিকানায় যে প্যান্টগুলি আছে সেগুলো বেস লোড প্ল্যান্ট, কিন্তু রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্ল্যান্টগুলি পিক লোড প্ল্যান্ট। তার উপর এখানে জল বিদ্যুৎ এবং তাপ-বিদ্যুৎ প্ল্যান্টগুলির মধ্যে কোনও সমন্বয় নেই। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় রাম্মাম এবং তিস্তা ক্যানাল ফল হাইডাল প্রোজেক্ট তৈরি করে দুই-এর মধ্যে সমতা আনবার চেষ্টা করছেন। কিন্তু সেগুলো ব্যয় বহুল। তবে সেগুলো চালু করতে পারলে এই রাজ্যে পি. এল. এফের হার আমরা বাড়াতে পারতাম এবং অস্থির জায়গাগুলিকে স্থির জায়গয় আনতে পারতাম। সেই জায়গায় দাঁড়িয়ে এস. ই. বি. এবং সি. ই. এস. সি. যা জেনারেট করছে ৫০ বছরের পুরানো মেশিন দিয়ে সেটা উল্লেখযোগ্য। যেমন সাঁওতালদিতে সিদ্ধার্থশঙ্কর রায় ১২০ মেগাওয়াটের যে প্ল্যান্ট বসিয়ে দিয়েছিলেন সেটা জন্ম থেকেই ছিল রুগ্ন। আজকে ঐ রকম একটা অবসোলেট প্ল্যান্ট থেকে যে ২৫০ মেগাওয়াট স্টেডি জেনারেশন করতে পারছে এবং তার চার নম্বর ইউনিটটি যে চালু হতে চলেছে তারজন্য নিশ্চয়ই মন্ত্রী মহাশয় কৃতিত্ব দাবি করতে পারেন। আজকে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন এমন জায়গায় পৌচেছে তাতে যে শুধু আমাদের চাহিদা পূরণ করতে পারছে তা নয়, অন্য রাজ্যকেও প্রয়োজনে বিদ্যুৎ দিতে পারছে। এই সময় এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের অ্যাচিভমেন্ট। তবে যেখানে দাঁড়িয়ে আপনি অন্য রাজ্যকে বিদ্যুৎ দেবার প্রস্তাব করছেন সেখানে উৎপাদিত বিদ্যুতের ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন লাইনে কিন্তু ঘাটতি রয়ে গেছে। এই ঘাটতি দূর করতে হবে। আজকে এস. ই. বি.-কে আরও দক্ষ এবং কর্মক্ষম করা সম্ভব এবং তারজন্য টেবেল রিডিং, কন্সোলিডিটেড রিডিং বন্ধ করা উচিত। আজকে কন্ট্রোল লেজার পোস্টিং করতে পারলে রেভিনিউ বাড়বে। সেক্ষেত্রে কর্মচারিদের সহযোগিতা চাই। তবে আপনি তাদের মোটিভেট করতে পেরেছেন এবং রাজ্যকে পথ দেখাতে পেরেছেন। তাই আমার মনে হয়, মাননীয় মন্ত্রীর এই বাজেটের প্রতি কংগ্রেস বন্ধুরা সন্তুষ্ট। আজকে এই রাজ্যে ওরা ৪২ জন আছেন। যদি ওরা সর্বক্ষেত্রে এইরকম বিরোধিতা করেন তাহলে ভবিষ্যতে ওদের সংখ্যা আরও কমে যাবে। মাননীয় মন্ত্রী আমাদের আলোকিত পশ্চিমবঙ্গে যে নেতৃত্ব দিয়েছেন তারজন্য তার বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[21st June, 1993]

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার হয়ত মনে আছে, ১৯৯১ সালে বলেছিলাম যে you are trying to build a castle in the air. কিন্তু আজকে আমার একথা বলতে কোনও আপত্তি নেই যে আপনি হচ্ছেন এই সরকারের গোবরের মধ্যে একটি পদ্মফুল। সেই পদ্মফুল কুড়ি আকারে প্রস্ফুটিত হয়েছে। সেটা ফুল হয়ে দেখা দেবে কিনা আমি জানি না। কিন্তু মানুষ অন্তর দিয়ে বিশ্বাস করছে যে আপনার মাধ্যমে কিছু কাজ হওয়া সম্ভব। বিরোধী দলে থাকলে সমালোচনা করতে হবে এবং সেটাই স্বাভাবিক। আমাদের কিছু জ্ঞাতব্য বিষয় সম্পর্কে অবহিত করতে হবে। আপনি জানেন যে আপনার যে পরিকল্পনা, সেই পরিকল্পনা আপনি কখনই ইমপ্লিমেন্ট করতে পারবেন না। কারণ আপনার দৃষ্টিভঙ্গি থাকতে পারে, আপনার ইমাজিনেশন থাকতে পারে, আপনি একজন যোগ্য লোককে চেয়ারম্যান করে আপনার দপ্তরে বসিয়েছেন, সেটা আমরা জানি, কিন্তু মূল প্রবলেম হচ্ছে আপনার টাকা নেই। আপনার সেভেন্থ প্ল্যানের আউটলের জন্য যে টাকা বরাদ্দ ছিল, তার কত টাকা আপনি পেয়েছেন? এইটথ প্ল্যানে আপনার টোটাল প্ল্যান আউটলের যে বাজেট, সেই টোটাল প্ল্যান আউটলের বাজেটে ২৬.৫ পারসেন্ট অ্যালটমেন্ট করেছেন। অর্থমন্ত্রী যদিও কখনই তার প্ল্যান আউটলেতে রিচ করতে পারেননি। ১৯৯২-৯৩ সালে উনি ১৫০১ কোটি টাকার প্ল্যান আউটলে করেছিলেন। কিন্তু উনি সংগ্রহ করেছিলেন এবং খরচ করতে পেরেছিলেন ৭০০ কোটি টাকা। কারণ ওনার দৃষ্টি দিয়ে উনি রিসোর্স মবিলাইজেশন করতে পারেননি। যার ফলে প্ল্যানট আউটলে গত বছর প্রায় অর্ধেকে নেমে এসেছিল যোজনা বরাদ্দে। তেমনি এই বছর উনি বলেছিলেন যে বাজেটে আমি ১৫৫০ কোটি টাকার পরকিল্পনা আয়তন করব। তার থেকে আমরা নিশ্চিত যে ১২১৪ কোটি ধরেও বিদ্যুতে অ্যালটমেন্ট ২৬.৫ পারসেন্ট। আমাদের এখন বিশ্বাস যে ১৫৫০ কোটি টাকার যে প্ল্যান আউটলে এবং তার থেকে আপনার যে ২৬.৫ পারসেন্ট বরাদ্দ, সেই বরাদ্দের ক্ষেত্রে এই রাজ্য সরকার অযোগ্য। ব্যাঙ্কক্রাপ্ট ইকনমি যে সরকারের মূলধন তার মাধ্যমে আপনি টাকা পেতে পারেন না। সুতরাং আপনার মহৎ উদ্দেশ্যে থাকতে পারে, কিন্তু যে ভাবে এই বিদ্যুৎকে নিয়ে গত ১৬ বছর ধরে চলছে, প্রথমদিকে জ্যোতিবাবুর হাতে পড়ে, তারপরে প্রবীণ সেনগুপ্তের হাতে পড়ে গোটা বিদ্যুৎ ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যয়ের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। মুখ্যমন্ত্রী জানেন, তিনি নামে-ধামে যত বড়ই নেতা হন, উনি কোনও ফাইলের ডিটেলসে যান না, কোনও প্রবলেম-এর ডেফতে গিয়ে বুঝবার চেষ্টা করেন না। সুতরাং মুখ্যমন্ত্রী হিসাবে বিদ্যুৎ মন্ত্রীর দায়িত্ব নিয়ে তিনি প্রথমেই গোটা বিদ্যুতের ব্যাপারটা, তার স্ট্রাকচারটা ডেস্ট্রয় করে দিয়েছেন এবং পরবর্তীকালে আর একজন মন্ত্রী তার এমন অবস্থা করলেন যে সেটা একেবারে সখাতসলিলে ফেলে দিলেন। এখন আপনি এসেছেন কতকগুলি প্রস্তাব নিয়ে। আপনার প্রস্তাবনা, আপনার উদ্যোগ হচ্ছে রেনোভেশন অ্যান্ড মডার্নাইজেশন নিয়ে। এই রেনোভেশন এবং মডার্নাইজেশন করার ক্ষেত্রে আপনার ৪টে ব্যান্ডেলে, সাঁওতালদিতে ৪টি ইউনিট এবং ডি. পি. এল.-তে ৫নিট ইউনিট। আপনি ব্যান্ডেলের ৪টি ইউনিট বলেছেন 'ভেল' কে দিয়ে করাবেন। সাঁওতালদির ৪টি ইউনিট সম্পর্কে বলেছেন যে নট ইয়েট ডিসাইডেড। আর. ডি. পি. এল. সম্পর্কে বলেছেন যে সিমেন্স ইন্ডিয়াকে দিয়ে করাবেন। আপনি গত দুই বছর ধরে বলে আসছেন যে এগুলি হবে। আমি আপনাকে বলব যে আপনি পাওয়ার ফিনান্সের সঙ্গে কেবলমাত্র ব্যান্ডেলকে নিয়ে নয়, ব্যান্ডেল, সাঁওতালদি, ডি. পি. এল. সবগুলিকে নিয়ে একটা কম্বাইন প্রোজেক্ট তৈরি করুন এবং একটা টোটাল

কমপ্রিহেনসিভ প্রোজেক্ট নিয়ে তাদের সঙ্গে কথা বলুন যাতে আপনার রেনোভেশন অ্যান্ড মডার্নাইজেশ, এই প্রোগ্রামগুলি বাস্তবে ইমপ্লিমেন্টেড হতে পারে। কারণ আপনি জানেন রেনোভেশন এবং মডার্নাইজেশন যতক্ষণ পর্যন্ত সাকসেস না হচ্ছে আপনার পি. এল. এফ. বাড়বে না। পি. এল. এফ. কোনও অবস্থায় আছে? পশ্চিমবঙ্গে মডার্নাইজেশন এবং রেনোভেশন হবার এই মুহূর্তে ৩০ থেকে ৪০ পারসেন্টের মধ্যে ঘুরপাক খাচ্ছে। আমরা বুঝতে পারি যে আপনার ইচ্ছা আছে, উদ্যোগ আছে। কিন্তু ম্যানেজারিয়াল এফিসিয়েন্সি বলতে যা বুঝি সেটা আপনার দপ্তরের ক্ষেত্রে কোথাও কোথাও ডেফিসিয়েন্সি দেখছি। আপনি দেখুন কি ভয়ঙ্কর ঘটনা ঘটল। সাঁওতালদির দুই নম্বর ইউনিটটি ১৯৮৮ সালে খারাপ হল এবং ৪।। বছর ধরে একটা ইউনিট অকেজো হয়ে পড়ে থাকল। ১৯৮৮ সালে যখন এটা খারাপ হল তখন প্রথমে আপনারা চিন্তা করলেন যে স্থানীয় ইঞ্জিনিয়ারকে দিয়ে পাঠাবেন। তারপরে 'ভেলের' সঙ্গে আপনারা কন্ট্যাক্ট করলেন। 'ভেলের' সঙ্গে আপনাদের বারগেন শুরু হল। ভেল বিভিন্ন ক্ষেত্রে দেখা যায় যে ওরা যেহেতু মনোপ্লাইজড করে ফেলেছে, কমবেশি ব্যাপারটাকে, এরা দরদাম নিয়ে হোক, বা তাদের অবহেলার জন্যই হোক, বা গাফিলতির জন্যই হোক, কিম্বা আপনার দপ্তরের ইন্ডিসিসনের জন্যই হোক, অর্থাৎ ভেলকে দেবেন কি দেবেন না, এই ইন্ডিসিসনে ভুগতে গিয়ে সাওতালদির দুই নম্বর ইউনিটটা ৪।। বছর ধরে অকেজো হয়ে পড়ে থাকল। এটা আপনার সরকারের পক্ষে একটা গর্হিত অপরাধমূলক কাজ হয়েছে। চাহিদা টু ইজ টু ওয়ান রেসিও-তে চলে। আপনি দেখতে পাচ্ছেন রাতের বেলায় বিদ্যুতের চাহিদা কমে যাচ্ছে, আপনি টু ইজ টু ওয়ান করতে গিয়ে অন্য রাজ্যকে বিদ্যুৎ দিচ্ছেন, বিদ্যুৎ কেন্দ্রগুলিকে উৎপাদন কমিয়ে রাখতে হচ্ছে। যখন দেখতে পাচ্ছে সর্বোচ চাহিদা সেই সময় ইউনিটগুলি বিকল হচ্ছে, তখন কিন্তু বিদ্যুৎ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা যাচ্ছে না এবং সেটা থাকছেও না। ফলে মফঃস্বলে এবং গ্রামবাংলায় লোড শেডিং ব্যাপকভাবে হচ্ছে। তখন আপনি বোঝানোর জন্য বলেন ফ্রিকোয়েন্সি ফেল করছে তার জন্য লোডশেডিং হচ্ছে, সিস্টেম কনস্টেন্টস হচ্ছে। এই সমস্ত বৈজ্ঞানিক কথাবার্তা না বুঝলেও এটা মানুষ সাফার করছে এটা হচ্ছে ফোরগন কনক্লুশন।

আপনাকে সেই কারণে দেখতে হবে যে এই সমস্যা আপনার থেকে যাচ্ছে। আপনি জানেন যে, ১৯৯০, '৯১ এবং '৯২ এই তিন বছরে যে সার্বিক বিপর্যয় হয়েছিল—আপনি স্বীকার করেছেন, আপনি বলেছেন আন্ডার-ফ্রিকোয়েন্সি রিলের যে অনুশাসন, এই গ্রিডের অনুশাসন এটা সকলে মানবে। এরজন্য কি কোনও বাধ্যবাধকতা আছে? আপনি পশ্চিমবাংলার বিদ্যুৎমন্ত্রী। আপনি আন্ডার ফ্রিকোয়েন্সি রিলের কথা, গ্রিডের অনুশাসনের কথা বলেছিলেন। '৯০, '৯১ এবং '৯২ এই বছরগুলোতে এমন অভিজ্ঞতা হয়েছে যে অনেক সময়ে প্রায় ৪৮ ঘন্টা পর্যন্ত মানুষ লোডশেডিংয়ের মুখোমুখি হয়েছে। সুতরাং এইক্ষেত্রে আপনার দৃষ্টিভঙ্গিকে স্পষ্টভাবে ব্যাখ্যা করে বলুন। এরপর আমি গ্রামীণ বৈদ্যুতিকরণ সম্বন্ধে বলব। পশ্চিমবাংলার গ্রামীণ বৈদ্যুতিকরণ ৭০-৭৩ শতাংশের মধ্যে ঘুরপাক খাচ্ছে। অন্যদিকে, হরিয়ানা, কর্ণাটক, গুজরাট, কেরালা, মহারাষ্ট্র, পাঞ্জাব এবং তামিলনাড়ুতে ১০০ শতাংশ ইলেক্ট্রিফিকেশন হয়ে গেছে। কিন্তু আপনি ৭৩ শতাংশ একসিড করতে পারছেন না। এই স্টেজে আপনি অবস্থান করছেন। অল ইন্ডিয়া অ্যাভারেজ ৮১ শতাংশ, অনেক রাজ্য ১০০ শতাংশ টার্গেটে রিচ করে

গেছে। আর সেই তুলনায় গত ১৬ বছরে আমাদের অগ্রগতি এখানে এসে দাঁড়িয়েছে। এরূপ জলবিদ্যুৎ প্রকল্প এবং তিস্তা ক্যানাল জল প্রকল্প—এখানে, জলবিদ্যুৎ প্রকল্পে জাপানের ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির সঙ্গে যোগাযোগ করে করবেন বলে আপনি বলছেন। আমাদের কাছে খবর আছে যে তারা যন্ত্রপাতি পাঠানো বন্ধ করে দিয়েছে। তার কারণ, বিদেশি মুদ্রা, কাস্টমস ডিউটি দিয়ে আপনি মাল ছাড়তে পারছেন না। তিস্তা ক্যানাল ফলে তার যে টোটাল মেশিনারি, তার ৫০ শতাংশের বেশি আসছে না। ওরা পাঠানো বন্ধ করে দিয়েছে আপনার কাস্টমস ডিউটি দেবার ক্ষমতা নেই বলে। পুরুলিয়া পাম্প স্টোরেজের ব্যাপারে '৯১ সালের বাজেট বিবৃতিতে আপনি বলেছিলেন যে '৯২ সালের মধ্যে সম্পন্ন করে দেবেন। তারপর আপনি এখন বলছেন কেন্দ্রীয় সরকার অষ্টম ও নবম পরিকল্পনায় ও. ই. সি. এফ.-এর সঙ্গে যোগাযোগ করে অন্তর্ভূক্ত করেছে। পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্প '৯২ সালে সম্পন্ন হবে বলে আপনি বলেছিলেন, ইট ওয়াজ অফিসিয়াল অ্যানাউন্সমেন্ট। আর আজকে বলছেন কেন্দ্রীয় সরকার অষ্টম, নবম পরিকল্পনার অন্তর্গত করেছেন। আপনি বলুন, কোনটা ঠিক? তিস্তা ক্যানাল ফল, পুরুলিয়া পাম্প স্টোরেজ এবং ফারাক্কা জলবিদ্যুৎ প্রকল্পে ১২৫ মেগাওয়াট প্রকল্প, কেন্দ্রীয় সরকার এতে অনুমোদন দিয়েছেন। আপনি বলছেন এটাকে যৌথ প্রকল্পে নিয়ে যাবেন। ফারাক্কা জলবিদ্যুৎ প্রকল্পকে আপনি যৌথ প্রকল্পে নিয়ে যেতে চাইছেন। এর আগে গৌরীপুরকে আপনি যৌথ প্রকল্পে নিয়ে গেছেন। যৌথ প্রকল্পে গেলে কোনও স্টেজেই সাকসেস হচ্ছে না। একটা স্টেজ পর্যন্ত গিয়ে দেখা গেছে তারা পিছিয়ে এসেছে। এরপর আমি আপনার বিরুদ্ধে মারাত্মক অভিযোগ করব, সেটা হচ্ছে রাজ্য বিদ্যুৎ পর্ষদ, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের কাছে মানুষের প্রত্যাশা সবচেয়ে বেশি। আপনি দেখুন, দি অ্যাকুমুলেটেড লস অব ডবলু. বি. এস. ই. বি. ইজ রুপিজ ৬০৪ ক্রোরস। বাজারে দেনা, ডেট-এর পরিমাণ ১,৩৫৪ কোটি টাকা। ইয়ারলি ইনকাম অব এস. ই. বি. প্রায় ৭০০ কোটি টাকা।

এখানে ইউনিট কস্ট অব পাওয়ার প্রোডাকশন ইজ ৩৬ পারসেন্ট—মোর দ্যান ন্যাশনাল অ্যাভারেজ। এত সেট আপ নিয়ে এবং এত লস নিয়ে ডবলু. বি. এস. ই. বি.-কে আপনি চালাবেন? আপনি ট্রান্সশিট লসের ক্ষেত্রে অনেকটা উন্নতি করেছেন। গত তিন বছরে ২৩ পারসেন্টে আপনি রিচ করেছেন। ট্রান্সমিশন লস-এর ক্ষেত্রে অল ইন্ডিয়া অ্যাভারেজ যেখানে ১৫-১৬ পারসেন্ট, সেখানে আপনি এই জায়গায় রিচ করেছেন। এই ট্রান্সমিশন লসের প্রধান যে কারণ, ট্যাপিং, হুকিং, আন্ডারবিলিং। এগুলোর জন্য বিদ্যুতের ভোল্টেজ যেটা কমে গিয়েছিল সেটাকে আপনি কাটাতে পেরেছেন বলে মনে করছি। আমি সাঁওতালদির গত এক বছরের রিপোর্ট দেখছিলাম। সাঁওতালদিতে আপনি ভাল কাজ করেছেন বলে দাবি করছেন। কিন্তু সাঁওতালদিতে চুরির পরিমাণ কত?

[2-35 — 2-45 p.m.]

একটা রিপোর্টে বলছে ১০ লক্ষ টাকা চুরি হয়েছে একটা বছরে। আমার কাছে কাগজ আছে। আমি সঙ্গে করে নিয়ে এসেছি। এক বছরে একটা প্রোজেক্ট থেকে ১০ লক্ষ টাকা চুরি হয়েছে। এটা কেন হবে? এই থেপট আপনাকে বন্ধ করতে হবে। আপনার এই রেভিনিউ লিকেজটাকে বন্ধ করতে হবে। পশ্চিমবাংলায় পাওয়ার যেটা আপনার ডিপার্টমেন্ট

জেনারেট করছে তাতে আপনার খরচা পড়ছে ১.৫০ পয়সা এবং রিয়েলাইজেশন থ্রু রেভিনিউ ১.২০ পয়সা প্রতি ইউনিট। প্রতি ইউনিট পাওয়ার বিক্রি করে আপনার লস হচ্ছে ৩০ পয়সা করে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে ১৯৮৮-৮৯ সালে আপনার লস হয়েছে ৩৯.১১ কোটি টাকা, তারপর ১৯৯০-৯১ সালে সেই লসের পরিমাণ বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ৯২.৮২ কোটি টাকা। কি রেঞ্জ আপনার, ৩৯ কোটি টাকা লস ১৯৮৮-৮৯ সালে আর ১৯৯০-৯১ সালে সেটা ৯২.৮২ কোটি টাকাতে গিয়ে দাঁড়াল। অথচ আপনার ইলেক্ট্রিসিটি বোর্ডে হায়েস্ট স্টাফ। হায়েস্ট স্টাফ অর্গানাইজেশনাল স্ট্রেইনথ আপনি কাজে লাগাতে পারছেন না। এই ম্যান পাওয়ারকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন হাতে করা যায় সেই দৃষ্টিভঙ্গি আপনাকে দেখতে হবে। রাজ্য সরকারের কাছে আপনার লোন হচ্ছে ৫৮২ কোটি টাকা। ইট ইজ এ টোটাল লোন অফ স্টেট গভর্নমেন্ট। আপনি এই ঋণ নিয়ে রাজ্য সরকারের ঋণের ফাঁদে যেভাবে জড়িয়ে পড়ছেন এর থেকে মুক্তি আপনি পেতে পারবেন না। ইলেকট্রিসিটি বোর্ড আগে যে বন্ড ছাড়ত, আপনি সেই বন্ড ছাড়া বন্ধ করে দিলেন কেন? সি. ই. এস. সি. বাজারে বন্ড ছাড়ছে এবং সেই বন্ড হুড়হুড় করে বিক্রি হয়ে যাচ্ছে। কিন্তু আপনারা সেই বন্ড ছাড়া বন্ধ করে দিলেন। আপনারা একটা প্রস্তাব করলেন যে পঞ্চায়েতের মাধ্যমে মিটার রিডিং করবেন। মিটার রিডিং থ্রু পঞ্চায়েত সিস্টেম। কিন্তু আমরা একটা ভয়ঙ্কর চিত্র দেখতে পেলাম। আজ পর্যন্ত ১৩১টি পঞ্চায়েতকে দিয়ে বিলিং-এর কাজ শুরু হয়েছে। কোনও কোনও জেলা বাদ পড়েছে, দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মুর্শিদাবাদ, হুগলি, হাওড়া। এই জেলাগুলো আপনার প্রথম তালিকায় স্থান পেল না। এত শ্লো প্রসেস কেন আপনার। আপনি কি ভাবলেন পঞ্চায়েত নির্বাচনের ফল দেখে এটা পরে দেখা যাবে। আপনি এই সিস্টেমটাকে উইথড্র করবেন না। গ্রাম পঞ্চায়েতে যদি বিলিং সিস্টেম করা যায় তাহলে আপনার রেভিনিউ অনেক বেশি আসবে। আপনার গ্রোথ রেট অফ ইন্ডাস্ট্রিয়াল পাওয়ার কনজাম্পশন, এতে পশ্চিমবাংলা পিছিয়ে যাচ্ছে। পশ্চিমবাংলার গ্রোথ এই ক্ষেত্রে সেভাবে সাকসেসফুল হচ্ছে না। বক্রেশ্বরের কথা আব্দুল মান্নান বলেছে, আমি মেজিয়া তাপ বিদ্যুৎ প্রকল্প সম্পর্কে বলব। সেখানে ইনফ্রাস্ট্রাকচার গড়ে ওঠার কোনও ব্যাপারই নেই। সেখানে ইনফ্রাস্ট্রাকচার এতদিনে তৈরি হয়ে যাবার কথা ছিল, কিন্তু সেটা এখনও হয়নি।

মুর্শিদাবাদের সাগরদিঘি প্রকল্প যেটা ৪ ইনটু ৫০০ মেগাওয়াট হওয়ার কথা ছিল আপনার বাজেট বক্তৃতায় পড়লাম সেটার ব্যাপারে আপনি ২ ইনটু ৫০০ মেগাওয়াটের কথা বলেছেন। ৪ ইনটু ৫০০ মেগাওয়াট থেকে ইউনিট করে কিসের জন্য নামিয়ে এনে এটাকে ২ ইনটু ৫০০ মেগাওয়াট করা হল সেটা আমাদের বোধগম্য হল না আশা করি তিনি এটা বলবেন। মাননীয় মন্ত্রী মহাশয়, বিদ্যুৎ সম্পর্কে আপনার মৌলিক জ্ঞান আছে, উদ্যোগ আছে, দৃষ্টিভঙ্গি আছে কিন্তু আপনাকে কাজ করতে হচ্ছে একটা দেউলিয়া সরকারে থেকে। যে সরকারকে পিয়ারলেসের কাছ থেকে টাকা নিয়ে সরকারি কর্মচারিদের মাহিনা দিতে হয়, পিয়ারলেসের কাছে এবং অন্যান্য শিল্পপতিদের কাছে মাথা বিক্রি করে যৌথ প্রকল্প করতে হয় সেই সরকারের কাছ থেকে বিদ্যুতের উন্নয়নের ব্যাপারে টাকা পাওয়া একটা বড় সমস্যা এটা আমরা জানি। এর মুখোমুখি দাঁড়িয়ে আপনাকে বলব, আপনি আরও ব্রড-বেসড পরিকল্পনা রচনা করুন। আপনার যে ম্যান পাওয়ার আছে, বিদ্যুৎ পর্ষদের যে কর্মচারিরা আছেন তাদের

আরও বেশি বেশি করে ইনভলভ করুন। বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য এক সময় আপনারা বড় বেশি বেশি করে মাতামাতি করার জন্য অন্যান্য প্রকল্পগুলি এখানে মার খেয়েছে। আপনি যে সব প্রকল্পগুলি এখানে ঘোষণা করেছেন সেই সমস্ত প্রকল্পগুলি হলে পশ্চিমবঙ্গে অনেক বিদ্যুৎ আসবে। কিন্তু বক্রেশ্বরের জন্য মাতামাতি বেশি করার জন্য এখানকার ছোট বড় প্রকল্পগুলি মার খেয়েছে। এর ফলে কিন্তু বাংলার মানুষরাই ভুগছে। বক্রেশ্বর প্রকল্প নিয়ে আমি যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান শ্রী প্রণব মুখার্জির সঙ্গে দীর্ঘ আলোচনা করেছি এবং আমি তাকে বলেছি যে আপনি বীরভূমের মানুষ, আপনি বলুন এর ভবিষ্যত কি? সে আলোচনায় কি বেরিয়ে এসেছিল তা না হয় একদিন আলোচনা করা যাবে। আমি পরিশেষে বলব, বিদ্যুতের সামগ্রিক উন্নয়নের জন্য আপনি আরও বেশি করে অর্থ সংস্থান কি করে করতে পারেন সেটা দেখুন।

**(সময় শেষ হওয়ায় এবং মিঃ ডেপুটি স্পিকার পরবর্তী বক্তার নাম ডাকায় এই সময় মাইক বন্ধ হইয়া যায়।)**

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী আজ এই সভায় তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শুরু করতে চাই। আমি মাননীয় বিরোধীদলের সদস্য মান্নান সাহেব এবং সুদীপবাবুর বক্তব্য শুনলাম। মান্নান সাহেব তারমধ্যে কিছু দেখতে না পেলেও সুদীপবাবু কিছুটা ভাল জিনিস মন্ত্রী মহাশয়ের মধ্যে দেখতে পেয়েছেন। মান্নান সাহেব বললেন যে মন্ত্রী মহাশয় ধাপ্পা দিচ্ছেন। মন্ত্রী মহাশয়ের মতোন একজন সৎ স্পষ্টবাদী লোককে ধাপ্পা দেওয়ার কথাটা বলাতে আমি আশ্চর্য হচ্ছি। মান্নান সাহেবের যিনি গুরুদেব, সেই বরকত সাহেব যখন এখানে বিদ্যুৎমন্ত্রী ছিলেন তখন তিনি মুখ্যমন্ত্রী দিয়ে প্রায়ই বিদ্যুতের ব্যাপারে একটা করে রিভিউ দেওয়াতেন যে মাসে কতগুলি জায়গায় বিদ্যুৎ গেল। এ ব্যাপারটা বলাতে উনি আমার উপর চটেও গিয়েছিলেন।

[2-45 — 2-55 p.m.]

প্রথম মাসে বলতেন ২৩০-টি গ্রামে বৈদ্যুতিকরণ হ'ল, পরের মাসেই বলতেন ৫০০টি গ্রামে বৈদ্যুতিকরণ হ'ল। আমি একদিন ঐ সময়ে বরকত সাহেবের কাছে গিয়েছিলাম। উনি আমাকে জিজ্ঞাসা করলেন রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে লোকে কি বলছে? আমি ওকে বলেছিলাম, সাধারণ মানুষ বিশেষ কিছু বলছে না। তবে ইনট্যাল্যাকচুয়াল পিপল বলছে, আপনি ধাপ্পা দিচ্ছেন। উনি আমাকে আবার জিজ্ঞাসা করলেন, কি রকম ধাপ্পা? আমি তখন বললাম, আপনি বলছেন এই মাসে ২৩০-টি গ্রামে বিদ্যুৎ পৌছে দিয়েছেন এবং পরের মাসেই বলছেন ৫০০ গ্রামে বিদ্যুৎ পৌছে দিচ্ছেন। তা পরের মাসে কি আগের মাসের ২৩০-টি গ্রামকে ধরে, না ঐ ২৩০-টি গ্রামকে বাদ দিয়ে আরও নতুন ৫০০-টি গ্রামে বিদ্যুৎ পৌছে দিয়েছেন? এটা ঠিক মানুষের কাছে, বিশষ করে ইনট্যাল্যাকচুয়াল মানুষদের কাছে পরিষ্কার হচ্ছে না। তারা মনে করছেন আপনি ধাপ্পা দিচ্ছেন। উনি তখন স্বীকার করলেন যে, হ্যাঁ এটা ঠিক প্রশ্ন। অফিসারদের উনি ওটা নোট করে নিতে বলেছিলেন এবং পরের মাসে ক্লারিফাই

করবেন বলেছিলেন। অবশ্যই ওরা ধাপ্পা দিয়েছিলেন এবং ওদের ধাপ্পার ফল আজও আমাদের এবং রাজ্যের মানুষদের ভোগ করতে হচ্ছে। ওরা কি রকম বিদ্যুৎ গ্রামে পৌছে দিয়েছিলেন? কন্ট্রাক্টররা এক একটা মৌজায় এক একটা করে পোল বসিয়ে দিয়ে চলে গেছিল? সে কাজ সম্বন্ধে কোনও পঞ্চায়েতকে, কোনও গ্রাম সভাকে কোনও কথা বলেনি। তারপরই বিদ্যুৎ দপ্তর থেকে ঘোষণা করা হয়েছিল—মৌজাটিতে বিদ্যুৎ পৌছে দেওয়া হয়েছে এবং সে খবর দিল্লিতে পর্যন্ত পৌছে দিয়েছিল। মজার ফলে আজও দিল্লির হিসাব অনুযায়ী ঐ সব গ্রামে বৈদ্যুতিকরণের কাজ বহুদিন আগেই সম্পন্ন হয়ে গেছে, সুতরাং নতুন করে আর ঐসব গ্রামে বিদ্যুৎ পৌছে দেবার জন্য তারা আমাদের কোনও রকম সাহায্য সহযোগিতা করছে না। এবং কাগজে কলমে নতুন করে আর ঐ সব গ্রামে আমাদের বিদ্যুৎ পৌছে দেবার কোনও সুযোগ নেই। এই একটা বিরাট অসুবিধার মধ্যে আমাদের সরকারকে পড়তে হয়েছে! আমাদের বিরোধী সদস্যরা অন্যান্য রাজ্যের কথা এখানে উল্লেখ করলেন। স্যার, আমার ইউ. পি.-তে একটা ছোট বাড়ি আছে এবং জায়গাটা বিহারের পাশে। সেখানে গিয়ে আমি দেখেছি দিনের মধ্যে ২৪ ঘন্টাই লোড-শেডিং। আর আমাদের রাজ্যে কংগ্রেস আমলে কি হয়েছে তা তো লোকে দেখেছে। আজকে রাজ্যে আর লোড শেডিং হচ্ছে না। ওরা আজকে আর কোনও কথা বলার মতো কিছু না পেয়ে শেষ পর্যন্ত কি বললেন? না, এত ভাল, ভাল নয়। সুদীপবাবু বললেন কলকাতায় অবস্থা ভাল, কিন্তু গ্রামে অবস্থা ভাল নয়। আগে কলকাতায় অবস্থা ভাল নয় বলে চিৎকার করতেন। আমার বক্তব্য হচ্ছে, আমাদের ভাল ওরা দেখতে পান না। কারণ ওদের চোখে অন্য রকম চশমা আছে, তা দিয়ে এ রাজ্যের কোনও ভালই দেখা যায় না। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি কারও ওপর অ্যাসপারশন না করেই বলছি আপনি ভাঙা, পুরোনো যন্ত্রপাতি দিয়ে, কংগ্রেসের নিযুক্ত ১০ হাজার কর্মচারী—যারা অফিসে শুধু বসে থাকে, মাঠে কোনও কাজ করে না—তাদের নিয়ে এই অল্প সময়ের মধ্যে অসাধ্য সাধন করেছেন। এই দু' বছরে আপনি যে কাজ করেছেন তা অতীতে কোনও দিন হয়নি। সুদীপবাবু আপনার ভাল কাজগুলো কিছুটা হয়ত দেখতে পেয়েছেন, কিন্তু মান্নান সাহেব কিছুই দেখতে পাননি। তাই তিনি ঐভাবে বক্তব্য রাখলেন। আপনি ৩৫ বছরের পুরোনো মেশিন যা কাজের অনুপযুক্ত হয়ে পড়েছিল তাকে আবার কাজে লাগিয়েছেন। ব্যান্ডেলের পাঁচ নং ইউনিটটিকে আবার আপনি কাজে লাগিয়েছেন। পুরো ইউনিটটাকে 'ভেল'-কে দিয়ে মেরামত করিয়ে তাকে আবার কাজে লাগিয়েছেন। যে সাঁওতালদিতে কংগ্রেস আমলে কোনও বিদ্যুৎ উৎপাদনই হ'ত না, ওরা যেটাকে একটা অকেজো ইউনিট হিসাবে তৈরি করেছিলেন, যেখানে জল ছিল না, রোজ লেবার ট্রাবল ছিল সেখানে আপনি আজকে যথেষ্ট পরিমাণে বিদ্যুৎ উৎপাদন শুরু করেছেন। যে সাঁওতালদিতে খুব বেশি হলে ৫৮৬ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন হ'ত, সেখানে আজকে গড়ে ১৩৫০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। অথচ কংগ্রেস সদস্যরা কেউ এটা একবার উল্লেখ করলেন না। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়, আপনি যে কাজ করেছেন এবং এখনও করছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। ধন্যবাদ দিচ্ছি সেসব কর্মচারিদের যাদের সহযোগিতায় আপনি সাঁওতালদির মতো বিদ্যুৎ কেন্দ্রেও বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হয়েছেন।

যে সমস্ত কর্মচারী কলঙ্ক দূর করে আপনাদের সুনাম তথা পশ্চিমবাংলার সুনাম বৃদ্ধি করেছে তাদের যে হাউস রেন্ট এবং সার্ভিস চার্জ দিতে হয় সেই সার্ভিস চার্জ যাতে না বন্ধ হয় সেটা বিবেচনা করে দেখবেন। এই সমস্ত কর্মচারী অত্যন্ত দক্ষতার সাথে কাজ করেছে। সাঁওতালডিহির পাওয়ার প্ল্যান্ট জন্মলগ্ন থেকেই খারাপ। যে সমস্ত ইঞ্জিনিয়াররা কাজ করেছে তারা অধিকাংশই আপনার ছাত্র, তারা আপনার প্রতি শ্রদ্ধাশীল বলেই এত কাজ করেছে। অনেক অসুবিধার মধ্যে দিয়ে কাজ করেছে, যন্ত্রাংশ পাচ্ছেন না। আপনার আমলেই এই কাজ হয়েছে, সেই জন্য আমি আপনাকে ধন্যবাদ দেব। আপনি নিজেও সর্বত্র যাচ্ছেন, ইলেক্ট্রিসিটি বোর্ডের চেয়ারম্যানকে গ্রামে-গ্রামে পাঠাচ্ছেন। শক ট্রিটমেন্টের মতোন উন্নতি অটোমেটিক্যালি হচ্ছে, তা না হলে এই ভাল অবস্থা আসতে পারত না। ডি. পি. এল. কোলাঘাট সব পাওয়ার স্টেশনের উন্নতি হয়েছে। আজকে পশ্চিমবাংলায় বিদ্যুৎ উদ্বৃত্ত। একথা আগে ভাবা গিয়েছিল? আজকে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে সাহায্য না পাওয়া সত্ত্বেও বিদ্যুৎ উদ্বৃত্ত। শিল্পপতিরা বলতেন বিদ্যুৎ উৎপাদন না হবার জন্য এবং শ্রমিক অশান্তির জন্য পশ্চিমবাংলায় শিল্পের অগ্রগতি হচ্ছে না। কিন্তু রিজার্ভব্যাঙ্কের সমীক্ষায় বলছে, রুগ্ন কারখানাগুলির ৮০ ভাগ বেশি রুগ্ন হয়েছে ম্যানেজমেন্টের অপদার্থতা এবং চুরির জন্য। ধর্মঘট এবং রুগ্নের জন্য বন্ধ হয়েছে ৪ শতাংশ। সেইসব শিল্পপতিরা আজকে কোথায় গেলেন? তারা কি আজ বলবেন—বিদ্যুতের জন্য শিল্প হবে না? একটু আগে কোয়েশ্চেন আওয়ারে শুনলাম, ধানের ক্ষেত দখল হচ্ছে। বিদ্যুতের উৎপাদন যদি করতে হয় তাহলে জমি তো চাই, জমি কোথা থেকে আসবে? আমি জিজ্ঞাসা করতে চেষ্টা করেছিলাম কিন্তু স্পিকার মহাশয় পারমিশন দিলেন না—কংগ্রেসি রাজত্বে তাপ বিদ্যুৎ কেন্দ্র কি আকাশে বসাচ্ছেন? না মাটিতে বসাচ্ছেন? সেখানে জমি অধিগ্রহণ করতে হচ্ছে কিনা? জমি অধিগ্রহণ করতেই হবে। জমি অধিগ্রহণ হচ্ছে বলে সত্য বাপুলি মাথা খারাপ হয়ে গেছে। আবার অন্যদিকে বলছেন, বিদ্যুৎ উৎপাদন করতে হবে। কংগ্রেসি রাজত্বে বিদ্যুৎ কেন্দ্র আকাশে বসাচ্ছেন, না স্যাটেলাইটের মাধ্যমে হচ্ছে? আমি আগেকার কোনও মন্ত্রীর প্রতি অ্যসপারশন না করেই বলছি, আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন তার এই সম্পর্কে যথেষ্ট জ্ঞান ছিল না। আপনি পন্ডিত লোক এবং আপনার ছাত্ররা থাকার ফলে বিদ্যুতের উৎপাদন বেড়েছে। সাঁওতালডিহি এবং ডি. পি. এলে যা করেছেন তা অত্যন্ত আশ্চর্যের কথা। আমি ভেবেছিলাম ডি. পি. এল বন্ধ হয়ে যাবে। কংগ্রেসিরা এখানে নানা বক্তৃতা করলেন, কিন্তু একবারও কেন্দ্রীয় মন্ত্রীর সম্পর্কে কোনও কথা বললেন না। কেন্দ্রীয় মন্ত্রী কয়লার টাকা আগে চাইছেন। কিন্তু হাওড়া স্টেশনে যে ইলেক্ট্রিক নেয়, রেল যে ইলেক্ট্রিক নেয়, সেন্ট্রাল গভর্নমেন্ট যে ইলেক্ট্রিক নেয় তারজন্য কি তারা অ্যাডভান্স টাকা দেয়? আর কয়লার জন্য তারা ধার দিতে পারবে না? ধার রাখার জন্য অন্যায় হয়ে যাচ্ছে। অজিত পাঁজা, একজন বাঙালি, তিনি কয়লা দপ্তরের মন্ত্রী হয়েছেন। হিসাব করে দেখা গেল ২৫০ কোটি টাকা আমরা পাব। বাঙালি একজন মন্ত্রী হয়েছেন। পশ্চিমবঙ্গের স্বার্থকে দেখা দরকার। পশ্চিমবঙ্গ সরকারকে সাহায্য তো দূরের কথা, সেখানে বাঁশ দেবার একটা ব্যবস্থা চলছে। আর সুদীপবাবু ভদ্রলোক, তাই বিরোধিতা করতে হবে বলে বিরোধিতা করেছেন।

[2-55 — 3-05 p.m.]

আপনার নেতৃত্বে বিদ্যুতের উন্নতি যথেষ্ট হয়েছে।

এবারে আমি একটি কথা বলি, সি. ই. এস. সি.-র গোয়েঙ্কারা বলেছিলেন যে, ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ যদি এস. ই. বি. দিতে পারে তাহলে কলকাতায় আর লোডশেডিং হবে না। কিন্তু কলকাতার কোনও কোনও জায়গায় এখনও লোডশেডিং হচ্ছে। ওরা বলেন যে, এটা লোডশেডিং নয়, কেবেল ফল্ট। কিন্তু সাধারণ মানুষ বুঝতে পারছেন না যে কোনওটা লোডশেডিং আর কোনওটাই বা কেবেল ফল্ট। বর্তমানে আপনি যখন তাদের ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ দিচ্ছেন তখন লোডশেডিং কেন হবে? কাজেই ওদের ডেকে এই ব্যাপারে বলুন।

এখানে আপনি লিখিতভাবে বলেছেন, গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারেটা অর্থ সঙ্কটের ফলে দারুণভাবে ব্যাহত হয়েছে। এটা পরিষ্কার ভাষাতে আপনি বলেছেন, কিছুই গোপন করেননি। আমি বলতে চাই এই গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে কংগ্রেস যা করে গেছে তাতে গ্রামে বড়লোকদের বাড়ির কাছ দিয়ে লাইন গেছে, কিন্তু পশ্চাদপদ শিডিউল্ড কাস্ট অধ্যুষিত এলাকা দিয়ে কোনও লাইন যায়নি। সেখানে আর দুই-তিনটি পোল বসালেই তারাও বিদ্যুৎ পেতে পারতেন। এটা যদি না করে দেওয়া হয় তাহলে একটা ডেসপ্যারিটি থেকে যাবে। সেখানে বড়লোকেরা গরমে পাখা চালিয়ে ঘুমাচ্ছে, কিন্তু গরিবদের লোকদীপ প্রকল্পের কাজ পর্যন্ত সেখানে হচ্ছে না। অবশ্য আপনি টাকার অভাবের কারণেই এটা করতে পারেননি। আগে গ্রামের লোকেরা মাইলো দিন, জি. আর. দিন ইত্যাদি বলতেন, কিন্তু আজকে তারা বিদ্যুৎ চাইছেন। কাজেই সেটা আমাদের তাদের কাছে পৌঁছে দিতে হবে। এবারের পঞ্চায়েত নির্বাচনে আমাদের কিছুটা খারাপ ফল হয়েছে, কিন্তু কংগ্রেস যে ভোট পেয়েছে সেটা নেগেটিভ ভোট পেয়েছে। আমরা গত দশ বছরে হাসপাতালে ওষুধ এবং গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পারিনি বলেই তারা ঐ নেগেটিভ ভোটটা পেয়েছেন। যারা অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে কয়লা, চিনি ইত্যাদির দাম বাড়িয়ে দেন তাদের মানুষ কখনও ভোট দেবেন না, কিন্তু তা সত্ত্বেও কয়েকটি কারণে ওরা নেগেটিভ ভোট পেয়েছেন। তারজন্যই বলছি, গ্রামীণ বৈদ্যুতিকরণের দিকে জোর দেওয়া দরকার। আমরা গ্রামে পাম্প সেটে বিদ্যুৎ কানেকশন দিতে পারিনি। মৌজা বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ৫১৭টি মৌজাকে টার্গেট করেছিলেন, কিন্তু তারমধ্যে ২৮৫টি করতে পেরেছেন এবং পাম্পসেটে ৭০০টির মধ্যে ৩৬৮টিতে বিদ্যুৎ সংযোগ দিতে পেরেছেন। তাই এরজন্য প্রয়োজনে অর্থ ঋণ করতে হবে। এখানে কংগ্রেসের সুদীপ ব্যানার্জি যা বলছিলেন তাতে মনে হোল পিয়ারলেসের কাছ থেকে ঋণ নেওয়াটা আমাদের অপরাধ হয়ে গেছে। পিয়ারলেসের কাছ থেকে সুদে টাকা নেওয়াটা দোষের হয়ে যায়, কিন্তু ওরা যখন মাথা মুন্ডন করে বিদেশের কাছ থেকে ঋণ গ্রহণ করেন সেটা দোষের হয় না। তাই আমি বিরোধীদের সমস্ত কাট মোশনের বিরোধিতা করে এবং বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এখানে পেশ করেছেন, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন আনা হয়েছে তাকে সমর্থন করছি। আমরা দেখছি যে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন যে জেনারেশন অব পাওয়ার বেড়েছে এবং

সে বিষয় নিয়ে তিনি আত্মসন্তুষ্টিতে ভুগছেন। তিনি আরও বলেছেন, যে বিদ্যুৎ বেড়েছে এবং বাড়তি বিদ্যুৎ তিনি বাইরের স্টেটকে দেবার প্রস্তুতি নিয়েছেন। আমরা যারা গ্রামবাংলা থেকে এসেছি, আমরা জানি কি অবস্থা। আপনি বিদ্যুৎ বাড়িয়েছেন, বিদ্যুতের উন্নতি করেছেন, এই বিষয়ে সার্কুলার দিয়ে গ্রামে গিয়ে বলুন। আমি আপনাকে এই কথা বলতে চাই যে আপনার যদি বিদ্যুৎ বাড়ে তাহলে বিদ্যুৎ পর্ষদ থেকে কেন সার্কুলার দেওয়া হচ্ছে? গ্রামে এখন যে এগ্রিকালচারাল ক্রপ হচ্ছে, বোরো চাষ, আমন চাষ এবং নানা প্রকারের যে সমস্ত ভেজিটেবল চাষ হচ্ছে তাদের নিষেধাজ্ঞা দেওয়া হচ্ছে যে সন্ধ্যার পর থেকে সকাল ৬টা পর্যন্ত মেশিন চালাবেন না। আবার তাদের যদি চালাতে দেওয়া হয় তাহলে যে সমস্ত ছাত্র আছে, যারা পড়াশুনা করে, তাদের সন্ধ্যাবেলা পড়াশুনা বন্ধ করতে হয়। আপনার যদি বিদ্যুৎ বেশি উৎপাদন হয়ে থাকে তাহলে আপনি এই সার্কুলার গ্রামে দিচ্ছেন কেন? আপনি একদিকে এগ্রিকালচারকে ডিস্টার্ব করে স্কুলের ছাত্রছাত্রিদের পড়ার সুযোগ করে দিচ্ছেন, আর একদিকে ছাত্রছাত্রিদের পড়ারে সুযোগ করে দিয়ে এগ্রিকালচারকে বন্ধ করে দিচ্ছেন এবং তার ফলে প্রোডাকশন করছেন। কিন্তু আমার মনে হয় আপনার ট্রান্সমিশনে ডিস্ট্রিবিউশনে অক্ষমতার জন্য আপনি গ্রাম বাংলার মানুষকে বিদ্যুৎ দিতে পারছেন না। আপনি দাবি করেছেন, ইকনমিক রিভিউতে—একজন বললেন যে ৩৪ হাজার ১৪টি মৌজায় ৭৯ পারসেন্ট বৈদ্যুতিকরণ হয়েছে, ভিলেজ ইলেকস্ট্রিফিকেশন হয়েছে। এটা আপনি কিসের উপরে বেস করে বললেন? ১৯৭২ সালে সিদ্ধার্থশঙ্কর রায় যখন চিফ মিনিস্টার সেই সময়ে গ্রামে বৈদ্যুতিকী করণের জন্য কিছু পোল বসিয়েছিলেন, কিছু ইলেক্ট্রিক লাইন করা হয়েছিল। আমরা বিদ্যুৎ দপ্তরে খোঁজ নিয়ে দেখেছি যে সেখানে আজ পর্যন্ত বিদ্যুতের মুখ দেখেনি। সমস্ত ইলেক্ট্রিক লাইনগুলি চুরি হয়ে গেছে, ট্রান্সফরমারগুলি নেই। আপনার যে রেকর্ড, রেস্টোরেশন অব পাওয়ার বলে আপনার যে রেকর্ড, সেখানে আপনি ভিলেজ ইলেক্ট্রিফাই বলে লিখে রেখেছেন। আমাদের পারসেন্টটাও এর মধ্যে ঢোকানো হয়েছে। আপনি তদন্ত কমিশন করুন, গ্রামের মানুষের সমীক্ষা করা হোক যে প্রকৃত ভিলেজ ইলেকস্ট্রিফিকেশন ঠিকমতো হয়েছে কিনা, আপনি যে পারসেন্টের কথা বলেছেন সেটা ঠিক কিনা?

[3-05 — 3-15 p.m.]

বহু জায়গায় আমরা বারে বারে বলেছি, আপনার বিুদ্যৎ পর্ষদকে বলেছি এই সমস্ত গ্রামগুলোতে কেন ফলস ইলেক্ট্রিফায়েড ভিলেজ হিসাবে রেকর্ড করছেন? এখানে প্রকৃতপক্ষে মানুষের জন্য বিদ্যুৎ যায়নি, ট্রান্সফরমার চুরি হয়ে গিয়েছে, পোল তুলে নিয়ে গিয়েছে, সেখানে আপনি ইলেক্ট্রিফায়েড ভিলেজ হিসাবে পারসেন্টেজে কাউন্ট করবেন? আমি বলতে চাই আপনি অন্তত এই ব্যাপারে তদন্ত করুন, একটা তদন্ত কমিশন করুন গ্রামবাংলার মানুষের জন্য আপনার বিদ্যুৎ যদি প্রয়োজনের তুলনায় বেশি হয়ে থাকে তাহলে গ্রামবাংলায় বিদ্যুৎ কোথায়? আপনি সেন্ট্রাল গভর্নমেন্টের থেকে টাকা নিচ্ছেন গ্রামবাংলায় যে এস. সি. অ্যান্ড এস. টি. এলাকা আছে সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টের যে স্কীম আছে লোকদীপ প্রকল্প এবং কুটির জ্যোতি প্রকল্প সেই প্রকল্পের ওই সমস্ত মানুষের কাছে বিদ্যুৎ পৌছে দিতে হবে। এখনও পর্যন্ত আমাদের উত্তর এবং দক্ষিণ ২৪-পরগনায় কুটির জ্যোতি এবং লোকদীপ প্রকল্পের মাধ্যমে বৈদ্যুতিকরণ করতে পারেননি। গ্রামে এস. সি. অ্যান্ড এস. টি. যারা আছে

তাদের জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীম লোকদীপ এবং কুটির জ্যোতি, এই স্কীমে আপনার কোনও কাজ দেখা যায়নি। নেহেরু রোজগার যোজনার মাধ্যমে তাদের ঘর করে দিয়ে তাতে দুটি করে বাল্ব দিতে হবে, একটা রান্না ঘরে এবং একটা শোবার ঘরে কুটির জ্যোতি লোকদীপ প্রকল্পের মাধ্যমে। সেখানে তাদের কাছ থেকে ৫ টাকা করে মিটার চার্জ দেওয়ার কথা। বাকি সমস্ত টাকা, ইলেক্ট্রিফিকেশন এবং সার্ভিস কানেকশন সেন্ট্রাল গভর্নমেন্ট দেবে জেলা পরিষদকে এবং জেলাপরিষদ দেবে পঞ্চায়েত সমিতিতে। সেই জিনিস আমরা কোথায় দেখতে পাচ্ছি? আপনার ইকনমিক রিভিউতে দেখুন, আপনি বলেছেন, নিল, নিল, নিল। এখানে উত্তর ২৪-পরগনা নিল, আজকে সাউথ ২৪-পরগনা নিল। আপনারা গরিব মানুষগুলোকে বঞ্চিত করছেন। গ্রামাঞ্চলের মানুষ হাহাকার করছে বিদ্যুৎ পাবার জন্য, ভিলেজ ইলেক্ট্রিফিকেশনে আপনি কমপ্লিটলি ফেল করেছেন। ১৯৯০/৯১, ১৯৯১-৯২ সালে যে সমস্ত ভিলেজ ইলেক্ট্রিফিকেশন হয়েছে সেখানে আপনাদের যে স্টাফ আছে, ইঞ্জিনিয়ার আছে সেই সমস্ত ইঞ্জিনিয়ারের কাছে গ্রামের মানুষের বিদ্যুৎ পাবার জন্য হাজার হাজার দরখাস্ত আপনার ডিপার্টমেন্টে পেন্ডিং হয়ে আছে। আপনাদের ভিলেজ ইলেক্ট্রিফিকেশনের কোনও ইনিসিয়েশন নেই। এখন আবার প্রচার করা হচ্ছে গ্রামাঞ্চলে আর ইলেকট্রিফিকেশন হবে না। আর টাকা নেই। অন্যান্য স্টেট দেখুন যেমন হরিয়ানা, পাঞ্জাব এই সমস্ত স্টেটে সেন্ট পারসেন্ট ইলেক্ট্রিফিকেশন হয়ে গেছে। কোথাও আর বাকি নেই। আপনি এখানে বলছেন ৪৫ পারসেন্ট ভিলেজ ইলেক্ট্রিফিকেশন হয়ে গেছে। সমীক্ষা করলে দেখা যাবে তাও হয়নি। আপনার কোনও ইন্সট্রুমেন্ট নেই। আপনি ডিস্ট্রিবিউশনের জন্য কটা সাব স্টেশন করেছেন? নূতন কোনও সাব স্টে করেছেন আপনার আমলে? গ্রামাঞ্চলে মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেবার জন্য কংগ্রেস আমলে যে সমস্ত কাজ হয়েছে সেই পুরানোগুলো নিয়েই আপনি চালাচ্ছেন। সেই সমস্ত পুরানো ট্রান্সফরমার দিয়ে আপনি চালাচ্ছেন। সাব-স্টেশনের পরিকল্পনা নিয়েছেন, স্যাংশন হয়েছে কিন্তু কাজ হয়নি। আপনি জানেন বনগাঁ মহকুমায় একটা সাব-স্টেশনের স্যাংশন হয়েছিল, গ্রামের লোকেরা ১১ একর জমি দিয়েছে, কিন্তু আজ অবধি আপনি কোনও কাজ দেখাতে পারেননি। বনগাঁ একটা সীমান্ত এলাকা, এটা বাংলাদেশ সীমান্ত, যে কোনও সময় আক্রান্ত হতে পারে। সেই জায়গার কাজ আটকে পড়ে রয়েছে। অশোকনগর সাব স্টেশন থেকে বিদ্যুৎ নিতে হয়। তারা যদি দয়া করে দেয় তাহলে বনগাঁ চলতে পারে। একটা মেন লাইনের পরিকল্পনা নেওয়া হয়েছিল, ডিস্ট্রিক্ট মিটিং-এ সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে বনগাঁ সেকেন্ড লাইন চালু করে বিদ্যুৎ দেওয়ার ব্যবস্থা করা হবে। একটা সাব স্টেশন করে বনগাঁ সাপ্লাই করার ব্যবস্থা করা হবে। কিন্তু সেই দিকে কিছু করেননি।

আমরা বিদ্যুৎ পর্ষদে চেয়ারম্যানের কাছে শুনেছি যে আপনি টাকা দিতে পারছেন না। টাকা দেবেন কি করে—পঞ্চায়েত নির্বাচন করবেন, না টাকা দেবেন? পঞ্চায়েতের নির্বাচন করতে গিয়ে বিদ্যুৎ সমস্ত চুরি হয়ে যাচ্ছে ট্যাপিং এবং হুকিংয়ের মাধ্যমে। আপনার অন্যান্য ডিপার্টমেন্টের মন্ত্রী পর্যন্ত হুকিং এবং ট্যাপিংকে এনকারেজ করছেন। এনকারেজ করছে এই জন্য যাতে পঞ্চায়েতের নির্বাচন কোনও প্রকার ডিস্টার্বড না হয়। একশ্রেণীর পুলিশ অফিসার আছে যারা হুকিং এবং ট্যাপিংয়ের জন্য রাত্রিতে পয়সা আদায় করে পকেট ভর্তি করছে। আপনার মিটার, ডিস্ট্রিবিউশনে ত্রুটি রয়েছে। সার্ভিস কানেকশন দিচ্ছেন অথচ কোনও মিটার

নেই। অ্যাভারেজ সিস্টেমে আপনি কাউন্ট করছেন। এর ফলে যার দু'শ টাকা হওয়ার কথা তাকে বলা হচ্ছে দু'হাজার টাকা। কারও যদি পাঁচশো টাকা হয়, তার কাছ থেকে কালেকশন করা হচ্ছে তিন হাজার টাকা। আমি আপনার কাছে এই কথা বলছি এই জন্য যে আজকে বিদ্যুতের সার্ভিস কানেকশন ব্যাহত হচ্ছে। এরজন্য হাইকোর্টে হাজার হাজার কেস ঝুলে আছে। আপনি তাদের কাছ থেকে পয়সা নিতে পারছেন না। ফলে রেভেনিউ আদায়ের ক্ষেত্রে মার খাচ্ছেন। হাইকোর্টে অ্যাকচুয়াল কনজাম্পসন অব দি পাওয়ার অনুসারে টাকা নেওয়ার কথা বলেছে। সেই অনুসারে আপনি নির্দেশ দেওয়া সত্ত্বেও আপনার ডিপার্টমেন্ট সেইভাবে ক্যারি আউট করছে না। সবকিছু এমন ভাবে চাপানো হচ্ছে যে, আমি আবার আপনাকে বলছি, মিটার নেই। আপনি বলছেন, তাদের মিটার কিনে নিতে হবে। এই তো হচ্ছে অ্যাভারেজ সিস্টেম। মিটার কিনে তা আবার আপনার ডিপার্টমেন্টে টেস্ট করাতে হবে। অথচ যে মিটার দরকার তা আপনি কিনতে পারেন না। সার্ভিস কানেকশন পাবার জন্য লক্ষ লক্ষ টাকা বিদ্যুৎ দপ্তরে হাজার হাজার গ্রাহক জমা দিয়েছেন। হাজার হাজার দরখাস্ত গ্রামাঞ্চলে জমা পড়ে আছে। আপনার ইনস্ট্রুমেন্ট নেই, মেটেরিয়ালস নেই, সেজন্য সেই সমস্ত এলাকার মানুষ আপনাকে টাকা দিয়েছেন—সারা পশ্চিমবাংলায় যার কাছ থেকে পোল নেন তাকে টাকা দিচ্ছেন না, যারজন্য গ্রাম বাংলায় আপনি পোল দিতে পারছেন না। ...**(লাল আলো)**... এল. টি. এক্সটেনশন—বৈদ্যুতিকরণের জন্য হাজার হাজার টাকা মানুষ জমা দিয়েছে—এর জন্য বনগাঁ মিউনিসিপ্যালিটি টাকা জমা দিয়েছে অথচ আজ পর্যন্ত তাদের লাইন দেওয়া হয়নি। লাইন আপনি দেবেন কি করে? পোল নেই, গাড়ি নেই। বিদ্যুৎ দপ্তরের স্টাফকে, সব কিছুকে আপনি বসিয়ে রেখেছেন। **(এই সময় মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় ৬৯ এবং ৭২ নম্বর ব্যয় বরাদ্দের যে দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমাদের অত্যন্ত বিদ্বান এবং পন্ডিত মন্ত্রী মহাশয় এই দপ্তরের দায়িত্ব পাবার পর বিদ্যুত সরবরাহের ক্ষেত্রে বামফ্রন্টের যে দৃষ্টিভঙ্গি তাকে যাতে বাস্তবায়িত করা যায় তারজন্য তার নিরলস প্রচেষ্টায় গোটা কাঠামোকে গড়ে তোলার চেষ্টা করছেন। এইজন্য তাকে তারিফ করি। মানব সভ্যতার বিকাশে বিদ্যুৎ অপরিহার্য, সুতরাং আলোচনার মধ্যে দিয়ে কিছু গঠনমূলক কথাবার্তা বিরোধীপক্ষ যদি রাখতেন তাহলে তা আমাদের পক্ষে অনেকটা গ্রহণযোগ্য হত।

[3-15 — 3-25 p.m.]

একথা তো ঠিকই অতীতের তুলনায় বর্তমানে বিদ্যুৎ ঘাটতির পরিমাণ অনেকটা কমেছে। আমরা আগে যা বিদ্যুৎ ঘাটতি দেখেছি তা যথেষ্ট কমেছে। আমাদের জনপ্রিয় বামফ্রন্ট সরকারের অন্যতম কর্মসূচি হল গ্রাম বাংলায় বিদ্যুৎকে সম্প্রসারিত করা। সেখানে আজকে গ্রামের মানুষ বিদ্যুৎ পাচেছ এবং সঙ্গে সঙ্গে ছোট ও মাঝারি কুটির শিল্প যেগুলো গ্রামাঞ্চলে আছে সেগুলো যাতে আরও উপকৃত হতে পারে এবং তার মাধ্যমে যাতে বেকারত্ব দূর করা যায় তার চেষ্টা আমরা করছি। এই ব্যাপারে বিদ্যুৎ দপ্তর উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে, প্রশংসনীয় ভূমিকা নিয়েছে সেই ব্যাপারে কোনও সন্দেহের অবকাশ নেই। এতদসত্ত্বেও আমাদের আত্মসন্তুষ্টির কোনও কারণ নেই। অর্থাৎ যা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় আমরা কিছুটা

পিছিয়ে আছি এই কথা আমরা স্বীকার করি এবং মন্ত্রী মহাশয় তার বাজেট বিবৃতিতে সেই কথা বলেছেন এবং ইকনমিক রিভিউতেও সেই কথা বলেছেন। তিনি এইসব ব্যাপারে অন্তত বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি মোতাবেক কাজ করছেন এবং বিদ্যুৎ দপ্তরকে আরও জনকল্যাণমুখী কিভাবে করা যায় সেই ব্যাপারে ওতপ্রোতভাবে যুক্ত আছেন এই ব্যাপারে কোনও সন্দেহ নেই। কিন্তু এর সঙ্গে সঙ্গে আত্মসন্তুষ্টির কথা এইজন্য বলছি, যে পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে যখন আমরা বিভিন্ন গ্রামে ঘুরেছি, তখন সেখানে দেখছি যে বিদ্যুৎ দপ্তরের কর্মক্ষমতা বেড়েছে তারজন্য সেখানকার মানুষ চাচ্ছে আরও কিছু পেতে পারেন কিনা। যেটা কংগ্রেস আমলে কোনওদিনই ছিল না। বামফ্রন্ট সরকারের আমলে মানুষের সেই প্রত্যাশা বেড়েছে। আমি শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করব, গ্রামের বিদ্যুৎ-এর ব্যাপারটা যেটা আমরা দেখেছি, যে পার্ট বিদ্যুৎ হয়েছে এবং স্বাভাবিকভাবেই সেটার প্রসার করা যায়নি। কোনও কোনও জায়গা দিয়ে লাইন চলে গেছে, আর সাত, আটটা পোল দিলে হয়ত বেশ কিছু বাড়ি উপকৃত হতে পারত সেই রকম জায়গাও অনেক আছে। ফলে সেই সমস্ত জায়গাগুলোতে বিদ্যুৎ আসেনি। এইগুলো সমালোচনার প্রশ্ন নয়। আমরা সবাই মিলে যদি চেষ্টা করি, তাতে গ্রামীণ বৈদ্যুতিকরণে যে ঘাটতি থেকে যাচ্ছে সেই ঘাটতি আমরা পূরণ করতে পারব। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে পারসোনালি এই ব্যাপারগুলো বলেছি। অনেক জায়গায় তার টানা হয়ে গেছে, কিন্তু বাড়িতে কানেকশন দেওয়া হয়নি। সাত, আট বছর ধরে তার টানা আছে, তারপর তার চুরি হয়ে গেছে, কিন্তু তারপর আর কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মানুষের প্রত্যাশা মাফিক আমরা গ্রামে বিদ্যুৎ পৌঁছাতে পারছি না। বিদ্যুতের তার চুরি হয়ে যাওয়ার ফলে সেখানে সাত, আট বছর ধরে পোলগুলো পোঁতা আছে। কাজেই রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ক্ষেত্রে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী যে সমস্যাগুলো এসেছে সেগুলোরদিকে নজর দেবেন এবং আমাদের যাতে আশ্বস্ত করতে পারেন সেইভাবে বলবেন।

আর আমাদের গ্রামবাংলায় অদ্ভুত একটা ব্যাপার আছে যেটা আমরা অস্বীকার করতে পারি না সেটা হচ্ছে, গ্রামবাংলায় গেলে দেখবেন ব্রাহ্মন পাড়া, চাষী পাড়া, বাগদি পাড়া, বায়েন পাড়া আদিবাসী পল্লি প্রভৃতি নানান নামের এক একটি অঞ্চল রয়েছে। এই অবস্থাটা সম্পূর্ণ কাটানো যায়নি। এখন কিছু কিছু গ্রামে আমরা লক্ষ্য করেছি যে একটা গ্রামে বেশ কিছুটা অংশে হয়ত শুধু আদিবাসীরাই থাকেন এবং সেখানে অন্য সম্প্রদায়ের লোক একটাও থাকেন না সেই সমস্ত জায়গার লোকরা বলছেন যে আমরা লোকদীপ প্রকল্পের অন্তর্ভুক্ত হতে পারব না কেন? তারা বলছেন, এত টাকার বিল দিয়ে আমাদের পক্ষে বিদ্যুৎ নেওয়া সম্ভব নয়। সেখানে লাইনও রয়েছে কাজেই এই সমস্ত পিছিয়ে পড়া অংশের মানুষরা—শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস, আদিবাসী, বায়েন, বাগদি ইত্যাদি সম্প্রদায়ের মানুষদের অঞ্চলগুলি যাতে এই লোকদীপ প্রকল্পের আওতায় পড়ে তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আমরা গরিব মানুষদের ভোটে নির্বাচিত হয়ে আসি, তাদের কথাই আমরা বলি, তাদের সমস্যা আমরা দেখি কাজেই আমি আশা করি এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু বলবেন। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ব্যাপারে বলতে গিয়ে আমি সুন্দরবন এলাকার কথাটা একটু বলতে চাই। আপনারা সকলেই জানেন যে সুন্দরবন এলাকাতে বিদ্যুতের যথেষ্ট চাহিদা থাকলেও বিদ্যুত দপ্তর সেইভাবে বাস্তবে সেখানকার জন্য পরিকল্পনা করতে পারেননি। সুন্দরবন

হচ্ছে অন্যতম একটি শস্যাগার। প্রকৃতি সেখানে ঢেলে সম্পদ দিয়েছেন। সেখানকার জমিকে যদি এক ফসলি থেকে তিন ফসলি করা যায় তাহলে একদিকে যেমন সেখানকার অর্থনীতি শক্তিশালী হবে অপরদিকে তেমনি পশ্চিমবাংলার তথা ভারতবর্ষের অর্থনীতি শক্তিশালী হবে। এরজন্য প্রয়োজন যথেষ্ট পরিমাণে বিদ্যুত। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এই শস্যাগারের কথা মনে রেখে সেখানে অর্থাৎ সুন্দরবনের ক্ষেত্রে যাতে যথেষ্ট বিদ্যুত সরবরাহ করা যায় তার ব্যবস্থা করুন। ডিস্ট্রিবিউশন, সাব স্টেশন সম্পর্কে অনেকেই বলেছেন। এখানে রিপোর্টে দেখছি যে এটা বাড়ানোর চেষ্টা চলছে। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি বীরভূম জেলার বোলপুর এবং তদসংলগ্ন সাঁইথিয়ার কথাটা একটু বলতে চাই। সাঁইথিয়া সাব সেন্টার থেকে যেটা সাপ্লাই করা হয় সে সম্পর্কে আমরা বলাতে ডি. পি. সি. সি.-র মিটিং—আমাদের বলা হয় যে এটা পুরানো হয়ে গিয়েছে। আপনাদের যে সমস্ত সায়েন্টিফিক টার্ম আছে তা ইউজ করে তারা আমাদের এটা বোঝানোর চেষ্টা করেন যে এটা অনেক পুরানো হয়ে গিয়েছে। তারা বলেন একটা সরু পাইপের মধ্যে দিয়ে জোরে জল ফ্লো করালেও যেমন বেশি জল যাবে না, এটাও ঠিক তেমন ব্যাপার। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই আমি বলব, সাঁইথিয়া সাব স্টেশনের আধুনিকীকরণ, তার রিমডিফিকেশন করা হোক। তা ছাড়া গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া জন্য আরও নতুন নতুন সাবস্টেশন করা জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব। বোলপুর, নানুর লাভপুর ইত্যাদি জায়গায় যাতে নতুন নতুন সাবস্টেশন হতে পারে তারজন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

[3-25 — 3-35 p.m.]

বিভিন্ন জায়গায় যে সব ট্রান্সফর্মারগুলো দেখা হচ্ছে সেগুলো সঠিক পরিমাণে লোড ক্যারি করতে পারছে না, এ কথা আমরা শুনতে পাই। অথচ আমরা এ বিষয়ে বিশেষ কিছু জানি না। মাননীয় বিদ্যুতমন্ত্রী, আপনি এ বিষয়ে একজন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন মানুষ। সুতরাং এই বিষয়গুলো আমি আপনার কাছে একটু জানতে চাইছি। যখন গ্রামাঞ্চলে ট্রান্সফর্মার প্রবলেমের জন্য বিদ্যুৎ পৌঁছায় না তখন আমরা দেখি বিশেষ করে মাইনর ইরিগেশন খুবই ক্ষতিগ্রস্ত হয়। আমরা দেখছি মাঠে যখন ধান পাকব পাকব করছে তখন ট্রান্সফর্মার চুরি হয়ে যাবার জন্য বা পুড়ে যাবার জন্য বিদ্যুত সরবরা বন্ধ হয়ে গেছে, দু' তিন দিন জল দিতে না পারার জন্য ফসল সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিদ্যুত দপ্তরের সঙ্গে যোগাযোগ করলে বলা হচ্ছে ট্রান্সফর্মার সরবরাহ করা এখন সম্ভভ নয়। এই ভাবে অনেক ক্ষেত্রেই আমরা দেখছি অনেক কিছুতেই ঘাটতি থেকে যাচ্ছে। এই সমস্যাগুলোর সমাধানের জন্য আপনি কি উদ্যোগ গ্রহণ করছেন তা আমাদের একটু বলবেন। স্যার, যেহেতু আমি বীরভূম জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেহেতু আমি বক্রেশ্বর তাপ বিদ্যুত প্রকল্প সম্পর্কে দু' একটা কথা বলতে চাই। এই প্রকল্প নিয়ে বীরভূমের মানুষ এবং গোটা রাজ্যের মানুষই অনেক কথা বলছেন। এখানে কংগ্রেসিরাও অনেক কথা বললেন। আমি তাদের শুধু এইটুকু স্মরণ করিয়ে দিতে চাই যে, কেন্দ্রীয় সরকার যদি এ বিষয়ে আমাদের সঙ্গে একটু সহযোগিতা করতেন তাহলে এত দিনে—১৯৯৩ সালে বক্রেশ্বরে বিদ্যুত উৎপাদন আমরা দেখতে পেতাম। আজকে সারা পশ্চিম বাংলায় বক্রেশ্বরে নিয়ে একটা মর্যাদার প্রশ্ন দেখা দিয়েছে। অথচ এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার বাজেট বিবৃতিতে মাত্র তিন লাইন কথা বলা হয়েছে।

এর কারণ কি? মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এটাকে অন্যভাবে দেখবেন না, আমার কথায় কিছু মনে করবেন না। আমি আপনাকে খুবই বিনয়ের সঙ্গে বলছি, আমি আপনার এই বিবৃতির এই অংশে মোটেই সন্তুষ্ট হতে পারছি না। আপনি যদি টোটাল বক্রেশ্বর প্রোজেক্ট সম্পর্কে আপনার জবাবি ভাষণের সময়ে আমাদের একটু বলেন তাহলে ভাল হয়। জাপানের একটা সংস্থার সঙ্গে শুনেছি কথাবার্তা হয়েছিল, সে বিষয়ে প্র্যাকটিক্যালি কত দূর কি হয়েছে, না হয়েছে তা যদি বলেন তাহলে খুশি হব। আপনার কাছ থেকে জেনে নিয়ে আমরা তাহলে নিশ্চয়ই জেলায় গিয়ে বলতে পারব যে, এ বিষয়ের আমাদের এমন একজন মানুষ দায়িত্বে আছেন যাকে আমরা ভরসা করতে পারি এবং আমাদের জেলার বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র হবেই। বর্তমানে এই এই অবস্থার মধ্যে ওটা আছে। অবস্থা বর্তমানে কোন পর্যায়ে রয়েছে? স্যার, আমাকে একটু সময় দেবেন, আমি জল বিদ্যুৎ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দু' একটি কথা বলতে চাই। ময়ূরাক্ষীতে আমাদের একটা ছোট জল-বিদ্যুতের ব্যবস্থা আছে—ম্যাসাঞ্জরে। এটাকে আরও বাড়ান যায় কিনা তা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। রাম্মাম জল-বিদ্যুত কেন্দ্রের উৎপাদন ব্যবস্থা আরও বৃদ্ধি করার কোনও সুযোগ আছে কিনা তা আমি জানতে চাইছি। এ ছাড়াও আরও কিছু নতুন জল-বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা যায় কিনা, সে সম্বন্ধে যদি মন্ত্রী মহাশয় আমাদের একটু আলোকপাত করেন আমরা উপকৃত হব।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

আমার সময় শেষ হয়ে যাবার জন্য এই ক'টি কথা বলে মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয়ের ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ দপ্তরের মাননীয় মন্ত্রী শঙ্কর সেন মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি আজকে এখানে উত্থাপন করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের দলের সদস্যদের আনীত কাট মোশনের সমর্থনে আমার কিছু বক্তব্য রাখছি।

স্যার, আমরা এখানে একটা কথা বার বার শুনছি যে, আমাদের রাজ্যে বিদ্যুৎ উদ্বৃত্ত। কিন্তু আমরা যারা মফস্বলে বাস করি তারা গ্রামাঞ্চলে প্রতি দিনই দেখছি বিদ্যুতের অভাব। অর্থাৎ আমরা দেখছি একদিকে শহরাঞ্চলে বিদ্যুৎ উদ্বৃত্ত, অপর দিকে মফস্বলের গ্রামাঞ্চলে ব্যাপক লোডশেডিং। এটা আমরা প্রতিনিয়ত উপলব্ধি করছি। বিশেষ করে রাজ্য বিদ্যুৎ পর্ষদের এলাকায় দিনের পর দিন একটা লোডশেডিং চলছে। তা জনজীবনকে প্রতিনিয়ত ব্যাহত করছে। একদিকে পর্ষদের মধ্যে চলছে চরম দুর্নীতি এবং বিদ্যুতের অপচয়, অপর দিকে গ্রামাঞ্চলের মানুষ লোড-শেডিং-এর শিকার হচ্ছে। গ্রামাঞ্চলের এমন জায়গা এই অব্যবস্থার শিকার হচ্ছে যে জায়গায় সেচের কাজ চরম ক্ষতিগ্রস্ত হচ্ছে। স্যার, আপনি জানেন ১৯৮৮ সালে আমার এলাকায় এক সময়ে একটানা ৭ দিন ধরে বিদ্যুৎ বন্ধ ছিল। সেই দীর্ঘ সময় সেখানকার বিস্তীর্ণ অঞ্চলের চাষীরা চাষের একটা গুরুত্বপূর্ণ সময়ে বিদ্যুতের অভাবে ডিপ টিউবওয়েল এবং রিভার লিফট ইরিগেশনের মধ্যে দিয়ে সেচের জল থেকে বঞ্চিত হয়েছিল।

সেদিন তারা রাস্তায় নেমে প্রতিবাদ করতে গিয়েছিলেন। বিনিময়ে এই সরকার কি দিয়েছিলেন? বিনিময়ে গুলি করে তাদের গণতান্ত্রিক অধিকার স্তব্ধ করে দিয়েছিলেন। কিন্তু প্রথমদিকে এই সরকার ক্ষমতায় এসে বলেছিলেন, গণ-আন্দোলনে পুলিশ যাবে না। কিন্তু বিদ্যুতের দাবিতে, জলের দাবিতে যেদিন শান্তিপুরের কৃষকরা রাস্তায় নেমে সোচ্চার হয়েছিলেন, সেদিন কিন্তু পুলিশের গুলিতে তাদের মৃত্যু ঘটেছিল। তাই বলছি, সেই লোড-শেডিং-এর ব্যাপকতা আজও এতটুকু কমেনি। আমরা দেখছি, প্রতিদিন গড়ে ৪/৫/৬ ঘন্টা করে লোড-শেডিং চলছে। অথচ মাননীয় মন্ত্রী মহাশয় বলেন, আমাদের ১ ঘন্টাও কোথাও লোড-শেডিং থাকে না, থাকবে না। কিন্তু আপনি যদি মফস্বলে গিয়ে দেখে আসেন, তাহলে বুঝবেন লোড-শেডিং-এর কি ব্যাপকতা। আজকে কৃষি থেকে আরম্ভ করে, ক্ষুদ্র শিল্প থেকে আরম্ভ করে সমস্ত কিছু মার খেতে বসেছে। আজকে গ্রামীণ বৈদ্যুতিকরণের বিষয় নিয়ে আমাদের দলের সদস্যরা উল্লেখ করেছেন। শুধু আমাদের দলের নয়, একটু আগে মাননীয় সদস্য তপনবাবু ও উল্লেখ করলেন গ্রামীণ বৈদ্যুতিকরণের অবস্থার কথা। অবশ্য এই সম্পর্কে খানিকটা বলতে গিয়েও পাশ কাটিয়ে যাবার চেষ্টা করলেন। জানি না, হয়ত বামফ্রন্ট সরকারের একজন শরিকদলের প্রতিনিধি হিসাবে প্রকৃত সত্যটাকে চাপা দেবার চেষ্টা করলেন। মাননীয় সদস্য বীরেনবাবু এই সম্পর্কে কিছুটা আলোকপাত করলেন। আজকে এই সরকার গ্রামের লোকদের বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণভাবে ব্যাহত। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, মফঃস্বলের বহু এলাকায় এখন পর্যন্ত বিদ্যুৎ পৌঁছায়নি। আপনি হয়ত প্রশ্ন তুলবেন, কংগ্রেসি আমলে অমুক হয়েছে, তমুক হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ গেছে, সেখানে পশ্চিমবাংলায় কেন এই অবস্থা হয়েছে? কাগজে-কলমে বলা হচ্ছে, এত গ্রামে, এত মৌজায় বিদ্যুৎ পৌঁছেছে, কিন্তু বাস্তবে তা হয়নি। দীর্ঘদিন ধরে দেখছি, মফঃস্বলের মতোন বিভিন্ন জায়গায়, গ্রামবাংলায় বৈদ্যুতিকরণের যে কাজ সেই কাজ সম্পূর্ণভাবে বন্ধ। বিদ্যুৎ পর্ষদ সম্পর্কে অনেকে আলোচনা করেছেন। আমি বলতে চাই, আমাদের গোটা রাজ্যে ২৭০টি গ্রুপ সাপ্লাই আছে। এই গ্রুপ সাপ্লাইয়ের মধ্যে দিয়ে যে কাজগুলি চলছে, সেই কাজগুলি সম্পর্কে মাননীয় মন্ত্রীর নজর দেওয়া দরকার আছে। আজকে সেখানে কি হচ্ছে? আমরা দেখছি, নিউ কানেকশনের ক্ষেত্রে ২ বছর ধরে গ্রাহকদের কাছ থেকে টাকা জমা নিয়ে আমরা দেখছি, বিদ্যুৎ আইনে পরিষ্কার বলা আছে, টাকা জমা দেবার ২ মাসের মধ্যে অর্থাৎ ৬০ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করতে হবে। কোনও জায়গাতেই কোনও গ্রুপ সাপ্লাই এই নিয়ম পালন করছে না। শুধু তাই নয়, বিভিন্ন জায়গায় মিটারের সাপ্লাই নেই, কোনও কোনও জায়গায় মিটার নেই। গত ১২-৪-৯৩ তারিখে বিদ্যুৎ পর্ষদ একটা সার্কুলার জারি করে দিল, পর্ষদের আর্থিক অবস্থা খুবই খারাপ, সুতরাং গ্রাহকদের বিদ্যুতের কানেকশন নিতে হলে তাদের কাছ থেকে মিটারের দাম নিতে হবে। সেখানে বলা হল, ওয়ান ফেজ যে কানেকশন হবে সেখানে ৫০০ টাকা দিতে হবে। আর ৩ ফেজের ক্ষেত্রে ১ হাজার ৪০০ টাকা নেওয়া হবে। গ্রাহকরা আগাম টাকা দিতেও প্রস্তুত। সেই সার্কুলারে আবার বলা হল, আগাম যে টাকা নেওয়া হবে, সেটা ১০ মাসের যে বিল হবে সেই বিল থেকে দফায় দফায় কেটে দেওয়া হবে। এতেও গ্রাহকরা রাজি। কিন্তু কোনও গ্রুপ সাপ্লাইতে, কোনও বিদ্যুৎ দপ্তরে একটাও মিটার সাপ্লাই নেই।

[3-35 — 3-45 p.m.]

অথচ সরকারের একটা সার্কুলার রয়েছে। আমরা দেখছি, যেখানে বিদ্যুতের কোনও কানেকশন দেওয়া হচ্ছে না সেখানে অবাধে হুকিং, ট্যাপিং চলছে, বিভিন্ন জায়গায় কন্ট্রাক্টরদের দিয়ে কানেকশন দেওয়া হচ্ছে। গত ১. ৪. ৯৩ তারিখে একটা সার্কুলার দিয়ে ফুয়েল সার-চার্জ বাড়িয়ে দেওয়া হোল ছয় পয়সা করে পার ইউনিটে। আরও শুনছি, নতুন করে বিদ্যুতের দাম বাড়াবার কথা নাকি এই দপ্তর চিন্তা করছে। আমি মন্ত্রী মহাশয়কে বলব, যখন বিদ্যুৎ দিতে পারছেন না, যখন হুকিং ট্যাপিং অবাদে চলছে, যখন ফুয়েল সার-চার্জের নামে বিদ্যুতের দাম বাড়িয়ে দিয়েছেন, তখন আবার নতুন করে গ্রাহকদের উপর কর বসিয়ে বিদ্যুতের দাম বাড়াবার চেষ্টা করছেন কেন? ফুলিয়ায় দেখেছি, সেখানে তিন হাজার গ্রাহক। সেখানে একটা কল সেন্টার হবার কথা ছিল, কিন্তু সেটা আজও হয়নি। আজকে বিদ্যুত পর্ষদে যেভাবে দুর্নীতি বেড়েছে তারজন্য একটি তদন্ত কমিটি দাবি করছি। এই বলে বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী দলের কাট মোশনের সম্পূর্ণ বিরোধিতা করছি। বিরোধী পক্ষ থেকে চারজন বললেন। তাদের প্রত্যেকের কথা থেকে এটা পরিষ্কার হয়ে গেছে যে, বর্তমানে কলকাতায় লোডশেডিং নেই এবং অবস্থাটা তাদের আমল থেকে অনেক ভাল। ভারতবর্ষের মতো বিদ্যুতের বেহাল অবস্থা এখানে নয় একথাই তারা প্রকারান্তরে স্বীকার করেছেন। তারা গ্রামীণ বিদ্যুত এবং এস. ই. বি.-র লস সম্বন্ধে বলেছেন। আমি এই ব্যাপারে পরে আসছি।

আমি প্রথমে বলছি, পশ্চিমবঙ্গের বিদ্যুতের অবস্থা নিয়ে বিরোধী দলের কথা বলা উচিত নয়। এই বিদ্যুতের অবস্থা তারা পশ্চিমবঙ্গে প্রথম থেকেই অত্যন্ত খারাপ করেছেন। একটি একটি করে এর উদাহরণ দিচ্ছি। ওদের আমলে প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গের জন্য এক পয়সাও বিদ্যুত বাবদ খরচা করা হয়নি। দ্বিতীয় উদাহরণ, ১৯৬৪ থেকে ১৯৭৭ পর্যন্ত এই ১৩ বছরে এক মেগাওয়াট নতুন বিদ্যুত তারা এখানে উৎপাদনের ব্যবস্থা করেননি। তৃতীয় উদাহরণ, ১৯৪৭ থেকে ১৯৭৭ সালের মধ্যে একবার যখন যুক্তফ্রন্ট সরকার এসেছিলেন তখন মুখ্যমন্ত্রী ছিলেন অজয় মুখার্জি, তিনি ইন্দিরা গান্ধীকে চিঠি লিখেছিলেন পশ্চিমবঙ্গে নতুন বিদ্যুত কেন্দ্র স্থাপনের জন্য। ঐ চিঠির উত্তরে প্রধানমন্ত্রী তখন বলেছিলেন যে, যেহেতু এখানে ডি. ভি. সি. আছে সেজন্য আর বিদ্যুত কেন্দ্রের দরকার নেই এবং নতুন বিদ্যুত দরকার হলে সেটা এখানে দক্ষিণ ভারত থেকে আসবে। কিন্তু তখন বিরোধী কংগ্রেস দল তার প্রতিবাদ করেননি। ১৯৪৭ থেকে ১৯৭৭ পর্যন্ত পশ্চিমবাংলায় বিদ্যুতের জন্য যত টাকা তারা খরচ করেছেন তার চেয়ে অনেক বেশি টাকা আমরা ১৯৭৭ থেকে ১৯৮২ সালের মধ্যে খরচ করেছি। বঞ্চনার কিন্তু এখানেই শেষ নয়, বঞ্চনা এখনও চলছে পশ্চিমবঙ্গসহ সমগ্র পূর্বাঞ্চলের ক্ষেত্রে। তারজন্য সপ্তম পরিকল্পনায় পূর্বাঞ্চলের জন্য যেখানে বরাদ্দর ছিল ৩১৭০ মেগাওয়াট, সেখানে উত্তরাঞ্চলের জন্য ৬৬৪৯ মেগাওয়াট দক্ষিণ অঞ্চলের জন্য ৫৪৫২ মেগাওয়াট, পশ্চিমাঞ্চলের জন্য ৬৫৩১

মেগাওয়াট। পূর্বাঞ্চলের প্রতি এই যে বঞ্চনা তার বিরুদ্ধে একবারও বলেছেন কি? একটা ভাল লক্ষ্যণ—পি. এল. এফ নিয়ে, টি. ভি. লস নিয়ে কিছু বলেননি, কারণ তারা জানেন যে পশ্চিমবঙ্গে এটা ভাল। এখানে কোলাঘাট যখন তৈরি হয়েছিল সেখানে রাণীগঞ্জ থেকে কয়লা আসবে। কয়লার অ্যাশ কন্টেন্টের উপর দাঁড়িয়ে ইঞ্জিনিয়াররা প্ল্যান্টের ডিজাইন তৈরি করেন। রাণীগঞ্জ থেকে কয়লা পাওয়া যাবে এই আশায় কোলাঘাট প্ল্যান্ট তৈরি হয়েছিল।

কোলাঘাটের জন্য কয়লা আসে দূর থেকে, আর রাণীগঞ্জের কয়লা রেলে করে চলে যায়। আপনারা দায়িত্বশীল কংগ্রেস দল বলে দাবি করেন, এর জন্য আপনারা কোনও প্রতিবাদ করেছেন? আমাদের এম. পি. সোমনাথ চ্যাটার্জি গত বছরের ১৫ই মার্চ কল্পনাথ রাইকে চিটি লিখেছেন যে আপনারা পশ্চিমাঞ্চলের কথাই ভাববেন, পূর্বাঞ্চলের কথা কি ভাববেন না? ভারতবর্ষের অর্থনীতির ক্ষেত্রে এটা কি ভাল হচ্ছে? পূর্বাঞ্চলের জন্য কয়লা বহুদূর থেকে আসছে যেটা কোলাঘাটে দেওয়া হচ্ছে। আমি সাবজেক্ট কমিটির পক্ষ থেকে ১৯৯১ সালে কোলাঘাট গিয়েছিলাম। সেই সময়ে ইঞ্জিনিয়াররা একটা রিপোর্ট দিয়েছিলেন যে কোলাঘাটের বাজে কয়লা আসে। কোলাঘাটের জন্য যে কয়লা আসে তাতে পি. এল. এফ. লস হচ্ছে ৫ পারসেন্ট। লাস্ট, যে রিপোর্ট সি. ই. এ.-র তাতে কোলাঘাটের পি. এল. এফ. ছিল ৭৩.১ পারসেন্ট। আজকে ভারতবর্ষের অন্যান্য জায়গায় যেখানে পি. এল. এফ. চালু আছে, রাজস্থান এবং অন্ধ্র ছাড়া, আর কোনও এস. ই. বি.-তে এত পি. এল. এফ. হয়নি। আজকে যদি বাজে কয়লা দেওয়া না হত তাহলে এই পি. লে. এফ. আরও বাড়ত। কিন্তু কংগ্রেস নেতারা কোনও প্রতিবাদ করেনি যে এখানে বাজে কয়লা আসছে কেন? তারপরে এই যে কোলাঘাটের জন্য বাজে কয়লা আসছে, এটা রেলে করেই আসছে, কয়লা চুরি হচ্ছে, বাজে কয়লা আসছে, এ সবের জন্য আমরা দায়ী, আমাদের লোক পাঠাতে হবে। এই সমস্ত অদ্ভুত কথা বলা হচ্ছে। তা সত্ত্বেও আমরা বিদ্যুৎকে অগ্রাধিকার দিয়েছি, বিদ্যুতের প্রতি সব চেয়ে বেশি গুরুত্ব দিয়েছি এবং তার ফলাফল আজকে পাওয়া গেছে। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের কথা আপনারা বলছেন। আপনাদের এই কথা বলতে লজ্জা করে না? যখন আপনারা ছেড়ে দিয়ে চলে গেছেন তখন ৩৩ শতাংশ মৌজায় ইলেক্ট্রিফিকেশন হয়েছিল। আজকে সরকারি রিপোর্টে সেটা ৭৪ শতাংশে পৌছে গেছে। আর আপনাদের মতো রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন আমরা করি না। আপনারা একটা কাঠের পোল লাগিয়ে ছেড়ে দিলেন, যে ভাবে সারা ভারতবর্ষে করেছেন। আমরা সেই ভাবে করি না। আমরা দেখি বিদ্যুৎ মানুষের ঘরে পৌছেছে কিনা, আমরা বুঝি বিদ্যুৎ কৃষকের পাম্প সেটে পৌছেছে কিনা। আজকে পাম্প সেটে যে পরিমাণ বিদ্যুৎ পৌছে দিতে পেরেছি তার পরিমাণ হচ্ছে ১০ ভাগ। আজকে যে পরিমাণ বৈদ্যুতিকরণ করা হয়েছে তার পরিমাণ ৬ থেকে ৭ শতাংশ। আমরা চাই বিদ্যুৎ যাতে মানুষের ঘরে পৌছায়, পাম্প সেটে পৌছায়। আপনাদের মতো আমরা মানুষকে ভাওতা দেই না। আপনারা কয়টা পাম্প সেটে বিদ্যুৎ দিয়েছেন, কয়টা মৌজায় বিদ্যুৎ দিয়েছেন সে সব কথা বললেন না। আমরা কুটির জ্যোতি প্রকল্পে ১৯৯৩ সালে ১৬ হাজার ৬ শত করতে পেরেছি। এই অগ্রগতি আপনাদের সময়ে ছিল না। আমরা বিদ্যুৎকে সর্বাধিক গুরুত্ব দিয়েছি। সেই কারণে গত বছরের তুলনায় এবারে ১১০ ভাগ আমাদের উৎপাদন হয়েছে, যেখানে অল ইন্ডিয়া অ্যাভারেজ হচ্ছে ১০৭ ভাগ। আমি আর একটা রিপোর্ট দিয়ে আমার বক্তব্য

শেষ করব। আমার কাছে ১৯৯৬-৯৭ সালের একটা রিপোর্ট আছে। সেখানে সর্বোচ্চ চাহিদার সময়ে ঘাটতি কত থাকছে সেটা দেওয়া আছে। তাতে দেখা যাচ্ছে, গুজরাটে ৩০ পারসেন্ট, হিমাচল প্রদেশ ২৯.৮ পারসেন্ট, পাঞ্জাব ৩১.৮ পারসেন্ট, রাজস্থান ৪৮.৩ পারসেন্ট, ইউ. পি. ২৯.৭ পারসেন্ট, অন্ধ্র ৩০.৮ পারসেন্ট, আর ওয়েস্ট বেঙ্গলে সব চেয়ে কম ১৮ পারসেন্ট। সেজন্য একথা বলব যে এখানে সম্ভাবনা উজ্জ্বল। এই কথা বলে বিরোধীরা যে কাট মোশন দিয়েছেন, বিরোধিতা করে এবং বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-45 — 3-55 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এনেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশনগুলি দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমি বাজেটের উপর আমার প্রতিক্রিয়া রাখব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী তার বাজেট ভাষণে পশ্চিমবাংলার বিদ্যুৎ উৎপাদনের যে উন্নতি হয়েছে সেটা কিছুটা ডাটা দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন। এই কথা মেনে নিই যে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। কিন্তু তার ফলটা কি? এই বিদ্যুৎ উৎপাদন বাড়িয়ে তার দ্বারা পশ্চিমবাংলার যে সব গ্রামবাংলার মানুষ আছে তারা বেনিফিট পাচ্ছে কিনা সেটাই হল বিচার্য বিষয়। কারণ আমি অন্য সরকারের কথা ছেড়েই দিলাম, যারা নিজেদের বামপন্থী বলেন, যারা গ্রামের মানুষের কথা বলেন, যারা গ্রামবাংলার গরিব মানুষ দুর্বলতর মানুষের কথা বলেন তাদের জন্য বিদ্যুৎ সরবরাহ হবে, তাদের জন্য সুযোগ সম্প্রসারিত হবে বামফ্রন্ট সরকারের আমলে এটাই প্রত্যাশিত। কিন্তু আমরা দেখতে পাচ্ছি গ্রামবাংলায় বিদ্যুৎ সরবরাহ কার্যত ব্যাহত হচ্ছে। এই কথায় ওই পক্ষ চিৎকার করতে পারেন কিন্তু এখানে বিদ্যুৎমন্ত্রী এই কথা অকপটে স্বীকার করেছেন। দেখবেন ৬নং পৃষ্ঠায় বলেছেন "গ্রামীণ বৈদ্যুতিকরণের অগ্রাধিকার স্বীকার করেছেন। দেখবেন ৬নং পৃষ্ঠায় বলেছেন প্রাথমিক ধার্য লক্ষ্যমাত্রা হ্রাস করতে হয়েছে। ১৯৯২-৯৩ সালের পরিবর্তিত লক্ষ্যমাত্রার পরিবর্তন করতে হয়েছে। ১৯৯২-৯৩ সালের প্রকৃত লক্ষ্যমাত্রা ছিল ৫১৭, সেটা পরিবর্তন করে ৪২২ করা হল। কিন্তু দুঃখের বিষয় সেই পরিবর্তিত লক্ষ্যমাত্রা পূরণ হল না, ২৮৫ টি মৌজায় বৈদ্যুতিকরণ হল। মৌজা নিবিড়করণের ব্যাপারে ১৯৯২-৯৩ সালে লক্ষ্যমাত্রা ছিল ৫০০, তারপর পরিবর্তিত লক্ষ্যমাত্রা হল ৪১০, সেটা পুরণ হল না। তা করলেন কত? ৭৮টি। ৭৮ টি মৌজায় নিবিড়করণ হল। ফলে মন্ত্রী মহাশয়ের স্বীকারোক্তি থেকে দেখতে পাচ্ছি যে গ্রামীণ বৈদ্যুতিকরণ মারাত্মক ভাবে ব্যাহত হয়েছে এখানে অনেক বড় মুখ করে প্রচার করা হয়েছে লোকদীপ প্রকল্প নিয়ে, গরিব মানুষের জন্য, দুর্বলতম মানুষের জন্য এই লোকদীপ প্রকল্প। মন্ত্রী মহাশয়ের প্রতিশ্রুতি কি? মন্ত্রী মহাশয় বলেছেন ৩০. ৯. ৯২ পর্যন্ত ৪৮ হাজার ৭২২ টি বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। পশ্চিমবাংলায় মৌজার সংখ্যা ৪৮ হাজারের উপর। অর্থাৎ মৌজা প্রতি ১টি করে লোকদীপ প্রকল্প ভাগে পড়েছে যদি হিসাব করে দেখা যায়। শুনতে ভাল লাগে যে গরিব মানুষের জন্য, দুর্বলতম মানুষের জন্য, আদিবাসীদের জন্য তারা কাজ করছেন। কিন্তু বিদ্যুৎ উৎপাদন বাড়ছে তার বেনিফিট কিন্তু গ্রামের মানুষ পাচ্ছে না। গ্রামবাংলার চাষ আজকে বিদ্যুতের অভাবে বিপর্যস্ত হচ্ছে, চাষীরা মার খাচ্ছে। আপনারা দেখবেন বোরো চাষ থেকে

আরম্ভ করে সমস্ত চাষে বিদ্যুৎ সরবরাহ করা যাচ্ছে না, ফলে চাষীরা মার খাচ্ছে। গ্রামবাংলায় ক্ষুদ্র শিল্প বিদ্যুতের অভাবে মার খাচ্ছে।

অথচ তারা বলছেন যে বিদ্যুতের এত প্রাচুর্য। শুধু তাই নয়, আজকে গ্রাম বাংলায় যারা বিদ্যুতের জন্য অ্যাপ্লাই করেছে এবং আগাম টাকা দিয়েছে এই রকম লক্ষাধিক গ্রাহক গত আড়াই তিন বছর ধরে অ্যাপ্লাই করেও অপেক্ষা করছে। আপনার বিদ্যুত পর্ষদ সমস্ত বিধিনিষেধ লঙ্ঘন করে আড়াই তিন বছরে বিদ্যুতের কানেকশন দিচ্ছে না। সংশ্লিষ্ট আইনের—শিডিউল সিক্স—কি বলা হয়েছে? বলা হয়েছে যে টাকা জমা দেবার সাতদিনের মধ্যে কানেকশন দিতে হবে। এখানে মোট ২৭০টি গ্রুপ ইলেকট্রিসিটি সাপ্লাই অফিস কানেকশন দিচ্ছে না। অথচ বিদ্যুতের এত প্রাচুর্য। টাকা জমা দিয়েছে অথচ তাদের আপনি কানেকশন দিতে পারছেন না। এতে লক্ষ লক্ষ টাকার ক্ষতি হচ্ছে। আপনার অতিরিক্ত বিদ্যুত রয়েছে অথচ সাপ্লাই দিতে পারছেন না, এমনই তৎপরতা বিদ্যুত দপ্তরের। গোটা বিদ্যুত নীতি, সরকারের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়ে যাচ্ছে। বিদ্যুত সরবরাহের মতো একটা বিষয়, এটা সামাজিক দিক থেকে সোশ্যাল সার্ভিস, এটাকে বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা চলে না। যত দিন যাচ্ছে দেখা যাচ্ছে, আপনি বিদ্যুতকে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে পরিচালিত করবার চেষ্টা করছেন। তারজন্য গ্রামের দুর্বলতর মানুষ বিদ্যুত মজুত থাকা সত্ত্বেও তাদের জন্য বিদ্যুত নেই। আপনি শহরাঞ্চলকে লোডশেডিংয়ের হাত থেকে বাঁচাবার চেষ্টা করছেন। কিন্তু গ্রামাঞ্চলে লোডশেডিং চলছে। হেলথ সেন্টারগুলোর বিদ্যুত কানেকশন কেটে দিচ্ছেন। সংবাদপত্রে এটা বেরিয়েছে—এখানে শান্তিবাবু আছেন, তিনি এটা জানেন—একটা হেলথ সেন্টার টাকা জমা দিতে পারেনি বলে বিদ্যুতের কানেকশন কেটে দিয়েছেন। আমার কনস্টিটিউয়েন্সিতে দিনের পর দিন বিদ্যুত সাপ্লাই বন্ধ। তারা কাজ বন্ধ করে দিতে বাধ্য হয়েছে। গ্রামাঞ্চলের এই অবস্থা, আর শহরাঞ্চল কলকাতাকে রক্ষা করে বিদ্যুত পরিস্থিতি ভাল হয়েছে বলে দেখাবার চেষ্টা করছেন। টোট্যাল জিনিসটাকে একটা কমার্শিয়াল আউটলুক থেকে দেখার জন্য আমরা দেখলাম বিদ্যুতের শুল্ক বাড়ানো হল। বাজেট আসার আগে ফেব্রুয়ারি মাসে এই সরকার বিদ্যুতের উপরে ১লা ফেব্রুয়ারি থেকে শুল্ক বাড়িয়ে দিল। ছোট ছোট ক্ষুদ্র ব্যবসায়ি, দোকানপাট, শিল্প-কারখানা সবকিছুর উপরে পঁচিশ কোটি টাকার বাড়তি শুল্ক চাপিয়ে দেওয়া হল। নতুন করে বিদ্যুত পর্ষদ কমিটি ফিফটি পারসেন্ট দাম বাড়াবার চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে আপনি কথা বলেছেন। পঞ্চায়েতের নির্বাচনের জন্য আপনি অপেক্ষা করছিলেন। এখন আবার নতুন করে বিদ্যুতের দাম বৃদ্ধি হচ্ছে। আমার প্রশ্ন, কেন বারবার বিদ্যুতের দাম বাড়ানো হবে? বিদ্যুতের যে চুরি হচ্ছে, দুর্নীতি হচ্ছে, অপচয় হচ্ছে এগুলোকে বন্ধ করার চেষ্টা করছেন? এগুলো বন্ধ করতে পারলে বিদ্যুত শুল্ক বাড়াতে হয়? সাধারণ মানুষকে তাহলে বাড়তি শুল্ক দিতে হয়? হুকিং, ট্যাপিং এই সমস্ত জিনিস আপনি বন্ধ করতে পারছেন না। আপনার ডিপার্টমেন্টের সমীক্ষায় দেখা যাচ্ছে যে ট্যাপিং, হুকিং হচ্ছে মারাত্মকভাবে। প্রতি মাসে ১৫ কোটি টাকা বিদ্যুত পর্ষদের রাজস্ব ক্ষতি হচ্ছে, অর্থাৎ বছরে ১৮০ কোটি টাকার মত ক্ষতি হচ্ছে। অথচ নজরদারির ব্যবস্থা নেই, এগুলো বন্ধ করার ব্যবস্থা নেই। ওভারহেড লাইন থেকে ট্যাপিং, হুকিং হচ্ছে। এই মারাত্মক অবস্থার মধ্যে কাকে বলব? ডায়মন্ডহারবারের পর্যটন দপ্তরের গঙ্গোৎসব হয়ে গেল।

[3-55 — 4-05 P.M.]

আপনার সরকার বলছে হুকিং বন্ধ করতে, ট্যাপিং বন্ধ করতে। অথচ ডায়মন্ড হারবারে, এস.ডি.ও ময়দানে গঙ্গোৎসবের সময় মেইন লাইন থেকে হুকিং করে কানেকশন নেওয়া হয়। ফলে আপনারা ২০ থেকে ২৫ হাজার টাকা এইভাবে ক্ষতি হয়েছে। পর্ষদের অফিসাররা আপনার স্থানীয়ভাবে আপত্তি করেছিল এই ব্যাপারে। দক্ষিণ ২৪ পরগনা উস্তি থানায় মেইন লাইন হুকিং করে কানেকশন নেওয়া হয়েছে। পর্ষদের অফিসাররা থানার ভিতরে ওয়ারিং দেখে জিজ্ঞাসা করেছিল আপনারা এর আগে কোথা থেকে কানেকশন নিয়েছিলেন। আপনার থানা নিজে হুকিং করে কানেকশন নিয়েছে। আপনার যন্ত্রপাতি আজকে কিভাবে চুরি হচ্ছে। টেন পারসেন্ট ট্রান্সফর্মার আজকে শুধু রক্ষণাবেক্ষণের অভাবে বিকল হয়ে আছে। ৩,২০০টি ট্রান্সফর্মার আপনার বিকল হয়ে পড়ে আছে। এগুলোর কোনও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেই এবং হিসাবে দেখা যাচ্ছে গত ১০ বছরে ৮০ কোটি ৬২ লক্ষ টাকার ট্রান্সফর্মার চুরি হয়েছে। আপনি একটা তদন্তও পর্যন্ত করেননি। কোটি কোটি টাকা আজকে নয়ছয় হয়ে যাচ্ছে। আপনি নির্বাক, কোনও তদন্ত হচ্ছে না। আপনি শুধু বিদ্যুৎ-এর উপর শুল্ক বসাবার ও বিদ্যুৎ-এর দাম বাড়াবার চিন্তা করছেন। ফলে এইগুলো আপনার দপ্তরের চূড়ান্ত ব্যর্থতা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভিন্ন ক্ষেত্রে যেভাবে চার্জ বাড়িয়েছেন, তাতে দেখা যাচ্ছে চার গুণ চার্জ বাড়িয়েছেন। তিন মাস অন্তর মিটার রিডিং চালু হয়, কিন্তু আমরা দেখতে পাচ্ছি কোনও মিটার রিডিং নেওয়া হচ্ছে না, অ্যাভারেজ হিসাবে বিল পাঠিয়ে দেওয়া হচ্ছে। এইগুলো যদি আপনি না দেখেন তাহলে তো আপনি আর্থিক সঙ্কট কাটিয়ে উঠতে পারবেন না? সাওতালডির দুই নম্বর ইউনিট আপনার সাড়ে চার বছর ধরে এই রকম অবস্থায় পড়ে আছে। কয়েক কোটি টাকা দিয়ে সেটা যদিও বা সারানো হল, তারপর স্টার্ট করতে গিয়ে সেটা আবার খারাপ হয়ে গেল। আবার পার্টস খুলে আপনি সারাতে পাঠাচ্ছেন। আপনি এগুলো তদন্ত করে দেখবেন কি, ব্যবস্থা গ্রহণ করবেন কি? আপনার সরষের মধ্যে ভূত রয়েছে। আপনি তো টেকনিক্যাল এক্সপার্ট, আপনি তো ভিতর থেকে এই জিনিসগুলো ধরতে পারেন। আমি সর্বশেষ বলব—বিদ্যুৎ উৎপাদন আপনার বেড়েছে—কিন্তু ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশনের প্রয়োজনীয় ব্যবস্থা আপনার নেই। এই জিনিসগুলোর যদি সমাধান না হয় তাহলে বিদ্যুৎ পরিস্থিতি ঠেকানো যাবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৬৯ নং এবং ৭২ নং ডিমান্ডের সমর্থনে আমি আমার বক্তব্য এই সভায় উপস্থাপিত করছি। স্যার, গত এক বছরে বিদ্যুতের অবস্থা যে ভালো হয়েছে তার জন্য বক্তৃতা করার দরকার নেই। আজকে এটা প্রমাণিত হয়েছে যে এক বছরের মধ্যে ইনফ্রাস্ট্রাকচারের উন্নতি ঘটিয়ে সেটাকে কাটিয়ে ওঠা গেছে এবং আন্তরিকতার সঙ্গে সেই প্রচেষ্টা নেওয়া হয়েছে।

ডব্লু. বি. এ. ই. বি. বলুন, ডি. পি. এল. বলুন, পি. ভি. সি. এল., বলুন, এন. টি. পি. সি. বলুন—তাদের যে উন্নতি ঘটেছে সেখানে মূল কথাটি কি? পরীক্ষা-নিরীক্ষা অনেকদিন ধরেই হচ্ছে। আগেও হয়েছিল। সেখানে কমিটিগুলির রিপোর্ট সব একই। সেই সাঁওতালদি থেকে শুরু করে বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রের জন্য যেসব কমিটি হয়েছিল তারা সব একই রিপোর্ট রেখেছেন

যে মেরামতির অভাব। পুরানো বিদ্যুৎকেন্দ্রগুলিকে যদি ঠিকমতন মেরামত করা যায় তাহলে তা থেকে উৎপাদন লক্ষ্যণীয়ভাবে উন্নত করা যায়। এটাই হচ্ছে এক বছরের উন্নতির মূল কারণ। সেখানে চেষ্টা করা হয়েছে এবং তার ফলে এই উন্নতিটা ঘটেছে। পুরানো বিদ্যুৎকেন্দ্রগুলিকে মেরামত করে বিদ্যুতের অভাব পূরণের চেষ্টা করা হয়েছে। একটা নতুন বিদ্যুত কেন্দ্র স্থাপন করতে গেলে যে পরিমাণ টাকা লাগে এবং সময় লাগে পুরানো বিদ্যুৎ কেন্দ্রগুলির মেরামতির ব্যাপারে সেটা লাগে না এবং ঠিকমতোন করলে সেখানে বেটার রেজাল্ট পাওয়া যায়। এটা যে পাওয়া যায় সেটা এই এক বছরে প্রমাণ হয়ে গিয়েছে। এই দিকটার প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখা দরকার। বিদ্যুতের অভাব আছে কাজেই বিদ্যুতের ব্যাপারে সমালোচনা থাকবেই এবং সেখানে যে ত্রুটি আছে সেই ত্রুটির কথাও আমি বলব। মাননীয় মন্ত্রী মহাশয়ও তার বাজেট বক্তৃতায় সেটা লুকিয়ে রাখার চেষ্টা করেন নি। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ক্ষেত্রে কি কি ত্রুটি আছে, ব্যর্থতা কোথায় সেটা তিনি খুব ভালোভাবে বলেছেন। আমি সরকারি দলের একজন সদস্য হিসাবে এ ব্যাপারে তার কাছে কয়েকটি সাজেশন রাখব। রিয়েলি বিদ্যুতের উন্নতি ঘটেছে কিন্তু তা সত্ত্বেও বিদ্যুৎ পর্ষদের এলাকায় এখনও কোথাও কোথাও ৫০ থেকে ৬০ মেগাওয়াট লোডশেডিং হচ্ছে এটা অস্বীকার করা যায়না। উনিও এটা স্বীকার করেছেন কিন্তু কেন হচ্ছে সেটা একটু বোঝা দরকার। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা কথা বলব। আপনি নিজে ইঞ্জিনিয়ার বলে আপনার পক্ষে সবটা বোঝা যেভাবে সম্ভব আমরা ঠিক ততটা ভালোভাবে ব্যাপারটা না বুঝলেও যেহেতু আমরা ট্রেড ইউনিয়ন করি এবং এই সমস্ত প্ল্যান্টগুলির সঙ্গে খুব ঘনিষ্ঠ যোগাযোগ রাখি সেজন্য কয়েকটি সাজেশন রাখব। আমার প্রথম কথা হল, উন্নতি যেটা ঘটেছে সেটাকে ধরে রাখা দরকার। এর পর যেন ইতিহাসের পুনরাবৃত্তি না ঘটে—এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে সতর্ক থাকার জন্য অনুরোধ জানাচ্ছি। যেটা সারানো হচ্ছে সেগুলির ক্ষেত্রে সেই ব্যাপারটা ধরে রাখলে যে উন্নতি হয় সেটা হাতেনাতে প্রমাণ হয়ে গিয়েছে। এই উন্নতিটা অব্যাহত রাখা চাই। এতে রাজ্যবাসি খুশি হবেন, এটা যাতে ব্যাহত না হয় সেটা দেখার জন্য আমি বারেবারে অনুরোধ করছি।

অবশ্য এটা ব্যাহত করার চেষ্টা হচ্ছে। এই প্রসঙ্গে কয়লার ব্যাপারটা এসে যায়। নিম্নমানের কয়লা সরবরাহ করা হচ্ছে। এটা নিয়ে আলাপ-আলোচনা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রীও আলাপ-আলোচনায় অংশগ্রহণ করছেন—এটা একটা দিক। এছাড়াও আর্থিক অসুবিধার ফলে যে সমস্ত অসুবিধা হচ্ছে সেটা আপনি নিজেই বলেছেন। এখনও প্রায়ই বিদ্যুত পর্ষদ এলাকাতে ৫০/৬০ মেগাওয়াট করে লোডশেডিং হচ্ছে। সেখানে পয়সার অভাবে উচ্চ ক্ষমতাসম্পন্ন লাইন ও ট্রান্সফর্মা বসানো যাচ্ছে না। সকলেই জানেন, ৩০ কে.ভি. যেটা অত্যন্ত ভাইটাল ট্রান্সমিশন লাইন সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে মাত্র ১৩৬ কি.মি. হয়েছে। ৬-এর পাতায় আপনি সব হিসাব দিয়েছেন। ১১ কে.ভি. মাত্র ২৫০ কি.মি. হয়েছে। আর্থিক সংকটের ফলেই এই অবস্থা এবং তার ফলে গ্রামীণ বিদ্যুত ব্যবস্থা ব্যাহত হচ্ছে। সাব-স্টেশন যেগুলি করা দরকার সেগুলি করা যাচ্ছে না। আমার নিজের কনস্টিটিয়েন্সিতে গত ১০/১২ বছর ধরে একটা সাব-স্টেশানের কাজ চলছে কিন্তু সেখানে কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। আমার নন্দীগ্রাম কন্সটিটিউয়েন্সির রেয়াপাড়া সাব-স্টেশনের কথা আমি বলছি,

এর সঙ্গে একটা বিশাল এলাকা জড়িত। এটার কাজ এখনও শেষ করা গেল না। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষনের সময় এই রেয়াপাড়া সাব-স্টেশনের ব্যাপারে আলোকপাত করবেন।

অবশ্য এটা ব্যাহত করার চেষ্টা করা হচ্ছে। এই প্রসঙ্গে কয়লার ব্যাপারটা এসে যায়। নিম্নমানের কয়লা সরবরাহ করা হচ্ছে। এটা নিয়ে আলাপ-আলোচনা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রীও আলাপ-আলোচনায় অংশগ্রহণ করছেন—এটা একটা দিক। এ ছাড়া আর্থিক অসুবিধার ফলে যে সমস্ত অসুবিধা হচ্ছে সেটা আপনি নিজেই বলেছেন। এখনও প্রায়ই বিদ্যুত পর্ষদ এলাকাতে ৫০/৬০ মেগাওয়াট করে লোডশেডিং হচ্ছে সেখানে পয়সার অভাবে উচ্চ ক্ষমতাসম্পন্ন লাইন ও ট্রান্সফর্মার বসানো যাচ্ছে না। সকলেই জানেন ৩০ কে.ভি. যেটা অত্যন্ত ভাইটাল। ট্রান্সমিশন লাইন সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে মাত্র ১৩৬ কি.মি. হয়েছে। ৬-এর পাতায় আপনি সব হিসাব দিয়েছেন। ১১ কে.ভি. মাত্র ২৫০ কি.মি. হয়েছে। আর্থিক সংকটের ফলেই এই অবস্থা এবং তার ফলে গ্রামীণ বিদ্যুত ব্যবস্থা ব্যাহত হচ্ছে। সাব-স্টেশন যেগুলি করা দরকার সেগুলি করা যাচ্ছে না। আমার নিজের কন্সিটিউয়েন্সিতে গত ১০/১২ বছর ধরে একটা সাব-স্টেশনের কাজ চলছে কিন্তু সেখানে কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। আমার নন্দীগ্রাম কন্সিটিটিউয়েন্সির রেয়াপাড়া সাব-স্টেশনের কথা আমি বলছি, এর সঙ্গে একটা বিশাল এলাকা জড়িত। এটার কাজ এখনও শেষ করা গেল না। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের সময় এই রেয়াপাড়া সাব-স্টেশনের ব্যাপারে আলোকপাত করবেন।

[4-05 — 4-15 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয়, ক্ষুদ্র সেচের ব্যাপারে, পাম্প সেটের ক্ষেত্রে আপনার নিজের স্বীকারোক্তি আছে—লক্ষ্য মাত্রার অনেক নিচে বিদ্যুত সরবরাহ করা হয়েছে। এর ফলে অনেক ক্ষতি হয়েছে। যেখানে লক্ষ্য মাত্রা ছিল ১০,২৪০টি, সেখানে মাত্র ২,১৭৬টিতে বিদ্যুত সরবরাহ করা সম্ভব হয়েছে। আপনার ফলোআপ দেখে মনে হচ্ছে ডোমেস্টিক উৎপাদন বেড়েছে। কিন্তু সে তুলনায় শিল্প ও কৃষিক্ষেত্রে উন্নতি ঘটেনি। রুরাল ইলেক্ট্রিফিকেশন যেটা হচ্ছে সেটা যদি ঠিক মত না হয় তাহলে গ্রামের কৃষি মার খাবে। গ্রামাঞ্চলের শতকরা ৮৫ ভাগ মানুষই কৃষির উপর নির্ভরশীল। রুরাল ইলেক্ট্রিফিকেশনের অভাবে এই বিরাট সংখ্যক জনস্যংখ্যা ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফলে সামগ্রিকভাবে গোটা রাজ্যই ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেই জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে গ্রামীণ বিদ্যুতের কাজকে একটু বেশি নজর দিয়ে দেখতে অনুরোধ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি উল্লেখ করেছেন ৯২ সালের মার্চ মাস পর্যন্ত ৩৮,৪৫৪টি গ্রামের মধ্যে ৭৩/৭৪%-এ ইলেক্ট্রিফিকেশন হলেও তাদের ঠিকমতো বিদ্যুত সরবরাহ করা যাচ্ছে না। আপনার হিসাব অনুযায়ী ১৯৯২-৯৩ সালে মাত্র ৪৩৫-টি গ্রামে ইলেক্ট্রিফিকেশন হয়েছে। এই অগ্রগতির হার অত্যন্ত শ্লথ। আমি ট্রান্সফর্মারের ক্ষেত্রে আপনাকে একটা সাজেশন দিতে চাই। আমরা দেখছি কোথাও ট্রান্সফর্মার চুরি হয়ে গেলে বা ট্রান্সফর্মার পুড়ে গেলে ট্রান্সফর্মার আর রিপ্লেস হচ্ছে না। এই যে সমস্যা, এই সমস্যার সঙ্গে ট্রান্সফর্মার চুরির সমস্যার সঙ্গে পঞ্চায়েতকে ইনভলভ করা দরকার। ট্রান্সফর্মার চুরি এবং হুকিং করে বিদ্যুৎ

চুরি বন্ধ করার জন্য এবিষয়ে পঞ্চায়েতের ওপর দায়িত্ব অর্পণ করা দরকার। বর্তমানে টাকার অভাবে ট্রান্সফর্মার রিপ্লেস করা যাচ্ছে না। বিদ্যুতের প্রতিটি যন্ত্রপাতিই আজকে মূল্যবান, সুতরাং আমাদের অপচয়ের দিকে অবশ্যই নজর দিতে হবে। এই প্রসঙ্গে আমি পুরুলিয়া পাম্পিং স্টেশন সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। ওটার কত দূর কি হচ্ছে, দয়া করে জানাবেন। আমরা জানি মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্প আমাদের যে কোনও প্রকারে রূপায়িত করতে হবে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলতে হবে। আমি আমাদের বিরোধী বন্ধুদের অনুরোধ করব, তারাও এ বিষয়ে একটু চেষ্টা করুন। তাঁরা যদি প্রকৃতপক্ষে রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি চান তাহলে তারা নিশ্চয়ই চেষ্টা করবেন। সবশেষে আমি বলব বিদ্যুৎ দপ্তরের যে সব কর্মচারির ডাই ইন হারনেস হচ্ছে, তাদের পরিবারের লোকেদের দয়া করে চাকরি দেবার ব্যবস্থা করুন। অন্য দপ্তরের কর্মচারিদের ক্ষেত্রে যে সুযোগ রয়েছে, এই দপ্তরের কর্মচারিরা সেই সুযোগ পাচ্ছে না। এটা একটু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখতে অনুরোধ করে, তার বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ অরুণ অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুত দপ্তরের বাজেটের ওপর আমাদের পক্ষ থেকে আনা কাট্ মোশনকে সমর্থন করে এবং সমগ্র বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। শঙ্করবাবু পণ্ডিত মানুষ, ওঁকে আমি ব্যক্তিগতভাবে শ্রদ্ধা করি। কিন্তু বিগত ১৬ বছর ধরে এই সরকার তথা পশ্চিমবাংলায় যারা বিদ্যুৎ দপ্তরের দায়িত্বে আছেন তারা পশ্চিমবাংলার বিদ্যুত পরিস্থিতিকে অবক্ষয়, দুর্নীতি, অপদার্থতার মধ্যে দিয়ে এমন একটা চূড়ান্ত পর্যায়ে এনে দাঁড় করিয়েছেন। শংকরবাবু ব্যক্তিগতভাবে বাংলাকে ঘোর অন্ধকারের মধ্যে একটু আলো দেখাবার চেষ্টা করছেন। তথাপি গ্রাম-বাংলার বিস্তীর্ণ এলাকার ব্যাপক মানুষের কাছে সেই আলোর ঝকমকি এখনও পৌঁছাচ্ছে না। তার সদিচ্ছা আছে, উদ্যোগ আছে। কিন্তু পরিকাঠামো, পরিচর্যা, পরিসেবার অভাবে তার সমস্ত রকম সদিচ্ছা এবং উদ্যোগ ব্যর্থ হচ্ছে। সুষ্ঠু বণ্টন ব্যবস্থার মধ্য দিয়ে যেটুকু বিদ্যুৎ উৎপাদন হচ্ছে সেটুকুও মানুষের কাছে পৌছে দেওয়া সম্ভব হচ্ছে না, বিশেষ করে গ্রামের মানুষের কাছে। তার কারণ কি? তার কারণ হচ্ছে, আজকে শংকরবাবুর আর্থিক সংগতির অভাব রয়েছে। তার কারণ হচ্ছে, বিদ্যুৎ দপ্তরে আজকে ওয়ার্ক কালচার বলে কোনও কথা, কোনও ব্যবস্থা দেখা যাচ্ছে না।

তার কার। কি? আজকে ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সি বলে যে কথাটা আছে সেই কথাটা বিদ্যুৎ দপ্তরে লোপ পেয়ে গেছে। কারণ হচ্ছে, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ করার যে সুনির্দিষ্ট পরিকল্পনা, যে পরিকাঠামো থাকা প্রয়োজন সেই দিক থেকে বিদ্যুৎ দপ্তর সম্পূর্ণভাবে ব্যর্থ হয়ে গেছে। তার ফলে শুধু শহরাঞ্চলে নয়, গ্রামে-গঞ্জে লক্ষ লক্ষ টাকার দামি-দামি যন্ত্রপাতি খোলা আকাশের নিচে পড়ে আছে মাসের পর মাস। এর ফলে সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে। রক্ষণাবেক্ষণের ব্যবস্থা হচ্ছে না। এই অবস্থার মুখোমুখি দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী, শঙ্করবাবু আশার আলো দেখাবার চেষ্টা করছেন। মাননীয় সরকারি দলের একজন সদস্য একটু আগে বললেন তাদের সাফল্যের কথা আর আমাদের ব্যর্থতার কথা। ১৯৭১-৭২ সালের কথা তিনি বললেন। আমার সময় অল্প, তাই নির্দিষ্টভাবে একটি বক্তব্যের উপর আমার কথা সীমাবদ্ধ

রাখব, অন্যদিকে আমি যাব না। আমার এলাকায় গৌরীপুর থারমাল পাওয়ার স্টেশন ১৯৮৮ সালের ৩০ নভেম্বর ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড একটা রেজোলিউশনের উপর ভিত্তি করে রাতা-রাতি এই তাপবিদ্যুৎ কেন্দ্রটিকে বন্ধ করে দিয়েছিলেন। কিন্তু এই বন্ধ করার পিছনে কোনও কারণ দেখাতে পারেননি। তবে কারণ হিসাবে বলা হয়েছিল, বিদ্যুৎ উৎপাদন কমে গেছে। কিন্তু ১৯৮৭ সালের রিপোর্টে কি দেখা যাচ্ছে? রিপোর্টে দেখা যাচ্ছে, ঐ তাপবিদ্যুৎ কেন্দ্রে ৩০ মিলিয়ন ইউনিট উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল। সেক্ষেত্রে ঐ তাপবিদ্যুৎকেন্দ্রে সেই বছর উৎপাদন করেছিল ৩৮ মিলিয়ন ইউনিট। অর্থাৎ ধার্যকৃত বিদ্যুৎ উৎপাদন থেকে বেশি উৎপাদন করেছিল। তাসত্ত্বেও ১৯৮৮ সালের ৩০ নভেম্বর, তৎকালীন বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, শ্রী প্রবীর সেনগুপ্ত রাজনৈতিক চক্রান্ত করে ঐ গৌরীপুর তাপবিদ্যুৎ কেন্দ্রটিকে হত্যা করলেন অর্থাৎ বন্ধ করে দিলেন। কিন্তু শঙ্করবাবুকে ধন্যবাদ জানাই, উনি বিখ্যাত বাজেট অধিবেশনে আমাদের দাবিকে সমর্থন জানিয়ে বলেছিলেন গৌরীপুর তাপবিদ্যুৎ কেন্দ্রটিকে চালু করা হবে। আমরা এই দাবি জানিয়ে আসছিলাম, রাজ্যের যেখানে আর্থিক সঙ্গতি নেই, সেখানে যৌথ উদ্যোগের প্রয়োজন। যৌথ উদ্যোগ ছাড়া এই সংকট কাটিয়ে ওঠা যাবে না, ঘরে-ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়া যাবে না। বক্রেশ্বরের ক্ষেত্রেও এই কথা আমরা বারবার বলে আসছিলাম। শঙ্করবাবু সেই রাস্তা নিয়েছেন এবং উনি যৌথ উদ্যোগের কথা বলেছেন। সংবাদপত্রে দেখলাম, বিড়লা টেক্‌নিক্যাল সার্ভিস-এর সঙ্গে যৌথ উদ্যোগে গৌরীপুর পাওয়ার থারমাল চালু করার কথা বলা হয়েছে। ৬০.৫ মেগাওয়াট-এর দুটি প্ল্যান্ট চালু করার কথা চুক্তি হয়েছে। আমাদের আশঙ্কা, এই চুক্তি যেন চুক্তিতেই না থেকে যায়, বাস্তবে যাতে রূপায়িত হয়। সেইজন্য আমি আবেদন করব, যে চুক্তির কথা বিধানসভায় ঘোষণা করলেন এবং সংবাদপত্রে দেখলাম, সেটা যেন সত্যিকারের বাস্তবে রূপায়িত করার মধ্য দিয়ে পশ্চিমবাংলায় একটা সুস্থ নজীর সৃষ্টি করুন। যাতে করে মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে পারা যায়। কিছু কিছু খবর বেরুচ্ছে, বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে শর্ত হচ্ছে, নৈহাটি ও ব্যারাকপুরের মানুষকে এবং ঐসব শিল্পাঞ্চল এলাকাগুলিকে বঞ্চিত করে বিড়লা টেকনিক্যাল সার্ভিস নিজেদের স্বার্থে বিদ্যুৎ বাইরে নিয়ে যাবার কথা রয়েছে। আমি এর প্রতিবাদ জানাচ্ছি। আপনারা কি কি শর্ত নিয়েছেন সেগুলি প্রকাশ করুন। আমি জানতে চাইছি, কি কি শর্তে গৌরীপুর থার্মাল পাওয়ার স্টেশন চালু করা হচ্ছে এই সভাতে তা ঘোষণা করুন। এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে যাতে কাজটি সম্পূর্ণ হয় তারজন্য একটি তদারকি কমিটি গঠন করুন। পশ্চিমবাংলায় প্রথম যৌথ উদ্যোগে সফলভাবে বিদ্যুৎকেন্দ্র চালু হবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট্‌-মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-15 — 4-25 p.m.]

**শ্রী শিশির সরকার :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেস ও এস. ইউ. সি. যে কাট মোশনগুলি এনেছেন আমি তার বিরোধিতা করছি। যদিও কংগ্রেস দল তাদের বক্তৃতার মধ্য দিয়ে স্বীকার করে নিয়েছেন যে, পশ্চিমবঙ্গে বিদ্যুতের ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে এবং মাননীয় সদস্য সুব্রত

মুখার্জি তার কাট মোশনের মধ্যে বলেছেন যে, পশ্চিমবঙ্গে বিদ্যুতের উৎপাদন অতিরিক্ত হচ্ছে, তা সত্ত্বেও কংগ্রেসে এবং এস. ইউ. সি. তাদের নিয়ম-পদ্ধতি মতো এই বাজেটের বিরোধিতা করেছেন। তবে আমরা লক্ষ্য করছি, বর্তমানে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন আগের তুলনায় অনেক বেড়েছে এবং তার ফলে বর্তমানে রাজ্যে বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে। এক্ষেত্রে ভারতবর্ষের অবস্থা কি সেটা দেখবার দরকার আছে। দেখা যাচ্ছে, বর্তমানে ভারতবর্ষে বিদ্যুতের ঘাটতির পরিমাণ ১১,০০০ মেগাওয়াট। অষ্টম পরিকল্পনাকালে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল ৪৮,০০০ মেগাওয়াট, কিন্তু পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার দেখলেন যে, এই বিদ্যুৎ উৎপাদন করতে গেলে যে পরিমাণ অর্থের প্রয়োজন সেই অর্থ তাদের কাছে পর্যাপ্ত না থাকবার ফলে দ্বিতীয়বার সংশোধন করে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করলেন ৩৫,০০০ মেগাওয়াট। কিন্তু সেটাও পরবর্তীকালে পরিবর্তন করে ৩০,০০০ মেগাওয়াট করলেন। সেটাও করতে পারবেন না দেখে সর্বশেষে সংশোধন করে লক্ষ্যমাত্রা স্থির করলেন ২৬,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবেন অষ্টম পরিকল্পনা কালে। এই বিদ্যুৎ উৎপাদন করতে গিয়ে যে অর্থের প্রয়োজন সেই অর্থেরও তারা সংকুলান করতে পারবেন না, তাই ৮,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবার জন্য বিদেশের দ্বারস্থ হয়েছেন। কিন্তু বিদেশি সংস্থাগুলি এক্ষেত্রে কতগুলো শর্ত আরোপ করেছেন এবং সেই শর্তগুলি না মেনে নিলে তাদের পক্ষে অষ্টম পরিকল্পনায় বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রাও পৌঁছানো সম্ভব হবে না। বিদেশি সংস্থাগুলি মূলত তিনটি বিষয়ে শর্ত আরোপ করেছে। প্রথম শর্ত হল, Letter of credit দিতে হবে ; দ্বিতীয় শর্ত হল, কয়লার মান যদি ঠিক না থাকে তাহলে তারজন্য তাদের ড্যামারেজ দিতে হবে এবং তৃতীয় শর্ত হল, Rail যদি সময়মতো দিতে না পারেন তাহলে Damarage দিতে হবে। এই তিনটি শর্ত মেনে নিলে বিদেশি সংস্থা বিদ্যুৎ উৎপাদন করবে। তারজন্য অষ্টম পরিকল্পনায় কতটা বিদ্যুৎ উৎপাদন করবেন সেটা ঠিক করতে পারছেন না। সেই জায়গাটায় দাঁড়িয়ে আজকে পশ্চিমবঙ্গের সাফল্যটা বড় আকারে দেখতে হবে। আজকে কংগ্রেস যতই চীৎকার করুক, বর্তমানে এখানে বিদ্যুৎ উৎপাদন একটা জায়গায় পৌঁচেছে। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সাফল্য এসেছে ঠিক কথা, কিন্তু এই সাফল্য ধরে রাখতে গেলে আগামী দিনের পরিকল্পনাগুলি যদি সঠিকভাবে রূপায়িত না করতে পারি তাহলে এই সাফল্য ধরে রাখা যাবে না। কারণ ব্যাণ্ডেলের চারটি ইউনিটের বয়স আজকে ২৮ বছর অতিক্রম করে গেছে। কাজেই হাতের সামনে যেসব ইউনিটগুলি রয়েছে সেগুলোর কাজ যদি দ্রুততার সঙ্গে শেষ করতে না পারি তাহলে আগামী দিনে এক্ষেত্রে আবার সঙ্কট নেমে আসবে। তাই যেসব বিদ্যুৎ ইউনিটগুলি রয়েছে সেগুলোর দিকে বিশেষ লক্ষ্য দিতে হবে। আমরা দেখছি পিক আওয়ারে পশ্চিমবঙ্গের কিছু কিছু জায়গায় বিদ্যুতের ঘাটতি থাকে। আমরা আরও লক্ষ্য করেছি, পিক আওয়ারে আমাদের বিদ্যুতের প্রয়োজন হয় ১৮০৫ মেগাওয়াট, কিন্তু সেই সময় দেখা গেছে জলবিদ্যুৎ এবং তাপবিদ্যুতের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ঠিক ঠিক না থাকবার ফলে এবং জলবিদ্যুৎ অত্যন্ত কম উৎপন্ন হবার ফলে অনেক সময় পিক আওয়ারে কিছু কিছু জায়গায় বিদ্যুতের ঘাটতি থেকে যায়।

যদিও রাত্রিবেলায় বিদ্যুত ঘাটতি থাকে না, কিন্তু যন্ত্রপাতিকে তার নিয়ম বহির্ভূতভাবে উৎপাদন কমিয়ে আনতে হয়। তার ফলে যন্ত্রপাতির ক্ষতি হয়। এছাড়া যে বিষয়টার প্রতি

আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে, পশ্চিমবাংলায় বিদ্যুৎ শিল্পের জন্য যে কয়লা দরকার হয়, বিদ্যুৎ উৎপাদনের জন্য যে কয়লা প্রয়োজন, সেই কয়লা আমরা পাই না এবং যে কয়লা পাই তাতে ছাইয়ের পরিমাণ প্রায় ৪৫ শতাংশ থাকে। এই ৪৫ শতাংশ ছাইকে আমাদের বাইরে থেকে বয়ে আনতে হয় এবং যে শর্ত ছিল কয়লা শিল্পের সঙ্গে সেগুলি তারা মানছেন না। তার ফলে বিদ্যুৎ উৎপাদনে যে পি. এল. এফ, তাকে রক্ষা করা সম্ভব হচ্ছে না। আমরা জানি যে প্রতি বছর বর্ষাকালে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে যে পরিমাণ কয়লার স্টক থাকা দরকার সেই পরিমাণ স্টক থাকে না। কোলাঘাট হচ্ছে পশ্চিমবঙ্গের প্রাণকেন্দ্র এবং তাতে যে কয়লার স্টক আছে তা দিয়ে ৩।৪ দিন মাত্র বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে। তার বাইরে কোনও কারণে যদি কয়লা বন্ধ হয়ে যায় তাহলে কোলাঘাট কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন বন্ধ হয়ে যাবে। আমরা শুনে থাকি যে বিভিন্ন সময়ে বিভিন্ন পর্যায়ে অফিসাররা উচ্চপর্যায়ে বৈঠক করছেন। কিন্তু তা সত্ত্বেও দেখা গেছে যে এই অবস্থার পরিবর্তন ঘটেনি। এখনও কয়লার মান অত্যন্ত খারাপ, কয়লার সঙ্গে পাথরের কুচি, লোহার টুকরো ইত্যাদি পাওয়া যাচ্ছে এবং উন্নতি থেকে অবনতি আরো বেশি হবে। সেই বিষয়ে সতর্ক হওয়ার জন্য আমি আবেদন করছি। এবারে বিদ্যুতের চাহিদা সম্পর্কে কিছু বলতে চাই। ১৯৭৬ সালে যেখানে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ছিল ৫২৬ মেগাওয়াট, সেখানে ১৯৯১ সালে চাহিদা বেড়ে হয়েছে ১ হাজার ৪৯৮ মেগাওয়াট। অর্থাৎ ১৪ বছরে বিদ্যুতের চাহিদা বেড়ে হয়েছে ৯৭২ মেগাওয়াট। কাজেই পশ্চিমবাংলার মানুষের মধ্যে প্রত্যয় সৃষ্টি হয়েছে যেহেতু বিদ্যুতের উৎপাদন এখানে ভাল হয়েছে, উদ্বৃত্ত হয়েছে এবং কৃষির ক্ষেত্রে মানুষের বিদ্যুৎ পাবার চাহিদা বাড়ছে। সে জন্য আমার আবেদন যাতে কৃষির জন্য আলাদা ফীডার তৈরি করা যায় এবং রাত্রিবেলায় যে অতিরিক্ত বিদ্যুৎ তৈরি হচ্ছে সেই অতিরিক্ত বিদ্যুৎ ফিডারের মাধ্যমে কৃষির ক্ষেত্রে যাতে সরবরাহ করা যায় সেই অনুরোধ করছি। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিদ্যুৎ মন্ত্রী তার বিদ্যুৎ হেডে ৯৮০ কোটি টাকার ব্যয়-বরাদ্দের দাবি করেছেন এবং সেই দাবি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমি প্রথমে আমাদের আনা কাট্ মোশনগুলিকে সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অনেক অনেক বক্তব্য রেখেছেন, শঙ্করবাবুকে সার্টিফিকেট দিয়েছে যে তিনি পণ্ডিত লোক, আবার কেউ কেউ গোবরে পদ্মফুলও বলেছেন। আমি একথা বলতে চাই যে, তিনি নিঃসন্দেহে পণ্ডিত লোক। কিন্তু কথা হচ্ছে যারা রাজনীতিকে প্রফেশন হিসাবে নিয়েছে তারা অনেক মিথ্যা কথা বলেন। কিন্তু আপনার প্রফেশন তো রাজনীতি নয়। সেই সূত্রে আপনি সত্য কথা বলবেন বলে আশা করেছিলাম। কিন্তু আপনি অসত্য কথা বলে দাবি করেছেন যে বিদ্যুতের উন্নতি হয়েছে। বিদ্যুতের উন্নতি যেটা হয়েছে সেটা হচ্ছে আণ্ডার সি. ই. এস.-সিতে। কলকাতার ক্ষেত্রে এটা দাবি করতে পারেন। কারণ তারা এটা চালিয়েছে। কিন্তু আপনি বলছেন যে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছেন, পশ্চিমবাংলার বিদ্যুৎ উদ্বৃত্ত বলে আমরা বাইরে বিদ্যুৎ পাঠাচ্ছি। ভাল কথা।

[4-25 — 4-35 p.m.]

আপনারা কেউ কেউ বললেন কংগ্রেস নাকি গ্রামে বিদ্যুৎ খুঁটি পুতে দিয়ে চলে গেছে, তাতে দড়ি লাগিয়ে দিয়েছেন। পরিসংখ্যান দিয়ে বলেছেন ১৯৭২-৭৭ সালে গ্রামীণ বৈদ্যুতিকরণ কত করেছে। মানুষ বোকা নাকি, আপনারা মানুষকে বোকা বানাচ্ছেন? আপনারা ১৫ বছরে কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণ করেছেন তার তদন্ত করুন। আমরা তদন্ত করব না, অ্যাসেম্বলির সাবজেক্ট কমিটিকে দিয়ে তদন্ত করান। তাহলে আপনি দেখবেন ভুয়া পরিসংখ্যান দিয়ে ভরিয়ে দিয়েছেন। আপনি ডিমান্ড করছেন গ্রামীণ বৈদ্যুতিকরণ করেছেন। গ্রামে যে বিদ্যুৎ দেন, সেখানে ভোল্টেজের যে অবস্থা, আমি দায়িত্ব নিয়ে বলছি আলো যেভাবে জ্বলে তাতে ছেলেদের চোখ খারাপ হয়ে যাবে, হারিকেন দিয়ে পড়া তার থেকে অনেক ভালো। আর একটা ইমপর্টেন্ট বিষয় হল, কেন্দ্রীয় সরকার শিল্পনীতি করল, পশ্চিমবাংলা তারজন্য বন্‌ধ হল, এখানে মিটিং মিছিল হল, রাজ্যের মানুষকে ভুল বুঝিয়ে বহুজাতিক সংস্থাকে ভারতবর্ষে প্রবেশ নিষেধ করার কথা বললেন। এখন কি হচ্ছে? বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প রূপায়িত করতে জাপানের ও.ই.সি.এফকে নিয়ে আসছেন। আপনারা একদিকে পশ্চিমবাংলার মানুষকে ভুল বোঝাচ্ছেন এবং বলছেন যে বহুজাতিক সংস্থাকে ভারতবর্ষে আসতে দেব না অন্যদিকে বক্রেশ্বর প্রকল্প রূপায়িত করতে জাপানি সংস্থা ও.ই.সি.এফকে আনছেন। সি. ই. এস. সি.-তে আমি যতদূর জানি ১৪ হাজার স্টাফ, সঠিকভাবে বিল কালেকশন করা হয়, মিটার রিডিং নেওয়া হয়। ওদের মেন্টেনেন্স এবং ভোল্টেজ ফ্রিকোয়েন্সি বেটার ওটা একটা প্রাইভেট ম্যানেজমেন্ট। ডব্লু. বি. এস. ই. বি-র স্টাফ ৩৫ হাজার, সি. ই. এস. সি.-র আড়াই গুণ। মিটার রিডিং এদের ক্ষেত্রে নেওয়া হয় না ভোল্টেজ অত্যন্ত কম। তারপর বিদ্যুৎ চুরি হচ্ছে। বিদ্যুৎ চুরি হচ্ছে এটা ধরার দায়িত্ব কার? গ্রাম পঞ্চায়েত চুরি ধরবে। পঞ্চায়েত আজকে মিটার রিডিং নেবে। বাংলায় একটা প্রবাদ আছে, বাড়িতে দুধ আছে, দুধ চুরি হচ্ছে। কে চুরি করছে? না, বেড়াল। সেই চুরি ধরার জন্য হলো বেড়ালকে দায়িত্ব দেওয়া হল, সে দুধ পাহারা দিচ্ছে। গ্রাম পঞ্চায়েত চুরি ধরবে এবং মিটার রিডিং নেবে। পঞ্চায়েত চোর ধরবে না। পঞ্চায়েত চোর ধরলে তো পঞ্চায়েত ভোট কমে যাবে। আমি গত বারের বাজেটে বলেছিলাম এবং এবারেও বলছি যে, যে সাব-স্টেশানগুলি আছে, যেখান থেকে বিদ্যুৎ যায় এক-একটা অঞ্চলে সেখানে যদি একটা মিটার বসাতে পারেন তাহলে দেখা যাবে কত বিদ্যুৎ যাচ্ছে। অর্থাৎ মেন মিটার থেকে দেখা যাবে কত বিদ্যুৎ যাবে কত বিদ্যুৎ সেখানকার জন্য খরচ হচ্ছে। তারপর সেই এলাকা থেকে কত বিল কালেকশান হচ্ছে সেটা দেখে বোঝা যাবে বিদ্যুৎ চুরি হচ্ছে কিনা এবং কত চুরি হচ্ছে। তাহলে চুরি ধরা পড়বে। আপনার বক্তব্যে আপনি সঠিকভাবেই বলেছেন যে হুকিং-ট্যাপিং হচ্ছে। মানুষ নিজের বিবেক থেকে যতক্ষণ না বুঝতে পারছে যে এটা ঠিক হচ্ছে না ততক্ষণ এটা বন্ধ করা সম্ভব নয়। চুরি ধরবে কি করে? এস. ই. বি.-র লোক দেখছে যে চুরি হচ্ছে, তারপর পুলিশ আসবে, তারপর ধরবে। ততক্ষণে যে হুক খুলে নিচ্ছে। মানুষের মধ্যে যদি বিবেক বোধ জাগ্রত না করা যায় হাজার চেষ্টা করলেও চুরি বন্ধ করা যাবে না। আমরা গ্রামের দিকে ডিফেন্স পার্টি করি চোর ধরার জন্য। আপনি সেই সিস্টেমে ডিফেন্স পার্টি করুন যারা হুকিং-ট্যাপিং করছে তাদের ধরার জন্য। গ্রামের সমস্ত বাড়ির লোক নিয়ে এই ডিফেন্স পার্টি করুন। তাহলে এস. ই. বি-র দায়িত্ব কমে যাবে, কাজ

কমে যাবে, পঞ্চায়েত সমিতির দায়িত্ব কমে যাবে। আপনি যেটা করছেন তা দিয়ে এই চুরি বন্ধ করতে পারবেন না। কারণ ভোট কমে যাবে। গ্রামের দিকেই এইগুলি যারা করছে আপনি যদি তার প্রতিবাদ করতে যান তাহলে আপনাকে আর ভোট দেবে না।

[4-30 — 4-35 p.m.]

আজকে সরকার চুরিকে স্বীকার করে নিয়ে যে কথা বলেছেন বাজেটে, বিদ্যুত এবং অন্যান্য ক্ষেত্রে অব্যবস্থা নিয়ে যে কথা বলেছেন সমস্তটাই ডেথ্। সেজন্যই বলছি চুরি ধরতে গেলে শুধু কেঁদে লাভ নেই। চুরি ধরতে গেলে প্রপার ব্যবস্থা নিতে হবে। প্রথমত যেটা করতে হবে সেটা হচ্ছে, ওয়ার্ক কালচার আনতে হবে। স্বাস্থ্য বলুন, বিদ্যুত বলুন, সমস্ত জায়গায় পশ্চিমবাংলায় এই ওয়ার্ক কালচার নেই। এটা না থাকার জন্য শুধুমাত্র লোক ক্ষেপিয়ে ভোটের রাজনীতি করব, এইভাবে হবে না। আপনি বয়স্ক মানুষ, আপনি চেষ্টা করুন। পশ্চিমবাংলায় বিরাট প্রবলেম লোডশেডিংয়ের। এখানে বিদ্যুতের চাহিদা আছে, এই চাহিদাকে মোকাবিলা করতে গেলে স্বচ্ছ দৃষ্টিভঙ্গি নিয়ে কারও কথায় প্রভাবিত না হয়ে আপনি নিজস্ব প্রচেষ্টা চললে আমরা আপনাকে অবশ্যই সমর্থন করব। এখানে ভূপেনবাবু একটু আগে বলছিলেন সীমান্ত এলাকায় বিদ্যুৎ একেবারে নেই। আমি আপনাকে একটা প্রশ্ন করেছিলাম। আপনি বলেছিলেন এনকোয়ারি করে দেখবেন। আমি আপনাকে একটা চিঠি দিয়েছিলাম দু'বছর আগে। '৮৯ সালে আমি একটা প্রশ্ন করেছিলাম, আমার বিধানসভা এলাকায় ৩৩ কে.ভি. সাব-স্টেশন করার ব্যাপারে। আপনি বলেছিলেন পৌরসভা জমি দিলে আপনি কাজ শুরু করবেন। পৌরসভা জমি দিল, ডিপার্টমেন্ট থেকে লোক গেল, এনকোয়ারি করল। নদীর পাড়ে স্পট নির্বাচনও হল। কিন্তু কাজ এখনও শুরু হয়নি। বাজেটে সুন্দর সুন্দর কথা লেখা আছে। কাজ যেটা হয়েছে সেটা সি. ই. এস. সি. করেছে, এস. ই. বি. সর্বদিক থেকে ব্যর্থ। আজকে বইতে আপনি যে পরিসংখ্যান দিয়েছেন, লোকদীপ প্রকল্প এবং কুটির জ্যোতি প্রকল্প, সব ব্যর্থ। ৩১।৩।৯৩তে গ্রাহক ছিল ৪৪৪, এখনও সেই ৪৪৪ আছে। লোকদীপ প্রকল্প পৌঁছে দিয়েছিলেন ১৯৯১-৯২ সালে, ৩১।৩।৯৩-তে সেই একই আছে। কুচবিহারে ৭৯১টি ছিল, তিন বছর আগে ওখানে যে অবস্থা ছিল এখনও তাই আছে। আমি তাই এই বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের কাট্ মোশনের সমর্থন করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ শংকরকুমার সেন ১৯৯৩-৯৪ সালের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি ও বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর নিরলস প্রচেষ্টায় যে সাধানায় ব্রতী হয়েছেন তার সুফল আমরা পেতে শুরু করেছি এবং আমরা লোডশেডিংয়ের হাত থেকে প্রায় মুক্ত। বিদ্যুৎ দপ্তরের উন্নতির ফলে শিল্পায়নে, কৃষিতে আমরা সুফল লাভ করছি এবং এই অবস্থার মধ্যে সর্বাধিক গুরুত্ব আমাদের সরকার দিয়েছেন বিদ্যুতে। যে সুফল আমরা কংগ্রেসি আমলে পাইনি, এই কথা সত্য, এখানে বিন্দুমাত্র অস্পষ্টতা নেই। সাতের দশকে গ্রামীণ বৈদ্যুতিকরণের নামে যে প্রহসন চলেছিল তা আমরা বন্ধ করেছি। নন্দীগ্রামের ৩নং ব্লক আমার বিধানসভা কেন্দ্রে। সেখানে

এবং মহিষাদল ১নং ব্লক এই দুটো মিলিয়ে অনেকগুলো মৌজা আছে যেখানে অনেকগুলো খুঁটি পোঁতা আছে যেখানে আলো জ্বলে। পারসেন্টেজ বাড়ানোর জন্য সমস্ত কাজ হয়েছে।

[4-35 — 4-45 p.m.]

যে সমস্ত মৌজাগুলি আমরা বিদ্যুৎ আনতে পারছি না, তার দায়-দায়িত্ব আমাদের উপরেই বর্তাবে এবং এই কুফলগুলিকে আমাদের সংশোধন করতে হবে। আমাদের এলাকার মধ্যে নন্দীগ্রাম তিন নম্বর ব্লকে ১১৪টি মৌজা আছে। তার মধ্যে ১২টি মৌজা কংগ্রেসি আমলে হয়েছিল এবং বাকি ১০২টির মধ্যে ২০টি মৌজা এই বামফ্রন্ট সরকার আসার পর আলোকিত হয়েছে। এখনও বহু কাজ বাকি আছে। আমরা দেখতে পাচ্ছি একটা অবৈজ্ঞানিক প্রসেসের জন্য এই কাজ হয়নি। কোলাঘাট, মেছোগ্রাম, এগরা, ভগবানপুর, তালতলা দিয়ে চণ্ডীপুরে ৩২, ১১ কে.ভি. লাইনটা ঢুকছে। সেখানকার আলোগুলো মোমবাতির মতো অবস্থা। মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে এটা আমি বলেছিলাম, এই কোলাঘাট থেকে লাইনটা নিয়ে গোপালপুর সাব স্টেশন দিয়ে হরিখালির কাছে টাওয়ার করে হলদি নদীকে ক্রশ করাতে হবে এবং সেই কাজ অনেকদিন ধরে আরম্ভ হয়েছে, কিন্তু এখনো শেষ হয়নি। এটাকে শেষ করতে হবে। রে পাড়া সাব স্টেশনটিকে আমাদের ভালো করতে হবে তাহলে আমাদের নন্দীগ্রাম ১, ২ ৩টি ব্লক আলোকিত হবে। আপনাকে আমরা জানিয়েছিলাম আপনি কাজ শুরু করছেন, সেই জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সমস্ত এলাকায় অবিলম্বে যাতে বিদ্যুৎ পৌঁছায় সেইজন্য ব্যবস্থা নেবেন, এই কথা বলে বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণ বাগদী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিসভায় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করছি। কংগ্রেসি বন্ধুরা যে বক্তব্য রেখেছেন তাতে করে তারা নিজেরাই প্রমাণ করেছেন পশ্চিমবাংলায় বিদ্যুতের উন্নতি য়েছে। তারা নিজেরাই বলছে, আমরা যেহেতু বিরোধী দলে আছি সেইজন্য আমরা বিরোধিতা করছি। এই জিনিসগুলি তাদের বক্তব্য থেকে পশ্চিমবাংলার মানুষ শুনছে এবং জানছে। তার ফলের ব্যাপারটা তারা বুঝতে পারছে না এবং সেই ফলটা তারা এখনও ভোগ করছে। ১৯৭২ সালে যখন সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে কংগ্রেসি সরকার পশ্চিমবাংলায় চলছিল, তখন পাওয়ার প্লান্টগুলো দীর্ঘদিনের পুরোনো ছিল এবং টাকা পাওয়া সত্ত্বেও সেগুলো প্লান্টের কাজে লাগানো হয়নি, মেরামত করা হয়নি। পাওয়ারের জন্য যে টাকা পেয়েছিলেন সেই টাকা অন্য খাতে খরচ করা হয়েছে এবং দুর্নীতি করেছে। তারা সেই টাকাকে তছনছ করেছে। এই করে তারা পশ্চিমবাংলায় বিদ্যুৎ ঘাটতিটাকে নিয়ে এসেছিলেন এবং ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার আসে তখন তাদের এই বিদ্যুতের ব্যাপারে নাজেহাল হতে হয়েছে। সেটাকে ঠিক করার জন্য আপ্রাণ চেষ্টা করতে হয়েছে। তারা যাবার সময় বিদ্যুৎ কেন্দ্রগুলিতে তাদের লোক ভর্তি করে গিয়েছিল, তাদের স্যাবোটেজের ফলে লোডশেডিং বেড়ে গিয়েছিল।

এর পর আমি কয়লার প্রসঙ্গে আসছি। পাওয়ার প্ল্যান্টগুলিতে যে কয়লা সরবরাহ করা হ'ত তা যে শুধু নিম্নমানের তাই নয়, সেখানে কালো রং দিয়ে কাদামাটি মেশানো বড়

বড় কয়লার সঙ্গে মিশিয়ে কয়লা বলে সরবরাহ করার ফলে সেই কয়লা যখন ব্যবহার করা হত তাতে পাওয়ার প্ল্যান্টের মেশিন নষ্ট হয়ে যেত, খারাপ হয়ে যেত এবং এমন কি সেগুলি ভেঙে পর্যন্ত যেত। এইভাবে কংগ্রেস সরকার বিদ্যুতের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি করেছিলেন এবং বিদ্যুতের ঘাটতি তৈরি করেছিলেন। আমাদের সময় চিত্রটি একেবারে পাল্টে গিয়েছে। আমাদের সময় পাওয়ার প্ল্যান্টগুলিতে পাওয়ার উৎপাদন বাড়ছে এবং বিদ্যুত উদ্বৃত্ত হচ্ছে। ওরা বলছেন যে এখনও লোডশেডিং হচ্ছে কিন্তু লোডশেডিং এখন নেই বরং পাওয়ার উদ্বৃত্ত হচ্ছে। বাজেট বক্তৃতাতেও মাননীয় মন্ত্রী মহাশয় সেকথাই বলেছেন। স্যার, বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রে যে বিদ্যুৎ উৎপাদন হচ্ছে এবং তার থেকে বিদ্যুৎ যা উদ্বৃত্ত হচ্ছে সেটা বিক্রি করে কি আয় হয়েছে সে সম্পর্কে আমি একটা পরিসংখ্যান দিতে চাই। অক্টোবর, ৯২ সালে ১০.৩৬ লক্ষ টাকার বিদ্যুৎ বিক্রয় হয়েছে। নভেম্বর '৯২-তে ৪৭.২৮ লক্ষ টাকার বিদ্যুৎ বিক্রয় হয়েছে। ডিসেম্বরে ৪৯.৬৭ লক্ষ টাকার এবং জানুয়ারিতে ৯৫.৮৭ লক্ষ টাকার বিদ্যুৎ বিক্রয় হয়েছে। কাজেই স্যার, যেটা বলেছেন সেটা সত্য কথা নয়। সত্যটাকে ঢাকতে গিয়ে ওরা অনেক অসত্য কথা বলেছেন। এবারে আমি কয়েকটি বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল এবং দুর্গাপুরে কয়েকটি পাওয়ার প্ল্যান্ট আছে। দিশেরগড় ভি. পি. এল. ডি. ভি. সি. এবং এস. পি.। এই ৪টি সংস্থার মধ্যে কোনও কো-অর্ডিনেশন নেই যার ফলে গ্রামাঞ্চলে কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। স্যার, আপনি জানেন, আসানসোল এবং দুর্গাপুর মহকুমাতে যে কয়লাশিল্প আছে সেখানে যা অবস্থা তাতে দেখা যাচ্ছে যে সেখানে ধ্বস নামছে, আগুন জ্বলছে ইত্যাদি। সেখানে ইলেকট্রিক স্টেট যেগুলি আছে সেগুলি বিপদাপন্ন অবস্থায় দাঁড়িয়ে আছে। এ দিকে যদি লক্ষ্য রাখা না হয় তাহলে যে কোনও সময় মহাবিপদ ঘটতে পারে এবং অনেক মানুষের জীবনহানির কারণ ঘটতে পারে। গ্রামের উপর দিয়ে যে তার গিয়েছে এবং যে সমস্ত পোষ্ট আছে সেগুলি পড়ে গেলে মানুষ মারা যেতে পারে। এই ৪টি সংস্থার মধ্যে কো-অর্ডিনেশন করতে পারলে গ্রামের প্রভুত উন্নতি হতে পারে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদলের কাট্ মোশনগুলির বিরোধিতা করে শেষ করছি।

[4-45 — 4-55 p.m.]

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর বাজেট বরাদ্দের আমি বিরোধিতা করছি। আমাদের কাট্ মোশন সমর্থন করছি। আমি একটা কথা অত্যন্ত অকপটে স্বীকার করতে চাই যে, যদি বামফ্রন্ট সরকারের ১৬ বছরের মধ্যে কোনও সাকসেস স্টোরি থেকে থাকে, কোনও সাফল্যের কাহিনী থেকে থাকে তাহলে তা ডাঃ শংকর সেনের কাহিনী। নিঃসন্দেহে উনি পশ্চিমবাংলায় পাওয়ার জেনারেশনের ক্ষেত্রে একটা নতুন পরিবর্তন এনেছেন। এবারের গরমকালই প্রথম গরমকাল, যে গরমকালে মানুষকে গরমে দগ্ধ হ'তে হয়নি, আলোর অভাবে মানুষকে অন্ধকারে থাকতে হয়নি। আমি এ কথা যখন ডাঃ শংকর সেন সম্পর্কে বলছি তখন এটা বুঝতে হবে উনি যে সাফল্য পেয়েছেন তার একটা কারণ উনি পাওয়ার জেনারেশন সমস্যাকে ম্যানেজিরিয়াল এবং টেকনিক্যাল পয়েন্ট অফ্ ভিউ থেকে দেখেছেন, পলিটিক্যাল পয়েন্ট অফ্ ভিউ থেকে নয়। তার মানে, শংকর সেনের প্রশংসা করা মানে পাঁচ বছর জ্যোতিবাবু পাওয়ার মিনিস্টার ছিলেন, তাঁর সমালোচনা করা এবং ৯ বছর প্রবীর সেনগুপ্ত পাওয়ার

মিনিস্টার ছিলেন, তাঁরও সমালোচনা করা। একই লোক, একই বিদ্যুৎ কেন্দ্র নিয়ে ওরা বেশি জেনারেশন করতে পারেন নি, কিন্তু শংকর সেন করতে পেরেছেন এবং এটা নিশ্চয়ই সাকসেস স্টোরি। আমি এখানে একটা স্টোরি দেখছি, 'অবজারভার অফ্ বিজনেস অ্যান্ড পলিটিক্স'—তাতে লিখছে যে, ওয়েস্ট বেঙ্গল'স সাকসেস স্টোরি ইন্ পাওয়ার জেনারেশন—সেখানে দেখছি না, কোলাঘাটে ৭০০ থেকে ৭৫০ মেগাওয়াট, সাঁওতালদি, যেটাকে আমাদের বোঝা বলে মনে হয়েছিল, সেটাতে ১৮০ থেকে ২০০ মেগাওয়াট, ব্যাণ্ডেলে একটা ২১০ মেগাওয়াটের ইউনিট অনেক দিন থেকে বন্ধ ছিল সেটা চালু হয়েছে এবং পুরোপুরি পাওয়ার দিচ্ছে। শংকরবাবু এখানে বলছেন, উনি উড়িষ্যা স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডকে রাত্রিবেলা পাওয়ার দিয়েছিলেন ১০০ মেগাওয়াট করে। তারপরে ওরা টাকা-পয়সা দেয়নি। উনি পাওয়ার দেওয়া বন্ধ করে দিয়েছেন। পশ্চিমবঙ্গ স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড ২০০ থেকে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ দিচ্ছে সি. ই. এস. সি.-কে গত কিছুদিন যাবৎ। এটা নিঃসন্দেহে সাফল্যের নিদর্শন। বিশেষ করে সাঁওতালদির মূল ইউনিট এবং ডি. পি. এল.-এর মূল ইউনিটে যে জেনারেশনের জোয়ার এনেছেন ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার শংকরবাবু, তার জন্য ওঁকে সাধুবাদ জানাচ্ছি।

এরপর আমি খারাপ স্টোরি বলি এই সাকসেস-এর। শংকরবাবু বিদ্যুৎ দিচ্ছেন কলকাতায়, আমাদের লোডশেডিং হচ্ছে না। কলকাতায় লোডশেডিং হচ্ছে না, এটা আনন্দের ব্যাপার এবং এরজন্য আমি শংকরবাবুর অকপটে প্রশংসা করলাম। কিন্তু কি অবস্থা? In a situation which is where the demand is suppressed. শংকরবাবু, আপনি কি এখন পাওয়ার রেগুলেশন তুলে নিয়েছেন? আপনার হাই টেনশন ইউনিটগুলোর ইণ্ডাস্ট্রির ক্ষেত্রে যে পাওয়ার রেস্ট্রিকশন আছে সন্ধ্যা ৬-টা থেকে রাত ১০টা পর্যন্ত সেই পাওয়ার রেস্ট্রিকশন কি তুলে নিয়েছেন? না। আপনার Success in the context of suppressed demand. আপনি কি তাদের নর্মাল ডিমাণ্ড ইউজ করতে দিচ্ছেন? তাহলে তাদের এই সময় কি করতে হয়, ইণ্ডাস্ট্রিকে? তাদের ডিজেল জেনারেটর বিগার কস্টে চালাতে হয়। এই অবস্থাটাকে আপনি নর্মালাইজ করতে পারেন নি। সেই কনফিডেন্স আপনার নেই জেনারেশনের ব্যাপারে যাতে আপনি সমস্ত পাওয়ার রেস্ট্রিকশন তুলে নিতে পারেন। হোয়াট ডাজ্ ইট্ মিন্? দু'বছর আগে পাওয়ারের অভাব ছিল। আজকে আপনি বলছেন, 'বিহারকে সাপ্লাই করবেন, উড়িষ্যাকে সাপ্লাই করছি, আসামকে সাপ্লাই করব' ভেরি গুড। শংকর-বাবুর পাওয়ার জেনারেশনের সাকসেস স্টোরির মানে কি? পশ্চিমবাংলায় পাওয়ারের ডিমাণ্ড নেই। পশ্চিমবাংলায় বামফ্রন্টের ১৬ বছরের ইণ্ডাস্ট্রি মরে গেছে।

পাওয়ার নেবে কে? বাড়ির লোক কত পাওয়ার নেবে? পাওয়ার নেবে হাই টেনশন কনজিউমারসরা এবং সেখানে শঙ্করবাবু একটু জেনারেশন ইমপ্রুভ করলেন আর পাওয়ার ডিমান্ড থাকলেও পাওয়ার উড়িষ্যা, আসামে পাঠিয়ে দিতে হল। বিদ্যুৎ ব্যবহার করার লোক নেই। তার মানে কি? ইণ্ডাস্ট্রিজ পশ্চিমবাংলায় খুব খারাপ অবস্থায় পৌঁছে গেছে। শঙ্করবাবুর সাক্সেস স্টোরির পাশাপাশি এও একটা করুণ চিত্র পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের আমলে রয়েছে। তাই ওঁর সাকসেসটা বামফ্রন্টের গ্লোরিং ফেলিয়োরকে আরো বড় করে দেখাচ্ছে। পশ্চিমবাংলার কি এমন অবস্থা যে পাওয়ার সারপ্লাস হবে? প্ল্যানিং এমন হবে—পাওয়ার জেনারেশনের সাথে সাথে, ইমপ্রুভমেন্টের সাথে সাথে পাওয়ার ডিমাণ্ড বাড়বে। যদি পাওয়ার

ডিমাণ্ড না বাড়ে, তাহলে কোথায় ইণ্ডাস্ট্রিয়াল অ্যাডভান্সমেন্ট, কোথায় সভ্যতার অগ্রগতি? এখানেই একটা মৌলিক ব্যাপার যেটা আমরা বুঝতে পারি। জাতীয় কর্তব্য তো আছেই। দ্বিতীয়ত শঙ্করবাবু নিজে বলেছেন—উনি খুব সোবার, ভদ্র একজন মানুষ—উনি বলেছেন কমপ্লেসমেন্ট হবার সুযোগ নেই, সত্যিই সুযোগ নেই। দ্বিতীয় পয়েন্টে যাচ্ছি, শঙ্করবাবুর যেটা মেইন ইউনিট—ওয়েস্টবেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের অবস্থা যেটা শঙ্করবাবু নিজে স্বীকার করেছেন এবং বারও হয়েছে, এস. ই. বিতে শঙ্করবাবু এত কিছু করার পরেও—ইকনমিক রিভিউতে বেরিয়েছে যে, পাবলিক সেক্টার আণ্ডারটেকিংগুলিতে কিরকম পারফরমেন্স— তাতে দেখা যাচ্ছে, এস. ই. বিতে ১৯৯১-৯২ সালে লোকসান কত? শঙ্করবাবুর সাকসেস স্টোরি ৯২ কোটি ২২ লক্ষ টাকা। আর এস. ই. বিতে অ্যাকুমুলেটেড লোকসান কত? ৫৩১ কোটি ৩১ লক্ষ টাকা। সাক্সেস স্টোরির এই সাইডটা দেখতে হবে। কলকাতায় এয়ার-কনডিশন আজ চলছে তাতে পুরো সাকসেস যে হল তা নয়, সিরিয়াস ড্রেণ্ড অন দি পাবলিক এক্সচেকার। এই পাওয়ার দিয়ে সি. ই. এস. সি টাকা করছে আর এই পাওয়ার দিয়ে আপনাদের ৯২ কোটি টাকা লোকসান হচ্ছে। আচ্ছা, এবার একটু অল্ ইণ্ডিয়া কনটেক্সটে যাই। শঙ্করবাবু বলেছেন পি. এল. এফে ইমপ্রুভ করেছেন। উনি রেসিডুয়্যাল লাইফ অ্যাসেসমেন্ট করেছেন, পি. এল. এফ বাড়াবার যে চেষ্টা করছেন, কিন্তু কোথায় আছি আমরা? উই মাস্ট ফাইণ্ড-আউট। ৪ রকম ক্যাটেগরিতে ভাগ করা হয়েছে ইকনমিক সার্ভেতে, সেন্ট্রাল গভর্নমেন্ট যেটা বার করেছেন তাতে ৪ রকমের ক্যাটেগরি আছে। যেমন, পি. এল. এফ অ্যাবভ ৫০ পারসেন্ট, পি. এল. এফ ৪০ টু ৫০ পারসেন্ট আর পি. এল. এফ বিলো ৪০ পারসেন্ট। পি. এল. এফ অ্যাবভ ৫০ পারসেন্টে কে কে আছে? আমি এস. ই. বি-র কথা বলছি—রাজস্থান, রাজস্থান কত? ৫৭ পারসেন্ট। মহারাষ্ট্র, অন্ধ্র, গুজরাট, পাঞ্জাব, দিল্লি এবং তামিলনাড়ু অ্যাবভ ৫০ পারসেন্ট। ৪০ টু ৫০ পারসেন্ট কারা আছে? মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, হরিয়ানা, কর্ণাটক। আর বিলো ৪০ পারসেন্ট কারা আছে? ডব্লু বি. এস. ই. বি, উড়িষ্যা, আসাম, দুর্গাপুর প্রোজেক্টস আর বিহার। তারমানে আমাদের গরিব ইস্টার্ণ রিজিয়ানের ৪টি স্টেট। তারমধ্যে ২টি ইউনিটই হচ্ছে শঙ্করবাবুর। ডব্লু. বি. এস. ই. বির পি. এল. এফ. কত? ৩০.৯০। এবং সেটা অ্যাকচুয়ালি গিয়ে দাঁড়াচ্ছে এপ্রিল-ডিসেম্বর ১৯৯২-তে ২৮.৭০। দুর্গাপুর প্রোজেক্টে কত ইমপ্রুভ করেছেন শঙ্করবাবু? —৯১-৯২ সালে অ্যাকচুয়াল ছিল ২৪.৫, সেটা একটু বেড়ে ২৫.৩ তে গিয়ে পৌঁছেছে। না, তাহলেও কোনও কমপ্লেমেন্সির সুযোগ নেই। হ্যাঁ, শঙ্করবাবু বলেছেন আমাদের কোলাঘাট ভাল চলছে। হ্যাঁ, আমিও স্বীকার করছি কোলাঘাট ভাল চলছে। ওয়েস্টবেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন ওরা ৫৭.৩ পারসেন্ট অ্যাচিভ করেছেন। এপ্রিল-ডিসেম্বর, ১৯৯২-তে ৫৮ পারসেন্ট অ্যাচিভ করেছেন। আচ্ছা, কোলাঘাট তো নতুন ইউনিট, আমি কার সাথে কমপেয়ার করব? এন. টি. পি. সির সাথে করি, এন. টি. পি. সির ৬৫.২ পারসেন্ট ইনক্লুডিং ফরাক্কা, অনেকগুলি সিক্ ইউনিট নিয়ে। আর আপনাদের কোলাঘাট ৫৮ পারসেন্টে দাঁড়িয়ে আছে। আচ্ছা, আমি আবার বলি, নেইভেলি লিগ্নাইট কর্পোরেশন ৫৪ পারসেন্ট। সারা দেশে প্রাইভেট ইউটিলিটির ৬০ পারসেন্ট। সুতরাং পি. এল. এফে আমরা কনসিডারেব্লি পিছিয়ে আছি। এবার শঙ্করবাবুর নিজের বাজেট স্পিচ্ থেকেই দেখা যাক কোথায় সাক্সেস স্টোরির খাদ আছে, যেটা প্রথম প্রবীর সেনগুপ্ত মহাশয় বলতেন, প্রবলেম আছে। সেই প্রবলেমটা কি? একটা প্রবলেম হচ্ছে, ট্রান্সমিশন ফ্রিকোয়েন্সির প্রবলেম এবং বলা হত বরাবর

[21st June, 1993]

যে আমাদের হাইডাল এবং থারমালের মিক্সডটা প্রপার নেই বলে আমাদের ফ্রিকোয়েন্সির ভেরিয়েশনের ফ্লাকচুয়েশনের প্রবলেম হয় বিশেষ করে রাতের দিকে।

[4-55 — 5-05 p.m.]

সেখানে শঙ্করবাবু কি বলেছেন? "The progress of the two on-going hydal projects viz. Ramman Stage II and Teesta Canal Falls is below expection mainly due to financial constraints" তাহলে আপনাদের যে ফ্রিকোয়েন্সি প্রবলেম ইমপ্রুভ করবার স্কোপ ছিল রাম্মার এবং তিস্তা ক্যানেল ফল থেকে সেখানেও অসীম দাশগুপ্ত টাকা দেননি, সেজন্য নিজেরা স্টেট হাইডাল প্রোজেক্টে ফ্রিকোয়েন্সি প্রবলেম সলভ করবেন তার কোনও ক্লিয়ার-কাট প্রগ্রামও আপনাদের নেই। এটা হচ্ছে সাক্সেস স্টোরির আর একটি পয়েন্ট। আর একটি পয়েন্টের কথা বলি বক্রেশ্বরের ব্যাপারে। এই নিয়ে অনেক আলোচনা সমালোচনা করেছি, বলেছি রক্ত দিয়ে বক্রেশ্বর গড়া যায় না, এমন কি সমাজতান্ত্রিক ঋণ দিয়েও ওটা গড়া যাবে না। আজকে সোভিয়েত দেশটাই উঠে গেছে এবং চিনের কাছে আপনারা যাবেন না। তাই অবশেষে জাপানের ও. ই. সি. এফের সঙ্গে আলোচনা করে দুটি ইউনিট স্যাংশন করেছেন। আজকে ওরা করলে ২১০ মেগাওয়াটের ৫টি ইউনিট করবেন। এই ব্যাপারে টেকনিক্যাল সার্ভিসের সঙ্গেও কথা বলেছেন। Nothing is cleared uptil now. আপনি প্ল্যান্টে গিয়ে লোড এ্যাসেস করছেন, হাওড়ায় যে কন্ট্রোল সেন্টার রয়েছে সেখানে গিয়ে দেখছেন, কিন্তু সেই অ্যাসেসমেন্ট কোথায় ২০০০ সালের মধ্যে এত পাওয়ার প্রোজেক্ট কমপ্লিট করবেন? আপনারা নিজেরাই স্বীকার করেছেন যে, ২০০০ সালের মধ্যে অনেকগুলি প্ল্যান্ট বসে যাবে, কারণ সবগুলি প্ল্যান্টই পুরানো। কয়েকটি প্ল্যান্ট একেবারে পুরানো হয়ে গেছে যেগুলো রিপ্লেস করতে হবে। কিন্তু রিপ্রেসন্টটা কোন ফেজে কমপ্লিট হবে সেটা বক্তৃতা থেকে কিন্তু আমরা আনতে পারছি না। আমরা এও জানতে চাই পাওয়ার জেনারেশনের ক্ষেত্রে What is the declared policy of the state. আপনারা প্রাইভেট সেক্টর এবং পাবলিক সেক্টর করবেন, আপনারা বজবজের জন্য ক্লিয়ারেন্স দিয়েছেন, বজবজের জন্য এনভায়র্নমেন্টাল ক্লিয়ারেন্স পাচ্ছেন না এবং সেই নিয়ে আলোচনা করছেন, পূজালিতে জমি অ্যাকয়ার করতে গুলি চালাতে হয়েছে এবং সেটা নিয়ে আলোচনা করছেন, Who are going to the newly construct projects? What is the plan of the Government of West Bengal. সি. ই. এস. সি. নতুন প্ল্যান্ট করতে চায়, কিন্তু ২০০০ সাল পর্যন্ত পাওয়ার সেক্টরে ডিমান্ড কত হবে সেটা না জানতে পারলে বলাগড়ের ইউনিটিটি স্টপ হয়ে যেতে পারে। কোন সেক্টরে কত পাওয়ার জেনারেট করবেন সে ক্ষেত্রে পারস্পেকটিভ প্ল্যানিং আছে আপনার? সি. ই. এস. সি. বলাগড়ে যাচ্ছে যেটা আউটসাইড জোন এরিয়া। এছাড়া আর কোথায়ও প্রাইভেট সেক্টরকে অ্যালাউ করবেন কিনা, এক্ষেত্রে টাটা ইলেক্ট্রিককে অ্যালাউ করবেন কিনা? এক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের পলিসি ইজ ডিক্লেয়ার্ড। have you identified one project? আপনারা কি ফরেন ইনভেস্টমেন্ট পাবেন? বিদেশের কেউ কি পাওয়ার সেক্টর করছেন এখানে? মহারাষ্ট্রে নতুন পাওয়ার সেক্টরের জন্য ফরেন ইনভেস্টমেন্ট হয়ে গেছে, কিন্তু এখনও পর্যন্ত এখানে সেই প্ল্যান নেই। পাওয়ার সেক্টরে আজকের দিনে একটা ইণ্ডাস্ট্রি ; এখানে টার্ন প্ল্যানিং করতে হবে। কিন্তু সেটা এখানে হয়নি। আপনি কয়েকটি

ইউনিটকে বাঁচিয়েছেন, কিন্তু লং টার্ম কি পলিসি গ্রহণ করেছেন সেটা স্পষ্ট নয়, পাওয়ার সেক্টরে আপনার পলিসি কি গোটা স্পষ্ট নয়। আপনি ২০০০ সালে কত পাওয়ার জেনারেট করবেন সেটা স্পষ্ট নয়। আজকে আপনার বাজেট ১৮০ কোটি টাকার মাত্র।

যেখানে এক মেগাওয়াট জেনারেশন করতে ১।। কোটি টাকা লাগে, ১৮০ কোটি টাকায় খুব বেশি হলে ১২০ মেগাওয়াট জেনারেশন হবে। বছরে এটা কি যথেষ্ট—এই প্রশ্নের জবাব আপনি দেবেন? তারপরে শংকরবাবু, আশ্চর্য লাগে, আজকে যেটা ডিভোটাম ইন দি লেফ্‌ট ফ্রন্ট পলিসি সেটা হল আপনি বলছেন যে শহরের জন্য আমাদের ভাবার দরকার নেই, গ্রামের গরিবরা আমাদের সঙ্গে আছে। কিন্তু আপনার পারফরম্যান্স কি? রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনে আপনার পারফরম্যান্স প্যাথেটিক। ভারতবর্ষের ওয়ান অব দি ফিউ স্টেটস যেখানে সম্পূর্ণ ইলেক্ট্রিফিকেশন হয়নি। হোয়্যার ডু ইউ স্ট্যাণ্ড? আপনার গ্রামীণ বৈদ্যুতিকরণের হিসাব হচ্ছে ৭৩.২ পারসেন্ট। তামিলনাড়ুতে ৯৯ পারসেন্ট। পাঞ্জাব, কর্ণাটক, কেরালা, হরিয়ানা, গুজরাট এবং অন্ধ্রপ্রদেশের ১০০ পারসেন্ট। আপনি এখনও ২৭ পারসেন্ট গ্রামে আলো দিতে পারেন নি। তার মানে ৪০ হাজার গ্রাম এই রাজ্যে আছে, সেখানে প্রায় ১০ হাজার গ্রামে এখনও বিদ্যুৎ দেওয়া বাকি আছে। আপনি হিসাব দিয়েছেন, বিদ্যুৎ যাবার পরে সেখানে ফাণ্ড কনস্ট্রেনের কথা বলেছেন। আপনি বলেছেন ইলেক্ট্রিফিকেশন অব মৌজা, যা ইলেক্ট্রিফিকেশন করবেন, ৩৫০ শত ১৯৯৩-৯৪ সালে। আর এর মধ্যে ইনটেন্সিফিরেশন ২৫০ শত। তাহলে ১০ হাজার গ্রাম যদি বাকি থাকে এবং ৩৫০ করে যদি বছরে ইলেক্ট্রিফিকেশন করেন তাহলে অঙ্কের হিসাবে কত বছর লাগবে? আপনার মিনিমাম ২৫ বছর লাগবে সমস্ত ভিলেজ ইলেক্ট্রিফায়েড করতে। পশ্চিমবঙ্গের গ্রাম কি অন্ধকারে থাকবে? লোকের কাছ থেকে জোর করে ভোট নেন বলে তাদের যুগযুগ ধরে অন্ধকারে রাখবেন? এই রাজ্যে লোকদীপ, কুটিরজ্যোতি প্রকল্পে যেখানে মাত্র ৫ টাকা দিয়ে সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীমে কাজ করা হয়, মানুষের বাড়িতে দুটো আলো জ্বলবে, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর ইত্যাদি বাইরের লোকের জন্য এই কুটিরজ্যোতি প্রকল্পের কোনও সাফিসিয়েন্ট প্রগ্রেস হয়নি। বাঁশের খুঁটি গেছে, কিন্তু কোনও প্রোগ্রেস হয়নি। কেন হয়নি? এর জন্য তো টাকা লাগবে না? গ্রামের গরিব তফসিলি জাতির ঘরে বাতি জ্বালাবার দায় এবং দায়িত্ব আপনার ছিল। গভর্নমেন্টের পোগ্রাম থাকা সত্ত্বেও, লোকদীপ, কুটিরজ্যোতি প্রকল্প নিয়ে যেতে পারেন নি। আপনি পণ্ডিত লোক, ভাল লোক। আপনি প্রবলেম বুঝবেন। আপনি ইঞ্জিনিয়ার হিসাবে ভাল হলেও, আপনি রাজনীতিবিদ নন বলে you are neither a politician nor an assertive person. ফলে আপনি মার খাচ্ছেন। আপনার স্টেট প্লান এক্সপেণ্ডিচার সেক্টর ওয়াইজ আমরা দেখতে পাচ্ছি যে এনার্জিতে ৪৫২ কোটি টাকা ছিল ১৯৯২-৯৩ সালে, সেটা কমে গিয়ে দাঁড়িয়েছে ৩২১ কোটি ৯০ লক্ষ টাকা। আপনার এনার্জি খাতে ব্যাপকভাবে কাট্‌ল হয়েছে। এনার্জি খাতে ব্যয় যা ছিল তার চেয়ে এক বছরে কতটা কমিয়ে দেওয়া হয়েছে সেটা দেখুন। গত বছর আপনার প্ল্যানিং কমপ্লিট হতে পারেনি, ১৫ শত কোটি টাকা সেটা এখন ৮২৭ কোটি টাকা হয়েছে অর্থাৎ এনার্জি বেশ মার খাচ্ছে। এবারেও কাটল হয়েছে সেই এনার্জি খাতে। তার ফলে শংকরবাবু আপনার সাকসেস স্টোরির জন্য নিশ্চয়ই ধন্যবাদ জানাব। এখানে আরো কিছু কথা বলার আছে। আপনার ট্রান্সফরমার চুরি হচ্ছে। আপনার ডিস্ট্রিবিউশন সিস্টেম কি অবস্থায় আছে?

শুধু কলকাতার ডালহৌউসি স্কোয়ারে আলো জ্বললেই হবে, এয়ার কণ্ডিশান চললেই হবে? স্মলেস্ট টাউনগুলির কি অবস্থা? আজকে ভোল্টেজ ফ্ল্যাকচুয়েশন সেখানে সাংঘাতিকভাবে হচ্ছে। What is the condition in the district towns, in the smallest towns? What have you done about voltage fluctuation in smaller towns?

[5-05 — 5-15 p.m.]

**শ্রী ধীরেন সেন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। ব্যাপার হল আজকে ওনারা মন্ত্রীর প্রশংসা করলেন এবং সমালোচনাও করলেন। যাঁরা সমালোচনা করেছেন তাঁদের সম্বন্ধে বলতে চাই, মিস মেয়ো ভারতবর্ষে এসেছিলেন, তাঁর সম্বন্ধে গান্ধীজী মন্তব্য করেছিলেন উনি ড্রেন ইন্সপেক্টর, যা কিছু নোংরা জিনিস দেখেন, সেই রকম মিস মেয়োর মতো ওনারা মন্তব্য করেছেন বলা যেতে পারে। এখন কথা হচ্ছে যে এটা বাস্তব সত্য কথা যে বিদ্যুতের উন্নতি হয়েছে, গ্রামে-গঞ্জে স্বাভাবিকভাবে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে। এই উন্নতির ফলে সৌন্দর্যের বিড়ম্বনা বেড়ে গিয়েছে। সৌন্দর্যের বিড়ম্বনা বলার কারণ আছে। মানুষের ভাত-কাপড় এবং বাসস্থানের পরে বিদ্যুতের প্রয়োজন হয়। আজকে গ্রামে শ্রমজীবী মানুষ কৃষকদের ঘরে বিদ্যুৎ চলে গিয়েছে। তারপর এখন গভীর নলকূপ, অগভীর নলকূপ বসানো হয়েছে চাষের জন্য। সেখানে বিদ্যুৎ লাগছে। ফলে বিদ্যুতের চাহিদা বাড়ছে তারপর গ্রামের মানুষ চাইছে তাদের ঘরে একটি টি. ভি. থাকুক, তাদের ঘরে হিটারে একটু চা হোক। কারণ গ্রামের মানুষের জীবনধারার মানের উন্নতি হয়েছে। এটাই সৌন্দর্যের বিড়ম্বনা। এই বিপদের মোকাবিলা মন্ত্রী ঠিকই করছেন। এখন কেন্দ্রীয় সরকার যে টাকা দেয়, যে টাকা তাদের দেওয়ার কথা সেটা দিচ্ছে না। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের জন্য কেন্দ্রীয় সরকার যে ঋণ দেয় সেই ঋণ যদি বছরে বছরে ঠিক দিয়ে যায় তাহলে আমাদের কাজ গুছিয়ে নিতে অসুবিধা হয় না। আপনারা যখন হর্ষদ মেহেতার টাকা মারছেন তার ভাগ যদি কিছু দেন তাহলে পশ্চিমবাংলার কিছু সাহায্য হতে পারে। এখন প্রশ্ন হচ্ছে এখানে সকলেই বিুদ্যৎ নিয়ে আলোচনা করছেন। ওনার আর একটা বিভাগ আছে, অপ্রচলিত বিদ্যুৎ শক্তি, সৌর শক্তি চালিত, বায়ু শক্তি চালিত বিদ্যুৎ শক্তি, এই ব্যাপারে কিছু বলার আছে। মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বলবেন এই ব্যাপারে। আমি এই প্রসঙ্গে বলতে চাই আমাদের বীরভূমে লাভপুরে ভারতবর্ষের মধ্যে দৃষ্টান্ত স্বরূপ একটা অপ্রচলিত বিদ্যুৎ কেন্দ্র গোড়ে তোলার কথা আছে। এই সম্বন্ধে কি হল সেটা জানতে চাই। আজকে আমরা লক্ষ্য করছি বিদ্যুৎ সরবরাহ করা আটকে যাচ্ছে মিটারের জন্য। মিটার সরবরাহ যাতে করা হয় সেই ব্যাপারে আমি যথেষ্ট উৎসুক। আমরা অনেক সময় বিদ্যুৎ সম্বন্ধে জেলায় আলোচনা করি। আমাদের ইঞ্জিনিয়াররা বলেন মিটার না থাকার জন্য সব জায়গায় কানেকশন দিতে পারছি না। আর একটা অসুবিধা আছে, সেটা আমি বলছি। গ্রামে বিদ্যুৎ বিভাগ নিয়ম করেছে বোধ হয়। বিদ্যুৎ কানেকশন যাদের দেওয়া হবে, যারা বিদ্যুৎ নেবে, যদি ঘরে ঘরে ইলেক্ট্রিফিকেশন সংযোগ করাতে চায়, যারা বিদ্যুৎ গ্রাহক হবে বিদ্যুতের মেটিরিয়াল যদি ঠিক না করে তাহলে পাবে না। যে গ্রামে বিদ্যুৎ যাবে সেখানে অধিকাংশ লোক দরখাস্ত করে তাহলে সেটা বিদ্যুৎ সরবরাহ করতে পারে। এই কারণে অনেকে আটকে আছে, বিদ্যুৎ সরবরাহ করা যাচ্ছে না। এটা দেখার জন্য অনুরোধ করছি। বক্রেশ্বর

সম্বন্ধে অনেক কথা শুনলাম এখানে। আমি এটা বলছি বক্রেশ্বর হবে। সকলে গিয়ে দেখে আসুন না কি হয়েছে না হয়েছে।

অন্য কথা হচ্ছে, একটু আগে অ্যাসেম্বলিতে বিদ্যুতমন্ত্রী বলেছিলেন যে পঞ্চায়েত টাকা খরচ করতে পারেন। তারজন্য নির্দ্দিষ্ট এরিয়াতে সাহায্য করার জন্য, সেটা যাতে আইনগত ভাবে করা যায় তাহলে পঞ্চায়েত এগিয়ে আসবে বিদ্যুত বিভাগকে আর্থিক সাহায্য দিতে। মাননীয় মন্ত্রী মহাশয় যেন সেই ব্যাপারে চেষ্টা চালিয়ে যান—তারা রাজি আছে। এটা দেখতে আমি অনুরোধ জানাচ্ছি। অন্য কথা হচ্ছে, গ্রামেগঞ্জের যেখানে বিদ্যুতের তার চুরি গেছে, সেখানে আমরা শুনেছি আইনে আছে তার চুরি যাবার পরে সেখানে তার লাগানো যাবে না। যার ফলে অনেক ভাল ভাল গ্রামে যেখানে অনেকে ইলেক্ট্রিকের জন্য দরখাস্ত করেছিল—লক্ষ লক্ষ দরখাস্ত পড়ে থাকছে—সেখানে যেন ইনভেস্টিগেশন অর্ডার দেওয়া হয়। কংগ্রেসিরা যে ব্যবস্থা করে এসেছে—একটা মৌজায় একটা খুঁটি লাগিয়ে ইলেক্ট্রিফায়েড হয়ে গেছে বলেছে—ডিপার্টমেন্ট বলছে ওখানে নাকি টাকা দেওয়া যাবে না। সত্যিকারের তদন্ত করে—যেখানে এই দপ্তরের কাজ হচ্ছে একটা জনসেবা—যেখানে তার চুরি গেছে, সেখানে নতুন করে কিছু করা যায় কিনা তারজন্য আমি মন্ত্রী মহাশয়কে সেই বিষয়ে চিন্তা করে দেখতে অনুরোধ করব। মানুষের মনে যে আশা জেগেছে সেটা যাতে বাড়ানো যায় তারজন্য তিনি প্রচেষ্টা নেবেন, এটা আশা করি। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় এবং উপস্থিত আমার বন্ধু বিধায়কগণ। আমি প্রথমেই যারা অংশগ্রহণ করেছেন এবং বিভিন্ন ভাবে সুস্থ সাজেশন দিয়ে আমাকে উপকৃত করেছেন তাদের ধন্যবাদ জানাই। অনেক পয়েন্ট এখানে উঠেছে। আমি তার সবক'টা ডিল করতে পারব না। তার মানে এই নয়, আমি অবজ্ঞা করছি। কেন না আমার সময় লেগে যাবে। আমি মূলত আপনাদের কতকগুলো বিষয়ে দৃষ্টি আকর্ষণ করব। প্রথমেই আমি দু'একটা উটকো কথা বলে নিই। সৌগতবাবু বললেন যে আজকে পাওয়ারের উন্নতি হয়েছে। তারজন্য সাধুবাদ দিলেন এবং আমার পূর্বসুরি যারা ছিলেন তাদের প্রতি অ্যাসপার্সান করলেন। এটা কিন্তু ঠিক নয়। কারণ এটা সামান্য শিশুও বুঝবে যে একমাত্র ম্যাজেশিয়ান ছাড়া এই রকম উন্নতি করা যায় না। '৭৮ সালে যখন কোলাঘাট নিয়ে আমরা কাজ শুরু করি, আমি যদিও ডিরেক্টলি ইনভলভড ছিলাম না, কোলাঘাটের যেখানে একটা ইউনিটে বহু বয়লার টিউব, সেগুলো বারবার লাগানো হয়েছে, টিউব লিকেজ হয়েছে, আমরা কাজ করতে পারছিলাম না, অসহ্য যন্ত্রণার মধ্যে দিয়ে গিয়েছি। আজকে যে অবস্থা, আজকে আমাদের ১২৫০ মেগাওয়াটের মতো এবং স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড এবং পি. ডি. সি. এল. জেনারেট করছে। পিক আওয়ারে কোলাঘাট থেকে ৭৫০-এর মতো পাই, এর হিসাব সৌগতবাবু দিয়েছেন। ব্যান্ডেলে আড়াইশ থেকে পৌনে তিনশ-র মতো, সাঁওতালদিতে আড়াইশ থেকে পৌনে তিনশ-র মতো এবং ডি. পি. এল. থেকে কিছু নিয়ে সাড়ে তিনশ মেগাওয়াট যেটা আমাদের লাগে সেটা মোট ১২৫০ জেনারেট করি। মূলত সাঁওতালদির যে উন্নতি বা কোলাঘাটে যে অবস্থা, তারজন্য পূর্ব পরিকল্পনা থাকা দরকার। এরজন্য পূর্বসুরিদের ধন্যবাদ দেব। এইজন্য আমি আসার পরে উন্নতি হয়েছে, এটা বললে ঠিক বলা হবে না।

[5-15 — 5-25 p.m.]

স্যার, পাওয়ার রেস্ট্রিকশন সম্বন্ধে সৌগতবাবুর দিক থেকেই আমি শুরু করছি। এখন ইভিনিং-এ পাওয়ার রেস্ট্রিকশন আমাদের এখনও আছে। উনি চলে গেছেন, আমার মনে হয় এগুলো ওনার জানার দরকার ছিল। এই পাওয়ার রেস্ট্রিকশন উঠলে আমাদের ইভনিং-এ ২৫০ থেকে ৩০০ মেগাওয়াট পাওয়ার বেশি প্রয়োজন হবে। সেই ক্ষমতা আমাদের আছে। আমরা কোলাঘাটের ছয় নম্বর ইউনিটটা গত জানুয়ারি মাস থেকে বসিয়ে দিয়েছি। ডিমান্ড নেই বলে। এটা ২১০ মেগাওয়াটের একটা ইউনিট। আর ফারাক্কা ৫০০ মেগাওয়াটের এক তৃতীয়াংশ আমাদের স্টেট পাবে। অর্থাৎ ২১০ এবং ১৫০, মোট ৩৭০ আমরা পেতে পারি। যদি সেগুলো আমরা পুরোপুরি আনতে পারতাম তাহলে রেস্ট্রিকশন ডিমান্ড আমরা মিট করতে পারতাম। কিন্তু প্রবলেম সেটা নয়। যে মুহূর্তে আমরা রেস্ট্রিকশন ডিমান্ড তুলে নেব সঙ্গে সঙ্গে পিক আওয়ার্স অর্থাৎ সন্ধ্যের সময় এবং মধ্যরাতে অফ পিক আওয়ার্সের যে রেশিও সেটা খারাপ হয়ে যাবে। অর্থাৎ পিক ডিমান্ড বেড়ে গেল, কিন্তু মধ্যে রাতে অফ পিক সময় ডিমান্ড কমে যাবে, ফলে গ্রিড ফ্রিকোয়েন্সি আরও খারাপ হয়ে পড়বে। তখন এই গ্রিড ম্যানেজমেন্ট করা আরও দুঃসাধ্য হয়ে যাবে। আপনারা দেখেছেন কিছুদিন আগে নর্দার্ন গ্রিড ফেলিওর হয়েছিল, ফেব্রুয়ারি মাসে সাউদার্ন গ্রিড ফেলিওর হয়েছিল। আমাদেরও কিন্তু সেই রকম হয়নি। মার্চ মাসে আমরা আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে আরও দুটি স্টেজে বসিয়েছি এবং আরও দুটি বসানো হবে। মাননীয় বন্ধু সুদীপবাবু বলেছেন, সবাই গ্রিড ডিসিপ্লিন মেইনটেইন করছে কিনা? পুরোপুরি না করলেও তারা মেইনটেইন করছে। আমাদের যারা সহযোগী ডি. ভি. সি., বিহার, উড়িষ্যা, আসাম এরা সবাই গ্রিড ডিসিপ্লিন ফলো করছে। তবে কিভাবে করছে আমি জানি না। ডিটেইলস আমার কাছে নেই। আমরা অত্যন্ত সুষ্ঠভাবে এটা মেইনটেইন করছি। ছোটখাট ও অনেক উল্টোপাল্টা কথা এখানে বলা হয়েছে। যেমন সি. ই. এস. সি.-র ভাল কাজের জন্য নাকি লোডশেডিং হচ্ছে না, ইত্যাদি ইত্যাদি। আমি সে কথায় যাব না। আবার আপনারাই বলেছেন সি. ই. এস. সি.-কে ৩০০ মেগাওয়াট পাওয়ার এস. ই. বি. দেয়। এস. ই. বি.-র জেনারেশন সি. ই. এস. সি.-কে ৩০০ মেগাওয়াট পাওয়ার এস. ই. বি. দেয়। এস. ই. বি.-র জেনারেশন না বাড়ালে সি. ই. এস. সি.-র বিদ্যুৎ ঘাটতি কমত না। এসব ছোটখাট ব্যাপারে আমি যাব না। আমি এটাতেও যাব না যে গ্রাম পঞ্চায়েত চুরি করছে বলেই পঞ্চায়েতের বিলিং সিস্টেম তুলে দেওয়া হোক। এগুলো বলা তো ঠিক নয়। আমি কতগুলো মুখ্য ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই। এন. টি. পি. সি. এবং পি. ডি. সি. এল. এফের পি. এল. এফ.-কে কম্পেয়ার করা হয়েছে। একটা ব্যাপার জানানো দরকার যে এন. টি. পি. সি. ব্যাক ডাউন খুব একটা করেন না। যখন পাওয়ার ডিমান্ড কমে যায়, তখন এন. টি. পি. সি. ব্যাক ডাউন করতে চাই না। একমাত্র ফারাক্কার সঙ্গে আমাদের রিলেশন ভাল আছে বলে ফারাক্কায়া ব্যাকডাউন তারা করে। কিন্তু ইন জেনারেল এন. টি. পি. সি. কিন্তু কখনও তাদের জেনারেশন কমায় না। এসব মাথায় রেখেই কিন্তু পি. এল. এফ. কম্পেয়ার করতে হবে। তবে আমি একথা কথা বলে রাখি, পি. এল. এফ. নিয়ে কিন্তু বেশি কথা না বলাই ভাল। কারণ আগে আমরা পি. এল. এফ. দিয়ে পাওয়ার স্টেশন জাজ করতাম। একটা পাওয়ার স্টেশনের পি. এল. এফ. কিভাবে কম্পেয়ার

করা হবে? দিল্লিতে যখন পাওয়ার মিনিস্টার কনফারেন্স হয়েছিল, তখন আমি বলেছিলাম একটা পাওয়ার স্টেশনের পি. এল. এফ. ছাড়াও আরও তিনটে বিষয় পাওয়ার স্টেশনকে জাজ করার জন্য ইনক্লুড করা হয়েছে। প্রথম হচ্ছে, একটা প্লান্ট ভাল ভাবে চালু আছে কিনা। হয়ত, সেটা অনেক ব্যাকডাউন করা হয়েছে, ব্যাক ডাউন করা হবে কি হবে না, সেটা প্লান্টের উপর নির্ভর করে। আগে শুধু পি. এল. এফ. দিয়ে জাজ করা হত, এটা অন্যায়। এই ব্যাপারটা আমি পয়েন্ট আউট করেছি। আরেকটা ইম্পোর্টেন্ট পয়েন্ট হল, কতটা তেল খরচ হচ্ছে। আপনারা জানেন, আমাদের প্লান্ট যখন ব্যাক ডাউন করা হয়, অত্যন্ত কম যখন জেনারেশন হয়, তখন তেল দিয়ে চালাতে হয়। অনেক সময় ডুয়েল ফুয়েলে চালাতে হয়। তেল ও কয়লা কম্বাইন্ড করে চালানো হয়। এই তেল কতটা খরচ হচ্ছে তার উপরে পাওয়ার স্টেশনের এফিসিয়েন্সি নির্ভর করে। কতখানি কয়লা বা তেল লাগছে সেটাও পাওয়ার স্টেশন জাজ করার সময় নির্ভর করছে।

এরপর ফরেন ইনভেস্টমেন্টের ব্যাপারে আসছি। আমার মনে হয়, আপনারা শুনেছেন যে গৌরীপুরে আমরা একটা জয়েন্ট সেক্টারে গিয়েছি। গৌরীপুরে পাওয়া স্টেশন করার জন্য যখন আমরা প্রোপোজাল দিই তখন একটা প্রাইভেট কোম্পানি এবং স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড, তারপরে মাসখানেকের মধ্যে ভারত হেভি ইলেক্ট্রিকালস লিমিটেড জয়েন করে—একটা পাবলিক সেক্টার আন্ডারটেকিং। আমরা তো দেখছি ভারতবর্ষের সমস্ত পাবলিক সেক্টার আন্ডারটেকিংগুলিকে ফু ফু করা হচ্ছে অথচ সেখানে গেলে দেখবেন এই Bharat Heavy Electricals Limited is one of the finest organisations of electrical manufacturing equipment whether it is machinery or instruments or its mechanism. আজকে সেই ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেড ভারতবর্ষে প্রথম এই পশ্চিমবঙ্গে ইক্যুইটিতে পার্টিসিপেট করছে, তারা শেয়ারে গৌরীপুরে পাওয়ার স্টেশনে আসছে। আমরা নতুন কোম্পানি ফ্লোট করছি। দিল্লি পারমিশন দেবে, তারপর কাজ শুরু হবে। তরুনবাবু ভাবছেন যে কাজ শুরু হতে দেরি হচ্ছে কিন্তু তাকে জানাচ্ছি যে দিল্লির ক্লিয়ারেন্স পুরোপুরি আসেনি। ভিজিট হয়ে গিয়েছে, আমাদের ইনফরমেশন গিয়েছে, কিছুদিন ধৈর্য ধরতে হবে। এটা কিন্তু ঠিকই যে Foreign investment in generation in toto সে বিষয়ে আমার আপত্তি আছে। এর দু/তিনটে কারণ আছে। আমরা যে ফরেন ইনভেস্টমেন্ট আনছি, ফরেন ক্যাপিটাল আনছি সেটা কি শর্তে? না, ১৬ পারসেন্টে রিটার্ন। কোথাও এস. ই. বি.-কে তো সেই শর্ত দেওয়া হয় না, পি. ডি. সি. এলকে সেই শর্ত দেওয়া হয় না যে তোমাকে গ্যারেন্টেড ১৬ পারসেন্ট রিটার্ন দিতে হবে। তাহলে কি করে বিদেশিকে বলছি যে ১৬ পারসেন্ট রিটার্ন দেব? এখন কি ভাবে রিটার্ন দেবে? সেই পাওয়ার এস. ই. বি.-কে কিনতে হবে। এবারে মনে করুন এস. ই. বি. সেই পাওয়ার কিনলেন, তাহলে এস. ই. বি.-কে সেই পাওয়ার বেশি দামে কিনে অল্প দামে তা বিক্রি করতে হবে। কারণ রেট বাড়ালে চেঁচামেচি হয়ে যাবে একটু আগে যেমন হচ্ছিল। তাহলে রেট যদি না বাড়ানো হয় তাহলে এই লসটাকে অ্যাবজর্ভ করবে? তাহলে লসটা স্টেটকে অ্যাবজর্ভ করতে হবে। আপনারা জানেন যে এখন একটা খেলা হয়েছে যে প্ল্যান বাজেট থেকে স্যুয়োমোটো কেটে নেওয়া হচ্ছে। এই হচ্ছে খেলা। আমরা ভারত সরকারকে বলেছি যে তোমরা টোটাল পিকচারটা দাও। আজকে এই ফরেন ইনভেস্টমেন্ট

আসার পর কি ভাবে তার ঋণ শোধ করতে হবে, ১৬ পারসেন্ট রিটার্ন কিভাবে হবে ইত্যাদি দাও। আমরা বিশ্বাস করি, যেহেতু আমাদের অর্থনৈতিক অবস্থা খারাপ, যেহেতু বর্তমানে আমাদের টাকা নেই সেইহেতু আমরা জয়েন্ট সেক্টারে যাব। জয়েন্ট সেক্টারে গিয়ে আমরা পাওয়ার স্টেশন করব। আমরা ডেভেলপমেন্ট কনসালটেন্টের সঙ্গে জয়েন্ট সেক্টার করছি। ডেভেলপমেন্ট কনসালটেন্ট, তারা বিদেশি কোম্পানি আনতে পারেন আমাদের আপত্তি নেই কিন্তু আমরা বিদেশি কোম্পানির সঙ্গে করছি না। আমরা সি. ই. এস. সি.-কে দিয়েছি। সি. ই. এস. সি. যদি বিদেশ থেকে যন্ত্রপাতি আনেন, গভর্নমেন্ট অব ইন্ডিয়া যদি অনুমতি দেন আমাদের বলার কিছু নেই কিন্তু আমরা আপত্তি করি, আমরা বলি, যেখানে ভারত হেভি ইলেক্ট্রিকালস লিমিটেড-এ অত্যন্ত উচ্চ মানের যন্ত্রপাতি পাওয়া যাচ্ছে অল্প দামে সেখানে কেন তাদের দেব না? এটাই হচ্ছে আমাদের নীতি। সেইজন্য আমরা পুরোপুরি ফরেন ইভেস্টমেন্টে আপত্তি করি। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন সম্বন্ধে আমি বিশদভাবে বলব। এ সম্বন্ধে বলতে গিয়ে আমি আমার বক্তব্যটা কয়েকটি ভাগে ভাগ করতে চাই। সৌগতবাবু বলেছেন, what is the total perspective? আমাকে মান্নান সাহেব আত্মসন্তুষ্টির কথা বলেছেন, ধাপ্পা দেওয়ার কথা বলেছেন। আমি কিন্তু আত্মসন্তুষ্ট নই একথা আমি বহুবার বলেছি। বলেছি I am not complacent. আমি পুরো পিকচারটা জানি। আমার টার্গেট-টা কি? দূরদুরান্তরের গ্রামে যেসব গ্রাহক আছেন তাদের কাছে আনইনটারেপটেড পাওয়ার পৌঁছে দেওয়া at the rated voltage. অ্যাট রেটেড ভোল্টেজ, দুরূহ টারগেট। যাদের জ্ঞান আছে তারা সেটা বুঝতে পারবেন। এই টারগেট ফুলফিল করা অত্যন্ত দুরূহ, অনেকগুলি কন্ডিশন স্যাটিসফাই করতে হবে। এটা হচ্ছে আমাদের টারগেট, আমি অ্যাকমপ্লেসেন্ট নই, ধাপ্পা দিতে চাই না। এটা ঐ বয়ানের মধ্যে আছে। প্রতিটি জিনিস সরলভাবে প্লেস করি যাতে আপনারা সাজেশন দেবেন। এবার পাওয়ার পারস্পেকটিভ নিয়ে বলছি। রাইট অ্যাট দি মোমেন্ট—গত সামারে দিয়েছি—আমাদের কোনও পাওয়ার ডেফিসিট ছিল না—এটা আপনারা দেখেছেন। গত সামারে আমাদের সাপ্লাই এবং ডিমান্ডের মধ্যে দি সাপ্লাই ওয়াজ অলওয়েজ মোর দ্যান দি ডিমান্ড। প্রতি সন্ধ্যায় ৭/৮ টার সময়ে যে রিপোর্ট পেয়েছি—সেখানে এমনও দেখা গেছে আমরা সেন্ট্রাল সেক্টার এবং ফারাক্কা থেকে বিদ্যুৎ নিইনি—উল্টে আমরা পাওয়ার দিয়েছি। যে রকম মনে করুন, গতকাল আমরা সন্ধ্যা ৭ টার সময় ফরাক্কাকে ৩১ মেগাওয়াট দিয়েছি। সেন্ট্রাল পুলে আমাদের পাওনা ছিল ৫১ মেগাওয়াট, কিন্তু আমরা নিইনি, উল্টে আমরা আরও ৩১ মেগাওয়াট ৬টার সময়ে দিয়েছি। ৮টার সময় ৫৯ মেগাওয়াট নেওয়ার কথা ছিল, নিইনি, উল্টে আমরা ২০ মেগাওয়াট দিয়েছি। এইরকম পরের দিনের হিসাব আছে। এবার কি কি আমাদের মেশিন্স আছে তার পিকচারটা দিচ্ছি। কোলাঘাটে ৫টি মেশিন, ৪টি চলছে, ১টি হাতে আছে। ফরাক্কায় ১টি মেশিন ওভারহলিং-এর জন্য বন্ধ আছে। টিটাগড়ে ১টি মেশিন ওভারহলিং হবে। ফরাক্কায় ৫০০ মেগাওয়াট—চালানো হচ্ছে না। বুঝতেই পারছেন, ৩৬০ মেগাওয়াটের মতোন আমাদের হাতে আছে। আগামী ডিসেম্বর মাস নাগাদ আমরা পুরোপুরি কমার্সিয়ালে আসব। আমাদের কোলাঘাটের ১টি ইউনিট এবং ৪ নম্বর ইউনিটটি ওভারহলিং হয়ে কমার্সিয়ালে আসবে ডিসেম্বর মাস নাগাদ। এইভাবে আমরা হিসাব করেছি ২ হাজার ২ সালের মধ্যে যখন পুরুলিয়া পাম্প স্টোরেজ অ্যাপ্রুভড করতে পারব—যেটার সম্ভাবনা অত্যন্ত বেশি—তখন তাহলে আরও ৩ হাজার ১০৮.৫ মেগাওয়াট যোগ হবে। অর্থাৎ

আগামী ১১ থেকে ১২ বছরে আমাদের ৩ হাজার ১০৮.৫ মেগাওয়াট যোগ হবে। প্রতি বছর ধরা যেতে পারে ২৫০ মেগাওয়াট যোগ হবে। কিভাবে? কোলাঘাটের ৪২০.৬ নম্বর ইউনিট আর একটি আসবে। বজবজের ৫০০, গৌরীপুর ১২০, তিস্তা ৬৭.৫, রাম্মাম ৫১, বক্রেশ্বর ১০৫০, পুরুলিয়া পাম্প স্টোরেজ ৯০০। বক্রেশ্বরের কথা বলি, মাননীয় সদস্য বললেন, বক্রেশ্বর হলে তিনি পদত্যাগ করবেন এবং আরও অনেক সদস্য বক্রেশ্বর সম্বন্ধে বললেন। যেটা আমার মনে হয়—কাগজেও দেখেছেন—ও. ই. সি. এফ. ২টি ইউনিট অ্যাকসেপ্ট করে এবং তারা একটি জায়গায় এসেছে। যতদূর জানি জুলাই মাসের ১/২ তারিখে প্যারিসে এইড কনর্সোটিয়ামের একটা মিটিং হবে। সেখানে ফাইনাল সিনটা পাওয়া যাবে। তবে এখন পর্যন্ত যা খবর আছে এবং কেন্দ্রীয় মন্ত্রী সালভে ২ দিন আগে ফিরেছেন—জাপানের ও. ই. সি. এফের মাধ্যমে বক্রেশ্বরে ২টি ইউনিট হবে। আর একটা স্টোরি আছে, কমন সার্ভিসের ব্যাপার আছে। যেমন, পাওয়ার স্টেশন কমন সার্ভিস, যে রকম ট্রান্সমিশন, যেটা পুরো লাইন করতে হয়। তারপর যে রকম কোল হ্যান্ডেলিং প্ল্যান্ট, রেলওয়ে ইয়ার্ড, ওয়াটার সাপ্লাই প্রভৃতি এইরকম কমন সার্ভিসেসের কিছু কিছু ও. ই. সি. এফের প্রোগ্রামে আছে এবং ও. ই. সি. এফে. কতটা অ্যাকসেপটেড হবে সেটা না জেনে কিন্তু বাকি যে ৩টি ইউনিট আছে সে সম্বন্ধে আমি কোনও কন্ট্রাক্ট করতে পারছি না, যার জন্য এতদিন আমি কিছু বলতে চাইছিলাম না। ও. ই. সি. এফ. কতটা নেবে সেটা না জেনে কিন্তু বাকি ৩টি ইউনিটের কি অবস্থা হবে সেটা আমি বলতে পারছি না।

এখানে হয়ত খানিকটা বলা যায় যে, আমরা তিনটে টেকনিক্যাল প্রস্তাব পেয়েছি, কিন্তু কোনও ফাইনান্সিয়াল প্রস্তাব পাইনি। টেকনিক্যাল প্রস্তাব কাদের কাছ থেকে পেয়েছি? এ. বি. এল. একটা ফরেন টাই-আপ করেছে যাদের সঙ্গে, তাদের একটা টেকনিক্যাল প্রস্তাব পেয়েছি। বি. টি. এস. একটা ফরেন ফার্মের সঙ্গে টাই-আপ করেছে, তাদের কাছ থেকে একটা টেকনিক্যাল প্রস্তাব পেয়েছি। আর একটা টি. সি. এল., ডেভেলপমেন্ট কন্সালটেন্স, তাদের কাছ থেকে টেকনিক্যাল প্রস্তাব পেয়েছি। কিন্তু যতক্ষণ না ফাইনান্সিয়াল প্রোপোজাল পাচ্ছি—অর্থাৎ কি হারে ঋণ শোধ করতে হবে, কত মোরেটরিয়াম পিরিয়ড এবং পুরোপুরি ঋণ শোধ করতে কত বছর লাগবে, যতক্ষণ না এসব জানতে পারছি—ততক্ষণ পর্যন্ত আমরা কোনও ডিসিসন নিতে পারছি না। আমরা তাদের বলেছি—৩১শে জুলাই-এর মধ্যে তোমরা আমাদের প্রোপোজাল দাও। আমরা আশা করছি জুলাই, আগস্টের মাঝামাঝি তিনটি প্রোপোজালের একটাকে বেছে নিতে পারব। যেটা ইকনমিক্যালি সব চেয়ে বেশি ভায়েবল হবে সেটাই আমরা নেব। টেকনিক্যালি মোর অর লেস সবই এক রকম, খুব একটা ফারাক নেই। আমি আশা করব বক্রেশ্বর ২০০৩ সালের মধ্যে হবে।

(গোলমাল)

আমার বন্ধুরা হৈ-চৈ করছেন, কিন্তু তারা জানেন না একটা পাওয়ার স্টেশনের প্রথম ইউনিটটি আসতে ৪ বছর সময় লাগে এবং তারপরে একটা একটা করে আসে। আমি কেন ২০০৩ সাল বললাম? ইনক্লুডিং দি পিরিয়ড অফ স্টেবিলাইজেশন।

স্যার, এরপরে আমি সব চেয়ে যেটা ইম্পর্টেন্ট পয়েন্ট সেই পয়েন্টে কিছু বলতে চাই। সেটা হচ্ছে, রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন। এটা সবাই চাইছেন। আমিও এ বিষয়ে অত্যন্ত সচেতন। কিন্তু আমাদের সমস্ত প্ল্যানিং শহরে দিকে ওরিয়েন্টেড। এটা আজকে থেকে নয়, আমি বলছি, এটা স্বাধীনতার পর থেকেই—অল দি প্ল্যানিং ইজ ওরিয়েন্টেড টুয়ার্ডস দি সিটিস অ্যান্ড টাউনস। এটা শধু আমাদের নয় ভারত সরকারেরও। কথা হচ্ছে, আজকে বলা হচ্ছে, কলকাতা শহরে লোড শেডিং হচ্ছে না। এটাই তো ন্যাচরাল। কলকাতায় আগে থাকতেই একটা স্টেবিলাইজড ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম ছিল। তাদের আমরা প্রতি দিন ২৫০ থেকে ৩০০ মেগাওয়াট বিদ্যুত দিচ্ছি সন্ধ্যাবেলা। এখানে লাইন মেন্টেন করা সব চেয়ে সহজ, কারণ এনিহোয়ার ইউ মে গো বাই এ কার। আপনি রিপোর্ট করার সঙ্গে সঙ্গে কলকাতায় বা টাউনগুলো যে কোনও জায়গায় গাড়ি করে যাওয়া যায়। এখানে লাইন মেন্টিনান্স অনেক সহজ। গ্রামকে বঞ্চিত করে আমরা কলকাতাকে পাওয়ার দিচ্ছি না। গত নভেম্বর মাসের তিন তারিখ থেকে আমরা কলকাতাকে আনরেস্ট্রিকটেড পাওয়ার দিচ্ছি এবং মাঝের ১৭ দিন বাদ দিয়ে নভেম্বর মাস থেকে আজ পর্যন্ত ঘাটতি একদিনও ছিল না। তার মানে এই নয় কলকাতার জায়গায় জায়গায় বিদ্যুত চলে যায়নি, গিয়েছে। বহু জায়গায়ই দেখবেন বিদ্যুৎ নেই—১০মিনিট, আধ-ঘন্টার জন্য আন্ডার ফ্রিকোয়েন্সি অপারেট হয়েছে অথবা কোনও ফল্ট হয়েছে। এরকম হতেই পারে।

এরপর আমি এস. ই. বি.-র কথায় একটু আসি। ফিনান্সিয়াল সাইড-টাই সব নয়। দি ডাবলু. বি. এস. ই. বি. ইজ এ রুর‍্যাল ইলেক্ট্রিসিটি বোর্ড। ইট ইজ এ রুর‍্যাল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড। এটা অন্যান্য রাজ্যের স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের মতো নয়। কেন না ডি. ভি. সি. অ্যাক্ট অনুসারে ডি. ভি. সি. এরিয়ায় ৩০ কে. ভি.-র উপর পাওয়ার দেবে ডি. ভি. সি.। অর্থাৎ যত ইন্ডাস্ট্রিস আছে সবাইকে—ডি. ভি. সি. এরিয়ায়—ডি. ভি. সি. পাওয়ার দেবে। আর এস. ই. বি. দেবে ডোমেস্টিক প্লেসে এবং ছোটখাট দোকানপাটে। আর সি. ই. এস. সি. তার এলাকার সমস্ত শিল্পকে পাওয়ার সাপ্লাই করছে। ব্যারাকপুর, সোদপুর, হাওড়া, কলকাতার সমস্ত ইলেক্ট্রিক সাপ্লাই করছে সি. ই. এস. সি.।

আজকে দুর্গাপুর অর্থাৎ ডি. পি. সি. এস. সি. ওরা আসানসোল এবং দুর্গাপুর ইন্ডাস্ট্রিয়াল লোড সাপ্লাই করছে। এস. ই. বি.-র টাকা কোথায়? গ্রস সাবসিডাইজেশন করা তো সম্ভব নয়। আজকে এস. ই. বি.-র আর্থিক লসের কথা বলছিলেন, কিন্তু অন্যান্য স্টেটের সঙ্গে কম্পেয়ার করলে দেখবেন যে, যে স্টেটে জল-বিদ্যুৎ নেই, আমাদের মতো অবস্থা, তাদের ফিনান্সিয়াল অবস্থাটা কি। যে স্টেটে জল-বিদ্যুৎ আছে, যে বিদ্যুৎ অত্যন্ত অল্প দামে তৈরি করা যায়, সেই স্টেটের ফিনান্সিয়াল অবস্থা অত্যন্ত ভাল। উপরন্তু আমাদের এস. ই. বি. হচ্ছে একটা রুর‍্যাল ইলেক্ট্রিসিটি বোর্ড। আজকে এর ১৪ গ্রাহকের মধ্যে ১৩ লক্ষ গ্রাহক ১০০ ইউনিটের কম বিদ্যুৎ নেন, অর্থাৎ ৯০ পারসেন্টই হচ্ছেন ডোমেস্টিক কনজিউমার। আর আপনারা জানেন যে, ডোমেস্টিক রেট কি। যেখানে এর রেট ইউনিট প্রতি ৫০ পয়সা সেখানে বিদ্যুৎ ট্রান্সমিশন লাইনে করে নিয়ে গিয়ে পৌঁছে দিতে লাগছে ১.২৫ টাকা। এরজন্য যে সাবসিডি দিতে লাগছে তারজন্য এস. ই. বি.-কে দোষ দিয়ে লাভ নেই। এস. ই. বি.-র মধ্যে গন্ডগোল আছে, নিশ্চয়ই আছে। বিলিংয়ে ঘাটতি আছে, কালেকশনে ঘাটতি আছে,

কিন্তু আমরা এক্ষেত্রে অল্পই এগিয়েছি। টোটাল সিনের উন্নতি করতে গেলে আমাদের ধাপে ধাপে এগোতে হবে। আমরা একটা ধাপ এগিয়েছি, জেনারেশন একটা জায়গায় এনেছি যাতে জেনারেশন স্টেবল থাকে। এটা ধরে রাখতে হবে, যার জন্য আমরা প্রতি মাসে প্রতি প্ল্যান্টের পারফর্মেন্স রিভিউ করছি। আমাদের যিনি চেয়ারম্যান আছেন তিনি এক্সপার্ট ইঞ্জিনিয়ার, তিনি নিয়মিতভাবে প্ল্যান্টে যান এবং যেখানে গিয়ে পারফর্মেন্স রিভিউ করেন। এই কাজে মনিটরিং করা হচ্ছে। এরপরে রুর‍্যাল ডিস্ট্রিবিউশন এবং ট্রান্সমিশনের ব্যাপারে পুরোপুরি সদ্ব্যবহারের কথা চিন্তা করতে হবে। একটা গ্রামে বিদ্যুৎ নিয়ে যেতে হবে, সেক্ষেত্রে একটা লাইন নিয়ে গিয়ে আলো জ্বালানোর ফাইল আমরা পাস করি না। একটা লাইন নিয়ে গিয়ে ডিক্লেয়ার করে দিলাম রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন হয়ে গেছে—এই ব্যবস্থা কিন্তু এক সময় এই স্টেটে চলেছে। এই স্টেটে ২০ বছর আগে এটাই চলেছে এবং তারজন্য গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার খাতায় লেখা আছে 'এতগুলো মৌজা ইলেক্ট্রিফায়েড'। তারজন্য তারা আর ইলেক্ট্রিফিকেশনের জন্য ঐসব মৌজাকে টাকা ধার দেবেন না। তারা বলছেন—আমরা শুধু ভার্জিন মৌজাকে ঋণ দেব। কিন্তু তাদের ভার্জিনিটি নষ্ট করে দেওয়া হয়েছে একটি লাইন নিয়ে গিয়ে একটি আলো জ্বালিয়ে। কিন্তু আমরা সেটা চাই না, আমরা চাই ঋণ নেবার সঙ্গে সঙ্গে কিছু করতে, যাতে টাকাটা প্রকৃত ইলেক্ট্রিফিকেশনের কাজে ব্যয় হয়। আমরা মৌজাভিত্তিক যে ইলেক্ট্রিফিকেশন করছি তাতে গত তিন মাসে ৪৩৫টি মৌজা ইলেক্ট্রিফাইড হয়েছে জানুয়ারি থেকে মার্চের মধ্যে। সেটা কিন্তু একটা খুঁটিতে একটা আলোর নয়। আমরা যখন একটা ভিলেজকে ইলেক্ট্রিফাইড করি তার যে বিদ্যুৎ চাহিদার চাপ সেটা নিকটবর্তী ৪০০ কিলো ভোল্টের ট্রান্সফর্মারের উপর গিয়ে পড়বে, ফলে ঐ ট্রান্সফর্মারের শক্তি অগমেন্ট করতে হবে। ৪০০ কিলো ভোল্টের শক্তি বাড়ালে তার পাশের ৩৩ কিলো ভোল্টের ট্রান্সফর্মারের শক্তিও বাড়াতে হবে। ৩৩ কিলো ভোল্ট ট্রান্সফর্মারের শক্তি বাড়ালে ১৩২ কিলো ভোল্টের ট্রান্সফর্মারের শক্তিও বাড়াতে হবে, কারণ এর একটা চেইন রিঅ্যাকশন আছে। শুধু গ্রামে বিদ্যুৎ দিয়ে দিলাম, সে ক্ষেত্রে সঠিক ভোল্টেজ রাখতে গেলে ট্রান্সফর্মারকে অগমেন্ট করতে হবে, ট্রান্সফর্মারের ক্যাপাসিটি বাড়াতে হবে। কিন্তু টাকা কোথা থেকে আসবে? এখন এটা এস. ই. বি.-র রেভিনিউ কালেকশন থেকে করা হচ্ছে ; কিছু সেন্ট্রাল থেকে ঋণ পাচ্ছি, কিছু স্টেট সাবসিডি পাচ্ছি। কিন্তু বিষয়টা সম্পর্কে আমরা অত্যন্ত সচেতন। এর পাশাপাশি আমরা বিভিন্ন প্রকল্প নিচ্ছি। এই বছরই সেটা শুরু হয়েছে। বাঁকুড়া এবং পুরুলিয়ায় সৌর-বিদ্যুৎ প্রকল্পের কাজ শুরু করছি। সেখানে সান ইজ ভেরি হট।

এই রিমোট ভিলেজে যারা বাস করেন তারা ফিনান্সিয়লি উইকার। আমরা আদিবাসীদের বলি ইকনমিক্যালি উইকার সেকশন অব দি পুপলেশন। আমরা এক্সপেরিমেন্টালি দুটো ভিলেজে দুটো সোলার পাওয়ার স্টেশন তৈরি করছি এবং এক একটা পাওয়ার স্টেশন ১০ থেকে ১২ কিলোওয়াটের হবে। আমরা এর সঙ্গে লোকদীপকে কানেকশন করে প্রতিটি বাড়িতে দুটো করে পয়েন্ট দেব। এটা একটা কো-অপারেটিভ করে হবে। প্রতিটি বাড়ি থেকে ১০ টাকা করে সেই কো-অপারেটিভে জমা দেবে। সেই ১০ টাকা করে মাসে যেটা জমবে—ধরুন, ১০০ বাড়ি আছে। তাহলে মাসে ১ হাজার টাকা জমবে। দুটি ছেলেকে রাখা হবে। তাদের আমরা ট্রেনিং দিয়ে দেব, তারা ব্যাটারিতে জল দেবে, সোলার প্লেটগুলি পরিষ্কার করবে।

তাদের ঐ হাজার টাকা থেকে এক শত টাকা করে দেওয়া হবে। বাকি ৮০০ টাকা জমা থাকবে। ৩/৪ বছর বাদে যখন ব্যাটারি রিপ্লেসমেন্টের প্রয়োজন হবে তখন তারা কো-অপারেটিভে এসে বলতে পারবে যে আমরা তোমাকে ৫ হাজার টাকা দিয়েছি, বাকি টাকাটা তোমার দাও। গভঃ ৫ হাজার টাকা ছাড়াও দিতে পারে। আমাদের উদ্দেশ্য হচ্ছে, এই যে পার্টিসিপেশন অব দি পিপল, এর মানে হচ্ছে ঐ যে সোলার পাওয়ার স্টেশন তার সঙ্গে মানুষকে একাত্মা করা। তারা এগুলি পাহারা দেবে, তারা জানবে যে এটা আমাদের নিজেদের জিনিস। এই ধরনের দুটো পাওয়ার স্টেশন করছি। একটা হচ্ছে, বাঁকুড়ায়, আর একটা হচ্ছে, পুরুলিয়ায়। এই দুটো সাকসেসফুল হলে আমরা অন্য জায়গায় এটা নিয়ে যাব বিশেষ করে সুন্দরবন অঞ্চলে যেখানে ডিপ লাইন নিয়ে যাওয়া শক্ত এবং ব্যয়সাপেক্ষ। এই সুন্দরবনে আমরা কিন্তু ১০০ ওয়াটের দুটো সোলার পাওয়ার স্টেশন করার চিন্তা করছি। আমরা এই প্রোপোজাল পাঠিয়েছি, একটু সময় লাগবে। সুতরাং আজ আপনাদের কাছে আমি এই কথা বলতে চাই যে অনুগ্রহ করে কখনই ভাববেন না যে আমি কমপ্লেসেন্ট অথবা আমি শহরে থাকি বলে, শহরের লোক বলে গ্রামের কথা ভাবি না। আমি শিক্ষা জগতের সঙ্গে সংশিষ্ট ছিলাম এবং গ্রাম ছাড়া যে শহর চলে না, দেশ চলে না এটা আমার থেকে কেউ বেশি জানে না। আমি প্রবলেম সম্পর্কে অত্যন্ত সচেতন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ডঃ সেন, আপনার আর কত সময় লাগবে।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আর ৫ মিনিটে আমি শেষ করে দিচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** তাহলে আরও ১০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি আশা করি আপনাদের কারও আপত্তি নেই। ১০ মিনিট সময় বাড়ানো হল।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এখানে থেপট-এর কথা বলা হয়েছে। আপনারা জানেন কত পারসেন্ট থেপট হয়, আর কত পারসেন্ট হুকিং, ট্যাপিং হয়? কি ভাবে এর থেকে অনেক বেশি চুরি হয়। ইন্ডাস্ট্রিয়াল ইউজার, ইন্ডাস্ট্রিয়াল কনজিমার যারা তারা মিটার টেম্পার করে, কারেন্ট টেম্পার করে, উল্টো দিকে পিরিয়ড শর্ট করে বিদ্যুৎ চুরি করে এবং তাদের মাসে বিল হচ্ছে ২০ থেকে ২৫ লক্ষ টাকা। এটা আপনাদের মনে রাখতে হবে। পাশাপাশি আমি এই কথা বলতে চাই যে আপনারা বিধায়ক, আপনারা আপনাদের নিজের নিজের এরিয়া দেখুন। আমাদের যারা সহকর্মী আছেন, তাদের পক্ষে কলকাতায় বসে, সল্ট লেকের থেকে সমস্ত জিনিস দেখা সম্ভব নয়। আপনারা আমাদের সাহায্য করুন, পার্টিসিপেট করুন। আপনারা আসুন, আমরা সকলে মিলে যদি চেষ্টা করি তাহলে উন্নতি নিশ্চয়ই হবে। তাই আপনাদের সাহায্য প্রার্থনা করে যে কাট মোশন বিরোধী পক্ষ থেকে আনা হয়েছে তার বিরোধিতা করে, আমার যে দাবি, ডিম্যান্ড নং ৬৯, যেটা আমি প্রেস করেছি সমর্থনের জন্য, আশা করি আপনারা সেটা সমর্থন করবেন।

## Demand No. 69

**Mr. Deputy Speaker :** Now, I put to vote all the cut motions

except cut Motion Nos. 6 to 9 on which I understand a Division will be demanded.

The motions (Cut Motion Nos. 1 to 5) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motions (Cut Motion Nos. 6 to 9) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following result :

NOES

Abdul Haque, Shri

Abdur Razzak Molla, Shri

Abul Basar, Shri

Adhikari, Shri Nityananda

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Lakhan

Bal, Shri Saktiprasad

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshmi

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Sri Santasri

Das, Shri Ananda Gopal

Das, Shri Soumindra Chandra

Deb, Shri Goutam

Dey, Shri Lakshmi Kanta

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Malin

Ghosh, Shri Sunil Kumar

Hazra, Shri Haran

Hore, Shri Tapan

Jamadar, Shri Badal

Jana, Shri Haripada

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Konar, Shrimati Maharani

Let, Shri Dhiren

Mahato, Shri Satya Ranjan

Maity, Shri Hrishikesh

Maji, Shri Pannalal

Majhi, Shri Raicharan

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Manna, Shri Janmenjoy

Mirquasim Mondal, Shri

Mistry, Shri Bimal

Moitra, Shri Birendra Kumar

Mostafa, Bin Quasem, Shri

Mukherjee, Shri Narayan

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Sundar

Nath, Shri Monoranjan

Nazmul Haque, Shri

Neogy, Shri Brajo Gopal

Oraon, Shri Jagannath

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhinen

Sen, Dr. Sankar Kumar

Sen Gupta, Shri Prabir

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Dr. Nirmal

Soren, Shri Subhas

Touab Ali, Shri

**AYES**

Abdul Mannan, Shri

Adhikari, Dr. Tarun

Banerjee, Shri Prabir

Bandyopadhaya, Shri Sudip

Das, Shri Sailaja Kumar

Des, Shri Ajoy

Nasiruddin Khan, Shri

Roy, Shri Sougata

Seth, Shri Bhupendra Nath

**Abst :**

Sarkar, Shri Deba Prasad.

Ayes being 9 and Noes 66.

The motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 1,80,00,00,000/- be granted for expenditure under Demand No. 69, Major Heads : "2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power Projects and 6869—Loans for Consumer Industries" (This is inclusive of a total sum of Rs. 90,00,00,000/- already voted on account in March, 1993) was then put and agreed to.

**Demand No. 72**

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 92,50,000/- be granted for expenditure under Demand No. 72, Major Head : "2810—Non-Conventional Sources of Energy" (This is inclusive of a total sum of Rs. 31,00,000/- already voted on account in March, 1993) was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5-51 p.m. till 11 a. m. on Tuesday, the 22nd June, 1993 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 22nd June, 1993 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 5 Ministers of State and 148 Members.

[11-00—11-10 a.m.]

**Starred Questions**

**(to which oral answers were given)**

**Mr. Speaker :** Starred Question No. 29.

*29. (Admitted Question No. *13) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-Charge of the Home (Jails) Department be pleased to state –

(a) the total number of Life Convicts in West Bengal Jails as on 31-12-1992;

(b) the number of Life Convicts who have been behind the bars for more than 14 years;

(c) the number of old, ailing and infirm among the lifers;

(d) the number of Life Convicts released by the Government during 1989, 1990 and 1991; and

(e) how many of them were from amongst the lifers mentioned in (b) and (c)?

**Shri Biswanath Chowdhury :**

(a) Number - 1083.

(b) Number - 95.

(c) Number - 13.

(d) Year 1989 1990 1991

No. 10 7 72

(e) All of them.

**Shri Gyan Singh Sohan Pal :** Mr. Speaker, Sir, you had been a Judicial Minister in the West Bengal Government and I have also had the privilege of becoming a Jail Minister.

**Mr. Speaker :** Mr Sohan Pal, Have you had the privilege of going to jail? And they were kind enough not to send you to the jail.

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, you are aware that in the matter of premature release of life convicts, the Jail Minister has a very limited role to play. The cases are examined by the Judicial Department and the Home Department and the final decision of their release is communicated to the Jail Department. This is the limited role of the Jail Department. I pity the Jail Minister who had limited role to play in the release of life convicts. He is required to face the Assembly today. Sir, the Jail Minister in his reply to (b), (c) and (d) has stated that 95 life convicts were behind the bar for more than 14 years, and 13 were of old ailing and infirm among the lifers and the life convicts released by the Government during 1989, 1990 and 1991 were 10, 7 and 72 respectively.

Sir, my supplimentary No. 1 is whether it is a fact that some Life Convicts who have been ailing behind the bars for more than 14 years, who were old, ailing and infirm, have been also released by the Government during 1989, 1990 and 1991? If so, what is the exact number of such convicts and what were the grounds?

**Mr. Speaker :** The number of released who are ailing and infirm and have or have not completed 14 years. যারা ১৪ বছর পূর্ণ করেননি জেলে, বা অসুস্থ ছিল না, বা বৃদ্ধ ছিল না এই রকম সংখ্যা থাকলে বলবেন। না থাকলে নোটিশ চাইবেন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** এটা নোটিশ দিতে হবে।

**Shri Gyan Singh Sohanpal :** Sir, my second supplimentary is whether – for your information – Akhtar Ali Mondal Sk. Aurangzeb, Jatin Raidas, Sk. Mongal and Bhola Pal, were life convicts during the

1989, 1990 and 1991? If so, how many years they were behind the bars what were the grounds for their released?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মাননীয় সদস্য জানেন এই ব্যাপারে আমি বিধানসভায় বলেছি। আমাদের ১৪ বছর সাজা প্রাপ্ত যে সমস্ত কয়েদী আছে তাদের মানবিক কারণে মুক্তি দেওয়া হয়। কেউ বৃদ্ধ হয়ে গেলে, কারোর পরিবারের অবস্থা অসহনীয় হলে, ছোট ছোট ছেলেমেয়ে, বা যাদের কেউ নেই তাদের মানবিক কারণে মুক্তি দেওয়া হয়। আর এই সম্পর্কে আমি কয়েকবার বিধানসভাতে বলেছি।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** স্যার, আমি স্পেসিফিকভাবে বলছি পাঁচটি নাম। আমি যে পাঁচটি নাম দিয়েছি তাদের রিলিজ করা হয়েছে কিনা এবং যদি করা হয়ে থাকে তাহলে ঐ রিলিজ করার কী গ্রাউন্ড ছিল?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি তো এটা বলেছি, আপনি জানেন যে জেলের যে নিয়ম পদ্ধতি সেই অনুসারে নামগুলো আমরা জুডিসিয়াল ডিপার্টমেন্টে পাঠিয়ে দিই। পাঠিয়ে দেবার পর জুডিসিয়াল তাদের এনকোয়ারী করে এবং পুলিশের কাছ থেকে তাদের রিপোর্ট নেওয়া হয়। আমি কয়েকবার এই বিধানসভাতে এই সম্পর্কে বলেছি।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** আপনি কয়েকবার বিধানসভাতে কি বলেছেন সেটা বলবেন কি?

**Mr. Speaker :** A technical point is there in regard to the release of convicts. It seems primarily Jail Ministry is not responsible in this regard. Home Department is responsible. The Jail Department only carry out the instruction. The Jail department doesn't take the decision. They simply implement the decision.

**Shri Gyan Singh Sohanpal :** At the outset I have explained the position. The Jail Department has a limited role to play. It is judicial and Home department who examine the cases. I have already asked my questions which have not been properly. And I also feel pity.

[11-10 – 11-20 a.m.]

**মিঃ স্পিকার ঃ** ওকে এটা জিজ্ঞাসা করে লাভ কি? জুডিসিয়াল ডিপার্টমেন্ট যদি ছেড়ে থাকেন তাহলে তারা তার কারণ জানাবেন।

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the question that I have asked, relates to Jail Department and not for something ........

**Mr. Speaker :** They don't take a decision in this matter. They only release, i.e., they only comply. They don't take a decision.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I am not talking about the decision. I have given him five names and I want to know whether these convicts are dehind the bar for more than fourteen years or what is the exact period for which they were behind the bar, and what were the grounds for their release?

**মিঃ স্পিকার ঃ** নোটিশ দেবেন, জানিয়ে দেব। এই তো সহজ উত্তর হয়ে গেল। এতে এত সময় লাগবে কেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমিও সেই কথাই বলছি যে আমি কয়েকবার এ বিষয়ে বলেছি, যদি আবার জানতে চান নোটিশ দেবেন।

**Shri Gyan Singh Sohanpal :** Sir, whether it is a fact that some life convicts who have been suffering from incurable diseases and whose cases have been recommended by the medical officers of the Jails have not been released?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমার কাছে সে রকম কিছু নেই, সে রকম কেস যদি থাকে তাহলে আমাকে জানাবেন, আমি খোঁজ নিয়ে দেখব।

**মিঃ স্পিকার ঃ** যদি এরকম কেশ থাকে প্রথমে ইউ লুক ইনটু ইট। আপনারা ডিসিসন নেবেন। আমাদের একটা দায়িত্ব আছে। আর একটা ফিলোজফি আছে convicts should not die in custody. যদি কোন কেস এরকম থাকে? ডেথ ডিসিজ থাকে আমরা ছেড়ে দিই, আমরা চাই না হাজতে লোক মরুক।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি এটা চেক আপ করে নেব।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** আজকের দিনে আর মিসা নেই কিন্তু এমন ঘটনা ঘটছে যে বহু আন্ডার ট্রায়াল প্রিজনার তারা বেল পাবার পরও বাইরে আসতে ভয় পাচ্ছে। বাইরে এলে দেখা যাচ্ছে যে বিভিন্ন থানা থেকে বা লালবাজার থেকে এসে আবার ধরে নিয়ে যাচ্ছে। এর ফলে আন্ডার ট্রায়াল প্রিজনাররা বেল নিতে ভয় পাচ্ছে এবং তার ফলে বছরের পর বছর তারা জেলের ভেতরেই থাকছে। এ ব্যাপারে আপনি অবগত আছেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** সে রকম আমার কাছে কিছু জানা নেই।

**শ্রী তপন হোড় ঃ** ২০ বছরের কয়েদিদের যে রেমিশান দেওয়া হয় তার নিয়ম বা

পদ্ধতিগুলি জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** যেসব কয়েদী যাবজ্জীবন কারা দন্ডপ্রাপ্ত, ১৪ বছর কারাদন্ড কাটিয়েছেন তাদের মুক্তির আবেদনগুলি রাজ্য সরকারের জুডিসিয়াল বিভাগ বিবেচনা করেন। সি. আর. সি. ৪৩৩ (এ) ধারা অনুযায়ী যারা ১৮.১২.৭৮ তারিখের পর থেকে বন্দি আছেন তাদের ১৪ বছর সাজা কাটাতেই হবে। এর পরে তাদের মুক্তির বিষয়টা বিবেচনা করা যেতে পারে। এ ক্ষেত্রে যে যে বিষয়গুলি বিবেচনা করা হয় তা হল — অপরাধ সংগঠনের সময়ের অবস্থা, অপরাধের চরিত্র, জেলে অপরাধীর আচার ব্যবহার, অপরাধী অপরাধ জগতে ফিরে যাবার প্রবনতা বা অন্যকে অপরাধে প্ররোচিত করার প্রবনতা। এই সমস্ত বিষয়গুলির উপর জেলা পুলিশ বা কলকাতা পুলিশের রিপোর্ট দেওয়া হয়।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জ্ঞান সিং সোহনপালের প্রশ্নের উত্তরে যে পাঁচ জনের নাম বললেন, তাঁদের কি কি কেসে আটক করে রাখা হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** না হবে না। এ বিষয়ে আগেই বলা হয়েছে আলাদা নোটিশ দিতে।

**শ্রী লক্ষ্মণ বাগদী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা শুনেছি যে সব কয়েদীরা যাবজ্জীবন কারাদন্ড প্রাপ্ত হয় তারা ১৪ বছর বা ২০ বছর সাজা পাওয়ার পর ছাড়া পায়। এখানে আপনি বলছেন তাদের বিষয়ে জেল অথরিটির রিপোর্টের প্রয়োজন হয় এবং তাদের কেসগুলো জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বিচার বিবেচনা করেন। আমার প্রশ্ন হচ্ছে কোন রিপোর্টের ভিত্তিতে তাদের ছাড়া হয়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি আগেই বলেছি যে, ১৮.১২.৭৮ তারিখের পর থেকে সাজা প্রাপ্তদের ১৪ বছর জেল খাটতেই হবে। এরপর তাদের মুক্তির বিষয় বিবেচনা করা হ'তে পারে। অপরাধ সংঘটনের সময়ের অবস্থা, অপরাধের চরিত্র, জেলে অপরাধীর আচার ব্যবহার, অপরাধীর অপরাধ জগতে ফিরে যাবার প্রবণতা বা অন্যকে অপরাধে প্ররোচিত করার প্রবণতা। এই সমস্ত বিষয়গুলির উপর রিপোর্ট জেলা পুলিশ বা কলকাতা পুলিশের কাছ থেকে নেওয়া হয়।

## Number of Destroyed Stalls/Shops

*31. (Admitted Question No. *15) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Municipal Affairs (Fire Service) Department be pleased to state –

(a) the total number of shops/stalls destroyed by fire at Mullick Bazar in April 1993;

(b) the total number of persons affected by fire as referred to in (a);

(c) the estimated loss of property on this account;

(d) whether the incident of fire was accidental; and

(e) whether the Government have any proposal to construct a multistoried building at the market site?

**Shri Ashok Bhattarcharjee :** (a) 144 Stalls and 58 shops were destroyed.

(b) 350 persons (approx.).

(c) Rs. 90 lakhs (approx.).

(d) This is a matter to be confirmed by police and Forensic reports.

(e) Not known to this Department.

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** স্যার এই যদি উত্তর হয় তাহলে আর কি প্রশ্ন করব?

**Shri Budddhadeb Bhattarcharjee :** They met our finance minister. We also know the problem. That is a private land. But the problem is we are waiting for the forensic report. Then we can come to such conclusions what actually happened.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বামফ্রন্টের আমলে ১৫ বছরে (গত এক বছর বাদ দিয়ে) ১৬টি বাজারে আগুন লেগেছে। আগুন লাগার পরে নিউ মার্কেট ফতেপুরিয়াদের দিয়ে দেওয়া হয়েছে। নতুন করে সেখানে বাজার তৈরি হয়েছে এবং তা নিয়ে অনেক আলোচনা, সমালোচনা হয়েছে। তারপর মল্লিক বাজারে আগুন লেগেছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই সমস্ত অগ্নিকান্ডের একটা কজ্ অফ্ ফায়ার সম্পর্কে কম্প্রিহেনসিভ রিপোর্ট হাউসে দেবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য একাধিকবার এই প্রশ্ন তুলেছেন, তবু আমি বলার চেষ্টা করছি। কলকাতা শহরে প্রায় ৭/৮টি ঘটনা ঘটেছে বেহালার ঘটনার পর। এলাকাগুলি দেখলে — যে পদ্ধতিতে বাজার চলছে, দোকানগুলি চলছে — সেই দিকটার দিকে তাকালে বুঝতে পারবেন কেন আগুন লাগে। এটাই হচ্ছে মুল সমস্যা। সেই কারণে আমরা বিশেষ এক্সপার্ট কমিটি তৈরি করেছি যাঁরা বর্তমানে ফায়ার সার্ভিস অ্যাক্ট যা আছে সেই আইনগুলি তাঁরা খতিয়ে দেখছেন। কি কি কাজ করতে দেওয়া হবে, কি কি কাজ করতে দেওয়া হবে না সেই সম্পর্কে আইনগুলি দেখতে হচ্ছে। দ্বিতীয়ত হচ্ছে, প্রত্যেকটি ক্ষেত্রে তদন্ত হয়েছে। তদন্ত হওয়ার পর বেশিরভাগ ক্ষেত্রে দেখছি, যেমন বেহালার ঘটনা

— আপনি কথা বলে দেখবেন — কেউ মনে করে না কোন সংগঠিত দল কলকাতায় ঘুরে ঘুরে আগুন লাগাচ্ছে। যে কথা আপনি বললেন, ফতেপুরিয়া — লেক মার্কেটের ব্যাপার ছাড়া আর কোন ক্ষেত্রেই সেই ধরণের জায়গাগুলিকে ব্যক্তিগত প্রোমোটারদের হাতে দেওয়া হয়েছে — এইরকম একটাও নজির নেই এবং হবেও না আমি বলছি না, যে বাজারগুলিতে, ঘরগুলিতে আগুন লাগছে সেখানে প্রোমোটারদের অভিসন্ধি নেই — এটা আমি অস্বীকার করছি না। আমি এ ব্যাপারে আপনার সঙ্গে একমত। ঐ একটি রয়েছে মার্কেট — ফতেপুরিয়া — বার্ণ স্টান্ডার্ডের যে পরিকল্পনা সেটা হয়ে গেছে সেটা হয়ে গেছে আর যে ৫টি ছিল ৫টিতে হবে না। দেখুন, অপেক্ষা করে। সরকারি পরিকল্পনা ছাড়া হার্ডকো, ব্যাঙ্ক এবং এল. আই. সি.র লোন নেওয়া আর হবে না। মূল কথা হচ্ছে, অগ্নি নির্বাপক আইনের আরো সংশোধন চাই, আরো শক্ত আইন চাই এবং প্রয়োগ করার মতন সংগঠন চাই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ভবিষ্যতে যাতে আগুন না লাগে তার জন্য অগ্নি নির্বাপকের যে সমস্ত আইন আছে সেগুলি আবার আপনি ভাল করে দেখছেন অর্থাৎ লংটার্ম প্রসেস — এটা ভাল। আমি বলছি, ইনটারিম কোন ব্যবস্থা অর্থাৎ আগুন যাতে না লাগতে পারে তার জন্য আশু কোন ব্যবস্থা নিতে পেরেছেন বা উপায় উদ্ভাবন করতে পেরেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আশু ব্যবস্থা বলতে যা বলছেন — আগুন লাগার সঙ্গে সঙ্গে বর্তমানে কলকাতার ফায়ার সর্ভিস উইঙ্গ বা ডিপার্টমেন্ট কাজের দায়িত্ব নিয়ে তারা তাদের কাজ করে। তাদের কাজ সম্বন্ধে এখন পর্যন্ত কলকাতাবাসীর আস্থা অর্জন করে আছে। ২ নম্বর হচ্ছে, অতি সম্প্রতি আমরা জাপানীজ-এর কাছ থেকে যে ইক্যুইপমেন্ট কিনেছি সেই ইক্যুইপমেন্টগুলি আমাদের অতিরিক্ত সাহায্য করবে। বড় ধরনের বাড়িতে বা জটিল জায়গায় যেখানে তাড়াতাড়ি — যেটা মেকানিক্যাল ল্যাডার বলে — আগুন নেভাতে সাহায্য করবে। যে টেকনিক্যাল অসুবিধাগুলি ছিল সেগুলি সমাধান করার পথ বের করেছি। এখন পর্যন্ত তাদের কাজের মধ্যে যে আস্থাবোধ এবং যে কর্তব্যপরায়ণতা রয়েছে তা কলকাতাবাসীর শ্রদ্ধা অর্জন করেছে। লং টার্ম প্রোগ্রামের জন্য এক্সপার্ট কমিটি আইন খতিয়ে দেখছে। যেমন ধরুন, বড়বাজারে এমন কিছু কিছু বাজার-দোকান আছে। যেমন, কালীঘাটে আগুন লাগলে — সেখানে গালা পুড়িয়ে চুড়ি তৈরি করে, সেখানে গালা পোড়ানোর দোকান আছে আবার বাড়ি পর পর আছে। এ ব্যাপারে কোনও আইন নেই।

এইভাবে সেখানে তারা দিনের পর দিন ব্যবসা চালাচ্ছেন, কি করে ঠেকাবেন? বড়বাজারে তিনতলা এমন বাড়ি আছে যেখানে আগুন লেগে যাচ্ছে। তাই আইন তৈরি করে সেই আইনকে এনফোর্স করা এটা খুবই প্রয়োজন। আমার এক্সপার্ট কমিটিকে বলা হয়েছে তাড়াতাড়ি ইনটেরিম রিপোর্ট দিতে যাতে এ-ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে পারি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি তো বললেন

সিরামিক রিপোর্ট এখনও পাওয়া যায়নি, তবে একটা কমিটি করেছেন; কাদের নিয়ে এই কমিটি করেছেন এবং তাদের রিপোর্ট পেতে এত দেরি হচ্ছে কেন? ফোরেনসিক এমন কি পরীক্ষা যা করতে বিদেশে পাঠাতে হয়েছে? এইরকম কতগুলো কেস রেফার করা হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ১৯৫০ সালের ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসের যে অ্যাক্ট আছে তাকে আপ-টু-ডেট করবার জন্য, তাকে পরিবর্তন ও পরিবর্ধন করবার জন্য ব্যবস্থা নেওয়া যেতে পারে। যাতে ফায়ার হলে সেটা শীঘ্র বন্ধ করা যেতে পারে এবং কিছু রেভিনিউ বৃদ্ধি করা যেতে পারে তার জন্য একটা কমিটি করা হয়েছে দশজনকে নিয়ে যার চেয়ারম্যান হয়েছে ডি. এন. ব্যানার্জি; অন্যান্য মেম্বাররা হচ্ছেন আমাদের একজন স্পেশাল অফিসার এবং এক্স-অফিসিও সেক্রেটারি, মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট, মিউনিসিপ্যাল কমিশনার — ক্যালকাটা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কমিশনার, ফায়ার সার্ভিসের ডাইরেক্টর, কলকাতা পুলিশের একজন প্রতিনিধি অমিয় নন্দী, উত্তরপাড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং ফায়ার লাইসেন্স বোর্ডের চেয়ারম্যান। এই দশজনকে নিয়ে কমিটি হয়েছে এবং ইতিমধ্যে তাদের তিনবার মিটিংও হয়ে গেছে। তাদের কাছ থেকে চূড়ান্ত রিপোর্ট পেতে দেরি হলেও একটা অন্তবর্তী রিপোর্ট দেবার কথা বলেছি। সেটা পেলে আমরা ব্যবস্থা নেব। আপনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, কোথাও বড় ফায়ার হলে সেক্ষেত্রেও কমিটি নিযুক্ত করে থাকি এবং তাদের রিপোর্টে সুপারিশ অনুযায়ী যা যা করণীয় সেটা আমরা করি এবং যেটা পুলিশের এক্তিয়ারে পড়ে সেটা তাদের কাছে পাঠিয়ে দিই।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানেন যে, হাওড়ার দুটি বাজার — মঙ্গলাহাট এবং পানবাজার পুড়ে গিয়েছিল এবং এতবড় ডিভাস্টেটিং ফায়ার আগে কখনও হয়নি নিউ মার্কেট ছাড়া। এর আগে আমি তিনবার এই বিধানসভার নজরে এনেছিলাম যে, হাওড়ার মঙ্গলাহাট জতুগৃহ হতে চলেছে, কাজেই ব্যবস্থা নিন। পুড়ে যাবার পর প্রতিশ্রুতি দেওয়া হল যে, সেখানে মাল্টি-স্টোরিড বিল্ডিং করে ঐ হাট করা হবে, কিন্তু আজ পর্যন্ত সেটা হল না। সেই হাট বর্তমানে আবার সেই পুরানো অবস্থাতেই ফিরে গেছে, ফলে সেটা আবারও জতুগৃহে পরিণত হয়েছে। আর পানবাজার পুড়ে যাবার সময় সেখানে তিনজন অগ্নিদগ্ধ হয়েছিলেন, কিন্তু আজ পর্যন্ত হাওড়ার পানবাজার যে অবস্থায় ছিল সেই অবস্থাতেই রয়েছে। এই দুটি বাজার পুনর্নির্মাণ করবার কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পানবাজারের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি, কিন্তু মঙ্গলাহাটের সম্পূর্ণ দায়িত্ব হাওড়া কর্পোরেশন নিয়েছে এবং তার নির্মাণের কাজ দ্রুততার সঙ্গে চলছে। মঙ্গলাহাট আমরাই করব।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** আমি বলছি, আজ পর্যন্ত কিছু করা হয়নি, একটি ইঁট পর্যন্ত গাঁথা হয়নি। পূর্বে মঙ্গলাহাট যেরকম জতুগৃহ ছিল সেই একইভাবে বাঁশ ইত্যাদি দিয়ে এটা আবার করা হয়েছে। আবার যদি সেখানে আগুন লাগে তাহলে তার দায়-দায়িত্ব আপনাকে

নিতে হবে।

**শ্রী সৌগত রায় :** এর আগে ১৯৮৮ সালে কোয়েশ্চেন নম্বর ৩১১ এর উত্তরে মন্ত্রী দশটি মার্কেটের নাম দিয়েছিলেন যেগুলিতে ১৯৮২ থেকে ১৯৮৭ এই সময়ের মধ্যে আগুন লেগেছিল। সেই তালিকায় লক্ষীকাটরা, গণেশ কাটরা, মঙ্গলাহাট, হাওড়া ফিশ মার্কেট, উল্টোডাঙ্গা মার্কেট, হগ মার্কেট ইত্যাদি করে দশটি মার্কেটের নাম ছিল। নিউ বৈঠকখানা মার্কেট এবং মঙ্গলা হাট মার্কেট এই হচ্ছে ১০টা মার্কেট। এর মধ্যে দুটো ডেভেলপমেন্ট করেছেন, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে এস. এস. হক মার্কেট, আর উল্টোডাঙ্গা প্রমোটারদের সাহায্যে। কিন্তু হাওড়া ইত্যাদি এই বাজারগুলিতে দেখা যাচ্ছে যে বাজারগুলি এমন ভাবে তৈরি যে সালেপটেবল টু ফায়ার। আগুন লাগলে কখনই সরকার বলতে পারেন না যে স্পেসিফিক কজ অব ফায়ার কি? কখনও বলেন যে শর্ট সার্কিট, কখনও অন্য কথা বলেন এবং লোকেরা সন্দেহ করে সাবোটেজ। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই বাজারগুলিতে সহজেই আগুন লাগে। সেজন্য বিশেষ করে ক্রাউডেড এলাকায় যে বাজারগুলি আছে সেখানে আগুন লাগলে তা নেভানোর জন্য কোনও বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা এবং বাজারগুলিতে যাতে আগুন না লাগে সে জন্য সরকার থেকে কোনও ব্যবস্থা নেবার কথা ভাবছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য দেরিতে এসেছেনে বলে বোধ হয় শোনেন নি। আমি বলেছি যে এক্সপার্ট কমিটির কথা আমার সহকর্মী এখনই এখানে বলেছেন। সেই কমিটির রিপোর্ট দেবার ক্ষেত্রে একটা বিশেষ পয়েন্ট আছে যে বাজারগুলিতে এই রকম হচ্ছে কেন? আমি মঙ্গলাহাট এবং বেহালা তদন্ত করতে গিয়ে বুঝেছিলাম যে তাদের সমস্ত ব্যবস্থা হচ্ছে পুরানো এবং বৈদ্যুতিক সংযাগের ব্যাপারে তাদের দায়-দায়িত্ব তারা নিজেরা নেন না। এমন একটা ব্যবস্থা তারা করেন যাতে যে কোন সময়ে একটা দুর্ঘটনা হতে পারে। সেই কারণে এই এক্সপার্ট কমিটিকে বিশেষ ভাবে বাজারগুলির ক্ষেত্রে একথা বলা হয়েছিল। আর একটা ইঙ্গিত যেটা এখানে দেওয়া হয়েছে, সেই সম্পর্কে বলছি, সরকার বাজারগুলির ক্ষেত্রে নিউ মার্কেটে যা হয়েছে, তারপরে সরকারের যে নীতি, সেই নীতিতে প্রাইভেট প্রোমোটারের কোন প্রশ্ন নেই, যা করার সরকারই করবেন।

## Setting up a Cultural Complex

*32. (Admitted Question No. *87) **Shri Sougata Roy :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state –

(a) whether a Cultural Complex is to be set up in Rawdon Square with the help of the Central Government;

(b) if so, the amount of money sanctioned by the Centre; and

(c) the details of the proposed complex?

**Buddhadeb Bhattacharjee :** (a) Yes.

(b) Govt. of India has been approached to sanction a total grant of Rs 4 crores in favour of Calcutta Cultural Centre for construction. An amount of Rs. 15 lakhs has since been released by the Govt. of India for the preliminery work.

(c) The project envisages construction of a comprehensive Cultural Complex with provision of a large multipurpose auditorium of international standard with latest facilities having capacity of 3000 seats which the metropolitan city badly needs and two smaller auditoria, an archive of cultural internet, a Central library, necessary space for office staff and members and other allied facilities related to the promotion, dissemination of culture, maintaining the water bodies, greeneries, openness of the periphery, taking into account the traffic & other related problems and keeping in mind the environment issues related to such type of construction.

**Shri Saugata Roy :** Sir, the Honourable Minister is aware that even after he became the Municipal Affairs Minister and also the Minister of Information and Cultural Affairs Department, and earlier, a proposal was there to set up a commercial-cum-cultural complex is Rawdon Square with the help of a private promoter Shri Arun Bajoria. At that time, the matter was discussed in this House and our party also started agitation on this issue, and ultimately the project was settled. We had two objections to the proposal complex then at Rawdon Square :

(i) Was the environmental aspect of the project reviewed in which the open space within a square was being converted into a complex concrete jungle was going to be built and (ii) of course by giving land to the private promotor at a very profitable margin?

Now, it seems that the Minister has removed one irritant and that he has taken it away from the private promotors.

May I ask the Hon'ble Minister that was the compulsion of having a cultural complex at Rawdon Square? Was there no other area available? Is it necessary to spoil a park just for the sake a building, a cultural complex, or is it a question of ego of the Hon'ble Minister, that — since the Congress(I) supporters had agitated there, for that we

must have a complex at that particular place, so far away that they do not know what there is, so the Minister must build a cultural complex at that area. It is a question of keeping the environment or is it the question of satisfying the Minister's ego? This is the point, I want to be clarified by the Minister.

**Shri Buddhadeb Bhattarcharjee :** No, it is not the question of Minister's ego. Please, you try to understand it. The first point, have already been replied that the original idea was to set up a commercial-cum-cultural complex by CMC. We dropped that idea. Now this question comes. Have you ever been at the Rawdon Square? You don't know, what is the position of the Rawdon Square at this moment. Only there are jungle, some bushes. It is really creating pollution in this area. It is creating just pollution. It is a polluted area, polluted park. We want to get rid of this. And finally — this is not the question of ego. We need such type of auditorium. I repeat, an international auditorium in Calcutta, which we need and again I repeat, by maintaining the water body and maintaining the greeneries. I assure you, the Hon'ble Member that the water body will be maintained and the garden will be beautified and will be looked like Nandan. What happened there? We faced some problems with the engineers. They said, they should not destroy the water body because of various reasons even for preventive measures and for other reasons also. If anything happens, if fire takes place, or anything, we will face problems. We will maintain the water body. We will maintain the park and present position of Rawdon Square is horrible you know, and I assure you other related problems means traffic problems, car parking problems, all problems will be sorted out. We need a sort of auditorium like this — 3000 capacity auditorium. And I assure the Hon'ble Member, it is not the question of ego. Let us all together forward and Centre has agreed also. The Governor also formed a society and he is heading, the society and he personally monitoring the case. And I have convinced the Central Minister of Human Development Resources. I met him, I told him the whole story. What are the controversies. Actually, there are two controversy — commercial-cum-cultural complex and the environmental issue. I convinced the Central Minister. The two questions are at all not big question. I can solve this problem and we have already held a function, you know, sort of an inaugural function and we will start work now. We have created the ground, we have tested soil and we have started ancillary things. I

appeal to you, don't object it. Let us have another beautiful hall like Nandan.

**Shri Saugata Roy** : There is nodoubt that we need a beautifull hall like an auditorium in Calcutta, and I appreciate the Minister's sincerity in issuing the appeal. But I may tell him that Calcutta Corporation is also under him and Rawdon Square is under the Calcutta Corporation. If there are bushes, if there are jungle, it was duty of the Calcutta Corporation to remove them and keep the place clean. You cannot build an auditorium in every park just beacuse there are bushes, and Corporation does not cut them. Sir, may I ask the Hon'ble Minister as to whether he has convinced the Human Development Resource Minister — because he has never before referred it to us — and also convinced the Government. Let us find that.

May I ask the Hon'ble Minister whether he had informed the Environment Department of the State Government and the Environment Ministry of the Central Government to really get an environmental clearance as to whether the central complex could be built in such crowded area because there are multi-storied building and also you would have to maintain how much of the water body and how much area will be encroached upon and whether such a building would really set up an ecological balance in the city?

[11-40 - 11-50 a.m.]

**Shri Buddhadeb Bhattarcharjee** : No, no. Please try to understand our point. We are already in touch with environment department, our State department and their counterpart in Delhi. We are already in touch with them. We have sent them the whole project. We are still planning, we are drawing and it is not yet final. We need some consultancy, we need some help from the architects. I have already said that we need such an auditorium in the heart of the city. We need such an auditorium in the heart of the city. I just can't set up and build up an auditorium in the corner of the city or in the side of E. M. By-pass. How can people go there? This is one point. Another point, there are hundreds of parks. CMC has no capacity to maintain all of them. This is simply a monetary problem. Here is a park in the central place, in the heart of the city, where we can build such an auditorium which will not create any environmental problem, traffic problem and which should protect the

ırea, and the water body will be maintained. I again repeat this point.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি রডন স্কোয়ারে যেটা করছেন ওটা একটা পলিউটেড জায়গা। কিন্তু রিচি রোডে, সেখানে আপনি একটা কালচারাল কমপ্লেক্স করবার কথা ভাবছেন না কেন? যেটা শোনা গিয়েছিল যে এক সময়ে ক্যালকাটা কর্পোরেশন এখানে একটা কাচারাল সেন্টার করার জন্য উদ্যোগ নিয়েছিলেন। সেটার এখন কি অবস্থা? আমরা এটা শুনেছি এবং কাগজেও বেরিয়েছে যে ভিক্টোরিয়া পার্কে আপনারা ইন্দুজাদের সহযোগিতায় আর একটা জিনিস ডেভলপমেন্ট করার চেষ্টা করছেন। ব্যক্তিগত ভাবে কারও উদ্যোগে কোন ভাল জিনিস যদি হয় তাহলে আমরা তার বিরোধী নই। কিন্তু তা'বলে আপনি হিন্দুজাদের টাকা নিয়ে ভিক্টোরিয়া পার্ককে ডেভেলপ করতে পারেন না। কারণ, এর পরে তো দেখা যাবে আপনি দাউদ ইব্রাহিমের টাকা নিতে চাইবেন। সেজন্য বলছি, জোর করে যদি হিন্দুজাদের টাকা নিয়ে ঐ ধরনের কিছু ডেভেলপ করার চেষ্টা করেন তাহলে এখানে রক্ত গঙ্গা বইবে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু ঠিক কি বলছেন তা আমি বুঝলাম না। রিচি রোডে না করে কেন রডন স্কোয়ারে এটা করছি, এটা সম্বন্ধে আমি আগেই বলেছি। যেখানে কোন কালচারাল কমপ্লেক্স নেই, সেখানে আমরা একটা কালচারাল অডিটোরিয়াম করতে চাই। ওখানে কোনও ট্রাফিক প্রবলেম হবে না, বিশেষ করে আমরা যে ভাবে প্ল্যান করেছি তাতে কোনও প্রবলেম হবে না। কৈ, কলামন্দির থেকে রবীন্দ্র সদনের মধ্যে মাঝখানে তো কোনও সমস্যা হয়না? কলামন্দির হলের বাইরে, থিয়েটার রোডে এই ধরনের কোনও ট্রাফিক প্রবলেম যদি না হয়, তাহলে আপনাদের কিসের আপত্তি? আমরা ট্রাফিক পুলিশের সাথে কথা বলে, এনভায়রর্নমেন্ট ডিপার্টমেন্টের সাথে কথা বলে এই কাজটা করব। তাছাড়া আমাদের এখানে সি-এম-ডি-এ-র যদি ও. ডি. পি. আছে সেটা খুবই কড়া আইন। সবকিছু মেনেই তবে করা হবে। ভিক্টোরিয়া পার্ক সম্বন্ধে বলতে চাইছিলেন, সে সম্বন্ধে আপনি নোটিশ দেবেন, কর্পোরেশনের যদি কিছু কাগজপত্র থাকে তা দেখে আপনাকে আমি জবাব দেব।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** এটা আমরা কাগজে দেখেছি। সেখানে প্রশ্ন উঠেছে, এটা মারাত্মক কথা ...............

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কাগজের প্রশ্নের আমি উত্তর দিই না। আপনার প্রশ্ন থাকলে করবেন, উত্তর দেব।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** সুব্রতবাবু, আই হ্যাভ নট অ্যালাউড ইওর সেকেন্ড কোয়েশ্চেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য যে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের আন্ডারে যে আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান অর্থাৎ ওডিপি হয়েছে সেটা ক্যালকাটা কর্পোরেশনের ৬০ ওয়ার্ডের ক্ষেত্রে ভবতোষ দত্ত চেয়ারম্যানকে দিয়ে যে রাডন স্কোয়ার এই কমপ্লেক্সটিকে কালচারাল কমপ্লেক্স হিসাবে ব্যবহার করবার যে সিদ্ধান্ত নিয়েছিলেন এবং জ্যোতি বাবু যাতে ফাউন্ডেশন স্টোন লে করেছিলেন সেখানে ভবতোষ দত্ত চেয়ারম্যান অ্যাজ এ মার্ক প্রটেস্ট রিজাইন করেন এবং কালচারাল কমপ্লেক্স হিসাবে ভবতোষ দত্ত যেটিকে বলেন সেটা আপনারা করেন নি এবং ওডিপি ওই টিএলসিপি অ্যাক্টের আন্ডারে যে আইন আছে তাতে লঙ্ঘিত হচ্ছে। ওই কালচারাল কমপ্লেক্সটি টাউন অ্যান্ড কান্ট্রিস প্ল্যানিং অ্যাক্টের আন্ডারে ওডিপি আইন লঙ্ঘিত হচ্ছে এই ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য স্বনামধন্য অর্থনীতিবিদের নাম না টেনে আনলেই ভালো করতেন। আপনি যাঁর নাম করেছেন তিনি আমাদের আশীর্বাদ, তাঁর স্নেহ নিয়েই আমরা কাজ করছি এবং করব। তাঁর পদত্যাগ করার কোনও কারণই নেই এবং এর সঙ্গে তাঁর কোনও সম্পর্ক নেই। আমি আবার বলছি যে, ৬০নং ওয়ার্ডের যে ওডিপি করা হয়েছে সেই বিষয়ে যদি আপনি যদি জানতে চান আপনি প্রশ্ন করুন আমি হাউসে উত্তর দেব বা আপনি যদি আমার কাছে এসে জানতে চান আমি বুঝিয়ে দেব। টিএলসিপি অ্যাক্টের ৪৭(১) এবং ৪৭(২) এতে সরকার কি করতে পারেন সেটা একটু পড়ে নেবেন। আমরা এই ৪৭(১) এবং ৪৭(২) কি প্রভিসন আছে সেটা দেখেই কাজ করেছি। তাছাড়া ভবতোষ দত্তের চিন্তা ভাবনা নিয়েই আমরা কাজ করছি এবং তার আশীর্বাদ আমরা সব সময় পাব।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment motion from Shri Saugata Roy on the subject of alleged problem created at Sukchar by keeping the dead body of Balak Brahmachari uncremeted.

The subject matter of the Motion does not warrant Adjournment of the business of the House. Moreover, the Member may call the attention of the Minister concerned through question, Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the Motion as amended.

**Shri Saugata Roy :** This Assembly do now adjourn its business to discuss a difinite matter of urgent public importance and of recent occurrence, namely, —

The situation in Sukchar Asram of the Late Balak Bramhachari is causing serious concern. The dead body is lying uncremeted for a long time, thus causing a health hazard. The rationalist groups are decrying the non-cremations, Serious clashes are breaking out between the discipline of Santan Dal and the local people. The problem must be sorted out immediately since the Secretary of the Santan Dal is meeting the C. M. today.

**Mr Speaker :** Today I have received four notices of Calling Attention, namely :

| | | |
|---|---|---|
| i) Payment of 32% Dearness to the State Government Employees, Teachers, Municipal Employees. | : | Shri Sobhan Deb Chattopadhyay. |
| ii) Steps taken by the State Government to supply arsenic-free drinking water | : | Shri Dipak Mukherjee. |
| iii) Reported incidents of violence around Ashram of Late Balak Bramhachari on 20.6.'93 and 21.6.93. | : | Shri Saugata Roy. |
| iv) Reported decision of Tata Tea to withdraw from the Haldia Petro-chemicals Project. | : | Shri Saugata Roy. |

(Calling Attention Notice on the same subject have been admitted and statement due on 23.6.93)

As regard the last calling attention notice I have already admitted one given by Shri Lakshman Chandra Seth on 21.6.1993.

Today I have selected the notice of Shri Saugata Roy on the subject of reported incidents of violence around Sukchar Ashram of Late Balak Bramhachari on 20.6.93 and 21.6.93. The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 23rd June.

## MENTION CASES

**শ্রী ননী কর :** মিঃ স্পিকার স্যার, আমি একটা মানবিক বিষয়ে আপনার ও সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে আমাদের এখানে ১৫ তারিখে যে অবিচ্যুয়ারী হয়েছিল তাতে আমরা হাসি রাশি দেবীকে স্মরণ করেছি। আগামী ১৩ই জুন, গোবরডাঙ্গায় ৮২ বছর বয়সে হাসি রাশি দেবী পরলোক গমন করেন। বাংলা সাহিত্য জগতে, বিশেষ করে শিশু সাহিত্য জগতে হাসি রাশি দেবী একটি পরিচিত নাম ছিল। ইনি প্রয়াত প্রভাবতী দেবীর ছোট বোন। রবীন্দ্রনাথের স্নেহধন্যা হাসি রাশি দেবী শুধু সাহিত্যকলায় নয় চিত্রশিল্পী হিসাবেও যথেষ্ট সুনামের অধিকারী ছিলেন। তাই রবীন্দ্রনাথ তার নাম দিয়েছিলেন চিত্রলেখা। শুধু সাহিত্য বা চিত্রতে নয়, নারী-মুক্তি আন্দোলনেও তাঁর নাম যথেষ্ট ভূমিকা ছিল। ১৯৪৩ সালে দুর্ভিক্ষের সময় গোবরডাঙ্গায় দুর্গতদের যে রান্না খাবার পরিবেশন করা হত সেই কাজ করা থেকে শুরু করে দুর্ভিক্ষ প্রতিরোধের জন্য তিনি নানা আন্দোলন করেছিলেন। তিনি মহিলা আত্মরক্ষা সমিতি, যা আজকে গণতান্ত্রিক মহিলা সমিতি নামে পরিচিত তার অন্যতম সংগঠক ছিলেন। তিনি সরকারের কাছ থেকে মাত্র ১৫০ টাকা সাহায্য পেতেন। তিনি একটা স্কুল ঘরে বাস করতেন এবং তাকে দেখাশোনা করতেন একজন মুসলিম মহিলা। তিনি ছাড়া তার আর কেউ ছিল না। তার যে সমস্ত লেখা বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয় তার মধ্যে অন্যতম হল, মানুষের ঘর, রাজকুমার জাগো, কুশদহের ইতিহাস। তার এই সঙ্কলন প্রকাশ করা সহ, এই মহিলার স্মৃতি রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ আমি সরকারের কাছে করছি।

**শ্রী নাসিরুদ্দিন খাঁন :** মিঃ স্পিকার স্যার, আমার নওগাঁ বিধানসভা কেন্দ্রের মধ্যে টুঙ্গী হাইস্কুল আছে। এই হাইস্কুলে চতুর্দিকের গ্রাম থেকে ছাত্র আসে এবং এর ছাত্র সংখ্যা প্রায় কয়েক হাজার। এর বহু দূরে একটা হায়ার সেকেন্ডারি স্কুল আছে যার জন্য এই স্কুলে ছাত্র সংখ্যা বেশি। ঐ স্কুলটাকে হাইস্কুল থেকে উন্নীত করে হায়ার সেকেন্ডারি করার জন্য আমি উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। নইলে ঐ এলাকার মানুষরা তাদের ছেলেদের উচ্চ শিক্ষা দেওয়ার থেকে বঞ্চিত হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি অবিলম্বে এটা তদন্ত করে দেখে এলাকার ছেলেমেয়েদের লেখাপড়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী নৃপেন গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রীষ্মকালের ঝড়ো হাওয়া এবং সাম্প্রতিক যে নিম্নচাপ হয়ে গেছে তাতে সুন্দরবন এলাকার নদীবাঁধ খুব ক্ষতিগ্রস্থ হয়েছে। এই নদী বাঁধগুলো অবিলম্বে মেরামত করা দরকার, তা নাহলে যে বর্ষাকালীন কোটাল চলছে তাতে নোনাজল

ঢুকে ফসল নষ্ট হবে।

আমি এ ব্যাপারে বিভাগের সঙ্গে কথাবার্তা বলেছি, আলাপ আলোচনা করেছি। সেখানে যেসব পরিকল্পনা ইতিমধ্যে গৃহীত হয়েছে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগণ্য। সেখানে ২৫ শতাংশ কাজ করবার তারা চেষ্টা করছেন। আমার বক্তব্য হচ্ছে, অন্তত ৫০. শতাংশ কাজ, মাটির কাজ করে এবং সংস্কারের ব্যবস্থা করে যদি ব্যবস্থা না নেওয়া হয় তাহলে আগামী মরশুমে চাষীদের ফসল নষ্ট হবার সম্ভাবনা আছে। আমি আশা করছি, মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার জেলা মালদহের জেলা হাসপাতাল সম্বন্ধে কিছু গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপিত করে এই হাউস তথা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মালদহের জেলা হাসপাতালের এখন বেহাল অবস্থা। হাসপাতালে ওষুধ নেই, ব্লাড টেস্ট হয়না, ই. সি. জি. হয়না, এক্সরে হয়না শুধু হাসপাতালের বাড়িটাই সেখানে পড়ে আছে। সেই হাসপাতালে গেলে নার্স বা সিস্টাররা একটা করে স্লিপ লিখে দেন যে এই ওষুধগুলি কিনে নিয়ে আসুন। যে কাগজে স্লিপ লেখা হয় সে সম্পর্কে আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম, তারা উত্তরে বললেন যে আমাদের কাছে এমন কি স্লিপ লেখার কাগজ পর্যন্ত নেই। ব্যান্ডেজ প্যাক করার কাগজে আমরা তাই স্লিপ লিখতে বাধ্য হচ্ছি। স্যার, এর সঙ্গে সঙ্গে আমার বিধানসভা কেন্দ্রের স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে একটু বলতে চাই। আমার ওখানে দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে আড়াইডাঙ্গা এবং কুমারে, সেখানে ডাক্তার আছেন কিন্তু কোনও ওষুধ নেই। জ্বর হলেও সেখানে লাল ওষুধ দেওয়া হয়, পেট খারাপ হলেও তাই এবং এমন কি জন্ডিস হলেও সেই লাল ওষুধ দেওয়া হয়। বাচ্ছাদের ভোলাবার মতন লাল ওষুধ দিয়ে সেখানে মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। তা ছাড়া আমার বিধানসভা কেন্দ্রে সুলতানপুর, সম্বলপুর, নুরপুরে ছোট ছোট উপস্বাস্থ্যকেন্দ্র আছে, সেগুলি কিন্তু বন্ধ হয়ে আছে। স্যার যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আছেন সেখানে ওষুধ নেই, জেলা হাসপাতালের বিল্ডিংটিতে মানুষ ট্রিটমেন্ট করতে যেতে সাহস পান না। বিল্ডিংটি সেখানে শুধু বামফ্রন্ট সরকার স্যালাইন দিয়ে বাঁচিয়ে রেখেছেন। মালদহে এইভাবে মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। সেখানকার মানুষরা যাতে উপযুক্ত চিকিৎসা পায়, ওষুধ পায় এবং বন্ধ উপস্বাস্থ্যকেন্দ্রগুলি যাতে অবিলম্বে খোলা হয় তার দাবি জানাচ্ছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মালদহ জেলার একটি বিশেষ সমস্যার কথা এই হাউসে তুলে ধরতে চাই। মালদহে আম, ধান, পাট, রেশম এই ৪টি প্রধান অর্থকরী ফসল। ৪ বছর পরে এবারে আম হয়েছিল কিন্তু দুবারের ঝড়ে দুই তৃতীয়াংশ আম পড়ে গিয়েছে। মালদহের আমের বাজার হচ্ছে আসাম এবং বাংলাদেশ। রেলের ওয়াগনের অভাবে আসামে মাল যায় না আর বাংলাদেশে তো ব্যবস্থাই নেই।

কলকাতায় পাঠাতে যে লরি ভাড়া লাগে এবং যে টাকা এন্ট্রি ট্যাক্স হিসাবে দিতে হয় তাতে আমের দাম তারা পান না। এর ফলে মালদহের অর্থকরী অবস্থা খুব খারাপ। মাননীয় বাণিজ্য মন্ত্রী এবং কৃষি বিপনন মন্ত্রীর কাছে আমার অনুরোধ ফজলি আম আছে, এবারে সম্ভব না হলেও আগামী বছর থেকে আম যাতে বাংলাদেশে পাঠানো যেতে পারে সে ব্যবস্থা করুন।

[12-00 – 12-10 p.m.]

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উল্লেখ করছি। পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী জেলা গুলি, বিশেষ করে সীমান্তবর্তী নদীয়া জেলা দিয়ে প্রতিদিন অনবরত অনুপ্রবেশ ঘটছে। পঞ্চায়েত নির্বাচনের আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন, সীমান্ত সিল করে দেওয়া হয়েছে। কিন্তু কার্য ক্ষেত্রে তার কয়েক দিন পরে দেখলাম কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তরের অধীনস্ত বি. এস. এফ.-এর সর্বময় কর্তা বললেন, এ রকম কোনও পরিকল্পনা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া সীমান্ত দিয়ে চোরা-পথে বি. এস. এফ.-এর মাধ্যমে লক্ষ লক্ষ অনুপ্রবেশকারী নদীয়া জেলায় ঢুকে পড়েছে। তাদের ধর্মান্ধতার সুযোগ নিয়ে বিগত পঞ্চায়েত নির্বাচনে ধর্মের জিগির তুলে সাম্প্রদায়িক দল বি. জে. পি. নদীয়া জেলায় সব চেয়ে বেশি ৩০৫টি আসন দখল করেছে। আমি মনে করে সীমান্ত দিয়ে এই অনুপ্রবেশ একটা আন্তজার্তিক ইস্যু। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়টির পর এবং তাঁদের কাছে অনুরোধ করছি, অবিলম্বে ভারত বাংলাদেশ সীমান্তে — বিশেষ করে নদীয়া জেলায় কাঁটা তারের বেড়া দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী বিমল মিস্ত্রী ঃ** (অনুপস্থিত)

**শ্রী নির্মল দাস ঃ** (অনুপস্থিত)

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর নিম্নলিখিত বিষয়টি সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করছি। চন্দননগর এবং তার পার্শ্ববর্তী অঞ্চল থেকে ছাত্ররা এবং অভিভাবকরা বহু দিন যাবৎ চন্দননগর কলেজে জুওলজি এবং বোটানীর অনার্স বিভাগ খোলার দাবি জানাচ্ছে। তাদের দাবির পরিপ্রেক্ষিতে '৮৯ সালে চন্দননগর কলেজ থেকে একটা প্রস্তাব পাস করা হয় এবং তা উচ্চ শিক্ষা দপ্তরে এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কাছে পাঠিয়ে দেওয়া হয়। ১৯৯১ সালের ৭ই এপ্রিল এবং '৯২ সালের ৪ঠা জুন তারিখে দুটি রিমাইন্ডার দেওয়া হয়। তারপর বর্ধমান ইউনিভার্সিটি থেকে একটা টীম এসে পর্যবেক্ষণ করে তাঁদের সম্মতি প্রদান করে যান এবং সে সম্পর্কে একটি চিঠি ডি. পি. আই.-কে দেন। এখন আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে এই কথা বলতে চাই যে, চন্দননগর কলেজে এ দুটি বিষয়ে অনার্স বিভাগ খোলার জন্য সরকারকে

আলাদাভাবে কোনও আর্থিক দায় দায়িত্ব বহন করতে হবে না। এক্সিসটিং স্টাফ সেখানে যা আছে তাই যথেষ্ট জুওলজি এবং বোটানীর অনার্স বিভাগ খোলার জন্য। অতএব ওখানকার মানুষের দাবির পরিপ্রেক্ষিতে এবং ছাত্রদের আগ্রহের পরিপ্রেক্ষিতে এবং উচ্চ শিক্ষা বিস্তারের স্বার্থে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী নিশ্চয়ই এ বছর থেকে চন্দননগর কলেজে এ দুটি বিভাগ চালু করে দেবেন, এই আশা এবং বিশ্বাস আমার আছে।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অশোকবাবু এখানে উপস্থিত আছেন, তিনি যদি দয়া করে একটু শোনেন তাহলে ভাল হয়। সম্প্রতি মেদিনীপুর জেলার এগরায় পৌরসভা গঠন করা হয়েছে। দুটি গ্রাম পঞ্চায়েতকে পৌর এলাকার মধ্যে সংযুক্ত করা হয়েছে। ১২ জন সদস্যকে মনোনীত করে পৌর বোর্ড গঠন করে জেলা শাসকের কাছে রিপোর্ট পাঠিয়ে দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, যে দুটি গ্রাম পঞ্চায়েত নিয়ে পৌর বোর্ড গঠন করা হল, সেদুটি গ্রাম পঞ্চায়েতই কংগ্রেসের দখলে ছিল। স্যার, ৭৩ এবং ৭৪-তম সংবিধান সংশোধনের পরে এই নির্দেশ দেওয়া হয়েছে। অথচ এ সংবিধান সংশোধনের মধ্যে দিয়ে পরিষ্কার এই নির্দেশ দেওয়া হয়েছে যে, এরপর থেকে কোনও জায়গায় নতুন কোনও পৌরসভা তৈরি করতে হলে নির্বাচনের মাধ্যমে বোর্ড গঠন করতে হবে। অথচ রাজ্য সরকার সংবিধান সংশোধন করে যে নতুন নগরপালিকা আইন তৈরি হয়েছে তাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে বামফ্রন্টের পছন্দ মতো মনোনীত ব্যক্তিদের মাধ্যমে এগরায় পৌর বোর্ড গঠন করা হয়েছে। আমি আপনার মাধ্যমে দাবি করছি, অবিলম্বে এ মনোনীত পৌর বোর্ড ভেঙ্গে দিয়ে নির্বাচনের মাধ্যমে পৌর বোর্ড গঠন করা হোক। যদিও ওখানে গ্রাম পঞ্চায়েত আমাদের দখলে আছে তবুও আমি চাই নির্বাচনের মাধ্যমে পৌর বোর্ড গঠন করা হোক। আমি সবিনয় নিবেদন করছি, জেলাশাসককে যে তালিকা পাঠিয়ে পৌর বোর্ড গঠন করবার জন্য যে নির্দেশ দেওয়া হয়েছে তা বাতিল করার দাবি জানাচ্ছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭৪তম সংশোধন ১ জুন, ১৯৯৩ সালে আইনে বাস্তবায়িত হয়েছে। কিন্তু ১ বছর পর্যন্ত ১৯৯৪ সালের ৩১ মে পর্যন্ত যে আইনগুলি আছে বিভিন্ন রাজ্যে সেই আইন অনুযায়ী পৌরসভাগুলি চলবে, নতুন পৌরসভা গঠিত হবে এবং মনোনীত পৌর বোর্ড ঐ আইনেই সংগঠিত হবে। ৭৪তম সংশোধন যা হয়েছে সেটা এই মুহূর্তে যে কোনও রাজ্যে কার্যকরী করার কথা নয়।

**শ্রী হৃষীকেশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী গণেশবাবু এখানে আছেন। আমি আপনার মাধ্যমে গোটা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করব। একটু আগে মাননীয় বিধায়ক নৃপেন গায়েনও এই সম্পর্কে মেনশন করেছেন। বর্ষা শুরু হয়ে গেছে। সুন্দরবনের মানুষ ভয়ানক আশঙ্কিত, বিশেষ করে নদীর ভাঙ্গন রোধের জন্য সেচ দপ্তর নিশ্চয়ই এমব্যাঙ্কমেন্টের ব্যবস্থা করেছেন

এবং করছেন, এ বছরেই করছেন। কিন্তু আমি বরাবর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করার জন্য মেনশন করছি সেটা হচ্ছে, সুন্দরবনের কয়েকটি জায়গা আছে সেখানে ব্লকপিচিং এবং নদীবাঁধ মেরামত করার যে পদ্ধতি আছে তাতে আর রক্ষা করা যাবে না। ঘোড়ামারা, শিবকালীনগর, লক্ষ্মীপুর প্রভৃতি মৌজা এগুলিকে রক্ষা করার জন্য এমব্যাঙ্কমেন্ট বা ব্লকবিচিং দ্বারা হবে না। সুতরাং এইগুলিকে যদি মেইনটেনান্স করতে হয় তাহলে আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা-পয়সা পাবার জন্য আবেদন-নিবেদন করা দরকার। কিভাবে রক্ষা করা যায় সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করা দরকার। ধ্বস নেমে মানুষ মরছে, আমার নিজের বাড়ির সামান্য কিছু দূরে সমুদ্র এসে গেছে, ধ্বস নেমে মানুষ মারা গেছে। সেই জন্য আমি অনুরোধ করছি, কেন্দ্রীয় সরকারের কাছে একটা ডেপুটেশন দিয়ে অবিলম্বে এই ভাঙনের হাত থেকে কিভাবে রক্ষা পাওয়া যায় তারজন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**মিঃ স্পিকার :** শ্রী আবদুল মান্নান, এই সাবজেক্টের উপর ৩ জনের মেনশন দেখছি। সৌগতবাবু এবং আপনার। অলরেডি কলিং অ্যাটেনশনে এটা অ্যাডমিট হয়ে গেছে। তারপরও কি করে বিবৃতি হয়? এর উপর মন্ত্রী স্টেটমেন্ট দেবেন, তারপর কি করে মেনশন হয়?

**শ্রী আবদুল মান্নান :** আগে আমার মেনশনটা শুনুন দরকার হলে এক্সপাঞ্জ করা হবে। যে প্রশ্নটা এখানে তুলতে চাই সেটা হচ্ছে, হলদিয়া পেট্রো-কেমিক্যালস সম্পর্কে প্রায় এক যুগ ধরে আশার বাণী শুনিয়ে আসছেন মুখ্যমন্ত্রী। কখনও বলছেন কেন্দ্রের ছাড়পত্র পাচ্ছি না বলে করতে পারছি না, কখনও বলছেন এটা গোয়েঙ্কাদের সঙ্গে করবেন এবং সেক্ষেত্রে কয়েক কোটি টাকা খরচও হয়ে গেছে। তৎকালীন প্রধানমন্ত্রীকে নিয়ে এসে তার ভিত্তিপ্রস্তর স্থাপন করাও হল, কিন্তু তারপর দেখা গেল, গোয়েঙ্কারা পিছিয়ে গেছেন। তারপর টাটা গোষ্ঠী এগিয়ে এলেন এবং তারপর তারাও পিছিয়ে গেলেন। তারপর শুনেছি, আর্জেন্টিনার একটি কোম্পানি এগিয়ে এসেছিল, কিন্তু তারাও পিছিয়ে যাচ্ছে। কাজেই এক যুগ ধরে শুনবার পর সেটা হচ্ছে না দেখে মানুষের হতাশা আসছে। নির্বাচনের প্রাককালে ঐ পেট্রো-কেমিক্যালসে দশ-বিশ লক্ষ লোককে চাকরি দেবার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা তাহলে আপনাদের ধাপ্পা ছিল। আজকে হলদিয়া পেট্রো-কেমিক্যালস যদি করতে না পারেন তাহলে বাংলার মানুষের কাছে আপনি ক্ষমা চান। সেজন্যই বলছি, অসত্য কথা নির্বাচনী বৈতরণী পার হয়েছিলেন সেই সময়।

**শ্রী অবিনাস প্রামানিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনের পর তিন সপ্তাহ পার হয়ে গেছে। এই নির্বাচনে আমার কেন্দ্র বলাগড়ের ১৫টি গ্রাম আগে যেখানে কংগ্রেস তিনটিতে ছিল এবারে সে জায়গায় দুটিতে জয়লাভ করেছে। এই দুটির একটি হচ্ছে বাকুলিয়া এবং আর একটি হচ্ছে ধোবাপাড়া শ্রীপুর বলাগড় গ্রাম পঞ্চায়েত। জয়লাভের পর সেখানে কংগ্রেস এবং তাদের মস্তান বাহিনী আমাদের কর্মী এবং যারা প্রার্থী ছিলেন

তাদের উপর ভীষণভাবে অত্যাচার শুরু করেছে এবং আমাদের যারা মহিলা প্রার্থী তাদের প্রতি অশালীন আচরণ এবং তাদের শ্লীলতাহানী করছে, তাদের মারধোর করছে। এমন কি, তাদের খুন করবার হুমকি পর্যন্ত দিচ্ছে। আমার কেন্দ্রের পাশে নদীয়া জেলার জাগুলিয়া গ্রাম পঞ্চায়েতে তারা জয়লাভ করবার পর আমাদের কর্মী এবং মহিলাদের উপর অত্যাচার করছে এবং অত্যাচার করবার পর তারা নদী পার হয়ে হুগলি জেলায় আশ্রয় নিচ্ছে। এখন পর্যন্ত নদীয়া জেলার চাঁদুরিয়া গ্রাম পঞ্চায়েতের স্যান্নালচরে তারা অত্যাচার চালিয়ে যাচ্ছে। আমি আপনাদের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকৃষ্ট করে বলছি, এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আর্কণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জের রাজারামপুর ঘোরাইক্ষেত্র অঞ্চলে সাপজোলা গ্রামে ভারতী সরকার এবারে গ্রাম পঞ্চায়েত নির্বাচনে জয়লাভ করেছেন। কিন্তু জয়লাভের পর গত ১৮.৬.৯৩ তারিখ রাত ১২টার সময় নির্মল মন্ডল এবং দুলাল মন্ডল তাকে কিডন্যাপ করবার চেষ্টা করে। ঐ দুইজনের নেতৃত্বে আট-দশ জন তার বাড়িতে চড়াও হয়, কিন্তু তাকে সেখানে না পেয়ে বাড়ি থেকে দুই হাজার টাকা তারা নিয়ে যায় এবং শাসিয়ে যায় তাকে খুন করবে বলে। এইভাবে তারা পঞ্চায়েত প্রার্থী মাসিয়ার রহমানের হাত-পা ভেঙ্গে দেয়। এই নির্মল মন্ডল এবং দুলাল মন্ডল — এরা সি. পি. এম.-এর লোক। যাতে ভারতী সরকারের প্রাণ রক্ষা করা হয় তার জন্য ওদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা উৎকণ্ঠার কথা এখানে উত্থাপন করছি। কেন্দ্রে যে সরকার গতকাল ২ বছর অতিক্রান্ত করল সেই সরকার তাদের প্রধান মন্ত্রীর নেতৃত্বে যে সব কথাবার্তা বলছেন তাতে আমরা উৎকণ্ঠা বোধ করছি। তারা একদিকে বলছেন যে তারা ৫ বছর থাকবেন এবং সেখানে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যে অভিযোগ এসেছে তাতে তিনি অগ্নি পরীক্ষায় উত্তীর্ণ হবেন যে ভাবে সীতা উত্তীর্ণ হয়েছিলেন। তার পাশাপাশি দেখছি যে কলকাতার একজন কেন্দ্রীয় মন্ত্রীর নির্দেশে কয়লার দাম টন প্রতি ১৮ টাকা বাড়ছে এবং এর ফলে আমাদের উপরে একটা বাড়তি বোঝা আসতে বাধ্য। আবার দেখছি যে পরবর্তী মন্ত্রিসভায় ওদের কে মন্ত্রী হবে, কে কি হবে এই সব কথাবার্তা শুরু হয়েছে। ওদের বিদায় আসন্ন। কিন্তু সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে, দিল্লির মন্ত্রিদের এই ধরনের নানা কথা, বিশৃঙ্খল অবস্থার জন্য আমাদের এই রাজ্যের যে সব প্রকল্পের কথা বলা হয়েছে, অনেক সমস্যার কথা দিল্লির সরকারের কাছে বারবার উপস্থিত করা হয়েছে সেগুলির ব্যাপারে আমরা উৎকণ্ঠিত। যেমন ও. এন. জি. সি.-র এখানে তেল উত্তোলনের ব্যাপারে কেন্দ্রীয় সরকার নির্লিপ্ত, তারা এই সম্পর্কে কোনও ব্যবস্থা নিতে পারছেন না। এখানে একটু আগে মাননীয় কংগ্রেস সদস্য বললেন যে তাদের দলের মধ্যে যে সব ঘটনা ঘটছে সেটা তারা বুঝবেন। তাদের দলের ব্যাপারে তারা

যা খুশি বলতে পারেন তাতে আমাদের কিছু যায় আসে না। কিন্তু একটা সরকারের মন্ত্রী সভার সদস্য যদি কোন কথা বলেন তাহলে তার রাজ্য এবং দেশের জনগণের উপরে পড়ে এবং রাজ্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাধা প্রাপ্ত হতে বাধ্য। সেজন্য এই অবস্থার অবসানের জন্য আমরা দাবি করছি।

**শ্রীমতী মায়ারানী পাল** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর শহরের জেলা হাসপাতালের বর্তমান অবস্থা অত্যন্ত শোচনীয়। এই হাসপাতালে চুড়ান্ত বিশৃঙ্খল অবস্থা চলছে। আই সলেসন ওয়ার্ডে যে ধরনের ঔষধ প্রয়োজন তার কোনটাই সেখানে পাওয়া যায়না। যেমন, টি. বি. রোগের ড্রাগ, আন্ত্রিক প্রতিষেধক ইত্যাদি। আন্ত্রিক রোগ শহরের আশপাশে ছড়িয়ে পড়েছে। অথচ রোগের চিকিৎসার জন্য কোন ঔষধ পাওয়া যাচ্ছে না। এছাড়াও জীবনদায়ী ঔষধও অমিল। ঔষধের অভাবে রোগীর মৃত্যুর ঘটনা পর্যন্ত ঘটছে। অথচ হাসপাতাল কর্তৃপক্ষ চোখ বুজে থাকছে। বহরুপুর জেনারেল হাসপাতালের ও.টি. বন্ধ হয়ে আছে যেহেতু ইনফেকশন হয়েছে। গরিব মানুষের নার্সিং হোমে যাওয়া সম্ভব নয় তবু তাদের বাধ্য হয়ে যেতে হচ্ছে। আমি আরো একটা আশংকার কথা বলছি। এই হাসপাতালের মেল এবং ফিমেল ওয়ার্ড দুটি পি. ডব্লু. ডি. ব্যবহারের অযোগ্য বলে ঘোষণা করেছেন। তা সত্ত্বেও ওয়ার্ড দুটি মেরামত না করে ব্যবহার করা হচ্ছে। যে কোনও মুহূর্তে ভয়াবহ দুর্ঘটনা ঘটতে পারে। অবিলম্বে এই সবের প্রতিকার করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী সুনীলকুমার ঘোষ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার দেবীপুর এবং ঝিটকীপোতা মৌজার বিস্তীর্ণ অঞ্চল জলঙ্গী নদীর ভাঙ্গনের মুখে পড়েছে। ঐ এলাকার বহু জায়গায় ফসলের জমি নদীগর্ভের মধ্যে চলে গেছে। বর্ষা এসে গেছে। এই বর্ষায় সমস্ত নদীগর্ভে চলে যাবার উপক্রম হয়েছে। এই ভয়াবহতার কথা চিন্তা করে মাননীয় সেচ মন্ত্রী সেখানে পরিদর্শন করতে গিয়েছিলেন। গ্রামের মানুষ ভেবেছিল এবারের বর্ষার আগে কিছু কাজ হবে। সেখানে কোনও কাজের উদ্যোগ না নেওয়ার ফলে সেখানে হতাশার সৃষ্টি হয়েছে। আগামী বর্ষায় ভয়ঙ্কর পরিণতির মধ্যে পড়বে এই কথা চিন্তা করে সেখানে একটা উদ্বেগের সৃষ্টি হয়েছে। এই উদ্বেগ নিরসনের জন্য অবিলম্বে যাতে সেখানে সেচ মন্ত্রী কাজ করার ব্যবস্থা করেন তার জন্য আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে** ঃ মাননীয় স্পিকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্প একটা নামকরা শিল্প, একদিন ভারতবর্ষ এই শিল্পের উপর নির্ভরশীল ছিল। আজকে পশ্চিমবাংলায় এই শিল্প মৃতপ্রায়। স্বাধীনতার পরে এই শিল্পে ১৬ লক্ষ লোক কাজ করছে। আজকে এই

হোসিয়ারী শিল্পের বড় বড় কারখানা, পি(প্রি), গোপাল সিদ্ধেশ্বরী, ক্যালিকো বন্ধ হয়ে গেছে। বছরের পর বছর একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এই সরকারের আমলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে এই শিল্পকে তামিলনাড়ু, পাঞ্জাব, লুধিয়ানায় উঠিয়ে নিয়ে যেতে বাধ্য হয়েছে। এই শিল্পকে বাঁচাবার জন্য কিছু দিন আগে আমাদের এখানে হোসিয়ারী ম্যানুফ্যাকচারার্সদের প্রতিনিধিরা মাননীয় মন্ত্রীর সঙ্গে বৈঠক করেছিলেন। মন্ত্রী মহাশয় বিভিন্ন রকম প্রতিশ্রুতি তাঁদের দিয়েছিলেন, আজ পর্যন্ত কোনও প্রতিশ্রুতি রাখা হয় নি। আমি আপনার মাধ্যমে দাবি করছি এই শিল্পকে আপনারা বাঁচাবার ব্যবস্থা করুন। এই রাজ্যে এই শিল্পের উপর বিক্রয় কর আছে, অন্যান্য রাজ্যে সেটা নেই। এই রাজ্যে ১৬ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে জড়িত, এই কথা ভেবে এই শিল্পকে বাঁচাবার চেষ্টা করুন। এই হোসিয়ারী শিল্পে যে সঙ্কট এই সঙ্কট সৃষ্টি হয়েছিল ১৯৭৮ সালে সি. আই. টি. ইউ. যে লাগাতার ৭৫ দিন ধর্মঘট ডেকেছিল তার ফলে। আমি সরকারের কাছে দাবি করছি অন্যান্য রাজ্যে এই শিল্পের উপর যেমন বিক্রয় কর নেই সেই রকম এই রাজ্যে এই শিল্পের ওপর বিক্রয় কর প্রত্যাহার করা হোক।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস :** মাননীয় স্পিকার স্যার, আমি এটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রের করিমপুর থানা এলাকায় জামসেদপুর গ্রাম পঞ্চায়েতের একটি গ্রামে বাসবেড়িয়ায় একটা কাঠের ব্রিজ আজ ৫-৬ মাস হল ভেঙ্গে পড়ে আছে। তার ফলে এই এলাকার ৮-১০টি গ্রামের মানুষ — এই গ্রামগুলির পাশেই সীমান্ত এলাকা — চরম দুর্ভোগের মধ্যে আছে। এই সীমান্ত এলাকার ৫০-৬০ হাজার মানুষ করিমপুর থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে রয়েছে এই ব্রিজ ভেঙ্গে যাওয়ার ফলে। আমাদের ওখানে যে নিয়ন্ত্রিত বাজার আছে তার লিঙ্ক রোডের উপর এই ব্রিজ। এই ব্রিজটি ভৈরব নদী খালের উপর অবস্থিত একটা ছোট্ট ব্রিজ। এটা সারানো হয় নি। এটা পরিকল্পনা হয়েছিল নিয়ন্ত্রিত বাজার কমিটির মাধ্যমে যাতে তাড়াতাড়ি হয়। তা না হওয়ার ফলে এই এলাকার মানুষ বিরাট সমস্যার সম্মুখীন হয়েছে, করিমপুর থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। এই এলাকায় একটা বিক্ষোভ দেখা দিয়েছে, আগামী দিনে এই বিক্ষোভ মোকাবিলা করার ক্ষেত্রে আইন-শৃঙ্খলার সমস্যা দেখা দিতে পারে। সেই জন্য আমি এখানে দাবি করছি, এখানে বিভাগীয় মন্ত্রী আছেন, অবিলম্বে এই ব্রিজ করার ব্যবস্থা করা হোক। এই এলাকার মানুষ যে কবিমপুরের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে পড়ে সমস্যায় পড়েছে সেটা দুর করা হোক।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খুবই দুঃখের কথা এই যে, আমাদের এই পশ্চিমবাংলায় আবার নতুন করে পশ্চিমবাংলার মানুষের উপরে করের বোঝা চাপছে। পশ্চিমবাংলার অর্থ দপ্তর 'বিলাস কর' — লাক্সারি ট্যাক্স সিগারেট, পান বিড়ি মশলার উপরে বসাবার সিদ্ধান্ত নিয়েছেন। এটা খুব মারাত্মক ব্যাপার। অসীমবাবু অর্থমন্ত্রী, তিনি

এটার নাম দিয়েছেন বিলাস কর। কিন্তু সিগারেট, পান মশলা সাধারণ মানুষ ব্যবহার করতে অভ্যস্ত। উনি ভাল ভাবেই জানেন যে এটা ইন-ইলাস্টিক ডিমান্ড, ইলাস্টিক নয়, নমনীয় নয়। ফলে ধনী দরিদ্র সকলের উপরে ট্যাক্স বসাবার জন্য, পাবলিককে হুড উইঙ্ক করে নাম দিচ্ছেন বিলাস কর। পশ্চিমবাংলায় কয়েকদিন আগে উনি বাজেট পেশ করেছেন। আবার নতুন করে এই ট্যাক্স বসাচ্ছেন। আমরা জানি, মন্ত্রীদের আমলাদের বিলাসের ব্যাপারে, যেখানে কৃচ্ছতা সাধনের ব্যবস্থা করা দরকার সেটা না করে সাধারণ মানুষের উপরে যাতে নতুন করে কর বসাবার ব্যবস্থা করছেন। এটা যাতে সাধারণ মানুষের উপরে না চাপে তার জন্য আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা আশঙ্কা করছি যে, উনি নতুন যে অর্থ বিল আনছেন তাতে এই ট্যাক্স বসাবেন। আমি কর বসাবার এই যে সম্ভাব্য প্রস্তাব এটা প্রত্যাখ্যান করবার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দীপক মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বজবজ বিধানসভা ক্ষেত্রের মধ্যে বজবজ পৌরসভা গত একশ বছর ধরে কাজ করছে। ঐ এলাকায় বহু হিন্দি ভাষাভাষি মানুষের বাস। আমি আপনার মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি, ওখানে একমাত্র হিন্দি স্কুল — 'জনতা বিদ্যা মন্দির', সেটা দীর্ঘদিন জুনিয়র হাই স্কুল হিসাবে চলে আসছে। আমি দাবি করছি, এটাকে অবিলম্বে আপগ্রেড করার ব্যবস্থা করুন। ওখানকার ছাত্র-ছাত্রীরা যাতে মাধ্যমিক পর্যন্ত পড়াশুনার সুবিধা পায় তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। এই ব্যাপারে তিনি অবিলম্বে ডি. আই. অব স্কুলস এবং ডি. এস. ই. কে প্রয়োজনীয় নির্দেশ দিন এই অনুরোধ আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রাখছি।

**ডাঃ তরুণ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করছি না, আপনার হস্তক্ষেপ দাবি করছি। পূর্ত দপ্তরের দীর্ঘ অবহেলা এবং বিচ্যুতির জন্য আমার বিধানসভা কেন্দ্র নৈহাটী শহরে ঢোকার রাস্তা আজকে বন্ধ হয়ে গেছে। ৭৩ নং বাস রুট, তালপুকুর রোড এবং হাসপাতাল রোডের অবস্থা আজকে মহেঞ্জোদরের মতো ধ্বংসের মুখে। বারবার করে অর্থ দপ্তরকে বলা হয়েছে। তারা বলছে অর্থ নেই। পূর্ত দপ্তরকে বলে কোনও লাভ হবে না। আপনি অনুগ্রহ করে মুখ্যমন্ত্রীকে ওখানে একটা সফরের ব্যবস্থা করে দিন। ওখানে মুখ্যমন্ত্রীর সফর হলে অর্থ দপ্তরের এ্যাম্বার্গো উঠে যাবে, লালখাতা খুলে যাবে, অচল প্রশাসন সচল হবে, রাস্তায় পীচ পড়বে। অর্থ দপ্তরকে দিয়ে হবে না, পূর্ত দপ্তরকে দিয়ে হবে না, স্যার, আপনি অনুগ্রহ করে মুখ্যমন্ত্রীকে আমার এলাকায় নিয়ে যাবার ব্যবস্থা করুন। মুখ্যমন্ত্রী ওখানে গেলে ঐ এলাকার মানুষ বাঁচবে, তারা দুর্ঘটনার হাত থেকে রক্ষা পাবে।

**শ্রীমতী অনুরাধা পুততুন্ডা :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সভার সামনে একটি গুরুত্বপূর্ণ বিষয় আনতে চাই। স্যার, আমার নির্বাচনী এলাকায় কয়েকদিন

আগে কংগ্রেস দলের পক্ষ থেকে বি. ডি. ও. অফিস ভাঙ্গচুর করা হয়েছে, বি. ডি. ও.কে মারধোর করা হয়েছে। সেখানকার অফিসার বি. ডি. ও., তিনি রফা করতে গিয়ে আক্রান্ত হয়েছেন। কিছুদিন ধরে দেখছি যে কংগ্রেস দল যতবেশি মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হচ্ছেন তত বেশি আক্রমণ পরায়ণ হয়ে পড়ছেন। তাদের মধ্যে হতাশা ভীষণভাবে ছড়িয়ে পড়ছে। কংগ্রেসের সদস্যদের এবং বিধায়করা বিভিন্ন জায়গায় পুলিশকে আক্রমণ করছে। কয়েক মাস আগে বিধানসভার একজন মাননীয় সদস্য তিনি নিজে বিডিওকে মারধোর করেছেন এবং সেই বিষয়ে কংগ্রেসের কর্মীরাই উৎসাহিত। সাংসদ বিধায়ক যারা আইনসভার সদস্য তাদের সাহায্যে কংগ্রেস কর্মীরা জঙ্গলের রাজত্ব কায়েম করার চেষ্টা করছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য আবেদন জানাচ্ছি এবং মাননীয় বিরোধী সদস্যদের কাছে আবেদন করছি যে প্রশাসনের প্রতি তাঁরা যেন যত্নশীল হন এবং যাতে এই জাতীয় কাজ থেকে তাঁরা সরে আসেন।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী কেন্দ্র কুলতলীর একটি ব্লক হাসপাতাল সম্পর্কে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তথা পরিবার কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কুলতলীতে একটি ব্লক হাসপাতাল রয়েছে। হাসপাতালটির অবস্থা তো ভয়ঙ্কর সে জানি। ডাক্তার নেই, ওষুধ নেই সেইসব তো আছেই তার সঙ্গে আবার যোগ হয়েছে হাসপাতালের ঘরবাড়ি একেবারে ভেঙ্গে গেছে। ছাদ ভেঙ্গে পড়েছে, ঝরঝর করে জল পড়ছে। একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এই বিল্ডিংটিকে কনডেম বলে ঘোষণা করেছেন। হাসপাতালে রোগী ভর্তি বন্ধ হয়ে গেছে, কেবল আউট ডোরে রোগী দেখা হচ্ছে। এই ব্লক হাসপাতালটি ৯টি গ্রাম পঞ্চায়েতের সঙ্গে যুক্ত। অবিলম্বে যাতে এখানের ঘরবাড়ির মেরামতি হয় তারজন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিজয় বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি অকর্ষণ করছি। গত ১৮.৬.৯৩ তারিখে সিউড়ির অধীনে ইন্দ্রগাছি গ্রামে শেখর মাল এবং জগৎ মালকে কয়েকজন দুষ্কৃতকারী লাঠি, বল্লম, টাঙ্গি দিয়ে মারধোর করেছে এবং মারার পরে ঘরে আটকে রেখেছিল। পরে পুলিশ গিয়ে উদ্ধার করে এবং হাসপাতালে ভর্তি করে। ওই ব্যক্তিরা হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। কিন্তু ওই দোষী ব্যক্তিরা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। পুলিশ তাদের ধরছে না। যাতে দোষী ব্যক্তিদের শাস্তি হয় সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯১ সালে আমার বিধানসভাতে নির্বাচন হয়েছিল তাতে সিপিএম প্রার্থীরা পরাজিত হয়েছিল। কিন্তু ওই মহকুমাতে যে লিগ্যাল এইড কমিটি রয়েছে তাতে তারা এমনভাবে ছকে গেছে যে নির্বাচনে পরাজিত হয়েও তারা এখনো এইড

কমিটিতে রয়েছেন। ওই লিগ্যাল এইড কমিটি সাধারণ গরিব মানুষদের কোনও মামলা মকদ্দমাতে সাহায্য করছে না। সেখানে যে টাকা দেওয়া হচ্ছে সেটা এস ডি ও এবং সিপিএমের লিডাররা বিলি বন্টন করছেন। তারা বিলি বন্টন করছে এবং টাকা এধার ওধার হচ্ছে। সেখানে লিগ্যাল এইড কমিটি কাজ করছে না। সেখানে ১৯৮৭ সালে যারা ছিল তারাই কাজ করে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে এই লিগ্যাল এইড কমিটি অবিলম্বে সেখানকার স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে করা হোক। এই লিগ্যাল এইড কমিটির যে প্যানেল তাতে সমস্ত সি. পি. এম. ল'ইয়ারের নাম আছে। আমাদের দাবি একটা সুষ্ঠ প্যানেল করে দরিদ্র শ্রেনীর মানুষের পাশে দাঁড়িয়ে তারা যাতে ফাইট করতে পারে সেই ব্যবস্থা করা হোক। আমি এই ব্যাপারটা বার বার আইন মন্ত্রীকে বলেছি, তিনি দিনের পর দিন দেরি করছেন। আমরা দংগ্রেসের তরফ থেকে বলছি ওখানকার এম. এল. এ. যারা আছেন তাদের নাম ঐ কমিটিতে অন্তর্ভুক্ত করা হোক।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটা আতঙ্কের কথা এখানে বলতে চাই। স্যার, আমার এলাকা মুর্শিদাবাদ জেলার জলঙ্গী কেন্দ্র। সেখানে নদীয়ার করিমপুর দিয়ে বাংলাদেশের ডাকাতরা বার বার এসে ডাকাতি করে যায়। এই রকম একটা আশঙ্কার মধ্যে আমরা দিন কাটাচ্ছিলাম। বিগত কয়েক মাস ধরে ঐ এলাকায় ডাকাতি নেই। আমরা আশঙ্কা করছি বর্ষাকালে পাটের সময় আবার ডাকাতি বাড়তে পারে। সীমান্ত এলাকায় যে পুলিশ আছে এবং সবচেয়ে নক্কারজনক ভূমিকা যে বি. এস. এফের তাদের যদি প্রহরাকে জোরদার করা না হয় তাহলে আবার ডাকাতি শুরু হতে পারে। তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে পুলিশ বাহিনী এবং বি. এস. এফকে আরও বেশি করে সক্রিয় করা যায় ও তাদের পাহারা আরও জোরদার যাতে করা যায় সেই ব্যবস্থা করা হোক।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মধ্যশিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্রে যে স্কুল আছে পূর্ব বনবেড়িয়া প্রাথমিক বিদ্যানিকেতন, সেই স্কুলটা ১৯৬৯ সাল থেকে চলছে এবং সরকারের বইপত্রও তারা পায়। ২৪ বছর হয়ে গেছে সেই স্কুলটা এখনও পর্যন্ত সরকারি দপ্তর থেকে কোনও রকম স্যাংশন পায়নি। সেই স্কুলের রেজাল্ট খুব ভালো হয়। অবিলম্বে সেই স্কুলটা যাতে স্বীকৃতি পায় পশ্চিমবঙ্গ প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তর থেকে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহার জেলার গ্রামে গ্রামে আজকে ভি. ডি. ও. হল চলছে। এই ভি. ডি. ও. হলগুলিতে অশ্লীল চলচিত্র প্রদর্শণ করা হয় এবং এর মধ্যে দিয়ে যুবকদের চরিত্রকে শেষ করে দেবার চেষ্টা চলছে। এই হলগুলো বন্ধ করবার

জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, গতকাল এই সভাতে কেন্দ্রীয় সরকারের দুবছর পূর্তি উপলক্ষ্যে আপনি আলোচনা করার সুযোগ দিয়েছিলেন, আমি সে আলোচনায় আজকে আর যাচ্ছি না। আমরা কালকে দেখেছিলাম যে এই সভায় যারা সরকারপক্ষের লোক তারা নানান ভাবে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করার চেষ্টা করেছিলেন, কোথাও কোথাও কুৎসিতভাবে ইঙ্গিত করার চেষ্টা করেছিলেন। কেউ কেউ বলেছেন এই সরকার দেশকে বিক্রি করে দিচ্ছেন, কেউ কেউ বলেছেন ডেবট ট্রাপের কথা। কিন্তু আজকে স্যার, খবরের কাগজে দেখে অবাক হয়ে গেলাম এই সর্বহারাদের যে গোলাপ বাগান তার সর্বশ্রেষ্ঠ যে গোলাপ শ্রীজ্যোতি বসু, যিনি প্রধানমন্ত্রী সমালোচনায় মুখর হয়েছিলেন তিনি আবার অভিনন্দন জানিয়েছেন কেন্দ্রের নরসিমা রাও সরকারকে। আমি স্যার, জানতে চাই এই সরকারের মুখ্যমন্ত্রী ঠিক কথা বলেছেন, না, এখানে যারা সমালোচনা করেছেন তারা ঠিক কথা বলেছেন? আপনাদের ডবল স্ট্যান্ডার্ডটাই এতে প্রমান হয়ে যায় বিধানসভায় আপনাদের ভূমিকার মাধ্যমে।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। গত ২৮.৪.৯৩ তারিখে আমার বিধানসভা কেন্দ্রের মাড়ুগ্রামে দেওয়াল লিখনকে কেন্দ্র করে ফরোয়ার্ড ব্লক এবং ঝাড়খন্ড পার্টির কর্মীদের মধ্যে কথা কাটাকাটি হয় এবং তারপর ঝাড়খন্ড দলের লোকরা আমাদের পার্টির একজন কর্মী নাইনের ছাত্র জগদীশ মাহাতোকে বোমা মেরে মেরে ফেলে। সেখানে মাত্র তিনজন আসামীকে গ্রেপ্তার করা হয়েছে। অন্য অসামীদের পুলিশ গ্রেপ্তার করছে না। আমি নিজে ব্যক্তিগতভাবে থানার ও. সি. ডি. এস. পি. এবং এস. পি.র সঙ্গে দেখা করে তাদের অনুরোধ করেছিলাম যে সব আসামীকে যেন গ্রেপ্তার করা হয় কিন্তু তাদের গ্রেপ্তার করা হচ্ছে না। আসামীরা গ্রামে সব সময় ঘুরে বেড়াচ্ছে, আমাদের কর্মী ও সঙ্গীদের শাসাচ্ছে এবং সেখানে সন্ত্রাসের সৃষ্টি করছে। আমি অবিলম্বে সব আসামীদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫ হাজার কোটি টাকার হলদিয়া প্রকল্প থেকে টাটা টি এবং টাটা কেমিক্যালস সরে গেলেন কারণ ইথিলিন প্রডাক্টের বাজারে চাহিদা নেই। কিন্তু স্যার, মুখরক্ষার তাগিদে জ্যোতিবাবুকে টাটাদের সাথে যুক্ত বিবৃতি দিতে হল। বিধানসভা চলছে অথচ স্টেটমেন্ট সার্কুলেট করলেন টু দি প্রেস। স্যার, এই হলদিয়া পেট্রো কেমিক্যালসের কোনও ভ্যায়াবিলিটি নেই। ভারতবর্ষে অনেকগুলি পেট্রো-কেমিক্যালস প্রোজেক্ট চালু হয়ে গিয়েছে। তাদের যে প্রডাক্ট তার উপর বাজারে ডিমান্ড বা চাহিদা না থাকার জন্য টাটারা সরে যাচ্ছে। তৃতীয় গোষ্ঠী এখানে না এলে টাটারা কিছুতেই থাকবেন না। ১ লক্ষ লোকের চাকরি সেসব কোথায় গেল? স্যার, এটা আনসায়েন্টিফিক স্কীম,

অবৈজ্ঞানিক একটা প্রকল্প। এটা দিয়ে মানুষকে কেবল বিভ্রান্তি করা হয়েছে। আমি এরজন্য এই সরকারকে ধিক্কার জানাই। আমার দাবি, অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রী সভায় আসুন, সভা চলছে এবং হলদিয়া পেট্রো-কেমিক্যাসের ভবিষ্যত নিয়ে আলোচনা করুন। কি জন্য টাটা টি এবং টাটা কেমিক্যালস সরে গেলেন, কি জন্য টাটাদের সঙ্গে যুক্ত বিবৃতি দিতে হল সে সম্পর্কে সভাকে তিনি অবহিত করুন।

**শ্রী ভক্ত মাঝি :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বলরামপুরের সিন্ধিতে একটা উপস্বাস্থ্য কেন্দ্র আছে, কিন্তু সেটা অনেক দিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে। সেখানে কোনও ডাক্তার নেই, নার্স নেই, ওষুধ নেই, মাত্র দু'জন জি.ডি.এ. আছে। ফলে বিস্তীর্ণ এলাকার মানুষদের চিকিৎসার জন্য ২০ কিলোমিটার দূরে মানবাজারে বা বড়বাজারে যেতে হচ্ছে। এই অবস্থায় আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে সিন্ধি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার পাঠান হোক এবং চিকিৎসার ব্যবস্থা করা হোক।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ৬ মাস ধরে আমার সুতি থানার ও. সি. যে সমস্ত অন্যায় আচরণ করে এলাকার শান্তি-শৃঙ্খলার অবনতি ঘটাচ্ছেন তার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবি করছি। স্যার, ও. সি.-কে আগে থাকতে জানান সত্ত্বেও ওখানে পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও ওখানে বুদ্ধু শেখকে খুন হতে হয়েছে। পরবর্তি পর্যায়েও পুলিশ কোনও ব্যবস্থা গ্রহণ করছে না। গত হায়ার সেকেন্ডারি পরীক্ষার শেষ দিন একটি ছাত্র যখন পরীক্ষা দিয়ে ফিরছিল তখন অকারণে সুতি থানার ও. সি. তাকে বলল, তুমি আনফেয়ার ওয়ে অবলম্বন করেছ। এবং এই অজুহাতে তাকে ধরার চেষ্টা করে, সে পালিয়ে গেলে, হোম গার্ড এবং অন্যান্য পুলিশ কর্মচারিরা তার বাড়িতে গিয়ে জিনিসপত্র ভাঙচুর করে এবং অত্যাচার চালায়। গত ১৯ তারিখ একজন কংগ্রেসি গ্রামে তান্ডব চালাবার পর পুলিশ তাকে ধরে। পুলিশকে সেখানে বলা হয়েছিল অন্তত ৪৮ ঘন্টা ওকে আটক করে রাখুন, নাহলে ও গ্রামে গন্ডগোল সৃষ্টি করবে। কিন্তু পরের দিন সকালেই পুলিশ তার কাছ থেকে টাকা নিয়ে তাকে ছেড়ে দেয়। তারপর এখন দাঙ্গা-হাঙ্গামা, খুন খারাপি শুরু হয়ে গেছে যে আজকে সুতি থানায় মানুষ বাসের অযোগ্য হয়ে পড়েছে। ঐ ও. সি.-র নাম ভূদেব দাস। সে প্রকাশ্যে বলছে, আমি দীর্ঘদিন সাসপেন্ড ছিলাম, আমার হাই কোর্টে অনেক টাকা খরচ হয়ে গেছে, সেই টাকা তোলবার জন্য আমি এখানে এসেছি। আমার বাবা কংগ্রেস, আমার মা কংগ্রেস, আমি কংগ্রেস, সুতরাং আমি কংগ্রেসের হয়ে কাজ করতে এসেছি। সুতি থানার ও. সি. ভূদেব দাসকে প্রতি দিন এন. এল. সি. সি. অফিসে যেতে দেখা যায়। আমি বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি অবিলম্বে ঐ ও. সি.-কে সুতি থানা থেকে সরান হোক। আমার এই বক্তব্যের অনুলিপি অবিলম্বে মুখ্যমন্ত্রীর কাছে এবং ডি. জি. (পুলিশ)-র কাছে পাঠানো হোক।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় সুন্দরবন অঞ্চলের সেচ এবং বন্য নিয়ন্ত্রণের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় উপস্থিত আছেন। আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি অকর্ষণ করছি। যদিও বিষয়টি আজকে ইতিপূর্বে এখানে উল্লিখিত হয়েছে তথাপি বিষয়টি এতই গুরুত্বপূর্ণ যে আমি আবার উল্লেখ করতে বাধ্য হচ্ছি। বর্তমানে সাইক্লোনের প্রভাবে সুন্দরবনাঞ্চলে ক্রমাগত বৃষ্টি হচ্ছে। ফলে বিস্তীর্ণ অঞ্চল প্রচন্ড ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সমস্ত জমি জায়গা ডুবে গেছে। সমুদ্র উত্তাল হয়ে উঠেছে। বিস্তীর্ণ এলাকার বাঁধ এবং বাউন্ডারীগুলো একের পর এক ক্ষতিগ্রস্ত হয়ে ভেঙে পড়ছে। সাগর, কাকদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা প্রভৃতি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে। জেলা পরিষদের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল, কিন্তু এই বিপর্যয়ের মোকাবিলা করার মতো তাদের আর্থিক সামর্থ নেই। বিভিন্ন এলাকা থেকে সেচ দপ্তরের কাছে টেলিগ্রাম করা হয়েছে। সরকারি দপ্তর থেকে ওখানে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। বিস্তীর্ণ অঞ্চলের মানুষ এক অনিশ্চিত অবস্থার সম্মুখীন হয়েছে। লক্ষ লক্ষ অধিবাসী সেখানে, তারা সরকারের কাছে চাকরি চাইবেন। সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, উনি যদি কিছু বলেন তাহলে ভাল হয়। উনি বিধানসভাকে আশ্বস্ত করুন সেচ দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেই সম্পর্কে যদি কিছু বলেন তাহলে ভাল হয়।

**শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এখানে সুন্দরবনের নদীবাঁধ এবং তার ভাঙ্গন সম্পর্কে ঐ এলাকার মাননীয় ৩ জন বিধায়ক সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। গত কয়েকদিন আগে যে ঘুর্ণীঝড় হয়ে গেল, আমি ঐ এলাকায় প্রায় নদীতে ছিলাম। সেখানে আমি দেখেছি, নদীবাঁধের ক্ষয়-ক্ষতি হয়েছে, চিরাচরিত কিছু জায়গায় ভাঙ্গনের অবস্থায় আছে। এর আগে মে মাসে এমনই ঘুর্ণীঝড়ে নদীবাঁধের ব্যাপক ক্ষতি হয়। সেইজন্য সেখান থেকে শুরু করে বাঁধগুলি মেরামত করার জন্য ডিপার্টমেন্টকে সেইভাবে নির্দেশ দিয়েছি। যদিও আমাদের আর্থিক সীমাবদ্ধতা আছে, তাসত্ত্বেও আমি খুবই গুরুত্ব দিয়ে দেখছি এবং আজ বেলা ২টার সময় ঐ এলাকায় যাঁরা ইঞ্জিনিয়ার আছেন তাঁদেরকে আমি আমার চেম্বারে ডেকেছি আলোচনা করার জন্য এবং ফলপ্রসু কি পদক্ষেপ নেওয়া হয়েছে সেখানে সিদ্ধান্ত নেব। মাননীয় সদস্য যাঁরা ঐ এলাকার আছেন তাঁরা যদি ঐ সময় আমার চেম্বারে আসেন তাহলে সামনা-সামনি তাঁদের সঙ্গে আলোচনা হবে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি, দীর্ঘদিন ধরে গ্রামাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এবং উপস্বাস্থ্যকেন্দ্রগুলিতে কোনও ডাক্তার নেই। বিভিন্ন সময় গ্রামাঞ্চলে যাবার জন্য ডাক্তারদের নিয়োগপত্র দেওয়া হয়েছে, অথচ ডাক্তাররা যাচ্ছেন না। ফলে গ্রামাঞ্চলের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েছে এবং সাধারণ মানুষের ক্ষোভ সৃষ্টি হয়েছে। মানুষেরা চিকিৎসা ব্যবস্থা থেকে বঞ্চিত হচ্ছে। যাদের নিয়োগপত্র দেওয়া হবে তাঁরা যাতে গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রে যেতে বাধ্য হন সেই ব্যবস্থা অবলম্বন করতে হবে। এ ছাড়া এই সমস্যার সমাধান হবে না। যাঁরা

ডাক্তারি পাশ করছেন তাঁরা তাঁদের নিজেদের পয়সায় ডাক্তারি পাশ করছেন না। সরকারকে এরজন্য প্রচুর টাকা বহন করতে হচ্ছে। সেইজন্য আমার অনুরোধ, যারা ডাক্তারি পড়ছে কিম্বা যারা ডাক্তারি পাশ করেছে তাদের অ্যাপয়েন্টমেন্টের সময় বাধ্য করা হোক গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রে যেতে।

**শ্রীমতী মমতা মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার জেলা পুরুলিয়ার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কয়েক বছর আগে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী পুরুলিয়া সদর হাসপাতালে একটি নতুন ভবনের উদ্বোধন করে এসেছেন। আমি হাসপাতাল কমিটির কাছে জানতে পারলাম যে সেখানে ডাক্তার ও সমস্ত রকমের পরিকাঠামো থাকা সত্ত্বেও শুধুমাত্র স্টাফের অভাবে নতুন ভবনটি চালু করা যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে এই ব্যাপারে যাতে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। আমাদের বোলপুর মহকুমা হাসপাতালে করোনারী ইনটেনসিভ কেয়ার ইউনিটটি গত ২০ তারিখে উদ্বোধন হয়ে গেছে। বেশ কিছু টাকা-পয়সা খরচ করে এই করোনারী ইনটেনসিভ ইউনিটটি তৈরি করা হয়েছে। কিন্তু আমরা যাঁরা এম. এল. এ. আছি আমাদের পক্ষে যন্ত্রণার ব্যাপার হচ্ছে, ঐ উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রণ না পাবার জন্য সাধারণ মানুষ যখন প্রশ্ন করেন তখন আমাদের পক্ষে তার উত্তর দেওয়া মুশকিল হয়। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার নিবেদন, এই ধরনের সরকারি যে কোন অনুষ্ঠানে লোকাল এম. এল. এ. এবং সারাউন্ডিং এলাকার এম. এল.এদের যাতে আমন্ত্রণ জানানো হয়।

**শ্রী অঙ্গদ বাউড়ি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের শালতোড়া এবং মেজিয়ার কয়লা খনি থেকে বেআইনি ভাবে কয়লা উত্তোলন করা হচ্ছে। এই ব্যাপারে আমি ব্যক্তিগতভাবে থানার ও. সি. এবং ডি. এমের সঙ্গে কথা বলেছিলাম এবং তার ফলে সেখানে পুলিশ পিকেট বসানো হয়েছিল। কিন্তু কংগ্রেস (আই) নেতাদের মদতে ঐসব সমাজবিরোধীরা বলছে, তারা ডিনামাইট দিয়ে পুলিশ পিকেট উড়িয়ে দেবে। ফলে সেখানকার পুলিশ পিকেট উঠে গেছে। তারপর থেকে আবার কংগ্রেসের নেতারা রাণীগঞ্জ এলাকা থেকে মাফিয়া গুন্ডাদের নিয়ে এসে বেআইনিভাবে কয়লা উত্তোলন শুরু করেছে। যাতে এইভাবে বেআইনি কয়লা উত্তোলন বন্ধ হয় তার জন্য আমি স্বারাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নাজমূল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরবা বিধানসভা কেন্দ্রের খরবা স্বাস্থ্যকেন্দ্রে আউটডোর বিভাগ রয়েছে, ২৫টি বেড রয়েছে ইনডোরে এবং একজন হোমিওপ্যাথ ডাক্তারও রয়েছেন, কিন্তু এ্যালোপ্যাথ কোন ডাক্তার বা নার্স নেই। ফলে রোগী ভর্তি এবং মেডিক্যাল আউট-ডোর বন্ধ হয়ে রয়েছে। আমার কেন্দ্রে আরও তিনটি স্বাস্থ্যকেন্দ্র ডাক্তার রয়েছে,

কিন্তু তারা খরবা স্বাস্থ্যকেন্দ্রের রোগীদের ঐসব স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে চিকিৎসার সুযোগ নেওয়া অসুবিধাজনক দূরত্বের কারণে। সেজন্য অনুরোধ করছি, খরবা স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার এবং নার্সিং স্টাফ নিয়োগ করা হোক যাতে সেখানকার ২৫টি বেডে রোগী ভর্তি হতে পারে এবং মেডিক্যাল আউড-ডোর চালু হতে পারে।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরামবাগ মহকুমা হাসপাতাল সহ সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ওষুধপত্রের চরম অভাব দেখা দিয়েছে, বিশেষ করে সেখানে এ. আর. ভি., এ. বি. এস., এ. টি. এস. এবং স্যালাইন পর্যন্ত রোগীদের কিনে দিতে হচ্ছে। তার জন্য দুস্থ রোগীরা চিকিৎসা পাচ্ছে না। ঐ হাসপাতালের ডাক্তাররা প্রাইভেট প্র্যাকটিস করতে ব্যস্ত। যাতে সেখানে প্রয়োজনীয় ওষুধপত্র পাঠানো হয় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন ধরে বহুল প্রচারিত হলদিয়া পেট্রো-কেমিক্যালস কমপ্লেক্স নিয়ে অনিশ্চয়তা চলছে। একদিকে বামফ্রন্ট হলদিয়ায় বিরাট শিল্প সৃষ্টির প্রচেষ্টা হচ্ছে বলে প্রচার করছেন, অন্য দিকে কলকাতা থেকে হলদিয়া পর্যন্ত পদযাত্রা পর্যন্ত করেছেন। অনেক টালবাহানার পর আর. পি. গোয়েঙ্কাকে হলদিয়া প্রোজেক্ট থেকে বাদ দিয়ে টাটা কোম্পানিকে পার্টনার বলে ঠিক করা হয়েছিল এবং এই হাউসে মুখ্যমন্ত্রী ঘোষণাও করেছিলেন যে, টাটা কোম্পানির টাটা টি-এর চেয়ারম্যান দরবারী শেঠের সঙ্গে যৌথ উদ্যোগে হলদিয়া পেট্রে-কেমিক্যালস কমপ্লেক্স তৈরি করা হবে। সেই সময় রাজীব গান্ধী এবং আমরা বলেছিলাম, তিন হাজার কোটি টাকার একটা প্রোজেক্ট ইমপোর্টেড ন্যাপথার উপর ভিত্তি করে করা ঠিক হবে না যেখানে আজকে সারা পৃথিবীতে পেট্রে-কেমিক্যাসের ফ্লাড চলছে। টাটাও অনেক দিন ধরে না না করলেন, অবশেষে টাটা টি এবং টাটা কেমিক্যালস হলদিয়া থেকে প্রত্যাহার করেছে নিজেদের। যাতে পুরোপুরি ব্যাপারটা ডুবে না যায় তার জন্য মুখ্যমন্ত্রী জে. আর. ডি. টাটার সঙ্গে দেখা করে যুক্ত বিবৃতি দিয়েছেন। এটা এমনই রাজ্য। আমরাও চাই এটা হোক, কিন্তু বক্রেশ্বর নিয়ে যেখানে এত প্রচার সেখানে গতকাল আমরা শঙ্করবাবুর মুখে শুনলাম, সেটা ১৯৮৮ সালে শুরু হয়ে শেষ হবে ২০০০ সালে। আজকে যদি নতুন করে টাটা টিকে পুল আউট করা হয় এবং টিসকো আসে তাহলে হলদিয়া ১০ বছর পিছিয়ে যাবে। কাজেই অবিলম্বে এই বিষয়ে মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

(প্রচন্ড গোলমাল)

**শ্রী নির্মল মিস্ত্রি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আপনি জানেন যে আমার কেন্দ্র ক্যানিং মহকুমার স্বীকৃতি পয়েছে। কিন্তু এই স্বীকৃতি পাবার পরে এর প্রশাসনিক কাঠামো এখনও পর্যন্ত গড়ে উঠতে পারেনি। আপনি জানেন যে সুন্দরবন অঞ্চল অত্যন্ত প্রত্যন্ত এলাকা।

এখানকার মানুষকে প্রায়ই আলিপুরে আসতে হয়। যে কয়টি নতুন মহকুমা করা হয়েছে তার মধ্যে ক্যানিং স্বীকৃতি পয়েছে। কিন্তু এর জন্য যে প্রশাসনিক কাঠামো গড়ে তোলা প্রয়োজন সেটা এখনও করা হয়নি। বামফ্রন্ট সরকারের এই যে প্রচেষ্টা এর সুফল যাতে মানুষ পায় তার জন্য তাড়াতাড়ি এর প্রশাসনিক কাঠামো গড়ে তোলার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

## PRESENTATION OF REPORT

**Mr. Speaker :** I now present the 41st Report of the Business Advisory Committee, as follows :

| | | | |
|---|---|---|---|
| 05.7.1993 (Monday) | Demand No.39 | Labour Department | .. 4hrs. |
| 06.7.1993 (Tuseday) | i) Demand No.12:<br>ii) Demand No.77:<br>iii) Demand No.78:<br>iv) Demand No.80:<br>v) Demand No81: | Transport Department | .. 2hrs. |
| | vi) Demand No38: | Information & Cultural Affairs Department | .. 2hrs |
| 07.7.1993 (Wednesday) | i) Demand No.18:<br>ii) Demand No.19: | Home (PAR) Department | .. 4hrs |
| 08.7.1993 (Thursday) | i) Demand No.54:<br>ii) Demand No.86: | Food & Supplies Deptt. | .. 4hrs |
| 09.7.199 (Friday | i) Demand No.32:<br>ii) Demand No.33:<br>iii) Demand No.34: | Health & Family Welfare Department | ..4hrs |
| | iv) Demand No.40: | Refugee, Relief & Rehabilitation | ..1hr. |
| 12.3.1993 (Monday) | i) Demand No.62: | Panchayat Department | |
| | ii) Demand No.59:<br>iii) Demand No.60:<br>iv) Demand No.63: | Rural Development Department | ..4hrs. |
| 13.7.1993 (Tyesday) | i) Demand No.42: | Social Welfare | ..1hr. |

| | | | |
|---|---|---|---|
| | ii) Demand No.43: | Department | |
| | iii) Demand No.22: | Home (Jails) Department | ..1hr. |
| | iv) Demand No.49: | Animal Resources | ..2hrs. |
| | v) Demand No.50: | Development Department | ..2hrs. |
| 14.7.1993 (Wednesday) | i) Demand No.30: | | |
| | ii) Demand No.45: | Education Department | ..4hrs. |
| 15.7.1993 (Thursday) | i) Demand No.74 | Industrial Reconstruction Department | : |
| | ii) Demand No.92: | Public Undertaking Department | : |
| | iii) Demand No.24: | | : |
| | iv) Demand No.53: | | : |
| | v) Demand No.75: | | : |
| | vi) Demand No.76: | | : |
| | vii) Demand No.87: | Commerce and Industries | : 4hrs. |
| | viii) Demand No.88: | Department | : |
| | ix) Demand No.93: | | : |
| | x) Demand No.94: | | : |
| | xi) Demand No.95: | | : |
| | xii) Demand No.96: | | : |
| | xiii) Demand No.97: | | : |
| | xiv) Demand No.1: | Parliamentary Affairs Department | : |
| | xv) Demand No.3: | Home (C&E) Department | : |
| | xvi) Demand No.4: | Judicial Department | : |
| | xvii) Demand No.5: | Home (C&E) Department | : |
| | xviii) Demand No.6: | | : |
| | xix) Demand No.8: | Finance (Taxation) | : |
| | xx) Demand No.9: | Department | : |
| | xxi) Demand No.10: | Excise Department | : |
| | xxii) Demand No.11: | Finance (Taxation) | : |
| | xxiii) Demand No.13: | Department | : ..1hr. |
| | xxiv) Demand No.14: | Finance (Audit) Deptt. | : |
| | xxv) Demand No.16: | Finance (Budget) Deptt. | : |
| | xxvi) Demand No.20: | Finance (Audit) Deptt. | : |
| | xxvii) Demand No.27: | Home (Civil Defence) Department | : |

| | | | |
|---|---|---|---|
| xxviii) | Demand No.28: | Finance (Audit) Deptt. | : |
| xxiv) | Demand No.29: | Finance (Taxation) Department | : ..1hr. |
| xxx) | Demand No.31: | Sports & Youth Services Department | : |
| xxxi) | Demand No.44: | Relief & Welfare (Relief) Deptt. | : |
| xxxii) | Demand No.46: | Finance (Taxation) Department | : |
| xxxiv) | Demand No.64: | Hill Affairs Deptt. | : |
| xxxv) | Demand No.65: | Development & Planning Department | : |
| xxxvi) | Demand No.82: | Environment Deptt. | : |
| xxxvii) | Demand No.83: | Development & Planning Department | : |
| xxxviii) | Demand No.84: | Tourism Department | : |
| xxxix) | Demand No.85: | Development & Planning Department | : |
| xi) | Demand No.89: | Environment Deptt. | : |
| xii) | Demand No.99: | Finance (Budget) Department | : |

**Mr. Speaker :** I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 41st report of the B. A. Committee as presented in the House be agreed to.

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত যে আমি গতকাল উপস্থিত থাকতে পারিনি। খুব গুরুত্বপূর্ণ দপ্তরের আলোচনা আপনার থেকে আদায় করেছি। স্যার, স্পোর্টস অ্যান্ড ইউথ সার্ভিস দপ্তরের বহু কথা এখানে আলোচনা করা উচিত। এই স্পোর্টস অ্যান্ড ইউথ সারভিসেস দপ্তরকে আপনি গিলোটিনে দিচ্ছেন, এটা আপনি কনসিডার করুন। অন্যান্য দপ্তর যেমন জেলকে আপনি গিলোটিনে দেন নি। স্পোর্টস অ্যান্ড সারভিসেস দপ্তরকে আমরা গত বার গিলোটিন থেকে মুক্ত করেছিলাম।

**মিঃ স্পিকার :** আমার এই ব্যাপারে কোন আপত্তি নেই, ডিসকাশন হোক তাতে আমার কোনও আপত্তি নেই। কিন্তু আমাদের একটা নতুন রুল আছে সেটা হলো ফর ডিসকাশন অন ডিমান্ড আমরা ২০ দিন করতে পারি। এখন কথা হচ্ছে মন্ত্রীদের সঙ্গে যোগাযোগ করে এই টাইম ঠিক করেছি। তাদের কি প্রোগ্রাম আছে সেটা আমাদের দেখতে

হবে। এখন আমরা এটা অ্যাপ্রুভ করি। ৫ তারিখের পর এটা আছে। পার্লামেন্টারী অ্যাফেয়ার্স মিনিস্টার সুভাষবাবুর সঙ্গে যোগাযোগ করে দেখবেন তাঁকে পাওয়া যায় কিনা। যদি পাওয়া যায় তাহলে এ্যানিম্যাল হাসব্যান্ড্রি রিসোর্স ডিপার্টমেন্টকে ড্রপ করে স্পোর্ট অ্যান্ড ইউথ সারভিসেসকে আনা যাবে। এটা আমার অরিজিনাল প্রপোজাল ছিল। কিন্তু সুভাষবাবুর সঙ্গে যোগাযোগ করতে পারা যায় নি। এর মধ্যে যদি যোগাযোগ করা যায় তাহলে আমরা আবার বি. এ. কমিটিতে বসে ঠিক করে নেব। এখন আমরা এটা অ্যাপ্রুভ করি, তারপর কি করা যায় হাউসে অ্যাডজাস্ট করে নেওয়া হবে। প্রবোধবাবু আপনি যোগাযোগ করে দেখবেন সুভাষবাবুর সঙ্গে কোনও ডেট পাওয়া যায় কিনা।

The motion of Shri Prabodh Chandra Sinha was then put and agreed to.

[1-10 – 1-20 p.m.]

## ZERO HOUR

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় অনেকগুলি হাইস্কুল এবং হায়ার সেকেন্ডারি স্কুল আছে। ছেলেমেয়েদের অনেক দূরে গিয়ে পড়তে হয়, এতে পড়ার অসুবিধা হয়, এটি আমাদের মানুষের দীর্ঘদিনের দাবি যে পানীঘাটায় যাতে একটি কলেজ হয়। সেখানে জায়গা আছে এবং স্কুলের যে বিল্ডিং আছে সেটা কলেজ করার পক্ষে সহায়ক হবে। তাই আপনার মাধ্যমে পানীঘাটায়, জাতীয় সড়কের পাশে যাতে একটি কলেজ হয় তারজন্য উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি যে, ব্লকে বিভিন্ন সমস্যা, ল্যান্ডের সমস্যার সমাধানের জন্য সরকারের একটা পলিসি আছে। সেই পলিসি অনুযায়ী ফাইভ-ম্যান একটা কমিটি আছে। সেখানে প্রশাসনিক সমস্যা দেখা দিলে - এখানে মাননীয় মন্ত্রী বিনয়বাবু আছেন, তিনি এই বিষয়ে পরিষ্কার করে দিতে পারবেন — বিভিন্ন বিষয়ে যখন আলোচনা হচ্ছে তখন এমন কি বিরোধী পক্ষও বলছেন এই কমিটি করার জন্য। এই ফাইভ-ম্যান কমিটি তাঁরা বুঝতে পারছেন না। সরকারের মন্ত্রী একজন হঠাৎ করে প্রশ্ন করলেন, ফাইভ-ম্যান কমিটি যেটা হয়েছে সেটা তাঁর জানা নেই। ল্যান্ড বা ফসল কাটার প্রশ্নে আপনি সমাধান দেবেন এবং সরকারের যে ডিসিসন আছে, এটা সর্বত্র দেওয়া হয়েছে কিনা, যদি কোন নির্দেশ পাঠানো না হয়ে থাকে তাহলে তা সর্বত্র জানিয়ে দেওয়া হয়। এই ফাইভ-ম্যান কমিটিতে আছেন ও. সি., বি. ডি. ও., সভাপতি, কর্মাধ্যক্ষ এবং বি. এল. আর. ও.। সর্বস্তরে এটা জানানো দরকার, তা নাহলে এটা নিয়ে একটা বিতর্কের অবকাশ থেকে যাচ্ছে।

**শ্রী নাসিরুদ্দিন খান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নওদায় ৩৩ বছর আগে জুনিয়র হাই স্কুল

মঞ্জুর হয়েছে, এরমধ্যে আজ পর্যন্ত এটি আপ-গ্রেডেড হল না, হাইস্কুল হল না। স্কুলের এতবেশি চাপ যে পাশের আমতলা হায়ার সেকেন্ডারি স্কুল এবং কলেজে এতবেশি চাপ যে সেখানেও পড়তে পারে না। ক্লাস টেন পর্যন্ত ছাত্ররা যদি পড়াশুনা না করতে পারে তাহলে তো ভয়ঙ্কর অসুবিধা। তাই নওদা জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে পরিণত করার জন্য আমি শিক্ষামন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গ্রামাঞ্চলে ম্যালেরিয়ার প্রকোপ বেড়েছে। ডাক্তারেরা আগে ক্লোরোকুইন দিচ্ছিলেন, একটা খেলে ভাল হবে বলছিলেন। এখন বলছেন, কুইনাইন দরকার অথচ এই কুইনাইন এখন নেই। কুইনাইন গভর্নমেন্ট ডিপো থেকে সরবরাহ করা হয়। গত ৬ মাস ধরে ওই কুইনাইন আসছে সরকারের ডিপো থেকে। সারা পশ্চিমবঙ্গে এখন কুইনাইনের খুব অভাব পড়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই কারণ এটি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়। এর ফলে আমরা লোকেদের কাছে জবাব দিতে পারছি না, অবিলম্বে এর ব্যবস্থা করা হোক।

**শ্রী আবদুল মান্নান ঃ** স্যার, এখন হাউস চলছে, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা রাজ্যে ১০টি জুটমিল বন্ধ হয়ে গেছে। আবার ১ মাসের মধ্যে কয়েকটি বন্ধ হতে চলেছে। এতে প্রায় ৫০-৬০ হাজাক শ্রমিক কাজ করে, তারা বেকার হয়ে পড়বে। শ্রীরামপুরের ইন্ডিয়া জুটমিল এবং চন্দননগর ও ভদ্রেশ্বরের মধ্যে যে ভিক্টোরিয়া জুট মিলটি রয়েছে সেটিও বন্ধ হতে চলেছে। আমি শ্রম মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে আজকে যে প্রবলেম সেটা শ্রম বাজেটে আলোচনা করতে চাই না, অন্য সময়ে আলোচনা করা হোক এবং এটা নিয়ে একটি পরিষদীয় কমিটি করে বিচার করা হোক যে এর কি উন্নতি করা যায়।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং পূর্ত মন্ত্রীকে সেই সঙ্গে ধন্যবাদও জানাচ্ছি কারণ তিনি বীরভূম এবং মুর্শিদাবাদের সংযাগস্থলে অজয়নদীর উপরের ব্রিজ করার জন্য আগামী ২৬ তারিখে ফাউন্ডেশন স্টোন লে করবেন। এটা আমাদের পক্ষে খুবই ভালো যে এরদ্বারা হলদিয়া থেকে ফারাক্কা যে ন্যাশনাল হাইওয়ে আছে তার সঙ্গে এটা সংযোগ স্থাপন হবে। সেই সাথে আমি আরেকটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে বোলপুর থেকে ভেদিরা একটি ব্রিজ করার যে পরিকল্পনা, যেটি স্টেট প্ল্যানিং বোর্ডের কাছে পাঠানো হয়েছে সেটাও যাতে স্থাপিত হয় সেই ব্যাপারে আমি পূর্তমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে জানাচ্ছি। গত পরশুদিন রাত্রে টিভিতে জুন মাসের যেসব উল্লেখযোগ্য ঘটনা ঘটেছে তার উল্লেখ করা হয়। তাতে ১৯৭৫ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী কর্তৃক ২৫শে জুন যে জরুরি অবস্থা জারি করা

হয়েছিল সেই সম্পর্কে বলা হয়। তারপরে সোস্যাল ফরেস্টি সম্বন্ধে এবং ডাউরী মুভমেন্ট সম্বন্ধে উল্লেখ করা হয়। কিন্তু সঞ্জয় গান্ধী, যিনি নিরক্ষরতা দূরীকরণের এবং জনশিক্ষা প্রসারের স্রষ্ঠা, তাঁর জন্মদিন ২৩শে জুন, তাঁর সম্বন্ধে একটি কথাও উল্লেখ করা হল না। সেই বিষয়ে কোনও টেলিকাস্ট করল না দূরদর্শন। আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি যাতে অবিলম্বে সঞ্জয় গান্ধীর ব্যাপারে প্রচার করা হয় তার জন্য দূরদর্শনকে জানান।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের রাজ্যের উচ্চ এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলায় স্কুলের সংখ্যা খুবই কম এবং এর ফলে ভর্তির ক্ষেত্রে খুবই অসুবিধা দেখা দেয়। আমার নির্বাচনী কেন্দ্র বাঁকুড়ার তনাতে গার্লস স্কুলের সংখ্যা এত কম যে উঁচু শ্রেণীতে উঠলে পরে তাদের স্থান দেওয়া যাচ্ছে না। আমার কেন্দ্র ছাতনাতে একটি গার্লস স্কুলের ছাত্রীরা অষ্টম শ্রেণীর থেকে নবম শ্রেণীতে উঠে তাদের আর ভর্তি করা যাচ্ছে না। এই পর্যন্ত সেখানে ৩৫ জন ভর্ত্তি হয়েছে এবং ৪৩জন ভর্তির সুযোগ পায়নি। সেই সমস্ত মেয়েদের অভিভাবকরা ডি. আই. অফিসে যাচ্ছে, এ. ডি. এমের কাছে যাচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা যাতে নেন এবং সেই সমস্ত মেয়েরা যাতে ভর্তির সুযোগ পান ও পড়াশুনা করার যাতে সুযোগ পান সেই ব্যবস্থা করবেন।

[1-20 – 2-00 p.m.](including adjournment)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি খুব দুর্ভাগ্যজনক ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আউশগ্রামে জঙ্গলমহলে একটা বিষ্ণুপুর গ্রাম আছে। সেই বিষ্ণুপুর গ্রামে এবারে কংগ্রেস জয়লাভ করেছে। ৪ঠা জুন সেখানে কংগ্রেসের লোকেরা একটা মিছিল বার করেছিল। আপনি শুনলে আশ্চর্য হবেন সেই আউশগ্রামে যিনি বীট অফিসার আছেন তিনি বিনা প্ররোচনায় কংগ্রেসের সেই মিছিলের উপর গুলি চালায় এবং এতে মোজেম হাসানের গুলি লাগে এবং তার মৃত্যু হয়। উইদাউট এনি প্রোভোকেশন, কোন সন্ত্রাস হয়নি, কোনও গন্ডগোল হয়নি, সেখানে গুলি চালিয়ে মোজেম হাসানকে গুলি করে হত্যা করা হয়। তার পরিবারে ১১জন লোক। তার তিনটে ছেলে ও একটা মেয়ে তারা খেতে পাচ্ছে না। পুলিশ কেন গুলি চালিয়েছে তার কোনও এক্সপ্লানেশন নেই। তার বউ আমাকে চিঠি লিখে জানিয়েছে। তাদের পরিবারকে সরকার থেকে পেনশন দেবার ব্যবস্থা করা হোক এবং সম্ভব হলে তার স্ত্রী মনোহরা বিবিকে একটা কাজ দেওয়া হোক এই দাবি আমি করছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা আপনার মাধ্যমে বলতে চাই। কুলপী পঞ্চায়েত সমিতি এলাকায় ঢোলা গ্রাম পঞ্চায়েত, যেটা কংগ্রেসের দখলে ছিল, সেটা এবারে সি. পি. এম. দখল করেছে। সেখানে ১৮ বছরের তরতাজা যুবককে নৃশংসভাবে কংগ্রেসিরা হত্যা করেছে। সেই শেখ নিজামুদ্দিন মোল্লাকে শুধু কংগ্রেসীরা

হত্যাই করেনি, তার মরদেহ টুকরো টুকরো করে নিয়ে তারা উল্লাস করেছে। তার বাবা ও ভাইকেও তারা হত্যা করেছে। ঢোলা গ্রাম পঞ্চায়েতের দখল সি. পি. এম-এর দখলে আসায় ১৮ বছরের বাচ্চা ছেলে এস. এফ. আই. কর্মীকে খুন করা হয়। প্রতিবাদে আজকে মন্দিরবাজার এলাকার কুলটিতে বন্ধ পালিত হচ্ছে। আমি এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলছি। আপনি স্যার, শিশু পুষ্টি প্রকল্পে প্রাথমিক বিদ্যালয়ে রুটি সরবরাহ প্রকল্পের টাকা নিয়ে কিভাবে দূর্নীতি হচ্ছে মেদিনীপুর জেলায়। স্যার, ওখানে ঘড়াপুরের একটা বেকারী সেখানে রুটি দেওয়ার দায়িত্বে ছিল। এই ব্যাপারে প্রথামিক শিক্ষা দপ্তর সংশ্লিষ্ট ব্যাপারে তদন্ত করে এবং একটা বলিষ্ট পদক্ষেপ নিয়েছিল। তদন্ত রিপোর্টও আমি পড়েছি। সেখানে বলছে সংশ্লিষ্ট স্কুলগুলির সঙ্গে বেকারী মালিকদের অশুভ আঁতাতের ফলে সংসদের সঙ্গে প্রতারণা করা হয়েছে। সংসদের যাবতীয় বিধি লঙ্ঘন করেছে। রুটির মান, ওজন, সরবরাহের পরিমাণ প্রভৃতি বিষয়ে সরকারের নির্দেশ অমান্য করে বছরের পর বছর বেকারী কর্তৃপক্ষ চতুরভাবে সংসদকে প্রতারিত করেছেন। স্যার ১০-১২ লক্ষ টাকার বিল ওর বাকি আছে। স্যার, আরও দুঃখের কথা মেদিনীপুর জেলার সি. পি. এমের সম্পাদক ঐ বেকারীকে টাকা দেবার জন্য প্রাথমিক শিক্ষা সংসদের কাছে সুপারিশ করেছেন।

**শ্রী অনুরাধা পুততুন্ডা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলাতে কংগ্রেসের দলের পক্ষ থেকে কি বেপরোয়াভাবে সন্ত্রাস সৃষ্টি করা হচ্ছে এবং মহিলাদের উপর কি রকম নৃশংসভাবে আক্রমণ চালানো হচ্ছে তারই একটি নজির আমি এই হাউসে তুলে ধরতে চাই। স্যার, নির্বাচনের পরের দিন ৩১ তারিখে সাগর ব্লকের রুদ্রনগর গ্রাম পঞ্চায়েতের অধীন বিওনখালি গ্রামে কংগ্রেস দলের আক্রমণ নেমে আসে। তারা সি. পি. আই. এমের প্রার্থী যারা ছিলেন, মহিলা প্রার্থী তাদের বাড়িতে বাড়িতে গিয়ে হামলা চালায়। স্যার, সাগরে আমাদের মহিলা সংগঠন খুব শক্তিশালী। সেখানে কংগ্রেসীরা নির্দিষ্টভাবে মহিলাদের উপর আক্রমণ করতে শুরু করে। আমাদের ওখানকার মহিলা সংগঠনের সম্পাদিকা শ্রীমতী আরতি পাত্র তাদের আক্রমনের শিকার হন, শ্রীমতী আরতি দাস একজন ৮ মাসের গর্ভবতী মহিলা তার পেটের উপর কংগ্রেসী নরপশুরা নৃত্য করে। এইভাবে অনেক মহিলা সেখানে সন্ত্রাসের শিকার হন এবং শ্রীমতী আরতি দাস, গর্ভবতী মহিলা, তিনি এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। সেখানকার ব্লক কংগ্রেসের সভাপতি এর নেতৃত্ব দিয়েছেন। আমার দাবি, অবিলম্বে এই সমস্ত নরপশুদের গ্রেপ্তার করা হোক। কংগ্রেসের দলের বিধায়করা প্রকাশ্যে তাদের দলের অপরাধ স্বীকার করুন — এই দাবি আমি রাখছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। বানতলায় ১৮০ বিঘা জমি ...........

**মিঃ স্পিকার ঃ** এটা হবে না, আপনি বালক ব্রহ্মচারীর ব্যাপারে নোটিশ দিয়েছেন,

সেটা আপনি বলুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, আপনার আগেই আমি অনুমতি নিয়েছিলাম, যাইহোক, সেটাই আমি বলছি। স্যার, বালক ব্রহ্মচারীর ব্যাপারে এই সভায় মুলতুবি প্রস্তাব উত্থাপন করা হয়েছে। স্যার, পশ্চিমবঙ্গে একটা নগর উন্নয়ন দপ্তর আছে কিন্তু তারা সমস্ত দায়দায়িত্ব পানিহাটি পৌরসভার উপর চাপিয়ে দিয়ে বসে আছেন। রাজ্য সরকার এ ব্যাপারে ভয়ে সন্ত্রস্ত হয়ে আছেন। পঞ্চায়েতের ভোটের সময় তারা না হয় বালক ব্রহ্মচারীর মৃতদেহ সৎকারের কথা বললে তার শিষ্যরা ভোট দেবেন না — এই ভয়ে কিছু বলেন নি কিন্তু লজ্জার ব্যাপার বামপন্থী ধ্বজাধারী একটা সরকার তারা এখনও স্পষ্টভাবে সভাকে জানাতে পারলেন না যে বালক ব্রহ্মচারীর সম্বন্ধে সরকার কি সিদ্ধান্ত নিলেন। এতদিন পরে এখন বৈঠক হচ্ছে, মুখ্যমন্ত্রী কি বলবেন জানি না, আমি অবিলম্বে বালক ব্রহ্মচারীর মৃতদেহ সৎকারের দাবি জানাচ্ছি।

**মিঃ স্পিকার :** এখন বিরতি, আবার আমরা মিলিত হ'ব দুটোর সময়।

(At this stage the House was adjourned till 2 p.m.)

[2-00 – 2-10 p.m.]

(After Adjournment)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand Nos-47, 48, 55 & 58

**Mr. Speaker :** Now discussion on Demand Nos. 47, 48, 55 and 58.

**(The Printed Budget Speech on Demand No-47, 48, 55 & 58 of Shri Nihar Kumar Basu was taken as read)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৭ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৪০১-শস্য উৎপাদন", "৪৪০১-শস্য উৎপাদনের জন্য মুলধনগত ব্যয় (সরকার পরিচালিত সংস্থাসমূহ বাদে)" এবং "৬৪-১-শস্য উৎপাদনের জন্য ঋণ (সরকার পরিচালিত সংস্থা সমূহ বাদে)" বাবদ ১১১,৪০,৮০,০০০ (একশত এগার কোটি চল্লিশ লক্ষ আশি হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়-বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৩৭,১৫,০০,০০০ (সাঁইত্রিশ কোটি পনের লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৮ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৪০২-ভূমি ও জল সংরক্ষণ" এবং "৪৪০২-ভূমি ও জল সংরক্ষণের জন্য মূলধনগত ব্যয়" বাবদ ১০,৮০,৬৮,০০০ (দশ কোটি আশি লক্ষ আটষট্টি হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়-বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৩,৬১,০০,০০০ (তিন কোটি একষট্টি লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৫নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৪১৫-কৃষি গবেষণা ও শিক্ষা" এবং "৪৪১৫-কৃষি গবেষণা ও শিক্ষার জন্য মূলধনগত ব্যয় (সরকারি সমস্থাসমূহ বাদে)" বাবদ ২৪,৬২,১৪,০০০ (চব্বিশ কোটি বাষট্টি লক্ষ চৌদ্দ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয় বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৮,২০,৯০,০০০ (আট কোটি কুড়ি লক্ষ নব্বই হাজার) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

**২. ১৯৯১-৯২ সালের কৃষি উৎপাদনের পর্যবেক্ষণ ঃ**

১৯৯১-৯২ সালে রাজ্য ১২৮.৫৬ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করে সর্বকালীন রেকর্ড স্থাপন করেছে। যার মধ্যে কেবলমাত্র চালেরই অবদান ছিল ১১৯.৫৪ লক্ষ টন। আর তা সম্ভব হয় আমনধানের উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং রেকর্ড পরিমাণ এলাকায়, বোরোধানের চাষ ও উৎপাদনের মাধ্যমে, ৪৯.১৩ লক্ষ টনের রেকর্ড উৎপাদন হয় আলুতেও।

আবহাওয়া ও মৃত্তিকা সংক্রান্ত সমস্যা থাকা সত্ত্বেও ১৯৯১-৯২ সালে কৃষি উৎপাদন এক অনন্য সাধারণ নজির সৃষ্টি করে। ১৯৯১-৯২ সালের আমন চাল উৎপাদনের সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় ছিল আমন চাল উৎপাদনের হার — যা অতীতের সকল রেকর্ড ম্লান করে দেয় এবং হেক্টর প্রতি গড় উৎপাদন হয় ১৯৩৫ কেজি। আমন চাল উৎপাদনের ঐ হার বৃহত্তর প্রগতির ইঙ্গিত বহন করে এবং রাজ্যের কৃষিক্ষেত্রে চাঞ্চল্যকর সম্ভাবনার দিকটি উন্মোচিত করে। রাজ্য গত কয়েকবছর যাবৎ সর্বাধিক চাল উৎপাদন করে সমগ্র দেশে এক অভিনব রেকর্ডের অধিকারী হিসাবে সফলতা লাভ করে।

**৩. ১৯৯৩-৯৪ সালের কৃষি উন্নয়ন পরিকল্পনা ঃ**

(ক) প্রয়োজনভিত্তিক কৃষি পরিকল্পনা তৈরি করার জন্য ভারত সরকারের পরিকল্পনা

আয়োগ দেশকে কয়েকটি কৃষি জলবায়ুভিত্তিক অঞ্চলে ভাগ করেছে। এ ধরনের তিনটি কৃষি জলবায়ুভিত্তিক অঞ্চলে অন্তর্ভূক্ত করা হয়েছে পশ্চিমবঙ্গকে। (ক-১) পূর্ব হিমালয় পার্বত্য অঞ্চল, (ক-২) নিম্নগাঙ্গেয় সমতল অঞ্চল, (ক-৩) পূর্ব মালভূমি এবং পাহাড়ী অঞ্চল। ঐ তিনটি জলবায়ুভিত্তিক অঞ্চল আবার ছ'টি উপঅঞ্চলে বিভক্ত। বিভিন্ন অঞ্চলের উপযোগী ফসল চাষ, উপযুক্ত জাত ও কৃষি প্রযুক্তির উদ্ভাবন এবং সেগুলির কৃষকের জমিতে সম্প্রসারণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা চালানো হবে।

(খ) অভীষ্ট গোষ্ঠির চিহ্নিতকরণ এবং তাদের জন্য বিভিন্ন কৃষি জলবায়ুভিত্তিক অঞ্চলের উপযোগী উৎপাদন প্রযুক্তির সুপারিশকরণ।

(গ) শংসিত/গুণমান সম্পন্ন বীজ বিনামূল্যে অথবা ভরতুকিতে অধিক পরিমাণে সরবরাহের মাধ্যমে ফসলের অধিক ফলনশীল জাতের অধিক এলাকা সম্প্রসারণ।

(ঘ) সেচসেবিত এলাকায় নিবিড় চাষ এবং অসেচ এলাকায় পরিবর্তিত ফসল চক্রের মাধ্যমে উপযোগী অধিক ফলনশীন ফসল ও জাতের পত্তন।

(ঙ) বিভিন্ন কৃষি জলবায়ুর উপযোগী ও অর্থকরী বাগিচা ফসলের সম্প্রসারণ।

(চ) মৃত্তিকার গঠন উন্নতকরণ এবং দীর্ঘকালের জন্য উৎপাদনশীলতার মান বজায় রাখার জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে মৃত্তিকা ও জলসংরক্ষণের প্রচলন।

মাননীয় মহাশয়,

এতক্ষণ আমি ১৯৯১-৯২ সালের কৃষি উৎপাদনের উল্লেখ করেছি এবং আগামী বছরের কৃষি পরিকল্পনা সম্বন্ধে মোটামুটি জ্ঞাত করেছি। এখন, আমি সভায় ১৯৯২-৯৩ সালের কৃষি পরিস্থিতি এবং বিভিন্ন প্রকল্প রূপায়ণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধির কিছু তথ্য পেশ করছি।

**৪. ১৯৯২-৯৩ সালের কৃষি পরিস্থিতি ও কৃষি উৎপাদন ঃ**

৪.১. **আবহাওয়া ঃ** ১৯৯২-৯৩ সালে প্রাক মৌসুমী বৃষ্টিপাত ছিল প্রয়োজনের তুলনায় কম। উপযুক্ত পরিমাণে মৃত্তিকার রসের অভাবে পাট ও আউশধান (শরৎকালীন) বোনার কাজ হয় বিলম্বিত।

রাজ্যে মৌসুমী বৃষ্টিপাত প্রায় ১০দিন পরে আরম্ভ হয়। জুন মাসে রাজ্যে বৃষ্টিপাতের পরিমাণ ছিল অল্প। যদিও জুলাই মাসে বৃষ্টিপাত মোটামুটি স্বাভাবিক ছিল, কিন্তু প্রকৃতি ছিল খামখেয়ালী এবং আগস্ট মাসে বৃষ্টিপাতের পরিমাণে ঘাটতি দেখা দেয়। বৃষ্টিপাতের স্বল্পতা এবং খামখেয়ালীপনার প্রবণতা পরিলক্ষিত হয় সেপ্টেম্বর মাসের শেষদিক পর্যন্ত, যখন রাজ্যবাসী বৃষ্টিপাত বিস্তৃত এলাকায় আমনধানের জলাভাব অবস্থার অবসান ঘটায়।

বৃষ্টিপাত ও নদী উপচান জলের ঢল সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে পুরুলিয়া জেলাকে করে বন্যাকবলিত এবং প্রভূত ক্ষতি করে আমন ধানের।

এই অবস্থায় রবি ফসলের সম্ভাবনার কথা বলা খুবই তড়িঘড়ি ব্যাপার হয়ে যাবে। কারণ বর্ষাকালের স্বল্প পরিমাণ বৃষ্টিপাতের দরুন খানা, ডোবা, জলাশয় ও বৃহৎ নদী প্রল্পের জলাধারগুলিতে জল অল্প পরিমাণে সঞ্চিত হয় এবং অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত রাজ্য জুড়ে পর্যাপ্ত পরিমাণে বৃষ্টিপাত হয়নি। এর সঙ্গে আবার যোগ হয়েছে রাসায়নিক সারের দরবৃদ্ধি। যার জন্য অনুমান করা হচ্ছে ১৯৯১-৯২-এর তুলনায় ১৯৯২-৯৩ সালের রবিচাষের এলাকা হ্রাস পাবে এবং আরও অনুমান করা হচ্ছে ১৯৯১-৯২-এর তুলনায় বোরোধানের এলাকাও হ্রাস পাবে।

**৪.২. কয়েকটি প্রধান ফসলের অধিক উৎপাদন কার্যসূচি ঃ**

৪.২.১. **ধান ঃ** তিনটি বিভিন্ন মরশুমে ধান চাষ হয়। খরিফ খন্দের আমন ধান চাষের এলাকা হল সর্বাধিক। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের জমিতে উন্নত প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে গত কয়েক বছরে ফসলের হার বৃদ্ধি করে চাল উৎপাদনের ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন আনা সম্ভব হয়েছে। কেন্দ্রীয় সাহায্যপুষ্ট সুসংহত চাল উৎপাদন প্রকল্প (আই পি আর ডি) বর্তমানে রাজ্যের প্রতিটি জেলায় নির্বাচিত ২৭০টি ব্লকে চালু রয়েছে। উন্নত বীজ সরবরাহ, প্রদর্শনী ক্ষেত্র স্থাপন, কৃষককে প্রশিক্ষণ দেওয়া, শষ্যরক্ষার সরঞ্জাম সহ অন্যান্য কৃষি যন্ত্রপাতির সরবরাহ এবং ভর্তুকিতে শস্য রক্ষার ঔষধ ইত্যাদি সরবরাহ করা প্রভৃতি হল প্রকল্পের কতকগুলি মুখ্য উদ্দেশ্য। ১৯৯১-৯২-এর মত ১৯৯২-৯৩তেও খরিফধান (আউশ ও আমন) উৎপাদনের পরিমাণ আশা করা যায়। কিন্তু বিভিন্ন উৎস থেকে প্রাপ্য সেচের জলের অভাবে ১৯৯১-৯২-এর মত বোরোধানের উৎপাদনের পরিমাণ পাওয়া হয়ত সম্ভব হবে না।

৪.২.২. **পাট ঃ** পাট হল রাজ্যের গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। পাট-চাষ-এলাকা নির্ভর করে কালবৈশাখী ও প্রাকমৌসুমী বৃষ্টিপাতের ওপর এবং পাট বোনার সময় পাটের বাজার দরের ওপর। পাট চাষের উপযোগী জলবায়ুর সুবিধা থাকা সত্ত্বেও বাজার দর সংক্রান্ত সমস্যার জন্য পাট চাষীরা দুশ্চিন্তাগ্রস্ত।

বিশেষ পাট উন্নয়ন রকল্প নামে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট এক প্রকল্প রাজ্যে চালু রয়েছে। এই প্রকল্পের উদ্দেশ্য হল গুণমান সম্পন্ন বীজ, ডাস্টার স্প্রেয়ার এর মত যন্ত্রপাতি এবং শস্যরক্ষার ঔষধ ভরতুকিতে কৃষকদের সরবরাহ করে পাটের ফলন হার বৃদ্ধি করা। ১.৭০ লক্ষ হেক্টর এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এর জন্য ব্যয়ের বন্দোব্যস্ত করা হয়েছে ১২২.০০ লক্ষ টাকা। ১৯৯২-৯৩ সালে এই ফসলের চাষ হয় ৪.৯৩ লক্ষ হেক্টর এবং উৎপাদন হয় ৫৩.৪৭ লক্ষ বেল। ১৯৯৩-৯৪ সালে এই কার্যক্রম চালু থাকবে এবং পাটের

হেক্টর প্রতি ১১.৩ বেল করার লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে।

৪.২.৩. **গম ঃ** রাজ্যে অন্যান্য ফসল চাষের তুলনায় গম চাষ যে কম লাভজনক তা প্রমানিত। সবজি, আলু, বোরোধান, সরিষা ইত্যাদি চাষের ওপর কৃষকের প্রবণতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ১৯৯২-৯৩ সালের জন্য লক্ষ্যমাত্রা হিসাবে গম চাষের এলাকা ২.০ হক্ষ হেক্টরে এবং উৎপাদন ৬.০ লক্ষ টনে ধার্য করা হয়েছিল। আবহাওয়ার অবস্থার পরিপ্রেক্ষিতে অনুমান করা হচ্ছে যে ১৯৯১-৯২-এর তুলনায় গম চাষের এলাকা ও উৎপাদন হ্রাস পাবে।

৪.২.৪ **আলু ঃ** সমগ্রদেশে আলু উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান হল দ্বিতীয়। সাম্প্রতিককালে রাজ্য আলু উৎপাদনে স্বয়ম্ভরতা অর্জন করেছে। ১৯৯২-৯২ সালে এই ফসল চালের এলাকা ও উৎপাদনের পরিমাণ ১৯৯১-৯২-এর মতো হবে আশা করা হচ্ছে। রাজ্যের কৃষকেরা যাতে শংসিত বীজ ব্যবহার করতে পারে তার জন্য বীজের শংসাকরণ সমেত কৃষকের ক্ষেতে ও সরকারি খামারে উন্নত আলুবীজ উৎপাদনের কাজ চলছে।

৪.২.৫. **তৈলবীজ ঃ** গত কয়েক বছরে রাজ্যে তৈলবীজের উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। রাজ্যে তৈলবীজ উৎপাদন জনপ্রিয় করার জন্য, কৃষকদের উৎসাহ দিতে ১০,০২১ হেক্টরে ব্লক প্রদর্শনী স্থাপন, ক্ষুদ্র ও প্রান্তিক যন্ত্রপাতি এবং ১০০৯ মেট্রিক টন বিভিন্ন প্রকার উন্নত মানের তৈলবীজ সরবরাহ করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালেও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট তৈলবীজ উৎপাদনপ্রকল্প ও রাজ্যের নিজস্ব প্রকল্পগুলির মাধ্যমে এই কার্যক্রম চালু রাখা হবে।

৪.২.৬. **ডালশস্য ঃ** তণ্ডুল জাতীয় অন্যান্য শস্য এবং অন্যান্য ফসলের উৎপাদন বৃদ্ধি পেলেও ডালশস্যের ক্ষেত্রে বিশেষ কিছু করা সম্ভব হয়নি। ডালশস্যের ফলন হার সামান্য বৃদ্ধি পেলেও, এর চাষের এলাকা ক্রমান্বয়ে হ্রাস পাওয়ায় মোট উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়নি। গত বছরগুলিতে কৃষকের কাছে ডালশস্যের চাষ কম লাভজনক ছিল। রাজ্যসরকার ১৯৯২-৯৩ সালে ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকদের ৯০,৭০০ ডালশস্যের মিনিকিট বিতরণও ১,০০০ হেক্টর ব্লক প্রদর্শনী স্থাপনের মাধ্যমে কৃষকদের সাহায্য করেছে। রাজ্য ও কেন্দ্র স্তরের বিভিন্ন প্রকল্পগুলির সুবিধা নিয়ে ডালশস্য চাষের এলাকা, ফলন হার ও মোট ফলন বৃদ্ধির জন্য ১৯৯৩-৯৪ সালে এই কার্যক্রম চালু থাকবে।

৪.২.৭. **সবজি ও বাগিচা ফসল ঃ** রাজ্য সবজি উৎপাদনে কেবলমাত্র স্বয়ম্ভর হয়ে ওঠেনি উপরন্তু বাজারের উদ্বৃত্ত অন্যান্য রাজ্যে নিয়মিত রপ্তানি করছে। এই লাভজনক ও অধিক উৎপাদনশীল চাষে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উৎসাহ দান করতে বিভিন্ন সরকারি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সেগুলি রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের উন্নতি সংক্রান্ত ভবিষ্যৎ, সম্ভাবনা ও ক্ষমতা রাজ্যের কৃষকদের যথেষ্ট স্বস্তি দিতে পারে। ১৯৯২-৯৩ সালে

আম, আনারস ও পিয়ারার চারা ১০,৪০৫ সংখ্যক কৃষককে সরবরাহ করা হয়েছে। পদ-চালিত ৩৫০টি স্প্রে মেশিন ৫০% অনুদানে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সরবরাহ করা হয়েছে।

বাগিচা ফসল চাষ বিশেষ ক'রে লাল কাঁকুরে মাটি এলাকায় জনপ্রিয় ক'রে তুলতে একই ধরনের কার্যসূচি ১৯৯৩-৯৪ সালেও চালু রাখা হবে।

৪.২.৮. **অন্যান্য বাণিজ্যিক ফসল ঃ** নারিকেল, সুপারী, কাজুবাদাম ও আখের উৎপাদন বৃদ্ধিকল্পে নির্দিষ্ট এলাকায় বিভিন্ন উন্নয়ন কার্যসূচি গ্রহণ করা হয়েছে। ১৯৯২-৯৩ সালে ৬০টি নারিকেল-নার্শারি স্থাপন এবং ৩.৮ লক্ষ নারিকেল চারা সরবরাহের কাজ বিশেষভাবে উল্লেখ করা যেতে পারে। বিভিন্ন অর্থকরী ফসলের ক্ষেত্রে এ ধরনের কার্যসূচি ১৯৯৩-৯৪ সালেও চালু রাখা হবে।

**৫. কৃষি উপকরণ সরবরাহ ঃ**

কৃষি উৎপাদন বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় কৃষি উপকরণ নিশ্চিত সরবরাহ করা হল কৃষি উৎপাদন কার্যসূচির সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশ। বীজ, রাসায়নিক সার, কীটঘ্ন ওষুধ ইত্যাদি সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কৃষি উৎপাদনের সাফল্য নির্ভর করে গুরুত্বপূর্ণ উপকরণ সরবরাহের ওপর।

৫.১ উন্নতমানের বীজ উৎপাদনে পশ্চিমবঙ্গ রাজ্য বীজ নিগম লিমিটেড এবং রাজ্যের অন্যান্য বীজ উৎপাদনকারী বেসরকারি সংস্থাগুলি যাতে উন্নতমানের বীজ উৎপাদন করতে পারে সেদিকে লক্ষ্য রাখা হচ্ছে। উন্নতমানের বীজ উৎপাদন এবং কৃষকদের মধ্যে তা সরবরাহ করার ব্যাপারে পশ্চিমবঙ্গ বীজ নিগম বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। ১৯৯২-৯৩ সালে ৮.৪৫ লক্ষ বীজের মিনিকিট (৩৫৬৮.৬৫ মেঃ টন) এবং ৪০২১.১৭৩ মেট্রিক টন ধান গমবীজ ভরতুকিতে সরবরাহ করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালেও পশ্চিমবঙ্গ বীজ নিগম বীজ উৎপাদন ও সরবরাহের ব্যাপারে সহযোগিতা করবে।

১৯৬৬ সালের বীজ আইন মোতাবেক বীজ শংসাকরণ সংস্থা অতীতের ন্যায় ১৯৯৩-৯৪ সালেও বীজ শংসাকরণের মাধ্যমে বীজের নিশ্চিত করার জন্য সহযোগিতা করবে।

৫.২ **রাসায়নিক সার ঃ** গত কয়েক বছরে রাজ্যে রাসায়নিক সার ব্যবহারের উর্ধ্বগতি পরিলক্ষিত হয়েছে। উদ্ভিদের খাদ্য উৎপাদন হিসাবে ১৯৯১-৯২ সালে ৭.৫৫ লক্ষ টন রাসায়নিক সার ব্যবহৃত হয়। আগস্ট, ১৯৯২তে সারের মূল্য বৃদ্ধিতে ১৯৯২-৯২ সালে সার ব্যবহারে বিপর্যয় দেখা দেয়। আমরা ফসফেট ও পটাশঘটিত সুষম সারের ব্যবহার এবং নিয়ন্ত্রণহীন মিশ্র সারের বিষয়ে বিশেষ চিন্তিত। অনুমান করা হচ্ছে বিনিয়ন্ত্রিত সারগুলির ব্যবহারের পরিমাণ যথেষ্ট হ্রাস পাবে, যেহেতু দেখা গেছে যে বহুক্ষেত্রে কৃষক ঐ সকল

সারের পরিবর্তে নাইট্রোজেন ঘটিত সারের ব্যবহার করছে।

৫.৩ **মৃত্তিকা পরিশোধক :** অম্লমৃত্তিকা শোধনের জন্য ভরতুকিতে বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ডলোমাইট ও বেসিক স্ল্যাগ সরবরাহ করা হয়ে থাকে। এর দ্বারা অম্লঘটিত রাসায়নিক সারের কার্যকারিতা বৃদ্ধি পায়। ১৯৯২-৯৩ সালে ৮০৯০ মেট্রিক টন ডলোমাইট এবং ২০০ মেট্রিক টন বেসিক স্ল্যাগ সরবরাহের কাজ অব্যাহত আছে। ১৯৯৩-৯৪ সালেও একই কাজ একই পরিমাণে চালিয়ে যাওয়ার প্রস্তাব পেশ করছি।

৫.৪. **জৈব সার :** নিবিড় চাষ পদ্ধতিতে জৈবসার একান্ত প্রয়োজন। পাকা সারকুড়া তৈরি করতে এবং আবর্জনা পচা সার তৈরি করে ক্ষেতে ব্যবহারের জন্য কৃষকদের সুবিধা দেওয়া হয়ে থাকে।

জীবানু সার যেমন নীল সবুজ শৈবাল ব্যবহার ধানের উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম। স্বল্প ব্যয়ে কৃষকেরা নিজেরাই এই সার তৈরি করে নিতে পারে। নীল সবুজ শৈবাল উৎপাদন এবং প্রয়োগ সম্বন্ধে সম্প্রসারণ সংস্থার মাধ্যমে কৃষকদের উৎসাহিত করা হচ্ছে। কৃষকেরা এই কার্যক্রমের সুবিধাগুলি গ্রহণ করতে শুরু করেছে। ১৯৯৩-৯৪ সালেও এই কার্যক্রম চালু থাকবে।

৫.৫. **কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জাম :** পশ্চিমবঙ্গের উপযোগী উন্নত কৃষি যন্ত্রপাতি এবং শস্য রক্ষার সরঞ্জাম ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ভরতুকিতে সরবরাহ করা হয়। বীজ বোনা যন্ত্র, চাকাবিদা, ধান ঝাড়াই কল, স্প্রে করার ও গুঁড়া ওষুধ ছড়ানোর সরঞ্জাম বেশ জনপ্রিয় হয়ে উঠছে। কেন্দ্র স্তরের ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট যেসব বিভিন্ন প্রকল্প রাজ্যে চালু আছে তাদের মাধ্যমে বছরে প্রায় ৩৭,৫০০০ সংখ্যক বিভিন্ন ধরনের উন্নত কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জাম কৃষকদের সরবরাহ করা হয়ে থাকে। ১৯৯৩-৯৪ সালেও এই প্রকল্প চালু থাকবে।

৫.৬ **শস্যরক্ষা ও কীটঘ্ন ওষুধ :** সুসংহত শস্যরক্ষা পদ্ধতির ওপর অপেক্ষাকৃত বেশি গুরুত্ব দেওয়া হয়ে থাকে। বিভিন্ন কৃষি কাজে বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন স্বরূপ সুসংহত শস্যরক্ষা পদ্ধতিতে কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হয়। কেন্দ্রর সাহায্যপুষ্ট প্রকল্পের সাহায্যে রাজ্যের বিভিন্ন জলবায়ুভিত্তিক অঞ্চলে ৮৫ হেক্টর জমিতে ৩৭৫ জন কৃষক নিয়ে ৭০টি আই-পি-এম প্রদর্শনী স্থাপন করা হয়েছে। বিভিন্ন ফসলের জন্য কীটঘ্ন ওষুধের প্রয়োগবিধি সুপারিশ করার সময় পরিবেশ রক্ষার বিষয়টি যথাযথভাবে গুরুত্ব দেওয়া হয়।

১৯৯২-৯৩ সালের খরিফ মরশুমে টেকনিক্যাল গ্রেড হিসাবে ২৫০০ মেট্রিক টন ওষুধ ব্যবহৃত হয়েছে এবং আশা করা হচ্ছে রবি মরশুমে ২২০০ মেট্রিক টন ব্যবহৃত হবে। ১৯৯৩-৯৪ সালের জন্য ৬০৮৪ মেট্রিক টন চাহিদা হতে পারে বলে আগাম জানিয়ে দেওয়া হয়েছে। ১৯৯২-৯৩তে ২০,০০ লক্ষ হেক্টরে শস্যরক্ষা কার্যক্রমের অন্তর্গত নিরীক্ষণের কার্যও চালানো হয়।

৫.৭ **কৃষি ঋণ ঃ** ঋণ পেতে ইচ্ছুক কৃষকগণ সমবায়, বাণিজ্যিক ও গ্রামীণ ব্যাঙ্ক থেকে যাতে ঋণ পায় তার জন্য কৃষি বিভাগ গ্রামাঞ্চলে কৃষি আধিকারিকের মাধ্যমে কৃষকের দরখাস্ত সংগ্রহ ও তা বিবেচিত হওয়ার ক্ষেত্রে সাহায্য করছে। এ সম্পর্কে রাজ্যস্তরের ব্যাঙ্কার্স কমিটি ও কৃষি বিভাগ থেকে যৌথ নির্দেশাবলী প্রচার করা হয়েছে।

৫.৮ **কৃষক পরিষেবা ঃ** রাজ্যে ৮টি স্থির এবং ৪টি ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার আছে। ১৯৯২-৯৩ সালে ৩০,০০০ মৃত্তিকার নমুনা পরীক্ষা করা হয়েছে। ১৯৯৩-৯৪ এর জন্য ৯৬,০০০ এর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এই লক্ষ্যে উপনীত হওয়ার জন্য স্থির হয়েছে যে মৃত্তিকা পরীক্ষা ও মৃত্তিকার সুষ্ঠু ব্যবহার সম্বন্ধে কৃষকদের সচেতন করতে অডিওভিসুয়ালের সাহায্যে মৃত্তিকা নমুনা সংগ্রহের এক বিশেষ কর্মসূচি গ্রহণ করা হবে।

রাজ্যে তিনটি নোটিফায়েড বীজ পরীক্ষাগার আছে। এই পরীক্ষাগারগুলি থেকে ১৯৯২-৯৩তে ৮৫০০ সংখ্যক বীজের নমুনা পরীক্ষা করে তার ফলাফল বীজ উৎপাদক ও কৃষকদের জ্ঞাত করা হয়েছে। এছাড়া বীজ শংসাকরণ সংস্থা ক্ষেতে ফসল দেখে ও বীজের স্বাস্থ্য যাচাই করে বিভিন্ন ফসলের ৭৯,৩০০০ মেট্রিক টন বীজের শংসাপত্র দিয়েছে। বীজের গুণমান নিয়ন্ত্রণকারী শাখা বিক্রয় করার উদ্দেশ্যে বীজ ব্যবসায়ীদের দোকানে মজুত বীজের গুণমান বিচার করে থাকে। রাজ্যে সারের গুণমান নিয়ন্ত্রক তিনটি পরীক্ষাগার আছে। ১৯৯২-৯৩ সালে বিভিন্ন সারের ১৫০০ সংখ্যক নমুনা বিভিন্ন ডিলারের দোকান থেকে সংগ্রহ করে পরীক্ষা করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালের জন্য ৩৫০০ সংখ্যক নমুনা সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

কীটঘ্ন ওষুধের গুণমান নিয়ন্ত্রণের জন্য মেদিনীপুরে একটি পরীক্ষাগারে আছে। সেখানে ২৬৫ সংখ্যক নমুনা পরীক্ষা করা হয়েছে। পরীক্ষার যে সব ওষুধ নিম্নমানের বলে চিহ্নিত হয়েছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। ১৯৯৩-৯৪ সালে ৪০০ নমুনার লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে।

**৬. কৃষি গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ ও সম্প্রসারণ ঃ**

৬.১. **কৃষি গবেষণা ঃ** কৃষিক্ষেত্রে বিভিন্ন ফসলের বৃদ্ধিকল্পে জাতের উদ্ভাবন এবং রাজ্যের বিভিন্ন বাস্তুতন্ত্রের উপযোগী ও গ্রহণযোগ্য চাষ পদ্ধতির উদ্ভাবনের জন্য রাজ্যের সকল জলবায়ু ভিত্তিক অঞ্চলে অবস্থিত গবেষণা কেন্দ্র সমুহের মাধ্যমে রাজ্যের গবেষণার বিস্তৃত কর্মসূচি পরিচালনা ও সংযোগ রক্ষা করে রাজ্যের কৃষি অধিকার। চুঁচুড়া, বহরমপুর, বেথুয়াডহরি, বর্ধমান এবং কৃষ্ণনগরে ৫টি শস্য ভিত্তিক গবেষণা কেন্দ্রের মাধ্যমে বহুমুখী গবেষণার কাজ পরিচালিত হয়। এ ছাড়া রানাঘাটে উন্নত সেচ পরিচালনা ব্যবস্থা সম্বন্ধীয় এবং বাঁকুড়ায় খরা অধ্যুষিত এলাকার জন্য উপযুক্ত ফসলচক্র সম্বন্ধীয় অনুসন্ধান ব্যবস্থা রয়েছে। উক্ত গবেষণা কেন্দ্রগুলির গবেষণালব্ধ সিদ্ধান্ত সমূহ পুনরায় পরীক্ষা নিরীক্ষা করা

হয় ছ'টি জলবায়ু ভিত্তিক অঞ্চলের প্রত্যেকটিতে একটি করে প্রতিষ্ঠিত গবেষণা কেন্দ্রের মাধ্যমে। ঐ ছ'টির মধ্যে তিনটি — কালিম্পং, মাজিয়ান এবং কাকদ্বীপের গবেষণা কেন্দ্র বিধানচন্দ্র কৃষিবিদ্যালয়কে রাজ্যের এন এ আর পি কার্যক্রমে হস্তান্তর করা হয়েছে এবং মোহিতনগর, বেথুয়াডহরি এবং রানাঘাটের গবেষণা কেন্দ্র শীঘ্র বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর করা হবে। রাজ্যের বিভিন্ন স্থানে অবস্থিত মহকুমা ভিত্তিক ৪৯টি উপযোগী গবেষণা কৃষি খামারে উপযোগী গবেষণার বহুমূখী পরীক্ষা ও নিরীক্ষা চালানো হয়। বিষয়ভিত্তিক গবেষণার কার্যসমূহ ফসলের জাতের উন্নয়ন সহ বিভিন্ন উদ্দেশ্যে পরিচালিত হয়। কৃষি রসায়ন, কৃষি কীটবিদ্যা ও ছত্রাকবিদ্যা সংক্রান্ত কেন্দ্রগুলি বিষয়মূখী গবেষণার কাজে বহুমূল্য সাহায্য করে।

কৃষি শিক্ষায় নিয়োজিত রাজ্যের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয় হিসাবে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় উল্লেখযোগ্যভাবে কৃষি, পশু পালন এবং কৃষি সংক্রান্ত বিজ্ঞানের অন্যান্য শাখার শিক্ষা ও গবেষণার কাজে অগ্রগতি করেছে এবং গবেষণালব্ধ ফলাফল কার্যকরিভাবে সম্প্রসারণ পরিষেবার মাধ্যমে কৃষকের কাছে পৌঁছে দেওয়ার সাফল্য লাভ করেছে।

৬.২. **কৃষি সম্প্রসারণ ঃ** কৃষকের ক্ষেতে নিয়মিত কৃষি প্রযুক্তির প্রসার ঘটানো হয় সাধারণত কৃষি সম্প্রসারণ আধিকারিক ও কৃষি উন্নয়ন আধিকারিক এবং বিশেষ করে কৃষি প্রযুক্তি সহায়কের মাধ্যমে। প্রতি মাসে রেঞ্জ পর্যায়ে দু-দিনের কর্মশালা বসে, যেখানে কৃষি বিশ্ববিদ্যালয়ের এবং কৃষি বিভাগের বিজ্ঞানীগণ বিষয়বস্তু বিশেষজ্ঞদের প্রশিক্ষণ দিয়ে থাকেন। এর দ্বারা গবেষণা ও সম্প্রসারণ কার্যসূচির মধ্যে এর নিবিড় সংযোগ স্থাপন করা সম্ভব হয়েছে। বিষয়বস্তু বিশেষজ্ঞ নিজ নিজ এলাকার কৃষি উন্নয়ন আধিকারিক এবং কৃষি প্রযুক্তি সহায়কদের পাক্ষিক আলোচনা শিবিরে প্রশিক্ষণ দিয়ে থাকেন — যা পরের পক্ষকালের সঙ্গে সংশ্লিষ্ট ও নির্দিষ্ট কৃষি প্রযুক্তি, কৃষকের কাছে পৌঁছে দিতে কৃষি প্রযুক্তি সহায়ককে সাহায্য করে।

**৭. মৃত্তিকা ও জল সংরক্ষণ এবং এলাকা ভিত্তিক উন্নয়ন ঃ**

৭.১. **মৃত্তিকা ও জল সংরক্ষণ ঃ** চাষযোগ্য জমির ৭শতাংশে মৃত্তিকা মানের ক্রমাবনমন ও ক্ষয়জনিত সমস্যা রয়েছে। মৃত্তিকা ও জল সংরক্ষণের লক্ষ্য হল মান অবনয়ন থেকে জমিকে রক্ষা করা এবং ঐ সব জমিকে কার্যকরি ব্যবহারিক পর্যায়ে, বিশেষ করে ফসল উৎপাদনের উদ্দেশ্যে উন্নীত করা। খরাপীড়িত এবং বৃষ্টি নির্ভর এলাকায় জল সংরক্ষণের সঙ্গে মৃত্তিকা সংরক্ষণের কার্যক্রমের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ১৯৯২-৯৩ সালে ৭৪৮৭ হেক্টর ক্ষতিগ্রস্ত জমিকে ৫,৬৯,৭০৭০ শ্রম দিবসের মাধ্যমে উদ্ধার করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালের জন্য ১২০০ হেক্টর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ১৯৯২-৯৩ সালে, ১,৬৭,৮৬০ হেক্টর জমি জরিপের কাজ চালানো হয়, ১৯৯৩-৯৪ সালের জন্য ৯৫,০০০ হেক্টর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

**৭.২ এলাকা ভিত্তিক উন্নয়ন :** বর্ধমান, মেদিনীপুর এবং পুরুলিয়া জেলার উপজাতি অধ্যুষিত অনুন্নত এলাকাগুলি এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং বিভিন্ন উন্নয়নমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যেমন জমির মান উন্নত করার জন্য ক্ষুদ্র সেচ ব্যবস্থা, নলকূপ খনন, কুয়ো নির্মাণ, বেসিক স্ল্যাগ প্রয়োগের মাধ্যমে মৃত্তিকা সংশোধনের ব্যবস্থা, বহু ফসলী প্রদর্শনী ক্ষেত্র স্থাপন এবং বাঁধ/ক্রসবাঁধ/জোড়বাঁধ নির্মাণের জন্য তফসিলি জাতি ও উপজাতি কৃষককে অনুদান ও ঋণ প্রদান ইত্যাদি। ১৯৯৩-৯৪ সালেও এই কাজ চলবে।

**৭.৩ খরা প্রবণ এলাকার উন্নয়ন :** খরার প্রকোপ হ্রাস করতে-বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রেখে ভূমি, সেচ, গবাদি পশু ও মানুষের উৎসকে যথাযথ কাজে লাগানো হল এই প্রকল্পের উদ্দেশ্য। পুরুলিয়া জেলার ২০টি ব্লকে সর্বত্র, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার ৭টি করে ব্লকে এই প্রকল্পের কাজ চলছে।

**৭.৪ বিশেষ সমস্যাযুক্ত এলাকার কৃষি উন্নয়ন :** বিশেষ সমস্যাযুক্ত এলাকা যেমন বর্ধমান জেলার কাঁকড়া, বুদবুদ, আউসগ্রাম, মেদিনীপুর (পশ্চিম) জেলার গোপীবল্লভপুর, নয়াগ্রাম এবং পুরুলিয়া জেলার শিকাবাদ, বাগমুন্ডি, অযোধ্যা পাহাড় ইত্যাদি যেখানে অধিকাংশ কৃষকই তফসিলি উপজাতি গোষ্ঠীর সেখানে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে। জমির উন্নয়ন, ক্ষুদ্র সেচ ব্যবস্থা, নলকূপ খনন, কুয়ো নির্মাণ, বাঁধ/ক্রসবাঁধ, জোড়বাঁধ নির্মাণ এবং বহু ফসলী প্রদর্শনী ক্ষেত্র স্থাপনের জন্য এই প্রকল্পের মাধ্যমে কৃষকদের অনুদান ও ঋণ প্রদান করা হয়।

**৭.৫ শুখা এলাকা চাষের পরিকল্পনা :** বৃষ্টি নির্ভর শুখা এলাকাযুক্ত রাজ্যের পাঁচটি জেলা — পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর (পশ্চিম) এবং বর্ধমানের কিয়দংশ যেখানে অনিশ্চিত ও স্বল্প পরিমাণ বৃষ্টিপাত হয়ে থাকে, যেখানে মাটি হল অম্ল এবং যেখানকার মাটিতে উদ্ভিদ খাদ্যের পরিমাণ খুবই অল্প সেখানে এই প্রকল্প চালু রয়েছে। মাটির গ্রহণযোগ্য অবশিষ্ট রস অথবা গড়িয়ে আসা বৃষ্টির জল সংরক্ষণের মাধ্যমে স্বল্পকালীন ও খরা সহনশীল ফসলের প্রদর্শনী ক্ষেত্র স্থাপন হল এই প্রকল্পের প্রধান উপাদান। ১৯৯৩-৯৪ সালেও এই কাজ চলবে।

**৭.৬ উত্তরবঙ্গ তরাই উন্নয়ন পরিকল্পনা : (ইন্দো-ওলন্দাজ পরিকল্পনা)** নেদারল্যান্ড সরকারের সাহায্যে কোচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি জেলার মহকুমায় এই পরিকল্পনার কাজ চলছে। বর্তমানে পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের কাজ চলছে। দ্বিতীয় পর্যায়ের কাজ ৩.৬.৯৩ পর্যন্ত চলবে। এই পরিকল্পনার মূল লক্ষ্য হল ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, বিশেষ করে তফসিলি জাতি ও উপজাতির গোষ্ঠীর মধ্যে উত্তম উপার্জনের পথ প্রদর্শন এবং উত্তম উপার্জনের প্রসার। এই প্রকল্পের প্রধান উপাদনগুলি হল ক্ষুদ্র সেচ যেমন হস্তচালিত নলকূপের প্রসার, নদী থেকে সেচের জলের উত্তোলন, গভীর ও অগভীর নলকূপ স্থাপন, কৃষকদের মৃত্তিকা সংরক্ষণ সম্বন্ধে প্রশিক্ষণ দান এবং অভীষ্ট গোষ্ঠীর ওপর পরিকল্পনার

প্রভাব সম্বন্ধীয় গবেষণা ও মূল্যায়ন।

৭.৭. **জাতীয় জলবিভাজিকা প্রকল্প :** ১৫টি কৃষি জেলার ১৬৯টি বৃষ্টি নির্ভর ব্লক যেখানে ৩০ শতাংশের কম এলাকা সেচপ্রাপ্ত, সেখানে এই প্রকল্পের কাজ চলছে। প্রকল্পটি শতকরা ৭৫ ভাগ কেন্দ্রের অনুদানে এবং ২৫ ভাগ রাজ্য সরকারের দেয় ঋণের সাহায্যে রূপায়িত হচ্ছে। এটি হল বহুমুখী প্রকল্প এবং এটি জেলা পরিষদের মাধ্যমে কার্যকরি করা হয়ে থাকে। অষ্টম যোজনাকালে ৪৪.৮৪ কোটি টাকার ব্যয় ধরে ১৯৯২-৯৩ সালে ৯৫,২৫০ হেক্টর জমি এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে।

**৮. কৃষি পরিসংখ্যান ও মূল্যায়ন :**

কৃষি অধিকারের অন্তর্ভুক্ত সমাজ অর্থনীতি ও মূল্যায়ন শাখা পূর্বের ন্যায় কৃষি উৎপাদন, ভূমি ব্যবহার সংক্রান্ত নানাবিধ পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিশ্লেষণ করার ক্ষেত্রে বুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস অ্যান্ড স্ট্যাটিসটিক্স এবং ডাইরেক্টরেট অফ ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভেকে সাহায্য করে চলেছে। এই শাখা একক দায়িত্বে ১৭টি কৃষি-জেলার ২৭২টি মনোনীত কৃষি পারিবারের উপর খামার পরিচালনা সংক্রান্ত তথ্যাদি যেমন প্রধান প্রধান ফসলের চাষের খরচ, কৃষি পণ্যের মূল্য, কৃষি মজুরি, আয়-ব্যয়ের হিসাব ইত্যাদি সংগ্রহ করার দায়িত্ব পালন করছে। এ ছাড়া প্রধান ৪টি ঋতুতে নমুনা হিসাবে চিহ্নিত মৌজায় ক্ষেতের এক দাগ থেকে অন্য দাগে ঘুরে ২০টি প্রধান ফসলের এলাকা, ফলন হার, মোট ফলন সংক্রান্ত গণনার কাজ ক'রে পরিসংখ্যান তৈরি করে থাকে। ১৯৯৩-৯৪ সালেও এই কাজ চলবে।

**৯. কৃষক বার্ধক্য ভাতা :**

এই প্রকল্পের ষাট বছর বা ততোধিক বয়স্ক ক্ষেতমজুর ও বর্গাদার এবং কৃষক যাঁদের ৩ বিঘার ওপর চাষের জমি নেই তাঁরা মাসিক ৬০.০০ টাকা ক'রে কৃষক বার্ধক্যভাতা বাবদ পাচ্ছেন। দুর্ঘটনায় বা রোগজনিত কারণে শারীরিভাবে অকর্মণ্য ৫৫ বছর বয়স্ক, কৃষক, বর্গাদার ও ক্ষেতমজুরেরাও এই সুযোগ পেতে পারেন। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের (ডি. জি. এইচ. সি.) ১১১৪ জন ধরে রাজ্যে মোট ২৭,৭৭৫ জনকে ১৯৯২-৯৩-তে ভাতা দেওয়ার বন্দোব্যস্ত করা হয়েছে এবং এজন্য ২,০৯,৯৮,০০০.০০ টাকা ব্যয়ের অনুমোদন দেওয়া হয়। আর এ ব্যাপারে পূর্বেই স্থির হয় যে বার্ধক্যভাতার পরিমাণ বৃদ্ধি করে ১৯৯৩ সালের মার্চ মাস থেকে প্রতি মাসে ১০০.০০ টাকা ক'রে দেওয়া হবে এবং ১৯৯৩ সালে সেভাবেই বাজেটে বন্দোবস্ত করা হবে।

**১০. ১৯৯৩-৯৪ সালের কৃষি উৎপাদনের লক্ষ্যমাত্রা :**

রাজ্যের প্রধান প্রধান ফসলগুলির ১৯৯৩-৯৪ সালের জন্য যে উৎপাদন লক্ষ্যমাত্রা

ধার্য করা হয়েছে তা হল ঃ

| ফসল | লক্ষ্যমাত্রা (হাজার টনে) |
|---|---|
| মোট চাল | ১০,৯৪৫.০০ |
| অন্যান্য তন্ডুল | ১৬৫.০০ |
| গম | ৬১৩.০০ |
| ডালশস্য | ২২১.০০ |
| মোট খাদ্যশস্য | ১১,৯৪৪.০০ |
| মোট তৈলবীজ | ৫৩৬.৫০ |
| আলু | ৪,৬৬৪.৮০ |
| আখ | ১,১৫৫.০০ |
| পাট | ৫,১২৫.০০ |
| | (হাজার বেল) |

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

কৃষি পরিস্থিতিদ, কৃষি পরিকল্পনা, কৃষি উৎপাদন লক্ষ্যমাত্রা এবং কৃষি উন্নয়নের বিভিন্ন প্রকল্প/কার্যসূচি; যেগুলি কার্যে পরিণত করার মনস্থ করা হয়েছে এবং যেগুলির ১৯৯৩-৯৪ সালের বাজেটে বরাদ্দের প্রয়োজন হয়েছে সে সম্বন্ধে আমি সংক্ষেপে বক্তব্য রেখেছি।

এই সমস্ত কার্যসূচির সফল রূপায়ণের জন্য আমি বিধানসভায় ব্যয়বরাদ্দের এই দাবি পেশ করে অনুমোদন প্রার্থনা করি।

**শ্রী কলিমুদ্দিন শামস্ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালে ৫৮নং দাবির অন্তর্গত মুখ্যখাত '২৪৩৫-কৃষি সম্পর্কীয় অন্যান্য কার্যসূচি' এবং '৪৪৩৫-কৃষি সম্পর্কীয় অন্যান্য কার্যসূচির জন্য মূলধনগত ব্যয়' বাবদ ৩২,২৪,৬৬,০০০ (বত্রিশ কোটি চব্বিশ লক্ষ ছেষট্টি হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়-বরাদ্দ বাবদ প্রস্তাবিত ১০,৭৬,০০,০০০ (দশ কোটি ছিয়াত্তর লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

**পশ্চিমবঙ্গের বর্তমান বিপণন দৃশ্যবিবরণী প্রেক্ষাপট ঃ**

কৃষিপণ্যের উৎপাদন এবং বিপণন ব্যবস্থা পরস্পর সম্পর্কযুক্ত। উৎপাদন বৃদ্ধির স্বার্থেই গৃহীত উপায় সুবিন্যস্ত বিপণন পদ্ধতির দ্বারা পরিচালিত না হলে, উৎপাদনকারীরা উৎপাদনের ন্যায্য মূল্য পেতে পারে না, একথা সত্য যে এই রাজ্য কৃষিতে বিরাট সাফল্য অর্জন

করেছে। তাই বলে একথা বলা যাবে না যে উৎপাদনকারীরা উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে। যুক্তিগ্রাহ্য ভাল বিপণন ব্যবস্থার অভাবই এর প্রধান কারণ।

অতিরিক্ত উৎপাদনের সাথে সাথে বাড়তি ফসলের সুষ্ঠু হস্তান্তরকরণের সমস্যার সৃষ্টি হেতু উৎপাদনকারীর স্বার্থও ক্ষুন্ন হচ্ছে। উৎপাদনকারী ও ভোগকারীর ন্যায্য এবং স্থির মূল্য প্রাপ্তির লক্ষ্যে সুসংগঠিত বিপণন ব্যবস্থার বিকাশ প্রয়োজন। বাজারের উপর মধ্যস্থকারবারীর প্রভাব বিশিষ্টতম। উৎপাদনকারী ও চূড়ান্ত ভোগকারীর মধ্যে মধ্যস্থকারবারীর ধারাবাহিক অবস্থিতি মূল্যবৃদ্ধির কারণ এবং উভয়েরই স্বার্থহানিকর। ভোগকারীর ক্রয়মূল্যে উৎপাদনকারীর মূল্যাংশ বৃদ্ধির স্বার্থে বিপণন ব্যবস্থায় মধ্যস্থকারবারীর অবস্থিতি সংস্কারসাধন আবশ্যক। জে সি আই, এফ সি আই এবং সমবায় প্রতিষ্ঠান উৎপাদনকারীর অভাবজনিত বিক্রয়ের সময়, বাজার দরের উপর বিশেষ প্রভাব ফেলতে পারে না কারণ এই সংস্থাগুলির সংগ্রহের পরিমাণ সমগ্র বাজারে আগত পণ্যের পরিমাণের অংশমাত্র। সুতরাং বাজারের নিয়ন্ত্রণ এখনও পর্যন্ত প্রধানত মধ্যস্থকারবারীর উপর নির্ভরশীল।

মধ্যস্থকারবারীদের দ্বারা চাষীদের শোষিত হওয়ার ঘটনা বহু পুরানো ব্যাপার। চাষী ও খরিদ্দারদের স্বার্থরক্ষার্থে পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২-এর প্রবর্তন করা হয়েছে। এই আইনের অনুবিধিসমূহ কৃষিজপণ্যের বাজার এবং সংশ্লিষ্ট ব্যাপারের নিয়ন্ত্রণে সহায়ক, এই আইনের বলে পশ্চিমবঙ্গ সরকার যে কোনও এলাকাকে প্রজ্ঞাপনের মাধ্যমে বাজার এলাকা হিসেবে ঘোষণা করতে পারেন যেখানে প্রজ্ঞাপিত কৃষিপণ্যের কেনাবেচা নিয়ন্ত্রিত হবে। এই আইনে আরও বলা আছে যে প্রত্যেক বাজার এলাকাতে একটি করে বাজার সমিতি থাকবে যাদের কাজ হবে নিয়ামক ব্যস্থাদির যথাযথ প্রয়োগ সাধন। সমস্ত রাজ্যকে এই আইনের আওতায় আনা পশ্চিমবঙ্গ সরকারের নীতি। আমি গতবছরের আয়-ব্যয় সংক্রান্ত বক্তৃতায় বলেছিলাম যে বিদ্যমান বাজার সমিতিগুলির মধ্যে প্রায় ১৩টি সমিতি কার্যত অকেজো। কাশিমবাজার ও ধুলিয়ানের মত স্থানে বিরাট সম্ভাবনাময় পশ্চাদভূমি থাকা সত্ত্বেও এই আইনের কোনও প্রয়োগ করা যায়নি। আমি ব্যবস্থাপক সভাকে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে অদম্য চেষ্টার ফলে কাশীমবাজার এবং ধুলিয়ান বাজার সমিতিকে পুনরুজ্জীবিত করে রাজস্ব আদায়ে সক্ষম করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালে চাষী ও ভোগকারীর সুবিধার্থে ওই সকল এলাকায় কিছু উন্নয়নমূলক কার্যাদি নেওয়া হবে।

**বাজার নিয়ন্ত্রণ ঃ**

কৃষিজ বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুসারে পশ্চিমবঙ্গে অবস্থিত বাজার-হাট-এর উন্নতিসাধন এবং বিদ্যামান বিপণন পদ্ধতির সংস্কার সাধনের প্রচেষ্টা করা হচ্ছে।

রাজ্য সরকার জানুয়ারি ১৯৯৩ পর্যন্ত ৪৪টি নিয়ন্ত্রিত বাজার সমিতি সংগঠিত করেছেন। তার মধ্যে ৪১টি প্রধান বাজার প্রাঙ্গন, ৪০৪টি অধস্তন বাজার প্রাঙ্গন (১৫৯ পাইকারী

মাধ্যমিক বাজার, ২৯২৫ গ্রামীণ প্রাথমিক বাজারের মধ্যে) আরও বলা যেতে পারে যে প্রায় সমস্ত বাজার এবং হাটে ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে — পর্যাপ্ত জায়গা, ছাউনী, স্বাস্থ্য ও নিষ্কাষন ব্যবস্থা পথ প্রভৃতি অনুকূল অবস্থা নাই। এমনকি কিছু কিছু বাজারের নিজস্ব জায়গা না থাকায় পার্শ্ববর্তী রাস্তার উপর বেচাকেনা করার ফলে যানবাহন চলাচলের অসুবিধা এবং বিপদের ঝুঁকি থাকে।

প্রশস্ত বাজার প্রাঙ্গন স্থাপনের উদ্দেশ্যে রাজ্য সরকার ২৭টি নূতন প্রধান বাজার প্রাঙ্গন ও একটি উপবাজার প্রাঙ্গনের জমি অধিগ্রহণ করেছে। এ ছাড়াও ১৩২টি সরকারি-বেসরকারি গ্রামীণ বাজার-হাট (যাদের জমির পরিমাণ ০.০১ একর থেকে ৭.৫ একর পর্যন্ত) ২০টি নিয়ন্ত্রিত বাজার সমিতির অন্তর্ভুক্ত করা হয়েছে। নিয়ন্ত্রিত বাজার সমিতির বিজ্ঞাপিত এলাকার মধ্যে অবস্থিত বাজার প্রাঙ্গন-বাজার-হাট-এর উন্নয়নমূলক কার্যের অর্থ রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, লগ্নিকারক সমস্থা ও নিজস্ব তহবিল থেকে নেওয়া হচ্ছে। ৮টি অধমর্ণ নিয়ন্ত্রিত বাজার সমিতির মধ্যে ৬টি অধমর্ণ নিয়ন্ত্রিত বাজার সমিতি ২৩৮ লাখ টাকা ঋণ পরিশোধ করতে সক্ষম হয়েছে, বাজার ফী আদায় করে নিয়ন্ত্রিত বাজার সমিতি তাদের পুঁজি বাড়াতে সক্ষম হয়েছে।

কোনও কোনও স্থানে ঘিঞ্জি বাজার থেকে নবপ্রতিষ্ঠিত প্রধান বাজার প্রাঙ্গণে ব্যবসার স্থানান্তরিতকরণ শুরু হয়েছে। কিন্তু কোনও কোনও ক্ষেত্রে ব্যবসায়ীদের বিরোধিতা এখনও রয়েছে। আমি এ ব্যাপারে মাননীয় সদস্যগণের কাছে সহযোগিতা ও অভিভাব কামনা করি। নীলামের সাহায্যে বিক্রয়, বিক্রয়ের পূর্বে বাছাইকরণ, বাজারের সঙ্গে লগ্নী ব্যবস্থা, মার্কেটিং চার্জের স্থিরিকরণ, বাজার ব্যবস্থার প্রমাণীকরণ প্রভৃতির ন্যায় নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রবর্তনের চেষ্টা আমার দপ্তর করে চলেছে। বাজার নিয়ন্ত্রণের বিভিন্ন কর্মসূচি থাকা সত্ত্বেও কৃষক সম্প্রদায়ের কাছে তার সুফল পৌঁছানোর অন্তরায়গুলি এইরূপ ঃ

(ক) প্রায়শ ঃ ব্যবসায়ী বা কারবারীগণ কর্তৃক বিভিন্ন আদালতে বিভিন্ন মামলা দায়ের,

(খ) নিয়ন্ত্রিত বাজার এলাকার বাজারহাটের মালিকানা বিভিন্ন ব্যক্তির ও সংস্থার হেফাজতে থাকার দরুন সঠিক মালিকানার নিষ্পত্তি,

(গ) কৃষক ও বাজার ব্যবহারকারীদের ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে নূতন বাজার-হাট নির্মাণের জন্য উপযুক্ত জমির অভাব।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এই সমস্ত বাধা সত্ত্বেও প্রয়োজনীয় পরিকাঠামো সংগঠন করার ফলে চাঁচলে অবস্থিত বর্তমান পাইকারী বাজার চাঁচল উপবাজার চত্বরে স্থানান্তরিত করা সম্ভব হয়েছে। ওই এলাকায় বেশ কিছু উন্নয়নমূলক কার্যকলাপ শুরু হয়েছে এবং প্রায় ৪০টি ষ্টল নির্মাণের পথে। উক্ত উপচত্বরে আরও ২০টি ষ্টল নির্মাণের পরিকল্পনা আছে। চাঁচলে নূতন মহকুমা গঠিত হলে এই সমস্ত কার্যকলাপ জনকল্যাণমূলক ও প্রশাসনের

সহায়ক হবে বলে আমার বিশ্বাস।

**গুদাম ঘর নির্মাণ ঃ**

এই রাজ্যে 'ন্যাশনাল গ্রিড অফ রুরাল গোডাউন' নামে একটি প্রকল্পের মাধ্যমে কৃষককে অভাবজনিত বিক্রির হাত থেকে বাঁচানোর জন্য ১০০০ মেট্রিক টন ও ৫০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন গুদাম নির্মাণের কাজ শুরু করা হয়েছিল। এই প্রকল্পের আওতায় ১৫টি ১০০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন এবং ২৩টি ৫০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন গুদামঘর তৈরি সম্পূর্ণ হয়েছে এই গুদামঘরগুলিতে বন্ধকী লগ্নির মাধ্যমে মজুতকরণের সুবিধা পাওয়া যাবে।

অত্যধিক ফসল তোলার অব্যবহিত পরে কৃষিপণ্যের বাজার দর অস্বাভাবিকভাবে নামতে থাকে কিন্তু ৩-৪ মাস পরে বাজার দর উঠতে থাকে। সেই সময় নগদ টাকার তাগিদে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা কারবারী-ব্যবসায়ীদের কাছে ন্যূনতম মুল্যে পণ্য বিক্রি না করে থাকতে পারে না। উৎপাদনকারীর স্বার্থে আর্থিক সঙ্গতিসম্পন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতির সহায়তায় বন্ধকী লগ্নির (Pledge Finance Storage) মতো পরিকল্পনার সম্ভাবনার কথা আমার দপ্তরের বিচারাধীন। ১৯৯৩-৯৪ সালে কিছু নির্বাচিত বাজারে পরীক্ষামূলকভাবে এই পরিকল্পনা চালু করার ব্যবস্থাদি নেওয়া হচ্ছে।

**খামার পর্যায়ে শস্যগোলা তৈরি ঃ**

গ্রামীন এলাকায় মজুত শস্যের পরিমাণ হ্রাস এবং বিজ্ঞানসম্মত সুযোগ সুবিধা প্রদানের জন্য এই প্রকল্পটি নেওয়া হয়। খামার পর্যায়ে মজুতকরণ ব্যবস্থার উন্নতিকল্পে, ভারত সরকারের খাদ্য দপ্তরের 'শস্য সঞ্চয় প্রচার অভিযান' প্রণীত শস্য গোলা ভরতুকি দিয়ে চাষীদের দেওয়ার কথা হচ্ছে। যে চার প্রকার শস্য গোলা চাষীদের দেওয়া হচ্ছে তা নিম্নরূপ ঃ

(ক) ইটের শস্যগোলা যেগুলির প্রত্যেকটির ধারণক্ষমতা ২.০ মেট্রিক টন অথবা ৪.০ মেট্রিক টন।

(খ) উন্মুক্ত স্থানে অবস্থিত চেপ্টার তলদেশযুক্ত শস্যগোলা যেগুলোর প্রত্যেকটির ধারণক্ষমতা ২.৬০ মেট্রিক টন অথবা ৩.২০ মেট্রিক টন

(গ) উন্মুক্ত স্থানে অবস্থিত চোঙ্গা জলদেশযুক্ত শস্যগোলা যার প্রত্যেকটির ধারণক্ষমতা ২.৬৫ মেট্রিক টন অথবা ৩.১৫ মেট্রিক টন।

(ঘ) পাহাড়ী এলাকার জন্য ০.২৫ মেট্রিক টন অথবা ০.৭৫ মেট্রিক টন ধারণক্ষমতাসম্পন্ন কাষ্ঠ নির্মিত শস্যগোলা।

(ঙ) টিম্বার বা দারুকাষ্ঠ নির্মিত ০.৫০ মেট্রিক টন ধারণক্ষমতাসম্পন্ন শস্যগোলা।

এই ব্যাপারে চাষীদের কাছ থেকে প্রয়োজনীয় সাড়া পাওয়া গেছে। ১৯৯১-৯২ সাল পর্যন্ত ২৯০০ মেট্রিক টন ধারণক্ষমতাসম্পন্ন শস্যগোলা ১৪৫০টি খামার চত্বরে তৈরি হয়েছে। ১৯৯৩-৯৪ সালে প্রকল্পটি চালু থাকবে।

**খামার-বাজার-কালভার্ট-সড়ক উন্নয়ন ঃ**

খামার হতে বাজারে কৃষিপণ্যের চলাচলের সুবিধার্থে রাজ্য সরকার বাজার সংযোগকারী (সড়ক) রাস্তার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কর্মসূচির প্রবর্তন করেছে। কর্মসূচিটি উৎপাদক কারবারি এবং অন্যান্য লোকজনের পক্ষেও খুবই শুভপ্রদ। স্বাভবতই এই কর্মসূচির জন্য ব্যয় বরাদ্দের চাহিদা স্বতস্ফুর্ত কিন্তু তহবিল সংকট হেতু প্রগতির হার খুবই মন্থর। ১৯৯২-৯৩ সালে ৯টি সড়ক উন্নয়ন খাতে ১৯৯৩ সালের জানুয়ারির মাঝামাঝি পর্যন্ত ১৮.০৮ লাখ টাকা মঞ্জুর করা হয়েছিল। প্রকল্পে অর্থ বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে ওই প্রকল্প ১৯৯৩-৯৪ আর্থিক বৎসর পর্যন্ত চালু রাখা হবে।

১৯৯২-৯৩ সালে রাজ্যের বিভিন্ন এলাকায় বাজার নিয়ন্ত্রণ সমিতিগুলি বেশ কয়েকটি সেতু ও কালভার্ট নির্মাণ কার্য সম্পাদন করেছিল। চলতি বছরে পানজিপাড়ায় একটি সেতু নির্মাণ করে জনসাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়া হয়েছে। কালিয়াগঞ্জ নিয়ন্ত্রিত বাজার সমিতি ওই এলাকার চাষীদের সুবিধার্থে বেশ কয়েকটি কালভার্ট নির্মিত হয়েছে। পরবর্তী বৎসরে নদীয়া জেলার শিকারপুরে করিমপুর নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক একটি সেতু নির্মাণ করা হবে। এই সেতুটি ১৫টি দূরবর্তী গ্রামকে জেলার বড় ব্যবসাকেন্দ্র করিমপুরের সঙ্গে সংযুক্ত করবে।

**উন্নতমানের গো-যান-সাইকেল রিক্সা ভ্যান ঃ**

উৎপন্ন ফসল মাঠ থেকে খামার বাড়ি এবং সেখান হতে গ্রামীণ বাজারে কেনাবেচার জন্য নিয়ে যাওয়ার স্বার্থে উন্নতমানের গো-যান, ভ্যান রিক্সা একান্ত প্রয়োজন কেননা উহাই উৎপাদনকারীর নিকট পরিবহনের একমাত্র উপায়। আমার দপ্তর কর্তৃক গৃহীত এক প্রকল্পের মাধ্যমে উন্নতমানের গো-যান ও ভ্যান রিক্সা ভরতুকি (সরকারি আর্থিক সাহায্যে) দিয়ে বিলি করতে হয়। এখনও পর্যন্ত ১৪৪৬টি উন্নতমানের গো-যান এবং ৪৫টি ভ্যান রিক্সা বিলি করা হয়েছে। যেহেতু এই পরিকল্পনা গ্রামীণ পরিবহন ব্যবস্থার সহায়ক ও সেই অঞ্চলে জনপ্রিয়, আমি ১৯৯৩-৯৪ সালেও উক্ত প্রকল্প চালু রাখার ইচ্ছা প্রকাশ করি।

**পাটশস্য পর্যায়করণ, স্তরবিভাগের উদ্দেশ্য প্রশিক্ষণ ঃ**

পাট যেহেতু অর্থকরী ফসল (খামার পর্যায়ে) পাটের পর্যায়করণের জন্য পাটচাষীদের বিশেষ করে সচেতন করে তোলার প্রয়োজন আছে। উপযুক্ত পর্যায়করণই পাটের ন্যায্য

মূল্য আনতে সক্ষম। আমার দপ্তর কর্তৃক স্থাপিত ৯টি পাট পর্যায়করণ কেন্দ্র ভারতীয় মান নির্ধারিক সংস্থার নির্দেশাবলী অনুসারে চাষীদের পাটের স্তরবিভাগ সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে।

শিবির সংগঠনের মাধ্যমে সাধারণ ও তফসিলি জাতির অন্তর্ভুক্ত পাট চাষীদের পাটের পর্যায়করণ ও গুণগত উৎকর্ষতার ব্যাপারে নিবিড় প্রশিক্ষণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

১৯৯২-৯৩ পর্যন্ত ২৬২৩০ পাট চাষীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ১৯৯৩-৯৪ সালে ৫০০০ চাষীকে এ ব্যাপারে শিক্ষা দেওয়ার পরিকল্পনা আছে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে পাট বিপণন ঋতুতে (বেচাকেনার সময়ে) পাট চাষীরা এমনকি পাটের ন্যূনতম মূল্য পায়না। ইহার কারণ ভারতীয় পাট নিগম ন্যূনতম মূল্যে পাট ক্রয় করার দায়িত্বে ব্যর্থ হয়েছে। আমার দপ্তর, উক্ত কারণে, বাজার উন্নয়ন ও ব্যবসায় নিগম প্রস্তাব রেখেছে। অর্থ দপ্তরে ব্যাপারটি মুলতুবি রয়েছে।

**ফল ও সবজী সংরক্ষণ ঃ**

ফল ও সবজী সাধারণ লোকের পুষ্টিসাধনে বহুলাংশে সহায়ক হয়। বছরের নির্দিষ্ট সময়ে তা ঋতুকালীন উদ্বৃত্ত হয় এবং উপযুক্তভাবে ব্যবহার, মজুতকরণ, বিলি ও কেনাবেচার অভাবে অধিকাংশই নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।

এই বিশাল জাতীয় ক্ষতি অপেক্ষাকৃতভাবে কমাতে এবং ঋতুকালীন উদ্বৃত্ত ভোগকারীর স্বার্থে কাজে লাগাতে ভোগকারীদের ফল ও সবজী সংরক্ষণের কৌশল সম্পর্কে সচেতন করার জন্য এই দপ্তর ব্যাপক ব্যবস্থা গ্রহণ করেছে। এই ব্যবস্থাদির মধ্যে রয়েছে ঃ

(১) মহিলাদের প্রশিক্ষণ প্রদান

(২) কমিউনিটি ক্যানিং সুবিধা সুযোগ সম্প্রসারণের ব্যবস্থা

(৩) পরীক্ষামূলক উৎপাদন

(৪) প্রদর্শনী, মেলা, গ্রামে ব্যবহারিক শিক্ষা।

এই লক্ষ্যে ২২টি প্রশিক্ষণ-তথা-উৎপাদন এবং কমিউনিটি ক্যানিং সেন্টার কৃষিজ বিপণন অধিকার কর্তৃক পরিচালিত হচ্ছে।

এই প্রকল্পের অধীনে আরও ৭টি কেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের বিচারাধীন।

রাজ্যের সকল মহকুমাকে এই প্রকল্পের আওতায় আনাই রাজ্য সরকারের নীতি। কিন্তু অর্থাভাবে ইহা সম্ভবপর হয়নি। নিয়ন্ত্রিত বাজার সমিতির অর্থে রাজ্যের বাকি

মহকুমাগুলিকে এই প্রকল্পের আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খিদিরপুরের বস্তি অঞ্চলে আমরা একটি ফল প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছি। এই কেন্দ্র, আমার বিশ্বাস, দরিদ্র-অভাবী শ্রেনীর মহিলাদের যাদের পরিবারের আয় সম্পুরণ করতে সাহায্য করবে।

**আলু ক্রয় ঃ**

গত বছরেও একথা আমি উল্লেখ করেছি যে আমার দপ্তর আলু বিপণনের আদর্শ সময়ে চাষীদের ন্যায্য মূল্যের কথা চিন্তা করে, ১৯৯২ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে তাদের নিকট হতে সরাসরি আলু ক্রয় করে নেয়। এই কার্য কিছু নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক সম্পাদিত হয়েছিল। এ কথা আগেই উল্লেখ করা হয়েছে যে এই কার্য চালু রাখতে একটা সুসংগঠিত বিপণন নিগমের প্রয়োজন।

**কৃষিপণ্যের গুণমান নিয়ন্ত্রণ ঃ**

উন্নতমানের উৎপন্ন দ্রব্যের বিপণন নিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য। ইহার ফলে উৎপাদনকারীর ন্যায্য মূল্য ও ভোগকারীর উৎকর্ষ দ্রব্য সুনশ্চিত হয়। এ কথা ভেবেই কৃষিজ পণ্য (মান এবং চিহ্নিতকরণ) আইন, ১৯৩৭-এর কৃষিপণ্য দ্রব্যের মান নির্ধারণ এখনও চালু আছে। ইহা স্বেচ্ছা-আইন। এই আইনের অনুবিধি অনুসারে শ্রেণীবিন্যস্ত উৎপন্ন দ্রব্যকে আগমার্ক দ্রব্য বলে। আগমার্ককে জনপ্রিয় করে তুলতে আমার দপ্তর তিনটি গুণমান নির্ণয়কারী পরীক্ষাগার স্থাপন করেছে। এই পরীক্ষাগারগুলিতে ক্ষুদ্র চাষীদের উৎপাদিত তেল, ঘি, মধু, মশলাপাতির গুণাগুণ পরীক্ষা করা হয়।

খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প দপ্তরের প্রস্তাবানুযায়ী যে কোনও একটি পরীক্ষাগারকে গুণমান নিয়ন্ত্রকের দায়িত্ব দেওয়ার কথা ভাবা হচ্ছে। বর্তমানে এই কার্য এই রাজ্যের ফল প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র কর্তৃক সম্পাদিত হচ্ছে। এই খাতে ভারত সরকারের নিকট থেকে ৭.৫ লাখ টাকা অনুদান পাওয়ার কথা আছে। গুণমান নিয়ন্ত্রণের কাজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রগুলিকে অর্পণ করার সিদ্ধান্ত লওয়া হয়েছে।

খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প দপ্তরের আরেকটি প্রস্তাবে আমাদের চারটি ফল-সংরক্ষণ-তথা-প্রশিক্ষণ পরিকল্পনা কেন্দ্র বিনিয়োগকারী উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি নেওয়ার কথা বলা হয়েছে। উক্ত দপ্তর এর লক্ষ্যে প্রয়োজনীয় পুঁজি প্রদানে রাজি হয়েছে। ১৯৯৩-৯৪ সালে এই কর্মসূচি নেওয়ার কথায় আমি রাজি হয়েছি।

**বাজার সংবাদ**

উপযুক্ত পরিকল্পনা এবং সঠিক বিপণন কৌশল অবলম্বন করার জন্য বাজার সংবাদ সরবরাহ পদ্ধতি যথেষ্ট কার্যকরি হয়েছে। বাজারের অবস্থা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ কৃষিজপণ্যের

মূল্য উৎপাদনকারীর অবগতির স্বার্থে উপযুক্ত সম্প্রচার প্রণালী অপরিহার্য। কলকাতা-সহ বিভিন্ন উপবাজার এবং প্রান্তিক বাজারগুলি থেকে সংবাদ সংগ্রহ করার দায়িত্ব অর্পিত হয়েছে এই অধিকারের অধীনে ১০০টি সংবাদ সরবরাহ কেন্দ্রের ১০৩ জন বাজার স্তরের কর্মীর উপর এইভাবে সংগৃহীত তথ্য বিভিন্ন প্রচার মাধ্যম যেমন আকাশবাণী, (কলকাতা-শিলিগুড়ি) দৈনিক, সাপ্তাহিক, মাসিক ইস্তাহার মাধ্যমে প্রচারিত হয়। আমার দপ্তর কৃষিজপণ্যের দর বিভিন্ন প্রতিষ্ঠানগত ক্রেতার নিকট পৌঁছে দেয়।

**(লাইসেন্সিং), অনুমতিপত্র-অনুজ্ঞাপত্র প্রদান**

(ক) পশ্চিমবঙ্গ হিমঘর (অনুমতি প্রদান ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৬৬-এর অধীনে জানুয়ারি ১৯৯৩ পর্যন্ত ২৭৩ টি চালু লাইসেন্সপ্রাপ্ত হিমঘর রয়েছে যেগুলির ধারণক্ষমতা ২২.৪১ লাখ টন এবং যার মধ্যে ২২.০৯ লাখ টন বিশেষভাবে আলু সংরক্ষণের জন্য ব্যবহৃত হয়।

(খ) "পশ্চিমবঙ্গ পণ্যাগার আইন ১৯৬৩"-এর আওতায় ১৯৯৩ সালের জানুয়ারি পর্যন্ত রাজ্যের বিভিন্ন এলাকায় অবস্থিত রাজ্য এবং কেন্দ্রীয় পণ্যাগার নিগমের অধীনে ৩২৩টি পণ্যাগারকে অনুমতিপত্র প্রদান করা হয়েছে।

(গ) "পাট (লাইসেন্সিং এবং নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৬১,"-এর অধীনে কৃষি বিপণন অধিকার শুরু থেকেই পাট উৎপাদক জেলাগুলিতে মহকুমা শাসকের সাথে সাথে কলকাতা পৌরসভা এলাকাতেও 'জুট লাইসেন্সিং অথরিটি' হিসাবে কাজ করে চলেছে। এ পর্যন্ত ১২০০ লাইসেন্স এই আদেশের বলে মঞ্জুর করা হয়েছে।

**বিপণন আধিকারিক এবং অন্যান্যদের প্রশিক্ষণ**

দক্ষতার সহিত কার্য সম্পাদনের স্বার্থে কৃষিজ বিপণন সংক্রান্ত প্রশিক্ষণ এবং উপযুক্ত শিক্ষাপ্রাপ্ত আধিকারিকের প্রয়োজন অপরিহার্য। কৃষিজ বিপণন পদ্ধতির সার্বিক উন্নয়নের স্বার্থে কৃষিজ বিপণন অধিকারের আধিকারিক, কর্মচারী ও নিয়ন্ত্রিত বাজারের সদস্যদের জন্য শেওড়াফুলিতে একটি প্রশিক্ষণ কেন্দ্র খোলার প্রস্তাব বিচারাধীন রয়েছে।

**কৃষিজ বিপণন সম্প্রসারণ, তথ্য, জনসংযোগ**

(ক) রাজ্যের চাষী, ব্যবসায়ী, জনপ্রতিনিধিদের তাঁদের দায়িত্ব সম্বন্ধে সচেতন করতে নিয়ন্ত্রিত বাজার সমিতির অন্তর্ভুক্ত প্রধান এবং উপ বাজার পর্যায়ে সারা রাজ্যে বাজার নিয়ন্ত্রণের উপর অনেকগুলি একদিনের সম্প্রসারণ কর্মসূচি পালিত হয়। বাজার নিয়ন্ত্রণের উদ্দেশ্য প্রাসঙ্গিকতা ব্যাখ্যাপূর্বক মিষ্টিকথার মাধ্যমে সমস্যা সমাধানের উপায় খুঁজে বার করা হয়।

**(খ) কৃষি বিপণন অধিকার হিমঘরের কার্যাবলীর উপর কৃষকস্তরে বেশ কিছু একদিনের কর্মশালা-তথা-প্রশিক্ষণ কর্মসূচির ব্যবস্থাও করে। এর ফলে চাষীদের মধ্যে হিমঘরের কার্যকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়। তারা জানতে পারেন সহজে পচনশীল উদ্বৃত্ত মরশুমি পণ্যের মজুত করণের ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া দরকার।**

(গ) কৃষিজ বিপণনের স্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা এবং কর্মসূচি জনপ্রিয় করতে রাজ্যের বিভিন্ন স্থানে সংগঠিত মেলা ও প্রদর্শনীতে অংশগ্রহণ-এর মূল উদ্দেশ্যকে সার্থক করে তোলে।

**নূতন উন্নয়ন কার্যসূচি পরিকল্পনা/সেবা মাধ্যম প্রকল্প**

বিপণন পদ্ধতি আরও ফলপ্রদ করতে কিছু উন্নয়নমূলক কর্মসূচি আমার দপ্তরের পরীক্ষাধীন। ১৯৯৩-৯৪ সালে সেগুলি চালু করার ব্যবস্থা নেওয়া হয়।

(ক) গ্রামাঞ্চলের ভোগকারীর নিকট ফলজাত দ্রব্য ও বিভিন্ন আগমার্কা দ্রব্য পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক বাজার চত্বরে ও ব্যস্ত বাজারস্থলে বিক্রয় কেন্দ্র খোলার কথা ভাবা হচ্ছে।

'পসরা' নামে তিনটি ভ্রাম্যমান কেন্দ্র ভোগকারীর নিকট ঠিক জায়গায় ও ন্যায্য দামে সবজী ও দ্রব্য পৌঁছে দিয়ে যথেষ্ট জনপ্রিয় হয়ে উঠেছে। গত ডিসেম্বর মাসে কলকাতায় অশান্তির পরিবেশে 'পশরার' ভূমিকা প্রসংশনীয়। এই রকম সুবিধা সুযোগ অন্যান্য জায়গায় পৌঁছে দিতে আমার দপ্তর ২০টি আদর্শ জায়গা নির্বাচন করে কলকাতা কর্পোরেশনের কাছে প্রস্তাব রেখেছে।

(খ) নিয়ন্ত্রিত বাজার সমিতির মাধ্যমে বন্ধকী-লগ্নি (প্লেজ ফাইন্যান্স) চালু করে অভাবজনিত বিক্রির হাত থেকে মুক্ত করার কথা পূর্বেই বলা হয়েছে।

**ফল এবং সবজী সংরক্ষণের জন্য কমিউিনিটি ক্যানিং সর্ভিসের সম্প্রসারণ প্রকল্প**

**প্রক্রিয়াজাতকৃত ফল এবং শাকসবজীকে সংরক্ষণের এবং প্রক্রিয়াজাতকরণের ব্যয় সুষ্ঠু ব্যবস্থাপনার অভাবে অতিরিক্ত আকার ধারণ করার দরুন। তাই প্রক্রিয়াজাতকরণের এবং সংরক্ষণাদি কার্যের জন্য প্রশিক্ষণ এবং কমিউনিটি ক্যানিং ব্যবস্থা দুইই প্রয়োজন। লক্ষ্য করা গেছে ৩ টাকা দামের ১ কেজি আম থেকে দুই বোতল (প্রতি বোতল ৫০০ গ্রাম) আমের আচার যার দাম ১৮ টাকা অর্থাৎ কিনা কাঁচামালের দামের তুলনায় আচারের দাম ছয়গুণ বেশি। যদি পাত্র, লেবেল ,বোতলে পোরা, মোড়ক বাঁধাই, গুদামজাতকরণ ও বিজ্ঞাপনের খরচ প্রভৃতি প্রক্রিয়াজাতকরণ শিল্পে কমিয়ে আনা যায় তাহলে প্রক্রিয়াজাতকৃত ফলমূলের চাহিদা বহুগুণ বৃদ্ধি পেতে পারে। অতএব আমার দপ্তর নূতন নূতন এলাকায় ফল ও শাকসবজীর কমিউনিটি ক্যানিং ব্যবস্থার প্রবর্তনের সম্ভাবনা পরীক্ষা করে দেখছে।**

এই পরিকল্পনার যথাযথ লক্ষ্য হল ঃ (১) সাধারণ মানুষকে সার্ভিসচার্জ দেওয়ার পরে ফল ও শাক সবজীর প্রক্রিয়াজাতকরণের খরচাকে কমিয়ে আনা (২) আগ্রহী মহিলা ও গৃহিনীদের রোজগারের সুযোগ করে দেওয়া।

ফল এবং শাকসবজীর প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণের গুণগতমানের উন্নতিকল্পে পরীক্ষাগার স্থাপনের পরিকল্পনার কথা আগেই বলা হয়েছে।

**নিয়ন্ত্রিত বাজার সমিতির ক্রিয়াকলাপ ঃ**

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে ৪৪টি বাজার সমিতির মধ্যে কমবেশি ৩০টি সক্রিয়ভাবে কাজ করছে। এই সেদিন পর্যন্ত তাদের বেশির ভাগ মুমূর্ষু অবস্থায় ছিল। আমি এই দপ্তরের ভার নেওয়ার পর থেকে এইদিকে নজর দেওয়া হয়েছিল যাতে সেই সমিতিগুলি চাষী, ব্যবসায়ী ও ভোগকারীর স্বার্থরক্ষার্থে উন্নয়নমূলক কার্যের মাধ্যমে নিজেদের পুঁজি বৃদ্ধি করতে সক্ষম হয়।

ধূপগুড়ি, করিমপুর ও বেথুয়াডহরীর মত বেশ কিছু সংখ্যক স্টল নির্মাণ করতে সক্ষম হয়েছি। শিলিগুড়ি, সামসী, বলরামপুর ও ইসলামপুর অঞ্চলে অনুরূপ বেশ কিছু স্টল নির্মাণের কাজ চলছে।

শিলিগুড়িতে এক বিশাল মৎস্য বিপণন কেন্দ্র গড়ে উঠেছে। ধূপগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনস্থ প্রধান বাজার চত্বরে এক প্রশাসনিক অফিস তৈরি করা হয়েছে। কেনাবেচার উদ্দেশ্যে বাহির থেকে আগত চাষী ও ব্যবসায়ীদের স্বার্থে ধূপগুড়ি এবং অন্যান্য অঞ্চলে বিশ্রামভবন নির্মাণের পরিকল্পনা নেওয়া হবে। বিদ্যমান ৪৪টি নিয়ন্ত্রিত বাজার সমিতির মধ্যে কয়েকটি এখন অকেজো অবস্থায় আছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে কাশিমবাজার ও ধুলিয়ান নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলিকে পুনরায় সক্রিয় করা সম্ভব হয়েছে। আমার বিশ্বাস ১৯৯৩-৯৪ সালে এই সমিতিগুলি তাদের অর্জিত পুঁজির মাধ্যমে আম ও রেশম গুটি চাষীদের স্বার্থে উন্নয়নমূলক কাজ করতে সক্ষম হবে। সামসী নিয়ন্ত্রিত বাজার সমিতির কার্যকলাপ বহুগুণ বৃদ্ধি পেয়েছে। ওই নিয়ন্ত্রিত বাজারের অধীনস্থ এলাকায় অবস্থিত কিছু উন্মুখ হাটের কার্যকলাপ উক্ত বাজার সমিতি কর্তৃক নিয়ন্ত্রিত হচ্ছে। এই সেদিন পর্যন্ত রুগ্ন কালিয়াগঞ্জ বাজার সমিতি তাদের ব্যাঙ্ক ঋণ পরিশোধ করে নিজস্ব অর্থে উন্নয়নমূলক কার্যকলাপ শুরু করেছে। কালিয়াগঞ্জের মতো অন্যান্য সমিতিও ব্যাঙ্ক ঋণ থেকে মুক্ত।

গত বছরের আয়ব্যয় ভাষণে আমি ধূপগুড়ি বাজার অঞ্চলের চাষী ও ব্যবসায়ীদের ব্যবহারার্থে একটি বিশ্রামশালা নির্মাণের কথা বলেছিলাম। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে সেটি নির্মাণের পথে। বর্তমানে বছরে মৃতপ্রায় তমলুক নিয়ন্ত্রিত বাজার সমিতিকে সক্রিয় করার উদ্যোগ নেওয়া হবে। পানচাষীদের স্বার্থে উলুবেড়িয়া নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনস্থ বাগনানে অবস্থিত প্রধান বাজার চত্বরে কিছু উন্নয়নমূলক কার্যসূচি নেওয়ার প্রস্তাব রাখছি।

দক্ষিণ ২৪-পরগনার আমতলা এলাকায় বিপণন ব্যবস্থা চালু করার ইচ্ছাও প্রকাশ করছি।

**বাজার ব্যবস্থাপনা :**

রাজ্যের গ্রামাঞ্চলে বেশিরভাগ বাজার ব্যক্তিগত মালিকানাধীন হওয়ার ফলে নিয়ামক ব্যবস্থাদি বলবৎ নেই। কলকাতা শহরের উপকণ্ঠে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ বাজারের ব্যবস্থাপনার কার্য আমার দপ্তর গ্রহণ করেছে। ব্রেস ব্রিজ স্টেশন সংলগ্ন ব্রেস ব্রিজ বাজার এখন আলিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতির পরিচালাধীন। জননায়ক হেমন্তকুমার বসুর নামে এই বাজারের নামকরণ করা হয়েছে। জিরাট বাজার সমিতির প্রস্তাবানুযায়ী এই বাজারের ব্যবস্থাপনা পান্ডুয়া নিয়ন্ত্রিত বাজার কর্তৃক গৃহীত হয়েছে। বাজারগুলির স্বেচ্ছাধীন হস্তান্তকরণের বিষয়গুলি আমার দপ্তরের বিচারাধীন। যে সব ক্ষেত্রে হস্তান্তরকরণ আইন-সংক্রান্ত ব্যাপারে বাধাপ্রাপ্ত হচ্ছে সেগুলিও আমার দপ্তরের বিচারাধীন।

**পশ্চিমবঙ্গ বিপণন পর্ষদ**

নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির শীর্ষে থাকার দরুন এই পর্ষদের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। বাজার সমিতিগুলির কার্যাবলি দেখাশোনা এবং ওই সমিতিগুলির উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় অনুমোদন দেওয়াই এই পর্ষদের প্রধান কাজ। এই পর্ষদ বিপণন আধিকারিকদের এবং নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থাও করে থাকে।

**অগ্রাধিকার নির্ধারণ**

উত্তম বিপণন ব্যবস্থার উৎকর্ষসাধন এবং পালন করার জন্য অনেক কিছু করণীয় আছে। সীমতি ক্ষমতার জন্য সারা রাজ্যে তা একসঙ্গে করা সম্ভব নয়। আমার দপ্তরের আগামী বছরগুলিতে কাজ হবে যত শীঘ্র অনুন্নত এলাকাগুলির দিকে যথাযথ নজর দেওয়া এবং যে সব এলাকায় বর্তমানে বিপণন নিয়ন্ত্রন চালু নেই সেই এলাকাগুলিকে আওতাভুক্ত করা।

তিনবিঘা হস্তান্তরের ব্যাপারটি কচুলিবাড়ি এলাকার লোকেদের মধ্যে অসহায়তার মনোভাব সৃষ্টি করেছিল। তাদের উজ্জীবিত করার জন্য অন্যান্য দপ্তরের সঙ্গে কৃষিবিপণন দপ্তরও ওই এলাকাতে বেশ কিছু সংখ্যক প্রকল্প রূপায়িত করছে।

পরিশেষে আমি ব্যয়বরাদ্দ বিবেচনা এবং অনুমোদনের জন্য সভার কাছে আবেদন রাখছি।

**Mr. Speaker :** There are six out motions to Demand No. 47. There are no out motion to Demand No. 48, there is one out motion to Demand No. 55 and there is no out motion to Demand No. 58.

All the cut motions are in order and taken as moved.

**Demand No. 47**

**Shri Atish Chandra Sinha, Shri Subrata Mukherjee :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Demand No. 55**

**Shri Atish Chandra Sinha :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

[2-00 – 2-10 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি একটা ফিজিক্যাল অসুবিধার কথা বলছি। আপনি এখানে যে বাজেট স্পিচ বিতরণ করেছেন তার সঙ্গে যদি একটা ম্যাগনিফাইং গ্লাস না দেন তাহলে এটা পড়ব কি করে? এগুলো আপনি অ্যালাও করছেন। ইট ইজ এ ফিজিক্যালি টর্চার অন আওয়ার সিস্টেম। এটা কেউ বিনা দূরবীনে পড়তে পারবে না। স্যার, আইন-টাইন তো আপনার ক্ষেত্রে প্রযোজ্য নয়। পৃথিবীর কোনও বিধানসভায়, কোনও পার্লামেন্টে এই নিয়ম চালু নেই, আমাদের প্রতিবাদ না শুনে আপনি চালু করে দিয়েছেন।

আজকে বাজেট বরাদ্দ আলোচনা করতে গিয়ে আমি মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়কে প্রথমেই প্রশ্ন করতে চাই যে, তিনি তাঁর বাজেট বিবৃতির শুরুতেই বলেছেন — অবশ্য অর্থমন্ত্রী ডাঃ অসীম দাশগুপ্ত এই বাজেট মুভ করেছিলেন এবং তিনি একটা জায়গায় পরিষ্কারভাবে বলেছেন যে, ভূমি সংস্কার এখানে আশানুরূপ ভাল হয়েছে এবং তার জন্য প্রোডাকশনের দিকটাও আশানুরূপ ভাল হয়েছে। আপনি কি তাঁর সঙ্গে এক মত? এটা আপনার কাছে আমার প্রথম প্রশ্ন। আমি আপনার কাছে আরো জানতে চাই যে, আপনি একাধিক বছর এই দপ্তরের দায়িত্বে আছেন। এখানে ফার্টিলাইজারের দাম তিন গুণ, চার গুণ বেড়ে গেছে। ১৫০০, ১৬০০, ১৭০০ টাকার ফার্টিলাইজার ৩০০০, ৪০০০, ৫০০০ টাকায় পৌঁছে গেছে।

অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় দাবি করেছেন যেহেতু ভূমি সংস্কার হয়েছে, যেহেতু বর্গা রেকর্ড হয়েছে, যেহেতু ৭০ পারসেন্ট অফ দি ল্যান্ড ছোট কৃষক, মারজিনাল কৃষকদের হাতে গেছে সেহেতু প্রডাক্টিভিটি ইনক্রিজ করেছে। আপনার কাছে প্রশ্ন করতে চাই, আপনার বাজেট বক্তৃতায় এক লাইনেও একটি কথা বলেন নি যে প্রডাকশন বেড়েছে বলে কৃতিত্বের দাবি করেছেন? আপনি কোথাও বলেন নি ভূমি সংস্কারের জন্য এবং ছোট কৃষকদের হাতে জমি যাওয়ার জন্য, বর্গা রেকর্ডের জন্য প্রডাকশন বেড়েছে — আপনার বাজেট বক্তৃতায় কোথাও পাইনি। যদি কোথাও থেকে থাকে তাহলে দেখিয়ে দিলে কৃতার্থ হব। আপনার

কাছে জানতে চাই ফার্টিলাইজারের দাম যখন বেড়ে গেছে — আপনি ২ বছর ধরে আছেন — ফার্টিলাইজারের কনজামশন এখনও কমেনি যেটা স্বাভাবিকভাবেই আশঙ্কার কারণ ছিল যেহেতু দাম বেড়েছে সেই জন্য ফার্টিলাইজারের কমজামশন কমে যাবে — যখন কমেনি, বৃদ্ধি পেয়েছে তাহলে ছোট কৃষকরা এই ফার্টিলাইজার ব্যবহার করছেন এবং তার জন্যই প্রডাকশন বেড়েছে — এটা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় মন্ত্রী বিনয়বাবুকে আমি থাকতে বলেছিলাম, বৃদ্ধ থাকলে আমি তাঁর কাছে নিবেদন করতে পারতাম। আপনি হিসাব দেখেছেন — কনজারভেটিভ অ্যাটিচিউড ছেড়ে কেমিক্যাল ফার্টিলাইজারের দিকে যখন যায় তখন প্রডাকশন ইনক্রিজ ছিল ২.৪ পারসেন্ট এবং ওরা যখন হাত দিয়েছে — আপনাদের সর্বজনরোগহর — ভূমি সংস্কার তখন আপনাদের প্রডাকশন বেড়েছে ২ পারসেন্ট। তাহলে রেট অফ ইনক্রিজ ইন দি প্রডাকশন কমে গেছে .৪০ পারসেন্ট কমে গেছে। আজকে এখানে জিজ্ঞাসা করতে চাই, এই যে ১২ লক্ষ একর জমি বিলি হয়েছে, সেই জমি যারা পেয়েছে তারা নিজেদের কাছে জমি রাখতে পারেনি, বড় বড় মাল্টিন্যাশনাল নিয়ে নিয়েছে। জমি যে হাতে রাখতে পারেননি এই কথা ভূমি রাজস্ব বাজেটে বলেছিলাম। আজকে যাদের হাতে পয়সা আছে, যারা ধনী ব্যবসায়ী — যে নতুন ক্লাস আপনারা তৈরি করেছেন, যাদের সঙ্গে সি. পি. এমের যোগ আছে, আজকে তারাই জমির মালিক, তারাই জমি আবাদ করছে এবং তারাই আপনাদের প্রিমিয়াম দিচ্ছে, মাসোহারা দিচ্ছে। এবং তার ফল হয়েছে — আপনারা এখানে হাজার চেষ্টা করেও যে গৌরবের দাবি করার চেষ্টা করছেন — ভারতের তুলনায় প্রডাক্টিভিটি বাড়েনি। এখানে ধান চাষ ছাড়া আর কিছু হয়না। আপনি বলেছেন, সবচেয়ে বেশি ধান এখানে চাষ হয়। হোয়াট ইজ দি রেট অফ প্রডাকশন? ইলডিং সিলেকটেড ক্রপস স্টেটওয়াইজ হিসাবটা দেখুন, ওয়েস্ট বেঙ্গলে ১৯.৫ কুইন্টাল পার হেক্টার রাইস, আর আপনার ঠিক উপরে তামিলনাড়ু ৩০.৯। পাঞ্জাবের কথা শুনলে চমকে যাবেন ৩৫.১। অর্ধেকও পৌঁছাতে পারছেন না কেন?

প্রডাক্টিভিটি আপনাদের বাড়েনি বেশি পরিমাণ জমিতে ধান ছাড়া বাড়তি কিছু হয়না বলে। রেট অফ প্রডাক্টিভিটি আপনাদের বাড়েনি। এখানে অসীম দাশগুপ্ত এবং বিনয় চৌধুরি মহাশয়রা নেই। অমর্ত সেনের যে ফর্মুলা — ডিস্ট্রিবিউশন অফ ফ্র্যাগমেন্টেড ল্যান্ড হলে প্রডাক্টিভিটি ইনক্রিজ করে সেটা ভুল, কারণ অন্যান্য স্টেট ঢাকঢোল পিটিয়ে ভূমি সংস্কারের কৃতিত্ব দাবি করেনি, কিন্তু রেট অফ ইল্ড পার হেক্টর অফ সিলেকটেড ক্রপ স্টেটওয়াইজ আপনাদের দেড়গুণ, দুইগুণ, আপনাদের চেয়ে বেশি। সুতরাং এই থিওরী বাদ দেবেন।

মিঃ স্পিকার স্যার, আপনি এগ্রিকালচার সাবজেক্ট কমিটি করেছেন, কিন্তু তারা কতজনকে পরীক্ষা করেছেন জানি না কারণ মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতার কোথায়ও তার উল্লেখ নেই। সভায় সাবজেক্ট কমিটির চেয়ারম্যান উপস্থিত নেই। তিনি তা বারবার ঢাকঢোল পিটাতে আরম্ভ করলেন যে, ল্যান্ড রিফর্মসের জন্যই নাকি রাজ্যের প্রডাক্টিভিটি বেড়েছে।

আই ডিনাই ইট, আই প্রটেস্ট, কারণ ফ্যাক্টসের সঙ্গে এর কোনও মিল নেই। এই সাবজেক্ট কমিটি ফিল্ডে কতবার গেছেন, কতজন স্মল ফার্মার বেনিফিশিয়ারিজ রেসিপিয়েন্ট অফ দি ভেস্টেডে ল্যান্ডকে জিজ্ঞাসা করেছেন জানাবেন। এই রাজ্য ..............

**মিঃ স্পিকার ঃ** আপনার পার্টির রিপ্রেজেন্টেটিভরা ছিল তো কমিটিতে, তাঁরা কি ডিসেন্টিং নোট দিয়েছেন? হ্যাভ দে গিভন্ এনি ডিসেন্টিং নোট? কোন ডিসেন্টিং নোট তাঁরা দেননি, অথচ আজকে আপনি বলে যাচ্ছেন। কমিটির রিপোর্ট এসেছে কিন্তু তাতে আপনাদের কোনও ডিসেন্টিং নোট নেই। কাজেই এসব বলা যায়?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পিকার স্যার, আমাদের রিপ্রেজেন্টেটিভ আছেন, তবে দেয়ার ইজ ইনসিগনিফিকেন্ট মাইনরিটি। ল্যান্ড রিফর্মস অ্যাক্টের পর এই যে জমির মালিকদের কাছে ২৫ পারসেন্ট হারে আপনারা যে প্রডাকশনের দাবি করছেন সেই হারে তারা দিয়েছেন কি কখনও? আজকে রাজ্য পপুলেশনও অবশ্যই বেড়েছে। এই অবস্থায় একটা ভ্রান্ত ধারণার উপর দাঁড়িয়ে আপনারা তৈরি করছেন খাদ্য! এটা কিন্তু ভুল, এটাকে আপনারা সংশোধন করবেন। মিঃ স্পিকার স্যার, সরকারকে যদি প্রটেকশন দিতে চান দিতে পারেন, কিন্তু আমি বলছি, অসীম দাশগুপ্ত, অমর্ত সেন এবং রাজ্য সরকারের যে অনুসৃত ধারণা সেটা ভূল, এটা ধোপে টেঁকে না। মাননীয় মন্ত্রীর অভিজ্ঞতা এবং আমাদের অভিজ্ঞতার নিরীখে এই তিনের যে থিওরী - ভূমি সংস্কার করলে ছোট জমির মালিকদের কাছ থেকে প্রডাকশন বাড়ে, এটা ভুল থিওরী। এটার আর একটা সোস্যাল দিকও রয়েছে। আমরা ল্যান্ড রিফর্ম করেছি ফর সোস্যাল জাস্টিস, ইর‍্যাডিকেশন অফ পভার্টির স্বার্থে। এখানে ডিস্ট্রিবিউটেড জমিগুলি যদি বিগ ওনারদের কাছে চলে যায়, মানি লেন্ডার আই. টি. সি. কোম্পানির কাছে চলে যায়, তাহলে সোস্যাল জাস্টিস দেবার দায়িত্বটা পালন করা যায় না, এটা অন্যায় হয়ে যায় একথা বলতে পারি। এর জবাব আমি বিনয়বাবুর কাছ থেকে চাইছিলাম, কিন্তু তিনি চলে গেছেন। তাঁর উত্তর পাওয়াটা দরকার ছিল। দিস মিথ্ মাস্ট বি ডিসকার্ডেড, দিস মিথ্ মাস্ট বি অ্যাবানডন্ড। কারণ তা নাহলে পশ্চিমবঙ্গের পক্ষে এটা দেওয়া সম্ভব হবে না। প্রতি মাসে খাদ্যমন্ত্রী সেন্টারের কাছে বলছেন — এক লক্ষ টন গম দাও, এক লক্ষ টন চাল দাও, না হলে খাওয়াতে পারছি না। আপনার এখানে যে পপুলেশন, যে প্রডাকশন এবং যেখানে ১৪০০ গ্রাম পার ক্যাপিটা কনজামশন সেখানে কিন্তু আমাদের খাওয়াতে বাইরে থেকে এসব আনতে হয় না। এখানে যদি কৃত্রিম উন্নতি হত তাহলে এখানে পাঁচশ হাজার কোটি টাকা যা বাইরে থেকে খাবার আনতে খরচ হচ্ছে সেটা দিয়ে দারিদ্র দূর করা সম্ভব হত। আমাদের এখানে কৃষির যে উন্নতির সম্ভাবনা ছিল সেটা সম্ভবপর হয়নি। আপনি জানেন, কেন্দ্রীয় সরকার এগ্রিকালচারের ব্যাপারে একটা পলিসি ডিসিসন অ্যানাউন্স করেছেন। ঐ ডিসিসনের নিরীখে আপনারা এখানে কতখানি পরিবর্তন আনতে পেরেছেন? আমরা দেখছি গতবারের বোথ প্ল্যান অ্যান্ড নন-প্ল্যানে যে টাকা বরাদ্দ ছিল সেই টাকা আপনি পাননি, খরচও করেন নি। গতবারের যে বরাদ্দ ছিল, এবারে

এগ্রিকালচারে আপনি কম বরাদ্দ দাবি করেছেন। এই কম দাবি করার হেতুটা আপনি আমাদের জানাবেন। সরকার কি দেউলিয়া হয়ে গেছে? মাননীয় অর্থমন্ত্রী কি আজকে পশ্চিমবঙ্গকে দেউলিয়া করে তুলেছেন? এগ্রিকালচার ইজ এ ভাইটাল সেক্টর। এইটথ প্ল্যানে এগ্রিকালচারকে গুরুত্ব দেওয়া হয়েছে। অথচ আমরা দেখছি যে সেকেন্ড ইয়ার, দিজ ইজ দি থার্ড ইয়ার, আপনি যে বাজেট প্রস্তাব করেছেন, থার্ড ইয়ার অব দি এইটথ ফাইভ ইয়ার প্ল্যানে কমে যাচ্ছে কেন? আপনি এই বিষয়ে আমাদের আলোকপাত করবেন। সরকারের দেউলিয়াপনার জন্য কি এটা কমে গেল? আপনি গতবার টাকা খরচ করাতে পারলেন না বলে, না, পলিসি ডিসিসন নিয়েছেন যেহেতু ভূমি সংস্কার হয়েছে সেহেতু এগ্রিকালচারে প্ল্যান এক্সপেন্ডিচারে খরচ করার প্রয়োজনীয়তা নেই, এটা আমাদের জানাবেন। আজকে লাস্ট পার্লামেন্টে যে পলিসি ডিসিসন ডিক্লেয়ার করেছেন কেন্দ্রীয় সরকার, তার সঙ্গে রাজ্য সরকার কতখানি একমত এবং কতখানি ভিন্ন মত সেটাও জানাবেন। কলিমুদ্দিন সাহেব এখানে আছেন। আমি তাকে একটা কথা বলি, ফার্মাররা প্রডিউস করে এবং কনজিউমারসরা ব্যবহার করছে। কিন্তু যে দামে কনজিউমারসরা নিচ্ছে, সেই দাম প্রোপোরশনেটলি কিন্তু প্রডিউসাররা পাচ্ছে না। তার কারণ হচ্ছে মিডিলম্যান। আপনার মার্কেটিং সিস্টেম ফেল করেছে। আপনার কোন ইনফ্রাস্ট্রাকচার নেই। আপনি ডেভেলপ করতে পারেন নি মার্কেটিং সিস্টেমের। সে জন্য ফার্মারসরা কোনও বেনিফিট পাচ্ছে না, কনজিউমারসরাও কোনও বেনিফিট পাচ্ছে না। মাঝপথে একটা মিডলম্যান তৈরি করা হয়েছে, তারাই লাভটা নিয়ে নিচ্ছে। এরা সম্ভবত সব সি. পি. এম.-এর লোক, সেজন্য আপনি সেখানে হাত দিতে পারছেন না। আপনি মার্কেটিং সিস্টেম ডেভেলপ করতে পারছেন না এবং রেগুলেটেড মার্কেটিং সিস্টেমেরও একই অবস্থা। সেজন্য আলুতে বলুন, আর তেলেই বলুন, এই অবস্থা হয়েছে। আপনি এই সম্পর্কে আমাদের বলবেন। এর সঙ্গে আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে দুর্নীতি সম্পর্কে। ১৯৯০-৯২ সালে কেন্দ্রীয় সরকার ফর ক্রেডিট ৩৭ কোটি টাকা আপনাকে দিয়েছে। প্রতি বছর ক্রেডিটের জন্য এই টাকাটা আপনাদের দেয়। Through State Government for needy farmers cooperative দেবার জন্য। এটাতে কো-অপারেটিভকে শর্ট টার্মে ক্রপ লোন দেবার কথা। কিন্তু সেটাও আপনি দিতে পারছেন না। ১৯৭১ সালে maximum 5 crores, তারপরে 8 crores – R.B.I. হিসাব অনুযায়ী আরো ৩ কোটি টাকা দরকার ছিল, কিন্তু হলনা। আপনি আজকে ৪ কোটি টাকা দিচ্ছেন। কোন সময়ে ম্যাকসিমাম বেড়েছে? এই সরকারের সময়ে ৬৮ কোটি হয়েছিল। আমরা যখন ছিলাম তখন ৮১ কোটি টাকা পর্যন্ত দিতে পেরেছিলাম। এই টাকাটা কেন্দ্রীয় সরকার দিয়েছিল। প্রতি বছরই এটা দিচ্ছে। এই টাকাটা কোথায় যাচ্ছে? এটা কি দেউলিয়া সরকারের কর্মচারিদের মাইনা দিতে চলে যাচ্ছে? স্যার, অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গকে দেউলিয়া করে দিয়েছেন। এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির জন্য যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট স্টেটের জন্য অ্যালোকেশন করছি, সেটা এদের কাছে পৌঁছাচ্ছে না। আজকে ন্যাশনাল ওয়াটার ডেভেলপমেন্টের জন্য ৫ কোটি করে টাকা এই রাজ্যে আসছে। সেই টাকার আপনি খরচ দেখাতে পারছেন না।

আপনি খরচ করতে পারছেন না, সেটা কেন্দ্রে ফেরত চলে যাচ্ছে, এই সম্পর্কে আমাদের আলোকপাত করবেন। আপনি আর একটা কথা আমাদের বলবেন। কেন্দ্রীয় সরকার এক্সপোর্টে খুব গুরুত্ব দিয়েছেন। আমাদের ১৩.৬ পারসেন্ট করে বাড়াতে হবে। এবছর বোধ হয় আমরা agriculture credit facility ৭ হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছি। আমাদের ওয়েস্ট বেঙ্গলের কোনও শেয়ার আছে কি? বাসমতি রাইস পাকিস্তান at the rate of 200 dollar per metric ton বিক্রয় করছে। ওরা ৫ মিলিয়ন টন বাসমতি বিশ্বের বাজারে রপ্তানি করে। আমরা মাত্র ২ মিলিয়ন টন বাসমতি রপ্তানি করি। আমাদের বাসমতির দাম ৭০০ ডলার পার মেট্রিক টন। ওরা ৫ মিলিয়ন মেট্রিক টন এক্সপোর্ট করে যা পায়, আমরা 2 million metric ton at the rate of 700 per metric ton সেই টাকা পাই। আমাদের ওয়েস্ট বেঙ্গলের কত টাকা শেয়ার আছে? আমরা গ্রেন এক্সপোর্ট করতে পারি। কেন পারছি না? আমরা কি isolated from the rest of India? কেন আপনি করছেন না? Do you want to frostate the export policy of the Government of India?

কেন আমাদের ওয়েস্ট বেঙ্গলের শেয়ার নেই? আজকে ১৬ বছর এই সরকার ক্ষমতায় আছে, আপনি আছেন ২ বছর, যাঁরা এই পলিসি নিয়ন্ত্রণ করছেন তাঁরা কি জবাব দেবেন? কেন এখানকার কৃষকদের নেগলেক্ট করছেন? অথচ এখানে Agriculture tax ceiling is the highest এই ব্যাপারে ইনটারভেন্স করার কথা ছিল না। আজকে বিদ্যুৎমন্ত্রীর বাজেট পাস হয়ে চলে গেছে। এখানে ৯ লক্ষ পাম্প সেট এনারজাইস হয়েছে। আজকে যে কোনও ডেভেলপমেন্টের প্রয়োজনে মিনিমাম দায়িত্ব হচ্ছে ফুয়েল এবং এনার্জির। আজকে এখানে এগ্রিকালচারে কতখানি অফ দি ইলেকট্রিসিটি কনজাম্পশন হচ্ছে? এটা আমাদের জানাবেন। ভারতবর্ষের মধ্যে এই জ্যোতি বসুর মন্ত্রী সভার দ্বারা পরিচালিত সরকারের পার ক্যাপিটা ইলেক্ট্রিসিটি কনজাম্পশন কম ইন এগ্রিকালচার এই ওয়েস্ট বেঙ্গলে। কেন এটা হচ্ছে? একটা পাম্প সেট ডিজেল দিয়ে চালাতে ১৬ টাকা খরচা হয় ঘন্টায় আর বাই ভারচুয়াল অফ ইলেক্ট্রিসিটি ১ টাকা খরচ হয়। চাষীরা প্রোডাকশনের ক্ষেত্রে এই সুযোগ কেন পাচ্ছে না সেটা দেখবেন। এই জবাব আমি চাই। আমি এন্টারভেন্স করতাম না, আজকে মন্ত্রীদের এখানে আসার জন্য খবর দিয়েছিলাম। এই প্রশ্নের জবাব আপনার কাছে চাই, সেন্ট্রালের টাকা কেন পাওয়া যাচ্ছে না, প্ল্যান কেন কমে গেল। The myth of land reforms এই জবাব আপনার কাছে চাই। ধন্যবাদ স্যার।

**শ্রী বীরেন ঘোষ :** মাননীয় স্পিকার স্যার, কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ১৯৯৩-৯৪ সালের জন্য আমি সেই বাজেটকে পূর্ণ সমর্থন করছি। বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার আমি তীব্র বিরোধিতা করছি। শুধু বিরোধিতাই করছি তা নয়, আমি অবাক হয়ে যাচ্ছি তাঁদের ভূমিকা দেখে। পশ্চিমবাংলার মানুষ হিসাবে বিরোধী দলের উচিত এই বাজেটকে পূর্ণ সমর্থন কারা তা না

করে তাঁরা এখানে বিরোধিতা করার জন্য বিরোধিতা করলেন। বিরোধী দলের নেতা এই বাজেটের বিরোধিতা করতে গিয়ে তিনি স্বীকার করলেন যে এখানে উৎপাদন বেড়েছে। তারপর কিছু ধানাই পানাই করার চেষ্টা করছেন। তিনি বললেন উৎপাদন বেড়েছে ঠিকই কিন্তু তার সুফল সঠিক ভাবে মানুষের কাছে পৌঁছায়নি। এই হাউসের মধ্যে যাই বলুক তাঁরা যে দলের পক্ষে রয়েছেন সেই দল কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন। কেন্দ্রীয় সরকারের যে যোজনা কমিশন, তাঁদের দলিল থেকে আমি একটা উদ্ধৃতি দিচ্ছি। তাঁরা বলেছেন পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকার জলবায়ু এবং সামগ্রিক পরিস্থিতির বিচার করে যে ভাবে কৃষি পরিকল্পনা করা হচ্ছে তাতে এই পরিকল্পনা করার ক্ষেত্রে সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান এখন সর্বপ্রথম চলে গিয়েছে।

এটা কেন্দ্রে যোজনা কমিশনের রিপোর্ট। স্বাভাবিকভাবে এই সত্যকে কেউ অস্বীকার করতে পারবেন না। সেই জন্য এই হাউসে তাঁরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করলেন। আজকে কেন্দ্রের কংগ্রেস সরকার যে ভাবে জন বিরোধী, কৃষি বিরোধী নীতি নিচ্ছে সেই নীতির কারণে কৃষি ব্যবস্থা ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। গোটা দেশে আজকে কৃষি সঙ্কট তীব্র আকার ধারণ করেছে। সারা ভারতবর্ষে কৃষি উন্নতি, কৃষি উৎপাদন ধ্বংসপ্রাপ্ত হয়েছে। এই জিনিস আমরা এখানে কংগ্রেস আমলে দেখেছি, তাঁরা কৃষিকে সেই অবস্থা পৌঁছে দিয়ে গিয়েছিলেন। আমরা সেই অচল আয়তনের বেড়া ভেঙ্গে বামফ্রন্ট সরকারের জনমুখী কর্মসূচি রূপায়ণের মাধ্যমে কৃষি উন্নয়ন ঘটাতে পেরেছি। মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা একটা আদর্শ বাজেট। গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার যে সাফল্য, পশ্চিমবাংলায় কৃষি ক্ষেত্রে উৎপাদনের যে নতুন জোয়ার এসেছে এই কথা কেউ অস্বীকার করতে পারছেন না। ১৯৭৬-৭৭ সালে কংগ্রেসি শাসনকালে পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের উৎপাদন কত ছিল তা বিরোধী দলের মাননীয় নেতা অস্বীকার করে গেছেন। তখন উৎপাদন ছিল মাত্র ৭৪ লক্ষ টন। আর বামফ্রন্ট সরকারের আমলে আজকে ৮১-৯০ সালে ১১৮ মেট্রিক টন এবং ৯১-৯২ সালে উৎপাদন হয়েছে ১২৮ হাজার মেট্রিক টন। খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে এটি একটি সর্বকালীন রেকর্ড। পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে বিরোধীদলের সদস্যদের এরজন্য গর্ববোধ করা উচিত এবং এই বাজেটকে তাঁদের সমর্থন করা উচিত। গড় উৎপাদন হিসাবে মাননীয় বিরোধীদলের সদস্য বলেছেন ধানের উৎপাদন নাকি বেশি হয় — চালের উৎপাদনে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে শীর্ষস্থান লাভ করেছে। আলু উৎপাদনে উত্তর প্রদেশের পরে পশ্চিমবঙ্গ ২য় স্থান অধিকার করেছে। কংগ্রেসিদের কৃষিস্বার্থ বিরোধী নীতির ফলে গোটা দেশে যেখানে উৎপাদন কমেছে, ভারতবর্ষের ক্ষেত্রে কৃষির উৎপাদনের হার যেখানে ১.৫ শতাংশ কমেছে, সেখানে এখানে উৎপাদন বৃদ্ধি হয়েছে দশ শতাংশ হারে। কৃষিক্ষেত্রে মাথাপিছু আয় পাঞ্জাব এবং হরিয়ানার পরেই আমাদের রাজ্য অধিকার করেছে। স্বভাবতই এই সাফল্যকে ছোট করে দেখাতে চেয়েছেন। ৭ম পরিকল্পনাকালে আমাদের রাজ্যে খাদ্যশস্যের উৎপাদন ৩৪ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। সবুজ বিপ্লব যেখানে হয়েছে বলে তাঁরা বলেন,

বিশেষ করে হরিয়ানা এবং পাঞ্জাব, সেখানে বেশি অর্থ বিনিয়োগ করা হয়েছে, তাদের উৎপাদন আমাদের চাইতে কম হয়েছে। সেখানে যথাক্রমে ২৪ এবং ২৩ শতাংশ মাত্র বৃদ্ধি পেয়েছে। তাঁরা এই কথা স্বীকার করতে পারেন না। এখানে তাঁরা বিরোধিতার জন্যই শুধু বিরোধিতা করেছেন। পশ্চিমবাংলায় এই. সাফল্যের পিছনে বামফ্রন্ট সরকারের জনকল্যাণমুখী কর্মসূচি। তার বলিষ্ঠ এবং গুরুত্বপূর্ণ পদক্ষেপ হচ্ছে ভূমিসংস্কার। এই ভূমিসংস্কারের দ্বারা পশ্চিমবাংলায় জমির কেন্দ্রীভবনকে ভাঙ্গা গেছে। আজকে ৬০ শতাংশ কৃষিজমি গরিব ছোট চাষীর হাতে চলে এসেছে। এরা নিজেদের জমিতে নিজেদের পরিশ্রম দিয়ে চাষ করেন। সেজন্যই আজকে এখানে হেক্টর প্রতি উৎপাদন বেড়েছে। সারা ভারতবর্ষে মোট যে জমি তার ৩.৫ শতাংশ জমি এখানে আছে। এই অল্প জমি সত্ত্বেও এই সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে। ভূসিংস্কারের মধ্যে দিয়ে যেভাবে গরিব কৃষকের হাতে জমি গেছে, আজকে গরিব প্রান্তিক কৃষকের হাতে ২৯ শতাংশ জমি যেখানে ভারতবর্ষের ক্ষেত্রে, সেখানে আমাদের রাজ্যে তার পরিমাণ হচ্ছে ৬০ শতাংশ। কৃষি সমীক্ষা অনুযায়ী দেখা যায় যে গরিব চাষীদের হাতে জমি আসার ফলে উৎপাদন বেড়েছে। অথচ উনি বললেন যে এখানে হেক্টর পিছু উৎপাদন নাকি বাড়েনি। আমাদের হেক্টর পিছু উৎপাদন ২ হাজার ৩৬ কে.জি.। গোটা ভারতবর্ষে সমস্ত সম্পদ যেখানে কেন্দ্রীভূত হয়ে রয়েছে, সবুজ বিপ্লবের এত কান্ড করা সত্ত্বেও সারা দেশে হেক্টর পিছু উৎপাদন হচ্ছে ১,৩৫৪ কে.জি.। স্বভাবতই এই সাফল্যকে ঢেকে রাখা যায় না। ১৯৮৯-৯০ এবং ১৯৯১-৯২ সালে খাদ্যশস্যের উৎপাদনের বৃদ্ধির হার ৫.২ শতাংশ হারে হয়েছে ভারতবর্ষের ক্ষেত্রে, আর আমাদের রাজ্যে এই হার হচ্ছে ১৮ শতাংশ। ভূমিসংস্কারের মধ্যে দিয়ে জমির কেন্দ্রীভবন ভেঙ্গে যে জায়গায় আসা গেছে তার ফলেই কৃষিতে জোয়ার এসেছে। কংগ্রেসিরা কৃষিকে ধ্বংসের দিকে নিয়ে গিয়েছিল। তারা গোটা দেশ-এর কৃষি ব্যবস্থাকে ধ্বংস করার জন্য সাম্রাজ্যবাদীদের হাতে দেশটাকে তুলে দিতে চাইছে। আজকে বিশ্বব্যাঙ্কে, আই. এম. এফ.-এর কাছ থেকে ঋণ নিয়ে তাদের শর্তে দেশটাকে বাঁধা দেবার জন্য তাদের শর্তকে নিয়ে গিয়ে সারের উপর থেকে নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রত্যাহার করে নিয়েছে।

সারের ক্ষেত্রে অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে আজকে কৃষি ব্যবস্থা একটা সঙ্কটের মধ্যে পড়েছে। শুধু তাই নয় আই এম এফ-এর ঋণের শর্ত হিসাবে সাম্রাজ্যবাদী শক্তি বিশেষ করে আমেরিকা সাম্রাজ্যবাদের কাছে মাথা নত করেছে। আমেরিকা এখন তাদের উদ্বৃত্ত খাদ্যশস্য আমাদের কাছে বিক্রি করার চেষ্টা করছে এবং আপনারা তাই করে দিতে চাইছেন। এইভাবে কৃষি ব্যবস্থাকে আপনারা ধ্বংস করে দিতে চাইছেন। কেন্দ্রীয় সরকার এমনভাবে ঋণে জড়িয়ে পড়েছেন যে আমাদের আবার ফিরে যেতে হবে। অতীতে পি এল যুক্ত করার ফলে পশু খাদ্য মাইলো দেশের মানুষকে দেওয়া হত। আজকে সেই অবস্থাতে কেন্দ্রীয় সরকার ফিরিয়ে আনতে চাইছেন। যেখানে আমাদের রাজ্যের কৃষকরা পরিশ্রমের ফলে কৃষি উৎপাদন বাড়াতে পেরেছে এবং খাদ্যে স্বয়ম্ভর হওয়া সম্ভব হয়েছে সেখানে

তাদের ঋণের ফাঁদে পা দিয়ে আমাদের দেশের কৃষি ব্যবস্থাকে ভেঙ্গে দিতে চাইছেন। সারের উপরে অস্বাভাবিক দর বৃদ্ধির ফলে এবং সারের উপরে নিয়ন্ত্রণ তুলে দিয়ে আজকে কৃষি ব্যবস্থাকে ভেঙ্গে দিতে চাইছেন। কংগ্রেসিরা মুখে যতই ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করুন কিন্তু কার্যত সেটাই রূপায়িত করে আগামীদিনে আমাদের দেশের কৃষিকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছেন। উচ্চ ফলনশীল যে বীজ তাতে ডাঙ্কেল প্রস্তাবের ফলে সেই বীজ ব্যবহার করার ক্ষেত্রে আমাদের অসুবিধা হবে। ওই বীজ এখন ডাঙ্কেল প্রস্তাবের ফলে ওই সাম্রাজ্যবাদীদের কাছ থেকে কিনে নিতে হবে। এইভাবে আমাদের দেশের কৃষি ব্যবস্থাকে ধ্বংসের মুখে ফেলে দিতে সাম্রাজ্যবাদীদের হাতে কৃষি ব্যবস্থাকে তুলে দেওয়ার চক্রান্ত চলছে। পশ্চিমবঙ্গের কৃষি দপ্তর যেখানে নতুন নতুন কৃষি উন্নয়নের বীজ এনেছেন তার বিরোধিতা করে কৃষির উন্নতি তারা চাইছেন না। এইভাবে গোটা দেশের কৃষি এবং কৃষকদের আজকে হাহাকারের মধ্যে ফেলতে চাইছেন। আজকে যেখানে কৃষকরা কৃষির ভেতর দিয়ে একটা দেশে প্রতিফলন আনতে চাইছে সেখানে বাধা দিয়ে তার উন্নতি বিধান করতে চাইছেন না। কৃষিতে সার যে প্রধান জিনিস তার উপরে নিয়ন্ত্রণ তুলে দিয়ে একটা ক্ষতি করেছেন। কংগ্রেসি আমলে উৎপাদন ব্যবস্থা যেমন কমে গিয়েছিল প্রায় ৭৪ লক্ষ টন খাদ্যশস্য সংগ্রহ হয়েছিল ঠিক সেই অবস্থাতে ফিরিয়ে আনতে চাইছে। অতীতে কংগ্রেসি সরকার ওই কৃষকদের কাছ থেকে জোর করে লেভির মাধ্যমে ধান সংগ্রহ করত। একজন কৃষক নিজের পয়সায়, নিজের গতর দিয়ে যে খাদ্য উৎপাদন করল তা নিজের ইচ্ছামত বিক্রি করতে পারত না। সেই কৃষকের উপরে লেভি চাপিয়ে তার সেই উৎপাদিত শস্য কেড়ে নেওয়া হত। যদি কোন কৃষক সেই ফসল দিতে অস্বীকার করত তাহলে তাকে তাদের আমলে পিডি অ্যাক্টে আটক করা হত এবং সত্তর দশকে মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে আমরা দেখেছি ওই সব কৃষকরা যারা খাদ্য শস্য দিতে অস্বীকার করেছেন তাদের মিসায় আটক করেছিল। এইভাবে পশ্চিমবঙ্গের কৃষকদের গ্রেপ্তার করেছিল। সরকারের ওই লেভির বিরুদ্ধে যখন কৃষকরা প্রতিরোধ করে চলেছে তখন কংগ্রেসিরা তাদের উপরে অত্যাচার চালিয়েছে। এবং সেই কৃষকদের রক্তে রাস্তা লাল হয়ে গেছিল। সেই কৃষি এবং কৃষকদের প্রতি আজকে এখানে কংগ্রেসি সদস্যদের কুম্ভীরাশ্রু বর্ষণ করছে। আজকে গোটা দেশে যে কেন্দ্রীয় সরকার কৃষি বিরোধী নীতি গ্রহণ করেছে এর ফলে কৃষি ব্যবস্থাটা একটা ধ্বংসের পথে চলে যাচ্ছে। সেখানে একটি অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ তার সীমিত ক্ষমতার মধ্যে থেকে এই বামফ্রন্ট সরকার নতুন চিন্তা ধারায় ভূমি সংস্কারের মধ্যে দিয়ে কৃষি ব্যবস্থায় নতুন জোয়ার আনছিল ঠিক সেই সময়ে কৃষি ব্যবস্থাকে ধ্বংসের মুখে ঠেলে দেওয়া হল। আজকে এই কৃষি দপ্তর বহুমুখী কর্মসূচি হাতে নিয়েছে। শুধু ধান বা খদ্যশস্যের মধ্যে সীমাবদ্ধ নেই। আজকে অনেক ফসল উৎপাদন হওয়া সম্ভবপর হয়েছে এবং সেই দিকে নজর দিয়েছে নতুন নতুন পরিকল্পনার মধ্যে দিয়ে আজকে তৈলবীজ ইত্যাদি উৎপাদন বাড়ানো সম্ভব হয়েছে। আজকে শুধু তাই নয় একদিকে ভূমিসংস্কার ও গরিব কৃষকদের হাতে জমি দেওয়া ও জমির কেন্দ্রীভবনকে ভেঙ্গে দেওয়া, অন্য দিকে ফসল উৎপাদনকে

আজকে যথেষ্ট বাড়ানো সম্ভব হয়েছে। ক্ষুদ্র সেচের প্রসার ঘটানো হয়েছে। বামফ্রন্ট সরকারের আমলে ৬০ শতাংশ ক্ষুদ্র সেচের প্রসার ঘটানো হয়েছে। আজকে এই কয়েক বছরে বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে এই সব। কিছুক্ষণ আগে বিরোধী দলের নেতা বলছিলেন যে পতিত জমি নাকি ব্যবহার করা হয়নি কৃষি উৎপাদনে। ৫৬ লক্ষ হেক্টর জমি আজকে ক্ষুদ্র সেচের আওতায় আনা সম্ভব হয়েছে। আরও পরিকল্পনা আছে, যে পরিকল্পনা তার বাজেট ভাষণে মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন এবং আগামী দিনে সেই পরিকল্পনা রূপায়িত হতে চলেছে। একদিকে ক্ষুদ্র সেচের ব্যবস্থা অন্য দিকে কৃষকদের আর্থিক সহায়তা দিয়ে মহাজনের হাত থেকে কৃষকদের বের করে আনবার চেষ্টা করা হয়েছে। ব্যাঙ্কগুলি থেকে আজকে তাদের ১৬১ কোটি টাকা দেওয়ার ব্যবস্থা হয়েছে। এইসবের মধ্যে দিয়ে আজকে সাফল্য এসেছে। এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় কৃষিমন্ত্রী আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন ৪৭নং, ৪৮নং এবং ৫৫নং ডিমান্ডে ১৪৭ কোটি টাকা আমি সেই বাজেটের তীব্র বিরোধিতা করছি এবং আমরা যে কাট মোশনগুলো এনেছি সেগুলো সমর্থন করার জন্য আমি সভার কাছে আবেদন জানাচ্ছি। মাননীয় সভাপতি মহাশয়, এতক্ষণ বীরেন বাবুর বক্তব্য মনোযোগ দিয়ে শুনছিলাম। তিনি এই বাজেটকে আদর্শ বাজেট বলে ব্যাখ্যা দিয়েছেন। এই বাজেট থেকে অনেক কম এবং টাকার দিক দিয়েও অনেক কম সেটা আমি সমস্ত তথ্য ও পরিসংখ্যান দিয়ে আপনাদের সামনে তুলে ধরব। মোট বাজেটের শতকরা ৩০ভাগ মন্ত্রীমহাশয়কে দেওয়া হয়নি, আপনাদের সরকারের অর্থমন্ত্রীর সৌজন্যে। তাহলে সেই বাজেটকে আপনারা কি করে আদর্শ বাজেট বলেন সেটা আমার ছোট্ট বুদ্ধিতে বুঝে উঠতে পারিনা। দ্বিতীয় কথা উনি যেটা বলেননি সেটাও আমি পরিষ্কার করে দিতে চাই। আজকে বামপন্থী দলের সদস্যরা, সরকারি দলের জোতদার শ্রেণীর প্রতিভূ, তারা যে জোতদার শ্রেণীকে সমর্থন করছেন সেটা পরিষ্কার হয়ে গিয়েছে। বীরেনবাবু তার বক্তব্যে বলেছেন যে কংগ্রেস আমলে লেভি আদায় করে চাষীদের উপর নাকি ভীষণ অত্যাচার করা হয়েছে। আপনারা সবাই জানেন যে লেভি আদায় করা হত বড় বড় জোতদারদের কাছ থেকে। আজকে সেই জোতদারদের আপনারা প্রটেকশন দেবার চেষ্টা করছেন। কংগ্রেস আমলে এবং এমন কি ১৯৭২ থেকে ৭৭ সালে যেখানে জোতদারদের কাছ থেকে লেভি আদায় করা হত আজকে দেখলাম বীবেনবাবু তার বিরুদ্ধে ক্রিটিসিজম করছেন। আমরা লেভি আদায় করতাম কিসের জন্য? ধান, চাল পকেটে পোরার জন্য আমরা নিশ্চয় লেভি আদায় করতাম না, আমরা লেভি আদায় করতাম বা চাল সংগ্রহ করতাম জোতদার শ্রেণীর মানুষদের কাছ থেকে যাতে বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশন সরবরাহ করা যায় এবং মডিফায়েড রেশনিং এলাকায় গরিব মানুষদের সস্তা দরে চাল সরবরাহ করা যায়। অর্থাৎ রেশন ব্যবস্থায় চাল সরবরাহ করার জন্যই আমরা লেভি

আদায় করতাম। কিন্তু আপনারা কি করছেন? আপনারা বলছেন, আপনাদের আমলে প্রডাকশন বেড়েছে কিন্তু আপনাদের আমলে চাল সংগ্রহের চিত্রটা কি? প্রফুল্ল সেনের আমলে ৬০ সালের প্রথম দিকে যখন উৎপাদন ৫০ লক্ষ টনও হত না তখন আমরা ৫ লক্ষ টন সংগ্রহ করেছিলাম আর আপনাদের সময় আপনারা যেখানে বলছেন ১২৮ লক্ষ টন উৎপাদন হয়েছে — এ ব্যাপারে আমি পরে আসব — তখন ৭০/৮০ হাজার টনও সংগ্রহ করতে পারছেন না। আপনারা কেবল কেন্দ্র দিচ্ছে না বলে মানুষকে খেপাচ্ছেন। আজকে গোটা পশ্চিমবাংলায় রেশনিং ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। আপনারা আজকে সেই জোতদার শ্রেণীর মানুষদের কাছ থেকে লেভি আদায়ের যে নীতির ক্রিটিসিজম করছেন। লজ্জায় আপনাদের মাথা হেঁট হয়ে যাওয়া উচিত। স্যার, বিরোধীদলের নেতা ডাঃ জয়নাল আবেদিন আপনাদের যেটা বলেছেন আমিও সেটা বলি যে আপনারা মুর্খের স্বর্গে বাস করছেন। মন্ত্রী মহাশয় অবশ্য তার বাজেটে বলেন নি কিন্তু উৎপাদন যেটুকু বেড়েছে সেটা কেন বেড়েছে সেটা অবশ্যই আপনাদের জানা উচিত এবং সেই প্রসঙ্গে আমি পরে আসছি। সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় তার কৃতিত্বটা বিনয়বাবুকেও দিতে চান নি এবং সেই জন্য ফলাও করে বাজেট বক্তৃতায় বলেন নি যে এখানে প্রডাকশন যা বেড়েছে তার কৃতিত্ব ভূমি সংস্কার দপ্তরের। এটাও সত্যিকারের ব্যাপার নয় সেটা পরিসংখ্যান দেখলেই বুঝতে পারবেন। আপনারা ফলাও করে বর্গা রেকর্ড, বর্গা অপারেশন ইত্যাদির কথা বলেছিলেন ১৯৭৭ সালের পর থেকে কিন্তু সেই হাওয়া আর নেই। আপনারা বর্গা রেকর্ড আর করছেন না, তা বন্ধ হয়ে গিয়েছে। আপনারা কি জানেন যে গত ১৯৯১ সালে বর্গা রেকর্ডের অঙ্ক যেখানে ছিল ১৪.৩ লক্ষ সেখানে ১৯৯২ সালের সেপ্টেম্বরে ঠিক সেই অঙ্কই আছে ১৪.৩ লক্ষ। বর্গা রেকর্ড একটাও বাড়েনি। আপনারা অনেক জমি বিলি করেছেন বলছেন। আমাদের সময় ১৯৭৭ সাল পর্যন্ত জমি যা বিলি হয়েছিল তার পরিমাণ হচ্ছে প্রায় ৭ লক্ষ একর এবং সরকারে ন্যস্ত জমির পরিমাণ হচ্ছে ১২ লক্ষ একরের কিছু বেশি। কিছু জমি আটকে আছে হাইকোর্টের অর্ডারে। যে জমি বিলি করা হয়েছে তার পরিমাণ হচ্ছে ৯.২০ লক্ষ একর। অর্থাৎ আপনারা দুবছরে দু লক্ষ একর মাত্র জমি সাধারণ মানুষদের কাছে বিলি করতে পেরেছেন। পশ্চিমবাংলায় যেখানে ১ কোটি ২০ লক্ষ একর চাষযোগ্য জমি আছে সেখানে মাত্র দু লক্ষ একর জমি বিলি করে আপনারা ঢাক ঢোল পিটিয়ে বলছেন আপনারা ভূমি সংস্কারের অনেক কাজ করেছেন এবং সেই জন্য উৎপাদন বেড়েছে। আপনারা মুর্খের স্বর্গে বাস করছেন। আমরা জানি যে সাধারণ মানুষকে বিভ্রান্ত করার জন্যই আপনারা এইসব কথা বলেন। পশ্চিমবাংলা যে উৎপাদন বেড়েছে তার সমস্ত কৃতিত্ব নীহারবাবুরও নয়, এর সমস্ত কৃতিত্ব চাষী ভাইদের। তারা নিজেরা খাবার যোগাবার জন্য, বাঁচার তাগিদে যে উৎপাদন বাড়িয়েছেন সে পরিসংখ্যান আপনাদের কাছে তুলে ধরব। তারা নিজেদের চেষ্টায় নিজেদের খাবার জোগাড় করবার জন্য পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন বাড়াবার উদ্যোগী হয়েছে। আপনার কৃষি দপ্তর এবং অর্থ দপ্তর যদি ঠিক ভাবে তাদের অর্থের জোগান দিত — কেন্দ্রীয় সরকার এ বাবদ যে অর্থ দিচ্ছে তাও আপনারা মাইনে দিতে

খরচ করে ফেলছেন, এই কাজ যদি না করতেন — তাহলে পশ্চিমবাংলার চাষী ভাইদের উপকার হত। তা আপনারা করেন নি এবং এখনো করছেন না বলেই আমি আপনাদের বাজেটের বিরোধিতা করছি। আমি পরিসংখ্যান দিয়ে আপনাকে বলছি, আপনি জানেন পশ্চিম বাংলায় বোরো চাষের এলাকা বাড়ছে। চাষী ভাইরা উচ্চ-ফলনশীল বীজ দিয়ে বোরো চাষ বাড়াবার চেষ্টা করছে। এই কাজ আমরা শুরু করেছিলাম, গোটা ভারতবর্ষেই এই কাজ শুরু হয়েছে। এর জন্যই প্রডাকশন বাড়ছে। আপনি আরো জানেন সেচ নাহলে বোরো চাষ হয় না। আপনারা সকলেই এটা জানেন যে আমাদের রাজ্যে সেচ ডীপ টিউবওয়েল থেকে হয়, রিভার লিফ্ট থেকে হয়, অগভীর নলকূপ থেকে হয় এবং বর্তমানে সেচের কাজে গত ৩/৪ বছর ধরে মিনি-ডীপ টিউবওয়েল চালু হয়েছে। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো আপনারা সরকারের তরফ থেকে গত ১৬ বছরে কটা গভীর নলকূপ, রিভার লিফ্ট, মিনি ডিপ টিউবওয়েল বসিয়েছেন? গভীর নলকূপ এবং রিভার লিফ্ট চাষীরা নিজেদের চেষ্টায় করতে পারে না। তাতে অনেক বেশি টাকা খরচ হয়। ফলে সেগুলোর সংখ্যা বিশেষ বাড়ে নি, বেড়ে থাকলেও খুবই সামান্য। কিন্তু অগভীর নলকূপ এবং মিনি ডীপ টিউবওয়েল পশ্চিম বাংলায় যা বেড়েছে তার পরিসংখ্যান দিয়ে আমি দেখাতে পারি তার বেশিরভাগই বেসরকারি উদ্যোগে বেড়েছে। চাষীরা ব্যঙ্ক থেকে লোন নিয়ে বা অন্য ভাবে পয়সা সংগ্রহ করে নিজেদের পয়সায় সেচের ব্যবস্থা করে বোরো চাষে উদ্যোগী হয়েছে। কেন হয়েছে? লোক সংখ্যা বাড়ছে, পরিবারের সংখ্যা বাড়ছে তাদের খাবার জোগান দিতে হবে। সুতরাং তারা কি করবে? বোরো চাষে যে ধান, চাল উৎপাদন হয় তা বিক্রি করে তারা গোটা বছরের সংসার প্রতিপালনের ব্যবস্থা করে। এর জন্যই তারা নিজেরা চেষ্টা করে শ্যালো টিউবওয়েল ছিল মাত্র ৩,৩৬৯টি। এ সময়ে রাজ্যে বেসরকারি শ্যালো টিউবওয়েল ছিল ৪২,৬১১ টি। ৩১.৩.৮১ তারিখে বেসরকারি শ্যালো টিউবওয়েল সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছিল ১ লক্ষ ৮৬ হাজার ৬৮৭টি। তারপরের সাড়ে সাত বছরে, '৮৮ সালের নভেম্বর মাসে বেসরকারি শ্যালো টিউবওয়েল বেড়ে হল ৩ লক্ষ ৬৬ হাজার ৫৪২ টি। আর আমার কাছে য পরিসংখ্যান আছে তাতে দেখছি ৩১.৩.৯২ তারিখ পর্যন্ত গোটা রাজ্যে বেসরকারি শ্যালো টিউবওয়েল সংখ্যা ৫ লক্ষের ওপরে। অথচ এই সময়ের মধ্যে সরকারি শ্যালো টিউবওয়েলের সংখ্যা বাড়েনি। তাহলে সেচের ব্যবস্থা করার ক্ষেত্রে কাদের কৃতিত্ব রয়েছে, সরকারি, না বেসরকারি? এটা তো সাধারণ বুদ্ধির ব্যাপার। বেসরকারি প্রচেষ্টায় যেখানে ৪১ হাজার থেকে ৫ লক্ষ শ্যালো টিউবওয়েল হল, সেখানে সরকারি প্রচেষ্টায় '৮০ সাল থেকে একটাও শ্যালো টিউবওয়েল বাড়ল না। মিনি ডীপ টিউবওয়েল পশ্চিমবাংলায় সরকারি তরফ থেকে যা বেড়েছে বেসরকারি প্রচেষ্টায় তার চেয়ে ১০০ গুণ বেশি বেড়েছে। সুতরাং এই পরিসংখ্যান থেকেই পরিষ্কার হয়ে যাচ্ছে যে, সেচ বাড়াবার প্রচেষ্টা চাষীরা নিজেরাই করছে নিজেদের খাবার সঙ্কুলানের জন্য। এতে সরকারের, অসীম বাবুর, নীহার বাবুর কোন কৃতিত্ব আছে বলে আমি মনে করি না। যদি সত্যিকারের তাঁদের কিছু করার ইচ্ছে থাকত তাহলে তারা প্রতি বছর কৃষি ক্ষেত্রের প্ল্যান

ফান্ডের টাকা বাড়াতেন। যদি তাঁরা প্ল্যান বাজেটের পরিমাণ বৃদ্ধি করতেন তাহলে বুঝতাম যে তাঁদের চাষী ভাইদের পেছনে দাঁড়াবার ইচ্ছে আছে, প্রচেষ্টা আছে। কিন্তু সে উদ্যোগ আমরা দেখছি না। সময় সংক্ষেপ, তাই আমি সংক্ষেপে আরো দু'একটা কথা বলতে চাই। সাধারণভাবে আমরা সকলেই জানি যে, বাজেট বরাদ্দ প্রতি বছর আগের বছরের তুলনায় বৃদ্ধি পায়। অথচ আমরা আশ্চর্য হয়ে এখানে লক্ষ্য করছি যে, গত বছরের কৃষি খাতের বাজেট বরাদ্দের তুলনায় এ বছরের বরাদ্দ কম! অন্যান্য দপ্তরের ক্ষেত্রে কি হয়েছে, আমি জানি না। সে পরিসংখ্যান এই মুহূর্তে আমার কাছে নেই। অন্য দপ্তরের ব্যয় বরাদ্দের ওপর যখন বক্তব্য রাখব তখন সেটা দেখব। এই দপ্তরের ক্ষেত্রে দেখছি যে, বরাদ্দ কমে গেছে। গত বছর, ১৯৯২-৯৩ সালে ৪৭ নং ডিমান্ডের মেজর হেড ২৪০১, ৪৪০১, ৬৪-১-এতে বরাদ্দ ছিল ১২৩ কোটি টাকা এবছর সেখানে হয়েছে ১১১ কোটি টাকা, কমে গেল ১২ কোটি টাকা। ডিমান্ড নাম্বার ৪৮, মেজর হেড ২৪০২, ৪৪০২তে গত বছর বাজেট বরাদ্দ ছিল ১১.৯৯ কোটি টাকা। এ বছর সেটা কমে হল ১০.৮০ কোটি টাকা। ডিমান্ড নাম্বার ৫৫, মেজর হেড ২৪১৫, ৪৪১৫-তে সেখানে অবশ্য এ বছরে বরাদ্দ বেড়েছে। যেটা ২১.৪৫ কোটি টাকা ছিল, এবারে সেটা বেড়ে হয়েছে ২৪.৬২ কোটি টাকা। এই ডিমান্ডটা কিসে? এগ্রিকালচারাল রিসার্চ অ্যান্ড এডুকেশন। কেন বেড়েছে? ঐ বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়কে ভরতুকি দেবার জন্য। প্রত্যেক মাসে ২৬ লক্ষ টাকা সেখানে ঘাটতি থাকে। সেই ঘাটতি মেটাবার জন্য হয়তো এই টাকা বরাদ্দ করা হয়েছে। অবশ্য সেটা না মেটালে, মাহিনা না হলে মন্ত্রী মহাশয় ঘেরাও হবেন, ভাইস-চ্যান্সেলর ঘেরাও হবেন এবং এর ফলে শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হবে। সেই জন্য বাজেট বরাদ্দ বাড়ানো হয়েছে। হেড ৪৭, ৪৮, ৫০ এই হেডগুলোতে যে ডিমান্ড করেছেন সেগুলো যোগ করতে গত বছর টোটাল বাজেট ছিল ১৫৬ কোটি টাকা। এ বছর ১৪৭ কোটি টাকা অর্থাৎ ৯ কোটি টাকা কমে গেল। কোথায় বাজেট বরাদ্দ বাড়বে তা নয়, সেই জায়গায় কমে গেল। আমার করুনা হচ্ছে মন্ত্রী মহাশয়ের উপর। তিনি হয়তো ফরওয়ার্ড ব্লকের মন্ত্রী হয়েছেন বলে হোক, কিম্বা ছোট দলের মন্ত্রী বলেই হোক, বড় দপ্তরের মন্ত্রীরা বড় দলের মন্ত্রীরা তাঁর বাজেট বরাদ্দ থেকে কেটে দিয়েছেন। ওনার উপর আরো করুনা হচ্ছে এই কথা ভেবে, যেটুকু বাজেট বরাদ্দ হয়েছে তার শতকরা ৩০ ভাগের বেশি মন্ত্রী মহাশয় পাচ্ছেন না, বিশেষ করে প্ল্যান ফান্ডে। নন-প্ল্যান ফান্ড যেটা কমিটেড থাকে এক্সপেনডিচার, মাহিনা দেওয়ার ব্যাপার থাকে, এগুলি দিতে হয় সরকারকে টিকে থাকতে গেলে। কিন্তু উন্নতিমূলক কাজে, নতুন ডীপ-টিউবওয়েল কোথায় বসবে, কোথায় নতুন নতুন নালা হবে এই সমস্ত কাজের জন্য প্ল্যান ফান্ডের টাকা গত বছর ৩৫ কোটি টাকা ছিল। তার থেকে মন্ত্রী মহাশয় পেয়েছেন অসীমবাবুর কাছ থেকে কত? শতকরা ৩৩ ভাগ। সরকার দেউলিয়ার জন্য প্ল্যান ফান্ডের টাকা ৩৫ কোটি টাকা দিয়েও শেষ পর্যন্ত পুরো টাকাটা বরাদ্দ করতে পারেন নি। এ বছর প্ল্যানে আছে ২৫ কোটি টাকা। গত বছরের ৩৫ কোটি দিয়েছিল আর এ বছর ১০ কোটি টাকা কম গিয়ে দাঁড়ালো ২৫ কোটি টাকা। এটা আবার ১৯৯৪ সালের মার্চ মাসে গিয়ে দেখবেন

এই ২৫ কোটি টাকার মধ্যে শতকরা ১০ ভাগ কিম্বা শতকরা ২০ ভাগ অর্থাৎ আড়াই কোটি থেকে ৩ কোটি টাকা মন্ত্রী মহাশয় প্ল্যান ফান্ডে টাকা পাবেন, তার থেকে বেশি পাবেন না। যে টাকা বরাদ্দ হচ্ছে, শেষ পর্যন্ত মন্ত্রী মহাশয় স্যাংশন পাচ্ছেন না। আমি সাবজেক্ট কমিটির ১১তম রিপোর্ট থেকে আপনাদের সামনে পড়ে দিচ্ছি, একটু ধৈর্য্য ধরে শুনুন। প্রথমে বলছে, ডিমান্ড নাম্বার ৪৭, মেজর হেড ২৪০১, অ্যান্ড, ক্রপ হ্যাসবানড্রি। আসলে কৃষিই হচ্ছে মেন জিনিস, তাতে সমস্ত রকম আছে। সিড সাপ্লাই থেকে আরম্ভ করে চাষের উন্নতির জন্য যা যা প্রয়োজন তা মোটামুটি ডিমান্ড নাম্বার ৪৭ থেকে আসে। তাতে কি বলছে, সাবজেক্ট কমিটি বলছে, Establishment and Development of seeds in horticultural farm — provision is meant for providing infra-structure facilities to the Government farms where those are wanting. This is very important scheme. The existing government farm কি বলছে, The farms mostly established during the second and third plan period are wanting so many infrastructural facilities though provided at the time of establishment ২২১টি ফার্ম আছে সরকারের, সেই সময়ে করা হয়েছিল। আজকে সেগুলি আস্তে আস্তে নষ্ট হয়ে গেছে। সাবজেক্ট কমিটির রিপোর্ট-এ বলছে, The fund is too inadequate for completing replacement/renovation/reconstruction of the same even in phases. But unfortunately it has come to the notice of the committee that the due importance has not been attached by the con-cerned authorities on expenditure of this provision which has been re-vealed from the following figures.

১৯৯০-৯১ সালে ২৪১ মেজর হেডে বাজেট এস্টিমেট ছিল ৪১.৫০ লক্ষ টাকা। অ্যাকচুয়াল দেওয়া হল কত? ৬.৮৬ লক্ষ টাকা। ১৯৯১-৯২ সালে বরাদ্দ ছিল ৩৮.৫০ লক্ষ টাকা, পেলেন প্রায় ৬ লক্ষ টাকা। বুঝতে পেরেছেন কি অবস্থা? ১৯৯২-৯৩ সালে বাজেট এস্টিমেট ছিল ৩৪.৫০ লক্ষ টাকা, কত পেয়েছেন তার হিসেব নেই। হয়ত বা দুই-এক লক্ষ টাকা পেয়েছেন। মেজর হেড ৪৪০১ এর এই একই অবস্থা। এতে ১৯৯১-৯২ সালে ১৬.৫ লক্ষ টাকা স্যাংশন ছিল, কিন্তু তার একটি পয়সাও পাননি, ১৯৯২-৯২ সালে ছিল ১৬.৫ লক্ষ টাকা কিন্তু কত পেয়েছেন জানি না। এস্টাব্লিশমেন্ট অফ সিড সার্টিফিকেশন এজেন্সীজ — এ সম্পর্কে বাজেট ভাষণে বলেছেন যে, সিডের সার্টিফিকেশন করতে হবে। শুধু বীজ দিলেই হবে না, সেই হাই ইল্ডিং বীজ থেকে কত পার্সেন্ট অঙ্কুর বেরোয় তার জন্য সার্টিফিকেশন করবার ব্যাপারে কৃষি বিভাগে আলাদা একটা এজেন্সী আছে। সেই ব্যাপারে বলেছেন — The object of this important scheme is to ensure supply of certified seeds within the state and making available of the same to growers at hand on time. This would remove the constraint of quality seed supply to growers resulting in augmented production. সেখানে বলেছেন, ২৪০১ মেজর হেড ১৯৯০-৯১ সালে বাজেট এস্টিমেট ছিল ৩০ লক্ষ টাকা,

পেয়েছেন ১৭.৫ লক্ষ টাকা, ১৯৯১-৯২ সালে বাজেট এস্টিমেট ছিল ২৫ লক্ষ টাকা, স্যাংশন হল ১০ লক্ষ টাকা, ১৯৯২-৯৩ সালে বাজেট এস্টিমেট ছিল ২১ লক্ষ টাকা, কিন্তু স্যাংশন রিপোর্ট এখনও নেই। তাবে আমি জানি কয়েক লক্ষ টাকা মাত্র পেয়েছেন। Main problem in executing this scheme is shortage of manpower and mobility. But it may be found that provision is gradually decreasing and so also the expenditure. আমার রিপোর্ট নয়, আপনাদের সাবজেক্ট কমিটির রিপোর্ট এটা।

এবারে আসছি ডেভেলপমেন্ট অফ সিড ল্যাবরেটরী প্রসঙ্গে। সিড টেষ্ট করবার জন্য যে ল্যাবরেটরী আছে সেই প্রসঙ্গে বলেছে — The object of this scheme is to test the purity, quality and germination capacity of seeds. As the requirement of certified/quality seed has been increasing very rapidly, due to increasing awareness of the growers, it is very much necessary to extend seed testing facilities along with qualified staff and necessary equipments.

But the provision for the same is very insufficient — which again has come down from Rs. 5.50 lakhs of 1991-92 to 3.35 lakhs in 1992 93. Expenditure is also very poor — only 10 thousand out of 5.00 lakhs in 1990-91 and 80 thousand in 1991-92. এই হচ্ছে রিপোর্ট! ৫ লক্ষ টাকার মধ্যে এক্ষেত্রে ১৯৯০-৯১ সালে পেয়েছেন মাত্র ১০ হাজার টাকা এবং ১৯৯১-৯২ সালে পেয়েছেন মাত্র ৮০ হাজার টাকা। এত অল্প টাকায় কি হয়? ফলে সিড টেস্ট যা হবার সেটা হচ্ছে কি? এই হচ্ছে আপনাদের বাজেট বরাদ্দের স্যাংশনের ইতিহাস। এই ইতিহাস নিয়ে আপনি আজকে কৃষি বরাদ্দ চেয়েছেন আমাদের কাছে, কিন্তু আমরা যদি এটা অনুমোদন করতে পারতাম তো খুশি হতাম। সেক্ষেত্রে মন্ত্রী মহাশয় কি আমাদের গ্যারান্টী দেবেন যে, ১৪৭ কোটি টাকা যা চেয়েছেন তিনি তার পুরোটাই উনি পাবেন, না পেলে পদত্যাগ করবেন? এই গ্যারান্টী দিলে আমরাও গ্যারান্টী দিচ্ছি, আমরা সমর্থন করব। উত্তর দিন, আমি বসে পড়ছি। (এই বলে তিনি নিজ আসনে বসে পড়েন) ..........

[3-00 – 3-10 p.m.]

**(এই সময় সরকার পক্ষের সদস্যগন বলতে থাকেন — আগে আপনি সমর্থন করুন)** **(পুনরায় উঠে দাঁড়িয়ে)** সমর্থনটা এত সস্তা নয় বিরোধী দলের আমরা ১৪৭ কোটি টাকাই পাচ্ছি এই গ্যারান্টী যদি দেন তাহলে আমরা আপনার বাজেটকে সমর্থন করব, কিন্তু সেটা আপনি দিতে পারবেন না কারণ সেই ক্ষমতা আপনার নেই। বর্তমানে এই সরকার যে দেউলিয়া অবস্থার মধ্যে দিয়ে চলছে তাতে এবারের বাজেট বরাদ্দও কাগজে-কলমেই থেকে যাবে। যা হোক, মাননীয় সভাপাল মহাশয়, এবারে আমি অন্য প্রসঙ্গে যাচ্ছি।

আজকে কৃষির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত যে সেচ, ক্ষুদ্র সেচ এবং কৃষি বিপণন, এগুলির জন্য আলাদা আলাদা দপ্তর করা হয়েছে। ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো-ইন্ডাস্ট্রি কর্পোরেশন নাম থেকেই বুঝতে পারছেন যে এগ্রিকালচারাল ডেভেলপমেন্টের জন্য এই কর্পোরেশন-এর সৃষ্টি হয়েছে। এই কর্পোরেশনের মাধ্যমে বীজ সংগ্রহ করা, বীজ বন্টন করা, এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টেশনের জন্য পাওয়ার টিলার ইত্যাদি বন্টন করা হয় চাষীদের। সেই কর্পোরেশকে অন্য দপ্তরের মধ্যে নিয়ে গিয়ে যুক্ত করে দেওয়া হয়েছে। কেন করা হয়েছে? কেন কৃষি দপ্তরের মধ্যে এগুলি থাকল না? কারণ মন্ত্রীদের সংখ্যা বাড়াতে হবে, অন্যান্য দলকে এটি করে মন্ত্রিত্ব দিতে হবে, অতএব কৃষি দপ্তরকে ভেঙ্গে অন্য দপ্তরের সৃষ্টি করা হল। অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিকে কৃষি থেকে সরিয়ে নিয়ে গিয়ে অন্য দপ্তর করে দেওয়া হল, কৃষি বিপণন বলে অন্য দপ্তর করে দেওয়া হল। এর ফলে এদের মধ্যে কোন সামঞ্জস্য থাকছে না। আমি আপনার সামনে একথা বলতে চাই যে ১৯৭৬ সালে ন্যাশনাল কমিশন এগ্রিকালচারের ব্যাপারে সুপারিশ করেছিলেন যে একজন এগ্রিকালচারাল প্রোডাকশন কমিশনার নিযুক্ত করুন যার পদমর্যাদা হবে অ্যাডিশনাল চীফ সেক্রেটারির সমান। এই পরামর্শ কেন দেওয়া হয়েছিল? কারণ কৃষি দপ্তরের গুরুত্ব বিবেচনা করে এটা দেওয়া হয়েছিল। বীরেনবাবু বললেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট কৃষিকে দেউলিয়া অবস্থায় নিয়ে গেছে। বীরেনবাবুকে বলি যে ভারতবর্ষের এখন আর পি. এল. ফোর এইট্টি নিতে হয়না। এখন আমাদের বিদেশের উপর নির্ভর করতে হয়না। পশ্চিমবঙ্গ এখনও স্বনির্ভর হয়নি। ৩০ লক্ষ টনেরও বেশি উৎপন্ন করতে হবে স্বনির্ভর হতে গেলে। ভারতবর্ষ স্বনির্ভর হয়েছে। আজকে চাল, গম বিভিন্ন কৃষিজাত জিনিস উৎপন্ন করে সেটা বাইরে এক্সপোর্ট করছে। আজকে পি. এল ফোর এইট্টির জন্য আমেরিকার দিকে হাত বাড়িয়ে বসে থাকতে হয়না। তারপরে ডাংকেল প্রস্তাবের কথা এখানে বলা হয়েছে। ডাংকেল প্রস্তাব নিয়ে বিবেচনা করা হচ্ছে। ডাংকেল প্রস্তাব গ্রহণ করে আমরা ভারতবর্ষের সার্বভৌমত্বকে খুইয়ে দিয়ে বিদেশিদের পদানত হয়ে থাকতে চাইনা। কংগ্রেস ভারতবর্ষের স্বাধীনতা এনেছে। আপনারা ব্রিটিশের পা চেটেছেন এবং ব্রিটিশের কাছে কংগ্রেসের খবরাখবর পৌঁছে দিতেন। আমরা ভারতবর্ষকে স্বাধীন করেছি। কাজেই ডাংকেল প্রস্তাবের কাছে আমরা মাথা নত করে ভারতবর্ষের স্বাধীনতাকে নষ্ট হতে দেবনা, এই প্রতিশ্রুতি দিচ্ছি। যাইহোক, আমি যে প্রসঙ্গে বলছিলাম, সেই প্রসঙ্গে আসছি। এই এগ্রিকালচারাল প্রোডাকশন কমিশনার অন্যান্য রাজ্যে তারা গ্রহণ করে নিয়েছে, তাদের অ্যাপয়েন্টমেন্টও দিয়েছেন। কিন্তু দুঃখের বিষয়, পশ্চিমবঙ্গে আপনারা তা গ্রহণ করেন নি। এটা করলে একটা সমন্বয় সাধন হত, এটা করা দরকার সমন্বয় সাধনের জন্য। সেচ দপ্তর, ক্ষুদ্র সেচ, বিদ্যুৎ দপ্তর যারা কৃষির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত তাদের মধ্যে একটা সমন্বয় করার প্রয়োজন আছে। এই দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। আজকে বামফ্রন্টের মধ্যে যারা ফরোয়ার্ড ব্লকের সদস্য, আপনারা জানেন যে সমস্ত গুরুত্বপূর্ণ দপ্তরগুলি আজকে সি. পি. এম. দলের হাতে রয়েছে। কৃষির মতো একটা গুরুত্বপূর্ণ দপ্তর, আপনারা কি মনে করতেন যে এটা গুরুত্বপূর্ণ দপ্তর তাহলে নিশ্চয়ই এটি ফরোয়ার্ড ব্লকের হাতে দিতেন

না। কিন্তু যে কোনও কারণেই হোক হয়ত অন্য কোনও দপ্তর খুঁজে পাননি বা অন্য কারণেই হোক কৃষি দপ্তরকে ফরোয়ার্ড ব্লকের হাতে দিতে হয়েছে। কিন্তু দিয়েও আবার বরাদ্দ কমিয়ে দিতে হচ্ছে। এবারে আমি অন্য প্রসঙ্গে আসছি। এই বছর পশ্চিমবঙ্গে যে উৎপাদন হয়েছে, যেটা নিয়ে আপনারা কৃতিত্বের দাবি করেছেন যে পশ্চিমবঙ্গে উৎপাদন বেড়েছে। কিন্তু কি বেড়েছে? উৎপাদনের হার কতখানি বেড়েছে? এই সম্পর্কে আমি একটা পরিসংখ্যান দিচ্ছি তা থেকে বোঝা যাবে। ১৯৯১-৯২ সালে ১২৮.৫৬ লক্ষ টন প্রডাকশন হয়েছে বলেছেন। ১৯৯২-৯৩ সাল সবে শেষ হল। এই বাজেট ভাষণে অনেকে বলেছেন যে বর্ষা ভাল হয়নি, পুরুলিয়ায় বন্যা হয়েছে ইত্যাদি প্রডাকশন কমে যাবে। ১২৮.৫৬ লক্ষ টন থেকে কতখানি কমে যাবে? ১২০ লক্ষ টন ধরে নিই ১৯৯১-৯২ সালে উৎপাদন হবে হয়ত ২/৪ টন কমবেশি হতে পারে। কিন্তু আমরা কি দেখছি?

তাহলে আমরা কি দেখছি? আমি ১৯৭৫-৭৬ সালের পরিসংখ্যান দিচ্ছি, আমি এটা আর্থিক সমীক্ষা থেকে বলছি, এই ফিগার আমার মাথায় নেই। ১৯৭২-৭৩ সালে খাদ্য উৎপাদন হয়েছিল ৭৬ লক্ষ টন, ১৯৭৭-৭৮ সালে খাদ্য উৎপাদন হয়েছিল ৮৬ লক্ষ টন। অর্থাৎ আমরা ক্ষমতায় থাকাকালীন ৫ বছরে উৎপাদন বৃদ্ধি ঘটে ১১ লক্ষ টন। ১৯৯২-৯৩ সালে উৎপাদন একটু কম হবে বলেছেন, আগে ১২৮ লক্ষ টন হয়েছিল, আমি ধরে নিই ১২০ লক্ষ টন হবে। আপনাদের ১৭ বছরে খাদ্য উৎপাদন বাড়ল ৩৪ লক্ষ টন। আপনারা একটু ভাল করে শুনুন। আপনাদের ১৭ বছরে বাড়ল ৩৪ লক্ষ টন, অর্থাৎ বছর প্রতি বাড়ল ২ লক্ষ টন। আমাদের ৫ বছরে বেড়েছে ১১ লক্ষ টন, অর্থাৎ বছর প্রতি বেড়েছিল ২.৪ লক্ষ টন। তাহলে আমাদের প্রতি বছরে বেড়েছে ২.৪ লক্ষ টন আর আপনাদের আমলে প্রতি বছরে বেড়েছে ২ লক্ষ টন। খুব ভাল করেছেন, খুব কৃতিত্ব আপনাদের, আপনারা খুব ভাল করেছেন। এই তো আপনাদের ১৭ বছরে বৃদ্ধির হার। সুতরাং ভাল কাজ করেছেন এই ক্রেডিট আপনারা নিতে যাবেন না। আপনাদের ক্রেডিট নেওয়া সাজে না। যেটুকু বেড়েছে সেই কৃতিত্ব আপনাদের নয়, ৯৯ ভাগ কৃতিত্ব পশ্চিমবঙ্গের চাষী ভাইদের, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের মানুষদের।আপনাদের ভূমিসংস্কার করার ক্ষেত্রে এ তো কোনও দায়িত্ব নেই। আপনার কৃষি দপ্তরের কোনও কৃতিত্ব নেই, আপনার সরকারের কোনও কৃতিত্ব নেই। আপনারা সেচের সম্প্রসারণ করতে পারেন নি সেই রকম ভাবে। আপনাদের ভূমিসিংস্কারের দ্বারা কোনও উৎপাদন বাড়েনি। চাষীরা নিজেদের খাবার সংস্থান করবার জন্য অধিকাংশ ক্ষেত্রে নিজেদের কৃতিত্বে শ্যালো টিউবওয়েল, মিনি ডিপ টিউবওয়েল, ডিপ টিউবওয়েল বসিয়ে চাষ করেছে। আজকে এই কথা ঠিক যে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করবার পথ আজকে উন্মুক্ত হয়ে গিয়েছে। সারা পৃথিবীর যে কোন জায়গায় যা আবিষ্কার হচ্ছে সেটা অন্য জায়গায় চলে যাচ্ছে। মেকসিকোতে যা আবিষ্কার হচ্ছে সেটা যুক্তরাষ্ট্রে চলে যাচ্ছে, জাপান ইন্দোনেশিয়ায় যেটা আবিষ্কার হচ্ছে সেটা চলে আসছে ভারতবর্ষে। আজকে এই অবস্থা। ২০-৩০ বছর আগে চাষীরা অত্যন্ত রক্ষণশীল ছিল। আমি নিজে

দেখেছি, আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলছি। আমার নিজের এলাকায় একটা শ্যালো টিউবওয়েল করার জন্য চাষীদের বলেছিলাম — আমি ১৯৬৯ সালের কথা বলছি — আমি চাষীকে বলেছিলাম তুমি একটা শ্যালো টিউবওয়েল করো। চাষী বলল আমি ধার নিয়ে বসাতে পারব না। আমি বললাম ধার নয় আমি নিজে পয়সা দিচ্ছি বসিয়ে দেখো না লাভ হয় কিনা। তখন চাষীরা এই রকম রক্ষণশীল হয়ে বসে ছিল। তারপর সাত্তার সাহেবের আমলে, জয়নাল আবেদিন সাহেবের আমলে পশ্চিমবাংলা সহ সারা ভারতবর্ষে সেই রক্ষণশীলতা ভেঙে যায়। চাষীরা এখন উন্মুখ হয়ে বসে থাকে রেডিও টি. ভি.-র সামনে চাষীদের ব্যাপারে কি খবর তারা দেয় সেটা জানার জন্য যদি কোন হাই-হোলডিং ভ্যারাইটি ইনট্রোডিউস হয় তার জন্য। আজকে সেই রক্ষণশীলতা ভেঙ্গে গিয়েছে, সেই জন্য নূতন নূতন যে সমস্ত পদ্ধতি উঠছে সেটা এলাকায় সম্প্রসারণ করা হচ্ছে, চাষের উন্নতি করা হচ্ছে, হাই-হোলডিং যেটা ইনট্রোডিউস হচ্ছে সেটা সাগ্রহে গ্রহণ করা হচ্ছে। আজকে সেই জন্য উৎপাদন বাড়ছে। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কিনা জানিনা আমাদের পশ্চিমবাংলায় মাথা পিছু জমির পরিমাণ আস্তে আস্তে কমে যাচ্ছে। পরিসংখ্যান আমার কাছে আছে, সময়ের অভাবে সেটা আমি বলতে পারছি না। ১৯৮৮ সালে দেখতে পাচ্ছি মাথা পিছু জমির পরিমাণ ছিল .০৮ হেক্টর। সেটা আস্তে আস্তে কমে যাচ্ছে আসলে জমি তো আর ইলাস্টিক ব্যান্ড নয় যে বাড়বে। চাষ যোগ্য জমি কমে যাচ্ছে।

আমাদের পশ্চিমবাংলায় এটা ঠিক যে আমরা সারা ভারতবর্ষের শতকরা তিনভাগ জমি নিয়ে ভারতবর্ষের শতকরা আট ভাগ লোককে খাওয়াচ্ছি। পশ্চিমবাংলা আয়তনের তুলনায় অন্যান্য রাজ্য থেকে ছোট হলেও লোক সংখ্যা অনেক বেশি। এখানে এতবেশি লোককে খাওয়ানোর জন্য উৎপাদনশীলতা বাড়ানো ছাড়া, একফসলী জমিকে দু'ফসলী জমিতে পরিণত করা ছাড়া আর কোনও উপায় নেই। আজকে আমরা পাঞ্জাব, হরিয়ানা এইসব রাজ্যের থেকে উৎপাদনের ক্ষেত্রে, চাল উৎপাদনের ক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। আমাদের এখানে চাল উৎপাদন ২ হাজার ৯০ কেজি. ইল্ড অর্থাৎ আমরা পঞ্চম স্থানে আছি। চাল উৎপাদনে আমাদের প্রথম স্থান অধিকার করতে গেলে — পাঞ্জাবে আমাদের যেখানে ২ হাজার ৯০ কে.জি. ইল, সেখানে ওদের ৩৫০০ কে.জি. উৎপন্ন হচ্ছে, হরিয়ানা তার কাছাকাছি — আমাদের খাদ্যশস্যে স্বয়ম্ভরতা অর্জন করতে গেলে গমের উৎপাদনকেও বৃদ্ধি করতে হবে। আমাদের এখানে গম উৎপাদন ২,২৫০ কে.জি., আমরা চতুর্থ স্থানে আছি। আমাদের এখানে এখন মাত্র ২ লক্ষ হেক্টর জমিতে গম উৎপাদন হয়। অথচ আমাদের সময়ে, ১৮ বছর আগে যেখানে ১৮ লক্ষ হেক্টর জমিতে নিয়ে গিয়েছিলাম, সেখানে আপনাদের সময়ে ২ লক্ষ হেক্টরে নিয়ে গিয়েছেন। এখানে গম চাষ লাভজনক নয়। সেজন্য আপনারা বলছেন যে চাষীরা অন্য সব চাষে মন দিয়েছে। আমাদের ইল্ডের ব্যাপারে অন্যদিকে এগোতে হবে। আমরা যতটুকু অ্যাচিভ করেছি সেটা ভাল, তবে তার চাইতে আরও

অ্যাচিভ করতে হবে। তা নাহলে আমরা এগিয়ে যেতে পারব না। স্যার, আমার অনেক কিছু বলার ছিল, আমার সময় সংক্ষেপ। এই বাজেটকে সমর্থণ করতে পারলে আনন্দ পেতাম। কিন্তু আমি এখানে যে পরিসংখ্যান দিলাম তাতে এই বাজেটকে সমর্থন করতে পারলাম না। আগের বছর থেকে টাকার পরিমাণ কম দিলেও যেটুকু বরাদ্দ হয়েছে তাকে যথাযথভাবে কৃষি সম্প্রসারণের জন্য ব্যয় করার চেষ্টা করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, কৃষি দপ্তরের মন্ত্রী মহোদয় যে বাজেট প্রস্তাব পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদলের কাট মোশনের তীব্র বিরোধিতা করে আমি দু'চারটি কথা বলতে চাই। ১৯৭৭-৭৮ সালে যেখানে তৈলবীজ এর উৎপাদন ছিল ১৭.৮ হাজার মেট্রিক টন, সেখানে ১৯০-৯১ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ৪ লক্ষ ৪৪ হাজার টন। অর্থাৎ তৈলবীজ উৎপাদনের ক্ষেত্রে বিগত বছরগুলিতে এই রাজ্য ৩৬৩.৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আর সেই সময়ে ভারতবর্ষের ক্ষেত্রে এই বৃদ্ধির হার ৯১.১ শতাংশ। ১৯৯০-৯১ সালে হেক্টর পিছু ১৯৩.৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে পশ্চিমবাংলায়। আর ভারতবর্ষের ক্ষেত্রে ৩৬.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এই বৃদ্ধি সাংঘাতিক বলেই মনে হয়। খাদ্যশস্য উৎপাদন ১ কোটি ২৮ লক্ষ ৫৬ হাজার টন করে এই রাজ্য সর্বকালীন রেকর্ড সৃষ্টি করেছে যা বিরোধীরা স্বীকার করতে বাধ্য হয়েছেন। একটু আগে অতীশ সিন্‌হা বলছিলেন, কৃষির উৎপাদন যা বৃদ্ধি হয়েছে তা মূলত কৃষকদের প্রচেষ্টাতেই হয়েছে। ১৯৭৭ সালে বামফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকে গ্রামে কৃষির সঙ্গে কৃষি-শ্রমিক, সরকার, পঞ্চায়েত সর্বস্তরের মানুষকে একসাথে নিয়ে কর্মকান্ড পরিচালিত করছেন। তার জন্যই কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়েছে। কংগ্রেসি সরকার যখন ক্ষমতায় ছিল তখন জমিগুলি জোতদারদের হাতে ছিল সেখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ৩ লক্ষ ৭৮ হাজার ৯৯০.৮৭ হেক্টর খাস জমি বিলি বন্টন করেছে, তফসিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়কে। ভূমিহীন চাষীদের মধ্যে এই যে জমি বন্টন করা হয়েছে তার মধ্য দিয়ে উৎপাদনের ক্ষেত্রে একটা বিরাট সাফল্য এসেছে। রেকর্ডের ভেতর দিয়ে বর্গা সত্ব প্রতিষ্ঠা করেছেন এবং এইভাবে বর্গাদার এবং কৃষকদের উৎসাহিত করে যাচ্ছে। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকারের বঞ্চনা এবং অসহযোগিতা সত্ত্বেও ১ কোটি ২৮ লক্ষ ৫৩ হাজার খাদ্য শস্য উৎপাদন করে সর্বকালীন রেকর্ড সৃষ্টি করেছে। এই অবস্থার জন্য বিরোধী পক্ষর সমালোচনা না করে প্রশংসা করা উচিত ছিল। কিন্তু তা না করে তারা বিরোধিতা করতে হয় বলেই বিরোধিতা করলেন। কেন্দ্রীয় সরকারের যে বিভিন্ন পরিকল্পনা তার মধ্যে নাবার্ড একটি পরিকল্পনা। এই পরিকল্পনার মধ্য দিয়ে গ্রামের কৃষকদের উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে বঞ্চনা করা হচ্ছে। পশ্চিমবঙ্গে ১৬৭টি নাবার্ড স্কীমের যে পরিকল্পনা রয়েছে তাতে ৯৬ লক্ষ ৩৮ হাজার টাকা পেয়েছে। সেখানে অন্ধ্রপ্রদেশ ৯১৫টি স্কীমের জন্য ২ কোটি ৭১ লক্ষ ৮৩ হাজার টাকা। পশ্চিমবঙ্গ পেয়েছে মাত্র ৯৬ হাজার টাকা। আর উত্তর প্রদেশ ৩৪০টি স্কীমের জন্য

ওই নাবার্ডের টাকা থেকে ২ কোটি ৯৯ লক্ষ ৫৮ হাজার টাকা পেয়েছে। কিন্তু আমাদের কৃষি দপ্তরের সাফল্যের ফলে আজকে আলু চাষ দ্বিতীয় স্থান ভারতের মধ্যে অধিকার করেছে। উত্তরপ্রদেশ প্রথম স্থান অর্জন করেছে তারপরেই পশ্চিমবঙ্গের স্থান। পশ্চিমবঙ্গের এই যে তিস্তা সেচ প্রকল্প এতে কেন্দ্রীয় সরকার ঠিকমত সাহায্য করছে না। পাঞ্জাবের ভাকরা নাঙ্গাল এবং নাগার্জুন সেচ প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে আর্থিক সাহায্য দিয়েছেন এবং এদের জাতীয় সেচ প্রকল্প হিসাবে ধরেছিল। কিন্তু তিস্তা সেচ প্রসঙ্গের ক্ষেত্রে সেইভাবে নজর দিচ্ছে না। এই তিস্তা সেচ প্রকল্প যদি রূপায়িত হত তাহলে উত্তরবঙ্গের ৫টি জেলায় বহুগুণ ফসল উৎপাদিত হত এবং তাতে শুধু পশ্চিমবঙ্গের ঘাটতি নয় সারা ভারতবর্ষের ঘাটতি মেটানো সম্ভব হত। ভারত সরকারের এই বিমাতৃসুলভ নীতির ফলে এটা নিয়ে টালবাহানা চলছে। কেন্দ্রীয় সরকারের যে বরাদ্দ সেই বরাদ্দের ক্ষেত্রে গাফিলতি করছে। ৫ কোটি টাকা করে বরাদ্দ করছে। এইভাবে পশ্চিমবঙ্গের কৃষির ক্ষেত্রে একটা বিপর্যয়ের সৃষ্টি করছে এবং একটা ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে ভারত সরকার।

শুধু তাই নয় আমরা এখানে অনেকে জানি কেন্দ্রীয় সরকার তার নয়া কৃষিনীতির মধ্যে দিয়ে ভারতবর্ষের কৃষি ব্যবস্থাকে ভেঙ্গে চুরমার করে দেবার এক ষড়যন্ত্র চালাচ্ছে। অতীশবাবু বলছিলেন ডাঙ্কেল প্রস্তাব নাকি আজও গ্রহণ করা হয়নি। কিন্তু বিগত অধিবেশনে কেন্দ্রীয় সরকারের যে কৃষিনীতি আমরা দেখেছি তাতে ডাঙ্কেল প্রস্তাবের শর্তগুলিকে কার্যকর করা হচ্ছে। সারের উপর থেকে ভরতুকি তুলে দেবার মধ্যে দিয়ে ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি চাষীদের কৃষিক্ষেত্রে একটা বিরাট সমস্যার মুখোমুখি হতে হয়েছে। কেন্দ্রীয় সরকারের নীতির জন্য আজকে গবেষণা নতুন নতুন বীজ, নতুন নতুন যন্ত্রপাতি, আধুনিক কৃষি উপকরণ, কৃষি বিজ্ঞান, এইগুলির ক্ষেত্রে নতুন দিক উদ্ভাবন করবার বিষয়ে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। কেন্দ্রীয় সরকারের নীতির জন্য আজকে সারের দাম হু হু করে বাড়ছে। যার ফলে প্রান্তিক, ক্ষুদ্র চাষীরা ভয়াবহ সমস্যার সম্মুখীন হচ্ছে। তিন, চার'টাকার ডি. এ. পি. সার আজকে নয়-দশ টাকায় কিনতে হচ্ছে। অথচ কেন্দ্রীয় সরকার দেশের মানুষকে বড় বড় প্রতিশ্রুতির কথা বলছেন। কৃষকদের যে সামান্য সার তার উপর ভরতুকি তুলে দেওয়া হয়েছে। আজকে সমস্ত রকম ভরতুকি তুলে দিয়ে বস্তুত আজকে আন্তর্জাতিক অর্থ ভান্ডারের নির্দেশাবলি পালন করছে। এই অবস্থায় আমাদের দেশের মানুষরা মাথাপিছু যে খাদ্য গ্রহণ করে থাকে ১৪.৮০ কেজি সেটা নেমে গিয়ে দাঁড়িয়েছে ১৪ কেজিতে। অথচ পশ্চিমবাংলায় সেটা বেড়েছে। পশ্চিমবাংলার সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে আজকে গ্রামের কৃষক সমাজকে সাথে নিয়ে, গ্রাম বাংলায় পঞ্চায়েত সমাজকে সাথে নিয়ে কৃষি দপ্তরের কর্মচারিরা যে অক্লান্ত পরিশ্রম করছেন তার মধ্যে দিয়ে কৃষির ক্ষেত্রে একটা পরিবর্তন আনা সম্ভব হয়েছে। কংগ্রেস যে শ্রেণীর স্বার্থ রক্ষা করে এটা তাদের স্বার্থে আসেনা, তাই এই বাজেটকে তারা সমর্থন করেনা। এই বাজেট বক্তৃতার মধ্যে বিভিন্ন দিক উল্লেখ করা হয়েছে। এখানে এক জায়গায় বলা হয়েছে সেচের আরও যদি ব্যবস্থা হয় তাহলে কৃষি ক্ষেত্রে আরও

পরিবর্তন আসতে পারে। পশ্চিমবাংলায় তৈলবীজের রেকর্ড ফলন হয়েছে। যদি সেচের ব্যবস্থা করা যায়, যদি তিস্তা প্রকল্পের কাজ ত্বরান্বিত করা হয় তাহলে পশ্চিমবাংলা কৃষিক্ষেত্রে এক বিরাট পরিবর্তন আসতে পারে। গোটা দেশের অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। কৃষিভিত্তিক শিল্প কারখানা গড়ে তোলবার যে প্রচেষ্টা অত্যন্ত অভিনন্দন যোগ্য। সবজী চাষের ক্ষেত্রে ফল চাষের ক্ষেত্রেও পশ্চিমবঙ্গ এগিয়ে রয়েছে। কৃষি উপকরণ সরবরাহ যা এখানে করা হয় তার উল্লেখ এখানে আছে। কিন্তু এই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। যার ফলে তাড়াতাড়ি এই কাজগুলো করা সম্ভব হচ্ছে না। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা লব্ধ ফল কৃষকদের মধ্যে বিলিয়ে দেবার যে প্রচেষ্টা কৃষি দপ্তর নিয়েছে সেটা খুবই উল্লেখযোগ্য। কৃষি প্রযুক্তি সহায়ক, এ. ডি. ও-র সাথে কৃষকদের যে প্রশিক্ষণের ব্যবস্থা সেই ব্যবস্থা সংখ্যায় আরও বাড়ানো দরকার। কারণ এর মধ্যে দিয়েই পশ্চিমবাংলায় কৃষি ব্যবস্থা এগিয়ে যাওয়া সম্ভব। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর কৃষকদের পেনশন চালু করে এবং এর মাধ্যমে বামফ্রন্ট সরকার কৃষকদের মর্যাদা দিয়েছে।

মন্ত্রী মহাশয় এখানে এই বলে আশ্বস্ত করেছেন আমাদের যে এটা ১০০ টাকা হয়ে যাচ্ছে এখানে কংগ্রেসের সদস্যরা আছেন, তারা এটা শুনুন মন্ত্রী মহাশয়ের কাছে আমি আবেদন করছি, কেন্দ্রীয় সরকার যাতে পশ্চিমবঙ্গের কৃ-ষকদের মাসিক ১০০ টাকা করে কৃষি পেনশন দেন অর্থাৎ দুটি মিলিয়ে যাতে এখানকার কৃষকরা দুশো টাকা করে কৃষি পেনশন পেতে পারেন তার জন্য আপনি ব্যবস্থা করুন এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করুন। কংগ্রেসের মাননীয় সদস্যরা কৃষি বাজেট নিয়ে অনেক কথা বললেন কিন্তু কৃষকদের পেনশনের ব্যাপারে কেন্দ্রীয় সরকার কোনও রকম দায়দায়িত্ব বহন করেন না। এ ব্যাপারে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কৃষির সাফল্য এবং অগ্রগতি যাদের উপর নির্ভরশীল সেই কৃষি শ্রমিকদের জন্য সার্বিক কোনও আইন স্বাধীনতার পর ৪৫/৪৬ বছর কেটে গেলেও আজ পর্যন্ত হয়নি। আমি মনে করি কৃষি শ্রমিকদের জন্য একটা সার্বিক আইন হওয়া প্রয়োজন। তারপর কৃষি জমিতে যে ইঁট ভাঁটা, টালি ভাঁটা তৈরি করে কৃষির জমির পরিমাণ যেভাবে কমিয়ে দেওয়া হচ্ছে সে ব্যাপারেও মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে বলতে গিয়ে চা বাগানের কথাটাও এসে যায়। চা বাগান বাড়ানোর জন্যও এই কৃষির জমির পরিমাণ কমে যাচ্ছে। কুচবিহার জেলার মেখলিগঞ্জ থানায় দাগা চা কোম্পানি কৃষকদের বঞ্চিত করে, তাদের ঠকিয়ে কৃষি জমি অধিগ্রহণ করছে এবং তার ফলে কৃষকরা সর্বশান্ত হয়ে ঘুরে বেড়াচ্ছে। চা বাগান কর্তৃপক্ষ যাতে কৃষকদের বঞ্চিত করতে না পারে, তাদের যাতে উচ্ছেদ করতে না পারে তার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি, কৃষকদের রক্তে বোনা অর্থকরী ফসল পাট, সেই পাটের ন্যায্য মূল্য পাওয়া থেকে আমরা দেখছি কৃষকরা বঞ্চিত হচ্ছেন। এটা যেন একটা স্থায়ী ব্যবস্থার মতন হয়ে গিয়েছে। আমরা দেখছি, কৃষকদের উৎপাদিত পাট যখন হাটে আসে তখন দামটা কমে যায়। কেন্দ্রীয়

সরকার পাটের দাম ঘোষণা করেন পূজার পর ফলে অভাবী মরশুমে চাষাদের জলের দরে পাট বিক্রি করে দিতে হয় এবং সেই জলের দরে পাট বিক্রি করে তারা কাঁদতে কাঁদতে বাড়ি ফিরে যান। সর্বস্তরে কৃষকরা তাদের উৎপাদিত ফসলের যাতে ন্যায্য দাম পেতে পারেন তা দেখান জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। শস্য বিমার পরিধি আরো বাড়ানো দরকার। সমস্ত কৃষককে এর আওতায় আনা দরকার। কৃষি পেনশন যাতে সকল কৃষক পেতে পারেন তার জন্য চিন্তাভাবনা করা দরকার। এ ব্যাপারে আমাদের সরকারের ইচ্ছা থাকলেও সামর্থে কুলাচ্ছে না। আমি আবার বলব, সমস্ত কৃষককে এর আওতায় আনার জন্য পরিকল্পনা গ্রহণ করা দরকার। ফসল বিমা চালু করা দরকার। এ ব্যাপারে অফিসারদের আরো সক্রিয় হওয়া দরকার। মন্ত্রী মহাশয়ের যে বাজেট তাতে পরিষ্কার ফুটে উঠেছে যে কৃষি দপ্তর পশ্চিমবঙ্গে কৃষি ব্যবস্থার উন্নয়নের জন্য অত্যন্ত সজাগ এবং সচেতন।

[3-30 – 3-40 p.m.]

চাল গম ইত্যাদি তণ্ডুল উৎপাদনের লক্ষ্যমাত্রা গুলো এখানে দেওয়া রয়েছে। এই লক্ষ্যমাত্রাকে অতিক্রম করে যাবার জন্য আমাদের প্রত্যেকের সচেষ্ট হওয়া প্রয়োজন। পশ্চিমবাংলার খাদ্য উৎপাদন যাতে আরো বৃদ্ধি পায় তার জন্য আমাদের সব সময় চেষ্টা করতে হবে। এখানে তরাই উন্নয়ণ প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছে। এই প্রকল্পের মধ্যে আমাদের কুচবিহার জেলাও রয়েছে। এই প্রকল্পের দ্বারা ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী পরিবার গুলোকে যথেষ্ট সাহায্য করা হচ্ছে। বলা হয়েছে এই প্রকল্প ৩০.৬.৯৩ তারিখ পর্যন্ত চলবে। এবিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি তাঁকে অনুরোধ করছি এই সময়টা আরো কিছু দিনের জন্য বাড়িয়ে দিন এবং আরো কিছু এলাকাকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে চিন্তা ভাবনা করুন। আমাদের রাজ্যে মাটি পরীক্ষার যে ব্যবস্থা আছে তা প্রয়োজনের তুলনায় খুবই কম। বর্তমানে প্রতিটি ব্লকের কৃষকদের মধ্যে মাটি পরীক্ষার জন্য আগ্রহ সৃষ্টি হয়েছে। কিন্তু আমাদের উপযুক্ত পরিকাঠামো নেই। এবিষয়ে গুরুত্ব আরোপ করে এই পরিকাঠামো সম্প্রসারিত করা প্রয়োজন। আমাদের কৃষি দপ্তরের সব চেয়ে বড় সাফল্য হচ্ছে, আমাদের রাজ্যে রেকর্ড পরিমাণ খাদ্য-শস্য উৎপাদন হয়েছে। কৃষি ক্ষেত্রের জন্য যে সব পরিকল্পনার কথা এখানে ঘোষণা করা হয়েছে সেগুলো খুবই আশাপ্রদ। সর্বশেষে আমি এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান :** মাননীয় সভাপতি মহাশয়, ১৯৯৩-৯৪ সালের জন্য ৪৭, ৪৮ এবং ৫৫ নং দাবি সম্পর্কে পশ্চিমবঙ্গে সরকারের কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীনীহার রঞ্জন বসু মহাশয় আনীত বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। কেন পারছি না, তার কারণগুলো একটা একটা করে আমি বলব। আমাদের দলের পক্ষ থেকে এই বাজেটের ওপর যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তার সমর্থনে কেন বলব, সে কথাও উল্লেখ করব

আমার বক্তব্যে।

মাননীয় সভাপতি মহাশয়, মানুষের জীবনে খাদ্য, বস্ত্র, আবাসন এবং শিক্ষা প্রধান প্রয়োজনীয়। এর মধ্যেও সব চেয়ে প্রয়োজনীয় হল খাদ্য। তার কারণ অন্য আর সব কিছু নাহলেও চলে, কিন্তু ক্ষুধার জ্বালা সহ্য করা যায় না। আমাদের মূলত প্রধান প্রধান খাদ্য বস্তুগুলো আমরা পাই কৃষি উৎপাদনের মধ্যে দিয়ে। সুতরাং কৃষি দপ্তরের বাজেটের ওপর আর্থিক গুরুত্ব সব চেয়ে বেশি প্রয়োজন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, আমাদের এই কৃষি দপ্তর সেই ধরনের প্রয়োজনীয় অর্থ আমাদের অর্থ দপ্তরের কাছ থেকে সংগ্রহ করতে পারে নি। তার ফলে কৃষির উপর যে চিন্তাধারা যা আপনি আপনার এক এক করে বক্তব্য রেখে গেছেন সেই বক্তব্যগুলিকে বাস্তবায়িত করার ক্ষেত্রে সম্ভবপর মোটেও হবে না। কেন হবে না, আপনার বক্তব্য থেকে আমি আপনাকে বুঝিয়ে দেব। প্রথমত আপনি সব সময় বলতে চাচ্ছেন, এই হওয়া উচিত ছিল, এই হত, এই হওয়ার সম্ভাবনা, এতটুকু হতে পারত। আপনি ১৯৯৩-৯৪ সালের বাজেট পেশ করে অনেক আশা করেছেন। এটা দেখে মনে হয়, কোথায় নানীর কবর, কোথায় বসে কাঁদছেন। আপনি সব সময় বলেছেন, যদি ভাল বৃষ্টিপাত হয়, যদি বীজ ভাল দিতে পারি, যদি সার যথা সময় চাষীদের দেওয়া যেতে পারে তবে ভাল ফসল হবে। এই দেওয়া যেতে পারে বলে যে বক্তব্য রেখেছেন সেই কথা আমি একে একে বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিষদীয় দলনেতা জয়নাল আবেদিন সাহেব ভারতের অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবাংলার খাদ্যশস্য উৎপাদনের তুলনা করেছেন এবং স্ট্যাটিসটিক্স দেখিয়েছেন। আমি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে আমার সব সময় নস্ট করব না, আমি বাস্তবের কথা কৃষির কথা আপনার সামনে তুলে ধরব। কারণ, কৃষি সম্পর্কে আপনার কতটুকু অভিজ্ঞতা আছে সেকথা অবশ্য আমার বিশেষ জানা নেই, তবে আমি কৃষক মানুষ, কৃষি সম্পর্কে যথেষ্ট পরিমাণে না জানলেও মোটামুটি আমি জানি। বিরোধীপক্ষের সদস্য হিসাবে বলছি বলে হয়তো সব বক্তব্য আপনার কাছে গ্রহণযোগ্য নাও হতে পারে। তবুও আমি যা বলবো তা ভয়ানক গুরুত্বপূর্ণ। আপনি আপনার বক্তব্যের এক জায়গায় বলেছেন, ৫ পাতার ৫-৬ প্যারাগ্রাফে, শস্য রক্ষা ও কীটঘ্ন ওষুধ। আপনি জানেন, যে কৃষি খামার আছে, ৭৫ বিঘা [illegible] ব্লকে ২৫ একর সম্পত্তি যেটা কংগ্রেস আমলে তৈরি করা হয়েছে — আপনারা করেননি — গো-ডাউন তৈরি করা হয়েছিল। আপনারা নিজেরাই নিজেদের সামলাতে পারছেন না আর চাষীদের ফসল রক্ষা করে দেবেন? আর তার জন্য ব্যবস্থা। একটা ইঁদুর ১৫ দিন পর পর বাচ্চা দেয়, এটা সর্বভারতীয় সমীক্ষা। বাচ্চার সংখ্যা হচ্ছে ১০ থেকে ১৫ টি।

[3-40 - 3-50 p.m.]

আজকে আপনার ফার্মগুলি অবস্থা কি সেটা জানেন? সেখানে গোডাউন যেগুলো আছে সেগুলো ইদুর রাখার গো-ডাউন হয়েছে। যতটুকু ফসল তুলে এনে সেখানে রাখা

হয়েছে তার আর্ধেকটাই খেয়ে নিচ্ছে ইঁদুর। এ ব্যাপারে খবর যে রাখেন না সেটা আমি সিলেক্ট কমিটির সদস্য হিসাবে প্রায় দেড় বছর কাজ করেই বুঝেছি। অধিকাংশ সরকারি খামার নিজের চোখে দেখে এসে বুঝেছি যে সেগুলো খুবই দুভার্গ জনক অবস্থা। সমস্ত খামারের ফেন্সিংগুলো সম্পূর্ণভাবে চুরি হয়ে গেছে। সেখানে লেবারদের পার্মানেন্ট করবার ফলে যে দিন থেকে তাদের পার্মানেন্ট করেছেন সেদিন থেকে তাদের কাজ অর্ধেক হয়ে গেছে। এই ব্যাপারটা আমরা রিপোর্টে দেখিয়ে দিয়েছি। একটি খামারের কে. পি. এস. আমাদের সংবাদ দিলেন, যেদিন থেকে লেবারদের পার্মানেন্ট করা হয়েছে সেদিন থেকে এক মহিলা লেবার ছয় মাস ধরে ফার্মে আসছেন না। তাকে ডেকে আনা হয়েছিল ঐদিন। আগে ফার্মে ডেইলি লেবার ছিল এবং তারা যেদিন কাজ করতেন সেদিনের মাইনে পেতেন, কিন্তু তারা স্থায়ী চাকরি পাবার দিন থেকে অর্ধেক কাজ করছেন। এটার হিসেব কারা দেখছেন? আপনাদের ফর্মগুলি দেখেই তো কৃষকেরা উদ্বুদ্ধ হবেন। আমাদের সময় যতটুকু করে দিয়েছিলাম সেটুকুও যদি আপনারা রক্ষণাবেক্ষণ করছে পারতেন তাহলে কৃষির চরম উন্নতি সাধন করতে পারতেন। কিন্তু নিজেরা তো কিছুই করতে পারলেন না, বরং সর্বনাশ করে দিলেন। ফেন্সিং চুরি হয়ে যাবার পর থেকে গ্রামের গরু মোয সব ঢুকে পড়ে ফার্মের সবকিছু খেয়ে যাচ্ছে। আমি ফার্ম ম্যানেজারকে জিজ্ঞাসা করেছিলাম — আপনি পুলিশ দিয়ে এসব আটকাটে পারেন না। তিনি বলেছিলেন — পুলিশ অ্যাকশন নিতে গেলে সেখানকার সি. পি. এম.-এর লোকাল কমিটি তাদের এ্যাকশন নিতে দেয় না। তিনি পুলিশকে এর বিরুদ্ধে এ্যাকশন নিতে বলাতে তার উপর এমন অত্যাচার করা হয়েছিল যার ফলে তাকে ফার্ম ছেড়ে চলে যেতে হয়েছিল। তার প্রতিবাদে কোন ব্যবস্থা করতে পেরেছেন? আপনি বলতে পারেন যে পশ্চিমবঙ্গে কত ফার্ম আছে এবং তাদের জমির পরিমাণ কত এবং তার উৎপাদন কত? আপনি যদি হিসাব করে দেখেন তাহলে অবাক হয়ে যাবেন। আমার মনে হয় আপনি সেটা দেখেননি। আপনি হয়ত বলবেন যে যাইহোক না কেন, এবারে চাষীদের খুব ভাল বীজ সরবরাহ করব। আপনি খবর রাখেন, এখন চাষীরা আপনাদের চেয়ে অনেক বেশি ভাল মানের বীজ উৎপাদন করছে। আপনার হয়ত এই কথাটা মনে লাগবে না। আপনি যদি দয়া করে হঠাৎ আমার সঙ্গে একটা ফার্মে যান তাহলে আপনি বুঝতে পারবেন যে আপনার মন্ত্রিত্বে কোথায় আছে, অর্থাৎ আপনি কিছু জানেন না। আপনাকে যা বোঝানো হয়, আপনি তাই বোঝেন। ভাগ্যিস সাবজেক্ট কমিটি হয়েছে। এই কমিটির দ্বারা কিছু করতে পারা যাক বা না যাক। অন্ততপক্ষে ঐ সাবজেক্টের উপরে একটা অভিজ্ঞতা সঞ্চয় হয়েছে। আমরা এই বিষয়ে হাউসকে এনলাইটেন করার সুযোগ পেয়েছি। আমি সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আজকে আপনাকে একথা বলবো যে কৃষিতে মূল জিনিসের উপরে গুরুত্ব আরোপ করুন। আপনি পাটের ক্ষেত্রে বলেছেন যে এটা অর্থকরী ফসল এবং এর জন্য খুবই গুরুত্ব আরোপ করেছেন। কিন্তু আপনি জানেন যে কত দুঃখে, কত বেদনায় এবারে পাট চাষীকে পাট বিক্রয় করতে হয়েছে? পাট চাষীরা ৩ শত টাকার বেশি পাটের দাম পেলনা। সেই পাট এখন ৭ শত

[3-50 – 4-00 p.m.]

টাকা। অথচ চাষীর ঘরে পাট নেই, সব ব্যবসায়ীদের ঘরে উঠেছে। আমার কেন্দ্রে দুটি অর্থকরী ফসল আছে। একটা হচ্ছে পাট, আর একটা হচ্ছে আম। সেই পাট চাষীদের কাছ থেকে কিনে নেবার জন্য জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া ছাড়া আর কোনও সরকারি সংস্থা নেই যারা উপযুক্ত দাম দিয়ে চাষীদের কাছ থেকে কিনে নেবে। কাজেই আপনি এই রকম একটা ব্যবস্থা যদি করতে পারেন যে চাষীদের এক শত টাকা কুইন্টাল পিছু দিয়ে বললেন যে পাট আমার কাছে জমা থাক, পরে যখন পাটের উপযুক্ত দাম উঠবে তখন তাদের বাকিটা দিলেন। কারণ অর্থের অভাবে তারা কিছু কিনতে পারেনা, কম দামে পাট বিক্রয় করতে বাধ্য হয়। এই রকম একটা ব্যবস্থা করলে যে সমস্ত এরিয়ায় পাট চাষ হয়, সেই সমস্ত পাট চাষীরা বাঁচতে পারে। আর একটা কথা বলতে চাই যেটা এর সঙ্গে যুক্ত। আপনি জানেন যে এই পাট থেকে পাঠকাটি হয়। পাট গাছ ছিলে পাট কাটি বার করা হয়। এই পাট কাটি থেকে কাট বোর্ড তৈরি হচ্ছে। এই পাট কাটি পচে নষ্ট হয়, সামান্য কিছু বিক্রি হয় সামান্য দামে। পাট যে এলাকায় বেশি উৎপাদন হয় সেই এলাকায় যদি আপনি এই পাট কাটি থেকে কাট বোর্ড তৈরি করার জন্য ক্ষুদ্র কুটির শিল্পের একটা ব্যবস্থা করতে পারেন তাহলে চাষীরা প্রভূত উপকার পায়, চাষের সঙ্গে আরো কিছু পয়সা পেয়ে তারা কিছু উপকার পাবে। যদিও এটা আপনার সঙ্গে যুক্ত নয় তথাপিও আপনার কাছে আমি এই বক্তব্য রাখছি যদি সম্ভবপর হয় সেটা আপনি নিজে উদ্যোগ নিয়ে দেখবেন। আমার এলাকায় এদরাকপুর মৌজায় সেখানে ৩০ বছর আগে সর্বপ্রথম সেচ প্রকল্পে ডিপ টিউবওয়েল প্রচলন হল। সেই সময় ডিজেল চালিত ইঞ্জিন হয়েছিল। পরবর্তীকালে ৫ বছর বাদে সেটা ইলেক্ট্রিফায়েড হয়েছিল। সেই ডিপ টিউবওয়েলটি গত ৫ বছর ধরে অকেজ হয়ে পড়ে রয়েছে। এটা তো আমি একটা রেফারেন্সল দিলাম, এই ভাবে সমগ্র পশ্চিমবাংলায় বহু ডিপ টিউবওয়েল অচল হয়ে পড়ে আছে। তার জন্য শত শত একর জমি সেচ থেকে বঞ্চিত হচ্ছে। এখন নূতন কিছু করবার পরিকল্পনা গ্রহণ না করে এইগুলির উপর যদি মন দেন তাহলে আপনার দপ্তর সচল হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পৃথিবীর সব চেয়ে ভাল ফল হচ্ছে আম। মুর্শিদাবাদের কহিতুর আম বিশ্ব বিখ্যাত আম। তারপর আছে নবাব পসন্দ। মন্ত্রী মহাশয় নারকেল প্রকল্প নিয়ে বক্তব্য রেখেছেন তাতে তিনি বলেছেন নারকেল প্রকল্প হাতে নিয়েছেন তাতে চাষীদের মঙ্গল হবে। আপনি তো আমের কথা কইলেন না তো? আমাদের দেশে মুর্শিদাবাদ জেলায় একটা দ্বীপ আছে, সেখানে কিছু এক্সপোর্ট কোয়ালিটির আম হয়, এই আম বাইরে পাঠিয়ে আপনি প্রভূত অর্থ উপার্জন করতে পারেন। সেই সম্পর্কে আপনি উদাসীন। মাননীয় মন্ত্রী মহাশয় হয়ত নারকেলের দেশের লোক তাই ন্যরকেলের কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা হয় নি। সেটা হলো ফ্রাগমেনটেশন অফ ল্যান্ড, জমি আজকে খন্ডে খন্ডে পরিণত হয়েছে। খন্ড খন্ড জমিতে প্রভূত ফসল হতে পারে না, এটা অসম্ভব। পৃথিবীর যে সমস্ত দেশে কৃষির প্রভূত উন্নতি হয়েছে যেমন

জাপান, যেমন চিন — চিনের কথা বললে ওনাদের আনন্দ হয় — স্যার, আপনারও আনন্দ হয়, কিন্তু আপনাকে আমার বলার অধিকার নেই, আপনি মাঝে মাঝে আমাদের সঙ্গে রসিকতা করে বলেন তাই বলছি — সেখানে ছোট ছোট জমির উপর চাষ হয় না। যদি আপনার সম্মক জ্ঞান থাকে, নিশ্চয়ই আছে তা না হলে আপনি কৃষি দপ্তর নিলেন কেন?

কৃষি একটা সাংঘাতিক বিজ্ঞান ভিত্তিক দপ্তর, এখানে বৈজ্ঞানিক প্রথায় পৃথিবী আজ কোথায়, আমাদের চাষ কোথায়, আর আমাদের চাষী কোথায়? আমাদের দেশে মুথো ঘাস মারতে মারতে চাষীর জান বেরিয়ে গেল। আজকে যাদের সন্তান-সন্ততি নেই — আমাদের দেশে একটা খারাপ কথা আছে, 'মাগের পেটের কিষাণ আর গাইয়ের পেটের বলদ', যেমন আমাদের ভোলা সেনকে বলা হয়েছিল 'ভাতার' বলে, কারণ তিনি ভাতার কেন্দ্র থেকে দাঁড়িয়েছিলেন। আমাদের আপন ছেলে যদি হয় কিষাণ আর নিজের গাইয়ের পেটের যদি বলদ হয়, তবেই সে চাষ করুক। সাধারণ মানুষের চাষ করার ক্ষমতা নেই। এটা বাস্তব কথা। আমাদের জমিজমা কন্ট্রাক্ট বেসিসে সব দিয়ে দিয়েছি। এই জমিগুলোতে আপনি যদি অধিকতর ফসল ফলাতে চান মাননীয় অধ্যক্ষ মহাশয়। তাহলে আপনাকে জমি অধিগ্রহণ করতে হবে। নইলে আপনাকে একটা জমির আইন করতে হবে মন্ত্রী মহাশয়। আপনাকে পাশের একই মৌজার পাশের জমিগুলোকে এক্সচেঞ্জ করার জন্য একটা আইন করতে হবে, তাহলে দেখবেন এটা একেবারে প্রমাণিত জিনিস, এটা আপনি করতে পারেন। যার যতটুকু জমি আছে সেই জমিগুলিকে এক জায়গায় করতে পারলে ২০ পারসেন্ট প্রডাকশন বাড়বে। একথা আমার কথা নয়, এটা আন্তর্জাতিক কথা। সুতরাং এটা আপনাকে লক্ষ্য রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আর. এস. পি. পার্টি আবার পার্টি, আবার তেলা পোকা একটা পাখি — তার সদস্য মিঃ হোড় তরমুজের কথা বলছেন। আমার মনে হয়, ওঁর দেশে তরমুজ ভাল হয়। আমার দেশে ধান ভাল হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার সরকারের যে কটা ট্রাক্টর আছে — আমাদের সময়ে এগুলো দিয়েছিলাম, আপনাদের ১৬ বছরে সেই ট্রাক্টরগুলো একটাও আজকে চলে না। তার ফলে কি হয় জানেন? চাষীর কাছ থেকে ট্রাক্টর ভাড়া নিয়ে ফার্ম চালানো হয় এবং যারা ভাড়া দেয় সেই চাষীদের দু'তিন বছরের ভাড়া পেমেন্ট না করার ফলে ঐ ফার্মকে আজকে তারা আর ট্রাক্টর ভাড়া পর্যন্ত দেয় না। আপনি খবর নিন এটা সত্যি কিনা দেখুন। প্রত্যেকটি ফার্মের আজকে এই অবস্থা যে আপনির ফার্মের ম্যানেজারকে ঘর করে দেন নি। এর ফলে কি হচ্ছে, না ফার্মের ম্যানেজার সেখানে থাকতে চান না। আজকে চাষীর কি অবস্থা। আপনি যদি তাড়াতাড়ি দেশের কল্যাণ সাধনের কথা চিন্তা করেন তাহলে কয়েক হাজার একর জমি যা অন্যায় ভাবে অপচয় করছেন, সম্পত্তিটা নষ্ট করছেন — আপনার ফার্মের সীড ভাল বলে আপনি মন্তব্য করেছেন, কিন্তু আপনি তা সর্বনাশ করছেন। আপনি তাড়াতাড়ি এটাকে শেষ করুন এবং রাজ্যকে, কৃষির প্রভূত উন্নতি সাধনের চেষ্টা করুন।

[4-00 – 4-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়কে যেকথা বলেছি সেগুলো একটু বিবেচনা করবেন এবং ভেবে দেখবেন সেই অনুরোধ করছি এবং যদি পারেন তো তাঁর জবাবি ভাষণে এর উত্তর দেবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত ছাঁটাই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করে এবং মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ১৯৯৩-৯৩ সালের বাজেট বরাদ্দ দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। শ্রী নাসিরুদ্দিন খান মহাশয়ের কথা শুনে আমার একটি কথা বলতে ইচ্ছা হচ্ছে যে, চাষ যার জমি তার। এই নীতি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের আমলে গ্রহণ করা হয়েছে বলে আজকে কৃষকরা জমিকে প্রাণ দিয়ে রক্ষা করছে। এবং তাদের পেছনে বামফ্রন্ট সরকার তাদের সুইচ্ছার বহিঃপ্রকাশ ঘটিয়েছে। সেখান থেকেই ব্যাপক হারে কৃষি ক্ষেত্রে ধানের উৎপাদন বৃদ্ধি হয়েছে। পাট বা অন্য কৃষিজাত দ্রব্য'র উৎপাদনও বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে আজকে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা জমিতে যে হারে ফসল ফলাতে সক্ষম হয়েছে তার একমাত্র কারণ হচ্ছে তারা আজকে বুঝেছে এবং নিশ্চিত হয়েছে যে এই জমি তাদের নিজের জমি, এই জমি কেউ তাদের কেড়ে নিতে পারবে না, কারুর কাড়ার অধিকার নেই। তাদের চিন্তা ধারায় এই কথা বুঝতে শিখেছে। সেই কারণে আজকে তারা নিজের জমিতে পরিচর্যা সহকারে উৎপাদন ফলাচ্ছে। এতে উৎপাদনের হার অনেক বেড়েছে। অন্যদিকে দেখা গেছে যে পাটের চাষ এটা নির্ভর করে পাটের মরশুমের আবহাওয়ার উপরে এবং বৃষ্টির উপরে। সময়মতো বৃষ্টি এর উপরে নির্ভর করে এবং বাজার দরের উপরেও নির্ভর করে পাট চাষ। এর উপরেই পাট চাষের লাভ এবং লোকসান বোঝা যায়। কিন্তু আমাদের এখানেই এই পাট চাষ প্রায় ক্ষেত্রেই মার খাচ্ছে। তার পরে গমচাষের ক্ষেত্রে এই রাজ্য লাভজনক নয়। গম চাষ ছাড়া অন্য ফসল বা সবজি যাতে চাষ হয় সেই দিকে দৃষ্টি দেওয়ার দরকার। তার ওপরে সারের মূল্য বৃদ্ধির ফলে চাষীর যে উৎসাহ এবং উদ্দিপনা ছিল সেটা কমে আসছে। বীজের দাম যেভাবে বাড়ছে তাতে তাদের মনোবল ভেঙ্গে যাচ্ছে। যেখানে এই পশ্চিমবঙ্গ এক সময়ে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে যাচ্ছিল সেখানে কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে সেটা বাধা প্রাপ্ত হবে। আজকে পশ্চিমবঙ্গে আমরা বামফ্রন্ট সরকার কৃষির ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন ঘটাতে সক্ষম হয়েছি এবং বিরোধীপক্ষের বন্ধুরা সেটা উপলব্ধি করছেন কিন্তু তা সত্ত্বেও এর কোনও ব্যাখ্যা করেন নি।

মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতার মধ্যে বিষয়গুলো তুলে ধরেছেন। উন্নত প্রথায় চাষ, বৈজ্ঞানিক ভিত্তিতে চাষ সমস্ত বিষয়গুলি তিনি বলেছেন। পশ্চিমবঙ্গ সরকারের

কৃষি প্রযুক্তির যে সমস্ত সুযোগগুলি রয়েছে সেগুলো নানাভাবে ব্যাহত হয়েছে। ব্লক ভিত্তিক একজন করে কৃষি প্রযুক্তি সহায়ককে সরকার থেকে পাঠানো হয়। কোন মাটিতে ফসল ভালো ফলতে পারে সেই ব্যাপারে চাষীদের সাহায্য করার কথা। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় চাষীরা সেই সুযোগটা থেকে বঞ্চিত হচ্ছে। এটা অন্য কোনও কারণ নয়, কে. পি. এস. যারা আছেন তাদের পঞ্চায়েতের সংযোগের অভাব আছে। তারা পঞ্চায়েতের সঙ্গে ঠিকমতো যোগাযোগ রাখেন না। যে ট্রেনিং সেই ট্রেনিং না নেওয়ার ফলে মাত্র চারটি জায়গায় ভ্রাম্যমান মাটি পরীক্ষার ব্যবস্থা হয়েছে। কৃষি প্রযুক্তি সহায়কদের দিয়ে যদি মাটি পরীক্ষার ব্যবস্থা করা হয় তাহলে প্রতিটি কৃষক অন্তত সেই সুযোগ পেতে পারত। আমরা দেখেছি সুন্দরবন উন্নয়ন পর্ষদ এলাকা তাদের দিয়ে মাটি পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে এবং সেখানকার কৃষকরা উপকৃত হয়েছে। তাদের যাতে কৃষকদের প্রকৃত সহায়তায় লাগানো যায় সেই ব্যবস্থা করা হোক। সয়েল কনজারভেশন অফিস কিছু কিছু জায়গায় আছে। ওরা কিছু কাজ করেন। যেমন গ্রামের মানুষের সুবিধার্থে একটি কালভার্ট তৈরি করা, কোথাও, একটা কাঁচা ড্রেন সংস্কার করা, কোথাও বা একটা পুকুর কাটা। সয়েল কনজারভেশনের জন্য একটা কমিটি আছে এবং কন্ট্রাক্টরি সিস্টেমকেও এই ব্যাপারে কাজে লাগানো যায়। কিন্তু আমরা দেখতে পাই এক শ্রেনির লোক যে স্কীমগুলো জমা দেয় সেগুলোই দ্রুত হয়। আমি বহুক্ষেত্রে এর বিরোধিতা করেছি। সুতরাং এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন হওয়া দরকার, এটা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের কৃষকদের কৃষি কাজের ক্ষেত্রে আরও বেশি সহায়তা করবে বলে আমি আশা করি। মাননীয় সদস্য বলেছেন কৃষি পেনশনের বিষয়ে। আমরা জানি ১২ মাসে বছর, কিন্তু ১৮ মাস পরেও কৃষকরা পেনশন পান না। পেনশন পাওয়ার ক্ষেত্রে যে সিস্টেমটা আছে তাতেই এটা বিলম্বিত হয়। য .. পেনশন পান তাদের পোস্ট অফিসের মাধ্যমে ব্লক থেকে সার্টিফিকেট দেওয়া হয় তারা বেঁচে আছেন কিনা। সেই সার্টিফিকেট সাব-ডিভিসনাল অফিসে আসার পর তাদের অ্যালটমেন্ট পেতে ১৮/১৯ মাস লেগে যায়। পেনশন চালু করায় কৃষকরা সত্যিই উপকৃত হয়েছে এবং আগে এটা ৬০ টাকা ছিল এবং এখন এটা ১০০ টাকা করা হয়েছে। তবে বাস্তবিক ক্ষেত্রে তাদের যদি উপকার করতে হয় ব্যাঙ্কের মাধ্যমে তাদের এই পেনশন দিতে হবে। অথবা পেনশন প্রাপকরা মান্থলি সিস্টেমে বি. ডি. ও.-র কাছ থেকে টাকা নিয়ে যাবেন। এই রকম ব্যবস্থা যদি করা হয়ে প্রত্যেকের উপকার হতে পারে। মাটির তলায় যে জলসম্পদ আছে সেটাকে কাজে লাগাতে পারলে চাষের উন্নতি ঘটবে।

[4-10 – 4-20 p.m.]

যে সমস্ত জায়গাতে সেচের ব্যবস্থা নেই অথচ মাটির নিচে ব্যাপক জল সম্পদ আছে সে সম্পর্কে এক্সপার্ট যারা তাদের ওপিনিয়ন হচ্ছে যে মাটির তলার জল সব জায়গায় কাজে লাগানো যাবে না কারণ এটা অস্থায়ী, এতে ভূমিক্ষয়, ভূমি বসে যাবার সম্ভাবনা থাকে। এসব জায়গা থেকে জল তুললে ভবিষ্যতে এলাকাটি ক্ষতিগ্রস্ত হতে পারে। বিষয়টি

কিন্তু এখানে থেমে নেই। কৃষকরা যখন বুঝছেন যে মাটির তলার জল চেষ্টা করলে কৃষির কাজে লাগানো যেতে পারে সেখানে তারা সরকারের মুখাপেক্ষি হয়ে বসে নেই। সেখানে ৬/৮/১০টি পরিবার উদ্যোগ নিয়ে শ্যালো টিউবওয়েল বসিয়ে, কোথাও বা একটু বেশি খরচ করে সেই জলকে তারা কাজে লাগাচ্ছেন। এক্সপার্টদের এ ক্ষেত্রে যে ওপিনিয়ন যে ভবিষ্যতে অসুবিধার তারা সম্মুখীন হতে পারেন সেটা জেনেশুনেও তারা এটা কাজে লাগাচ্ছেন কারণ কৃষকরা বুঝেছেন যে তাদের বেঁচে থাকতে গেলে বছরে ২/৩টি করে ফসল ফলাতে হবে। সেখানে সরকারি ব্যবস্থা যেটা আছে সেটাকে যেমন তারা কাজে লাগাচ্ছেন তেমনি তারা বাইরে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় তারা সেই জলকে কাজে লাগাচ্ছেন। ৮/১০ বছর আগেও যেখানে দেখা যেত যে কৃষকরা বছরে একবার চাষ করতেন সেচবিহীন এলাকায় কিন্তু আজকাল দেখা যাচ্ছে যে সেচ এলাকায় হোক অথবা সেচবিহীন এলাকাই হোক সেখানে তারা বিকল্প চাষের ব্যবস্থা করছেন। কোথাও লঙ্কা, কোথাও তরমুজ, কোথাও অন্য সবজি তারা চাষ করছেন। পুকুর, ডোবা, খাল ও বিল এবং এইসব জল ব্যবহার করে তারা উত্তরোত্তর ফসল বৃদ্ধি করছেন। এতে আমাদের সামাজিক ক্ষেত্রে উৎপাদন বাড়ছে ঠিক কথা কিন্তু তাদের সাহায্য করতে গেলে প্রকৃতপক্ষে এ মাটির তলার জল যা তারা নিচ্ছে সেটা সরকারিভাবে শ্যালো ইত্যাদি বসিয়ে কিভাবে তাদের সাহায্য করা যায় সেটা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। এর পর আমি কৃষি মজুরদের কথা বলব। হাজার হাজার কৃষি মজুর যারা প্রকৃতপক্ষে পশ্চিমবঙ্গের ফসল উৎপাদন বাড়াতে সাহায্য করছেন তাদের জন্য খুব বেশি কিছু করা হয়েছে বলে মনে হয়না। তাদের সমস্যাটা একটা বৃহৎ সমস্যা। হয়ত ৬০ বছরের বৃদ্ধ কৃষক পেনশন পেয়েছেন যদিও সেটা খুবই সীমিত এবং হয়ত বা কোথাও কোথাও কৃষি মজুরদের বা ভূমিহীন কৃষকদের খাস জমি দিয়ে কিছুটা প্রতিষ্ঠিত করা গিয়েছে কিন্তু সার্বিকভাবে কৃষি মজুরদের সমস্যার সমাধান হয় নি। যেখানে বছরে ২/৩টি করে ফসল হয় সেখানে তারা হয়ত সারা বছর কাজ পায় কিন্তু যেসব এলাকা প্রকৃতির উপর নির্ভরশীল সেখানে কৃষি মজুরদের বছরে ৬ মাসের বেশি কাজ থাকে না। তাদের জন্য ৬ মাসের বিকল্প ব্যবস্থা করা দরকার। অন্ততপক্ষে পশ্চিমবঙ্গের খাদ্য দপ্তর থেকে যেটা করা হয়েছে যে রেশন দোকানের মাধ্যমে তাদের জন্য ২/২ টাকা কে. জি. দরে ৪ সপ্তাহ ধরে চাল দেওয়া, এটা ৬ মাস বা তিন মাস করা হোক। তাতে কৃষি শ্রমিকরা উপকৃত হবেন। এরা আমাদের বাঁচিয়ে রেখেছেন, পশ্চিমবঙ্গের শস্য ভান্ডার বাড়িয়ে চলেছেন কাজেই তাদের কথাও আমাদের ভাবা দরকার। এর পর আমি শস্য বিমার কথায় আসছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে তিনি শস্য বিমা চালু করেছেন। আগে ব্লক ভিত্তিক ক্রপ কাটিং করে শস্য বিমা নির্ধারণ করা হত কিন্তু এখন যতদূর জেনেছি মৌজা ভিত্তিক ক্রপ কাটিং করে শস্যবিমা চালু করার ব্যবস্থা করা হয়েছে। তবে এই প্রকল্পে উপকৃত ব্যাক্তির সংখ্যা খুবই নগণ্য। কখন কোনটা উপকারে আসবে সেটা বোঝা মুশকিল। এ ব্যাপারে একটি কথা বলছি, মাননীয় মন্ত্রী মহাশয় ভুল হলে সংশোধন করে দেবেন, আমরা জানি যে কেবলমাত্র আমন চাষের জন্য এই শস্যবিমা চালু আছে

যেটা বৃষ্টির দ্বারা সম্ভব হয় কিন্তু আমন ও বোরো চাষ যেটা সেচের উপর নির্ভরশীল এবং সেখানে জলের জোগান ব্যাহত হলে এবং প্রাকৃতিক বিপর্যয় হলে যে আউস এবং বোরো চাষ হওয়া সম্ভব হয়না, ক্ষতিগ্রস্ত হয় তা শস্যবিমার আওতায় আসে না।

এ' চাষে ক্ষতির পরিমাণ অনেক বেশি। সেজন্য এই প্রকল্পের মধ্যে আউস, আমন এবং বোরো, সবাইকে আনার জন্য আমি আপনাকে অনুরোধ করছি। উৎপাদন হ্রাস পাওয়ার ক্ষেত্রেও আর একটা প্রতিবন্ধকতার কথা মাননীয় সদস্য একটু আগে উল্লেখ করেছেন, আমিও বলছি, ব্যাপক হারে চাষ যোগ্য জমি লোনা ফিশারী এবং ইঁট ভাঁটার কবলে যাচ্ছে উইদাউট পারমিশনে। বিনা অনুমতিতে হাজার হাজার, লক্ষ লক্ষ বিঘা জমি লোনা জলে প্লাবিত করে দেওয়া হচ্ছে। এটা বন্ধ করা দরকার। এটা বন্ধ করতে পারলে কৃষি উৎপাদন বাড়বে। এই অনুরোধ জানিয়ে, বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা এখানে উল্লেখ করতে চাই। আমরা জানি কৃষি দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর, কারণ ভারতবর্ষ কৃষি নির্ভর দেশ। সুতরাং কৃষির উন্নতির জন্য অর্থের বরাদ্দের প্রয়োজন আছে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিমাণ অর্থ বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তা আমাদের রাজ্যের প্রয়োজনের তুলনায় অতি সামান্য। বিগত বছরে যে পরিমাণ অর্থের বরাদ্দ তিনি এখানে চেয়েছিলেন এ বছর ১৯৯৩-৯৪ সালে দেখছি তার চেয়েও কম পরিমাণ বরাদ্দের দাবি তিনি এখানে নিয়ে এসেছেন। অথচ আমাদের রাজ্যের কৃষি সমস্যার মোকাবিলা করতে ভাল রকম আর্থিক বরাদ্দের প্রয়োজন। মন্ত্রী মহাশয় দাবি করেছেন, রাজ্যে কৃষি ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। অথচ আজও আমরা দেখছি সেই পুরাতন, মান্ধাতার আমলের কৃষি ব্যবস্থা নিয়ে আমরা চলছি। পৃথিবীব্যাপী কৃষি বিজ্ঞানের অগ্রগতি হওয়া সত্ত্বেও, যন্ত্রপাতির এবং অন্যান্য বিষয়ের উন্নতি হওয়ার ফলে কৃষি কার্যের আমূল সংস্কার হওয়া সত্ত্বেও রাজ্যের কৃষি ব্যবস্থাকে এই দপ্তর উন্নত জায়গায় নিয়ে যেতে পারে নি। কারণ এই দপ্তর কোন রকম কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারে নি। অথচ মাননীয় মন্ত্রী মহাশয় দাবি করছেন কৃষির উন্নতি ঘটেছে, খাদ্য-শস্যের উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং খাদ্যে আমরা স্বয়ংসম্পূর্ণ হবার জায়গায় গিয়েছি। বাস্তবে আমরা দেখছি পশ্চিমবঙ্গে যে পরিমাণ খাদ্য-শস্যের প্রয়োজন সেই লক্ষ্য মাত্রায় আমরা পৌঁছতে পারি নি। সরকার পক্ষের মাননীয় সদস্যরা বার বার দাবি করছেন — কৃষির উন্নতি সম্ভব হয়েছে, কৃষি উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে এক মাত্র ভূমি সংস্কারের ফলে, গরিব চাষী, প্রান্তিক চাষী এবং বর্গাদারদের হাতে জমি দেওয়ার ফলে উৎপাদন বৃদ্ধি হয়েছে। সরকার পক্ষ থেকে আরো দাবি হচ্ছে কৃষকদের হাতে মিনি-কিট এবং অন্যান্য কৃষি সরঞ্জাম সরবরাহ করার ফলেই কৃষকদের অবস্থার উন্নতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একথা বলতে চাই যে, উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সরকারি সাহায্য এবং উৎসাহ প্রদানের যে দাবি করা হচ্ছে তা

সম্পর্কে ঠিক নয়। বর্তমানে কৃষি বিভাগের যে অগ্রগতি ঘটেছে তার সাহায্যে চাষীরা নিজ উদ্যোগে মানুষের খাদ্যের তাগিদে উৎপাদন বৃদ্ধি ঘটিয়েছে। কৃষকরা কৃষি বিজ্ঞানের সাহায্যে তাদের জমিকে দু-ফসলা, তিন ফসলা জমিতে পরিণত করতে উদ্যোগী হয়েছে। এখানে মিনি-কিট ইত্যাদি সরবরাহের যে দাবি করা হচ্ছে সে সম্পর্কে আমরা ব্লকে ব্লকে খোঁজ খবর নিয়ে দেখেছি — ব্লকে ব্লকে কৃষি আধিকারিকদের কাছে খোঁজ খবর নিয়ে দেখেছি মিনি-কিট গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে যখন চাষীদের হাতে যায় তখন দেখা যায় চাষীদের সেই মিনি-কিটের আর প্রয়োজন থাকে না।

[4-20 –4-30 p.m.]

তার আগেই চাষীরা উন্নত বীজ সংগ্রহ করে চাষের কাজে লাগাচ্ছে। সরকারি তরফ থেকে যে মিনিকিট সরবরাহ করছে সেটা তাদের আর প্রয়োজনে আসে না — এটাই বাস্তব সত্য। গ্রামে-গ্রামে, প্রতিটি ব্লকে প্রায় পঞ্চায়েত ভিত্তিক যে কৃষি প্রযুক্তি সহায়ক আছে সেই কৃষি প্রযুক্তি সহায়করা কিন্তু কৃষকদের চাষবাসের কাজে পরামর্শ দানের ক্ষেত্রে কোনও সাহায্য করে না। তারা ব্লক অফিস থেকে মাস মাহিনা তুলে নিয়ে চলে যায়। এই হচ্ছে বাস্তব ঘটনা। আপনি কৃষি প্রযুক্তি সহায়কদের কাজে লাগাতে পারছেন না। এরা যাতে কৃষকদের চাষবাসের ক্ষেত্রে পরামর্শ দেয় এবং সাহায্য করে সেক্ষেত্রে আপনি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। এখানে কৃষি সাজ-সরঞ্জামের যে কথা বলেছেন যে কৃষি সাজ-সরঞ্জাম সরবরাহ করা হয়। এই সরবরাহের ক্ষেত্রে দেখা যায় প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগন্য। বিশেষ করে গ্রামে যে পাওয়ার টিলারের ব্যবস্থা আছে — যারা পাওয়ার টিলার ব্যবহার করছে সেই পাওয়ার টিলার কেনবার ক্ষেত্রে খুবই অসুবিধার সৃষ্টি হচ্ছে। কৃষি শিল্প নিগমের মাধ্যমে পাওয়ার টিলার সরবরাহ করা হয়। চাষীরা টাকা জমা দেবার পর ৩/৪ বছর বাদে তাদেরকে পাওয়ার টিলার সরবরাহ করা হয়। বর্তমানে কৃষি শিল্প নিগমের হাত থেকে যাতে তারা কৃষির সাজ-সরঞ্জাম বা পাওয়ার টিলার সরবরাহ করতে না পারে তারজন্য ব্যক্তিগতভাবে কোনও ব্যবসায়ীর কাছে পাওয়ার টিলারের দায়িত্ব দেবার চেষ্টা হচ্ছে বলে আমার কাছে খবর আছে। কৃষি শিল্প নিগমের হাত থেকে ব্যক্তিগত ব্যবসায়ীর অধীনে যদি সরবরাহের দায়িত্ব দেন তাহলে কৃষকেরা ক্ষতিগ্রস্ত হবে এবং কৃষকদের লক্ষ লক্ষ টাকা মার যাবে। আমি এই ব্যাপারটির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কৃষি শিল্প নিগমের লক্ষ লক্ষ টাকা জমা আছে ব্যাঙ্কে, কম সুদে তারা সরঞ্জাম সরবরাহ করে। কিন্তু ব্যক্তিগত ব্যবসায়ীর হাতে যদি যায় তারা উচ্চ সুদে সরঞ্জাম সরবরাহ করবে। আপনি এখানে বৃদ্ধ কৃষকদের বা বর্গাদারদের বা পাট্টা চাষীদের ক্ষেত্রে পেনশন দেবার কথা বলেছেন। কিছু কিছু ক্ষেত্রে পেনশন দেওয়াও হয়েছে। আগে ৬০ টাকা ছিল, এখন ১০০ টাকা করে দেবার কথা ভাবছেন। কিন্তু এই সমস্ত কৃষকদের পেনশন দেবার ক্ষেত্রে ভীষণ অনিয়ম দেখা যাচ্ছে। ৬ মাস কিম্বা ৯ অথবা ১ বছর হয়ে যাচ্ছে কৃষকরা পেনশন পাচ্ছেন না। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা তো বলেন, গরিব দরদী, শ্রমিক

দরদী, গরিব কৃষকদের সাথে বামফ্রন্ট সরকার। এই যদি অবস্থা হয় তাহলে কিসের আপনারা গরিব দরদী? এই যে বার্দ্ধক্য ভাতা ১০০ টাকা করে দেবার সিদ্ধান্ত নিয়েছেন এটা যাতে গরিব কৃষকরা মাসে মাসে পায় তার জন্য ব্যবস্থা নিন। প্রত্যেক মাসে মাসে দেবার ব্যবস্থা করা যায় কিনা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে উত্তর দেবেন। অপরদিকে খাদ্যশস্য বিমার কথা উল্লেখ করেছেন। কিন্তু আপনার বাজেট বক্তৃতার মধ্যে দেখতে পেলাম না খাদ্যশস্য বিমার কথা উল্লেখ করেছেন।

এখানে শস্য বিমার ব্যাপারটা অনিশ্চিত যেখানে ভারতবর্ষ এবং পশ্চিমবঙ্গে প্রতি বছর চাষবাস নির্ভর করছে প্রকৃতির উপর। এখানে কোনও বছর খরা হচ্ছে, আবার কোনও বছর বন্যা হচ্ছে যার ফলে ফসল মার খাচ্ছে। আপনি নিজেও এটা অবশ্যই স্বীকার করবেন। এই যখন অবস্থা তখন আমন এবং খারিপ চাষের সময় জল না দেবার জন্য ধান নষ্ট হয়ে যাচ্ছে। আমন ধানের ক্ষেত্রে দেখতে পাই, শেষের দিকের চাষটা জলের অভাবে নষ্ট হয়ে যায়। তাই বলছি, এই শস্য বিমার ক্ষেত্রটা যেন প্রসারিত করা হয়। এই প্রসঙ্গে উত্তর দিয়েছেন যে, এটা কেন্দ্রীয় সরকারের নীতির উপর নির্ভর করে তাই আমি এই শস্য বিমা দেবার ব্যাপারটা মৌজাভিত্তিক করবার কথা বলছি। সেটা করা হলে যে এলাকার মধ্যে ফসলটা নষ্ট হল সেই এলাকার চাষীরা ক্ষতিপূরণটা সহজেই পেতে পারবেন। আপনি হিসাব করে দেখলে দেখবেন যে, সারা পশ্চিমবঙ্গে গত এক বছরে যে পরিমাণ শস্যবীমা প্রকল্প চালু করেছেন সেটা অতি নগণ্য। এই শস্যবিমা ব্যাপকভাবে চালু করে যাতে ক্ষতিগ্রস্ত চাষীরা তাদের বিমাকৃত ফসলের ক্ষতিপূরণের টাকাটা পেতে পারেন সেদিকে দৃষ্টি দেবার জন্য বলছি।

এবারে আমি কৃষি যন্ত্রপাতি সরবরাহ সম্পর্কে বলছি। আজকাল গ্রামের চাষীরা পাওয়ার টিলার ব্যবহার করছেন, কিন্তু যন্ত্রপাতি মেরামতের ক্ষেত্রে তাদের অত্যন্ত অসুবিধা ভোগ করতে হচ্ছে। সে জন্য বলছি, ব্লকভিত্তিক একটা ট্রেনিং-এর ব্যবস্থা করা হোক এবং পাশাপাশি কৃষি যন্ত্রপাতি মেরামত করবার ব্যবস্থা গড়ে তোলা হোক কৃষি বিভাগের মাধ্যমে। এটা করা হলে চাষীরা উপকৃত হবেন। এই বলে যে বাজেট এখানে উত্থাপিত হয়েছে তার বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী নাজমূল হক ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে কৃষিমন্ত্রী যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন সেই বাজেট বরাদ্দকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধী দলের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। ১৯৯১-৯২ সালে যখন জাতীয় স্তরে কৃষিপণ্য উৎপাদনের ব্যাপারটা একটা টাল-মাটাল অবস্থায় ছিল এবং আগের বছরের তুলনায় ঐ বছর যখন ৫.৩ ভাগ কৃষি উৎপাদন কমে গিয়েছিল সেই বছর কিন্তু পশ্চিমবঙ্গে রেকর্ড পরিমাণ কৃষিপণ্য উৎপাদিত হয়েছে। জাতীয় ক্ষেত্রে টাল-মাটাল অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গের এই যে কৃতিত্ব এর স্বীকৃতি কিন্তু ওরা দিলেন না। মন্ত্রীকে ধন্যবাদ, জাতীয় ক্ষেত্রে টাল-মাটাল

অবস্থার মধ্যেও পশ্চিমবঙ্গের কৃষি উৎপাদন যে স্টেজে এনেছেন সেটা শুধু ১৯৯১-৯২ সালেই শুধু বহাল রাখেননি, প্রতি বছর রেকর্ড পরিমাণ চাল উৎপাদন হচ্ছে। আমরা লক্ষ্য করছিলাম, বিরোধী পক্ষ থেকে যাঁরা এই বিতর্কে অংশ গ্রহণ করলেন তাদের মধ্যে তিনজন হলেন প্রাক্তন মন্ত্রী। কিন্তু ওদের পরস্পর-বিরোধী বক্তব্য রাখার জন্য পরে তাদের মধ্যে ঝগড়া বেঁধেছে কিনা জানিনা। একজন বললেন — জমি টুকরো টুকরো হয়ে যাচ্ছে এবং জমি গরিব চাষীদের হাতে যাচ্ছে, এরফলে নাকি উৎপাদন বাড়বে না। উৎপাদন বিরোধী নাকি এটা। আর একজন বললেন — ১৯৭২ থেকে ১৯৭৭, যে সময় ওরা ক্ষমতায় ছিলেন, সেই সময় নাকি ৯ লক্ষ একর জমি এরা বন্টন করেছিলেন। এইরকম পরস্পরবিরোধী সব কথা ওরা বলে যাচ্ছেন। কি হয়েছে উৎপাদনের ক্ষেত্রে?

[4-30 – 4-40 p.m.]

১৯৭০ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে উৎপাদনের গড় প্রতি ছিল ১২ শত কিলোগ্রাম। আর এখন ১৯৯১-৯২ সালে সেটা হয়েছে ২ হাজার ৩৬ কিলোগ্রাম। এই যে পরিবর্তন হয়েছে, এটাকে ওরা স্বীকৃতি দিতে চান না। মাননীয় অধ্যক্ষ মাহশয়, আমাদের পশ্চিমবঙ্গে একটা ঘটনা ঘটেছে। সেটা হচ্ছে, এই যে ৩৫ লক্ষ মানুষ যারা সরকারি ন্যস্ত জমি পেয়েছে কিম্বা বর্গাদার হিসাবে অধিকার পেয়েছে, তারা এই কৃষি উৎপাদনে সরাসরি অংশ গ্রহণ করতে পেরেছে এবং এর পরিণতি হিসেবে আমরা খাদ্যেই বলুন, আলুতেই বলুন, যে কোন কৃষি পণ্যেই বলুন, আমাদের যে অগ্রগতি তা একটা ধারাবাহিক অবস্থার মধ্যে আছে। কেন্দ্রে জাতীয় স্তরে উৎপাদনের কোন ধারাবাহিকতা নেই। কখনও এটা নামছে, কখনও এটা বাড়ছে, কোনও স্টেডিনেস নেই। কিন্তু পশ্চিমবঙ্গে আমরা সেটাকে একটা ধারাবাহিকতার মধ্যে রাখতে পেরেছি, যদিও হিসাব সমস্ত পাওয়া যায়নি। ১৯৯২-৯৩ সালে বৃষ্টির অভাব, তাছাড়া প্রাকৃতিক দুর্যোগ আছে, সারা ভারতবর্ষে আছে, আমাদের পশ্চিমবঙ্গেও আছে। তাছাড়া সারের যে দাম বেড়ে গেল এবং ১৯৭২-৭৩ সালে যে ঘটনা ঘটেছে তার প্রতিফলন এখনও পাওয়া যায়নি। আমাদের কংগ্রেসের একজন বক্তা বললেন, কৈ, সারের যে দাম বেড়েছে, এটাতো পশ্চিমবঙ্গে চাষীরা করেছে, অ্যাকসেপ্ট করেছে, অবশ্য চাষী বলতে ওরা বোঝেন বৃহৎ জমির মালিকানা। মালিকরা ওদের কাছে চাষী। আমরা পশ্চিমবঙ্গে এই পরিবর্তন করেছি। আমরা দেখিয়েছি বিগত ১৬ বছর ধরে জমিতে যারা শারিরীক ভাবে শ্রমদান করে এসেছে, যারা কাজ করে এসেছে তাদের যদি জমির মালিকানা দেওয়া যায়, তাদের যদি চাষের গ্যারান্টি দেওয়া যায়, তাদের যদি সার, বীজ উন্নত মানের দেওয়া যায়, তাদের যদি সেচের গ্যারান্টি দেওয়া যায় তাহলে অগ্রগতি ঘটানো যায়। এই ধারাবাহিকতার কথা এখন কংগ্রেস দলের বক্তারা কিছু কিছু এখানে উল্লেখ করেছেন। তারা এখন বলছেন, এখন নাকি কেন্দ্রীয় সরকারের ঘুম ভেঙ্গেছে, তারা কৃষির ক্ষেত্রে নাকি একটা কমপ্রিহেনসিভ পলিসি, একটা বোধগম্য নীতি গ্রহণ করবেন সেই উদ্যোগ গ্রহণ করেছেন। এতে বোধ হয় বলতে চেয়েছেন — ১৯৯৩ সালের ৫ই মার্চ

তারিখে প্রধান মন্ত্রী নরসিংহ রায়, যার অবস্থা এখন সঙ্গীন, তিনি বক্তৃতা করেছিলেন মুখ্যমন্ত্রীদের ডেকে এবং এই রকম একটা নীতি সেখানে ঘোষণা করেছিলেন। কিন্তু সেটা বোধহয় পশ্চিমবঙ্গে ফাঁস করবার দায়িত্ব ওরা নিতে চাননি, কারণ এখানকার যারা প্রকৃত চাষী তারা ওদের স্বরূপ ধরে ফেলবে। সেখানে কি বলতে চেয়েছিলেন? সেখানে বলতে চেয়েছিলেন, এটা নাকি কেন্দ্রীয় সরকার কোনওদিন স্বীকার করেনি যে কৃষির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোন ভূমিকা থাকা উচিত। সেই দলিলে যা বলা আছে আমি তার একটা উদ্ধৃতি এখানে দিচ্ছি। এই বইটার নাম হচ্ছে, কমপ্রিহেনসিভ পলিসি ফর এগ্রীকালচার। এখানে প্রধানমন্ত্রী নরসিংহ রাও বলেছেন যে Agriculture is not really the immediate concern of the central Government এটা নাকি আগের সরকারের ধারণা ছিল। এখন সেই ধারণা পরিবর্তন করে যা করতে চেয়েছেন সেটা আরো মারাত্মক হবে দেশের পক্ষে। আমাদের কৃষিমন্ত্রীর দাবি গত ২ বছর হবে যে অগ্রগতি ধারাকে অব্যাহত রেখেছেন, সেই ধারাতে একটা চরম আঘাত আসবে। এখানে কি বলতে চেয়েছেন? এখানে বলতে চেয়েছেন, সমস্ত কৃষি পণ্যের একচেটিয়া ক্রেতা থাকতে হবে তাহলে নাকি কৃষকরা তাদের উৎপাদিত ফসলের দাম পাবে। এখানে একজন প্রাক্তন মন্ত্রী, তিনি ১৯৭২ থেকে ৭৭ সালে বলেছিলেন যে তিনি নাকি লেভী করে পশ্চিমবঙ্গে খাদ্য রসদ জমা করে রেখেছিলেন, লোকের খাবারের অভাব ছিলনা। লোকে না খেয়ে থাকত না, জি. আর চাইত না, এই লেভীর সংগ্রহ খাদ্য থেকে তাদের খাওয়ানো হত।

সেই সময় এক এলাকা থেকে আর এক এলাকায় উৎপাদকরা যে ফসল ফলান সেটা যেতে পারতো না। এই পলিসিতে বলা হচ্ছে অ্যাডমিনিস্ট্রেটিভ রেস্ট্রিকশন থাকবে না, এক জায়গা থেকে আর এক জায়গায় খাদ্য শস্য চলাচলে কোন বাধা নেই। এই কারণে থাকবে না, তাতে নাকি চাষীরা তাদের জিনিসের দাম পাবে। অর্থাৎ পুঁজিবাদী মালিকানা দিতে চাইছেন। পশ্চিমবঙ্গ পাটের ক্ষেত্রে কি চেয়েছে? পশ্চিমবঙ্গের মানুষ যে কনজিউম করে না, পাট বিদেশে যাবে কল-কারখানায় যাবে। আপনারা পাটের ক্ষেত্রে জে. সি. আই-কে কিনতে বলুন, তাদের গোডাউন করতে দিন, তারা কিনতে পারে, এক্সপোর্ট করতে পারে, সেই ক্ষমতা তাদের দিন। অন্য মালিকানার ক্ষমতা কেড়ে নিন। কিন্তু খাদ্য শস্যের ব্যাপারে পুঁজিবাদী মালিকানা দিলে মারাত্মক ভূল হবে। এটা আপনাদের আমলে ঘটেছে। তখন খাদ্য শস্য মজুত করা হত, কৃত্রিম অভাব সৃষ্টি করা হত, দাম হু হু করে বাড়িয়ে দিত। কিন্তু এখন সারা বছর খাদ্য শস্যের দাম বামফ্রন্ট সরকার স্থিতিশীল রেখে দিয়েছে, আজকে আর এই সব হয় না। এবারে যাতে এটা করা না যায় তার চক্রান্ত করা হচ্ছে। এখন আবার কি বলা হচ্ছে। মালটি ন্যাশনাল অর্থাৎ বহুজাতিক সংস্থাকে কৃষি ক্ষেত্র দরজা খুলে দিতে হবে। নিয়ে আসা হবে দেশি বিদেশি পুঁজিকে। বলছে কমপ্রিহেনসিভ পলিসি এখানে রূপায়িত করতে হবে, কৃষিকে লাভজনক করতে হবে। এর জন্য পুঁজি নিয়োগ করা হবে। বহুজাতিক সংস্থা নিয়ে আসা হবে। ভারতবর্ষ কবে নাকি বহুজাতিক সংস্থার সদস্য হয়ে গিয়েছে।

এটাতে আমাদের আর সার্বভৌমত্বের ব্যাপার নেই, স্বাধীনতার ব্যাপার নেই, আমাদের দেশপ্রেমের ব্যাপার নেই। তাদের সারের দাম নাকি কম। ৬০০০ টাকায় যে সার বিদেশ থেকে পাওয়া যাবে সেই সার তৈরি করতে আমাদের এখানে ৯০০০ টাকা পড়ে। ৯০০০ টাকায় কেনা হলে প্রকৃত দেশপ্রেম নেই, ৬০০০ টাকায় নিয়ে আসতে হবে বিদেশ থেকে। পি. ভি. নরসীমা রাওয়ের সরকারের ২ বছর হয়ে গেল, তিনি বললেন সার আমদানির জন্য। সারের জন্য কেন আমাদের বিদেশের উপর নির্ভর করতে হচ্ছে? বিদেশ থেকে সার আনলে কম দাম পড়বে বলছেন। আমরা কেন পারলাম না? এই প্রশ্ন কেন আমাদের কাছে আসবে না? আপনারা ট্রাক্টর কিনবেন, বিদেশের তৈরি ট্রাক্টর কিনবেন, সেখানে বহুজাতিক সংস্থাকে ডেকে আনছেন। মারাত্মক কথা বলছেন। কিছু প্রলভনের কথাও বলেছেন। কি বলেছেন? কৃষি মুল্য নিয়ন্ত্রণ করবেন। কম দাম হলে বেশি দাম দিয়ে কেনার জন্য যে টাকা লাগবে সেটা সরকার দেবে। নরসীমা রাও একবার ধানের দাম কুইন্টাল প্রতি ১.৫০ টাকা দাম বাড়িয়ে ছিলেন। তাতে তৎকালীন যিনি প্রধানমন্ত্রী ছিলেন তাঁর কান মোলা ছেয়েছিলেন। সেই কান মোলা খেয়ে মুখ্যমন্ত্রী হিসাবে কোনও জবাব তিনি দিতে পারেন নি। এখন লোভ দেখানো হচ্ছে দাম বাড়িয়ে দেওয়া হবে। প্রকৃত উৎপাদক যারা উৎপাদন করে খরা বা বন্যায় চাষীরা অসুবিধায় পড়ে তার জন্য শস্য বিমা করা হবে। এই কমপ্রিহেনসিভ পলিসির ফলে পশ্চিমবঙ্গের যে অগ্রগতির ধারা চলছে ১৬ বছর ধরে, মাননীয় মন্ত্রী যে অগ্রগতির ধারা বজায় রেখেছেন তার উপর আক্রমণ নেমে আসবে।

[4-40 – 4-50 p.m.]

কেন্দ্রীয় সরকার এখন বোধগম্য হিসাবে কৃষিতে যা আমদানি করতে চাইছেন তা দিয়ে আমাদের সার্বভৌমত্বের বিপদ হবে, তা আমাদের দেশের দেশপ্রেমের কাছে বিপদ, কৃষিতে যারা জড়িত আছে তাদের কাছে বিপদ। মাননীয় মন্ত্রী এখানে যে বাজেট এনেছেন তাকে রক্ষা করতে হবে। বিগত বছরগুলিতে উৎপাদনকে উৎসাহিত করার জন্য তিনি কাজ করছেন, এই উৎপাদনের ধারা অব্যাহত থাকবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা নিবেদন করতে চাই। শুরুতে আমাদের নেতা ডাঃ জয়নাল আবেদিন যে কথা দিয়ে শুরু করেছিলেন যে কৃষি দপ্তরের উপরে এমন গুরুত্ব আরোপ করেছেন তা ব্যয়-বরাদ্দের দাবির পরিমাণ উত্থাপন থেকেই বুঝিয়ে দিয়েছেন। ১৯৯২-৯৩ সালে যে অর্থ বরাদ্দ করা হয়েছিল, এই বছরে দেখা যাচ্ছে অর্থ বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। এ নিয়ে তিনি আলোচনা করেছেন। আজকে যে কথা বারেবারে এই দাবি নিয়ে আলোচনাকালে এসেছে, যে কথাটা শাসকদলের সদস্যারা শুরু

থেকে আমার আগের বক্তব্য পর্যন্ত যা দাবি করবার চেষ্টা করেছেন সেটা হচ্ছে এই যে, গত ১৬ বছরে উৎপাদনের গতি, উৎপাদনের গতিশীলতা এমন জায়গায় পৌছে দিয়েছেন বা পৌঁছিয়েছেন যে তা ভারতবর্ষে একটা রেকর্ড সৃষ্টি হয়েছে।

আমরা বিদেশ থেকে ধার করি না এবং সামগ্রিক পরিস্থিতি এমন হয়েছে যে আমরা বিদেশের প্রয়োজনে প্রতিবেশী রাষ্ট্রগুলি বা দেশগুলিকে দুঃখের দিনে সঙ্কটের দিনে খাদ্য সাহায্য করে থাকি। আজকে পশ্চিমবঙ্গে যে খাদ্যোৎপাদনের দাবি করছেন সেই সূত্র ধরেই আমি বলছি যে গত ১৬ বছরে যে লক্ষ্যমাত্রা স্থির করেছিলেন সেই লক্ষ্য মাত্রাতে কি আপনারা পৌঁছতে পেরেছেন! তা পারেন নি। অথচ ভারত সরকার নিজে কৃষি বিন্যাসে মানুষের প্রয়োজন মেটাবার কথা চিন্তা করেছেন কিন্তু আপনারা এত উৎপাদন করা সত্ত্বেও এই কয় মাস ধরে গরিব মানুষদের চাল সরবরাহ করতে পারেন নি। অন্ধ্রপ্রদেশ থেকে চাল আনতে হচ্ছে, সেই চাল দিয়ে চালের ঘাটতি মেটাতে হচ্ছে। এরপরেও আপনারা বলছেন যে আপনাদের অগ্রগতি চরম সীমায় পৌঁছেছে। আপনারা বলেছেন যে বিভিন্ন সেচের মাধ্যমে এই উন্নতি করা সম্ভব হয়েছে এবং আমরাও সেকথা স্বীকার করি। আমার আগের বক্তা বললেন যে মাল্টি ন্যাশনালদের এনে আমাদের দেশের উৎপাদনের গতি স্তব্ধ করার চেষ্টা হয়েছে। আমাদের দেশের প্রথম প্রধান মন্ত্রী শ্রদ্ধেয় নেহেরু নিজে দায়িত্ব নিয়েছিলেন এবং তিনি বলেছিলেন যে ইপ্সিত লক্ষ্য হচ্ছে আমাদের গণতান্ত্রিক সমাজবাদে পৌঁছান এবং তাতেই পৌঁছাতে চাই। গণতান্ত্রিক সমাজবাদে পৌঁছাতে গিয়ে সারা দেশে যে দুর্গম রাস্তা ছিল তাতে সমাজবাদ স্থাপন করার চেষ্টা করেছিলেন। কিন্তু পরবর্তীকালে আর্থ সামাজিক প্রেক্ষাপটে তার এই ধারণা অচিরেই ভেঙ্গে চুরমার হয়ে যায়। নেহেরুজী যে প্রেক্ষাপটে দাঁড়িয়ে এই চিন্তাভাবনা করেছিলেন আজকে তার থেকে অনেক দূরে আমরা সরে এসেছি। সেই কারণে আজকের প্রধানমন্ত্রী নরসীমা রাও এবং অর্থমন্ত্রী শ্রী মনমোহন সিংকে অর্থনৈতিক দিক থেকে অনেক চিন্তা করতে হচ্ছে। সেখানে ভরতুকি দিয়ে দিনের পর দিন একটা সরকার কখনই চলতে পারে না। সেই কারণে তারা ধীরে ধীরে এটা কমিয়ে আনছেন এবং বন্ধ করবার চেষ্টা করছেন। এই বিষয়ে তারা বিশেষভাবে চিন্তা করছেন। আমি নিশ্চয় স্বীকার করছি যে নিশ্চয় কিছু অগ্রগতি হয়েছে কিন্তু হলেও আরো কাঙ্খিত ছিল। সেখানে আজকে কৃষি দপ্তরের অধীনে কলিমুদ্দিন সামস্ সাহেবের অধীনে যে একটি দপ্তর আছে, সেখানে দেখা যাচ্ছে কি সেখানে তিনি কিছু দিন আগে বললেন যে অনেক আলু উৎপাদন হয়েছে। রেকর্ড সৃষ্টি হয়েছে। এরজন্য সরকার আড়াই কোটি টাকা ব্যয় করে আলু সংগ্রহ করছে। কিন্তু এই আলু সংগ্রহ করা হচ্ছে কখন — যখন কৃষকরা ১.২৫ পয়সা করে বিক্রি করছে। তখন আপনারা ১.২৫ পয়সা আলু কিনে আড়াই কোটি টাকার ব্যয়ে আলু সংগ্রহ করছেন। আর এই কৃষকদের আলু উৎপাদন করতে গিয়ে ১.৫০ পয়সা খরচ হচ্ছে। অর্থাৎ আলু হিমঘরে ঢুকে যাওয়ার পরে এবং পাইকারী ব্যবসায়ীদের কাছে আলু গুদামজাত হওয়ার পরে মাননীয় মন্ত্রীর টনক হল যে আলু সংগ্রহ করতে হবে। যার ফলে বাইরের

লোকেদের মুখে শোনা যায় যে মাননীয় মন্ত্রী নাকি হিমঘরের লোকেদের তরফে কাজ করছেন। সেই কারণে আমি কৃষি মন্ত্রীকে অনুরোধ করছি যে, কৃষি দপ্তরের নিজস্ব পরিচালনার ক্ষেত্রে কিছু ত্রুটি আছে। আমার জেলা মেদিনীপুরে এবং কাঁথিতে আমার বাড়ি। ওই কাঁথির কাছেই দীঘা বিরাট মাঠ নিয়ে কাজু উদ্যান তৈরি করা হয়েছে, প্রায় ১০০ একর জমি নিয়ে এই কাজ করা হয়েছে।

[4-50 – 5-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী ব্যায়-বরাদ্দর যে দাবি এখানে উত্থাপন করেছেন আমি সেই দাবিকে সমর্থন করে কয়েকটি জিনিস এখানে বলতে চাই। ১৯৯৩-৯৪ সালে কৃষি উন্নয়নের যে পরিকল্পনা গৃহীত হয়েছিল তাতে কেন্দ্রীয় সরকারের সুপারিশ মেনে নিয়ে পশ্চিমবঙ্গকে তিনটি জলবায়ুর ভিত্তিক এলাকায় বিভক্ত করা হয়েছে। হিমালয় পার্বত্য এলাকা, নিম্নবঙ্গীয় সমতল এলাকা এবং মালভূমি ও পাহাড়ি অঞ্চল। আমি মাননীয় কৃষি মন্ত্রীকে বলব কেন্দ্রীয় সরকারের নজরে আসেনি পশ্চিমবঙ্গে আরেকটি এলাকা আছে, সেটা হচ্ছে কোস্টাল বেল্ট। যেখানকার ভূ-গর্ভস্থ জল বহু অংশে লবনাক্ত। এই স্যালিনিটি জল বহু জায়গায় ফসল নষ্ট করে দেয়। কেন্দ্রীয় সরকার দিল্লিতে বসে যে পরিকল্পনা হাজির করে দেন সেটাকে অন্ধভাবে অনুসরন করে চলা ঠিক নয়। এটা কেন্দ্রীয় সরকারের নজরে নিয়ে এসে আরেকটা বিশেষ এলাকার সুপারিশ যেটা রয়েছে সেটার বিবেচনা করে কৃষি উন্নয়নের পরিকল্পনাকে সেই খাতে পরিচালিত করা উচিত। আমরা আশা করি আপনি এটা বিবেচনা করবেন। অধিক উৎপাদনের যে কর্মসূচি আপনি গ্রহণ করেছেন তাতে পশ্চিমবঙ্গে প্রভূত উন্নতি ঘটেছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি এই প্রসঙ্গে মাননীয় অতীশ বাবুকে সাধুবাদ জানাব, তিনি ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করেছেন। ডাঃ জয়নাল আবেদিন যিনি বিরোধী দলের নেতা তিনি আজকে বাজেট বিতর্কের উদ্বোধন করলেন এবং তিনি আজকে কৃষি বরাদ্দের বিরোধিতা করলেন কেন তা আমরা বুঝলাম না। এই যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল তাতে এই কৃষি বিভাগ নিয়ে আপনারা একটা স্লোগান দিতে পারতেন — খেতে দাও, পরতে দাও, নইলে গদী ছেড়ে দাও। আমি দুটো বিষয় এখানে উল্লেখ করতে চাই, বাণিজ্যিক ফসলের ব্যাপারে। মেদিনীপর জেলা এবং দক্ষিণ ২৪ পরগনায় লক্ষ লক্ষ টাকার কারবার হয় এই পান নিয়ে এবং এখানে উন্নত মানের মান চাষ হয়। এদিকে সরকারের সমধিক দৃষ্টি দেওয়া দরকার। আর পশ্চিমবঙ্গে যে মাদুর কাঠির চাষ হয় সেটাকে আর উন্নতি করা যায় কিনা সে বিষয়ে সরকারকে চিন্তা করতে হবে। বহু ধরণের কীট, কীটাঙ্গ এই মাদুর কাঠিগুলোকে নষ্ট করে দেয়। এই ক্ষেত্রে কীটনাশক কি ব্যবহার করা যেতে পারে সেই ব্যাপারে এখনো পর্যন্ত কোনও গবেষণা হয়নি। আমরা আশা করি আপনি এই বিষয়টার দিকে নজর দেবেন। আজকে দেশে ফার্টিলাইজারের ক্রাইসিশ দেখা যাচ্ছে। নীল সবুজ শ্যাওলা সারের ব্যাপারে আপনি কয়েকটা পদক্ষেপ নিন। এটা অত্যন্ত নগণ্য ব্যাপার। এটা সহজেই করা যায়। ছয় ফুট বাই তিন ফুট চৌবাচ্চায় এর চাষ করা

যায়। যে সমস্ত খামার আছে সেখানে এই এলিজির চাষ করা যেতে পারে এবং পশ্চিমবঙ্গের সমস্ত গ্রামকে তা সরবরাহ করতে পারবেন। এটা আটারলি নেগলেকটেড। যেভাবে কেন্দ্রীয় সরকার হামলা করছে তাতে আপনি এটা ভেবে দেখবেন। আজকে এগ্রিকালচারাল সায়েন্স, পেস্টিসায়েড সায়েন্স আজকে অনেক ডেভেলপ করেছে এবং কীটঘ্ন কীট চাষ করা হচ্ছে এবং বহু জায়গায় তা গবেষণা করা হচ্ছে। কিন্তু এখনো পর্যন্ত এই ব্যাপারে আপনি কিছু করে উঠতে পারেননি। আপনাকে সেদিকে নজর দেবার জন্য আমি অনুরোধ জানাই।

আমি আর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার নিশ্চয়ই জানা আছে যে রাউরকেল্লা স্টিল প্ল্যান্ট থেকে প্রতি বছর পশ্চিমবাংলার জন্য যে সোনা সার এবং ডাই এ্যামোনিয়া ফসফেট সার অ্যালটেড হয় তার একটা বৃহৎ অংশ গত কয়েক বছর ধরে অ্যাট অল পশ্চিমবঙ্গে আসছেই না। সেখানে নন্দী ট্রান্সপোর্ট কোম্পানি নামে একটি ফেক ট্রান্সপোর্ট কোম্পানির মাধ্যমে সেটা মাঝাখানে পাচার হয়ে উড়িষ্যাতে চলে যাচ্ছে। গত ৪/৫ বছর ধরে এই জিনিস হচ্ছে। যদিও ব্যাপারটি স্টিল অথরিটি অব ইন্ডিয়া তথা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার তারাই এর জন্য রেসপনসিবল তবুও আমাদের রাজ্যের পাওনার ব্যাপারে দ্রুত হস্তক্ষেপ করে যাতে এই সোনা সার এবং ডি. এ. পি. সার আমরা পেতে পারি তা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। কৃষি ফার্মের ব্যাপারটা বোধহয় আর একটু উন্নত করা দরকার। আমি আশা করি আপনি এটা দেখবেন। সেখানে ফার্মের যে সমস্ত লেবারার আছে তাদের অনেক ক্ষেত্রে কাজের নিশ্চয়তা বা গ্যারান্টি থাকে না। তাদের এমপ্লয়মেন্টের বিষয়টা বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। কৃষকদের বার্ধক্য ভাতার বিষয়টি অনেক মাননীয় সদস্য বলেছেন, আমি তার পুনরাবৃত্তি করতে চাই না শুধু এইটুকু বলতে চাই যে পশ্চিমবঙ্গের কৃষির উন্নয়নের জন্য বামফ্রন্ট সরকারের নীতি, ভূমি সংস্কারের কৃতিত্ব যেমন আছে তেমনি ভাবে এর যারা বিশ্বকর্মা অর্থাৎ তাদের অবদানও অনস্বীকার্য। পশ্চিমবঙ্গের গত সেনসাসের রিপোর্ট অনুযায়ী এখানে তাদের সংখ্যা ৬৭ লক্ষের মতন। বার্ধক্য ভাতা সবাইকে দেওয়া যায় না ঠিকই কিন্তু আজ পর্যন্ত ভারতবর্ষের কোথাও এই এগ্রিকালচারাল ওয়ার্কারদের জন্য আইনের কোনও গ্যারান্টি করা হয়নি। পার্টলি কেরালায় হয়েছিল, মধ্য প্রদেশে অন্ধ্রপ্রদেশে হয়েছিল কিন্তু তা বাস্তবে কার্যকরি হয়নি। আমরা জানি যে আমাদের বামফ্রন্ট সরকারের ক্ষমতা সীমাবদ্ধ কিন্তু তার মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবঙ্গের ক্ষেতমজুরদের জন্য একটি কমপ্রিহেনসিভ লেজিসলেশন করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ইনস্যুরেন্সের ব্যাপারে অনেকেই বলেছেন, আমি অল্প কথায় বলছি যে এটা যখন সারা পশ্চিমবঙ্গে চালু করতে পারছেন না তখন অন্তত দুটি এলাকাকে আপনি বেছে নিন— ফ্লাড জোন এবং আউট প্রোন এলাকায় সমস্ত মৌজাকে যাতে ইনক্লুড করতে পারেন সে আপনি বিবেচনা করুন। আগামী দিনে আপনার নেতৃত্বে পশ্চিমবঙ্গে কৃষির উন্নতি অব্যাহত থাকবে এই আশা করে সমস্ত কাটমোশনের বিরোধিতা করে এবং বাজেট সমর্থন করে শেষ করছি।

**শ্রী ভুপেন্দ্রনাথ শেঠ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় কৃষি মন্ত্রী কৃষি দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশন আনা হয়েছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমার মূল বক্তব্য রাখার আগে আমি একটি গল্প বলছি। এক চিটিংবাজ তার ছেলের বিয়ের ব্যাপারে মেয়ের বাবার সঙ্গে কথা বলছেন। মেয়ের বাবা তাকে জিজ্ঞাসা করছেন, আপনার কি কি আছে? বনগাঁ শহরে বেছে বেছে সব বাড়িগুলির দিকে আঙ্গুল দেখিয়ে তিনি বলতে লাগলেন যে এই বাড়িটা আমার এই বাড়িটা আমার, এই বাড়িটা আমার। অতএব কন্যা পক্ষ কোন তদন্ত না করেই নিশ্চিত হয়ে সম্পর্ক স্থাপন করে। ঠিক সেইভাবে পশ্চিমবঙ্গের মাননীয় কৃষি মন্ত্রী পশ্চিমবঙ্গের মানুষদের কিছু কথার মাধ্যমে বিভ্রান্তি করার চেষ্টা করছেন। যে দপ্তর বার বার টাকা চেয়ে সরকারের কাছ থেকে টাকা পায় না, যাদের বরাদ্দ বিগত বছরের তুলনায় কমে যায় তারা দাবি করছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট আমলে কৃষি উৎপাদনে তারা একটা নজির সৃষ্টি করেছে। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই, রাজ্যের বিভিন্ন এক-ফসলা জমিকে দু-ফসলা বা তিন ফসলা করার পেছনে আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর কি অবদান আছে? কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুসারে পদ্ধতিগত ভাবে যদি কৃষি উৎপাদনের ব্যবস্থা করতে হয় তাহলে দেখতে হবে ইন্টিলাইজেশন অফ ল্যান্ড কতটা আমরা বাড়াতে সক্ষম হচ্ছি, কতটা আমরা কৃষকদের হাই ইলডিং সীড সাপ্লাই করতে পারছি, ফাউন্ডেশন সীড সাপ্লাই করতে পারছি। এই কাজ করতে হলে অবশ্যই আমাদের সীড উৎপাদন করতে হবে, সার্টিফায়েড সীড উৎপাদন করতে হবে, কোয়ালিটি কন্ট্রোল করতে হবে এবং স্টেট ফার্মগুলোর মাধ্যমে সীড উৎপাদনের ব্যবস্থা করতে হবে। সাথে সাথে কৃষকদের কাছে ফার্টিলাইজার, পেস্টিসাইডস পৌঁছে দিতে হবে। তবেই তো পশ্চিমবঙ্গের কৃষকরা — যারা পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার প্রায় ৭০ শতাংশ বা পশ্চিমবঙ্গের প্রায় ৭০ শতাংশ মানুষ কৃষির ওপর নির্ভরশীল — উৎসাহিত হবে। স্যার, পশ্চিমবঙ্গে কংগ্রেস আমলে ১৭১টির মধ্যে ২২১টি সীড ফার্ম গড়ে উঠেছিল। তার মধ্যে স্টেট ফার্ম, ব্লক ফার্ম এবং সাব-ডিভিসনাল ফার্ম আছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই ফার্মগুলোর কি তিনি কোনও খবর রাখেন? সাবজেক্ট কমিটির মেম্বার হিসাবে সমস্ত এলাকার প্রতিটি ফার্ম আমি ঘুরে দেখেছি। যেখানে গেছি সর্বত্রই এক চিত্র দেখেছি। সব কটি ফার্ম ভেঙ্গে পড়ছে। কাথাও বলদ নেই, ট্রাক্টর নেই, ইরিগেশনের ব্যবস্থা নেই, স্টাফ নেই, সুষ্ঠু ম্যানেজমেন্ট নেই। তবে প্রডাকশন একেবারে জিরো, তা আমি বলছি না। কিছু প্রডাকশন হয়, কিন্তু তা সর্টিফায়েড সীড হিসাবে কোন কাজে লাগে না। কোটি কোটি টাকা ঐ' ফর্মগুলোর পেছনে খরচ করা হচ্ছে। অথচ সেগুলো আজকে সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আমার কথা নয়, ডিপার্টমেন্ট থেকেই বলা হচ্ছে, রিপেয়ার অ্যান্ড রিপ্লেসমেন্ট অফ দি পাওয়ার টিলারস করতে হবে। একটা পাওয়ার টিলারসও আজকে কার্যকর অবস্থায় নেই। আরো বলছে, repair and replacement of the pump set, repair of the irrigation sources, repair of the staff

quarters, repair of the irrigation canals, removal of the drainage hazards, re-arrangement of the irrigation sources and fencing. এগুলো আমার কথা নয়, এগুলো ডিপার্টমেন্ট থেকেই বলছে। এ বিষয়ে কোনও টাকা বরাদ্দ করা হয়েছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি দয়া করে আমাদের জানাবেন। আপনার বাজেটে এবিষয়ে কোনও অ্যালোকেশন আছে কিনা জানাবেন। আমরা আমাদের কমিটির অবজারভেশন বা রিপোর্ট বা রেকমেন্ডেশন এই হাউসের সামনে উপস্থিত করেছি। আমরা আজকে আশ্চর্য হয়ে লক্ষ্য করছি এই দপ্তরের গত বছর যে পরিমাণ টাকার বরাদ্দ এখানে উপস্থাপিত করা হয়েছিল তার চেয়ে ১০ কোটি টাকার কম বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই কম টাকা দিয়ে সমস্ত কাজ করবেন, এই দাবি আপনি কি করে করেন? আজকে আপনারা সার্টিফাডে সীড দিতে পারছেন না। আজকে কৃষকরা তাদের জমিতে রাসায়নিক সার ইউটিলাইজেশনের জন্য তাদের প্রডাকটিভিটি কমে যাচ্ছে। আপনারা সয়েল কনজারভেশনের কোন ব্যবস্থা করেন নি। আপনাদের যারা এই ব্যাপারে স্টাফ আছে তাঁরা কোনও চেষ্টা আজ অবধি নেয়নি। সয়েল কনজারভেশনের কোনও বেনিফিট এগ্রিকালচারিস্টরা পাচ্ছেন না। তাঁরা তাঁদের নিজেদের তাগিদে, নিজেদের খরচে ইরিগেশন ব্যবস্থা করে প্রডাকশন করছে আর এই সরকার আজকে দাবি করছেন পশ্চিমবঙ্গকে কৃষি উৎপাদনের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছি। একথা কি আজকে বিশ্বাসযোগ্য? আপনারা মিনিকিট দিতে পারছেন না? আপনারা যে ফার্ম রেখেছেন সেই ফার্মগুলি মৃতপ্রায়। সীড কর্পোরেশন বাইরে থেকে সীড কিনছেন, তাও সাফিসিয়েন্ট নয় টু মিট আপ দি এগ্রিকালচারাল ডিমান্ড এবং অন্য স্টেট থেকে কিনে যা আনছেন তাও সার্টিফায়েড নয় এবং সেই সীড ব্যবহার করে চাষীদের ডিসকারেজ করেছেন। এ ব্যাপারে আপনাদের কোন অফিসার আছে ট্রেনিং দেবার যে হাই ইলডিং করতে গেলে এই পদ্ধতিতে করতে হবে? আপনাদের যারা ইন্সপেকটার আছেন তাঁরা কি যায়? তাঁরা বলছেন, স্টাফ সর্ট। গ্রামে গ্রামে কৃষকদের ট্রেনিং দেবার জন্য কোন অফিসার যান না, কৃষকদের পাশে দাঁড়ান না। তাহলে কি কারণে দাবি করেন পশ্চিমবঙ্গের কৃষি উন্নয়নের জন্য এই সরকার কি ব্যবস্থাপনা করেছেন? আজকে ইরিগেশনের উপর এগ্রিকালচার নির্ভরশীল। যে সমস্ত কমান্ড এরিয়াতে ডীপ-টিউবওয়েল ছিল সেখানে ১০০ একরস অফ ল্যান্ড, ৩০০ বিঘা জমি চাষ হতো। আজকে কমান্ড এলাকায় সাপ্লাই পজিশন কমে যাচ্ছে, সাফিসিয়েন্ট জল পাচ্ছে না, কারণ ডীপ-টিউবওয়েলগুলি অকেজো হয়ে যাচ্ছে। আপনারা সার্কুলার দিয়েছেন জমিতে চাষ কমান। এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে সার্কুলার দেওয়া হয়েছে জমি বেশী চাষ করো না, চাষীদের ডিসকারেজ করছেন আর এখানে দাঁড়িয়ে বলেছেন বামফ্রন্ট সরকারের তরফ থেকে কৃষির ক্ষেত্রে নজির সৃষ্টি করেছেন। আপনাদের কি অবদান আছে? সমস্ত জিনিসটা ভাঁওতার মধ্য দিয়ে। যাচ্ছেন। কৃষকরা আজ হতাশার মধ্য দিয়ে চলেছে। কোনও বেনিফিট আপনাদের তরফ থেকে কৃষকরা পায় না। নিয়ম আছে, ১ একর জমিতে ইরিগেশন ব্যবস্থার জন্য ব্যাঙ্ক থেকে টাকা দেওয়ার সিস্টেম আছে, চাষীরা লোন নেয়। সেই লোন আর পাওয়া যায় না। আপনারা দেউলিয়া

হয়ে গেছেন। ইরিগেশনের জন্য লোন দিচ্ছেন না। যে আর. এল. আইগুলি আছে সেগুলি অকেজো হয়ে যাচ্ছে। যেখান থেকে জল নিষ্কাশনের ব্যবস্থা হয় সেই সমস্ত এলাকা জল পাচ্ছে না এর জন্য আপনাদের কি প্রচেষ্টা আছে? আজকে দক্ষিণ ২৪ পরগনা জেলায় যে সল্ট ওয়াটার আছে তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন? আজ অবধি কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। দীর্ঘদিনের সমস্যা। এগ্রিকালচারের কোনও ব্যবস্থা আপনারা করেননি, খালি নিজের বাজেট বরাদ্দ বিল নিয়ে এসে এখানে পাস করান।

[5-10 – 5-20 p.m.]

আজকে অসীম দাসগুপ্ত কর্মচারিদের স্যালারি দিচ্ছেন, কিন্তু প্ল্যানিং এর টাকা আছে আপনার? প্ল্যানিং এর জন্য কোন টাকা আপনার নেই। গত ১৬ বছরে কি প্ল্যানিং হয়েছে? এগ্রিকালচার প্রডাকশন বাড়াবার জন্য কোন প্ল্যানিং করেছেন নতুনভাবে? যা ছিল সেটাও বন্ধ করে দিচ্ছেন। তাই আমি বলতে চাই, পশ্চিমবঙ্গে কৃষি প্রডাকশনে আপনাদের কোনও সাহায্য নেই, গ্রাম বাংলার মানুষ নিজেদের উদ্যোগে আজকে ক্রপ প্রডাকশন বাড়িয়েছে। আগে এক বিঘা জমিতে যা চাষ হোত সেটা অটোমেটিক্যালি কমে গেছে, কিন্তু মানুষ আরও কাল্টিভেশন বাড়িয়েছে বলেই প্রডাকশন বেড়েছে। এক একরের জায়গায় সেই চাষ তারা তিন একরে করছেন। আজকে সরকার বাজেটের টাকা নিয়ে তাদের প্রডাকশনের অবস্থা অত্যন্ত ভয়াবহ। মার্কেটিং মিনিস্টার এখানে বসে আছেন। সেখানকার চাষীরা কমার্শিয়াল বেসিসে হাই ইলডিং টমাটোর চাষ করেছেন, কিন্তু মার্কেটিং এর অভাবে সেটা পচে যাচ্ছে। সেই কারণে আমাদের সাবজেক্ট কমিটি সেখানে গেলে আমাদের তারা ঘেরাও করেছিলেন। তারা বললেন — আমরা হাই - ইলডিং টোমাটোর চাষ করেছি, কিন্তু কোনও মার্কেট নেই। সাবজেক্ট কমিটির সঙ্গে ঘুরে আমাদের এই অভিজ্ঞতা হয়েছে। আজকে পানের চাষ হচ্ছে হাওড়া ডিস্ট্রিক্টে। সেখানে মার্কেট করবার জন্য তারা অনুদান চাইছেন। সেখানে পানের মার্কেট করেছেন আপনি? পশ্চিমবঙ্গে আজকে যারা জুট প্রডাকশন করছেন তাদের কি অসহায় অবস্থা সেটা আপনি জানেন? তারা যা প্রডাকশন করছেন সেটা স্টোর করবার ব্যবস্থা নেই। এই সব কারণে এই চাষে তারা ডিসকারেজড হয়ে যাচ্ছেন। যারা ডিপার্টমেন্টে বসে আছেন তারা বলছেন — আমাদের কিছু করার নেই, কারণ আমরা শুধু হাতে বসে আছি। আজকে লেবার ক্লাশের লোকেরা বলছেন তারা ৮ ঘন্টার বেশি কাজ করবেন না কৃষি ফার্মে। বর্ষা আসছে, কিন্তু ফসল তুলবার জন্য ৮ ঘন্টার পর তাদের ডাকলে তারা আসেন না, ফলে সেখানে বৃষ্টি থেকে ফসল সেফ করবার কোনও ব্যবস্থা নেই। আজকে প্রডাকশন যদি বাড়াতে হয় তাহলে ২১৯টি কৃষি ফার্ম যেগুলো কংগ্রেস আমলে তৈরি করা হয়েছিল সেখান থেকে আবার সার্টিফায়েড সিড সরবরাহ করবার চেষ্টা করুন। সেটা করতে পারছেন না বলে আপনার ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি

এখানে পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা আমার মনে পড়ছে। সাধক কবি রামপ্রসাদ বলেছেন, মনরে কৃষি কাজ জাননা, এমন জমি রইলো পতিত আবাদ করলে ফলতো সোনা। কংগ্রেসের যারা এখানে চেঁচামেচি করলেন, তাদের সময়ে জমিগুলি কি অবস্থায় ছিল, আর বর্তমানে কি হয়েছে এগুলি তুলনা করলে বোঝা যাবে। আমরা দুই ফসলা, তিন ফসলা, এবং আরো যাতে ফলন হয় তার জন্য চেষ্টা করেছি, প্রান্তিক চাষীদের সেগুলি বিলিয়ে দেবার ব্যবস্থা করেছি। ভূমিহীন কৃষকদের মধ্যে ঐ সমস্ত সম্পত্তি দিয়ে তাদের তুলে আনার চেষ্টা করছি। আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গে শতকরা ৭৬ ভাগ মানুষ গ্রামে বাস করেন এবং তার অধিকাংশই কৃষির উপরে নির্ভরশীল বা গ্রামীণ শিল্পের উপরে নির্ভরশীল। এই পশ্চিমবঙ্গের আর্থ সামাজিক যে উন্নতি সেটা অনেকটাই নির্ভর করে কৃষির উন্নতির উপরে। আমাদের দেশের যারা কৃষি বিজ্ঞানী, যারা প্রযুক্তিবীদ আছেন, এদের সংখ্যা প্রয়োজনের তুলনা কম আছে। কাজেই আমরা যাতে বেশি পরিমাণে কৃষি বিজ্ঞানী, কৃষি প্রযুক্তিবীদ গড়ে তুলতে পারি তার দিকে বেশি করে নজর দিতে হবে। আমাদের যে ফার্মগুলি রয়েছে সেগুলির দিকে আরো নজর দিতে হবে। এগুলি ননপ্লানের আওতায় থাকার জন্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। প্রয়োজন মতো এগুলির মেরামত করার টাকা-পয়সা পাওয়া যাচ্ছে না। কাজেই এগুলি সম্পর্কে যথাযথ ব্যবস্থা নিতে হবে। ট্রাক্টর এবং পাওয়ার টিলার যেগুলি খারাপ হয়ে যাচ্ছে সেগুলি অর্থের অভাবে মেরামত করা যাচ্ছে না। এগুলি মেরামত করার প্রয়োজন আছে।

আর একটা কথা আমি বলতে চাই। আমাদের দেশে ধানের মত আর একটা অর্থকরী ফসল হচ্ছে পান। সেই পানের যাতে আরো উৎপাদন বৃদ্ধি পায় সেদিকে নজর দিতে হবে। পানের উপরে একটা রিসার্চ সেন্টার করা দরকার। দীঘার রামনগর থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় পানের উৎপাদন অভূতপূর্ব সাফল্য আমরা দেখেছি। কিন্তু পান চাষীদের কাছে পানে ব্যবহৃত ঔষধপত্র ঠিক সময়ে পৌঁছায় না। পানে রোগ হলে সেই সমস্ত রোগের প্রতিকারের জন্য সেই বিষয়ে গ্রামে গিয়ে সেমিনার করা এবং ঔযধপত্র ঠিকমতো সরবরাহ করা প্রয়োজন। আমাদের এখানকার পান ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যায়। কাজেই এই পান হচ্ছে আমাদের আর একটা অর্থকরী ফসল। কাজেই এর দিকে নজর দিতে হবে। আর একটা কথা হচ্ছে, মেদিনীপুরের পাঁশকুড়া-১, পাঁশকুড়া-২, দাসপুর, নদীয়ার রাণাঘাট ইত্যাদি জায়গায় ফুলের উৎপাদন হয়, যে ফুল থেকে আতর তৈরি হতে পারে। কৃষির মাধ্যমে সমবায়ের ভিত্তিতে এগুলির প্রতি নজর দেওয়া দরকার। এছাড়া গ্রামে গ্রামে মাটী পরীক্ষার কাজ পঞ্চায়েতের মাধ্যমে দ্রুত করা দরকার। তাছাড়া সোয়াবীন, তিল, তিসি, আম; বেল ইত্যাদি এই সব খাদ্যদ্রব্য উৎপাদনের উন্নতির দিকে বিশেষ নজর দিতে হবে। কৃষির মাধ্যমে সমবায় চেতনার ভিত্তিতে এগুলি যাতে গড়ে তোলা যায় সেই বিষয়ে সচেষ্ট হতে হবে। এই কথা বলে আর একবার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীল বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করছি। স্যার, চিৎপুরের যাত্রার বিষয়ে আমরা কাগজে পড়েছি। বিরোধীরা যখন বক্তব্য রাখছিলেন তখন আমার মনে হচ্ছিল যে এরা চিৎপুরের যাত্রা পার্টির কাছ থেকে অভিনয়ের ট্রেনিং নিয়ে এসেছেন। কিন্তু এটা যে বিধানসভা সেটা ওরা ভুলে গেছেন। এরা যে নির্বাচিত হয়ে এসেছেন, আপনি যদি ওদের সংখ্যাটা দেখেন তাহলে দেখবেন যে ওরা গ্রাম এলাকা থেকে বেশি নির্বাচিত হয়ে আসতে পারেন নি, ওরা ঐ সুদখোর মহাজনরা যেখানে থাকেন সেই শহর এলাকা থেকে এসেছেন। আমি ধৈর্য্যসহকারে ওদের বক্তব্য শুনছিলাম। দুইজন মাননীয় সদস্য, নাসিরুদ্দিন খান এবং ভূপেন শেঠ, এরা উপদেশ ঢ়মূলক বক্তৃতা দিয়েছেন।

[5-20 – 5-30 p.m.]

আমি যেটা বলতে চাই সেটা হল বিদ্যুৎ বিভাগের বাজেটের উপর ওনাদের একজন মাননীয় সদস্য শ্রী প্রবীর ব্যানার্জি মহাশয় হুলো বেড়ালের কথা বলেছিলেন, আর এখানে ইঁদুরের বাচ্ছা হওয়ার কথা বললেন। স্যার, আমার বক্তব্য হলো ওই বেড়ালকে যদি ইঁদুরের কাছে দিয়ে দেন তাহলে ইঁদুর শেষ হয়ে যাবে। এই বিধানসভায় দাঁড়িয়ে ইঁদুরের বাচ্ছা হওয়ার কথা বলতে পারবেন না। যাই হোক জয়নাল সাহেব কত বছর গ্রামে যাননি সেটা আমি জানিনা। ৩৪ নং জাতীয় সড়ক দিয়ে যদি কলকাতায় আসেন জাতীয় সড়কের দুই ধারে যদি গাড়ি থেকে চোখ খুলে দেখেন তাহলে তিনি নিশ্চয়ই বুঝতে পারবেন ১৬ বছরে বামফ্রন্ট সরকার কি সাফল্য এনেছে এবং এই ১৬ বছরে পশ্চিমবঙ্গের কি অগ্রগতি ঘটেছে। বামফ্রন্ট সরকারের আমলে ১৬ বছর ধরে কি ভাবে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে সেটা তিনি যদি গ্রামে যেতেন তাহলে বুঝতে পারতেন এবং বাস্তবটা উপলব্ধি করতে পারতেন। সেই জন্যই উনি গ্রামে যান না বলে আমার মনে হয়েছে যে ভাবে উনি কথা বললেন। মিনিকিটের কথা ওনাদের অনেক বিধায়কই বলেছেন। আমার মনে হয় ওনারা পঞ্চায়েত ভুলে গিয়েছেন। কয়েক দিন আগে তাঁরা এই নিয়ে বিধানসভায় হইচই করেছেন। মাননীয় সদস্যরা পঞ্চায়েত সমিতির সদস্য, তাঁরা জানেন যে বামফ্রন্ট সরকার আসার পর ক্ষমতা বিকেন্দ্রীকরণ ব্যবস্থার মধ্যে দিয়ে জেলা পরিষদের এবং পঞ্চায়েত সমিতিতে কৃষি এবং সেচ কর্মাধ্যক্ষের পরিকল্পনা করে এবং সেটা বাস্তাবায়িত করে। আপনারা কে. পি. এস.-এর কথা বলছেন, কে. পি. এস. তো অতীতে কোনও দিন ছিল না। বামফ্রন্ট সরকারের আমলে এই নাম হয়েছে। আগে যার নাম ছিল এ. ই. ও. এখন তার নাম হয়েছে এ. ডি. ও. ভুলে গিয়েছেন, গত কাল মাত্র বল্লে গিয়েছেন। আগে ছিল এগ্রিকালচার এক্সটেনশন অফিসার, এখন তার নাম হয়েছে এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার। এখানেই পরিবর্তনটা হয়েছে। এ. ডি. ও. এবং এ. ই. ও.-র ব্যাপারটা যদি করতেন তাহলে বুঝতে পারতেন পশ্চিমবঙ্গে কি অগ্রগতি শুরু হয়েছে। কত টাকা সেখানে কৃষি ঋণ দেওয়া হচ্ছে। শ্যালো

টিউবওয়েল দেওয়া হচ্ছে যে স্কীমের মাধ্যমে আপনারা তার নাম জানেন না? এস. এফ. পি. পি., এস. আর. পি. পি. এই স্কীম পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার চালু করেছে। সোসাল ফুড প্রডাকশন প্রগ্রামের মাধ্যমে গ্রামবাংলায় শ্যালো টিউবওয়েল করা হচ্ছে। আমাদের জেলা নদীয়াতে আপনাদের আমলে মাত্র ৮০০টি শ্যালো টিউবওয়েল হয়েছে। আজকে কত হয়েছে? ৩৮০০ টিউবওয়েল হয়েছে। গ্রামের গরিব কৃষকদের স্বার্থে এস. এফ. পি. পি. এবং এস. আর. পি. পি. স্কীমের মাধ্যমে সরকারি সাহায্যে এই সমস্ত কাজ হয়েছে। গ্রামে এখন রাতকে দিন বলে মনে হয়। কারখানায় যেমন দিনের আলোর মতো লাইট জ্বলে সেই রকম এখন মাঠে যে ভাবে সারা রাত ধরে শ্যালো টিউবওয়েল চলছে তাতে মনে হয় রাতটা দিন হয়ে গেছে, মাঠের মধ্যে মনে হয় যেন একটা কারখানা চলছে। আপনারা কেউ এটা অস্বীকার করতে পারবেন? সেই কারণে পশ্চিমবঙ্গ খাদ্য উৎপাদনে প্রথম হয়েছে। অতীতে ডুনং-এর কথা আপনাদের নিশ্চয়ই মনে আছে। আপনাদের মনে পড়ে আমাদের পাশের জেলা বর্দ্ধমান থেকে নদীয়া জেলায় কৃষকরা চাল আনতে পারত না, তারা খাবার চাল পেত না। আজকে নদীয়া জেলা খাদ্য উৎপাদনে প্রথম হয়েছে। এটা আলাদিনের আশ্চর্য প্রদীপ নয় যে এমনিতেই হয়ে যাবে। এখানে দাঁড়িয়ে সমস্ত অসত্য কথা বলে গেলেন। আসলে আপনাদের আমলে যে সব কাজ করেছেন সেটা সঠিক কাজ হয় নি। তখন টিউবওয়েলে জল উঠত না। আপনারা যখন ডিপ টিউবওয়েল বসিয়েছিলেন তখন বলেছিলেন ২০ বছরের বেশি ডিপ টিউবওয়েল চলবে না।

কুড়ি বাইশ বছরের ডীপ টিউবওয়েল ওগুলো। আপনারা বলছেন যে কম্যান্ড এরিয়া কমে গিয়েছে। ডীপ টিউবওয়েলগুলো কুড়ি বছরের পুরনো এটা মনে রাখা দরকার। আপনারা মিনি ডীপ টিউবওয়েল, লাইট ডীপ টিউবওয়েল এগুলোর নাম শুনেছেন। বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে এসেছে তাই এই সব নামগুলো আপনারা জানতে পেরেছেন। বামফ্রন্ট সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন। ওখানে বিরোধীদলের শিবদাস মুখার্জি বলছেন যে তিনি জিতে এসেছেন। অনেকদিন তিনি সদস্য হয়ে আসতে পারেন নি। এবারে কৃষ্ণনগরে অনেক সন্ত্রাস করে কায়দা করে জিতে এসেছেন। ওঁদের আমলে আমরা দেখেছি যে, কৃষ্ণনগরে কোনও পরিকল্পনা ছিল না কয়েকটি ক্লাস্টার স্কীম ছাড়া কিছু ছিল না। কয়েকটি ইঁদুর বাস করত। ওঁরা যেগুলো করেছিলেন তা পরিকল্পনাবিহীন ভাবে করেছিলেন। আজকে আমাদের বামফ্রন্ট সরকার ক্লাস্টারে স্কীম করেছেন। শ্যালো টিউবওয়েল হয়েছে। সরকারি ক্লাস্টার স্কীমের মধ্যে দিয়ে কৃষ্ণনগর এক নম্বর ব্লকে আজকে সেচের প্রসার ঘটেছে, কৃষক তাদের ফসল উৎপাদন করতে পারছে। বর্ধমান জেলার পাশের জেলা নদীয়া জেলা আজকে ঘাটতি ব্লক থেকে উর্ধ্বে উঠে গেছে। এই কথাটা আপনারা স্বীকার করবেন না? এটা স্বীকার করতে ওদের জ্বালা করছে এটা আমরা জানি। আমার জেলা নদীয়ায় আজকে পান চাষ হচ্ছে। নদীয়া জেলার গ্রামে, চাকদহ, শিমুরালি এইসব স্থানে আজকে ব্যাপক ভাবে পান চাষ হচ্ছে, কলা চাষ হচ্ছে। আমি বিরোধীপক্ষকে অনুরোধ করবো, আজকে কি পরিমাণে সবুজ ফসল

উৎপন্ন হচ্ছে, বাজার তৈরি হয়েছে কি পরিমাণে, গ্রামের অর্থনৈতিক উন্নয়ন কতখানি হয়েছে তা আপনারা গিয়ে একবার দেখে আসবেন। এখানে আজকে উন্নত শশা উৎপন্ন হচ্ছে। আপনারা ডাংকেল প্রস্তাবের কথা বলছেন? আমাদের এখানে ভাল পরিমাণ ধান চাষ হবে। তিন মন করে ধান চাষ হবে এবং তিনবার নয়, চার ফসলী ধান চাষ হবে। কল্যাণীর কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নত জাতের বীজ উৎপাদন করেছেন যার ফলে ৬০ দিনের মধ্যে ধান চাষ সম্ভব হবে। কিন্তু বিশ্ব ব্যাঙ্কের যে নীতি সেটা গ্রহণ করলে এগুলো সব বন্ধ হয়ে যাবে। গ্রামের কৃষক আর টমেটো চাষ করতে পারবে না ঐ নীতি গ্রহণ করলে। আপনারা এটাকে মেনে নিচ্ছেন। আমি সেজন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, যে বাজার আজকে তৈরি হয়েছে সেগুলোকে নিয়ন্ত্রণ করতে হবে। বিভিন্ন ফসল যেগুলো বাজারে যাচ্ছে সেগুলো যাতে সঠিক দামে বিক্রি হয় তার জন্য নিয়ন্ত্রণ করতে হবে। সরকারের আর্থিক সীমাবদ্ধতা আছে জানি। তবে অনেক জেলাকে নিয়েছেন, এটাকেও নেবেন এই আশা রেখে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন এবং বিরোধীরা যে কাট মোশন এনেছেন তার পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি সব থেকে আগে বিরোধি দলের বন্ধুদের ধন্যবাদ জানাই এই জন্য যে ওঁরা প্র্যাকটিকালি কৃষিতে মার্কেটিং ডেভেলপমেন্ট আর পশ্চিমবঙ্গের জনসাধারণের উন্নতির জন্য যে কাজগুলো করছে সেটা ওঁরা মেনে নিয়েছেন। আপনারা এটা ভাল ভাবে জানেন যে আজকে পশ্চিমবঙ্গে মার্কেটিং ডিপার্টমেন্ট এগিয়ে এসেছে। এতদিন পর্যন্ত যে অবস্থায় মার্কেটিং ডিপার্টমেন্ট কাজকর্ম করছিল, নিশ্চয়ই এই ডিপার্টমেন্টের মাধ্যমে কৃষক ভাইরা কিছু কিছু সুবিধা পাচ্ছিলেন। কিন্তু যে হিসাবে কাজ করা প্রয়োজন ছিল সেটা হতে পারল না। তার কারণ হচ্ছে এটা যে, পশ্চিমবঙ্গে এই রকম এগ্রিকালচারাল এরিয়ায় চাষীদের সুবিধা দেবার জন্য নিশ্চয়ই বেশি মার্কেটিংয়ের প্রয়োজন। আমি আপনাকে বলি যে আমাদের পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত ৪৪টি রেগুলেটেড মার্কেট আছে, এই ৪৪টি রেগুলেটেড মার্কেটের মধ্যে ৪১টি হচ্ছে প্রিন্সিপ্যাল মার্কেট ইয়ার্ড।

[5-30 – 5-40 p.m.]

এই মার্কেটগুলো উন্নতি করার জন্য যে রিসোর্সের প্রয়োজন দুঃখের বিষয় সেই প্রয়োজনমত রিসোর্স আমরা আজ পর্যন্ত পাই নি। মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জিনিস হিসাব দিচ্ছি সেটা হচ্ছে যে, কেন্দ্রীয় সরকার সারা দেশে এই মার্কেটিং সিস্টেমকে শক্তিশালী করার জন্য যে টাকা-পয়সা দিয়েছে তাতে পশ্চিমবঙ্গে অর্থাৎ এর মার্কেটিং ডিপার্টমেন্ট ওয়েস্টবেঙ্গল এখানে টাকা পয়সা দেন নি। গত ৮ বছর ধরে এই মার্কেটিং ডিপার্ট-এর সোর্সকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছি। আপনি এটা ভালো করেই জানেন যে পশ্চিমবঙ্গে পান একটা এমন চাষ যার মাধ্যমে কিছু টাকা পয়সা আসে এবং এর দ্বারা জীবিকা অর্জন করা যায়। কিন্তু দুঃখের বিষয় এর মধ্যে মিডল ম্যান থাকার

ফলে যেটা বিরোধীদল নেতা ডঃ জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে এই মিডলম্যানরা চাষীদের কাছ থেকে তাদের জিনিস কিনে নেয়। এরা চাষীদের যে প্রডাকশন হয় সেটা ডিসট্রেস সেল করাতে বাধ্য করছে। এই মার্কেটিং ডিপার্টমেন্ট এই মিডলম্যানদের শেষ করার জন্য লিমিটেড রিসোর্সের মধ্যে ডিপার্টমেন্ট চেষ্টা করছে। চাষীভাইদের যাতে ডিসট্রেস থেকে রক্ষা করা যায় তার চেষ্টা করছি। আমরা মার্কেটিং ডিপার্টমেন্টকে আরো বাড়াতে চাইছি এবং তারা নিজেরাই যাতে রিসোর্স ফাইন্ড আউট করে সেই চেষ্টা আমরা করছি। আপনারা নিশ্চয়ই খুশি হবেন যে আজ থেকে ২ বছর আগে যখন এই ডিপার্টমেন্ট চার্জ নেয় তখন ২ কোটি ৩৮ লক্ষ টাকা ব্যাঙ্কের কাছে পাওনা ছিল সেখানে ২ বছরের মধ্যে রেগুলেটেড মার্কেটের মাধ্যমে এই ২ কোটি ৩৮ লক্ষ টাকা আমরা ব্যাঙ্ককে পাওনা শোধ করে দিয়েছি। আমরা বিভিন্ন ডেভেলপমেন্টের মাধ্যমে এই পান চাষীদের এবং আরো অন্যান্য চাষীদের বর্তমান অবস্থা আরো ভালো করতে চাইছি। তার জন্য প্রিন্সিপ্যাল মার্কেট ইয়ার্ড যার মধ্যে রেস্ট হাউসের ব্যবস্থা করার ইচ্ছা এবং আরো অনেক কিছুর ব্যবস্থা করার ইচ্ছা। এই ব্যাপারে প্লেজ ফিনান্সের ব্যবস্থা করার জন্য মার্কেটিং ডিপার্টমেন্ট চিন্তা করছে। আপনি নিশ্চয়ই জানেন যে আমরা এই মিডলম্যানদের সরানোর জন্য খুব চেষ্টা করছি। আমাদের অপোজিশন লিডার বললেন যে এই মিডলম্যানদের থেকে চাষী ভাইদের রক্ষা করা যাচ্ছে না, তারা ভীষণভাবে অত্যাচার করে চলেছে। এই ব্যাপারে প্লেজ ফিনান্সের ব্যবস্থা করার চেষ্টা করছি। এই কারণে প্রিন্সিপ্যাল মার্কেটের গো ডাউনে রেস্ট হাউসের ব্যবস্থা করার চেষ্টা করছি। চাষীরা যে প্রডাকশন নিয়ে আসবেন সেটা যাতে ন্যায্য দামে বিক্রি করতে পারে এবং ডিস্ট্রেস সেল করতে না হয় সেই দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে। এসই কারণে চাষীরা তাদের মাল গো ডাউনে রেখে দেবেন এবং মালের দামের ৭৫ পারসেন্ট প্লেজ ফিনান্স স্কীমের মাধ্যমে ঠিক করতে চাইছি। চাষীদের প্রডাকশনের যা দাম তার ৭৫ পারসেন্ট এই মার্কেট কমিটির মাধ্যমে দেওয়া হবে যতক্ষণ পর্যন্ত না মাল বিক্রি হয়।

প্রডাকশন যখন বিক্রি হবেনা, তখন গোডাউনে মালটা থাকবে, ঐ প্রডাকশন যখন বিক্রি করা যাবে, সেই সময় প্লেজ ফাইনান্সিং স্কীমে ওনারা যে টাকা নিয়েছেন সেই টাকাটা তারা আদায় করে দেবেন। আমি আপনাদের এই সম্বন্ধে একটা কথা বলতে চাই, এই মার্কেটিং ডেভেলপমেন্ট, মার্কেটিং সিস্টেমটাকে ডেভেলপ করার জন্য আমি আপনাদের বলেছিলাম। আলু, পান এবং অন্যান্য জিনিস এবং নর্থ বেঙ্গলে লঙ্কা যা উৎপন্ন হয় চাষীভাইরা সেই উৎপাদনের কোন মূল্য পাচ্ছে না। সেই জন্য মার্কেটিং সিস্টেমটাকে ডেভেলপ করে আমরা এগুলো — বিশেষ করে পটেটো — এক্সপোর্ট করার ব্যবস্থা আমরা করছি। এক্সপোর্ট করার যে ব্যবস্থা আছে সেই ব্যাপারে আমি বাণিজ্যমন্ত্রী প্রণব মুখার্জীর সঙ্গে কথাবার্তা বলেছিলাম। প্রণববাবু রাজি হয়েছেন। পশ্চিমবঙ্গের চাষী ভাইদের মুখে হাসি ফোটাবার জন্য তিনি রাজি হয়েছেন। আলু ও অন্যান্য জিনিসগুলি এক্সপোর্ট করার জন্য সরকার অনুমতি দেবে। আমি আপনাদের বলতে চাই এই সব জিনিসগুলো ডেভেলপ

করার জন্য ডিপার্টমেন্ট থেকে একটা প্রোপোজাল এসেছে। একটা মার্কেটিং ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠনের প্রস্তাব এসেছে, এটা ফিনান্স ডিপার্টমেন্টের বিবেচনাধীন আছে। আমি আশা করি এটা স্বাকার করে নিয়ে মার্কেটিং ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠনের অনুমতি যদি তারা দিয়ে দেন তাহলে পশ্চিমবঙ্গের চাষীদের অনেক সুবিধা হবে। সেই সুবিধার জন্য তারা অনেক উপকৃত হবেন। আজ পর্যন্ত নর্থ বেঙ্গলে মার্কেটিং-এর কিছু কাজ হয়েছিল। শিলিগুড়ি মার্কেটে আমরা মডেল বলে ডিক্লেরেশন করেছি। স্টেট মার্কেটিং বোর্ডের আওতায় এনে সেখানে অফিসার এবং কর্মচারিদের ট্রেনিং দেবার জন্য একটা ব্যবস্থা সেখানে করা হবে। সেই ট্রেনিং অফিসার বা কর্মচারিদেরই নয়, বাইরের লোকও যাতে ট্রেনিং পেতে পারেন সেই ব্যবস্থা হচ্ছে এবং তাদের ডিপ্লোমাও দেওয়া যাবে। শিলিগুড়ি মার্কেট, যা আমাদের ইস্টার্ন ইন্ডিয়ার গেট ওয়ে আছে সেখানে আনঅথরাইজড কন্সট্রাকশন, আনঅথরাইজড অকুপেশন হতে চলেছে, সেটা যদি এখনই আটকে না দেওয়া যায়, তাহলে এটাকে আমরা রক্ষা করতে পারব না, উন্নতি ,করতে পারব না। শিলিগুড়িতে আমরা মার্কেটিং ডেভেলপমেন্ট কর্পোরেশন গড়ে তুলব এবং অন্যান্য ডেভেলপমেন্টের যে স্কীম আছে সেইসবও যাতে করতে পারি সেই চেষ্টা আমরা করছি। তবে শিলিগুড়ি মার্কেটকে আমরা একটা মডেল মার্কেট হিসাবে গড়ে তুলব। আপনারা জানেন ভারতের প্রত্যেকটি স্টেটে এক একটা করে মডেল মার্কেট আছে। আমাদের পশ্চিমবঙ্গে সেই রকম কোনও মডেল মার্কেট ছিল না, সেই জন্য আমরা ডিপার্টমেন্টের তরফ থেকে শিলিগুড়িতে স্টেট মডেল মার্কেট করবার জন্য এগিয়ে এসেছি। আমরা যা কিছু কাজকর্ম করেছি, তা নর্থ বেঙ্গলের মধ্যেই করেছি। যেমন কোচবিহার, ধূপগুড়ি, শিলিগুড়ি, জলপাইগুড়ি, ইসলামপুর মার্কেট। মিঃ স্পিকার স্যার, আমি একটা কথা বলতে চাই, এবারে আমরা চেষ্টা করছি সাউথ বেঙ্গলে কিছু মার্কেটিং সিস্টেম ছড়িয়ে দেওয়ার জন্য। আজ কেন্দ্রীয় সরকারের দূর্নীতির জন্য বেকার যুবকরা চাকরি পাচ্ছে না। তাদের বিজনেস করার সুবিধা করার জন্য এগুলো আমাদের করতে হবে।

[5-40 – 5-50 p.m.]

ট্রেডের লাইনে যেতে হবে। এর জন্য মার্কেটের প্রয়োজন আছে। আগে চাষীভাইদের জন্য এগ্রিকালচারাল মার্কেটের প্রয়োজন ছিল কিন্তু এখন তার সঙ্গে সঙ্গে বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য সপিং কমপ্লেক্স বা বড় বড় মার্কেটের প্রয়োজন হয়ে পড়েছে। বেকার যুবক ভাই যারা চাকরি পায় নি তাদের জন্য যদি এই ভাবে শপিং কমপ্লেক্স বা বড় বড় মার্কেট করে দিতে পারি তাহলে একদিকে যেমন কর্মসংস্থানের ব্যবস্থা তার মাধ্যমে আমরা করতে পারব তেমনি অপর দিকে দেশের অর্থনৈতি অবস্থারও ভাল করতে পারব এবং এর মাধ্যমে দেশে ক্রমবর্ধমান বেকারীর বিরুদ্ধে লড়াই করতে পারব বা তার জবাব দিতে পারব। সাউথ বেঙ্গলে আমরা নতুন মার্কেট করতে আরম্ভ করেছি। স্যার, এই প্রসঙ্গে আপনার মাধ্যমে হাউসকে আমি জানাতে চাই যে নতুন নতুন মার্কেটের স্কীম আমরা

নিয়েছি তার মধ্যে সব চেয়ে আগে আছে ২৪ পরগনা জেলা। ২৪ পরগনা জেলার মধ্যে আমরা আলিপুরে সদর মার্কেট কমিটি করে বেসব্রিজে জননায়ক হেমন্ত বসুর নামে রেগুলেটেড মার্কেট করতে পেরেছি। এ ব্যাপারে আমি ধন্যবাদ জানাব আমাদের ২৪ পরগনা জেলার একজন এম. পি. শ্রী অমল দত্ত মহাশয়কে। তার চেষ্টাতে আজকে ২৪ পরগনার কাকদ্বীপ, আমতলায়, নামখানায় আমরা মার্কেট ডেভেলপ করতে চলেছি। আজকেই ডি. এমের মাধ্যমে আমি খবর পেয়েছি যে আমতলায় তারা জমি দিয়ে দিয়েছেন মার্কেটের জন্য। এতেই প্রমাণ হয় যে আমরা রেগুলেটেড মার্কেট করে সমস্যার সমাধান করার চেষ্টা ,করছি। মুর্শিদাবাদ জেলার লালবাগ, ধুলিয়ান, বহরমপুর, ফরাক্কা ও বেলডাঙ্গায় আমরা নতুন নতুন মার্কেট করে চাষীভাইদের সমস্যার সমাধান করছি। এই ভাবে পশ্চিমবঙ্গের খেটে খাওয়া মানুষদের স্বার্থে আমরা কাজ করে চলেছি। আমি আশা করি সকলেই এতে সহযোগিতা করবেন। পরিশেষে বলি, পান, আলু এবং অন্যান্য জিনিস এক্সপোর্ট করার ব্যাপার যেটা আছে সেটা আমরা করতে পারব। স্যার, আমার দপ্তরের বাজেটের উপর কোনও কাটমোশন নেই, সুতরাং কাটমোশনের বিরোধিতা করার প্রশ্ন নেই। এই বলে আমার বাজেটকে সমর্থন করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা খুবই দুঃখের ব্যাপার পশ্চিমবঙ্গের কৃষির অগ্রগতিকে বিরোধীরা খাটো করে দেখবার চেষ্টা করছেন। বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন আজকের এই বিতর্কের ওপেনিং ব্যাটসম্যান। তিনি এমন একটা বিষয় দিয়ে বক্তব্য রাখতে শুরু করলেন যেটা অবশ্যই কৃষির অগ্রগতির সঙ্গে যুক্ত আছে। ভূমি সংস্কার। তিনি প্রথমেই আমার কাছে প্রশ্ন রাখলেন, আপনার বাজেট বক্তৃতায় আপনি সংস্কারের কথা রাখেন নি কেন? বাজেটটা হচ্ছে কৃষির। ভূমি সংস্কারের কথা ভূমি সংস্কার বাজেটে নিশ্চয়ই রাখা আছে। আমাদের কৃষি বাজেট বিবৃতির মধ্যে ভূমি সংস্কারের প্রশ্ন টেনে আনার কোনও অর্থ হয় না। তথাপি উনি প্রশ্নটা তুলে বললেন, ভূমি সংস্কার মন্ত্রী দাবি করেন, পশ্চিমবঙ্গে কৃষি উন্নতির মূল অবদান ভূমি সংস্কারের। একথা কে অস্বীকার করছে? ভাল চাষবাসের প্রধান এবং প্রথম শর্তই হচ্ছে ভূমি সংস্কার। পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার হয়েছে বলেই গরিব কৃষকদের হাতে জমি গিয়েছে, জোতের পরিমাণ ছোট হয়েছে এবং বিশেষজ্ঞরা বলছেন — জোত যত ছোট হবে চাষবাস তত ভাল হবে। কৃষি বিজ্ঞানীরা এই কথাই বলেন। সুতরাং চাষবাসের অগ্রগতি নিশ্চিতভাবে ভূমি সংস্কারের উপর নির্ভর করে, এতে কোনও দ্বিমত নেই। আমি এ প্রশ্নটা আমার বাজেট বিবৃতিতে রাখিনি এই কারণে যে, ওটা নেহাতই ভূমি সংস্কারের ব্যাপার এবং এখানে শুধু কৃষির কথাই বলেছি। উনি আর একটা কথা বলেছেন। উনি বললেন, খোঁজ নিয়ে দেখুন, কোনও গরিবের হাতে জমি নেই। অদ্ভুত কথা। ভূমি সংস্কারের ফলে যে গরিবদের হাতে জমি গিয়েছে, তাদের হাতে নাকি জমি নেই। তাহলে জমি গেল কোথায়? ভূমি সংস্কারের পর জোতদাররা পশ্চিমবঙ্গের চলচিত্র থেকে উচ্ছেদ হয়ে গেছে, সমস্ত জমি এখন গরিব মানুষদের কাছে

আছে। কৃষি দপ্তরের সব চেয়ে বড় দায়-দায়িত্ব যেটা, সেটা হচ্ছে, এই যে লক্ষ লক্ষ গরিব কৃষকের হাতে লক্ষ লক্ষ একর জমি তুলে দেওয়া হয়েছে, এখন কৃষি উৎপাদন বাড়াবার জন্য সেই জমিগুলোর উৎপাদন ক্ষমতা বাড়াতে হবে। তার জন্য আধুনিকতম কৃষি প্রযুক্তি কৃষকদের কাছে পৌঁছে দিতে হবে — এ সমস্ত গরিব কৃষকদের কাছে যারা ব্যক্তিগতভাবে নিজেরা আধুনিক প্রযুক্তি জমিতে ব্যবহার করতে পারেন না, যেটা পাঞ্জাব, হরিয়ানা বিত্তশালী কৃষকরা পারেন। তাঁরা এক একজন দেড় শো, দুশো একর জমিতে চাষবাস করেন। তাঁরা চাষবাসকে শিল্পে দাঁড় করিয়ে ফেলেছেন। যেটা পাঞ্জাব, হরিয়ানায় সম্ভব সেটা পশ্চিমবঙ্গে আজকে সম্ভব নয়। আজকে পশ্চিমবঙ্গের কৃষির সম্প্রসারণের সমস্ত দায়-দায়িত্ব কৃষি বিভাগের। সুতরাং আপনারা যতই অস্বীকার করুন, আমাদের চাষবাস বাড়ছে, উৎপাদন বাড়ছে। ১৯৯১-৯২ সালে যে উৎপাদন হয়েছে সেটা নজিরবিহীন। আমরা সকলেই জানি, বিরোধীরাও স্বীকার করেছেন যে, ১ কোটি ২৮ লক্ষ টন খাদ্য শস্য আমরা উৎপাদন করেছি। তবুও আমরা স্বয়ং সম্পূর্ণ হতে পারি নি। এটাই হচ্ছে রিপোর্ট। কেন্দ্রীয় সরকারের হিসাব বলছে, আমাদের পশ্চিমবঙ্গকে যদি খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে হয় তাহলে ১ কোটি ৫২ লক্ষ টন খাদ্য শস্যের প্রয়োজন। অর্থাৎ আর মাত্র ২৪ লক্ষ টন বাকি আছে। এই যে কৃষির অগ্রগতি আমরা দেখছি এ সম্পর্কে বিরোধী দলের মাননীয় সদস্য অতীশ সিন্‌হা অবশ্য কিছু কথা বললেন।

[5-50 - 6-30 p.m.]

মাননীয় সদস্য শ্রী অতীশ সিন্‌হা বললেন, কৃষকরা নিজেদের দায়েই চাষবাস করছে, সেই জন্য ফসল বাড়ছে। আমার প্রশ্ন হচ্ছে, প্রযুক্তি কি আকাশ থেকে পড়ছে! উন্নত জাতের বীজ, ফার্টিলাইজার জায়গা মতন পৌঁছে দেওয়া হচ্ছে। সুন্দরবনের কয়েকজন সদস্য বক্তৃতা দিতে গিয়ে সেই একই কথা বললেন। সেখানকার কৃষকদের যে ফার্টিলাইজার সংগ্রহ করতে হয় — সেখানকার যারা ডিলার যে ফার্টিলাইজার রাখে তার ব্যবস্থা কৃষি দপ্তর থেকেই করতে হয়, সাবসিডি দিতে হয়। কলকাতার আশেপাশে ডিলাররা যে দামে ফার্টিলাইজার দিতে পারেন ঐ প্রত্যন্ত এলাকার ডিলাররা সেই দামে দিতে পারে না। তাদের যে ট্রান্সপোর্ট কস্ট পড়ে তার জন্য সরকারকে ট্রান্সপোর্ট সাবসিডি দিতে হয়। তারপর বীজের কথা বলেছেন,। কৃষি খামারের কথা এসে গেছে। কৃষি খামারগুলি ভাল চলছে না এটা ঠিকই। কিন্তু বিকল্প পথ — আজকে পশ্চিমবঙ্গে যে সীড কর্পোরেশন — বীজ নিগম তাদের কাজকর্ম উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ১০ বছর আগে আমাদের ভাল বীজের জন্য অপর রাজ্যের উপর নির্ভর করতে হতো। কিন্তু আজকে পশ্চিমবঙ্গে পুরো ভাল জাতের ধান, বীজ নিগম দিতে পারে। সেই অবস্থায় বীজ নিগম সেই জায়গায় পৌঁছে গেছে। অন্যান্য বীজের ক্ষেত্রে সেই জায়গায় যেতে পারেনি কিন্তু ধানের ক্ষেত্রে শতকরা ১০০ ভাগ বীজ নিগম দিতে পারবে। বীজ খামারের প্রশ্ন উঠেছে, ঠিকভাবে চলছে না এবং না চলার কারণ হিসাবে অনেকে অনেক রকমভাবে বলেছে। অন্য দৃষ্টিকোণ থেকে বিচার

করেছেন। আপনারা জানেন, আমি বেশিদিন এই দপ্তরের দায়িত্ব নিইনি। আমি যেটা ভাবছি সেটা হচ্ছে, আমাদের রাজ্যের উন্নয়নের যে ধারা সেই উন্নয়নের সাথে যুক্ত করে নিতে হবে। কৃষি খামারগুলিকে মূলধারা সাথে নিয়ে আসতে হবে। এই জন্য একটা ফার্ম কমিটি করা হয়েছে। ফার্ম কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছে পঞ্চায়েতের সভাপতি। এছাড়া কৃষক প্রতিনিধিদের নিয়ে, সরকারি স্তরের প্রতিনিধিদের নিয়ে কমিটি করা হয়েছে — এবং সেই কাজগুলি চলছে। আমি আশা করি, এইভাবে এই প্রক্রিয়ার মধ্য দিয়ে এগিয়ে যেতে পারব। যেমন বলা হচ্ছে, ট্রাক্টর নেই, লাঙ্গল নেই, গরু নেই। একথা ঠিকই, এগুলির জোগান সরকারকে দিতে হবে। অর্থের প্রয়োজন আছে একথা ঠিকই, তবুও আমার ধারণা এই প্রক্রিয়ার মধ্য দিয়ে এগিয়ে নিয়ে যেতে পারব। আমরা আস্তে-আস্তে ধাপে-ধাপে প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহ করে একটা জায়গায় নিয়ে আসতে পারব এবং বীজের ক্ষেত্রে যে ভূমিকা সেই ভূমিকাটা যথাযথ পালন করতে পারবো। এখানে টাকার কথা বলেছেন, বাজেটে টাকা কমে গেছে। শুধু কৃষি দপ্তরের টাকা বাজেটে কমেনি, সব দপ্তরের টাকাই কমেছে। আর টাকা কমবে নাই বা কেন? যে দেশের কেন্দ্রীয় সরকারের অর্থনীতি বিদেশী ঋণের উপর নির্ভরশীল তার প্রতিফলন রাজ্যে-রাজ্যে আসবেই। সুতরাং এটাই স্বাভাবিক। দেশে আর্থিক সঙ্কট চলেছে, সেইজন্য সেই হারে বাজেটে টাকা কমেছে। বাজেটের টাকা কমলেও কৃষির উৎপাদন কমেনি। যে কোনও মূল্যে কৃষির যে সম্প্রসারণের কাজ সেটা কৃষি বিভাগ চালু রাখতে পেরেছে। শুধু তাই নয়, বীজ খামারগুলির কাজ তারা হাতে নিয়েছেন। এর সাথে সাথে আর একটি বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে, আমাদের রাজ্যে ফলের চাষ বা হর্টিকালচারে আমরা কিছুটা পিছিয়ে আছি, তবে তরি তরকারীর চাষবাসের কাজ এখানে খুব ভাল হচ্ছে, তাই আমরা সেটা রাজ্যের বাইরেও পাঠাচ্ছি। আলুর উৎপাদনে আমরা সারা ভারতবর্ষে দ্বিতীয় স্থানে রয়েছি। সর্ষে, যেটা সত্তর দশকে প্রয়োজনের দশভাগও উৎপাদন করতে পারতাম না, আজকে সেটা প্রয়োজনের ৪০ ভাগ উৎপাদন করতে পারছি। সর্ষের চাষ অত্যধিক শৈত্যে খুব ভাল হয় এবং তার জন্য আমাদের রাজ্যে এর চাষ কম হত। কিন্তু আমাদের নিজস্ব বৈজ্ঞানিকরা গবেষণা করে বিনয় নামে এক নতুন প্রজাতির বীজ বের করেছেন যার জন্য আমাদের রাজ্যে সর্ষের চাষ এগিয়ে চলেছে। আপনারা বলেছেন যে. চাষীরা চেষ্টা করছেন বলেই কৃষি উৎপাদন বেড়েছে। কিন্তু সেটাই সম্প্রসারণের কাজ। মাননীয় সদস্য অতীশবাবু বলে গেলেন যে, ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত রাজ্যে খাদ্য উৎপাদনের একটা গড় হার তাঁরা দেখিয়ে গেছেন, কিন্তু ১৯৪৭ থেকে ১৯৭৭ পর্যন্ত — ১৯৬৭ থেকে ১৯৬৯ বাদ দিয়ে --- না দেখিয়ে শুধুমাত্র ঐ পাঁচবছরের গড় হার দেখিয়ে বলে গেলেন যে, আমাদের উৎপাদন গড় হার কম। এই হিসাব দিয়ে তিনি নিজেদের পিছিয়ে পড়াটা ঢাকতে চেয়েছেন। তাই আমি বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করছি এবং আমার উত্থাপিত বাজেট পাস করাবার দাবি রাখছি।

**Demand No. 47**

The motion that the amount of the Demand be reduced by Rs.100/, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs,1,11,40,80,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry (Excludiong Public Undertakings) and 6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.37,15,00,000 already voted on account in March, 1993), was then put and agreed to.

**Demand No. 48**

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs.10,80,68,000 be granted for expenditure under Demand No.48, Major Heads : "2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation."

(This is inclusive of a total sum of Rs.3,61,00,000 already voted on account in March, 1993.) was then put and agreed to.

**Demand No. 55**

The motion that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs.24,62,14,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2415—Agricultural Research and Education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)."

(This is inclusive of a total sum of Rs.8,20,90,000 already voted on account in March, 1993.) was then put and agreed to

**Demand No. 58**

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 27rd March, 1993 that a sum of Rs.32,24,66,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2435—Other Agricultural Programmes

and 4435—Capital Outlay on other Agricultural Programmes."

(This is inclusive of a total sum of Rs.10,76,00,000 already voted on account in March, 1993.), was then put and lost.

**Adjournment**

The House was then adjourned at 6-03 p.m. till 11.00 a.m. on Wednesday, the 23rd June, 1993, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House,. Calcutta on Wednesday, the 23rd June 1993 at 11.00 a.m.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 11 Ministers of State and 169 Members.

[11-00—11-10 a.m.]

## POINT OF ORDER

**শ্রী দেবপ্রসাদ সরকার :** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আজকে সমস্ত সংবাদপত্রে বেরিয়েছে প্রধানমন্ত্রীর ছেলে প্রভাকর রাওকে নিয়ে। জে. পি. সি-র খসড়া রিপোর্টে বেরিয়েছে প্রধানমন্ত্রীর ছেলের গোল্ডস্টার কোম্পানিকে যিনি ২ কোটি টাকা পাইয়ে দিয়েছিলেন সেই টাকা নিয়ে স্যার আজকে সি. বি. আই. তদন্ত করছে না। প্রধানমন্ত্রীর ছেলে বলে সি. বি. আই প্রভাবিত হয়েছে। ১৯৯২ সালের ২০শে মার্চ স্যার, এই রিপোর্ট দিয়েছিল, ৭ মাস পরে ১৯৯৩ সালে তাঁরা এই তদন্ত করছেন।

(গোলমাল)

তার জন্য জে. পি. সি. সন্তুষ্ট নয়, সেটা জে. পি. সি-র রিপোর্টে বেরিয়েছে। জে. পি. সি-র খসড়া রিপোর্টে বেরিয়েছে সি. বি. আই-এর তদন্তে তারা সন্তুষ্ট নয়। তাঁরা বলেছেন আয়কর, সেবি, রিজার্ভ ব্যাংক এবং আরো অন্যান্য কতকগুলো দপ্তরকে নিয়ে এই ব্যাপারে পূর্ণাঙ্গ তদন্ত হোক যৌথভাবে। এই ব্যাপারে প্রধানমন্ত্রীর ছেলে যুক্ত, সেই জন্য সি. বি. আই প্রভাবিত হয়েছে, তারা যথাযথভাবে তদন্ত করতে পারছে না, জে. পি. সি.-এর তদন্তে সন্তুষ্ট নয়। জে. পি. সি বলেছেন যৌথভাবে তদন্ত করার ব্যবস্থা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়

(গোলমাল)

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। ইতিমধ্যে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে হর্ষদ মেহেতার কাছ থেকে ১ কোটি টাকা নিয়েছে। আবার অভিযোগ উঠেছে প্রধানমন্ত্রীর ছেলে এই সেয়ার কেলেংকারিতে যুক্ত। সেই জন্য এই ব্যাপারে তদন্ত চেপে দেবার চেষ্টা করা হচ্ছে। এই ক্ষেত্রে আরো দৃঢ় ভাবে প্রমাণ করছে এর সঙ্গে প্রধানমন্ত্রী যুক্ত। তাই আমরা

জনগনের স্বার্থে আমরা প্রধানমন্ত্রীর পদত্যাগ দাবি করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুতর বিষয়। আজকে গোটা বিশ্বের কাছে ভারতবর্ষের মাথা হেঁট হয়ে গেছে। ভারতবর্ষের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে। জে. পি. সি যৌথ তদন্তের কথা বলছে। এই ব্যাপারে নতুন করে প্রমান করছে যে প্রধানমন্ত্রী সেয়ার কেলেংকারির সঙ্গে যুক্ত আছেন। আজকে এই মুহূর্তে প্রধানমন্ত্রীর পদত্যাগ করা উচিত। গণতন্ত্রের স্বার্থে, সংসদীয় রীতিনীতি বজায় রেখে যে ভাবে জাপানের প্রধানমন্ত্রী পদত্যাগ করেছিল। আজকে প্রধানমন্ত্রী গোটা বিশ্বের কাছে ভারতবর্ষের মাথা হেঁট করেছেন। ১৯৯২ সালের মার্চ মাসে সি. বি. আই জানতে পেরেছিল, ৭ মাস পরে তারা কোন তদন্ত করেনি। আজকে আমি প্রধানমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

......(noise)....

...(Shri Sudip Bandyodadhyay and several other Congress(I) Members rose to speak)...

...(noise)...

Mr. Speaker : Mr. Abedin, I want to know from you ...

...(noise)...

...(Shri Sudip Bandyopadhyay and some other Congress(I) Members rose to speak)...

Mr. Dr. Abedin, Mr. Deba Prasad Sarkar, has referred to certain comments of the Joint Parliamentary Committee. Mr. Sarkar is a senior Member of this House. Now, the question is that the Joint Parliamentary Committee has not yet submitted its report to the Parliament. It has come as form of leakage, I think. It may be true, it may not be true. The report has not laid on the Table of the Parliament. Press has published it from its own source. How it can be discussed here? We have our own rules. We have got certain limitations. How can we discuss a matter of different form? It is a fact that people are aggrieved. But we have to go according to our rules. We are bound to function according to rules. You are a veteran Parliamentarian. You are a senior Member of this House. I want to know from you on this point.

আমি যেটা বুঝেছি, আমি মনে করছি, টেকনিক্যালি এটা নিয়ে আলোচনা করা যায় না। can we discuss on a report of the news paper regarding the draft report of the Joint Parliamentary Committee which has not placed in the Parliament.

তাছাড়া পার্লামেন্টে প্লেসড হলে আমরা কতটা ডিসকাশ করতে পারব, বা ডিসকাস করতে পারব না তা আমি জানি না। উই হ্যাভ আওয়ার লিমিটেশন। আমরা কি করতে পারব, কি করতে পারব না সেই ব্যাপারে ... I want to know your valuable opinion on that aspect.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে লোকসভার কোনও বিষয় নিয়ে সাধারণভাবে বলতে পারা যায় না আনলেস দেয়ার ইজ ন্যাশনাল ইন্টারেস্ট। সবচেয়ে গুরুত্বপূর্ণ পয়েন্টসগুলো অর্থাৎ যে মূল কথা, সেটা আপনি বলে দিয়েছেন। রিপোর্টটা ড্রাফ্‌টস হয়েছে কিন্তু ইট হ্যাজ নট বিন প্লেসড। ইন্টারেস্টের বাইরে থাকলেও সেটা নিয়ে আলোচনা হতে পারে কিন্তু আনলেস ইট ইজ প্লেস্‌ড হাউ ক্যান আই নো। একটা ফরম্যাল মোশন সাবস্টেনটিভ মোশন এটা নিয়ে আলোচনা হতে পারে না। একটা প্রিভিলেজ আমরা আনব এবং সেটা নিয়ে বারেবারে বলেছি, কাগজেও বেরিয়েছে রশিদের সম্পর্কে যে, তার সঙ্গে জ্যোতি বসু এবং বিদ্যাসাগরের এম. এল. এ., সিপিএমের চীফ হুইপ জড়িত আছেন। সেটা নিয়ে আমরা বারে বারে বলতে চেয়েছি কিন্তু আপনি বলতে দেন নি সেটা উইসডাম বলেই বলতে আমরা পারিনি। একটা সাব-জুডিস বিষয় হলেও সেই বিষয় বলা যায় ...whole world cannot be exeluded, there are limitations, there are clear confinement.

সেখানে এস ইউ সি আই হচ্ছে একটা পার্টি, তারা আবার এই খবর নিয়ে এসেছে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার আজকের পত্রিকায় জেপিসির একটা রিপোর্টের ব্যাপারে যে প্রকাশিত হয়েছে সেটা উদ্ধৃতি করে বললেন এবং তাতে ডাঃ জয়নাল আবেদিন মন্তব্য করেছেন। এখন প্রশ্ন হচ্ছে যে, এটা প্রধানমন্ত্রীর পুত্র, তার ব্যাপারে গোল্ড স্টার কোম্পানিকে নিয়ে জড়িয়ে স্ক্যাম জেপিসির রিপোর্টে বেরিয়েছে এবং সেটাই পত্রিকাতে বেরিয়েছে। আমাদের অ্যাসেম্বেলিতে জাতীয় ইন্টারেস্টে প্রধানমন্ত্রীর এবং তাঁর পুত্রকে নিয়ে আজকে জাতীয় রাজনৈতিক মহলে যে আলোচনা হচ্ছে তাতে নৈতিক মূল্যবোধের দিক থেকে এবং সেই বোধকে পুনরুদ্ধার করবার জন্য সংবিধানের চৌহদ্দির মধ্যে এই বিধানসভা এবং সেখানে এই মূল্যবোধের স্বার্থে, দুর্নীতির বিরুদ্ধে উদঘাটিত হতে পারে এবং আলোচনা করতে পারেন তবে আপনার কনসেন্ট নিয়ে এবং আপনার রেসিডিউওয়ারি পাওয়ার নিয়ে আলোচনা হতে পারে। সেই অনুযায়ী এটা আলোচনার যোগ্য বলে আমি মনে করি।

**Mr. Speaker :** I am not in agreement with you. Please execuse me. The question here is, there is a Joint Parliamentary Committee which is enquiring into certain reports but that has not been placed either in the Lok Sabha or in the Rajya Sabha as such.

A newspaper report has appeared which is in the form of leakage. Whether this House is competent to discuss that part of newspaper report which is in the form of leakage of Joint Parliamentary Committee's proceedings and reports আমাদের লিমিটেড কোয়েশ্চেন আছে। We have to meet that question. You must remember one thing, Mr. Haldar, that however important the issue it cannot override the limitation in which we have to function. You have to understand that.

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যেভাবে প্রশ্নটা উত্থাপিত করেছেন, যে এটা জে. পি. সি-র রিপোর্ট এখনো লোকসভায় উপস্থাপিত হয়নি এবং এই বিষয়ে আমাদের বিধানসভায় আলোচনা করা উচিত কি না বা অ্যাকর্ডিং টু রুলস্ অ্যান্ড কনভেনশন এটা করা যায় কিনা সেটা আপনার কনসেন্টের উপর আমি ছেড়ে দিচ্ছি। যখন এটা পার্লামেন্টে উত্থাপিত হয়নি তখন এটা প্রশ্ন থেকেই যায়। তখন এটা বিধানসভায় কমপিটেন্ট কিনা এটা আপনার বিচারের উপর ছেড়ে দিচ্ছি। কারণ এটা একটা বিতর্কের বিষয়। আপনি এই ব্যাপারে কনসেন্ট দিন, আপনার রেসিডুয়ারি পাওয়ার আছে। কারণ যেটা লোকসভায় উত্থপিত হয়নি তখন সেটা নিয়ে আলোচনার ব্যাপারে একটা প্রশ্ন থেকেই যায়। এই হচ্ছে আমার বক্তব্য।

(নয়েজ)

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আপনি স্যার ওদের বসান। একথা ঠিক যে এই রিপোর্টটা পার্লামেন্টে উপস্থিত হয়নি। স্যার, আপনি এটা জানেন যে পার্লামেন্টে রিপোর্ট উপস্থিত হলেও আমরা আলোচনা করতে পারি না। এই ব্যাপারটা যেভাবে প্রচারিত হয়েছে যে অর্থমন্ত্রী মনমোহন সিং এই পাঁচ হাজার কোটি টাকার শেয়ার কেলেঙ্কারির ব্যাপারে যুক্ত। এটা নতুন ব্যাপার নয় এবং এটা নিয়ে আলোচনা করার জন্য জয়েন্ট পার্লামেন্টারি কমিটি তৈরি হয়েছে এবং তারা এটা বিচার করছেন। কিন্তু বাড়তি যেটা হয়েছে যে আমাদের প্রধানমন্ত্রীর পুত্রর নামও এই ব্যাপারে জড়িয়ে পড়েছে এবং তিনিও আজকে শেয়ার কেলেঙ্কারির ব্যাপারে যুক্ত। তাই জাতীয় স্বার্থে সমস্ত বিষয়টাই আলোচনা হওয়া দরকার। স্যার রিপোর্টটা যখন পার্লামেন্টে উপস্থাপিত হবে তখন জানা যাবে তাতে কি আছে। কদিন বাদে আপনি স্পিকার কনফারেন্সে যাচ্ছেন, তখন আপনি নিশ্চয় জানতে পারবেন। স্যার, যে খবরটা বেরিয়েছে সেটা ঠিক কিনা? যে ভারতবর্ষের অর্থমন্ত্রী মনমোহন সিং পাঁচ হাজার কোটি টাকার কেলেঙ্কারির সঙ্গে যুক্ত। স্যার, এটা রিপোর্টের ব্যাপার নয়, আপনি এটা অ্যালাউ করুন। এটা খুব জরুরি ব্যাপার, এটা জাতীয় স্বার্থের বিষয়। আজকে জাতীয় মূল্যবোধ শেষ হয়ে যাচ্ছে, এর থেকে বড় সংকট আর আমাদের কি আসবে। আজকে ভারতের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ যে তিনি এক কোটি টাকা ঘুষ নিয়েছেন। আমি জানিনা ওরা ঘুষ নিয়েছেন কিনা বা ভাগ পেয়েছেন কিনা। স্যার, আপনি এই বিষয়টা আলোচনা করতে দিন।

(নয়েজ)

## RULLING FROM CHAIR

**Mr. Speaker :** Hon'ble Member, Shri Deba Prasad Sarkar, at the initial stage today raised a matter for discussion/which apparently relates to certain reports appearing in today's newspaper referring to proceedings of Joint Parliamentary Committee of the Lok Sabha and Rajya Sabha. The Joint Parliamentary Committee has not laid the report either on the table of the House of the Lok Sabha or the Rajya Sabha. I have had occasion to go some parts of newspaper reports appearing today and it appears that the reports appeared are in the form of leakage and does not form a part of report of the proceedings. The Joint Parliamentary Committee is a part of Parliament of Lok Sabha and Rajya Sabha and does not comprise this Assembly. It has not been set up by the Assembly and they are not to report to this House. They are to report to the Lok Sabha and Rajya Sabha. As such this Assembly has got nothing to do with the report of the Joint Parliamentary Committee till it is laid on the table of the House and made public.

[11-20 - 11-30 a.m.]

Till that point of time, I am sorry, the subject covered for the discussion of the Joint Parliamentary Committee - appearing is the form of reports in the newspapers - cannot be and should not be, on the point of ethics, discussed in this House. It will be a very bad precedent. As such, I hold that the discussions which had taken place and any reference to the Joint Parliamentary Committee will have to be expunged.

Now, we will take up the Questions.

### Starred Questions

(to which oral answars were given)

### বিগত আর্থিক বছরে রাজ্য-পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দের পরিমাণ

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্য-পরিকল্পনা খাতে প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের পরিমাণ কত ছিল; এবং

(খ) প্রকৃত ব্যয়ের পরিমাণ কত?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত :**

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্য পরিকল্পনা খাতে ১৫০১.০০ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছি।

(খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে পরিকল্পনা খাতের প্রকৃত ব্যয়ের চূড়ান্ত হিসাব এখনও পশ্চিমবঙ্গের মহাগানণিকের (Accountant General, West Bengal) কাছ থেকে পাওয়া যায় নি। ঐ বরাদ্দের সংশোধিত বরাদ্দ অনুযায়ী এই ব্যয়ের পরিমাণ ৮৮৭.০৩ কোটি টাকা।

**শ্রী আবু আয়েস মণ্ডল :** মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ১৯৯১/৯২ সালে রাজ্যের পরিকল্পনা খাতে প্রস্তাবিত ব্যয় এবং প্রকৃত ব্যয়ের পার্থক্য কতটা?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত :** ১৯৯১/৯২ সালে অর্থাৎ আগের বছরে ১৪৮৬ কোটি টাকার পরিকল্পনার ব্যয়বরাদ্দ ছিল এবং ৯১৩ কোটি টাকা ব্যয় হয়, আর. ই, অ্যাকচুয়ালে ৯০৬-এর মতো হয়।

**শ্রী আবু আয়েস মণ্ডল :** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৯১/৯২ এবং ১৯৯২/৯৩ সালের — পরপর দুটি আর্থিক বছরের পরিকল্পনা ব্যয় ১২০০ কোটি টাকা ছাঁটাই করার প্রধান প্রধান কারণ কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** ১৯৯১/৯২ সাল, যেটার ব্যাপারে মূল প্রশ্ন ছিল সে সম্পর্কে আগে বলে তারপর আমি ১৯৯১/৯২ সালের কথায় আসবো। ১৯৯২/৯৩ সালে বাজেট বরাদ্দ যখন করা হয় তখন যে যে খাতে অর্থ প্রাপ্তির কথা আমরা ধরেছিলাম তার মধ্যে একটা ছিল, যোজনা কমিশনের সঙ্গে যখন আলোচনা হয় সেই সময় কথা হয় যে আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে দুশো কোটি টাকা ঋণ পাওয়া যাবে। এটাই লিখিত অঙ্গীকার যোজনা কমিশনের দিক থেকে করা হয়। সেই দুশো কোটি টাকার মধ্যে শূন্য কোটি টাকা পাওয়া যায়। স্বল্প সঞ্চয়-এর ক্ষেত্রে ৭শো কোটি টাকা ধরা হয়েছিল। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে জাতীয় নীতি পরিবর্তন করে — আমরা মনে করি শেয়ার বাজারের কেলেঙ্কারির সঙ্গে এর যোগ আছে — কতকগুলি নীতি নেবার জন্য প্রায় ৩শো কোটি টাকার ক্ষতি ১৯৯২/৯৩ সালে হয়। আরো নির্দিষ্টভাবে ২৮৬ কোটি। তার আগের বছর যেটা আমি বলছিলাম ৯০০ কোটি টাকার বেশি যেহেতু খরচ হয় সেটা আগের বছরের ব্যয়বরাদ্দের চেয়ে কম ছিল। তার কারণ, সে বছর ৪০০ কোটির বেশি স্বল্প সঞ্চয় খাতে আঘাত নেমে আসে। সেই বছর ২১৫ কোটি টাকার বিশেষ কেন্দ্রীয় সাহায্য দেবার কথা বলা হয়েছিল কিন্তু তা পাওয়া যায়নি। তার জন্য পরিকল্পনার ব্যয় কম ছিল। আর একবার দ্বিতীয় আঘাত করে ৭১

কোটি টাকা কেটে নেওয়া হয়। সেই ৭১ কোটি টাকা কাটার মধ্যে ৫০ কোটি টাকা কাটা হয় ১৯৯২/৯৩ সালে।

আমরা ভেবেছিলাম ব্যাপারটা সেখানেই থামবে। এরপরে সেন্ট্রাল প্ল্যান অ্যাসিস্ট্যান্স-এর অনেক আগে রাজ্যে বিদ্যুৎ পর্ষদের কিছু বকেয়া কেন দেওয়া হয়নি, এটা উল্লেখ করে ৭৯ কোটি টাকা কেটে নেওয়া হয়। একবার নেবার পরেও, আমি আগের দিন উত্তরে বলেছি, আমাদের যে প্রাপ্য ছিল তার থেকে ১৬০ কোটি টাকা কম দেয়। কয়লা কোম্পানি, যদিও আমরা বলেছি তারা যে কারণটি দেখাচ্ছিল যে আমাদের পাওয়ার এজেন্সিগুলো বিল দেয়নি, তার চেয়ে আনেক বেশি ওরা দেননি, ১৬০ কোটি টাকা এখনও আমরা পাইনি। কেন্দ্রীয় করের বিভাজন জনিত যে টাকা আমরা পাই, সেখানে টাকা বৃদ্ধি হওয়ার পরেও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে গ্রান্ট ইন এইড হিসাবে যা পাওয়া যায়, সেখানে তার চেয়েও বেশি কোটি হয় বলে নীট আরও ১৫১ কোটি টাকা এই দুটো খাত মিলে আমাদের কম দেওয়া হয়। এর সঙ্গে বলা উচিত রাজ্য সরকারের করের ক্ষেত্রে প্রায় ৩০০ কোটি টাকার একটু বেশি যে শর্ট ফল হয়, তার অর্ধেকের কাছাকাছি কিন্তু ঐ কোল সেস না পাবার জন্য, আর বাকি যেটা সেটা কিন্তু অযোধ্যার ঘটনার পর একটা শর্ট ফল হয়। আমরা রাজ্যের অংশটা তার মধ্যে কোল সেস সেটা বাদ দিলেও কেন্দ্রের জন্যই শর্ট ফল প্রায় ৯০০ কোটি টাকার মত আমাদের ক্ষতি হয়। লক্ষ্য করবেন ১৫০১ থেকে ৯০০ বাদ দিলে ৬০০ কোটি পরিকল্পনায় খরচ কমে যাবার কথা ছিল, সেটা ৮৮৭ কোটি টাকাতে শেষ পর্যন্ত সংশোধিত বরাদ্দ রাখতে পেরেছি, অ্যাকচুয়ালসটা কি হবে সেটা এ. জি. থেকে রিপোর্ট পেলে বোঝা যাবে। যা ইঙ্গিত দেখতে পাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, হয়তো অনুমান করা যাচ্ছে অ্যাকচুয়ালটা এর থেকে একটু বেশি হবে। এই কারণগুলোর জন্য আমাদের কম হয়েছে। আগের বছরেরটা এই সুযোগে বলে দিলাম।

**শ্রী সৌগত রায় :** স্যার, মন্ত্রী মহাশয় একটা যা হিসাব দিলেন তাতে দেখা গেল পরিকল্পনা বরাদ্দ খরচ করতে পারার ফলে রাজ্যের উন্নয়ন এই রাজ্য সরকার কুঠারাঘাত করেছেন। গত বছর ৯১-৯২তে যা পরিকল্পনা তার চেয়ে ৬০০ কোটি টাকা কম হয়েছে। তার মানে পরিকল্পনার মাত্র ৬০ ভাগ টাকা ওরা খরচ করেছেন। এবং এবারে যা হিসাব দেখা যাচ্ছে তাতে ওরা পরিকল্পনার ৬০ ভাগ টাকা খরচ করেছেন। এবারের ৬০০ কোটি শর্ট ফল হয়েছে, তার মানে রাজ্য সরকারের বিরাট কৃতিত্ব এই যে পরিকল্পনা বরাদ্দের থেকে ২ বছরে ১২০০ কোটি টাকা কম খরচ করেছেন। এবং যে যুক্তি উনি দিচ্ছেন, শুধু স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রকে রেফার করে, যে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রেও সেখানে ঋণ হিসাবে রাজ্য সরকার পায় সেটা রাজ্য সরকারের আসল সম্পদ সংগ্রহ নয়, এটা ইটস এ ফর্ম অব লোন। ইট ইজ এ কেস অব স্মল সেভিংস। অ্যাকটচুয়ালি রিসোর্স মোবিলাইজ করা যায়নি। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে পারি কি, এই যে দু বছরে ৪০ পার্সেন্ট, ৪০ পার্সেন্ট শর্ট ফল হলো পরিকল্পনায় তাতে কোন কোন খাতে কত পারসেন্ট করে শর্ট ফল হল,

তার মানে আপনি যদি এনার্জি ধরেন, এডুকেশন ধরেন, ইন্ডাস্ট্রিজ ধরেন, ইরিগেশন ধরেন, মেজর যে হেডগুলো আছে, তাতে কত কত শর্ট ফল হল ৯১-৯২ তে যদি সেটা না বলেন, ৯২-৯৩ তে কত কত শর্ট ফল হলো, তার মানে আমরা একটা আইডিয়া পাব যে রাজ্যের ভবিষ্যৎ উন্নয়ন কতটা পেছিয়ে গেছে।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা করতে গিয়ে প্রশ্নের প্রস্তাবনা হিসাবে দুটি ছোট ছোট প্রশ্ন যেহেতু রাখা হয়েছে, সেই দুটো প্রশ্নের উত্তর দিয়ে তৃতীয়ত সবটার উত্তর দিচ্ছি। রাখতে গিয়ে বলা হয়েছে যে এই যে দু বছরে খরচ কম হল, আমি পরিষ্কার ভাবে বলে রাখি, তার আগে সপ্তম যোজনায় যখন এই আঘাতগুলো কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসেনি, যা প্রস্তাবিত ব্যয় ছিল তার ১০৯ ভাগ আমরা খরচ করি ৭১ শতাংশ রাজ্য সরকার নিজের ফায়ে দাঁড়িয়ে। এই দু বছর যেটা আমি আর একবার মনে করিয়ে দিচ্ছি, এই আঘাতগুলা স্বল্প সঞ্চয়ের মাধ্যমে দুটো বছর পরপর প্রায় ৭০০ কোটি টাকা আর দুটি বছর ২১৫ কোটি টাকা প্রথম বছর, পরের বছর ২০০ কোটি টাকা, এটা লিখিত আছে, আমি বারংবার দিয়েছি বাজেট বরাদ্দেও বলেছি, এই আঘাতটা কেন্দ্রীয় সরকারের জন্য হয়েছে। তারপর আর একটা প্রশ্ন উনি পরিষ্কার ভাবে রেখেছেন স্বল্প সঞ্চয়ের কাছে যেটা, সেটা তো ঋণ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভূলটা আমি একবার সংশোধন করে দিয়েছি এখানে। আরও একবার বলছি। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে কোন অর্থটা আমরা ফেরত পাই, এটা নীট স্বল্প সঞ্চয়। যদি কোনও একটি বছরে — আমি হিসাবে বলছি।

[11-30 – 11-40 a.m.]

যদি ১ হাজার কোটি টাকা পশ্চিম বাংলার মানুষ জমা রাখেন এবং সঙ্গে যদি ৪০০ কোটি টাকা তুলে নেন তাহলে বাকি ৬০০ কোটি টাকার ৭৫ ভাগ পাওয়া যায়। অর্থাৎ সে বছর স্বল্প সঞ্চয়ের যে টাকা ফেরত যাচ্ছে সেটা রাজ্য সরকারই ফেরত দিয়ে দেন। এবং তার থেকে ২৫ শতাংশ সুদ বাবদ ফেরত দিতে হয়। যদিও আমরা বার বার বলছি এটা রাজ্যের লায়েবিলিটি হতে পারে না। এরপর আমি বলছি, ১৯৯২-৯৩ সালে যখন কেন্দ্রীয় সরকারের আঘাতের জন্য পরিকল্পনার ওপর কম করতে বাধ্য হই তখন আমরা অগ্রাধিকারের ভিত্তিতে এগিয়ে যাবার সিদ্ধান্ত গ্রহণ করি। তার বয়ানটা আমি এখানে দিচ্ছি। মাননীয় স্পিকার মহাশয়, কর্ম সংস্থান প্রকল্পের জন্য রাজ্য সরকারের যে বাজেট বরাদ্দ ছিল তার ১০০ ভাগই রক্ষা করার চেষ্টা হয়েছে। তফসিলি জাতি এবং উপজাতিদের কল্যাণের জন্য বাজেটে যা ছিল তাও ১০০ ভাগ রক্ষা করার চেষ্টা হয়েছে। পূর্ত সড়ক দপ্তরের বাজেটের ৯৯ ভাগ রক্ষা করার চেষ্টা হয়েছে। গ্রাম উন্নয়ন খাতের ৯৪ শতাংশ রক্ষা করার চেষ্টা হয়েছে। দুটো সেচ দপ্তর মিলিয়ে যে বরাদ্দ ছিল তার ৮০ ভাগ রক্ষা করার চেষ্টা হয়েছে। বিদ্যুৎ দপ্তরের ৬১ শতাংশ রক্ষা করার চেষ্টা করা হয়েছে। নগর উন্নয়ন খাতে ৮৪ শতাংশ রক্ষা করার চেষ্টা হয়েছে। গ্রাম উন্নয়ন দপ্তরের কথা আমি

আগেই বলেছি, কৃষি এবং গ্রাম উন্নয়ন মিলিয়ে যা বাজেটে বরাদ্দ করা হয়েছিল তার ৭৬ শতাংশ রক্ষা করার চেষ্টা হয়েছে। ইন্ডাস্ট্রির ক্ষেত্রে ৩৪ শতাংশ প্রটেক্ট করা গেছে। সড়ক পরিবহনের ক্ষেত্রে ১০০ ভাগই রক্ষা করা গেছে। পি. ডব্লু. ডি-র মোট বাজেট ছিল ৪২ কোটি ৫ লক্ষ টাকা, খরচ হয়েছে ৪২ কোটি টাকা। এখানে প্রয়োজন স্বাস্থ্য খাতের ওষুধের জন্য যা বরাদ্দ ধরা হয়েছিল তার ১০০ ভাগেরও বেশি রক্ষা করা হয়েছে। জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে — বিশেষ করে গ্রামীণ পানীয় জল সরবরাহের ক্ষেত্রে যা বলা হয়েছিল তার সবটাই রক্ষার চেষ্টা হয়েছে। শিক্ষার ক্ষেত্রে মাস লিটারেসি প্রোগ্রামকে রক্ষার চেষ্টা হয়েছে এবং নতুন স্কুলের যা প্রস্তাব ছিল তা রক্ষা করার চেষ্টা হয়েছে। আপনারা এই আঘাত হানার পরেও কর্ম-সংস্থান, গ্রাম উন্নয়ন, রাস্তা, সেচ ইত্যাদিকে অগ্রাধিকার দিয়ে আমরা রক্ষা করার চেষ্টা করেছি। আপনারা আঘাত করেছেন কেন? এর উত্তরটা আলোচনার সুযোগে কোন এক সময় দেবেন।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** অর্থনৈতিক বিধিনিষেধ বা এমবার্গো কোন কোন পারসপেক্টিভে করতে হয়েছে এবং বর্তমান পরিস্থিতি কি, কত দিন পর্যন্ত এই এমবার্গো চলবে?

**ডঃ অসীম কুমার দাসগুপ্ত :** আমি এই সুযোগে জানিয়ে রাখি যে, আমরা এবছর প্ল্যান এক্সপেনডিচারের ওপর থেকে সমস্ত এমবার্গো তুলে নিয়েছি এবং এই সিদ্ধান্ত ঘোষণা করা হয়ে গেছে। নন-প্ল্যান এক্সপেনডিচারের যে গুলোর ওপর এমবার্গো ছিল না সেগুলোর ওপর এখনো নেই। শুধু অফিশ এক্সপেন্সেস-এর ওপর কতকগুলো সীমারেখা রেখে এমবার্গো তুলে নিয়েছি।

এটা জানিয়ে রাখি, এত আঘাত করার পরেও ১৯৯১-৯২ সালে মোট উৎপাদনের ক্ষেত্রে—আমি বলে রাখি—সর্বভারতীয় ক্ষেত্রে মোট উৎপাদন বৃদ্ধি ২ শতাংশের বেশি হয়নি। আমি ২ বছরের হিসাব দিয়ে দিচ্ছি। ১৯৯১-৯২ সালের অ্যাকচুয়াল পাওয়া গেছে। ১৯৯২-৯৩ সালে রাজ্যসরকার অনুমতি করছে, আমরা অনুমতি করছি। ভ্রান্ত ধারণার চেষ্টা বিরোধীদলের নেতারা বারবার করেন। এত আঘাত করার পরেও — কেন আঘাত করেছেন তার লিখিত প্রমান দিয়েছি, তারপরেও আপনাদের থামাতে পারিনি। ১৯৯১-৯২ সালে সর্বভারতীয় উৎপাদন বৃদ্ধির হার ছিল ১.২ শতাংশ। পশ্চিমবাংলায় ১৯৯২-৯২ মোট উৎপাদন বৃদ্ধির হার ৫.৮ শতাংশ। ১৯৯২-৯৩ সালে সর্বভারতীয় ক্ষেত্রে বৃদ্ধির হার ৪.২ শতাংশ আর পশ্চিমবাংলায় সেই বৃদ্ধির হার ছাপিয়ে ৫৪.৫ শতাংশ হয়েছে। এত আঘাত করার পরেও সাধারণ মানুষ তার উত্তর দিয়ে দিয়েছেন।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি — টোটাল আউট-লে কত? এইটথ প্ল্যানে হয়েছে ৯ হাজার ৭৬০ কোটি টাকা। আপনার ১ বছরে ৯১২ কোটি টাকা, এ বছরের হিসাব নেই বলছেন। আপনি বললেন ৮৮৭ কোটি টাকা। এটা আমি ধরে নিচ্ছি। ১৫০১ কোটি টাকা ধরেছেন, কিন্তু আপনার ক্ষমতা নেই

৫০০ কোটি টাকা খরচ করবেন। এখন অষ্টম প্ল্যান রূপায়ন হবে, কি হবে না? আপনি যে দুর্গতিগুলি সৃষ্টি করেছেন — ইন্ডাস্ট্রি হচ্ছে না। আপনি যা করেছেন আর কেউ তা করেনি, মাউনটিং আন-এমপ্লয়মেন্ট হয়েছে। এগুলি শুধু আপনারা করতে চাচ্ছেন। এখানে খালি আঘাতের প্রশ্ন করছেন। আপনাকে সরাসরি প্রশ্ন করি — মাননীয় স্পিকার মহাশয়, ৩১৯ তে ২ ঘন্টার ডিসকাশন করার সুযোগ দেবেন — মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের যে অভিযুক্ত করছেন — বিকজ অফ দি আনসার অফ দি ফিনান্স মিনিস্টার। আপনি আঘাত করেছেন বলছেন, ২১৫ কোটি টাকা দিতে চাইল, আপনি সেই মিনিটস কি এখানে লে-আউট করবেন রাজ্যের স্বার্থে? উই উইল ক্যাম্পেন ইওর কজ। আপনি কতগুলো মনগড়া বানিয়ে বলবেন সেটা হবেনা। সারা ভারতবর্ষের জন্য যে প্ল্যানিং প্রসেস, যে কনট্রিবিউশন, যে সোর্স — সেটা পশ্চিমবাংলার ক্ষেত্রে কি আলাদা? আপনি যাদের অভিযুক্ত করছেন — যাদের ভোট নিয়ে আপনারা এসেছেন তাঁরাই ওদের ভোট দিয়ে কেন্দ্রীয় সরকার তৈরি করেছেন। আপনাদের ব্যর্থতা ঢাকার জন্য নিয়মিত যুদ্ধ কেন্দ্রীয় সরকারের সাথে করছেন, রাজ্যের স্বার্থ দেখছেন না। আমি জানতে চাইছি, আমাদের অষ্টম প্ল্যান যেদিকে যাচ্ছে দ্রব্যমূল্য ধরে, অষ্টম প্ল্যান এ্যাবানডান্ট করার দিকে এগুচ্ছেন কি? ৯ হাজার ৭৬০ কোটি টাকা রূপায়ণের কি কোনও সম্ভাবনা নেই? এটা কি ফিফথ্ ইয়ার প্ল্যান থেকে টেনথ্ ইয়ার প্ল্যানের দিকে নিয়ে যেতে চাইছেন — কোন দিকে নিয়ে যাচ্ছেন?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত :** মাননীয় স্পিকার মহাশয়, যেহেতু বিরোধীদলের মাননীয় জয়নাল সাহেব দীর্ঘ প্রশ্ন করতে গিয়ে কতকগুলো মন্তব্য সম্বলিত প্রশ্ন করেছেন সেহেতু ছোট যে যে প্রশ্নগুলি আছে প্রত্যেকটির উত্তর পুরো দিয়ে উত্তর দিয়ে দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট বক্তৃতা আমি দীর্ঘ এই কারণে করি প্রত্যেকটি তথ্য দায়িত্ব নিয়ে ধরে ধরে উত্তর দিয়েছি — কি কি কারণে রাজ্য সরকারের উপর এই ২ বছরে আঘাতটা আসে। উনি একটি কথা বারংবার বলেছেন। শিল্পের ক্ষেত্রে শিল্পের উন্নতির হার ১৯৯১-৯২ সালে যেটা প্রকাশিত হয়েছে নেগেটিভের মতন হয়ে গেছে। ১৯৯২-৯৩ সালের এখন ওঠেনি। সর্বভারতীয় এই অবস্থার মুখোমুখি দাঁড়িয়ে — শিল্প বানিজ্য কেন্দ্রীয় সরকারের তালিকায়, এর উপর কেন্দ্রীয় সরকারের তরফ থেকেই হবে — তবুও যখন প্রশ্ন করেছেন, যে প্রশ্ন তোলার নৈতিক অধিকার নেই এত আঘাত দেবার পরেও।

[11-40 – 11-50 a.m.]

তার কারণ বলা উচিত ৭তম যোজনার ক্ষেত্রেও এই ধরনের প্রশ্ন ওরা করেছিলেন। সমস্ত ৭তম যোজনায় ৩০ শতাংশেরও কম এবং সমস্ত রাজ্যগুলির মধ্যে মাথাপিছু সর্বাপেক্ষা কম পরিকল্পনা খাতে সাহায্য দেবার পরেও ব্যয়-বরাদ্দকে অতিক্রম যে ভাবে করতে পেরেছিলাম, ৮ম যোজনাতেও সেটা করতে বদ্ধ পরিকর। এই প্রশ্ন রেখে জয়নাল আবেদিন সাহেব খুব সুবিধা করে দিয়েছেন। এই বছর প্রথম যেটা কোয়াটার, প্রথম ৩ মাস শেষ

হতে চলেছে, এই ৩ মাসের মধ্যে এত বাধা-বিপত্তির মধ্যেও যেহেতু স্বল্প শেয়ার মার্কেটে কেলেঙ্কারি ফাঁস হবার পর উর্ধ্বগতি দেখা দিয়েছে, যে আঘাত এনেছিলেন, মানুষ তা থেকে বেরিয়ে এসেছে। তাই এই ৩ মাসের মধ্যে ১০০ কোটি টাকার বেশি পরিকল্পনা খাতে ব্যয়ের জন্য আমরা ছাড়তে পেরেছি, গত বছরের চেয়ে ঠিক দ্বিগুন বেশি হয়েছে। প্রথম কোয়াটারে এই রকম রিলিজ সাধারণত এই ভাবে হয়না। সুতরাং এই ভাবে যদি যাই, যে আঘাত এনেছিলেন তাকে ছাপিয়ে আমরা ঠিক লক্ষ্য মাত্রায় পৌঁছাতে পারব। উৎপাদনের ক্ষেত্রে এগিয়ে গেছি সেটাও প্রমাণ দিয়েছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, যে আঘাত এসেছে তাকে ছাপিয়ে যে ভাবে অগ্রগতির পথে এগিয়ে যাচ্ছেন বলে আপনি বিবৃতি দিলেন, সেই অবস্থায় আমরা লক্ষ্য করছি, আপনি একটা সময়ে বললেন যে আমাদের যে পরিকল্পনা সেটা রূপায়ণের জন্য বিকল্প অর্থনীতির কথা আমরা চিন্তা করছি এবং অর্থনীতির এক গুচ্ছ প্রস্তাব আপনি কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্যে দিয়েছিলেন। সেই বিকল্প অর্থনীতি যেটা দেওয়া হয়েছিল, যেটা সর্বভারতীয় ক্ষেত্রে আলোচিত হয়েছে বা আলোড়ন সৃষ্টি করেছিল তার ভিত্তিতে কতটা কি ওরা গ্রহণ করেছেন এবং যদি কিছু গ্রহণ করে থাকেন তা হলে তা কি, যদি গ্রহণ না করে থাকেন তা হলে তার উদ্দেশ্য কি সেটা যদি সভার মাধ্যমে রাজ্যবাসীকে জানান?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** তাদের উদ্দেশ্যে তারাই বলবেন। তবে আমি যেটা বলেছিলাম যে বিকল্প আর্থিক প্রস্তাব যেহেতু বাজেট বক্তৃতায় আমি দীর্ঘ ভাবে বলেছি, প্রতিটি ক্ষেত্রে যখন ওঁরা বলেছিলেন যে বাজেটে ঘাটতি কমাতে চান ও হাজার ৫ শত কোটি টাকা সরকারের যে শেয়ার সেগুলি বিক্রয় করে — আমি বলেছিলাম যে প্রতি ৫০ হাজার কোটি টাকা কালো টাকা জমা হয় অর্থ মন্ত্রকের হিসাবে, তার একটা ভগ্নাংশ করুন না কেন তাহলে তো মিটে যায়। আমি বলেছিলাম যে আপনারা প্রতিযোগিতা চান, আমরাও প্রতিযোগিতা চাই। কিন্তু দেশের অভ্যন্তরীণ বাজারে কোথাও তার লেশ মাত্র দেখতে পারছিনা। আমাদের কৃষিতে প্রতিযোগিতা শুরু হয়েছে জমির ক্ষেত্রে সকলকে সমান সুযোগ দিয়ে ভূমি সংস্কার করে। কিন্তু আপনাদের ক্ষেত্রে তো ভূমি সংস্কারের কোন নিদর্শন নেই। আমি এই প্রশ্ন করেছিলাম, কিন্তু ওরা নিরুত্তর। ওরা কি বলবেন? ওদের অর্থ মন্ত্রক কি করেছেন সেটা খুঁটিয়ে দেখছেন জে. পি. সি। ওদের উত্তর জয়েন্ট পার্লামেন্টোরি কমিটির রিপোর্ট থেকে বেরিয়ে আসবে। আশা করি আপনারা বুঝতে পারবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই যে প্রশ্নের উত্তর দিয়েছেন তাতে বিগত দুটি বছরে আপনার যে যোজনা বরাদ্দ তার ছাঁটাই হয়েছে সেটা আপনি বলেছেন। আমার যেটা জিজ্ঞাস্য সেটা হচ্ছে, বর্তমান বছর অর্থাৎ এই ১৯৯৩-৯৪ সালে আপনি যে যোজনা বরাদ্দ করেছেন, প্রস্তাবিত যোজনা বরাদ্দ, এই যোজনা বরাদ্দের লক্ষ্য

মাত্রায় যাওয়া সম্পর্কে আপনি হাউসকে অ্যাসিওর করতে পারেন কিনা বা অতীতের শিক্ষা থেকে, আবার কেন্দ্রের বঞ্চনার কথা আপনি বলছেন, এখন কতটা কেন্দ্রের বঞ্চনা, আর কতটা সরকার ব্যর্থ এটা বিতর্কিত বিষয়। যাই হোক, আশংকা রয়েছে যে আবার আপনার বাজেট বরাদ্দ, যোজনা বরাদ্দ ছাঁটাই হওয়ার। এই রকম আশংকা যদি থাকে তাহলে সেটা আপনি জানাবেন এবং সেই আশংকা দূরীভূত করার জন্য আপনি কি পদক্ষেপ নিয়েছেন, আবার নতুন করে রাজ্যবাসীর উপরে করের বোঝা চাপবে কিনা। কারণ আমরা দেখছিলাম যে আবার আপনি বিলাস কর অর্থাৎ লাক্সারি ট্যাক্স আনছেন। কাজেই এই রকম কোনও আশংকা আছে কিনা? করের বোঝা নতুন করে না চাপিয়ে আপনি লক্ষ্য মাত্রা পূরণ করতে পারবেন কিনা, সেটা এই হাউসকে অ্যাসিওর করতে পারবেন কিনা জানাবেন?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত :** মিঃ স্পিকার স্যার, মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় যে বক্তব্য রাখলেন তার পরিপ্রেক্ষিতে বলি গত ২ বছর আমরা কেন্দ্রীয় সরকারের কতকগুলি প্রতিশ্রুতির উপর নির্ভরশীল ছিলাম। পরবর্তীকালে তাঁরা সেই প্রতিশ্রুতিভঙ্গ করেছেন। গত দু বছরের হিসাব হচ্ছে প্রতিশ্রুতি করা এবং প্রতিশ্রুতি ভাঙ্গার হিসাব। এর থেকে আমরা শিক্ষা গ্রহণ করেছি। শিক্ষা গ্রহণ করার পরে আমরা তাঁদের প্রতিশ্রুতি বাজেটের মধ্যে ধরিনি। নিজেদের অর্থের উপর দাঁড়িয়ে ৭০ ভাগ বাজেট রচনা করেছি। দ্বিতীয় আঘাত মূল যেটাতে এসেছিল সেটা হচ্ছে স্বল্প সঞ্চয় এবং কতকগুলি ঋণ দেওয়া হবে। আপনার ভাল লাগবে যেহেতু আপনি প্রশ্ন করেছেন। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে ১৯৯২ সালের এপ্রিল মাসে ২ কোটি টাকা নেট স্বল্প সঞ্চয় হয়েছিল। কমে গিয়েছিল। এই ক্ষেত্রে অন্য রাজ্যে নেগেটিভ ছিল। এটা আগের বছর এপ্রিল মাসে ২ কোটি ছিল এই বছর ৬৫ কোটি টাকা হয়েছে, গত বছর যে মাসে ছিল ১৪ কোটি, এবারে সেটা ৯০ কোটি হয়েছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের হিসাব আমি বলতে পারি, সময় কম বলে বলতে পারছি না, অন্যান্য রাজ্যে নেগেটিভ ছিল। আমরা সামাজিক প্রচারে যাই। শেয়ারে টাকা রাখলে মার খাওয়ার ভয় আছে, যেখানে সরকারি প্রকল্প আছে সেখানে টাকা রাখুন। এই ভাবে প্রচার করে স্বল্প সঞ্চয়ে মানুষকে নিয়ে এসে আমরা মোকাবিলা করেছি। তাঁদের প্রতিশ্রুতির কথা আমরা এবারে ধরিনি। মাননীয় স্পিকার স্যার, এই মুহূর্তে যেটা বলা সম্ভব, যেটা মন্ত্রিসভা আলোচনা করে ঠিক করেছেন প্রতিটি ক্ষেত্রের বাজেট রাজ্যসরকার ১০০ ভাগ রক্ষা করার চেষ্টা করবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** আপনার কয়েক বছর হয়ে গেল বাজেটে আলোচনায় স্বল্প সঞ্চয়ের বিষয় নিয়ে আপনি অ্যাকাউন্টস জাগলারী করছেন। নির্বাচন কমিশন থেকে বিভিন্ন ভাবে বলা হচ্ছে স্বল্প সঞ্চয়ে যে রিপোর্ট দেন, দিল্লিতে আমাদের প্ল্যানিং কমিশন এই অবস্থায় আপনার হিসাবটা মেনে নিচ্ছেন না। এই পরিপ্রেক্ষিতে আমি একটা প্রস্তাব দিচ্ছি স্পিকার স্যার, আপনি একটা মেম্বার লিস্ট অ্যানাউন্স করুন এখান থেকে যারা দিল্লিতে গিয়ে অ্যাক্রস দি টেবিল আলোচনা করতে পারবে এই ব্যাপারে। আপনার ২ বছরে

১২০০ কোটি টাকার শর্ট ফল হল, আপনার প্ল্যান আউটলেতে ১২০০ কোটি টাকা শর্ট ফল হল। এই শর্ট ফল মেক আপ করতে যাবার পরিকল্পনা কি এটা আমার স্পেসিফিক কোয়েশ্চেন। যে প্রশ্ন আজকে দেবপ্রসাদবাবু করেছেন সেই প্রশ্নের উপর আরো গুরুত্ব বৃদ্ধি করে জানতে চাই আপনি কি সিগারেট দোকানের উপর কর বসাচ্ছেন? ১২০০ কোটি টাকার শর্ট ফল মেক আপ করতে গিয়ে সিগারেট এবং পানমশলার দোকান এবং লাক্সারি জিনিসের উপর আরো ট্যাক্স বসাবার কথা ভাবছেন?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত** : মাননীয় স্পিকার স্যার, বিরোধী দলের মাননীয় সদস্য প্রশ্ন রাখতে গিয়ে যে কতকগুলি তথ্য রেখেছেন সেই গুলি সম্পূর্ণ ভিত্তিহীন। উনি বলতে গিয়ে নির্বাচন কমিশন বললেন। আমার মনে হয় তিনি এটা মুদ্রাদোষে ভুল করেছেন। পরিকল্পনা কমিশন স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যে কথা বলেছেন যেটা বললেন, এটা অসত্য কথা বলেছেন। আমি ১২০০ কোটি টাকার হিসাব দিচ্ছি। পাটিগণিতের নিয়মে বলি ৪০০ যুক্ত ৩০০ স্বল্প সঞ্চয় যুক্ত ২১৫ যুক্ত ২১৫ এবং কোল সেস ১৬০। একজন মাননীয় সদস্য (ক) প্রশ্ন নিশ্চয়ই করতে পারেন কিন্তু ভুল করার কোন নৈতিক অধিকার নেই, কারণ তাঁরা কেন্দ্রে বসে আছেন। এই আঘাত পশ্চিমবাংলার উপর এনে এই প্রশ্ন করার কোনও অধিকার নেই। মূল জায়গা আমরা ধরেছি। নতুন কর আরোপ করার মধ্যে দিয়ে নয়। কর বেশি করে আদায় করা হয়েছে। বিক্রয় কর আদায় বিভিন্ন ক্ষেত্রে বৃদ্ধি করেছি। এই রকম বৃদ্ধি কোনও রাজ্যে সম্ভব হয় নি। আমাদের রাজ্য সংগ্রহে এগিয়ে আছে। স্বল্প সঞ্চয়ের আঘাত আমরা বিভিন্ন ভাবে আমরা মেটাবার চেষ্টা করেছি। জেলার মাধ্যমে গিয়ে বিকেন্দ্রীকরণ পরিকল্পনা করেছি।

[11-50 – 12-00 Noon]

এই এই করগুলোকে প্রমোদ কর, মোটর যানের উপর কর অগ্রদান, খনিজের উপর রয়্যালটি এবং সেস ও স্ট্যাম্প ডিউটি রেজিস্টেশন ফি ইত্যাদি ব্যাপারে জেলায় লক্ষ্যমাত্রা স্থির করে বলা হয়েছে তারা যদি লক্ষ্যমাত্রা অতিক্র করতে পারে তাহলে তার অর্দ্ধেক সংশ্লিষ্ট জেলার উন্নয়ন কাজের জন্য দেওয়া হবে। এতে সাড়া পড়েছে। অধিকাংশ জেলা তাদের লক্ষ্যমাত্রা অতিক্রম করে এই টাকা পাওয়ার যোগ্যতা অর্জন করেছে। যেহেতু পঞ্চায়েত নির্বাচন ছিল সেজন্য আমরা তাদের টাকা দিতে পারিনি। এই টাকা আমরা দিয়ে দেব। Decentralisation not only in expendeture but also the resource mobilisation will be hold close to the entire answer.

নতুন কর ইত্যাদি বসানোর আগে যে কর আছে সেগুলোকে আমরা ভাল ভাবে আদায় করার চেষ্টা করব বিকেন্দ্রীকৃত ভাবে মানুষকে যুক্ত করে। এই আমার উত্তর।

## Progress of Teesta Barrage Project

*35. (Admitted Question No. *182) **Shri Sougata Roy : Will the** Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state –

What is the progress in the implementation of the Teesta Barrage Project?

**Shri Debabrata Bandyopadhyay** : 3 No. Barrage are complete. Teesta Mahananda Link Canal (Main) is complete. Mahananda Main Canal is nearing its completion. Deak Nagar Main canal is in progress. Distribution systems are progressing expenditure increased till end of March 1993 is about 4 (four) hundred crores including Central Assistance of 5 (five) crores during 1983-84 and 14 crores during 1992-93. Environment Management Plan as designed by Govt. of India in connection with release of Forest land for Teesta Jaldhaka Main Canal and Disty. No. 1 for Teesta Mahananda Link Canal has been submitted to the Central Ministry of Environment and Forest on 20.5.93. With a view to completing the parts of the project under execution within the VIII-th Five year Plan Period, the implementation plan based on Master Control Net Work planning has been by submitted Planning Commission on 4.5.93.

**Shri Saugata Roy** : Sir, recently, an All-Party Delegation of the MLAs of West Bengal met the Deputy Chairman of the Planning Commission on the Teesta Barrage Project. Now, may I know from the Honourable Minister about the money sanctioned by the Planning Commission after the meeting to meet the cost of the Teesta Barrage project taking the whole thing together?

**Shri Debabrata Bandyapodhyay** : After that meeting with the Deputy Chairman of the Planning Commission and the Finance Minster in the year 1992-93, as I have said earlier, Fourteen crores of rupees have been received by our Bengal Government, and very recently, the day before yesterday, we have received another Six crores of rupees as has been promised by the Government of India. The Hon'ble Member wants to know what we have done this money after the release of the funds?

**Shri Saugata Roy** : I want to know the amount of money which we have received.

**Shri Debabrata Bandyopadhyay** : I repeat, in the year 1992-93, we have received Rs. 14 crores, and very recently (93-94), we have received another Six crores of rupees totalling to rupees Twenty crores.

For the Eighth-Plan period, the Planning Commission has sanctioned Rs. 165 crores.

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে টোটাল কস্ট বললেন ১৬৫ কোটি টাকা তার তো ২০ কোটি টাকা পেয়েছেন তাতে এখন টোটাল কস্ট কত হবে?

**Shri Debabrata Bandyopadhyay :** Rs. 695 crores out of which the State sector's allocation will be Rs. 150 crores.

**শ্রী সৌগত রায় :** তিস্তা ব্যারেজ প্রোজেক্ট উত্তরবঙ্গের পক্ষে খুব গুরুত্বপূর্ণ বিষয় কিন্তু এরজন্য ইরিগেশন ডিপার্টমেন্ট গত ৫-১০ বছর ধরে অনেক নদী পরিকল্পনা কাজের ব্যহত হচ্ছে। এবং ইরিগেশন ডিপার্টমেন্টের ৮০ পারসেন্ট টাকা এই তিস্তা ব্যারেজে ঢুকে গেছে। ক্যানেল সিস্টেমটাতে কাজ হচ্ছে না বলে জল ছাড়া হচ্ছে না এবং এরফলে তাতে ক্র্যাক দেখা গেছে ও সেগুলো পড়ে গেছে। অথচ এতে ৪০০ কোটি টাকা খরচ হয়ে গেছে। গোলাবাড়িতে মেন ক্যানেল যেটা আছে সেটাও ক্র্যাক হয়ে গেছে। এই ৪০০ কোটি টাকা ব্লক হয়ে থাকার ফলে ইরিগেশন প্রোজেক্ট টা ডিপ্রাইভ হচ্ছে। এই যে টাকাটা ব্লক হয়ে রয়েছে এতে কি কোন রেকারিং বেনিফিট পাচ্ছেন এবং আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এখনো পর্যন্ত তিস্তার কস্ট বেনিফিট রেসিও পাচ্ছেন না, টাকাটা পুরো ব্লক হয়ে রয়েছে, ইন্টারেস্টও পাচ্ছেন না মনে হয় এবং এরদ্বারা একজন কৃষক কত একর জমিতে এর থেকে জল পেয়েছে, কত জল ছাড়া হয়েছে? আর কত লস এনভিসেজ হয়েছে জানাবেন। তাছাড়া এই ক্যানেল করার জন্য এখানকার কন্ট্রাক্টররা এবং কিছু অফিশারের যোগসাজসে জল নিয়ে দুর্নীতি অভিযোগ এসেছে এবং তারা সাধারণ মানুষের কাছ থেকে টাকা চাইছে। সুতরাং তিস্তা ব্যারেজ প্রোজেক্টটাতে গ্রস ইরেগুলারিটিজ পরিপূর্ণ এবং এর টাকা ব্লক হওয়ার কারণ কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় সদস্য অর্দ্ধেক সত্য এবং অর্দ্ধেক অসত্য কথা বললেন। অর্দ্ধেক সত্য এইটুকুই যে, মাননীয় সদস্য বলতে চেয়েছেন যে এই ৪০০ কোটি টাকা যে খরচ করা হল এতে যে পরিমাণ টাকা দেওয়া হল তাতে সেচ সেবিত হচ্ছে কিনা। সেই প্রসঙ্গে আমি বলতে চাই যে, আপনার এই তিস্তা প্রোজেক্টটি একটি বড় প্রোজেক্ট এবং ১০-১২ বছর ধরে সময় লাগছে এই আইডেনটিক প্রোজেক্টটি তৈরি করতে। সেচ দপ্তরের এটি একটি গর্বের বিষয় যে ১২৫টি স্ট্রাকচার নিয়ে এটি তৈরি হচ্ছে এবং ভারতবর্ষের আর কোনও রাজ্যে এইরকম স্ট্রাকচারের রেকর্ড নেই এবং কনস্ট্রাকশন ইতিমধ্যেই তৈরি হয়ে গেছে। তারপরে যখন শুরু করছি বিশেষ করে সেই সময়ে টাকার অভাব ছিল, সেন্ট্রাল অ্যাসিসটেন্স পাইনি। তাসত্ত্বেও ৩টে বড় ব্যারেজ তৈরি হয়ে গেছে এবং এটি হচ্ছে ভারতবর্ষের শুধু নয় এশিয়াতে এইরকম এ্যাকুইজ ট্যাক্ট্ আর নেই। ২৭টি ক্যানেল স্ট্রাকচার

তৈরি হয়ে গেছে, ১৬৬টি ৰিংক ডিস্ট্রিবিউশন ক্যানেল তৈরী হয়েছে। এরপরে আপনি যেটা বললেন সেটা অর্দ্ধেক অসত্য যে ডিস্ট্রিবিউশন ক্যানেল নাকি তৈরি হয় নি। সেটা বলছি তৈরি হয়েছে কিন্তু তাতেও আমরা সন্তুষ্ট নই। ওর দ্বারা ৩৯ হাজার ৬৬০ হেক্টর জমিতে জল দেওয়া সম্ভব হচ্ছে এবং ৯৩ হাজার জল ছাড়া হচ্ছে। আমি প্রতিশ্রুতিবদ্ধ যে এইবারে ৪৯ হাজার ৯৩০ হেক্টর জমিতে জল দেবো এবং সেই প্রতিশ্রুতি পালন করব। যে অন্তরায় ছিল সেগুলো দূর হচ্ছে এবং মূল জায়গায় আসতে খুব একটা দেরি হবেনা। মাননীয় সৌগত রায়কে সেই সূত্রে বলব যে যেভাবে দিল্লির থেকে সাহায্য করেছে সেইভাবেই যাতে সাহায্য করেন তারজন্য আমার বাজেট স্পিচের সময়ে অনুরোধ করব। আজকে যে বিরাট পরিমাণ হেক্টর জমিতে জল দিতে পারিনি তার মূল কারণগুলো আমি এক দুই তিন করে বলে যাই। প্রধান কারণ হচ্ছে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্সের অভাবে, মাত্র ৫ কোটি টাকা এসেছিল।

দ্বিতীয়ত তার সঙ্গে সমভাবে প্রযোজ্য আমি এটা মাননীয় সৌগত রায় এবং জয়নাল আবেদিন সাহেবকে বলতে চাই যখন তিস্তা ব্যারেজ প্রকল্প হয়েছিল তখন এনভায়রনমেন্টের প্রশ্ন ছিল না। ফরেস্ট ল্যান্ডের কোশ্চেন শুধুমাত্র দুটো জেলা, জলপাউগুড়ি এবং কোচবিহারের আছে। যদি এনভায়রনমেন্টের প্রশ্ন না উঠত তাহলে আমরা ৯৩ হাজার জমিতে অনায়াসে জল দিতে পারতাম। সৌগত রায়রা ভারত সরকারকে বলুক না, কেন ভারত সরকার এই ব্যাপারে এনভায়রনমেন্টের প্রশ্ন তুললেন। আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের পরিবেশ মন্ত্রী তারা চিঠি দিলেন, তারা বললেন, ডোন্ট ইনসিস্ট আপন এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্স। কারণ যখন প্লানটা তৈরি হয় তখন তার সঙ্গে এনভায়রনমেন্টের কোনও সম্পর্ক ছিল না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন দেবব্রত বাবু কনফ্রন্টশনে যাওয়ার দরকার নেই, অন্যায়ভাবে যখন ওরা করছে, তখন অন্যায়ভাবেই ওদের করতে দিন। বরঞ্চ যত তাড়াতাড়ি ক্লিয়ারেন্স পাওয়া যায় সেই ব্যবস্থা করতে দিন। আমি সৌগত বাবুকে জানাতে চাই, এখনো পর্যন্ত আমরা এনভায়রনমেন্টের ক্লিয়ারেন্স পাইনি। যার ফলে আমাদের কাজ অনেক পিছিয়ে যাচ্ছে। তবে আমি বলব দেড় বছরে আমরা ৫০ হাজার হেক্টার জমিতে জল দেব, আমি দায়িত্ব নিয়ে এই কথা বলছি।

**শ্রী সৌগত রায় :** যখন একটা প্রোজেক্ট হবে তখন এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্স তো দরকার। চা বাগান বা ইনডিসক্রিমিনেটলি জঙ্গল কেটে, এনভায়রনমেন্টকে নেগলেক্ট করে তো একটা প্রোজেক্ট হতে পারে না।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** সিদ্ধার্থ রায়ের আমলে তো এটার প্ল্যান হয়েছিল, তখন কিন্তু এনভায়রনমেন্টের প্রশ্ন ছিল না।

**শ্রী আব্দুল মান্নান :** তিস্তা ব্যারেজ প্রকল্পর ব্যর্থতা আপনি কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দিয়ে আপনি মুক্ত হওয়ার চেষ্টা করেছেন। আপনি কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে এবং প্ল্যানিং কমিশনের সঙ্গে যখন আলোচনা করেন তখন আপনাকে অনুরোধ করা হয়েছিল তিস্তা

প্রকল্পের হেড অফিশ কলকাতা থেকে সরিয়ে ওখানে নিয়ে যাওয়া হোক। সেই অফিশ কি আপনি কলকাতা থেকে সরিয়ে নিয়ে গেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** কিছু প্রশাসনিক অসুবিধা হওয়া সত্ত্বেও আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে আলোচনা করে একজন অ্যাডিশনাল চিফ ইঞ্জিনিয়ারকে শিলিগুড়িতে পাঠিয়েছি, তিনি ওখানে থাকবে।

**শ্রী নিত্যানন্দ অধিকারী :** মাননীয় সেচমন্ত্রী দয়া করে জানাবেন কি তিস্তা ব্যারেজের বাঁ হাতি খাল খননে ব্যাপারে যে প্রাথমিক কাজ জমি অধিগ্রহণ সেই ব্যাপারে পরিবেশ দপ্তর যে বিধিনিষেধ আরোপ করেন সেই ব্যাপারে জটিলতা দূর হয়েছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** উত্তরটা তো আমি কিছুক্ষণ আগেই দিলাম।

**গৃহনির্মাণ বা সংস্কার বাবদ রাজ্য-কলেজগুলিকে সরকারি বরাদ্দ**

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬) **শ্রী ইউনুস সরকার :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কলেজগুলিকে গৃহনির্মাণ বা সংস্কার বাবদ কোনও অর্থ দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, মুর্শিদাবাদ জেলায় কোন কোন কলেজ ঐ অর্থ পেতে পারে বলে আশা করা যায়?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :**

(ক) হ্যাঁ,

(খ) এখনই বলা সম্ভব নয়।

**শ্রী ইউনুস সরকার :** আপনি বললেন জেলার যেটা অংশ সেটা বলা সম্ভব নয়। এটা কি বলতে পারবেন কোন সময় কত দেওয়া হয়েছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি আমরা প্রত্যেক বছরই বিভিন্ন কলেজের আবেদনের ভিত্তিতে এবং তাদের সেই আবেদনপত্রগুলো খুঁটিনাটি পরীক্ষা করার পর আমরা সিদ্ধান্ত গ্রহণ করি এবং বিভিন্ন কলেজকে বাড়ি ঘরের জন্য টাকা দেওয়া হয়। সুতরাং আগে থেকে কোন কলেজগুলোকে কত দেওয়া হবে সেটা এখনি বলা সম্ভব নয়। তার কারণ, তাদের আবেদনগুলো আমরা সমস্ত পরীক্ষা করি এবং তারপর আমরা একসঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করি যে এই এই কলেজকে দেওয়া হবে। আপনি বিশেষ করে যেটা জানতে চেয়েছেন মুর্শিদাবাদ জেলার কথা সেটা. এই মুহূর্তে বলা সম্ভব

নয়। অবশ্য সিদ্ধান্ত গ্রহণ করার পরে ব্যক্তিগতভাবে আপনি যদি জানতে চান আমরা জানিয়ে দিতে পারি।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা দেবার পদ্ধতি কি এবং এর জন্য কোনও কমিটি আছে কিনা যারা এটা বিচার বিবেচনা করে দেখবেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** না, এই ধরনের যে কোন কমিটি আছে সে রকম বযাপার নয়। আবেদনপত্রগুলি আমাদের ডাইরেক্টরেটে যারা এ সম্পর্কে অভিজ্ঞ এবং খবরাখবর রাখেন তারা কলেজের সমস্ত তথ্য গ্রহণ করেন এবং গোটা রাজ্যের বিভিন্ন জেলাগুলিতে আমরা যাতে এটা ছাড়িয়ে দিতে পারি। কোন একটি বিশেষ অংশে যাতে বেশি পরিমাণে না পায় সেটা মোটামুটিভাবে বিচার বিবেচনা করে আমরা অগ্রাধিকার দিয়ে নির্বাচিত করি।

**ডাঃ জয়নাল আবেদিন :** ব্যাকওয়ার্ড এরিয়াতে যেখানে কলেজ নেই কিন্তু অনেকগুলি মাধ্যমিক স্কুল এবং সেকেন্ডারি স্কুল আছে সেই সমস্ত জায়গায় এক একটি কলেজ স্থাপনের প্রস্তাব যদি আসে যেখানে ঘরবাড়ি আপনাদের করে দিতে হবে না, স্থানীয় ম্যানেজিং কমিটিই এবং জনসাধারণের দানেই সেটা হয়ে যাবে। এরকম একটা প্রস্তাব আমি আপনাদের কাছে পাঠিয়েছি, এটা করা সম্ভব হবে কি? এই প্রসঙ্গে জানাই যে এমবারগোর কথা বলেছিলেন আমি কেন্দ্রীয় সরকারের কাছে জেনেছি যে সে রকম এমবারগো নেই। মাননীয় মন্ত্রী মহাশয় সহৃদয়তার সঙ্গে এই ধরনের আবেদনপত্রগুলি বিবেচনা করতে প্রস্তুত আছেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যকে এই প্রসঙ্গে বলতে পারি যে পশ্চিমবঙ্গে যে সমস্ত পশ্চাতপদ এলাকা আছে সেই সমস্ত এলাকাতে আমরা অনেকগুলি কলেজ করেছি। বামফ্রন্টের আমলে দেখবেন যতগুলি কলেজ হয়েছে, জেলাগুলিতে এবং অঞ্চলগুলিতে সেখানে আমরা পশ্চাৎপদ এলাকাকে বেছে নিয়েছি। তাদের উচ্চশিক্ষার সুযোগ দেবার জন্য এটা আমরা করেছি। মাননীয় সদস্যকে বলতে পারি, আপনি এই ধরণের প্রস্তাব পাঠিয়ে দিয়েছেন বলছেন, আমরা সেটা বিচার বিবেচনা করব। আমরা বলি না যে আমরা পশ্চাৎপদ এলাকার কথা ভাবি না। ইতিমধ্যেই দেখেছেন যে দার্জিলিং জেলার একটা অঞ্চলে একটি কলেজ করার সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি। তেমনি ভাবে অন্যান্য অঞ্চলে যেখানে খুব প্রয়োজন আছে সেখানকার কথা আমরা বিবেচনা করব। আপনি সেটা পাঠিয়ে দিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

[12-10 – 12-20 p.m.]

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে এখানে বামফ্রন্ট প্রতিষ্ঠিত হবার পর বিভিন্ন জায়গায় উচ্চ শিক্ষার সুযোগ হয়েছে। কিন্তু এখনও বেশ কিছু এলাকা আছে যেখানে এটা দরকার। বিশেষ করে ডুয়ার্সের কালচিনি, কুমারগ্রাম, ময়নাগুড়ি —

একটা শিডিউল কাস্ট এলাকা এবং অন্যগুলি আদিবাসী এলাকা, এই সমস্ত এলাকায় যতক্ষণ কলেজ না করা যাচ্ছে ততক্ষণ যে সমস্ত কলেজ আছে সেখানে হিন্দি এবং নেপালি ভাষাভাষী মানুষদের পড়ানোর জন্য শিক্ষক নিয়োগ করা বা সেখানে এক্সটেনশন করার কথা ভাবছেন কিনা? জলপাইগুড়ি জেলার তিনটি অঞ্চল, ময়নাগুড়ি, ডুয়ার্সের কুমার গ্রাম এবং কালচিনি এলাকা সম্পর্কে কোন উদ্যোগ আয়োজন এই বছর নিচ্ছেন কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, এই সম্পর্কে বেশ কিছু ডেপুটেশন আমাদের কাছে এসেছিল, আমরা আলোচনা করেছি। সমস্ত বিষয়টা আমাদের বিবেচনাধীন আছে এবং আরও বিশদ খবরাখবর আমরা নিচ্ছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন, মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে, তার আওতার মধ্যে কেবল মাত্র মেদিনীপুরের কলেজগুলো আছে, এটা কি আপনাদের বিবেচনাধীন আছে মেদিনীপুরের পাশে বাঁকুড়া, পুরুলিয়ার কলেজগুলোকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আওতার মধ্যে আনার জন্য?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** আমরা এখনই এই সম্পর্কে ভাবছি না। কিন্তু মাননীয় সদস্য যেহেতু প্রশ্নটা উত্থাপন করেছেন, আমরা সেটা লক্ষ্য করলাম, ভবিষ্যতে যদি কোনওদিন এই সম্পর্কে চিন্তা ভাবনা হয় তাহলে নিশ্চয়ই সেই সম্পর্কে আমরা ভাবব।

**শ্রী রবীন দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গৃহ নির্মাম এবং সংস্কার বাবদ অর্থ বরাদ্দ করার পরিকল্পনা আছে। আমি জানতে চাই যে চারু চন্দ্রসান্ধ্য কলেজ এটা নির্মাণের জন্য ইতিমধ্যে সি. আই. টি. থেকে জমি বরাদ্দ করা হয়েছে, এই ব্যাপারে টাকা বরাদ্দ করার পরিকল্পনা তার অন্তর্ভূক্ত কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** আমি আগেই বলেছি যে আমরা এই বছর কোন কোন কলেজকে অনুদানের জন্য বেছে নেব, সেইগুলো এখনও ঠিক করিনি। স্বাভাবিক ভাবে যেহেতু এখন ঠিক করিনি সেই জন্য চারুচন্দ্র কলেজের জন্য অন্তর্ভুক্ত বাবদ এটা এখনও বলা সম্ভব নয়। আপনারা জানেন একটা কলেজের নতুন গৃহ নির্মাণের যে টাকা দরকার, সবটা যে একেবারে দিতে পারি তা নয় এবং কলেজগুলো এই বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে আবেদন করে, তারা টাকা কিছু কিছু পান। গত বছর পশ্চিমবঙ্গের কলেজগুলো এই ধরনের কিছু টাকা পেয়েছে। সুতরাং সেদিক থেকে আমি জানি না যে চারুচন্দ্র সান্ধ্য কলেজ ইউ. জি. সি.'র কাছে আবেদন করেছে কি না, আমাদের কাছে আবেদন করলে আমরা এটা বলতে পারি, আমরা এই ব্যাপারে নিশ্চয়ই বিবেচনা করব।

**শ্রী নটোবর বাগ্দী :** আমি এই প্রসঙ্গে জানতে চাই, যে মফস্বলে অনেক কলেজ হয়েছে এটা ঠিক, কিন্তু এখনও বিভিন্ন কলেজে কোনও প্রিন্সিপ্যাল নেই, প্রিন্সিপ্যাল নিয়োগের ব্যাপারে কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** যদিও এটা গৃহ নির্মাণের প্রশ্ন, তবে অধ্যক্ষ নিয়োগের ব্যাপারে বলছি, আপনারা জানেন খবরের কাগজে এই ব্যাপারে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে, বহু আবেদন পত্র এসেছে, এখন ইন্টারভ্যু নেবার ব্যবস্থা চলছে। আমরা খুব শীঘ্র আশা করি অধ্যক্ষ নিয়োগ করতে পারব।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### অবসরপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকার আটক পেনশন পাওয়ার ব্যবস্থা

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী শক্তিপ্রসাদ বল :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অবসরপ্রাপ্ত বহু প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষিকার পেনশন আটকে আছে;

(খ) সত্যি হলে,

(১) ঐ শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত;

(২) পেনশন আটকে থাকার কারণ কি; এবং

(গ) অবসরগ্রহণের সাথে সাথেই শিক্ষক-শিক্ষিকাদের পেনশন পাওয়ার ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না,

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ত্বরান্বিত করার উদ্যোগ নেওয়া হচ্ছে।

### মণ্ডল কমিশন

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭) **শ্রী আবদুল মান্নান :** তফসিলিজাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি?

(ক) মণ্ডল কমিশনের রিপোর্ট-এর পরিপ্রেক্ষিতে এ রাজ্যে অপ্রেস্‌ড অ্যাণ্ড ব্যকওয়ার্ড ক্লাস মানুষদের জন্য কি কি সুবিধা করা হয়েছে; এবং

(খ) ৩১শে মে, ১৯৯৩ পর্যন্ত কতজন ঐ রিপোর্ট অনুযায়ী সুবিধা ভোগ করেছেন?

**তফসিলি জাতি ও উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন গঠন করা হয়েছে। এখনও কমিশনের কাজ শুরু হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**জলঙ্গী ও রানীনগর অঞ্চলে ব্যাপক ভাঙ্গন**

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭) **শ্রী ইউনুস সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও রানীনগর থানার অধীন জলঙ্গী, পরাশপুর, বামনাবাদ, নলবোনা অঞ্চলে ব্যাপক ভাঙ্গন দেখা দিয়েছে, এবং

(খ) সত্যি হলে, ভাঙ্গন রোধের জন্য রাজ্য সরকার কী ব্যবস্থা নিয়েছেন?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ, ইহা সত্য।

ভাঙ্গন রোধের জন্য তিনটি প্রকল্প রাজ্য সরকারের অনুসন্ধান ও প্রকল্প রচনার পর্যায়ে আছে।

**ব্যাঙ্ক-এর মাধ্যমে শিক্ষক-শিক্ষিকাদের পেনশন ব্যবস্থা**

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের পেনশন মহকুমা ট্রেজারীর বদলে ব্লকের ব্যাঙ্ক-এর মাধ্যমে দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হাঁ হলে, এই পরিকল্পনা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) শিক্ষা দপ্তর ও ব্যাঙ্ক কর্তৃপক্ষ আলোচনা চালিয়ে যাচ্ছেন।

(গ) ঐ

**প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা হ্রাস**

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কোচবিহার ও মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন স্থানে সরকারি

সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা হ্রাস পাচ্ছে;

(খ) সত্যি হলে, এর কারণ কি; এবং

(গ) ছাত্রসংখ্যা হ্রাস পাওয়ার ফলে কোনও বিদ্যালয় বন্ধ হয়েছে কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

[12-20 - 12-30 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Sobhan Deb Chattopadhyay, The subject matter of the motion does not call for adjournment of the business of the House.

The member may invite the attention of the Minister concerned on the subject through Questions, Calling Attention, Mentions etc.

I, therefore, withhold my consent to the motion.

One member may, however, read out the text of the motion.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টা হল ঃ

কলকাতা শহরের বিস্তীর্ণ অঞ্চলে জলাভাব দেখা দিয়েছে। কলকাতা পৌরসভার বর্তমান ক্ষমতাসীন দল জল সরবরাহ সমস্যা মেটাতে ব্যর্থ হয়েছে। কলকাতার মানুষ তীব্র সঙ্কটের মধ্যে পড়েছে। কর্মীরা কাজ করে না এবং কর্তৃপক্ষ সম্পূর্ণ নীরব।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received four notices of Calling Attention, namely :

i) Reported escape of two prisoners from Alipore Central Jail on 22.6.93 : Shri Sougata Roy, Shri. Sudip Bandyopadhyay, Shri Lakshman Chandra Seth and and Shri Tapan Hore.

ii) Reported deplorable condition of the link road from Moina towards 41 National Highway in Midnapore district. : Shri Manik Bhowmik.

iii) Construction of proposed Gas-Turbine at Alipurduar : Shri Nirmal Das.

iv) Reported lock-out in India Jute Mill at Serampur of Hooghly district : Shri Abdul Mannan

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of reported lock-out in India Jute Mill at Serampur of Hooghly district.

The Minister-in-Charge may please make a statement, to-day, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 5th July, 1993.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I request the Minister-in-Charge of Labour Department to make a statement on the subject of reported lock-out of the Caledorian Jute Mill at Budge Budge from 14.4.93. (Attention called by Shri Dipak. Mukherjee on 16.6.93).

**Shri Santi Ranjan Ghatak :** Mr. Speaker, Sir, in response to the Calling Attention Motion of the Hon'ble Shri Deepak Mukherjee, I seek your permission to make the following statement.

The Bengal Chatkal Mazdoor Union apprehended lock out of Coledonian Jute & Industrial Limited, Budge Budge and a letter was received by Labour Commissioner from them on 12.4.93 with request to convene a joint conference. A joint conference was called on 13.4.93 by Labour Commissioner. The Management and the Unions were requested to attend the said conference. The management refused to accept the notice of the conference sent by a special messenger. The representatives of the Unions attended the conference but none appeared from the management side.

The management of M/s Caledonian Jute & Industries Limited, Budge Budge, 24-Parganas (South) declared "lock out/temporary closure" of the Mill by a notice dated 15.4.93 with effect from 6 a.m. of that day on the grounds of financial crisis and low productivity. About 3500

workmen have been affected by this "lock out/temporary closure".

It may be mentioned here that a joint conference was again fixed on 15.4.93 in the chamber of the Labour Commissioner, West Bengal on the matter. The representatives of the operating unions were present, but none appeared from the management side.

Thereafter a separate discussion with the management was arranged before the Labour Commissioner on 19.4.93. The operating unions were also requested to meet the Labour Commissioner separately on the same day for discussion. The representatives from the management attended the separate discussion on that day and pointed out that they had no option but to declare the lock out/temporary closure of the Mill with effect from 6 a.m. on 15.4.93 due to financial crisis and low productivity. The unions have reflected the allegations of low productivity and have held the management responsible for the financial difficulties if any.

A joint conference, thereafter, was fixed in the chamber of the Labour Commissioner on 28.4.93. Representative of both the management and the unions attended the meeting. After protracted discussions, the Labour Commissioner advised the management for immediate payment of earned wages for the week ending 13.4.93. The management accepted the suggestion of the Labour Commissioner and paid the earned wages for the week ending on 13.4.93.

A tripartite meeting in this connection has been again fixed on 29.6.93 before the Labour Commissioner.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Transport Department will made a statement on the subject of a ship-wrek off Haldia causing missing of 17 crew members.

**Shri Syamal Chakraborty :** Mr. Speaker Sir, In response to the Notice on the Calling Attention tabled by Shri Deba Prasad Sarkar, MLA regarding "Recent Shipwreck off Haldia and alleged report of 17 missing crew members", I would like to make the following statement which is based on a report obtained from the Calcutta Port Trust. :

1. A Panamanian vessel, M. V. Talent, carrying approx. 3000 tonnes of pulses from Yangon (Rangoon) for discharge at Calcutta, was due at

Sandheads at 9 p.m. on 16.6.93. At about 2.15 a.m. on 17.6.93 message was received from vessel that the vessel was listing heavily and that the crew were abandoning the ship. The vessel finally sank at about 5 a.m. on 27.6.93 in the Bay of Bengal, approx. 35 Kms South of Sagar Island.

2. Of the 20 crew members, one was Myanmarese, one Filipino, one Nogerian, and seventeen were Bangladeshi nationals. 3(three) crew members, all Bangladeshi nationals, were rescued by CPT's Pilot Vessel at around 4.55 a.m. on 17.6.93. The remaining seventeen crew are still missing.

3. Intensive search for the surviving crew members was insituted by the Coast Guard and CPT vessels, D.V. Seva and Dredger MOT XIV. Due to continuous bad weather prevailing on 17th & 18th June, 1993, full-fladged search could not be carried out. With subsequent improvement in weather, search operations have been intensified by Coast Guard vessel, Rajia Sultana, CPT vessel and also by a F 27 aircraft of the Coast Guard. INS Surya, fitted with Sonar, has left Madras for the accident site. INS Nirdeshak also left Calcutta for the site.

4. The owner of the 2276 tonne GRT vessel reported to be one Mr. Zahit Hussain, who is a Bangladeshi National, now in Calcutta. The vessel was under the agency of M/s. B. Ghosh & Co. Ltd. The name of the Master of the vessel is Capt, Robertog Vasquez, who is a Fillipino.

5. The rescued members were taken to Haldia and hospitalised in the CPT Hospital.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr Speaker :** Now the Minister-in-Charge of Commerce & Industries Department will make a statement on the subject of present state of Haldia Petro Chemicals.

**Shri Jyoti Bose :** Mr. Speaker, Sir, I beg to rise to make the following statement in response to the call Attention Notice made by Shri Lakshman Chandra Seth, MLA regarding present development of Haldia Petro-Chamicals.

In January 1990, Tatas were invited by the State Government to be

copromoter in the Haldia Petro-Chemicals Project in the joint sector company, Haldia Petro-Chemicals Limited (HPL), with 26% equity shareholding to be held by the West Bengal Industrial Development Corporation (WBIDC) and 24.99% by the Tata Companies, namely Tata Tea, Tata Chemical and TELCO.

The Memorandum of Understanding was signed between the Government of West Bengal, WBIDC and Tata Tea Ltd. and its associates on February 23, 1990.

A revised letter of intent was obtained on August 10, 1990, from the Government of India for an integrated petrochemicals complex to produce 300,000 TPA ethylene and co-products and associated downstream products at an estimated cost of Rs. 3000 crores (December 1989 cost). With a planned debt/equity ratio of 3:1 for the project, the equity contribution from the WBIDC was estimated at Rs. 195 crores and that from the Tatas at Rs. 187 crores.

The Memorandum of Understanding was signed with the Indian Oil Corporation regarding supply of Naptha, the basic feedstock for the project. Significant decisions were then taken on technical parameters in terms of selection of process licensors of three important plants (Naptha Cracker, Polypropylene and High Density Polyethylene), obtaining Capital Goods and Foreign Collaboration clearances and the signing of necessary Memoranda of Understanding. Enviromemnt Clearance for the project was also obtained. Then progress was made in securing commitment, in principle, of rupee term loan of Rs. 1600 crores from the financial institutions and banks.

After achieving progress in all these sphere, the project faced problems due to "new" wide-ranging financial and economic changes announced by the Government of India. Due to high inflation and sharp devaluation of Indian rupee vis-a-vis major international currencies, the original project cost increased to over Rs. 4000 crores.

At the Haldia Petro Chemicals Ltd. Board Meeting held on December 9, 1991, it was decided to implement the project in two stages without jeopardising the basic techno-economic viability of the project in the following manner :

1. In phase I approximately 70% of the original project would be

implemented with an initial output of 2,00,000 TRA Ehylene/1,00,000 Tonnes Propylene per annum and coproducts from the Cracker with value addition within the complex for the entire Ethylene and Propylene, and Merchant Sales of the balance intermediates. The project cost in 1990-91 was estimated to be Rs. 2750 crores and on completion by 1995 about Rs. 3000 crores.

2. In Phase II, the Hot Section of the Cracker would be augmented to produce additional 1,00,000 tonnes Ethylene/50,000 tonnes Propylene per annum with associated co-products and value addition within the complex as in Phase I of Ethylenc and Propyléne and merchant sales of the balance co-products.

This rescoped project as evaluated by IDBI in December 1992 has a very high viability with Internal Rate of Return estimated to cross above 20% (Pro-tax). Domestic demand for Petro-chemical products alone is estimated to grow by more than 10% per annum. The respoded project was then submitted to IDBI as the lead institution in January 1992 to obtain reconfirmation of the earlier term loan of Rs 1600 crores. The financial institutions took over 11 months, and after extensive discussions in several rounds with HPL representatives, have now reconfirmed the rupee term loan with conditions :

1. The HPL will implement Phase II of the complex within two years from the date of commercial production of Phase I.

2. Term loan will be resticted to Phase I of the Project, and the debt-equity ratio of the Project on completion of Phase II should be changed to 2:1, implying an additional Rs. 250 crores equity contribution by the promotion together.

3. The State Government should extend besides infra-structural support, exemption from sales tax, purchase tax, entry tax, etc.

Three major milestones towards implementation of the Project were crossed with the reconfirmation of rupee term loan support from IDBI, the Government of India's approvals obtained earlier, and commencement of work at the project site on a regular basis. Till now about Rs. 28 crores have been spend on the project. Of the total expenditures about Rs. 16 crores have been contributed by the WBIDC, the Co-promoters contribution being about Rs. 12 crores.

Unfortunately, however, it is only after the viability of the project had been once again endorsed in terms of reconfirmation of loans from the financial institutions and all the clearances had been obtained, two of the companies, namely, Tata Tea Ltd. and Tata Chemicals Ltd. started expressing their intention to withdraw from the Project. This called for my discussions with Mr. J. R. D. Tata, Chairman Emeritus, Tata Sons Ltd., in Calcutta in which my Finance Minister, Dr. Asim Dasgupta and Mr. Ratan Tata, Chairman, Tata Sons were also present. It has been decided that the Tatas will consider some internal changes in their group participation in the Project.

The State Government and the Tata Group once again strongly reaffirm their joint commitment to the implementation of the Haldia Petro Chemicals Project which is known to have a possitive multiplier effect on the industrial development and employment generation for West Bengal as well as the entire eastern region. All actions are in progress to cross further major milestones in the implementation of the Project.

[12-30 - 12-40 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : I now call upon the Minister-in-charge of the Home (Police) Department to make a statement on the subject of reported incidents of violence around Sukchar Ashram of Late Balak Brahmachari on 20.6.93 and 21.6.93.

**Shri Jyoti Basu** : Mr. Speaker, Sir, I rise to make the following statement in reply to the Calling Attention Notice of Shri Sougata Roy regarding the "reported incidents of violence around Sukchar Ashram of the Late Balak Brahmachari on last Sunday and Monday".

On Sunday, the 20th June, 1993, around 21.30 hrs., two large crackers exploded near the 'Baganbari' owned by the Sukchar Ashram. Following this, there was a heated exchange between inmates of the 'Baganbari' who were inside and some residents of the locality who were outside. This led to brickbatting between the two groups and finally some persons tried to break open a gate to enter the premises. On receiving news of the incident, the police reached the spot and brought the situation under control. A police picket was posted there.

On Monday, the 21st June, 1993, there was another cracker explosion, near the 'Baganbari' premises. But owing to the presence of the

police in the vicinity, the tension that had developed over the last explosion incident, did not recur.

Therefore, a meeting was held at Khardah Police Station between representatives of the Sukchar Ashram and some local residents. No one sustained any injury in these incidents.

(গোলমাল)

(এই সময় কংগ্রেস (আই) সদস্যগণ কিছু বলতে থাকেন)

**শ্রী জ্যোতি বসু :** এটা যদি হয় তাহলে কংগ্রেসের ওই ভদ্রলাকেদের খুব অসুবিধা হবে। এ ছাড়া আমি আর কি বলতে পারি?

## MENTION CASES

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রী এবং কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন ধরে মেদিনীপুর জেলায় কাঁথির বিস্তীর্ণ এলাকায় অবিশ্রান্ত বৃষ্টির ফলে সেখানকার সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্বিসহ অবস্থায় পৌছেছে। অতিরিক্ত বৃষ্টি হওয়ার ফলে গরিব মানুষদের বহু মাটির বাড়ি ভেঙে নষ্ট হয়ে গিয়েছে এবং সেই এলাকার কৃষকদের চারা গাছ নষ্ট হয়ে গিয়েছে, দিন মুজররা কাজ করতে পারছে না। সেই জন্য এখানকার গরিব মানুষ অত্যন্ত খারাপ অবস্থার মধ্যে এসে পড়েছে। মাননীয় ত্রাণ মন্ত্রীকে অনুরোধ করছি মেদিনীপুর জেলায় বিশেষ করে সমুদ্র উপকূলবর্তী এলাকায় যে সমস্ত গরিব মানুষের মাটির ঘর ভেঙে গেছে তাদের জন্য অবিলম্বে জেলা শাসকের মাধ্যমে ত্রিপল পাঠাবার ব্যবস্থা করুন। আমি এখানকার ব্লক অফিসে এবং মহকুমা অফিসে খোঁজ নিয়ে জেনেছি যে সেখানে কোনও ত্রিপল নেই। অবিশ্রান্ত বৃষ্টিতে ভিজে সেখানকার গরিব মানুষ ভীষণ সংকটময় জীবন যাপন করছে। আমি ত্রাণ মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে গরিব মানুষের মধ্যে যাতে ব্যাপক হারে ত্রিপল বিতরণ করা যায় তার জন্য তিনি যেন ব্যবস্থা করেন। এখানকার গরিব মানুষরা যে ধানের বীজ রোপণ করেছিল সেইগুলি নষ্ট হয়ে গেছে। কৃষি দপ্তর থেকে অবিলম্বে যাতে তাদের বীজ সরবরাহ করা হয় তার জন্য কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুধীররঞ্জন দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ ভাবে কেন্দ্রীয় শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, বর্ধমান জেলার রূপনারায়ণপুরে হিন্দুস্থান কেবলস'এর একটি বিভাগ আছে যারা ডাক ও তার বিভাগের এবং রেলের টেলিফোনের কেবলস তৈরি করে থাকে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার কিছু ব্যক্তিগত মালিকানায় সেই কেবলস তৈরি করার পারমিশন দেওয়ায় তাদের প্রতিযোগিতা করতে হচ্ছে ঐ প্রতিযোগীদের সঙ্গে। কিন্তু দেখা যাচ্ছে, গত

ডিসেম্বর মাসে এবং ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে একটা টেন্ডার ইনভাইট করা হয়। হিন্দুস্থান কেবলস কারখানা সেই টেন্ডারের সর্বনিম্ন দর দেয়। সর্বনিম্ন দর দেওয়া সত্ত্বেও তাদের টেনার গ্রহণ করা হয়নি। তাদের শর্ত দেওয়া হয় যে, ১৯৯১ সালে যে দর ছিল তার থেকে শতকরা তিনটাকা হারে কমে যদি তারা কেবলস সরবরাহ করতে পারে তাহলে তাদের টেন্ডার গ্রহণ করা হবে। কিন্তু এটা গ্রহণ করা সম্ভব নয়। ১৯৯১ সালের দাম এবং তার উপরে শতকরা তিনটাকা কম, এটা যদি হয়, এটা ব্যক্তিগত মালিকানায় যারা আছে তাদের অর্ডারটা দেওয়ার জন্যই করা হয়েছে। আমি তাই আপনার মাধ্যমে কেন্দ্রীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এখানে মাননীয় শিক্ষামন্ত্রী, উচ্চশিক্ষা মন্ত্রী আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। মহাকরণ থেকে শিক্ষা দপ্তরকে সল্টলেকে নিয়ে যাওয়া হয়েছে। আপনি জানেন স্যার, মফস্বল এলাকা থেকে ওখানে যোগাযোগ করা খুব কষ্টকর ব্যাপার। মফস্বলের অনেকেই কলকাতায় — যেটা হার্ট অব দি সিটিতে অবস্থিত ছিল সেখানে — এই দপ্তরের সঙ্গে যোগাযোগ করতে পারতেন খুব সহজেই, এখন সল্টলেকে গিয়ে সেইভাবে যোগাযোগ করা সম্ভব নয়। হাওড়া থেকে এসে সল্টলেকে যাওয়ার অসুবিধা আছে, এটা খুব সহজেই অনুমান করা যায়। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব, এটা কোন জেদের ব্যাপার নয়, শিক্ষা দপ্তর যেখানে ছিল সেখানে রাখার তিনি ব্যবস্থা করুন। অমরা জানি যে হাইকোর্টে কতকগুলো কেস আছে, যদিও কয়েকটি শিক্ষা সংগঠন আপনাদের সঙ্গে হাত মিলিয়েছেন। কিন্তু পশ্চিমবাংলার বৃহত্তর মানুষ চান শিক্ষা দপ্তরটা আগে যেখানে ছিল সেখানেই থাকুক। আপনি দয়া করে শিক্ষা দপ্তর আগে যেখানে ছিল সেখানেই রাখুন।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। আপনারা জানেন অনেক আলাপ আলোচনার পরে সল্টলেকের বিকাশ ভবনে শিক্ষা দপ্তরকে নিয়ে যাবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই সিদ্ধান্ত গ্রহণের পিছনে যে যুক্তি ছিল সেটা হল, রাইটার্স বিলডিংসে স্থানাভাব এবং যে ভাবে আমাদের কর্মীবৃন্দকে কাজকর্ম করতে হচ্ছিল তা খুবই কষ্টকর। আমরা যে ভাবে চাইছিলাম, কলকাতার বিভিন্ন জায়গায় আমাদের দপ্তর যেগুলো আছে সেখানে আমাদের কাজের অসুবিধা হচ্ছিল। আমরা চেয়েছিলাম সমস্ত দপ্তরগুলোকে, সকলকে এক জায়গায় যদি আনতে পারি তাহলে মানুষের কষ্টটা কমবে এবং আমাদের দপ্তরের কাজের গতিতে সুবিধা হবে এবং আমরা মাননীয় শিক্ষকদের সেবা করতে পারব। এই ভাবেই আমরা আলাপ আলোচনা করি। আলোচনার পরে এর যৌক্তিকতা সম্পর্কে কেউ অস্বীকার করতে পারবেন না।

কিন্তু এটাই ঘটনা, আপনারা জানেন যে কোনও কিছু স্থানান্তরিত করতে গেলে যেমন যখন আপনারা বাড়ি পাল্টান তখন সাময়িক অসুবিধা হয় এটাও ঠিক তাই হয়। আমি

আবেদন করব সেটা আমাকে আপনাকে মেনে নিতে হবে। আমরা একটা বড় কাজ করেছি যে আমরা রাইটার্স থেকে সরে এসে এটা করতে পেরেছি। আপনারা জানেন যে শিক্ষা দপ্তর দিল্লিতেও ছড়িয়ে ছিটিয়ে আছে। পশ্চিমবঙ্গেও আমরা সেটা করেছি, অভিনব আমরা এটা করেছি বলতে পারেন না। শিক্ষার স্বার্থে, শিক্ষকদের স্বার্থে এবং আপনার আমার স্বার্থে দপ্তরগুলোকে স্থানান্তরিত করা হয়েছে। অনেকের স্বার্থেই এটা করেছি এবং আশা করব মাননীয় সদস্যবৃন্দ এটা সমর্থন করবেন, উৎসাহিত করবেন। আরেকটি কথা বলি, এই ব্যাপারে মামলা চলছিল, মাননীয় বিচারক মহাশয়গণ রায় দিয়েছেন যে শিক্ষা দপ্তর স্থানান্তরিত করা যেতে পারে। এতে সকলের অনুমতি ছিল এবং আমাদের সেক্রেটারিও সব শুনেছে এবং হাইকোর্টের অনুমতি পেয়েছি। তারা বলেছেন এই ব্যাপারে কোনও বিধিনিষেধ আরোপ করা হবে না। মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, আমরা ৬জন মন্ত্রী ওই বিকাশ ভবনে বসব।

**শ্রী দীপক মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রের মধ্যে ই এস ই কারখানা অবস্থিত। ওই কারখানাটি ২৯শে মে থেকে লক আউট বলে ঘোষণা করা হয়েছে। লক আউটের কারণ হিসাবে মালিকপক্ষ যুক্তি দেখিয়েছেন যে এখানে বিদ্যুৎ দপ্তরের বিভিন্ন জিনিসপত্র তৈরি হয়, এই কারখানাটি প্রধানত ইলেক্ট্রিকাল ইক্যুইপমেন্টস তৈরি করত এবং বিদ্যুৎ দপ্তর কিনে থাকে। কিন্তু দীর্ঘদিন ধরে ওই দপ্তর থেকে পেমেন্ট করছে না এবং ফলে প্রায় ৪২ লক্ষ টাকার বেশি অংশ পেমেন্ট না হওয়ার ফলে এই কারখানাটি চালাতে অসুবিধা হচ্ছে। এই বিষয়ে আমি বিদ্যুৎমন্ত্রী তথা শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কারখানাটি বিড়লা গোষ্ঠীর, এরা এইভাবে শ্রমিকদের সরকারের বিরুদ্ধে প্ররোচিত করছে। সুতরাং অবিলম্বে এই বিষয়ে হস্তক্ষেপ নিতে অনুরোধ করছি কারণ সত্যি কি এরা বিদ্যুৎ দপ্তরকে মালপত্র সরবরাহ করে কিনা এবং যদি যুক্তিসঙ্গত কারণে কারখানাটি বন্ধ করে থাকেন তাহলে অবিলম্বে এই কারখানাটি খোলা হোক। এতে ৪০০ জনের বেশি শ্রমিক কাজ করে। মালিকপক্ষ এইভাবে বামফ্রন্ট সরকারের নীতিকে নিয়ে শ্রমিকদের প্ররোচিত করছে। এটা বন্ধ হওয়ার ফলে প্রায় ৪০০র বেশি শ্রমিক অনাহারে বসে রয়েছে। সুতরাং আমি আপনার মাধ্যমে এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে এর হস্তক্ষেপ নিতে অনুরোধ করছি এবং সরকারের যা করণীয় তার ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী আবদুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা কালিয়াগঞ্জে ৪টি গঞ্জ আছে। পলাশী, কালিয়াগঞ্জ, মাটিয়ারী এবং দেবগ্রাম এই ৪টি জায়গাতেই মানুষ আর্সেনিক আক্রান্ত হয়েছে এবং মারা গেছে। শুধুমাত্র দেবগ্রাম ছাড়া আর কটি জায়গাতে পানীয় জলের ব্যবস্থা নেই। পলাশী একটি গুরুত্বপূর্ণ জায়গা, তাছাড়া কালিয়াগঞ্জ, মাটিয়ারী এখানে পি এইচ ইর জলসরবরাহ করার ব্যবস্থা করা হোক। সুতরাং মাটিয়ারী, কালিয়াগঞ্জ এবং পলাশীতে জল সরবরাহ করার জন্য ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সমর হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামাঞ্চলে যেসব প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপস্বাস্থ্যকেন্দ্রগুলি আছে সেগুলি থেকে দরিদ্র জনসাধারণ সামান্যতম চিকিৎসার সুযোগ পাচ্ছে না। কারণ সেখানে ওষুধপত্রের অভাব, ডাক্তারের অভাব এবং আধুনিক যন্ত্রপাতির অভাব। আমি আমার বিধানসভা নবগ্রাম, ইলমারা, চকনদার কথা বলছি, এখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আই. পি. পি-ও বড় বড় বিল্ডিং তৈরী হয়েছে। কিন্তু কোন ডাক্তার নেই। যাতে একজন করে মেডিক্যাল অফিশার দেওয়া হয় সেইজন্য আমি মাননীয় স্বাস্থমন্ত্রীর কাছে আবেদন করছি। গভর্নমেন্টের নিয়ম অনুযায়ী আই. পি. পি-ও বিল্ডিংগুলিতে দুজন করে মেডিক্যাল অফিশার দেওয়ার। জনসাধারণ যাতে নূন্যতম চিকিৎসার থেকে বঞ্চিত না হয় তার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** (নট প্রেজেন্ট)

**ডাঃ তরুণ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবাংলার চিকিৎসা ব্যবস্থা এমন একটা অবক্ষয়ের চূড়ান্ত পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে সাধারণ মানুষ হাসপাতালগুলিতে চিকিৎসার নূন্যতম সুযোগ পাচ্ছে না। খোদ কলকাতার বুকে, এমন কি মেডিক্যাল কলেজে নয়, এমন কি পি. জি. হাসপাতালে গিয়ে মানুষ আধুনিক চিকিৎসার সুযোগ পাচ্ছে না। আমি আপনার কাছে বিগত বছরগুলিতে বার বার আবেদন করেছিলাম যে পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকারের সহযোগিতা নিয়ে অল ইন্ডিয়া ইন্সটিউট অফ মেডিক্যাল সায়েন্স যাতে তৈরি করা যায়। যার ফলে রাজ্যে শুধু মেডিক্যাল ব্যবস্থা নয়, শিক্ষা ব্যবস্থারও অনেক উন্নতি করা যাবে। এই প্রস্তাব আপনি অনুমোদন করেছিলেন। আমি আবার বলছি এই প্রস্তাবটি নতুন করে গ্রহণ করা হোক। কারণ স্বাস্থ্য দপ্তর নিয়ে রাজ্য সরকারের যে চূড়ান্ত গাফিলতি চলছে তার একটা সুরাহার ব্যবস্থা করা হোক। ব্যাঙ্গালোর, দিল্লির মতো এখানেও যাতে অল ইন্ডিয়া মেডিক্যাল সায়েন্স তৈরি করা যায় এবং এই ব্যাপারটা পুনরায় বিবেচনার জন্য হাউসের কাছে আবেদন রাখছি। পশ্চিমবাংলার চিকিৎসা ব্যবস্থার উন্নতি করার জন্য আমি আপনার কাছে আবেদন করব এবং আপনি এই ব্যাপারে যদি দু-একটা কথা বলেন তাহলে আমরা তার ভিত্তিতে মানুষের কাছে দু-একটা কথা বলতে পারি।

**Mr. Speaker :** Now, Shri Sunil Kumar Ghosh.

**শ্রী সুনীলকুমার ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগরের একমাত্র কারখানা স্মল টুলস ম্যানুফ্যাকচারিং কোম্পানি ১৪ মাস ধরে বন্ধ আছে।

**(এই সময় সাধন পান্ডে উঠে পড়ে দাঁড়িয়ে কিছু কথা বলতে থাকেন)**

**মিঃ স্পিকার ঃ** সুনীল বাবু বসুন। Mr. Ghosh, one moment. Mr. Pande, you are making your submission off the record, you are making an aspersion which is not true.

আমি বলছি, এটা আপনাদের পার্টি ঠিক করে। আপনাদের পার্টি ঠিক করে আমাদের যে তালিকা দেয়, আমরা সেই তালিকার ভিত্তিতে কমিটি তৈরি করি। এটা আমি ঠিক করিনা। আপনার পার্টিতে এটা আলোচনা করলে ভালো হত। আপনি এটা জানেন না, বলবেন না।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী সুনীল ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয়মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগরে একটি মাত্র কারখানা — স্মল টুলস ম্যানুফ্যাকচারিং কোং লিমিটেড গত ১৪ মাস ধরে বন্ধ হয়ে আছে। এর ফলে সেখানকার ২৭০ জন শ্রমিক বেকার হয়ে পড়েছেন। এরমধ্যে ১০ জন মারা গিয়েছেন। এই রকম একটি অবস্থার মধ্যে সেই কারখানাটি হস্তান্তরিত হবার কথা আমরা শুনেছিলাম এবং একটা টেন্ডার হবার কথা শুনেছিলাম কিন্তু দেখা যাচ্ছে যে সে ব্যাপারে কোনও উদ্যোগ নেওয়া হয়নি। স্যার, কৃষ্ণনগরের একটিমাত্র কারখানা যদি অচল হয়ে যায় তাহলে একটা বিস্তির্ন এলাকার মানুষদের অসুবিধা হবে এবং শ্রমিকদের, তাদের পরিবারবর্গ নিয়ে না খেয়ে মরতে হবে। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলব, অবিলম্বে যাতে ঐ কারখানাটি খোলা হয় এবং ঐ কারখানার শ্রমিকরা যাতে তাদের পরিবারবর্গ নিয়ে খেয়ে পরে বেঁচে থাকতে পারেন তার ব্যবস্থা করুন।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার তথা সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে যেখানে বিশ্বব্যাঙ্ক থেকে কোটি কোটি টাকা ধার নিয়ে মৎস্য প্রকল্প এবং গবেষণা কেন্দ্র খোলা হচ্ছে সেখানে নদীয়া জেলার কৃষ্ণনগরে ৫২ একর জমির উপর অবস্থিত অঞ্জনা ফিশ ফার্মটি এবং গবেষণা কেন্দ্রটি সমাজবিরোধীদের দৌরাত্মে ৫/৬ বছর ধরে বন্ধ হয়ে আছে। স্যার, এই অঞ্জনা ফিশ ফার্ম এবং গবেষণাকেন্দ্র থেকে নদীয়াজেলার বিভিন্ন বাজারে সুলভে মাছ সরবরাহ করা হ'ত কিন্তু সেটা বন্ধ থাকার জন্য কৃষ্ণনগরবাসী তথা নদীয়া জেলা বাসী সুলভে যে মাছ পেতেন সেটা তারা পাচ্ছেন না, সেখান থেকে বাজারে মাছ সরবরাহ হচ্ছে না। মাননীয় মৎস্য মন্ত্রীর কাছে আবেদন, অবিলম্বে এই অঞ্জনা ফিশ ফার্ম এবং গবেষণাকেন্দ্রটি খোলার ব্যবস্থা করুন। এখানে প্রায় একশো থেকে তিনশো জন সরকারি কর্মচারী আছেন, তারা মাসের পর মাস বসে বসে মাহিনা পাচ্ছেন, একজন ফিশ ফার্ম ম্যানেজার আছেন, তিনি সব সময় সেখানে থাকেন না। সেখানে অঢেল অর্থ সরকারি কর্মচারিদের জন্য ব্যয় করা হচ্ছে অথচ সেই মৎস্য খামার ও গবেষণা কেন্দ্রটি

বন্ধ হয়ে আছে। স্যার, আমরা শুনেছি যে বিশ্বব্যাঙ্কের টাকায় মৎস্যমন্ত্রী হলদিয়া এবং অন্যান্য জায়গায় মৎস্য খামার, মৎস্য গবেষণাকেন্দ্র খুলছেন অথচ এই অঞ্জনা ফিশ ফার্ম এবং গবেষণা কেন্দ্রটি বন্ধ হয়ে আছে এবং সেখানে সরকারি কর্মচারিরা বসে বসে মাহিনা পাচ্ছেন। অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আমি দাবি জানাচ্ছি।

**ডঃ নির্মল সিনহা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৯ এবং ৯০ সালে আমার জেলায় ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট প্ল্যান যদিও মগরাহাটি স্বাস্থ্যকেন্দ্রটি গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত হবার কথা ছিল কিন্তু তা এখনও পর্যন্ত হয়নি। মোহনপুরের উপস্বাস্থ্যাকেন্দ্রটির উদ্বোধন হবার কথা ছিল কিন্তু সেটাও হয়ানি। সেখানে যে বাধাগুলি ছিল তা অপসারিত হয়েছে। সি. এম. ও. এইচের অফিশ থেকে সমস্ত কাগজপত্র মহাকরণে চলে গিয়েছে।

এখন পথগুলো মোটামুটি প্রসারিত হয়েছে। আমি সেই জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব, তিনি যাতে এই কাজগুলো দ্রুত হয়, তার ব্যবস্থা গ্রহণ করবেন। এই প্রসঙ্গে আর একটা কথা, ওখানে জলঘুপিতে নুতন স্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি দেওয়া হয়েছে, ইন্সপেকশনও হয়ে গেছে, কিন্তু ফাইলটা গত এক বছর যাবৎ পাওয়া যাচ্ছে না। এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমাদের অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন এবং আমাদের বিধানসভার সকল সদস্যই জানেন যে গত প্রায় ২ মাস আগে ৯/৪/৯৩ তারিখে আমার কেন্দ্র কাঁথি থেকে একটা বিরাট ঘুর্ণি ঝড় বয়ে যায়, যার ফলে গোকর্ণ এলাকার প্রায় চারটে গ্রামে গোকর্ণ, খোসবাসপুর, চাটরা, বমাতড়া এবং আমার পার্শ্ববর্তী খড়গ্রাম থানার সুজাপুর গ্রামটা বিদ্ধস্ত হয়ে যায়। সেখানে প্রায় ২ হাজার বাড়ি ধুলিস্মাৎ হয়ে যায় এবং প্রায় ৪৯ জন মানুষ প্রাণ হারান, অসংখ্য গবাদি পশু মারা যায়। এই রকম দৃশ্য দেখা যায় না। গরুর গাড়ি পর্যন্ত আকাশে উড়ে যায়, এমন কি ফুললি লোডেড বাস উড়ে গিয়ে অন্য জায়গায় পড়ে। এই অবস্থার মধ্যে যারা মারা গেছে, তাদের সাহায্য দানের ব্যবস্থা হয়, সেখানে কেন্দ্রীয় রেলমন্ত্রী দেখে এসেছেন, কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী সেখানে গিয়ে দেখে এসেছেন, বামফ্রন্টের বহু মন্ত্রী সেখানে গেছেন। কিন্তু এখনও পর্যন্ত সেখানে রাজ্য সরকারের পক্ষ থেকে যে ১০ হাজার টাকা করে ক্ষতি পূরণ দেবার কথা এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে ২০ হাজার টাকা করে দেবার কথা, সেটা এসে পৌঁছায়নি। যাদের বাড়ি ভেঙে গেছে তাদের জন্য কথা ছিল হাডকো থেকে প্রত্যেককে ১২ হাজার টাকা করে লোন দেওয়া হবে। কিন্তু সেই লোনের জন্য কে গ্যারান্টার হবে, সরকার থেকে এখনও পর্যন্ত তা ঠিক করতে না পারার জন্য তারা টাকা পাচ্ছেন না, তারা বাড়ি সারাতে পারছে না।

মাননীয় মন্ত্রীর কাছে তাদের দেওয়া একটা দরখাস্ত আপনার মাধ্যমে দিচ্ছি যাতে অর্থমন্ত্রী হাডকো থেকে তাড়াতাড়ি সেই ঋণ গৃহহীনদের কাছে পৌঁছানোর ব্যবস্থা করেন।

**শ্রীমতী আরতি দাসগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের অবতারণা করছি, যার গ্ল্যামার নেই বলে আলোচনা খুব কম হয়। আপনি জানেন বিড়ি শিল্প থেকে কেন্দ্রীয় সরকার একটা সেস্ গ্রহণ করেন। সেই সেস্ নিয়ে কীভাবে তছরুপ হয়, কীভাবে খরচ হয়, সেটা আমি এখানে অবতারণা করতে চাই। সেটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার আমাদের বিধানসভার ব্যাপার নয়। আমি একটা বিষয় অবতারণা করতে চাইছি যেটা ৬৬ সালের বিড়ি সিগার ওয়ার্কার্স এমপ্লয়ামেন্ট অ্যান্ড কনডিশন অ্যাক্ট ওয়ার্কারদের জন্য আছে, তাদের ওয়েলফেয়ার দেবার কথা হয়েছে, সেই ব্যাপারে আপনার কাছে বলতে চাই। ওয়েলফেয়ার ফান্ড রুলস্, ১৯৭৮, তাতে বলা হয়েছে বিড়ি শ্রমিকদের ওয়েলফেয়ারের অংশ পেতে হলে তাদের আইডেন্টিটি কার্ড থাকতে হবে। এটা দেবার অথরিটি হচ্ছে অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, বি. ডি. ও., আর মিউনিসিপ্যালিটির একজিকিউটিভ অফিশার।

[1-00 – 1-10 p.m.]

**শ্রী মানিক ভৌমিক ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকার তমলুক এক নং ব্লকের একটা রাস্তার প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তমলুক ১ নং ব্লকের ময়না — মেচেদাঘাট রাস্তাটি মাত্র ১১ কিলো মিটার দীর্ঘ এবং সেটি ৪১ নং জাতীয় সড়কের সঙ্গে সংযুক্ত। সেই রাস্তাটি চলাচলের অনুপযুক্ত হয়ে পড়েছে। সেটি বর্তমানে যান চলাচলের পক্ষে বিপজ্জনক। প্রতি দিন সেখানে বাস অ্যাক্সিডেন্ট হচ্ছে, মানুষ প্রাণ হারাচ্ছে। এক শ্রেণীর অসাধু ঠিকাদার এবং এক শ্রেণীর অসাধু সরকারি কর্মচারী যোগসাজস করে মাঝে মাঝে কিছু গর্ত ভরাট করার কাজ করছে যার কোন মূল্য নেই। এই রাস্তাটি দিয়ে প্রতি দিন অন্তত ১০ হাজার লোক যাতায়াত করে। শুধু ময়না বিধানসভা কেন্দ্রই নয়, তমলুক মহিষাদল প্রভৃতি কয়েকটি বিধানসভা কেন্দ্রের মানুষদের এটাই এক মাত্র যোগাযোগের রাস্তা। গতকালই ওখানে একটা বাস অ্যাক্সিডেন্ট হয়েছে। যে কোন মুহূর্তে যাত্রী বোঝাই বাস রাস্তা থেকে গাড্ডায় পড়ে যেতে পারে। রাস্তায় মাঝে মাঝে একটা করে পুকুর তৈরি হয়ে গেছে। এই অবস্থায় মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমি দাবি জানাচ্ছি যুদ্ধকালীন জরুরি ভিত্তিতে ব্যাপক মানুষদের স্বার্থে অবিলম্বে ময়না, মেচেদা রাস্তাটি উপযুক্তভাবে মেরামত করার ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে আমি আরো জানাচ্ছি যে, ওখানে অসাধু ঠিকাদারদের সঙ্গে মাননীয় মন্ত্রীর দপ্তরের কর্মচারিদের যোগসাজসে একটা দুর্নীতির চক্র তৈরি হয়েছে। ওখানকার হাইওয়ে সাব-ডিভিসন অফিসে যে কোনও দিন গেলেই দেখা যাবে এক শ্রেণীর ঠিকাদার সকাল থেকে বিকেল পর্যন্ত বসে আছে। ইতিপূর্বে এ' রাস্তাটিতে যে কাজ হয়েছে সেই কাজও তদন্ত করে দেখা হোক, এই দাবিও আমি মন্ত্রী মহাশয়ের

কাছে রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় অবিলম্বে ওখানে যে কাজ হয়েছে তা তদন্ত করে দেখার জন্য বিভাগীয় তদন্ত অর্ডার দিন এবং বিচার করে দোষী ব্যক্তিদের শাস্তি দেবার ব্যবস্থা করুন।

**শ্রী নির্মল দাস :** স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্যের মুখ্যমন্ত্রীর তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি জলপাইগুড়ি জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটেছে এবং বেশ কয়েকটি নারকীয় হত্যাকান্ড সংঘটিত হয়েছে। আমাদের আলিপুর-দুয়ারে গত মাসে চারটে ডাকাতি সংঘটিত হয়েছে। ফলে মানুষ উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছে। গত পৌর নির্বাচনে বিজয়ী আলিপুর-দুয়ার মিউনিসিপ্যালটির কমিশনার শ্রীমতী মায়া সরকার গত তিন দিন আগে তাঁর বাড়ি থেকে বেরিয়ে বন্ধুর বাড়ি যাচ্ছিলেন, সেখানে তাঁর সঙ্গে একজন ছিলেন, পথে তাঁর গলার সোনার হার একজন ছিনতাই করে নিয়ে যায়। এটা একটা আশ্চর্যজনক ঘটনা। আলিপুর-দুয়ারে গত ১০/১২ বছরে এই জাতীয় ঘটনা ঘটে নি। সঙ্গে সঙ্গে এই ঘটনা থানায় জানানো হয়। কিন্তু আজ পর্যন্ত পুলিশ কোন সুরাহা করতে পারে নি। এটা লজ্জার কথা। আমরা আরো দেখছি ওখানে বর্তমানে বেশ কিছু পুলিশ অফিশার নিরপেক্ষভাবে চলছে না। যার জন্য আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটছে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে তিনি এদিকে নজর দিন এবং যে সমস্ত অফিশাররা কর্মে গাফিলতি করছে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

**শ্রী দেব প্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয় সমস্ত পরীক্ষার ফি ৫০ থেকে ৬০ শতাংশ বাড়াবার সিদ্ধান্ত নিয়েছে এবং পরীক্ষার বিভিন্ন ফর্ম এবং মার্কশিটের ফি-ও বাড়াবার সিদ্ধান্ত নিয়েছে। এই সিদ্ধান্তের মাধ্যমে পশ্চিমবঙ্গের অভিভাবকদের এবং পরীক্ষার্থীদের ওপর বছরে দেড় কোটি টাকার বাড়তি বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়কে বলছি, অর্থ সাহায্যের অপ্রতুলতার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় যেটা ঐতিহ্যমন্ডিত বিশ্ববিদ্যালয় সেই বিশ্ববিদ্যালয় আজকে এইভাবে ফি বাড়িয়ে দিয়েছেন। সরকারি ব্যয়-ভার বৃদ্ধির ফলে শিক্ষার কার্য সঙ্কুচিত হয়। শুধু তাই নয়, বিশ্ববিদ্যালয় যে অবস্থায় গেছে — আজকে তারা সম্পত্তি বিক্রি করে দিচ্ছে, বেসরকারি সংস্থার কাছে হাত পাতছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মতন ঐতিহ্যমন্ডিত শিক্ষা প্রতিষ্ঠানের ঐতিহ্য রক্ষা করতে পারবে কিনা সে ব্যাপারে আশংকা দেখা দিয়েছে। তাই আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব, কলকাতা বিশ্ববিদ্যালয়কে এই যে জনস্বার্থ বিরোধী পদক্ষেপ নিতে হচ্ছে তার হাত থেকে অব্যাহতি দেবার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় অর্থ সাহায্য দিন এবং বাড়তি ফি বাড়াবার যে সিদ্ধান্ত নিয়েছে তা প্রত্যাহার করে নেবার জন্য মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে

দাবি জানাচ্ছি।

**শ্রী মানিকচন্দ্র মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার হাসপাতালগুলিতে ডাক্তারসহ অন্যান্য শূন্য পদগুলিতে দীর্ঘদিন নিয়োগ বন্ধ আছে। ফলে জেলার বিভিন্ন হাসপাতালে সুচিকিৎসার সমস্যা দেখা দিয়েছে। আমার বিধানসভা এলাকার আহমেদপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন হয়েছে ফেব্রুয়ারি মাসে। কিন্তু ডাক্তার ও অন্যান্য প্রয়োজনীয় কর্মীর অভাবে চিকিৎসার কাজ পুরোপুরি চালু করা যায়নি। আমার নির্বাচনী কেন্দ্র লাভপুর এলাকার দাঁড়কা, ছোট সাংড়া, সিউড়, গড়গড়িয়া রামকৃষ্ণপুর হাসপাতালে দীর্ঘদিন যাবৎ কোনও ডাক্তার নেই। ফলে এলাকার মানুষ প্রায়োজনীয় চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। অতি সত্বর এইসব হাসপাতালগুলিতে ডাক্তার ও অন্যান্য কর্মী নিয়োগ করে যাতে সুচিকিৎসার ব্যবস্থা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বনগাঁ ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কার্যকলাপ সম্পর্কে পূর্ণ তদন্ত করার জন্য মাননীয় শ্রমমন্ত্রীর কাছে দাবি রাখছি। প্রতি বছর হাজার হাজার আন এমপ্লয়েড ইউথ নাম রেজিস্ট্রি করছে। বর্তমানে ৫৪ হাজারের উপর নাম হয়ে গেছে। সরকারি কোনও ডিপার্টমেন্টে — যেমন ট্রাম, বাস কিম্বা পুলিশ এই সমস্ত বিভাগে যে সমস্ত ভ্যাকেন্সি হয়, ঐ বনগাঁ ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কোনও পদ পূরণের জন্য প্রার্থী চায় না। উপরোক্ত ঐ অফিসের যাঁরা অফিশার আছেন তাঁরা একটা নতুন সমস্যার সৃষ্টি করেছেন। বাইরের যে সমস্ত বেকার ছেলে কেবল তাদের নাম রেজিষ্ট্রি করছে এবং নাম ট্রান্সফার করা হচ্ছে। বনগাঁ ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করে তাদের প্রায়ওরিটি দিয়ে লোকাল স্কুলে তাদের চাকরি হচ্ছে মোটা অঙ্কের টাকা নিয়ে। এইরকম ব্যবস্থা করে একটা সমস্যার সৃষ্টি করেছে। আমি চাই, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় বনগাঁ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে এ বিষয়ে তদন্ত করুন — কত ট্রান্সফার কেস এসেছে এবং ম্যাচিওরিটি হয়নি অথচ সিনিওরিটির ভিত্তিতে বিভিন্ন জায়গায় এবং স্কুলে চাকরি হচ্ছে।

**শ্রী অতুলচন্দ্র দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা গোপীবল্লভপুরের সাঁকরাইল ব্লকের কুলটিকরী গ্রাম পঞ্চায়েতের কথা উল্লেখ করছি। গ্রাম পঞ্চায়েতটির নাম কুলটিকরী। কিন্তু নির্বাচনে এই গ্রাম পঞ্চায়েতে যে নির্বাচন হয়েছে তাতে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে অবহেলিত এবং পিছিয়ে পড়া শ্রেণীর মানুষের জন্য যে সংরক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে সেখানে প্রত্যেক ক্ষেত্রে দেখা গেছে যে সি. পি. এম. প্রার্থীরা সেখানে সবাই মহিলা এবং যে ১১ জন মহিলা প্রার্থী ছিলেন তাঁরা সকলেই নির্বাচিত হয়েছেন। পঞ্চায়েত সমিতিতেও

দুজন নির্বাচিত হয়েছেন। এই নির্বাচিত মহিলারা শুধু নির্বাচিতই হন নি, শতকরা ৮০ ভাগ মতো ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, কিন্তু এখন দেখা যাচ্ছে যে সেইসব মহিলারা হচ্ছেন দুজন নিম্ন মধ্যবিত্ত এবং বাকি ক্ষেত মজুর, তার মধ্যে নবসাক্ষর আছেন দুজন এবং বাকিরা সাক্ষরতার কার্যে নিযুক্ত আছেন। কিন্তু ওঁরা নির্বাচিত হবার পর থেকে ওঁদের রাস্তায় দেখলে কংগ্রেস এবং ঝাড়খণ্ডীরা পরাজয়ের গ্লানি দূর করার জন্য এবং তাদের আক্রোশ চরিতার্থ করার জন্য নির্বাচিত মহিলাদের রাস্তায় দেখলেই তাঁদের প্রতি অশালীন উক্তি করেন, যদিও ঐ এলাকার জনগণ সে সব প্রতিরোধ করেছেন তবুও আমার বক্তব্য হচ্ছে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী তাঁদের প্রতি একটু দৃষ্টি দেন যাতে তাঁরা ভালভাবে পঞ্চায়েতের কাজ করতে পারেন।

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের মাননীয় শিক্ষামন্ত্রী — উনি হাউসে রয়েছেন — আমাদের মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান সকালে বলেছেন যে সল্ট লেকে শিক্ষাদপ্তর তুলে নেবার জন্য, তার উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে কাজের সুবিধা হবে শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার মধ্যে দিয়েই করা হয়েছে। আমি দাবি জানাচ্ছি এই শিক্ষক সংগঠনের পক্ষ থেকে এই দাবিও করা হয়েছে যুক্তিপূর্ণ দাবি এর আগে বিধানসভায় আপনি ঘোষণা করেছেন যে প্রতি মাসে প্রাথমিক শিক্ষকদের বেতন মাসের এক তারিখে প্রদান করা হবে। শুধু তাই নয়, শিক্ষক সংগঠনের পক্ষ থেকে গতকাল এই সভায় মাননীয় অর্থমন্ত্রী ছিলেন যে জিনিসটা সরকারি টালবাহানার জন্য হচ্ছে না সেই শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড এবং পেনশনের টাকা পান না। অনেক ক্ষেত্রে দেখা গেছে তাঁরা অবসর নেওয়ার পর মারা গেছেন এখনও টাকা পাননি, আর আপনি বলা সত্ত্বেও এখন সময়ে বেতন পাচ্ছেন না, এবং প্রভিডেন্ট ফান্ড ও পেনশনের টাকা থেকে বঞ্চিত হচ্ছেন।

**শ্রী নটবর বাগ্দী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে টি. বি. রোগের চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। অন্যদিকে রাঁচী স্যানাটোরিয়ামের জন্য রাজ্য সরকারের প্রতি বছর ৭০/৮০ লাখ টাকা সাহায্য করতে হয়। সেখানে পশ্চিমবঙ্গের কোন রোগীই যাচ্ছে না, গেলে ঝাড়খণ্ডীরা একটা জিজিয়া করের মতো কর চাইছে। এর জন্য পশ্চিমবঙ্গ থেকে রোগী যাচ্ছে না। পুরুলিয়াতে এই রোগের সংখ্যা দিন দিন বাড়ছে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে, অযোধ্যা এবং রঘুনাথপুর পাহাড়ে বিশেষ করে রঘুনাথপুরে স্টেট জেনারেল হাসপাতাল অনেক টাকা খরচ করে তৈরি হয়েছে, সেখানে টি. বি. ওয়ার্ড এখন চালু করা হয়নি, ডাক্তাররা যদিও সপ্তাহে একদিন করে চিকিৎসা করছেন, প্রায় দু-তিনশো রোগী সেখানে যাচ্ছে। তাই আমার প্রস্তাব হল রাঁচীতে যে টাকাটা খরচা হচ্ছে সেটাকে বন্ধ করে পুরুলিয়া সাইডে যদি ব্যবস্থা করা যায় তাহলে ভাল হবে, এই প্রস্তাবটা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। এটা যদি করা হয় তাহলে জেলার মানুষের উপকার

হবে। এই দাবি আমি এখানে রাখছি এবং আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তথা মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার গ্রাম নওদা এবং এই নওদা কেন্দ্রে ত্রিমোহিনী বলে একটা গ্রাম আছে। এই গ্রামটি বিরাট। এই গ্রামের মাঝখান দিয়ে সুতি নদী প্রবাহিত হয়েছে। এই গ্রামের বাজারে আসতে গেলে গ্রামের মানুষকে দক্ষিণ প্রান্ত থেকে উত্তর প্রান্তে আসতে হয় এবং এই নদী প্রায় ৬ মাসের উপর প্রবাহিত থাকে। তখন এই গ্রামের বেশীর ভাগ লোককে উত্তর দিকে আসার জন্য অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়তে হয়। আমি বারবার আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি যে এখানে একটা কাঠের ব্রিজ অবশ্য হওয়া প্রয়োজন, এর এলাকার মানুষ আশান্বিত এবং আকাঙ্খিত। সুতরাং পূর্তমন্ত্রী যেন অবশ্যই এই বিষয়ের প্রতি দৃষ্টি দেন এবং অবিলম্বে সেখানে একটা কাঠের ব্রিজ নির্মাণ করেন। এই অনুরোধ আপনার মাধ্যমে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার পোলবা ব্লকে ১২টি গ্রামপঞ্চায়েত আছে। এই যে পঞ্চায়েতের যে নির্বাচন হয় তার মধ্যে ১১টি বামফ্রন্ট পেয়েছে এবং ১টি কংগ্রেস দখল করেছে। যেটা কংগ্রেস দখল করেছে সেটা হচ্ছে সুগন্ধ্যা গ্রাম পঞ্চায়েত। সেখানে কংগ্রেসের লোকেরা নারকীয় ঘটনা ঘটাচ্ছে। গত ১২ই জুন বামনগাছা গ্রামে চম্পা আদক নামে একটি ১৬ বছরের কুমারী যুবতী, সে যখন ছাগল আনতে গিয়েছিল তখন কংগ্রেসের ৪ জন যুবক তাকে জোর করে ধরে পাট ক্ষেতে নিয়ে এবং সেখানে তাকে ধর্ষণ করে এবং সে তাদের চিনে ফেলায় তাকে তারা শ্বাসরোধ করে হত্যা করে। এই ঘটনা সকলে জানবার পরে পুলিশ আসে এবং ৪ জনকে গ্রেপ্তার করে। কংগেসের প্রফুল্ল দাস, দীপক দাস এবং মহিত মাঝী, এদের গ্রেপ্তার করা হয় এবং আরো কয়েকজনকে পুলিশ খুঁজছে। এ ছাড়াও গটু গ্রামে সি. পি. এম-এর দুইজন সমর্থককে কংগ্রেস কর্মীরা অস্ত্র নিয়ে আঘাত করে। এদের নাম হচ্ছে, গোপীনাথ মালিক এবং বাসু পাল। এদের দুটো হাতে আঘাত লাগে, পেটে আঘাত লাগে এবং মাথায় আঘাত লাগে। এরা চুঁচুড়া হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এছাড়াও বাম নগর খামার, আলি নগর গ্রাম, এই সমস্ত জায়গায় আমাদের পরাজিত প্রার্থীদের বাড়িতে বোমা নিয়ে আক্রমণ করছে। কাজেই আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে যারা নারী ধর্ষণের ঘটনা ঘটিয়েছে, হত্যা করেছে এবং হত্যার উদ্দেশ্যে আক্রমণ করেছে তাদের গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা

গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বানতলায় বিনা টেন্ডারে বেসরকারি সংস্থার হাতে ১৮০ বিঘা জমি রাজ্য সরকার দিয়ে দিয়েছেন। পি. সি. চন্দ্র গ্রুপ এই ১৮০ বিঘা জমি পেয়েছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যের ব্যাপার যে বিনা টেন্ডারে এই রকম ১৮০ বিঘা জমি যাদের দিয়ে দেওয়া হল তারা হয়ত এখানে বাণিজ্যিক কমপ্লেক্স করতে পারেন।

[1-20' – 1-30 p.m.]

একদিকে ভিক্টোরিয়াতে হিন্দুজাকে ১০ কোটি টাকা প্রকল্পের জন্য বিশাল জমি দিয়ে দেওয়া হল। এই ভাবে বেআইনি ভাবে সরকারি জমি নিয়ে বার বার ছিনিমিনি খেলা হচ্ছে। বিধানসভা চলাকালীন একটার পর একটা সিদ্ধান্ত আমাদের সংবাদপত্রের মাধ্যমে দেখতে হচ্ছে। এতে বিধানসভার সম্মান লঙ্ঘিত হচ্ছে। বিধানসভার গুরুত্ব সম্পর্কে মন্ত্রীদের অবহেলা লক্ষ্য করছি। এই সম্পর্কে কঠোর মনোভাব না নিয়ে আমাদের বিধানসভা আসার কি অর্থ হয় আমরা বুঝতে পারছি না। অর্থমন্ত্রী একটা পলিসি ডিসিসন নিয়ে নিলেন সেটা আমরা সংবাদপত্রের মাধ্যমে পড়ে জানতে পারছি। হলদিয়ার ব্যাপারে টাটার সঙ্গে চুক্তিতে সই করে মাননীয় মুখ্যমন্ত্রী প্রেসে পাঠিয়ে দিলেন, তারপরের দিন বিবৃতি দিচ্ছেন কলিং অ্যাটেনশনে। এই সমস্ত বিষয়গুলি থেকে বুঝতে পারা যাচ্ছে বিধানসভার প্রতি সরকারের উদাসীন মনোভাব। এই সরকারকে তাই আমি ধিক্কার জানাচ্ছি এবং আপনার হস্তক্ষেপের দাবি জানাচ্ছি।

**শ্রী শান্তি চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী এবং জল সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র তারকেশ্বরের তালপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে মাকড়া গ্রাম অবস্থিত। এই গ্রামে বিদ্যুৎ না থাকার জন্য পি. এইচ. ই. জল সরবরাহ করতে পারছে না। অবিলম্বে যাতে এই গ্রামে বিদ্যুতের ব্যবস্থা করা যায় তার জন্য আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সাধন পান্ডে :** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে এই হাউসে একটি ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনার জন্য মেনশন করছি। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী একটা সুন্দর কথা বলেছেন। গতকাল তিনি সি. আই. টি. ইউ. নেতাদের তিনি বকে দিয়েছেন। ওরা যেভাবে চালাচ্ছে তাতে এখানে শিল্প গড়ে ওঠার কোন অবস্থা নেই, কোন অ্যাটমোস্ফেয়ার নেই। আমরা এটা বলেছি যে এই রাজ্যে শ্রমিকদের ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে। এই রাজ্যে আজকে উনি বুঝেছেন যে সি. আই. টি. ইউ. বা এই ধরনের শ্রমিক সংগঠন যা করছে তার জন্য ইন্ডাস্ট্রিয়ালিস্টরা এসে এখানে ইনভেস্ট করতে চাচ্ছে না। আমার শুধু ওনার বক্তব্যের একটা ছোট জিনিসের উপর আপত্তি আছে। মাননীয় মুখ্যমন্ত্রী যেটা বলেছেন তা হলো যে তাঁরা যখন ক্ষমতার বাইরে ছিলেন তখন এক রকম আর যখন ক্ষমতায় ছিলেন তখন এক রকম। তিনি কি ক্ষমতার বাইরে থেকে ধ্বংস করতে চান। ক্ষমতায় এসে ১৬ বছর পরে উনি বলছেন গঠনমূলক আন্দোলন করতে হবে। আসল কথা হচ্ছে

শ্রমিক আন্দোলনের জন্য শিল্প আসছে না।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রামে দুটি ব্লক আছে। নন্দীগ্রাম দু-নম্বর ব্লকে রেয়েপাড়া হাসপাতাল ২৫ বেডের হাসপাতাল। দীর্ঘদিন ধরে ডাক্তারের অভাবে অন্তঃ বিভাগ বন্ধ হয়ে গিয়েছে, বহির্বিভাগও বন্ধ। এমনকি এই হাসপাতাল রুরাল হাসপাতালে উন্নীত হবার জন্য সরকারি আদেশ যাওয়া সত্ত্বেও কাজ-কর্ম বন্ধ হয়ে আছে। এই হাসপাতাল বন্ধ হয়ে যাওয়ার জন্য আমি সমস্ত জায়গায় এবং এখানেও বারে বারে বলা সত্ত্বেও কোনও ডাক্তার যায় নি। একটা ব্লক হাসপাতাল রুর‍্যাল হাসপাতালে উন্নিত হওয়া সত্ত্বেও, ২৫ বেড থাকা সত্ত্বেও হাসপাতালটি বন্ধ হয়ে পড়ে আছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে বিনীতভাবে আবেদন করব যাতে এখানে ডাক্তার এবং পর্যাপ্ত নার্স পাঠানো হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বারইপুর কেন্দ্রে গত ৮৮ সালের নির্বাচনে সি. পি. আই. ৮টি অঞ্চলে ছিল, কংগ্রেসের হাতে ছিল ৫টি। এবারে ১৫টি অঞ্চলের মধ্যে কংগ্রেস ৯টিতে জয়লাভ করেছে, ২টিতে সমান সমান আর ৪টি পেয়েছে সি. পি. এম.। এর পর থেকে শুরু হয়েছে অত্যাচার। গত কয়েকদিন রামনগর, হরিহরপুরে ব্যাপক সন্ত্রাস চলছে। গতকাল হরিহরপুরের যিনি উপপ্রধান, আমজাদ হোসেন, তাঁকে ব্যাপক ভাবে মারধোর করা হয়েছে। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এর আগে চন্দ্রগ্রামের উত্তর ভাগে বিভিন্ন ভাবে সন্ত্রাস চলেছে। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন, এই পরিস্থিতি বন্ধ না হলে আমরা বড় আন্দোলনের পথে যাব। এই সন্ত্রাসের জন্যই আগামী ১৪ই জুলাই মমতা ব্যানার্জি; রাইটার্স বিল্ডিং অভিযানের আহ্বান জানিয়েছেন।

**শ্রী তপন হোড় :** মাননীয় স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি আগামী শিক্ষাবর্ষ থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়। পরীক্ষার ফি সহ বিভিন্ন ফি বৃদ্ধি করে চলেছেন। এই বিষয়টি ছাত্র এবং অভিভাবকদের মধ্যে অত্যন্ত দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। শিক্ষাক্ষেত্রে আজকে যেভাবে ব্যয় বৃদ্ধি পাচ্ছে, সেখানে দাঁড়িয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফি যেভাবে বেড়েছে তাতে আমরা উদ্বিগ্ন। আমরা দেখছি, ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে একটা প্রতিবাদ আসছে। কাজেই, আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে আমি অনুরোধ করছি যে তিনি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন ছাত্র এবং অভিভাবকদের দিকে তাকিয়ে যাতে এই ধরনের ফি বাড়ানো বন্ধ হয়।

**শ্রীমতী মমতা মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা পুরুলিয়ার একটি বিশেষ ঘটনার প্রতি আপনার এবং

হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে গত বছরে আমাদের পুরুলিয়া জেলায় কংসাবতী নদীর জলস্ফীতির ফলে এমন বন্যা হয়েছে যে বিগত একশো বছরের মধ্যে এই রকম কোনও রেকর্ড নেই। বিধ্বংসী বন্যা সেখানে হয়ে গেছে এবং আমরা তার খেসারত গুনছি। বন্যার ফলে বিভিন্ন গ্রামের মানুষ আতংগ্রস্ত হয়ে পড়েছে। গতবারের বন্যার ফলে নদীর রুট পরিবর্তন হয়ে গেছে। তার ফলে এখন পর্যন্ত আশপাশের মানুষ বন্যার কথা চিন্তা করে সন্ত্রস্ত হয়ে উঠেছে। আমি মাননীয় সেচ মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে কংসাবতী নদীর দু'পাড় বাঁধ দিয়ে মানুষকে বন্যার হাত থেকে রক্ষার ব্যবস্থা করুন।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার কেন্দ্রে খুব গুরুত্বপূর্ণ স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে মানকড় গ্রামে রুর‍্যাল হসপিটাল, গ্রামীণ হাসপাতাল তিরিশ শয্যা বিশিষ্ট, যেটি দেড় বছর আগে তৈরি হয়ে গেছে। আমার কেন্দ্রে অযোধ্যার বনপাড়িতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আই. পি. পি. -৪ অনুযায়ী যেটার নির্মাণ কার্য এক বছর আগে হয়ে গেছে, সেখানকার জিনিসপত্র নষ্ট হয়ে যাচ্ছে। দুটি হাসপাতালে প্রায় লক্ষাধিক লোক চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এতে মানুষের স্বাস্থ্যের ক্ষতি

[1-30 – 2-10 p.m.](including adjournment)

হচ্ছে, মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছে না। মানকড়ের হাসপাতালটির দরজা জানালায় উই ধরে যাচ্ছে। অনেক হাসপাতালে হ্যালোজেন টিউব চালু হয়েছে সেই কারণে আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি যাতে অবিলম্বে গ্রামীণ মানুষের স্বার্থে গ্রামের হাসপাতালগুলিতে এর ব্যবস্থা করা হয়।

**শ্রী রবীন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র রাজারহাটের পাথরঘাটাতে একজন আমাদের কর্মী তথা কমরেড শংকর বিশ্বাসকে কংগ্রেসিরা খুন করেছে এবং খুন করার পরে সেখানকার যে ২১১নং বাস যেটা ছিল বন্ধ করে দিল। কিন্তু তারপরে পরিবহনমন্ত্রীকে বলায় সাময়িক বিষয়টা দেখেন এবং একটু উপকার হয়। কিন্তু দুমাস আগে বারাসাত থেকে ভি আই পি হয়ে পাথরঘাটা পর্যন্ত টি টি এন (১) এই ২০টি বাস চালু করা হল সেই বাসও বন্ধ হয়ে গেল। সেই বাস যাতায়াত আর করছে না, ফলে সুদুর প্রত্যন্ত গ্রামের মানুষের যাতায়াতের খুব অসুবিধা হচ্ছে। সুতরাং আমি আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই টি এন (১)নং বাসটি আবার পুনরায় চালু করা যায়।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা উলুবেড়িয়ার দক্ষিণ কেন্দ্র শ্যামপুকপর থানার ধান্তারি গ্রাম পঞ্চায়েতের পুরালিপাড়ায় অশোক প্রামাণিক নামে এক ব্যক্তি তিনি কংগ্রেস কি বি জে পি জানি না, তিনি দিনের বেলা পাইপগান, আগ্নেয়াস্ত্র নিয়ে ঘুরে

বেড়ান। এবং ফরোয়ার্ড ব্লক ও সি পি এমের কর্মীদের বাড়ি গিয়ে আক্রমণ করছেন। তার বাড়িতে সার্চ করে বোমা এবং বোমার মশলা পাওয়া গিয়েছে। ওই ব্যক্তির সঙ্গে শ্যামপুকুর থানার একটি অংশের পুলিশের যোগ সাজস আছে, টাকার আদান প্রদান হয়। আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যাতে ওই নটোরিয়াসকে গ্রেপ্তার করা হয়।

(At this stage the House was adjourned till-2-10 p.m.)

**(After Adjournment)**

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

[2-10 – 2-20 p.m.]

**Demand Nos. 66, 67 & 68**

**Mr. Speaker :** Now discussion on Demand Nos. 66, 67 and 68.

The printed Budget speech of Shri Deba Prasad Sarkar on Demand Nos 66 & 68 are taken as read

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে এই সুযোগে আমি প্রস্তাব করতে চাই যে, ৬৬ নং ও ৬৮ নং দাবির অন্তর্গত নিম্নবর্ণিত মুখ্য খাতাসমূহে ১৯৯৩-৯৪ সালের ব্যয়নির্বাহের জন্য মোট ৩৪৭,৯৩,৯১,০০০ টাকা (তিনশ সাতচল্লিশ কোটি তিরানব্বই লক্ষ একানব্বই হাজার টাকা) মঞ্জুর করা হোক ঃ

৬৬ নং দাবি ঃ ২৭০১-বড় ও মাঝারি সেচ।

৪৭০১-বড় ও মাঝারি সেচে মূলধন বিনিয়োগ।

৬৮ নং দাবি ঃ ২৭১১-বন্যা নিয়ন্ত্রণ।

৪৭১১-বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহে মূলধন বিনিয়োগ।

এই দাবিগুলির মধ্যে রয়েছে ১,০০,০০০ টাকার (এক লক্ষ টাকার) "প্রভাবিত ব্যয়" ব্যতিরেকে রাজ্য যোজনায় বিনিয়োগ করা ১১০,০০,০০,০০০ টাকা (একশ' দশ কোটি টাকা), কেন্দ্রীয় সরকারের পোষকতাপ্রাপ্ত কর্মপ্রকল্প বাবদ ৪,৫০,০০০ টাকা (চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা), যোজনা-বহির্ভূত ব্যয় বাবদ ২৩২,৯৬,৪৩,০০০ টাকা (দু'শ বত্রিশ কোটি ছিয়ানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার টাকা) এবং রাজ্য যোজনা (সপ্তম যোজনা ও প্রতিশ্রুত) ব্যয় বাবদ ৪,৯২,৯৮,০০০ টাকা (চার কোটি বিরানব্বই লক্ষ আটানব্বই হাজার টাকা)।

উক্ত দাবিগুলি 'ভোট-অন-অ্যাকাউন্ট' বাজেটে উল্লিখিত ৪২,০৪,৭০,০০০ টাকা (বিয়াল্লিশ

কোটি চার লক্ষ সত্তর হাজার টাকা) ব্যয়-বরাদ্দকে অন্তর্ভুক্ত করে।

যোজনা-বহির্ভূত ব্যয়ের জন্য ধার্য ২৩২,৯৬,৪৩,০০০ টাকার (দু'শ বত্রিশ কোটি ছিয়ানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার টাকার) বরাদ্দ থেকে ডি.ভি.সি.-র বিদ্যুৎ ও সুদ প্রভার ইত্যাদির বাবদ অতিরিক্ত ব্যয়ের জন্য ১৬৯,০৫,১১,০০০ টাকার (একশ' উনসত্তর কোটি পাঁচ লক্ষ এগার হাজার টাকার) সংস্থান রাখা হয়েছে। এর ফলে রক্ষণাবেক্ষণমূলক পূর্তকর্ম এবং নিয়মিত সংস্থাগত ব্যয়নির্বাহের জন্য ৬৩,৯১,৩২,০০০ টাকা (চেষট্টি কোটি একানব্বই লক্ষ বত্রিশ হাজার টাকা) থাকবে।

**২। ১৯৯৩-৯৪ সালের বার্ষিক যোজনা ঃ**

২.১। অষ্টম পঞ্চবার্ষিকী যোজনা প্রাথমিকভাবে ১৯৯০-৯৫ কালপর্বের জন্যই নির্ধারিত ছিল। কিন্তু পরবর্তী পর্যায়ে ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ বছর দুটিকে বার্ষিক পরিকল্পনার বছর হিসেবে গণ্য করায় পঞ্চবার্ষিকী যোজনাটি ১৯৯২-৯৭ — এই সময়সীমার জন্যই নির্দিষ্ট হয় সেই অনুযায়ী ১৯৯৩-৯৪ সালের বার্ষিক যোজনাটি অষ্টম পঞ্চবার্ষিক যোজনার দ্বিতীয় বছর হিসেবে চিহ্নিত হবে। পূর্বোক্ত বাজেট ভাষণেই এ কথা উল্লেখ করা হয়েছিল যে, এ রাজ্য প্রচন্ড আর্থিক সঙ্কটে জর্জরিত। কিন্তু এই তীব্র আর্থিক অনটনের মধ্যেও নির্মীয়মান মাঝারি এবং বৃহৎ সেচ প্রকল্পগুলোর দ্রুত রূপায়ণের জন্য সর্বোচ্চ পরিমাণ অর্থসংস্থানকল্পে বিশেষ প্রয়াসে নেওয়া হয়েছে। অর্থসঙ্কটের এই সমস্যার জন্যই তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজ ত্বরান্বিত করা সম্ভব হচ্ছে না। আর্থিক সমস্যা নিরসনের উদ্দেশ্যে সর্বদলীয় প্রতিনিধিরা ১৯৯২-র এপ্রিলে ভারত সরকারের কাছে প্রকল্পটির রূপায়ণে কেন্দ্রীয় সাহায্যের হাত প্রসারিত করবার আবেদন রাখেন। ঐ প্রতিনিধিবর্গই সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের রূপায়ণের সূচনায় নমুনা সাহায্যের জন্য কেন্দ্রীয় সহযোগিতা প্রার্থনা করেন। যদিও তিস্তা ব্যারেজ প্রকল্পের জন্য ১৫০ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্যের আশ্বাস পাওয়া গেছে, তবু একথা ঠিক যে, অর্থসাহায্যের নিয়মিত ও ছেদহীন প্রবাহের ওপরেই কাজটির সন্তোষজনক সম্পাদন নির্ভর করছে। প্রকল্পটির কাজের অগ্রগতির তত্ত্বতল্লাশ নেওয়ার জন্য মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন পরিচালকমন্ডলী গঠন করা হয়েছে। যোজনা কমিশনের একজন উপদেষ্টাকেও এই মণ্ডলীর আমন্ত্রিত বিশেষ সদস্য হিসেবে রাখা হয়েছে। কেন্দ্রীয় জলসম্পদ দপ্তরের মন্ত্রী ও রাজ্যে গঙ্গা-ভাগীরথীর-হুগলির বিপর্যয়কারী ভাঙনগুলো পর্যবেক্ষণ করেন এবং সমস্যার মোকাবিলার উদ্দেশ্যে কেন্দ্রীয় মন্ত্রীর পরামর্শমতো ৩৫৫ কোটি টাকার একটি কর্মপ্রকল্প গড়ে তোলা হয়। কর্মপ্রকল্পটি প্রবর্তনের সঙ্গে সঙ্গে সেই বিষয়টিও ভারত সরকারের সঙ্গে ১৯৯২-র সেপ্টেম্বরে দিল্লিতে আলোচিত হয়। রাজ্য সরকার যাতে কর্মপ্রকল্পটির প্রারম্ভিক কাজ চালিয়ে যেতে পারে তার জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যথেষ্ট পরিমাণ আর্থিক সহায়তা কাম্য। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এখনও কোনও সদর্থক সাড়া মেলে নি।

২.২। সৃষ্ট সেচ-সম্ভাব্যতা ও তার সদ্ব্যবহারের মধ্যে সামঞ্জস্য বিধানের জন্য এবং বিভিন্ন রকম শস্যের সর্বাধিক কাম্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভোক্তাদের মধ্যে জলসম্পদের পরিচালন ব্যবস্থা সম্পর্কে এক ধারণা বিস্তার করার জন্য প্রয়াস নেওয়া হচ্ছে।

২.৩। ১৯৯২-৯৩ সালে যোজনা বাজেটে বরাদ্দের নির্ধারিত পরিমাণ ছিল ৯৯.০০ কোটি টাকা; এর মধ্যে সেচক্ষেত্রের জন্য এবং বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রের জন্য যথাক্রমে ৫৮.৫০ কোটি টাকা এবং ৪০.৫০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল।

২.৪। ১৯৯৩-৯৪ সালে প্রস্তাবিত যোজনা বাজেটের পরিমাণ ৯০.০০ কোটি টাকা। তার মধ্যে সেচক্ষেত্রের জন্য ৬২।০০ কোটি টাকা এবং বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রের জন্য ২৮.০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

২.৫। ভূমিকা হিসেবে এই কথা বলে নিয়ে আমার বিভাগের কাজকর্মের একটি খসড়া এই সভায় পেশ করছি।

**৩। সেচক্ষেত্র ঃ**

৩.১। বৃষ্টিপাতের অসম বন্টন না হলে, গাঙ্গেয় ও হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গে যথাক্রমে ১,২০০ থেকে ১,৮০০ মি.মি. এবং ৩,০০০ মি.মি. বার্ষিক বৃষ্টিপাতের হার এ রাজ্যে বেশীর ভাগ ফসলের ক্ষেত্রে অপর্যাপ্ত নয়। বৃহৎ, মাঝারি এবং ক্ষুদ্রসেচ প্রকল্পগুলোর মাধ্যমে মোট ৬১১ মিলিয়ন হেক্টর জমিতে সেচসামর্থ্য সৃষ্টির লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে। এই সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ রাজ্যে অতিরিক্ত চাষযোগ্য জমি সৃষ্টি করার সম্ভাবনা সুদূরপরাহত। সেচসামর্থ্য সৃষ্টির লক্ষ্যমাত্রায় যথাসম্ভব দ্রুত পৌঁছবার জন্য ভূগর্ভস্থ জল এবং মাটির উপরিভাগের জল — এই দুইয়ের উপর্যুপরি ব্যবহারের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

৩.২। ১৯৯১-৯২ সালের শেষে মোট ১২.৫৬ লক্ষ হেক্টর জমিতে সেচসামর্থ সৃষ্টি করা গেছে। ১৯৯২-৯৩ সালের শেষে আনুমানিক ১২.৮১ লক্ষ হেক্টর জমিকে সেচসামর্থের আওতায় আনা সম্ভব হবে।

৩.৩। ১৯৯৩-৯৪ সালের প্রস্তাবিত বার্ষিক যোজনার কালপর্বে কেন্দ্রীয় অর্থসহায়তায় ৪৯,৯৩০ হেক্টর জমিতে অতিরিক্ত সেচসামর্থ সৃষ্টির লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে।

চলতি ব্যবস্থানুসারে বৃহৎ সেচপ্রকল্পগুলোতে ৪০ হেক্টর ব্লককে জলবন্টন ও ব্যবস্থাপন একক হিসেবে ধরা হয়ে থাকে। সেচজলের অধিক ফলদায়ী ব্যবহারের জন্য এটিকে ধনসংবদ্ধ করে ৫ থেকে ৮ হেক্টর ব্লকে নামিয়ে আনতে হবে।

**৩.৪। কংসাবতী জলাধার প্রকল্প ঃ**

৩.৪.১। ১৯৯২-৯৩ সালে খরিফ মরশুমে ২.৮৫ লক্ষ হেক্টর পরিমাণ জমিকে

সেচসেবিত করা গেছে। ১৯৯২-৯৩ সালের অক্টোবরে অববাহিকায় বৃষ্টিপাতের দরুন খরিফ মারশুমের শেষে এ বছরে জলাধারে সঞ্চিত জলের পরিমাণ সন্তোষজনক ছিল। সেই অনুসারে ১৯৯২-৯৩ সালে ৪৮,৪০০ হেক্টর জমিতে রবিচাষ এবং ৮,০০০ হেক্টর জমিতে বোরোচাষের একটি কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৩.৪.২। ১৯৯৩-৯৪ সালে এই প্রকল্পের জন্য ৮৭০.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**৩.৫। কংসাবতী জলাধার প্রকল্পের আধুনিকীকরণ ঃ**

৩.৫.১। কংসাবতী জলাধার প্রকল্পের আধুনিকীকরণের বিষয়টি ১৯৮৮ সালের জানুয়ারি মাসে যোজনা কমিশনের প্রায়োগিক উপদেষ্টা কমিটির দ্বারা অনুমোদিত হয়। রাজ্য যোজনা ভাণ্ডারের অর্থস্বল্পতার দরুন ১৯৮৯ সালের জুলাই মাসে প্রকল্পটির জন্য বিশ্বব্যাঙ্কের সহায়তা চাওয়া হয়। ১৯৯১ সালের মূল্যস্তরের হিসেবে প্রকল্পটির ব্যয়ের পরিমাণ হল ৪৩০ কোটি টাকা এবং এর থেকে খরিফ মরশুমে ১,০৭,০০০ হেক্টর ও রবি মরশুমে ১,১২,০০০ হেক্টর জমিতে অতিরিক্ত সেচ সুযোগ প্রসারের পরিকল্পনা রয়েছে। বিশ্বব্যাঙ্ক ও তার উপদেষ্টমণ্ডলীর সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ দপ্তরের বেশ কয়েকটি বৈঠকের পর ১৯৯২ সালের জুলাই মাসে বিশ্বব্যাঙ্ক তফসিলি জাতি/উপজাতি অধ্যুষিত খরাপ্রবণ অঞ্চলে যে তিনটি সঞ্চায়ক জলাধারের প্রস্তাব আনা হয়েছিল সেগুলোর বাস্তবায়নে অনীহা প্রকাশ করে।

পরবর্তীকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে যে অধিবেশন হয়, তাতে অন্যান্য আলোচনার সঙ্গে ঐ তিনটি সঞ্চায়ক জলাধারের বিষয়টি খারিজ করার সিদ্ধান্ত নেওয়া হয়। প্রকল্পটির প্রয়োজনীয় পুনর্বিন্যাসের কাজ চালানো হচ্ছে।

৩.৫.২। ১৯৯৩-৯৪ যোজনা বর্ষে প্রকল্পটির জন্য ০.২৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**৩.৬। ময়ূরাক্ষী জলাধার প্রকল্প ঃ**

৩.৬.১। প্রকল্পটির কাজ সম্পূর্ণ হয়েছে। এতে ২.৫১ লক্ষ হেক্টর জমি সেচসেবিত করার যে লক্ষ্যমাত্রা ধার্য হয়েছিল, তার মধ্যে ২.৫১ লক্ষ হেক্টর জমি এ পর্যন্ত সেচসেবিত করা হয়েছে।

৩.৬.২। প্রকল্পটি, প্রকল্পাধীন তিনটি জেলা বীরভূম, মুর্শিদাবাদ এবং বর্ধমানের যথাক্রমে ৭১ শতাংশ, ২২ শতাংশ এবং ৭ শতাংশ জমিকে সেচের আওতায় এনেছে। চলতি বছরে রবি এবং বোরোচাষের জন্য লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে যথাক্রমে ৫,৬৬৮ হেক্টর ও ৫,৩৪৪ হেক্টর। জলাধারসংলগ্ন অঞ্চলে ৩৬৫.০০ আর.এল. স্তর অতিক্রম করে জল উত্তোলন বিধির

বিরুদ্ধে চাষীদের প্রতিরোধ চালানো হচ্ছে। আর্থিক দায় মেটানোর জন্য ১৯৯৩-৯৪ সালে ৫ লক্ষ টাকার অর্থসংস্থান রাখার প্রস্তাব আনা হয়েছে।

**৩.৭। দামোদর উপত্যকা প্রকল্পের ব্যারেজ এবং সেচব্যবস্থা ঃ**

৩.৭.১। ১৯৯২ সালের খরিফ মরশুমে সর্বমোট ৩,৩১,৮৫৪ হেক্টর জমিতে সেচের জল সরবরাহ করা গিয়েছিল। অন্যান্য বছরের গড় বৃষ্টিপাতের তুলনায় এ বছর অববাহিকায় অপ্রতুল বৃষ্টিপাতের ফলে জলাধারে সঞ্চিত জলের পরিমাণ খরিফ মরশুমের শেষে সন্তোষজনক অবস্থায় ছিল না। সেই অনুসারে রবিচাষের জন্য মাত্র ১৬,১৮৮ হেক্টর জমিকে সেচের আওতায় আনার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালে প্রকল্পটির ব্যয়নির্বাহের জন্য ১.৬০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**৩.৮। তিস্তা ব্যারেজ প্রকল্প ঃ**

৩.৮.১। ১৯৭৫-৭৬ সাল থেকে এর রূপায়ণের কাজ সূচিত হয়েছে এবং নির্মীয়মান বৃহৎ সেচ প্রকল্পগুলোর মধ্যে এটি বৃহত্তম। ভারতবর্ষেও বৃহত্তম প্রকল্পগুলোর মধ্যে এটি অন্যতম; বস্তুত ভাকরা-নাঙাল প্রকল্পের পরেই এর স্থান। জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ এই প্রকল্পটির বিশালতার কথা বিবেচনা করে এর কর্মরূপায়ণের কর্মসূচিটি তিনটি পর্যায়ে বিভক্ত করা হয়েছে। প্রথম পর্যায়ের মধ্যে রয়েছে তিনটি বিভাগ। আবার তার মধ্যে যে প্রথম বিভাগ সেটি দুটি উপ-বিভাগে বিভক্ত। প্রথম পর্যায়ের প্রথম উপ-বিভাগের কাজটি এখন অগ্রগতির পথে।

সম্পূর্ণ প্রকল্পটি জলপাইগুড়ি, দার্জিলিং, কুচবিহার, মালদা এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুরের ৯.২৩ লক্ষ হেক্টর জমিতে কৃষি সম্ভাবনা সৃষ্টির উদ্দেশ্যে পরিকল্পিত। প্রথম উপ-বিভাগটি, যার কাজ এখন অগ্রগতির পথে, সেটি কুচবিহার, জলপাইগুড়ি, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদায় মোট ৫.২৭ লক্ষ হেক্টর জমিতে সেচসামর্থ সৃষ্টি করেছে। ১৯৯১-৯২ সাল পর্যন্ত এর জন্য ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৩৭২ কোটি টাকা আর পূর্ণ প্রকল্পটির জন্য সংশোধিত আনুমানিক ব্যয়ের পরিমাণ ৬৯৫ কোটি টাকা।

৩.৮.২। যথোপযুক্ত এবং যথেষ্ট উদ্যোগ নেওয়া সত্ত্বেও নিম্নবর্ণিত প্রতিবন্ধকগুলোর জন্য প্রকল্পটির কাজ কাঙ্খিত পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না ঃ

(ক) তিস্তা-জলঢাকা প্রধান খাল এবং তিস্তা-মহানন্দা সংযোগকারী ১ নং শাখা-খালটি নির্মাণে আনুমানিক ৬০ হেক্টর বনভূমিকে কাজে লাগোনোর ব্যাপারে অনুমোদন প্রাপ্তিতে অস্বাভাবিক বিলম্ব।

(খ) ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত পরিবারবর্গের কর্মসংস্থানের দাবিতে সৃষ্ট অব্যবস্থা।

(গ) রাজ্য সরকারের সীমিত অর্থসামর্থের কারণে প্রকল্পটিতে যে স্বল্প অর্থসংস্থানের ব্যবস্থা রাখা হয়েছে তাতে এর দ্রুত রূপায়ণ সম্ভব হচ্ছে না। অদ্যবধি, ১৯৮৩-৮৪ সালে ভারত সরকারের কাছ থেকে অনুদান হিসেবে প্রকল্পটির জন্য মাত্র ৫ কোটি ও ১৯৯২-৯৩ সালে ৮ কোটি টাকা পাওয়া গেছে।

উপরি উক্ত প্রতিকুলতার মধ্যে ১৯৯১-৯২ সাল পর্যন্ত ২৫,৭৮০ হেক্টর জমিকে সেচের আওতায় আনা সম্ভব হয়েছে।

৩.৮.৩। তিস্তা ব্যারেজ প্রকল্প এবং সুবর্ণরেখা ব্যারাজ প্রকল্প বিষয়ে আলোচনার জন্য যোজনা কমিশনের সভাপতি, ভারত সরকারের জলসম্পদ দপ্তরের মন্ত্রী পরিবেশ ও বন দপ্তরের মন্ত্রীর সাথে সাক্ষাৎকারের নিমিত্ত একটি সর্বদলীয় প্রতিনিধিমণ্ডল ১৯৯২ সালের ৩০শে মার্চ পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় অধ্যক্ষ কর্তৃক প্রস্তাবিত এবং গঠিত হয়। সেইমতো সর্বদলীয় প্রতিনিধিদের নিয়ে আমি ১৯৯২ সালের ২০ এবং ২৮শে এপ্রিল ভারত সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে দেখা করি।

অবশেষে প্রকল্পটি যাতে অষ্টম পঞ্চবার্ষিকি যোজনার পর্বে পরিসমাপ্ত হয় তার জন্য ভারত সরকার ১৫০ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তার প্রতিশ্রুতি দিয়েছেন। উক্ত অনুদানকে কাজে লাগিয়ে প্রকল্পটির কাজের যথাযথ অগ্রগতির পর্যবেক্ষণের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন পরিচালকমণ্ডলী গঠন করা হয়েছে। ভূমি এবং ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী রাজ্যের অভ্যন্তরে জমি অধিগ্রহণের ক্ষেত্রে যেসব অসুবিধা দেখা দিয়েছে তার নিষ্পত্তিতে বিশেষ উদ্যোগ নিয়েছেন। বনাঞ্চলের জমি অধিগ্রহণের বিষয়টির জন্যও ভারত সরকারের কাছে তদ্বির চালানো হচ্ছে।

৩.৮.৪। মহানন্দা প্রধান খালের তিনটি খাল-প্রপাত থেকে ৬৭.৫০ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদনের কাজটি এখন অগ্রগতির পথে। প্রকল্পটির দ্বিতীয় পর্যায়ের কর্মসুচির একটি হচ্ছে দার্জিলিং জেলার করোনেশন সেতুর কাছে তিস্তার উর্ধ্ববাহিকায় একটি উঁচু বাঁধ নির্মাণ। এর ফলে ৬০০ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদিত হতে পারবে। আমার দপ্তরের পরামর্শক্রমে সম্প্রতি বিদ্যুৎ বিভাগ প্রকল্পটির বিশদ প্রতিবেদন প্রস্তুত করার উদ্যোগ নিয়েছে।

৩.৮.৫। প্রথম উপ-বিভাগের কাজের প্রগতির কথা বললে হওয়া বা শেষ না হতে চলেছে এমন কিছু অন্তর্কাঠামো এবং খালের কথা বলতে হয় যাদের মধ্যে আবার বিশেষভাবে উল্লেখ্য হল তিনটি প্রধান ব্যারেজ, তিনটি প্রধান খাল এবং গুরুত্বপূর্ণ জালসদৃশ শাখা-খালসমূহ। এ ছাড়াও ২৭টি খাল কাঠামো, ১৬৬টি সেতু, ৪,২০০ কি.মি. দৈর্ঘ্যবিশিষ্ট শাখা-খালের কাজও অগ্রগমনের মুখে।

৩.৮.৬। ১৯৯৩-৯৪ সালে এই প্রকল্পে ৫৭.০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর সঙ্গে যুক্ত রয়েছে ভারত সরকারের কাছ থেকে কেন্দ্রীয় সহায়তার আশ্বাস।

৩.৮.৭। ১৯৯১-৯২ সালে ২৬,৭৮০ হেক্টর জমিতে সেচ সম্ভাবনা সৃষ্টি করা গেছে এবং ঐ বছর পর্যন্ত ১৭,৪৭০ হেক্টর সেচসেবিত জমির সদ্ব্যবহার ঘটানো হয়েছে। ১৯৯৩-র মার্চ মাস পর্যন্ত দেন্দ্রীয় সহায়তা ছাড়াই ৩৯,৬৬০ হেক্টর জমিতে সেচসামর্থ সৃষ্টির সম্ভাবনা দেখা যাচ্ছে।

৩.৯। সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প

৩.৯.১। ১৯৭৮ সালে বিহার, উড়িষ্যা এবং পশ্চিমবঙ্গের মধ্যে সম্পাদিত ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত সুবর্ণরেখা জলসম্পদ সদ্ব্যবহারের জন্য মেদিনীপুর জেলার কেশিয়ারি থানার অর্ন্তগত ভোসরাহাট অঞ্চলে সুবর্ণরেখা নদীর ওপর বাঁধ নির্মাণ করা হবে। কাজটি প্রস্তাবিত সুবর্ণরেখা বাঁধ প্রকল্পের অর্ন্তগত, যার জন্য আনুমানিক ব্যয়ের পরিমাণ ২২৬.৮২ কোটি টাকা।

প্রকল্পটির লক্ষ্যমাত্রায় রয়েছে খরিফ চাষের জন্য ৯৯,৮৪৮ হেক্টর এবং রবি চাষের জন্য ৩০,৭৭৬ হেক্টর। ২০ শতাংশের অধিক তফসিলি জাতি/উপজাতি দ্বারা অঞ্চলটি অধ্যুষিত।৩৯১। যদিও ২৭-১-৮৮ তারিখে যোজনা কমিশনের প্রযুক্তি উপদেষ্টা কমিটি এই প্রকল্পের অনুকূলে প্রযুক্তিগত ও আর্থিক সম্মতি জ্ঞাপন করেছে তথাপি কেন্দ্রীয় পরিবেশ ও বন দপ্তরের সবুজ সঙ্কেত না পাওয়ায় বিনিয়োগ সংক্রান্ত অনুমতি এখনও পাওয়া যায় নি। বিষয়টি নিয়ে অনেক লেখালেখি হয়েছে এবং বিভিন্ন সময়ে কেন্দ্রীয় মন্ত্রণালয়ে নির্দিষ্ট প্রোফর্মায় প্রতিবেদনও পেশ করা হয়েছে। উৎখাত হওয়া মানুষজনদের পুনর্বাসন সংক্রান্ত যে সমস্ত কঠোর বিধি-নিয়ম ভারত সরকার নির্ধারণ করেছেন সেগুলো প্রকল্পটির কাজে গভীর সমস্যার সৃষ্টি করেছে। কারণ সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ এ রাজ্যে এদের জন্য অতিরিক্ত এবং উপযুক্ত খাস জমি খুঁজে পাওয়া দুষ্কর। তবে ভূমি ও ভূমি-সংস্কার এবং পঞ্চায়েত বিভাগের সর্বাত্মক প্রচেষ্টায় নানাবিধ বাধা-বিপত্তি সত্ত্বেও দুরতিক্রম্য এই সমস্যার নিরসন সম্ভব হয়েছে। পশ্চিমবঙ্গস্থিত সুবর্ণরেখা অববাহিকা অঞ্চলের ভূমিক্ষয়রোধকল্পে সংশোধিত ও আনুপুঙ্খিকসূচক মানচিত্র প্রস্তুত করেছে সারা ভারত ভূমি ব্যবহার ও ভূমি সর্বেক্ষণ এবং কেন্দ্রীয় কৃষি মন্ত্রণালয়। কেন্দ্রীয় পরিবেশ বিভাগ এটিকে বিশেষভাবে খতিয়ে দেখেছে। ১৯৯২ সালের জুলাই মাসে নক্সাটি রাজ্য সরকারের হস্তগত হয়েছে। পুঙ্খানুপুঙ্খ বিবরণসহ প্রচুর তথ্যসম্বলিত সংশোধিত প্রতিবেদন ১৯৯৩ সালের জানুয়ারি মাসে কেন্দ্রীয় পরিবেশ ও বন বিভাগের কাছে পেশ করা হয়। ইতিমধ্যে আর সময় নষ্ট না করে বাঁধ নির্মাণ সংক্রান্ত প্রাথমিক কাজকর্ম শুরু করে দেবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগ কাজে অগ্রসর হওয়ার আদেশ দিয়েছে। বিশেষ ব্যবস্থাবলে প্রকল্পটির কাজে রাজ্য কৃষি বিভাগ থেকে বাসস্থান এবং অফিশ চত্বরের জন্য মেদিনীপুর শহরে ৫ একর জমি পাওয়া গেছে। সেই সংক্রান্ত কাজকর্মও এর মধ্যে শুরু হয়ে গেছে।

৩.৯.৩। কাজটির অগ্রগতির ও পর্যন্ত ভারত সরকারের অনুসন্ধান কর্ম ও পরিবেশগত

অনুমতি আদায়কল্পে কেন্দ্রীয় পরিবেশ ও বন দপ্তরের জন্য প্রয়োজনীয় বিভিন্ন স্থান থেকে আহৃত বিশদ উপাদানসম্বলিত তথ্যাবলীর সংগ্রহের মধ্যেই সীমাবদ্ধ ছিল।

৩.৯.৪। বর্তমানে নিম্নলিখিত বিষয়গুলির ওপর কাজ চালানো হচ্ছে ঃ

(ক) বিভাগীয় উদ্যোগে ১,৪৫০ স্কোয়ার কি.মি. পরিমাণ জমির লক্ষ্যমাত্রায় সূক্ষ্ম ও পুঙ্খানুপুঙ্খ জরিপের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

(খ) ব্যারেজ অঞ্চল, ব্যারেজ জলাশয়, অধিক সুরক্ষাদায়ী বাঁধ সমীপবর্তী রাস্তার বিশদ জরিপ এবং প্রধান খাল, শাখা-খাল জলবাহী ক্ষুদ্র নদী ও সেইসাথে ব্যারেজ এবং খালের জন্য জমি অধিগ্রহন প্রকল্পের প্রস্তুতি-কর্ম পর্যাযক্রমে দ্রুত এগিয়ে নেওয়ার পরিকল্পনা করা হয়েছে।

(গ) ব্যারেজের বিশদ নক্সা, প্রাথমিক কার্যাবলী এবং তৎসম্পর্কিত অন্তর্কাঠামোর নক্সা অঙ্কনের কাজ শীঘ্রই সমাপ্ত হবে।

(ঘ) ১৯৯৩-৯৪ সালে সুবর্ণরেখা ব্যারেজের কাজে ইস্পাত সংগ্রহের যে সংস্থান আছে তা অর্থাগমের পরিমাণের ওপর নির্ভরশীল।

৩.৯.৫। সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের থেকে উদ্ভুত অন্য একটি শাখা প্রকল্প দোলং জলাধার সেচ প্রকল্পটির কাজ কেন্দ্রীয় জলসম্পদ নিগমের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে এগিয়ে চলেছে। তাদের পর্যবেক্ষণলব্ধ মন্তব্যের সঙ্গে সাযুজ্য রেখে সংশোধিত ও বিস্তৃত নক্সা রচনা হয়েছে।

৩.৯.৬। ১৯৯০-৯১ সাল পর্যন্ত প্রকল্পটির জন্য সর্বমোট ব্যয়ের পরিমাণ ৪৫৬.৫৪ লক্ষ টাকা (এর মধ্যে বিহার রাজ্যকে ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী যে ৩৯০ লক্ষ টাকা দেওয়া হয়েছে সেটিও পরিগণ্য)।

১৯৯১-৯২ সালে প্রকল্পটির জন্য প্রকৃত ব্যয়ের পরিমাণ ১৫.১৯ লক্ষ টাকা।

**৩.১০। মাঝারি সেচ প্রকল্প**

৩.১০.১। পুরুলিয়া ও বাঁকুড়া জেলার খরাপ্রবণ অঞ্চলগুলোর সাহায্যকল্পে ১৭টি মাঝারি সেচ প্রকল্পের কাজ এগিয়ে চলেছে।

৩.১০.২। ১৯৯১-৯২ সালের শেষে এই প্রকল্পগুলোর রূপায়ণের ফলে মোট ৩২,২৩০ হেক্টর জমিতে সেচসামর্থ সৃষ্টি করা গেছে। ১৯৯২-৯৩ সালে ৪৩০ হেক্টর জমিতে ঐ অতিরিক্ত সেচসামর্থ সৃষ্টির প্রয়াস গ্রহণ করা হবে।

৪। বন্যানিয়ন্ত্রণ ক্ষেত্র

৪.১। প্রায় প্রতি বছরই এ রাজ্য ধ্বংসাত্মক বন্যাকবলিত হয় এবং নিম্নাঞ্চল মানুষের দুর্দশা চরম আকার ধারণ করে। বন্যার সঙ্গে সঙ্গে অন্যান্য সম্পৃক্ত সমস্যবলি, যেমন — নিষ্কাশনী ব্যবস্থার রুদ্ধমুখিতা, তীরভূমির ক্ষয় ইত্যাদি বন্যা পরিস্থিতিকে জটিলতর করে তোলে। রাজ্যের উত্তরাঞ্চলে কুচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলায় প্রবল বারিপাতে তীরভূমির ক্ষয়, ধ্বংস, তীরপ্লাবন এবং নদীর গতিপথ পরিবর্তনের ফলে বন্যা সমস্যা তীব্র হয়ে ওঠে। উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি মোকাবিলায় প্রভূত পরিমাণ অর্থের প্রয়োজন। অথচ তুলনায় বরাদ্দকৃত অর্থ এতই অপ্রতুল যে, অতি প্রয়োজনীয় ক্ষেত্রেও জরুরি ব্যবস্থা গ্রহণ হয়ে ওঠে না। ফলত, উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রে প্রচুর দায়ভার জমা হয়েছে। রাজ্যের মধ্যভাগে মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর ও মুর্শিদাবাদ জেলায় সমস্যার উদ্ভব হয় নিষ্কাশনী সুযোগ-সুবিধা পর্যাপ্ত পরিমাণে না থাকার জন্য। দক্ষিনাঞ্চলের ভূমি সমতল তাই নিম্নভূমিতে প্রবল বর্ষণে নিষ্কাশনী ব্যবস্থার রুদ্ধমুখিতা সমস্যার জন্ম দেয়। নিষ্কাশনী ব্যবস্থার ত্রুটি এবং জোয়ার জলের অনুপ্রবেশের ফলে দেখা দেয় ব্যাপক জলমগ্নতা। সমস্যাটি গুরুতর রূপ নেয় যখন এর সঙ্গে যুক্ত হয় ঘূর্ণিঝড় এবং উপকূলের ভাঙন।

বার্ষিক যোজনা প্রস্তাবে বন্যানিয়ন্ত্রণ ক্ষেত্রের অর্ন্তভুক্ত চালু কিছু কর্মপ্রকল্প হল ঃ

(ক) দার্জিলিং, জলপাইগুড়ি ও কুচবিহার — এই জেলাগুলিতে উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশনের আওতাভুক্ত বন্যানিয়ন্ত্রণ কর্মপ্রকল্পসমূহের রূপায়ণ;

(খ) হুগলি ও হাওড়া জেলায় নিম্ন-দামোদর জলনিকাশি কর্মপ্রকল্প;

(গ) হুগলি জেলায় ঘিয়া-কুন্তী জলনিকাশি কর্মপ্রকল্প;

(ঘ) মেদিনীপুর জেলায় তমলুক মাস্টার প্ল্যান;

(ঙ) মেদিনীপুর জেলায় ভগবানপুর ও নন্দীগ্রাম বেসিন জলনিকাশি কর্মপ্রকল্প;

(চ) উত্তর ২৪-পরগনা ও দক্ষিণ ২৪-পরগনার সুন্দরবন উন্নয়ণমূলক জরুরি কাজকর্ম;

(ছ) দক্ষিণ ২৪-পরগনা জেলায় পূর্ব মগরাহাট বেসিন জলনিকাশি কর্মপ্রকল্প;

(জ) উত্তর ২৪-পরগনা জেলায় যমুনা বেসিন জলনিকাশি কর্মপ্রকল্প;

(ঝ) উত্তর ২৪-পরগনা জেলায় হারোয়াগাঙ-কুলটিগাঙ বেসিন জলনিকাশি কর্মপ্রকল্প;

(ঞ) মুর্শিদাবাদ জেলায় ফরাক্কা বাঁধের উর্ধ্ববাহিকা ও নিম্নবাহিকায় গঙ্গার ভাঙনরোধী কর্মপ্রকল্প;

(ট) ময়না বেসিন জলনিকাশি কর্মপ্রকল্প;

(ঠ) ক্ষিরাই বাক্সি বেসিন জলনিকাশি কর্মপ্রকল্প।

এ ছাড়া অন্যান্য কিছু প্রকল্প, যেমন —

(ক) বীরভূম জেলার কুই-কন্দর বন্যানিয়ন্ত্রক বাঁধ প্রকল্প; এবং

(খ) ভাগীরথীর উভয় তীরে প্রাচীন মায়াপুর এবং নবদ্বীপ অঞ্চলের রক্ষণাবেক্ষণের কাজ শীঘ্রই শুরু হওয়ার কথা।

৪.২। বন্যাসংক্রান্ত সমস্যাবলি ছাড়াও পশ্চিমবঙ্গে নদী ও সমুদ্রের ক্ষয়জনিত কারণে মূল্যবান ভূমিক্ষয়ের সমস্যাও দেখা যায়। ১৯৭৫ সালে প্রাথমিকভাবে যখন ফরাক্কা বাঁধের কাজ চালু হল তখন বিশেষত বাঁধের নিম্নবাহিকা অঞ্চলে মুর্শিদাবাদ জেলায় গঙ্গার দক্ষিণ তীরে প্রায় ১০০ কি.মি. অঞ্চল জুড়ে ব্যাপক ভূমিক্ষয় লক্ষ্য করা যায়। একই সঙ্গে নদীর বামতীরে (বাংলাদেশের দিকে) চর জেগে ওঠার জন্যও প্রচুর মূল্যবান ভূমি নষ্ট হয়ে যাচ্ছে। এই ধরণের ভূমিক্ষয় রোধকল্পে ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা বহুদিন থেকেই অত্যাবশ্যক হয়ে দাঁড়িয়েছে। যেমন — ফরাক্কা বাঁধের উর্ধ্ববাহিকা ও নিম্নবাহিকা অঞ্চলে নিয়মিতভাবে তীরভূমির সুরক্ষা। যার ব্যয়ভার বহন রাজ্যের সীমিত অর্থক্ষমতায় সম্ভব নয়। কেন্দ্রীয় সরকারের কাছে কেন্দ্রীয় সহায়তা হিসেবে এককালীন অনুদানের জন্য বারে বারে দরবার করা হচ্ছে। নদীয়া জেলা এবং অন্যত্র তীরভূমির ব্যাপক ক্ষয়ের দরুন বাঁধের উদ্বেগজনক অবস্থার সংবাদ পেয়ে কেন্দ্রীয় জলসম্পদ বিভাগের মন্ত্রীমহোদয় ১৯৯২ সালের আগস্ট মাসে নদীয়ায় সংশ্লিষ্ট অঞ্চল পরিদর্শন করেন। ২৭-৮-৯২ তারিখে এ বিষয়ে রোটান্ডায় একটি উচ্চ পর্যায়ের বৈঠক হয়। মানিকচক থেকে শুরু করে সমুদ্রের মুখ পর্যন্ত গঙ্গা-ভাগীরথী-হুগলি নদী অঞ্চলের ক্ষয়রোধকল্পে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে যার আনুমানিক ব্যয় ৩৫৫.০০ কোটি টাকা। সংসদ ও রাজ্য আইনসভার কয়েকজন মাননীয় সদস্যসহ আমি ১৯৯২-র সেপ্টেম্বরে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী এবং যোজনা কমিশনের সহ-সভাপতির সঙ্গে উক্ত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করি এবং এই কর্মপরিকল্পনা রূপায়ণের জন্য জরুরি কেন্দ্রীয় সাহায্যের প্রয়োজনীয়তা তাদের বোঝাতে সক্ষম হই। এ ব্যাপারে ভারত সরকারের কাছ থেকে এখনও সন্তোষজনক সাড়া পাওয়া যায়নি।

৪.৩। এই ক্ষেত্রের বিভিন্ন কর্মপ্রকল্পের জন্য ১৯৯৩-৯৪ সালের বার্ষিক যোজনায় মোট ২৮.০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। যোজনাটিতে ২১.০০ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তার প্রার্থনা জানানো হয়েছে।

**৫। জল উন্নয়ণ কৃত্যক**

৫.১। জরিপ ও অনুসন্ধান, প্রাথমিক এবং ফলিত গবেষণা, পরিবেশগত অভিঘাতের

প্রকৃতি নির্ণয়ন বিষয়ক প্রশিক্ষণ, জাতীয় জলবিজ্ঞান, যোগ্যতার মূল্যায়ন, সংগঠনগত বিষয়াদি এই প্রস্তাবের আওতাভুক্ত।

৫.২। আমাদের বিভাগীয় প্রায়োগিক আধিকারিকগণকে যোজনা, নক্সা, নির্মিতি এবং গবেষণা ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তির আধুনিকতম ধ্যান-ধারণায় শিক্ষিত করে তোলা এবং ঐ প্রশিক্ষণকে আবশ্যকীয় অবকাঠামোগত সহায়তাদান করাই হল এই কৃত্যকের প্রধান উদ্দেশ্য।

৫.৩। রাজ্যের অন্যতম প্রধান সংস্থা রিভার রিসার্চ ইনস্টিটিউটের ওপর এই ধরনের কার্যাবলি, যার কয়েকটি কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত, সেগুলো চালানোর দায়িত্ব ন্যস্ত করা হয়েছে।

**৬। সেচের জলকর বাবদ রাজস্ব**

৬.১। কৃষকদের সেচের জল সরবরাহ করার ক্ষেত্রে ১৯৭৭ সালের ১লা জুলাই থেকে যে হারে জলকর চালু রয়েছে তা হল :

**মরশুম জলকরের হার**

(ক) খরিফ জলকরের হার একর প্রতি ১৫.০০ টাকা/হেক্টর প্রতি ৩৭.০০ টাকা

(খ) রবি জলকরের হার একর প্রতি ২০.০০ টাকা/হেক্টর প্রতি ৪৯.৪০ টাকা

(গ) গ্রীষ্মকালীন বোরো একর প্রতি ৫০.০০ টাকা/হেক্টর প্রতি ১২৩.৫৫ টাকা

৬.২। জলকর আদায়ের পরিমাণ বৃদ্ধির বিষয়টি সুনিশ্চিত করার জন্য পঞ্চায়েত সংস্থাগুলোর সাহায্যে চেষ্টা চালানো হচ্ছে।

**৭। উপসংহার**

পরিশেষে আমি পুনরায় বলতে চাই যে, পশ্চিমবঙ্গের মতো সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ রাজ্যে দ্রুতহারে জনসংখ্যা বৃদ্ধি এবং সেইসঙ্গে রাজ্যের তীব্র অর্থসঙ্কট সংখ্যা এবং মাত্রা দুদিক থেকেই জনসাধারণের অভাব-অভিযোগ বৃদ্ধির জন্য মূলত দায়ী। কিন্তু জনসাধারণের অত্যাবশ্যকীয় প্রয়োজনাদির বিষয়টি কোন অবস্থাতেই উপেক্ষা করা যায় না। জনগণের ক্রমবর্ধমান বহুবিধ জরুরি চাহিদার সঙ্গে রাজ্যের আর্থিক অনটনের বিষয়টি যুক্ত হওয়ায় রাজ্যের সেচ ও জলপথ দপ্তরের পক্ষে একটি বাস্তবসম্মত ফলদায়ী কর্মসূচি গড়ে তোলা বস্তুতই দুরুহ হয়ে দাঁড়িয়েছে। সভার মাননীয় সদস্যবর্গ নিশ্চয়ই একথা মানবেন যে, উন্নয়নমূলক প্রকল্পগুলোর নিয়মিত ও সফল রূপায়ণ আমাদের পক্ষে দুরুহ। এই রকম প্রতিবন্ধকতার মধ্যে সভার মাননীয় সদস্যদের কাছে আমার সনির্বন্ধ অনুরোধ এই যে, আমাদের এই সমস্যাপীড়িত রাজ্যে জনগণের অত্যাবশ্যকীয় চাহিদা পূরণে, তাদের সমস্যাবলির প্রতিবিধানে আমরা যাতে সমর্থ হই তার জন্য আপনারা সাহায্যের হাত প্রসারিত করুন এবং

এ ব্যাপারে সাধারণ মানুষকে সক্রিয় ভূমিকা গ্রহণে উদ্বুদ্ধ করুন।

মহাশয়, এই কথা বলে আমি আমার বিভাগের জন্য ১৯৯৩-৯৪ সালের বাজেট সভার কাছে পেশ করছি।

**The Printed Budget speech of Dr. Omar Ali on Demand No.67 was taken as read.**

**ডাঃ ওমর আলী :** মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই দাবি পেশ করতে চাই যে, ৬৭নং অভিযাচনের অন্তর্ভুক্ত মূলখাত ঃ "২৭০২ ক্ষুদ্রসেচ", "২৭০৫ সেচ সেবিত এলাকা উন্নয়ন", "৪৭০২ ক্ষুদ্রসেচের জন্য মূলধনী ব্যয়" এবং "৪৭০৫ সেচ সেবিত এলাকা উন্নয়নে পুঁজি বিনিয়োগ" বাবদ ১১০,২৩,০৩,০০০.০০ (একশত দশ কোটি তেইশ লক্ষ তিন হাজার) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টের মাধ্যমে প্রার্থিত ৩৬,৭৫,০০,০০০.০০ (ছত্রিশ কোটি পঁচাত্তর লক্ষ) টাকা অন্তর্ভুক্ত আছে।

২.১। ১৯৯৩-৯৪ সালটি অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বিতীয় বছর এবং তার পূর্ববর্তী বছর অর্থাৎ ১৯৯২-৯৩ সালের আর সেই সঙ্গে সপ্তম পরিকল্পনার এবং ১৯৯০-৯১ সালের অভিজ্ঞতা ও সাফল্যের আলোকে এই পরিকল্পনাটি রচিত হয়েছে।

২.২। আমি, আমার বিভাগের পক্ষে, বিনীতভাবে এই রাজ্যের কৃষি সমাজ, যাঁদের অধিকাংশই ক্ষুদ্র ও প্রান্তিক চাষী ও ক্ষেতমজুর এবং যাঁরা সময়োপযোগী সেচের জল সরবরাহের উপর উৎপাদনের উচ্চতর হার অর্জনের জন্য নির্ভরশীল, তাঁদের আকাঙ্খাকে পূরণ করার চ্যালেঞ্জ গ্রহণ করছি।

৩.১। অষ্টম যোজনার উদ্দেশ্য ঃ ১৯৯২-৯৩ সালের এই অষ্টম যোজনার ক্ষুদ্র সেচ খাতে ৪২৫ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। এই অষ্টম যোজনাকালে ক্ষুদ্র সেচের মাধ্যমে অতিরিক্ত ৪.৫০ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় আনার লক্ষ্য ধার্য করা হয়েছে, যার মধ্যে ৩.২০ লক্ষ হেক্টর জমি ভূগর্ভস্থ জল থেকে এবং ১.৩০ লক্ষ হেক্টর ভূপৃষ্ঠের জল থেকে সেচ সেবিত হবে।

৩.২। ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক যোজনা ঃ ১৯৯৩-৯৪ সালের জন্য ক্ষুদ্র সেচ খাতে প্রস্তাবিত যোজনা ব্যয় ধরা হয়েছে ৪৫৫০.০০ লক্ষ টাকা। ১৯৯৩-৯৪ সালের জন্য বাৎসরিক যোজনায় প্রস্তাবিত বাস্তব লক্ষ্য হল অতিরিক্ত ১ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় আনা, যার মধ্যে ৭৫০০০ হেক্টর জমি ভূগর্ভস্থ জল থেকে এবং ২৫০০০ হেক্টর জমি ভূপৃষ্ঠের জল থেকে সেচ সেবিত হবে।

৪.১। পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচের মোট সেচ সম্ভাব্য এলাকার পরিমাণ হল ৩৮ লক্ষ হেক্টর এবং এর মধ্যে ২৫ লক্ষ হেক্টর ভূ-গর্ভস্থ জল থেকে এবং ১৩ লক্ষ হেক্টর ভূ-পৃষ্ঠের জল থেকে।

১৯৯১-৯২ সালের শেষ পর্যন্ত মোট সেচ সেবিত এলাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৬.৪৪ লক্ষ হেক্টর যার মধ্যে ১৪.৭১ লক্ষ হেক্টর হয়েছে ভূগর্ভস্থ জল থেকে এবং ১১.৭৩ লক্ষ হেক্টর হয়েছে ভূ-পৃষ্ঠের জলে। ভূ-গর্ভস্থ ক্ষেত্রে সর্বোচ্চ লক্ষের ৫৮.৮৪ শতাংশ এবং ভূ-পৃষ্ঠের জলের ক্ষেত্রে সর্বোচ্চ লক্ষের ৯০.২৩ শতাংশ সেচ সম্ভাবনা সৃষ্টি করা হয়েছে।

৪.২। তিনটি প্রধান বিভাগে ক্ষুদ্র কর্মসূচি কার্যকর করা হচ্ছে যথা, (১) ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের আর্থিক সহায়তার উদ্দেশ্যে গঠিত ফসল উন্নয়ন কর্মসূচি (ক্রপ হাস্‌ব্যান্ড্রি), (২) ক্ষুদ্র সেচ এবং (৩) সেচ সেবিত এলাকা উন্নয়ন।

৫.১.১। ফসল উন্নয়ণ কর্মসূচি (ক্রপ হাস্‌ব্যান্ড্রি) বিভাগ ঃ কৃষি উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সাহায্যের জন্য ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক যোজনায় ৫৮৬.০০ লক্ষ টাকা ধরা হয়েছে।

৫.১.২। সপ্তম যোজনাকালে ভারত সরকার এই রাজ্যের ৩৩৫টি ব্লকের জন্য, ব্লক প্রতি ৩.৫০ লক্ষ টাকা নিয়মমাফিক বরাদ্দ করেছিল। ১০৮৮-৮৯ সাল থেকে বিশেষ খাদ্য উৎপাদন কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং প্রথমে ৭টি জেলার (১৮৮টি ব্লক) জন্য অর্থ বরাদ্দ করা হয়েছিল এবং পরে ১২টি জেলায় (২২০ ব্লক) তা প্রসারিত করা হয় ১৯৯৩-৯৪ সালে এই কর্মসূচি অনুযায়ী ২০,০০০ অগভীর নলকূপ/সেচকূপ তৈরি করার প্রস্তাব করা হয়েছে। এই কর্মসূচি জেলা গ্রামোন্নয় সংস্থার (ডি আর ডি এ)র মাধ্যমে রূপায়িত হবে।

৬.১.১। বিশ্ব ব্যাঙ্ক কর্ম পরিকল্পনাধীন ক্ষুদ্র সেচ প্রকল্প ঃ পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ পরিকল্পনা (ক্রেডিট নং আই এন) অনুযায়ী প্রথমে প্রায় ১৫৬ কোটি টাকা ব্যয়ে ১২০০টি উচ্চ ক্ষমতা সম্পন্ন নলকূপ (এইচ ডি টি ডব্লিউ), ৪০০টি মাঝারি ক্ষমতা সম্পন্ন (এম ডি টি ডব্লউ), ১৮০০টি নিম্ন ক্ষমতা সম্পন্ন নলকূপ (এল ডি টি ডব্লউ), ৫৪০০টি অগভীর নলকূপ (এস টি ডব্লউ) ১০,০০০ উন্মুক্ত সেচকূপ (ও ডি ডবলিউ) নির্মাণ করার এবং ২০০টি চালু নদী জলোত্তলন সেচ পকল্প আধুনিকীকরণের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। এই কর্ম পরিকল্পনার অন্তর্বর্তীকালীন পর্যালোচনায় নিম্নলিখিত অতিরিক্ত প্রকল্পগুলি প্রস্তাব করা হয়েছে ঃ

(১) ১০০টি মাঝারি ক্ষমতা সম্পন্ন নলকূপ

(খ) ১১৪০টি নিম্ন ক্ষমতা সম্পন্ন নলকূপ এবং

(৩) কতগুলি অতিরিক্ত বিষয়, যেমন প্রশাসনিক গৃহ নির্মাণ, ১০০টি অচল গভীর নলকূপ পুনরুদ্ধার ইত্যাদি।

৬.১.২। এই কর্ম পরিকল্পনাটি ৩১-৩-১৯৯৩ তারিখে শেষ হবার কথা। বিশ্ব ব্যাঙ্ক

সাধারণত প্রতি বৎসর চুক্তির শর্ত অনুযায়ী কাজের অগ্রগতি পর্যালোচনা করে এক বছর করে সময় বাড়ায়। বিশ্ব ব্যাঙ্ক মিশন জানুয়ারি ১৯৯৩ পর্যন্ত যে লক্ষ্যমাত্রা স্থির করেছিল তা পুরণ করা গেছে এবং ফেব্রুয়ারি ১৯৯৩-তে বিশ্বব্যাঙ্ক পর্যবেক্ষক মিশন এই অগ্রগতির লক্ষ্য করেছে। আশা করা যাচ্ছে এই কর্ম পরিকল্পনা ৩১-৩-১৯৯৪ পর্যন্ত প্রসারিত করা হবে। কাজেই কর্ম পরিকল্পনাটি শেষ করতে আরও ২ বছর লাগতে পারে। এ পর্যন্ত যা অগ্রগতি হয়েছে এবং যে পরিমাণ কাজ বাকি আছে তা হিসেব করে দেখে এই পরিকল্পনা আগামী ২ বছরের মধ্যেই শেষ হতে পারে। ৩১-৩-১৯৯২ পর্যন্ত এই কর্ম পরিকল্পনায় যে ব্যয় হয়েছে তার পরিমাণ দাঁড়িয়েছে ১১০.৭৮ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালের বাজেটে খরচের পরিমাণ আশা করা গিয়েছিল ৪২ কোটি টাকা হবে, পরিকল্পনা বাবদ যে ব্যয় আশা করা যাচ্ছে তা হবে ৩৪.৭১ কোটি টাকা।

৬.১.৩। **কাজের অগ্রগতি ঃ** ১৯৯২-৯৩ সাল পর্যন্ত খনন কাজের লক্ষ্যমাত্রা ছিল ৮০০টি এইচ ডি টি ডব্লু, ৩০০টি এম ডি টি ডব্লু, ১৬০০টি এল ডি টি ডব্লু, ২০০টি এস ডি ডব্লু এবং ৭০০০টি ও ডি ডব্লু নির্মাণ। এছাড়া ১৬০টি আর এল আই প্রকল্পে স্থায়ী কাঠামো গঠন। ১৯৯৩ সালের জানুয়ারি পর্যন্ত ইতিমধ্যে ৮০৩টি এইচ ডি টি ডব্লু, ২৫১টি এম ডি টি ডব্লু, ১১৮৮টি এল ডি টি ডব্লু, ২০৮০টি এস টি ডব্লু খনন ও বিকাশের (ডেভেলপমেন্ট) কাজ সম্পন্ন হয়েছে। ৫৫৬৪টি এইচ ডি টি ডব্লু, ১২০টি এমডি টি ডব্লু, ৫৬৪টি এল ডি টি ডব্লু, ৮৭৬টি এস ডি টি ডব্লু ও ৭৪টি আর এল আই প্রকল্প সব রকমে সম্পূর্ণ হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ এখন পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ কর্ম পরিকল্পনায় কাজের প্রতি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। জেলাস্তরে তথ্য রাজ্য স্তরে বৈদ্যুতিকরণের কাজে অগ্রগতির হিসাব রাখছে।

৬.১.৪। ১৯৯৩ সালের জানুয়ারি পর্যন্ত ৩৬১টি এল ডি টি ডব্লু এবং ৫৫৭টি এস টি ডব্লু চালাবার ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব বিভিন্ন পঞ্চায়েত সমিতির হাতে তুলে দেওয়া হয়েছে। এই অনুপম ব্যবস্থাটি বিভিন্ন জেলায় সাফল্যের সঙ্গে কার্যকর হয়েছে এবং বিশ্বব্যাঙ্ক রিভিউ কমিশনের এবং ওড়িশা, তামিলনাড়ু ও বিহার থেকে আগত সেচ বিভাগের ইঞ্জিনিয়ারদের এবং কৃষকদের প্রশংসা অর্জন করেছে।

৬.১.৫। ১৯৯৩-৯৪ সালের জন্য প্রস্তাবিত লক্ষ্য মাত্রা হল ১,০০০টি এইচ ডি টি ডব্লু, ৪০০টি এম ডি টি ডব্লু, ২২০০টি এল ডি টি ডব্লু, ৩৮০০টি এস টি ডব্লু খনন করা, ৮৫০টি ও ডি ডব্লু এবং ১৮০টি আর এল আই প্রকল্পের জন্য স্থায়ী কাঠামো নির্মাণ। ৩১-৩-১৯৯৪ তারিখের মধ্যে ৯৫০টি এইচ ডি টি ডব্লু, ৩৫০টি এম ডি টি ডব্লু ২০০০টি এল ডি টি ডব্লু, ৩৪০০টি এস টি ডব্লু এবং ১৫০টি আর এল আই প্রকল্প সব রকমে সম্পূর্ণ করার লক্ষ্য মাত্রা ধরা হয়েছে। আশা করা যাচ্ছে যে এই কর্ম পরিকল্পনা সম্পূর্ণ হলে প্রায় ২.৫ লক্ষ হেক্টর জমিতে অতিরিক্ত সেচ সম্ভাবনা সৃষ্টি হবে।

**৬.১.৬। ১৯৯৩-৯৪ সালে ২৯.৫০ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।**

**৬.২। ক্ষুদ্র সেচের স্বাভাবিক কর্মসূচির অধীনে ঃ**

**৬.২.১। ভূ-পৃষ্ঠের জল ঃ** ভূ-পৃষ্ঠের জলের বিকাশের জন্য ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক পরিকল্পনা বাবদ ৩৫৮ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। এই প্রস্তাবগুলির মধ্যে রয়েছে ঃ

(ক) নদী জলোত্তলন প্রকল্প ঃ ৩০০৫টি আর এল আই প্রকল্পের মধ্যে ১৯৯১-৯২ সাল পর্যন্ত ২৪৬২টি প্রকল্পে পাইপ লাইন সম্পূর্ণ করা হয়েছে। আশা করা যাচ্ছে, যে ১৯৯২-৯৩ সালের মধ্যে শেষ পর্যন্ত যতগুলি পাইপ লাইন করা বাকি থাকবে তার সংখ্যা দাঁড়াবে ৩৬২টি। ১৯৯৩-৯৪ সালের মধ্যে ৫০টি আর এল আই এর পাইপ লাইন সম্পূর্ণ করার প্রস্তাব রয়েছে। ৬৫টি আর এল আইতে বৈদ্যুতিরকণের কাজ হাতে নেওয়া হবে ১৯৯৩-৯৪ সালের মধ্যেই।

(খ) ভূ-পৃষ্ঠের জলে সেচ ব্যবস্থা ও জল নিকাশি প্রকল্প ঃ ১৯৯১-৯২ সাল পর্যন্ত ভূ-পৃষ্ঠের জলে সেচ ও জল নিকাশের ১৬৬টি প্রকল্প সব রকমে সম্পূর্ণ হয়েছে। ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক পরিকল্পনায় এই কাজে ৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব দেওয়া হয়েছে। ১৯৯৩-৯৪ সালে পুরুলিয়া, বাঁকুড়া জেলায় এবং মেদিনীপুর জেলার পশ্চিমাংশে ৫টি প্রকল্প গ্রহণ করা হবে। খরার মাসে পুরুলিয়া ও বাঁকুড়া জেলার কয়েকটি নদী শুকিয়ে যায়। ফলে শুকনোর সময় ঐ নদীগুলিতে আর এল আই গুলি অচল হয়ে পড়ে। ঐ সময় জল বাড়াবার উদ্দেশ্যে দারকেশ্বর নদীতে মাটির বাঁধ নির্মাণ করার প্রস্তাব করা হয়েছে।

(গ) বোরো বাঁধ ঃ মেদিনীপুর, হুগলি এবং হাওড়া জেলায় নাবাল অঞ্চলে বৃষ্টির সময় চাষবাষ করা সম্ভব নয়। কিন্তু চাষীরা বরাবরই বেশি করে বোরো ফসল তোলার জন্য নদী বরাবর বোরো বাঁধ দিয়ে আসছেন। এই বাবদ ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক যোজনায় ৬৬ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।

**৬.২.২। ভূ-গর্ভস্থ জল ঃ** (ক) জল অনুসন্ধান ঃ রাজ্য জল অনুসন্ধান অধিকার (সুইড) দ্বারা জলের উৎস সন্ধান ও পরিমাপের উদ্দেশ্যে নুতন নুতন যন্ত্রপাতি ক্রয়ের জন্য ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক পরিকল্পনায় ৩৫ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। ১৯৮৮-৮৯ সালে রাজ্য জল অনুসন্ধান অধিকার ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির গণনা (সেনসাস) সম্পন্ন করেছে। সরকারি ক্ষেত্রে এবং বেসরকারি ক্ষেত্রে যে প্রকল্পগুলি সরকারি ঋণ নিয়ে করা হচ্ছে সেগুলি "সুইডের" অনুমোদন ক্রমেই করা হচ্ছে। অষ্টম যোজনাকালে অনুস্তরে (মাইক্রোলেভেলে) সমীক্ষা ও জলের সমতা (ওয়াটার ব্যালেন্স) সংক্রান্ত কাজ চালিয়ে যাবার প্রস্তাব রয়েছে, আরও জলের চাহিদা বাড়তে পারে মনে করে।

**(খ) ভূপৃষ্ঠের জল প্রবাহের দ্বারা সেচ এবং জলনিকাশের প্রকল্প সম্পর্কে অনুসন্ধান ও পরিকল্পনা ঃ** ভূপৃষ্টে জল প্রবাহের দ্বারা সেচ এবং জলনিকাশের প্রকল্প সম্পর্কে অনুসন্ধান ও পরিকল্পনার জন্য ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক পরিকল্পনায় ৩.০০ লক্ষ টাকা ধরা হয়েছে।

**(গ) ভূগর্ভস্থ জল-প্রকল্পগুলির কার্যকর করা ঃ** ১৯৯৩-৯৪ সালের বাৎসরিক পরিকল্পনায় ২৮ লক্ষ টাকা ব্যয় করার প্রস্তাব করা হয়েছে। ২০০টি গভীর নলকূপ নির্মাণের যে কর্মসূচি চালু আছে তার বাকি কাজ, এবং সরকারি মালিকানায় যে সব অগভীর নলকূপ আছে তা পুনরুদ্ধার করার কাজে অর্থের প্রয়োজন।

**৭। সাধারণ কাজ ঃ** নির্দেশনা ও প্রশাসন, জল সম্পদের সর্বাধিক ব্যবহার (অপটিমাইজেশন), গুদাম, অফিশ গৃহ ইত্যাদি নির্মাণ এবং অপ্রচলিত শক্তি ব্যবহার করে হাই ড্রাম, স্প্রিঙ্কলার ও ড্রিপ বসানোর উদ্দেশ্যে ১৯৯৩-৯৪ সালের জন্য ২০.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।

**৮। পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগম লিমিটেড ঃ** পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগমের অধীনস্থ প্রকল্পসহ রাজ্যের সমস্ত সরকারি ক্ষুদ্রসেচ প্রকল্পগুলি যে সেচের জল সরবরাহ করে তার জন্য প্রতি হেক্টর-মিটার ৫০০ টাকা হারে সর্বত্র একই রকম জলকর ধার্য করা হয়েছে। ব্যবসায়িক নিয়মে যে উচ্চহার বাধ্যতামূলকভাবে স্থির করা প্রয়োজন ছিল নিগম সেইহারে জলকর নিতে পারছে না। সেই কারণে যে ব্যবসায়িক ঋণ নিগম গ্রহণ করেছে তা শোধ করতে হলে নিগমকে সাহায্য করা ছাড়া আর কোনও বিকল্প নেই। গ্রান্ট-ইন-এইড ও প্রশাসনিক ব্যয় মেটাবার জন্য ১৯৯৩-৯৪ সালের জন্য ৪২০.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সাহায্যে কমিউনিটি আর-আই ও ডি টি ডব্লু স্থাপনের কর্মসূচি এই নিগম থেকে গ্রহণ করা হয়েছে।

৯.১.১। সেচ সূচিত এলাকা উন্নয়ণ কর্মসূচি ঃ তিনটি প্রধান সেচ-সূচিত এলাকা, কংসাবতী, দামোদর ভ্যালী ও ময়ুরাক্ষীতে সেচ-সূচিত এলাকা উন্নয়নের কর্মসূচির কাজ চলবে। ১৯৯৩-৯৪ সালের বার্ষিক যোজনায় ১৫০.০০ লক্ষ টাকা (রাজ্যের অংশ) ব্যয় বরাদ্দ করা হয়েছে।

৯.১.২। ১৯৯১-৯২ সালের শেষ পর্যন্ত ৫৭.১৭ হাজার হেক্টর এলাকায় মাঠ নালা তৈরি করা হয়েছে। ১৯৯২-৯৩ সালে অর্জিত সাফল্যের পরিমাণ ৫০০০ হেক্টর হবে বলে আশা করা যাচ্ছে।

৯.১.৩। ১৯৯৩-৯৪ সালের শেষ পর্যন্ত ৬০০০ হেক্টর সেচ সূচিত এলাকায় মাঠ নালা নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

১০। উন্নয়নের কর্ম কৌশল ঃ

১০.১। সপ্তম যোজনায় প্রধান উদ্দেশ্য ছিল এই রাজ্যে জল সম্পদের সর্বাধিক মাত্রায় ব্যবহার সুনিশ্চিত করা। ১৯৮৮-৮৯ সালে আমার দপ্তর থেকে ক্ষুদ্র সেচের যে সেনসাস করা হয়েছিল তাতে দেখা গেছে, অগভীর নলকূপের মোট সংখ্যা হল ৩.৬৩ লক্ষ এবং এই অগভীর নলকূপগুলির ৬৬ শতাংশের মালিকই হলেন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, এতেই প্রমাণিত হচ্ছে ভূ-গর্ভস্থ জলের ব্যবহারের ওপর আরও জোর দেওয়ার কর্ম-কৌশল কতখানি ন্যায়সংগত এবং এতে পরিস্কারভাবে বোঝা যাচ্ছে অগভীর নলকূপ সহ ক্ষুদ্রসেচ প্রকল্পগুলি গড়ে তোলার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের উদার হস্তে ভর্তুকীসহ অন্যান্য সাহায্য দানের ব্যাপারে এই সরকারের মূলনীতি কতখানি সাফল্যমণ্ডিত। অষ্টম যোজনাকালেও একই কর্ম-কৌশল অনুসৃত হবে।

১০.২। ক্ষুদ্রসেচ প্রকল্পে জনগনের অংশ গ্রহণ ঃ ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির স্থান নির্বাচন ও সেগুলি চালানোর দায়িত্ব নেওয়ার ব্যাপারে পঞ্চায়েতগুলির বৃহত্তম ভূমিকা লক্ষ্য করা গেছে। স্থান নির্বাচন কমিটির চেয়ারম্যান হলেন জিলা পরিষদের সভাধিপতি। পাঁচটি জেলায় সেচকূপ (ডাগওয়েল) নির্মাণের দায়িত্ব পঞ্চায়েতকে দেওয়া হয়েছে। নিম্ন ক্ষমতার নলকূপ ও অগভীর নলকুপগুলি চালাবার ও রক্ষণাবেক্ষণের জন্য পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হচ্ছে।

১০.৩। কমিউনিটি সেচ ব্যবস্থাকে জনপ্রিয় করার জন্য ডিজেল চালিত আর এল আই প্রকল্পগুলিতে বিদ্যুৎ সংযোজন করার ফলে যে সব ডিজেল ইঞ্জিন কাজে লাগে না সেগুলি চালাবার জন্য ও রক্ষণাবেক্ষণের জন্য পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হচ্ছে। সেই সব ক্ষেত্রে উপকৃত চাষীদের কমিটির (বেনিফিসিয়ারী কমিটি) মাধ্যমে পঞ্চায়েত সরাসরি জলকর সংগ্রহ করবে।

১০.৪। বেসরকারি মালিকানায় অগভীর নলকূপ বসানোর বিষয় নিয়ন্ত্রণ করার কোনও আইন নেই। যে কোনও অঞ্চলে ভূ-গর্ভস্থ জলের সেচ সম্ভাবনা খতিয়ে না দেখেই খুশিমতো অগভীর নলকূপ বসানো হচ্ছে। ভূ-গর্ভস্থ জল ব্যবহার বিজ্ঞান সম্মত করার প্রয়োজন দেখে দিয়েছে। যেমন হুগলি জেলার একটি ব্লক "কালো" (স্ট্যাটাস ৮৫ শতাংশের বেশি) আর অন্য ৩৫টি ব্লক "ধুসর" (৬৫ থেকে ৮৫ শতাংশ) পর্যায়ে পড়ে। অগভীর নলকূপ বসানোর ব্যাপারটি নিয়ন্ত্রিত করার জন্য আইন প্রণয়নের বিষয়ে আমরা চিন্তা করছি। ইতিমধ্যে আমরা ভূগর্ভস্থ জলের বাস্তব পরিস্থিতি সম্পর্কে গণচেতনা সৃষ্টির জন্য আলোচনা চক্র (সেমিনার) ও জনসভা সংগঠিত করছি। এতে বেশ উৎসাহব্যঞ্জক সাড়া পাওয়া যাচ্ছে।

বেসরকারি মালিকানায় সাব-মার্সিবল্ পাম্পযুক্ত নলকূপে বিদ্যুৎ সংযাগ করার ব্যাপারে "সুইডের" কাছ থেকে অনুমোদন নেওয়ার জন্য বিদুৎ দপ্তরকে অনুরোধ জানানো হয়েছে।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উপরে ক্ষুদ্রসেচ ও সেচসূচিত এলাকা উন্নয়ন

কর্মসূচির বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক এবং তার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কিত বিবরণ পেশ করলাম এবং ১৯৯৩-৯৪ সালের জন্য বাজেটে প্রয়োজনীয় বরাদ্দের উল্লেখ করলাম। ক্ষুদ্রসেচের প্রকল্পগুলির সেচ সেবিত এলাকায় একটি বা দুটি অতিরিক্ত ফসল কৃষকদের ক্রয়ক্ষমতাকে সমৃদ্ধ করেছে। ক্ষুদ্রসেচের মাধ্যমে প্রাপ্ত জল অনাবৃষ্টির মাসগুলিতে ভূমিহীন কৃষি মজুরের জন্য অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থাও করেছে।

এই বিভাগের বহুমুখী কার্যকলাপ পশ্চিমবঙ্গের গ্রাম-জীবনে পরিবর্তন ঘটাবার কাজে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং মেহনতি মানুষ ও কৃষক সমাজের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটাতে সাহায্য করছে।

এই কথা বলে, আমি বিধানসভার বিবেচনা ও অনুমোদনের জন্য বাজেট বরাদ্দ পেশ করলাম।

**Demand No. 66**

**Mr. Speaker :** There are four cut motions to demand No. 66 which are in order and taken as moved.

**Shri Saugata Roy & Shri Manik Bhowmik :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Demand No. 67**

**Mr. Speaker :** There is one cut motion to Demand No. 67 which is in order and taken as moved.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/0.

**Demand No. 68**

**Mr. Speaker :** There are three cut motions to Demand No. 68 which are in order and taken as moved.

**Shri Deba Prasasd Sarkar & Shri Manik Bhowmik :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

[2-20 – 2-30 p.m.]

**শ্রী নাসিরুদ্দিন খাঁন :** আজকে ৬৬ এবং ৬৮ নং দাবি উত্থাপন প্রসঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় যে

ভাষণ এখানে উপস্থাপিত করেছেন তার উপর আমি ভাষণ দান করছি এবং ভাষণ দান করতে গিয়ে আমার বক্তব্য রাখছি। প্রথমেই আমি মন্ত্রী মহাশয়ের কথা বলছি তিনি আমাদের জেলার মানুষ, তাছাড়া তিনি একজন লম্বা ও সুন্দর মানুষ, সৎ মানুষ। যদিও সততা তার অন্তরের ব্যাপার। এই মানুষটা বড় বিপদে পড়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ভালো গাই গরুকে দুই ভাগে ভাগ করা হয়েছে। তার সম্মুখের দিক হচ্ছে আমাদের অর্থমন্ত্রী অসীমবাবু আর পিছনের দিকটাতে দেবব্রতবাবু। উনি হচ্ছেন সতেরো ভাই। খাওয়াবেন অসীমবাবু আর দুধ নেবেন এনার কাছ থেকে। আসল জিনিসটা হচ্ছে অসীবাবুর হাতে এমবার্গো আছে, উনি দুধ বাড়তে দেবেন না। এমবার্গো দিয়ে উনি সব আটকে দিচ্ছেন। আমি একে একে তিস্তা প্রকল্পের কথায় আসব। আজকে অর্থমন্ত্রী মহাশয় তার ভাষণে বলছিলেন যে আমি ইরিগেশন ডিপার্টমেন্টকে শতকরা ৮০ ভাগ টাকা দিতে পেরেছি। অন্যান্য দপ্তরে যদিও এমবার্গো আছে কিন্তু তবুও আপনার দপ্তরকে নাকি প্রচুর অর্থ তিনি দিয়েছেন। আপনার দপ্তরে ছাঁটাই বেশি হয়নি। কিন্তু এখানে দেখা যাচ্ছে যে ১২টি জেলাতে ফ্ল্যাড নিয়ন্ত্রণের জন্য আপনি চেয়েছিলেন ২৮ কোটি টাকা আর সেখানে আপনাকে ৯ কোটি টাকা দিয়েই উনি বলে দিলেন এমবার্গো। সুতরাং দুধ আপনি পেলেন না। অথচ আপনার দপ্তরটা এত ভাল দপ্তর যে আমার হিসাবে এর চেয়ে ভাল দপ্তর আর নেই। অবশ্য সব দপ্তরই গুরুত্বপূর্ণ কিন্তু আপনার দপ্তরটা ভয়ানক গুরুত্বপূর্ণ। দেশ ও দশকে বাঁচানোর জন্য সৃষ্টিকে ধ্বংসের হাত থেকে বাঁচানোর জন্য, জঙ্গল, বনকে রক্ষা করার জন্য ইরিগেশন দপ্তরের ভূমিকা অনস্বীকার্য। চিংড়ি মাছ, যা থেকে ভারতে প্রভুত পরিমাণে ফরেন এক্সচেঞ্জ আসে যেটা যদিও দপ্তরের মৎস দপ্তরের আন্ডারে কিন্তু আসলে আপনার দপ্তরের ভূমিকা সেখানে বিরাট পরিমাণে রয়েছে। বাইরে থেকে আমাদের দেশে জাহাজে করে যে সব মালপত্র আমদানি করা হয় তাতেও আপনার দপ্তরের হাত রয়েছে। কারণ সমুদ্রকে যদি সচল রাখা না যায় তাহলে জাহাজ এখানে ঢুকতে পারবে না। আপনার দপ্তর হচ্ছে সৃষ্টিকে রক্ষা করার দপ্তর। জল, যার আর এক নাম জীবন সেই জলকে রক্ষা, বদ্ধ জলকে নিষ্কাশন — এসবই আপনার দপ্তরের আন্ডারে। অচল নদীকে সচল রাখার দায়িত্বও আপনার দপ্তরের হাতে। তা ছাড়া আবহাওয়াকে দূষণ মুক্ত করে পরিবেশকে সুস্থ রাখার ব্যাপারেও আপনাদের দপ্তরের ভূমিকা রয়েছে। সব মিলিয়ে বলতে গেলে বলতে হয় যে আপনার দপ্তর ভয়ানক গুরুত্বপূর্ণ দপ্তর। আমি যদি পারতাম আপনার বক্তব্যকে সমর্থন করতে, আপনি যে অর্থ আপনার দপ্তরের জন্য চেয়েছেন হাউসের কাছে তা সমর্থণ করতে তাহলে সমর্থম করতাম কারণ আপনার দপ্তর ভয়ানক গুরুত্বপূর্ণ দপ্তর কিন্তু আপনাকে টাকা না দিয়ে, গাইকে খেতে না দিয়ে দুধ বন্ধ করে দিয়েছে, সুতরাং আপনাকে আমি সমর্থন করতে পারছি না। আপনার সৎ, আন্তরিক চেষ্টা থাকলেও আপনি সেইসব কাজে সফল হতে পারছেন না অর্থাভাবে তাই কংগ্রেসের পক্ষ থেকে যেসব ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তা সমর্থন করতে আমি বাধ্য হচ্ছি। অনেক কথা বলব, কিন্তু কথা হচ্ছে এই যে আরও অনেক কথা থাকা সত্ত্বেও যেহেতু সীমিত সময়, মনে চাইলে বেশি দেওয়া হবে তা

নয়, সুতরাং আমি তিস্তা প্রকল্পের কথাতেই প্রথমে আসি। আপনি এই তিস্তা প্রকল্প, যা মোয়ামুটি বাজেটের শতকরা ৮০ ভাগ তিস্তা প্রকল্পে আপনি ব্যয় করছেন, নিশ্চয়ই এই কথা আপনি স্বীকার করবেন। এই তিস্তা প্রকল্প জলপাইগুড়ি ও উত্তর দিনাজপুরটা মোটামুটি এতে অবস্থিত, এই তিস্তা প্রকল্পের জন্য আপনার সরকার এবং আপনি ভারত সরকারের অর্থের কথা বলতেন, বারবার বলে এসেছেন এবং ভারত সরকার আপনাকে ইতিমধ্যে ২০ কোটি টাকা দিয়েছে। আপনি আর বলতে পারবেন না যে ভারত সরকার অনুমতি দিচ্ছে না, অর্থ দিচ্ছে না। কিন্তু সুদীর্ঘদিন ধরে এই তিস্তা প্রকল্পের জন্য মোটামুটি এই পর্যন্ত ৪০০ কোটি টাকা খরচ করেছেন। কিন্তু আসল যে তিস্তা প্রকল্পের উদ্দেশ্যে তার কিছুই আপনি সফল করতে পারেন নি ৪০০ কোটি টাকার বিনিময়ে। আপনি ক্যানালগুলো এখনও তৈরি করতে পারেন নি যাতে আপনার এই প্রকল্পের অধীনে ছিল যে প্রভুত জমিতে সেচের জন্য ক্যানাল তৈরি হবে, অথচ এই টাকা আপনি সেখানে একেবারে ব্লক করে ফেললেন, ৪০০ কোটি টাকার বিনিময়ে সেখানকার মানুষ চার পয়সার উপকৃত হয়নি। সুতরাং এই সম্পর্কে আপনার বক্তব্য এখানে কী হবে, কারণ এই চার শত কোটি টাকা ব্লক করে দিলেন, ৪০০ কোটি টাকার বিনিময়ে এখন দেশের মানুষ চার পয়সার ফল ভোগ করতে পারছে না, ফ্রুট ফুল ওয়ার্ক কিছুই হয়নি, আপনি আপনার জবাবি ভাষণে এই সম্পর্কে বলবেন, এত টাকা খরচ করেও কেন এখনও কার্যকর অবস্থায় আপনি আনতে পারেননি।তাহলে আপনি কী চান এই টাকা অনির্দিষ্টকালের জন্য ব্লক হয়ে থাক? এই প্রকল্পের উদ্দেশ্য কী, কোথায় আটকাচ্ছে সেই কথা আপনাকে জবাবি ভাষণে স্পষ্ট ভাবে বলতে হবে। কারণ এই অর্থ আমার নয়, আপনার নয়, এই অর্থ দেশের, এই অর্থ আপনি সুদীর্ঘদিন ধরে ব্লক করে রেখেছেন। আমরা জানি অনেক ল্যান্ড আপনি অধিগ্রহণ করতে পারছেন না যার ফলে ক্যানাল করা সম্ভবপর হচ্ছে না। আপনি জানেন আপনি আর. এস. পি.-র মানুষ, আমাদের কাছে খবর আছে, সি. পি. আই.-এর লোকেরা দলবাজি করে সেখানকার অফিশারদের সঙ্গে এবং কন্ট্রাক্টরদের সঙ্গে দলবাজি করে প্রভুত অর্থ এমনভাবে অপচয় করছে এবং যার ফলে আপনার কাজের অগ্রগতি সাধন হতে পারছে না, এটা আমাদের কাছে রিপোর্ট আছে। সুতরাং আমি তিস্তা প্রকল্প সম্পর্কে বলব, এই প্রকল্প একেবারে গুবলেট হয়ে গেছে। বক্রেশ্বরের মতো হবে, যেমন ভাবে তারা সব রক্তগুলো পচিয়ে ড্রেনে ফেলে দিয়েছিল, তেমনি ভাবে আপনার প্রকল্পের অবস্থা আজকে সেই অবস্থায় নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। এখন আবার নতুন নতুন কথা শোনা যাচ্ছে। সুতরাং আপনি হয়ত তিস্তা প্রকল্প সম্বন্ধে শেষ পর্যন্ত বলবেন যে, জমি অধিগ্রহণ করা সম্ভব হল না, সবাই হাই কোর্টের আশ্রয় নিচ্ছে। সুতরাং যদি জমি অধিগ্রহণ না করতে পারি তাহলে ক্যানেল করব কি করে? আর ক্যানেল না করতে পারলে সেচ প্রকল্প কি করে সম্পূর্ণ করা সম্ভব হবে? এটা আমরা জানি। কিন্তু মন্ত্রী হিসাবে আপনার দায়িত্ব আছে। আপনি বিভিন্ন সমস্যা ওভারকাম করতে পারছেন সেটা আমাদের বলুন। আমার আপনার কাছে প্রশ্ন যদি কিছুই করতে না পারেন তাহলে ৪০০ কোটি টাকা নষ্ট করলেন

কেন? এখন তো আপনার আর সেন্ট্রালের বিরুদ্ধে কিছু বলার নেই। কারণ সেন্টার এখন আপনাকে সব রকমের অ্যাসিস্ট্যান্স দিচ্ছে। ১৯৯২-৯২ সালের হিসাবে দেখছি, আপনি চেয়েছিলেন ৩২৫ কোটি ৬৮ লক্ষ ৬৯ হাজার টাকা এবং সেটা আপনি পেয়েছিলেন। তারপর ১৯৯২-৯৩ সালে তার চেয়েও বেশি টাকা আপনাকে দেওয়া হয়েছে। ৩৩২ কোটিরও কিছু বেশি টাকা আপনি পেয়েছিলেন। এবারে ১৯৯৩-৯৪ সালের জন্য ৩৪৭ কোটি ,৯৩ লক্ষ ৯১ হাজার টাকার বরাদ্দ আপনি নিয়ে এসেছেন। বার বার আপনার টাকার অঙ্ক বাড়ছে। এই টাকা আমরা আপনাকে অনুমোদন করতে প্রস্তুত আছি, কিন্তু আপনি ফ্রুটফুল কাজ করে দেখান। আপনি মুর্শিদাবাদ জেলার মানুষ। সুতরাং আপনি মুর্শিদাবাদ সম্বন্ধে যথেষ্ট ওয়াকিবহাল। মুর্শিদাবাদের উত্তর প্রান্তে দিয়ে পদ্মা নদী প্রবাহিত হয়ে গেছে, সেই নদীর পাশে জলঙ্গী নদী। সেই নদীর ভাঙ্গনে এখানে একটা বিরাট গ্রাম ধ্বংস হয়ে গেছে। আপনি সেই গ্রামটাকে রক্ষা করতে পারলেন না। এমন কি আইন-গতভাবে সেই গ্রামের গৃহহারা মানুষদের বিকল্প বসবাসের ব্যবস্থা করে দিতে পারলেন না, কোন রকম ক্ষতিপূরণ দিতে পারলেন না। আপনি স্বয়ং সেখানে ঐ'ভাঙ্গন দেখতে গিয়েছিলেন। আপনি জানেন জলঙ্গী নদীর ভাঙ্গনে গ্রামের পর গ্রাম ধ্বংস হয়ে গেছে। এ'জলঙ্গী নদী আমার কেন্দ্র দিয়ে প্রবাহিত হয়ে নদীয়া জেলা হয়ে এসে পড়েছে। আমার কেন্দ্রের অনেকগুলো গ্রামকে আপনি ঐ'নদীর ভাঙ্গনের হাত থেকে রক্ষা করতে পারেন নি। কেবল মাত্র কিছু কিছু জায়গায় আপনি নদীর পাড় তার দিয়ে পাথর বেঁধে রক্ষা করার চেষ্টা করেছিলেন। আমি আপনাকে জিজ্ঞাসা করি, সেই পাথরগুলো কোথায় গেল? আমি জানি এখানে কন্ট্রাক্টরদের দুষ্ট চক্র আধ গাড়ি পাথর ফেলে এক গাড়ি পাথরের দাম নিয়ে চলে গেছে। যেখানে মোটা তারের নেট দিয়ে পাথর বাঁধার কথা ছিল সেখানে সরু তারের নেট দিয়ে পাথর বেঁধেছিল। সব এখন ধুয়ে মুছে সাফ হয়ে গেছে। নওদার তোকিয়ায় আপনি এই জিনিস দেখতে পাবেন। তারপর আপনি আসুন চাঁদপুর হয়ে গোঘাটায়, সেখানে যে পাথার বাঁধার কাজ শুরু করেছিলেন তা অসমাপ্ত অবস্থায় রেখে গেলেন। আমি সেখানে কি রকম কাজ হয়েছে তা নিজে দেখেছি। আমার কাজের সুপারভিশন করার অধিকার না থাকলেও আমি সেখানে এম. এল. এ. হিসাবে গিয়েছি এবং আমি দেখেছি কন্ট্রাক্টর যে ভাবে কাজ করেছে তাতে তারা এক নং জিনিসের দাম দিয়ে তিন নং জিনিস দিয়েছে। আমি আপনার ডিপার্টমেন্টের কাছে এবিষয়ে একটা রিপোর্টও করেছি। ৩ নম্বর ইঁট দিল। আমি রিপোর্ট করেছি কিন্তু এর কি প্রতিকার করলেন? গোঘাট গ্রামের যে রাস্তাটি ছিল যে রাস্তাটি চাঁদপুর থেকে কমিউনিকেট করে শ্যামনগর ডাকাতিয়াপোতা হয়ে গোঘাটের ভিতর দিয়ে গেছে, ঐ নদীটি ভাঙতে ভাঙতে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে অনেকের বাড়িঘর চলে গেছে, অনেকের বাগান চলে গেছে এবং অনেকের জমি চলে গেছে। অপরদিকে নদীয়াতে বিস্তীর্ণ বালিচর পড়ে গেল। ফলে কালটিভেশনের কোন সুযোগ নেই। অথচ আপনি বাঁধলেন, কোটি কোটি খরচ করলেন কিন্তু অকাজের কাজ হল, কন্ট্রাক্টররা প্রভূত টাকা নিয়ে গেল। আপনার চেষ্টা ছিল, কিন্তু অর্থাভাবে কাজটি ইনকমপ্লিট করে রাখলেন। পিছনদিকে ডাউনওয়ার্ড দমদমা পর্যন্ত যে বাঁধ

দেবার কথা, সেটা স্যাংশন হয়েছে কিনা জানি না। তবে অনতিবিলম্বে যদি না বাঁধেন দমদমা গ্রামের দিকে ক্রমাগত সরে যাবে এবং অত্যন্ত ভ্যালুয়েবল এগ্রিকালচার ল্যান্ড শ - শ - একর জমি ডেসট্রয় হয়ে যাবে। সেইজন্য বলছি, আপনার ইচ্ছা থাকলেও যথাযথভাবে কাজ করে উঠতে পারছেন না, অবশ্য না পারার কারণ আছে। আপনাকে অর্থ ধার্য্য করা হল, কিন্তু সব অর্থ আপনাকে দেওয়া হবে না। গাইয়ের মুখে খাবার না দিলে দুধ আপনি

[2-30 – 2-40 p.m.]

পাবেন না, পিছনের দিকটা নিয়েই থাকবেন। তার কারণ আপনিও জানেন, আমরাও জানি, সবাই জানে। আপনি আর. এস. পি. দলের মন্ত্রী। অর্থ দপ্তর আছে সি. পি. এমের চাঁইয়ের হাতে। সুতরাং আপনার এই অবস্থাই হবে। এই কথা বললে যদিও সি. পি. এমের গায়ে লাগবে, তবুও সত্যি কথাটা বলার প্রয়োজন আছে, সত্যি কথা না বললে অন্যায় হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, এই যে বৃষ্টিপাত হয় — আজকে পৃথিবীর যে অবস্থা তাতে জলের একটা অভাব হয়ে পড়ছে। আপনি এরজন্য কিছু কিছু প্রকল্প করেছেন। আপনি না করলেও কংগ্রেস আমলে হয়েছে। এই বৃষ্টিপাতের জলকে কাজে লাগাবার জন্য কিভাবে কতটুকু আপনি প্রকল্প করেছেন। তিস্তা ছাড়া আর কি কোন প্রকল্প গ্রহণ করতে পেরেছেন? নদীতে ভয়ানক ব্যাপার হয়। সুতী, ভাগিরথী এবং জলঙ্গী নদীতে পাট পচানো হয়। পাট হচ্ছে মুর্শিদাবাদ জেলার প্রধান চাষ। সেই পাট পচানোর জন্য জল একেবারে কালো এবং বিষাক্ত হয়ে যায়। সেই জল খাওয়া দূরের কথা, স্নান করা তো দূরের কথা, আবহাওয়া একেবারে দূষিত হয়ে যায়। সেচ তো দূরের কথা। এ সম্পর্কে আপনি কি ভেবেছেন? আপনি জলঙ্গী নদীকে কেটে এবং বেঁধে রাখতে পারেন নি। ফলে কি অবস্থা হয়েছে। সুতি নদী বাঁদক থেকে বেরিয়ে যাচ্ছে আবার টুঙ্গিতে পড়ছে। কোনএকবার খাল কাটা হয়েছিল, কিন্তু তার হিসাব-নিকাশ পাওয়া যাবে না। আপনি জানেন, এই সুতি নদী ইতিমধ্যে বন্ধ হয়ে গেছে। আপনার দপ্তরের মাধ্যমে কিছু কিছু মাটি কাটিয়েছিলেন সুতী নদীর, কিন্তু মাটিগুলি এমন জায়গায় রাখা হল এবং টাকাগুলিকে এমনভাবে খরচ করা হল যে যেখানকার মাটি সেখানেই গিয়ে পৌছালো। সুতরাং আপনি এ বিষয়ে কি অ্যাকশন, কি ব্যবস্থা করবেন? যতটুকু কাজ আপনি করবেন সেটুকু যদি সত্যিকার কাজের মত কাজ করতে পারেন তাহলে অনেকখানি লাভ হবে। আসলে যেটুকু কাজ আপনি করেছেন যেটুকুও মানুষের কাজে লাগছে না। আপনি আপনার বাজেট বক্তব্যে সেচ সম্পর্কে যা বলেছেন একে একে যে, ১৯৯১-৯২ সালের শেষে মোট ১২.৫৬ লক্ষ হেক্টর জমিতে সেচ সামর্থ সৃষ্টি করা গেছে। এটা আপনি কি ভাবে — আপনার দপ্তরের যে রিপোর্ট এই রিপোর্টটাকে যথাযথভাবে এবং কোন কোন জেলায় আপনার পক্ষে সম্ভবপর হয়েছে অনুগ্রহ করে জানান। তার কারণ সমস্ত পশ্চিমবঙ্গে আপনি এটা করতে পারেন নি। আপনি ১৯৯৩-৯৪ সালের প্রস্তাবে বার্ষিক যোজনায় কাল পর্বের অর্থ সহায়তায় ৪৯ হাজার ৯৩০ হেক্টর জমিতে অতিরিক্ত সেচ সামর্থ্য সৃষ্টির লক্ষ্যমাত্রা ধার্য্য হয়েছে। আপনি এটা এক্সপেক্ট করেছেন আমাদের ভারত

সরকারের এই টাকাটা দেবে, আপনি আপনার কতটা অর্থ — সব সময়ে আপনি বলছেন আমার সীমিত ক্ষমতায় যা সম্ভবপর, আপনার সীমিত অর্থ, আপনি কতটুকু অর্থ অনুমোদন করেছেন, কেন্দ্রের কাছ থেকে টাকা পেলে সাহায্য দিতে পারবেন। আপনার নিজের কতটা ক্যাপাসিটি আছে? নিজের সামর্থ্যে আপনি কতটুকু কাজ করতে পারবেন? পরনির্ভরশীলতার কথা বলে আপনি নিজেকে দায়মুক্ত করতে পারবেন না। আপনার অর্থ কতটা আছে? সেই অর্থে কতকটুকু কাজ করতে পারবেন? আপনি কংসাবতী জলাধার প্রকল্পের কথা বলেছেন, এই জলাধার প্রকল্প ১৯৯২-৯৩ সালের খরিফ মরশুমে ২.৮৫ হেক্টর জমিতে করা গেছে, এটা খুব ভাল কথা। এই প্রকল্পের জন্য আপনার কোন পরিকল্পনা বা কতখানি আপনি করতে পারবেন সেটা স্পষ্ট করে বলতে পারবেন না। আপনার ইচ্ছা থাকলেও আপনি পারবেন না। এই কথা আমি প্রথমেই বলেছি, আপনার বক্তব্য থেকেই সেটা বোঝা যায়, এবং আপনাকে আমি ব্যক্তিগতভাবে চিনি, আপনি একজন সজ্জন মানুষ, তাই পারলে সমর্থন করতাম কিন্তু সম্ভবপর নয়, তাই ইচ্ছা থাকলেও করতে পারছি না। সুতরাং আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আপনার আনীত বাজেটকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বারীন্দ্রনাথ কোলে ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এতক্ষণ মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ রেখেছেন তার উপর কংগ্রেস বিধানসভার বিরোধী দলের এক মাননীয় নেতা, এক বিধায়ক মহাশয়ের বক্তব্য খুব মন দিয়ে শুনলাম। আজকে ওনাদের বক্তব্য থেকে একটা জিনিস খুব পরিষ্কার হয়ে গেল। মাননীয় নাসীরুদ্দিন সাহেব এনার বয়স হয়েছে, অভিজ্ঞতাও আছে তিনি যা বক্তব্য রাখলেন তাকে ভাড়ামি ছাড়া আর কিছু বলা যায় না। সেচ দপ্তরের উপরে বক্তব্য রাখবেন, কিন্তু সেই সম্পর্কে কোন বক্তব্য রাখলেন না, শুধু সি. পি. এম.-এর দলবাজি, তাদের ছোট করে দেখানো, এই বিষয়ে বক্তৃতা করে গেলেন। এই হচ্ছে কংগ্রেস দলের বক্তব্য, একটা বিরোধী দলের বক্তব্য। আজকে সেচ বিভাগ সম্পর্কে তাদের বলার কিছু নেই, সে জন্য শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন। আমি বিশেষ ভাবে দেখেছি যে বিষয়গুলি ওরা তুলেছেন, সেগুলি প্রত্যেকটিই ওদের বিরুদ্ধে যায়। তিস্তা প্রকল্পেও এই জিনিস আমরা দেখেছি। তিস্তা প্রকল্পে আজ পর্যন্ত আমরা ৩ শত ৭২ কোটি টাকা খরচ করেছি। আর এই প্রকল্পে খরচ বাড়তে বাড়তে ৬৯৫ কোটি টাকা হয়ে গেছে। কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন? ২০ কোটি টাকার মতো তারা দিয়েছেন। এসব কথা বলতে ওদের লজ্জা করেনা। ওরা কেন্দ্রীয় সরকারকে বলতে পারেনা। আমরা গত বছর সমস্ত দলের বিধায়কদের নিয়ে দিল্লি গিয়েছিলাম। তারপরে সেখানে ১৫০ কোটি টাকা দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কিন্তু আজ পর্যন্ত কত দেওয়া হয়েছে? এই বছর ৬ কোটি টাকা দেওয়া হয়েছে, আর গত বছর ৮ কোটি টাকা দেওয়া হয়েছিল — এই হচ্ছে অবস্থা। অথচ উনি বললেন যে তিস্তা প্রকল্পে কোন কাজ হয়নি। উনি আরো বললেন যে [illegible] শত কোটি টাকা খরচ

করা হয়েছে কিন্তু ৪ পয়সারও উপকার হয়নি। এতবড় একটা প্রকল্প, যেটা ভারতবর্ষের যে কোন বৃহৎ প্রকল্পের অন্যতম। এই সেচ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার কি করেছেন? আমরা অতীতে দেখেছি যে বহু সেচ প্রকল্পে কেন্দ্রীয় সরকার সাহায্য করেছেন। কিন্তু তিস্তা প্রকল্পের মত এতবড় একটা প্রকল্প, যেটাকে উত্তরবঙ্গের প্রাণ বলা যেতে পারে, সেই প্রকল্পের জন্য এখন পর্যন্ত ২০ থেকে ২২ কোটি টাকা দেওয়া হয়েছে। ওদের এই সব কথা বলতে লজ্জা করেনা। দ্বিতীয়ত উনি গঙ্গার ভাঙ্গনের কথা বললেন। মাননীয় মন্ত্রী মহাশয় তার ভাষণে সুস্পষ্ট ভাবে এই বিষয়ে বলেছেন এবং একটা চ্যাপ্টার তিনি নদীর ভাঙ্গনের উপরে লিখেছেন। তিনি বলেছেন যে ১৯৭৫ সাল থেকে ফারাক্কা ব্যারেজ প্রকল্প চালু হয়েছে, তারপর থেকে উপরে এবং নিচে ভাঙ্গন হচ্ছে। কিন্তু সে জন্য দায়ী কে? আজকে ১০০ কিলো মিটার পর্যন্ত ভাঙ্গনের মুখে আছে সেকথা উনি বলেছেন। ১৯৭৫ সাল থেকে আলাপ-আলোচনা চলছে। কয়েক বছর আগেও কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে টাকা দেওয়া হবে, ৩৫৫ কোটি টাকা। মন্ত্রী মহাশয় বলেছেন যে এই ব্যাপারে বহু মিটিং হয়েছে — কলকাতায় হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত ভারত সরকারের কাছ থেকে কোনও সন্তোষজনক সাড়া পাওয়া যায়নি। এর পরেও বলা হচ্ছে যে সেচ দপ্তর কাজ করছে না। উনি গলা ফাটিয়ে বলে গেলেন যে জলঙ্গী নদীর ধারে বহু গ্রাম ভেঙ্গে যাচ্ছে, নদীয়া জেলাতেও বহু জায়গায় ভেঙ্গে নষ্ট হয়ে যাচ্ছে। এই যে ১০০ কিলো মিটার ভাঙ্গন হয়েছে, এটা কি রাজ্য সরকারের পক্ষে করা সম্ভব? এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব নিতে হবে। এই দায়িত্ব নেবার কথা সকলে মিলে ভাবতে হবে। আর একটা কথা নাসিরুদ্দিন সাহেব উল্লেখ করেন নি। সেটা হচ্ছে, সেচ দপ্তরের মধ্যে ক্ষুদ্র সেচ দপ্তর আছে যার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং পশ্চিমবঙ্গে ৩৮ লক্ষ হেক্টর জমি এই টার্গেটের মধ্যে আছে, যেটা ভূগর্ভস্থ জল এবং ভূমির উপরের জল দ্বারা সেচ সেবিত করা হবে। তার মধ্যে এটা একটা গুরুত্বপূর্ণ জিনিস যে আজ পর্যন্ত ২৮ লক্ষ হেক্টর জমিকে সেচ সেবিত করতে পেরেছেন। শতকরা ৭৫ ভাগ সাফল্যে পৌঁছাতে পেরেছে সেচ দপ্তর এই কথা অন্তত নাসিরুদ্দিন সাহেবের বলা উচিত ছিল। তিনি মুর্শিদাবাদের মানুষ, নদীয় জেলার উপর দিয়ে যান, সেখানে গ্রাম থেকে গ্রামান্তরে দেখুন কিভাবে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, মিনি ডিপ টিউবওয়েল পুরো এলাকা সবুজ করে রেখেছে সারা বছর, শুধু ওই এলাকা নয়, সারা পশ্চিমবাংলায় এই অবস্থার সৃষ্টি করতে পেরেছে। সেইজন্য উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সেচ দপ্তর একটা বিরাট ভূমিকা পালন করছে। আমরা সবাই জানি গত বছর বৃষ্টি অত্যন্ত কম হয়েছে, জলের স্তর নিচে নেমে গিয়েছিল, বড় বড় প্রকল্পগুলি থেকে জল দেওয়া গেল না। তা সত্ত্বেও বোরো মরসুমে ক্ষুদ্র সেচ দপ্তরের মাধ্যমে বোরো চাষের ব্যবস্থা করা হয়েছিল। প্রতিটি এলাকায় ক্ষুদ্র সেচ দপ্তর তৎপরতার সঙ্গে কাজ করে ওই সমস্ত এলাকায় শস্য হানি হতে দেয়নি। বরং উল্টোটা করেছে, যে লক্ষ্য মাত্রা ছিল তার অতিরিক্ত জল দিয়ে উৎপাদনের ব্যবস্থা করতে পেরেছে। কংগ্রেসের পক্ষ থেকে ওই কথা একবারও বলা হল না। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন পশ্চিমবাংলার মতো রাজ্যে যেখানে জমি কম,

জনসংখ্যার হার দ্রুত গতিতে বাড়ছে সেখানে সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে এবং সাথে সাথে এক ফসলী জমিকে দু-ফসলী, তিন-ফসলী করতে হবে। তিনি এই কথা বলেছেন আজকে যে অর্থনৈতিক সংকট সারা ভারতবর্ষের ক্ষেত্রে চলছে তার মুখে দাঁড়িয়ে এই জিনিস সুষ্ঠুভাবে করা যায় না। আমি এই বিষয় নিয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে ভারতবর্ষে যে রাজনৈতিক এবং অর্থনৈতিক অবস্থা তাতে করে অতীতের চিন্তা-ভাবনা নিয়ে সেচ এবং নিকাশি ব্যবস্থা চালু রাখা যাবে না, উন্নতি করা যাবে না। আমরা জানি পশ্চিমবাংলায় যে বড় বড় প্রকল্পগুলি তৈরি হয়েছিল সেইগুলি স্বাধীনতা পরবর্তীকালে তৈরি হয়েছিল। যেমন দামোদর উপত্যকা প্রকল্প, ময়ূরাক্ষী প্রকল্প, কংসাবতী প্রকল্প, এইগুলি সেই সময় পরিকল্পনা করা হয়েছিল। তখন দেশের অবস্থা কি ছিল? তখন দেশে একটা শক্তিশালী সরকার ছিল, মানুষের একটা দেশপ্রেম ছিল, জাতীয়তাবোধ ছিল। এই অবস্থার মধ্যে সেইগুলি করা সম্ভব হয়েছিল। আজকে সেই অবস্থা ভারতবর্ষে নেই। অর্থনৈতিক সংকটে দেশ ডুবে গিয়েছে, বিদেশ থেকে অর্থ না এলে কোন কাজ করা যাবে না। এটা তো যেমন আছে তার উপর কেন্দ্রে একটা দুর্বল সরকার বসে আছে। তাঁদের বিভিন্ন রাজ্যের লোকের উপর কোনও কন্ট্রোল নেই। সেইজন্য পশ্চিমবাংলার সেচ প্রকল্পের জন্য আমাদের নিজেদের উপরই নির্ভর করতে হবে। পশ্চিমবাংলায় যতগুলি বড় বড় নদী আছে তার উৎপত্তিস্থল হচ্ছে অন্য রাজ্যে। নদীগুলির উৎপত্তিস্থল হয় বিহার, নয় উড়িষ্যা, নয় মধ্যপ্রদেশ, নয় উত্তরপ্রদেশ। শুধু যে অন্য রাজ্যে উৎপত্তিস্থল তা নয় অন্য রাষ্ট্রেও তাদের উৎপত্তিস্থল। যেমন দক্ষিণদিনাজপুরের পূণর্ভবা, এটার উৎপত্তিস্থল বাংলাদেশে এবং আবার বাংলাদেশে গিয়েই পড়েছে। সুতরাং এই নদীগুলির ব্যাপারে যেমন অন্তরাজ্যের প্রশ্ন আছে সেই সঙ্গে আন্তর্জাতিক প্রশ্ন আছে। সেই অবস্থায় আমরা দাঁড়িয়ে আছি। সুতরাং আমাদের রাজ্যকে যদি বাঁচাতে হয় তাহলে আমাদের নিজেদের উপরই নির্ভর করতে হবে। আমাদের বিহারের উপর নির্ভর করতে হচ্ছে। দামোদর পরিকল্পনা দীর্ঘ দিন হয়েছে। দিনের পর দিন সমস্ত ড্যাম এবং ব্যারেজের নাব্যতা ক্রমশ কমে যাচ্ছে। সেগুলোকে নতুন করে আরও জল বৃদ্ধি করার জন্য, উচ্চতা বৃদ্ধি করা প্রয়োজন এবং এরজন্য অতীতে বিহারের সঙ্গে যেসব চুক্তি হয়েছে — কপুরী ঠাকুরের সঙ্গে যে চুক্তি হয়েছিল — তা কার্যকর করা সম্ভব হয়নি। বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রেও একই অবস্থা। আজকে আর ভাবা যাবে না। আমরা নিজেদের মধ্যে ভাবতে পারব না। পূণর্ভবা, টাঙ্গন নদীতে - আমরা উত্তর এবং দক্ষিণ দীনাজপুরে গিয়েছিলাম, সেখানে দেখেছি যে টাঙ্গন এবং পূণর্ভবা নদীতে আগে যেখানে বন্যা কম হোত, এখন দেখা যাচ্ছে সেখানে বারে বারে করেই বন্যা হচ্ছে। তার কারণ খুঁজতে আমাদের দেখতে হবে বাংলাদেশ কি করছে। আমাদের দেখতে হবে সেখানে তারা নদীতে বাঁধ দিচ্ছে। আমরা এখানে বসে দক্ষিণ এবং উত্তর দীনাজপুরের বন্যা নিয়ন্ত্রণ করতে পারব কিনা তা ভাবতে হবে। আমি মন্ত্রী মহাশয়কে বলব, অতীতের কথা থেকে আমাদের ভাবনা চিন্তা করা যাবে না। আমাদের রাজ্যে কি সেচ, কি বন্যা, সব কথা আমাদেরই ভাবতে হবে। পুরুলিয়া এবং বাঁকুড়াতে ২৩টি মাঝারি প্রকল্প ছিল, তারমধ্যে ৬টি প্রকল্পের কাজ

শেষ হয়ে গেছে, ১৭টিতে কাজ চলছে। এগুলো শেষ হলে আমরা কয়েক লক্ষ একর জমিকে সেচের ব্যবস্থা করতে পারি। এই ধরনের মাঝারি প্রকল্পের প্রতি আমাদের বেশি করে গুরুত্ব দিতে হবে। যে প্রকল্পগুলো আমরা শুরু করেছি, মাঝারি প্রকল্পের কাজ আরম্ভ করেছি, সেগুলোকে আরও বেশি করে গুরুত্ব দিয়ে দ্রুত শেষ করতে হবে। আমরা ঘিয়া কুন্তী প্রকল্পের কথা জানি, যার ফলে আজকে হুগলি জেলার উন্নতি ঘটেছে। মাঝারি প্রকল্পের কাজগুলোকে আমাদের অত্যন্ত দ্রুততার সাথে শেষ করতে হবে। আমরা দেখেছি, নিম্ন দামোদর নিকাশি প্রকল্পের কাজ আমরা চার বছর আগে শুরু করেছিলাম। ১৫০০ কোটি টাকার এই স্কীম আমরা আজ পর্যন্ত ঠিকমতো শুরু করতে পারিনি। তার কারণ হচ্ছে প্রতি বছর মাত্র এককোটি দেড় কোটি টাকা ধরা হচ্ছে। এই ভাবে হয়না। চার পাঁচ কোটি টাকা ছাড়া কাজ আরম্ভ করা যায় না। অথচ এই প্রকল্পের উপরেই নির্ভর করছে হুগলি এবং বর্ধমান জেলার মানুষের ভাগ্য, তাদের বন্যার হাত থেকে বাঁচান। বাজেট প্রভিসনে যে টাকা ধরা হচ্ছে তা দিয়ে কাজ ঠিকমতো শুরু করা যাচ্ছে না। আমাদের টাকার অপ্রতুলতা আছে। সেজন্য প্রকল্পের কাজকে দ্রুত শেষ করতে হবে। এরপরে দেখুন সুবর্ণরেখা প্রকল্পের দিকে। এই প্রকল্পকে আমাদের শেষ করতে হবে। বাজেটে যে টাকার সংস্থান হচ্ছে তা দিয়ে আপনি ঠিকমতো কাজ করতে পারবেন না, এস্টাব্লিশমেন্ট খরচের মধ্যেই তা চলে যাবে। আমরা অত্যন্ত আনন্দিত এই আর্থিক অবস্থার মধ্যে দাঁড়িয়েও সেচ দপ্তর কি ক্ষুদ্রসেচ, কি বৃহৎ সেচ দপ্তর, যে ভাবে কাজ করছে তাতে অত্যন্ত আনন্দিত, গর্বিত। সেজন্য আপনি যে ব্যয় বরাদ্দের দাবি এখানে এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে দুই মিলে বৃহৎ, মাঝারি এবং ক্ষুদ্র সেচ দপ্তর মিলে যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি। আজকে সেচ দপ্তরের বাজেট বিতর্কের শুরুর আগে মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরপর্বে সেচ দপ্তরের উল্লেখযোগ্য কাজের কথা উল্লেখ করে সেচ দপ্তরের কথা বলবার এবং বোঝাবার চেষ্টা করেন। এই রাজ্যের দক্ষিণবঙ্গের তথা মেদিনীপুরের আমি অধিবাসী কিন্তু তা সত্ত্বেও এই ব্যাপারে আমাদের কোনও অভিমান নেই বা বিরূপ মন্তব্যও পোষণ করছি না। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সেচ দপ্তরের তিস্তা প্রকল্প ছাড়া আর কিছু নেই এবং সারা রাজ্য আজকে সেচ দপ্তরের কাজ থেকে বঞ্চিত হচ্ছে কোনও কাজ তারা পাচ্ছে না। এইভাবে মানুষ বিড়ম্বিত হচ্ছে এবং অসুবিধার সম্মুখীন হচ্ছে। সেচ দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর এটি নিঃসন্দেহ এবং বিরোধীদলের সদস্য হিসাবে আমি নিশ্চয় স্বীকার করব যে তিস্তা প্রকল্প হচ্ছে ভারতের মধ্যে একটি অন্যতম শ্রেষ্ঠ প্রকল্প। এই প্রকল্পের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৪০০ কোটি টাকা খরচ হয়ে গেছে এবং তিনি বলেছেন আরো অর্থ বাজেটের সময়ে দেবেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে এই

তিস্তা প্রকল্পে যে এত টাকা খরচ হয়েছে কিন্তু তার থেকে জনগণ আউটপুট পেয়েছে কতখানি — কিছুই আমরা পাইনি। বারেবারে বলবার চেষ্টা করেছেন যে কেন্দ্রের জন্য কাজ হচ্ছে না এবং কেন্দ্রীয় সরকারকে আসামীর কাঠগড়ায় অভিযুক্ত করবার চেষ্টা করা হয়েছে। ইতিপূর্বে মাননীয় মন্ত্রী মহাশয় এবং শাসক দলের পক্ষ থেকে বারেবারে ধ্বনি তোলা হয়েছে যে এই তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হোক। কিন্তু ওঁদের জানা উচিত জাতীয় প্রকল্প বলে কোন প্রকল্প নেই। যদিও আমরা স্বীকার করছি যে তিস্তা প্রকল্পের মধ্যে দিয়ে উত্তরবঙ্গের একটা বিস্তীর্ণ এলাকার মানুষ এই সেচের সুযোগ পাবেন। এই সেচের মধ্যে দিয়ে তারা তাদের জীবন জীবিকার সূত্র খুঁজে পাবেন। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, রাজ্য সরকার তার নিজস্ব কর্তৃত্বে এটা করছে গিয়ে যে এত বেশি টাকার প্রয়োজন হবে সেটা আগে উপলব্ধি করতে পারেন নি বা ভাবতেও পারেন নি। তাই হাফ ডান অবস্থায় রেখে আজকে বারেবারে কেন্দ্রের কাছে যাচ্ছেন এবং কেন্দ্রের বিরুদ্ধে বিধানসভায় দাঁড়িয়ে সমালোচনা করছেন। এই বিষয়ে শাসকদলের সদস্যরা তো বটেই তেমনি মন্ত্রী এবং আমলা মিলে যৌথভাবে এই তিস্তার ব্যাপারে কেন্দ্রের কাছে অর্থ বরাদ্দের দাবি উত্থাপন করছে। কেন্দ্রীয় সরকার তাতে প্রতিশ্রুতি দিয়েছেন এবং অঙ্গীকারা হিসাবে ১৫০ কোটি টাকা সাহায্য করেছেন। আজকে এই তিস্তা দ্রুত সম্পন্ন হওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের পাশাপাশি রাজ্যসরকার তথা জনগনও টাকা বিনিয়োগ করেছে। উত্তরবঙ্গের মানুষ্যের কাছে এটা একটা বিরাট প্রত্যাশা এবং তিস্তা প্রকল্প রূপায়ণের মধ্যে দিয়ে তারা সেচের সুবিধা পেতে চাইছে। এই প্রসঙ্গে আমি দাবি করছি মাননীয় মন্ত্রী তাঁর জবাবি ভাষণে নিশ্চিতভাবে বলুন কবে নাগাদ এর কাজ শেষ হবে এবং এর নির্দিষ্ট সময় সীমা উল্লেখ করে বলুন।

আজকে তিস্তা প্রকল্পটাকে দেখিয়ে আপনারা সব কিছু এড়িয়ে যেতে চাইছেন। আমরা চাই তিস্তা চাই তিস্তা হোক এবং তিস্তার মধ্যে দিয়ে উত্তরবঙ্গের মানুষের উপকার হোক। কিন্তু তিস্তাকে দেখিয়ে অন্য যে সমস্ত প্রকল্প আছে সেই প্রকল্পগুলো আর এগোচ্ছে না। আজকে কংসাবতী প্রকল্পের অবস্থা কি? আজকে কংসাবতীর আধুনিকীকরণের কাজ এগোচ্ছে না। আজকে এই কংসাবতী প্রকল্পের মধ্যে দিয়ে যে সমস্ত জেলার অধিবাসীরা উপকৃত হত, আরও সুবিধা হত, সেই প্রকল্পের কাজ এক অংশও না বাড়ানোর জন্য সেখানকার লোকেরা সেই সুযোগ সুবিধা পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই বলবেন এই আধুনিকীকরণ করতে গিয়ে কোথায় অসুবিধা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি তার ব্যয়-বরাদ্দের মধ্যে শুধু কেন্দ্রের কথাই বলেছেন এবং কেন্দ্রের কাছে দাবি করতে গিয়ে তার প্রত্যাশা মতো তিনি টাকা পাচ্ছেন না। গত বাজেট বক্তৃতার বইয়ের মধ্যে আমরা যে জিনিস দেখেছিলাম এবারে দেখছি তার থেকেও অবস্থা খারাপ। যে টাকা এই খাতে ধার্য্য করা হয়, সেটা ক্রমশ কমছে। অথচ মানুষের চাহিদা ক্রমশ বাড়ছে। যে টাকা খরচ করে মানুষকে সুযোগ-সুবিধা দেওয়ার চেষ্টা করা হয় এবং উন্নয়ন করবার চেষ্টা করা হয় সেই দপ্তরের টাকা ক্রমশ

কমছে। এই সাবজেক্ট কমিটির চেয়ারম্যান যখন নির্মলবাবু ছিলেন এবং আমি যখন এই সাবজেক্ট কমিটির সদস্য ছিলাম তখন আমরা এক সাথে কেলেঘাই নদী দেখতে গিয়েছিলাম। সেই এলাকার মানুষ দুঃখ ও দুঃস্বপ্নের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। সেই প্রকল্পের কাজ কতটা এগিয়েছে এবং কোন জায়গায় এসে পৌঁছেছে আমরা সেই কথা কিন্তু এই বাজেট বক্তৃতা মধ্যে দেখতে পেলাম না। ১৯৮৬ সালে যখন বন্যা হয়েছিল এবং রাজীব গান্ধী যখন দেখতে এসেছিলেন তখন তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন কেলেঘাইয়ের উন্নতি করা হবে। সেই কেলেঘাইয়ের ব্যাপারে জি. এফ. সি. সি.-র চেয়ারম্যান এসেছিল এবং এখানে মিটিং করেছি এবং সেই মিটিঙের পর কেলেঘাইয়ের কাজ কতটা এগিয়েছে সেই ব্যাপারে এই বইতে কোনও উল্লেখ নেই। চেয়ারম্যান মহাশয়, আজকে আমরা দেখতে পাচ্ছি এই সেচ দপ্তর-ক্ষুদ্র সেচকে বাদ রাখছি — বৃহৎ এবং মাঝারি সেচ দপ্তর আজকে ধান চাষের জন্য, রবিশস্যের চাষের জন্য সেচ দেওয়ার কথাটা ভুলে গেছেন। ক্রমশ এই দপ্তরটা যেন ভাঙ্গন প্রতিরোধ ও বন্যা নিয়ন্ত্রণ দপ্তর হিসাবে রূপায়িত হয়েছে। আজকে হিসাব নিয়ে দেখুন, জাতীয় স্তরে সেচ দপ্তরের গুরুত্ব উপলব্ধি করে যেখানে ব্যয় করা হচ্ছে গড়ে ৬৭ পারসেন্ট সেখানে আমাদের রাজ্যে সেচ দপ্তরে গড়ে খরচ করা হয় ১২ পারসেন্ট। তারপরেও আবার বরাদ্দ কম করা হয়। যা থাকে তার থেকেও কার্টেইলমেন্ট করা হয়। গতকাল শাসকদলের তিন, চার জন এম. এল. এ. এখানে দাঁড়িয়ে চিৎকার করছিলেন সুন্দরবনের বিস্তীর্ণ এলাকায় বৃষ্টির ফলে ভাঙ্গন দেখা দিয়েছে নতুন করে। আমরা যখন সাবজেক্ট কমিটির পক্ষ থেকে সুন্দরবনের সাগর, নামখানা, পাথরপ্রতিমা এইসব জায়গায় যাই তখন দেখেছি এক একটা জায়গায় গ্রাম একেবারে শেষ হয়ে গিয়েছে ভাঙ্গনের ফলে। সেখানে সেচ দপ্তর থেকে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি।

আজকে এই অবস্থার মধ্যে সেচ দপ্তর কাজ করছে। এর পর আমি সুবর্ণরেখা প্রকল্পের কথায় আসছি। সুবর্ণরেখা প্রকল্পে মেদিনীপুর জেলাতে ভোসরামারাতে একটি ড্যাম তৈরি হওয়ার কথা এবং তাতে মেদিনীপুর জেলার এগরা, কেশিয়ারী, পটাশপুর, কন্টাই থানার বিস্তৃর্ণ এলাকার মানুষের কাছে জল পৌঁছে দেওয়া যাবে। কিন্তু সুবর্ণরেখার সেই কাজ এক ইঞ্চিও এগোয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় হয়ত পরিবেশ দপ্তরের ছাড়পত্রের কথা বলবেন কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে সেই কাজ এক ইঞ্চিও এগোয়নি। আগে যখন কোন প্রকল্প বাস্তবায়িত হত তখন এই পরিবেশের ব্যাপারটা নিয়ে এত চিন্তা ভাবনা হত না কিন্তু দিন ক্রমশ পাল্টাচ্ছে, নতুন নতুন চিন্তাভাবনা আসছে কাজেই পরিবেশের কথাটাও নিশ্চয় ভাবতে হবে। স্যার, এই সুবর্ণরেখা প্রকেল্পের ব্যাপারে গত বছরের বাজেটে আমরা দেখছি যে সামান্য কয়েক লক্ষ টাকা বরাদ্দ করা হচ্ছে কিন্তু এর কাজ এক ইঞ্চিও এগুচ্ছে না। পরিবেশ দপ্তরের ছাড়পত্রের জন্য কাজ না হয় এগোয়নি কিন্তু সেখানে প্রশাসনিক পরিকাঠামো ইত্যাদি যা ইতিমধ্যে করার দরকার ছিল তার কতটুকু এগিয়েছে আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তা বলবেন। আমরা তো দেখি সেখানে ঐ সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার

আর কিছু কর্মচারী বসে বসে মাহিনা নেওয়া ছাড়া কাজ এগোয় নি। স্যার, আপনি জানেন যে মেদিনীপুর জেলার কাঁথী সমুদ্রের উপকূলে অবস্থিত। দক্ষিণে সমুদ্র তার সীমানা, সেখানে যে লবনাক্ত এলাকা আছে তাতে দু'বার ফসল হবার কোনও সুযোগ নেই। তা ছাড়া না আছে সেখানে বড় ইরিগেশনের ব্যবস্থা না ছোট ইরিগেশনের ব্যবস্থা বরং সেখানে নিচু এলাকায় জল জমে থাকার জন্য বারবার চাষীদের ফসল নষ্ট হচ্ছে। এবারে খুব বৃষ্টি শুরু হয়েছে বলে এবং চাষটা পরিপূর্ণভাবে আরম্ভ হয়নি বলে কৃষকরা তেমন ক্ষতিগ্রস্ত হন নি কিন্তু ঐ এলাকায় গেলে দেখবেন এলাকাটিতে জল জমে রয়েছে। সেখানে কন্টাই (১), (২), (৩) ফেজে যে বেসিন প্রকল্প তৈরি হয়েছিল সেটা আপনারা জানেন। কন্টাই (৩) ফেজের কথা উত্তর কাঁথীর বিধায়ক মুকুলবাবু জানেন। সিদ্ধার্থবাবুর আমলে বরকত সাহেব সেচমন্ত্রী ছিলেন তখন সেখানে জল নিকাশি প্রকল্পের কাজ শুরু হয়েছিল এবং ঠিক হয়েছিল যে রসুলপুর নদীতে জল ফেলা হবে। আমাদের সরকার যাবার আগে যেটুকু খাল কাটা হয়েছিল তাই পড়ে আছে, এই ১৬ বছরে তাতে তারপর এক ঝুড়ি মাটিও পড়ে নি। কন্টাই ফেজ টু-টা আমরা সাবজেক্ট কমিটির তরফ থেকে গিয়ে দেখে এসেছি, তার জল যে আউটলেট হবে সেখানে পাশেই বঙ্গোপসাগর, সেখানে কাঁদুয়াতে স্লুইস গেট তৈরি হয়েছিল কিন্তু তারজন্য যে খাল কাটা প্রয়োজন ছিল তার কাজ এক ইঞ্চি এগোয়নি। তবুও কি বলব যে এই সেচ দপ্তর কাজ করছে? তারপর জমিদারি বাঁধগুলির কি অবস্থা তা আপনারা সকলেই জানেন। মেদিনীপুর, ২৪ পরগনা, হুগলিতে যে সমস্ত জমিদারি বাঁধ আছে সেগুলি যেন মাতৃপিতৃহীন অবস্থায় পড়ে আছে। সেখানে সেচ দপ্তর বলছে যে পঞ্চায়েত এইসব বাঁধ রক্ষণাবেক্ষণ করবে আবার পঞ্চায়েত দপ্তর বলে এটা সেচ দপ্তর করবে। তারপর এই দপ্তরের জন্য যে টাকা ধার্য করা হয় সেটা থেকেও কেটে নেওয়া হয়।

আজকে কাজের নমুনা এবং টাকার যোগান দেখে বোঝা যাচ্ছে যে প্রকল্পগুলোর কী অবস্থা হবে। অর্থমন্ত্রী বলেছিলেন সেচ দপ্তরকে নাকি গত আর্থিক বছরে ৮০ কোটি টাকা দিয়েছেন। কিন্তু আমি আমার জেলাতে দেখতে পাচ্ছি সেখানে বহু ঠিকাদার তারা টাকা পাচ্ছে না, আমি ঠিকাদারদের হয়ে ওকালতি করছি না। কিন্তু সেই সমস্ত শিক্ষিত যুবক যারা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে, গহনা বন্ধক দিয়ে চাকরি না পেয়ে ঠিকাদারিতে নেমেছে, তারা ঠিকাদারি করে যা সরকারের কাছ থেকে পাওনা হয়েছে তা তারা পাচ্ছে না। মন্ত্রী মহাশয় শুধু উত্তরবঙ্গ উত্তরবঙ্গ করছেন, উত্তরবঙ্গের উন্নতি আমরাও চাই কিন্তু দক্ষিণ বঙ্গের যে বিস্তীর্ণ অঞ্চল এই সেচ দপ্তরের কাজের অভাবে, আন্তরিকতার অভাবে, সেচ দপ্তরের কাজের অনিহার ফলে সেই এলাকার মানুষ আজকে ভুগছে। আজকে তমলুক মাস্টার প্ল্যান, নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের কাগজ পত্র তৈরী হয়েছে, কিন্তু কোনও কাজ হচ্ছে না, ঘাটাল মাস্টার প্ল্যান আজকে জলের তলায় ডুবে গেছে, এই অবস্থা আর কতদিন চলতে থাকবে? আমার সময় শেষ হয়ে আসছে, তবুও বলছি, আপনি জানেন আমাদের মেদিনীপুর জেলা একটা বৃহত জেলা, যে বৃহত জেলার জন্য দুটি ডিভিসন-এ ভাগ করা

হয়েছিল ইস্ট এবং ওয়েস্ট, দুটো ডিভিসন তৈরী হয়েছিল। এই দুটো ডিভিসনের অফিশ মেদিনীপুর শহরে অবস্থিত। মেদিনীপুর ইস্ট ডিভিসনের যে অফিশ আছে, তাকে তমলুকে সরানো হবে, কারণ ইস্ট ডিভিসনের কাজ ঐ সব অঞ্চলেই সীমাবদ্ধ, কিন্তু কী কারণে এবং কাদের বাধায় মেদিনীপুরের ইস্ট ডিভিসনের অফিশ আজকেও তমলুকে যায়নি, নিশ্চয়ই মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে এই সম্পর্কে বলবেন। এবং সেই সঙ্গে কন্টাই ডিভিসন বলে একটা আলাদা ডিভিসন করার জন্য প্রস্তাব ছিল, তার কী হল বুঝতে পারছি না সেই ব্যাপারে তিনি বিস্তারিতভাবে বলবেন। সেই সঙ্গে আজকে বলতে চাই টেলিগ্রাফ পত্রিকায় একটা খবর বেরিয়েছিল, তাতে দেখতে পাচ্ছি যে হুগলি জেলাতে যে একজিকিউটিভ অফিশার ছিলেন বর্তমানে শুনছি তিনি নাকি ইস্ট ডিভিসনে ভারপ্রাপ্ত হয়ে গেছেন, তিনি নানা দুর্নীতির সঙ্গে জড়িত, তার বিরুদ্ধে নানা অভিযোগ আছে। টেন্ডার না ডেকে তিনি ঠিকাদারদের কাজ দিতেন, তা সত্ত্বেও তাকে মেদিনীপুর ইস্ট ডিভিসনের মতো একটা বড় ডিভিসনে ভারপ্রাপ্ত হচ্ছেন, যে ডিভিসনে সম্প্রতি কেলেঘাই নদীর প্রকল্প চুড়ান্ত করার জন্য দায়িত্ব দেওয়া হবে। সেই একজিকিউটিভ অফিশারকে পাঠানো হচ্ছে। টেলিগ্রাফ পত্রিকায় এই সম্পর্কে বেরিয়েছে। এখন ক্ষুদ্র দপ্তরের কথা বলতে গেলে আজকে নিশ্চিতভাবে ক্ষুদ্র সেচের কাজ এগিয়েছে। কিন্তু মন্ত্রী মহাশয় ক্ষুদ্র সেচ দপ্তরের কৃতিত্ব এই রাজ্য সরকারের নয়, বরঞ্চ ইরিগেশন কর্পোরেশনের যে টিউবওয়েলগুলো আছে এলাকায় খোঁজ নিয়ে দেখুন, সেইগুলো সব চোক্‌ড হয়ে গেছে, সারাবার কোনও ব্যবস্থা নেই, কারণ যেহেতু সেইগুলো রাজ্য সরকারের পয়সায় করতে হবে। আজকে বিশ্বব্যাঙ্কের টাকায় বিভিন্ন জায়গায় সেই সব টিউবওয়েল বসানো হয়েছে। তবুও আমি বলব, আমি বিভিন্ন জায়গা ঘুরে দেখেছি টিউবওয়েল বসান হয়েছে, কিন্তু বিদ্যুৎ সংযোগ হয়নি। টিউবওয়েল আছে, বিদ্যুতের তার চুরি হয়ে গেছে। সেখানে শুধু একজন অপারেটর বসে আছে, জল যাচ্ছে না। বহু জায়গায় এ রকম অবস্থা আছে। শুধু তাই নয়, কিছু দিন ধরে মাইনর ইরিগেশন দপ্তরের বিভিন্ন দুর্নীতির কথা বার বার খবরের কাগজে প্রকাশিত হচ্ছে। মাইনর ইরিগেশন দপ্তরে সি.পি.আই. দলের মন্ত্রী আছেন। সংবাদপত্রে দেখলাম সি. পি. আই. দলের কোনও একজন নেতা ত্রিচুরে তাঁদের দলের সম্মেলনে গিয়েছিলেন। সেখান থেকে তিনি ব্যাঙ্গালোরে গিয়েছিলেন। তিনি অ্যাগ্রো ইরিগেশন কর্পোরেশনের একজন সদস্যও। তিনি ব্যাঙ্গালোর থেকে কলকাতা ফিরেছিলেন প্লেনে এবং প্লেনের ভাড়াটা অ্যাগ্রো ইরিগেশন কর্পোরেশনের কাছ থেকে নিয়েছেন। অ্যাগ্রো ইরিগেশন কর্পোরেশন থেকে এই টাকা তাঁকে দেওয়া হয়েছে। এরকম বহু অভিযোগই আমরা শুনছি। এই সমস্ত কারণে মাননীয় মন্ত্রী মহাশয় আনীত ব্যয় বরাদ্দের দাবিকে আমি সমর্থন করতে পারছি না। এই ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাত্বিককুমার রায় :** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী এবং মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে

আমি দু'চারটে কথা বলতে চাই। আমি নাসিরুদ্দিন সাহেবের কথা শুনলাম। তিনি মাননীয় সেচ মন্ত্রীর খুব প্রশংসা করলেন। তা ওঁর দেশের লোক উনি প্রশংসা করতেই পারেন। কিন্তু উনি বক্তব্য রাখতে গিয়ে একটা কথা বার বার উল্লেখ করছিলেন, সেটা হচ্ছে, কেন্দ্র নাকি তিস্তার জন্য টাকা দিয়েছে। কেন্দ্র কত টাকা দিয়েছে, না দিয়েছে তা তো মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতির মধ্যে পরিষ্কার করে লিখে দিয়েছেন। ১৯৮৩-৮৪ সালে কেন্দ্র পাঁচ কোটি টাকা দিয়েছিল আর '৯৩ সালে ৮ কোটি টাকা দিয়েছে। এত বড় একটা ৪০০ কোটি টাকার প্রোজেক্ট এখন পর্যন্ত এই টাকা তো দিয়েছে। এরপরেও উনি কেন্দ্রের কথা বললেন, এতে আমরা আশ্চর্য্য হয়ে যাচ্ছি। বিধান চন্দ্র রায় মারা যাবার পরে আপনাদের আর কারো কেন্দ্রকে কিছু বলার ক্ষমতা নেই। সুতরাং আপনারা এখানে আর কথা না বলে চুপচাপ শুনুন। ৫ এবং ৮ মোট ১৩ কোটি টাকা বাদ দিয়ে তিস্তায় এখন পর্যন্ত যা খরচ হয়েছে তা সবটাই আমরা করেছি। যাই হোক, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতিটা পড়লাম। প্রথমেই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা কথা জানাতে চাই, আমাদের সেচের জল যেন কোনও ভাবে নষ্ট না হয়। এই প্রসঙ্গে আপনি ময়ূরাক্ষীর আধুনিকীকরণ সম্পর্কে কোনও কথা বলেন নি। এ সম্পর্কে কিছু যদি আপনার জবাবি ভাষণে বলেন তাহলে ভাল হয়। কারণ আজকে বিরোধী সদস্যরা এখানে কথা বলছেন। আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী গতকালই এখানে বলে গেছেন যে, আমাদের বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতেই হবে। আমরাও জানি সেটা আমাদের করতেই হবে, কারণ সেটা বামফ্রন্টের একটা মর্যাদার প্রশ্ন এবং সেটা আমাদের করতে হলে সেখানে আমাদের জলের ব্যবস্থা করতে হবে। সেখানে আমাদের ময়ূরাক্ষী থেকে ১৫ কিলো মিটার পথ জল নিয়ে যেতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, আপনি দয়া করে একবার বীরভূমে যান নিজের চোখে ময়ূরাক্ষীর তিলপাড়া বাঁধের অবস্থা দেখে আসুন। সেখানে ১০ থেকে ১৫ ফিট সিল্টেজ পড়েছে। তিলপাড়া বাঁধকে ঐ সিল্টেজ থেকে যদি উদ্ধার না করেন বক্রেশ্বরে জল নিয়ে যাওয়া কখনই সম্ভব হবে না এবং সঙ্গে সঙ্গে সিদ্ধেশ্বরী প্রকল্প যদি আপনি রূপায়িত না করেন তাহলেও আপনি বক্রেশ্বরকে জল দিতে পারবেন না। সুতরাং এই দুটো আজকে খুবই গুরুত্বপূর্ণ জিনিস। একথা আমি এর আগেও আপনাকে বলেছি। আবার বলছি, আপনি এই দুটো বিষয়ে একটু গভীরভাবে চিন্তা ভাবনা করুন। ইতিপূর্বে আমরা বীরভূমের ১২ জন এম. এল. এ. এবিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। এই কাজ না করার ফলে আজকে বিরোধীরা আমাদের সমালোচনা করার সুযোগ পাচ্ছে। সিদ্ধেশ্বরী প্রকল্পরে রূপায়িত করলে ঐ প্রকল্পের অধীন যে সমস্ত আদিবাসী এলাকা আছে সেসমস্ত এলাকায় সবুজ ফসল ফলবে। সেখানে এখন ধানের চাষ হয় না, তা হবার সুযোগ সৃষ্টি হবে। বার বার সিদ্ধেশ্বরী প্রকল্প নজরে আনা সত্ত্বেও আপনি আপনার বাজেট বিবৃতির মধ্যে সিদ্ধেশ্বরী প্রকল্প সম্পর্কে একটা কথাও উচ্চারণ করেন নি। এস্টিমেটস কমিটির সঙ্গে আমরা ওখানে দেখতে গিয়েছিলাম। সেখানে যে অবস্থা আমরা দেখে এসেছিলাম তারপর সেখানে কাজের কি অগ্রগতি হয়েছে তা আমরা জানি না। দয়া করে আপনি যদি জানান

তাহলে খুব ভাল হয়। কারণ এই সিদ্ধেশ্বরী প্রকল্পের জল না পেলে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র রূপায়িত হবে না।

[3-10 – 3-20 p.m.]

দ্বিতীয় কথা হচ্ছে, তিস্তার কথা বিরোধীদলের সদস্যরা তুললেন। আমরা, এস্টিমেটস কমিটি তিস্তা প্রকল্প দেখতে গিয়েছিলাম এবং আমাদের রেকমেন্ডেশনও ছিল এটা জাতীয় প্রোজেক্ট হিসাবে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে সমস্ত দায়-দায়িত্ব নিতে হবে। কারণ দিনের পর দিন বাজারে টাকার অঙ্ক বেড়ে যাচ্ছে। উত্তরবঙ্গে যদি প্রকৃত ডেভেলপমেন্ট করতে হয় তাহলে এটা কেন্দ্রীয় সরকারকে এর দায়-দায়িত্ব নিতে হবে। একা রাজ্যসরকারের পক্ষে এত বড় দায়-দায়িত্ব নিয়ে কাজ করতে স্বাভাবিকভাবেই অনেক দেরি হয়ে যাবে। আপনারা কমিটি করেছেন এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি বলে সেই সম্পর্কে বিচার-বিবেচনা করুন। দার্জিলিং-এর করোনেশন ব্রিজের কাছে ৬০০ মেগাওয়াটের একটি জল বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার জন্য সেখানে বাঁধ দেবার সিদ্ধান্ত নিয়েছেন। এটা দীর্ঘদিনের প্রকল্প। কিন্তু আপনার দপ্তর এই বাঁধ নির্মাণ করার জন্য যে প্রারম্ভিক কাজ সেগুলি কি সম্পন্ন করেছেন? যেমন, ডায়মন্ড ড্রিলিং করে ভিতরে কি রকম পাথর আছে, সেই পাথর টিকবে, কি টিকবে না এ সম্বন্ধে জে. এস. আইয়ের কোনও রিপোর্ট এসেছে কি ? কিম্বা আপনাদের দপ্তরে এ সম্বন্ধে কি কোনও পরিসংখ্যান আছে? যদি এই প্রারম্ভিক কাজ হয়ে থাকে তাহলে ভাল হয়। কারণ গ্রাভিটির নিচে কি কোয়ালিটির পাথর আছে সেটা আপনারা জানতে পারবেন। তদন্ত না করে আপনারা ড্যাম তৈরি করতে পারবেন না। আমি ভাখরা-নাঙ্গাল দেখেছি, নায়ার প্রোজেক্ট দেখেছি। কোচবিহারে যে সমস্ত জায়গায় ভাঙ্গন হয়েছে সেগুলি রোধের জন্য কিম্বা রিপেয়ার করার জন্য বোল্ডার দরকার হয়। সেই বোল্ডার পাওয়ার ক্ষেত্রে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার বন ও পরিবেশ দপ্তর বন্ধ করে দিয়েছিল। সেই সমস্যার কি সমাধান হয়ে গেছে? যদি না হয় তাহলে ভূমি ক্ষয় হবে, অনেক বাঁধ ভেঙে যাবে। মাঝারি সেচ প্রকল্পের ক্ষেত্রে শুধু পুরুলিয়া এবং বাঁকুড়ার কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বোলপুরে গিয়েছিলেন, সেই সভায় আমাদের বলেছিলেন ল্যাটারাল জোন হিসাবে বীরভূম, বাঁকুড়া এবং পুরুলিয়া এই ৩টি জেলাকে অগ্রাধিকার দেব। যে সমস্ত মাঝারি সেচ প্রকল্প আছে বীরভূমের পশ্চিমপ্রান্তে বিহার সংলগ্ন এলাকা, সেখানে সমস্ত গ্রাম আছে — সেইসব জায়গার জন্য কোন কথা বাজেট বিবৃতিতে লেখেন নি। আমরা জানি, মুরারই, নলহাটি, রামপুরহাট, মহম্মদবাজার, রাজনগর, খয়রাশোল প্রভৃতি পশ্চিমদিকের অঞ্চল সমস্ত পাথরে অঞ্চল। এখানে যে সমস্ত ছোট-ছোট নদী আছে সেখানে ওয়ার বাঁধ করার ব্যবস্থা করুন। এটা করলে অনেক সেচের সম্ভাবনা থাকে এবং চাষীরা উৎপাদন করতে পারে। আপনি বন্যানিয়ন্ত্রণের কথা বলেছেন। সত্যিই মুর্শিদাবাদ জেলায় বন্যা-নিয়ন্ত্রণের কাজ করেছেন। কিন্তু আমি বীরভূম জেলার জন্য ৮/১০ বছর ধরে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। ব্রাহ্মণী নদীর উপর যে বাঁধটি আছে সেই বাঁধটি বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়ার ফলে চাষীদের

প্রচুর ফসল নষ্ট হয়ে যায়। যার জন্য এস্টিমেটস কমিটি ইরিগেশনের ব্যাপারে বাউটিয়া অঞ্চলের কানিশাল গ্রাম হতে কয়থা গ্রাম পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চলের যে বাঁধ ভেঙে যায় সেটা রিপেয়ার করার কথা বলেছিল। কিন্তু ১০ বছর হয়ে গেল এজন্য একটি পয়সাও খরচ করা হয়নি। ঐ এলাকায় সিল্ক প্রোজেক্টের জন্য কলু পোকার চাষ হয়। ক্ষুদ্র শিল্প দপ্তর যার থেকে ফরেন কারেন্সি পায়। সেই সমস্ত এলাকার চাষীরা ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। আপনি এই ব্যাপারে যদি অনুগ্রহ করে দৃষ্টি দেন তাহলে খুব ভাল হয়।

পরিশেষে ক্যানেলের ব্যাপারটি দেখুন। আপনি নতুন নতুন প্রোজেক্ট করছেন কিন্তু যে সমস্ত ক্যানেলগুলি আছে সেগুলির কি দূরবস্থা, জল পৌঁছায় না। শেষ প্রান্তে জল পৌঁছায় না। কারণ ক্যানেলগুলি সিলটেড হয়ে গেছে, আগে দেখতাম টেন্ডার করে মাটি তুলে দেওয়ার ফলে লেবেল ঠিক থাকত, এখন হচ্ছে কি, সিলটেড হওয়ার পরে সেই সমস্ত ক্যানেল ভেঙ্গে যাচ্ছে। চাষীরা বাঁধ কেটে জল নিয়ে যাচ্ছে এবং তার জন্য এক একটা ক্যানেল খুবই ক্ষতিগ্রস্থ হচ্ছে। যে সমস্ত হিউস পাইপ ক্যানেলে জল নিয়ে যায় সেই সমস্ত হিউস পাইপগুলি দীর্ঘদিন ধরে জরাজীর্ণ হয়ে ভেঙ্গে আছে, এবং একেবারে বন্ধ হয়ে গেছে, চাষীরা বাধ্য হয়ে প্রয়োজনের জন্য ক্যানেল কেটে জল নিয়ে যায়, নষ্ট করে, আপনার ডিপার্টমেন্টে তো বহু লোক আছেন, আপনার বরাদ্দের বার আনা অংশ তো কর্মচারিদের বেতন দিতে চলে যাচ্ছে, কিন্তু তাঁরা কি করেন? তাঁরা কি আপনাকে কোন রিপোর্টই দেন না? আমি এই বিষয়টা আপনার গোচরে আনতে চাই। তারপর দ্বিতীয় কথা হল, আপনার এক একটা ক্যানেল — আশ্চর্য্যের কথা — যেমন ধরুন কলিমগুর ব্লক ওয়ানে ৬/৭টি ক্যানেলের সমস্ত জিনিস ভেঙ্গে পড়ে আছে সেখানে একটা লোক নেই যে খবর নিয়ে রিপোর্ট করে। আপনি অন্তত পক্ষে স্থানীয় যাঁরা আছেন রেগুলার না হলেও বছরে একটা দুটো মিটিং করলে আমরা যারা আছি এই সব অসুবিধার কথা আপনাকে জানাতে পারি। টবধরা ক্যানেলে রবি ফসলের জন্য চাষীদের জল দেওয়া হয় এক তরফে, লেফট ব্যাঙ্কের চাষীরা জল পায় এবং বোরোর চাষ করে, অপর দিকে দক্ষিণ দিকে যারা আছে তারা বোরো ধানের চাষ করতে পারে না। আমার প্রস্তাব এক বছর বাম তরফে দিন, আবার দক্ষিণ চাষীদেরও এক এক বার দিন, এ'দিকের চাষীদের মনে এই নিয়ে একটা অসন্তোষ দানা বেঁধে আছে। মাননীয় ক্ষুদ্র মন্ত্রীকে বলছি, আর. এল. আই.-এর ক্ষেত্রে, আর. এল. আই করার জন্য হিংলো ব্যারেজ তৈরি হয়েছিল এবং তা তৈরির জন্য ঐ এলাকার মানুষেরা জমি দিয়েছিল, আজকে খয়রাশোল এলাকায় ২/৩টির বেশি আর. এল. আই. করেন নি, আমি অনুরোধ করছি আপনি ঐ অঞ্চলে ১০/১২টি আর. এল. আই. যদি একটি ব্লকে করতে পারেন তাহলে সম্পূর্ণভাবে কাজ হতে পারে। লক্ষ্মীকান্তপুর বলে একটা গ্রাম আছে, তৎকালীন মাননীয় মন্ত্রী ননীবাবুকে বলেছিলাম, ওনার অফিশাররা বললেন যে ব্রাহ্মণীর জল দেওয়া যাবে না, কি টেকনিক্যাল পয়েন্ট আছে জানিনা, বললেন জল দেওয়া যাবে না। আমি এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী

মহাশয়কে প্রথমেই বলেছি যে যতক্ষণ না উনি এই আর. এল. আই.-এর রিপেয়ারের জন্য ওয়ার্কশপ না করবেন, বিভিন্ন জেলাতে আপনার এটা সাকসেসফুল হবে না। আমরা বিভিন্ন প্রভিন্সে দেখেছি তাদের প্রতি সাবডিভিসনে ওয়ার্কশপ আছে, আপনার একটা নাট খারাপ হয়ে গেলে কলকাতায় ছুটে আসতে হয়। একটা ৫ টাকার নাটের জন্য, অথচ সেটা একটা লেদে করা যায়। আপনি প্রতি জেলাতে একটা করে ওয়ার্কশপ করুন। আমাদের জেলায় এম. আই. সি.-র ডিভিসনাল অফিশ নেই। আমরা মাইসর ইরিগেশন ডিপার্টমেন্টকে বার বার বলেছি, আমাদের বীরভূম জেলাতে দীর্ঘদিন ধরে ইলামবাজারে বোরিং পাম্পের জন্য ৩/৪ লক্ষ টাকা ব্যয় হল ১২ বছরে তা বসল না কেন? টিউবওয়েলগুলি বেকার পড়ে আছে, আমি ৬ মাস বা এক বছরের কথা বলতে পারব না তার আগে দেখেছি বহুবার এই রকম সরকারি টাকা অপব্যয় হয়েছে।

তারপরে আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বীরভূমের এম. এল. এ., আপনি বলেছিলেন যে ময়ূরাক্ষী কম্যান্ড এরিয়ায় জল দেবেন, কিন্তু আমরা সেখানে কোন জল দেখছি না। অথচ চাষীদের প্রতি বছর ট্যাক্স দিতে হচ্ছে এবং এই বিষয়ে আমাদের সমালোচনার সম্মুখীন হতে হচ্ছে। নলহাটী সাবডিভিসনে যে সমস্ত গ্রাম আছে সেই সব অঞ্চলে গ্রামের পর গ্রাম তারা জল পায় না, কিন্তু প্রতি বছর তাদের ট্যাক্স দিতে হয়। এই রকম অবিচার করা অন্যায়। আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পূর্বেও ননীবাবুকে বলেছিলাম কিন্তু এই বিষয়ে অফিশাররা দৃষ্টিপাত করেন নি। যারা জল পায়না তারা কেন ট্যাক্স দেবে? তাদের জল দিয়ে ট্যাক্স নিন। এই রকম বহু মৌজা আছে যেখানে জল পায়না অথচ তাদের ট্যাক্স দিতে হয়। এই অবিচার করা উচিত নয়। আমি ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়কে বলব, আপনার যে ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট ডিপার্টমেন্ট আছে সেখানে কোনও কাজ হচ্ছে না। আমার জেলায় হাজার হাজার টাকা মাসে মাসে দেওয়া হচ্ছে কিন্তু কোনও কাজ নেই। সুতরাং এই ডিপার্টমেন্টকে আপনি কাজে লাগান। আমরা জেলা পরিষদে রেজিলিউশন করেছিলাম যে এগুলি জেলা পরিষদের হাতে দিয়ে দিন তাহলে আর. এল. আই.-তে সেচের কাজ হবে। এই ডিপার্টমেন্টের লোকেদের শুধু বসে বসে মাইনা দিতে হচ্ছে। আমি আপনাকে অনুরোধ করব যে আপনি এই ডিপার্টমেন্ট সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা নিন। আর একটা কথা এখানে বলব। আট দশ বছর আগে বাঁকুড়া-পুরুলিয়ায় যে এরিয়া সার্ভে হয়েছিল, এই সার্ভে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া করেছিল। এক্ষেত্রে কি ভাবে সেচ করা যায় সেই সম্পর্কে আপনার জানা থাকলে আমাদের বলবেন। পরিশেষে একথা বলব যে ম্যাসাঞ্জোর ড্যামে পুজোর সময়ে কোন কর্মচারী থাকে না, খোদার নামে ছেড়ে দেওয়া হয়। জল উপরে উঠে গেলেও সেটা দেখার জন্য কোনও লোক থাকেনা। এই রকম অবস্থার ফলে তীলপাড়া ব্যারেজের নর্থ ব্যাঙ্ক ক্যানেল ভেঙ্গে একটা বিপজ্জনক অবস্থার সৃষ্টি হয়েছিল। এই ঘটনার পর থেকে দেখা যাচ্ছে তারা পুজোর আগে জল ছেড়ে দিয়ে চলে যাচ্ছে। তার ফলে বৃষ্টি না হলে ড্যামে জল থাকছে না। কাজেই পুজোর সময়ে কিছু

ষ্টাফ যাতে ওখানে থাকে তার জন্য ব্যবস্থা নেওয়া দরকার এবং সঙ্গে সঙ্গে ময়ূরাক্ষী, তিলপাড়া ব্যারেজে যাতে জল থাকে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক ভৌমিক :** মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে ক্ষুদ্র সেচ এবং বৃহৎ সেচ দপ্তরের যে ব্যয়-বরাদ্দ মন্ত্রী মহোদয়গণ পেশ করেছেন, আমি এটাকে সমর্থন করতে পারছিনা। সেই সঙ্গে সঙ্গে আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন এসেছে সেগুলিকে সমর্থন করে কয়েকটি কথা এখানে বলছি। বামফ্রন্ট সরকারের সেচ দপ্তর পশ্চিবঙ্গে দুটো মারাত্মক কথা এস্ট্যাব্লিশড করার চেষ্টা করেছেন। সেই কথাটা হচ্ছে, খরা, বন্যা, ত্রাণ, বামফ্রন্ট সরকারের পরিত্রাণ। এই দপ্তর হচ্ছে তার ধারক এবং বাহক। এই দপ্তর আপনি পরিচালনা করছেন। সেই সূত্রে এই দুটি ঠিকাদারী নিয়ে পশ্চিমবঙ্গকে কোথায় নিয়ে গেছেন সেটা আমাদের ভাবতে কষ্ট হয়। আমি দুটা নির্দিষ্ট কথা এখানে বলব। গত মরশুমে আমার এলাকায় ৮ হাজার ১৫০ হেক্টর জমিতে বোরো চাষ নষ্ট হয়েছে, একথা আমি বলেছিলাম। এই বিষয়ে মন্ত্রী মহাশয়কে একটা বিবৃতি দেবার জন্য ২রা মার্চ একটা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম। ১৫ই মার্চ তিনি এই হাউসে সেই বিবৃতি দেন, তার কপি আমার কাছে আছে। মন্ত্রী মহাশয়ের বক্তব্য ছিল, এই মুহূর্তে ময়নায় ৭ হাজার একর ফুট জল কংসাবতী ব্যারেজ থেকে দেওয়া যেতে পারে এবং এই বিষয়ে মেদিনীপুরের জেলাপরিষদের কৃষি এবং সেচ উপ-সমিতিও অনুমোদন করে। কিন্তু মন্ত্রী মহাশয় কি জানেন যে সি. পি. এম. তাদের রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য এই জল দেয়নি এবং তার ফলে ময়নায় এই বোরা চাষ নষ্ট হয়েছে? আপনি মন্ত্রী হয়েও এই ব্যাপারে অসহায় আপনার কিছু করার নেই।

আজকে শরিক দলের মন্ত্রীদের দেখে খুব কষ্ট হয়। আমরা অনেক উদ্বাস্তুর কথা জানি, বামফ্রন্ট সরকারের শরিক দলের মন্ত্রীরা কি ধরনের উদ্বাস্তু, কি ধরনের পেনশন ভোগী সেটা ইতিহাস ঠিক করবে। আপনার দপ্তরে এখন বালক ব্রহ্মচারীর নিরবিকল্প সমাধি হয়েছে। ময়না বেসিন ড্রেনেজ প্রকল্প গঙ্গা ফ্লাড কমিটি এবং সেই সঙ্গে সঙ্গে ন্যাশনাল প্ল্যানিং কমিশন ১৯৮২ সালে অনুমোদন করে, ১৯৮৪ সালে কাজটা শুরু করেছিল। কিন্তু আজ পর্যন্ত কতখানি অংশের কাজ করা হয়েছে? জিরো ফিট থেকে ৪০০০ ফিট এখনও আনকাট অবস্থায় পড়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় খোঁজ নিয়ে দেখবেন, আপনার দপ্তরের এত সুনামধন্য অফিশার আছেন, ঠিকাদাররা কাজ না করে অলরেডি বিল নিয়ে নিয়েছে। লজ্জা করে ঘৃণা করে। এই প্রকল্প ১৯৮৪ সালে শুরু হয়েছিল, এখনও শেষ হয় নি। ময়না হচ্ছে রিভার লগ্‌ড এরিয়া, বন্যা এরিয়া। ময়নার চারিদিকে নদী। ময়নার উত্তর দিকে খিরাইবাক্সী, দক্ষিণে কেলেঘাই, পূর্বে কংসাবতী এবং পশ্চিমে চন্ডিয়া। নদীর মালা দিয়ে ঘেরা ময়না। ময়নার রিভার ব্রেড গুলি উঁচু হয়ে গিয়েছে, ময়না একটা বেসিনে পরিণত হয়েছে। ময়নার মানুষের চোখের জল বার করবার জন্য ময়না বেসিন ড্রেনেজ প্রকল্প। এখানে জিরো থেকে ৪০০০ ফুট আনকাট অবস্থায় আছে, আপনাদের দপ্তরের কর্মচারিদের

সহযোগিতায় অলরেডি বিল পেমেন্ট হয়ে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, আমি নির্বাচিত হওয়ার পর এই এলাকায় কেন কাজ বন্ধ হয়ে আছে সেটা নিয়ে অফিশারদের নিয়ে আলোচনা করি। ১৯৯২ সালের ৫ই ফেব্রুয়ারি সি. পি. এম পরিচালিত পঞ্চায়েত সমিতির সভাপতির, লোক্যাল বি. ডি. ও. অল পার্টি ডেলিগেশন এবং সেচ দপ্তরের অফিশারদের নিয়ে স্পট ভিজিট করি এবং দেখে আমরা একটা ইউনানিমাস রেজলিউশন করতে পেরেছি। এই বছর ওয়ার্ক অর্ডার হয়েছিল, টেন্ডার হয়েছিল, পিংলা থানার জনৈক ঠিকাদার বিরাজ দাস ঠিকা নিয়ে কাজ করল না। এই ব্যাপারে আপনার কোনও জবাব নেই, আপনি এর উত্তর দেবেন। বালক ব্রহ্মচারীর মতো নিরবিকল্পে সমাধি হয়েছে আপনার দপ্তরের সেটা আপনি উপলব্ধি করতে পারছেন, আমার মনে হয় আমার সঙ্গে আপনি একমত হবেন। ময়না বেসিন ড্রেনেজ প্রকল্পের শেষ প্রান্তে যে লক গেট আছে সেখানে আপনি খোঁজ নিয়ে দেখুন এটা তৈরি হওয়ার সাথে সাথে অপারেট হচ্ছে না, একসেস ওয়াটার লগিং বার করার জন্য যে লক গেট সেটা মুভ করানো যাচ্ছে না। আউটার চ্যানেলের ১৭০০ ফিট-এর মধ্যে ১১০০ ফিট এখনও আনকাট অবস্থায় রয়েছে। ১৯৮৪ সালে কাজ শুরু হয়, এখানে যাদের জমি অধিগ্রহণ করা হয়েছিল তারা টাকা পাচ্ছে না, তাদের বঞ্চিত করা হচ্ছে। আজকে ময়না বেসিন ড্রেনেজ প্রকল্প আপনার বাজেট বক্তৃতায় স্থান পেয়েছে। লজ্জা হয় ঘৃণা হয় এটা কি ধরনের প্রহশন করছেন। গত হাউসে বোরো চাষের জন্য ময়নায় জল আনার কথা বলেছিলাম, এবারে ময়না বন্যায় ডুবে যাওয়ার উপক্রম হয়েছে। মূল প্রকল্পটির জন্য কেন্দ্রীয় সরকার টাকা বরাদ্দ করেছিল ১৯৮২ সালে। তখন যে প্রোজেক্ট কস্ট ছিল এখন ১৯৯০ সালে এসে সেই প্রোজেক্ট কস্ট কোথায় গিয়ে দাঁড়িয়েছে! আদৌ এই প্রকল্প কার্যকর হবে কি হবে না সেটা আপনি ভাল করে জানেন। আপনার দপ্তরে কি অবস্থা চলছে। আমার কনস্টিটিউয়েন্সিতে ডোবান্দি ইরিগেশন সেন্টার আছে, সেখানকার কর্মচারিরা বেতন নেওয়ার দিন আসে, বাদ-বাকি দিন আসে না। তমলুক মাস্টার প্ল্যান যেটা গত বছর শঙ্কর আড়া ক্যানাল রি-এসকাভেশন হল, এটা হয়েছিল আপটু কালিকাপুর। স্টার্টিং পয়েন্টে যে রূপনারায়ণ নদী আছে তার সংলগ্ন যে শংকর আড়া টাউন আছে সেখানে খনন কার্য হলো না, খালের মুখটা সরু হওয়ার ফলে সমস্ত প্রকল্প ড্যামেজ হয়ে যাচ্ছে।

[3-30 – 3-40 p.m.]

সেই সঙ্গে সঙ্গে আমি আপনার কাছে সাজেশন রাখছি যে কালিকাপুর পর্যন্ত রিএক্সকেভেশন হয়েছে। কিন্তু এটি তখনই সফল হবে, যেখানে দু'তিন কি.মি. দূরত্বে অবস্থিত দোবান্ডি পর্যন্ত, এটা পশ্চিবাংলার গর্ব যে পশ্চিবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি ছিলেন তাঁর নামে 'অজয় খাল'-এর নামকরণ করা হয়েছে, সেই খালের আপার বাঁধ পর্যন্ত করা হচ্ছে। এটা হলে ময়না যেমন মাঠের জল এনে দিতে পারবে, তেমনি একসেস জলকে ফেলে দিতে পারবে। ময়না এমনই একটি এলাকা যেটি সারা রাজ্যে একটি বন্যা প্রবণ এলাকা।

বন্যা ময়নার কৃষি অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করে দিয়েছে, এটা আপনি জানেন। ১৯৭৮ সালে এখানে যখন বন্যা হয়েছিল তখন আপনারা জানেন কেন্দ্রে প্রধানমন্ত্রী ছিলেন মোরারজী দেশাই, আপনাদেরই বন্ধু সরকার ছিলেন। আড়াই মাস পরে তিনি যখন পশ্চিমবাংলায় বন্যাঞ্চল পরিদর্শন করতে আসেন তখন ময়নাকে দেখিয়ে আপনাদের মুখরক্ষা করতে হয়েছে। ময়নাটা হচ্ছে একটা গামলার মতো, যেখানে তিন-চার মাস পর্যন্ত জল জমে থাকে, একেবারে পুকুরের মতো অবস্থা। আপনার ইরিগেশন দপ্তর কতবড় অপদার্থ তার একটা স্পেসিফিক উদাহরণ দিচ্ছি। নদীর বাঁধ কেটে জল ঢুকিয়েছিলেন সি. পি. এমের লোক্যাল নেতৃত্ব। সেই বাঁধটি এখনও বাঁধা হয়নি। যে কোন মুহূর্তে ময়নায় আবার তৃতীয়বারের জন্য বন্যা হতে পারে।

(ভয়েস ফ্রম আর. এস. পি. বেঞ্চ — ...... কেবল ময়নার কথা, এটা কি ময়নার বাজেট?)

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এখানে পেনশন নিতে আসিনি। ময়নার মানুষ আমাকে নির্বাচিত করেছে। আমি সেজন্য তাদের ব্যাথা বেদনার কথা এখানে জানাতে এসেছি। এখানে যারা চাকর বাকরের মত সি. পি. এমের দালালি করছে তাদের আর কি বলবো? আমি সেচ দপ্তরের জনস্বার্থ বিরোধী বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশনের সমর্থন করে আমারে বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী রবিন দেব :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে বিধানসভার প্রথম পর্বের সংবাদ আকাশবাণীর আড়াইটার বুলেটিনে শুনলাম। আমি পয়েন্ট অব ইনফর্মেশন আপনার কাছে রাখছি। এই সভার মাননীয় সদস্য নির্মল দাস কোন দলের প্রতিনিধিত্ব করেন তা আমরা সবাই জানি। আকাশবাণীর বুলেটিনে বললেন বি. জে. পি.-র সদস্য। আমাদের পশ্চিমবাংলা বিধানসভায় কোন বি. জে. বি.-র সদস্য নেই। আকাশবাণী, দূরদর্শন বি. জে. পি.-কে প্রচার দিতে এমন জায়গায় এসেছে যে, পশ্চিমবাংলা বিধানসভায় যিনি আর. এস. পি.-র সদস্য, তাঁকে বি. জে. পি.-র সদস্য বানাতে তারা কুণ্ঠা প্রকাশ করছে না। আমি এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ চাইছি। এটা বিধানসভার অপমান, এটা হাউসের প্রতি অবমাননা, এটি রাজ্যবাসীর অপমান। সেজন্য আমি আপনার হস্তক্ষেপ চাইছি।

**শ্রী নির্মল দাস :** এইমাত্র আমাদের মাননীয় সদস্য রবীন দেব আকাশবাণী এবং দূরদর্শনের যে ইনফর্মেশন দিলেন সেটা অত্যন্ত লজ্জাকর এবং দুর্ভাগ্যজনক। আমি গত ৩৫ বছর ধরে যে দলের সঙ্গে যুক্ত এবং যে দলের হয়ে বিধানসভায় প্রতিনিধিত্ব করছি, আমরা জানি পশ্চিমবাংলার বিধানসভায় বি. জে. পি.-র কোন প্রতিনিধি নেই। এখানে সংবাদপত্রেও যাঁরা প্রতিনিধিত্ব করেন তাঁরা এটা জানেন, ভারতবর্ষের মানুষও জানেন। আকাশবাণী থেকে

যদি এটা করা হয়ে থাকে — রবীনবাবু যখন বলছেন তখন নিশ্চয়ই এটা করা হয়েছে — আমি মনে করি, এতে আমার রাজনৈতিক ভাবমূর্তিকে কলঙ্কিত করার চেষ্টা করা হয়েছে। আমি এর প্রতিবাদ করছি। আমি আশা করছি আপনি দ্রুত এই ব্যাপারে হস্তক্ষেপ করবেন। এটা বিকৃত সংবাদ। এই সংবাদের কোন ভিত্তি নেই এবং অবিলম্বে এটি প্রত্যাহার করে সঠিক সংবাদ আকাশবাণী এবং দূরদর্শনকে প্রচার করতে বলা হোক। এক্ষেত্রে আপনার যে অধিকার এবং সভার যে অধিকার সেটা প্রয়োগ করে যথোপযুক্ত ব্যবস্থা নেবেন। সেইসঙ্গে এই অনুরোধ জানাচ্ছি যে আকাশবাণী এবং দূরদর্শনকে জানানো হোক যে তাদের এরজন্য দুঃখপ্রকাশ করতে হবে।

**শ্রী ননী কর ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি এর উপরে একটা মন্তব্য করুন। আকাশবাণী এবং দূরদর্শন জানে যে সেন্ট্রাল গভর্নমেন্ট অর্থাৎ কংগ্রেস সরকার এবং বি. জে. পি.-র মধ্যে একটা অতীত আছে এবং সেইভাবেই তারা সংবাদ প্রচার করেন। কিন্তু এক্ষেত্রে যা করল এর একটা ব্যবস্থা নেওয়া উচিত এবং আপনি চেয়ারে আছেন, আপনার অন্তত এই ব্যাপারে মন্তব্য করা দরকার যাতে আমরা বুঝতে পারি এবং হাউসের সম্মান রক্ষার্থে রেডিও এবং দূরদর্শনকে বলুন তাদের আপনার কাছে কপি পাঠাতে। এবং ফ্রম দি চেয়ার আপনি একটা মন্তব্য করুন।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের মাননীয় সদস্য ননী কর যা বললেন সেটা অস্বীকার করার উপায় নেই কারণ সি.পি.এম. এই নির্বাচনী মোকাবিলার মধ্যে দিয়ে বিজেপি-র হাত ধরে বৈতরণী পার হতে চেয়েছিলেন এবং সেই কারণে বিজেপিকে বিশেষ প্রাধান্য দিয়েছিলেন। এটা তো অস্বীকার করলে হবে না যে শহীদ মিনারে জ্যোতিবাবুর সঙ্গে অটলবিহারী বাজপেয়ীর ছবি আছে দুজনে দাঁড়িয়ে আছেন। কিভাবে কাজ করবেন তাদের সঙ্গে বলে ছক কেটেছিলেন এবং ১৯৭৯ সালে কংগ্রেসিদের হারাবার জন্য ওদের সঙ্গে হাত মিলিয়েছিলেন। ১৯৮৭ সালের কথাও ভুললে চলবে না। এখন আপনারা স্বীকার করুন যে ভুল করেছি সেই ভুল আর করব না এবং দরকার হলে কান ধরে কংগ্রেসের কাছে ক্ষমা চান যে আর ক্ষমতার জন্য এইভাবে ওদের সঙ্গে হাত মেলাব না। বিজেপি এবং সিপিএমের যে অতীত ছিল এটা সবারই জানা এবং এখানে বিজেপির বিরোধিতা করে কোনও লাভ নেই। আর কংগ্রেসকে দোষারোপ করার কোনও যুক্তি নেই।

**মিঃ চেয়ারম্যান ঃ** মাননীয় সদস্য ননী কর এই বিষয়ে একটি প্রিভিলেজ মোশন আনুন তখন বিষয়টি দেখব।

## DISCUSSION ON VOTING ON DEMAND FOR GRANTS

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সেচ বিভাগের মন্ত্রী মহোদয়গণ যথাক্রমে যে বৃহৎ সেচ, মাঝারি এবং ক্ষুদ্রসেচের এবং বন্যা নিয়ন্ত্রণের খাতে যে ব্যয়

বরাদ্দর দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট ভাষণে বলেছেন যে ১৯৯২-৯৩ সালে বৃহৎ সেচ প্রকল্প খাতে এবং অন্যান্য পরিকল্পনা খাতে ৯৯ কোটি টাকা অর্থ বরাদ্দ ছিল এবং তারমধ্যে সেচের খাতে ৫৮.৫০ কোটি টাকা এবং বন্যা নিয়ন্ত্রণে ৪০.৫০ কোটি টাকা বরাদ্দ ছিল। সেখানে ১৯৯৩-৯৪ সালে এই যোজনা খাতে টাকার পরিমাণ হচ্ছে ৯০ কোটি টাকা। এর মধ্যে সেচের খাতে ৬২ কোটি টাকা আর বন্যা নিয়ন্ত্রণ খাতে ২৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এখানে বিভিন্ন সদস্যরা বিভিন্ন জায়গার নদী ভাঙ্গনের কথা বলেছেন। বিভিন্ন জায়গায় নদীতে ভাঙ্গন ধরেছে। ওই ভাঙ্গনের ফলে বিপুল ক্ষতি হচ্ছে। সমস্ত নদীগর্ভে চলে যাচ্ছে এবং সড়ক ও রেলপথ এইসবের ক্ষতি হচ্ছে। সেগুলো মেরামতি এবং বাঁধ নির্মাণের জন্য বারেবারে এখান থেকে আমরা বলেছি।

[3-40 – 3-50 p.m.]

অথচ আমরা দেখতে পাচ্ছি যে বন্যা নিয়ন্ত্রণ খাতে আগেরবারে বাজেটে ৪০.৫০ কোটি টাকা ছিল, এবারে সেই টাকা ২৮ কোটিতে নেমে এসেছে। এই টাকায় কিভাবে মন্ত্রিমহাশয় বন্যা নিয়ন্ত্রণ সামাল দেবেন আমি ভেবে পাচ্ছি না। আমি আরও অবাক হয়ে পড়ছি যে বেশ ঘটা করে কেন্দ্রীয় মন্ত্রী যখন আমাদের রাজ্যে এলেন এবং বন্যায় যে সমস্ত ক্ষয়ক্ষতি বিভিন্ন জায়গায় হয়েছে, গঙ্গা, ভাগিরথী বিভিন্ন জায়গায় সেগুলো তিনি ঘুরে ঘুরে দেখলেন এবং একটা প্রোজেক্ট জমা দিতে বললেন। আমি যতদূর জানি রাজ্য সরকার সেই প্রোজেক্ট রিপোর্ট জমা দিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত আমরা শুনিনি কেন্দ্রীয় সরকার সেই বন্যা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য আর্থিক সহায়তা আমাদের রাজ্যকে দিয়েছেন। একদিকে আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত আশু কাজগুলি যদি সময় মত না করতে পারি তাহলে ভবিষ্যতে এর মাসুল আমাদের দিতে হবে। আমরা ভেবে পাচ্ছি না, এটা একটা প্রাইওরিটি সেক্টর, সেই সেক্টরকে কিভাবে কেন্দ্রীয় সরকার এত উদাসীনভাবে দেখেন, আমরা আজকে গর্ব করে বলছি খাদ্য শস্য উৎপাদনের কথা। শুধু আমাদের রাজ্যে নয়, গোটা দেশে এই খাদ্য শস্য উৎপাদনের জায়গায় আমরা অন্তত একটা স্টেবল পজিশনে আছি। ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্রে অনেক অসুবিধা আছে, অনেক জায়গায় আমরা পিছিয়ে পড়েছি, কিন্তু খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে আমরা অনেকটা উল্লেখযোগ্য জায়গায় আছি। নইলে আমাদের অবস্থা ঐ সোমালিয়ার মতো হত এবং দুর্ভিক্ষে পড়তে হত। সেই অবস্থায় গেলে আমাদের কোনও পরিকল্পনা হত না, শুধু দুর্ভিক্ষ মোকাবিলা করার জন্য এবং মৃতপ্রায় মানুষদের বাঁচাবার জন্যই আমাদের সমস্ত টাকা ব্যয় হয়ে যেত এবং আমাদের পরিকল্পনা বাঞ্চাল হয়ে যেত। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, কেন্দ্রীয় সরকারের যে দায়দায়িত্ব তা তারা পালন করছে না এবং বিশেষ করে আমাদের রাজ্যের ক্ষেত্রে তাদের যে মনোভাব আমরা দেখছি তাতে আমাদেরকে বঞ্চনার মধ্যে দিয়ে যেতে হচ্ছে। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন এই সেচ দপ্তরের যে সমস্ত প্রকল্পগুলো হাতে নেওয়া হয়েছে

বিভিন্ন পর্যায়ের, সেই প্রকল্পগুলিতে অনেক কোটি কোটি টাকা ব্যয়। দুশো, তিনশো, চারশো পাঁচশো কোটি ব্যয় এই সমস্ত বড় বড় প্রোজেক্টে। আর রাজ্য বাজেটে আমরা দেখতে পাচ্ছি পরিকল্পনা বাবদ ৯০ কোটি টাকা আছে। তাহলে কি করে সম্ভব হবে? রাজ্য সরকার সীমিত ক্ষমতার মধ্যে এই সমস্ত বড় বড় প্রকল্প হাতে নিতে পারছে না। জোড়াতালি দিতেই রাজ্য সরকারের টাকা সব শেষ হয়ে যাচ্ছে। সেই সমস্ত প্রকল্পগুলো গ্রহণ করার কথা আমরা ভাবতে পারছি না। কংসাবতী জলাধার প্রকল্পের আধুনিকীকরণের কথা আমরা শুনে আসছি বেশ কয়েক বছর ধরে। মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতায় কিছু কথা আমরা বুঝে উঠতে পারছি না। তিনি বাজেট বক্তৃতায় লিখেছেন — বিশ্বব্যাঙ্ক ও তার উপদেষ্টামন্ডলীর সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ দপ্তরের বেশ কয়েকটি বৈঠকের পর ১৯৯২ সালের জুলাই মাসে বিশ্বব্যাঙ্ক তফসিলি জাতি/উপজাতি অধ্যুষিত খরাপ্রবণ অঞ্চলে যে তিনটি সঞ্চায়ক জলাধারের প্রস্তাব আনা হয়েছিল সেগুলোর বাস্তবায়নে অনীহা প্রকাশ করে। পরবর্তীকালে পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে যে অধিবেশন হয়, তাতে অন্যান্য আলোচনার সঙ্গে ঐ তিনটি সঞ্চায়ক জলাধারের বিষয়টি খারিজ করার সিদ্ধান্ত নেওয়া হয়। কাঠখড় পুড়িয়ে প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে দিল্লিতে পাঠানো হল তারপর সেটা কয়েক বছর ফেলে রেখে বা বিবেচনা করার নাম করে তা খারিজ করে দেওয়া হল। বাঁকুড়া জেলার কথা আপনারা সবাই জানেন। বিশেষ করে বাঁকুড়া সাবডিভিসন একটা খরা প্রবণ এলাকা। আজকে বিংশ শতাব্দির শেষ প্রান্তে দাঁড়িয়েও সেখানকার কৃষকরা চাষের জন্য আকাশের দিকে তাকিয়ে থাকেন। ঐ কংসাবতী প্রকল্পের আধুনিকীকরণের কাজটা হলে বাঁকুড়া জেলার বেশ কিছু অংশ সেচের আওতায় আসবে যদিও তার বৃহৎ অংশটা মেদিনীপুর জেলা পাবে। এটা রূপায়িত হলে একদিকে মেদিনীপুর জেলা বন্যার কবল থেকে বাঁচবে তেমনি বাঁকুড়ায় চাষের প্রভূত উন্নতি হবে। তারপর বাঁকুড়ার দ্বারোকেশ্বর-গন্ধেশ্বরী রিভার প্রোজেক্ট আমরা শুনেছিলাম ৮-ম পরিকল্পনায় স্থান পাবে কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে ৮-ম পরিকল্পনায় দ্বারোকেশ্বর-গন্ধেশ্বরী রিভার প্রকল্প স্থান পেল না। সেখানকার ৮/১০টা ব্লক খরা প্রবন এলাকা বলে চিহ্নিত। সেখানকার কোন জমি সেচের আওতায় নেই। সেখানকার কৃষিকাজ পুরোপুরি আকাশের উপর নির্ভরশীল। যদি বৃষ্টি হয় তাহলে চাষীরা মাঠে যায়, ফসল তৈরি করে আবার মাঝখানে বৃষ্টি না হলে কাঁদতে কাঁদতে মাঠ থেকে ফিরে আসে। এই অবস্থায় আমরা আশা করেছিলাম দ্বারোকেশ্বর-গন্ধেশ্বরী নদী প্রকল্পের কাজ শেষ হবে এবং তা সেখানকার মানুষের রুটি রুজির ক্ষেত্রে কিছুটা সুরাহা হবে। কিন্তু এখন দেখছি সেটাও বিশ বাঁও জলের তলায় চলে গিয়েছে। আমরা বুঝতে পারছি না যে এর কাজ কবে হবে। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখছি যে এই সমস্ত বৃহৎ সেচ প্রকল্পের অভাবে যেসব ক্ষুদ্র সেচ প্রকল্প এই সমস্ত এলাকায় আছে — ছোট নদীবাঁধ, আর. এল. আই. স্যালো বা ডিপ টিউবওয়েল প্রকল্প সেগুলিও ঠিকমতন কার্যকর হচ্ছে না। মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়ের প্রচেষ্টার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি একটা গ্রাউন্ড ওয়াটার সার্ভে করিয়েছেন এবং পশ্চিমবঙ্গের সমস্ত ব্লকে কয়েকটা ভাগে

ভাগ করেছেন — সাদা, কালো, ধুসর ইত্যাদি রং-এর। সেখানে তিনি যেসব এলাকায় ডিপ টিউবওয়েল বা টিউবওয়েল করা সম্ভব সেটা চিহ্নিত করেছেন। আমি তাঁকে বলব, এইরকম যান্ত্রিকভাবে চললে হবে না। কারণ দেখেছি যে ঐ এলাকায় নদীতে বছরের বেশীর ভাগ সময় জল থাকে না। হয়ত ৪/৬ মাস জল থাকে, বাকি সময় থাকে না। এ ক্ষেত্রে তাদের আর. এল. আই. করার জন্য একটা নির্দিষ্ট স্পেসিফিকেশন থাকে যে একটা নির্দিষ্ট সময় নদীতে জলের ফ্লো থাকতে হবে ইত্যাদি। সেটা না থাকার জন্য বেশীরভাগ জায়গাতেই এটা হচ্ছে না এবং হলেও তা কার্যকর হচ্ছে না। ফলে যে পরিমাণ রিটার্ন সেই সমস্ত সেচ প্রকল্প থেকে আসার কথা বাস্তবে তার অর্ধেক কেন এক চতুর্থাংশও আসা সম্ভব হচ্ছে না। তাই আমার প্রস্তাব একই সাথে সেখানে নদী বাঁধ এবং আর. এল. আই. করা দরকার। তা না হলে সেটা কোনওদিন ভ্যায়াবল হবে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি বলব, চিরাচরিত যে পদ্ধতি আছে তার বাইরে গিয়েও যাতে এই আর. এল. আই. এবং নদী বাঁধ একসঙ্গে করা যায় সে দিকে দৃষ্টি দিন। আপনারা জানেন যে বাঁকুড়াজেলাতে কয়েকটি এলাকা আছে বা ব্লক আছে যেখানে একটাও স্যালো বা ডিপ টিউবওয়েল নেই। আমার ছাতনা এমন একটা ব্লক যেখানে একটাও স্যালো বা ডিপ টিউবওয়েল নেই।

[3-50 – 4-00 p.m.]

সেই সমস্ত ব্লকে কী প্রকল্প নেওয়া যাবে এর জন্য একটা সমীক্ষা করার দরকার আছে। গ্রাউন্ড ওয়াটার তাকে কীভাবে চাষের কাজে লাগাতে পারা যায় সেটা ভেবে দেখার দিন এসেছে যাতে করে অদৃষ্টের উপর না নির্ভর করে থেকে গরিব মানুষরা যাতে মিনিমাম গ্যারান্টি পেতে পারে চাষাবাসের ক্ষেত্রে সেটার দিকে মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে হবে। সেই সঙ্গে অনুরোধ জানাব, বাঁকুড়া জেলার একটা গর্ব, কয়েক বছর আগে পর্যন্ত বাঁকুড়া জেলায় বোরো চাষ হবে এটা চিন্তা করতে পারতাম না, আজ আমরা গর্বের সঙ্গে লক্ষ্য করছি বাঁকুড়া জেলার একটা বিরাট অংশ বোরো চাষের মানচিত্রে স্থান পেয়েছে, সেই স্থান করে দিয়েছে এবং বিভিন্ন জায়গায় আলু চাষও হচ্ছে। আপনারা জানেন বাঁকুড়ার শতকরা ৪০ ভাগ মানুষ যাদের কোন চাষের জমি নেই, যাদের পার্শ্ববর্তী জেলাতে যেতে হয় কাজের সন্ধানে, খাবারের সন্ধানে। চাষ যখন নেই, সেখানে তারা অন্যান্য সময়ে পার্শ্ববর্তী জেলায় চলে যায় তাদের কাজের জন্য। সুতরাং ঐ বাঁকুড়া জেলাতেই যাতে তারা কাজ পেতে পারে তার জন্য সেচ ব্যবস্থা সম্প্রসারিত হওয়া দরকার। তা ন হ্লে তাদের যাযাবর বৃত্তি করে তাদের বাঁচতে হবে। তাই এই ব্যাপারে সর্বাধিক গুরুত্ব আরোপ করে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করুন এবং কেন্দ্রীয় সরকারের টনক নড়াবার জন্য আরও বেশি করে ব্যবস্থা গ্রহণ করুন। এই ব্যাপারে আমি প্রস্তাব করছি একটা সর্বদলীয় টিম নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানানোর জন্য যাওয়া হোক যাতে বকেয়া প্রকল্পগুলো চালু করা যায়। এই প্রস্তাব রেখে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সেচ মন্ত্রীত্রয়, তাঁরা যে বাজেট পেশ করেছেন, এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার দলের পক্ষ থেকে যে কাটমোশনগুলো আছে, সেইগুলোর সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমত এটা খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে প্রকৃতিক সম্পদ, জল সম্পদের এত প্রাচুর্য্য থাকা সত্ত্বেও আজকে পশ্চিমবঙ্গের মানুষকে খরা এবং বন্যার প্রভাব থেকে মুক্ত করা যায়নি, এটা আমরা অতীতে কংগ্রেসি শাসনেও লক্ষ্য করেছি, এই অভিজ্ঞতা পশ্চিমবঙ্গের মানুষের আছে এবং গত ১৬ বছরের বামফ্রন্টের রাজত্বেও তার কোনও ব্যতিক্রম নেই। এখানে সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গি থেকে বোঝা যায় তারা সেচ এবং জল নিকাশি ব্যবস্থায় যথাযোগ্য গুরুত্ব দেননি এবং প্রাকৃতিক সম্পদ এর প্রাচুর্য থাকা সত্ত্বেও আজকে খরা এবং বন্যা থেকে মানুষ মুক্ত হচ্ছে না। মন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন হিমালয় থেকে আরম্ভ করে গাঙ্গেয় উপত্যকায় যে বৃষ্টিপাত তাতে পর্যাপ্ত পরিমাণে ফসল ফলতে পারে তা ছাড়া চাষের জন্য সার্ফেস এয়াটার এবং আন্ডার গ্রাউন্ড ওয়াটার তো আছেই। এই জল সম্পদ চাষীদের কাছে পৌঁছে দেবার জন্য যে বৃহত এবং ক্ষুদ্র সেচ প্রকল্প নেওয়া দরকার, সেখানে সরকারের যথাযথ উদ্যোগের অভাবই এই সমস্যার সৃষ্টি করছে। প্রথমত এই যে বাজেট, এই বাজেটে আমরা দেখতে পাচ্ছি যে ৯২-৯৩ সালে ৯৯ কোটি টাকা যেখানে সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য যোজনা খাতে বরাদ্দ ছিল, সেটা কমিয়ে ৯০ কোটি টাকা করা হয়েছে। ফলে বাজেট বরাদ্দ খুবই কম। বাস্তবে গত ১৬ বছরের মধ্যে পশ্চিম বাংলায় সেচে ক্ষেত্রে, সেচের উন্নয়নের ক্ষেত্রে, নিকাশি ব্যবস্থার ক্ষেত্রে, নিকাশি ব্যবস্থার উন্নয়নের ক্ষেত্রে মৌলিক কোনও পরিবর্তন হয় নি। এক মাত্র উল্লেখযোগ্য হচ্ছে তিস্তা প্রকল্প। তিস্তা বাঁধ প্রকল্প উত্তর বঙ্গে পাঁচটি জেলার পক্ষে খুবই গুরুত্বপূর্ণ এবং এই গুরুত্ব উপলব্ধি করে কেন্দ্রীয় সাহায্যের জন্য এখান থেকে সর্বদলীয় কমিটি করে আমরা দিল্লিতে গিয়েছিলাম। সুতরাং আমি তিস্তা বাঁধ প্রকল্পকে ছোট করে দেখছি না। কিন্তু গত ১৬ বছর ধরে একটা টোটাল ব্যালান্স অ্যাপ্রোচ টু দি প্রবলেম একটা কমপ্রিহেনসিভ আউট লুক নিয়ে — গোটা পশ্চিমবাংলার সেচ সমস্যা, জল নিকাশি সমস্যা সমর্কে একটা সামগ্রিক দৃষ্টভঙ্গি নিয়ে, ব্যালান্স অ্যাপ্রোচ এবং অ্যাভেলেবেল্ ফান্ডের ইক্যুইটেবল্ ডিস্ট্রিবিউশনের আউট লুক থেকে সেচ দপ্তরকে পরিচালনা করা হয় নি। তাই আমরা দেখছি তিস্তা প্রকল্পসহ বিভিন্ন সেচের কাজ, বন্যা নিয়ন্ত্রণের কাজ, নিকাশি ব্যবস্থার কাজ সামগ্রিকভাবে মার খাচ্ছে। আজকে তিস্তা ব্যারেজ প্রকল্প ছাড়া বাকি সব প্রকল্পই নেগলেকটেড। আমরা জানি সুন্দরবন অঞ্চলে ২০ লক্ষ মানুষ বসবাস করেন। গতকালই এই হাউসে কথা উঠেছে — সাড়ে তিন হাজার কিলো মিটারের নদী বাঁধ হচ্ছে সুন্দরবনের লাইফ লাইন। তার ওপর গোটা সুন্দরবন এলাকার ২০ লক্ষ মানুষের জীবন জীবিকার সম্পূর্ণভাবে নির্ভর করছে। সামান্য ঝড় বৃষ্টিতেই সেই বাঁধের ক্ষতি হয়ে যায়, তা এমনই ক্ষণভঙ্গুর। এই বাঁধগুলিতে ওয়াচ ডগের মতো কনস্ট্যান্ট ভিজিলেন্স ফ্রম দি ইরিগেশন ডিপার্টমেন্ট যদি না থাকে তাহলে যে কোন মুহূর্তে এই নদী বাঁধগুলি ভেঙ্গে নোনা জল হাজার হাজার বিঘা জমির চাষ নষ্ট করে দেবে,

হাজার হাজার মানুষের জীবন এবং সম্পত্তি নষ্ট করে দেবে। এটাই আমাদের অভিজ্ঞতা। সুন্দরবন অঞ্চলের মানুষগুলো কিসের ওপর দাঁড়িয়ে আছে? তারা আজকে জীবন, প্রাণ হাতে নিয়ে দাঁড়িয়ে আছে। অথচ সেচ দপ্তর প্র্যাক্টিক্যালি সেখানে অসহায়। গতকাল এখানে সেচ দপ্তরের সুন্দরবনের অঞ্চলের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় এবং বিধানসভার কয়েকজন সদস্য উদ্বেগ প্রকাশ করে বললেন যে, বর্তমানে এখানে এমন অবস্থা হয়েছে ঝড় বৃষ্টিতে নদী বাঁধ যে কোনও মুহূর্তে ভেঙ্গে যেতে পারে এবং তাতে ফসল নষ্ট হবে, মানুষ মারা যাবে, ঘর বাড়ি নষ্ট হবে। মন্ত্রী মহাশয় উদ্বেগ প্রকাশ করেছে এবং আক্ষেপ করে বললেন তাঁদের কাছে যথেষ্ট অর্থ নেই যা দিয়ে তিনি এই নদী বাঁধকে রক্ষা করতে পারেন। নদী রক্ষণাবেক্ষণের জন্য খুব বেশি হলে ধার্য করা হচ্ছে মাত্র ২ কোটি টাকা। অথচ আমরা জানি অন্তত ১০ কোটি টাকা নাহলে এগুলো রক্ষণাবেক্ষণ করা সম্ভব নয়। সুতরাং এই অবস্থায় এই ভাবে সেচ দপ্তর রেখে কি লাভ? মানুষের জীবনকে কার হাতে দিচ্ছেন? শুধু সুন্দরবনাঞ্চলেরই এই অবস্থা নয়, আমরা মেদিনীপুর জেলার বিস্তীর্ণ অঞ্চলে কি দেখছি? মেদিনীপুর একটা বন্যা বিধ্বস্ত জেলা। সেখানে মানুষ দীর্ঘ দিন ধরে কেলেঘাই, কপালেশ্বরী, বাগুই নদীর বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার দাবি জানিয়ে আসছে। সেখানকার মানুষেরা বার বার আপনাদের কাছে ডেপুটেশন দিচ্ছে। আমি নিজে ডেপুটেশন নিয়ে গেছি। এই নদীগুলি সিল্ট হয়ে গেছে। ড্রেনেজ স্কীমও কার্যকরী করা হচ্ছে না, ড্রেজিংএর ব্যবস্থা নেই, রিএসকালেশনের ব্যবস্থা নেই, কোন পরিকল্পনা নেই। কারণ টাকা নেই। ইতিপূর্বে ময়নার সদস্য ময়না বেসিন স্কীম সম্বন্ধে বললেন। বাস্তবিকই ময়না একটা গামলা। অথচ এ রকম ফার্টাইল ল্যান্ড খুব কম আছে। এত সুন্দর আউট পুট, এত ভাল চাষ হয়, প্রোডাকশন এত বেশি, কিন্তু উপযুক্ত জল নিকাশির অভাবে সেখানে বছরের পর বছর চাষ নষ্ট হয়ে যাচ্ছে। ময়নার মানুষ ময়না বাঁচাও কমিটি করে বছরের পর বছর আন্দোলন করছে। আপনারা কিছু করতে পারছেন না। এর পাশাপাশি খরা প্রবণ এলাকা গুলো রয়েছে — বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, ল্যাটেরাইট জোন — আজ ১৬ বছর তাদের অবস্থা ফেরাতে পারেন নি। বছরের পর বছর খরায় সেখানকার মানুষগুলো মরছে। আপনাদের সমস্ত কিছুরমধ্যে অন্ততঃ একটা প্রো-পিপ্‌ল অ্যাটিচ্যুড-এর মিনিমাম রিফ্লেকশন থাকবে তো।

[4-00 – 4-10 p.m.]

তারপরেও দাবি করতে পারেন ১৬ বছরের মধ্যে বেসিক উন্নতি হয়েছে? এই এলাকার মানুষগুলির অবস্থার উন্নতি হয়েছে কিম্বা তাদের জন্য কিছু করেছেন? শুধু প্রচার করে কিছু হবে না। এটাই অত্যন্ত দুঃখের কথা, আক্ষেপের কথা। বীরভূম সেচসেবিত এলাকা বলে দাবি করেছেন। কিন্তু বীরভূমের সদস্য বলে গেলেন আপনি সেচসেবিত এলাকা বলে সেখানে ডিক্লিয়ার করে দিয়েছেন অথচ চাষীরা জল পায় না, ট্যাক্স দিয়ে যেতে হচ্ছে। অথচ রেকর্ড হয়ে গেল স্টাটিসটিক্স বলছে সেচসেবিত এলাকায় উন্নিত হয়েছে। ফলে এগুলি খুবই দুঃখের কথা। তাছাড়া কতকগুলি জিনিস আপনাকে দেখতে হবে, দুর্নীতি একটা

ব্যাপক আকারে দিনের পর দিন ভয়াবহ রূপ নিচ্ছে। কনট্রাক্টরদের সঙ্গে ইঞ্জিনিয়ার এবং সরকারি উপর মহলের এই অশুভ আঁতাত - নেক্সাস এটা দিনের পর দিন বাড়ছে এবং এইরকম একটা স্ক্যান্ডাল হুগলি জেলায় ১ কোটি টাকার উপর হয়েছে। হুগলি জেলায় কিছু কনট্রাক্টর আপনাদের সেকশন অফ ইঞ্জিনিয়ারদের সঙ্গে এবং আপনার ডিপার্টমেন্টের যাঁরা উপর মহলে আছেন তাঁদের সঙ্গে ঘনিষ্ট সম্পর্ক। হুগলি জেলায় একেবারে হ্যান্ডফুল অপ কনট্রাক্টর তারাই সমস্ত টেন্ডার পাচ্ছে এবং সেই টেন্ডার আপনাদের সরকারি নিয়ম, আপনাদের ডিপার্টমেন্টের নিয়ম-নীতি লঙ্ঘন করে এবং টেন্ডার ফ্লোট করবে যে অথরিটি — যারা কমপিটেন্ট অথরিটি তাদের অনুমোদন নেওয়ার যে প্রসিডিওর তা ভায়োলেট করে এইসব টেন্ডার দেওয়া হয়েছে এবং দেখা যাচ্ছে এই টেন্ডারের পরিমাণ ১ কোটি টাকার মতন। সরকারি নিয়ম হচ্ছে, একজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ১ লক্ষ টাকার উপর টেন্ডার হলে তাকে উপর থেকে পারমিশন নিতে হয়। কিন্তু দেখা যাচ্ছে, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার সেই রীতি-নীতি লঙ্ঘন করে সেই টেন্ডার নিজেই অনুমোদন দিয়েছেন। মহাকরণে ১৯৯০ সালে সিদ্ধান্ত নেওয়া হয়েছে,৫ হাজার টাকার উপর কোনও টেন্ডার ডিস্ট্রিক্ট লেভেলে সাব-ডিভিসনাল ইঞ্জিনিয়ার অনুমোদন দিতে পারবেন না। কিন্তু আপনার বিভাগের উপর তলার কিছু অফিশারের সঙ্গে ঘনিষ্ঠ কিছু ইঞ্জিনিয়ার তাঁরা এই বিভাগীয় নির্দেশ লঙ্ঘন করে এই কাজগুলি করেছেন। এবং যে নিয়ম আছে — বিজ্ঞপ্তি দিয়ে, লোকাল নিউজপেপারে টেন্ডার ইনভাইট করা যাতে সমস্ত কনট্রাক্টররা সুযোগ পায়, তা না করে অর্থাৎ কোন বিজ্ঞপ্তি ছাড়াই জেলায় টেন্ডার দেওয়া হয়েছে। এই যে স্ক্যান্ডাল, এই যে স্কাম এটার প্রকাশ হল কি করে? হুগলি জেলায় যে সমস্ত ঠিকাদাররা এইভাবে ডিপ্রাইভ হয়েছে সেই ঠিকাদার সমিতি জানিয়েছেন এবং আপনার ডিপার্টমেন্টও এই ব্যাপারটা জানেন। আপনার ডিপার্টমেন্ট থেকে ইনিসিয়ালি এনকোয়ারী করে স্বীকার করেছেন যে অভিযোগ এসেছে তার সত্যতা আছে। আমি খালি হুগলি জেলার ক্ষেত্রে এইরকম একটি ঘটনার কথা বললাম। শুধু হুগলি জেলার নয়, দিজ ইজ দি পিকচার অল ওভার টি স্টেট। আপনার সীমিত তহবিল, সেই সীমিত তহবিলের একটা অংশ যদি এইভাবে ড্রেনেজ হয়ে যায় তাহলে সেটা আরো বেদনাদায়ক। ফলে এরজন্য সামগ্রিক তদন্তের প্রয়োজন। শুধু হুগলি জেলার ক্ষেত্রে নয়, গোটা পশ্চিমবঙ্গে এই যে অশুভ আঁতাত-নেকসাস- ঠিকাদারদের সঙ্গে সরকারি উপর মহলের ইঞ্জিনিয়ারদের সঙ্গে যেটা গড়ে উঠেছে এটার তদন্ত করে আপনি দোষীদের খুঁজে বের করবেন এবং শাস্তি দেবেন ও স্বাভাবিক অবস্থা ফিরিয়ে নিয়ে আসবেন। এই কথা বলে আমার যে কাট-মোশন আছে সেই কাট-মোশনগুলিকে আবার সমর্থন চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবুল হাসানাত খান :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে ৬৬ নং এবং ৬৮ নং দাবি, মাননীয় মন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়, উপস্থাপিত করেছেন এবং ৬৭ নং দাবি ডাঃ ওমর আলী মহাশয় উপস্থাপিত করেছেন, এগুলি আমি পূর্ণ সমর্থন করছি

এবং সেই সঙ্গে বিরোধিদের আনা কাট মোশনগুলির বিরোধিতা করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গে এমন একটা রাজ্য যা ঘন বসতি পূর্ণ এখানে কৃষি জমি বাড়াবার সুযোগ খুব কম। যে জমি আছে তাকে সেচ সেবিত করতে পারলে খাদ্যের দিক থেকে আমরা স্বয়ং সম্পূর্ণতা লাভ করতে পারব। এদিক থেকে সেচ প্রকল্প একটা গুরুত্বপূর্ণ স্থান অধিকার করেছে। আমাদের রাজ্যে সেচ সেবিত জমির পরিমাণ বাড়ছে এটা অস্বীকার করা যায় না। মাননীয় সদস্য শ্রী দেব প্রসাদ সরকার মহাশয় বললেন পশ্চিমবঙ্গে সেচের কোনও অগ্রগতি দেখা যাচ্ছে না, কিন্তু সংখ্যাতত্ব কি বলছে? প্রতি বছর সেচ সেবিত জমির পরিমাণ বাড়ছে। আমাদের রাজ্যে সবচেয়ে বড় যে পরিকল্পনা তা হচ্ছে তিস্তা ব্যারেজ প্রোজেক্ট। আমাদের রাজ্যে তো বটেই, এমন কি সারা ভারতবর্ষের পক্ষে — এক ভাকরা নাঙ্গাল ছাড়া — আর এতবড় প্রোজেক্ট নেই। প্রোজেক্ট আমাদের কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি কি? উত্তরবঙ্গের ৬টি জেলা, এর লাইফ লাইন হচ্ছে তিস্তা প্রকল্প। এর জন্য গত কয়েক বছর ধরে যে টাকা আমরা খরচ করে আসছি — ইতিমধ্যে ৩৭৫ কোটি টাকা খরচ হয়ে গেছে — কিন্তু কেন্দ্রীয় সরকার এই প্রকল্প রূপায়ণের জন্য তেমন কোন অনুদান দিচ্ছেন না। ১৯৮০-৮৪ আর্থিক বর্ষে মাত্র ৫ কোটি টাকা দিয়েছিলেন, গত বছরে ৮ কোটি টাকা এবং সম্প্রতি আরও কিছু টাকা দিয়েছেন, সব মিলিয়ে ২২ থেকে ২০ কোটি টাকা এর মধ্যে দিয়েছেন। আমরা যে টাকা খরচ করেছি সেই তুলনায় এই টাকা অত্যন্ত কম। এই প্রকল্প শেষ করতে ৭০০ কোটি টাকার প্রয়োজন হবে। আমরা চাই কেন্দ্রীয় সরকার যে টাকা দিতে চেয়েছেন যে প্রতিশ্রুতি দিয়েছেন, আমাদের বিধানসভা থেকে যে প্রতিনিধি দল গত বছর কেন্দ্রীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বলে যে প্রতিশ্রুতি আদায় করেছিলেন ১৫০ কোটি টাকা দেওয়া হবে, সেই ১৫০ কোটি টাকা পূরণ হলে তিস্তা প্রকল্প আরও দ্রুত গতিতে চলবে। প্রকল্প অগ্রগতি লাভ করছে না, জমি অধিগ্রহণ এবং বনাঞ্চলের প্রশ্ন আছে। আমরা আশা করব সেই সব সমস্যার সামাধান করে এই প্রকল্প দ্রুত উত্তরবঙ্গের ১০ লক্ষ হেক্টর জমিকে সেচ সেবিত করবে এবং উত্তরবঙ্গের অর্থনীতির উন্নয়নের ক্ষেত্রে একটা বিরাট প্লাবন সৃষ্টি করবে। আপনি জানেন যে, এই সেচ দপ্তরকে একটা বড় কাজ করতে হচ্ছে। ভূমি ক্ষয় এবং নদীর ভাঙ্গন রোধ। নদী ভাঙ্গন রোধের জন্য — বিশেষ করে কয়েকটি নদীতে ভয়াবহ আকার ধারণ করছে, যেমন গঙ্গা, পদ্মা, ভাগীরথী। গঙ্গা নদীর ভাঙ্গনে অনেকগুলি গ্রাম ধ্বংস হয়ে গেছে, আমরা টাকা খরচ করে চলেছি। অথচ কেন্দ্রীয় সরকার তার কোন দায়িত্ব গ্রহণ করছেন না। আমাদের সরকার গঠিত হবার সময় ১৯৭৮ সালে একটা কমিটি গঠন করা হয়েছিল, গঙ্গার ভাঙ্গনের কারণ কি তা দেখার জন্য, প্রীতম সিং কমিটি, সেই ইরোশন কমিটিতে বলা হয়েছিল ফাইনডিংস অফ রেকমেনডেশন গঙ্গার ভাঙ্গন রোধের জন্য ১৭৮ কোটি টাকার প্রয়োজন হবে।

[4-10 – 4-20 p.m.]

যেহেতু রাজ্য সরকারের এত টাকা নেই, আমরা বিধানসভা থেকে একটা প্রস্তাব

নিয়েছিলাম এবং সেই প্রস্তাব সর্বসম্মতভাবে গ্রহণ করেছিলাম এবং কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশনে গিয়েছিলাম। আমার মনে আছে যে সেই ডেপুটেশনে মাননীয় সদস্য সুব্রতবাবু ছিলেন। প্রয়াত প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সঙ্গে কথাবার্তা বলেছিলেন। আমরা খুশি হয়েছিলাম যে সেদিন সুব্রত মুখার্জিও বলেছিলেন যে কেন্দ্রীয় সরকারের এই টাকা দেওয়া উচিত তা নাহলে মুর্শিদাবাদ, মালদহ ধ্বংস হয়ে যাবে। তিনি টাকা দেবেন বলে বলেছিলেন, কিন্তু টাকা দেননি। আমাদের টাকার অভাব আছে। এই যে গঙ্গার ভাঙ্গন হচ্ছে তার মূল কারণ হচ্ছে ১৯৭৫ সালে এই ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট তৈরি করা হয়েছিল। তার উজানে এবং নিচের দিকে গঙ্গার ভাঙ্গন বাড়ছে। মানিকচক থেকে ফারাক্কা ৫০ কিলো মিটার এবং ফারাক্কা থেকে জলঙ্গী ১০০ কিলো মিটার প্রতি বছর ভেঙ্গে বিলিন হয়ে যাচ্ছে গঙ্গা নদীতে। এটা রোধ করার জন্য কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব নেওয়া উচিত সেটা তারা নিচ্ছেন না। তারা নাম মাত্র টাকা দিয়ে তাদের দায়িত্ব খালাশ করছেন। আমাদের ভূমি ক্ষয় হচ্ছে, মুর্শিদাবাদে ভাঙ্গন হচ্ছে। যেহেতু এটা আন্তর্জাতিক সীমানা জলরেখায় নিয়ন্ত্রিত, এপারে ভাঙ্গছে, আর ওপারে গড়ছে, আমাদের জমি ভেঙ্গে বাংলাদেশে চলে যাচ্ছে, এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে, তারা নিচ্ছেন না। মালদা জেলার অনেক জায়গা যেমন — মানিকচক, ফারাক্কা, শাকপাড়া, আখেরীগঞ্জ, জলঙ্গী, রানীনগর এই সমস্ত দায়গা ভাঙ্গছে। এই ভাঙ্গন যদি রোধ করা না যায় তাহলে এই ভাঙ্গন একটা ভয়াবহ আকার ধারণ করবে। আজকে ভৈরব নদীতেও ভাঙ্গন চলছে। আজকে বিরাট একটা বিষয় সেচ দপ্তরকে দেখতে হচ্ছে, কিন্তু টাকার সঙ্কুলান না থাকার জন্য কাজ করা যাচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা বিষয়ে আমি আপনার মাধ্যমে উত্থাপন করতে চাই। সেটা হচ্ছে, শেয়ারিং অব গঙ্গা ওয়াটার। এই ব্যাপারে ১৯৮১ কি ৮২ সালে এই বিধানসভা থেকে আমরা একটা প্রতিনিধি দল নিয়ে দিল্লিতে গিয়েছিলাম কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলতে। সেই সময়ে ইন্দিরা গান্ধী বেঁচে ছিলেন। আমরা তাঁর সঙ্গে কথাবার্তা বলেছিলাম যে কলকাতা বন্দরকে বাঁচাতে হলে ৪০ হাজার কিউসেক জল দরকার। কিন্তু আমরা কি সেই ৪০ হাজার কিউসেক জল পেয়েছি? আমরা লিন পিরিয়ডে ২০ থেকে ২২ হাজার কিউসেক জল পাচ্ছি। এই ৪০ হাজার কিউসেক জল না পেলে কলকাতা বন্দর বাঁচবে না। আজকে এই জল বিহার, ইউ. পি. অনেক বেশি নিয়ে নিচ্ছে। ফারাক্কা ব্যারেজে ৫০, ৬০ হাজার কিউসেকের বেশি জল আমরা পাইনা। এর থেকে আবার ৬০ পারসেন্ট জল বাংলাদেশে চলে যায়, বাকি ৪০ পারসেন্ট জল ফারাক্কা পাচ্ছে। কাজেই যে উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছিল সেটা হচ্ছে না। এছাড়াও ব্রহ্মপুত্র এবং গঙ্গার মধ্যে একটা লিঙ্ক করার কথা ছিল সেটাও করা হয়নি। এই কথা বলে বাজেট কে সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুস সালাম মুন্সী :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং

আমাদের দলের পক্ষ থেকে আনীত কাট মোশনকে সমর্থন করে কিছু বলতে চাই। সেচ দপ্তরের বেশ কয়েকটি বিভাগে কাজ হয়, বন্যা নিয়ন্ত্রণ, জল নিকাশি, বৃহৎ সেচ ব্যবস্থা এবং ক্ষুদ্র সেচ ব্যবস্থার মাধ্যমে। আমি ইরিগেশন সাবজেক্ট কমিটির একজন সদস্য হিসাবে দক্ষিণ ভগতপুর থেকে মালদার ভালুকা পর্যন্ত হুগলী, ভাগীরথী এবং গঙ্গার বিভিন্ন ভাঙনের এলাকা দেখেছি। জলঙ্গী পর্যন্ত বিভিন্ন ভাঙ্গন এলাকা আমরা ঘুরেছি। প্রথমে গঙ্গার আপার স্ট্রীম অর্থাৎ ফারাক্কার উত্তর থেকে দক্ষিণ দিকের কথা বলবো। আমরা যখন ভালুকায় গিয়েছিলাম, দেখলাম সেখানে বিরাট ভাঙ্গন হয়েছে। সেই ভাঙ্গন রোধ করার জন্য যে ব্যবস্থাটা সেখানে নেওয়া হয়েছে তার ফলে সেখানকার লোকের মুখের কথা আমরা ডুবে যাব, বাঁধ ভেঙ্গে যাবে। মানুষের কথায় কোন কর্ণপাত না করে ঠিকাদাররা এমনভাবে বন্যা নিয়ন্ত্রণের কাজ গুলি করেছে তাতে এই জিনিস দাঁড়িয়েছে। আপনারা সীমিত অর্থ সীমিত অর্থ বলেন, এই সীমিত অর্থ দিয়ে বন্যা নিয়ন্ত্রণ করার কাজ হয় নি, সেখানে সরকারের অর্থের অপব্যয় দেখা গিয়েছে। ভালুকায় জনগনের দারুন অভিযোগ যে ভাঙ্গনের জায়গায় লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে, সেই টাকা ভাঙ্গনের মুখে ফেলে দেওয়া হয়েছে। সেখানে বেশ কিছু টাকা তছরুপ হয়েছে, এটা সেখানকার লোকের কথা। ভালুকা থেকে মানিকচককে আমরা ভাঙ্গন দেখে এসেছি, সর্বস্তরে টাকার অভাবে সময় মতো বন্যা নিয়ন্ত্রণের কাজ স্যাংশন হয়নি বলে কোনও কাজ সেখানে হয়নি। মুর্শিদাবাদের সেখালীপুর, নলবনী আখেরীগঞ্জ এবং জলঙ্গী যেখানে গেছি সেখানে দেখেছি টাকা তছরুপ হয়েছে। এখানে সীমিত অর্থ সীমিত অর্থ করা হয়, সেই টাকার কাজ সময় মতো করা হয়নি। ফলে কোথাও ভাঙ্গনের কাজ, বাঁধ তৈরি করার কাজ অর্ধেক হয়েছে, কোথাও ২৫ পারসেন্ট হয়েছে। তার ফলে বর্ষা এসে বন্যা এসে ভেঙ্গে নিয়ে চলে গেছে। বন্যা নিয়ন্ত্রণ এবং বাঁধ রক্ষার ক্ষেত্রে চরম গাফিলতি দেখা গিয়েছে এই দপ্তরের। আখেরীগঞ্জে ৫ কোটি টাকা খরচ করে বন্যা নিয়ন্ত্রণের কাজ হয়েছিল। আমরা সেটা দেখতে গিয়েছিলাম, আমরা যখন গাড়ি করে যাচ্ছিলাম তখন স্থানীয় লোকেরা বলছিল চোর আসছে, চোর আসছে। আমরা গাড়ি থেকে নামা অবধি বলছি এ কোন চোর আসছে। আমরা গাড়ি থেকে নেমে বললাম আমরা চোর নই, আমরা বিধানসভার সদস্য, এখানে কি কাজ হয়েছে সেটা দেখতে এসেছি কি সুবিধা কি অসুবিধা আছে সেটা দেখতে এসেছি। ৫ কোটি টাকার কাজ, ১ কোটি মাল দেওয়া হচ্ছে। এখানে একটা বোল্ডার তার জন্য ক্যারিং কস্ট হয়েছে ৬ টাকা করে। একটা লরি এসেছে সেখানে ১৫টি লরি দেখানো হয়েছে। সেইজন্য চোর চোর বলে তাদের আখ্যা দিয়েছে। টাকা তছরুপের ঘটনা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কিনা জানতে চাই। সেখানে চেয়ারম্যান এবং কনট্রাক্টারদের যোগসাযসে এই টাকা তছরুপ হয়েছে। আখেরীগঞ্জের ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন জানতে চাই। আখেরীগঞ্জে যে টাকা তছরুপ হয়েছে সেই ব্যাপারে প্রশাসনিক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা জানতে চাই। ভালুকায় দেখেছি পশ্চিমবঙ্গ ভেঙ্গে চলে যাচ্ছে বিহার উড়িষ্যায় চর পড়ে যাচ্ছে, ওরা উপকৃত হচ্ছে। আমাদের দিকে যেটা ভাঙ্গছে এসকাভেশন করে অন্য দিকে নদীটা ঘুরিয়ে দিলে আমাদের এখানে ভাঙ্গন রোধ হয় এবং

সেই সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গ উপকৃত হয়। মাননীয় মন্ত্রী মহাশয় ভালুকা এবং মানিকচকে এসকাভেশনের কাজ হয় নি বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

[4-20 – 4-30 p.m.]

আমরা জলঙ্গীতে গিয়েছিলাম। জলঙ্গী নিশ্চয়ই আখেরিগঞ্জের মতো শেষ হয়ে যাবে। কারণ, বাংলাদেশের দিকে জলঙ্গীতে স্রোতটা জলঙ্গীর দিক দিয়ে আসার সম্ভাবনা আছে সেদিকের পাড়টা কাটাবার ব্যবস্থা হয়নি। জলঙ্গীর শ্রোতটা পূর্বদিক দিয়ে যদি না যায় তাহলে এটা শেষ হয়ে যাবে। তার কোন প্রস্তাব এতে নেই, আমি সেজন্য এর বিরোধিতা করছি। নদীয়া জেলার বিভিন্ন জায়গা, নবদ্বীপ এবং মায়াপুর চুড়ান্ত ভাবে ভাঙ্গনের মুখে। সেখানে অগ্রনী, গাইঘাট ইত্যাদি যে জায়গাগুলো দেখে এসেছি, সেগুলো প্রচন্ড ভাঙ্গনের মুখে। দক্ষিণ বঙ্গের লক্ষ্মীকান্তপুর, কামারপাড়া, ঘোড়ামারা দ্বীপ এগুলো প্রচন্ডভাবে ভাঙ্গনের মুখে। ঘোড়ামারা দ্বীপ তো শেষ হয়ে গেছে। ওখানে ভাঙ্গন এমনই যে সাগরদ্বীপও ভাঙ্গনের মুখে। ওখানে যদি বাঁধের ব্যবস্থা না হয় তাহলে সাগরদ্বীপকে রক্ষা করা যাবে না। এই বাজেটে ভাঙ্গনের হাত থেকে বাঁচানোর জন্য বাঁধের কোনও প্রস্তাব নেই। সেজন্য আমি এর বিরোধিতা করছি, আমি এর প্রতিবাদ করছি। জলনিকাশি ব্যবস্থা কি রকম তা এবারে দেখুন। বালিগঞ্জ পাম্পিং স্টেশন, ধাপা পাম্পিং স্টেশন, বানতলা পাম্পিং স্টেশনগুলোর অবস্থা দেখুন। কলকাতার জলনিকাশি প্রকল্পগুলো সব ত্রুটিপূর্ণ। আবর্জনা জমে আছে। যার ফলে একটু বৃষ্টি হলেই আমরা এখানে হাইকোর্ট এবং বিধানসভা এলাকায় দেখতে পাই নৌকা করে চলাচলের মতো অবস্থা দাঁড়ায়। এটা থেকেই বোঝা যায় যে কলকাতায় জলনিকাশি ব্যবস্থা বলে কিছু নেই। পাম্পিং স্টেশনগুলো দিয়ে যে জল নিষ্কাশন হয় তা ড্রেনগুলোর দুরবস্থার জন্য ঠিকমত নিষ্কাশিত হয় না। ড্রেনগুলো যদি ঠিকমতো পরিষ্কার করা না হয়, রি-এক্সকেভেশন না হয় তাহলে অবস্থান উন্নতি ঘটতে পারে না। সেচ ব্যবস্থার উন্নতি যা কিছু আমরা দেখি, তাতে জলের অপব্যবহার হয় এটা দেখি। ক্ষুদ্রসেচ, রিভার লিফ্‌ট, আর. এল. আই, ডিপ টিউবওয়েল ইত্যাদির মাধ্যমে যে ব্যবস্থা আছে, পশ্চিমবঙ্গে বহু ডিপ টিউবওয়েল আছে, সেগুলো আজকে অকেজো হয়ে পড়ে আছে। এই অবস্থাতেও নতুন করে সেগুলো করার কোনও চেষ্টা হয়নি। ১৯৭৮ সালে যখন বন্যা হয়েছিল, সেই বন্যায় ভাগীরথীর উভয় তীরে, জগতখালিতে বাঁধ করার জন্য চাষীদের জমি, অধিগ্রহণ করা হয়েছিল। চাষীদের অধিগ্রহণ করা জমির টাকা তারা আজও পায়নি। কেন পায়নি সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় আশা করি আমাদের কাছে বলবেন। জলের সদ্ব্যবহার আপনার নিশ্চয়ই করা উচিত। ড্রেনগুলো যাতে আরও ভাল করা হয়, পাকা করা হয়, জলের সুষ্ঠু ব্যবস্থা করা হয় তার কোন পরিকল্পনা আপনার নেই। জলের যাতে সদ্ব্যবহার হয় সেটা নিশ্চয়ই আপনি দেখবেন। আমি সেচমন্ত্রীর কাছে বলব, চাষীদের জলের জন্য একটা রেট ঠিক করে দেওয়া হয়েছে, কি রেটে তাদের ট্যাক্স দিতে হবে তা বলা হয়েছে। আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি সেচের জন্য — ক্ষুদ্র এবং বড় সমস্ত চাষীর জন্য কর

দেবার কথা বলা হয়েছে। আপনি ক্ষুদ্র চাষীদের এবং নতুন চাষীদের সেচকর থেকে মুক্ত করুন। আশাকরি এই বিষয়ে ক্যাবিনেটে আপনারা সিদ্ধান্ত নেবেন যাতে নতুন এবং ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষীদের কর থেকে রেহাই দেওয়া যায়। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র :** মাননীয় সভাপতি, আমার সময় যেহেতু অল্প তাই আমি ৬৬ এবং ৬৭ নং দাবি নিয়ে এখানে বলব। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট উপসংহারে বলেছেন — রাজ্যের আর্থিক অনটনের বিষয়টি যুক্ত হওয়ায় রাজ্যে সেচ ও জলপথ দপ্তরের টাকায় একটা বাস্তবসম্মত ফলদায়ী কর্মসূচি গড়ে তোলা বস্তুতই দুরূহ হয়ে দাঁড়িয়েছে ......... তিনি আরও বলেছেন, উন্নয়ণমূলক প্রকল্পগুলির নিয়মিত ও সফল রূপায়ণ আমাদের পক্ষে দুরূহ। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বক্তব্যকে অত্যন্ত গুরুত্ব দিয়ে আমি আমার বক্তব্য কয়েকটি বিষয়ে উল্লেখ করতে চাই। কেন্দ্রের যে বঞ্চনা এবং তার যে ক্যারেক্টার তার কোনও পরিবর্তন হবে না সাথে সাথে পশ্চিমবঙ্গের আর্থিক অবস্থার থেকেও মুক্ত হতে পারবে না। অল ইন্ডিয়া অ্যাভারেজ ইরিগেশন সেকটরে টোটাল বাজেট হচ্ছে ১৭ পারসেন্ট সেখানে ১২ পারসেন্টও একসিড করতে পারেন নি আপনারা। আমি এই বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ করছি। আমি গতবারও উল্লেখ করেছিলাম যে ইরিগেশন সেক্টরকে আরো বেশি করে ইমপর্টেন্স দেওয়ার দরকার এবং এবারও সেই একই কথা বলছি যে এর দিকে বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। সেই কারণে আমি সেচ মন্ত্রীর বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে সামগ্রিকভাবে তিনি পরিস্থিতিটা রোধ করতে পারেন নি যার ফলে আজকে সঙ্কট দেখা যাচ্ছে। রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতা রয়েছে এবং থাকবেও কিন্তু তার মধ্যে দাঁড়িয়েই আমাদের বন্যার মোকাবিলা করতে হবে। সেখানে আপনারা ইরিগেশন সেকটরে ১২ পারসেন্টের বেশি ব্যয় করতে পারলেন না। এতে শুধু অর্থাভাব বললেই পার পাবেন না কারণ ডিপার্টমেন্ট ইটশেল্ফ জড়িত। তাদের গাফিলতি এবং কাজের মূল্যায়নের অভাবে আজকে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হয় নি। এই অবস্থায় দাঁড়িয়ে আজকে যে অর্থ বরাদ্দের জন্য বাজেট এখানে পেশ করেছেন ওটা সেইভাবে হওয়া উচিত ছিল না। সেচ দপ্তরের দুটি কাজ — এক হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ এবং আরেকটি হচ্ছে সেচ ব্যবস্থা। স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগে যে, এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে এই অবস্থা স্মরণ করে একদিকে সেচ এবং অন্য দিকে বন্যা নিয়ন্ত্রণ কোনটার উপরে বেশি গুরুত্ব দেওয়া উচিত। আমি গতবারই বলেছিলাম এবং এইবারও আমি দৃঢ়তার সঙ্গে বলছি যে। পশ্চিমবঙ্গে ডেমোক্রেটিক রিফোর্মস বামফ্রন্ট সরকারের আমলেই হয়েছিল এবং তার মূল ভিত্তি ভূমি সংস্কার। আজকে ক্ষুদ্র সেচের মাধ্যমে পশ্চিমবঙ্গে মেজর এগ্রিকালচার প্রোডাক্টস করা সম্ভব হয়েছে এবং এর মাধ্যমেই আজকে এক ফসলীকে দু ফসলীতে রূপান্তরিত করা গেছে। এই দু'ফসলীর সবচেয়ে বড় অংশ আসে আমন ফসলের সময়ে। সেখানে মাননীয় সেচমন্ত্রীকে আমন ফসলের একটা বিরাট অংশ আজকে মার খাচ্ছে

বলেছি। বন্যার জন্য সব জলমগ্ন হয়ে যাবার ফলে এই ফসলের একটা বড় অংশ রক্ষা করতে আপনারা পারেন নি। আমি এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীকেই দোষারোপ করব কারণ Priority must be given to flood control not on irrigation.

গত বছরেই সম্ভবত ২ কোটি টাকার ফ্লাড কন্ট্রোল স্কীম করবার কথা বলেছিলাম কিন্তু তার কতটুকু করতে পেরেছেন? গত বছরে ৯৯ কোটি টাকা ইরিগেশন খাতে ধরা হয়েছিল তার মধ্যে সেচ খাতে ৫৮ কোটি টাকা, বন্যা নিয়ন্ত্রণ খাতে ৪০ কোটি টাকা। এই বছরে আপনি নিজে আপনার বাজেট ভাষণে উল্লেখ করলেন যে উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গা এবং দক্ষিণবঙ্গের সমতল ভূমি, জলাশয় এবং জলমগ্ন জায়গার প্রতি বিশেষ গুরুত্ব আরোপিত হবে। অথচ আমরা সেখানে দেখছি কি — গত বছরে যেখানে বন্যা নিয়ন্ত্রণ খাতে ৪০ কোটি টাকা ধরা হয়েছিল এইবারে সেটা কমিয়ে ২৮ কোটি টাকায় নামিয়ে আনলেন। অর্থাৎ ১২ কোটি টাকা কমেছে। আমরা জানি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যা পেয়েছেন তা তিস্তা প্রকল্প করতে গিয়েই খরচ হয়ে গেছে। কিন্তু আমি তো কোন জাস্টিফিকেশন খুঁজে পাই না যে কেন বন্যা নিয়ন্ত্রণ খাতে আপনার সমস্ত বরাদ্দ ছাঁটাই করে আনবেন? যেখানে বামফ্রন্ট সরকারের আমলে কৃষি উন্নয়নের ক্ষেত্রে একটা বিরাট কর্মযজ্ঞ সফল পথে এবং দুটি একই সঙ্গে সঙ্গতি সম্পন্ন, সেখানে আপনি হঠাৎ বন্যা নিয়ন্ত্রণ খাতে বরাদ্দ কমিয়ে দিলেন কেন বুঝতে পারলাম না।

এই বিষয়টি বিবেচনা করে দেখবেন। আমি শুধু নয় এটা আজ সকলেই মনে করেন যে বন্য নিয়ন্ত্রণ খাতে আরো বরাদ্দ হওয়া উচিত। আরেকটি বিষয়ে আমি বলছি এবং সেটা নিয়ে অনেকবার বলেছি আবার বলছি কংগ্রেসী আমল থেকে অনেক স্কীম, শত শত স্কীম পড়ে রয়েছে এবং এরজন্য কোনটায় ১ লক্ষ কোনটায় ২ লক্ষ আবার কোনটায় ৫ লক্ষ টাকা ধরা হয়েছে। তিস্তার জন্য তো ৪০০ কোটি টাকা খরচ হয়ে গেছে এবং তা শেষ হতে না হতেই আবার নতুন নতুন স্কীম ধরছেন এর থেকে কি কোন প্রপার বেনিফিট পাবেন? এর থেকে কোনও বেনিফিট পাবেন না। কৃষি ক্ষেত্রে যদি ড্রাসটিক এবং রেডিক্যাল মেজার্স না নেওয়া হয় তাহলে এইসব স্কীম করে তারজন্য বাজেট বরাদ্দ করার দরকার কি? এই যে ১ লক্ষ, ২ লক্ষ টাকা ধরা হয়েছে এতে কী হবে। সুবর্ণরেখা প্রকল্পের জন্য ২৫ লক্ষ টাকা ধরেছেন, এতে কী হবে? আমার জেলা এই সুবর্ণরেখাতে, সেখানে এই প্রকল্পের জন্য যেখানে ২৫০ কোটি টাকা দরকার সেখানে ২৫ লক্ষ টাকা ধরবেন বলেছেন, এর কারণ কী? এই অহেতুক বরাদ্দের দরকার কী? ইজ দেয়ার এনি জাস্টিফিকেশন? যেখানে ২০০-২৫০ কোটি টাকা খরচ করা দরকার সেখানে এই টাকাতে কী হবে? ড্রাসটিক এবং প্রায়োরিটির ভিত্তিতে এগুলো ছাঁটাই করে বন্যা নিয়ন্ত্রণের দিকে গুরুত্ব দিন। বছরের পর বছর যে কাজগুলো বাকি পড়ে আছে সেগুলো ইমিডিয়েটলি কমপ্লিট করুন বা অত্যন্ত সিরিয়াসলি দেখুন। আপনি মেদিনীপুরের লোকের কাছে কমিটমেন্ট রক্ষা করার জন্য কতদূর এগিয়েছেন সেটা আমাদের জানাতে হবে।

[4-30 – 4-40 p.m.]

আমরা জানি এই ব্যাপারে গত ২৬ তারিখে টেকনিক্যাল কমিটির মিটিং হয়েছিল এবং সেখানে জি. এফ. সি. সি.-র চেয়ারম্যান এসেছিল। আমরা আতঙ্কিত আরেকটা দিক থেকে আপনি যেভাবে বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে টাকা কমাতে বাধ্য হয়েছেন, তাতে এই কেলেঘাই স্কীম ফাইনালি জি. এফ. সি. সি., প্ল্যানিং কমিশন, এদের অ্যাপ্রুভাল পাই তাহলে মেদিনীপুর জেলার লোকেদের কি সুবিধা হবে। আমি একটা পয়েন্ট আমার বক্তব্যে সীমাবদ্ধ করতে চাই, যেমন একটা বড় প্রকল্প করতে আপনার সময় লেগে যাচ্ছে ২০ থেকে ৩০ বছর। আমরা জানি কেলেঘাই প্রকল্প সাকসেসফুল করে তুলতে পারলে চাষের অনেক সুবিধা হবে এবং দো-ফসলী, তিন-ফসলি, চার-ফসলী চাষ হবে। আমি আপনাকে সানির্বন্ধ অনুরোধ করব আপনি এই ব্যাপারটা ভেবে দেখবেন। আমরা যে বিষয়টা এখানে বলি, কি সরকার পক্ষ, কি বিরোধীপক্ষ, আমাদের মেনশনে এবং বাজেট ডিসকাশনে মেইন বিষয়টা হয়ে দাঁড়ায় এখানে বাঁধ ভেঙ্গে যাচ্ছে, এখানে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু দুর্ভাগ্যের কথা, আমরা প্রতি বছর দেখছি আপনার বাজেট বরাদ্দের ক্ষেত্রে প্রতি বছর আপনি ফ্লাড কন্ট্রোলের থেকে টাকা কাটছেন। ১২ কোটি টাকা আপনি ফ্লাড কন্ট্রোলের খাতে কেটেছেন। আরেকটা বিষয় আমি বলতে চাই আমাদের মেদিনীপুর জেলার ইস্ট ডিভিসন হচ্ছে একটা গুরুত্বপূর্ণ ডিভিসন। আমি আশা করব যখন কেলেঘাই প্রোজেক্ট আপনি হাতে নিতে চলেছেন, আরও বহু স্কীম আছে, অনেকগুলি স্কীম আছে, যেখানে আপনি লক্ষ লক্ষ টাকা বরাদ্দ করেছেন, কোথাও এক কোটি টাকা বরাদ্দ করেছেন, এই টাকাগুলোর প্রপার ইউটিলাইজেশন হলে, সাকসেসফুল হবে, এবং সেই জেলার হাজার একর জমি ওয়াটার লগিং-এর হাত থেকে বাঁচবে এবং তা যাতে যথাযথভাবে ব্যবহৃত হয় তা আপনি দেখবেন। আমাদের ডিভিসন সম্পর্কে অতীতে একটা তিক্ত অভিজ্ঞতা আছে, আগে যিনি একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ছিলেন, তিনি চরম দুর্নামে জড়িয়ে পড়েছিলেন। আপনি এখন একজন যোগ্য ইঞ্জিনিয়ারকে বসিয়েছেন, শ্রী সোমনাথ আগরওয়ালা। সেখানে আপনি অ্যাডমিনিস্ট্রেটার পারসোনাল বসিয়েছেন এবং এমন কিছু কিছু অফিশারকে সেখানে পাঠাচ্ছেন তাতে আমাদের মেদিনীপুর জেলার লোক খুব আতঙ্কিত। সেই তিক্ত অভিজ্ঞতা আবার ফিরে আসবে নাতো। ঐ জেলার অধিবাসীরা আজ দারুণভাবে আশঙ্কা বোধ করছেন। সর্বশেষে মন্ত্রিমহাশয় যে দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সেচমন্ত্রী ৬৬ এবং ৬৭ নং দাবিতে ৩৪৭ কোটি ৯৩ লক্ষ ৯১ হাজার টাকার যে দাবি এখানে উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি। আমাদের সমস্ত কাট মোশনকে আমি সমর্থন করছি। স্যার, আপনি নিশ্চয় জানেন পশ্চিমবাংলার মানুষ সম্পূর্ণভাবে কৃষি নির্ভর। কৃষির প্রথম উপাদান যদি মাটি হয়, তাহলে দ্বিতীয় উপাদান হচ্ছে জল। এই বামফ্রন্ট সরকার জল সম্পদের ক্ষেত্রে ১৬ বছরে কেমন অগ্রগতি করেছেন এবং তার চিত্রটা কি? স্ট্যাটিসটিক্স বলছে, ১৯৮০-

৮১ সালে পশ্চিমবঙ্গে ক্যানেলের মাধ্যমে যে জল দেওয়া হয়েছিল তাতে সেচ ভুক্ত জমির পরিমাণ ছিল ১৬ লক্ষ ১৫ হাজার হেক্টর। এখন কি অবস্থা? ১৯৯০ থেকে ১৯৯৩ সালে এখন সেচ যোগ্য জমির পরিমাণ হচ্ছে ১৬ লক্ষ ৬০ হাজার হেক্টর। এই ১৬ বছরে এই সরকার সেচ যোগ্য জমির পরিমাণ বৃদ্ধি করেছে ৪৫ হাজার হেক্টর। অর্থাৎ প্রতি বছর বৃদ্ধির গড় হার হচ্ছে ০.১ পারসেন্ট। এই যেখানে সেচের অগ্রগতির নমুনা সেখানে আপনারা বড় গলায় বলেন যে সেচের অনেক উন্নতি করেছি, পশ্চিমবঙ্গে অনেক ফসল হচ্ছে ইত্যাদি। স্যার, এর পর আমি এ রাজ্যে সেচভুক্ত জমির পরিমানের সঙ্গে ভারতের অন্যান্য রাজ্যের সেচভুক্ত জমির পরিমানের একটি পরিসংখ্যান দিতে চাই। এই পরিসংখ্যানটা দেখলেই বুঝতে পারবেন যে আমাদের এখানে সেচের অগ্রগতি ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় কত নগণ্য। পঞ্জাবে যেখানে সেচযোগ্য জমির পরিমাণ হচ্ছে ৯১.৭৮ পারসেন্ট, হরিয়ানাতে ৮২.৮৬ পারসেন্ট, উত্তরপ্রদেশে ৫৬.৯৮ পারসেন্ট, বিহারে ৩৯.২৬ পারসেন্ট, জম্মু-কাশ্মীর-ছোট রাজ্য — ৩৮.৭৩ পারসেন্ট, মণিপুরে ৩৯.৮৯ পারসেন্ট, অন্ধ্র প্রদেশে ৩০.৩৬ পারসেন্ট, তামিলনাড়ুতে ৪৩ পারসেন্ট সেখানে আমাদের সেচভুক্ত জমির পরিমাণ হচ্ছে মাত্র ২২.৮ পারসেন্ট। তা সত্ত্বেও আপনি বাজেট বক্তৃতায় বলছেন যে পশ্চিমবঙ্গে সেচ ব্যবস্থা অনেক এগিয়েছে। এর পর আমি তিস্তা ব্যারেজ প্রকল্পের কথায় আসছি। তিস্তা ব্যারেজ প্রকল্প যদি আপনি ঠিক সময়ে শেষ করতে পারতেন তাহলে তার থেকে আমরা আউটপুট কি পেতাম? প্রায় ১ লক্ষ ৪০ হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করতে পারতাম কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার আজও সেটা শেষ করতে পারলেন না। আমরা যেটা মনে করছি সেটা হচ্ছে তিস্তা প্রোজেক্টটা হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কাছে সবচেয়ে প্রেসটিজিয়াস প্রোজেক্ট। এই প্রেসটিজিয়াস প্রোজেক্টটা ইমপ্লিমেন্ট করতে গিয়ে আপনি রাজ্যের অন্যান্য সেচ প্রকল্পগুলি অবহেলা করে এসেছেন। বাজেট বক্তৃতা যদি আপনি ভালো ভাবে পড়ে দেখেন তাহলেই সেটা বুঝতে পারবেন। আমরা দেখছি, [illegible]খ্যান বলছে যে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে তিস্তা প্রকল্পের জন্য মোট ১৬৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু আপনি বলেছেন যে আজ পর্যন্ত তিস্তা ব্যারেজের জন্য খরচ করেছেন ৪০০ কোটি টাকা। কিন্তু তার থেকে কি আউটপুট পেয়েছেন সেটা [illegible] না। আজকে এই হাউসে দাঁড়িয়ে আপনার কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী তথা প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান শ্রী প্রণব মুখার্জিকে ধন্যবাদ দেওয়া উচিত কারণ তিনি চেষ্টা করছেন এই প্রকল্পের কাজ যাতে দ্রুত শেষ হয়। আপনি আপনার জবাবি ভাষণের সময় বলবেন যে এরজন্য কেন্দ্রীয় বরাদ্দ হিসাবে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে কেন্দ্র থেকে কত টাকা পেয়েছেন এবং তারমধ্যে কত টাকা আজ পর্যন্ত খরচ করেছেন। এই প্রসঙ্গে আমার একটি প্রস্তাব আছে — তিস্তা ব্যারেজের হেড কোয়ার্টার যেটা কলকাতায় আছে সেটাকে সরিয়ে উত্তরবঙ্গের জলপাইগুড়িতে নিয়ে যান। তাতে কাজে গতি বাড়বে, প্রপার মেনটেনান্স হবে এবং সমন্বয়সাধনের কাজটা ভাল হবে। এটা হলে এর কাজটা তাড়াতাড়ি শেষ হবার সম্ভাবনা থাকবে। আপনারা অনেক মিছিল মিটিং করে বলেন যে সারে ভর্তুকি দিতে হবে। গতকাল

সেন্ট্রাল গভর্নমেন্ট ঘোষণা করেছেন যে ভর্তুকি যেটা দিচ্ছেন তাতে প্রায় ৩ শো কোটি টাকা বিভিন্ন রাজ্যকে দেবেন। আমি মনে করি ভর্তুকির চেয়ে অনেক বেশি সাশ্রয় হত যদি আমরা কম দামে চাষীদের জল সরবরাহ করতে পারতাম। এটা বলতে বাদ্ধ হচ্ছি যে সেচের কাজ নিয়ে কন্ট্রাক্টররা যেভাবে দুর্নীতি করে সে সম্পর্কে আপনি আপনার বাজেট বক্তৃতায় কোনও কথা বলেন নি।

[4-40 – 4-50 p.m.]

আজকে এই সেচ দপ্তরের কাজ নিয়ে কন্ট্রাক্টররা যেভাবে দুর্নীতি করেন, তার প্রতিকারের কোনও কথা বাজেটে নেই। এই টেন্ডার সম্পর্কে অভিযোগ এই দপ্তরের বহুদিন ধরে চলে আসছে, ১৯৭৪ সালে তৎকালীন সেচ মন্ত্রী ছিলেন বরকত গনিখান চৌধুরি, তিনি বলেছিলেন এবং কাজও করেছিলেন, টেন্ডার নিয়ে যদি অভিযোগ আসে, তা দূর করার জন্য হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে দিয়ে একটা তদন্ত কমিটি করেছিলেন এবং হাউসে ঘোষণা করেছিলেন যে যদি কোনও সদস্যের টেন্ডার এবং কন্ট্রাক্টর সম্পর্কে কোনও অভিযোগ থাকে তাহলে তারা সরাসরি সরকারকে জানাতে পারেন অথবা সেই বিচারপতিকে জানাতে পারেন। তিনি আরও বলেছিলেন যে দুর্নীতিগ্রস্ত কোনও অফিশার বা কন্ট্রাক্টরকে তিনি ছাড়বেন না। আজকে সেচ দপ্তরের যে ব্যাপক দুর্নীতি চলছে টেন্ডার এবং কন্ট্রাক্টরদের নিয়ে এবং একটা কাট মানির যে ব্যবস্থা হয়েছে রুলিং পার্টি এবং কন্ট্রাক্টরদের মধ্যে যে একটা অশুভ আঁতাত গড়ে উঠেছে, সেই সম্পর্কে আপনার কোন প্রতিক্রিয়া নেই। ১৬ বছর ধরে আমরা শুধু একটা কথা শুনে আসছি কেন্দ্র দিচ্ছে না, আমাদের সীমিত ক্ষমতা ইত্যাদি। ৭৪ সালে তৎকালীন সেচ মন্ত্রী গনিখান চৌধুরি যখন ছিলেন তখনও ফ্ল্যাড প্রবলেম, ইরিগেশন প্রবলেম, ইরোশন প্রবলেম ছিল, এখনও আছে। এটা চিরদিনের সমস্যা। এটা নতুন কিছু নয়। ৭৪ সালে বরকত্ সাহেব একটা এক্সপার্ট কমিটি করে জানতে চেয়েছিলেন বন্যা, ইরোশন দূর করতে সারা রাজ্যের জন্য কত টাকার দরকার, সেই কমিটি জানিয়েছিল ৫৭১ কোটি টাকার প্রয়োজন। কিন্তু টাকা পাননি বলে উনার বক্তব্যে আত্মসমালোচনার সুর ছিল। কিন্তু আপনি সব জায়গায় বলছেন সফল হয়েছেন, কোনও আত্মসমালোচনার মনোভাব আপনার মধ্যে নেই। যে জায়গায় আপনি সফল হয়েছেন, সেইগুলোর কথা আপনি শুধু বললে আমরা আপনাকে সাপোর্ট করতাম। কিন্তু আপনি সর্বত্র কেবলমাত্র সফলতার খতিয়ান দিয়েছেন, ব্যর্থতার খতিয়ান আপনি দেননি। এই যে কাল্পনিক সফলতার খতিয়ান, এটাকে আমরা সমর্থন করতে পারছি না। এরপর আমি আসছি বন্যা নিয়ন্ত্রণ, ইরোশন, ওয়াটার লগিং — এই সব আপনি নিয়ন্ত্রণ করতে পারছেন না। আমার সাজেশন হল যে সেচ, জলনিকাশি ব্যবস্থা, বন্যা নিয়ন্ত্রণ, এর মধ্যে আপনি কোনটাকে প্রায়োরিটি দেবেন, সেটা আগে আপনি ঠিক করুন। সেই অনুযায়ী আপনি কাঠামো তৈরি করুন। আপনি মাঠের মধ্যে শত শত খাল, নালা করে দিচ্ছেন, তাতে কাজের কাজ কিছু হচ্ছে না। আপনার কোনও সেন্ট্রাল প্ল্যানিং নেই। আপনি নদীর মোহনাগুলো

দেখুন পলি পড়ে বুজে যাচ্ছে। মাঠের জলের লেভেল থেকে নদীর লেভেল বেশি, যদি বন্যা নিয়ন্ত্রণ করতে হয় তাহলে নদী গর্ভকে উপযুক্ত ভাবে সংস্কার করা দরকার। নর্থ বেঙ্গলে প্রায়ই বন্যা হয়, ৬৯ সালে তৎকালীন সেচ মন্ত্রী বিশ্বনাথ মুখার্জি মহাশয় বলেছিলেন নর্থ বেঙ্গলে বন্যা নিয়ন্ত্রণ করতে গেলে হিমালয় থেকে যে ধ্বস নামে সেই ধ্বস বন্ধ করতে হবে। তা বন্ধ করতে গেলে ভূমি সংরক্ষণ করা দরকার। আর কি দরকার? তিস্তা প্রকল্প দরকার। তোর্যা প্রকল্প দরকার। জলঢাকা প্রকল্প দরকার। রায়ডাক প্রকল্প দরকার। মহানন্দা নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য মাস্টার প্ল্যান করতে হবে। এগুলো ১৯৬৯ সালের সেচ মন্ত্রী বিশ্বনাথ মুখার্জির প্রস্তাব। সে সময়ে যুক্তফ্রন্ট সরকার পশ্চিম বাংলায় ছিল। আজকে আমি মাননীয় সেচ মন্ত্রীকে প্রশ্ন করছি, যে পরিকল্পনা আজ থেকে ২৪ বছর আগে আপনার পূর্বসূরী ঘোষণা করেছিলেন, তাঁর সেই প্রস্তাব অনুযায়ী সেই পরিকল্পনাগুলো রূপায়িত হয়েছে কি? আমরা দেখছি পূর্ব ভারতের সব চেয়ে বড় বাণিজ্য কেন্দ্র কলকাতা, অথচ কলকাতা বন্দরে পলি পড়ে পড়ে এমন অবস্থা হয়েছে যে গরমের সময়ে গঙ্গায় জল থাকছে না। মাননীয় মন্ত্রী মহাশয়, কলকাতা বন্দরের নাব্যতা রক্ষায় আপনার কি কি পরিকল্পনা আছে, সে সম্পর্কে আপনার বাজেটে কোনও উল্লেখ নেই। আপনার বাজেট বিবৃতিতে দেখছি, আপনি বলেছেন, যমুনা বেসিনের কাজ করতে হবে। উত্তর ২৪-পরগনা এবং দক্ষিণ ২৪-পরগনার উন্নতির জন্য উন্নয়মূলক প্রকল্পগুলোর কাজকর্ম করতে হবে। আপনি হাড়োয়া গ্রাম এবং কুলটি গ্রামের কথাও উল্লেখ করেছেন। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে দিয়ে যমুনা নদী প্রবাহিত। আমি সেখানে দেখেছি সামান্য কিছু মাটি কেটে নদীর পাড়ে দেওয়া হয়েছে এবং বর্ষায় সেই মাটি ধুয়ে আবার নদীতে চলে যাচ্ছে। ফলে বছরের বেশীরভাগ সময়েই যমুনায় জল থাকছে না। আপনি খরচ করছেন, কিন্তু কোনও কাজের কাজ হচ্ছে না। সেখান থেকে সেচের কাজের জন্য কোনও সময়েই জল পাওয়া যাচ্ছে না। বিদ্যাধরী প্রকল্পের সম্বন্ধে কোন কথা আপনার বিবৃতির মধ্যে উল্লেখ করেন নি। এই নদীটি কলকাতা থেকে শুরু হয়ে সুন্দরবনে গিয়ে শেষ হয়েছে। এটার প্রতি উপযুক্ত গুরুত্ব দিলে সুন্দরবনের বন্যা কিছুটা কমত। অথচ সেই প্রকল্পের কোন উল্লেখ এখানে নেই। তারপর যেটা হাড়োয়া গ্রাম হয়ে দে-গঙ্গার ওপর দিয়ে সুন্দরবনে গিয়েছে সেটার সম্বন্ধে আপনাকে বহু কথা বলতে শুনেছি, কিন্তু সেখানেও কোনও কাজ হচ্ছে না। সেজন্য আপনি আপনার বিভাগের যতই প্রশংসা এবং কৃতিত্ব দাবি করুন না কেন, পশ্চিম বাংলার সেচ দপ্তর পশ্চিম বাংলার সেচের উন্নতিতে এবং বন্যা নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ। তাই আমি এই বাজেটের বিরোধিতা করছি এবং এখানেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতুলচন্দ্র দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমাদের সেচ দপ্তরের দুজন মন্ত্রী, বৃহৎ ও মাঝারি সেচ মন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং ক্ষুদ্র সেচ মন্ত্রী ডাঃ ওমর আলি ৬৬, ৬৭ এবং ৬৮ নং দাবির অধীন যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার দু'চারটি কথা বলছি। আমাদের

পশ্চিমবঙ্গের সামগ্রিক চিত্রটি খুবই অদ্ভুত। উত্তর বঙ্গে ৬টি বন্যা প্রবণ জেলা রয়েছে, সেখানে বন্যা নিয়ন্ত্রণ একটা বিরাট সমস্যা। দক্ষিণবঙ্গে জল নিকাশি সমস্যা, একটা বিরাট সমস্যা। আবার রাজ্যের উত্তর-পশ্চিমে বিশাল খরা প্রবণ এলাকা রয়েছে। সীমিত ক্ষমতার মধ্যে এই দপ্তরের মাধ্যমে পশ্চিম বাংলার এই সমস্ত সমস্যার সমাধান করা খুবই কষ্টকর ব্যাপার। এই অবস্থার মধ্যে দিয়েও আমাদের এসব বিষয়ে যে বিভিন্ন পরিকল্পনাগুলো রয়েছে সেগুলোর কাজ এগিয়ে চলেছে। ইতিমধ্যেই সেচের অগ্রগতির একটা বিরাট সাফল্য অর্জিত হয়েছে, এটা বলা যেতে পারে, দাবি করা যেতে পারে।

[5-00 – 5-10 p.m.]

আমরা দেখেছি, বৃহৎ সেচ প্রকল্প তৈরি হচ্ছে। যেমন, তিস্তা প্রকল্প, ময়ূরাক্ষী, দামোদর, কংসাবতী প্রভৃতি রয়েছে। তিস্তা প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। উত্তরবঙ্গের ৬টি জেলা যেমন, দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরে যে বন্যার সমস্যা সেই বন্যার প্রতিরোধ যদি করতে হয় তাহলে এই প্রকল্প রূপায়িত হলে বন্যা রোধ করা যায় এবং সাথে সাথে চাষবাসের প্রভূত উন্নতি হয়। আজ পর্যন্ত এই তিস্তা প্রকল্পে ৩৭২ কোটি টাকা খরচ হয়েছে। অথচ বিরোধীদলের পক্ষ থেকে বারে বারে দাবি করা হচ্ছে এর সাফল্য কি? গোটা প্রকল্পটি তৈরি করতে ৬৯৫ কোটি টাকা লাগবে। সেটা সম্পূর্ণ না হলে — ৩৯০ কোটি টাকা কিম্বা ৪০০ কোটি টাকা খরচা করার পর — যদি তার সাফল্যের খতিয়ান বিরোধীপক্ষের সদস্যরা দেখতে চান তাহলে কি করে সম্ভব হবে? আমি তাই বলব, প্রকল্পটি শেষ হওয়া পর্যন্ত আপনারা অপেক্ষা করুন। তবুও এই প্রকল্পে যে পরিমাণ টাকা খরচ করেছে সেই পরিমাণ টাকায় বিরাট সাফল্য আনতে সক্ষম হয়েছে, কাজের অগ্রগতি হয়েছে। কেন্দ্রীয় সরকার ১৫০ কোটি টাকা দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু সেই প্রতিশ্রুতি অনুযায়ী যে টাকা দিয়েছেন তা অত্যন্ত নগন্য। অপরদিকে কংসাবতী প্রকল্পের আধুনিকীকরণের কাজ এগিয়ে চলেছে। এরজন্য টাকা বরাদ্দ করা আছে। এরফলে বিরাট পরিমাণ জমি সেচ সেবিত হবে। ময়ূরাক্ষীরও সমস্যা আছে। দামোদর প্রকল্পের জন্য নতুন করে বাজেট বরাদ্দে সংস্থান রাখা হয়েছে। পরবর্তীকালে বৃহৎ প্রকল্প সুবর্ণরেখা প্রকল্পের কথা সরকার ভাবছে এবং এই কাজে সরকার অনেকটা এগিয়েছে। ইতিমধ্যে বরাদ্দের মধ্যে সংস্থানও রাখা হয়েছে। কিছু কাজ এগিয়ে চলেছে যদিও কেন্দ্রীয় সরকারের বন ও পরিবেশ দপ্তর তিস্তা ও সুবর্ণরেখা প্রকল্পের জন্য অনুমোদন দিচ্ছেন না। কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে বারবার যাওয়া হয়েছে এবং সর্বদলীয় প্রতিনিধি গেছে এবং দরকার হলে আবার যাবে। ভবিষ্যতে সেই প্রকল্প হবেই। বিরোধীদলের সদস্যদের অনুরোধ করব এ ব্যাপারে তাঁরা যেন এগিয়ে আসেন। বন ও পরিবেশ দপ্তরকে অনুমোদন দিতেই হবে। কতদিন ধরে চলবে প্রকল্পের কাজ? সুবর্ণরেখা প্রকল্প ১৯৭৮ সালে কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে বিহার, উড়িষ্যা এবং পশ্চিমবাংলার স্বার্থে এই প্রকল্পের কথা ভাবা হয়েছে। ১৯৭৮ সাল থেকে ১৯৯৩ সাল— আজও পর্যন্ত কেন্দ্রীয় সরকার খতিয়ে দেখছেন, আর

কতদিন পর অনুমোদন পাওয়া যাবে? এই ব্যাপারটি ভেবে দেখতে হবে। মাঝারী সেচ প্রকল্প হয়েছে পুরুলিয়া এবং বাঁকুড়া খরা-প্রবণ এলাকায়। ১৭টি সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং তার কাজের অগ্রগতি হয়েছে। ১৯৯১-৯২ সালে ৩২ হাজার ২৩০ হেক্টর জমি সেচের আওতায় এসেছে। ১৯৯২-৯৩ সালে ২৮- হেক্টর জমি আর ১৯৯৩-৯৪ সালে ৪৩০ হেক্টর জমির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। হুগলি, ভাগিরথী এবং গঙ্গা এই ৩টি নদীতে ভাঙ্গন প্রতিরোধের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কেন্দ্রীয় সরকারের সহায়তায়। ক্ষুদ্র সেচের মধ্য দিয়ে গ্রাম বাংলার যে অগ্রগতি ঘটেছে সেটা কম বড় কথা নয়। ক্ষুদ্র সেচের আওতায় রয়েছে ৩৮ লক্ষ হেক্টর জমি। এই ৩৮ লক্ষ হেক্টরের মধ্যে আজ পর্যন্ত আমরা ২৬ লক্ষ ৪৪ হাজার হেক্টর সেচের আওতায় নিয়ে আসতে সক্ষম হয়েছি, এটা কম বড় অগ্রগতি নয়। ১৬ বছর আগে গ্রাম বাংলায় কেবলমাত্র খরিফ মরশুম ছাড়া অন্য কোনও সময়ে চাষ হত না, এখন এক, দুই, তিন ফসলী জমি দেখতে পাওয়া যাবে, কোনও কোনও এলাকায় সারা বছরই মাঠগুলি সবুজে ঢেকে থাকে। গভীর, অগভীর নলকূপ, স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, পঞ্চায়েতের মাধ্যমে ড্রাগ ওয়েল পাতকুয়া প্রভৃতি তৈরি করে ঠিক যেন একটা কর্মযজ্ঞ শুরু হয়ে গেছে। তারপর লিফট, নদী গুলির দুপাশে রিভার লিফট নদীর জল উত্তোলনের প্রকল্প, এইগুলি আজকে সেচের কাজে সাহায্য করছে। এ ছাড়া জমিদারী বাঁধ, জোড় বাঁধ, ঢল বাঁধ এইগুলি সংস্কার করা হয়েছে। তারপর হাজা-মজা যে সমস্ত পুকুর ছিল এই ১৬ বছরে বামফ্রন্ট সরকারের আমলে সেগুলি সংস্কার করা হয়েছে, নতুন নতুন পুকুর সৃষ্টি করা হয়েছে। নতুন নতুন জোড় বাঁধ, ঢল বাঁধ তৈরি করা হয়েছে ক্ষুদ্র সেচের মাধ্যমে এবং তার ফলে পশ্চিমবঙ্গের গ্রামের চেহারাটা পাল্টে গেছে। আজকে সব সময়েই দেখা যাবে যে মাঠগুলি সবুজে ঢেকে আছে। তা সেচের অগ্রগতি না ঘটলে আজকে পশ্চিমবঙ্গে খাদ্যোৎপাদনে প্রথম স্থান অধিকার করতে পারত না। এগুলি কি কেবল মাত্র সেচের সুবিধার জন্য হয়েছে? তা নয়। মাননীয় বিরোধী দলের সদস্য বললেন সেচের সবচেয়ে বড় সুবিধা পশ্চিমবঙ্গের চেয়েও পঞ্জাব, হরিয়ানা এবং উত্তরপ্রদেশে বেশি আছে, কিন্তু সে সুবিধা থাকা সত্ত্বেও তারা পশ্চিমবঙ্গের সঙ্গে পেরে উঠছে না, তার কারণ হচ্ছে ভূমি সংস্কার। গরিব মানুষের হাতে জমিগুলি দেওয়ার জন্য এই উন্নতি ঘটেছে, তারা প্রবল উৎসাহে আজকে কৃষিকে উন্নতির দিকে নিয়ে যাচ্ছে। তাই মাননীয় মন্ত্রীদ্বয় এখানে যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনগুলির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সেচ দপ্তরের মন্ত্রীদের বাজেট বরাদ্দের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার কার্যকালে আপনার ত্রিবিধ দায়িত্ব, তিনটিই বলা যায়। To what extent you have been successful to create irrigation potential in the State? This is No. (1). No. (2) - To what extent you have been able to prevent the incidences of flood in the State? And my third point is — To what extent you have been able to

prevent the land erosion by the barrages on the rivers including the Ganges? এর সঙ্গে একটা এসে যায়। নদীর প্রবাহ বদলের বিভিন্ন জায়গায় ঝড়ের আবির্ভাব হয়। পূর্বাশা নিয়ে ভারত সরকারের সঙ্গে বাংলাদেশের — আপনি বসতে পারবেন — মুর্শিদাবাদ মালদাতে আমাদের নদী ভেঙ্গে যাচ্ছে, ওপারে চড়া পড়ছে সেখানে একটা ল্যান্ড অর্ডার প্রবলেম দেখা দিয়েছে in addition to the viability of arable fertile land.আমি এটা পরিষ্কার ভাবে জানতে চাই। আমি আপনার কাছে আরো জানতে চাই এই তিস্তা কমান্ড এরিয়ায় ১০৮টি চা বাগান হয়েছে। এই যে ১০৮টি চা বাগান তৈরি হয়েছে তাতে আপনার কমান্ড এরিয়া ভ্যারিয়েশন হচ্ছে কিনা। এই চা বাগান নিয়ে আপনি কোন চিন্তা ভাবনা করেছেন কি? এই ব্যাপারে ইরিগেশন দপ্তরের সঙ্গে পরামর্শ হয়েছে কিনা? আপনি আপত্তি করেছেন, এনভায়রনমেন্ট দপ্তর তিস্তা আটকে দিয়েছে বলছেন। আপনাকে বন ধ্বংস করতে দিতে পারা যায় না। এই প্রোজেক্টা ইউ উইল হ্যাভ টু রিকাস্ট। এই ব্যাপারে কোনও কনফ্রনটেশনের প্রশ্ন আসে না, এটা কমপ্রোমাইজ অ্যান্ড কো-অপারেশনের প্রশ্ন। আপনি তিস্তা নিয়ে ভাবুন, রি-কাস্ট করুন। বন ধ্বংস হয়ে যাবে? আপনাদের বনমন্ত্রী এখানে নেই, বনমন্ত্রী তো পশ্চিমবাংলার বন দফারফা করে দিয়েছে, উত্তরবঙ্গে বন নেই। এখানে প্রশ্নটা নট কনফ্রনটেশন, আপনি আমাদের সঙ্গে বসুন, ডিফিকাল্টি থাকলে উই হ্যাভ টু এক্সটেন্ড আওয়ার কো-অপারেশন। আজকে এনভায়রনমেন্টকে প্রিজার্ভ করে কি ভাবে রি-কাস্ট করলে এই তিস্তা সাকসেসফুল হয় সেটা দেখুন, এই ব্যাপারে উই উইল হেল্প ইউ। এর সঙ্গে আপনার পাওয়ার জেনারেশনের সম্বন্ধে কোনও কথা নেই, পাওয়ার মিনিস্টার বক্তব্যে বলেছেন কিনা জানিনা। এর সঙ্গে পাওয়ার জেনারেশন, মেনলি হাইড্রাল প্রোজেক্ট, এই ব্যাপারে কতদূর কি হয়েছে, আপনার সঙ্গে কো-অর্ডিনেশন কতখানি করে এই প্রকল্পের ব্যাপারে সেটা আমি জানতে চাই। কারণ তিস্তা সম্বন্ধে সারা পৃথিবীতে সাড়া পড়ে গেছে ইউ হ্যাভ ক্রিয়েটেড দি ক্যাসেস। এখানে যারা ছেড়ে গিয়েছে either elemination or by some other suitable way হয়েছে এই সম্বন্ধে কি ব্যবস্থা হচ্ছে? আমাদের ডেপুটি লিডার সুব্রত মুখার্জি সেক্রেটারি কাম চীফ ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে ভিজিলেন্স কমপ্লেন করেছেন। আপনি অবগত আছেন নিশ্চয়ই। তার সব কিছু আটকে আছে। আপনি একটা কমিটি করে তদন্ত করুন। সব দলের পক্ষ থেকে অল পার্টি রিপ্রেজেনটেটিভ নিয়ে আপনার ক্ষমতা থাকলে আপনি একটা কমিটি করুন। এটা করতে পারবেন কিনা বলবেন। আমি পি. এস. সি. কমিটিতে থেকে কিছু জানতে পারিনি। শুধু কংগ্রেস নয়, সব পার্টির পক্ষ থেকে চলুন তিস্তা যাই, অল পার্টি কমিটি অফ দি লেজিসলেচার সেখানে যাক, এখানে কি টাকা অপচয় হচ্ছে সেটা দেখে আসুক। আমাকে বিভিন্ন সোর্স থেকে বলা হয়েছে কন্ট্রাক্টারের নামে, টেন্ডারের নামে এখানে একটা অরাজকতার সৃষ্টি হয়েছে। আপনাকে কষ্ট বেনিফিট রেশিও দেখতে হবে। অন্য দিকে যে অ্যালাইনমেন্ট রয়েছে, কেন কবরখানা দিয়ে যাবে, কেন গরিব মানুষের বাগান দিয়ে যাবে? এটা আপনাকে রিকাস্ট করতে হবে। একটা দাবি বার বার উঠেছে যে আপনার হেড কোয়াটার কলকাতায়

কেন বসিয়ে রেখেছেন। because it is near to writers' building. এখানে কাজ হচ্ছে কি হচ্ছে না সেটাতো দেখতে হবে। আপনি একটা অ্যাডিশনালের কথা বললেন। কিন্তু হেড কোয়ার্টার কেন সেখানে বসাবেন না? কলকাতার প্রতি এত প্রীতি কেন? এই সম্বন্ধে আপনার স্পষ্ট বক্তব্য চাই। ওখানকার সুপারভিশন কি রাইটার্স বিল্ডিং থেকে হবে এটা জানতে চাই। আপনাকে অনুরোধ করব ছোট ছোট যে অঙ্কের প্রকল্প আছে তিস্তা করছেন বলে সেটা নেগলেক্টেড হবে তা নয়। আপনার রিসোর্স কম আছে। ৪টি স্লুইস গেট খুলে দিলে বন্যা হয় না। আমি অভিযোগ করেছি। আমাকে দেখলে আপনার ইঞ্জিনিয়ার পালিয়ে যায়, আমি ধরব বলে। স্লুইস গেট হল, কিন্তু তার কোনও রক্ষণাবেক্ষণ হয়না। কে দেখে এটা, আদৌ কেউ যায়? আপনার দপ্তর থেকে কেউ যায় না। আপনার দপ্তরে চিঠি লিখলে কোনও উত্তর পাওয়া যায় না। কেন এই অনুরোধ করতে হবে? লাঠি ধরলে হবে? আদৌ বন্যা হত না যদি এই ৪টি স্লুইস গেট খুলে দেওয়া হতো, এখানে স্ট্যাগনেশন অফ ওয়াটার হয়েছিল। আসলে এইগুলি খোলা যায় না, মরচে ধরে গেছে, হাতি দিয়েও খোলা যাবে না। স্লুইস গেট রেগুলার মেনটেইন করবেন না? এইগুলি মেনটেনেন্স হয় না? একজিস্ট ইনফ্রাস্ট্রাকচার আছে, এইগুলি আপনি মেনটেনেন্স করবেন না, কেন তার রিপোর্ট দেবেন না? এইগুলি আপনার কাছে জানতে চাই। এই ব্যাপারে আপনার দায়িত্ব আছে। ফ্লাড কন্ট্রোলের সাথে ইরিগেশন পোটেনসিয়াল নেই। মহানন্দা ফার্স্ট ফেজ হয়ে গেছে ১৯৭৫-৭৬ সালে, তারপর সেকেন্ড ফেজ অফ মহানন্দা হল না।

[5-10 – 5-20 p.m.]

আজকে সেটা ভাবনা-চিন্তা করেছেন? আর একটা কথা কোথাও বলেন নি। আপনি বারবার ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েস বাজেট প্লেস করছেন, মহানন্দা সেকেন্ড ফেজ সম্বন্ধে বলছেন না। এখানে একটা সোশ্যাল টেনশন রয়েছে, একটু বৃষ্টি হলে এদিকটা বারে বারে ডুবে যাচ্ছে, এটা আপনি দেখবেন না? শেষ কথা হচ্ছে ডাবল্‌ই হিটেড হচ্ছে এই ট্যাক্সেশনটা। আমরা খুব ধনী দেশ নই। আমরা যে সাবসিডি দিই সেটা ফ্রুট অ্যান্ড ফার্টিলাইজার ছাড়া দিই না। কিন্তু এই ওয়াটার যেটা দিয়ে বিগ পোটেনশিয়াল তৈরি হয়েছে, ইরিগেশনের জন্য যে ট্যাক্স দিতে হয় সেটা নর্ম্যাল কিনা এবং সেটা রিয়ালাইজেশনের কি ব্যবস্থা আছে? একসঙ্গে দশ বছরের ট্যাক্স চাইলে মানুষ তা দিতে পারবে না। এটার রেগুলার সুপারভিশন অব রিয়ালাইজেশনের কি ব্যবস্থা আছে? এই মেশিনারিকে আপনি চালু রাখবেন না? এটা আইদার ইউ ডিসাইড অর ইউ একজেম্পট। আপনি একজেম্পট করে দিন যদি রিয়ালাইজেশন না হয়, এটা নাহলে সোশ্যাল টেনশন অ্যান্ড কোরাপশনের সুযোগ থেকে যাচ্ছে। আপনার ট্যাক্স পলিসি কি? রিয়ালাইজেশনের ব্যাপারে আপনি কোয়ার্শান করবেন কি সার্টিফিকেট জারি করে? আপনার মেথডটা কি এটা জানতে চাই। কারণ আমি পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে বসে কোনও সদুত্তর পাইনি। মাণিক ভৌমিক, ময়নার এম. এল. এ., তিনি বলেছিলেন এবং আমি ম্যাজিস্ট্রেটকে বলেছিলাম, আপনাকে চিঠিও লিখেছিলাম আট হাজার একর জমিতে জল দেবার জন্য। আমি কোন উত্তর পাইনি। ওখানে চাষীরা

সেচের বেনিফিটস পাচ্ছে না, এটা একটা সোশ্যাল প্রোজেক্ট, অথচ বারাবনিতে চাষীদের জল দিতে চাইলেন না। কারণটা কি, না সি. পি. এম.-এর কোন নেতা জেলা পরিষদে বসে বললো জল দেওয়া হবে না, তাই জল দেওয়া হল না। মানুষের বেনিফিটস, আজকে এটা একটা সোশ্যাল প্রোজেক্ট, এটা সি. পি. এম. তৈরি করে দেয় নি। এটা রাশিয়া অর চায়না করে দেয়নি। ইরিগেশন পোটেনশিয়াল যেটা তৈরি হয়েছে, সেটার সুবিধা মাণিক ভৌমিকের এলাকায় দেওয়া হল না। মাণিক ভৌমিক নিজে বলেছে, আমি আপনাকে চিঠি লিখেছি। কিন্তু সি. পি. এম. বলেছে বলে ঐ এলাকায় মাণিক ভৌমিক জিতেছে বলে, জল দিলেন না ঐ এরিয়াতে। এই যে পলিটিক্যাল ইন্টারভেনশন, পার্টিজান পলিটিক্যাল ইন্টারভেনশন, উইল ইট বি অ্যালাউড ইন দি ইরিগেশন ফেসিলিটি অব দি স্টেট? এটার জন্য কি অনুমতি নিতে হবে? এই কথা বলা আছে কোথাও? কেন বললেন না যে, সি. পি. এম. ছাড়া কেউ জল পাবে না? সেখানে তো শুধু কংগ্রেসের লোক চাষ করে না? সবাই তো আইডেন্টিফায়েড নয়? যারা দুস্থ যাদের ধান মার খেয়ে যাচ্ছে তারা জল পাবে না? মাণিক ভৌমিকের ব্যাপারে আমি যে চিঠি দিয়েছি তার উত্তর চাই। এই রকম পলিটিক্যাল ইন্টারভেনশন, সি. পি. এম. সব জায়গায় দাদাগিরি করবে, এর উত্তর চাই। আজকে মাইনর ইরিগেশনের বাজেটও এখানে এসেছে। আমি মাইনর ইরিগেশন সম্বন্ধে তিনটি কথা আপনাকে জিজ্ঞাসা করতে চাই। একজিস্টিং রিভার লিফট্, শ্যালো টিউবওয়েল, ক্লাস্টার টিউবওয়েল যেগুলো ছিল, এগুলোর সুপারভিশন আছে? কতগুলো ডিফাংক্ট, কতগুলো ফাংশনাল এগুলো আপনার দপ্তরে কে সুপারভিশন করে, আপনি অবহিত আছেন কিনা? আমি একাধিকবার এ সম্বন্ধে লিখেছি। এরা যা বলে, ফিল্ডে গিয়ে তো দেখতে পাই ঘুরে বেড়ায়। সুপারভিশন কখনও হয় না। কোন লোক থাকে না। তাদের তো কোয়ার্টার আছে। আর একটা কথা, এখানে তো পাওয়ার সারপ্লাস হয়ে গেছে, তাহলে — আইদার রিভার লিফট্ অর ডিপ টিউবওয়েল, পাম্প — এই জাতীয় পাম্পগুলো কেন এনার্জাইজ হবে না? এখানে তো পাওয়ার সারপ্লাস, তাহলে এগুলোর এনার্জাইজ কেন সম্ভবপর হচ্ছে না? বোম্বে, মহারাষ্ট্র, উত্তর প্রদেশের মতো জায়গায় দীজ আর বিয়িং ইলেক্ট্রিফায়েড, আর এখানে হোয়াই আর ইউ ডিপেন্ডিং আপন ডিজেল অর সাচ আদার ফুয়েল? এই জিনিসটা আপনার কাছে আমি জানতে চাইছি। আপনার দপ্তরে কিছু প্রোজেক্ট আছে যেখানে রিডানডান্ট পার্চেজ হয়। আপনি কি অবহিত আছেন যে, এই সমস্ত প্রজেক্টে সাব-স্ট্যান্ডার্ড মেটিরিয়াল পার্চেজ হয়? এই পার্চেজ বিরাট দুর্নীতি চক্র — এই সমস্ত সাব-স্টান্ডার্ড মেটিরিয়াল পার্চেজ করেছে — এ সম্বন্ধে আপনি অবহিত আছেন? এই পার্চেজ সম্বন্ধে একটা তদন্ত হয়েছে? সেখানে আপনি কি পার্চেজ করেছেন ডিউরিং ইওর রেজিম ফর টু ইয়ার্স? আজকে প্রোজেক্টস সম্বন্ধে বিরাট অভিযোগ উঠেছে, আমরা এটা জানতে চাই। এর সঙ্গে অ্যাগরো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন আপনার সঙ্গে আছে দেখছি। এটা কিসে আলোচনা হবে তা আমি জানি না। কিন্তু আপনি মন্ত্রী বলে আপনার কাছে জানতে চাই, বেশ কিছু পাম্প সচল ছিল, এগুলোকে ঠিক রাখার দরকার ছিল। এগুলো আজকে কোবাটাকে দিয়ে দেওয়া হচ্ছে। এইচ. এম. টি.-কে কন্ট্রাক্ট বেসিসে দেওয়া যেতে পারতো। এগুলো প্রাইভেটাজেশন হচ্ছে। কেরালা ম্যানুফ্যাকচারের বদলে কোবাটা এবং সাম আদার ব্রান্ডকে, প্রাইভেট এজেন্সিকে দেওয়া হচ্ছে। সে সম্বন্ধে আপনি কি বলবেন?

মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই যে, এই যে উত্তরবঙ্গে পাল রাজা বা সেন রাজাদের সময়ে বিরাট বিরাট ট্যাঙ্ক ছিল যেগুলো আনন্যাচারাল মনে হয় সেগুলোর আজকে কি হবে? আমার তো মনে হয় আপনি ওই ট্যাঙ্কগুলো আপনি দেখেন নি, দেখেছেন বলে তো মনে হয় না। এইসব বড় বড় ট্যাঙ্কগুলোর ইরিগেশনের পোটেনশিয়ালিটি কতখানি বা পিসিকালচার কতখানি করা যায় সেটা একটু চিন্তা ভাবনা করেছেন কি? আপনি তো ফিশারিজ মিনিস্টারের সঙ্গে গিয়ে নদীতে মাছ ছাড়ছেন। আপনারা নদীতে মাছ ছাড়ছেন আর পুকুরে মাছ ছাড়ছেন না কেন? ওখানে ৩টি জিনিস করা যায় যেমন ইরিগেশন, পিসিকালচার এবং ক্রপ ইয়েল্ড। এই বিষয়ে মাননীয় মন্ত্রী তাঁর জবাবি ভাষণে উত্তর দেবেন। আসলে আপনাদের এতগুলো দপ্তর উত্তর দেওয়াও মুশকিল, বিনয় বাবু থাকলে ভালো হত ওই বৃদ্ধকে বলতে পারতাম এই যে ৩৮ লক্ষ হেক্টর জমি রয়েছে আজকে এর কি হবে? আজকে এই জিনিসটা আপনার কাছে জানতে চাইছি আদৌ কি এটা দিয়ে কিছু হবে এবং এই জিনিসটা আমাদের জানার দরকার। এই অ্যাগ্রো ইন্ডাস্ট্রির একটা বড় ফাংশন ছিল। আজকে এটা মরিবান্ড হয়ে যাচ্ছে। এর অনেকগুলো দায়িত্ব চলে যাচ্ছে। এর যে মিনিকিট করার দায়িত্ব ছিল সেটা সীড কর্পোরেশনের হাতে চলে গেছে। তাহলে ওদের রোলটা কি ওটা যদি জানান তাহলে কৃতার্থ হব। এই কথা বলে আজকে যে বাজেট বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন যেহেতু এর নর্মস নেই, সম্পূর্ণ বুলিসর্বস্য এবং আজকে এর কোনও পারফরমেন্স নেই। জমির ব্যাপারে একজন বললেন ৩৮ লক্ষ হেক্টর জমি আরেকজন বললেন ৬ পারসেন্ট জমি, এত জমি কোথায়? সুতরাং এই যে ভুল তথ্য দেওয়া হচ্ছে মাননীয় স্পিকার মহাশয় এটা সংশোধন করে নিতে বলুন তা না হলে এটাকে ডেফার করে দিন এই কথা বলে এতগুলো মন্ত্রীর দাবির বিরোধিতা করছি এবং আমাদের আনীত ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ দপ্তরের বাজেট বরাদ্দ পেশ করার পরিপ্রেক্ষিতে সেই সম্বন্ধে যে সমস্ত মাননীয় সদস্যরা অংশগ্রহণ করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। আমার এই দপ্তর অধুনা মূলত ৩টি বিষয়ের উপরে কাজ করে। এক হচ্ছে জলসেচ ব্যবস্থা অন্যদিকে নিকাশি ব্যবস্থা বন্যা নিয়ন্ত্রণ এবং ভূমি ক্ষয়। আমাদের এই রাজ্যের যে ভৌগলিক অবস্থান সেই ভৌগলিক অবস্থায় বিশেষ সমস্যা আছে। সেই সমস্যাগুলো অন্য রাজ্যের থেকে এই রাজ্যকে পৃথক করে দিয়েছে। একদিকে যেমন এই রাজ্যের উত্তরবঙ্গের যে নদীগুলো আছে সেই নদীগুলোর সবটাই প্রতিবেশী রাষ্ট্রের থেকে এসেছে। সুতরাং সেই নদীগুলোর নাব্যতা ঠিক রাখার ক্ষেত্রে প্রতিবেশী রাষ্ট্রগুলির দায় দায়িত্ব এই রাজ্যকে বহন করতে হয়। প্রথম থেকেই উত্তরবঙ্গের সমস্ত নদীগুলো প্রতিবেশী রাষ্ট্রের থেকে নুড়ী বা পাথর এসে নদীর যে গতিপথ এবং তার যে গভীরতা সেগুলো বন্ধ করে দিয়েছে, সেগুলো মরে যাচ্ছে। এক্ষেত্রে রাজ্যের একার ক্ষমতায় নদীর নাব্যতা বজায় রাখা সম্ভব হবে না। সেই সঙ্গে সঙ্গে ভূমি ক্ষয়ের ক্ষেত্রে প্রতি বছর যে বন্যা হয় সেই বন্যার হাত থেকে এই সমস্ত এলাকা সব সময়ে রক্ষা করা সম্ভব হয় না।

[5-20 – 5-30 p.m.]

এই জন্য আন্তর্জাতিক সম্পর্কযুক্ত এই নদীগুলোর দায়ভার বহন করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটা ভূমিকা আছে। সুতরাং কেন্দ্রীয় সরকারকে সেই ভূমিকা পালন করতে হবে বলে আমি মনে করি। এই রাজ্যে ভূমিক্ষয় বা ইরোশন একটা মূল সমস্যা। এই নদীবহুল ছোট, বড় যে নদীগুলি আছে তাতে ভাঙ্গন সমস্যা অনেক প্রকট আকারে দেখা দিয়েছে। এই জন্য আমাদের মূল যে নদী গঙ্গা, ভাগীরথীকে ধরে যে ৪৩০ কিলোমিটার রাস্তা, সেই সবগুলিকে এক সাথে করে নিয়ে একটা পরিকল্পনা আমরা প্রস্তুত করেছি। ৩৫৫ কোটি টাকার এই পরিকল্পনায় মূলত আমরা কেন্দ্রীয় সরকারের জলসম্পদ মন্ত্রীর পরামর্শে করেছি এবং আমাদের সঙ্গে তিনি যখন নবদ্বীপে যান এবং আলোচনা হয় তখন আমরা বলি যে গঙ্গার ভূমিক্ষয় যে সমস্যা, সেই সমস্যা রাজ্যের ক্ষেত্রে বা নির্দিষ্ট একটা জায়গায় হয় না। এই ভূমিক্ষয় বা ভাঙ্গন এক রাজ্যে প্রতিরোধ করলেই হবে না। সামগ্রিকভাবে একটা পরিকল্পনা করতে হবে। এই ভাঙ্গনের ব্যাপারে কংগ্রেস আমলে সামগ্রিকভাবে কোনও পরিকল্পনা প্রস্তুত করার ভাবনা চিন্তা ছিল না। আমরা সর্বপ্রথম এই ভাবনা-চিন্তা করি, এটাকে একটা কম্প্রিহেন্সিভ প্ল্যান আকারে। এই পরিকল্পনা আমরা তৈরি করেছি এবং কেন্দ্রীয় সরকারের জলসম্পদ মন্ত্রী যে পরামর্শ দিয়েছেন সেই পরামর্শ মতো আমরা পরিকল্পনা প্রস্তুত করছি এবং আলোচনা করছি। কিন্তু সেই আলোচনার ব্যাপারে এক বৎসর পরেও কোন খবর আমাদের কাছে আসেনি। এই পরিকল্পনা সম্পর্কে তারা কি দৃষ্টিভঙ্গি গ্রহণ করছেন এখনো পর্যন্ত আমাদের কাছে তা স্পষ্ট নয়। যে জায়গাগুলো আমাদের কাছে খুবই উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে সেটা হচ্ছে মাণিকচক থেকে পঞ্চানন্দপুর হয়ে ফারাক্কা পর্যন্ত। এই ৩৫ কিলোমিটার নদীর পাড় ক্রমাগত ভাঙ্গছে। এটা গত ১৭ বৎসর ধরে হচ্ছে, এই নদী ক্রমাগত বাঁদিকে ভাঙ্গার ফলে ১০ বার বাঁধটাকে পিছিয়ে দেওয়া হয়েছে। ঐ এলাকার বিপদ এখনো কাটেনি, বিপদ এখনো সেই এক জায়গায় আছে। এইভাবে মাণিকচক এবং মালদায় একটা বিপদ দেখা দিয়েছে। ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের সাথে আমরা কথা বলেছিলাম, যে আপনারা আপনাদের তরফ থেকে একটা পরিকল্পনা তৈরি করুন। তারা আমাদের বললেন চার বৎসরের আগে কোনও পরিকল্পনা তৈরি করা যাবে না। এর মাঝখানে আমরা সাত কোটি টাকার একটা পরিকল্পনা তৈরি করেছি। যদিও এই পরিকল্পনাটি এই মুহূর্তে বাস্তবায়িত করা সম্ভব নয়। সেই জন্য ৭০ লক্ষ টাকা ব্যয়ে আমরা আপতকালীন একটা পরিকল্পনা তৈরি করেছি এবং আমরা সেইভাবেই অগ্রসর হচ্ছি। তবে আমরা এখনো পর্যন্ত নিশ্চিন্ত নয়, যে এই পরিকল্পনার ফলে আমরা ভালো ফল পাব। আমরা এটা জানি যে গঙ্গা শুধু আমাদের পশ্চিমবাংলার নদী নয়, গঙ্গা আমাদের জাতীয় নদী। গঙ্গা একটা আর্ন্তজাতিক সীমারেখা নির্ধারণ করেছে। এই রকম অবস্থার উপর দাঁড়িয়ে গোটা উত্তর ভারতের জলরাশি এসে গঙ্গার মাধ্যমে সাগরে গিয়ে পড়ে এবং আমাদের রাজ্যকে এই দায়ভার বহন করতে হয়। যে জল এই রাজ্যের মধ্যে দিয়ে প্রবাহিত হয়, সেই জলকে নিয়ন্ত্রণ করা, ভাঙ্গন রোধ করা একটা জাতীয় দায়িত্ব। এটা নিশ্চয় প্রাদেশিকতা নয়, এটা নিশ্চয় বামফ্রন্টের কথা নয়, এই প্রশ্নটা সামগ্রিকভাবে পশ্চিমবাংলার মানুষের কাছে একটা সমস্যা এবং এই সমস্যা মোকাবিলার ক্ষেত্রে আমাদের যে দাবি তাতে কেন্দ্রীয় সরকারের এগিয়ে আসার দরকার আছে। কিন্তু তারা এই ব্যাপারে

এগিয়ে আসেনি। এটাই হচ্ছে আমার বক্তব্য এবং এই দাবিই আমরা আবার করছি। সঙ্গে সঙ্গে এটাও বলতে চাই যে আন্তর্জাতিক সীমা নির্ধারণ করার ক্ষেত্রে যেসব নদীর ভূমিকা আছে যেমন একদিকে উত্তরবঙ্গে গঙ্গা, ভাগীরথী এবং দক্ষিণবঙ্গে ইছামতি, কালিন্দী যা প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের সঙ্গে সীমা নির্ধারণ করে সে ক্ষেত্রে যে সমস্যাটা হয় সেটা হচ্ছে যে আমরা যদি কোন রকম কাজ সেখানে করতে যাই তাহলে সে ব্যাপারে প্রতিবেশী রাষ্ট্র থেকে নানান রকমের বাধা আসে। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের একটা ভূমিকা থাকা দরকার যাতে সংশ্লিষ্ট রাষ্ট্রগুলির সঙ্গে পরামর্শ করে ভাঙ্গন রোধের ব্যাপারে কাজ করা যায়। এরজন্য কেন্দ্রীয় সরকারের যে বরাদ্দকৃত অর্থ সেটা আমরা পাই না। এন্যান্য রাজ্যগুলি এটা পেলেও সেই অর্থ থেকে আমরা বঞ্চিত হই। আমাদের বক্তব্য হচ্ছে আন্তর্জাতিক সীমারেখা নির্ধারণের ক্ষেত্রে যেসব নদীর ভূমিকা আছে এবং সেখানে ভাঙ্গনের ফলে যে অবস্থার সৃষ্টি হচ্ছে — এপারে পাড় ভাঙ্গছে, ওপারে চর গজিয়ে উঠছে — এই ভাঙ্গন প্রতিরোধকল্পে কেন্দ্রীয় সরকারের যে বিশেষ তহবিল আছে সেই টাকার আমাদেরও প্রয়োজন আছে। আমরা আমাদের দাবির কথাটা কেন্দ্রীয় সরকারকে স্পষ্টভাবে বলেছি, আজকে এই সভায় দাঁড়িয়ে তা আবার বললাম। তারপর যে প্রশ্নটা বিধানসভায় আলোচিত হয়েছে সেটা হচ্ছে সমুদ্র উপকূলবর্তী এলাকার কথা। এ ক্ষেত্রে বিশেষ করে মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলা যেগুলি সুদ্রের উপকূলবর্তী জেলা হিসাবে চিহ্নিত সেখানে জলনিকাশি এবং নদী বা সাগরের ভাঙ্গন প্রতিরোধকল্পে কেন্দ্রীয় সরকারের যে বিশেষ পরিকল্পনা আছে সেই পরিকল্পনার অর্থও আমাদের রাজ্যের প্রাপ্য। কিন্তু এখনও পর্যন্ত সেই খাতের অর্থ আমরা পাই না, এই খাতের অর্থের প্রয়োজন আমাদের আছে বলে আমরা মনে করি। এই সভায় মেদিনীপুরের সদস্যরা একটা প্রশ্ন তুলেছেন যে তমলুকে যে পূর্ব মেদিনীপুরের ডিভিসন আছে সেই ডিভিসনটা তমলুকে নিয়ে আসা হোক। এই দাবি তারা অনেকবার করেছেন, আজকে বিধানসভাতেও তারা সেই দাবি রাখলেন। আমরা নীতিগতভাবে তাদের দাবির সঙ্গে একমত এবং ঐ পুরো এলাকার কোন অফিশটা কার সঙ্গে যাবে, না যাবে এ নিয়ে আমরা একটা পরিকল্পনা তৈরি করেছি এবং সেটা এখন পরীক্ষা নিরীক্ষা হচ্ছে। সেখানে কিছু টেকনিক্যাল পয়েন্ট উঠেছে, সেগুলি নিয়ে আমরা আলাপ আলোচনা করছি। আমরা মনে করি যে তমলুকে এই সাবডিভিসনটি আসার প্রয়োজন আছে। নীতিগতভাবে এটা আমরা স্বীকার করি এবং তারজন্য প্রয়োজনীয় কাগজপত্র আমরা প্রস্তুত করছি। কন্টাই সাবডিভিসনে স্লুইস গেটের ব্যাপারে প্রশ্ন উঠেছে। সেখানে জমি নিয়ে হাইকোর্টে মামলা ছিল, মামলা থাকার জন্য খাল কাটার কাজ শেষ করা যায়নি, এখন মামলা উঠে গিয়েছে, সেই কাজ আমরা করার চেষ্টা করছি। মাননীয় একজন সদস্য ভালুকা নিয়ে প্রশ্ন তুলেছেন। উনি কবে সেখানে গিয়েছিলেন আমি জানি না তবে গত জুন মাসে আমি সেখানে গিয়েছিলাম এবং সেখানে গিয়ে দেখে এসেছি যে তার কাজ শেষ হয়ে গিয়েছে। বর্ষা হলে, বন্যা হলে কাজ হয় একথাটা ঠিক নয়। আমি নিজে গিয়ে দেখে এসেছি যে সেখানকার কাজ শেষ হয়ে গিয়েছে। আমি গতবারের জুন মাসের কথা বলছি। মাননীয় সদস্য অসত্য কথা বলেছেন। একজন মাননীয় সদস্য গঙ্গার পলি তোলা নিয়ে বলেছেন, পলি যেটা জমে থাকে সেটা তোলা ইরিগেশন দপ্তরের কাজ নয়। এটা পোর্ট ট্রাস্ট বা সেন্ট্রাল গভর্নমেন্টের কাজ। এই কথা বলে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে

এবং আমাদের ব্যয়বরাদ্দ সকলে সমর্থন করবেন এই আশা করে আমি শেষ করছি।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার জন্য সময় বরাদ্দ হয়েছে ১০ মিনিট, এই সময়ের মধ্যে হয়ত সমস্ত বিষয় যেটা আমি বলতে চাই বলতে পারব না। তা সত্ত্বেও আলোচনার সময় যে সমস্ত বিষয়গুলি উঠেছে আমি তার জবাব দেওয়ার চেষ্টা করছি।

[5-30 – 5-40 p.m.]

বিরোধী দলের যিনি নেতা তাঁকে নিয়ে মোট ১০ জন বিধায়ক আলোচনায় অংশ নিয়েছেন। তার মধ্যে তাঁকে ধরে সাতজন বিধায়ক আমার দপ্তর ক্ষুদ্র সেচ দপ্তর সম্পর্কে প্রশংসা করেছেন এবং সমালোচনাও করেছেন। যাঁরা প্রশংসা করেছেন এবং যাঁরা সমালোচনা করেছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানাই। অন্তত পক্ষে ক্ষুদ্র সেচ দপ্তর তার যে একটা বিপুল সম্ভাবনা আছে সেচের দিক থেকে এবং কৃষির দিক থেকে সেটা আজকে সকলে স্বীকার করেছেন। আপনাদের স্মরণ করতে বলি এই যে বছর আমাদের যাচ্ছে, গত বছর বৃষ্টিপাত অনেক কম হয়েছিল, নদীতে ব্যারেজে অনেক কম জল ছিল, মাটির তলায় অনেক কম জল জমেছিল। আমাদের বাধ্য হয়ে রবি চাষ এবং বোরো চাষ সীমিত করতে বলা হয়েছিল দপ্তর থেকে। তা স্বত্তেও ৭ লক্ষ হেক্টর জমিতে বোরো চাষ হয়েছে। আমরা আশঙ্কা করেছিলাম বৃষ্টিপাত যেহেতু কম হয়েছে, জল না থাকায় শস্যহানি হয়ে যাবে। শস্যহানি কিছু কিছু জায়গায় হয়েছে, বোরো চাষ যেখানে যেখানে সীমিত করতে বলা হয়েছিল সেই রকম অনেক জায়গায় নিজেরা চাষ করেছিলেন বলে, জল দেওয়া যায়নি বলে শস্যহানি হয়েছে। আমি এই কথা বলতে পারি ক্ষুদ্র সেচ ব্যবস্থা। এই রকম কোনও অভিযোগ আসেনি, যে ঐ দপ্তরের জন্য ফসল হানি হয়েছে। সেই জন্য সকলকে অভিনন্দন জানাই, আমার দপ্তরের সকল ইঞ্জিনিয়ারকে, কর্মীদের এবং বিদ্যুত দপ্তরের কর্মীদের এবং পঞ্চায়েতের লোকেরা যারা সাহায্য করেছেন, এবং বিধায়করা যারা আমাদের সহযোগিতা করেছেন, তাদের সকলকে অভিনন্দন জানাই। এই রকম ভাবে প্রায় খরা পরিস্থিতিকে উত্তোরণ করা গেছে এবং মোটামুটিভাবে আমাদের রাজ্যের লোকেরা মনে করেন ক্ষুদ্র সেচের এই ব্যবস্থার কোনও বিকল্প নেই। এই ব্যবস্থা একটা প্রধান ব্যবস্থা এবং ব্যবস্থাটা টিকিয়ে রাখতে হবে এবং সম্প্রসারিত করতে হবে। সেই রকম একটা দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা কাজ করছি। আপনারা এটা বলছেন যে এটা শুধু বিশ্ব ব্যাঙ্কের সহায়তার ব্যাপার, রাজ্য সরকারের কোনও ভূমিকা নেই, এটা আদৌ ঠিক নয়। বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় একটা বড় প্রকল্প কার্যকর করতে যাচ্ছি। আমরা আশা করছি ঠিক সময়ে এই প্রকল্প আমরা শেষ করতে পারব। আমি আপনাদের একটা ভাল খবর বলি। সেটা হল এই যে ১৫৬ কোটি টাকা ডিভ্যালুয়েশনের পরে প্রোজেক্ট কস্ট ৩২৯৩ কোটি টাকায় দাঁড়িয়েছিল বিশ্ব ব্যাঙ্কে। বিশ্ব ব্যাঙ্ক প্রোজেক্টে যে কাজ আমাদের করতে বলা হয়েছে, সেই সমস্ত কাজ শেষ হয়ে যাবার পর ৯০ কোটি টাকা উদ্বৃত্ত হবে, তা দিয়ে আমরা সেচ সম্ভাবনা সৃষ্টি করার জন্য খরচ করতে পারবো, সেইজন্য একটা এক্সপ্যান্ডেড প্রোগ্রাম আমরা বিশ্ব ব্যাঙ্কের কাছে উপস্থাপিত করেছি এবং তাতে আমাদের বরাদ্দ ধরা হয়েছে ৮৭ কোটি টাকা এবং এই যে এক্সপ্যান্ডেড প্রোগ্রাম এই প্রোগ্রামের জন্য আমরা সবচেয়ে বেশি নজর দিয়েছি উত্তরবঙ্গের

জেলাগুলোর প্রতি। দুটি কারণ, একটা হলো উত্তরবঙ্গের জেলাগুলিতে এমনিতে সেচ সম্ভাবনা আছে কম। আর একটা কারণ হলো উত্তরবঙ্গের জেলাগুলিতে মাটির তলায় যে জল আছে সে জল এখনো পর্যাপ্ত পরিমাণেই আছে। সে জল এখনও আমরা ভালভাবে ব্যবহার করতে পারি। সুতরাং আমাদের এক্সপ্যান্ডেড প্রোগ্রাম কার্যকর করতে হবে। আমাদের সে প্রোগ্রাম কার্যকর হলে পরে আমরা আরো প্রায় এক লক্ষ হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করতে পারব। সুতরাং এটা আমরা করছি। আমাদের চালু যে প্রকল্পগুলো — নর্মাল স্কীম — আমাদের স্টেটের টাকায় আমরা করছি, তাদের রক্ষণাবেক্ষণ আমরা করছি। তার সংখ্যাও কম নয়। সেগুলো আমাদের চালু আছে। আমি যদি চালু থাকা কিছু প্রকল্পের হিসাব দিই তাহলে দেখবেন মাইনর ইরিগেশন কর্পোরেশনের যে ডিপ টিউবওয়েলগুলো আছে বা আর. এল. আই.-গুলো আছে, সে সবগুলোই চালু আছে, একটাও বন্ধ হয় নি। মাইনর ইরিগেশন কর্পোরেশনের আর্থিক অবস্থা ভাল আছে, না খারাপ আছে তার মধ্যে না গিয়ে আমরা দায়িত্ব নিয়েছি, আমাদের কৃষি ইঞ্জিনিয়ারিং আধিকারিকরা চালু রাখবার দায়িত্ব নিয়েছেন, চালু রেখেছেন। যে ক্ষেত্রে আমাদের মাইনর ইরিগেশন কর্পোরেশন টাকা নিয়েছে, কিন্তু কাজগুলো করতে পারেনি, সে ক্ষেত্রে আমরা সিদ্ধান্ত নিয়েছি এগ্রি-ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টোরেট-এর তরফ থেকে সে কাজগুলো আমরা করে দেব। সুতরাং এতে কেবল মাত্র বিশ্বব্যাঙ্কের ভূমিকা আছে, আমাদের রাজ্যের কোনও ভূমিকা নেই, এ কথা আদৌ ঠিক নয়। মাননীয় বিরোধী দলের নেতা কতকগুলো প্রশ্ন তুলেছেন, তার জবাব আমার আগে দেওয়া উচিত। যেগুলো খারাপ হয়ে আছে সেগুলোর বেশীরভাগই আর চালু করা যাবে না। কারণ সেগুলো চোকড় হয়ে গেছে। সেগুলোতে অনেক অসুবিধা আছে। কিন্তু যেগুলো চালু আছে, সেগুলো চালু থাকবে। সে ক্ষেত্রে কোনও অসুবিধা হবে না। যদি অসুবিধা হ'ত তাহলে এবারে বোরো চাষে এরকম একটা পরিস্থিতিতেও আমরা সাফল্যলাভ করতে পারতাম না। এখানে বিদ্যুত সরবরাহের কোনও অসুবিধা নেই। আমি এবারে হোল সেশনে একটা মাত্র টেলিগ্রাফ পেয়েছিলাম এবং বিধানসভায় মাত্র দুজন বিধায়ক ক্ষুদ্র সেচ নিয়ে প্রশ্ন তুলেছেন। সুতরাং আমরা জানি আমরা কি ভাবে কতটা সাফল্যলাভ করেছি। বিতর্কের মধ্যে আর না গিয়েও বলতে পারি পার্চেসের ব্যাপারে এখানে বলা হয়েছে। আমাদের এখানে পার্চেসের যে ব্যবস্থা আছে তাতে একটা সেন্ট্রালাইজড পোর্সান আছে, আর একটা ডিসেন্ট্রালইজড পোর্সান আছে। আমরা যার যা প্রয়োজন তা সেন্ট্রালি জানি। এর আগে একটা কমিটি হয়েছিল। সেই কমিটিতে ঠিক হয়েছিল কোন কোন মাল সেন্ট্রালি পার্চেস করতে হবে বা প্রোকিয়োর্ড করতে হবে এবং তা করে সেইভাবে সরবরাহ করা হবে। আর কোনগুলো ডিসেন্ট্রালইজলি হবে, স্থানীয় অফিশাররাই কোনগুলো টেন্ডারের মাধ্যমে পার্চেস করবেন। সুতরাং এর মধ্যে কোনও গোলমাল নেই। আমাদের প্রত্যেকটা পার্চেসই টেন্ডারের মাধ্যমে হয়। সেক্ষেত্রে আমাদের কাছে এরকম কোনও খবর নেই, সাব-স্ট্যান্ডার্ড মাল কেনা হয়েছে, দুর্নীতি হয়েছে। যদি মাননীয় সদস্য জেনে থাকেন, কোনও পার্টিকুলার বিষয় যদি উনি আমাদের নজরে আনেন তাহলে আমি ওঁকে আশ্বস্ত করতে পারি, সে বিষয়ে তদন্ত করা হবে, যারা অপরাধী তাদের শাস্তির ব্যবস্থা করা হবে, যিনি যত উঁচুতলার অফিশারই হোন না কেন, তাঁকে রেহাই দেওয়া হবে না। আর যে সমস্ত ডিফাংট ডিপ টিউবওয়েল, আর. এল. আই. এবং এস. টি. ডাব্লিউ ইত্যাদি আছে — হ্যাঁ, কিছু আছে, কিন্তু চালুর

সংখ্যা অনেক বেশি আছে। আমাদের ১১ থেকে ১৩ পারসেন্ট আর. এল. আই এবং ডিপ টিউবওয়েল ডিফাংট হয়ে আছে। এর কতকগুলো কারণ আছে। তার মধ্যে একটা হচ্ছে ট্রান্সফর্মার থেফ্ট, সোর্স লাইন থেফ্ট। আর কিছু চোকড্ হয়ে গেছে। মেশিন চোকড্ হয়ে গেছে। যেসব জায়গায় ফার্স্ট-টাইম ট্রান্সফর্মার থেফ্ট হয়েছে সেখানে আমরা রিপ্লেস করেছি। কিন্তু যেখানে কনসিকোয়েন্টলি থেফ্ট হয়েছে, সাবসিকোয়েন্টলি থেফ্ট হচ্ছে সেখানে আমরা চোরেদের সুবিধা করার জন্য আবার একটা ট্রান্সফর্মার দেব যাতে চুরি হয় — সে ব্যবস্থা আমরা করতে পারব না। সেই গ্যারান্টি চাই, নাহলে হবে না। সুতরাং সেগুলো ছাড়া আর বাকি যা আছে — যেগুলো রিড্রিলিং করার দরকার আছে সেগুলো আমাদের ইঞ্জিনিয়াররা দেখছে, রিড্রিলিং-এর প্রোপোজাল দিচ্ছে, আমরা রিড্রিলিং করছি। সুতরাং বেশীরভাগ টিউবওয়েল, যেগুলো অচল অবস্থায় আছে তার মধ্যে একটা বড় অংশকে সচল করা সম্ভব হবে না।

[5-40 – 5-50 p.m.]

যদি এইরকম দেখি, সেই জায়গায় মাটির তলায় জল আছে, অন্যান্য কনডিশন ফুলফিল হচ্ছে তাহলে আমরা সেখানে নতুন টিউবওয়েল বরং বসিয়ে দেব। সেচ এলাকায় যে সমস্ত ক্ষোভ উঠেছে — একজন সদস্য বললেন ২২ পারসেন্ট সেচ আছে - জয়নাল সাহেব বললেন এত জমি ভূ-ভারতে নেই — আমাদের যে হিসাব আছে তাতে পশ্চিমবাংলায় গ্রস ক্রপ এরিয়া ৬৮ লক্ষ হেক্টর। আর জয়নাল সাহেব যে হিসাব দিলেন ১ কোটি ৮০ লক্ষ একর। তার মধ্যে মেজর এবং মাইনর ইরিগেশন যা দেখতে পাচ্ছি, এ পর্যন্ত ৩০.০৮ লক্ষ হেক্টর। তার মানে আমাদের ইরিগেটেড এরিয়া হল ৪৬.৫২ পারসেন্ট। সুতরাং এখানে আর কোনও গোলমাল হওয়া উচিত নয় বলে আমি মনে করি। যাই হোক, আমি নতুন একটি প্রস্তাবের কথা বললাম — এক্সপ্যানডেট প্রোগ্রাম — সেটা দেখুন। তাতে উত্তরবঙ্গের কৃষকেরা অনেকবেশি উপকৃত হবেন। এই কয়েকটি কথা বলে যে সমস্ত কাট-মোশন আনা হয়েছে বিরোধীদলের পক্ষ থেকে তার বিরোধিতা করে এবং এই বাজেট প্রস্তাবকে আপনারা অনুমোদন করবেন এই আশা নিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি তার উপর প্রায় ১৩ জন সদস্য অংশ গ্রহণ করেছেন এবং বিরোধী দলের ৬ জন সদস্য অংশ গ্রহণ করেছেন। আমি খুব আনন্দিত যে বিরোধীদলের নেতা ডাঃ জয়নাল আবেদিন আমাদের এই খাতে অংশ গ্রহণ করে বিতর্কে মর্যাদা বাড়িয়েছেন এবং আরো যাঁরা বিরোধীদলের সদস্যরা বলেছেন আমি তাঁদের সঙ্গে সব বিষয়ে সহমত না হলেও একথা বলার ঔদ্ধত্য নেই যে তাঁরা অজ্ঞানবশত কথা বলেছেন। কিন্তু ঠিক ঠিকভাবে তথ্যগুলো পরিবেশন না করে দিলে অনেক সময় ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে। মাননীয় স্পিকার মহাশয়, আমি একটু সময় নিতে চাই। এই কারণে আমি চাচ্ছি, যতগুলি প্রশ্ন উঠেছে সমস্ত প্রশ্নগুলোর জবাব দিলে হাউসের যেমন মর্যাদা রক্ষা হয়, তেমনি নিজের কাছেও আমি স্যাটিসফ্যায়েড হব। সেইজন্য আমার ২০ মিনিটের জায়গায় ২৫ মিনিট লাগতে পারে। সমস্ত পয়েন্টগুলি উত্তর দেবার চেষ্টা করব। প্রথমত আমি এটা স্বীকার করে নিচ্ছি প্রিন্টার্স ডেভিল হয়ে গেছে বাজেটে। ৬১১ মিলিয়ন বলা হয়েছে — এটা প্রিন্টার্স

ডেভিল, এটার কারেকশন আগেই করে দেওয়া উচিত ছিল। তাঁরা এটা সংশোধন করার সুযোগ দিয়েছেন তারজন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। তারপর যে হিসাব নিয়ে ভুল বোঝাবুঝির চেষ্টা হয়েছে ডাঃ ওমর আলি তা পরিষ্কার করে দিয়েছেন। আসলে যখন মন্ত্রী হলাম তখনও গোলমাল লাগতো — সি. পি. এম. কমান্ড এরিয়া, ইরিগেশন পোটেনসিয়াল অ্যাকচুয়াল পোটেনসিয়াল — এগুলির গ্রস আর নেট। যে ফিগারটা দেবার চেষ্টা করলেন সেটা হচ্ছে নোট, আসলে বড় দেখতে লাগছে, যে কথাটা ইনফরম্যালী মাননীয় জয়নাল আবেদিন সাহেব আমার পাশে এসে বললেন সেটা হচ্ছে আমরা যখন বলি খরিফ, রবি এবং বোরো এই ৩টে কে যোগ করে যখন দিচ্ছি সেটাকেই আসলে বলি, সেজন্যই অনেক সময় ভুল বোঝাবুঝি হয়ে যায়। অবার আমি আসল জায়গায় আসার চেষ্টা করছি। সে কথাগুলি আসলে আমি প্রেসাসলি অ্যান্ড পয়েনটেডলি উত্তর দেবার চেষ্টা করব। এ ছাড়া একটা কথা হয়েছে, আমরা তিস্তা প্রকল্পের জন্য আমাদের দক্ষিণ বঙ্গের প্রকল্পগুলিকে স্টপ করা হয়েছে এ কথাটা ঠিক নয়। একটা ব্যালেন্সড আউটলুক নিয়েই আমরা এটা করবার চেষ্টা করছি। ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের আমল থেকে যেটা হয়েছে আমরা দেখছি সাধারণত পশ্চিমবঙ্গের মধ্যে যেটা পশ্চিমবঙ্গ বিশেষ করে ময়ূরাক্ষী, কংসাবতী এবং ডি. ভি. সি. সেটা মূলত বীরভূম, মুর্শিদাবাদ, বর্ধমান, হুগলি, বাঁকুড়া, মেদিনীপুর এবং হাওড়া এই ৭/৮টি জেলাকে কেন্দ্র করে পরিকল্পনা করা হয়েছিল এবং তা ডাঃ আবেদিন আমার জেলার মানুষ হিসাবে সেটা গোলমাল করে ফেলেছেন। কোন জেলার হিসাবটা যখন দেওয়া যাবে তখন বুঝতে পারবেন যে কমান্ড এরিয়া ৮ থেকে ৯টা রয়েছে। সুতরাং এই ডিস্ট্রিক্টে হবে এই ভাবে ছড়ানো রয়েছে। আমরা বামফ্রন্ট সরকার আসার পরে বিশেষ করে আমরা করেছি যদি বলি তাহলে বলাটা ঠিক হবে না। তিস্তা আমাদের আগে তৈরি হয়েছিল, আমরা বলতে পারি সেটা আমরা শুরু করেছিলাম এবং এইখানে প্রশ্ন উঠেছে একটা ভাইটাল কোয়েশ্চেন পরে ওঠে যে, টেস্ট অব পুডিং ইজ ইন ইটিং পুডিংটা ভাল কি খারাপ সেটা খাওয়ার মধ্যে দিয়ে বোঝা যায়। তিস্তা প্রকল্প সব গুলি বলা নেই, ইনফরম্যালী মাননীয় সদস্য স্নেহভাজন শ্রী সুব্রত মুখার্জি মহাশয় বলবার চেষ্টা করেছেন এবং আপনারাও বলেছেন প্রায় ৪০২ কোটি টাকা খরচ হয়েছে, কিন্তু যে উদ্দেশ্য নিয়ে করা হল ইরিগেশন পোটেনশিয়াল সে ভাবে ক্রিয়েটেড হল না। তার সঙ্গে যখন মাননীয় সৌগত বাবুর প্রশ্নের উত্তর দিয়েছিলাম আমরা বলছি এ ব্যাপারের মধ্যে একটা ফ্যালাসী রয়েছে। এক নম্বর, যে কোন একটা পরিকল্পনার প্রথমে টাকা পয়সা এবং ইনভেস্টমেন্ট — ফারাক্কা ব্যারেজের পরিকল্পনা যখন হয় সঙ্গে সঙ্গে যদি আশা করতাম যে মুর্শিদাবাদের মধ্যে দিয়ে জল কলকাতায় আসবে, সেটা আশা করা যায় না, ১০ বছর পরে — ফ্যাক্টস — ইনফ্রাস্ট্রাকচার গড়ে ওঠার পরে নাব্যতা বাড়লে কলকাতা আসবে। আমরা উল্টোভাবে বলতে পারি চেষ্টা করছি, সেটা ঠিকভাবে স্ট্রাকচার হচ্ছে, এটা ফ্যাক্টস, এটা বড় নির্দয়, বড় নির্মম কথা, আমরা গর্বের সঙ্গে বলতে পারি যে এতবড় স্ট্রাকচার — ভারতবর্ষের সমস্ত জায়গায় আমার যাবার সুযোগ হয়েছে - ১২থেকে ১৬ বছরের মধ্যে — ৭/৮ বছর আমরা রয়েছি — বলে আমরা গৌরব করতে চাই না ৮/৯ বছরের মধ্যে যে মেজর স্ট্রাকচার তৈরী হয়েছে আপনারা দয়া করে বলে দিন ভারতবর্ষের অন্য কোথাও মেজর স্ট্রাকচার ৮ থেকে ১০ বছরের মধ্যে কোথায় হয়েছে?

[5-50 – 6-00 p.m.]

৩টি বড় মেজর স্ট্রাকচার আমাদের যেটা হয়েছে, ৩টি ব্যারেজ তৈরি হয়েছে, তিস্তা, মহানন্দা এবং ডাহুক আমি বার বার বলেছিলাম হ্যাকনেড হয়ে যায়, এশিয়ার বৃহত্তম অ্যাজপার্সন মহানন্দা তৈরি হয়েছে। এ ছাড়াও ৮টি বড় বড় অ্যাকোয়াডাক্ট জলবাহিকা তৈরি হয়েছে। এ ছাড়া ১৬৬টি ব্রিজ কাট মোশন আনার সময়ে যেটা বলেছেন — আমি কঠোর কথাটা প্রয়োগ করতে চাই না — অজ্ঞানতাবশত এই আনচ্যারিটেবল রিমার্ক করতে চাই না, না জানার জন্য ভুল করে ফেলেছেন। ডিস্ট্রিবিউশন ক্যানেলের কথা হয়েছে, শুনছি ডিস্ট্রিবিউশন ক্যানেল ফেলিওর, ডিস্ট্রিবিউশন ক্যানেল আমরা যখন বলেছি ৩ মাস আগের ফিগার ৪২০টি ডিস্ট্রিবিউশন ক্যানেল কাটা হয়েছে। আমাদের যাবতীয় সার্ভের রেকর্ড তুলে দিয়েছি পাওয়ার দপ্তরের হাতে। তিস্তা ড্যাম কনস্ট্রাকশনের ব্যাপারে আমরা এগিয়ে চলেছি। মহানন্দা সেকেন্ড ফেজ সম্বন্ধে বলেছেন, গত বছর এই ব্যাপারে যে কথা দিয়েছিলাম সেটা রাখতে পারিনি। অতি সম্প্রতি সেটা একজামিন করতে শুরু করেছি। আমি বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন সাহেবের কাছে বলছি এটা যাতে কার্যকর হয় সেটা আমি দায়িত্ব নিয়ে পালন করবার চেষ্টা করব, এই প্রতিশ্রুতি আমি বিরোধি দলের নেতাকে দেবার চেষ্টা করছি। ৪নং কথা হচ্ছে বিশেষ করে শৈলাজাবাবু বলেছেন এক আর. এস. পি. দলের সদস্য বলেছেন যে কংসাবতী প্রকল্পের আধুনিকিকরণের ব্যবস্থা কোন জায়গায় হয়েছে? আমি তাঁদের আশ্বস্ত করার জন্য বলছি, এই প্রকল্প আমরা ধরেছিলাম। আমি যখন ১৯৮৭ সালে সেচ দপ্তরের মন্ত্রী হই তখন এটার যথেষ্ট অগ্রাধিকার দেওয়া হয়েছিল। আমি ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে কথা বলেছিলাম, এয়ার্ল্ড ব্যাঙ্ক কতকগুলি শর্ত দিয়েছিল। উত্তর ভারতে এই ব্যারেজ ড্যাম তৈরি করার ব্যাপারে প্রচন্ড এনভায়রনমেন্টাল গোলমাল হল, সুতরাং ড্যামের ব্যাপারে আমরা কিছু করতে পারব না, ড্যাম বাদ দিয়ে প্রোজেক্ট করতে বলল। ড্যাম বাদ দিয়ে প্রোজেক্ট করার কথা বললেন। আমাদের আপত্তি ছিল। তারপর মুখ্যমন্ত্রীর সঙ্গে বসে পরে দেখলাম ড্যাম বাদ দিয়ে দিলে খুব বেশি ক্ষতি হবে না, ৪ ভাগের তিন ভাগ ইরিগেশন পোটেনসিয়াল দুটি জেলায় ক্রিয়েট করতে পারবো। মাননীয় সদস্য সুভাষ গোস্বামী এবং শৈলজা দাস মহাশয়দের বলতে পারি কেলেঘাই প্রকল্প আমাদের নিজেদের গর্ব, সেচ দপ্তরের গর্ব এবং বামফ্রন্ট সরকারের গর্ব। শৈলজা দাস মহাশয়কে বলতে পারি কেলেঘাই প্রকল্প ব্যাপারে আমরা অনেক দূর অগ্রসর হয়েছি। সেটা কামাক্ষানন্দন দাস মহাপাত্র মহাশয় বলেছেন।

**মিঃ স্পিকার ঃ** এই বাজেট ৬টায় শেষ হয়ে যাচ্ছে, আরো আধ ঘন্টা সময় বাড়িয়ে দিচ্ছি, আশা করি সকলের মত আছে।

(ভয়েস ঃ ইয়েস)

আধ ঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হল।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কেলেঘাই প্রকল্প আমরা তিনটি ফেজে শেষ করতে চাই। ৩৭ কোটি টাকার পরিকল্পনা, তিনটি দফায় ১২ কোটি টাকার পরিকল্পনা নেওয়া হয়েছে। চিফ ইঞ্জিনিয়ার কমিটিতে পাস হয়ে গেছে, টেকনিক্যাল কমিটিতে গিয়েছে। এটা বড়

পরিকল্পনা, শৈলজা দাস মহাশয়কে আশ্বস্ত করতে পারি নিশ্চয়ই এর খোঁজ পাবেন। জি. এফ. সি. সি. কিছু কোয়েশ্চেন আমাদের কাছে পাঠিয়েছে, তার উত্তর আমরা পাঠিয়েছি, সেটা ক্লিয়ার হলে আমরা এই প্রকল্পে হাত দেব। এই প্রকল্প হলে মেদিনীপুরের ভৌগোলিক অর্থনীতি অনেকটা বদলে যাবে এটা আমার দৃঢ় বিশ্বাস। ট্যাক্সেশন সম্বন্ধে যে কথা বলা হয়েছে সেই ব্যাপারে বিরোধী দলের সঙ্গে আমি একমত। ট্যাক্সেশনের ব্যাপারে আমরা এটা রিঅ্যাক্ট করার চেষ্টা করছি। আমি পরিষ্কারভাবে বলতে চাই এই ব্যাপারে আমরা যথেষ্ট ইমপর্টেন্স দিয়েছি। আগামী বছরের মধ্যে সেচ করের ব্যাপারটা পরিষ্কার করতে চাই। নূতন যে পুনর্বিন্যাস করার ব্যবস্থা করেছি সেই পদ্ধতিতে আদায় করার ব্যপারে অগ্রসর হতে পারবো। আমি আমার বক্তব্য শেষ করতে যাচ্ছি। আর একটা বক্তব্য হল গঙ্গা ভাঙ্গনের ব্যাপারে পদ্মা ভাঙ্গনের ব্যাপারে ভৈরবী ভাঙ্গনের ব্যাপারে আমাদের সরকার কিছু করেন নি। আমি ৫-৬ বছর রয়েছি, আগের খবরও রাখি, অন্তত ১০ বছরে কমপক্ষে ১৬২টা প্রকল্প হয়েছে। এই কথা বললে লাভ হবে না। কারণ ধুলিয়ানকে কে রক্ষা করেছেন? সেই প্রকল্প। ঔরঙ্গাবাদকে কে রক্ষা করেছে? সেই প্রকল্প। মেদিনীপুরকে রক্ষা করেছে সেই প্রকল্প। ওনারা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন। গোঘাটায় এই রকম প্রকল্প হয়েছে, কিছুটা বাকি আছে, আমরা করব।

[6-00 – 6-10 p.m.]

আমরা তো সেখানে কোনও দলকে বেছে নিই নি। তা যদি হত, তাহলে সবচেয়ে বড় প্রকল্প এখানে হচ্ছে, বেলডাঙ্গা রেল লাইনকে, ন্যাশনাল হাইওয়েকে প্রটেক্ট করার জন্য ৭০ লক্ষ টাকার প্রকল্প, উত্তরের, এখানে দেব প্রসাদবাবু পর্যন্ত স্বীকার করেছেন যে সবচেয়ে বড় প্রকল্প আপনি করেছেন। লালবাগে, সাত্তার সাহেব যেখানে ছিলেন, লালগোলাতে করেছি আমরা আবার নতুন করে। কিন্তু নদীয়া জেলা — আব্দুস সালাম মুন্সী সাহেব বলেছেন — সম্বন্ধে আমরা জানি। সেখানে ফুলবাগান জায়গাটা শেষ করতে পারিনি। তবে বিশেষ করে ফুলিয়ায়, মায়াপুরে কাজ দ্রুত চলছে এবং কেন্দ্রীয় সরকার এককোটি টাকা দেবার প্রতিশ্রুতি দিয়েছেন। এখনও সেই টাকা পাইনি। আমাদের স্টেট গভর্নমেন্টের টাকায় কাজ দ্রুত এগিয়ে চলেছে। তা সত্ত্বেও মাননীয় সদস্যদের কাছে এই কথাটা জোর দিয়ে বলতে চাই, আমি খুব অসহায়। আমার দপ্তর খুব অসহায়। এর কারণ হচ্ছে প্রবলেমটা যে বড় — উত্তরে সেই নর্থ বেঙ্গল থেকে শুরু করে দক্ষিণে সুন্দরবন পর্যন্ত বিস্তৃত। আমরা তো মাত্র ১৮টি প্রকল্প কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছি। আমি হিসাব করে দেখেছি, ৪২৮টি প্রকল্প যদি করা যায় তাহলে গঙ্গায় ও পদ্মার ভাঙ্গনকে রোধ করা যাবে। বিদ্যাচরণ শুক্ল যখন বললেন আপনারা স্কীম দিন, তখন আমরা দ্রুততার সঙ্গে ৯৮টি স্কীম দিয়েছিলাম। আমরা ৩৫৫ কোটি টাকার স্কীম দিয়েছিলাম। পরে প্রনব মুখোপাধ্যায়ের সঙ্গে যখন কথা বললাম, তিনি বললেন এটা হচ্ছে স্টেট সাবজেক্ট, আমরা পারব না। আমি আবার বিরোধি দলনেতার কাছে আবেদন করব, এই কারণে আপনাদের সহযোগিতা, সাহায্য চাইছি। এটা স্টেট সাবজেক্ট। এটা ইন্টারন্যাশনার রিভার। ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত ২৮০০০ হেক্টর জমি বাংলাদেশে চলে গিয়েছে, কোটি কোটি টাকার সম্পত্তি চলে গিয়েছে। এটাকে স্টেট সাবজেক্ট বললে হবে না। সেজন্য অনুরোধ করব, যে ভাবে চাওয়া হয়েছে, আপনারা

আমাদের কাছে সহযোগিতার হাত প্রসারিতা করুন। জয়নাল সাহেবের কাছে সহযোগিতার হাত প্রসারিত করার জন্য অনুরোধ করছি। উইল ইউ ডেয়ার টু কাম ফরোয়ার্ড? আপনি যদি এর মধ্যে আসেন তাহলে ভাল হয়। আমরা বারবার এই কথা বলেছি যে, একসঙ্গে আমাদের ৩৫৫ কোটি টাকা চাই। আপনারা কেবল দশ কোটি টাকা দিয়ে যান, দশ বছরের মধ্যে এই প্রকল্প শেষ করব। আমরা চাইছি সেই কাজে তাঁরা এগিয়ে আসবেন। এই কথা না বলে যদি বলেন সমস্ত ভাঙ্গন রোধ দেবব্রতবাবু করুন, তা কিছুতেই সম্ভব নয়। এটা যাতে অন্তত কিছু করা যায় সেজন্য আপনাদের সহযোগিতা চাইছি। মাণিক ভৌমিককে নিয়ে আর একটা কথা উঠেছে, রাজনৈতিক হস্তক্ষেপের কথা উঠেছিল। আমি বিশেষ করে যখন মাণিক ভৌমিকের এলাকায় জল সরবরাহের কথা বলেছিলাম জলটা সেখানে দেওয়া হোক — পরে অবশ্য আপনারা বুঝেছিলেন, সেখানে জল যাওয়ার ক্ষেত্রে টেকনিক্যাল ডিফিক্যালটিজ রয়েছে। সেই কারণে জলটা দেওয়া সম্ভব হয়নি। এটা অনেক জায়গাতেই হয়। আমি বর্তমানে যেখানে দাঁড়িয়েছি সেখানে হয়। শীশ মহম্মদ যেখানে দাঁড়িয়েছেন সেখানে হয়। বছরের পর বছর ধরে প্রবলেমটা সেখানে থেকে যাচ্ছে। ময়ূরাক্ষী কেন্দ্রে ময়ূরাক্ষীর সুবিধা পায় বীরভূমের লোকেরা। দামোদর ভ্যালী থেকে যে সুবিধা বর্ধমান জেলার লোকেরা পায়, হুগলি জেলার লোকেরা তা পায় না টেল এন্ডে থাকার দরুন। হুগলি জেলা থেকে সমস্ত দলের লোকেরা আমার কাছে এসে বলেন যে তাঁরা সুবিধা পান না। বর্ধমান যে সুযোগ পায়, বীরভূমে যে সুযোগ পায় হুগলি সেই সুযোগ পায় না। টেলএন্ডের দিকে থাকার ফলে এই ভোগান্তি থেকেই যাচ্ছে। এই ব্যাপারে নিশ্চয়ই সামনের দিনে সেচ দপ্তরের সঙ্গে জেলা পরিষদের সভাধিপতিদের সঙ্গে বসে একটা সামঞ্জস্য করা যায় কিনা সেটা দেখতে হবে, তা না হলে এই সমস্যা চিরন্তন থেকেই যাবে। এই কথা বলে যে ব্যয় বরাদ্দ পেশ করছি আশা করি আপনাকে সহমত পোষণ করবেন এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 66**

**Mr. Speaker :** The motions, excepting No. (2), that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion No. (2) of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and a division taken with the following results :

**NOES :**

Abdur Razzak Molla, Dr.

Abu Ayes Mondal, Shri

Abul Hasnat Khan, Shri

Acharya, Shri Prabhat

Bal, Shri Saktiprasad

Bandyopadhyay, Shri Debabrata

Bera, Shri Bishnupada

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kamalakshi

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shri Satyasadhan

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shrimati Nirupama

Chowdhury, Shri Subhendu

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Nirmal

Das, Shri S. R.

Das Mahapatra, Shri Kamakshyanandan

Dey, Shri Lakshmi Kanta

Duley, Shri Krishnaprasad

Gayen, Shri Nripen

Goswami, Shri Subhas

Hazra, Shri Sachindra Nath

Hazra, Shri Samar

Jahangir Karim, Shri Sk.

Kar, Shri Nani

Kisku, Shri Upendra

Koley, Shri Barindra Nath

Konar, Shrimati Maharani

Majhi, Shri Nandadulal

Malakar, Shri Nanigopal

Mamtaz Begum, Shrimati
Mondal, Shri Bhadreswar
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Manik Chandra
Manna, Shri Janmenjoy
Md. Ansaruddin, Shri
Mir Quasim Mondal, Shri
Mistry, Shri Bimal
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Narayan
Murmu, Shri Sarkar
Naskar, Shri Sundar
Omar Ali, Dr.
Oraon, Shri Jagannath
Patra, Shri Amiya
Patra, Shri Ranjit
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Narmada
Ray, Shri Subhash Chandra
Saha, Shri Kripa Sindhu
Sahis, Shrimati Bilasibala
Shaw, Shri Pravin Kumar
Shish Mohammad, Shri
Sinha, Shri Prabodh Chandra
Sinha, Dr. Nirmal
Soren, Shri Subhas
Sur, Shri Prasanta Kumar

**AYES :**

Abedin, Dr. Zainal

Abdus Salam Munshi, Shri

Adhikari, Dr. Tarun

Banerjee, Shri Prabir

Bandyopadhyay, Shri Sudip

Bhowmik, Shri Manik

Das, Shri Sailaja Kumar

Das, Shri Sanjib Kumar

Gyan Singh Sohanpal, Shri

Md. Abul Karim Choudhury, Shri

Mudi, Shri Anil

Mukherjee, Shri Sibdas

Mukherjee, Shri Subrata

Nasiruddin Khan, Shri

Roy, Shri Sougata

**ABST :**

Sarkar, Shri Deba Prasad.

The Ayes being 15, and the Noes 63, the motion was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 2,82,56,39,000/- be granted for expenditure under Demand No. 66, Major Heads : "2701 — Major and Medium Irrigation and 4701 — Capital Outlay of Major and Medium Irrigation."

(This is inclusive of a total sum of Rs. 20,24,70,000/- already voted on account in March, 1993) — was then put and agreed to.

**DEMAND NO. 68**

**Mr. Speaker :** I now put all the cut motions to vote.

The motions that amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March,

1993 that a sum of Rs. 65,37,52,000/- be granted for expenditure under Demand No. 68, Major Heads : "2711 — Flood Control and 4711 — Capital Outlay on Flood Control Projects" (This is inclúsive of a total sum of Rs. 21,80,00,000/- already voted on account in March, 1993) was then put and agreed to.

**DEMAND NO. 67**

**Mr. Speaker :** I now put the cut motion to vote.

The motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs1,10,23,03,000/- be granted for expenditure under Demand No. 67, Major Heads : "2702 — Major Irrigation, 2705 — Command Area Development, 4702 — Capital Outlay on Major Irrigation and 4705 — Capital Outlay on Command Area Development." (This is inclusive of a total sum of Rs. 36,75,00,000/- already voted on account in March, 1993) was then put and agreed to.

**Mr. Speaker :** Hon'ble Members, here is an important announcement for you. Some of the hon'ble members mentioned that the cyclostyled copies of the statement of Hon'ble Chief Minister on Haldia Petrochemicals and Sukchar Ashram which were circulated to Hon'ble Member today contained the word "UNREVISED" at the top of the copy. As they are the statement of Hon'ble Chief Minister, they should not be mentioned as "UNREVISED". It is not part of the proceedings and as such the word "UNREVISED" will be dropped. The copies circulated will be treated as without having "UNREVISED".

Yes, Mr. Mukherjee, what will you say?

[6-10 - 6-17 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সৌগত রায়ের একটা কলিং অ্যাটেনশনের পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু একটা বিবৃতি দিয়েছেন এবং তাতে তিনি বলেছেন লেট বালক ব্রহ্মচারী।

**মিঃ স্পিকার ঃ** বিবৃতির উপর কোন ডিবেট হয়না, মিঃ মুখার্জি। নোটিশ দিতে হয়। নোটিশ দিলে আমরা ডেট ঠিক করব, তখন আলোচনা হবে। বসুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার আমি ডিবেট করছি না, আপনি ব্যাপারটা শুনুন। গতকাল চিত্ত সিকদার মহাকরণে এসেছিলেন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে। উদ্দেশ্য কি ছিল? না, বালক ব্রহ্মচারীর দেহ দাহ করার ব্যাপার নিয়ে আলোচনা করতে। মৃতদেহ ৪৪দিন হয়ে গেছে, কিন্তু এখনো অবধি সৎকার করা হয়নি। কোঠারীর প্রথিতযশা ডাক্তারেরা যে সার্টিফিকেট

দিয়েছেন তাকে অপমান করে মুখ্যমন্ত্রী মহাশয় একটা মেডিক্যাল টিম নাকি আজকালের মধ্যে সেখানে পাঠাবেন। মেডিক্যাল টিম সেখানে যাবার কি দরকার আছে? আরেকটা মেডিক্যাল টিম পাঠিয়ে তাদের কি অপমান করা হচ্ছে না? সামাজিক দিক বা রাজনৈতিক দিক থেকে আমি একথা বলছি না — আজকে সেই মেডিক্যাল টিমকে অপমান করা হচ্ছে। আপনারা কমিউনিস্টরা ধর্ম মানেন না, কিন্তু ঐ সি. পি. এমের গুন্ডারাই বেশি বালক ব্রহ্মচারীর শিষ্য ছিল। আবার বাবা যখন মারা যায় তখন আমি বিদেশে ছিলাম। একদিন পর এসেছিলাম বলে আমাকে এক পোয়া প্রায়শ্চিত্য করতে হয়েছিল। আর আজকে ৪৬ দিন একটা মৃতদেহ ফেলে রাখা হয়েছে। তার মানে ৪৬ পোয়া পাপের প্রায়শ্চিত্য করতে হবে চিত্ত সিকদারকে। স্যার, ওখানকার সি. পি. এম. প্রধান গোপাল ভট্টাচার্য্য, ওনার যোগসাজসেই বালক ব্রহ্মচারীর মৃতদেহটা এখনো রয়েছে। আমি নাম করছি না, সি. পি. এমের একজন মন্ত্রীর তত্ত্বাবধানে ঐ চিত্ত সিকদারকে মুখ্যমন্ত্রীর কাছে নিয়ে আসা হয়েছিল। ঐ লোকটা একটা উন্মাদ পাগল। ঐ লোকটা সমস্ত সম্পত্তি হাতাবার চেষ্টা করছে। জ্যোতি বসু তার কথা শুনেই সেখানে মেডিক্যাল টিম পাঠাচ্ছেন। এর আগে যখন জ্যোতি বসুর কোমরে ব্যাথা হয়েছিল তখন ঐ মন্ত্রী বালক ব্রহ্মচারীর কাছে ওনাকে নিয়ে গিয়েছিলেন। বাবা হাত দিলে নাকি কোমরের ব্যাথা সেরে যাবে। জানিনা কি ব্যাপার হয়েছে। এগুলি কুরুচিসম্পন্ন জিনিস। মুখ্যমন্ত্রী যদি এরকম হাত বোলানোয় ঘা সারার কথা ভাবেন তাহলে আমরা কোন দিকে যাচ্ছি? সুতরাং এই মেডিক্যাল টিম পাঠানোর আমি বিরোধিতা করছি এবং অবিলম্বে মৃতদেহ সরকার থেকে যাতে পোড়ানোর ব্যবস্থা হয় তা করার জন্য বলছি। একটা প্রগতিশীল রাজ্যে যাতে আমাদের সকলের সম্মান রক্ষা হয় সেটা দেখা দরকার। ঐ চিত্ত সিকদার সম্পত্তি দখল করার জন্য এইসব করছে।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মুখার্জি, এই দায়িত্ব যদি আপনাকে দেওয়া হয় সরকার থেকে তাহলে সেই দায়িত্ব নিতে আপনি রাজি আছেন তো?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** দিন দায়িত্ব, আমি পুলিশ নিয়ে যাচ্ছি। হাউস থেকে দায়িত্ব দিন, আমি পুলিশ নিয়ে যাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে, বসুন।

**Adjournment**

The House was adjourned at 6.17 p.m. till 11.00 a.m. on Monday the 5th July, 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 5th July, 1993 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 4 Ministers, 2 Ministers of State and 131 Members.

[11-00 - 11-03 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Honourable Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Dhiren Mondal,** a veteran leader of peasant-movement and a Member of the West Bengal Legislative Assembly, who breathed his last on the 27th June, 1993, at Seth Sukhlal Karnani Medical Hospital, Calcutta. He was 58.

He was born at Dolkhali Village of North 24-Parganas district in 1342 (B.S.), in a peasant family. He got his education at Khulna P.C. Laha High School. He devoted himself to the leftist peasant movements since the fifth decade of this century. In the year 1967, he became a member of the Communist Party of India (Marxist). He was a member of the Zilla Council and a Block President of the Krishak Sabha. He was elected as a Member of the West Bengal Legislative Assembly from the Sandeshkhali Assembly Constituency of North 24-Parganas in the last General Election of the Legislative Assembly as a Communist Party of India (Marxist) candidate.

At this death the State has lost a veteran peasant-movement leader and an endearing personality.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

At this stage all Hon'ble Members rose in their seats and observed two minutes' silence.

.....(after two minutes).....

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceased.

## Adjournment

The House was then adjourned at 11-03 a.m. till 11-00 a.m. on Tuesday, the 6th July, 1993, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday the 6th July 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 31 Ministers, 14 Ministers of State and 246 Members.

[11-00 – 11-10 a.m.]

**Mr. Speaker :** I have received communication under rules 231 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from the superintendent of Police, Midnapore. I will read out the same after the question hour.

### Starred Questions
### (to which oral Answers were given)

### Tornado in Murshidabad

*52. (Admitted Question No *18) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the number of persons killed and/or injured by the devastating tornado which hit some villages in Murshidabad district in April last;

(b) the number of houses/huts damaged/destroyed by the tornado;

(c) the number of persons affected on account of (b);

(d) what was the estimated loss in terms of (i) property, (ii) cattle and (iii) crops; and

(e) whether the Government have any plan and programme for the rehabilitation of the unfortunate victims?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আমি বাংলায় উত্তর দিচ্ছি। (ক) মৃত ব্যক্তির সংখ্যা ৪৯ এবং আহত ব্যক্তির সংখ্যা ৬৩০।

(খ) সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ বাসগৃহের সংখ্যা ১২১০ এবং আংশিক ক্ষতিগ্রস্থ বাসগৃহের সংখ্যা ৬৬৫।

(গ) ক্ষতিগ্রস্থ ব্যক্তির সংখ্যা ৮ হাজার।

(ঘ) (১) সম্পত্তি হানির আর্থিক মূল্যের পরিমাণ ৩ কোটি ৩ লক্ষ টাকা।

(চ) আহত গবাদি পশুর সংখ্যা ১ হাজার ৯৪৭ , মৃত গাভির সংখ্যা ১৬৫, মৃত ছাগ এবং ভেড়ার সংখ্যা ২২৯, মৃত মুরগির সংখ্যা ৬৪৪, (৩) বোরো ধানের ক্ষতিগ্রস্থ এলাকা হচ্ছে ৪৫০ হেক্টর। এর মধ্যে ১০০ হেক্টরের মধ্যে ৫০ শতাংশের বেশি শস্য ক্ষেত্র ক্ষতিগ্রস্থ হয়েছে। (৪) হ্যাঁ। রাজ্য সরকার সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্থ বাসগৃহের মেরামতির জন্য ৫০০ টাকা করে এবং আংশিক ক্ষতিগ্রস্থ বাসগৃহের জন্য ২০০ টাকা করে দিয়েছেন। এ ছাড়া রাজ্য সরকারের আবাসন বিভাগ হাডকো সংস্থার মাধ্যমে তাদের ঘর তৈরি করার জন্য টাকা দেবার ব্যবস্থা গ্রহণ করেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া অনুগ্রহ করে জানাইবেন কি, বিধ্বংসী টরনাডোর পর রাজ্য সরকার শর্ট-টার্ম রিলিফ হিসাবে ক্যাশ অ্যান্ড কাইন্ড কত দিয়েছেন এবং কতজনকে এবং কাদের দায়িত্বে এটা ছিল? লঙ-টার্মের কি কি প্রস্তাব পাইপলাইনে রেখেছেন-শুধু হাড্কো ছাড়া আর কোনও বেসরকারি সংস্থাগুলি এই কাজ করেছেন কিনা?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** ঘটনার ঠিক এক ঘন্টা পরেই জেলা প্রশাসন ওখানে যায় এবং আমি নিজেও এক ঘন্টার মধ্যে ওখানে পৌঁছে যাই। স্বাভাবিকভাবেই প্রথম অবস্থায় মানুষজনকে রেসক্যু করাটাই মূল প্রশ্ন ছিল। যারা আহত তাদের হাসপাতালে পৌঁছে দেবার পর মৃত যারা তাদের দেহগুলি এক জায়গায় নিয়ে এসে যাদের রেসক্যু করা হচ্ছিল তাদের সেন্টার দেবার জন্য ত্রিপল এবং খাবারের জন্য প্যাকেট এবং ময়দা দেওয়া হয়। পেষাই করার অসুবিধার জন্য গম দেওয়া হয়নি। এরজন্য প্রচুর টাকা ত্রান দপ্তর খরচ করেছে। পরে বিভিন্ন সংস্থা-রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ এবং মুর্শিদাবাদের লায়ন্স ক্লাব, এরা নিশ্চয়ই সহযোগিতা করেছেন। লঙ্ টার্মের ব্যাপারে ঘর ভাঙ্গার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে যেটা দেওয়ার সেটা দেওয়া হয়েছে এবং আগামি সাত তারিখে আবার একটা দেওয়া হবে। প্রাইম মিনিস্টার যেটা দিয়েছিলেন সেটা একসঙ্গে সাত তারিখে দেওয়া হবে।? হাডকোর টাকা আমাদের আবাসন দপ্তরের যারা চাইবেন তাদের ঘর তৈরির জন্য যেটা দেওয়া হয় সেটা দেওয়া হবে।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মন্ত্রী মহোদয়া জানালেন যে, মৃতের সংখ্যা ৪৯ এবং আহতের সংখ্যা ৬৩০। একটা অ্যানাউন্স করা হয়েছিল যে, মৃতদের জন্য একটা লাম্প-সাম টাকা দেওয়া হবে। আজ প্রায় দুই মাস হয়ে গেলো ঘটনাটা ঘটেছে। আমি নিজে ঘটনার পর দিন সেখানে গিয়েছিলাম। এখনও যা সংবাদ তাতে এখনও তাদের দুরবস্থার শেষ নেই। আপনারা শুধু বলেই যাচ্ছেন অমুক দেব, তমুক দেব, কিন্তু এখনও পর্যন্ত তাদের জন্য ঘর বানাতে পারেননি। ঘর তৈরির জন্য তাদের যে টাকা দেবেন বলেছিলেন সেটা দিয়েছেন কি এবং অ্যাকচুয়ালি ঘর তৈরির জন্য কত টাকা খরচ করবেন জানাবেন কি?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আপনি গিয়েছিলেন শুনেছি, কিন্তু যাবার ফলে কি হয়েছিল

জানেন কি? তাদের জন্য যতটুকু জল সংগ্রহ করেছিলাম ভিজিটাররা গিয়ে সেটা খেয়ে ফেলেন। ঐ ঘটনায় যারা আহত হয়েছিলেন তাদের মধ্যে অনেকে সুস্থ হয়ে ঘরে ফিরে গেছেন এবং তারা এমন কোনও রোগেও ভুগছেন না, কোনও মানুষ না খেয়েও নেই এবং কেউ আকাশের নিচেও বাস করছেন না। আর টাকা যেটা দেবার কথা সেটা নিশ্চয়ই দেওয়া হয়েছে সরকারি রিলিফ হিসাবে। আর সেটা যদি না দেওয়া হত তাহলে মানুষের দূরবস্থার শেষ থাকত না।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মৃত ব্যক্তিদের জন্য কত করে টাকা দিয়েছেন?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আমি দুঃখিত যে, সাত তারিখে দেওয়া হবে বলা সত্ত্বেও প্রশ্নটা করলেন। মৃত ব্যক্তিদের আত্মীয়দের ২০,০০০ টাকা করে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এবং রাজ্য সরকারের পক্ষ থেকে ৫ হাজার টাকা করে দেওয়া হবে। হাডকো ১২.৫ হাজার টাকা করে প্রতি মানুষকে দেয় ঘর তৈরি করবার জন্য।

[11-10—11-20 a.m.]

**শ্রী আবুল হাসনত খান ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয় যা বললেন তাতে আমি সন্তুষ্ট যে সরকারি এবং বেসরকারি বিভিন্ন দিক থেকে এখানে লোকে সাহায্য পেয়েছে। এই ধরনের যে ঘূর্নিঝড় হয়ে গেল, এটা আমাদের মুর্শিদাবাদের ইতিহাসেই নয়, সারা পশ্চিমবঙ্গে হয়েছে কিনা সন্দেহ। আবহাওয়াবিদরা বলেছেন যে ঘন্টায় ৩।। শত কিলো মিটার বেগে এই ঘুর্নিঝড় হয়েছে এবং ৫টা গ্রামে এই বিপর্যয় ঘটেছে। আবহাওয়াবিদেরা এই সম্পর্কে পরীক্ষা-নিরীক্ষা করেছেন কিনা যে কেন ঐ ঘুর্নিঝড় কেন্দ্রিভূত হয়েছিল এবং এই সম্পর্কে কোন রিপোর্ট আপনার দপ্তরে দিয়েছেন কিনা জানাবেন কি?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** এই ব্যাপারে আলোচনা চলছে। আমরা জানতে চেয়েছি যে এই ঝড়ের ঘটনা হঠাৎ কেন ঘটল সেটা আমাদের জানা দরকার, কারণ ভবিষ্যতে যাতে আমরা সাবধান হতে পারি। এই ব্যাপারে আবহাওয়া দপ্তর থেকে কোন রিপোর্ট এখনও এসে পৌঁছায়নি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ৭ তারিখে টাকা দেওয়া হবে রাজ্য সরকারের তরফ থেকে এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে, আমি জানতে চাচ্ছি যে প্রাইম মিনিস্টার ত্রাণ তহবিলের যে টাকা, এটা ঘটনা ঘটার কতদিন পরে পশ্চিমবঙ্গ সরকারের কাছে এসে পৌঁছেছে?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** সঠিক তারিখ এই মুহূর্তে বলতে পারছিনা। আপনি যদি জানতে চান তাহলে নোটিশ দেবেন, আমি পরে জানিয়ে দেব।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া বললেন যে ৭ তারিখে রিলিফের টাকা দেওয়া হবে রাজ্য সরকারের তরফ থেকে এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এবং

বললেন যে সম্পূর্ণ ক্ষতিগ্রস্তদের ৫ শত টাকা এবং আংশিক ক্ষতিগ্রস্তদের ২ শত করে টাকা দেওয়া হবে। এর মধ্যে কেন্দ্রীয় সরকারের কত এবং রাজ্য সরকারের কত এবং কতজনকে দেওয়া হবে সেটা জানাবেন?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** ৫ শত টাকা এবং ২ শত টাকা এটাতে কেন্দ্রীয় সরকারের কিছু নেই, এটা পশ্চিমবঙ্গ সরকার দেবে। আর আমি আগেই বলেছি যে কতজনকে দেওয়া হবে। যাদের ঘর ভেঙ্গে গেছে তাদের দেওয়া হবে। যাদের তিন, চার তলার পাকা ঘর, ধনী সম্প্রদায়ের লোক তাদের দেওয়ার প্রশ্ন আসেনা। যারা নিম্নআয়ভুক্ত তাদের দেওয়া হবে। আর টোটাল ক্ষতিগ্রস্তদের সংখ্যা হচ্ছে সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ ১২ হাজার ৯৬, আর আংশিক ক্ষতিগ্রস্থ হচ্ছে ৬৬৫ জন। এদের সকলকে দেওয়া হবে। এর বেশির ভাগ গরিব, যাদের মাটির বাড়ি তাদের দেওয়া হবে।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয় বললেন যে সমস্ত ঘর সম্পূর্ণ ধ্বংস হয়েছে এবং যেগুলি আধা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ৫ শত এবং ২ শত করে টাকা দেবার ব্যবস্থা হয়েছে এবং এই ভাবে দিচ্ছেন। আমার কথা হচ্ছে, বর্তমানে জিনিসের যা দাম, একটা বাঁশ কিনতে গেলে ৫০ টাকা লাগে। কাজেই এই টাকার পরিমাণটা বাড়াবার জন্য কোনও চিন্তা-ভাবনা আগামি দিনে করছেন কি?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় সদস্য ভাল প্রশ্ন করেছেন। এটা আমরা চিন্তা করছি এবং একটা কমিটিও তৈরি হয়েছে। এই কমিটি অ্যাসেসমেন্ট করে আমাদের বলবে যে বর্তমান বাজার মূল্য অনুযায়ী কত দেওয়া উচিত সেই রিপোর্ট পেলে আমরা এই বিষয়ে চিন্তা-ভাবনা করব।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে প্রাইম মিনিস্টারের রিলিফ ফান্ড থেকে কত টাকা পেয়েছেন?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মোট ১২ লক্ষ টাকা পাওয়া গেছে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়, গোকর্নে ঘুর্নিঝড়ে যে ক্ষতি হয়েছে তার আপনি হিসাব দিলেন তাতে দেখছি ৩ কোটি ৩ লক্ষ টাকা। কিন্তু আমরা দেখছি যে ২৫ লক্ষ টাকা সবশুদ্ধ দেওয়া হয়েছে। এই যে বিরাট ক্ষতি হল এবং যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্থ হলেন, রাজ্য সরকার কিভাবে এই ক্ষতিপূরণ করার কথা ভাবছেনা যাতে তারা আবার নিজের পায়ে অর্থনৈতিক দিক থেকে দাঁড়াতে পারেন?

**মিঃ স্পিকার ঃ** ক্ষতিপূরণ করবেন উনি তো বলেন নি?

**শ্রী সৌগত রায় ঃ** উনি ক্ষতির পরিমাণ বলেছেন, উনি বলেছেন ৩ কোটি ৩ লক্ষ টাকা is the assessment of the total damage এই যে লস হয়েছে এতে তিনি কি রিলিফ দিয়েছেন সেটা বলেছি। ওভারঅল রাজ্যের কোনও দায়িত্ব নেই? এখানে যে লোক

গুলির ক্ষতি হয়েছে তারা আবার নিজের পায়ে দাঁড়াবে তার জন্য রাজ্য সরকারের তো একটা দায়িত্ব থাকবে।

**মিঃ স্পিকার ঃ** এটাতে তো কেন্দ্রীয় সরকারেরও দায়িত্ব আছে। এই প্রশ্ন নট অ্যালাউড।

**শ্রী ইউনুস সরকার ঃ** এই যে রিলিফ দিচ্ছেন তাতে তাদের যে টাকা দেওয়া হচ্ছে সেটা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। আপনার জানা আছে যে রিলিফ ম্যানুয়াল তৈরি হয়ে আছে সেটা অনেক দিনের পুরানো। এই রিলিফ ম্যানুয়াল-এ যে নিয়ম আছে সেটা পরিবর্তনের কোনও পরিকল্পনা দপ্তরে আছে কি?

**মিঃ স্পিকার ঃ** সবই কি চিন্তা ভাবনার উপর হবে। উনি কি ভাবছেন, ভবিষ্যত কি হবে। এই সব ইনফরমেশন সিক করা হচ্ছে। খুব বিপদ আমাদের ভবিষ্যতে প্রশ্ন এটাই হবে কি ভাবছেন, কি চিন্তা করছেন ভবিষ্যতে কি হবে। এটা ইনফরমেশন সিক করা হচ্ছে। এই প্রশ্ন নট অ্যালাউড।

## রাজ্যে রেগুলেটেড মার্কেটের সংখ্যা

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯) **শ্রীআবু আয়েস মন্ডল ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কয়টি রেগুলেটেড মার্কেট আছে; এবং

(খ) কোন জেলায় কয়টি?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ**

(ক) ৪৩টি রেগুলেটেড মার্কেট আছে।

| | | | |
|---|---|---|---|
| (খ) (১) | দার্জিলিং | — | ২টি |
| (২) | জলপাইগুড়ি | — | ২টি |
| ৩) | কুচবিহার | — | ৬টি |
| (৪) | দঃ দিনাজপুর | — | ১টি |
| (৫) | উঃ দিনাজপুর | — | ২টি |
| (৬) | মালদহ | — | ২টি |
| (৭) | বীরভূম | — | ১টি |
| (৮) | বর্ধমান | — | ৪টি |
| (৯) | বাঁকুড়া | — | ৫টি |

| | | |
|---|---|---|
| (১০) মেদিনীপুর (পুর্ব) | — | ৩টি |
| (১১) ঐ (পশ্চিম) | — | ১টি |
| (১২) দঃ ২৪ পরগনা | — | ১টি |
| (১৩) উঃ ২৪ পরগনা | — | ১টি |
| (১৪) হাওড়া | — | ১টি |
| (১৫) হুগলি | — | ৩টি |
| (১৬) নদীয়া | — | ৩টি |
| (১৭) মুর্শিদাবাদ | — | ৪টি |
| (১৮) পুরুলিয়া | — | ১টি |
| মোট | — | ৪৩টি |

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** এই যে ৪৩ টি রেগুলেটেড মার্কেট আমাদের রাজ্যে আছে বললেন এইগুলি চালু আছে কিনা বলবেন এবং এইগুলি থেকে রেভিনিউ ট্যাক্স বিগত আর্থিক বছরে কত ছিল?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** ৪৩টির মধ্যে ৪২টি চালু আছে। আর রেভিনিউ সম্বন্ধে জানতে হলে নোটিশ দিতে হবে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মেদিনীপুরে ৩টি রেগুলেটেড মার্কেট আছে। তমলুকে রেগুলেটেড মার্কেট চালু হওয়ার ব্যাপারে অনেকদীর্ঘ সুত্রতা দেখতে পাচ্ছি। সুতরাং তমলুক রেগুলেটেড মার্কেট কবে নাগাদ চালু হবে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** তমলুক সম্বন্ধে বলতে পারি ওখানে রেগুলেটেড মার্কেটের জন্য জমি অ্যাকোয়ার করা হয়েছিল অনেক দিন আগে। কিন্তু দীর্ঘ ৫ বছর ধরে কিছু লোক পাশাপাশি জমি গুলি আনঅথরাইজ দখল করেছে। আমি ওখানে গিয়েছিলাম ডি.এম, এস.ডি.ও, জেলাপরিষদে যাঁরা আছেন তাঁদের নিয়ে, রেগুলেটেড মার্কেট কমিটি এবং আমাদের ডিপার্টমেন্টের অফিসারদের নিয়ে জুন মাসে আমি একটা মিটিং করেছি। সেখানে সবাই রাজি হয়েছে যে জায়গাগুলো ওরা আন-অথরাইজড দখল করেছিল সেগুলো শীঘ্র খালি করে দেবে। যেদিন খালি হবে তারপর আমরা ওখানে রেগুলেটেড মার্কেট করব। রেগুলেটেড মার্কেট করার জন্য কিছু জমির জন্য টাকা দেওয়া হয়েছিল। তবে সাত লক্ষ টাকার মতো বাকি আছে। আমি অর্ডার দিয়ে দিয়েছি, যাদের কাছ থেকে জমি নেওয়া হয়েছিল তাদের টাকা দিয়ে দেবার জন্য। অন্য জায়গায় যেগুলো এখনও নেওয়া যায় নি, সেগুলো আমরা নিয়ে নেব, আশা করি এক দু'মাসের মধ্যেই নিয়ে নিতে পারব। আমরা

রেগুলেটেড মার্কেট কমিটি করেছি। এই কমিটি তাদের নিজেদের হাতে জমি নিয়ে এসে ফুল ফ্লেজেড রেগুলেটড মার্কেট করতে পারবে।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ :** দেরি হয়ে যাচ্ছে কেন?

**শ্রী কলিমুদ্দিন সামস :** আমরা জেলাগুলোতে জেলা অথরিটিদের নিয়ে মিটিং করেছি' আমরা দেখেছি যে রাস্তার সামনে সব জমি আন-অথরাইজড্ অকুপেশন হয়ে গেছে।

[11-20—11-30 a.m.]

তাদের যতক্ষণ পর্যন্ত না সরানো যাচ্ছে ততক্ষণ মার্কেটগুলো করা যাচ্ছে না। আমি আশা করছি যে, পলিটিক্যাল পার্টির সাহায্য নিয়ে ওখানে তাড়াতাড়ি রেগুলেটেড মার্কেট করা যাবে।

**ডাঃ মোতাহার হোসেন :** মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে বলবেন কি, রেগুলেটেড মার্কেট যেগুলো হচ্ছে সেগুলোর মধ্যে কোনও সামঞ্জস্য নেই। ছোট জেলায়, যেমন, কুচবিহারে ৬টি, চব্বিশ পরগনায় একটি এই রকম হয়েছে। এই বৈষম্য কেন? সরকারের নীতিটা কি রেগুলেটেড মার্কেট সম্বন্ধে?

**শ্রী কলিমুদ্দিন সামস :** সরকারের নীতি আছে পুরো পশ্চিমবাংলায় রেগুলেটেড মার্কেটের মাধ্যমে চাষি ভাইদের যে সমস্যা আছে তার সমাধান করা। এখন পর্যন্ত আমরা নর্থ বেঙ্গলের প্রায় সব সাব-ডিভিসনে বা ডিস্ট্রিক্ট গুলোতে কভার করতে পেরেছি। কিন্তু সাউথ বেঙ্গলের অনেক জায়গা কভার করতে পারিনি। গত দু'বছরের মধ্যে সাউথ বেঙ্গলে আমরা অনেকখানি এগিয়েছি। নর্থ ২৪ পরগনায় চার-পাঁচটি, মেদিনীপুরে আমরা করেছি। তবে অনেক জায়গা, যেমন বর্ধমানে, হুগলিতেও আমরা করেছি। আমরা রেগুলেটেড মার্কেটের মাধ্যমে চাষি ভাইদের সমস্যার সমাধান করবো। তবে নর্থ বেঙ্গলে যেটা হয়েছে, সাউথ বেঙ্গলে তা হয়নি। সাউথ বেঙ্গলের চারিদিকে ছড়িয়ে দেবার পরিকল্পনা আমাদের আছে। এই কাজে আমরা এগিয়ে যাচ্ছি। অনেক জায়গায় অনেক রকম ব্যাপার আছে।

**ডাঃ মোতাহার হোসেন :** ব্যাপারটা কি, সেটা আমাদের বলুন?

**শ্রী কলিমুদ্দিন সামস :** ইসলামপুর সাব-ডিভিসনে মার্কেট করতে গিয়ে দুর্ভাগ্যের বিষয় এটা আমরা শুনেছি, দেখেছি একটা পলিটিক্যাল পার্টির কিছু লোক কিছু মহিলাকে দিয়ে কিছু জমি জবরদখল করিয়েছে।

**(ভয়েস—কোন পলিটিক্যাল পার্টি, নাম বলুন)**

আমি এইটুকু বলতে পারি, যে পার্টিই হোক না কেন, ওখানকার যিনি লোক্যাল এম.এল.এ., তিনি কংগ্রেসের। ওঁকে রিকোয়েস্ট করছি, রেগুলেটেড মার্কেটের কিছু জমি জবরদখল হয়েছে, প্রায় তিনশ ঘর মহিলা জোর করে দখল করে নিয়েছে। এইসব জায়গা

যদি দখল করে নেয় তাহলে সরকার চাষী ভাইদের অসুবিধার জন্য যা করতে চাইছে তা হতে পারবে না। আমি আশা করি, রাজনৈতিক বন্ধুরা ঐসব জবরদখল করা জমি খালি করে দেবেন। জমি খালি হওয়ার পর আমরা ঐসব জায়গায় ফুল ফ্লেজেড রেগুলেটেড মার্কেট করতে পারব।

**শ্রী নটবর বাগদী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে রেগুলেটেড মার্কেট চালু হয়েছে এতে গত আর্থিক বছরে কত টাকা সরকারের ইনকাম হয়েছে এবং এই রেগুলেটেড মার্কেটে কতজন স্থায়ী কর্মী আছেন এবং এর পরিচালন সমিতির নির্বাচন কতদিন পর পর অনুষ্ঠিত হয়?

**শ্রী কলিমুদ্দিন সামস :** এই রেগুলেটেড কমিটিগুলো অ্যাক্টের মাধ্যমে পরিচালনা করা হয়। এই অ্যাক্ট অনুযায়ী এর অ্যাকাউন্টের অডিট হয় এবং অডিট রিপোর্ট সরকারের কাছে পেশ করা হয়। তবে আপনি যে কতজন স্থায়ী কর্মচারী আছেন জানতে চেয়েছেন তারজন্য নোটিশ দিতে হবে কারণ এখানে ২-৩ হাজার কর্মচারী আছেন হাট বাজার মিলিয়ে। সুতরাং এতোগুলোর মধ্যে কতজন স্থায়ী কর্মচারী এবং আরো যেসব প্রশ্ন করেছেন তারজন্য আপনাকে নোটিশ দিতে হবে। নোটিশ দিলে উত্তর পাবেন। এখনই উত্তর দেওয়া খুব কঠিন।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে রেগুলেটেড মার্কেট কমিটির কথা বললেন। আমি আপনার কাছে জানতে চাই যে, রেগুলেটেড মার্কেট কমিটিগুলো যে হয়েছে এর উদাহরণ চাইলে আমি দিতে পারি শেওড়াফুলি রেগুলেটেড মার্কেট, এইসব কমিটির পরিচালন সমিতি নিয়ম-কানুনের বাইরে বেআইনিভাবে যে করা হয়েছে এটা বন্ধ করার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন এবং কোন আইনের বলে এবং কিভাবে এগুলো করা হয়েছে সেটা জানাবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস :** মাননীয় সদস্য মান্নান সাহেব যে শেওড়াফুলিতে রেগুলেটেড মার্কেট কমিটির উদাহরণ দিলেন সেটা ওখানে নেই। ওখানে ৩ বছর ধরে রেগুলেটেড মার্কেট কমিটি সুপারসিড করে দেওয়া হয়েছে। সুপারসিড করে দেওয়ার পরে এস ডি ও সেখানে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে রয়েছেন। তবে এস ডি ও তার অ্যাসিস্টেন্টের জন্য অ্যাডভাইস কমিটি করেছেন, এই কমিটির কোনও লিগ্যাল স্ট্যাটাস নেই। প্রয়োজন হলে অ্যাডমিনিস্ট্রেটর অ্যাডভাইস নিতে পারেন। এটা ৩ বছর কাজ করবে। ৩ বছর পরে আবার নতুন করে নির্বাচন করে কনস্টিটিউট করা হবে।

**শ্রী আবদুল মান্নান :** আমি আপনার বিরুদ্ধে প্রিভিলেজ আনব। আপনি বললেন যে এস.ডি.ও. অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে রয়েছেন এটা সত্যি নয়।

**শ্রী সাত্ত্বিককুমার রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গত দেড় বছর আগে বোলপুরে যখন আপনি গেছিলেন তখন অ্যানাউন্স করেছিলেন নলহাটিতে গিয়ে যে, নলহাটিতে

একটি রেগুলেটেড মার্কেট কমিটি করবেন। কিন্তু আজ অবধি তা হল না, সুতরাং আদৌ, তা হবে কিনা জানালে সুখি হব?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** আগে আমি মান্নান সাহেবের একটি প্রশ্নের উত্তরের ক্ল্যারিফিকেশন দিচ্ছি। সেখানে এস.ডি.ও হয়তো অ্যাডমিনিস্ট্রেটর নয় হয়তো এ.ডি.এম. সেখানে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে কাজ চালাচ্ছে এবং সেটা আমি অফ দি রেকর্ড বলেছি। সেখানে কোনও কমিটিই নেই, অ্যাডমিনিস্ট্রেটর সেখানে কাজ চালাচ্ছেন।

এইবার আমি সাত্ত্বিক রায় মহাশয়ের প্রশ্নের উত্তরে আসছি—নলহাটিতে সরকারের পক্ষ থেকে ডিসিসন নিয়েছে একটি রেগুলেটেড মার্কেট কমিটি করার এবং তারজন্য প্রিন্সিপাল মার্কেট ইয়ার্ড করতে চাই এবং জমিও খুঁজছি। ওখানকার লোক্যাল এম.এল.এ আপনি এবং আরো অনেককে রিকোয়েস্ট করেছি জমি খোঁজার জন্য। জমি পেলেই কাজ শুরু করা হবে রেগুলেটেড মার্কেট কমিটি করার এইকথা আমি বলেছি এবং চাষী ভাইদের এতে সুবিধা হবে।

11-30—11-40 a.m.]

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে বিভিন্ন জেলায় রেগুলেটেড মার্কেট তৈরি করছেন, এর সংখ্যা আপনি আরো বাড়াবেন। এই যে রেগুলেটেড মার্কেটগুলি তৈরি করছেন এই মার্কেটগুলি থেকে সেই এলাকার সাধারণ মানুষ কি কি সুযোগ সুবিধা পাবে, যার জন্য এই রেগুলেটেড মার্কেট তৈরি করবার উপর আপনি গুরুত্ব দিচ্ছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** এখানে সাধারণ মানুষ বলতে গেলে সরকারের উদ্দেশ্য ছিল বা আছে সেটা হচ্ছে চাষিদেরকে সহযোগিতা করা। আপনি নিশ্চয় জানেন চাষী ভাইরা তারা নিজেদের উৎপাদনকে মার্কেটে নিয়ে যেতে পারছেন না, মাঝখানে মিডলম্যানরা তারা দালালি করে তাদের উৎপাদনগুলিকে কম দামে কিনে নিচ্ছেন, সরকার চাইছেন যারা চাষী আছেন তাদের জন্য মার্কেটের ব্যবস্থা করা, যাতে তাদের মালগুলি-যারা বিক্রি করতে চাইছেন মিডলম্যানের আওতায় না পড়ে, যাতে তারা সরাসরি বিক্রি করে টাকা-পয়সা নিতে পারেন এর জন্য সরকার প্রয়োজনীয় টাকা-পয়সা দেবার ব্যবস্থা করছেন। চাষীদেরকে টাকা-পয়সাও দিচ্ছেন, টাকা-পয়সা নিয়ে সাহায্য করছেন। যদি তাদের মাল বিক্রি না হয় তাহলে ফিনান্স স্কিমের অনুসারে ৭৫ শতাংশ টাকা যত মাল আছে সেই হিসাবে ঐ টাকা দিয়ে চাষীর মালগুলি তারা রেগুলেটেড মার্কেটের গোডাউনে রেখে দিচ্ছেন। যখন মালগুলি বিক্রি হয়ে যাবে তখন চাষীরা ২৫ শতাংশ টাকা নিয়ে যাবেন। এতে উদ্দেশ্য হচ্ছে পশ্চিমবাংলার ক্ষেত খামারে যে সমস্ত চাষী ভাইরা কাজ করে তাদের যাতে উন্নতি হয়।

**শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জলপাইগুড়ি জেলায় ময়নাগুড়িতে জমি অধিগ্রহন করার পরেও কাজটা শুরু হচ্ছে না কেন?

**শ্রী কলিমুদ্দিন সামস :** সেখানে সরকার স্টেপ নিচ্ছে, আর কিছু লিগ্যাল বাধা আছে, সেই বাধা ওভারকাম করার পরে আমরা সেখানে মার্কেট করতে পারব।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হুগলি জেলায় সেখানে সদর মহকুমায় একটা রেগুলেটেড মার্কেট আছে। তার নাম হচ্ছে পান্ডুয়া রেগুলেটেড মার্কেট। তার এলাকা কিন্তু পান্ডুয়া এলাকায় নয়, এই মার্কেটের এলাকা কিন্তু পান্ডুয়া ছাড়া বিভিন্ন এলাকায়, তার যা আয় হয় পান্ডুয়া ছাড়া অন্য এলাকায় বেশি আয় হয়, সেইজন্য আমার দাবি পান্ডুয়া রেগুলেটেড মার্কেটের নামটা পরিবর্তন করে এবং সকল এলাকার প্রতিনিধি যাতে সেই কমিটিতে থাকতে পারে তার জন্য কি ব্যবস্থা করবেন?

**শ্রী কলিমুদ্দিন সামস :** এই সম্বন্ধে আমি এখুনি বলতে পারব না, তবে প্রয়োজনীয় কাগজপত্র দেখে, সেটা যদি আইনের মধ্যে থাকে তাহলে সেই অনুযায়ী আমরা ব্যবস্থা গ্রহন করব।

## Sale of Vacant Plots in Bidhannagar

*54. (Admitted Question No *90) **Shri Sougata Roy :** Will the Minister-in-charge of the Urban Department be pleased to state—

(a) whether the State Government has any contemplation to sell vacant plots in Bidhannagar which have been allotted to different Government Organisation or Co-operatives; and

(b) if so, details thereof.

**Shri. Buddhadeb Bhattacharya :**

(a) No.

(b) Does not arise.

**শ্রী সৌগত রায় :** আমার প্রশ্ন হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী বিধাননগরের একটি সভায় বক্তৃতায় বলেছিলেন সল্টলেকে অনেক খালি জমি পড়ে আছে, সেইগুলি সরকারি সংস্থা বা কো-অপারেটিভকে দেওয়া আছে। কিন্তু তারা বাড়ি করছে না, সরকার ভাবছেন তাদের থেকে জমি নিয়ে তারা আবার নূতন করে বিক্রি করবেন। আমি মন্ত্রীর বিবৃতিতে আশ্বস্ত হলাম সরকারের এরকম কোন পরিকল্পনা নেই। আমি শুধু জানতে চাইছি মুখ্যমন্ত্রী এই রকম বিবৃতি দিয়েছিলেন কিনা এবং সল্টলেকে জমি দেওয়ার ব্যাপারে মুখ্যমন্ত্রীর কোটা আছে কিনা? এই নিয়ে পুলিশ কমিশনার বলেছেন কোটা নেই, অ্যাডভোকেট জেনারেল বলেছেন কোটা আছে, সুতরাং মুখ্যমন্ত্রীর কোনও কোটা আছে কিনা এটাও মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** স্যার, বিরোধীদলের সদস্য সৌগত রায়ের বিবৃতির মধ্যে

খানিকটা সত্যতা আছে, যেটা মুখ্যমন্ত্রী বলেছেন। আমরা ফিল্ড সার্ভে করতে গিয়ে দেখি ২৮টা বিভাগ, তাদের কেউ নামে, কেউ ডিপার্টমেন্টের নামে, কেউ কর্পোরেশনের নামে, বিভিন্ন এজেন্সির নামে তারা জমি রেখে দিয়েছেন। তারা সেগুলো ইউটিলাইজ করছে না। কেউ বলছে, আমরা বাড়ি তৈরি করব, কেউ বলছে, আমরা গেস্ট হাউস তৈরি করব। কিন্তু তারা কেউ কিছু করছে না। আমি সেইজন্য গত কয়েকদিন আগে চিফ সেক্রেটারিকে মিটিং ডাকতে বলি। তিনি মিটিং ডাকেন, গভর্নমেন্টের ডিপার্টমেন্ট এইভাবে জমি রেখে দেবে, এইভাবে তো হয়না। সেই মিটিংএ ১৭টা ডিপার্টমেন্ট পার্টিসিপেট করে। তাদের বলা হয়েছে আপনারা যে জমি নিয়েছিলেন সেই জমি ব্যবহার করতে পারছেন না, সেখানে বাড়িও তৈরি করতে পারছেন না, এটা হতে পারেনা। তাই আপনাদের একটা ফাইনাল ডিসিসন নিতে হবে। সব ডিপার্টমেন্টের একটা করে গেস্ট হাউস চাই, একটা করে বাড়ি চাই, এটা হওয়া উচিত নয়। একটা কম্প্রিহেনসিভ ডিসিসন নিতে হবে এবং ১৭টা ডিপার্টমেন্টের সঙ্গে আমাদের কথাবার্তা হয়েছে। আর আপনার প্রশ্নর মধ্যে ছিল ভ্যাকেন্ট অ্যান্ড সেল করছি কিনা?

**শ্রী সৌগত রায় :** আমার প্রশ্নটা ছিল, কনটেমপ্লেশন আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি বাস্তব ঘটনাটা বলছি। ২৮টা বিভাগের হাতে জমি আছে, তারা সেই জমি ব্যবহার করেনি। ১৭টা বিভাগকে নিয়ে মিটিং করা হয়েছে। আমরা তাদের বলেছি আপনারা দ্রুত সিদ্ধান্ত নিন, আপনারা এটা ব্যবহার করবেন কি না? আমাদের ইনকাম এবং ভ্যালুয়েশন বোর্ড এরা দুজনেই দরখাস্ত করেছিল, দুজনেই জমি পেয়েছে, কিন্তু দুজনের আলাদা জমির দরকার নেই। একটা বাড়ির একতলায় একজন এবং দোতলায় আরেকজন অফিস করবে। তাদের দুজনের আলাদা জমির দরকার নেই। এইরকম ব্যাপারগুলো আমরা দেখছি। কেন্দ্রীয় সরকারের বেশ কিছু সংগঠন, যেগুলো খুবই ইমপর্টেন্ট, যেমন বিদেশ সঞ্চার নিগম, ওরা ওখানে স্যাটেলাইট টাওয়ার করছে। ওরা ওদের অফিসারদের জন্য কিছু রেসিডেন্শিয়াল কোয়ার্টার চায়। যেমন কোল ইন্ডিয়া, বা ইন্ডিয়ান অয়েল, এই ধরনের অর্গানাইজেশনগুলো রেসিডেন্শিয়াল কোয়ার্টারের জন্য জমি চাইছে। আমরা দেখছি রি-অ্যালর্টমেন্ট কি করে করা যায়। আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গেও আলোচনা করেছি। তখন প্রশ্ন আসবে আমরা সেই জমি সেল করব কি না। এখন অবস্থাটা কি আছে, সেটা আমরা সার্ভে করছি। আর দ্বিতীয় প্রশ্নের উত্তরে বলছি, চিফ মিনিস্টারের যে কোটা আছে, সেটা কোর্টের নির্দেশেই আছে। শুধু মুখ্যমন্ত্রীরই কোটা আছে। তবে সেটা ২৫ পারসেন্টের বেশি নয়। কিন্তু মুখ্যমন্ত্রীর কোটায় দেড়, দুহাজারের বেশি হয়নি। মানে ২৫ পারসেন্টেরও নিচে আছে। এই হচ্ছে বাস্তব অবস্থা।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ। এই ব্যাপারে আমাদের ধারণা পরিষ্কার ছিল না, এখন সেটা পরিষ্কার হয়ে গেছে যে মুখ্যমন্ত্রী কতগুলো জমি অ্যালট করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই সল্টলেকের জমি বিক্রি নিয়ে নানা রকম অভিযোগ উঠেছে। একটা হচ্ছে বে-আইনিভাবে জমি দেওয়া হয়েছে মুখ্যমন্ত্রীর

আপ্ত সহায়কের নামে, আর রাজ্য সরকারের অর্থবিভাগের জয়েন্ট সেক্রেটারি জমি দেবেন বলে লোককে ঠকিয়ে টাকা নিয়েছেন। আর দ্বিতীয় রকমের অভিযোগ উঠছে, জমি পাবার পর, অ্যালটমেন্ট হবার পর বেআইনিভাবে হস্তান্তর হচ্ছে পাওয়ার অব অ্যাটর্নি দিয়ে অন্যায়ভাবে, বেআইনিভাবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে সল্টলেকে যে জমি বাকি আছে সেটার অ্যালটমেন্টের ব্যাপারে সরকারের নীতি কি এবং বেআইনিভাবে একই পরিবারের বেশি লোক যাতে জমি না পায় বা বেআইনিভাবে হস্তান্তর না হয় সে ব্যাপারে কি ব্যবস্থা করেছেন জানাবেন কী?

[11-40—11-50 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য জমি হস্তান্তরের ব্যাপারে যে উদ্বেগ প্রকাশ করেছেন সেই উদ্বেগের সঙ্গে আমি একমত। আমি এই হাউসের কাছে আবেদন করছি যে সত্যিই আমাদের রাজ্যে বিধাননগরের পরিকল্পনা যে লক্ষ্য নিয়ে করা হয়েছিল সেখানে এক ধরনের অসাধু ব্যবসায়ী আইনকানুন ভেঙ্গে, বেআইনিভাবে-তিন/চারটি পদ্ধতি আছে। একটা পদ্ধতি হচ্ছে, পাওয়ার অব অ্যাটর্নি দিয়ে, আর একটা হচ্ছে, যার নামে জমি তিনি থাকবেন কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে যে অন্য লোক আছেন এবং তিন নং হচ্ছে ভাড়াটিয়া বসিয়ে দেওয়া। শুধু ভাড়াটিয়া নয়, তিনি বাড়ি করার টাকা দিয়েছেন এবং বেআইনিভাবে করা হয়েছে। এই সমস্ত দিক দেখে আমি এখানে এটা বলতে পারি যে এ ব্যাপারে খুব সম্ভবত এই সেশনেই একটা বিল নিয়ে আসব। গত পরশুদিন আমাদের অর্থমন্ত্রী মহাশয় সল্ট লেকের একটা মিটিং-এ বলেছেন। আমি এখানে বলছি যে ট্রান্সফারকে ঠেকাবার জন্য একটা নতুন আইন আমরা আনতে পারব এবং তাতে এটা খানিকটা ঠেকানো যাবে। আর পুলিশ বিভাগকেও এ ব্যাপারে তৎপর হতে বলেছি। তারা বাড়ি বাড়ি গিয়ে দেখবেন যে কে জমির মালিক, কে বাস করছেন, কে বাড়ি করছেন ইত্যাদি। এ সম্বন্ধে আমরা বলেছি যে একটা রিপোর্ট চাই। খানিকটা রিপোর্ট পেয়েছি। আইনের যে ফাঁক আছে সেই ফাঁক বন্ধ করার জন্য নতুন আইন করতে হচ্ছে। ৭০এর দশকের প্রথম দিকে তখন আইন ছিল না যে ট্রান্সফার করা যাবে না। সেই সুযোগ কিছু লোক নিয়েছেন ঐ পাওয়ার অব অ্যাটর্নি দিয়ে। এই পাওয়ার অব অ্যাটর্নির ব্যাপারে দলমত নির্বিশেষে আইনজীবিদের সর্বোচ্চ মহলের সঙ্গে কথা বলে তাদের মত নেওয়া হয়েছে যে কি ভাবে এই পাওয়ার অব অ্যাটর্নিটা ঠেকানো যায়, হস্তান্তরকে ঠেকানো যায়। এরজন্য আমরা নতুন আইন করার চেষ্টা করছি। পুলিশ বিভাগকেও বলেছি, সন্দেহ হলেই মিউটেশন আটকাচ্ছি। বিল্ডিং প্ল্যানও আটকাচ্ছি, সেটা বেশি দিন আটকানো যায়না। সমস্যা সত্যিই হচ্ছে এটা আমরা মানছি। আইনের দিক থেকে, প্রশাসনের দিক থেকে এটার ব্যাপারে ব্যবস্থা আমরা করব। আর একটা প্রশ্ন করেছে নতুন প্লট দেওয়া সম্পর্কে। মুখ্যমন্ত্রী যেটা দিয়েছেন এটা এখন আর নেই। আর প্র্যাকটিক্যালি রেসিডেন্শিয়াল প্লট এখন আর নেই। দু/একটা যা মামলা, মোকদ্দমায় আটকে আছে বা ডিফল্টার, বাড়ি করতে পারেনি, সময় চলে গিয়েছে, এরকম দু/চারটে প্লট হাতে এসেছে। যেটা দিয়েছেন চিফ মিনিস্টার সেটা আর আইনের অধিকারেই দিয়েছেন এবং সাধারণ

মানুষ, ভি.আই.পি.রা সেটা পেয়েছেন। আমি থাকাকালীন, আমি যতদিন আছি, তিনবার, মুখ্যমন্ত্রী কাকে কাকে দিয়েছেন সেই লিস্ট আমি দিয়ে দিতে পারি, তাতে আপনাদের খুব সুবিধা হবে না।

**শ্রী সৌগত রায় ঃ** তাতে কংগ্রেসের দু/একজনের নাম থাকলে আপনাদের ১০০ জনের নাম আছে। আমি তো নিইনি, এই প্রোপারশন হবে।

**মিঃ স্পিকার ঃ** মিঃ রায়, আপনি কি বলছেন যে এখানে এম.এল.এ.দের রিপ্রেজেনটেশন অনুযায়ী এটা হওয়া উচিত?

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন সরকারি দপ্তর এই এই যে ভ্যাকেন্ট ল্যান্ড বললেন প্লট হিসাবে নিয়ে রেখেছে বলছেন, এর কোয়ান্টাম অব ল্যান্ড কত সেটা দয়া করে বলবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা নোটিশ দিতে হবে। আমি শুধু বললাম ২৮টা সরকার বিভাগ এই রকম ভাবে জমি নিয়ে রেখেছে, টোটাল জমিটা কত, সেটা আমার কাছে বর্তমানে হিসাব নেই। সরকারের ২৮টা বিভাগ জমি নিয়েছিল কিন্তু তারপর কিছু করেনি। আমরা তা তাদের বলেছি দু তিন মাসের মধ্যে সিদ্ধান্ত নিতে, তা নাহলে আপনারা জমি ছেড়ে দিন। ১৭টা বিভাগ মিটিং-অ্যাটেন্ড করেছিল, সেই পেপার্স আমার কাছে আছে। মোট কত জমি সেটা এখন বলতে পারব না, কারন এটা অঙ্ক কষে বার করতে হবে। এই সম্পর্কে নোটিশ দেবেন পরে জানিয়ে দেব।

**শ্রী মনীন্দ্রনাথ জানা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কংগ্রেস এম.এল.এ.দের ঐ এলাকায় কোনও জমি দিয়েছেন কি না?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আপনার এখানে প্রশ্ন ছিল গভর্নমেন্ট অর্গানাইজেশন অর কোঅপারেটিভ সোসাইটিজ কতকগুলো কোঅপারেটিভ সোসাইটি গজিয়ে উঠেছে, আমার কাছে সংবাদ আছে বহু কোঅপারেটিভ সোসাইটি নিজেদের মধ্যে এই সোসাইটি তৈরি করে এই জিনিস করেছে, আপনি জানেন কোঅপারেটিভ সোসাইটি তৈরি করা খুব সহজ, সাত আট জন মিলে একটা সোসাইটি তৈরি করা যায়। আপনাদেরই কিছু লোক এবং অসাধু লোক এই রকম কতকগুলো ফেক কোঅপারেটিভ সেসাইটি তৈরি করে একেবারে রাস্তার পাশের জমি নিয়েছে। এই রকম ফেক কোঅপারেটিভ সোসাইটি সম্পর্কে আপনার জানা আছে কি না, আমার দু তিনটে জানা আছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি যেটা বললেন ফেক সোসাইটি, এই রকম যদি নির্দিষ্ট ভাবে জানিয়ে দেন তাহলে সুবিধা হয়। আগে শুধু সি.এম.ডি.এ.র কর্মচারিরা এবং আরবান ডেভেলপমেন্ট ডিপার্ট মেন্টের কর্মচারিরা কোঅপারেটিভ সোসাইটি করতে পারত, আমি

এসে সরকারি কর্মচারী সমস্ত বিভাগের কর্মচারী এবং অফিসারদের কোঅপারেটিভ করে জমি নেবার অধিকার দিয়েছি। আমি থাকতে এই দুটো বিষয়ে আমি অনুমতি দিয়েছি। আমি সমস্ত সরকারি অফিসারদের ইন্ডিভিজুয়াল প্লট দিতে পারছি না, সেইজন্য বলেছি, আপনারা কোঅপারেটিভ করুন, আপনাদের জমি দেব। আমি নয়টি অফিসার্স কোঅপারেটিভকে জমি দিয়েছি। সি.এম.ডি.এ. এমপ্লয়িজ কোঅপারেটিভ করেছে, এটা জানেন, এরা সবাই সরকারি কর্মচারী। অন্য কেউ কোঅপারেটিভের মাধ্যমে জমি পায়নি, আপনি যেটা বললেন, এই রকম কোনও ফেক সোসাইটি সম্পর্কে যদি জানা থাকে তাহলে আমার কাছে পাঠাবেন আমি ব্যবস্থা নেব।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, অতিরিক্ত যে জমি রয়েছে, আমরা মফঃস্বল থেকে যারা বিধায়ক এসেছি, তারা পেতে পারবেন কি না, এবং কোঅপারেটিভ করে পেতে পারেন কি না এবং যদি পান তাহলে কী পদ্ধতিতে পাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনারা পেতে পারেন। কিন্তু আমি অনুরোধ করব এম.এল.এ.রা ওখানে যাবেন কেন, স্পিকার তো হস্টেল তৈরি করে দিয়েছেন আপনাদের জন্য। আপনারা হস্টেলে থাকবেন এবং মফঃস্বলে তো আপনাদের বাড়ি রয়েছে। সুতরাং এম.এল.এ.রা যদি বলেন যে তাদের জমি দিতে হবে তাহলে আমি বিপদে পড়ব।

[11-50—12-00 a.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু বললেন যে, তিনি সল্টলেকের জমির বেআইনি হস্তান্তর বন্ধ করার জন্য চেষ্টা করছেন এবং বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করছেন। আমরা জানি ওখানে মুখ্যমন্ত্রীর কোটায় জমি বিতরণ হয়েছে এবং একই পরিবারভুক্ত ব্যক্তিরা একাধিক জমি বেআইনিভাবে পেয়েছেন। মুখ্যমন্ত্রীর আপ্ত-সহায়ক এবং তাঁর পরিবারের বিভিন্ন সদস্যদের নামে বিভিন্ন প্লট বিতরণ করা হয়েছে। এই বিষয়টি নিয়ে কি মাননীয় মন্ত্রী মহাশয় তদন্ত করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মুখ্যমন্ত্রী আপ্ত-সহায়ক এবং তাঁর পরিবারের অন্যান্যরা দল-বেঁধে একাধিক জমি পেয়েছে, এরকম ভাবে কিছু হয় নি। ১৯৭০-৭১ সালে, যখন কোনও আইন ছিল না এবং যখন মানুষ ওখানে জমি পাওয়ার জন্য খুব বেশি আগ্রহী ছিল না তখন হয়ত কোনও পরিবারের কেউ কিছুটা জমি পেয়েছে এবং পরবর্তীকালে আরো কিছুটা একই পরিবারের কেউ কিছুটা জমি পেয়েছে এবং পরবর্তীকালে আরো কিছুটা একই পরিবারের কেউ পেয়েছে। এই ভাবে হয়ত কোনও কোনও পরিবার জমি পেয়ে থাকতে পারে। মুখ্যমন্ত্রীর আপ্ত-সহায়ক বলেই কেউ দল-বল সহ জমি পেয়েছে, এটা ঠিক নয়।

**শ্রী আবুল হাসনাত খান ঃ** কংগ্রেস আমলে কোন নিয়ম নীতি ছাড়াই এম.এল.এ.-দের ফ্ল্যাট দেওয়া হ'ত। সে সময়ে কতজন কংগ্রেসি এম.এল.এ. কলকাতার বুকে ঐভাবে ফ্ল্যাট পেয়েছেন তা কি মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এরকম কোন তথ্য আমার কাছে নেই। কংগ্রেস আমলে এম.এল.এ.-রা যে ভাবে কলকাতায় থাকতেন আমার ধারণা বর্তমানেও এম.এল.এ.-রা সেইভাবেই থাকেন। কেউ হস্টেলে থাকেন, কেউ হয়ত কোয়ার্টারে থাকেন, কেউ অন্য কোনও জায়গায় অন্য কোনও ভাবে থাকেন। এম.এল.এ.-দের কলকাতায় থাকা নিয়ে সমস্যা আছে। আমি স্পিকার মহাশয়কে বলেছি, আপনি বাড়ি তৈরির টাকা যদি বের করতে পারেন তাহলে আমি নিশ্চয়ই এম.এল.এ-দের থাকার ব্যবস্থার জন্য বিধানসভার আশপাশেই একটা জমি বিনা মূল্যে বের করে দেব। কেন না উনি আমাকে বলেছিলেন, হস্টেলে সমস্ত এম.এল.এ.-দের রাখা সম্ভব হচ্ছে না।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, লেক টাউন এবং সল্ট লেক এলাকায় আপনাদের পেয়ারের বুরোক্রাটরা নিয়মের বাইরে বেশি জমির প্লট পেয়েছেন কিনা? আমি নির্দিষ্টভাবে জানি প্রাক্তন মুখ্যসচিব রথীন সেনগুপ্ত ৬ কাঠা জমি পেয়েছেন, যা তিনি পেতে পারেন না এবং বাড়ির সামনে একটা পার্ক করেছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি লিখিতভাবে প্রশ্নটা রাখবেন, অর্থাৎ নোটিশ দেবেন, আমি উত্তর দেব।

**শ্রী রবীন দেব ঃ** স্যার আমি একটা পার্সোনল এক্সপ্লানেশন দিতে চাই। একটু আগে মাননীয় সদস্য সৌগত রায় বললেন যে, মুখ্যমন্ত্রীর কোটায় আমি জমি পেয়েছি। আমি বলছি, এ কথা সম্পূর্ণ অসত্য।

## ট্রামের সংখ্যা

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০ সালের অক্টোবর মাসে চালু ট্রামের সংখ্যা কত ছিল ও বর্তমানে চালু ট্রামের সংখ্যা কত ;

(খ) চালু ট্রামের সংখ্যা হ্রাস পেয়ে থাকলে তার কারণ কি ; এবং

(গ) ট্রামের সংখ্যা বাড়াবার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি দুটি প্রশ্নের উত্তর একসঙ্গে দিচ্ছি।

(ক) ১৯৯০ সালে অক্টোবর মাসে চালু ট্রামের সংখ্যা ছিল প্রতিদিন ২৬৪ টি। বর্তমানে চালু ট্রামের সংখ্যা প্রতিদিন ১৪৩টি।

(খ) অর্থ সঙ্কটের দরুন নতুন ট্রাম কেনা বন্ধ এবং লাইন ওভারহেড-এর মেরামতি কাজ প্রায় বন্ধ। ট্রাম, মেরামতি, ওভারহলিং ইত্যাদির ক্ষেত্রেও অর্থের অভাব

আছে। ট্রামের সংখ্যা হ্রাসের এটাই কারণ।

(গ) বর্তমানে ট্রামের সংখ্যা বাড়াবার কোনও পরিকল্পনা নেই।

**সি.টি.সি.-র বাস**

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী শক্তিপ্রসাদ বল :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সি.টি.সি. কর্তৃপক্ষ এ পর্যন্ত কতগুলি বাস কিনেছেন ;

(খ) বাসগুলিতে সি.টি.সি.-র কতজন কর্মীকে নিয়োগ করা হয়েছে ; এবং

(গ) বাসগুলিতে দৈনিক যাত্রি পরিবহনের সংখ্যা কত ;

(ঘ) বাসগুলি থেকে লাভ বা ক্ষতির পরিমাণ কত ; এবং

(ঙ) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে নতুন কোন বাস কেনার পরিকল্পনা আছে কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী :**

(ক) এ পর্যন্ত ৪০টি বাস কেনা হয়েছে।

(খ) মোট ১৮০ জন কর্মীকে নিয়োগ করা হয়েছে।

(গ) দৈনিক যাত্রি সংখ্যা আনুমানিক ৩৮ হাজার

(ঘ) গত তিন মাসে প্রায় ১০ লক্ষ টাকা লাভ হয়েছে।

(ঙ) ১৯৯৩-৯৪ আর্থিক বৎসরে আরও ১৩৫টি বাস কেনার পরিকল্পনা আছে।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** আপনি চালু ট্রামের সংখ্যা বললেন ২৬৪টি। সেটা এখন হ্রাস পেয়ে দাঁড়াচ্ছে ১৪৩। আমার কাছে যা হিসাব আছে সেটা হচ্ছে, পার ট্রাম-পার কার পার ডে প্যাসেঞ্জার হচ্ছে ১৯০০। সেই তুলনায় বাসের যে হিসাব দাঁড়াচ্ছে, পার কার, পার ডে ৯০০ থেকে হাজার প্যাসেঞ্জার হচ্ছে, তবুও লাভ হচ্ছে। ট্রামের সংখ্যা সেই তুলনায় কমানো হল কেন এটা যদি ক্লারিফাই করে দেন তাহলে ভাল হয়?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** একটা ট্রামের যা দাম সেই দাম দিয়ে আমরা অনেকগুলি বাস কিনতে পারি। আপনি যে হিসাবটা করেছেন তা দিয়ে গুন করে দেখুন একটা ট্রামের দাম হচ্ছে ৫৫ লক্ষ টাকা থেকে ৬০ লক্ষ টাকা। ৬ লক্ষ টাকা দিয়ে একটা বাস হয়ে যায়। যাত্রির সংখ্যা কত তাকে ৬ দিয়ে গুন করলে আপনার হিসাবটা বেরিয়ে যাবে। এছাড়া ট্রামের লোকসানের কারনও আছে। ১ কিলোমিটার ট্রাম চালাতে আমাদের ১৪.৫৬ টাকা আয় হয় আর এক কিলোমিটার ট্রাম চালাতে আমাদের ব্যয় হয় ৭২.২৭ টাকা। পার

কিলোমিটার ট্রাম চললে ৫৮ টাকা করে লোকসান হচ্ছে। এইজন্য প্রথমত ট্রামের উপর জোর কমে গেছে।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** যেহেতু পরিবেশ দূষণের ব্যাপার আছে, এই পরিবেশ দূষণের ব্যাপারে সারা দেশব্যাপী তথা সারা পৃথিবী জুড়ে সবচেয়ে বেশি জোর দেওয়া হচ্ছে। ট্রাম হচ্ছে পরিবেশ দূষণের বিপক্ষে সবচেয়ে বেশি সহায়ক যান। সেইজন্য ট্রাম চালু করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আপনি কোন সাহায্য চেয়েছেন কিনা এবং এই সাহায্য পাওয়ার ব্যাপারে কোনও পরিকল্পনা আপনি করেছেন কিনা?

[12-00—12-10 p.m.]

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** শক্তিবাবু, কেন্দ্রীয় সরকারের প্রতি আপনার যদি কোনও মোহ থেকে থাকে তাহলে আমি নিরুপায়। কারণ কেন্দ্রীয় সরকারের ট্রান্সপোর্ট সংক্রান্ত নীতি হচ্ছে পুরোটা বেসরকারিকরণ করে দেওয়া, অর্থাৎ বেসরকারির হাতে তুলে দেওয়া। সরকার আর ট্রান্সপোর্ট চালাতে চাইছেন না। সুতরাং অরণ্যে রোদন করে কোনও লাভ নেই। আর পরিবেশ দূষণ সম্পর্কে যা বলেছেন সেটার বাস্তবতা আছে। কিন্তু কলকাতায় দৈনিক যে এক কোটির মতো যাত্রি যাতায়াত করেন এর মধ্যে ট্রামে যাতায়াত করেন ৪.৫ লক্ষ মাত্র। এই ৪.৫ লক্ষ যাত্রি যাতে বিকল্প ব্যবস্থার মাধ্যমে যাতায়াত করতে পারেন তার চেষ্টা আমরা করছি। আপনি জানেন, মেট্রো রেল যখন পূর্ণাঙ্গভাবে চালু হবে, সেটা এয়ার পলিউশন নিউট্রালাইজ করবে এবং তখন ঐ সংস্থা ১৮ লক্ষ যাত্রি পরিবহন করতে পারবে। এছাড়া আমরা ২ লক্ষ যাত্রিকে জল পরিবহন ব্যবস্থার মাধ্যমে পরিবহন করছি। এতেও পলিউশন ছড়াচ্ছে, তবে সেটা বাসের তুলনায় কম। আর চক্র রেল যেটা রয়েছে সেটাকে আর একটু মডার্নাইজ করে যাতে চালানো যায় তারজন্য চেষ্টা করছি। ট্রাম এয়ার পলিউশন নিউট্রালাইজ করতে পারে ঠিকই, কিন্তু এটা অনেক বেশি এয়ার পলিউশন নিউট্রালাইজ করতে পারে। আর একটি পয়েন্ট হল, কলকাতা শহরের অপরিসর রাস্তাঘাট দিয়ে যান-বাহন চলাচল করতে গিয়ে মন্থর গতি হয়ে যায় বলে এয়ারকে বেশি পলিউট করে এবং তারই জন্য আজকে আর ট্রাম সেইভাবে পরিবেশ দূষণ রোধ করতে পারছে না।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### পঞ্চায়েত নির্বাচনে বেসরকারি সম্পত্তির ক্ষয়-ক্ষতি

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সম্প্রতি পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে বিভিন্ন রাজনৈতিক দলের সংঘর্ষের ফলে বেসরকারি সম্পত্তির আর্থিক ক্ষয়-ক্ষতির পরিমাণ কত ; এবং

(খ) ঐ বাবদ ত্রাণ ও পুনর্বাসন খাতে ব্যয়ের পরিমাণ কত?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই ঘটনার বিষয়ে কোনও প্রতিবেদন ত্রাণ বিভাগ এখনও পায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**Connection of 2nd Hooghly Bridge with the Express Way**

*57. (Admitted Question No *231) **Shri Ambica Banerjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

the latest position in connecting the 2nd Hooghly Bridge on the Howrah side with the Express way?

**The Minister-in-Charge of the Transport Deptt- :**

The Kona Expressway is to be linked up with Vidyasagar Setu. The first phase of this Expressway is being taken up by HIT on behalf of CMDA. As completion of the Kona Expressway is likely to take time. approval of the Government of India has been obtained for completion of the 1.13 km. upto Drainage Canal Road and for strengthening and widening of Drainage Canal Road from the Expressway to Makardah Road. This will establish a link between the Setu and NH 6 and serve the traffic plying through the Setu till the Expressway is completed.

**কৃষি পেনশন প্রাপকের সংখ্যা**

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩) **শ্রীআবু আয়েশ মন্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা কত?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্তমান-এ রাজ্যে মঞ্জুরীকৃত কৃষিপেনশন প্রাপকের সংখ্যা ২৭৭৭৫ জন?

**ক্ষুদ্রসেচ সেবিত জমির পরিমাণ**

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রীআবু আয়েশ মন্ডল ঃ** ক্ষুদ্রসেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে ক্ষুদ্রসৈচ প্রকল্পাদির মাধ্যমে মোট সেচ সেবিত জমির পরিমাণ কত?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

৩১শে মার্চ ১৯৯৩ পর্যন্ত রাজ্যে ক্ষুদ্রসেচ প্রকল্পাদির মাধ্যমে সেচসেবিত (পোর্টেনশিয়াল ইউটিলাইজড) জমির আনুমানিক পরিমাণ ২৪.৬৩ লক্ষ হেক্টর। এর মধ্যে আনুমানিক ১২.১২ লক্ষ হেক্টর। ভূগর্ভস্থ জল থেকে এবং আনুমানিক ৯.৫১ লক্ষ হেক্টর ভূপৃষ্ঠস্থ জল থেকে করা হয়।

## MESSAGE REGARDING RELEASE OF MEMBER

**Mr. Speaker :** Now, Question Hour is over. I have received a communication from S.P., Midnapore regarding release of Shri Naren Hansda. Shri Naren Hansda was arrested on 21st May, 1993 from the House of Lijakatali at Binpur and was released on 23rd June, from JRM sub-jail at 5 p.m. with condition that he would appear at JRM Court after a month. This is for your information...(Noise).

### Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received one notice of adjournment motion from Shri Saugata Roy the subject matter of which does not warrant adjournment of business of the House. However, the member may invite the attention of the Minister concerned on the subject through Questions, Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to the motion. The Member may, however, read out the text of the motion, as amended.

**Shri Sougata Roy :** The Assembly do now adjourn its business to a definite matter of urgent public importance of recent occurrence, namely, wholetime system in Government hospital due to agitation by House-staff in the Government hospitals following Government decision not to implement ...(Noise)...

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received eight notices of Calling Attention, namely :-

i) Acute scarcity of Water in Calcutta due to Power crisis : Shri Sougata Roy

ii) Reported deplorable condition of the Kusumgram-Saghanpur road in Monteswar Block of Burdwan district. : Shri Abu Ayes Mandal

| | | | |
|---|---|---|---|
| iii) | Reported death of a person due to torture in police custody under Kharagpur local P.S. | : | Shri Gyan Singh Sohanpal |
| iv) | Erosion of vast areas by the Ajoy and the Bhagirathi rivers. | : | Shri Anjan Chatterjee |
| v) | Exported manhandling of Pro-vice-Chancellor (Academic), Calcutta University by some miscreants in the University Campus. | : | Shri Dipak Mukherjee<br>Shri Santasri Chatterjee<br>Shri Abdul Mannan<br>Shri Sanjib Kumar Das &<br>Shri Ajoy De. |
| vi) | Alleged decision of the State Government to stop Housestaff-ship in different Medical College Hospital in the State | :<br>: | Shri Lakshman Chandra Seth,<br>& Shri Tapan Hore |
| vii) | Reported landslide at Darjeeling causing of lives and properties | : | Shri Rabindra Nath Mondal &<br>Shri Rabin Deb |
| vii) | Reported killing of 11 persons by firing of B.S.F. in Nadia on 17.3.91 (The matter is not of a recent occurance) | : | Shri Kamalendu Sanyal |

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of Reported death of a person due to tonture in police custody under Kharagpur local P.S.

The Minister-in-Charge may please make a statement today if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The Statement will be made on 8th July.

## Laying of Rules

## Amendment to the Calcutta Municipal Corporation Building Rules, 1990

**Shri Asoke Bhattacharyya :** Sir, with your permission I beg to lay the Amendment to the Calcutta Municipal Corporation Building Rules, 1990, published under notification no. 1189/C-5/CC/3R-6/88 dated the 12th December, 1990.

## Amendment to the Howrah Municipal Corporation Building Rules, 1991

**Shri Asoke Bhattacharyya :** Sir, with your permission I beg to lay the Amendment to the Howrah Municipal Corporation Building Rules, 1991, published under notification No. 124/C-5/H/3R-1/91, dated the 12th February, 1991.

## MENTION CASE

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪শে জুন আমাদের পশ্চিমবঙ্গের শিক্ষা জগতে এবং পশ্চিমবাংলার ঐতিহ্যের প্রতি এ.আই.ডি.এস.ও নামক সংগঠনের কিছু অছাত্রকর্মী যে কলঙ্ক লেপন করেছেন, সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অধ্যাপিকা ভারতী রায়, যিনি সহ-উপাচার্য (শিক্ষা) এবং ইতিহাসের একজন নামি, গুণি পন্ডিত। তার উপরে শুধু দৈহিক আক্রমণ করা হয়নি, তাকে লাঞ্ছনা করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের ভিতরে এবং সবচেয়ে বিস্ময়জনক ঘটনা হচ্ছে, এই তথাকথিত ডি.এস.ও'র গুন্ডা যারা এই কাজ করেছেন তাদের সমর্থনে এস.ইউ.সি. দলের নেতারা প্রেস বিবৃতি দিয়ে এটাকে মিথ্যাচার করার চেষ্টা করেছেন যে ভারতী রায়ের উপরে যারা আক্রমণ করেছে তারা এস.ইউ.সি বা ডি.এস.ও'র কেউ নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাই যে সেদিন এই ঘটনার সঙ্গে যুক্ত ছিল এই রকম ২২ জন ডি.এস.ও কর্মীর নাম আমি সভায় দিতে পারি। সেদিন আনন্দবাজার পত্রিকা এবং অন্যান্য কাগজে প্রকাশিত ফটোগ্রাফ থেকে এটা পরিষ্কার হয়ে যাবে। ভারতী রায় যাদের হাতে নিগৃহীত হয়েছিলেন তাদের ছবি আমি বিধান সভায় দিতে পারি যারা এই ডি.এস.ওর কর্মী এবং সেই সূত্রে এস.ইউ.সি.আই-এর পরিচিত কর্মী। এই ঘটনা পশ্চিমবাংলার পক্ষে অত্যন্ত লজ্জাজনক। যারা বামপন্থি রাজনীতির কথা বলে, উন্নত সংস্কৃতির চেতনার কথা বলেন, তাদের প্রকৃত ভন্ডামির চেহারাটা ২৪ তারিখে বিশ্ববিদ্যালয়ের লনে প্রকাশিত হয়েছে এবং রাজ্যের মানুষ তাদের ধিক্কার জানিয়েছে। এই বিধান সভা থেকে আমাদেরও তাদের প্রতি ধিক্কার জনানো উচিত, ঘৃণা প্রকাশ করা উচিৎ এ.আই.ডি.এম.ও কর্মী এবং তাদের রাজনৈতিক দাদা এস.ইউ.সি.আই-এর যারা এই কাজ করেছেন। আমারা অতীতেও দেখেছি যে এই রাজ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গোপাল সেন খুন হয়েছিলেন নকশালদের হাতে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রধান শিক্ষক বিমল দাসগুপ্তকে কংগ্রেস চেয়ারের সঙ্গে বেঁধে পুড়িয়ে দিয়েছিল। এই নকশাল এবং কংগ্রেসের সঙ্গে এস.ইউ.সি.আই-এর নাম যুক্ত হয়ে গেল। আমাদের সমস্ত শিক্ষা এবং সংস্কৃতি বিশ্ববিদ্যালয়ের লনে ভূলুণ্ঠিত হল। সমস্ত রাজ্যের মানুষ তাদের প্রতি ধিক্কার জানিয়েছে। আমিও সেই প্রশ্নে বিধানসভায় দাঁড়িয়ে আমার কথা সোচ্চার করতে চাই। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি যে এই ব্যাপারে উপযুক্ত অপরাধী যারা তাদের গ্রেপ্তার করা হোক এবং উদাহরণস্বরূপ শাস্তি দেওয়া হোক তাতে পশ্চিমবঙ্গের শিক্ষার অঙ্গনে ভবিষ্যতে এই রকম গুন্ডামি করার সাহস আর না করে। এই আবেদন আপনার মাধ্যমে রেখে আমার

বক্তব্য শেষ করছি।

[12-10—12-20 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি এখানে আগেই মেনশন দিয়েছিলাম এই ঘটনার উপর। গত ২৪শে জুন কলকাতা বিশ্ববিদ্যালয়ে অস্বাভাবিক ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্র সংগঠন ডি.এস.ও-র উদ্যোগে সংগঠিত হয়ে একটা বিক্ষোভ মিছিল ছিল কলকাতা বিশ্ববিদ্যালয়ে। এই বিশ্ববিদ্যালয়ে এই বিক্ষোভ মিছিলের সঙ্গে জড়িয়ে বিশ্ববিদ্যালয়ের সহউপাচার্য শ্রীমতি ভারতী রায় শিক্ষা অ্যাকাডেমিক তাঁকে নিগ্রহ করার জন্য অভিযোগ সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। আমি সর্বপ্রথম, এই অভিযোগ উত্থাপিত হয়েছে, দ্ব্যর্থহীন ভাষায় আমাদের দলের পক্ষ থেকে এই ক্ষেত্রে নিরপেক্ষ তদন্তের দাবি করছি এবং প্রকৃত অপরাধীকে সনাক্ত করার দাবি জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যারা অপরাধী, যারা এটা করেছে তাদের সঙ্গে ডি.এস.ও সংগঠনের কোনও সম্পর্ক নেই এবং ডি.এস.ও. সংগঠন চ্যালেঞ্জ করেছে যেটা প্রমাণ রাখে ছবিতে যে ডাঃ ভারতী রায়কে নিগ্রহ করছে সুস্পষ্ট সচ্ছ প্রমান সি.পি.এম কর্মী। আজকাল পত্রিকা নিয়ে যারা ঘুরে বেড়াচ্ছে সেই আজকাল পত্রিকা থেকে দেখাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে নিগ্রহ হচ্ছে, ভারতী রায়কে দুজন বিশ্ববিদ্যালয়ের কর্মী রক্ষা করবার জন্য নাকি দাঁড়িয়ে রয়েছে। তৃতীয় ব্যক্তি সেই যুবক-শিক্ষার আজকে লজ্জা—দাড়িওলা যুবক ভারতী রায়ের কাপড় ধরে টানছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি এই রকম নিগ্রহের ঘটনা হয়, তার পাশাপাশি কোনও ছাত্র-ছাত্রী নেই এবং বিশ্ববিদ্যালয়ের যেখানে ঘটনা ঘটল তার থেকে অনেক পেছনে দেখানো হল এবং সকলে কিন্তু ক্যামেরার দিকে তাকিয়ে। একজন মহিলা নিগ্রিহীতা হচ্ছেন, তাঁর শাড়ি ধরে টানছে, তাঁকে টানছে সেই দিকে নয়, অল ফেসিং দি ক্যামেরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই ঘটনা হচ্ছে যে সেই দিন ডি.এস.ও-র ছাত্র-ছাত্রীরা অতিরিক্ত ফি বৃদ্ধির প্রতিবাদে ফি কমিটির চেয়ারম্যান প্রো-ভি-স(ফিনান্স) প্রবুদ্ধ রায়ের কাছে স্মারকলিপি দিতে যায়। তিনি সেই স্মারকলিপি গ্রহণ না করে উপরে উঠে যান। পরে তারা ডাঃ ভারতী রায়ের কাছে ছাত্রীরা এগিয়ে যায় এবং স্মারকলিপি দিতে চায়। তখন তিনি সেই স্মারকলিপি নিতে অস্বীকার করেন, তিনি বলেন যে তিনি স্মারকলিপি নেবেন না। এটা নিয়ে যখন ছাত্রীদের সঙ্গে তাঁর কথা হচ্ছে সেই সময় সি.পি.এম কর্মচাবী ইউনিয়ান কিছু দুষ্কৃতকারি এবং গুন্ডাদের নিয়ে সেই সমস্ত ছাত্রিদের উপর আক্রমণ করে। তাতে ৩২ জন ডি.এস.ও ছাত্র-ছাত্রীকে আক্রমণ করে আহত করে। তারপর সেই দুষ্কৃতকারিরা ডাঃ ভারতী রায়কে ধরে নিয়ে যায় এবং ধরে নিয়ে গিয়ে কেন এই ভঙ্গিতে ছবি তুলল সেটা আমার জানা নেই। আমি স্যার আপনার কাছে জানতে চাই, স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাই এই তৃতীয় ব্যক্তিটি কে? সংবাদ পত্রে সুপষ্ট ছবি বেরনো সত্ত্বেও কেন সেই অপরাধিকে গ্রেপ্তার করা হচ্ছে না? কেন এই ব্যাপারে নিরপেক্ষ তদন্ত হচ্ছে না? আমাদের দাবি এই ব্যাপারে একটা নিরপেক্ষ তদন্ত হোক, লেট দেয়ার বি এন ইমপারসিয়াল এনকুয়ারি। এই ব্যাপারে তদন্ত হোক, অপরাধী সনাক্ত হোক এবং তার সাজা হোক। স্যার, এই ঘটনা রাইন স্টার কাহিনীর কথা আমাদের স্মরণ করিয়ে দেয়। সি.পি.এম. আজকে যে পথ বেছে নিয়েছে আন্দোলনকে

ধ্বংস করবার বা প্রশমিত করবার, আন্দোলনকে মসীলিপ্ত করবার যে প্রচেষ্টা এটা ভয়ঙ্কর। এটা বামপন্থি আন্দোলনকে সাহায্য করবে না। আমরা চ্যালেঞ্জ জানাচ্ছি। এর তদন্ত হোক, ইম্পার্শিয়াল তদন্ত হোক। তদন্ত কেন করছেন না, কেন পিছিয়ে যাচ্ছেন? হু ইজ দ্যাট পার্সন, আমরা এটা জানতে চাইছি। তৃতীয় ব্যক্তি কে? এর পরিচয় কি? এর সঙ্গে ডি.এস.ও.র কোনও সম্পর্ক নেই। সি.পি.এম. পরিচয় দেবেন কি? সরকার পরিচয় দেবেন কি? আমরা অ্যাকসেপ্ট করছি। আমরা এই ঘটনার ইম্পার্শিয়াল তদন্ত চাই।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাকে খুব সহজ ভাবে নেওয়া উচিত নয়। মানববাবু যে কথা উল্লেখ করেছেন, ঠিকই, এটা অত্যন্ত লজ্জাজনক এবং পশ্চিমবঙ্গের ঐতিহ্য বিরোধী। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মতো জায়গায় ভাইস চ্যান্সেলারের মতো একজন প্রথিতযশা মহিলা, তাঁর যে ছবি আমরা দেখেছি তা আমাদের মাথা লজ্জায় হেট করে দিয়েছে এবং একে নিন্দা করার কোনও ভাষা নেই। সাধারণ ভাবে আমরা দেখেছি যে ডি.এস.ও. এই ধরনের আন্দোলন করে থাকে। আমার ছাত্র আন্দোলনের সময়ের অভিজ্ঞতা আছে আমি দেখেছি যে ডি.এস.ও. ডাকাতের মতো ঝাঁপিয়ে পড়ে। আমিও একবার ঐ রকম ঘটনায় মার খেয়েছিলাম, ছাত্র আন্দোলন যখন করতাম সেই সময়ে। ডি.এস.ও. যদি এটা করে থাকে তাহলে তাদের শাস্তি হওয়া উচিত। আপনি কোন আইনে শাস্তি দেবেন জানিনা। কিন্তু ঐ যে সাদা জামা পরা ভদ্রলোক এখানে সাফাই গাইলেন, ওঁর শাস্তি হওয়া দরকার। স্যার, আমি ইতিহাসের ছাত্র। আমি এইটুকু জানি, ভারতী দেবীকে এই ভাবে আক্রমণ করার ফলে আজকে আমাদের মা বোনদের সম্মান ভূলুণ্ঠিত হয়ে গেল। এস.এফ.আই. এর আগে এক সময়ে সিটি কলেজে ভাইস চ্যান্সেলর, সাধনা সরকার, তিনিও একজন মহিলা ছিলেন, তাঁকে ঘেরাও করে প্রস্রাব খাইয়েছিল। তারই পরিণতিতে এই জিনিস ঘটেছে। সন্তোষ ভট্টাচার্যের উপরেও এই ভাবে আক্রমণ হয়েছে। এটা থেকে আমাদের সাবধান হতে হবে যে এই জিনিস কোথায় যাচ্ছে। সুতরাং আগে যা হয়েছে তা হয়ে গেছে। কিন্তু ভারতী দেবী, প্রো ভাইস চ্যান্সেলর পর্যন্ত এটা আবার ঘটল। এখানে বুদ্ধদেববাবু আছেন, উনি আমার প্রায় সম সাময়িক, আমার এক বছর আগে পড়তেন, উনি জানেন যে আমরা তখন রেজিস্টারারকে কি রকম ভয় করতাম। ডি.এস.ও. ডেপুটেশনের নাম করে যে ভাবে তান্ডব করেছে তার তুলনা নেই। ছবি মিথ্যা কথা বলে না। ছবিতে যে জিনিস দেখেছি তা তদন্তের পরিপ্রেক্ষিতে ভয়ঙ্কর শাস্তি হওয়া দরকার। যদি প্রমাণিত হয় তাহলে ডি.এস.ও. কেন থাকবে, দরকার হলে আইন করে ঐ সংগঠনকে বন্ধ করে দেওয়া হোক। এটা আমাদের জাতির পক্ষে লজ্জাজনক। মানববাবু এটা উল্লেখ করেছেন। আমরা এর উপরে বিস্তারিত আলোচনা চাই। দরকার হলে আধ ঘন্টা আলোচনা হোক। এই জিনিস কখনও চলতে দেওয়া যায় না।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয় যে জিনিস কলকাতা বিশ্ববিদ্যালয়ে ঘটে গেল, এটার ফলে সত্যিই আমাদের মুখ দেখাবার উপায় নেই। ঐদিন সংবাদপত্রে ছবি কি বেরিয়েছে, এগুলো নিয়ে অনেক মামলা মোকর্দ্দমার কথা বলা যেতে পারে, মোক্তারকে দিয়ে কিছু জেরা কিছু আর্গুমেন্ট করা যেতে পারে। কিন্তু এই কথা ঠিক, খবরের কাগজে,

সবগুলো সংবাদপত্রেই এ.আই.ডি.এস.ও.র নামে এই কথা উঠেছে। আমরা যদি ধরেও নিই যে এটা এস.ইউ.সি. দলের বিরুদ্ধে একটা ষড়যন্ত্র করবার জন্য বেরিয়েছে, তাহলেও, বিধানসভা থেকে এই ব্যাপারে নিন্দা প্রস্তাব উত্থাপিত হলে সকলে মিলে নিন্দা করছি, এই কথাটা বলতে তো অসুবিধা নেই। ছাত্রদের ক্ষেত্রে এটা বলা যেতে পারে, ওরা ছোট, ওদের তো ভুল-ভ্রান্তি হয়ে যেতে পারে। ধরে নিলাম আপনাদের নির্দেশে হয়নি এবং এটা খুব ভালো কথা কিন্তু ভুলভ্রান্তি একটা ঘটেছে। তবে ঘটনা যেটা ঘটেছে সেটা নিন্দনীয়। এতে

[12-20—12-30 p.m.]

এত কোর্ট কাচারিতে যাওয়ার দরকার নেই এবং সুব্রতবাবু যে অতীতের কথা তুললেন তাতেও যেতে চাইছি না। সব সময়ে এই আন্দোলন যেভাবে চলার দরকার যে পদ্ধতিতে দরকার সেভাবে হলে পরে কোনও কথাই উঠে না। অতীতে যেমন দাবি উঠেছিল সেইভাবে চললে জনমত তৈরি হতে পারে এবং এইভাবে অতীতেও অনেক আন্দোলন হয়েছে। এই সমস্ত যুক্তি দিয়ে অনেক কিছু বলা যেতে পারে কিন্তু এই মুহূর্তে বিধানসভায় বসে যে ঘটনার কথা উঠেছে এবং এই ঘটনার পরিপ্রেক্ষিতে যে নিন্দাসূচক প্রস্তাব এসেছে তাতে সকলে মেনে নিয়ে এর নিন্দা না করে পারেন না। সেখানে এই মানসিকতা যদি দেখানো হয় যে এর তদন্ত করুন এবং আজকালে যে ছবি বেরিয়েছে তাতে তৃতীয় ব্যক্তিটি কে- এইযে কথা বলা হয়েছে এইকথা বলে বেরিয়ে আসা যাবে না। তখন তো আর ভিডিও থেকে ছবি তোলা হয় নি এবং ঘটনার পর পর ছবি তো তোলা হয় নি যে এইকথা বলবেন। সেখানে সেই মুহূর্তে সংবাদপত্রের চিত্র সাংবাদিকরা নাও থাকতে পারেন কিন্তু সংবাদপত্রে যে সংবাদটি বেরিয়েছে সেই বিষয়টি অত্যন্ত নিন্দনীয়। যেহেতু তাঁর দলের সংগঠন করেছে সেইহেতু অন্যায় হলেও তাকে মেনে নিতে হবে সেটা বিধানসভার ভেতরে থেকে রাজনীতি করে সেটা হওয়া উচিত নয়। তিনি সেই দলের হলেও এই ঘটনার তাঁর তীব্র নিন্দা করা উচিত ছিল। এবং এই একটি জায়গাতেই সবাই মিলে ছেদ হওয়ার দরকার এবং সবাই মিলে এর প্রতিবাদ করতে পারব এটা দেখানোর দরকার। আজকে সেই সুযোগ এসেছে, বিশেষ করে ডঃ ভারতী রায় একজন শিক্ষাবিদ এবং তিনি একজন মহিলা সেইদিক থেকে তার প্রতি এই ব্যাবহারের নিন্দা করা উচিত। আমাদের পক্ষ থেকে শ্রী মানব মুখার্জি মহাশয় তথা সিপিএমের পক্ষ থেকে অর্থাৎ বামফ্রন্টের যে সবচেয়ে বড় অংশ সেখান থেকে এই প্রস্তাব উঠানো হয়েছে এবং এটাতে সকলেই একমত হবেন যে এর নিন্দার ভাষা নেই। সেইদিক থেকে আমি দেবপ্রসাদবাবুকে অনুরোধ করব তিনি যাতে এই বিষয়ে বলেন যে এটা নিন্দনীয় ব্যাপার এবং এর তীব্র নিন্দা করছি। তারপরে উনি বললেন না যে এর একটা তদন্ত হওয়ার দরকার এবং সমস্ত রহস্য উদঘাটন করা উচিত। কিন্তু এই ঘটনার যদি আপনি নিন্দা না করেন তাহলে বিধানসভার মধ্যে বসে এবং বিশেষ করে আপনি নিজে একজন শিক্ষা জগতের সঙ্গে জড়িত হয়ে এই কাজ যদি না করেন তাহলে খুব খারাপ নজির সৃষ্টি হবে। সুতরাং আমি অনুরোধ করি এতে প্রত্যেকের নিন্দা করা দরকার এবং দেবপ্রসাদ বাবুও এই নিন্দা সূচক প্রস্তাব যাতে গ্রহণ করেন তার অনুরোধ জানিয়ে আমি

আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা বিশ্ববিদ্যালয়ে ফিজ বৃদ্ধির প্রতিবাদে সারা পশ্চিমবঙ্গে বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছাত্র-ছাত্রিরা যখন ক্ষোভে ফেটে পড়েছে, যখন গণতান্ত্রিক পদ্ধতিতে তারা ক্ষোভ প্রকাশ করতে চলেছে তখনই কলকাতা বিশ্ববিদ্যালয়ের চত্বরে গত ২৪শে জুন সহ উপাচার্য ডঃ ভারতী রায়কে যেভাবে হেনস্তা করা হল তার প্রতিবাদ শ্রী মানব মুখার্জি এবং সুব্রত মুখার্জি মহাশয় নিন্দাসূচক প্রস্তাব এখানে এনেছেন। এই ঘটনাতে আমাদের মাথা লজ্জায় হেঁট হয়ে গেছে এবং এরজন্য প্রয়োজন খুব কঠোর ব্যবস্থা নেওয়া। তবে অতীতেও কলকাতা বিশ্ববিদ্যালয়ে যখন সন্তোষ ভট্টাচার্য ছিলেন সেই সময়ে যে সমস্ত ঘটনা ঘটেছিল তাতেও আমাদের মাথা লজ্জায় হেট হয়ে গিয়েছিল। দুঃখের বিষয় হচ্ছে মানববাবুরা সেদিনকার ঘটনা তারা উপলব্ধি করতে পারেন নি। সেদিন তারা রাজনৈতিক আন্দোলনকে চরিতার্থ করতে গিয়ে সেদিন মার্কসবাদি কমিউনিস্ট পার্টির বন্ধুরা সহ-উপাচার্য সন্তোষ ভট্টাচার্যকে হেনস্তা করতে গিয়ে যে হিংসার রাজনীতি তারা তৈরি করেছিলেন, বামপন্থিদের সেই ঘটনার পুনরাবৃত্তি ঘটুক এটা আমরা চাই না, এটা একটা নিন্দনীয় ঘটনা। গত ২৪শে জুনের ঘটনার উপর আমরা যেমন সেদিন সন্তোষ ভট্টাচার্যের ঘটনার নিন্দা করেছিলাম তেমনি ভারতী রায়ের উপর যে ঘটনা ঘটেছে এর নিন্দাও আমরা করেছি। আজকে এস.ইউ.সি. কর্মীরা এই জিনিস করছেন বলে ক্ষোভে ফেটে পড়ছেন, কিন্তু এই বিধানসভায় আমরা দেখেছি মার্কসবাদি কমিউনিস্ট পার্টিকে যখন প্রয়োজন হয় তখন তারা এস.ইউ.সি.কে কংগ্রেসের বিরুদ্ধে ব্যবহার করে। এমন কি পঞ্চায়েত নির্বাচনের সময় আমরা দেখেছি দক্ষিণ ২৪ পরগনায় কংগ্রেস প্রার্থীদের পরাজিত করবার জন্য মার্কসবাদি কমিউনিস্ট পার্টি তলায় তলায় এস.ইউ.সি.-র সঙ্গে সমঝোতা করেছেন। আজকে পশ্চিমবাংলায় ছাত্ররা ফি বৃদ্ধি করার জন্য যখন ক্ষোভে ফেটে পড়ছে তখন যে এই ঘটনা ঘটানো হয়েছে কিনা এটা পরীক্ষা করে এই ঘটনার ব্যাপারে তদন্ত করা দরকার। এবারে এই ঘটনায় একজন মহিলা অত্যাচারিতা হয়েছেন, এর আগে একজন পুরুষও অত্যাচারিত হয়েছেন, সেইজন্য এই ধরনের ঘটনা যাতে বারবার পুনরাবৃত্তি না হতে পারে সেটা দেখা দরকার। সেইজন্য আমার দাবি আপনি বিধানসভা থেকে একটা পরিষদীয় কমিটি করে দিন যাতে এই ঘটনার পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা যায়। এই ঘটনা সত্যি কোন এস.ইউ.সি.র কর্মী করেছেন কিনা সেটা তদন্ত করে দেখা দরকার, না ছাত্রদের ফিস বৃদ্ধির আন্দোলনকে অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার জন্য একটা চক্রান্ত মার্কসবাদি কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে করা হয়েছে কিনা সেটাও দেখা দরকার, সেইজন্য আমার দাবি আপনি একটা পরিষদীয় কমিটি এই ব্যাপারে করে দিন।

**শ্রী ক্ষীতি গোস্বামি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মানববাবু এখানে যে বিষয়টা উল্লেখ করেছেন সেটা সকলেই আমরা বুঝেছি যে এটা নিন্দাজনক ঘটনা। আমি নিজেও ছাত্র আন্দোলন এর সঙ্গে দীর্ঘকাল যুক্ত ছিলাম। ডি.এস.ও. আমার দীর্ঘদিনের পরিচিত ছাত্র সংগঠন এবং ডি.এস.ও.র ছাত্র সংগঠনের সম্বন্ধে আমার শ্রদ্ধা আছে এবং

সর্বোপরি এই সংগঠন বামপন্থি ছাত্র আন্দোলনের ক্ষেত্রে একটা জিনিস বড় করে বলবার চেষ্টা করেন সেটা হচ্ছে মরাল এথিক্যাল ভ্যালুস, এটা ওরা প্রচার করেন এবং দাবি করে সেইভাবেই চলছে। কিন্তু ২৪শে জুন তারিখে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে ঘটনা ঘটেছে তার সঙ্গে ডি.এস.ও.র যে প্রচার যে কথা তারা বলেন তার সঙ্গে একটা বিরাট ফারাক আমরা লক্ষ্য করলাম। আমি ব্যক্তিগতভাবে মর্মাহত ডি.এস.ও.র মত ছাত্র সংগঠন এই রকম একটা কাজ করল, ছাত্র পরিষদ এই রকম কাজ করলে অবাক হতাম না। '৭১ সালে বিদ্যাসাগর কলেজে ছাত্র পরিষদ-এর সাধারণ সম্পাদক অধ্যাপক শ্যামল চক্রবর্তীকে চড় মেরেছিল, সেই ব্যাপারে সেদিন অধ্যক্ষের অফিসে কিন্তু সুব্রত বাবু ছিলেন আমিও ছিলাম, ওয়েবুকটা

[12-30—12-40 p.m.]

মিটমাট করতে পারেনি। শ্যামলবাবুর অপরাধ ছিল তিনি একটি রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন, তিনি সি.পি.আই.এর সমর্থক ছিলেন, তাই ছাত্র পরিষদ তারা সেদিন এই কাজ করেছিলেন, তারা বলেছিলেন এই জিনিস হতেই পারে। বর্তমানে আমরা যে, সমাজ ব্যবস্থায় আছি সেখানে একটা অস্থির অবস্থা গড়ে উঠেছে। আজকে বিশ্ববিদ্যালয়ে যে অবস্থা সৃষ্টি হচ্ছে তাতে সারা বিশ্বের কাছে আমাদের মাথা নত হয়ে যাবে। যে ছবি আজকে বেরিয়েছে তাতে আমাদের সকলের মাথা নত হয়ে যাওয়ার কথা। আমাদের আরও দুঃখ লাগছে, অতীত দিনের ছাত্র আন্দোলনের নেতা প্রভাস ঘোষ, তার কাছে আমরা আশা করেছিলাম, তিনি অন্তত বলবেন ঘটনাটা দুঃখজনক। পরের দিন তিনি যে বিবৃতি দিলেন তাতে দেখলাম তিনি দুঃখ প্রকাশ করলেন না। তাদের যে মোরাল এথিকস্ ও ভ্যালু ছিল সেখান থেকে তারা আজকে সরে এসেছে। বামপন্থি ছাত্র আন্দোলনের যে একটা দিক গড়ে উঠেছিল সেইদিক থেকে তারা সরে এসেছে। কাজেই আজকে সাফাই না গেয়ে, সি.পি.এম কি করছে, ছাত্র পরিষদ কি করছে, এইসব কথায় না গিয়ে আমাদের ভাবতে হবে যে ঘটনাটা ঘটেছে সেটা অত্যন্ত নিন্দাজনক ঘটনা, তারজন্য আমাদের দুঃখ প্রকাশ করা উচিত। এস.ইউ.সি.আই-এর ছাত্র সংগঠন ডি.এস.ও-র মধ্যে হুলিগান ঢুকিয়ে তারা আজকে বামপন্থি ছাত্র আন্দোলনকে ধ্বংস করে দিতে চাইছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আজকে এই হাউসে যে আলোচনা মানব বাবু তুলেছেন আমি তার সঙ্গে একমত হয়ে বলছি, সহ-উপাচার্যের নিগ্রহের যে ঘটনা ঘটেছে তা অত্যন্ত নিন্দাজনক। এই কলকাতা বিশ্ববিদ্যালয়ে আমরা ছাত্র আন্দোলন করেছি। সেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এই রকম ঘটনা ঘটতে পারে সেটা ভাবতেও পারিনা। আমরা নকশাল আমলে দেখেছি ইউনিভার্সিটি ঘেরাও হয়েছে, সি.পি.এমের আমলে দেখেছি সন্তোষ ভট্টাচার্য নিগৃহীত হয়েছে। আমার সব সময় বিশ্বাস ছিল কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আন্দোলন অন্য রকম। একজন মহিলা নিগৃহীত হতে পারে সেটা আমার ধারণার মধ্যে ছিল না। কিন্তু দুর্ভাগ্যজনক এই ঘটনা ঘটে গেছে। আজকে হাউসে আমাদের সবার এই ঘটনার নিন্দা করতে হবে এই ব্যাপারে কোনও সন্দেহ নেই। এই ব্যাপারে হাউসের কারোও দ্বিমত থাকা উচিত নয়, এমনকি যে সংগঠনের নামে বলা হচ্ছে, সেই ডি.এস.ও-র যে মূল

সংগঠন এস.ইউ.সি.আই, তাদের বিধায়কদেরও এই ঘটনার নিন্দা করা উচিত। এখনো পর্যন্ত এই ঘটনার ব্যাপারে ভালোভাবে তদন্ত হয়নি। যে এফ.আই.আর অত্যন্ত দুর্বল। কেন ইউনিভার্সিটি ক্যাম্পাসে পুলিশ থাকা সত্ত্বেও এই ধরনের ঘটনা ঘটল, এটা স্পষ্ট নয়। তাছাড়া ডি.এস.ও-র পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে তারা শুধু ফি বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন করছিল। বিশ্ববিদ্যালয়ের সি.পি.আই.এম কর্মচারী সমিতি তাদের উপর আন্দোলন আক্রমণ করেছে, এটা খতিয়ে দেখতে হবে। এই ঘটনা যেন কখনো না ঘটে শিক্ষা প্রতিষ্ঠানে তার আজকে সকলকে সংকল্প গ্রহণ করতে হবে। তার সঙ্গে সঙ্গে সরকারকে অনুরোধ করব কোনও প্রেস্টিজ পয়েন্টে না দাঁড়িয়ে এই ঘটনার একটা নিরপেক্ষ তদন্ত হোক। এই ঘটনায় যারা ইনভল্‌ভমেন্ট আছে এবং যাদের ছবিতে দেখা গেছে তাদের ব্যাপারে সম্পূর্ণ নিরপেক্ষ তদন্ত করা হোক। এটা কোনও রাজনৈতিক প্রশ্ন নয়, এই ঘটনা বার বার ঘটছে। ভারতী রায় শুধু সহ উপাচার্য নয়, তিনি একজন মহিলা। আগামি দিনে যখন শিক্ষা বাজেট নিয়ে আলোচনা হবে তখন এ নিয়ে আলোচনা করব। বিশ্ববিদ্যালয়ের এই ফি বাড়ানোর বিষয়টি পুনর্বিবেচনা করতে হবে মানববাবু ছাত্র আন্দোলন করেছিলেন, তিনি বিষয়টি জানেন। আমি আশা করি যে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফি বাড়ানোর বিষয়টি সরকার পুনর্বিবেচনা করবেন। এ ব্যাপারে সাধারণ ছাত্রছাত্রিদের মধ্যে যে বিক্ষোভ আছে আসা করি সেটা দূর করার চেষ্টা করবেন। তাহলে আসুন, আমরা একমত হয়ে সহ-উপাচার্য ঐতিহাসিক অধ্যাপক ডঃ ভারতী রায়ের নিগ্রহের ঘটনার নিন্দা করি। পরিশেষে আমি বলব, সম্পূর্ন তথ্য বার করার জন্য এবং এই ঘটনার ব্যাপারে দায়ী এবং দোষি ব্যক্তিদের শাস্তির জন্য একটি নিরপেক্ষ তদন্দের দাবি জানাচ্ছি।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক। দেবপ্রসাদবাবু দাবি করলেন যে ছবি নিয়ে দেখা যাক যে কেউ আছেন কিনা? আমি ছবি তুলে দেখাচ্ছি—এই ছবিতে দেখা যাচ্ছে যে অধ্যাপিকা ভারতী রায়কে আক্রমণ করছে একটি মেয়ে। মেয়েটির নাম শম্পা মজুমদার, যোগমায়া দেবী কলেজের এক্স জি.এস. ডি.এস.ও'র কর্মীর দোষ কিন্তু এদের নয় স্যার, রাজনৈতিক জীবনে হতাশা এদের চূড়ান্ত মানসিক বিকৃতির দিকে ঠেলে দিয়েছে। সেই বিকৃতি সেদিন এমন পর্যায়ে পৌছেছিল যে ডি.এস.ও'র ছাত্রিরা সেদিন তারা তাদের পুরুষ সঙ্গীদের ইতর প্রবৃত্তিকে চরিতার্থ করবার জন্য সাহায্যে এগিয়ে আসে। একজন অফিসার, সুরজিত চক্রবর্তী যখন ভারতী রায়কে ধরেছিলেন তখন সেই সুরজিত চক্রবর্তীকে ছাত্রিরা কামড়ে ধরে। কামড়ে তার মাংস তুলে নেয়। তার অপরাধ ছিল যে তিনি ডি.এস.ও'র যে পুরুষ সঙ্গিরা, যারা ইতর কাজ করতে যাচ্ছিল সেগুলিকে তিনি বাধা দিচ্ছিলেন। আজকে আমার আশ্চর্য লাগছে অধ্যাপক সন্তোষ ভট্টাচার্য এবং অন্যান্যদের সময়ের আন্দোলনের কথা বলা হচ্ছে। স্যার, কোনও আন্দোলনের ক্ষেত্রেই এই ধরনের নক্কারজনক ঘটনা ঘটেনি। এমন কি '৭১ সালের ১৪ই সেপ্টেম্বর যখন ওরা রবীন্দ্রনাথের তৈলচিত্র পুড়িয়েছিল প্রিয়রঞ্জন দাসমুন্সিকে পাশ করিয়ে দেওয়ানোর জন্য সেখানেও এত নক্কারজনক ঘটনা ঘটেনি।

(গোলমাল)

বিশ্ববিদ্যালয়ের গত ১৩৬ বছরের ইতিহাসে কোনওদিন কোনও উপাচার্যকে এইভাবে নিগৃহীত হতে দেওয়া হয়নি। ভারতবর্ষের ইতিহাসেও কোনও বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পদাধিকারি এক মহিলাকে, এমন কি আমার ধারণা বিশ্বেও এরকমের ঘটনার কোনও নজির খুঁজে পাওয়া যাবে না। এই লজ্জা সমগ্র পশ্চিমবঙ্গের লজ্জা। আজকে এই লজ্জা সমগ্র পশ্চিমবঙ্গের মায়েদের কারণ আজকেও বাংলার মেয়েদের পেটে ডি.এস.ও-র মতন কুলাঙ্গার ছেলেরা জন্মাচ্ছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক হিসাবে বলছি, এ লজ্জা অধ্যাপক সমাজের লজ্জা কারণ এরকমের একটা ঘটনা ছাত্ররা ঘটিয়েছে। যদিও আমাদের ছাত্ররা বেশিরভাগই ভাল কিন্তু তা সত্ত্বেও দেবপ্রসাদবাবুদের মানসিক বিকৃতি, দেবপ্রসাদবাবুদের ভুল রাজনীতির শিকার হয়ে কিছু কিছু ছাত্র তাদের চেতনাবোধ, তাদের সুস্থ মূল্যবোধকে তারা হারিয়ে ফেলছে। ফেলছে বলেই এই ঘটনা ঘটছে। রাজনৈতিক দেউলিয়াপনার আড়ালে দাঁড়িয়ে যারা অস্থিরতার মধ্যে আনন্দ খুঁজে পাচ্ছেন তাদেরকে ধিক্কার জানাই। এই পশ্চিমবঙ্গে তাদের কোনও ঠাঁই নেই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আপনার অনুমতি নিয়ে আমি যে প্রশ্নটি উত্থাপন করতে চাই সেটা হচ্ছে, শ্রী দেবেশ দাস, তিনি বক্তৃতা দিতে গিয়ে এই হাউসে যিনি উপস্থিত নেই সেই প্রিয়রঞ্জন দাশমুন্সির নাম করে যে কথা বলেছেন রেকর্ড থেকে তা বাদ দেওয়া হোক।

(গোলমাল)

**মিঃ স্পিকার :** আমি প্রসিডিংস দেখবো।

[12-40—12-50 p.m.]

**শ্রীমতী মিনতি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত দুঃখ জনক এবং নিন্দনীয় ঘটনার প্রতি আজকে সভার দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে ঘটনাটি নিয়ে এখানে বিস্তারিত ভাবে মাননীয় সদস্যারা আলোচনা করেছেন। গত ২৪শে জুন কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য শিক্ষা, ডঃ ভারতী রায়ের উপর ডি.এস.ও.'র সমাজ বিরোধীরা, যারা নিজেদের বামপন্থি ছাত্র সংগঠন বলে নিজেদের জাহির করে, তার যে নৃশংস আক্রমণ, যে কদর্য তান্ডব সংগঠিত করেছে, সেই সম্পর্কে আমাদের নিন্দা জানাবার কোনও ভাষা নেই। আজকে পশ্চিমবাংলার সমস্ত ছাত্রছাত্রিদের মাতৃসম অধ্যাপিকা ডঃ রায়-এর উপর কদর্য আক্রমণ হয়েছে এবং তার যে কদর্য চিত্র উদঘাটিত হয়েছে, আমরা আশঙ্কা প্রকাশ করছি আগামি দিনে এই ধরনের মা বোনদের উপর আক্রমণ আবার সংগঠিত হবে কি না। আমি খুব অবাক হয়ে গিয়েছি, যিনি একজন শিক্ষাবিদ বলে নিজেকে প্রচার করেন এবং দাবি করেন, তিনি নির্লজ্জ ভঙ্গিতে এই ঘটনার সমর্থনে বিবৃতি দিলেন, তিনি এই সম্পর্কে নিন্দা করলেন না, ক্ষোভ প্রকাশ করলেন না। গোটা পশ্চিমবাংলায় যখন শিক্ষার ক্ষেত্রে একটা

শৃঙ্খলার পরিবেশ হচ্ছে সেই সময় এই জিনিস ঘটল। ৭০ দশকের সেই শিক্ষক হত্যা, গণ টোকাটুকি বন্ধ করে শিক্ষার ক্ষেত্রে যখন একটা সুস্থ পরিবেশ কলকাতা বিশ্ববিদ্যালয়ে আনা সম্ভব হয়েছে আপ্রাণ চেষ্টায় তখন ডি.এস.ও.'র মতো ছাত্র সংগঠন তারা শিক্ষার এই পরিবেশকে কলুষিত করতে চাইছে, এর বিরুদ্ধে আমি তীব্র ক্ষোভ প্রকাশ করছি এবং মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যারা দোষি, যারা অপরাধী, তাদের আজকে কঠোরতম শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী মহারানী কোনার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতবড় একটা ঘৃণ্য ঘটনা ঘটে গেল, আমাদের এখানে দাঁড়িয়ে তারা আলোচনা করার ভাষা নেই। সব থেকে মর্মাহত হয়েছি, যারা বিরোধী পক্ষের সদস্য, তারা আজকে চেপে যেতে চাইছেন। তারা ঘটনাটাকে চাপা দিয়ে অন্য ভাবে জিনিসটাকে নিয়ে যেতে চাইছেন। যে ঘটনা ঘটে গেল গত ২৪ তারিখে, যে শিক্ষাবিদের উপর এই আক্রমণ সংগঠিত হল, সেই আক্রমণ নিন্দনীয়, আমাদের সমাজের কলঙ্ক। আপনাদের কাছে আবেদন করব, আপনারা জিনিসটাকে অন্য ভাবে নিয়ে যেতে চাইছেন, আপনারা শিক্ষায় আবার নৈরাজ্য আনতে চাইছেন। যে ভাবে আক্রমণ হল ভারতী রায়ের উপর, তাঁকে মা হিসাবে আপনারা দেখবেন আপনাদের কাছে এই আবেদন করব। ৭০ সালে আপনারা শিক্ষার ক্ষেত্রে যে নৈরাজ্য এনেছিলেন, বর্ধমান কলেজের অধ্যাপককে খুন করা হয়েছিল, শিক্ষিকার চুল কেটে দেওয়া হয়েছিল, সেই নৈরাজ্য আপনারা এনেছিলেন, তখন আপনারা ছাত্রদের এগিয়ে দিয়েছিলেন, তারপর সেই ছাত্ররাই আবার গিয়ে এসে মানুষ খুন করেছেন, সেই রিভালভার দিয়ে আপনাদের উপর আক্রমণ করেছে, সুতরাং শিক্ষার জগতে অন্ধকার টেনে আনবার চেষ্টা করবেন না। নারী জাতির উপর এটা একটা আঘাত। সুতরাং এই ঘটনার থেকে সকলের শিক্ষা গ্রহণ করা উচিত। যে ছাত্রছাত্রীরা এই কাজ করেছে, তাদের মা বাবার কাছে আমি আবেদন করব, আপনারা অন্তত আপনাদের ছেলে মেয়েদের শাসন করুন। আর আপনাদের কাছে আমাদের সকলের আবেদন দোষিদেরও শাস্তি দেবার ব্যবস্থা করা হোক যাতে শিক্ষা জগতে নৈরাজ্য না সৃষ্টি হতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী বিলাসীবালা সহিস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতি-মধ্যেই হাউসে বিস্তারিতভাবে আলোচনা হয়েছে এবং আপনি জানেন যে, গত ২৪শে জুন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা এবং সহ-উপাচার্য ডঃ ভারতি রায়ের ওপর কি ভাবে মেকী বামপন্থি এস.ইউ.সি.আই.-র ছাত্র সংগঠন ডি.এস.ও. দুঃখজনক এবং লজ্জাজনক ঘটনা ঘটিয়েছে। এটি অত্যন্ত নিন্দনীয় ঘটনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিধানসভার একজন নতুন সদস্য। আমার খুব অবাক লাগছে একজন অধ্যাপক সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার ঐ ঘটনার প্রেক্ষিতে খুবই উত্তেজিতভাবে যে বিবৃতি প্রকাশ করলেন তা শুনে আমার মনে হচ্ছে, যে ঘটনা ঘটেছে তা তিনি চাপা দেবার চেষ্টা করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, দেবপ্রসাদবাবুদের ছাত্র সংগঠন ডি.এস.ও. পশ্চিম বাংলার শিক্ষা জগতে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করছে। সেই উদ্দেশ্য নিয়েই তারা ঐ কলঙ্কজনক ঘটনা

ঘটিয়েছে। অতএব আমি ঐ ঘটনার সঙ্গে জড়িত দোষিদের আপনার মাধ্যমে শাস্তির দাবি জানাচ্ছি।

**শ্রীমতী অনুরাধা পুততুণ্ডা :** মাননীয় স্পিকার, স্যার গত ২৪ তারিখ পশ্চিম বাংলার ইতিহাসে একটা কলঙ্কজনক ঘটনা ঘটেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য এবং পশ্চিমবঙ্গ নারী কমিশনের অন্যতম সদস্যা ডঃ ভারতি রায়ের ওপর ডি.এস.ও. কর্মীরা এক নগ্ন আক্রমণ নামিয়েছে। সেই আক্রমণ যে কত বিভৎস হতে পারে পশ্চিম বাংলার মানুষ পরের দিন সংবাদপত্রের পাতা খুলেই তার পরিচয় পেয়েছে এবং শিউরে উঠেছে। ফলে রাজনীতির ঊর্ধ্বে উঠে সমস্ত স্তরের মানুষ, শিক্ষা-প্রেমি মানুষ, গণতান্ত্রিক মানুষ প্রতিবাদ জানিয়েছে। অথচ এস.ইউ.সি. দলের নেতা ঘটনার নিন্দা না করে, ঘটনাটিকে ছোট করে দেখাবার চেষ্টা করেছেন এবং দায়িত্বটা মাননীয়া ভারতী রায়ের ওপর চাপিয়ে দেবার চেষ্টা করেছেন। তিনি বলতে চাইলেন যে, ভারতী রায়ের মত একজন শিক্ষাবিদ কি করে নিন্দনীয় একটা অপপ্রচার তাঁদের দলের বিরুদ্ধে করছেন! এই সেদিনও আমাদের মনে হয় নি যে, এস.ইউ.সি. দল এত নির্লজ্জ এবং তাঁদের মুখোশ খুলে দেবার সময় হয়েছে। আমরা দেখি এই বিধানসভায় দাঁড়িয়ে ওঁরা কথায় কথায় শিক্ষার কথা বলেন। নিজেদের শিক্ষা-প্রেমি বলে মানুষের কাছে ঢাক পেটান। আসলে ওঁরা দক্ষিণ পন্থিদের দোসর, মুখে মিথ্যা বামপন্থার কথা বলেন। আজকে এস.ইউ.সি. দলের একজন সদস্য এই বিধান সভায় দাঁড়িয়ে অতি নক্কারজনক ভাবে, অশালীন ভঙ্গিতে হাত পা নেড়ে তাঁদের দলের সমাজবিরোধী মানসিকতার ছাত্রছাত্রিদের সমর্থন করলেন। তবে তাঁরা সুপরিকল্পিতভাবে ঐ ঘটনা ঘটিয়েছেন। তিনি বললেন, মেয়েরা নাকি প্রতিবাদ করতে গিয়েছিল, ডেপুটেশন নিয়ে গিয়েছিল! অর্থাৎ সামনে মেয়েদের এগিয়ে দিয়ে ভারতি রায়ের মতো একজন শিক্ষাবিদের ওপর ঐ আক্রমণ করা হয়েছে। মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবুর বক্তব্য থেকেই এটা পরিষ্কার হয়ে গেল। তাঁকে আঁচড়ে দেওয়া হয়েছে, কামড়ে দেওয়া হয়েছে। তাঁর সঙ্গে পশুর মত ব্যবহার করা হয়েছে। স্যার, আমি সরকারের কাছে বলতে চাই, ডি.এস.ও. সমাজবিরোধিদের সঙ্গে নিয়ে যা করেছে তা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। পশ্চিম বাংলাকে অশান্ত করার জন্য, পশ্চিম বাংলায় চক্রান্ত নামিয়ে আনার জন্য যারা সব সময় চেষ্টা করছে তাদেরই দোসর হিসাবে ডি.এস.ও.-কে দিয়ে এস.ইউ.সি. দল এই কাজ করেছে। আমি চাই এবিষয়ে একটা কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য এই বিধানসভা থেকে সিদ্ধান্ত গ্রহণ করা হোক।

[12-50—1-00 p.m.]

**ডাঃ গৌরীপদ দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আজকে সভার সামনে উপস্থাপিত হয়েছে। কিন্তু এই গুরুত্বপূর্ণ বিষয়টাকে একটু ঘুরিয়ে দেবার জন্য মাননীয় কয়েকজন সদস্যের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা দেখে আমি মর্মাহত হয়েছি। বিষয় হচ্ছে ৩টি। এক নম্বর হচ্ছে, একজন মহিলা যিনি প্রায় পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পদাধিকারী, সহ-উপাচার্য, তাঁর উপর শারীরিক আক্রমণ। গণতান্ত্রিক অধিকার প্রত্যেক সংগঠনের আছে। তাদের মতামত প্রকাশ করা, তাদের দাবি-দাওয়া প্রকাশ করার অধিকার

সবার আছে। আমি মাননীয় সদস্যদের চিন্তা করতে বলব, এই ঘটনাটি ঘটেছে কোন সময়? এস.ইউ.সির তরফ থেকে বলা হয়েছে সেখানে বিক্ষোভ আন্দোলন চলছিল। মাননীয় সদস্য সৌগতবাবু বললেন ওখানে সিটুর কর্মচারিদের ডেমনেস্ট্রেশন চলছিল, তাদের উপর প্রথম আক্রমণ করল। ডেমোনেস্ট্রেশন অনেক আগে থেকেই চলছিল। মাননীয় ভারতি রায় যখন বিশ্ববিদ্যালয়ে যাচ্ছিলেন তখন তাঁর উপর আক্রমণ হয়, তাহলে পূর্ব-পরিকল্পিত ছিল না, আগের থেকেই ডেমোনেস্ট্রেশন চলছিল। শ্রীমতী ভারতী রায়কে কর্মচারিরা আগের থেকেই আঘাত করতে পারত, কিন্তু কর্মচারিরা তা করেনি। ছবি যেটা বেরিয়েছে এবং আমরা সিনেট এবং সিন্ডিকেটের সদস্যরা আলোচনা করে দেখেছি, পরিকল্পিতভাবে শ্রীমতী রায়কে শারীরিক নির্যাতন করা হয়েছে এবং তাঁকে বিবস্ত্র করার চেষ্টা হয়েছে, এমনকি অঙ্গহানির চেষ্টা করা হয়েছে। কোনও সুস্থ মস্তিষ্কের লোক দাবি-দাওয়া আদায়ের জন্য গণতান্ত্রিক আন্দোলনের এই বহিঃপ্রকাশ—কেউ সমর্থন করবে না। আমরা এই ব্যাপারটি নিয়ে সিনেট এবং সিন্ডিকেটে আলোচনা করে দেখেছি। এখানে মাননীয় সদস্য দেবেশ দাসও বললেন, লোকটাকে আইডেনটিফাই করা গেছে। দলীয় ফেস্টুন নিয়ে আন্দোলন হচ্ছিল। আজকে যদি এস.ইউ.সি বলত, যারা করেছে তারা আমাদের লোক, আমাদের দল থেকে তাদের বার করে দেব তাহলে আমরা তাঁকে ধন্যবাদ জানাতাম। বিষয়টি হচ্ছে, এই ধরনের ঘটনা আগে কি হয়েছিল সেটা টেনে আনা উচিত নয়। আগেও যদি এই ধরনের ঘটনা ঘটে থাকে তাহলেও সেটা নিন্দনীয়। আগে ঘটেছে বলে সমর্থন করতে হবে, তা উচিত নয়। যে কলঙ্কজনক ঘটনা ঘটেছে তারজন্য আমরা এখানে সর্বসম্মতভাবে নিন্দা প্রস্তাব নেব। আপনারা অনেকেই জানেন না, ১৯৩০ সালের পর থেকে বিশ্ববিদ্যালয়ে ফি বাড়ানোর কোনও ব্যবস্থা হয়নি। মাত্র ১৯৪০ সালে সামান্য পরিবর্তন করা হয়েছিল। শিক্ষা ব্যবস্থাকে যদি ঠিকমতো চালাতে হয় কারণ তাহলে ফি বাড়ানোর দরকার আছে বিভিন্ন জিনিসের মূল্যবৃদ্ধি ঘটে গেছে এবং সেইজন্য সামান্য ফি বাড়ানো হয়েছে, তাও টিউশন ফিস নয়, পরিক্ষাব্যবস্থার জন্য ফিস বাড়ানো হয়েছে। অন্য যে কোনও ইউনিভারসিটিতে যান, পশ্চিমবঙ্গে যা ফিস আছে তার চেয়ে ১০।১৫ গুন বেশি। এ ব্যাপারে যদি কারো বক্তব্য থাকে তাহলে নিশ্চয়ই অন্যভাবে আমরা আলোচনা করতে পারি। দ্বিতীয় পয়েন্ট হচ্ছে, বিভিন্ন রাজনৈতিক দল এবং যে সমস্ত ছাত্র সংগঠন আছে তাদের মধ্যে আলোচনা করে এই সিদ্ধান্তে আসতে হবে শিক্ষা প্রতিষ্ঠানে, যে সমস্ত জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলি আছে সেখানে এই ধরনের লজ্জাজনক, অবমান কর ঘটনার পুনরাবৃত্তি যেন আর না হয়। আমি অনুরোধ করব, এস.ইউ.সির যে সংগঠন তারা যদি নিন্দা প্রস্তাব মেনে নেন, তাহলে যে সমস্ত ছাত্ররা এই কাজ করেছেন তাদের পাপস্খালন কিছুটা হবে বলে মনে হয়। সেইজন্য যে নিন্দাপ্রস্তাব এখানে উপস্থাপিত হয়েছে তা সর্বসম্মতিক্রমে সমর্থন করি এবং পরবর্তীকালে এই ঘটনা যাতে আর না ঘটে তারজন্য যথাযথ ব্যবস্থা যেন গ্রহণ করা হয় এবং প্রত্যক্ষভাবে যে সমস্ত অপরাধী যারা চিহ্নিত হয়ে গেছে তাদের যেন শাস্তি দেওয়া হয়।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪শে জুন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য শ্রীমতী ভারতী রায়ের উপর দৈহিক নির্যাতন এবং যে নিন্দনীয় ঘটনা ঘটেছে

সেই ঘটনার দ্বিমত প্রকাশ করেছেন এস.ইউ.সি.। আমি একটু অন্যভাবে বলতে চাই। এস.ইউ.সি.-র ছাত্র সংগঠন ডি.এস.ও. তারা গণতান্ত্রিক আন্দোলনের নাম করে গত ২৪শে জুন শিক্ষা জগতে যে ঘটনা ঘটিয়েছে তারফলে রাজ্যের শিক্ষা জগতে একটা কলঙ্কজনক ইতিহাস সৃষ্টি হয়েছে। একজন মহিলা শিক্ষাবিদের উপর দৈহিক নির্যাতন এটা কাগজের পৃষ্ঠায় পৃষ্ঠায় ছাপিয়েছে। গণতান্ত্রিক আন্দোলন করবার অধিকার সবারই আছে, কিন্তু সেই আন্দোলনের নাম করে যদি কোনও মহিলা শিক্ষাবিদের উপর দৈহিক নির্যাতন করা হয় তাহলে সেটা শিক্ষা-ব্যবস্থার উপরই আঘাত এবং এর চেয়ে নিন্দনীয় ঘটনা কিছু হতে পারে না। এখানে এস.ইউ.সির সদস্য যা বলছিলেন, আজকে আমাদের দলের কোনও একজন সদস্য যদি এর নিন্দা না করে সমর্থন করেন তাহলে সেটা শুধুমাত্র সমস্ত শিক্ষাক্ষেত্রেরই নয়, রাজ্য সরকার এবং রাজ্যবাসীর কাছে তার নিন্দা করবার ভাষা থাকবে না, বিশেষ করে যেখানে একজন মহিলা সহ-উপাচার্য নির্যাতিতা হয়েছেন। আমি আশা করি, এর বিরুদ্ধে নিন্দা প্রস্তাব এই সভায় নিশ্চয়ই সমর্থন লাভ করবে। ভারতী রায়ের উপর এই আক্রমণ শিক্ষা জগতকে কলঙ্কিত করেছে। আমি এই নিন্দা করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যেটা আলোচনা করতে দিলেন সেটা সরকার পক্ষ কেন নির্দিষ্ট ফর্মে নিয়ে এলেন না? আমাদের পক্ষ থেকে নোটিশ দেওয়া হয়েছে রুল ৩১৯ ধারায় এবং সেটা করলে ভাল এফেক্ট হত। এতবড় একটা ঘটনা, কিন্তু সরকার পক্ষ উদাসীন। মানববাবু সভায় ঘুরে বেড়াচ্ছেন বালক ব্রহ্মচারির স্থান নেবার জন্য। আজকে এতবড় একটা ঘটনা, সেখানে হালকাভাবে কেন এটাকে আপনি চলতে দিলেন? এই হাউসে আমরা আছি, কিন্তু যেভাবে মানববাবু প্রশ্নটা তুললেন এবং যেভাবে আপনি সেটাকে চলতে দিলেন, তারজন্য আমি ৩৫৫(১) ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করছি। এতে বলেছে "If the speaker is of opinion that words have been used in debate which are defamatory or indecent or unparliamentary or undignified or otherwise inappropriate." দেবপ্রসাদবাবু যা বলেছেন, আমি মনে করি দিস ইজ ইনঅ্যাপ্রোপ্রিয়েট। শুধু দেবপ্রসাদ বাবুর কথা বলা থাকলেই হবে না, হাউসে যেটা আলোচনা হল ইট হ্যাজ গন আন চ্যালেঞ্জড আপনি হাউস চালাচ্ছেন এবং আমরা হাউসের সদস্য, সেখানে এতবড় একটা জিনিস রেকর্ডে চলে যাবে উই ডোন্ট ওয়ান্ট ইট। এক্ষেত্রে আমাদের পক্ষ থেকে যে স্পেসিফিক মোশন দেওয়া হয়েছে, ইফ ইউ অ্যালাউ ইট, তাহলে ডিসকাশন চলতে পারে।

**মিঃ স্পিকার ঃ** আপনাদের তরফ থেকে কোনও স্পেসিফিক মোশন দেওয়া হয়নি। ইউ হ্যাভ বীন মিসইনফর্মড্। আপনারা নোটিশ দিয়েছেন, কিন্তু মোশন দেননি। মোশন দিলে সেটা বিজনেস অ্যাডভাইসরী কমিটিতে যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পিকার স্যার, আমাকে বলতে দিন, ডোন্ট বি ইমপ্যাশেন্ট। এতবড় একটা ঘটনা হাউসে এইভাবে আলোচনা করা যায় না। আই থিঙ্ক ইট শুড কাম ইন এ ডেফিনিট মোশন। এক্ষেত্রে সাবস্ট্যান্টিভ মোশন হওয়া উচিত।

**মিঃ স্পিকার ঃ** আপনাদের মেম্বাররা মোশন দিলেই সেটা করব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমার বক্তব্য হচ্ছে, আমাদের পার্টির তরফ থেকে উই হ্যাভ কনডেমড্ ইট আউটরাইট। তবে এটা কোনও আইসোলেটেড ঘটনা নয়, ১৬ বছরের বামপন্থিদের শাসনে রাজ্যে যে নৈরাজ্য এবং জঙ্গলের রাজত্ব কায়েম হয়েছে এটা তারই একটি বহিঃপ্রকাশ। ইট ইজ ওয়ান অফ রিফ্লেকশনস। ইট ইজ এ টিপ অফ দি আইসবার্গ। এর দ্বারা সারা রাজ্য জর্জরিত হয়ে গেছে। ঐদিন ভারতী রায়কে অবমাননা করা হয়েছে, তার আগে দীপা ঘোষের উপর অত্যাচার করা হয়েছে, ফলে তিনি মারা গেছেন। একে কনডেম করবেন না? কলকাতার হার্ট অফ দি সিটিতে হচ্ছে ক্যালকাটা ইউনিভার্সিটি,

[1-00—1-10 p.m.]

সেখানে ইনটেলিজেন্স কেন ফেল করেছিল? ঐ ঘটনা ঘটার আগে কেন অ্যাডিকোয়েট প্রিকশান নেওয়া হল না? আজকে আমরা শিক্ষা বাজেটে টাকা বাড়িয়ে যাচ্ছি। পুলিশ বাজেটে আপনি দেখেছেন যে আমাদের সময়ে ৩০ কোটি টাকা ছিল। এখন সেটা ৩৮০ কোটি টাকা হয়েছে। কিন্তু তার ফল কি হয়েছে? আজকে আমরা যখন সুরজকুন্ডে ছিলাম তখন এখানে পুলিশ বাজেট ডিসকাশ হয়ে গেল, পাস হয়ে গেল। আমরা জানতে চাই যে আজকে পুলিশ বিভাগ কি ভেঙ্গে পড়েছে, এসব জিনিস কেন প্রিভেন্ট করা যাচ্ছে না? ভারতী রায়ের বিষয় আমরা কনডেম করেছি। কিন্তু সমস্ত জায়গায় যে ঘটনা ঘটছে সেগুলি কি হচ্ছে? একজন সদস্য রাইটলি পয়েন্ট আউট করেছেন যে অধ্যাপক সন্তোষ ভট্টাচার্যকে কনটিনিউয়াসলি কি ভাবে হ্যাকলিং করা হয়েছে, সাধনা সরকারকে মেরে ফেলা হয়েছে। এগুলি অত্যন্ত সাংঘাতিক ঘটনা। এই জিনিসগুলিকে আপনি এত হালকা ভাবে কেন আলোচনা করতে দিচ্ছেন? আপনি তো ডাইরেক্ট করবেন আমাদের। ইট শুড কাম ইন এ সাবস্টানটিভ মোশন। আজকে সরকার কি ব্যবস্থা নিয়েছেন তার একটা উত্তর দেবেন। আমি জানি আজকে সারা রাজ্যে ইউনিভার্সিটির অবস্থা সব চেয়ে খারাপ। আজকে শান্তি চ্যাটার্জির উপরে অত্যাচার হয়েছে। যারা মহিলাদের সম্পর্কে কথা বলেন, সেও তো একজন মহিলা কাজেই এই সম্পর্কে আপনি ডেফিনিট প্রোগ্রাম নিয়ে আলোচনার সুযোগ দিন। আপনি সরকার পক্ষকে বলুন। আজকে সরকার পক্ষ যেভাবে অনুপস্থিত, এটা অত্যন্ত দুঃখ জনক ঘটনা। আজকে এখানে শিক্ষা মন্ত্রী নেই। আমরা তার কাছ থেকে জানতে পারব না? ইউ ক্যান ডাইরেক্ট দি গভর্নমেন্ট টু মেক এ স্টেটমেন্ট অন দিস। আমরা এটাকে কনডেম করেছি। আমরা একটা তদন্ত করার দাবি করেছি এবং এটার আলোচনা দাবি করছি। একতরফা ভাবে যেন এই জিনিস না যায়। এই কথা বলে সরকার পক্ষের কাছে বলব যে এই জিনিসের উপরে তারা কি ব্যবস্থা নিয়েছেন এবং এখানে যে দাবি উঠেছে অল পার্টি কমিটি নিয়ে যাবার, সেটা তারা যাবে কিনা, আপনার সম্মতি আছে কিনা, এই জিনিস আপনি আমাদের বলুন। এখানে সরকার কি কি তদন্ত করতে চাচ্ছেন এবং ইনটেলিজেন্সি কেন ফেল করল? ভবিষ্যতে আর কি কি ব্যবস্থা সরকারের আছে? পুলিশ বাজেট আমরা বাড়িয়ে চলেছি। কিন্তু কেন ব্যবস্থা নেই, কেন এটা ফেল করল, না,

সি.পি.এম পারপাসলি ইনটেলিজেন্সিকে মিসলিড করেছে এর চেয়ে জঘন্যতম কার্যাবলিকে গোপন করার জন্য? এই জিনিসগুলি আমরা জানতে চাই? আজকে চিফ মিনিস্টার শুড মেক এ স্টেটমেন্ট অ্যান্ড উই শুড কাম টু ডেফিনিট কনক্লুসন। এটা আপনার কাছে আমার নিবেদন। আর একটা কথা হচ্ছে, এখানে কিছু আনপার্লামেন্টারি কথা দেবেশ বাবু বলেছেন। প্রিয়রঞ্জনকে এখানে আনার ব্যাপারে কি আছে? কাজেই যে আনপার্লামেন্টারি কথা বলা হয়েছে, আমি রুলস অব প্রসিডিওর-এর ৩৫৫ ধারায় আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এটা ইরেলেভেন্ট এটা আপনি বাদ দেবেন, এই অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** আমি প্রসিডিং দেখে বাদ দেবার প্রয়োজন হলে দেব। প্রবোধ বাবু, উচ্চ শিক্ষা বিভাগের মন্ত্রীকে এর উপরে একটা স্টেটমেন্ট দিতে বলবেন। তারপরে ডিসকাশন হবে কিনা আমি দেখব। এখন এটা শেষ।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** আচ্ছা।

## ZERO HOUR

**শ্রী মহঃ আনসারুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সদস্যরা আলোচনা করছিলেন। স্বাভাবিক ভাবে আমরা সকলেই মর্মাহত এবং সেই মর্মাহচিত্তে আমি আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে মে পঞ্চায়েতের নির্বাচনের দিন থেকে হাওড়া জেলার জগৎবল্লভপুর থানা এলাকার গোবিন্দপুর এবং নস্করপুর গ্রামপঞ্চায়েত এলাকায় কং গ্রেসি গুন্ডা বাহিনী সাংঘাতিক সন্ত্রাস সৃষ্টি করে এবং সেই সন্ত্রাস আজও নস্করপুর গ্রাম পঞ্চায়েতে অব্যাহত আছে। গত ৩০শে জুন রাত্রি ৮টায় প্রায় ১০০ জন কংগ্রেসি গুন্ডা বাহিনী সশস্ত্র অবস্থায় সিদ্ধেশ্বরী বাজার ও ফটিকগাছি এলাকায় ঝাঁপিয়ে পড়ে ১০ খানা দোকান লুঠ করে, ভাঙচুর করে এবং দুটি মাছের আড়ত জ্বালিয়ে দেয়। কারণ ঐ পঞ্চায়েতে সি.পি.এম জয়লাভ করেছে, সি.পি.এম-এর প্রার্থীরা আবার পঞ্চায়েত পরিচালনা করবে। পরে ২রা জুলাই রাত্রে আবার তারা গ্রামের ভিতরে হামলা চালায় এবং বসতবাটি আক্রমণ করে প্রায় ৮জন মানুষকে সাংঘাতিক ভাবে আহত করে। ৩০শে জুন রাত্রে বদন সিং নামে একজন সি.পি.আই.এম কর্মীকে গুরুতর ভাবে আহত করে। আজও গুরুতর অবস্থায় হাওড়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে এবং আজও সেখানে সন্ত্রাস অব্যাহত রয়েছে। তাই আপনার মাধ্যমে তদন্ত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ ভারতী রায়ের ব্যাপার নিয়ে একটা গুরুত্বপূর্ণ আলোচনা হল। তার চেয়েও একটা গুরুত্বপূর্ন বিষয় ছিল যেটা নিয়ে এই বিধানসভায় আলোচনা হওয়া উচিত ছিল। ৫ হাজার কোটি টাকার শেয়ার কেলেঙ্কারির নায়ক ভারতবর্ষের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যে অভিযোগ এনেছিলেন সেই অভিযোগ মিথ্যা এবং অসত্য। এই অভিযোগকে কেন্দ্র করে বি.জে.পি এবং জেটমালানি যে খেলা খেলল তাতে সারা ভারতবর্ষের মানুষের কাছে নয়, সারা বিশ্বের কাছে ভারতবর্ষকে ছোট করে

দিল। আমাদের নিষ্কলঙ্ক প্রধানমন্ত্রীর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ এনে তাঁর বিরুদ্ধে যে ভাবে বি.জে.পি. এবং ভি.পি.সিং প্রশ্ন তুলেছিলেন সেই একই ভাবে প্রশ্ন তুলে আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তাঁর পদত্যাগ দাবি করেছিলেন। আজকে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছিল সেটা মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। এখন বিধানসভা চলছে, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এই বিধানসভায় আসুন এবং এসে তাঁর এই কথা বলা উচিত এবং দুঃখ প্রকাশ করা উচিত। বি.জে.পি.-র সঙ্গে সুর মিলিয়ে, ভি.পি.সিং-এর সঙ্গে সুর মিলিয়ে তিনি প্রধানমন্ত্রীর পদত্যাগ দাবি করেছিলেন। পদত্যাগ দাবি করাটা যে ঠিক হয়নি সেটা এই বিধানসভায় এসে বলা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এই বিধানসভায় এসে দুঃখ প্রকাশ করুন যে তিনি ভুল করেছেন এই দাবি আমি আপনার কাছে রাখছি। তা যদি না করেন তাহলে তিনি বি.জে.পি.র হাত শক্ত করছেন, ভি.পি.সিং-এর হাত শক্ত করছেন। শুধু পশ্চিমবাংলার মানুষের নয় সারা ভারতবর্ষের মানুষের সম্মান সারা বিশ্বের কাছে ছোট করে দিয়েছে। আমি আপনার কাছে দাবি জানাচ্ছি, এখন বিধানসভা চলছে, তিনি অন্যায় করেছেন এটা যদি না বলতে পারেন তাহলে অন্তত দুঃখ প্রকাশ করুন এখানে এসে।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি আপনি গোটা হাউস একমত হয়ে এই ঘটনার ব্যাপারে আমার সাথে তীব্র নিন্দা এবং ধিক্কার জানাবেন। তুরস্কের বুকে যে ভয়ঙ্কর ঘটনা ঘটে গিয়েছে তাতে মৌলবাদিরা কি ভয়ঙ্কর ভাবে সক্রিয় সেটা প্রমাণ পাওয়া গিয়েছে। সেখানকার ৪০ জন বুদ্ধিজীবীকে হোটেলে আগুন লাগিয়ে দগ্ধ করেছে। তুরস্ক ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র হিসাবে নজির সৃষ্টি করেছে, যেখানে জন্মগ্রহণ করেছেন কামাল আতাতুর্কের মতো লোক। একটা অতি হীন মানসিকতা নিয়ে এই ঘটনা ঘটানো হয়েছে এবং এটা একটা ভয়ঙ্কর ঘটনা। এই ঘটনার বিরুদ্ধে এই হাউস থেকে একটা ধিক্কার জানানো উচিত। বাংলার একটা ঐতিহ্য আছে, ভারতবর্ষের একটা ঐতিহ্য আছে, সেই ঐতিহ্যের মধ্যে দাঁড়িয়ে আমাদের একটা প্রতিবাদ সারা পৃথিবীর মানুষের কাছে পৌঁছে দেওয়া হোক আমাদের এই বিধানসভার পক্ষ থেকে এই দাবি আমি জানাচ্ছি।

[1-10—1-20 p.m.]

**শ্রী মানিক ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তমলুক থানার অধীনে অনন্তপুর গ্রাম পঞ্চায়েত গড়চক সহ অনেক গ্রামে প্রচন্ড ডাকাতি হচ্ছে, স্যার, আমি এই হাউসে উদ্বেগ প্রকাশ করছি যে সেই রঘু ডাকাতের যুগ ফিরে এল কিনা। গত ২০শে জুন গড়চক গ্রামে জনৈক সরকারি কর্মচারির বাড়ি ঘেরাও করে ৫০-৬০ জন ডাকাতি করে। পরবর্তীকালে ঐ গ্রামে মহাদেব ধাড়ার নামে বাই পোষ্ট চিঠি দিয়ে বলে দেওয়া হয়েছে যে আগামি সাত তারিখে রাত্রি দেড়টার সময়ে অমুক জায়গায় যদি তিরিশ হাজার টাকা না দাও তাহলে তোমার বাড়ি গিয়ে তোমার ছেলেকে খুন করব। স্যার, গতকাল আমি ওখানে রাত্রি দু'টা পর্যন্ত ছিলাম। এই ঘটনা সম্বন্ধে থানায় জানানো হয়েছে, কিন্তু তাদের তরফ থেকে কোন সাড়া পাওয়া যাচ্ছে না। আমি তাই আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে,

আগেকার মতো যদি চিঠি দিয়ে ডাকাতির আতঙ্ক সৃষ্টি করা হয় তাহলে আমরা কোন রাজত্বে বাস করছি? আমি আরও একটি কথা বলতে চাই, এলাকায় চিহ্নিত কংগ্রেস কর্মীদের বাড়িতে এই ভাবে ডাকাতি হওয়ার পিছনে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার উদ্দেশ্য আছে কিনা তা তদন্ত করে দেখা হোক। আমি এই কথা এইজন্য উল্লেখ করছি যে, ওখানে স্বাধীনতার পর গত নির্বাচনে কংগ্রেস জয়লাভ করেছে। সেজন্য উক্ত ঘটনার পিছনে রাজনৈতিক প্রতিহিংসা আছে কিনা এটা তদন্ত করে দেখার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** নাউ শ্রী তপন হোড়।

**(শ্রী তপন হোড় ঃ অনুপস্থিত ছিলেন)**

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মধ্যশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার কেন্দ্র নওদা। উক্ত কেন্দ্রের মধ্যস্থলে সোনাটিকুরি গ্রাম অবস্থিত। সোনাটিকুরি গ্রামে প্রায় এক হাজার পরিবারের বাস। আজ থেকে প্রায় কুড়ি বছর আগে সেখানে একটা জুনিয়র হাইস্কুল স্টার্ট করা হয়েছিল। অদ্যাবধি সেই স্কুলটা মঞ্জুর হয়নি যারফলে একটা বিরাট এলাকার ছাত্রদের শিক্ষার ক্ষেত্রে এমন অসুবিধা হচ্ছে যে অনতিবিলম্বে উক্ত জুনিয়র স্কুলটি মঞ্জুর করা দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে ঐ এলাকার ছাত্রদের শিক্ষা লাভের জন্য এটি বিশেষ প্রয়োজন। এখানকার ছাত্র-ছাত্রিরা শিক্ষালাভের ক্ষেত্রে কোন সুযোগ সুবিধা পায় না, এটা একটা কালান্তর এরিয়া, চতুর্দিকে নদী বেষ্ঠিত এবং শিক্ষা লাভের জন্য তিন-চার পাঁচ মাইল পর্যন্ত দূরবর্তী স্থানে ছাত্রদের যেতে হয়। সুতরাং স্কুলটি অবশ্যই মঞ্জুর হওয়া দরকার। প্রাইমারি থেকে বেরবার পর দূরবর্তী স্থানে গিয়ে ছাত্রদের পড়াশোনা করতে হয়। কিন্তু প্রাইমারি ছাত্রদের কত বয়স হয় তা আপনি জানেন তাদের পক্ষে দূরবর্তী স্থানে যাতায়াত করা অত্যান্ত অসুবিধা জনক। প্রাইমারি থেকে বেরবার পর অন্ততপক্ষে ক্লাস এইট পর্যন্ত এখানে পড়ার সুবিধা থাকলে, তারপর দূরবর্তী স্থানে গিয়ে ছাত্রদের পক্ষে এখনকার মতো অসুবিধায় পড়তে হয় না। সেজন্য ছাত্রদের সুবিধার জন্য এই জুনিয়র হাই স্কুলটি মঞ্জুর হওয়া প্রয়োজন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আপনার কাছেও একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আমরা বিধায়ক, আমাদের বিভিন্ন কাজে অফিসারদের কাছে যাওয়ার দরকার হয় না, করনিকদের কাছেই বেশি যেতে হয়। কারণ ফাইলপত্র তাদের কাছেই থাকে। অফিসারদের কাছে গেলে তাঁরা বিধায়কদের সঙ্গে ভদ্রতা দেখান, কিন্তু করনিকদের কাছে গেলে সামান্য কার্টসি যেটুকু দেখানো দরকার তা দেখান না। আমরা ব্যক্তিগত কাজে সেখানে যাই না, নির্বাচনের কাজে, এলাকার মানুষের জন্য বিভিন্ন কাজ নিয়ে আমরা তাঁদের কাছে যাই। আমরা সেই সমস্ত কাজ যাতে করতে পারি তারজন্য

মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে বিভিন্ন বিভাগে একটা নির্দেশ দেওয়া প্রয়োজন। আমাদের কাজকর্ম করতে গিয়ে ঘুরতে ঘুরতে জুতো ক্ষয়ে যাচ্ছে, তা হোক, কিন্তু বিধায়কদের প্রতি ভদ্রতা দেখানো, সামান্য কার্টসি একটা বসার জন্য চেয়ার, তাও যদি না পাওয়া যায় তাহলে সেটা খুবই অসম্মানজনক। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের কাছে গেলে তাঁরা উঠে দাঁড়ান, সৌজন্য দেখাতে নমস্কার করেন। কিন্তু করনিকদের কাছে গিয়ে একটা কথা বলার জন্য যদি দশ জনের মতো অপেক্ষা করতে হয়, তাহলে তো বিধায়কদের সম্মান থাকবে না।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জের জোরানপুরে একটি ১০ বেডযুক্ত স্বাস্থ্যকেন্দ্র অবস্থিত। কিন্তু এই স্বাস্থ্যকেন্দ্রটি গত ১০ বছর যাবৎ বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। সেখানে কোন সময়ে ওই হাসপাতালে পুলিশ ক্যাম্প তৈরি হচ্ছে, কখনো আবার গিয়ে দেখি যে পাট ব্যাপারিরা পাট গুদাম করে রাখছে আবার ধানের ব্যবসায়িরা ওই হাসপাতালে ধান গুদাম করে রাখছে। হাসপাতালটি বন্ধ হয়ে গেছে, এতে ওখানকার জনগণ অত্যন্ত অসুবিধার মধ্যে পড়েছে। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি যাতে অবিলম্বে ওই কালিগঞ্জের জোরানপুর স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হয়।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা শান্তিপুরে একটি শতবর্ষের পাবলিক লাইব্রেরি আছে, ওই লাইব্রেরিটি প্রায় বন্ধ হবার উপক্রম, এতে কোনও সরকারি গ্রান্ট নেই। আমি ব্যক্তিগতভাবে মন্ত্রীর সঙ্গে ওই ব্যাপারে যোগাযোগ করা সত্ত্বেও ওর জট খুলতে পারিনি। এরমধ্যে আবার গত ৭দিন আগে এই লাইব্রেরির যিনি লাইব্রেরিয়ান ছিলেন তাঁর মৃত্যু ঘটেছে। তাঁর মৃত্যুর পরে এই লাইব্রেরিটি পুরোপুরিই বন্ধ হয়ে গেছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে গ্রন্থাগারমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি যাতে অবিলম্বে ওখানে ডেপুটেশন দিয়ে একজন গ্রন্থাগারিক নিয়োগ করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, হাসপাতালগুলিতে হাউস স্টাফের গুরুত্ব খুব এবং ইন্টারনী হিসাবে হাউস স্টাফরা হাসপাতালগুলিতে প্র্যাকটিকাল এক্সপেরিয়ান্স করেন। পরবর্তীকালে তারাই ডাক্তার হিসাবে কাজ করেন। কিন্তু সম্প্রতি হাউস স্টাফ শিপ তুলে দেওয়ার কথা হচ্ছে, এটি একটি মারাত্মক ব্যাপার। হাউস স্টাফশিপের সুযোগ না দিয়েই তাদের পাশ করিয়ে দিয়ে প্র্যাকটিশ করতে পাঠানো হবে। এটা যদি ঘটে তাহলে গোটা পশ্চিমবঙ্গে চিকিৎসাজগতে একটা মারাত্মক বিভ্রান্তির সৃষ্টি হবে। এবং এতে সাধারণ মানুষের জীবন বিপন্ন হবে। এতে ডাক্তাররাও বিচলিত হয়ে পড়েছেন। এতে পশ্চিমবঙ্গের চিকিৎসা সমাজ উদ্বিগ্ন এবং পশ্চিমবঙ্গের মানুষও উদ্বিগ্ন। সেইকারণে আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে অবিলম্বে এই হাউস স্টাফশিপের যে প্রভিসন আছে সেটা যেন তুলে দেওয়া না হয়। সেই সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে অনুরোধ করছি এই ব্যাপারে তিনি যাতে স্বাস্থ্যমন্ত্রীকে বিবৃতি দিতে বলেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, সম্প্রতি বালক ব্রহ্মচারির সৎকার হয়েছে এবং এতে আমরা সবাই স্বস্তি অনুভব করছি। সৎকার হওয়ার আগে আমরা বিধানসভাতে অনেকবার বলেছি। গত বিধানসভাতে ছুটির আগে আমরা এখানে তার সৎকারের দাবি তুলেছিলাম এবং সুব্রতবাবুও এই বিষয়ে বহু কথা বলেছেন। কিন্তু এই দাবির পর থেকেই সন্তান দলের পক্ষ থেকে আমার বাড়িতে রাত ১টা ,২টা যে কোনও সময়ে প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে। এমন কি বিধানসভাতে পরিষদিয় দলের ঠিকানাতে অজিত কোলে নামক জনৈক ব্যক্তি চিঠি দিয়েছেন এবং সেখানে সেই চিঠির ভাষা হচ্ছে যে, তোমাদের পরিত্রাণ নেই। তোমাদের সঙ্গে দেখা হবে, আমরা যেখানেই থাকি ঘুরে ফিরে আসবই। সুব্রতবাবুর বাড়িতেও এই ধরনের চিঠি দিয়ে হুমকি দেওয়া হচ্ছে। স্যার আমাকে বলেছেন চলো দাড়ি কামিয়ে মাঠের মধ্যে ঘোরাবে, সুব্রত বাবুকেও এই রকম চিঠি পাঠিয়েছে। আমি জানিনা সরকার পক্ষের এই রকম চিঠি কেউ পাচ্ছেন কিনা। ভীরু, কাপুরুষদের সম্বন্ধে আমি বিন্দুমাত্র চিন্তিত বা আতঙ্কিত নই। কিন্তু গোটা ব্যাপারটাই সম্বন্ধে আপনাকে জানাচ্ছি এই বুজরুকির ব্যাপারে একটা ব্যবস্থা নেওয়া দরকার যেভাবে চিঠি চাপাটি চলছে তাতে বালক ব্রহ্মচারির সঙ্গে সি.পি.আই.(এম)-র নেতাদের সঙ্গে যোগসূত্র থাকতে পারে, এই ব্যাপারটি দেখা দরকার এবং এই সম্বন্ধে একটা তদন্তর দাবি করছি।

[1-20—2-15 P.M.] (including adjournment)

**শ্রী সৌগত রায় :** মিঃ স্পিকার স্যার, আমি সভার কাছে আপনার মাধ্যমে জানাতে চাই, বজবজে যে অবস্তদা ইদানিং কালে হয়েছে সেই সম্পর্কে আমার উদ্বেগ ব্যক্ত করছি। স্যার, আপনি জানেন বজবজে ৪টি জুট মিল আছে, তার মধ্যে বজবজের জুট মিলটা দীর্ঘদিন বন্ধ হয়ে আছে, ক্যালেডেনিয়া জুট মিল বন্ধ হয়ে গেল। কিন্তু সেখানে [**] এবং [**] দুইজনই হচ্ছে সি.পি.এম.-এর তাদের মধ্যে ঝগড়ায় জুট মিল বন্ধ হবার পর্যায়ে পৌঁছেছে। সেখানে চিবিয়ার জুট মিল আছে, সেই এলাকায় প্রতিদিন গুলি বন্দুক নিয়ে লড়াই হচ্ছে। উভয় পক্ষই হচ্ছে সি.পি.এম.-এর, তার ফলে চিবিয়ার জুট মিল বন্ধ হয়ে যাওয়ার অবস্থায় পৌঁছেছে। আমরা দেখছি যেহেতু সিটুর [**] দখলে, তাই [**] সেখানে উস্কানি দিচ্ছেন; আর নিউ সেন্ট্রাল জুট মিল যারা শ্রমিক ইউনিয়ন মিলে কো-অপারেটিভ করে চালায় সেখানেও দেখা যাচ্ছে [**] উস্কানি দিচ্ছেন। ওখানকার [**] হচ্ছেন ক্ষিতি বর্মন আর [**] হচ্ছেন দীপক মুখার্জি, এই দুইজনের মধ্যে ঝগড়া চলছে।

**মিঃ স্পিকার :** প্রাক্তন বিধায়ক ও বর্তমান বিধায়ক যেখানে যেখানে আছে বাদ যাবে।

**শ্রী সৌগত রায় :** নিউ সেন্ট্রাল জুটমিল বন্ধ হয়ে গেল, আপনি বর্তমান বিধায়ক কথাটা কাটছেন, কিন্তু বজবজে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে ২টি জুট মিল বন্ধ হয়ে যাবে, এই রকম একটা অচল অবস্থা সৃষ্টি হবে এটুকু আমি রেকর্ড করলাম।

---

Note : [*Expunged as ordered by the chair]

**শ্রী সাধন পান্ডে :** মিঃ স্পিকার স্যার, আমি রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে যে ব্যাপক সন্ত্রাস, পঞ্চায়েতের পর নারী নির্যাতন, খুন খারাপি শিল্পে অচল অবস্থা এই সমস্ত প্রতিবাদে মমতা ব্যানার্জির নেতৃত্বে ১৪ই জুলাই মহাকরণ অবরোধ হবে। স্যার, এক মাস পাঁচ দিন আগে ঘোষণা করা হয়েছে যে লক্ষ লক্ষ মানুষ আসবে প্রতিবাদ করতে। সেদিনকে হয়ত ট্রাম বাস এর স্ট্রাইক করে দেবার চেষ্টা হবে যাতে একটা বিশৃঙ্খলা হয়। স্যার, আমি মুখ্যমন্ত্রীর কাছে, এই রাজ্যের প্রশাসনের কাছে দাবি করছি, আপনারা দয়া করে মানুষকে আসতে দিন। আপনাদের বলছি, আপনারা দয়া করে মানুষকে আসতে দিন। মানুষের বিক্ষোভে বাধা দেবেন না। নইলে রক্ত গঙ্গা বয়ে যাবে এই রাজ্যে। এই রকম কোন স্ট্রাইক, রাস্তা-ঘাট বন্ধ, এইসব জিনিস কবতে দেবেন না। আপনারা আগুন নিয়ে খেলবেন না। আপনারা ১৪ই জুলাই দেখবেন গন আন্দোলনের রূপটা কি নিয়েছে। আমি প্রশাসনের কাছে দাবি রাখছি, আপনারা এই জিনিস করবেন না।

(At this Stage the House was adjourned till 2.15 p.m.)

(After recess)

[2-15—2-25 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT DEMAND NO. 12, 77, 80 & 81

(The Printed Budget speech of Shri Shyamal Chakraborty on Demand No. 12, 77, 80 & 81 were taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে ১২ নং দাবির অধীন মুখ্যখাত "২০৪১-যানবাহনের উপর কর" খাতে ৩,৫৪,৫৮,০০০ (তিন কোটি চুয়ান্ন লক্ষ আটান্ন হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৩ সালের মার্চ মাসে ভোট-অন্-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ১,১৯,০০,০০০ (এক কোটি উনিশ লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে ৭৭ নং দাবির অধীন মুখ্যখাত "৩০৫১-বন্দর ও আলোকস্তম্ভ" খাতে ৮৭,০২,০০০ (সাতাশি লক্ষ দুই হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৩ সালের মার্চ মাসে ভোট-অন্ অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ২৯,০০,০০০ (উনত্রিশ লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে ৭৮ নং দাবির অধীন মুখ্যখাত "৩০৫৩-অসামরিক বিমান চলাচল" খাতে ৫১,৫০,০০০ (একান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৩

সালের মার্চ মাসে ভোট-অন্ অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ১৮,০০,০০০ (আঠারো লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে ৮০ নং দাবির অধীন মুখ্যখাত "৩০৫৫-সড়ক পরিবহন" "৩০৫৬-অন্তর্দেশীয় জলপথ পরিবহন", "৫০৫৫-সড়ক পরিবহন বাবদ মূলধনী বিনিয়োগ", "৫০৫৬-অন্তর্দেশীয় জলপথ পরিবহন বাবদ মূলধনী বিনিয়োগ" এবং "৭০৫৫-সড়ক পরিবহন ঋণ" খাতগুলিতে মোট ১০০,৮২,১৪,০০০ (একশো কোটি বিরাশি লক্ষ চৌদ্দ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৩ সালের মার্চ মাসে ভোট-অন্ অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ৩৩,৬২,০০,০০০ (তেত্রিশ কোটি বাষট্টি লক্ষ) টাকা।]

এই প্রসঙ্গে আমার বিভাগের ১২,৭৭,৭৮ এবং ৮০ নং দাবিগুলির ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করতে গিয়ে আপনার অনুমতি নিয়ে আমি পরিবহন দপ্তরের বিভিন্ন কার্যাবলির একটি সংক্ষিপ্ত বিবরণী পেশ করছি, যেহেতু এই অল্প সময়ের মধ্যে বিস্তারিতভাবে কোনও দপ্তরের সকল কার্যাবলির বিবরণ দেওয়া সম্ভব নয়।

১৯৯২-৯৩ সালে অর্থনৈতিক অপ্রতুলতার জন্য এই বিভাগে কাজকর্ম বিশেষভাবে ব্যাহত হয়েছে, যদিও শহরাঞ্চলে জনসংখ্যা বৃদ্ধি এবং কলকাতা মহানগরীর চতুষ্পার্শ্বে শহর অঞ্চলের ক্রমাগত বিস্তার অব্যাহত আছে। আমাদের সীমিত অর্থসংস্থানের মধ্যেও বিভিন্ন সুনির্দিষ্ট প্রকল্প গ্রহন এবং তাদের সুষ্ঠু রূপায়ণের মাধ্যমে আমরা পরিবহন ব্যবস্থার কিছুটা অগ্রগতি অব্যাহত রাখতে পেরেছি। পরবর্তী অনুচ্ছেদগুলিতে এই কাজকর্ম সম্পর্কে কিছু বিবরণ উপস্থাপিত করছি।

**১। কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (সি.এস.টি.সি)**

১৯৯২-৯৩ সালেও কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা পরিষেবার বিভিন্ন পর্যায়ে উন্নতিসাধনের কাজ চালিয়ে গিয়েছে। আলোচ্য আর্থিক বৎসরে যোজনা খাতে বরাদ্দ নয় কোটি চুরানব্বই লক্ষ টাকার মধ্যে অদ্যাবধি কেবল আড়াই কোটি টাকার মতো সি.এস.টি.সিকে মঞ্জুর করা সম্ভব হয়েছে। এই অর্থে কর্পোরেশনটি ৩১টি নতুন বাস কিনতে এবং ১৪৮টি বাসের পুনঃনির্মাণ করতে সক্ষম হয়েছে। এই সময়ে সি.এস.টি.সি নয়টি নূতন দূরপাল্লার এবং ছয়টি নূতন রুট শহরাঞ্চলে সংযোজন করেছে।

সি.এস.টি.সি লেক ডিপোতে অনুসৃত কম্পিউটার পদ্ধতির অনুরূপ পদ্ধতি বেলঘরিয়া ডিপোতে প্রবর্তন করার প্রকল্প শুরু করেছে। কর্পোরেশনটি লেক ডিপো এলাকার মধ্যে একটি বিভাগীয় (ডিভিসনাল) কর্মশালা সম্পূর্ণ করেছে।

সেপ্টেম্বর, ১৯৯২-এর বাসভাড়া বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিনা টিকিটের যাত্রিদের বিরুদ্ধে ব্যবস্থাদি জোরদার করা হয়েছে এবং সি.এস.টি.সির এই ভাড়াবৃদ্ধিজনিত আয়ের সম্পূর্ণ প্রাপ্তি সম্ভব হয়েছে। একই সঙ্গে রুটপ্রতি বাসের সংখ্যার পরিবর্তন, অধিকতর বাসের

চলাচল, কর্মীদের স্ব স্ব স্থানে উৎপাদন বৃদ্ধি ও পরিষেবার কয়েকটি বিশেষ ক্ষেত্রে (যথা, কে.এম.পি.এল) ব্যয়সংকোচ কর্পোরেশনের পরিষেবার উন্নতি সম্ভব করেছে।

এই সংস্থার জন্য ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে ছয়শত পঁচানব্বই লক্ষ আশি হাজার টাকা যোজনা খাতে বরাদ্দের প্রস্তাব আছে।

২। **উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা** (এন.বি.এস.টি.সি)

১লা এপ্রিল, ১৯৯২, সালে এই সংস্থার বাসের সংখ্যা ৯০০ খানি ছিল এবং আর্থিক বৎসর ১৯৯২-৯৩ এর শেষে, অর্থ মঞ্জুরি সাপেক্ষে ৯৪০ হতে পারে। যোজনা খাতে বরাদ্দ আট কোটি পঁচিশ লক্ষ টাকার মধ্যে অদ্যাবধি ২.২ কোটি টাকা এই সংস্থাকে মঞ্জুর করা সম্ভব হয়েছে। এন.বি.এস.টি.সি. পশ্চিমবঙ্গ সমবায় ব্যাঙ্ক হতে প্রাপ্ত ঋণের থেকে ৬২টি নতুন বাসের স্যাসি ক্রয় করেছে। সংস্থা ৩০টি বাসের পুনঃনির্মাণ এই সময়ে করেছে। দিনহাটা ডিপো আংশিক সম্পূর্ন এবং চালু করা হয়েছে। প্রস্তাবিত কৃষ্ণনগর ডিপোর ক্ষেত্রে কিছু অগ্রগতি হয়েছে-আনুমানিক ৯ একর জমি জেলা প্রশাসন এই সংস্থাকে হস্তান্তর করেছেন, এবং এছাড়া ১.০৪ একর ব্যক্তিগত মালিকানাধীন জমি এন.বি.এস.টি.সি. অধিকার করেছে।

কর্পোরেশনটি কুচবিহারে একটি কেন্দ্রীয় কর্মশালার নির্মাণ ও ডিপোগুলির আধুনিকীকরণ সম্বন্ধে একটি প্রকল্প গ্রহণ করেছে। এই বিষয়ে সি.আই.আর.টির প্রতিবেদন পাওয়া গেছে এবং সি.আই.আর.টিকে কাজ শুরু করার সঙ্কেত দেওয়া হয়েছে। এন.বি.এস.টি.সি কুচবিহার বিভাগীয় কর্মশালা এবং ডিপোর শেড তৈরির কাজ শুরু করেছে। সংস্থাটি ৩টি গাড়ি ধোওয়ার মেশিনও ক্রয় করেছে। সংস্থার ভবিষ্যতে সল্টলেক এবং বহরমপুরে কর্মশালা নির্মাণের পরিকল্পনা আছে।

এই সংস্থা একটি পর্যটন-সম্বন্ধীত প্রকল্প তৈরি করেছে এবং প্রকল্পটি পরিক্ষামূলকভাবে চালু করার জন্য সারা ভারত ট্যুরিস্ট পারমিট সংগ্রহ করেছে।

এই সংস্থার ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে পাঁচশত সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার টাকা যোজনা খাতে বরাদ্দের প্রস্তাব আছে।

৩। **দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা** (এস.বি.এস.টি.সি.)

বর্তমানে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাসের সংখ্যা ৫৮৭। আর্থিক সঙ্কটের জন্য ১৯৯২-৯৩ সালে ছয় কোটি পঁচাত্তর লক্ষ টাকার যোজনা বরাদ্দের মধ্যে সংস্থাটিকে কেবল দুই কোটি দশ লক্ষ টাকা এযাবৎ মঞ্জুর করা গেছে। তৎসত্ত্বেও এই সংস্থা ১০টি নতুন বাস কিনতে ও ৫০টি বাসের পুনঃনির্মাণ করতে সক্ষম হয়েছে। সংস্থাটি বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান, বেলঘরিয়া ও আসানসোল ডিপোর তৈরির ক্ষেত্রে কিছুটা অগ্রগতি করতে পেরেছে। এই সংস্থা তার বিভাগীয় (ডিভিসনাল) অফিসে এবং দুর্গাপুরে যন্ত্রগণক প্রতিষ্ঠা করেছে। সংস্থাটি তার দুর্গাপুর শহরস্থিত ডিপোর পরিবর্ধনের কাজও শুরু করেছে।

এই সংস্থা পরিষেবার গুরুত্বপূর্ণ কিছু পর্যায়ে উন্নতিসাধন করেছে, যেমন মোট কিলোমিটার চালিত ও শ্রমিক-বাস অনুপাত। কর্পোরেশনটি ১৯৯২-৯৩ আর্থিক বছরে ১৮টি নতুন দূরপাল্লার রুট সংযোজন করেছে।

এই সংস্থার জন্য ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে চার কোটি বাহাত্তর লক্ষ পঞ্চাশ হাজার টাকা যোজনা খাতে বরাদ্দের প্রস্তাব আছে।

৪। **কলকাতা ট্রামওয়েজ কোম্পানি (সি.টি.সি)**

সি.টি.সি গত ৪ঠা নভেম্বর ১৯৯২ থেকে বাস চালাতে শুরু করেছে। ১৯৯২-৯৩ সালে আট কোটি পঞ্চাশ লক্ষ টাকা যোজনা বরাদ্দের মধ্যে এই কোম্পানিকে এযাবৎ দুই কোটি টাকা মঞ্জুর করা গেছে। এর মধ্যে এক কোটি আশি লক্ষ টাকা নতুন বাস ক্রয়ে লগ্নি করা হয়েছে। সুতরাং সিটিসির পক্ষে বাস প্রবর্তন বাদে অন্য কোন গুরুত্বপূর্ণ প্রকল্প শুরু করা সম্ভব হয় নি। কোম্পানির যাত্রিবহনজনিত আয় ১৯৯২-৯৩তে নয় কোটি পঞ্চাশ লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে। ১৯৯১-৯২তে এই আয়ের পরিমাণ ছিল দশ কোটি পঞ্চাশ লক্ষ টাকা। আয় কমে যাওয়ার কারণ হল আর্থিক সঙ্কট, যা ট্রাম পরিষেবায় বিশেষ অসুবিধা সৃষ্টি করেছে। তবে, বাস পরিষেবাজনিত আয় সন্তোষজনক এবং এই কোম্পানি আরও অর্থ মঞ্জুরি সাপেক্ষে অধিকসংখ্যক বাস চালাতে মনস্থ করেছে।

একইসঙ্গে, এই কোম্পানি ব্যয়সঙ্কোচ সম্বন্ধীত ব্যবস্থাদি নিয়েছে এবং আধিকারিক ও কর্মীদের বাস পরিষেবায় সংযুক্ত করেছে।

এই কোম্পানির জন্য ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে পাঁচ শত পঁচানব্বই লক্ষ টাকা যোজনা খাতে বরাদ্দের প্রস্তাব আছে।

৫। **পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম (ডবলু.বি.এস.টি.সি.)**

আর্থিক সঙ্কটের জন্য ১৯৯২-৯৩ সালের তিন কোটি চব্বিশ লক্ষ টাকা যোজনা বরাদ্দের মধ্যে পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগমকে এযাবৎ কেবল আশি লক্ষ টাকা মঞ্জুর করা গেছে। ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে অপ্রতুল মঞ্জুরি সত্ত্বেও এই নিগম ভারবাহী যান পারাপারের (এল.সি.টি) উপযুক্ত জেটির হাসনাবাদে কাটাখালি নদির দুই তীরে নির্মাণের কাজ এগিয়ে নিয়ে যাচ্ছে এবং এই কাজ শীঘ্রই শেষ হবে। এই নিগম কেন্দ্রপোষিত প্রকল্প হিসাবে অনুমোদিত পাঁচটি জেটির মধ্যে দুটি তৈরির কাজ শুরু করে দিয়েছে। ডবলু.বি.এস.টি.সি ক্যালকাটা পোর্ট ট্রাস্টের থেকে ট্রাস্টের কলকাতা ৪ নং শেডের (ফেয়ারলি) পনটুন জেটি থেকে যাত্রিবাহি জলযান চালানোর অনুমতি সংগ্রহ করেছে। এরফলে, ফেয়ারলিতে লঞ্চ যাত্রিদের জলযান চালানোর অনুমতি সংগ্রহ করেছে। এর ফলে, ফেয়ারলিতে লঞ্চ যাত্রিদের অত্যাধিক ভিড়ের উপশম হবে। নেবুখালি ও দুলদুলিতে যাত্রি তথা মাল পরিবহনযোগ্য যান উপযোগি জেটি তৈরি সম্পর্কিত রা.ই.ট.স.-এর প্রতিবেদন এখন একটি মূল্যায়ন কমিটির বিবেচনাধীন আছে। রা.ই.ট.স.-র নকশা অবশ্য চূড়ান্ত করেছে এবং তা সংগ্রহের ব্যবস্থা করা

হচ্ছে।

১৯৯২-৯৩ আর্থিক বছরে প্রয়োজনীয় অর্থ মঞ্জুরি সাপেক্ষে, নিগম ২টি এফ.আর.পি. দ্রুতগামি জলযান এবং কয়েকটি যাত্রিবাহি জলযান ক্রয় করতে চায়। নিগমের কিছু বাস ও একটি এল.সি.টি ক্রয়ের ও কেন্দ্রপোষিত প্রকল্পের বাকি তিনটি জেটি নির্মাণের পরিকল্পনা আছে। অদূর ভবিষ্যতে যন্ত্রগণক স্থাপনের পরিকল্পনাও আছে।

এই নিগমের জন্য ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে দুই কোটি ছাব্বিশ লক্ষ আশি হাজার টাকা যোজনা খাতে বরাদ্দের প্রস্তাব আছে।

৬। **পরিবহন কার্য রূপায়ণ উন্নয়ন কর্মসূচি**

এই খাতে ১৯৯২-৯৩ সালের বার্ষিক যোজনা প্রকল্পে তিন কোটি বারো লক্ষ টাকা ধরা হয়েছিল, যার মধ্যে কেবল ৭৪ লক্ষ টাকা এ পর্যন্ত মঞ্জুর করা গেছে। এই কর্মসূচির মাধ্যমে গত কয়েক বৎসর যাবৎ বিভিন্ন সড়ক উন্নয়ন, পথচারিদের জন্য উড়ালপুল নির্মাণ ও যান চলাচল সম্পর্কিত প্রয়োজনীয় যান্ত্রিক ব্যবস্থাদির কাজ এই বরাদ্দ থেকে করা হচ্ছে। প্রচন্ড আর্থিক অনটনের জন্য এই খাতে কাজ বিশেষভাবে ব্যাহত হয়েছে। আর্থিক অনটন সত্ত্বেও বিদ্যাসাগর সেতু চালু হওয়ার পরিপ্রেক্ষিতে দুটি পথসংযোগস্থলের উন্নতির ব্যবস্থা এরই মধ্যে করতে হয়েছে। পরিবহন দপ্তরকে ক্যালকাটা পোর্ট ট্রাস্টের গার্ডেনরীচস্থ ভায়াডাক্ট সেতুর পরিবর্তে নতুন সেতুনির্মাণের ব্যয়ের অংশ বহন করতে হচ্ছে।

টিসকো কর্তৃক নির্মীয়মান সার্কুলার ক্যানেলের উপর সেতুটি সমাপ্ত হয়েছে। ব্রেবোর্ন রোডে ফ্লাইওভারের নিচে কারপার্কের কাজও সমাপ্তির পথে। এন.আর.এস হাসপাতাল থেকে মৌলালি পর্যন্ত ট্রাম লাইনকে মজবুত করা এবং সংরক্ষিত করার কাজ বহুলাংশে শেষ হয়েছে। বিটুমেন দেওয়ার কাজ শুরু করা হয়েছে। উল্টাডাঙা মেন রোড ও কাজি নজরুল ইসলাম সরণীর সংযোগস্থলের উন্নতির কাজ সমাপ্ত-প্রায়।

মেট্রোরেলের সম্প্রসারন সম্পর্কিত প্রথম পর্যায়ের সমীক্ষা রা.ই.ট.স. সম্পূর্ণ করেছে। দ্বিতীয় পর্যায়ের সমীক্ষা রা.ই.ট.স.-এর মাধ্যমে শুরু করার অনুমোদন কেন্দ্রীয় সরকারের থেকে অতি সম্প্রতি পাওয়া গেছে এবং রা.ই.ট.সকে সমীক্ষা শুরু করার জন্য অনুরোধ করা হচ্ছে।

আনুমানিক ১৭৫ কোটি টাকার ও.ই.সি.এফ ঋণের জন্য ৫টি উড়ালপুল, ৪টি পথ সংযোগ উন্নয়ন ও পথচারিদের জন্য ভূউর্ধ্বপথ সম্বলিত একটি প্রকল্পগুচ্ছ ওই বৈদেশিক সাহায্যের জন্য প্রস্তুত করা প্রকল্পগুলির মধ্যে গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হয়েছে। প্রকল্পগুচ্ছটির জন্য ঋণ পাওয়া গেলে প্রাথমিক কাজ ১৯৯৩-৯৪ থেকে শুরু হতে পারে।

এই খাতে ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে দুই কোটি আঠারো লক্ষ টাকা যোজনা

খাতে বরাদ্দের প্রস্তাব আছে।

৭। **জেলা শহর ও মহকুমা শহরগুলিতে বাস স্ট্যান্ড নির্মাণ প্রকল্প**

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে এই বিভাগ বাৎসরিক যোজনার অন্তর্গত প্রকল্পগুলির মাধ্যমে জেলা তথা মহকুমা শহরগুলিতে এবং কিছু প্রধান প্রধান শহরে যাত্রিসাধারণের সুখ-স্বাচ্ছন্দের ব্যবস্থাসহ আধুনিক বাস স্ট্যান্ড নির্মাণ করেছে। আর্থিক অনটনের জন্য ১৯৯২-৯৩ সালে এই বাবদ কাজ বিশেষভাবে ব্যাহত হয়েছে। এই আর্থিক বছরে বাজেট বরাদ্দকৃত এক কোটি টাকার মধ্যে মাত্র ১৩.৩৯ লক্ষ টাকা এপর্যন্ত আরামবাগ, পুরুলিয়া, নবদ্বীপ ও চাকদা বাস স্ট্যান্ডের জন্য মঞ্জুর করা গেছে। যে ১৮টি বাস স্ট্যান্ড প্রকল্প তৈরির বিভিন্ন পর্যায় আছে, তার মধ্যে বাঁকুড়া, বহরমপুর, মালদা, গঙ্গারামপুর, কুচবিহার, পুরুলিয়া, নবদ্বীপ, বোলপুর, আরামবাগ ও কাটোয়ার বাসস্ট্যান্ডগুলি চালু করা হয়েছে, যদিও এগুলির আরও কিছু কাজ বাকি আছে।

এই খাতে ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে সত্তর লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব আছে।

৮। **দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা**

যানবাহনজনিত বায়ু ও শব্দ দূষণ নিয়ন্ত্রণের জন্য এই দপ্তরের পক্ষ থেকে অবিরত প্রচেষ্টা চালানো হচ্ছে। এপ্রিল ১৯৯২ হতে ফেব্রুয়ারি ১৯৯৩-এর মধ্যে ৮৮৪১ নিয়মলঙ্ঘনকারিদের থেকে ২ লক্ষ ১২ হাজার ১ শত ৬০ টাকা জরিমানা আদায় করা হয়। একটি নূতন দূষণ পরিমাপক কেন্দ্র বিদ্যাসাগর সেতুর উপর স্থাপন করার প্রস্তাব আছে। এই দপ্তর অটো এমিসান টেস্টিং সেন্টারগুলির উপর বিশেষভাবে নজর রাখছে। এই দপ্তরের নতুন সেন্টার-এর জন্য অনুমতি প্রদান করার ও দূষণের বিপদ সম্পর্কে প্রচার অভিযান চালানোর পরিকল্পনা আছে। এই দপ্তরের দূষণ প্রতিরোধের প্রয়াসে পল্যুসন কন্ট্রোল বোর্ডকেও শরিক করা হচ্ছে।

৯। **সোলাসিয়াম ফান্ড প্রকল্প এবং অন্যান্য দুর্ঘটনা-সাহায্য প্রকল্প**

যদিও দুর্ঘটনা কবলিত ব্যক্তিদের ক্ষতিপূরনের দায়িত্ব জেনারেল ইনসিওরেন্স কর্পোরেশনেরই থাকছে, রাজ্য সরকারের পথ দুর্ঘটনা কল্যান তহবিল প্রকল্পের ক্ষেত্রে ১৯৯১-৯২ সালে মঞ্জুরীকৃত অর্থের থেকে বেশি অর্থ ১৯৯২-৯৩ আর্থিক বছরে এযাবৎ মঞ্জুর করা হয়েছে। ১৯৯১-৯২তে যেখানে ৫৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল ১৯৯২-৯৩তে এপর্যন্ত ৬৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

কলকাতা ও পার্শ্ববর্তী জেলাসমূহে মোটরযান (মিটার ট্যাক্সি) চালকদের জন্য বাহ্যিক হিংসাত্মক ঘটনা অথবা অজ্ঞাত কারণবশত দুর্ঘটনাজনিত ব্যক্তিদের আঘাত অথবা মৃত্যুর ক্ষেত্রে চালু করা দুর্ঘটনা জনবীমা প্রকল্পের (Group Personal Accident Policy Scheme)

মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

১০।**বাস এবং ট্যাক্সি ভাড়ার পরিবর্তন**

রাজ্য সরকার পূর্বে বিভিন্ন জনপরিবহন যানগুলির ভাড়া নিরীক্ষণ করার এবং পরিবহন সংস্থাগুলির, যাত্রিসংগঠনগুলির ও সাধারণ কমিটিগুলির প্রতিনিধিদের বক্তব্য শোনার পর একটি নতুন ভাড়াস্তর সুপারিশ করার জন্য এক কমিটি নিয়োগ করেন। পেট্রোল-ডিজেলের প্রভৃতিব দরবৃদ্ধি এবং এই কমিটির প্রতিবেদন স্মরণে রেখে রাজ্য সরকার যাত্রিবাহি বাস, ট্যাক্সি ও যাত্রিবাহি জলযান প্রভৃতির নতুন ভাড়া ২৮শে সেপ্টেম্বর, ১৯৯২ থেকে চালু করেন। নুতন ভাড়া, কয়েকটি ঘটনা ব্যতিরেকে, জনগণ কর্তৃক মেনে নেওয়া হয়। পরিবর্তিত হারে নূন্যতম বাস-ভাড়া হচ্ছে এক টাকা (সাধারণ বাসে), লিমিটেড বাসে ১.১০ টাকা এবং বিশেষ ও মিনিবাসে ১.৩০ টাকা। ট্রামের দ্বিতীয় শ্রেনীতে নূন্যতম ভাড়া ৮০ পয়সা এবং প্রথম শ্রেণীতে ৯০ পয়সা। জলযানে যাত্রিপরিবহনের ক্ষেত্রে নূন্যতম ভাড়া হল ৮০ পয়সা থেকে এক টাকা। সাধারণ মিটারযুক্ত ট্যাক্সির ক্ষেত্রে নূন্যতম ভাড়া ছয় টাকা।

১১।**রাজ্য পরিবহন কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গ**

রাজ্য পরিবহন কর্তৃপক্ষ নতুন মোটরযান আইন, ১৯৮৮. কেন্দ্রীয় মোটরযান বিধি ১৯৮৯ এবং বঙ্গীয় মোটর যান বিধি ১৯৮৯ অনুযায়ী রাজ্যের সাধারণ যাত্রীদের পরিবহনের পর্যাপ্ত সুযোগ সুবিধাদানের ব্যাপারে প্রয়োজনীয় ভূমিকা পালন করে যাচ্ছে।

জনসাধারণের জন্য উন্নততর পরিবহন ব্যবস্থা সম্ভব করবার জন্য রাজ্য সরকার সি.এস.টি.সি. ও এস.বি.এস.টি.সি. কর্তৃক বিদ্যাসাগর সেতু দিয়ে ১১টি নতুন দুরপাল্লার রুটে বাস চালাতে মনস্থ করেছেন। রাজ্য সরকার সি.টি.সি. মারফৎ বিদ্যাসাগর সেতু দিয়ে আরও দুটি রুটে কলকাতা এবং হাওড়ার মধ্যে বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে যাত্রীদের দ্রুত যাতায়াত ব্যবস্থার সুযোগ নেওয়া সম্ভব হবে। সি.টি.সি. এই রুটগুলিতে বাস চালানো শুরু করেছে।

সিকিম সরকারের সঙ্গে সম্পাদিত আন্তঃরাজ্য চুক্তির আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে। সম্প্রতি বিহার সরকারের সঙ্গে রক্সউল ও শিলিগুড়ির মধ্যে এবং গোপালগঞ্জ (বিহার) ও ব্যারাকপুরের মধ্যে বাস চলাচলের জন্য একটি আন্তঃরাজ্য চুক্তি সম্পাদিত হয়েছে।

১৯৯২-৯৩তে আন্তঃআঞ্চলিক এবং আন্তঃরাজ্য পারমিটের মঞ্জুরির তালিকা ঃ

| | আন্তঃ আঞ্চলিক অস্থায়ী পারমিট | আন্তঃ রাজ্য অস্থায়ী পারমিট | আন্তঃ আঞ্চলিক স্থায়ী পারমিট | আন্তঃ রাজ্য স্থায়ী পারমিট | মোট |
|---|---|---|---|---|---|
| (১) স্টেজ ক্যারেজ পারমিট ঃ | | | | | |
| (ক) রাজ্য পরিবহন সংস্থাকে মঞ্জুর করা হয়েছে | ৯৩ | ৪৪ | ০ | ১ | ১৩৮ |
| (খ) অন্যান্যদের মঞ্জুর করা হয়েছে | ১১১ | ৬৯ | ৫ | ৩ | ১৮৮ |
| (২) (ক) বিশেষ এবং অন্যান্য অস্থায়ী পারমিট, মাল পরিবহনের গাড়ি সহ | | | | | ৫০,০০০ |
| (খ) জাতীয় পারমিট—১৯৯২-৯৩ সালে রাজ্য পরিবহন কর্তৃপক্ষ দ্বারা মঞ্জুরিকৃত পারমিট ঃ | | | | | |
| (১) পণ্য পরিবহনের যানসহ বিশেষ এবং অন্যান্য অস্থায়ী পারমিট | | | | | ৫০,০০০ |
| (২) সারা বাংলা পর্যটন ট্যাক্সি পারমিট (এ পর্যন্ত সর্বমোট ঃ ৫,৪৬৯) | | | | | ২৯৯ |
| (গ) সারা ভারত পর্যটন ট্যাক্সি পারমিট (এ পর্যন্ত সর্ব মোট ঃ ১০০) | | | | | ২৫ |
| (ঘ) সারা বাংলা পর্যটন বাস পারমিট (এ পর্যন্ত সর্ব মোট ঃ ৩৫) | | | | | ৪ |
| (ঙ) সারা ভারত পর্যটন বাস পারমিট (এ পর্যন্ত সর্ব মোট ঃ ২১) | | | | | ৮ |
| (চ) জাতীয় পারমিট (পন্য পরিবহন যানের জন্য) (এ পর্যন্ত সর্ব মোটঃ ১৫,৮৬২) | | | | | ২,১৩৫ |

**১২।অসামরিক বিমান চলাচল সংস্থা (বিমান চালনা প্রশিক্ষণ কেন্দ্র, বেহালা)**

বিমান চালনা প্রশিক্ষণ কেন্দ্রের দুটি পুষ্পক এবং একটি সেসনা এরোপ্লেন আছে। প্রশিক্ষণের জন্য একজন প্রধান উড্ডয়ন নির্দেশক, একজন উড্ডয়ন নির্দেশক, একজন প্রধান ইঞ্জিনিয়ার এবং একজন সহকারি ইঞ্জিনিয়ার আছেন।

১৯৯২-৯৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রে ২৪জন শিক্ষার্থি ছিলেন, ৯ জন এন.সি.সি. থেকে, ১১ জন ডি.জি.সি.এ. কর্তৃক প্রেরিত স্কলারশিপধারি তফসিলি জাতিভুক্ত শিক্ষার্থি, ১ জন রাজ্য সরকারের স্কলারশিপ প্রাপক ও অন্যান্য তিনজন।

এপ্রিল ১৯৯২ এবং ডিসেম্বর ১৯৯২-এর মধ্যে এই কেন্দ্রে আনুমানিক ৪৩৯ ঘন্টার প্রশিক্ষণমূলক উড্ডয়ন সমাপন করা হয়। একজন শিক্ষার্থি খুব শীঘ্রই বাণিজ্যিকভিত্তিক পাইলট লাইসেন্স পাবেন। এই সময়ে কোন বেসরকারিভিত্তিক পাইলট লাইসেন্স দেওয়া হয় নি।

**১৩।মোটরযান রাজস্ব সংগ্রহ ও নির্বহন ক্রিয়াকলাপ**

মোটরযান রাজস্ব বাড়ানোর জন্য সর্বতোভাবে চেষ্টা করা হচ্ছে। ১৯৯১-৯২ সালে সংগৃহীত ৭৯.৯১ কোটি টাকার থেকে বেশি রাজস্ব ১৯৯২-৯৩তে আদায় করার জন্য নির্বহন (এনফোর্সমেন্ট) ব্যবস্থাকে উজ্জীবিত করা হয়েছে নির্বহন সম্পর্কে এই দপ্তরের প্রধান অসুবিধাগুলির অন্যতম হল সীমাঞ্চলে চেকপোস্টের অভাব। আসানসোলে বাংলা-বিহার সীমানার কাছে একটি মোটরযানের জন্য স্থায়ী চেকপোস্ট স্থাপন করার জন্য জমি অধিগ্রহণ করা হচ্ছে। বাড়ির খরচসহ এই বাবদ ৭ লক্ষ ২০ হাজার টাকা ইতিমধ্যে মঞ্জুর করা হয়েছে। বাগডোগরাতে এই রকম আর একটি চেকপোস্ট তৈরির চেষ্টা চলেছে।

এই চেকপোস্টগুলি তৈরি করার প্রধান উদ্দেশ্য হল নির্বহন কার্যকলাপ জোরদার করা এবং সংশ্লিষ্ট গাড়ির মালিকদের থেকে বকেয়া রাজস্ব আদায় করা। আশা করা হচ্ছে যে এই চেকপোস্টগুলি চালু হয়ে গেলে রাজস্ব আদায়ে যথেষ্ট উন্নতি হবে।

**১৪।মোটরযান তথ্যাদির যন্ত্র গাননিকীকরণ**

সম্প্রতিকালে রাজ্য সরকার জনযান বিভাগের সারা রাজ্যের কার্যালয়গুলিতে পূর্ণ যন্ত্র গাননিকীকরণের প্রকল্প হাতে নিয়েছেন। উদ্দেশ্য হলো, একদিকে জনযান কার্যালয়গুলির সুষ্ঠ পরিচালনা এবং অপরদিকে পরিবহন যান মালিক তথা চালকদের অসুবিধা দূর করা। কলকাতা ও হাওড়ার জনযান বিভাগ কার্যালয়ে পরিবহন যান সংক্রান্ত প্রথম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। দ্বিতীয় পর্যায়ের কাজও সমাপ্তির পথে। রাজ্য সরকার দক্ষিণ ২৪ পরগনা, দুর্গাপুর ও শিলিগুড়ি জনযান কার্যালয়গুলিতে যন্ত্র গাননিকীকরণ পদ্ধতির ১৯৯৩-৯৪ সালে সূচনা করতে বিশেষভাবে ইচ্ছুক।

**১৫। জনযান বিভাগের আধুনিকীকরণ**

১৯৯২-৯৩ সালে জনযান বিভাগের আধুনিকীকরণ খাতে কলকাতাস্থিত জনযান বিভাগে যন্ত্র গাননিকীকরণ সম্পর্কিত পরিকাঠামো গঠনের উদ্দেশ্যে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয় এর মধ্যে ৭ লক্ষ টাকা এ পর্যন্ত মঞ্জুর করা হয়েছে প্রকল্পটি জনযান দপ্তরের ভাবমূর্তি উজ্জ্বল করেছে কলকাতা জনযান কার্যলয়ে নির্বহন ব্যবস্থা এবং কাজের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে অক্‌টোবর ১৯৯২তে একটি বিশেষ সেল গঠন করা হয়েছে যার কাজ হল সাধারণ মানুষের অভিযোগ, বিশেষত ট্যাক্‌সি যেতে অস্বীকার করা, বেশি ভাড়া আদায়ের জন্য মিটারে কারচুপি এবং যাত্রিগণের সঙ্গে দুর্ব্যবহার, বেপরোয়া গাড়িচালনা প্রভৃতি স্পর্শকাতর বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া। ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালগুলিতে এই সম্বন্ধে যে ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে তা হল ঃ-

(১) যেখানে ১৯৯১-৯২তে ২০৬টি ট্যাক্‌সির কাছ থেকে যেতে না চাওয়ার জন্য অথবা মিটারে কারচুপির জন্য ৪৪,৮০০ টাকা জরিমানা আদায় করা হয়েছিল ১৯৯২-৯৩তে ফেব্রুয়ারি ১৯৯৩ পর্যন্ত ৯৫১টি ক্ষেত্রে ৪,১৪,৪০০ টাকা জরিমানা আদায় হয়েছে।

(২) বিভিন্ন কারণে এই আইনভঙ্গকারি গাড়িদের ক্ষেত্রে যন্ত্রগণককে উপযুক্ত নির্দেশ দিয়ে রাখার ব্যবস্থা খুবই ফলপ্রসূ হয়েছে।

এই ব্যবস্থা গ্রহণের ফলে সর্বসাধারণের মধ্যে বিশেষ আগ্রহের সঞ্চার হয়েছে।

**১৬। পরিবহন বিভাগের অধীনস্থ বিভিন্ন পুলকারের পরিকাঠামো পুনর্গঠন এবং উন্নয়ন**

পরিবহন দপ্তর ১৯৯২-৯৩ সালে ৩ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়-বরাদ্দের মধ্যে জেলাগুলিতে গ্যারেজ তৈরি ও মেরামতের কাজ হাতে নিয়েছেন। কলকাতার পুলকার কার্যালয়ের উন্নয়ন ও আধুনিকীকরনের একটি বহুমুখি প্রকল্প পূর্ত দপ্তর তৈরি করেছেন। সম্ভবতঃ ১৯৯৩-৯৪ সালে এই সংক্রান্ত কাজ শুরু করা হবে।

১৭। এই বক্তব্যসহ আমি আমার বিভাগের ব্যয়-বরাদ্দের দাবিগুলি অনুমোদনের জন্য মাননীয় সদস্যদের কাছে পেশ করছি।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ৮১ নং দাবির অধীন "৭০৭৫—অন্যান্য পরিবহন সেবা ঋণ" খাতে ৫৫,৬৩,০০,০০০ (পঞ্চান্ন কোটি তেষট্টি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ১৯৯৩ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ১৮,৫৫,০০,০০০ (আঠারো কোটি পঞ্চান্ন লক্ষ) টাকা ধরা আছে।

২। দ্বিতীয় হুগলি সেতু একটি জাতীয় গুরুত্ব সম্পন্ন সেতু রূপে স্বীকৃত। এর ভিত্তিপ্রস্তর ১৯৭২ সালে স্থাপন করা হয়। তবে, ১৯৭৭ সাল পর্যন্ত কাজের অগ্রগতি খুব সামান্যই হয়েছিল, মুখ্যতঃ দুই বৈদেশিক সংস্থার মধ্যে নকশাগত বিবাদের জন্য। ১৯৭৭ সালে হুগলি রিভার ব্রিজ কমিশনারস-এর সরাসরি তত্বাবধানে মূল সেতু তৈরির কাজকে আনা হয়। মূল সেতুর কাঠামোঘটিত কাজ অক্টোবর ১৯৯২-এ শেষ হয় এবং 'বিদ্যাসাগর সেতু' নাম দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১০ই অক্টোবর, ১৯৯২-এ উদ্বোধন হয়। যান চলাচলের জন্য ১২ই অক্টোবর, ১৯৯২ থেকে সেতু উন্মুক্ত করা হয়।

৩। সেতুর কলকাতার দিকের প্রবেশপথের ৯৯.৯৩ শতাংশ কাজ ও হাওড়ার দিকের প্রবেশপথের ৯৮.৫০ শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে। বাকি কাজ এবং কিছু পরিমার্জনের কাজ ও অতিরিক্ত জিনিসপত্র (কলকাতা ও হাওড়া, দুই দিকেই) সরানোর কাজ ১৯৯৩ সালের মাঝামাঝি শেষ হবে বলে অনুমান করা হচ্ছে। হাওড়ার দিকে জমি অধিগ্রহণের বাকি কাজ এই সময়ের মধ্যেই শেষ হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

৪। কিছু কিছু আনুষঙ্গিক রাস্তার কাজসহ, যা বর্তমান পথব্যবস্থার সঙ্গে সেতুজনিত যানচলাচলের সংহতির জন্য আবশ্যক, ৩৮৮,৩৪,০০,০০০ (তিন শত অষ্টাশি কোটি চৌত্রিশ লক্ষ) টাকার সংশোধিত প্রাক্কলন কেন্দ্রীয় সরকার প্রকল্পের জন্য অনুমোদন করেছেন। এর মধ্যে কেন্দ্রের অংশ হবে ৩৪০.৬৭ কোটি (তিন শত চল্লিশ কোটি সাতষট্টি লক্ষ) টাকা। রাজ্য সরকারের দেয় অংশ হবে ৪৭.৬৭ কোটি (সাতচল্লিশ কোটি সাতষট্টি লক্ষ) টাকা। এ ছাড়া রাজ্য সরকারকে আরও ৪১.৫০ কোটি (একচল্লিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা দিতে হবে, যার মধ্যে থাকবে এজেন্সি চার্জ, পরিচালন ব্যয় এবং পুনর্বাসন ব্যয়। এই টাকা রাজ্যের যোজনা বাজেট থেকে দেয়।

৫। ৩১.১.৯৩ পর্যন্ত এই প্রকল্প বাবদ ব্যয়ের পরিমান হল ৩২৫,২৪,০৩,০০০ (তিনশত পঁচিশ কোটি চব্বিশ লক্ষ তিন হাজার) টাকা। ১৯৯৩-৯৪ সালে ৫৫,৬৩,০০,০০০ (পঞ্চান্ন কোটি তেষট্টি লক্ষ) টাকা ব্যয়ের প্রস্তাব আছে যার মধ্যে ৪৮,৯২,০০,০০০ (আটচল্লিশ কোটি বিরানব্বই লক্ষ) টাকা রাজ্য সরকার তাঁর যোজনা বাজেট থেকে দেবেন। ৬,৭১,০০,০০০ (ছয় কোটি একাত্তর লক্ষ) টাকার মধ্যে ৪,৬৯,০০,০০০ (চার কোটি উনসত্তর লক্ষ) টাকা রাজ্য সরকার প্রকল্পগত অতিরিক্ত ব্যয়ে রাজ্য সরকারের অংশরূপে এইচ.আর.বি.সি.-কে দেবেন। ২,০২,০০,০০০ (দুই কোটি দুই লক্ষ) টাকা পরিচালন ব্যয়, পুনর্বাসন ব্যয় ও এজেন্সি চার্জ বাবদ এইচ.আর.বি.সি. খরচ করবেন।

৬। টোল প্লাজা কমপ্লেক্সের মাধ্যমে বিদ্যাসাগর সেতুতে টোল সংগ্রহের কাজ ১২ই অক্টোবর, ১৯৯২ থেকে শুরু করা হয়েছে। ফেব্রুয়ারি, ১৯৯২-এর শেষ পর্যন্ত ৭২,৯৩,৪৯৮ (বাহাত্তর লক্ষ তিরানব্বই হাজার চারশত আটানব্বই) টাকা টোল বাবদ আদায় হয়েছে।

৭। এই বক্তব্য সহ, আমি আমার ব্যয়-বরাদ্দের দাবিগুলি মাননীয় সদস্যদের অনুমোদনের জন্য পেশ করছি।

**Mr. Deputy Speaker :** There are four cut motions to Demand No. 80. The cut motions are in order. I now request Shri Deba Prasad Sarkar and Shri Subrata Mukherjee to move their cut motions.

**Shri Deba Prasad Sarkar & Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে মাননীয় পরিবহনমন্ত্রী এই সভায় তার দপ্তরের অধীন ডিমান্ড নং ১২,৭৭,৭৮,৮০,৮১ যা এই সভায় পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধী দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশন আনা হয়েছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, মাননীয় পরিবহনমন্ত্রীর বাজেট বক্তব্য আমি পড়েছি। মাননীয় মন্ত্রীমহাশয় তার বাজেট বক্তৃতার শুরুতেই তার হতাশা ব্যক্ত করেছেন এবং তা করতে গিয়ে তিনি যে বক্তব্য রেখেছেন তাতে তিনি পরিষ্কারভাবে বলেছেন যে আর্থিক দিক থেকে এই সরকারের কাছ থেকে তিনি পর্যাপ্ত টাকা পান নি। অর্থাৎ অর্থমন্ত্রী তাকে পর্যাপ্ত টাকা দেন নি তার ফলে পরিবহন দপ্তরের অধীনে বিভিন্ন যে সংস্থা আছে তার কাজ পুরোপুরি হয়ে ওঠে নি। পরিবহন দপ্তরের বাজেট প্রসঙ্গে বলতে গিয়ে স্যার, আমি প্রথমেই মাননীয় মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দেব যে এই পরিবহন দপ্তরের সাথে কিন্তু সরাসরি মানুষ সম্পর্কিত। আপনি যদি ভাল কাজ করেন তাহলে তার রেজাল্ট দ্রুত মানুষের কাছে যেমন পৌঁছে যাবে তেমনি আপনি খারাপ কাজ করলে তার ফলও মানুষ ভুগবে। অর্থাৎ ভাল কাজ করলে যেমন আপনি মানুষের প্রশংসা পাবেন তেমনি ভাল কাজ করতে না পারলে মানুষের ক্ষোভ ও হতাশা তৈরি হবে। কিন্তু স্যার, বামফ্রন্টের ১৬ বছরের রাজত্বে কলকাতার মতন মেট্রোপলিটন সিটি এবং সারা পশ্চিমবাংলার জন্য এই সরকারের ট্রান্সপোর্ট পলিসি কি সেটা আমরা বুঝতে পারলাম না। যেখানে ছিদ্র দেখা যাবে সেখানে সেটা বন্ধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা, না, সত্যিকারের ট্রান্সপোর্টের ব্যাপারে কোনও পলিসি আছে? আপনি যে বাজেট বক্তব্য রেখেছেন তারমধ্যে দিয়ে আমরা কিন্তু এটা বুঝতে পারছি না। আমরা সকলেই জানি যে কলকাতা একটি পুরানো শহর এবং এই শহরে যে পথ আছে তার পরিমাণ খুবই কম। আধুনিক শহরে যেখানে শতকরা ২২ ভাগ জায়গায় রাস্তা থাকার কথা সেখানে কোলকাতায় আছে মাত্র ৬ ভাগ। এরমধ্যে কি কি আধুনিকীকরণের কাজ করা যায় পরিবহনের ব্যাপারে বা কি কি নতুনত্ব আনা সম্ভব বা কি কি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি আনা সম্ভব আজ পর্যন্ত পরিবহন মন্ত্রীর বক্তব্যের মধ্যে তা পেলাম না। এছাড়া কলকাতা সহ পশ্চিমবাংলার রাস্তাঘাটের যে অবস্থা, যে অবস্থার মধ্যে দিয়ে আজকে পরিবহন ব্যবস্থা চলছে, তাতে কিছুতেই একটা সুনির্দিষ্ট মানে পরিবহন ব্যবস্থা পৌঁছতে পারছে না। তাছাড়া পরিবহন বাসের সংখ্যা প্রয়োজন ভিত্তিক বাড়ছে না এবং আমরা দেখতে পাচ্ছি যে আজ পরিবহনের জন্য যে কয়েকটা দপ্তর আছে, সি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি. ইত্যাদি মিলিয়ে, এইগুলোতে দু হাজার আট শোর মতো বাস আছে। যেখানে বেসরকারি বাসের সংখ্যা প্রায় ৯ হাজার অতিক্রান্ত। আমি জানি না শ্যামল বাবু মন্ত্রী হওয়ার পর বাসের জন্য অপেক্ষা করেন কি

না, আমরা লক্ষ্য করেছি ঘন্টার পর ঘন্টা গ্রামের দিকে একটা বাসের জন্য মানুষকে অপেক্ষা করতে হয়, সরকারি বাসের কথা তো বাদই দিলাম। বেসরকারি বাসের জন্যও ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হয়। মূলত গোটা পরিবহন ব্যবস্থা যেটা আরবান এলাকায়, শহরতলী এবং গ্রামীণ এলাকায় থাকা দরকার তা না থাকার ফলে এখনও পর্যন্ত মানুষকে রেলের উপর নির্ভর করতে হয়, কারণ পরিবহন ব্যবস্থা সেই জায়গায় পৌঁছতে পারেনি। কলকাতা শহরে মেট্রোরেল হওয়ার পরে তার ধারে কাছে পশ্চিমবাংলার পরিবহন দপ্তর পৌঁছতে পারেনি। সরকারি পরিবহন ব্যবস্থায় আর্থিক সঙ্কটের জন্য আপনারা অনেক কাজ করতে পারেন নি। এবং যে সব কাজ হয়েছে সবটাই যে খারাপ কাজ হয়েছে সেটাও আমি বলব না। কোন কোন দপ্তর ভাল কাজ করেছেন, যেমন ইনল্যান্ড ট্রান্সপোর্ট, এখন যেটা সায়েন্স ট্রান্সপোর্ট হয়েছে, সেখানে তারা ভাল কাজ করছে, কিন্তু আগাম একটু সাবধান করে দিচ্ছি, আপনার এই সায়েন্স ট্রান্সপোর্ট, তারা যদিও এখন লোকসানের মুখ দেখেনি, লোকসান হচ্ছে না। লোকসান হচ্ছে না এটার জন্য আত্ম সন্তুষ্টির কোনও কারণ নেই, সামগ্রিক ভাবে লোকসান হচ্ছে না বটে, কারণ সাগরদ্বীপে ওখানে যেভাবে পানের বজরা কাজ করছে, সেখানে লাভ হচ্ছে সব মিলিয়ে। সেই জন্য লোকসান হচ্ছে না। কলকাতা শহর এবং হাওড়ার যারা ট্রান্সপোর্ট কর্মচারী আছে, তাদের সমস্ত দাবি দাওয়া মিটিয়ে তারা লাভ করছে। আমি খবর নিয়ে দেখেছি আপনাদের সার্ফেস ট্রান্সপোর্ট লাভজনক, কিন্তু এটা বেশি দিন থাকবে না। কারণ এখানে অ্যাডমিনিস্ট্রেটিভ কস্ট যেভাবে বাড়ছে, সার্ফেস ট্রান্সপোর্টের খরচ যেভাবে বাড়ছে, তাতে কিছুদিনের মধ্যে এটা লোকসানের জায়গায় পৌঁছে যাবে, আর লাভজনক থাকবে না। আমরা দেখতে পাচ্ছি আপনার বাজেট বরাদ্দ খুব কম। খুব করুণ ভাবে আপনি বলেছেন এল.বি.এস.টি.সি.তে ৮ কোটি ২৫ লক্ষ টাকা ধরা হয়েছিল, কিন্তু তার মধ্যে পেয়েছেন মাত্র ২.২ কোটি টাকা। এস.বি.এস.টি.সি.তে ৬.৭৫ কোটি টাকা ধার্য করা হয়েছিল, পেয়েছেন মাত্র ২.১০ কোটি টাকা। সি.এস.টি.সি.তে ধরেছিলেন ৮.৫০ কোটি টাকা· কিন্তু পেয়েছেন মাত্র ২ কোটি টাকা। রাষ্ট্রীয় পরিবহনের জন্য ধরেছিলেন ৩.২৪ কোটি টাকা, কিন্তু পেয়েছেন মাত্র ৮০ লক্ষ টাকা। এই স্বল্প আর্থিক বরাদ্দ নিয়ে তাঁকে কাজ করতে হয়েছে, এই বরাদ্দের মধ্যে কিভাবে পরিবহন ব্যবস্থাকে তিনি মানুষের উপকারে লাগাবেন। এই স্বল্প বরাদ্দের মধ্যে তাঁকে কাজ করতে হচ্ছে। তাসত্ত্বেও আমরা সংবাদ পত্রে দেখলাম মন্ত্রী মহাশয় প্রতিদিন তাঁর বাড়িতে ফুল দেবার ব্যবস্থা করেছেন, একটা নার্সারিকে তিনি অর্ডার দিয়েছেন। খুব ভাল কথা, উনার বাড়িতে তিনি ফুলের ব্যবস্থা করেছেন। আমরা আশা করবো, তিনি ফুলের মতো মন নিয়ে রাজ্যের সেবা তিনি করুন, তা যদি করতেন তাহলে হয়তো পরিবহন মন্ত্রী হিসাবে তিনি নাম করতে পারতেন। কিন্তু গত ১৬ বছরে পরিবহনে তিনি চারবার ভাড়া বাড়িয়েছেন। ৩০ পয়সা থেকে ৫০ পয়সা, ৫০ পয়সা থেকে ৭০ পয়সা, তারপর আবার ৭০ পয়সা থেকে এক টাকা ভাড়া বাড়িয়েছেন। কিন্তু আপনারাই বলুন এই পরিবহন দপ্তর পশ্চিমবাংলার মানুষকে সেই অনুপাতে সুখ সাচ্ছন্দ দিতে পেরেছেন কি না। রোড ট্যাক্স বৃদ্ধি করা হয়েছে।

[2-25—2-35 p.m.]

ব্যাপকভাবে রোড ট্যাক্স বৃদ্ধি করেছেন। একসেসিভ ট্যাক্স বৃদ্ধি ঘটিয়ে ইনকাম বৃদ্ধির চেষ্টা করেছেন। বহু গাড়িকে এককালীন ১৫ বছরের ট্যাক্স দিতে হয়েছে। সব চেয়ে বড় কথা হচ্ছে, মানুষের অজান্তে আপনি মানুষের ওপর বর্ধিত বাস ভাড়া চাপিয়ে দিয়েছেন। আগে যে সাধারণ বাসগুলোতে মানুষ কম ভাড়ায় চাপত সেগুলোর সংখ্যা বৃদ্ধি না করে আপনি সেগুলোর জায়গায় তাদের বদলে মিডি বাস, ডিলাক্স বাস নিয়ে আসছেন এবং একজিকিউটিভ বাসও নিয়ে আসছেন। যেখানে মানুষকে এক টাকা ভাড়া দিতে হ'ত সেখানে ১ টাকা ৩০ পয়সা থেকে ৩ টাকা পর্যন্ত ভাড়া দিতে হচ্ছে। মিডি বাস বা স্পেশাল বাসের জন্য মানুষ বেশি ভাড়া দিচ্ছে, কিন্তু তারা কোনও রকম বাড়তি সুযোগ সুবিধা পাচ্ছে না। তাদের কোনও রকম এক্সট্রা অ্যামিনিটিস না দিয়ে আন্ডার কমপালসন তাদের কাছ থেকে বেশি ভাড়া নিচ্ছেন। নূন্যতম ভাড়া ১ টাকার জায়গায় ১ টাকা ৩০ পয়সা বা ১ টাকা ৫০ পয়সা করে দিয়েছেন। সাধারন বাসে যে সুযোগ সুবিধা ছিল বা আছে, তার চেয়ে কোন রকম বেশি সুযোগ সুবিধা ছিল বা আছে, তার চেয়ে কোনও রকম বেশি সুযোগ সুবিধা মানুষ পাচ্ছে না। এই বাসগুলোতেও সেই দম বন্ধ অবস্থায় মানুষকে দাঁড়িয়ে দাঁড়িয়ে যাতায়াত করতে হচ্ছে। এছাড়া যাদের একটু পয়সা আছে তাদের জন্য আপনি এক্জিকিউটিভ বাস চালু করেছেন, যেটার নূন্যতম ভাড়া হচ্ছে ৩ টাকা। এই ভাবে মানুষের ওপর আপনি ট্যাকসেশন করছেন। বেনামে ভাড়া বৃদ্ধি করছেন। আর সরাসরি চারবার তো ভাড়া বাড়িয়ে দিয়েছেন! অথচ আপনি বাস সার্ভিস বাড়াতে পারেন নি। আপনি যে সমস্ত স্টেটমেন্ট এবং কাগজ-পত্র আমাদের কাছে দিয়েছেন তার মধ্যেই আমরা দেখছি কারেন্ট ইয়ারে, ১৯৯২-৯৩ সাল পর্যন্ত যে হিসাব আপনি দিয়েছেন তাতে দেখছি ১২২২ টি বাস আছে বলে আপনি দাবি করেছেন। এখন সি.এস.টি.সি.-র ১২২২ টি বাস আছে। অথচ আমরা দেখতে পাচ্ছি যে, কংগ্রেস আমলে ১৯৬৯-৭০ সালে দুটো শিফ্টে গাড়ি রাস্তায় বেরত ১৪৬০ খানা। আর আপনার দুটো শিফ্ট মিলিয়ে ১০০০-এর বেশি গাড়ি এখন আর বেরচ্ছেনা। আপনার দুটো সিফ্ট মিলিয়ে. সাড়ে সাত শো মতো গাড়ি বেরচ্ছে এবং সেকেন্ড শিফ্টে ৬০০ গাড়ি বেরচ্ছে, তার চেয়ে বেশি গাড়ি বেরচ্ছে না। আর আমরা জানি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত অ্যাভারেজে ডেইলি ১৪০০ গাড়ি রাস্তায় বেরিয়েছে। সে জায়গায় আপনাদের ১৬ বছর রাজত্বের পরেও, অনেক নতুন গাড়ি কেনার পরেও সার্ভিস বাড়াতে পারছেন না, পথে গাড়ির সংখ্যা বাড়াতে পারছেন না। এর কারণ আপনাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ ভাবে মানুষের সেবার দৃষ্টিভঙ্গি নয়, আপনাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণভাবে রাজনৈতিক। রাষ্ট্রীয় পরিবহন পরিচালনার ক্ষেত্রে আগে সিস্টেম ছিল প্রশাসনের সর্বোচ্চ পদে একজন আই.এ.এস.অফিসার থাকতেন। কিন্তু পরবর্তীকালে আপনারা সেখানে ডাবলু.বি.বি.এস. অফিসারদের নিয়ে এসেছিলেন এবং এখন একেবারে দলীয় এবং আপনার প্রতি কমিটেড একজন ইঞ্জিনিয়ারকে সেই পদে বসিয়ে দিয়েছেন। প্রশাসনকে সব দিক দিয়ে মাথাভারি করে ফেলেছেন। আগে যেখানে দু'জন মাত্র অফিসার ছিল একজন ডাইরেক্টর (অপারেশন), একজন ট্রাফিক ম্যানেজার, সেখানে এখন আপনি কত-জন অফিসার বাড়িয়েছেন

দেখুন, ঐ দুজন অফিসার ছাড়াও একজন ডেপুটি ডাইরেক্টর করেছেন, তিন জন ট্রাফিক ম্যানেজার করেছেন, চারজন ডেপুটি ট্রাফিক ম্যানেজার করেছেন, ১৩ জন ডিপো ম্যানেজার করেছেন। এত করেও আপনি প্রতি দিন ১০০০ থেকে ১১০০-র বেশি গাড়ি দুটো শিফটে রাস্তায় বের করতে পারছেন না। এরপরেও আমরা দেখছি সি.এস.টি.সি.-র অ্যাডমিনিস্ট্রেশন ঠিকমতো কাজ না করার জন্য, সঠিক পরিকল্পনা না থাকার জন্য, সঠিক দৃষ্টিভঙ্গি না থাকার জন্য আপনার এই সংস্থা ব্যাপকভাব লসে রান করছে এবং আপনি সাবসিডি দিয়ে চলেছেন। অবশ্য একথা আমি কখনোই বলছি না যে সাবসিডি ছাড়া রাষ্ট্রীয় সড়ক পরিবহন পরিচালিত হতে পারে। পৃথিবীর সব দেশে, ভারতবর্ষের সব রাজ্যে রাষ্ট্রীয় সড়ক পরিবহনকে সাবসিডি দিয়েই চালাতে হয়। কিন্তু সর্বত্র তার একটা দৃষ্টিভঙ্গি থাকে, একটা লিমিটেশন থাকে যে, কতটা সাবসিডি দিয়ে পরিবহন ব্যবস্থাকে চালানো হবে এবং সেটাকে লাভজনক করার চেষ্টা করা হবে, কি হবেনা, সে বিষয়ে একটা নির্দিষ্ট নীতিও থাকে। আমরা দেখেছি, সি.এস.টি.সিকে ভরতুকি দিয়েছেন ১৯৯২-৯৩ সালে ৩১ কোটি ২২ লক্ষ টাকা, সি.টি.সিকে দিয়েছেন ১৬ কোটি ৬৬ লক্ষ টাকা। এস.বি.এস.টি.সিকে দিয়েছেন ৬ কোটি ৩৭ লক্ষ টাকা। এন.বি.এস.টি.সিকে দিয়েছেন ৭ কোটি ৮১ লক্ষ টাকা। অর্থাৎ প্রায় ৬১ কোটি ৮৬ লক্ষ ১১ হাজার টাকা ভরতুকি দিয়েছেন। এইভাবে ভরতুকি দিয়ে দিয়ে আপনার অ্যাকুমুলেটেড লস দেখতে পাচ্ছি দিনের পর দিন বেড়ে যাচ্ছে। ১৯৯২-৯৩ সালের আর্থিক সমীক্ষায় ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের অ্যাকুমুলেটেড লস কেন দেননি তা আমি বুঝতে পারছি না। হয়তো লজ্জায় কিনা জানি না, যদি দিতেন তাহলে আমরা জানতে পারতাম ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টের লস কত। কিন্তু এই লস নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রে কোথায় পৌঁছে গেছে দেখুন, ৫২ কোটি ৩৩ লক্ষ টাকা। এস.বি.এস.টি.সির ক্ষেত্রে লস পৌঁছে গেছে ৩১ কোটি ৬৭ লক্ষ ৮২ হাজার টাকা। আর ক্যালকাটা ট্রামওয়েজের ক্ষেত্রে পৌঁছে গেছে এই লস, ১৪৪ কোটি ৫৪ লক্ষ ২৩ হাজার টাকা। লস আপনার বাড়ছে, ভরতুকি দিচ্ছেন কিন্তু মানুষের পরিষেবার যে কাজ, যে সুখ-সুবিধা এবং স্বাচ্ছন্দ্য দেবার যে ব্যবস্থা তা আপনার পরিকল্পনার মধ্যে নেই। কলকাতা শহরে আপনি পিয়ারলেসকে দিয়ে কতকগুলি ওভারব্রিজ পেডেস্ট্রিয়াল ওভারব্রিজ করালেন। আপনার কোনও পরিকল্পনা আছে? মানুষ এই ব্রিজগুলি দেখে হাসে। তারমধ্যে ২টো আপনার কনস্টিট্যুয়েন্সিতে। একটা আপনার বাড়ির সামনে করালেন আর একটা শিয়ালদহে। গতকাল "স্টেটসম্যানের" কলকাতা নোটবুকে একটি কথা লিখেছে যে কথাটা হাউসে বলা যাবে কিনা জানি না সেটা হচ্ছে, এগুলি প্রেম করার জায়গা, এখানে কোনও মানুষ ওঠে না। অথচ এত টাকা খরচ করে পিয়ারলেসকে দিয়ে করালেন। এই টাকা দিয়ে আপনি ভাল বাসস্টান্ড করাতে পারতেন। এ ব্যাপারে একটা আধুনিকচিন্তা আপনার থাকা দরকার। ভারতবর্ষের অনেক রাজ্যে এগুলি আছে। আপনি টারমিনাল, বা বাস স্টপেজ করতে পারতেন। মেট্রোরেল আপনাকে বলেছিল, মেট্রো রেলের পাশে বাসগুমটি করার জন্য। সেখানে খাবার পাওয়া যাবে, ল্যাট্রিন থাকবে, বাথরুম থাকবে অর্থাৎ আধুনিক চিন্তা-ভাবনার প্রতিফলন হবে। এই ব্যবস্থা ভারতবর্ষের অনেক রাজ্যে আছে। আপনি তা না করে গড্ডালিকা প্রবাহের মতন ঐ যেখানে পাত্রের ছেঁদা দেখা যাবে সেই ছেঁদাটুকু আটকে দিয়েই আপনি দায়িত্ব পালন করে শেষ করে

দিচ্ছেন। আপনি অনেক ঢাক-ঢোল পেটালেন যে এই রাজ্যে জাপানের সঙ্গে সহযোগিতায় ওভারব্রিজ করবেন, ফ্লাই ওভার করবেন কলকাতায়। তারপর এই নিয়ে আর কোন কথা বলছেন না। জাপানিরা এল, অনেক জায়গা ঘুরে দেখল, হোটেলে থাকল এবং প্রচুর পয়সা খরচা হল। তারপর জাপানিরা দেশে ফিরে গেল। দেশে ফিরে গিয়ে তারা বলছে, বক্রেশ্বর করবেন না ওভারব্রিজ করবেন। আপনারা চুপ করে গেলেন। আপনারা খালি একটি কথাই বলেন, সীমিত ক্ষমতার মধ্যে আমরা কাজ করছি। আমার কথা হচ্ছে, সীমিত ক্ষমতা নয়, সীমিত বুদ্ধির জন্যই কাজ করতে পারছেন না। বুদ্ধি যদি ফ্লারিস করত তাহলে আপনি কাজ করতে পারতেন। সীমিত ক্ষমতা নয়, বামফ্রন্ট সরকারের সীমিত বুদ্ধির জন্য মানুষের জন্য কোনও রকম সেবার কাজ আমরা দেখতে পাচ্ছি না। আমরা সমালোচনা এবং প্রশংসা দুটোই করতে চাই। সি.ইউ.টি.পিতে অর্থাৎ ক্যালকাটা আরবান ট্রান্সপোর্ট প্রজেক্টে আপনি বিরাট পরিকল্পনা করলেন যেটা বিশ্বব্যাঙ্কের টাকায় হবে। সেই পরিকল্পনা আপনি জমাও দিলেন। আপনি আপনার বাজেট বিতর্কের শেষে জবাবি ভাষণে বলবেন সেই পরিকল্পনার কতটুকু আপনি কার্যকর করতে পারলেন বা কতটুকু করতে পারলেন না। এটা পশ্চিমবঙ্গের মানুষকে জানাবেন কতটা আপনি সার্থক হয়েছেন এবং কতটা ব্যর্থ হয়েছেন। বা কতটুকু করতে পারলেন না সেটা পশ্চিমবঙ্গের মানুষকে জানাবেন আপনি। আপনারা বলছেন ট্রাম উঠিয়ে দেবেন।

[2-35—2-45 p.m.]

আমার কাছে রিপোর্ট আছে, সেই রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু জায়গায় ইতিমধ্যে ট্রাম উঠে গেছে। রুটগুলি হল হাওড়া-বাঁধাঘাট, হাওড়া-শিবপুর, এসপ্ল্যানেড-বিড়লা প্ল্যানেটরিয়াম, এসপ্ল্যানেড-নিমতলা ইত্যাদি। আগামি দিনে ট্রাম উঠিয়ে দেবেন বলে ইতিমধ্যে বাস ইন্ট্রোডিউস করেছেন।-বলছেন বাসে লাভ হচ্ছে। আসলে নতুন বাস, এখনও সেগুলো ড্যামেজ হয়নি বলেই লাভ হচ্ছে, কিন্তু পরে এটা স্টেট ট্রান্সপোর্টের মতই হয়ে যাবে। বিশ্ব ব্যাঙ্কের টাকায় এর আগে যিনি পরিবহন মন্ত্রী ছিলেন তিনি জোকা পর্যন্ত নিয়ে গিয়েছিলেন ট্রামকে এবং সেটা ভোটের স্বার্থেই নিয়ে গিয়েছিলেন। আসলে আপনাদের সীমাবদ্ধ ক্ষমতা নয়, সীমিত বুদ্ধি এবং রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে চলছেন। সেবার মনোভাব নিয়ে নয়, রাজনৈতিক উদ্দেশ্যেই জোকা এবং উল্টোডাঙ্গা পর্যন্ত ট্রাম নিয়ে গিয়েছিলেন। আজকে বলছেন সেই ট্রাম উঠিয়ে দেবেন! শুধু তাই নয়, আজকে আপনারা শহরের ট্রাম ডিপোগুলির জমি বিক্রি করবার পরিকল্পনা করছেন। সারা পশ্চিমবঙ্গের মানুষ বলছেন যে, নতুন করে কুন্দালিয়া বাজোরিয়াদের সঙ্গে আপনাদের সম্পর্ক তৈরি হয়েছে বলেই এই পদক্ষেপ নিচ্ছেন। ট্রাম ডিপোগুলি কলকাতা শহরের যেসব স্থানে অবস্থিত সেখানে এক এক কাঠা জমির দাম আজকে লক্ষ লক্ষ টাকা, কিন্তু আজকে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি নিয়ে সেইসব জমি প্রমোটারদের হাতে তুলে দেবার জন্য ট্রাম উঠিয়ে দেবার চেষ্টা করছেন। এক সময় বর্তমান মুখ্যমন্ত্রীই বলেছিলেন যে, কলকাতায় ট্রাম আছে এবং থাকবে। কলকাতা শহরে ট্রাম হচ্ছে গরিব মানুষ, শিশু এবং বৃদ্ধদের পক্ষে সবচেয়ে ভাল পরিবহন, কিন্তু সেই ট্রামকে তুলে দেবার

কথা বলছেন। এক্ষেত্রে পরিবেশ দূষণের কথাটাও ভাবছেন না। এই পরিবেশ দূষণ নিয়ে আজকে ভারতবর্ষসহ গোটা পৃথিবী চিন্তিত। আজকে পরিবেশ দূষনের ক্ষেত্রে কলকাতা যখন তৃতীয় শহর সেখানে এই শহরের পরিবেশ রক্ষার ক্ষেত্রে কোনও পরিকল্পনা নিচ্ছেন না, উল্টে দূষণমুক্ত ট্রামকে তুলে দেবার চেষ্টা করছেন। আমি বলি, আপনি কিছু কিছু ভাল করলেও .............

**(সময় শেষ হয়ে যাওয়ায় এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)**

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে ট্রান্সপোর্ট খাতে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে সেই বরাদ্দকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। বিরোধী পক্ষ থেকে এখানে সাবসিডি দেবার বিরুদ্ধে বক্তব্য রাখা হয়েছে। ওরা বলেছেন—খয়রাতি দিয়ে আর কতদিন চলবে ট্রান্সপোর্ট। আজকে গোটা দেশটাই তো খয়রাতি দিয়ে চলছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই.এম.এফের কাছ থেকে টাকা ধার নিয়ে চলছে গোটা ভারতবর্ষ, সুতরাং ট্রান্সপোর্টের ক্ষেত্রে খয়রাতির কথা বলে বাহবা নেবার চেষ্টা না করাটাই ভাল। ওরা নিজেরাই স্বীকার করেছেন যে, বিশ্বের সকল ট্রান্সপোর্ট সিস্টেমই খয়রাতি নিয়ে চলে। আজকে গোটা ভারতবর্ষই যখন খয়রাতির উপর চলছে তখন আমাদের এখানে ট্রান্সপোর্টে যে সাবসিডি দিতে হচ্ছে সেটা নতুন করে কোন আলোচনার বিষয় হতে পারে না। তবে একথা ঠিক, কংগ্রেস ট্রান্সপোর্টের মতো একটা পাবলিক ইউটিলাইজেশন সার্ভিসকে যে দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা হত, বামফ্রন্টের ১৬ বছরের রাজত্বে সেই দৃষ্টিভঙ্গির পরিবর্তনের ফলে তাদের তুলনায় বর্তমানে এক্ষেত্রে তিন-চার গুন অগ্রগতি ঘটেছে এবং এটা একটু লক্ষ্য করলেই বোঝা যাবে। আজকে তিনটি পরিবহন সিস্টেম—ট্রাম, ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট এবং স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ক্ষেত্রে অগ্রগতি যে হয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তবে একথা ঠিক, যে ভাবে কলকাতা এবং কলকাতার আশেপাশে মানুষের সংখ্যা বাড়ছে, বিভিন্ন মফঃস্বল শহরে যে ভাবে শহরগুলির উন্নতি হচ্ছে, যে ভাবে ব্যবসা-বাণিজ্য, কর্মকেন্দ্রে, স্কুল-কলেজে এবং বিভিন্ন স্থানে যাতায়াত বাড়ছে তাতে সরকারি এবং বেসরকারি যানবাহন মিলিত ভাবে পর্যাপ্ত সে কথা বলিনা। তবে কিছুই অগ্রগতি হয়নি এই কথা যদি বলা হয় তাহলে সত্যের অপলাপ করা হবে। আজকে প্রধানতঃ বাসের সংখ্যা বৃদ্ধির জন্য কলকাতা এবং বিভিন্ন জেলায় তার পরিকল্পনা আছে, সেকথা বাজেট বিবৃতিতে বলা আছে। বেসরকারি ভাবে কিছু প্রচেষ্টা হচ্ছে। কিন্তু বেসরকারিকরণের একটা প্রস্তাব এসেছে কেন্দ্রীয় সরকার থেকে। যে সমস্ত জায়গায় সাবসিডি দিয়ে বাস চলছে সেখানে বেসরকারিকরণ করলেই যে ভাল ব্যবস্থা হবে, একথা আমার অভিজ্ঞতায় বলেনা। পশ্চিমবাংলায় যে বেসরকারি বাসগুলি চলছে, যে সিন্ডিকেটগুলি চলছে, সেগুলি সম্বন্ধে আমাদের যে অভিজ্ঞতা সেটা খুব ভাল নয়। তারা সময়মতো বাস চালায়না, যখন খুশি বন্ধ করে দেয়, শেষ ট্রিপ অনেক সময়ে দেয়না, তারা ভুলে যায় যে এটা একটা পাবলিক ইউটিলিটি প্রতিষ্ঠান। ব্যক্তিগত মালিকানার দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্ত মালিকরা বাস চালায়। তাই এর বিরুদ্ধে রাজ্যের মানুষকে সুবিধা দিতে গেলে রাষ্ট্রায়ত্ত শিল্প হিসাবে এই ট্রান্সপোর্ট

বাজেট রাখা দরকার এবং সেই ভাবে সেটা করা দরকার। আর তিনটি ট্রান্সপোর্টের মধ্যে নির্দিষ্ট ভাবে বলা হয়েছে যে সি.এস.টি.সি.তে ১৯৯২-৯৩ সালে ৩১টি নুতন বাস করা হয়েছে, ১৪৮টি রেনোভেট করা হয়েছে। এই সব তথ্যের কথা ওরা বললেন না এবং নুতন দুরপাল্লার বাস খোলা হয়েছে ৬টি রুটে, সি.এস.টি.সি'র বাস নুতন করে চালু করা হয়েছে। এছাড়া লেক ডিপোতে কম্পিউটার বসানো হয়েছে। বেলঘরিয়াতে অনুরূপ ভাবে আর একটি কম্পিউটারের ব্যবস্থা করা হয়েছে। আধুনিকীকরণ বলতে যা বোঝায় তার প্রচেষ্টা বামফ্রন্ট সরকার চালিয়ে যাচ্ছেন, ট্রান্সপোর্ট দপ্তর চালিয়ে যাচ্ছেন। এসব জিনিস ওরা লক্ষ্য করেন না, ওদের নজরে পড়েনা। তারপরে এন.বি.এস.টি.সি-তে ১৯৯২-৯৩ সালে ৬২টি নুতন স্যাসি কেনা হয়েছে, ৩০টি বাস রেনোভেটা করা হয়েছে এবং কৃষ্ণনগর, দিনহাটা এই সমস্ত জায়গায় নুতন বাস ডিপোর কাজ প্রায় শেষ হতে চলেছে। কুচবিহারে সেন্ট্রাল ওয়ার্কশপের কাজ শুরু হয়েছে এবং আধুনিকীকরণ করা হচ্ছে বিভিন্ন ডিপোগুলিকে মানুষের অ্যামেনিটিজ, যাত্রিদের সুবিধার জন্য। মালদহ, বহরমপুর, ইসলামপুর, নর্থ বেঙ্গলের গোটা জায়গায় যে ব্যবস্থা আপনারা কল্পনা করতে পারেন নি সেই ব্যবস্থা করা হয়েছে এবং সেখানে প্যাসেঞ্জারদের অ্যামেনিটিজের ব্যবস্থা করা হয়েছে। এসব জিনিস ওরা দেখতে পাননি। এছাড়াও গাড়ির ধোঁয়ায় যে দূষণ হয় সেটা বন্ধ করার জন্য ৩টি মেশিন কেনা হয়েছে এবং সেগুলিতে কাজ হচ্ছে। সুতরাং আধুনিকীকরণ-এর প্রচেষ্টা শুধু কলকাতাতেই হয়নি, অন্যান্য কর্পোরেশনেও এই প্রচেষ্টা চলছে এবং সেই কাজ শুরু হয়েছে। এস.বি.এস.টি.সিতে ১৯৯২-৯৩ সালে ১০টি নূতন বাস কেনা হয়েছে। ৫০টি বাস রেনোভেট

[2-45—2-55 p.m.]

করা হয়েছে এবং বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান, বেলঘরিয়া, আসানসোল ইত্যাদি জায়গায় ডিপো তৈরির কাজ অনেকদুর এগিয়ে গেছে। ১৮টি নুতন দুরপাল্লার রুট তার সঙ্গে সংযোগ করছে। এস.বি.এস.টি.সিতে আজকে এটা একটা অগ্রগতির বিষয়। সি.এস.টি.সি'র ক্ষেত্রে নাকি বলা হয়েছে যে ট্রাম কলকাতা থেকে তুলে দেওয়া হবে। সরকার থেকে নাকি ঘোষণা করা হয়েছে যে ট্রাম লাইন সম্পূর্ণ ভাবে তুলে দেওয়া হবে। একথা একবারও সরকার থেকে বলা হয়নি। এতবড় শহর, এত লোকসংখ্যা বাড়ছে, এত কনজেস্টেড হয়ে পড়ছে, তাতে শহরের বুকের উপর দিয়ে না গিয়ে আশপাশ দিয়ে গেলে মানুষের সুবিধা হয়। তাই পরীক্ষামূলক ভাবে ১ কোটি ৫০ লক্ষ টাকা দিয়ে ট্রামের বদলে কিছু নুতন বাস যে বাসগুলিতে আপনারা দেখবেন সি.টি.সি লেখা আছে সেই সমস্ত বাস চালু করা হয়েছে। তাতে ভাল ফল পাওয়া গিয়েছে এবং তাতে আরো বাসের সংখ্যা বেড়েছে, মানুষের জন্য যাতায়াত ব্যবস্থা ভাল হয়েছে। ওনারা উন্নয়নমূলক পরিকল্পনা কিছু দেখতে পান নি। শুধু এখানে হতাশার কথা বলেছেন। যাঁরা হতাশায় ভোগেন তাঁরা তো হতাশার চৌহদ্দির বাইরে যেতে পারবেন না। উন্নয়নমূলক কর্মসূচির মধ্যে উড়াল পুল আছে, যান-বাহন চলাচল সম্পর্কিত ব্যবস্থার উন্নতি সাধন এই সমস্ত হয়েছে। এত আর্থিক অনটন সত্ত্বেও আজকে বিদ্যাসাগর সেতু খোলা হয়েছে তাতে কলকাতা সহ সারা পশ্চিমবাংলার সুযোগ-সুবিধা

হবে। আরো কিছু পরিকল্পনা আছে। মহকুমা শহরগুলিতে আরো অনেক বাস ডিপো করার পরিকল্পনা আছে। দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়েছে।

( এই সময় লাল বাতি জ্বলে ওঠে )

আজকে যে এনভাইরনমেন্ট নষ্ট হয়ে যাচ্ছে বাসের ধোঁয়ার গাড়ির ধোঁয়ার জন্য তাকে নিয়ন্ত্রণ করার জন্য আজকে অনেক চেষ্টা হয়েছে। ৮৮৪১ জন এই রকম আইন ভঙ্গ করেছে তাদের থেকে জরিমানা আদায় করা হয়েছে এবং প্রায় কয়েক লক্ষ টাকা এর থেকে পাওয়া গেছে। বিদ্যাসাগর সেতুতে নূতন যন্ত্র স্থাপন করা হচ্ছে দূষণ নিয়ন্ত্রণ করার জন্য।

( এই সময় মাইক বন্ধ হয়ে যায় )

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পরিবহন মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে কয়েকটি কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা দিয়েছে সেই বাজেট বক্তৃতা পড়লে পরিষ্কার ভাবে বোঝা যাবে এই বাজেটের উপর আলোচনা করার দরকার নেই। মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কার ভাবে বলে দিয়েছেন যে প্রতিটি ডিপার্টমেন্টে অর্থ মঞ্জুর কম হয়েছে। যেমন কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় যেখানে যোজনা বরাদ্দ ছিল ৯ কোটি ৯৪ লক্ষ টাকা সেখানে মঞ্জুরকৃত অর্থের পরিমাণ ২ কোটি ৫০ লক্ষ। প্রতিটি ডিপার্টমেন্টের ক্ষেত্রে যোগ করলে দেখা যাবে ৪০ কোটি টাকা যেখানে প্লান বাজেটে প্রয়োজন ছিল সেখানে উনি পেয়েছেন ১০ কোটি টাকা। এই টাকা দিয়ে এই বিভাগের কত খানি উন্নতি করতে পেরেছেন সেটা বোঝা যায়। ৪০ কোটি টাকার মধ্যে ১০ কোটি টাকা পেলে স্বাভাবিক ভাবেই অনুমান করা যায় কি উন্নতি তিনি করেছেন। গত তিন চার বছরের যে লস হয়েছে সেটা দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। আপনারা তো খুব কৃতিত্বের দাবি করেন, প্রাক্তন মন্ত্রী এখানে অনেক কথা বললেন। আমি আগেকার লস গুলি দেখাতে চাই। ১৯৭৮-৭৯ সালে কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ৩৪৫৬.০৬ লক্ষ টাকা লস ছিল। আর ১৯৮৮-৮৯ সালে সেই লস এসে দাঁড়িয়েছে ৩৭৭৬.১২ লক্ষ টাকায়। লসের পরিমাণ কিভাবে বাড়ছে দেখুন। মাননীয় মন্ত্রী মহাশয়কে আবেদন করব এই ব্যাপারটা আপনার দেখার দরকার আছে। এর পর কলকাতায় যত সরকারি এবং বেসরকারি বাস চলে গত ১৬ বছরে কত রোড ট্যাক্স বাকি আছে এই টাকা যদি লসের সঙ্গে যোগ করা যায় তাহলে লসের পরিমাণটা কতখানি দাঁড়াবে মাননীয় মন্ত্রী মহাশয়কে দয়া করে ভেবে দেখতে বলবো। আজকে এখানে যাঁরা এই বাজেটকে সমর্থন করার জন্য উপস্থিত হয়েছেন আমি তাঁদের কাছে একটা আবেদন করব, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন তাঁকেও অনুরোধ করব, একবার হাওড়া জেলার বেশিদূর নয় এক ঘন্টা দশ মিনিট লাগে বাগনান স্টেশনে যাবেন সন্ধ্যা ছ'টার সময়। দেখবেন, কিভাবে ওখানকার মানুষ যাতায়াত করেন। উলুবেড়িয়া থেকে গরু ছাগল গাড়ি করে নিয়ে যাওয়া হয়। গরু ছাগল সুন্দর ভাবে যায়। তার কারন সেগুলো বিক্রি করে পয়সা পাওয়া যাবে। কিন্তু হাওড়া থেকে বাগনান

পর্যন্ত মানুষ গরু ছাগলেরও অধম অবস্থায় যাতায়াত করে। ষোল বছর ক্ষমতায় থাকার পর মন্ত্রী মহাশয় পরিবহন ব্যবস্থার দারুন ভাবে উন্নতি হয়েছে বলে দাবি করছেন, ওখানকার মানুষ কি ভাবে যাতায়াত করে তা দেখলে সহজেই বোঝা যায়। এটা এখন ভেবে দেখার সময় এসেছে, কেন আজকে বাসগুলোর এই অবস্থা। আপনি হাওড়ার আর.টি.এ. অফিসে যান এটা দেখতে পাবেন। সেখানে বলা হচ্ছে যে এতগুলো বাসের পারমিট আছে, এতগুলো স্যাংশন্ড বাস। কিন্তু অ্যাকচুয়ালি কতগুলো বাস আজকে চলছে তা আপনার জানা নেই। জানা নেই বলেই আজকে বাসের এই অবস্থা। দোকানদারেরা সকাল বেলা ঠাকুরকে পুজা দিয়ে দোকান খোলেন, আর মফঃস্বলে বাসের মালিকরা কে বাস চালাবে, ড্রাইভারকে পাওয়ার জন্য ইউনিয়নের নেতাদের পূজা দেন। পূজা দিলে তবেই তিনি জানতে পারেন কে তাঁর বাস চালাবে, কে কনডাকটর হিসাবে থাকবে। ভেবে দেখুন, একজন মালিক সে জানতে পারে না কে তার ড্রাইভার, কে তার কনডাকটর। এই অবস্থায় বাস চলছে। বাস্তব অবস্থাটা হচ্ছে এই রকম। আগে বাসের মালিক কনডাকটর নিয়োগ করত, যখন কনডাকটর জানত না তার চাকুরি আছে কিনা। এখন ইউনিয়নের দলবাজির ফলে অবস্থা এমন জায়গায় চলে গেছে যে মালিক দুরের কথা, কনডাকটর বা ড্রাইভার জানে না সে কোন বাসে আজকে উঠছে। এই দলবাজি যদি বন্ধ না করা যায় তাহলে আগামি দিনে বাস চলাচল কঠিন হয়ে যাবে। এমনও দেখা যায় একজন কনডাকটর ব্যাগ নিয়ে চলে গেছে, সে অন্য বাসে কাজ করছে, মালিক জানতে পারছে না। আমার এলাকায় বহু জায়গায় এখন বাস চলাচল তো বন্ধ হয়ে গেছে। তার কারণ রাস্তার অবস্থা খুবই খারাপ। রাস্তা দুটো ডিপার্টমেন্টের পি.ডবলু.ডি. এবং পরিবহন ডিপার্টমেন্টের দেখার কথা। কিন্তু দুটো ডিপার্টমেন্টের মধ্যে সং যোগ নেই। অথচ একটা ডিপার্টমেন্ট অন্য ডিপার্টমেন্টের পরিপূরক। রাস্তা ভাল না থাকলে বাস কখনও চলতে পারে না, বাসের লংজিবিটি থাকে না। এখানে মৎস্যমন্ত্রী আছেন, তিনি দেখি এখানে ওখানে গিয়ে মাছ ছাড়েন। তাঁকে অনুরোধ, একবার আমার ওখানে চলুন, দেখবেন কত গর্ত, কত মাছ ছাড়বেন দেখুন। আপনার কাছে আমি বিনীত ভাবে আবেদন করব, একটা রুটে বাস চলছে, বাসের মালিক সেই বাস বিক্রি করে দিল। পরবর্তী সময়ে দেখা যাচ্ছে সেই বাস আর সেই রুটে চলছে না, অন্য রুটে চলছে। অর্থাৎ বাস বিক্রির সাথে রুট চেঞ্জ হয়ে গেছে। বাসের মালিক বাস বিক্রির ফলে চেঞ্জ হতে পারে, কিন্তু রুট কিভাবে চেঞ্জ হতে পারে তা বুঝতে পারছি না। বাস রিপ্লেস না করে রুট কি ভাবে পরিবর্তন হতে পারে তা আমরা বুঝতে পারছি না। এই ব্যাপারটা মন্ত্রী মহাশয়কে দেখার জন্য বিশেষ ভাবে আবেদন করছি। আর.টি.এ. অফিসে আপনি যান, দেখবেন, বেকার ছেলেদের বলা হচ্ছে অফার লেটার আছে, রেডি-মেড বাস নিয়ে এস বাস পেয়ে যাবে। একজন বেকার ছেলে সে কোথায় পাবে রেডি-মেড বাস যার দাম তিন চার লক্ষ টাকা? বেকার ছেলেকে বলা হচ্ছে পারমিট দিয়ে দেব রেডিমেড বাস নিয়ে এস। আজকে এই জায়গায় চলে গিয়েছে, রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে গেছে। একজন মালিককে এক রুট থেকে অন্য রুটে বাস চালাতে গেলে বলা হয় রুট পারমিট চাই, সেখানে এই জিনিস ঘটছে। আপনার সিস্টেম কন্ট্রোল কিছু নেই। আমার সময় আর নেই। সময় থাকলে ট্রাম কেলেঙ্কারি

নিয়ে কথা বলতাম, কিন্তু বলতে পারলাম না। বাস যেগুলো খারাপ হয়ে যাচ্ছে সেগুলো কি ভাবে ডিসপোস অফ হচ্ছে তা আপনি আমাদের বলবেন। আপনি কি সেই বাসগুলো রিজার্ভ করে রাখবেন, আমাদের দলের পক্ষ থেকে আন্দোলন হলে সেগুলোকে দেখাবার জন্য? আপনি ভাল বাসগুলো রিজার্ভ করে রাখবেন কিনা জানিনা। আমি আপনার এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-55—3-05 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বাজেটবরাদ্দ এখানে উত্থাপন করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী তাঁর গতবারের বাজেটের অর্দ্ধেক টাকাও পান নি কিন্তু তারমধ্যেই কাজ করেছেন এবং যতটুকু করার দরকার সেটা তিনি করেছেন। কলকাতাতে ট্রাম কমেছে ঠিকই কিন্তু সেই তুলনায় প্রচুর বাস দেওয়া হয়েছে। প্রাইভেট, সরকারি এবং ইনল্যান্ড ওয়াটার সার্ভিস প্রচুর চালু করা হয়েছে। কিন্তু আমি একটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, আপনি সবই করতে পেরেছেন কিন্তু ট্যাক্সির অত্যাচার কমাতে পারেন নি। ১০টি ট্যাক্সিকে ডাকলে তবে ১টি ট্যাক্সি পাওয়া যায়। এরজন্য যদি কেস করতে হয় তাহলে কাগজে ছবি যে রাখতে গেছে প্রতিটিতে ১০টি করে কমপ্লেন করতে হয়। এর থেকে আমরা উদ্ধার পাচ্ছি না এবং এই ট্যাকসিগুলো আমাদের ভীষণভাবে ভোগাচ্ছে। আমি একটি অভিজ্ঞতার কথা বলছি গত পরসুদিন এম বি (২) বাস নং ৩৯০৮২৯ এটি স্টেট ট্রান্সপোর্টের ছোট গাড়ি, এতে কোনও সাইনবোর্ড নেই। গাড়িটি গ্যারেজে যাচ্ছে কিনা জানিনা তবে আমি গাড়িটির কর্মিদের বললাম যে রাস্তায় তো বহু লোক দাঁড়িয়ে আছে অথচ তোমরা গাড়ি থামিয়ে লোকেদের ডাকছ না কেন? তার উত্তরে ওই কর্মীরা বললে যে এরজন্য কর্পোরেশনের আলাদা লোক রাখতে হবে, আমাদের ডিউটি নয়। অথচ সেখানে একটি প্রাইভেট বাসের কন্ডাকটররা লোক ডেকে ডেকে বাসে তুলছে। সেখানে সরকারি বাসের এই ব্যাপারটা বন্ধ করা উচিত এবং একটা লাইনের দিকের কথা আপনাকে ভাবতে হবে। কলকাতায় যেহেতু ট্রাম উঠে যাচ্ছে এবং সেখানে আপনারা ট্রামের জায়গায় বাস দিয়েছেন, কিন্তু সেই বাসগুলো নতুন রুটে চালানো হচ্ছে। সার্টেল রুটে বাস চলছে না। রাজা বাজার টু বি.বি.ডি.বাগ এই ১৪ নং ট্রামটি কমেছে এবং তার জায়গায় আপনারা বাসও দিয়েছেন, কিন্তু সেই বাস রাজাবাজার থেকে বি.বি.ডি বাগ হয়ে বিদ্যাসাগর সেতু দিয়ে আরো কোথায় যেন চলে যাচ্ছে। সুতরাং সার্টেল সার্ভিস হচ্ছে না। এই বিষয়টি বিবেচনা করতে অনুরোধ করছি। তবে কলকাতার আগে যে অবস্থা ছিল তার চেয়ে হাজার গুন ট্রান্সপোর্ট বৃদ্ধি পেয়েছে। লোকের আজকে অনেক যাতায়াতের সুবিধা হয়েছে। সুতরাং বিরোধীপক্ষের থেকে যতই সমালোচনা করা হোক না কেন বিশেষ করে কলকাতার পরিবহন ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে। উত্তরবঙ্গে পরিবহন ব্যবস্থা সম্পর্কে আমি জানাতে চাই। উত্তরবঙ্গের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন যে স্টেট বাস চালায় এবং তার যা সার্ভিস সেই সার্ভিস অব্যাহত রয়েছে কিন্তু তার পরিমাণ আরো বাড়ানো দরকার। তবে, সেটা হয়তো কর্পোরেশন তার আর্থিক অসুবিধার জন্য

বাড়াতে পারছে না। এখন ট্রেনের ভাড়া যে পরিমাণে বেড়েছে তাতে অর্দ্ধেক ভাড়া দিয়ে মানুষ আজকে বাসে যাচ্ছে। সেখানে বাসের রুট বাড়াতে গেলে আপনি তো কো অপারেটিভকে দিয়ে এই কাজ করাতে পারেন। কো-অপারেটিভের হাতে এই ক্ষমতা দিচ্ছেন না কেন? খুশিদা টু ক্যালকাটা একটা বাস আছে সেটা ঠিকমত চলে না, এই ব্যাপারে একটু দেখবেন। তারপরে চাঁচল থেকে শিলিগুড়ি একটি বাস চলে, এই বাসটিতে ওঠার জন্য ১০০জন লোক অপেক্ষা করছে, হঠাৎ জানালো যে কন্ডাকটর ছুটিতে আছেন বলে বাস যাবে না। একটা কন্ডাকটর ছুটি নেওয়ার জন্য যদি বাস না চলে এবং ১০০জন লোক অপেক্ষা করে বাস পেল না, এই জিনিসটা দেখার দরকার আছে। সরকারের যে এইভাবে লস হচ্ছে সেটা একটু আপনার দেখার দরকার। আজকে নর্থ বেঙ্গলের চাঁচোলে একটা গ্যারেজ আছে, নর্থ বেঙ্গল সব থেকে নেগলেকটেড, সেখানে ডি.এম. গিয়েছে কিনা জানিনা, পাবলিক গ্রিভান্স সেল আছে কিনা জানিনা। ওখানে এত পয়সা আছে, ট্রান্সপোর্টের মাধ্যমে আয়ের খনি আছে, কিন্তু বাস নেই। মালদার পরিবহনের উন্নতি হয়েছে, কুচবিহার আছে, রায়গঞ্জ আছে, কিন্তু বাস নেই। আমি একদিন রায়গঞ্জে গিয়েছিলাম বিকাল বেলায়, ওখান থেকে ইসলামপুরে যাব কিন্তু সেখানে বাস নেই। স্টেট ট্রান্সপোর্টের বাস যদি না থাকে তাহলে কো-অপারেটিভ করে দিন। শিলিগুড়িতে আপনি যেমন ব্যবস্থা করেছেন বাসের ক্ষেত্রে তেমনি কলকাতার ক্ষেত্রেও আপনি একটা ভাল ব্যবস্থা করুন, যাতে এখানের সিস্টেমটা ভাল ভাবে চলতে পারে। কলকাতা থেকে অনেক লোক প্রতিদিন যাতায়াত করেন, এখানে বাসের সিস্টেমটা ভাল আছে বলে মনে হয়না। কলকাতা থেকে মালদা এবং শিলিগুড়ি পর্যন্ত এই বাস রাস্তায় কোথাও অ্যামিনিটিসের ব্যবস্থা নেই। আমরা আগেও বলেছি একটা বাথরুমের ব্যবস্থা করার জন্য, নাহলে সেই বাথরুমের জন্য যেতে হবে বহরমপুরে। এই ব্যাপারটি নিয়ে আমি আপনাকে ভাবতে বলব। কৃষ্ণনগরের ব্যাপারেও একটু চিন্তা করবেন, বহরমপুরে দেখেছি একটা বাস খারাপ হলে রাত্রি ২টার সময়ে দেখলাম সেই বাসে আমি ছিলাম—এ করবেন না, ও করবে না, এই করতে করতে সকালে পৌনে ৬টার সময় সেই বাস ছাড়ল। এটা দেখা দরকার বলে আমি মনে করি। দুইজন রোগিকে পূর্নিয়ায় পাঠাব বলে আমি একজন লোককে পাঠিয়েছিলাম টিকিট কিনতে, সেখানে বলেছে তাঁকে যে ১০টাকা করে বাড়তি লাগবে, নাহলে টিকিট পাওয়া যাবে না, আমি এম.এল.এ. এটা বলিনি, সেখানে বিহারি ম্যানেজার আছে, তাকে খুঁজে পেলাম না। নর্থ বেঙ্গলের চেকিং ব্যবস্থা আরো জোরদার করা দরকার। এখানে গাড়িগুলি যে ভাবে মেইনটেনান্স হয় বিহার বাদ দিলে পরে দক্ষিণ ভারতে যে ভাবে মেইন্টেনান্স হয়, এখানে এক একটা গাড়ির যে অবস্থা হচ্ছে যে ভাবে ঝরঝরে হয়ে যাচ্ছে তাতে মনে হচ্ছে লোক নেই, সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব একটা কমিশন করা হোক যে গাড়িগুলিকে ওরা বলে দিচ্ছে খারাপ সেইগুলি দেখার জন্য। প্রাইভেট গাড়িগুলিকে দেখছি ৭৯।।৮০ বছর চলছে, সেখানে সরকারি গাড়িগুলি ৬ বছর চলছে এই জিনিস কেন হচ্ছে, এটা কমিশন করে তদন্ত করে দেখা দরকার। যারা ডিপো-ইন-চার্জ আছে তাদেরকে সাজেশন দিলে তারা নেয়না, কিছু বললে শোনে না। সিভিল অ্যাভিয়েশন সম্বন্ধে জোরদার ব্যবস্থা করা দরকার বলে আমি

মনে করি, এই শিক্ষাটা হওয়া দরকার, চাকরি পাক বা না পাক। এর আগে রিপোর্টে বলা হয়েছে সেই রিপোর্ট খতিয়ে দেখা দরকার, এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

[3-05—3-15 p.m.]

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে পরিবহন মন্ত্রীমহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন ১৯৯৩-৯৪ সালের জন্য তার উপর আমি বলতে উঠে প্রথমেই তার ব্যয়-বরাদ্দের আমি বিরোধিতা করছি এবং আমাদের পক্ষের দেওয়া ছাঁটাই প্রস্তাবের সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। সময় যেহেতু সঙ্কীর্ণ সেইজন্য আপনার দেয় হিসাব-নিকাশের দিকে আমি যাব না। আপনাদের দপ্তর কতবড় জোচ্চোর, সেই জিনিস আমি একটা খবরের কাগজের একটা উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শুরু করছি। বর্তমান পত্রিকা, ১৩ই এপ্রিল, ১৯৯৩ সালের, সেখানে বলছে ১০ লক্ষ টাকা আর্থিক ক্ষতি হবে জেনেও দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা ডি.সি.এমের গাড়ি কিনল। সেখানে প্রতিদিন ১৬৪ টাকা করে লোকসান হবে এবং টাটা কোম্পানির গাড়ি কিনলে সেটা লোকসান হত না। এটা যদি হয় তাহলে আমাদের দেশের অবস্থাটা কোথায় আছে। ওনার ডিপার্টমেন্টের লোকেরা বলছে, যদি ডি.সি.এমের গাড়ি কেনা হয় তাহলে ডেইলি ১৬৪ টাকা করে লোকসান হবে। সেখানে টাটার গাড়ি কিনলে প্রচুর লাভ হত। তা জানা সত্ত্বেও লক্ষ লক্ষ টাকার অপচয় করা হল। আমার মনে হয় নিশ্চয় এর পেছনে কোনও গোপন-লেনদেন হয়েছে। আপনি দয়া করে এইগুলো দেখবেন। আপনি চক্ররেলের কথা বললেন, কিন্তু মেট্রো রেলের কথা বললেন না। সেন্ট্রাল গভর্নমেন্ট মেট্রো রেল এত সুন্দর করে করলেন তার প্রশংসার কথা আপনি বললেন না। যদি আপনার বক্তব্য ধরে এক এক করে সমস্ত বলতে পারতাম তাহলে ভাল করে বুঝিয়ে দিতে পারতাম যে কি অবস্থা চলছে। আপনার ডিপার্টমেন্টে আপনার কর্মচারিরা খুশিমতো চলে। আর খুশিমতো চলে বলেই গাড়ি ঠিকমতো চলে না। মন্ত্রীমহাশয় দয়া করে এইগুলো দেখবেন। সেখানে গাড়িগুলি পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য লোক আছে কিন্তু প্রতিটি গাড়িতে যেভাবে আবর্জনা থাকে তা দেখলে মনে হবে এই দেশটা কত অসভ্য দেশ। সুতরাং আপনি কর্মচারী বাড়ান সেখানে যদি তাদের দায়িত্ব না বাড়ান তাহলে আপনার এই পরিবহন সংস্থা কোনওমতেই ভালোভাবে চলতে পারে না। আমরা দেখি যখনই তাদের মাথা ধরে সঙ্গে সঙ্গে গাড়িরও মাথা ধরে যায়। একজন ড্রাইভারের হয়ত মাথা ধরল অমনি সঙ্গে সঙ্গে বলল যে গাড়িরও মাথা ধরেছে। আমার পূর্ববর্তী বক্তা একেবারে খাঁটি কথা বলেছেন যে ১০০/১৫০ প্যাসেঞ্জার বসে আছেন গাড়ি যাবে এই আশায় কিন্তু দেখা গেল গাড়ি আর চলল না সেখানে অলটারনেটিভ কোনও ব্যবস্থা না করেই অ্যানাউন্সমেন্ট হয়ে গেল যে গাড়ি আর যাবে না। অসহায় যাত্রিরা তখন কি করবেন সে কথা ভাবা হল না। সরকারি গাড়ি বাদে ব্যক্তিগত মালিকানাতে যে সমস্ত গাড়ি আছে তারা ওখান থেকে টাকা করে নতুন নতুন গাড়ি কিনছেন কিন্তু আপনার অধীনে যে পরিবহন সংস্থা আছে তাতে ভরতুকি দিতে দিতে

সরকার একেবারে শেষ হয়ে গেল। ভরতুকি দিতে দিতে আপনার এমনই অবস্থা যে আপনাকে, নিজেকে না আবার ভরতুকি দিতে হয়। এরপর আমি পরিবহন থেকে পরিবেশ দূষণের কথায় আসছি। আপনার অধীনে যে পরিবহন সংস্থা আছে তাদের গাড়িগুলি এতবেশি ঐ কালো ধোঁয়া ছাড়ে যে সে আর বলার কথা নয়। ব্যক্তিগত মালিকানায় যে সমস্ত গাড়ি আছে তাদের চেয়ে আপনার গাড়িতে বেশি ধোঁয়া ছাড়ে। হিসাব করলে দেখা যাবে কলকাতার বুকে যে সমস্ত গাড়ি চলে সেখানে ব্যক্তিগত মালিকানার গাড়ি অনেক বেশি হলেও ধোঁয়ার পরিমাণ আপনার গাড়ি থেকে ১২ আনা আসে। অথচ আপনি বলছেন যে গাড়ির মালিকদের আপনি ধরেছেন, মামলা করেছেন, এত টাকা জরিমানা ইত্যাদি ইত্যাদি। এই প্রসঙ্গে আপনাকে বলব, আপনি আগে নিজের ঘর সামলান। আপনি অন্য লোককে ধরে জরিমানা আদায় করছেন কিন্তু আপনি যার মন্ত্রী, সেই পরিবহন সংস্থার গাড়িগুলির ধোঁয়ার ব্যাপারে আপনি কি করছেন সেটা আমাদের বলুন। আপনি বলেছেন যে, এর থেকে অনেক টাকা আদায় করেছেন, মামলা করেছেন ইত্যাদি, আপনিই তো সবচেয়ে বেশি পরিবেশ দূষণ করছেন। পরিবেশ দূষণের জন্য আপনার আগে শাস্তি হওয়া উচিত। কাজেই আপনাকে বলব, আপনার সংস্থাগুলির গাড়ি থেকে পরিবেশ দূষণ যাতে না হয় সেটা আপনি দেখুন। টিকিটের ব্যাপারে যতক্ষণ পর্যন্ত না আপনি কম্পিউটার সিস্টেম চালু করতে পারছেন ততক্ষন পর্য্যন্ত আপনার কোটি কোটি টাকা লোকসান হতে থাকবে। আপনার কাছে কম্পিউটার সিস্টেম করার জন্য আমার সাজেশন থাকল। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

[3-15—3-25 p.m.]

**শ্রী তপন হোড় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয় তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। এখানে কংগ্রেসের পক্ষ থেকে কিছু অসার কথাবার্তা যা বলা হয়েছে তা আমি শুনলাম। স্যার, কংগ্রেস যে শ্রেণীস্বার্থে বিশ্বাস করে সেই শ্রেণী স্বার্থের কিছু কথাবার্তা আমরা তাদের কাছ থেকে শুনলাম। তাদের বাসের মালিকদের জন্য চোখের জল পড়ছে, মালিকদের যে শ্রেণী তাদের জন্য জল পড়ছে এবং সমস্ত বিষোদগার হচ্ছে এই শ্রমিক কর্মচারিদের উপর। এটার স্বাভাবিক, কারণ কংগ্রেস যা, তাই বলেছেন। কিন্তু আমরা জানি এই রকম একটা অদ্ভুত অর্থনৈতিক সঙ্কটের যে পরিস্থিতি, তার মধ্যে দাঁড়িয়ে পরিবহন মন্ত্রী তিনি চেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং একটা নিরলস চেষ্টার মধ্যে দিয়ে আজকে পরিবহন ব্যবস্থা উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ ভূতল পরিবহন, সমস্ত পরিবহন ব্যবস্থাকে একটা পর্যায়ে নিয়ে আসার চেষ্টা করেছেন। আমরা আশা করেছিলাম বিরোধী বন্ধুরা কিছু গঠনমূলক আলোচনা এখানে করবেন। কিন্তু পরিবহন পরিষেবায়, পশ্চিমবাংলার জনসেবা করার যে সুযোগ তা কংগ্রেস করবে না, তাদের শ্রেণী স্বার্থ তারা বজায় রাখবে। মন্ত্রীর সমস্যা অনেক আছে, আমাদের বিভিন্ন ডিপার্টমেন্ট যেগুলো আছে, কলকাতা স্টেট ট্রান্সপোর্ট, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট, তাদের যে বাজেট বরাদ্দ টাকা থাকে, সেই অনুসারে তারা টাকা পাননি। এবং তার থেকে অনেক কম টাকা তিনি পেয়েছেন এবং এই কম টাকা পাবার ফলে আমাদের যে আকাঙ্খিত

পরিষেবা বিভিন্ন পরিবহন ব্যবস্থায় আছে, সেটা করা সম্ভব হয়নি। কারণ প্রস্তাবিত যে বরাদ্দের টাকা সেই টাকা বিভিন্ন ডিপার্টমেন্টগুলো পাননি, এটা অস্বীকার করে কোন লাভ নেই। কিন্তু আমাদের কিছু ভাবতে হবে যে কি ভাবে এই রেভিনিউ বাড়াতে হবে। আমাদের যে বিভিন্ন সংস্থাগুলো রয়েছে তার মধ্যে থেকে কিছু কিছু রেভিনিউ বাড়ানো যেতে পারে। কিন্তু রেভিনিউ বাড়াতে গেলে আমাদের যে রেভিনিউ বিষয়ক সাব কমিটি, তার যে সুপারিশ আপনারা দেখেছেন, সেই সুপারিশগুলো আমি বিবেচনা করার জন্য পুনরায় এই সভাকে বলছি যে আন্তঃরাজ্য বাস সার্ভিসেস ব্যবস্থা করা হোক। কারণ আমরা উড়িষ্যায় দেখেছি, বিহারে দেখেছি, এমন কি অন্ধ্র প্রদেশে যখন গেছি সেখানে দেখেছি, আন্তঃরাজ্য বাস সার্ভিস চালু আছে। কারণ সেই সার্ভিসের মধ্যে দিয়ে লং ডিসট্যান্স রুটে আয় বেশি হয়। অন্যান্য রাজ্যে যখন চালু রয়েছে, আমাদের এখানে চালু করা যেতে পারে। তার মধ্যে থেকে কিছু রেভিনিউ আমরা বাড়াতে পারি। এবং আর্থিক লাভের বিভিন্ন রুটগুলোকে সুবিন্যস্ত করে মফঃস্বলের দিকের রুটগুলো এবং শহরের রুটগুলোকে সায়েন্টিফিক ভাবে পরিকল্পনা মাফিক করতে হবে এবং এর সঙ্গে সঙ্গে একটা কথা বলি, এর আগেও উঠেছে, আপনারা জানেন উত্তর বাংলার শিলিগুড়িতে কেন্দ্রীয় যে বাস টার্মিনাস হয়েছে, এটা শুধু উত্তর বাংলার গর্ব নয়, এটা সারা পশ্চিমবাংলার গর্ব, এত ভাল বাস টার্মিনাস কম আছে। আমরা অন্ধ্রপ্রদেশের সেকেন্দ্রাবাদে গিয়েছিলাম, সেখানে এই রকম একটা টার্মিনাস আছে। কলকাতায় অনুরূপ একটা বাস টার্মিনাস এর দরকার আছে। এই পরিষেবাকে আরও বেশি গ্রহণযোগ্য করার জন্য সেন্ট্রাল প্লেস যেখানে আছে। যেখান থেকে বিভিন্ন সংস্থার বাস চলাচল করে, সেখানে একটা কেন্দ্রীয় বাস টার্মিনাস করা যেতে পারে। রেভিনিউর ব্যাপারে একটা অপ্রিয় কথা আমাকে বলতে হচ্ছে। আমাদের বোলপুর থেকে শুরু করে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের সর্বত্র আমরা দেখছি, শুনছি এবং পরিবহন কর্মিদের আলোচনার মধ্যে থেকেও যেটা জানতে পারছি, সেটা হচ্ছে বিভিন্ন স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাস গুলিতে যে ভাবে চেকিং হওয়া দরকার সে ভাবে বোধ হয় হয় উঠছে না। গ্রামাঞ্চল থেকে শুরু করে সর্বত্র যে অভিযোগটা আমরা শুনে থাকি সেটা হচ্ছে, বহু জায়গায় বাসে এক সাথে ৪/৫ জন যখন ওঠে তখন ভাড়া ঠিকমতো তাদের কাছ থেকে আদায় করা হয় না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই বিষয়টাকে অন্য ভাবে নিয়ে কোন লাভ হবে না, বিষয়টার ওপর খুব ভাল ভাবে নজর দেওয়া দরকার। চেকিং ব্যবস্থার উন্নতির খুবই দরকার আছে। পরিশেষে আমি যে কথা বলতে চাই তা হচ্ছে নদী পরিবহন বা ভূতল পরিবহন কর্পোরেশন যাত্রি পরিবহনের যে বিভিন্ন রুটগুলি করেছে সেগুলির পুনর্বিন্যাসের এবং সুবিন্যস্ত করার দরকার আছে। কর্পোরেশন এবং হুগলি নদী পরিবহন সমবায় সমিতির বিভিন্ন সার্ভিস একই রুটে হয়ে যাওয়ার ফলে সমবায় সমিতির আর্নিং কমে যাবার সম্ভাবনা দেখা দিয়েছে এবং কর্পোরেশনও সঠিক লাভের মুখ দেখতে পাচ্ছে না। সুতরাং উভয়ের এরিয়া ভাগ করে দেওয়া দরকার এবং উভয়ের যাতে লাভ হতে পারে সেদিকে লক্ষ্য রেখে রুটগুলির বিন্যাস করা দরকার। সব শেষে আমি মন্ত্রী মহাশয়কে একটি অনুরোধ করছি, মফঃস্বল শহরের ছাত্রছাত্রি এবং নিত্য যাত্রিদের রাষ্ট্রীয় পরিবহনের বাসে তিনি মান্থলি

কনসেসন দেবার ব্যবস্থা করুন। এই ক'টি কথা বলে মন্ত্রী মহাশয়ের পেশ করা ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী তাঁর দপ্তরের ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছেন তার ওপর মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার আনীত কাট্ মোশনকে সমর্থন করে ব্যায়-বরাদ্দের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতির বিভিন্ন ক্ষেত্রে উল্লেখ করেছেন যে, অর্থের অপ্রতুলতার জন্য যে ভাবে কাজ করা দরকার সে ভাবে তিনি কাজ করতে পারছেন না। তা সত্ত্বেও তিনি বলেছেন যে, বেশ কিছু নতুন বাস রুট তিনি চালু করার চেষ্টা করেছেন, বেশ কিছু নতুন বাস কিনেছেন এবং আরো নতুন বাসের অর্ডার দিয়েছেন এবং তিনি বিভিন্ন জায়গায় ওভারব্রিজ তৈরি করেছেন। অথচ আমরা দেখছি ১৯৯২-৯৩ সালে কলকাতা, উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গ পরিবহন সংস্থার জন্য বার্ষিক যে পরিমাণ অর্থ বরাদ্দ ছিল তার অতি নগণ্য অংশ টাকা তিনি পেয়েছেন। আমরা জানি পরিবহন দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর এবং রাজ্যের পরিবহন সংক্রান্ত ব্যাপারে রাজ্যের সাধারণ মানুষদের গুরুতর অভিযোগ আছে। বিশেষ করে সরকারি পরিবহন ব্যবস্থা সম্পর্কে। সে নদী পরিবহনই হোক, আর উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থাই হোক বা দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থাই হোক, প্রতিটির বিরুদ্ধেই মানুষের অভিযোগ আছে। আমরা দেখছি দিনের পর দিন বাসের ভাড়া বৃদ্ধি করা হচ্ছে, বাসের সংখ্যা কমে যাচ্ছে, যাত্রিদের সুযোগ সুবিধা হ্রাস পাচ্ছে। অথচ রাষ্ট্রীয় পরিবহনে সরকারের যে লোকসান বহন করতে হচ্ছে তার পরিমাণ নিতান্ত কম নয়। ১৯৯২-৯৩ সালের আর্থিক বছরে এই সংস্থায় ৭১ কোটি টাকার লোকসান হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় এই লোকসানের কারণ সঠিক ভাবে ব্যাখ্যা করতে পারেন নি। আমরা কিন্তু জানি এই লোকসানের অন্যতম প্রধান কারণ হচ্ছে, এই সংস্থায় প্রকৃত কাজের তুলনায় কর্মচারির সংখ্যা অনেক বেশি।

[3-25—3-35 p.m.]

আপনার যেখানে বাস পিছু ৮ জন কর্মচারী রাখার কথা সেই জায়গায় ১৪ জন কর্মচারিকে নিযুক্ত করেছেন। আবার যে সমস্ত পুরাতন বাসগুলি চলছিল সেগুলি খুব তাড়াতাড়ি খারাপ হয়ে যাচ্ছে। সেগুলিকে কনডেম করে ফেলে রাখছেন। আবার রক্ষণাবেক্ষণ করার জন্য যে লোক আছে সেখানেও তারা ওভারটাইম খাটছেন। এইভাবে আপনার টাকা বেশি ব্যয় হচ্ছে এবং লোকসান হয়ে যাচ্ছে। এই লোকসানটাকে আপনি ভরতুকি দিয়ে চালাবার চেষ্টা করছেন এবং ভাড়া বৃদ্ধি করে আয় বাড়াবার চেষ্টা করছেন। আমরা দেখতে পাচ্ছি, সেই তুলনায় বাসের সংখ্যা দ্রুত কমে যাচ্ছে। আপনি পরিবহন বাসের সংখ্যা বাড়াতে ব্যর্থ হয়েছেন। কলকাতায় স্পেশ্যাল বাসের সংখ্যা আপনি বাড়িয়েছেন এবং তারজন্য ভাড়া বৃদ্ধি করেছেন। সাধারণ মানুষ এই স্পেশ্যাল বাসের যা ভাড়া সেই ভাড়ায় যেতে পারে না। রাত্রিবেলায় দেখা যায় সরকারি বাসের সংখ্যা অত্যন্ত কম এবং যেখানে বাস্ প্রতি শিফটে তিন ট্রিপ করে চলবার কথা তা আপনারা চালাতে পারছেন না। এই অব্যবস্থার

ফলে বছরের পর বছর লোকসান হচ্ছে এবং কোটি-কোটি টাকার লোকসান হচ্ছে। তাই আমি বলছি, এই লোকসান এড়াবার জন্য আপনি কী ব্যবস্থা নিয়েছেন? এই অব্যবস্থা দূর করবার জন্য যে পজিটিভ ব্যবস্থাগুলি আপনি নিয়েছেন তা এই সভায় আপনি উল্লেখ করুন, আমরা আস্বস্ত হবো। এই অব্যবস্থা যদি আপনি দূর করতে পারেন তাহলে লোকসানের মাত্রা কমে এবং বাসের আয় বৃদ্ধি পায় এবং অনেক কম ভুরতুকি দিতে হয়। কিন্তু সেই ব্যবস্থা আপনি নিতে পারেননি। অপরদিকে নানারকম দুর্নীতি হচ্ছে। এই ব্যাপারে মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন। আপনার যে দূরপাল্লার বাসগুলি যায় সেই দূরপাল্লার বাসের ক্ষেত্রে অনেক সময় দেখা যায়, যাত্রিদের কাছ থেকে নির্ধারিত যে ভাড়া সেই নির্ধারিত ভাড়া বাসের কর্মচারিরা আদায় করে না, অন্যভাবে টাকা নিয়ে বিনা-টিকিটে তাদের নিয়ে যাচ্ছে। এইরকম ঘটনা ঘটছে। এগুলি বন্ধ করবার জন্য আপনি কোনও পদক্ষেপ নেননি। আপনি জানেন, এইভাবেই লোকসান বেড়ে চলেছে। আর একটি কথা উল্লেখ করতে চাই, আপনি বোম্বেতে একটা গেস্ট-হাউস ভাড়া নিয়েছেন যার বার্ষিক ভাড়া হচ্ছে ১ লক্ষ ৮০ হাজার টাকা। যাদের ট্রেনিং দিতে হয় তাদের থাকবার জন্য আপনি নিয়েছেন। কিন্তু আমি বলতে চাই, পুনেতে এই ট্রেনিং সেন্টার আছে। সেখানে যদি ট্রেনিং নেয় তাহলে ঐ পুনের কাছেই ঘর ভাড়ার একটা ব্যবস্থা করতে পারতেন। বোম্বে হচ্ছে বিলাসবহুল জায়গা। এখানে বার্ষিক ১ লক্ষ ৮০ হাজার টাকা ভাড়া না দিয়ে আরো কম টাকায় পুনেতে আপনি ঘর বা ফ্লাট পেতে পারতেন। আমি শুনেছি, বোম্বের ঐ ফ্ল্যাটটি অভিনেতা উৎপল দত্তের। সুতরাং স্বজন-পোষণই বলুন আর যাই বলুন এই ব্যয় সঙ্কোচ যদি করতে পারতেন তাহলে লোকসানের হাত থেকে কিছুটা বাঁচতে পারতেন এবং সংস্থাগুলিকে রক্ষা করতে পারতেন। আরও দেখতে পাচ্ছি, পরিচালক বডির মতামত উপেক্ষা করে আপনি ২২৫টি এস.বি.এস.টি.সির জন্য ডি.সি.এম (টোয়েটো) কোম্পানির কাছ থেকে যে বাস কিনেছেন। এই যে প্রশ্নগুলি আসছে তারজন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা আপনার কাছ থেকে জানতে চাইছি। এছাড়া রাস্তার অবস্থা খুবই খারাপ। তারপর দূষণের কথা উঠেছে। সরকারি বাস প্রচন্ড ধোঁয়া এবং শব্দ করে যায়। অন্য বেসরকারি বাসের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের আগে আপনি সরকারি সংস্থায় এই যে অব্যবস্থাগুলি আছে এগুলি আগে দূর করুন তাহলে দূষণ ঠেকানো যাবে।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধী দলের অসার এবং অযৌক্তিক ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। আমি বিরোধী দলের বন্ধুদের বক্তব্য শুনছিলাম। একজন পিচের রাস্তায় মাছ চাষের কথা বললেন, আর একজন নাকি এতবড় বইটাতে উন্নয়ন এবং সুযোগ সুবিধার বিষয়ে কিছুই খুঁজে পেলেন না। কিন্তু বইটাতে এসব পরিষ্কারভাবে দেওয়া রয়েছে, কিন্তু ওরা এতই ব্যস্ত যে, বইটা পড়ে দেখবারও সুযোগ পাননি। আমি প্রথমেই বলছি, আজকে ট্যাক্সি ড্রাইভারদের দৌরাত্ম কমাবার জন্য একটা সেল তৈরি করা হয়েছে। গাড়ির নাম্বার দিয়ে নির্দিষ্ট অভিযোগ জানালে ঐ সেল সেই ট্যাক্সি ড্রাইভারের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবে। ওরা বললেন, উন্নয়নের কোনও

ঘটনাই নাকি ওরা খুঁজে পেলেন না। [illegible]জকে [illegible] যে সোলা[illegible]টিয়াম ফান্ড [illegible]কল্প, এর কথা কংগ্রেস রাজত্বে ভেবেছেন কোনওদিন? এইসব [illegible]ন্তাধারা কো[illegible]ন ছিল [illegible]দের। আমার সাবজেক্ট কমিটির মেম্বার শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় বলেছেন যে, ওদের আমলে নাকি বেশি বাস চলত। আসলে নিচে হাত দেননি, পরে দিয়েছেন হাত। বিষয়টা হচ্ছে, এখন তিন তিনটি বাসের কর্পোরেশন রয়েছে এবং তাতে সব মিলিয়ে ৩,০০০ বাস চলে। ওরা ইকোনোমিক রিভিউ পড়েননি। তাতে পরিষ্কার রয়েছে যে, নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ৯০ ভাগ বাস প্রতিদিন চলে, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ৭৭ ভাগ বাস প্রতিদিন চলে, সাউথবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ৭২ ভাগ বাস প্রতিদিন চলে। এই বইটা খুলে একবার দেখবেন পড়ে। ওরা উন্নয়নের কিছুই দেখতে পেলেন না। আজকে আন্তঃরাজ্য বাস চালাবার জন্য সিকিমের সঙ্গে চুক্তি করা হয়েছে, বিহার সরকারের সঙ্গে চুক্তি করা হয়েছে এবং এখান থেকে প্রতিদিন গৌহাটিতে বাস যাচ্ছে। আজকে দূষণ নিয়ন্ত্রণ করবার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। ওদের আমলে একটাও উড়াল পুল হয়েছিল? আজকে উড়াল পুল করবার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দেরিতে হলেও সেটা হবে। এখানে ৫টি উড়ালপুলের ব্যবস্থা করা হচ্ছে। আজকে বিদেশি সহযোগিতায় ৪টি পথ সংযোগ পুলের পরিকল্পনা ইতিমধ্যে কাগজপত্রসহ কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হয়েছে। যাতে যাত্রিরা হয়রান না হন, কোনওরকম কারচুপি যাতে না ঘটে তারজন্য কাউন্টারে কম্প্যুটার বসিয়ে টিকিট দেবার ব্যবস্থা করা হয়েছে। সেক্ষেত্রে যন্ত্র খারাপ হতেই পারে, কিন্তু সেক্ষেত্রে সারাই এর ব্যবস্থা রাখা হয়েছে। যাতে দুর্নীতি না হয়, যাতে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের নজর থাকে কোন স্টোরে কি জিনিস আছে, কোনও ড্রাইভার এবং কনডাকটরের মাধ্যমে একটি রুটে কত সেল হল, এই সমস্ত বিষয়ে সমস্ত তথ্য সংগ্রহ করবার জন্য আজকে মেশিন বসানো হয়েছে এবং সেটা সমস্ত ডিপোতেও বসানো হবে। আজকে গাড়ি ধুয়ে পরিষ্কার পরিচ্ছন্ন রাখবার জন্য ডিপোতে মেশিন বসানো হয়েছে। কংগ্রেস রাজত্বে শুধু কলকাতা ভিত্তিক ছিল। আর আজকে আমরা সারা পশ্চিমবাংলা নিয়ে ভাবছি।

[3-35—3-45 p.m.]

আজকে প্রত্যেকটি জেলাতে স্টেট ট্রান্সপোর্ট যাচ্ছে। এদিকে সুন্দরবন থেকে আরম্ভ করে ওদিকে কুচবিহার, মেদিনীপুর, মালদহ, পশ্চিমদিনাজপুর, পাঁচপোতা, করিমপুর, হাঁসনাবাদ, বসিরহাট সমস্ত জায়গায় আজকে স্টেট বাস যাচ্ছে। এইসব উন্নয়ন আপনাদের চোখে পড়ল না। আমি অবাক হয়ে যাচ্ছি যে আপনারা উন্নয়ন হয়েছে এগুলি দেখলেন না। আজকে সাউথ বেঙ্গল পরপর দুই বছর দুটো পুরস্কার নিয়ে এসেছে। এই এস.আর.টি.ইউ. ট্রফি পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে দুইবার জয়লাভ করে নিয়ে এসেছেন। আজকে টায়ার কনজাম্পশনের ব্যাপারেও অনেক উন্নতি হয়েছে। আগে সাউথ বেঙ্গলে পার বাসে ১২ জন কর্মচারী ছিল, আজকে সেখানে ৫.৭ যেতে আমরা নামিয়ে এনেছি কোনও কর্মচারী ছাঁটাই না করে। রাস্তায় বাস নামিয়ে এই উন্নয়ন করা সম্ভব হয়েছে। আগে এক লিটার তেলে ৩ কিলোমিটার যেত। আজকে কর্মিদের ট্রেনিং দিয়ে সংস্থাকে বাঁচানোর জন্য এক লিটার তেলে ৩।। কিলোমিটার চলছে। আজকে কর্মচারিরা এই ট্রান্সপোর্টকে ভালবেসে

জনসাধারণকে কিভাবে আরো ভাল ভাবে সার্ভিস দেওয়া যায় সে জন্য মেরামত ইত্যাদি ব্যাপারে এগিয়ে এসেছেন নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের কর্মচারিরা। আজকে প্রয়োজন বোধে তাদের বেতন থেকে টাকা দিয়ে বাস মেরামত করে রাস্তায় নামাচ্ছে। এই সব জিনিস আপনারা দেখতে পান না। এই প্রসঙ্গে আর একটা কথা বলি। আপনারা ট্রান্সপোর্ট নিয়ে চিৎকার-চেঁচামেচি করছেন। আপনারা নিশ্চয়ই শুনেছেন যে একটা ট্রাম কিনতে প্রায় ৬৫ লক্ষ টাকার প্রয়োজন এবং এক কিলো মিটার ট্রামের লাইন বসাতে প্রায় এক কোটি টাকার প্রয়োজন। আজকে হাওড়া ব্রিজে যে অবস্থা হয়েছে সেটা মেরামতের কথা এসেছে। আজকে কিছু কিছু জায়গায় ট্রাম কমে গেলেও তার বদলে ৪০টি বাস নামানো হয়েছে এবং মাত্র ৩ মাসে ১০ লক্ষ টাকা প্রফিট করা সম্ভব হয়েছে। আমাদের নুতন যে বিদ্যাসাগর সেতু হয়েছে সেখান থেকে ইতিমধ্যে ১ কোটি টাকার উপরে লরি, বাস ইত্যাদির কাছ থেকে রেভিনিউ সংগ্রহ করা সম্ভবপর হয়েছে। আমরা সারা পশ্চিমবাংলায় আরো বাস ছাড়ার চেষ্টা করছি। আমাদের আর্থিক সঙ্কট আছে। আপনারা এখানে লস লস বলে চিৎকার করছেন। আপনাদের তীর্থভূমি দিল্লিতে ২ শত ২ কোটি টাকা ট্রান্সপোর্টে লস করেছে। আপনারা সেকথা বলছেন না। আর এখানে চিৎকার করছেন যে আমরা লস করছি। আমরা লস কমিয়ে আনার চেষ্টা করছি। আপনারা ভিক্ষা করে দেশকে চালাচ্ছেন। দেশকে বিদেশের হাতে বিক্রয় করে দিয়েছেন। সেই জায়গায় রাজ্য সরকার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে কিভাবে পরিবহন ব্যবস্থার প্রসার ঘটানো যায় সেই চেষ্টা করছে। এই কথা বলে এই বাজেটকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তা সমর্থন করছি না, আমাদের দলের তরফ থেকে যে কাট মোশন আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি না। স্যার, আমি এই কথা মনে করি না যে উনি কিছুই করেন নি। শুধু মাত্র মন্ত্রী বলে ওনার বিরোধিতা করব, ওনার কিছু দুর্নাম করব এই কথা আমি বলার জন্য উঠিনি। আমি এই কথা মনে করি না যে আমরা এখানে ভোট করে আপনার বাজেট ফেল করিয়ে দিতে পারব। কিন্তু বিরোধী দল হিসাবে আমরা গভীর ভাবে যা দেখেছি আমাদের কর্তব্য হল সেটা বলা। কিন্তু ওনাদের বক্তব্য হল আমাদের কর্তব্য হল পক্ষে বলতে হবে। আমরা কিন্তু এটা মনে করছি না যে অপোজিশন বলে আপোজ করতে হবে। আমরা এই কথা মনে করি গঠনমূলক সমালোচনার ক্ষেত্রে বিরোধী দলের একটা ভুমিকা আছে। উত্তরবঙ্গের ক্ষেত্রে আমি কয়েকটি কথা উল্লেখ করব। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের ব্যাপারে উনি কয়েকটি যে পদক্ষেপ নিয়েছেন তার প্রশংসা করা যায়। যেখানে একটা গাড়ি রাখবার ব্যবস্থা করেছেন, সেটা খুব সুন্দর এবং আধুনিক হয়েছে। উত্তরবঙ্গে বিরাট অংশের কর্মী ছাঁটাই হয়ে যেত যদি না উনি প্রচুর পরিমাণে বাস না নামাতে পারতেন। এই ব্যাপারে ওনার প্রশংসা করি। এই সব করার পরেও উত্তরবঙ্গে উনি একটা নুতন ভাবে খারাপ কাজ করেছেন। সেখানকার প্রতিটি কর্মচারিদের কাছ থেকে ১০ পারসেন্ট থেকে ১৫ পারসেন্ট মাইনের মূল টাকা থেকে কেটে নিতে চাইছেন। এটা কোন দেশে নেই। এটা ভলেনটারি নয় প্রায় কমপালসারি বলা যায়। যারা এটা দেবে না

বলছে তাদের বিরুদ্ধে শাস্তি মূলকব্যবস্থা নিচ্ছেন, প্রমোশন বন্ধ করে দিচ্ছেন। উনি নিজে ট্রেড ইউনিয়ান করেন, পৃথিবীর কোনও দেশে আছে কর্মচারিদের হার্ড আর্ন মানি কেটে নিয়ে বাস চালাতে পারে? বাস ভরতুকি ছাড়া চলে না, সারা পৃথিবীর ৬০ পারসেন্ট দেশে বলা যায় ট্রান্সপোর্ট ভরতুকি দিয়ে চলে। আমরা মানি সেটা। কিন্তু উনি কি করছেন? এক দিকে যেমন ১০ পারসেন্ট কেটে নিচ্ছেন অপর দিকে বাস কমিয়ে আবার ছাঁটাই শুরু করেছেন। আগেরবার যে প্রশংসা করেছিলেন নর্থ বেঙ্গল সম্পর্কে আজকে এই বাজেটে সেই অংশ বলতে পারছি না। তার কারণ উনি ছাঁটাই-এর দিকে আস্তে আস্তে যাচ্ছেন। আমি আশা করব উনি এই ১০ পারসেন্ট কাটা বন্ধ করবেন। এটা একেবারে বেআইনি হয়ে যাচ্ছে। আপনি তার ইন্টারেস্টের টাকা দেবেন বলছেন। আপনি যে এই ১০ পারসেন্ট টাকা কাটছেন এর ট্রাস্টি হলেন আপনি। ভারতবর্ষের অন্যান্য জায়গায় যেখানে সব চেয়ে বেশি সুদ আছে সেই সুদ আপনার দেওয়ার কথা। কিন্তু আপনি সুদ দিচ্ছেন সেটা হল সর্বনিম্ন সুদ। এটা শ্রমিকদের উপর গর্হিত কাজ হচ্ছে, অন্যায় কাজ হচ্ছে। সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট নিয়ে চলতে চাই। আমি দায়িত্ব নিয়ে বলছি এখানে একটা সি.বি.আই এনকুয়ারি হোক, এখানে যে চুরি হচ্ছে যে দুর্নীতি হচ্ছে, যে স্বজন-পোষণ হচ্ছে, যে দলবাজি হচ্ছে তাতে সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট উঠে যেতে বাধ্য হবে। কি রকম করেছেন দেখুন। এখানে একজন বক্তা বললেন যে আমরা নাকি দেশ বিক্রি করে দিচ্ছি, অমুক জায়গা থেকে ধার নিচ্ছি, তমুক জায়গা থেকে ধার নিচ্ছি ইত্যাদি। আপনি কি জানেন অর্থ দপ্তর পিয়ারলেসের কাছ থেকে ধার নিয়েছে, আবার শ্যামলবাবুর দপ্তর ১২ কোটি টাকা ঋন নিতে চলেছে পেয়ারলেসের কাছ থেকে। এতক্ষণে হয়ত ধার নেওয়া হয়ে গেছে। এমন ভাবে পিয়ারলেসের কাছ থেকে ধার নেওয়া হচ্ছে, পিয়ারলেস এমন ভাবে অক্টোপাসের মতো বেঁধে ফেলছে যাতে একদিন হয়তো সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টকে পিয়ারলেসকে দিয়ে দিতে হবে। যে টাকা তারা ব্যবস্থা করছে তার জন্য যে টাকা জমা আছে, ৩০০ কোটি টাকার মতো রিজার্ভ ব্যাঙ্কে জমা আছে, যে ভাবে টাকা এখানে নয়ছয় হচ্ছে সেখানে সাউথ বেঙ্গলের জন্য ১২ কোটি টাকা ধার নিয়ে

[3-45—3-55 p.m.]

নিচ্ছেন। আমাকে বলুন আপনি আমাকে বলবেন কেন তিনি করেছেন? আমি এখানে বারেবারে ১,২,৩নং করে বলছি। আমি এখন খুব সংক্ষেপে বলছি। আমি কেন বলছি? স্টেট ট্রান্সপোর্টকে সি.বি.আই.কে দিয়ে এনকোয়ারি করা হোক। আমি শুধু একটা চ্যালেঞ্জ চাইছি, সি.বি.আই.কে দিয়ে তদন্ত করানো হোক। আমি যদি মিথ্যা বলে প্রমাণিত হই তাহলে আমি দশ বছরের কারাদন্ড ভোগ করতে রাজি আছি, আর তা নাহলে উনি পদত্যাগ করে চলে যাবেন এই চ্যালেঞ্জ উনি অ্যাকসেপ্ট করুন। বিনা প্ররোচনায় উৎপল দত্তের ফ্লাট, আটশো স্কোয়ার ফিট, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট বোম্বেতে পনের হাজার টাকা মাসিক ভাড়ার বিনিময়ে নিয়ে নিলেন। কে উৎপল দত্ত তা আপনারা সবাই জানেন। জুহুতে স্টেট ট্রান্সপোর্টের একটা বাড়ি নেবার কোনও দরকার আছে পনের হাজার টাকা মান্থলি ভাড়া নেওয়ার? আমি

সেজন্য তদন্ত চাইছি। পরিকল্পনার বাইরে ১৫০টি টি.ডি.সি.র প্রয়োজনে বাস কেনা হয়েছে। শুধু তাই নয়, বিনা টেন্ডারে কয়েকটি বাস কেনা হয়েছে। এটা বেআইনি, মন্ত্রী মহাশয় নিজেও জানেন। যারজন্য আমি সি.বি.আই.কে দিয়ে এনকোয়ারি চাইছি। ৫নং কি বলছি, না কোনও বাস রেজিস্ট্রেশনের এক বছর পরও ইনসিওরেন্স করানো হয়নি। ৬নং হচ্ছে, ইনসিওরেন্স ছাড়াই গত বছরের মে মাস থেকে ৪৯টি বাস সাউথ বেঙ্গলের স্টেট ট্রান্সপোর্ট চালাচ্ছে। তাছাড়া, কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি ছাড়া দলীয় লোকদের নিয়ে পরিচালনা বোর্ডের মধ্যে কেন্দ্রীয় প্রতিনিধিত্ব থাকবে। কিন্তু সেখানে কোনও প্রতিনিধি নেননি। স্যার, আপনি অবাক হয়ে যাবেন, সমস্ত লোক নেওয়া হয়েছে সম্পূর্ণ সরকারি আদেশ অগ্রাহ্য করে। সরকারি আদেশ ছিল ৪০১(৭৫) এম.পি., ডেটেড ৯.১২.৯১ যেটা আদেশ দেওয়া হয়েছিল, তাকে অগ্রাহ্য করে লোক নেওয়া হয়েছে। কে নিলেন, কাদের নিলেন, না, চেয়ারম্যানের পি.এ. সমেত পার্টি কর্মীরা সাধারণ চাকুরি থেকে আরম্ভ করে অফিসার পদে চাকুরি পেল। মুখ্যমন্ত্রীর আপ্ত সহায়ক, মন্ত্রী অশোক ভট্টাচার্য'র সুপারিশ, মন্ত্রী গৌতম দেবের সুপারিশ, ননী কর'এর সুপারিশ, মেয়র স্বদেশ চক্রবর্তী'র সুপারিশে চেয়ারম্যানের সুপারিশে এম.ডি., ট্রাফিক ম্যানেজার ইত্যাদি পদে লোক নিয়োগ করা হয়েছে। কোনও কোনও জায়গায়, আমি দায়িত্ব নিয়ে বলছি, ওঁর দূর সম্পর্কের আত্মীয়, ব্রজেশ্বরবাবুকে ম্যানেজিং ডিরেক্টর করে নিয়ে এসেছেন। এই অভিযোগ উনি খন্ডন করুন, আমি দশ বছর জেল খাটব। আর তা না হলে উনি পদত্যাগ করবেন। চেয়ারম্যান, যিনি ওঁর আত্মীয়, তিনি সব সময় দুটো অ্যাম্বাসেডর গাড়ি ভাড়ার বিনিময়ে ব্যবহার করেন। তিনি দু'বছরের মধ্যে সল্টলেকে বিলাসবহুল বাড়ি তৈরি করেছেন। এর কোন তদন্ত হবে না? আমি তো স্পেসিফিক বলছি, সরকার এর তদন্ত করবে না। তদন্ত হলে তো সব ধরা পড়বে। দিস ইজ অল অন রেকর্ড। সি.পি.এম.এর যে কোন কর্মসূচিতে লক্ষাধিক টাকার বিজ্ঞাপন দিয়েছেন। এমনকি গণশক্তি ছাড়াও সাধারণ সুভেনিরে পর্যন্ত বিজ্ঞাপন দিয়েছেন। এল.সি. পরিচালিত একটা কেন্দ্র, যেখানে সামান্য অ আ ক খ শেখানো হয়, সেই কর্মসূচির জন্য পর্যন্ত বিজ্ঞাপন দিয়েছেন। ১০নং হচ্ছে, পরিবহন মন্ত্রীর চেম্বারে এই সংস্থার টাকায় প্রতিদিন হাজার হাজার টাকার ফুল সরবরাহ করা হয়েছে। ৩৪০টি নতুন বাস কেনা হয়েছে। কিন্তু ২৮০টির বেশি বাস কোনওদিন রাস্তায় নামে না। কেন আজকে এই ২৮০টি বাস রাস্তায় এসে ঠেকেছে এর জবাব আপনাকে দিতে হবে। দক্ষিণবঙ্গের দুর্নীতির কথা আমি বারেবারে বলেছি। সেখানে যে ৮৫০টি বাস কেনা হল তাতে তো ৩টি বাস ফ্রি পাওয়া গেছে সেই ৩টি বাস আজ অবধি কোথাও দেখা যায় না। সেগুলোর কি হল সেটা আপনাদের জানাতে হবে। এরপরে কলকাতার পরিবহন সংস্থা সম্বন্ধে দুএকটি কথা বলি। আমাদের লজ্জা লাগে যখন রাস্তায় গিয়ে দেখি ভদ্রমহিলারা বাস থেকে নামছেন, তখন তাদের শাড়ির আঁচলের অর্দ্ধেক ভেতরে ঢুকে যায় আর অর্দ্ধেক নিয়ে বেরোন এবং ঠিক দ্রৌপদির বস্ত্র হরণের মতো অবস্থা দেখে মনে হয়। এতে আমাদের লজ্জা করে এবং সমাজের লজ্জা আর আপনাদের লজ্জা করে না? এতে তো জাতির লজ্জা। এই অপমান আমাদের অপমানিত করে এবং প্রতিদিন এই জিনিস দেখছি। তারপরে পরিবেশ দূষণ রোধের যে ১৪টি নিয়ম আছে সেটি পূরণের ক্ষমতা তো আপনাদের নেই। লক্ষ্য করে দেখবেন একটি সরকারি বাস গেলে তার পেছনে

যে এমিশন হচ্ছে সেটা বন্ধ করার কোনও ব্যবস্থা আপনাদের নেই। আপনি কলকাতার স্টেট পরিবহনের ক্ষেত্রে যে মাথাভারী প্রশাসন করেছেন তার কোনও দরকার ছিল না। তাতে একজন ম্যানেজার, একজন জেনারেল ম্যানেজার, ম্যানেজিং ডাইরেক্টরেট, ডাইরেকটরেট অফ ট্রান্সপোর্ট অপারেশন ইত্যাদি অনেকগুলো পোস্ট করে রেখে দিয়েছেন। তারসঙ্গে আবার স্পেশাল সেক্রেটারি পদ করে রেখেছেন। এই স্পেশাল সেক্রেটারি পদটি করার কি দরকার ছিল? তারপরে আপনি পেনশনে স্কিম করেছেন কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে এই পেনশন স্কিমে এতোদিনে ১৩০জনের বেশি কেউ পেনশন পান নি। তারপরে ট্রাম কোম্পানি এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়, আপনি ট্রাম তুলে দেবেন স্থির করেছেন। এমনিতেই তো ট্রাম গুলো মেনটেনেন্স ঠিকমতো হয় না, প্রায় অ্যাকসিডেন্ট করে এবং ডি-রেল হয়ে যাচ্ছে। এইসব কারনে ট্রাম তুলে দিয়ে সেখানে আপনি বাস দিয়েছেন এবং আরো বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু এই ট্রাম কোম্পানির যে ১৩৪ একর জমি পড়ে রয়েছে সেগুলোও বিক্রি করার জন্য আপনি প্রোমোটার নির্দিষ্ট করে ফেলেছেন। ট্রাম কোম্পানির জমিগুলো যদি এইভাবে প্রোমোটারদের হাতে দিয়ে দেন তাহলে জেনে রাখবেন কলকাতার বুকে রক্ত গঙ্গা বইবে। এবং এর থেকে আপনি রক্ষা পাবেন না।

(এমন সময়ে মাইক বন্ধ হয়ে যায়।)

**শ্রী রঞ্জিতকুমার পাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনিত কাট মোশনের বিরোধিতা করছি। বিরোধীদের এর বিরোধিতা করার পেছনে কোনও যুক্তিপূর্ণ তথ্য পরিবেশন করতে পারেন নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, বেসরকারি পরিবহন ব্যবস্থা যেগুলো রয়েছে সেগুলো এমন অবস্থায় যাচ্ছে যে সরকারি নিয়ন্ত্রণ ব্যবস্থা ভেঙ্গে যাবে। বিভিন্ন রুটে বাস চলছে তার যে কোনও সময়ে এবং কোন দিকে যাবে তার কোন নিয়ম নীতি নেই। তাঁরা নিজেরা ইচ্ছেমতো, সময়মত গাড়ি চালান, এরফলে বহু জায়গায় জটিলাবস্থার সৃষ্টি হচ্ছে। সুতরাং মাননীয় মন্ত্রীকে এই সমস্যার দিকটা ভাবতে হবে।

[3-55—4-05 p.m.]

আমাদের মেদিনীপুর জেলার পঞ্চায়েত সমিতির সভাপতি তিনি তো মাননীয় মন্ত্রীর কাছে অভিযোগ পাঠিয়েছিলেন কিন্তু আজও তার সমস্যার সমাধান হয়নি। হাওড়ার সোলপাট্টা রুটে হাওড়া থেকে যে বাসের যাওয়ার কথা সেই বাস কোনদিন এগরা থেকে চলে যাচ্ছে, কোন দিকে যাবে, কখন যাবে তার কোনও নিয়ন্ত্রণ নেই, এই ব্যাপারে আমাদের পঞ্চায়েত সমিতির সভাপতি তিনি মাননীয় মন্ত্রীর দপ্তরে দৃষ্টি আকর্ষণ করেছিলেন কিন্তু কোনও পরিবর্তন হয়নি। আজকে এই সমস্ত রুটে যে সমস্ত সরকারি গাড়িগুলির চলার কথা [illegible] দেখা যাচ্ছে গাড়িগুলি চলছে না, একটা অব্যবস্থা সৃষ্টি হচ্ছে। কোন অদৃশ্য কারণে এই জিনিস ঘটছে, সেটা আমরা জানিনা। দিঘা হাওড়া ভায়া এগরা ভগবানপুর রুটে যে

বাস চলত সেটাও বন্ধ হয়ে গেছে। এটা একান্ত প্রয়োজন। আমাদের বামফ্রন্ট সরকার আসার পর থেকে বিভিন্ন জেলার সঙ্গে রাজধানীর যাতে যোগাযোগ থাকে এবং জেলার সঙ্গে যাতে ব্লকের সংযোগ থাকে তার একটা চেষ্টা অনেক দিন থেকেই চলছে, কিন্তু সেখানে যে সমস্ত বেসরকারি বাসগুলি চলে সেইগুলি অনিয়মিত, তাই সেখানে সরকারি বাস চালাবার প্রয়োজনীয়তা আছে। কারণ স্কুলে কলেজে ছাত্রছাত্রীরা ঠিকমতো সময়ে পৌঁছাতে পারেনা, সারা অধ্যাপনার সঙ্গে যুক্ত তারাও সময়মতো পৌঁছাতে পারে না। আমাদের মেদিনীপুর জেলার উড়িষ্যার সোনাখালি থেকে হাওড়ার সোলপাট্টা ও সোলপাট্টা থেকে কলকাতা এই রুটে উড়িষ্যার সঙ্গে সংযোগ রক্ষা করার জন্য সরকারি বাস চালাবার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি। ট্রামের ক্ষেত্রে দেখা যাচ্ছে ট্রাম ক্রমশ কমে যাচ্ছে, এই ক্ষেত্রে বহু যুক্তি দেখানো হয়েছে। আমি মনে করি ট্রাম পরিবেশ দূষণকে মুক্ত করে শুধু তাই নয় ট্রাম অনেক বেশি সংখ্যক যাত্রি নিয়ে যেতে পারে, সেইজন্য বলছি অলটারনেটিভ ব্যবস্থা না করে ট্রামের সংখ্যা কমিয়ে দেওয়া ঠিক হবে না। ট্রামের সংখ্যা অনুযায়ী আয়ের হিসাব করলে দেখা যাবে, ১.৭.৯১ তারিখ পর্যন্ত বিভিন্ন রুটে ট্রাম চলত ২৬৪ টি, এতে আয় হয়েছে ৩,৪১,৬১০ অ্যাভারেজ আয় হচ্ছে ১৩২৪। ৩০.৬.৯৩ তারিখ অবধি ট্রাম চলেছে ১২৬ খানা, ইনকাম হয়েছে ১,৯৫,৭৯৪ ; অ্যাভারেজ আয় হয়েছে ১৫৫৪, ঐ দিন যদি ২৬৪ খানা ট্রাম চলত তাহলে আয় অনেক বেশি হতে পারত। ট্রামের কর্মচারিদের ব্যাপারে মাননীয় কর্মচারিদের ব্যাপারে মাননীয় মন্ত্রী আশ্বস্ত করেছিলেন যে ট্রামের কর্মচারিদের জন্য কোথাও সরানো হবে না। .................

**(এই সময় লাল বাতি জ্বলে ওঠে এবং মাইক বন্ধ হয়ে যায়)**

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, প্রথমেই মাননীয় সদস্য শোভনদেব বাবুর উদ্দেশ্যে বলি, উনি এখন এখানে নেই, চলে গেছেন, তার এই সমালোচনা গ্রহণ করছি। আমার বুদ্ধি খুবই সীমিত, আমি তার মতো উর্বর মস্তিস্কের লোক নই, এই কথা স্বীকার করতে আমার বিন্দুমাত্র দ্বিধা নেই। আর রাজনীতির দৃষ্টিভঙ্গি থেকে আমরা চলেছি উনি অভিযোগ করেছেন, আমরা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে পরিবহন দপ্তর চালাচ্ছি, আমি বলছি আমরা ভন্ড নই। আমরা যা বলি তা গোপন করতে ঘৃণা বোধ করি। রাজনৈতিক উদ্দেশ্য নিয়েই আমরা সরকার গঠন করেছি এবং রাজনৈতিক উদ্দেশ্য নিয়েই আমরা সরকার পরিচালনা করছি, আমি তার ব্যাখ্যার মধ্যে যাচ্ছি না। আমরা এমন ভন্ড নই যে আমরা বলব আমরা সন্ন্যাসির মতো দেশ চালাচ্ছি। বা আমি বলব না আমি একটা পাখির মতো আকাশে উড়ে যাচ্ছি। আকাশে চিল, শকুন অনেক কিছু আছে আমরা তাদের মতো নই। একটা বিশেষ কথা বলে দিতে চাই, যেটা প্রধান গুরুত্ব বিষয় হওয়া উচিত তা হচ্ছে আপনাদের পরিকল্পনা কি, আপনাদের কোনও নীতি আছে কি না। আমি বলছি হ্যাঁ, আমাদের নীতি আছে। আপনারা যে নীতি নিয়ে চালিয়েছেন আমাদের সেই নীতি নেই। ১৬ বছর আমরা যেভাবে চালিয়েছি, তাতে আমরা একটা নীতি নিয়ে চলেছি। আমাদের নীতি হচ্ছে কলকাতা ভিত্তিক পরিবহন নয়, সমস্ত পশ্চিমবাংলায় আমরা পরিবহন ব্যবস্থাটাকে

ছড়িয়ে দেব। শোভনদেব বাবু, তিনি সাবজেক্ট কমিটির সদস্য, তিনি যেন একবার সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জেলা শহরগুলিতে ঘুরে আসেন। প্রত্যেক জেলাতেই ডিপোর জন্য জমি সংগ্রহ করা হয়েছে এবং সেখানে নির্মাণ কার্য শুরু হয়েছে। বাস আমরা বাড়িয়েছি, তার সঙ্গে সঙ্গে আনুসঙ্গিক পরিকাঠামো দরকার, সেইগুলো আমরা ক্রমশই করে চলেছি। একজন মাননীয় সদস্য ট্রান্সপোর্ট অ্যামিনিটিস সম্বন্ধে বলেছেন। পশ্চিমবাংলায় এইগুলি ছিল না শিলিগুড়িতে আমরা এটা করেছি। প্রতি ১০০ থেকে ১৫৮ কিলোমিটার অন্তর আমরা এটা করেছি। ইতিমধ্যে ওয়ার্ক অর্ডার, টেন্ডার দেওয়া হয়েছে। মাঝখানে আর্থিক অসুবিধার জন্য আমাদের কাজের গতিবেগ একটু ব্যহত হয়েছিল, এখন সেটা আমরা কাটিয়ে উঠেছি, আমার বাজেট ঘোষণার মধ্যে কোনও হতাশার সুর নেই, হতাশার কাছে আমরা পরাজিত হতে চাই না, হতাশাকে আমরা অতিক্রম করতে চাই। আমরা যে গতিবেগে কাজ শুরু করতে চেয়েছিলাম, আর্থিক অসুবিধার জন্য সেই গতিবেগ ব্যহত হয়েছিল। আমরা নতুন করে আবার কাজ শুরু করতে চাই। আমরা ঠিক করেছি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট আরও ৩০০টা বাস আমরা নামাব। এই বাসগুলো স্পেশাল বাস হবেনা, একজিকিউটিভ বাস হবেনা, সব অর্ডিনারি বাস হবে। এগুলো সব এক দরজা বাস হবে এবং একজন করে কন্ডাকটার থাকবে। ট্রাম কোম্পানির আরও ২০০টা বাস আমরা আগামি বছরের মধ্যে নামাব, জলপথে আমরা লঞ্চ নামাব, সারফেস ট্রান্সপোর্টের বাস আমরা নামাব। শোভনদেব বাবু সি.এস.টি.সি-র দূরপাল্লার বাস ২৩০টা চলে, সেই হিসাবটা বোধহয় উনি বাদ দিয়েছেন বা ওনাকে যিনি ব্রিফ করেছেন তিনি বুঝে উঠতে পারেননি। কলকাতা শহরে ৪০০ থেকে ৫০০টা সরকারি বাস চলাচল করছে। এর মধ্যে সাউথ বেঙ্গলের ১৫০টা বাস আছে। আমাদের পরিকল্পনা আছে এটাকে আরও বৈজ্ঞানিক করবার জন্য। আর সি.এম.ডি.এ কলকাতাকে মেগাসিটি করবার চেষ্টা করছে, তার সঙ্গে সঙ্গতি রেখে যাবতীয় কাজ আমরা করছি এবং একটা পরিকল্পনা আমরা নিয়েছি। জায়কার সাথে আমরা কথাবার্তা বলছি। জায়কা যে রিপোর্ট তৈরি করছে তার জন্য আমাদের এক পয়সাও খরচা হয়নি, তারা নিজেরাই খরচা করছে। এখন সমস্ত ব্যাপারটাই নির্ভর করছে কেন্দ্রীয় সরকারের উপর। কেন্দ্রীয় সরকারকে আমরা বলেছি। কেন্দ্রীয় সরকারের মাধ্যমেই এটা প্রোপোজ করা হয়েছে। কলকাতার একটা টোটাল রিপোর্ট সি.এম.ডি-কে দিয়ে আমরা করছি, তারপর জাপানের সঙ্গে ফাইনাল হবে। আমরা তো একটা অঙ্গ রাজ্য আমরা তো এসব ফাইনাল

[4-05—4-15 p.m.]

করতে পারিনা, কেন্দ্রীয় সরকারের মাধ্যমে জায়কার সঙ্গে ফাইনাল হবে। আর এখানে সুব্রতবাবু ফুলটুলের কথা বলেছেন। জাপানিরা দু-একবার এসেছিল, তখন ফুল এসেছিল। কমিউনিস্টরাতো সৌন্দর্যের বিরোধী নয় যে ফুলটুল ভালো বাসবে না। আমার বাড়িতে যদি কোনওদিন ফুল গিয়ে পৌঁছায় আপনাকে সেদিন পাঠিয়ে দেব। আমার বাড়িতে কোনওদিন যায়নি। এখানে আমরা রোড ট্যাক্স বাড়িয়েছি। এই প্রসঙ্গে আমি বলে দিতে চাই যে আমরা কিন্তু যাত্রিবাহি এবং পণ্যবাহি গাড়ির উপর রোড ট্যাক্স বাড়াইনি যারা গাড়ির

মালিক তাদের উপর সাধারণভাবে আমরা চাপিয়েছি। ম্যান বাস রেশিও আমাদের খুবই কমছে। আর যে অভিযোগটা সুব্রতবাবু করলেন ঐ নর্থ বেঙ্গলের কর্মীরা যেটা দিচ্ছেন, তারা ম্যানেজমেন্টের সঙ্গে আলোচনা করেছেন, করে অপশন ফরম দিয়েছেন ৮০ পারসেন্ট দিয়েছেন। সুব্রতবাবু যে ইউনিয়ানের সভাপতি তিনি আই.এন.টি.ইউ.সি'র সভাপতি, তাদের একজনও দেয় নি। তারজন্য একজনের বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়নি। শাস্তিমূলক ব্যবস্থা নর্থবেঙ্গলে অবলম্বন করা হয় তখনই যখন দেখা যায় কেউ টাকা চুরি করেছে। এখন টাকা চুরি করে যদি সুব্রতবাবুদের কাছে আশ্রয় নেয় তাহলে তার দায়িত্ব আমরা নিতে পারব না। ১৫ পারসেন্ট, এটা আমরা নিয়েছি। এটা অপশন দেওয়া হয়েছে এবং এটাও আমরা দু মাসের মধ্যে ফেরত দেব। এটা ইউনিয়ানের সম্মেলন করে সেখানে সিদ্ধান্ত করে তারা এটা বলেছেন। এটা একটা নতুন ধরনের দৃষ্টান্ত। তারপর যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, আমি অবাক হয়ে যাচ্ছি, সুব্রতবাবু আই.এন.টি.ইউ.সি'র সভাপতি, তিনি সারা ভারতবর্ষের জন্য বর্তমানে যে শিল্প নীতি নেওয়া হয়েছে তার তিনি বিরুদ্ধে। তিনি আমাদের সঙ্গে এরজন্য রাস্তাঘাটে আন্দোলন করেন। তার সঙ্গে একটা পরিষ্কার পার্থক্য আছে শোভনদেব বাবুদের। শোভনদেব বাবুরা হচ্ছেন উগ্রভাবে ঐ শিল্পনীতির পক্ষে। এইজন্যই তারা ১লা জুলাই কমিটি, না কি সব করেছেন বেঙ্গল লাইন, হাবড়া লা এইসব লাইন পাতছেন। এটা অবশ্য তাদের ব্যাপার। কিন্তু আমি অবাক হয়ে গেলাম যে সুব্রতবাবু একবারও বললেন না যে তিনি কেন্দ্রীয় সরকারের এই নীতির বিরুদ্ধে। সেখানে রাষ্ট্রকৃত যে প্রতিষ্ঠানগুলি আছে তাকে তুলে দেওয়ার বিরুদ্ধে। তিনি এসব কথা বিধানসভাতে একবারও বললেন না। শোভনদেববাবুরা অনেক সমালোচনা করলেন কারণ তারা ঐ শিল্প নীতি, অর্থনীতির সমর্থক। কেন্দ্রীয় সরকারের ঐ শিল্পনীতির, অর্থনীতির প্রধান কথা কি? প্রধান কথা হল, রাষ্ট্রীয় সেক্টার তুলে দাও। সেখানে যোজনা পর্ষদ কি গাইড লাইন দিয়েছেন আমাদের কাছে? তারা বলেছিলেন, স্টেট বাস বাড়াবে না, প্রাইভেট বাস আরো বেশি করে করো। এটা যোজনা পর্ষদ বলছেন। আজকে যিনি মন্ত্রী তিনিই আবার যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান। তারা এসব কথা বলছেন। তারপর গতবারও বলেছিলাম, এবারও বলছি, নতুন যে আইন প্রণয়ন করা হচ্ছে তা আমাদের কাছে এসেছে মতামতের জন্য। আমরা তাতে আপত্তি করেছি। আমাদের কি বলা হয়েছে এই স্টেট বাস সংক্রান্ত ব্যাপারে বলা হয়েছে, ভরতুকি দিও না। বলা হচ্ছে, ৩ পারসেন্ট লাভ দেখাতে হবে। তার মানে তো ভাড়া ডবল করে দেওয়া। আমরা বলেছি, আমরা কেন্দ্রীয় সরকারের কথা শুনব না। আমরা বলেছি সুব্রতবাবু, শোভনদেব বাবুদের দাবির কাছে আমরা মাথা নত করব না। পশ্চিমবাংলার সাধারণ মানুষদের জন্য প্রয়োজন হলে ভরতুকি দিয়ে আমরা বাস চালাবো। তারপর দেখলাম সুব্রতবাবু অনেক পরিশ্রম করেছেন। কিন্তু আমার কথা হ'ল তিনি পরিশ্রমটা আর একটু বেশি করলে ভাল করতেন এবং সেটাই করা তার উচিত ছিল। প্রথম কথা হ'ল, সুব্রতবাবু চ্যালেঞ্জ দিয়েছেন ১০ বছর সশ্রম কারাদন্ডের। যদি ওর অভিযোগটা ভুল প্রমাণিত হয় তাহলে এই ১০ বছর সশ্রম কারাদন্ডটা কি করে নেবেন আমি বুঝতে পারছি না। চ্যালেঞ্জ যদি করতেই হয় তাহলে এমন কিছু একটা বলুন যেটা কাজে প্রয়োগ করা যায়। কি বলছেন? ডি.সি.এম. টয়োটা সম্পর্কে বলেছেন। প্রথম কথা বলেছেন যে বোর্ডের

কোনও সিদ্ধান্ত হয়নি। আমি বলছি, এটা একেবারেই ভুল। আমার ঘরে যাবেন, আমি দেখিয়ে দেব বোর্ডের সিদ্ধান্ত। তারপর বলছেন যে কোনও স্তরেই সিদ্ধান্ত হয়নি। আমি বলছি, ২০ পারসেন্ট মার্জিন ম্যানি আমাদের অর্থ দপ্তর থেকে দেওয়া হয়েছে। স্যাংশন না হলে কি করে দেওয়া হয়? উনি বলছেন, ৪টি বাসের কোনও হদিস নেই। থাকবে কি করে হদিস? ১৫০ টা বাস কেনা হয়েছে। একটা বাস ওরা ডেলিভারি দেন নি। রাস্তায় সেটা অ্যাক্সিডেন্ট হয়েছে। আমরা ১৪৯ টি বাস রিসিভ করেছি এবং আমরা টাকা দিচ্ছি ১৪৯ টি বাসের। পরবর্তীকালে কথা হয়েছিল যে দুটি বাস ওরা দেবেন কিন্তু সেটা ফ্রিতে নয়। ফ্রিতে কি কেউ দেয়? এ কি বাজারের আলু নাকি যে ফ্রিতে দেবে? আমরা পরে দাম দেব, হায়ার পারচেস সিস্টেমে কেনা। আপনি টেন্ডার সম্পর্কে বলেছেন। আপনি একজন ট্রেড ইউনিয়ন নেতা, অল ইন্ডিয়ার লিডার, আপনি স্টেট বাসের সঙ্গে জড়িত, আপনি জানেন না কি করে বাস কেনা হয়? আপনাকে বুঝিয়ে দিলে আপনার কেডাররা, আপনিও এখানে এসে বলে দিলেন? টেন্ডার হয় শুনে রাখুন টেন্ডার করে কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা। আমরা যে অশোক লেল্যান্ড বাস কিনি, ভারতবর্ষের কোনও স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন টেন্ডার করে না। আমরা টাটার যে বাস কিনি, ভারতবর্ষের কোনও স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন টেন্ডার করে না। দিল্লির কেন্দ্রীয় সরকারের একটা সংস্থা, তারা চেসিস এর দাম ঠিক করে দেয়, ভারতবর্ষের রাষ্ট্রীয় পরিবহন সংস্থা সেই নির্ধারিত দামে সেই বাস কেনে। আমি নামটা বলছি, এটা হচ্ছে ডি.এস. অ্যান্ড ডি., পুরো নামটা পরে বলে দেব। নামটা বলছি ডিরেকটার জেনারেল অব সাপ্লাই অ্যান্ড ডিসপোজ্যাল, এটা দিল্লির সংস্থা, তারা ঠিক করে দেয়। কাজেই যদি কেউ কিক ব্যাক নেন, কমিশন খেয়ে থাকেন, তাহলে তার শেয়ার তারা পেয়েছে, আমরা পাইনি। এর পর হচ্ছে ডি.সি.এম. টয়োটা কেনা সম্পর্কে কিছু বলা হয়েছে। এই সম্পর্কে টেকনিক্যাল কমিটির রিপোর্ট রয়েছে। তাতে বলা হয়েছে এই বাসটা সবচেয়ে বেশি কার্যকর। কারন এটা সবচেয়ে বেশি ফুয়েল এফিসিয়েন্ট, অশোক লেল্যান্ড এবং টাটার চেয়েও। তার সমস্ত দাম এবং তার কার্যকারিতা সম্পর্কে টেকনিক্যাল এক্সপার্টরা বোর্ডে বলেছে এবং সেই সিদ্ধান্ত অনুযায়ী কেনা হয়েছে। আপনি আমার ঘরে এসে টেকনিক্যাল কমিটির রিপোর্টটা দেখে যাবেন। আবার সুব্রত মুখার্জি বলেছেন প্রতিনিধি চান। কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি চান, কেন চান? উনি বলেছেন পাঁচ নং ধারায় আছে। আমি বলছি, হ্যাঁ, পাঁচ নং ধারায় আছে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি চাই। প্রতিনিধি কখন নিতে হবে, যদি কেন্দ্রীয় সরকার ক্যাপিটাল কন্ট্রিবিউশন স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে দেন তাহলে কেন্দ্রের প্রতিনিধি নিতে হবে। তারা একটা পয়সাও ছোঁয়ালেন না, তাদের হাতে পায়ে ধরে বলতে হবে আমাদের কমিটিতে আসুন? আমরা নেব না, নেব না। ভাত দেবার কেউ নয়, কিল মারার গোঁসাই? চেয়ারম্যানের পি.এ. সম্পর্কে বলা হয়েছে, সেটা কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন একটা সংস্থা থেকে ডেপুটেশনে এসেছে। তার যোগ্যতা অনুযায়ী তাকে দেওয়া হয়েছে। তিনি খুব ভাল কাজ করেন। বিজ্ঞাপনের ব্যাপারে কথা উঠেছে, কোল ইন্ডিয়াও বিজ্ঞাপন দিচ্ছে, সবাই দিচ্ছে। নাম বলেছেন ব্রজেশ্বর বন্দ্যোপাধ্যায়, তিনি নাকি আমার আত্মীয়। তাহলে সব বন্দ্যোপাধ্যায়, সব ভট্টাচার্য, সব

গোস্বামি আমার আত্মীয়। সুব্রত মুখার্জি আমার আত্মীয়। সুদীপ বন্দ্যোপাধ্যায়, শোভনদেব চট্টোপাধ্যায় আমার আত্মীয়। সারা বসুন্ধরাই আমার কুটুম্ব, সকলেই আমার আত্মীয়।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** শ্যামল বাবু আলোচনার সময় শেষ হয়ে এসেছে। সেই জন্য আমি আলোচনার সময় আরও ১৫ মিনিট বাড়িয়ে দিলাম।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এই বলছেন ডি.সি.এম. টয়োটা সম্পর্কে, এটা কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশন, তারা কিন্তু ডি.সি.এম. টয়োটা বাস কেনার প্রশংসা করে গেছেন, আমার কাছে তা লিখিত ভাবে আছে। পশ্চিমবাংলার একটা রাষ্ট্রায়ত্ত স্টেট সেক্টার যেটা করা হয়েছে, এটা একটা নোবেল আইডিয়া বলে তারা ঘোষণা করেছেন।

4-15—4-25 p.m.]

তাঁরা যা বলেছেন সে সম্পর্কে আমার কাছে লিখিত ডকুমেন্ট আছে। আর সুব্রতবাবুকে আমি কি বলব! উনি না রাজনীতিবিদ, না অর্থনীতিবিদ, উনি যে কি তা আমি জানি না! উনি ভাড়ার কথা বলছেন। দিল্লিতে রেডলাইট বাসের কি অবস্থা? দিল্লির রেড লাইট বাস এখন আন্তর্জাতিক বিতর্কের বিষয় হয়ে গেছে। দিল্লিতে রেড লাইট বাস দেখলে লোকে ভয় পায়। তার ভাড়ার রেট'ও বেশি, তার অ্যাক্সিডেন্টের রেট'ও বেশি। তারপর এখানে ট্রাম নিয়ে কথা উঠেছে।

**(এই সময় শ্রী সুব্রত মুখার্জি উঠে দাঁড়িয়ে কিছু বলার চেষ্টা করেন।)**

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এই ভদ্রলোক না জানেন অঙ্ক, না জানেন তথ্য, না জানেন পরিসংখ্যান কিছুই জানেন না। ট্রামের মোট জমি আছে ১০০ বিঘা। আমরা এবিষয়ে আপনাদের চেয়ে অনেক বেশি সতর্ক। আমাদের প্রধান বিচার্য বিষয় হচ্ছে ট্রামের শ্রমিক কর্মচারিদের রক্ষা করা। আমরা ট্রামের জমি বিক্রি করতে দেব না, ট্রামের জমি বিক্রি হবে না। যা হবে, তা হচ্ছে, ঐ জমির ওপরে চারতলা, পাঁচতলা, ছ-তলা যা দিয়ে আমরা ট্রামের কর্মচারিদের বাঁচাতে পারব। আমরা আপনাদের মতো নই শ্রমিক কর্মচারিদের চোখের জল ফেলিয়ে, তাদের ঘাড়ধরে কোম্পানি থেকে বের করে দিতে পারব না। সে জন্যই এই ব্যবস্থা করছি। এখানে পরিশেষে আমি আর একটা কথা বলছি, সেটা হচ্ছে পরিবেশ দূষণ সম্পর্কে। পরিবেশ দূষণ নিয়ে আমরা খুবই উদ্বিগ্ন। কলকাতা শহরের পরিবেশ দূষণ রোধ করার জন্য আমরা একটা সার্বিক পরিকল্পনা গ্রহণ করতে চলেছি। আমাদের যে পরিবেশ দপ্তর আছে, সেই দপ্তর সে চেষ্টা করছে। ভারতবর্ষের বড় বড় শহরগুলিতে যেভাবে পরিবেশ দূষিত হচ্ছে দিল্লি, বোম্বাই, মাদ্রাজ এবং তারপর কলকাতা তা নিয়ে কেন্দ্রীয় পরিবেশ বিশেষজ্ঞরা অত্যন্ত উদ্বিগ্ন। সুতরাং একটা সামগ্রিক পরিকল্পনা রূপায়ণ করতেই হবে। এর মধ্যে শিল্প, বিদ্যুত, পরিবহন এবং অন্যান্য ব্যবস্থাও আছে। সমস্তগুলিকে নিয়ে এই কাজ করতে হবে। কলকাতা শহরে আমাদের সরকারি বাস চলে সব মিলিয়ে ২০০০। কিন্তু কলকাতা শহরে সমস্ত মিলিয়ে মোট গাড়ি চলে ৫ লক্ষ। তাহলে কি শুধু এই ২০০০

বাসকেই আমরা দায়ী করব, আর ৪ লক্ষ ৯৮ হাজার গাড়িকে ছেড়ে দেবে? এটা হতে পারে না। সমস্ত কিছু নিয়েই আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। শুধু আমাদের ত্রিতল বাসই ধোঁয়া ছাড়ে না। হ্যাঁ, এই বাসগুলো কিছুটা বেশি ধোঁয়া ছাড়ে। এই কারণে আজকে মহারাষ্ট্রে দ্বিতল বাস তুলে দিচ্ছে। আমাদের কয়েকটি ত্রিতল বাস আছে, সেগুলো অবশ্যই বেশি ধোঁয়া ছাড়ে, আমরা সেগুলো আসতে আসতে বন্ধ করে দেব। বাকি সমস্ত বাসেরই যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ সঠিকভাবে করতে হবে এবং সম্পূর্ণ আধুনিকিকরণের ব্যবস্থা করতে হবে। তবে এর জন্য আমাদের কিছুটা সময় লাগবে। কিন্তু এটা মনে রাখতে হবে সরকারি বাস হচ্ছে মাত্র ২০০০, আর বাকি ৪ লক্ষ ৯৮ হাজার অন্য গাড়ি পরিবেশকে দূষিত করছে। সুতরাং সার্বিকভাবে পরিবেশ দূষণের ওপর আমাদের জোর দিতে হবে। সেই কাজ আমরা করব এবং কলকাতা শহরের দূষণের পরিমাণ অবশ্যই খানিকটা নামিয়ে আনব। এই কথা বলে যে কাট মোশন এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 12**

The motion of Shri Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that sum of Rs. 3,54,58,000 be granted for expenditure under Demand No.12, Major Head: "2041-Taxes on Vehicles" was then put and agreed to.

**Demand No. 77**

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 87,02,000 be granted for expenditure under Demand No.77, Major Head : "3051 Ports and Lighthouses". (This is inclusive of a total sum of Rs. 29,00,000 already voted on account in March, 1993) was then put and agreed to.

**Demand No. 78**

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 51,50,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053 Civil Aviation". (This is inclusive of a total sum of Rs. 18,00,000 already voted on account in March, 1993.) was then put and agreed to.

**Demand No. 80**

**Mr. Deputy Speaker :** Now, I put to vote all the cut motions except no. 3 on which I understand division will be demanded.

The motions (Cut motion nos. 1,2 and 4) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion (Cut motion no. 3) that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and a Division was taken with the following results :

**NOES**

Abdul Haque, Shri

Abu Ayes Mondal, Shri

Abul Hasnat Khan, Shri

Adhikari, Shri Nityananda

Adhikari, Shri Paresh Chandra

Bal, Shri Saktiprasad

Basu, Shri Nihar Kumar

Basu, Shri Subhas

Barman, Shri Debendra Nath,

Bera, Shri Bishnupada

Bera, Shrimati Chhaya

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Chittaranjan

Bouri, Shri Angad

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shri Shyamal

Chatterjee, Shri Dhirendra Nath

Chattopadhyay, Sri Santasri

Chatterjee, Shri Tarun

Chowdhury, Shri Benoy Krishna

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendra Narayan

Das, Shri Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Paresh Nath

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmi Kanta

Gayen, Shri Nripen

Goala, Shri Rajdeo

Ghosh, Shrimati Chhaya

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shrimati Minati

Hazra, Shri Haran

Hore, Shri Tapan

Jamadar, Shri Badal

Joardar, Shri Dinesh

Kisku, Shri Lakshi Ram

Kisku, Shri Upendra

Koley, Shri Barindra Nath

Konar, Shrimati Maharani

Mahato, Shri Satya Ranjan

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Manik Chandra

Md. Ansaruddin, Shri

Minj, Shri Prakash

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Nirmal

Murmu, Shri Debnath

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Nazmul Haque, Shri

Pakhira, Shri Ratan Chandra

Pathak, Shri Patit Paban

Patra, Shri Amiya

Patra, Shri Ranjit

Phodikar, Shri Probhas Chandra

Pradhan, Shri Prasanta

Pramanik, Shri Sudhir

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Subhash Chandra

Ray, Shri Tapan

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhiren

Sen Gupta, Shri Dipak

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sk. Nazmul Haque, Shri

Soren, Shri Subhas

Touab Ali, Shri

**AYES**

Abedin, Dr. Zainal

Banerjee, Shri Prabir

Bandyopadhayay, Shri Sudip

Bhowmik, Shri Manik

Chattopadhyay, Shri Shobhan Deb

Das, Shri Sanjib Kumar

De, Shri Ajoy

Gyan Singh Sohanpal, Shri

Maity, Shri Mukul Bikash

Mukherjee, Shri Subrata

Nasiruddin Khan, Shri

Poddar, Shri Deokinandan

Roy, Shri Saugata

The Ayes being 13 and the Noes 82, the motion was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 1,00,82,14,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055-Road Transport, 3056-Inland Water Transport, 5056-Capital Outlay on Road Transport, 5056-Capital Outlay

on Inland Water Transport and 7056-Loans for Road Transport", (This is inclusive of a total sum of Rs. 33,62,00,000 already voted on account in March, 1993), was then put and agreed to.

### Demand No. 81

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 55,63,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075-Loans for other Transport Services". (This is inclusive of a total sum of Rs. 18,55,00,000 already voted on account in March, 1993), was then put and agreed to.

### DISCUSSION ON DEMAND NO. 38

**The Budget Speech of the Shri Budhadeb Bhattacharjee on Demand No 38 was taken as read.**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালে ৩৮ নং দাবির অধীন "২২২০-তথ্য ও প্রচার", "৪২২০-তথ্য ও প্রচারের মূলধনী বিনিয়োগ" এবং "৬২২০-তথ্য ও প্রচারের জন্য ঋণ" মুখ্যখাতে সর্বমোট ১৬,১৮,৪৭,০০০ টাকা (ষোল কোটি আঠার লক্ষ সাতচল্লিশ হাজার টাকা) মঞ্জুর করা হোক। [ইতিপূর্বে ভোট অন অ্যাকাউন্টে প্রস্তাবিত ৫,৪১,০০,০০০ টাকা (পাঁচ কোটি একচল্লিশ লক্ষ টাকা) এর মধ্যে ধরা আছে।]

আজ সারা ভারতব্যাপি অর্থনৈতিক-রাজনৈতিক-সামাজিক অনিশ্চয়তা এবং মৌলবাদি অভিযানের পরিপ্রেক্ষিতে এই সরকারের অস্তিত্বের গুরুত্ব আরো বেড়েছে। এই সরকারের সাফল্য-এর সমস্যা এবং দুর্বলতা সবকিছু নিয়েই আমরা জনগণের সামনে দাঁড়াতে চাই। আমাদের সরকার সাধারণ মানুষের কাছে বস্তুভিত্তিক তথ্য পরিবেশনায় দায়বদ্ধ।

মানুষের আস্থা, বিশ্বাস, সমালোচনাকে মূলধন করে আমরা এগোতে চাই। সেই লক্ষ্যকে সামনে রেখেই তথ্য ও সংস্কৃতি বিভাগের সমস্ত কাজকর্ম পরিচালিত।

**তথ্য শাখা**

আমরা বিগত বছরগুলিতে বারবার আকাশবানী ও দূরদর্শনে প্রসার ভারতী বিল কার্যকর করার দাবি জানিয়ে এসেছি। আমরা মনে করি স্বায়ত্তশাসনের দৃষ্টিভঙ্গি সঠিক। প্রসার ভারতী বিল কার্যকর করার বিষয়ে কেন্দ্রীয় সরকার অকারণ দীর্ঘসূত্রিতা করছেন বলে মনে করি।

আকাশবানী ও দূরদর্শনে কেন্দ্রীয় সরকার একতরফাভাবে প্রোগ্রাম অ্যাডভাইসারি কমিটি গঠন করেন। ইচ্ছানুযায়ী পরিবর্তন করেন। রাজ্য সরকারের মতামত নেবার পর্যন্ত প্রয়োজন

অনুভব করেন না। রাজ্য সরকার পুনরায় জানাচ্ছেন এই জাতীয় কমিটির সঙ্গে কোনওরকম সহযোগিতা রাজ্য সরকার করবেন না। এছাড়া এই গুরুত্বপূর্ণ গণমাধ্যমের মধ্য দিয়ে বামফ্রন্ট সরকারের বিরোধিতার অপচেষ্টাকে আমরা প্রকাশ্যে বিরোধিতা করে যাব। আকাশবানী ও দূরদর্শনে বর্তমানে যে অবস্থা চলেছে তা কোনও প্রকারেই বাঞ্ছনীয় নয়। আমাদের দাবি এখনই প্রসার ভারতী আইনের মধ্যেই রাজ্য স্তরে কমিটি গঠন করা হোক এবং সেই কমিটির হাতে আইনগত অধিকার দেওয়া হোক। কমিটির মতামতের উপর কর্তৃপক্ষকে দায়বদ্ধ থাকতে হবে।

দেশের সামগ্রিক আর্থসামাজিক পরিস্থিতি বিবেচনা করে আকাশবানী বা দূরদর্শনের উপর থেকে সমস্ত সরকারি নিয়ন্ত্রণ তুলে দেবার কথা আমরা বলতে পারিনা, আবার এই গণমাধ্যমগুলিকে সামগ্রিকভাবে বেসরকারি প্রতিষ্ঠানের হাতে তুলে দিতেও আমরা রাজি নই। কিন্তু পরীক্ষামূলকভাবে কয়েক ঘন্টার জন্য বেসরকারিকরণের প্রস্তাবে সম্মতি জানাতে প্রস্তুত আছি। অবশ্য প্রসারভারতী বিল কার্যকর করাটিকে কেন্দ্রীয় সরকারের অগ্রাধিকার দেওয়া উচিত।

বামফ্রন্ট সরকার জন্মলগ্ন থেকেই বৃহৎ সংবাদপত্রের একাংশের বিরোধিতার সন্মুখীন। এই বিরোধিতা রাজনৈতিক মতাদর্শের কারণেই। এ রাজ্যের মানুষ একটি বামপন্থি সরকারকে দীর্ঘ দেড় দশক ধরে শাসন ক্ষমতায় রেখেছেন তা তারা চান না। এই সরকারের অস্তিত্ব দাঁড়িয়ে রয়েছে সাধারণ মানুষের সমর্থনের ভিত্তিতে। গণতান্ত্রিক ব্যবস্থায় সমস্ত সংবাদপত্রের কাছে সরকার আশা করে সত্য সংবাদ পরিবেশনা ও আন্তরিক সমালোচনা। কিন্তু মিথ্যা সংবাদ ও কুৎসার বিরুদ্ধে প্রতিবাদ আমরা আগেও করেছি, এখনো করব। আমি সমস্ত সাংবাদিক-আলোকচিত্রি বন্ধুদের কাছে আবেদন জানাব, আজকের এই বাস্তবতা অনুধাবন করুন। আসুন, গণতন্ত্রের রীতিনীতি আমরা সকলেই মেনে চলি। বিশেষত জাতীয় জীবনে আজকের এই সংকটজনক মুহূর্তে।

গ্রামীণ সাংবাদিকদের প্রশিক্ষন দেওয়ার ব্যাপারে কলকাতা গণমাধ্যম কেন্দ্রের একটি বিশেষ ভূমিকা আছে। এ বছরও একটু দেরিতে হলেও প্রশিক্ষণ শিবির চালু করা সম্ভব হয়েছে। গত বাজেটে প্রস্তাবিত সাংবাদিকতার অন্যতম পথিকৃৎ "হরিশচন্দ্র মুখোপাধ্যায় স্মৃতি বক্তৃতা" যথাসময়ে আয়োজিত হয়েছিল। এ ছাড়া কয়েকটি গ্রন্থ রচনার প্রস্তাব বিবেচনা পর্যায়ে। অতীতের খ্যাতনামা কয়েকজন সাংবাদিকের জীবন এবং ইতিহাস নিয়ে একটি পুস্তক প্রকাশের অপেক্ষায়। এছাড়া উন্নয়নমূলক সাংবাদিকতা এবং সাম্প্রদায়িক সম্প্রীতিকে সুদৃঢ় করার জন্য গণমাধ্যম কেন্দ্র মারফৎ কয়েকটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে। গণমাধ্যম কেন্দ্রের পুস্তকাগারটির জনপ্রিয়তা বৃদ্ধির দিকে।

এই শাখার বিভিন্ন উদ্যোগগুলি যাতে সময় মত সাধারণ মানুষের কাছে পৌঁছয় সে সম্পর্কে যথোচিত নির্দেশ দেওয়া হয়েছে। পঞ্চায়েত বিভাগের সহযোগিতা এই উদ্যোগকে সহজতর এবং সফল করেছে। জেলা এবং মহকুমাস্তরে গ্রামীণ তথ্য শাখার তথ্য সম্প্রসারণ

বিষয়ে বিকেন্দ্রীকরণের কাজটিকে আরও ব্যাপক করা যায় কিনা সে সম্পর্কে বিহার বিবেচনা চলছে। দেশের বর্তমান পরিস্থিতির কথা স্মরণ করে নিম্নলিখিত বিশেষ কয়েকটি বিষয়ের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। যেমন, সাম্প্রদায়িক সম্প্রীতি, মৌলবাদের বিরুদ্ধে প্রচার, এছাড়া পঞ্চায়েত ব্যবস্থা ও সাধারণ মানুষ, সাক্ষরতার প্রসার এবং ভূমি সংস্কার, পরিবেশ দূষণ সম্পর্কিত প্রচার অভিযানও অব্যাহত আছে। সর্বক্ষেত্রেই পঞ্চায়েত, গ্রামীণ এবং নাগরিক গণসংগঠনগুলির বিপুল সহায়তা লাভ সম্ভব হয়েছে।

তিনবিঘা হস্তান্তরের প্রশ্নে কেন্দ্রীয় সরকারের নীতি রূপায়ণের ক্ষেত্রে তথ্য বিভাগকে একটি উল্লেখযোগ্য ভূমিকা নিতে হয়েছিল। জাতীয় সংহতি এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা গ্রামীণ তথ্য শাখার নিত্য নৈমত্তিক কর্মসূচিতে রূপান্তরিত।

প্রতিটি জেলা ও মহকুমাতে ভি.সি.পি. এবং টি.ভি. সরবরাহের মাধ্যমে ইলেকট্রনিক আওতার মাধ্যমে আনা যাবে। গ্রামীণ শাখা নানান বাধা নিষেধ সত্ত্বেও তুলনামূলকভাবে উল্লেখযোগ্য কাজ করেছে। কলকাতা জেলা বাদে সারা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই শাখা ১৩০৩টি চলচ্চিত্র প্রদর্শনী, ছোট এবং মাঝারি ধরনের ৭৭১টি শিক্ষামূলক প্রদর্শনী এবং ৯১৩টি বহুমুখি প্রচারাভিযানের সঙ্গে যুক্ত হতে সক্ষম হয়েছে। এছাড়া স্লাইড প্রদর্শন এবং ক্ষুদ্র সংবাদপত্রগুলিকে সংবাদ এবং বিজ্ঞাপন দেওয়ার কাজটিও অব্যাহত ছিল। জেলা এবং মহকুমায় শিশু চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন বিশেষভাবে সমাদৃত হয়েছে।

বিগত জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে প্রতিটি পঞ্চায়েত সমিতি স্তরে মৌলবাদি শক্তির বিরুদ্ধে ব্যাপক প্রচারাভিযান সংগঠিত হয়েছে। মৌলবাদ বিরোধী অভিযান শহরে এবং গ্রামে সর্বস্তরে অব্যাহত থাকবে।

বড়, মাঝারি এবং ক্ষুদ্র সংবাদপত্র তথা নিয়মিত সাহিত্য পত্রিকাগুলিকে বিজ্ঞাপন প্রদান এই শাখার একটি অন্যতম কাজ। বিজ্ঞাপন প্রদানের কাজটি অন্যান্য বছরের তুলনায় এ বছরও পরিচালিত হয়েছে। সরকারের বিজ্ঞাপন দেওয়ার লক্ষ্য হল সর্বাধিক সংখ্যক মানুষের কাছে পৌঁছানো। সেই কারনে শহরের বড় ও মাঝারি সংবাদপত্রে আরো বেশি বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। সঙ্গে সঙ্গে জেলার পত্র-পত্রিকাতেও বিজ্ঞাপন দেবার উপর জোর দেওয়া হচ্ছে।

চলতি বছরে রাজ্য সরকারের সাপ্তাহিক মুখপত্র 'পশ্চিমবঙ্গ' পত্রিকার প্রকাশন প্রায় সম্পূর্ণভাবে নিয়মিত হয়েছে এবং মান উন্নয়নের ফলে তুলনামূলকভাবে পত্রিকার গ্রাহক সংখ্যা এবং বিক্রয় বেড়েছে। রবীন্দ্রনাথ, পর্যটন, বিজ্ঞান, পরিবেশ, বন্যপ্রানী, অরণ্য, সত্যজিৎ রায়, চলচ্চিত্র উৎসব প্রভৃতি বিষয়ের উপর কয়েকটি বিশেষ সংখ্যা প্রকাশ করা সম্ভব হয়েছে। সাধারণ মানুষ কর্তৃক পুস্তকগুলি সমাদৃত। এ ছাড়াও তথ্য শাখা মারফৎ ইংরাজি, উর্দু এবং সাঁওতালি ভাষায় প্রত্রিকা প্রকাশিত হয়। শিলিগুড়ি থেকে প্রকাশিত হয় নেপালি পত্রিকা। এগুলিরও প্রচার সংখ্যা বেড়েছে। বিষয় বৈচিত্র্যের দিক থেকে বিভাগীয় পুস্তক পত্রিকাগুলি ক্রমশ সুধিজন ও বৃহত্তর জণগনের দৃষ্টি আকর্ষণ লাভে সক্ষম হয়েছে।

এছাড়া "মৌলবাদের বিরুদ্ধে" এবং " সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে" এবং "পঞ্চায়েত", "ভূমি সংস্কার", "সাক্ষরতা", "পরিবেশ", "বিদ্যুৎ", "স্বাস্থ্য", "তিনবিঘা চুক্তি" প্রভৃতি বিষয়ে এক বা একাধিক ভাষায় মূল্যবান পোস্টার, ফোল্ডার এবং পুস্তিকা প্রকাশিত হয়েছে।

রাজ্যস্তরে উল্লেখযোগ্য হল বিদ্যাসাগর এবং নজরুল মেলা উপলক্ষ্যে আয়োজিত প্রদর্শনী। প্রতিবছরের মতো এ বছরও আন্তর্জাতিক বাণিজ্য মেলায় রাজ্য অংশগ্রহণ করে এবং সরকার নির্মিত মন্ডপটি বহু দর্শকের মনোরঞ্জন করে। সর্বমোট ১৫০০টি শিল্প সম্পর্কীয় তথ্য অনুসন্ধান ও সংযোগ সাধনও করা হয়েছে। এছাড়া নাট্য উৎসব, জাতীয় সংহতি, রবীন্দ্রনাথের জীবন ও শিক্ষা এবং নন্দনের বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত প্রদর্শনী সাধারণ মানুষের নজর কেড়েছে। প্রতি বছরের মতো এ বছরেও হোর্ডিং, ব্যানার এবং স্লাইড মারফৎ প্রচার কার্য পরিচালিত হয়েছে। জেলা ও মহকুমা পর্যায়ে ছোট এবং মাঝারি প্রদর্শনীর ক্ষেত্রে প্রয়োজনীয় আর্থিক অনুদান দেওয়া হয়েছে।

বসুমতী কর্পোরেশনের আর্থিক দুরবস্থা সম্পর্কে সকলেই অবগত আছেন। গত বাজেট অধিবেশনে বলা হয়েছিল যে, উত্তরবঙ্গে প্রভাতি সংবাদপত্রের অভাব হেতু বসুমতী পত্রিকাটির প্রকাশনার ব্যবস্থা শিলিগুড়ি থেকে করা হবে। সে প্রস্তাব কার্যকর হয়েছে। আশা করা যায় বিক্রয় সংখ্যার উন্নতি ঘটবে। 'জব প্রিন্টিং'-এর মাত্রা বাড়িয়ে লোকসানের মাত্রা কমিয়ে আনা সম্ভব হয়েছে। নেপালি ভাষায় পত্র-পত্রিকার তেমন প্রচলন নেই, যদিও উত্তরবঙ্গে এ ধরনের পত্রিকার তেমন চাহিদা যথেষ্ট। আশা করা যায় খুব শীঘ্র শিলিগুড়ির বসুমতী প্রেস থেকে এ ধরনের পত্রিকা প্রকাশ করা সম্ভব হবে। গত আগস্ট মাস থেকে পাক্ষিক বসুমতী পত্রিকা প্রকাশিত হচ্ছে। পত্রিকাটি জনপ্রিয়তা লাভ করবে। বলে আশা করা যায়। পুস্তক প্রকাশের কাজটিও থেমে নেই। চলতি আর্থিক বছরে মোট ৮টি পুস্তক প্রকাশ করা সম্ভব হয়েছে। যদিও সময়সাপেক্ষ, তাহলেও সরকারের মূল লক্ষ্য হল বসুমতী কর্পোরেশনকে একটি লাভজনক সংস্থায় রূপান্তরিত করা।

আজ আমাদের সামনে সবচেয়ে বড় বিপদ ধর্মের নামে অন্ধ মৌলবাদের বিপদ। তাই এই মুহূর্তে আমাদের সমস্ত মাধ্যমের সমস্ত ক্রিয়াকান্ডের কেন্দ্রীয় বিষয় মৌলবাদকে প্রতিহত করা। ধর্ম-জাতি-নির্বিশেষে রাজ্যের জনগণকে ঐক্যবদ্ধ করা।

ধর্মীয় মৌলবাদকে প্রতিহত করার শপথে এই বিভাগ সমস্ত শক্তি নিয়োজিত করবে।

**সংস্কৃতি শাখা ঃ**

সারা রাজ্যে সংস্কৃতির ক্ষেত্রে ব্যাপক কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে এ বছরও উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। শুধু শহর নয়, গ্রামাঞ্চলের প্রত্যন্তকেও এই কর্মকান্ডের শরিক করা হয়েছে সুপরিকল্পিত ভাবেই। সঙ্গীত, নাটক, সাহিত্য, চারুকলা, লোকসংস্কৃতি প্রতিটি ধারায় রাজ্যের অগ্রগণ্য বিশেষজ্ঞদের পরামর্শ ও সক্রিয় সহযোগিতা নিয়ে প্রকল্প প্রণয়ন ও রূপায়ণ করার উপর গুরুত্ব দেওয়া হয়ে থাকে। রাজ্যস্তরে যেমন বিশেষজ্ঞদের নিয়ে বিভিন্ন আকাদেমি ও

পর্ষদ গঠন করা হয়েছে তেমনি জেলাস্তরেও সংস্কৃতি কেন্দ্র গঠন করা হচ্ছে। ব্লকস্তরে পঞ্চায়েত সমিতির মাধ্যমে সাংস্কৃতিক ক্রিয়াকলাপ চালানোর নীতি রূপায়ণের পথে।

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে ইতিমধ্যে একটি মান্য প্রতিষ্ঠান রূপে স্বীকৃতি লাভ করেছে। লিপি, ভাষা, ব্যাকরন ইত্যাদি বিষয়ে গবেষণাই মুখ্য হলেও জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন দিক নিয়ে গ্রন্থ প্রকাশ অব্যাহত রয়েছে। এ পর্যন্ত ২৯ খানি গ্রন্থ ও পত্রিকা বাংলা আকাদেমি কর্তৃক প্রকাশিত হয়েছে। 'জিয়ন কাঠি' নামে একটি মনোগ্রাহী শিশু সংকলন প্রকাশিত হয়েছে, অনুরূপ আরেকটি শিশু সংকলন প্রকাশের পথে। বাংলা ভাষায় মুদ্রিত যাবতীয় গ্রন্থের গ্রন্থপঞ্জি রচনার কাজ চলছে যার একটি খন্ড শিঘ্রই প্রকাশিত হবে। ভারতীয় ভাষাগুলির মধ্যে ইতিপূর্বে একমাত্র মালাওয়ালি ভাষাতেই এই কাজ হয়েছে। প্রতিষ্ঠা দিবসের ভাষণ ছাড়াও বিশিষ্ট পণ্ডিত ব্যক্তিদের দ্বারা সুনীতিকুমার চট্টোপাধ্যায় স্মারক বক্তৃতা প্রবর্তন করা হচ্ছে। রবীন্দ্র জীবনীকার প্রভাতকুমার মুখোপাধ্যায়ের জন্মশতবর্ষ পালিত হয়েছে, ন্যাশনাল বুক ট্রাস্ট ও ভারতীয় ভাষা পরিষদের সঙ্গে যৌথভাবে দুটি সেমিনার করা হয়েছে। নির্মিয়মান বাংলা আকাদেমি ভবনের একাংশ এ বছরই ব্যবহার করা যাবে বলে আশা করা যাচ্ছে।

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির নাট্য সংক্রান্ত কার্যকলাপ আরও সুবিস্তৃত হয়েছে। শুধু এ রাজ্যের নয়, বি.ভি. করন্থ বা শ্যাপিরোর মতো আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন নাট্য ব্যক্তিত্বের পরিচালনায়ও প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হচ্ছে। নাট্য আকাদেমি পত্রিকা সুসম্পাদিত হয়ে নিয়মিত প্রকাশিত হচ্ছে। নাট্য সংক্রান্ত ৬টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। গ্রন্থাগারটি দুষ্প্রাপ্য গ্রন্থাবলিতে সমৃদ্ধ হয়েছে। পুরানো যাত্রা ও নাটকের রেকর্ড, নাট্য ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিদের ভিডিও সাক্ষাৎকার ইত্যাদি সম্পদে আকাদেমি সংগ্রহশালাটি ভরে উঠেছে। উৎপল দত্ত, কুমার রায় প্রমুখ প্রথিতযশা নাট্যশিক্ষক দ্বারা সেমিনারের মাধ্যমে নবীন নাট্যকর্মিদের শিক্ষিত করে তোলা হচ্ছে। নাটক যাত্রার বার্ষিক প্রযোজনা ভিত্তিক পুরস্কার প্রদান করা হয়েছে। বানীপুর লোক উৎসবে নাট্য আকাদেমি কর্তৃক সাম্প্রদায়িক সম্প্রীতি ভিত্তিক একটি আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে।

সঙ্গীতের জগতে রাজ্য সরকারের পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত আকাদেমি বিশিষ্ট মর্যাদা লাভ করেছে। প্রবীণ ও নবীন প্রতিভার একই সঙ্গে পৃষ্ঠপোষকতা আকাদেমির কর্মকান্ডের অন্যতম দিক। প্রবীণ সঙ্গীতজ্ঞদের নিয়ে উচ্চাঙ্গ সঙ্গীতের আসরের পাশাপাশি নবীন শিল্পিদের নিয়ে বাংলা গানের অনুষ্ঠান হয়েছে। সারা বাংলা সঙ্গীত প্রতিযোগিতার মাধ্যমে নতুন নতুন প্রতিভার অনুসন্ধান ও লালন-পালনের কাজ অব্যাহত রয়েছে। সঙ্গীত মূল্যায়ন শিক্ষাক্রম ও গবেষণার কাজও যথারীতি চলছে। গ্রন্থাগারে আরও মূল্যবান গ্রন্থের সংযোজন ঘটেছে। কবি বিষ্ণু দে-এর ব্যক্তিগত সংগ্রহ থেকে বহু সংখ্যক ভারতীয় ও পাশ্চাত্য সঙ্গীতের রেকর্ড দান হিসেবে পেয়ে আকাদেমির সংগ্রহশালাটি সমৃদ্ধ হয়েছে। সঙ্গীতের উপর এ পর্যন্ত মোট ১২ খানি গ্রন্থ ও ৮টি ক্যাসেট প্রকাশিত হয়েছে।

গগনেন্দ্র প্রদর্শশালাকে কেন্দ্র করে চিত্র ও ভাস্কর্যের ক্ষেত্রে সরকারের কর্মকান্ড প্রসারিত হচ্ছে। রবীন্দ্র ভারতী সোসাইটির সঙ্গে যৌথভাবে খ্যাতনামা ও কালজয়ী শিল্পিদের প্রদর্শনী এবং নবীন শিল্পিদের শিল্পকর্ম নিয়ে বাৎসরিক চারুকলা ও ভাস্কর্য প্রদর্শনীর আয়োজন হয়েছে। তথ্য কেন্দ্রের আর্ট গ্যালারিটি সারা বছর বিভিন্ন শিল্প প্রদর্শনীর মাধ্যমে জনপ্রিয় হয়ে উঠেছে। শিল্পী গোপাল ঘোষের ছবির অ্যালবামটি প্রকাশিত হয়েছে। অনুরূপ আরও কয়েকটি ছবির অ্যালবাম প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। হো-চি-মিন সরণীতে ভারত সরকারের ভারতীয় সংস্কৃতি সমৃদ্ধ পরিষদের সঙ্গে যৌথভাবে প্রস্তাবিত আর্ট গ্যালারি নির্মাণের প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। কুমারটুলির মৃৎশিল্পীদের মূল্যবান শিল্পকর্মের একটি স্থায়ী গ্যালারি স্থাপিত হচ্ছে ঐ অঞ্চলে।

বর্তমান আর্থিক বছরে সঙ্গীত নাটক চারুকলা ইত্যাদি ক্ষেত্রে বয়স্ক ও আর্থিক দিক দিয়ে অসমর্থ শিল্পীদের আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলিকেও আর্থিক অনুদান দেওয়া সম্ভব হয়েছে। পশ্চিম বাংলার ঐতিহ্যবাহি বহু গ্রামীণ মেলাতেও আর্থিক সহায়তা করা হয়েছে।

কলকাতা সহ সমস্ত জেলায় জেলায় জাতীয় সংহতি ও সাম্প্রদায়িক সম্প্রীতির সপক্ষে সাংস্কৃতিক প্রচারাভিযান শুরু করা হয়েছে পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের সঙ্গে যৌথভাবে। পদযাত্রা, মানব বন্ধন, চারুকলা, সঙ্গীত, নাটক, লোকশিল্প ইত্যাদি সমন্বয়ে হাজার হাজার শিল্পী সাহিত্যিক ও শিল্প প্রতিষ্ঠান দল-মত-ধর্ম-ভাষা নির্বিশেষে এই অভিযানে নিজেদের যুক্ত করেছেন। সরকারের লোকরঞ্জন শাখা সাম্প্রদায়িক সম্প্রীতি ভিত্তিক নাটক, গান, তরজা ইত্যাদি প্রস্তুত করে এই অভিযানে উল্লেখযোগ্যভাবে যুক্ত হয়েছে। সাম্প্রদায়িক সম্প্রীতির সপক্ষে বাংলা আকাদেমির উদ্যোগে ২টি সেমিনার এবং সঙ্গীত আকাদেমি কর্তৃক একটি উচ্চাঙ্গ সঙ্গীতের আসর অনুষ্ঠিত হয়েছে।

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতির বিকাশ ও প্রসার বামফ্রন্ট সরকারের সংস্কৃতি নীতির একটি মূল অঙ্গ। এই উদ্দেশ্যে বর্তমান বছরে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ অব্যাহত আছে। আদিবাসী চর্চাকেন্দ্রের মাধ্যমে সাঁওতালি ও মুন্ডারি ভাষার নাটকের দুটি কর্মশালা বাঁকুড়া জেলার রায়পুর ও আলিপুরদুয়ারে অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া ঝাড়গ্রামে সাঁওতালি ও মুন্ডারি নৃত্যের একটি কর্মশালাও বর্তমান বছরে অনুষ্ঠিত হবে। জাতীয় সংহতি ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ক্ষেত্রে লোকশিল্পিদের ভূমিকার গুরুত্ব বিবেচনা করে প্রতিটি জেলায় লোকশিল্পিদের একটি করে শিবির সংগঠন করার প্রস্তুতি নেওয়া হচ্ছে। ঐ শিবির সংগঠনের মাধ্যমে লোকশিল্পীদের সামাজিক দায়িত্ব সম্পর্কে অবহিত করা হবে এবং তাঁদের মধ্য থেকে বিভিন্ন শিল্পীদল গঠন করে গ্রাম বাংলার প্রত্যন্ত অঞ্চলে সাম্প্রদায়িক সম্প্রীতি ও জাতীয় সংহতি কেন্দ্রিক অনুষ্ঠান প্রচারের জন্য ব্যবস্থা করা হবে। মালদহে ডোমনী ও গম্ভীরা লোকনাট্যের একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। লোকশিল্পীদের আর্থিক অবস্থার কথা স্মরণে রেখে সঞ্চয় ভিত্তিক যে গোষ্ঠি বীমা প্রকল্প চালু করা হয়েছিল তা বর্তমান বছরেও অব্যাহত আছে। লোকসংস্কৃতি বিষয়ক 'লোকশ্রুতি' পত্রিকার প্রকাশ অব্যাহত আছে।

ভারতীয় সংস্কৃতি সমৃদ্ধ পরিষদের সঙ্গে যৌথভাবে সার্কভুক্ত দক্ষিণ এশীয় দেশগুলির সাংস্কৃতিক উৎসব, আন্তর্জাতিক সঙ্গীত উৎসব ইত্যাদি অন্তর্দেশীয় সংস্কৃতি বিনিময় অনুষ্ঠান নিয়মিত পশ্চিমবঙ্গে অনুষ্ঠিত হয়ে চলেছে। কেন্দ্রীয় সঙ্গীত নাটক আকাদেমির সঙ্গে যৌথভাবে আন্তঃরাজ্য সাংস্কৃতিক বিনিময় কর্মসূচিও অব্যাহত রয়েছে। পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের সঙ্গে ও নিয়মিতভাবে যৌথ কর্মসূচি রূপায়িত হচ্ছে।

চোদ্দশ সাল একটি শতাব্দীর সমাপ্তি ও নতুন একটি শতাব্দীর সূচনা করছে। বাংলার সামাজিক ও সাংস্কৃতিক জীবনে এর গভীর তাৎপর্য রয়েছ। এই উপলক্ষ্যটি আলোচনা, পর্যালোচনা, মূল্যায়ন গ্রন্থ প্রকাশনা ও উৎসবের মাধ্যমে প্রতিফলিত হবে।

রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের প্রসঙ্গে অগ্রগতি ঘটেছে। ইতিমধ্যে রাজ্যপালকে সভাপতি করে বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিদের নিয়ে একটি সোসাইটি গঠিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছে আর্থিক সহায়তা চেয়ে আবেদনও পাঠানো হয়েছে। এই সর্ববৃহৎ আন্তর্জাতিক মানের সাংস্কৃতিক কেন্দ্রটি গঠিত হলে পশ্চিম বাংলার অন্যতম গর্ব হয়ে উঠবে। জেলার রবীন্দ্রভবনগুলির সুপরিচালনা ও রক্ষণাবেক্ষণের দিকে সরকারের দৃষ্টি রয়েছে। জেলায় জেলায় পাবলিক হল নির্মাণের ক্ষেত্রেও আর্থিক সাহায্য করা হচ্ছে।

**ভাষা শাখা**

সমস্ত দপ্তরে ব্লকস্তর থেকে জেলাস্তরে জনসাধারণের ব্যবহারযোগ্য যাবতীয় ফর্ম বাংলায় অনুবাদ করার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তার অগ্রগতি সন্তোষজনক বলে দাবি করছি না। কিন্তু কাজ হচ্ছে।

সরকারি কাজে বাংলা ভাষার দ্রুত প্রচলনের উদ্দেশ্যে প্রতিটি ব্লক অফিসে এবং বিভিন্ন বিভাগে বাংলা মুদ্রলেখন যন্ত্র সরবরাহ করা হয়েছে। বাংলা পরিভাষা পুস্তকেও সরকারি স্তরে বিতরণ করা হয়েছে। ১০৬টি বঙ্গানুবাদ পদ সৃষ্টি করা হয়েছে এবং যোগ্য বঙ্গঅনুবাদকেরা বিভিন্ন অধিকার, জেলা সমাহর্তার দপ্তরে কর্মরত। এই বিভাগ সরকারি ইংরাজি মুদ্রলেখকদের বাংলা মুদ্রলেখনে প্রশিক্ষণ দিয়েছে।

বাংলা পরিভাষাকোষের নতুন সংস্করন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সহজবোধ্য, প্রতিদিনের কাজে ব্যবহারযোগ্য, প্রয়োজনীয় শব্দ দিয়ে একটি বই (সংক্ষিপ্ত সংস্করণ) প্রণয়নের কাজ হাতে নেওয়া হচ্ছে-পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি এর দায়িত্বে থাকবে। একজন আধিকারিকের নেতৃত্বে একটি বিশেষ সেলও গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং মহকুমায় নেপালি ভাষা প্রশিক্ষণ কেন্দ্রগুলি এবং কলিকাতা, ইসলামপুর ও আসানসোলে উর্দু-পত্র বিনিময় কেন্দ্রগুলি কর্মরত আছে।

**প্রত্নতত্ত্ব শাখা**

প্রত্নতত্ত্ব অধিকার অন্যান্য বছরের মতো এই বছরেও পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্ব এবং সংগ্রহ

অন্বেষণ, উৎখনন, প্রত্নদর্শনগুলির সংরক্ষণ, সংগ্রহশালার সংগঠন, গবেষণা, প্রকাশনা প্রভৃতি কাজগুলি নিষ্ঠার সঙ্গে পালন করার চেষ্টা করবে। বিগত বছরে এই অধিকার পশ্চিমবঙ্গের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে প্রাগৈতিহাসিক যুগ থেকে ঐতিহাসিক যুগ পর্যন্ত মানবসভ্যতা ও সংস্কৃতির বিকাশের ধারাটি অনুধাবনের উদ্দেশ্যে ব্যাপক অন্বেষণের কাজ করেছে। সুবর্ণরেখা ও কংসাবতী নদীর উপত্যকায় বিভিন্ন স্থানে যথা, মেদিনীপুর জেলার কাট্রারা, বরাপাল, শ্রীনাথপুর প্রভৃতি স্থানে প্রস্তরযুগ থেকে লৌহযুগে উত্তরণের অত্যন্ত গুরুত্বপূর্ণ নিদর্শন পাওয়া গেছে। এই উপত্যকায় আরও অন্বেষণের কাজ চলছে।

অনুরূপভাবে এই অধিকার পশ্চিমবঙ্গের উত্তরাঞ্চলে আদি ঐতিহাসিক যুগ থেকে মধ্যযুগ পর্যন্ত জনবসতি ও প্রত্ননিদর্শন বিষয়ে অনুসন্ধানের কাজ করছে। এই দুটি কাজই এ বৎসরেও চলবে। এছাড়া পশ্চিমবঙ্গের তাম্রাশ্মীয় (Chalcolithic) সভ্যতার বিস্তৃতি ও চরিত্র বিষয়ে পুনরায় অনুসন্ধানের কাজও চলছে। প্রথম পর্যায়ের কাজটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাচ্যবিদ্যা বিভাগের সঙ্গে যুগ্মভাবে করা হয়েছে।

মাননীয় সদস্যদের স্মরণ থাকতে পারে, মালদহ জেলার জগজীবনপুরে অন্বেষণের কথা বিগত বছরে বলা হয়েছিল। এই অন্বেষণে উৎসাহিত হয়ে সেখানে প্রত্নতাত্ত্বিক উৎখননের কাজ শুরু করা হয়েছে। এখানে একটি গুরুত্বপূর্ণ বৌদ্ধ বিহারের নিদর্শন পাওয়া গেছে। অনুমান করা হচ্ছে এটি খ্রিষ্টীয় ৮ম-৯ম শতকে নির্মিত হয়েছিল। পশ্চিমবঙ্গের উত্তরাঞ্চলে এ ধরনের প্রত্নতাত্ত্বিক উৎখনন এই প্রথম করা হচ্ছে।

রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালার সংস্কারের কাজ চলছে। এ ছাড়া একটি নতুন ভবন নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। এ জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সহায়তা পাবার চেষ্টা করা হবে। এই সংগ্রহশালায় সংরক্ষণ ও আলোকচিত্র শাখা স্থাপনের দ্বারা আরও উন্নতির চেষ্টা করা হচ্ছে। প্রত্নবস্তু সংরক্ষণের ক্ষেত্রে বিশেষভাবে অনুচিত্র ও ধাতবমূর্তিগুলি সংরক্ষণের কাজ চলছে। আগামি বছরে লখনউ-এর 'ন্যাশনাল রিসার্চ ল্যাবরেটরি ফর কনজার্ভেশন অব কালচারাল প্রপার্টি'-র সহযোগিতায় সংরক্ষণ গবেষণাগারটির আরও উন্নতিসাধন করা হবে। এছাড়া ১৯৯২-এর আগস্ট-সেপ্টেম্বর মাসে এই সংস্থার সঙ্গে যৌথভাবে পূর্ব ভারতের জন্য যে সংরক্ষণ প্রশিক্ষণ শিবিরটি করার কথা ছিল, সেটি ১৯৯৩-এর শেষে করা স্থির হয়েছে।

এই অধিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে বিভিন্ন গবেষণা প্রকল্পে যুক্ত আছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের সহযোগিতায় রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালার অশ্মীয় দ্রব্যের তথ্যপঞ্জি নির্মাণের প্রথম পর্বের কাজ শেষ হয়েছে ও তথ্যপঞ্জিটি মুদ্রণের ব্যবস্থা করা হয়েছে। ঐ বিশ্ববিদ্যালয়েরই ইসলামীয় ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষকদের সহযোগিতায়, গৌড়-পাণ্ডুয়া কেন্দ্রিক মধ্যযুগের নগরায়নের উপর গবেষণার কাজ চলছে। এই কাজের মূল উদ্দেশ্য ইতিহাস ও প্রত্নতত্ত্বের সমন্বয় ঘটানো। এই গবেষণার সূত্রে গৌড়-পাণ্ডুয়া বিষয়ে বহু নতুন তথ্য সংগৃহীত হয়েছে। এগুলির উপর ভিত্তি করে

মালদহে একটি প্রদর্শনী ও আলোচনাসভার আয়োজন করা হবে। এছাড়া ভারত মহাসাগরে নৌ-চালনার ধারা বিষয়ক 'কাউন্সিল অব্ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ'-এর গবেষণা প্রকল্পে এই অধিকারের কর্মীরা সক্রিয়ভাবে যুক্ত আছেন।

প্রত্নতত্ত্ব অধিকার পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্ব সম্পর্কে তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করে থাকে। ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটের সহযোগিতায় পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্ব বিষয়ে একটি 'কমপিউটারাইজড ডেটাবেস' (Computarised Data Base) প্রস্তুত করার কাজ চলছে। এই প্রকল্প আগামি ৪½ বৎসর চলবে।

পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্বের একটি সার্বিক চিত্র উপস্থাপনের উদ্দেশ্যে এই অধিকার বার্ষিক সংখ্যা প্রকাশের যে পরিকল্পনা নিয়েছিল তার প্রথম সংখ্যা 'প্রত্ন-সমীক্ষা' প্রকাশিত হয়েছে। এর দ্বিতীয় সংখ্যার কাজ চলছে। এ ছাড়া 'ট্রেজারস স্টেট আর্কিওলজিক্যাল মিউজিয়াম' শীর্ষক গ্রন্থের আরও তিনটি খন্ড প্রকাশের কাজ চলছে। বানেশ্বরডাঙ্গা উৎখননের উপর একটি বৈজ্ঞানিক রিপোর্ট প্রস্তুত হয়েছে ও এটি প্রকাশের অপেক্ষায় আছে। পুরকীর্তি গ্রন্থমালায় হুগলি জেলার পুরাকীর্তি গ্রন্থটি মুদ্রিত হচ্ছে। এছাড়া উত্তর চব্বিশ পরগনা ও মালদহ জেলার উপর গ্রন্থ দুটির পান্ডুলিপি সম্পাদনার কাজ চলছে। এছাড়া রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালার প্রস্তর ভাস্কর্য সংগ্রহের একটি তথ্যপঞ্জি নির্মাণের কাজ চলছে।

সংরক্ষণ ও তত্ত্বাবধানের ক্ষেত্রে যথাসাধ্য সুষ্ঠু ব্যবস্থা নেওয়া সম্ভব হয়েছে। স্থির করা হয়েছে গ্রামে-গ্রামান্তরে ছড়িয়ে থাকা প্রত্নস্থলগুলির তত্ত্বাবধান করবে পঞ্চায়েতগুলি। এর ফলে এই প্রত্নস্থলগুলির সুরক্ষার ব্যাপারে স্থানীয় মানুষদের ভূমিকা অধিকতর গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। আগামী বছর ২০টি এবং পরবর্তী পর্যায়ে প্রায় সবকটি প্রত্নস্থলের সুরক্ষার দায়িত্ব পঞ্চায়েতগুলির হাতে তুলে দেওয়া হবে। এই প্রসঙ্গে পঞ্চায়েত বিভাগের সঙ্গে চুক্তিপত্র চূড়ান্ত হয়েছে।

আগামি বছর থেকে সংরক্ষণের কাজ মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিরেক্টরেটের সঙ্গে যৌথভাবে করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ব্যাপারে কাজের রূপরেখা তৈরি হয়েছে। জামী মসজিদ (মালদহ) সুপুরের শিবমন্দির (বীরভূম) ইসলামবাজারের গৌরাঙ্গ মন্দির (বীরভূম) মালঞ্চের দক্ষিণাকালী মন্দির (মেদিনীপুর) ও দিগনগরের রাঘবেশ্বর মন্দিরের (নদীয়া) সংস্কারের কাজ যৌথভাবে করা হবে। কুচবিহার জেলার কামতেশ্বরী মন্দিরে রাসায়নিক ও ইমারতি সংরক্ষণের কাজ চলছে। দিগনগরের রাঘবেশ্বর মন্দিরের রাসায়নিক সংরক্ষণের কাজ শুরু হয়েছে। মালদহ জেলা সংগ্রহশালার নবনির্মিত ভবনের যথাযথ ব্যবহারের ব্যবস্থা করা হচ্ছে। জিয়াগঞ্জে সংগ্রহশালায় কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে। উত্তর দিনাজপুরের রায়গঞ্জে একটি সংগ্রহশালা নির্মাণের প্রচেষ্টা চলছে। বিভিন্ন আঞ্চলিক সংগ্রহশালাগুলিকে আর্থিক ও কারিগরি সাহায্যদান অব্যাহত আছে। প্রত্নত্ত্ব অধিকারের নাম বদল করে প্রত্নতত্ত্ব ও সংগ্রহালয় অধিকার নাম রাখারও প্রস্তাব আছে। আশা করা যায়, এর ফলে এই রাজ্যে সংগ্রহালয়গুলিকে আরও সুষ্ঠুভাবে সংগঠিত করা যাবে। অধিকারের পক্ষে

দেশি ও বিদেশি গবেষকদের তথ্যাদি দানের প্রথা অব্যাহত আছে। প্রত্নতত্ত্ব অধিকার বিশিষ্ট বিদেশি প্রত্নতত্ত্ববিদদের বক্তৃতার আয়োজন করেছে। অন্বেষন, উৎখনন ও ক্রয়ের মাধ্যমে সংগৃহীত প্রত্নবস্তুগুলির প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে।

পরিশেষে বলা যায় প্রত্নতত্ত্ব চর্চায় পদ্ধতিগত ও বিষয়গত যে পরিবর্তন দেখা দিয়েছে সে সম্পর্কে সম্যক ধারণা গড়ে তোলার উদ্দেশ্যে ভূবিজ্ঞানী, ধাতুবিজ্ঞানী, জীববিজ্ঞানী, ইতিহাসবেত্তা, প্রত্নতত্ত্ববিদ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলিকে নিয়ে একটি আলোচনাসভার আয়োজন হয়েছে। আশা করা যায়, এর ফলে আগামি দিনে পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্বচর্চার নতুন মাত্রা সংযোজিত হবে।

**চলচ্চিত্র শাখা**

নানা কারণে চলচ্চিত্র শিল্প আজ বহুবিধ সমস্যার সম্মুখীন। সরকার এই ব্যাপারে সচেতন আছেন এবং সমস্যাগুলির তীব্রতা হ্রাস করার জন্য যথাসাধ্য চেষ্টা করে চলেছেন। চলচ্চিত্র প্রদর্শনী থেকে সরকার আগে যে শো-ট্যাক্স্ ও অ্যাডভার্টাইজমেন্ট ট্যাক্স্ আদায় করতেন, তা বিগত বছরেই প্রত্যাহার করে নেওয়া হয়েছিল এবং টিকিটের ওপর দেয় প্রমোদ করের হারও কমানো হয়েছিল। চলচ্চিত্র শিল্পকে উৎসাহদানের সরকারি প্রচেষ্টা বর্তমান বছরে আরও প্রসারিত করা হয়েছে। সিনেমা হলে টিকিটের মূল্য ধার্য করার স্বাধীনতা হল মালিকদের দেওয়া হয়েছে। তাঁদের অবশ্য এ ব্যাপারে সরকারি নির্দেশাবলী মেনে চলতে হবে। এজন্য ওয়েস্ট বেঙ্গল সিনেমাস্ (রেগুলেশন) অ্যাক্ট ১৯৫৪-কে যথাযথভাবে সংশোধন করা হয়েছে। এতদিন টিকিটের মূল্য নির্ধারণ করে দিতেন লাইসেন্স মঞ্জুরকারি আধিকারিকগণ।

টিকিটের মূল্যের ওপর প্রমোদকরমুক্ত সার্ভিসচার্জ ধার্য করার দাবি ইস্টার্ন ইন্ডিয়া মোশন পিক্চার অ্যাশোসিয়েশন অনেকদিন ধরে করে আসছিলেন। ১লা ফেব্রুয়ারি ১৯৯৩ থেকে প্রতি টিকিটে ২৫ পয়সা করে সার্ভিসচার্জ আদায় করে স্বাধীনতা সিনেমা হল মালিকদের দেওয়া হয়েছে। শীতাতপ নিয়ন্ত্রিত হলের মালিকরা প্রতি টিকিটে অতিরিক্ত ২৫ পয়সা সার্ভিসচার্জ আদায় করতে পারবেন। এই সার্ভিস চার্জ ও অতিরিক্ত সার্ভিসচার্জ প্রমোদ কর মুক্ত। আশা করা যায় যে-সিনেমা হল মালিকরা হলের যথাযথ সংরক্ষণ ও উন্নতি বিধানে অতঃপর অধিকতর যত্নবান হবেন।

হল মালিকদের যে সব আর্থিক সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে তার একটা অংশ যাতে কর্মচারিরাও পান সে ব্যাপারে সরকার সতর্ক আছেন। কর্মচারিদের মজুরি বৃদ্ধি করে বর্তমান বছরে একটি ত্রিপাক্ষিক চুক্তি স পাদিত হয়েছে।

চলচ্চিত্র নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো গঠন ও চলচ্চিত্র নির্মাণে উৎসাহদান করার লক্ষ্যে বর্তমান সরকার সর্বদা সচেষ্ট। তথ্যচিত্র নির্মাতাদের উৎসাহিত করার জন্য ১০ হাজার টাকা পর্যন্ত ভরতুকি দানের যে প্রকল্প সরকার চালু করেছিলেন তা এতদিন শুধুমাত্র

বাংলা ও নেপালি তথ্যচিত্রের ক্ষেত্রেই সীমাবদ্ধ ছিল। বর্তমান বছরে এই প্রকল্প অন্যান্য ভাষায় নির্মিত তথ্য চিত্রের ক্ষেত্রেও প্রসারিত করা হয়েছে।

কাহিনীভিত্তিক চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে এ বছর পশ্চিমবঙ্গ সরকারের ভূমিকা যথেষ্ট উল্লেখযোগ্য। পশ্চিমবঙ্গ সরকার ও বাংলাদেশের একটি প্রযোজনা সংস্থার যৌথ প্রযোজনায় মাণিক বন্দ্যোপাধ্যায়ের অমর উপন্যাস 'পদ্মানদীর মাঝি'-র চলচ্চিত্রায়ন শ্রী গৌতম ঘোষের পরিচালনায় সমাপ্ত হয়েছে। উভয় দেশের শিল্পী ও কলাকুশলী নিয়ে নির্মিত এই ছবি ইতিমধ্যেই বাংলাদেশে মুক্তি পেয়েছে। আশা করা যায় পশ্চিমবঙ্গেও ছবিটি'র প্রদর্শনী বিভিন্ন প্রেক্ষাগৃহে শীঘ্রই শুরু হবে। 'পদ্মানদীর মাঝি' সম্প্রতি দিল্লিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ভারতীয় প্যানোরামা বিভাগে প্রদর্শিত হয়েছে।

রাজ্য সরকার ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর সঙ্গে যৌথভাবে আরো দুটি চলচ্চিত্র প্রযোজনার কাজ হাতে নিয়েছেন।

পুনার ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউট্-এর আদলে পরিকল্পিত কিন্তু আরও বহুমুখি একটি ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউট্ কলকাতায় স্থাপনের কেন্দ্রীয় উদ্যোগকে রাজ্য সরকার স্বাগত জানিয়েছেন। এ জন্য ২০ একর খাস জমি রাজ্য সরকার তথ্য ও সম্প্রচারণ মন্ত্রককে অর্পণ করেছেন। এছাড়া আরও প্রায় ২০ একর জমি অধিগ্রহণ করে সংশ্লিষ্ট মন্ত্রককে দেওয়া হয়েছে। গত ১০ অক্টোবর প্রধানমন্ত্রী শ্রী নরসিমা রাও এর শিলান্যাস করেন এবং প্রয়াত সত্যজিত রায়ের নামে ইন্সটিটিউট্টির নামাঙ্কিত করা হবে এই ঘোষণা করেন।

শিক্ষামূলক চলচ্চিত্র নির্মানে শিক্ষাদান এবং এ জাতীয় ছবি নির্মাণ করে রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রদর্শনের জন্য রাজ্য সরকার কর্তৃক প্রস্তাবিত একটি প্রকল্প ইত্যাদি সরকারের প্রাথমিক অনুমোদন লাভ করেছে। আশা করা যায় এ ব্যাপারে অদূর ভবিষ্যতে আরও অগ্রগতি সম্ভব হবে।

দুঃস্থ চলচ্চিত্র কলাকুশলীদের আর্থিক সহায়তাদানের জন্য রাজ্য সরকার গঠিত সিনেটেকনিসিয়ান্স ওয়েলফেয়ার ফান্ডের কল্যাণমূলক কাজ অব্যাহত রয়েছে। ১৯৮১-৮২ সালে গঠিত এই ফান্ড থেকে এ পর্যন্ত সাড়ে চার শতাধিক দুঃস্থ কলাকুশলীকে আর্থিক সাহায্য দান করা হয়েছে। বর্তমান বছরে ৬২ জন কলাকুশলী এই ফান্ড দ্বারা উপকৃত হয়েছেন।

পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগমের রঙিন চলচ্চিত্র পরিস্ফুটনাগার 'রূপায়ণ' ইতিমধ্যেই চলচ্চিত্র প্রযোজকদের মাঝে নিজের স্থান নির্দিষ্ট করে নিতে সক্ষম হয়েছে।

জানুয়ারি '৯৩-এ দিল্লিতে অনুষ্ঠিত ভারতের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ভারতীয় প্যানোরামা বিভাগে প্রদর্শিত বাংলা ছবি 'পদ্মানদীর মাঝি' ও মনিপুরী ছবি 'থোংথাং'-এর পরিস্ফুটন রূপায়ণে হয়েছে। অত্যাধুনিক সাজসরঞ্জাম সজ্জিত রূপায়ণের আন্তর্জাতিক মানের

সাউন্ড রেকর্ডিং থিয়েটারে বুকিং-এর জন্য চলচ্চিত্র প্রযোজকদের ক্রমবর্ধমান চাহিদার কথা মনে রেখে এখানে অতিরিক্ত শিফ্‌ট চালু করার।

শ্রী সত্যজিৎ রায় পরিচালিত 'শাখা প্রশাখা' ছবিটির পরিবেশনার দায়িত্বে ছিলেন পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম। 'পদ্মানদীর মাঝি' ছবিটিও এই নিগমের পরিবেশনায় মুক্তি পেতে চলেছে। চ্যাপলিনে নিয়মিতভাবে চলচ্চিত্র প্রদর্শনী চলছে। শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে ও চন্দননগর রবীন্দ্র ভবনে প্রতিমাসে ৭দিন করে চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা অব্যাহত রয়েছে।

সুস্থ চলচ্চিত্রবোধ সৃষ্টি ও চলচ্চিত্র-ভাবনার প্রচার ও প্রসারের ক্ষেত্রে 'নন্দন' তার অন্যান্য ভূমিকা পালন করে চলেছে, দেশ-বিদেশের শিল্প-গুণসমৃদ্ধ ছবি নিয়ে বেশ কয়েকটি চলচ্চিত্র উৎসবের আয়োজন এখানে করা হয়। আয়োজিত উৎসবগুলির মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য সার্ক চলচ্চিত্র উৎসব, চাইনীজ চলচ্চিত্র উৎসব, সুইডিশ চলচ্চিত্র উৎসব ও ডিসিকা চলচ্চিত্র উৎসব। এছাড়া ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় শিশু চলচ্চিত্র উৎসবের আয়োজনও এখানে করা হয়। নন্দনের প্রতি মানুষের ক্রমবর্ধমান আগ্রহের কথা মনে রেখে এখানে দৈনিক শো-এর সংখ্যা দুই থেকে বৃদ্ধি করে তিন করা হয়েছে। শুধুমাত্র চলচ্চিত্র প্রদর্শনীর ক্ষেত্রেই নয়, অন্যান্য ক্ষেত্রেও নন্দনের ভূমিকা অক্ষুন্ন রয়েছে। বাংলা চলচ্চিত্র নিয়ে আয়োজিত এক প্রদর্শনী ও সত্যজিৎ রায়-এর ওপর আলোকচিত্র প্রদর্শনীর কথা এখানে উল্লেখ করা যায়। চলচ্চিত্রবোধ নিয়ে এক শিক্ষাক্রমের আয়োজনও এ বছর নন্দনে করা হয়। সত্যজিৎ রায়ের বহুমুখি শিল্পভাবনা ও সৃষ্টিকর্ম নিয়ে আর্কাইভের আনুষ্ঠানিক উদ্বোধন নন্দনে হয়ে গিয়েছে এবং এখন চেষ্টা চলেছে বিভিন্ন সামগ্রী সংগ্রহ করে আর্কাইভটিকে যথাযথভাবে সুসজ্জিত করার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমি ৩৮নং দাবির অধীন, "২২২০-তথ্য ও প্রচার", "৪২২০-তথ্য ও প্রচারের জন্য মূলধনী বিনিয়োগ" এবং "৬২২০-তথ্য ও প্রচারের জন্য ঋণ" মুখ্যখাতে একত্রে ১৬,১৮,৪৭,০০০ টাকা (ষোল কোটি আঠার লক্ষ সাতচল্লিশ হাজার টাকা) মঞ্জুর করার জন্য সভার কাছে প্রস্তাব রাখছি।

**Mr. Deputy Speaker :** There are 4 cut motions on Demand No. 38. All the cut motions are in order and taken as moved.

| | | |
|---|---|---|
| **Shri Deba Prasad Sarkar** | : | Sir, I beg to move that the amount |
| **Shri Saugata Roy** | : | of Demand be reduced by Rs. 100/- |

**Mr. Deputy Speaker :** Now, Shri Sudip Bandyopadhyay.

[4-25—4-35 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে আমাদের এখানে পশ্চিমবঙ্গ সরকারের ৩৮ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরের জন্য মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের

সমর্থনে বক্তব্য রাখছি। আমাদের জানতে হবে, আমাদের কংগ্রেস সরকারকে যখন ১৯৭৬-৭৭ সালে মানুষের রায়ে সরে যেতে হয়েছিল তখন এই দপ্তরের ব্যয়-বরাদ্দ ছিল ২ কোটি ৪ লক্ষ টাকা, আর এখন ১৯৯৩-৯৪ সালে বাজেট বরাদ্দ হচ্ছে ১৬ কোটি ১৮ লক্ষ ৪৭ হাজার টাকা। অর্থাৎ এটা থেকে সহজেই অনুমান করা যায় শতকরা আনুপাতিক হারে এই খাতে ব্যয়-বরাদ্দ কি বিপুল পরিমাণে বৃদ্ধি হয়েছে। কিন্তু যে পরিমাণে বরাদ্দ বৃদ্ধি হয়েছে সেই তুলনায় মানুষের প্রত্যাশা কোথায় গিয়ে পৌঁছেছে? আমি বলব, এই দপ্তরের মাননীয় মন্ত্রীর সঙ্গে বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন সংবাদপত্র এবং সাংবাদিকদের যে সম্পর্ক সেই সম্পর্ক এমনভাবে আঘাৎপ্রাপ্ত হয়েছে যেটা সম্পর্কে আজকে নতুন করে ভাবনা-চিন্তা করা দরকার। ক্রমাগত সংবাদপত্রের উপর হামলা, ক্রমাগত সাংবাদিকদের উপর হামলা এবং প্রতিনিয়ত মুখ্যমন্ত্রী থেকে তথ্যমন্ত্রী পর্যন্ত সংবাদপত্র এবং সাংবাদিকদের তাঁরা মোটামুটিভাবে শত্রুতার পর্যায়ে নিয়ে গেছেন। এর প্রতিফলন ঘটেছিল কলকাতার রাইটার্স বিল্ডিংয়ে। সেখানে যে প্রেস কর্নার ছিল সেই প্রেস কর্নার ভেঙ্গে দিয়ে এমন জায়গায় প্রেস কর্নার করে দেওয়া হল যেখানে কোনও সাংবাদিক গিয়ে আজও বসেননি। এমন কি, ওদের গণশক্তির যারা সাংবাদিক তারা গিয়েও ঐ প্রেস কর্নারে বসতে পারছেন না। আমরা দেখে প্রথম থেকে একথা বলেছিলাম। মন্ত্রী আমাদের নানা ভাবে আশ্বস্ত করেছিলেন যে প্রেস কর্নার ভাঙ্গা, নুতন প্রেস কর্নার তৈরি করা, এগুলি নিয়ে আপনারা অযথা কেন উদ্বেলিত হচ্ছেন, আপনারাও গিয়েছিলেন ওনাকে মেমোর‍্যান্ডাম দিতে, উনি অত্যন্ত উত্তেজিত ভাবে আমাদের প্রশ্ন করেছিলেন যে আপনারা কেন উত্তেজনা সৃষ্টি করছেন, এই রকম একটা মনোভাব ছিল। আমরা বলেছিলাম যে আপনি যদি বসে মিটিয়ে নিতে পারেন তাহলে আমাদের আপত্তি নেই। কিন্তু যে উদ্দেশ্যে প্রেস কর্নার ভাঙ্গা হয়েছিল এবং সাংবাদিকরা সিকিউরিটি রিক্স মনে করে কিনা, সেই সম্পর্কে রাজ্য সরকারের কাছ থেকে এখনও পর্যন্ত কোনও সুস্পষ্ট বক্তব্য আমাদের কাছে আসেনি। সরকার এক রকম ভাবে বিধানসভায় বলছেন, এক রকম ভাবে প্রেস কর্নার করে বলছেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে যে সাংবাদিকদের এই নিয়ে ক্ষোভ এবং অভিযোগ করা দুরের কথা, এই নিয়ে অভিযোগ পুরোপুরি ভাবে বিদ্যমান। সরকার সম্পর্কে আমাদের যে অভিযোগ সেটা হচ্ছে, রাইট টু ইনফর্মেশন ইজ নাউ এ টোটাল অ্যাটাক ইন ওয়েস্ট বেঙ্গল। আমরা দেখলাম যে বেগম খালেদা জিয়া যখন কলকাতা বিমান বন্দরে এসেছিলেন তখন ২২ জন সাংবাদিককে কিভাবে আটকে রাখা হয়েছিল। মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর সঙ্গে বেগম খালেদা জিয়ার যে আলোচনা হয়েছিল এবং কথাবার্তা হয়েছিল সেই ব্যাপারে সাংবাদিকরা একটা ঐতিহাসিক ঘটনার স্বাক্ষর হতে পারলেন না, তাদের আটকে রাখা হয়েছিল এবং তখনও তাদের সিকিউরিটি রিক্স মনে করা হয়েছিল এবং যার জন্য সেখানে তাদের উপস্থিত হতে দেওয়া হলনা। এই রকম অবস্থায় সরকারের কাছে, মন্ত্রীর কাছে আমাদের আবেদন যে গণতন্ত্রের প্রধান হাতিয়ার হিসাবে সংবাদপত্র এবং সাংবাদিকদের আপনারা শত্রুর পর্যায়ে পরিণত না করে বন্ধুত্বের নাগপাশে আবদ্ধ করার চেষ্টা করুন তাহলে এর মধ্যে দিয়ে কিছুটা এই দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়ে উঠবে যে সংসদীয় গণতন্ত্রের বলিষ্ঠ ভিতকে আপনারা দুর্বল করার চেষ্টা করছেন না। এরপরে আপনাকে বলব যে প্রয়াত সত্যজিত রায়, তার ভারত

রত্ন উপাধির পরে একটা সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল যে, এই যে ভারত রত্ন ঘোষিত হয়েছে, কিন্তু তার যে পুরস্কার দেওয়া, সেই পুরষ্কার গ্রহণ করা ইত্যাদি প্রশ্নে তার পরিবারের পক্ষ থেকে একটা অভিযোগ করা হয়েছে, সেই ব্যাপারে কোনও উদ্যোগ পরবর্তী পর্যায়ে নেওয়া হয়নি। আমরা জানতে চাচ্ছি যে ভারত রত্ন উপাধি পাবার পরে রাজ্য সরকারের পক্ষ থেকে এই পুরস্কার কি ভাবে দেওয়া হবে এবং কি পদ্ধতিতে দেওয়া হবে সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোন চিঠিপত্র আদান-প্রদান বা কোন আলোচনা বা কথাবার্তা চালিয়েছেন কিনা? দ্বিতীয় কথা হচ্ছে, এই সরকারের বিরুদ্ধে আমাদের বারেবারে অভিযোগ ছিল যে বাংলা চলচ্চিত্র জগতে আর একজন মহানায়ক ছিলেন উত্তমকুমার। সেই উত্তমকুমারের স্মৃতি রক্ষায় একটা ব্যবস্থা করুন। আপনারা উত্তমকুমারের মৃত্যুর পরে রবীন্দ্র সদন দিতে চাননি। তার মরদেহে মালা পর্যন্ত রাজ্য সরকারের পক্ষ থেকে কেউ দিতে যান নি। কারণ উত্তমকুমারের প্রতি আপনাদের একটা ধারণা ছিল যে তিনি আপনাদের রাজনৈতিক মতাদর্শে বিশ্বাস করতেন না এবং কোনও কোনও ক্ষেত্রে আপনাদের বিভিন্ন ভূমিকাকে সমালোচনা করতেন। এই মহানায়ক উত্তমকুমারের সঙ্গে বাংলার চলচ্চিত্র জগতের যে আত্মীক যোগ আছে, সেই ব্যাপারে বিলম্ব হলেও, আপনাকে বলব যে সেই মহা নায়ক উত্তমকুমারের স্মৃতি রক্ষায় সরকারি কিছু উদ্যোগ আপনারা গ্রহণ করুন। এরপরে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রচারে রাজ্য সরকারের ভূমিকা নিয়ে আপনি একটা বড় অংশ লিখেছেন। আমরা সম্প্রতি আপনাকে সুভাস ঘিসিংয়ের সঙ্গে মুখ্যমন্ত্রীর বা সরকারের বোঝাপড়ার ব্যাপারটা বলতে বলব। যাদের এক সময়ে দেশোদ্রোহি বলেছিলেন, বিচ্ছিন্নবাদি বলেছিলেন, এখন তাদের সঙ্গে হাতে হাত মেলাবার পরে ওরা আর বিচ্ছিন্নবাদি নয়, এই কথা রাজ্যের মানুষকে কিছুটা দেওয়াল লিপি, কিছুটা সরকারের প্রচারের মাধ্যমে আবার প্রচার করার ব্যবস্থা করুন এবং সরকারের তরফে তথ্য দপ্তর থেকে এই উদ্যোগ নিন। সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে আপনি প্রচার করেছেন, কিন্তু গোটা পঞ্চায়েত নির্বাচনটা সি.পি.এম দল পুরো সাম্প্রদায়িক প্রচারের ভিত্তিতে নির্বাচনে অংশ নিয়েছেন। সংখ্যালঘু সম্প্রদায় এবং মুসলিম এলাকায় গিয়ে বাবরি মসজিদ ভাঙ্গার জন্য কংগ্রেস দায়ী এই সব কথা বলে নির্বাচনে সংখ্যালঘু সম্প্রদায়ের ভোটারদের প্রভাবান্বিত করার চেষ্টা করেছেন। আপনি তথ্য দপ্তরের মাধ্যমে সম্প্রীতি প্রচারে আপনার সরকারের এবং আপনার দপ্তরের বিরাট ভূমিকা নিয়ে এখানে যতই আলোচনা করুন, আমি বলব যে আপনার এই সরকারের ভূমিকার সঙ্গে , আপনাদের যে দলের পরিচালিত সরকার, তাদের বক্তব্য বাস্তব ক্ষেত্রে কোনও মিল নেই। আপনারা সাম্প্রদায়িক সম্প্রীতির ক্ষেত্রে যত ভূমিকা নেন না কেন, যতই দৃঢ়তা প্রকাশ করুন না কেন নির্বাচন এলে আপনারা বেসামাল হয়ে পড়েন। ভোটে জেতার জন্য সাম্প্রদায়িক সম্প্রীতির ফিলোজফি, সেকুলার আইডিওলজি জলাঞ্জলি দিয়ে সাম্প্রদায়িক প্রচারের মাধ্যমে নির্বাচনে কার্যত অংশগ্রহণ করেন। এটা আপনাদের সরকারের উপর আমার সুনির্দিষ্ট অভিযোগ। এর পর আপনার কাছে আসতে চাই দু-একটি বিষয়ে যে গুলির ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের কথা বলার দরকার আছে। তার মধ্যে একটা হল, ফিল্ম ইন্সটিটিউট ওপেন করতে এলেন প্রধানমন্ত্রী, আপনি ছিলেন, মুখ্যমন্ত্রী ছিলেন, আপনি ডি-ফ্যাকটো হোম মিনিস্টার ছিলেন, জমি দেওয়া হয়েছে।

[4-35—4-45 p.m.]

ফিল্ম ইন্সটিটিউট যে উদ্দেশ্য নিয়ে এখানে গঠন করা হয়েছে, যেজন্য এখানে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে রাজ্য সরকার জায়গা দিয়ে দিয়েছে বলে তার দায়িত্ব শেষ হয়ে গেল না, এই ব্যাপারে অবহেলা করলে চলবে না। এটা কেন্দ্রীয় সরকারের একটা পরিকল্পনা বলে গা ভাসিয়ে দিলে চলবে না। আপনি তথ্য দপ্তরের মন্ত্রী হিসাবে আপনার একটা দায়িত্ব থেকে যায়, সেই দায়িত্ব থেকে সরে আসার কোনও প্রশ্ন নেই। আরো কিছুটা দায়িত্বের সঙ্গে দায়িত্ব পালন করুন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করুন। এই ব্যাপারে সর্বশেষ পরিস্থিতি কি পর্যায়ে আছে আমাদের সেটা অবহিত করুন। কেবল টি.ভি., জি.টি.ভি, স্টার টিভির নাম এবং বি.বি.সি. টির নাম আমাদের এখানে প্রতিটি জায়গায় পপুলার টি.ভি. হিসাবে চালু হয়ে গেছে। বি.বি.সি-র পাশে অনেক চ্যানেল আছে, স্টার টি.ভি.তে অনেক সময় অ্যাট্রাকটিভ প্রোগ্রাম হয়। এম.টি.ভি-র নামে চ্যানেল চলছে, সেটা মিউজিক টি.ভি. চ্যানেল, সেই চ্যানেলে যৌনতার কুৎসিত অনুপ্রবেশ ঘটেছে। বাড়ির লোকেদের সঙ্গে ভাই বোনকে পাশে নিয়ে সেই সমস্ত দৃশ্য দেখা যাচ্ছে না। রাজ্য সরকারের পক্ষ থেকে এই প্রশ্নে কেন্দ্রীয় সরকারের কাছে আপত্তি করুন যে আমাদের রাজ্যে এই এম.টি.ভি-র দৃশ্য প্রদর্শন বন্ধ করুন। এই ব্যাপারে সুস্পষ্ট বলিষ্ঠ মানসিকতা নিয়ে আমাদের সমর্থন নিয়ে এক যোগে ঐক্যবদ্ধ ভাবে এটা বন্ধ করার উদ্যোগ নিন। এই বিষয়ে আপনাকে আমরা সহযোগিতা করতে প্রস্তুত। আপনার রডন স্কয়ার সম্বন্ধে আমরা একমত হয়ে বলেছিলাম বাণিজ্যিক সাংস্কৃতিক কেন্দ্র হতে পারে না, এটা নিয়ে বিক্ষোভ হয়েছে। এটা একটা জঙ্গলের জায়গা, এটা পার্কের পক্ষে গোলমেলে জায়গা, এখানে বাণিজ্যিক কালচার সেন্টার করছেন, এই কালচার সেন্টার রডন স্কয়ারে কোনও অবস্থাতেই উপযুক্ত জায়গা হতে পারে না। আপনি জেদ ধরে রডন স্কয়ারে কালচার সেন্টার করছেন। এই কালচার সেন্টার কলকাতার আশেপাশে কোনও জায়গায় করুন। রাজ্য সরকারের অনেক অফিস এবং তার বহু দপ্তর সল্ট লেকে নিয়ে চলে যাচ্ছেন। রডন স্কয়ারে সাংস্কৃতিক কেন্দ্র করবার যে প্রশ্ন উঠেছে সেটা সেখানে না করে তাকে আপনি নিয়ে যান সল্ট লেকে, এটা আমাদের একটা প্রস্তাব। এবারে আসছি অ্যাডভার্টাইজমেন্ট ইন নিউজপেপার। আপনি গণশক্তি কে কত টাকা বিজ্ঞাপন দিচ্ছে ইনকমপারিজন টু আদার লিডিং ডেলি নিউজপেপার্স এটা আমাদের জানান। গনশক্তি পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে দলবাজি হচ্ছে। আনন্দবাজার, আজকাল, স্টেটসম্যান, টেলিগ্রাফ বর্তমান এই সমস্ত পত্রিকার কমপারিজন গণশক্তি পত্রিকাকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কি পরিমাণ বিজ্ঞাপন দেওয়া হচ্ছে সেটা বলুন। সি.পি.আই পার্টি একটা পত্রিকা ছিল কালান্তর, সেটা এখন আছে কিনা জানিনা। কালান্তর পত্রিকাকে বাঁচাবার কি ব্যবস্থা করেছেন? সত্যযুগের জন্য আপনারা কি করেছেন? বসুমতি পত্রিকাকে দলবাজি করে নিজেদের পত্রিকায় পরিনত করতে গিয়ে একটা সম্ভাবনামতো পত্রিকা করব সেই বসুমতিকে কলকাতায় চালাতে পারলেন না, সেটাকে নিয়ে যেতে হল শিলিগুড়িতে। যুগান্তর অমৃতবাজার আজকে বন্ধ হয়ে গেছে। রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে মাঝে মাঝে চেষ্টা করেছেন। ডবলু.বি.আই.ডি.সি. একবার চেয়েছিল এই কাগজগুলো খোলার

দায়িত্ব নেবে। অর্থাৎ একটা কনসিসটেন্ট এফর্ট যেটা দরকার, সেই কনসিসটেন্ট এফর্ট, কনসিস্টেন্সি, একটা দপ্তর চালাতে গেলে একটা ধারাবাহিকতার প্রয়োজনে যেটা দরকার তা এই দপ্তরের মধ্যে দেখা যাচ্ছে না। সুতরাং সংবাদপত্রে বিজ্ঞাপন দেবার ব্যাপারে আপনি পক্ষপাতমূলক আচরণ করছেন। কলকাতা থেকে প্রকাশিত দৈনিক পত্রিকাগুলোর চাইতে অনেক বেশি বিজ্ঞাপন আপনি গণশক্তিতে দিচ্ছেন। 'পশ্চিমবঙ্গ' বলে একটা ম্যাগাজিন এখান থেকে বেরোয় বলে আপনি অনেক কিছু দাবি করেছেন। বুদ্ধদেববাবু, আপনার বিবেকে কি একবারও এটা লাগে না যে রাজ্যের বিরোধী দলের কোন নেতার একটা বিবৃতি ছাপাবার চেষ্টা করেছেন? তাহলে কিসের সংসদীয় গণতন্ত্র এবং সংসদীয় গণতন্ত্রে দায়িত্ব নিয়ে বিরোধী দলকে মর্যাদা দেবার কথা বলছেন? ডাঃ জয়নাল আবেদিন এখানে বিরোধীদলের নেতা হলেন, একদিন হলেও তাঁর কোনও বিবৃতি, কোনও ইন্টারভিউ ছাপাবার ব্যবস্থা করেছেন? সিদ্ধার্থ রায় যখন বিরোধীদলের নেতা ছিলেন তখন তাঁর একটা ইন্টারভিউ ছাপিয়েছেন এ পর্যন্ত। আজকে দলবাজি এমন টিপিক্যাল পর্যায়ে চলে গিয়েছে যে পার্টিবাজি করে সবকিছু কুক্ষিগত করবার চেষ্টা করছেন। বিরোধীদলের পক্ষ থেকে কোনওকিছু বলা হলে তা কি যুক্তিসহকারে নেন? আমি জয়নাল আবেদিন সাহেবকে জিজ্ঞাসা করেছিলাম যে একদিনের জন্যও নয়। অথচ আমরা দেখেছি, সি.পি.এম.এর বিমান বসুর বিবৃতি আপনি নিয়েছেন এবং সেটা 'পশ্চিমবঙ্গ' পত্রিকায় ছাপা হয়েছে। এত দলবাজি আপনি করছেন কেন? এর থেকে বেরিয়ে আসার চেষ্টা করুন। বসুমতি পত্রিকা তো শেষ হয়ে গেছে। বিরোধীদলকে একদিকে যেমন গুরুত্ব না দিয়ে চলার চেষ্টা করছেন, তেমনি সংবাদপত্র এবং সাংবাদিকদের সঙ্গে প্রত্যক্ষ সংঘাত চালিয়ে যাবার চেষ্টা করছেন। শিশির মঞ্চে আপনি মানবাধিকার রক্ষা নামে একটা সেমিনার করেছিলেন কিছুদিন আগে। দু'একজন যুবক শিশির মঞ্চে মানবাধিকার রক্ষার সভায় মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিল। তখন সেই যুবকদের সভার মধ্যে পুলিশ লেলিয়ে গ্রেপ্তার করেছেন। সেই ঘটনা আমাদের কলকাতায় বসে দেখতে হয়েছে, সংবাদপত্রের মাধ্যমে আমরা পরে এই সংবাদ জানতে পেরেছিলাম। তাদের গ্রেপ্তার করে গাড়ি চড়িয়ে দূরে কোনও জায়গায় ছেড়ে দিয়েছেন। মুখ্যমন্ত্রীকে কোনও প্রশ্ন করা যাবে না। তারা মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিল, এই অভিযোগে তাদের গ্রেপ্তার করেছিলেন। এবারে আমি চলচ্চিত্র সম্পর্কে কতকগুলো বিষয় সম্বন্ধে বলব। সরকারি নীতি ছিল যে প্রতিটি হলে অন্ততপক্ষে ছ'মাস করে বাংলা ছবি প্রদর্শন করতে হবে। কিন্তু কলকাতার কোনও সিনেমা হলে ছ'মাস করে বাংলা ছবি প্রদর্শিত হচ্ছে না। এখনও অনেক হল আছে যেখানে বাংলা ছবি আদৌ প্রদর্শিত হচ্ছে না। অর্থাৎ সরকারী যে ঘোষণা তার ইম্প্লিমেনটেশন হচ্ছে না। সরকারি অনুদান নিয়ে যে ছবিগুলো. করছেন সেগুলোর দু'একটা পুরস্কার নিয়ে আসা ছাড়া আর কিছু হচ্ছে না, সেগুলো লাভজনক হচ্ছে না। সুব্রতবাবু যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন তখন 'সোনার কেল্লা' করেছিলেন, সেটা অনেকখানি লাভজনক হয়েছিল। আপনারা যে ছবিগুলো করেছেন তারমধ্যে হীরকরাজার দেশে কিছুটা লাভজনক অবস্থায় আনতে পারলেও অন্য ছবিগুলো তার ধারেকাছে পৌছুতে পারছে না। আমি এখানে আসবার আগে কতকগুলো ছবির নাম শুনলাম, যেগুলো নাকি সরকারি অনুদান নিয়ে করা হয়েছে।

[4-45—4-55 p.m.]

এরমধ্যে দু'একটি ছবি হয়েছে যেগুলোর সম্বন্ধে আমি জানি। নাগপাশ, দেবী গর্জন, ছেলেটা, বন্দুক বাজ, পাহাড় থেকে সাগরে এবং প্রাগৈতিহাসিক এই ছবিগুলো হয়েছে কিন্তু রিলিজ হয়নি অথচ এই ছবিগুলোতে টাকা সরকার থেকে অনুদান হিসাবে দেওয়া হয়েছে। আপনারা যে পরিমাণ অর্থ বরাদ্দ করেছেন তার কত পরিমাণ টাকা আপনাদের কাছে এসেছে তার একটা সরকারি হিসাব আমাদের দেবেন। সুতরাং এই খাতে যে বরাদ্দ তাকে সমর্থন করতে পারছি না। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল যে, উর্দু অ্যাকাডেমি, মাননীয় বুদ্ধদেব বাবু এই উর্দু অ্যাকাডেমি ভাষা নিয়ে কিছু লিখেছেন সুতরাং সেক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে যে বাংলা অ্যাকাডেমির মতো উর্দু অ্যাকাডেমিটা কারা দেখবেন তার কিছু বলেন নি। সুতরাং রাজ্য সরকার একটা পদক্ষেপ গ্রহণ করুন যাতে এই তথ্য দপ্তরটি ঠিকমতো কাজ করতে পারেন এই কথা বলে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য মন্ত্রী যে তথ্য সংস্কৃতি দপ্তরের ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন আমি তা সমর্থন করছি এবং বিরোধীপক্ষের আনীত কাটমোশনের বিরোধিতা করছি। বিশেষ করে সৌগতবাবু যে কাটমোশন এনেছেন এবং সুদীপ বাবুর বক্তব্য থেকেও তাই বুঝলাম যে তাঁরা মন্ত্রীর মুখবন্ধটি যাতে বাজেট স্পিচ রয়েছে সেটা পড়েন নি। একটা সরকার যখন চলে সেই সরকারের কাজ জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া, মানুষের কাছে পৌঁছে দেওয়া এবং সঠিক পথ বুঝিয়ে দেওয়া এবং তথ্য যে পরিবেশিত হবে সেটা বস্তুনিষ্ঠ হওয়া উচিত এবং এই কাজ সংবাদপত্রগুলোকেই করতে হয়। তথ্য যেটি দেওয়া, হবে সেটি মানুষের জীবন ভিত্তিক হওয়া দরকার। এমন তথ্য হওয়া উচিত নয় যা জীবনের সঙ্গে কোনও সংযোগ নেই সেইরকম তথ্য দেওয়া উচিত নয়। সংবাদপত্রগুলোকে এই সত্যনিষ্ঠ দিকটা বিশেষভাবে দেখা দরকার। অসত্য তথ্য দিয়ে একটা অপসংস্কৃতির সৃষ্টি করেন। বামফ্রন্ট সরকার যেদিন থেকে প্রতিষ্ঠিত হয়েছে সেইদিন থেকেই ভারতবর্ষের বিভিন্ন সংবাদ দপ্তর দূরদর্শন এবং বেতার এই সরকারের নামে একটি অপপ্রচার করার চেষ্টা করেছেন এবং অপপ্রচার চালিয়ে এই সরকার যাতে শেষ সীমা পর্যন্ত না যেতে পারে, যাতে আর ৫ বছরও টিকতে না পারে তার চেষ্টা করে এসেছে। এরজন্য সংবাদপত্রগুলো বহু অপপ্রচার, কুৎসা রটিয়েছে। সংবাদপত্র একটি বস্তু নিষ্ঠ তথ্য দেওয়া উচিত কিন্তু সেইদিক থেকে তা না দিয়ে কুৎসা রটিয়ে এই সরকারকে প্রথম পদার্পণেই ভেঙ্গে দিতে চেয়েছে। প্রথমের দিকেই মরিচঝাঁপির নানা রকম ব্যাপার, শ্রমিক অসন্তোষ, শিল্প বিকাশ যাতে না ঘটে তারজন্য নানা রকম অপপ্রচার চলতে থাকে। বামফ্রন্ট সরকার যাতে ৫ বছরও পৌঁছতে না পারে তার চেষ্টা করা হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে ছোট কিছু সংবাদপত্রগুলো সহযোগিতা করেছেন, তারা সত্যি সংবাদ পরিবেশন করেছেন, সঠিক সংবাদ পরিবেশন করেছেন, কাল্পনিক কিছু লেখেন নি। সেখানে বড় বড় সংবাদপত্রগুলো পশ্চিমবঙ্গকে হাতিয়ার করে নানা রকম অপপ্রচার চালাতে থাকে এবং

দূরদর্শন ও বেতার এই সরকারের বিরুদ্ধে অপপ্রচার চালাতে শুরু করে কিন্তু এত বাধা সত্ত্বেও এই সরকার ১৬ বছর অতিক্রম করতে চলেছে। এটাই হচ্ছে ওদের বিরাট রাগ। এত রাগ থাকা সত্ত্বেও এই সরকারের কাজগুলো স্বীকার করতে বাধ্য হয়েছেন। তাঁরা একটা জায়গায় বলেছেন যে সংবাদপত্রগুলো ব্যক্তিগত মালিকানায় চলছে এবং যুগান্তর ও অমৃতবাজার খোলার ব্যাপারে কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। আপনারা জানেন না এই অমৃতবাজার, যুগান্তর বন্ধ হল কেন? মাননীয় সৌগত বাবু এবং সুদীপ বাবু তো কাটমোশন দিয়েছেন, এর সমন্ধে জানেন না এই পত্রিকাটা কাদের, কারা এর মালিক? আপনাদেরই তো দলের লোক ঘোষেদের, ওই ঘোষ তো মন্ত্রী ছিলেন, আপনাদেরই তো নেতা। এখানে এই কাগজ নিয়ে তো অনেকবার আলোচনা হয়েছে এবং প্রশ্নের আকারে এসেছে তাও বলা হয়েছে। এখানের পি এফের টাকা নিয়ে মেরে দেওয়ার কথায় নাই বা গেলাম। আমরা তো চাই সেই পত্রিকা চলুক। আমি নিজে একবার প্রশ্নোত্তরে দিয়েছিলাম তাতে মাননীয় মন্ত্রী উত্তর দিয়েছিলেন, আপনারাও অংশ গ্রহণ করেছিলেন। সেই পত্রিকা চলার জন্য যে পরিবেশ দরকার সেই ব্যাপারে আপনারা একটুও উদ্যোগ নেননি। এই পত্রিকা চালাবার জন্য যে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে আপনারা জানেন যে পত্রিকা চললে সুবিধা হবে না, লাভ হবে না, সেইজন্য যারা এই ব্যবসা চালাবে তারা আসতে চাইছে না। এটা সবাই বোঝে, আপনারাও বোঝেন। ছোটখাটো সংবাদপত্র কে আমরা প্রশংসা করি এটা বাজেট বইতেও উল্লেখ আছে। মফঃস্বল শহরে বা জেলা শহরে তো পত্রিকাগুলি অ্যাডভার্টাইজমেন্ট পাচ্ছে তারা প্রশংসিত হচ্ছে, সহযোগিতা পাচ্ছে, কিছু কিছু ছোটখাটো সংবাদপত্র তারা বস্তুনিষ্ঠার সঙ্গে মানুষের দৈনন্দিন যে ঘটনা সেই ঘটনাগুলিকে সঠিক ভাবে তারা তুলে ধরেছেন। অ্যাডভার্টাইজমেন্টের কথা বলেছেন, এই অ্যাডভার্টাইজমেন্টের রেট গণশক্তির একটু বেড়েছে আগের তুলনায়, কিন্তু সার্কুলেশন ও বেড়েছে। এই রেট কি ভাবে হয় সেটা আপনারাও জানেন, কিন্তু অমৃতবাজার বা আনন্দবাজার তাদের অ্যাডভার্টাইজমেন্ট রেট কমে যায়নি। এরসঙ্গে সঙ্গে বলব ছোটখাটো কাগজগুলিকে অ্যাডভার্টাইজমেন্ট দেওয়ার কথা কোনওদিন শুনিনি, যেমন আমাদের এই আমলে আদিবাসী ভাষায় সাঁওতালি ভাষায় পত্রিকা বেরুবে সরকারি উদ্যোগে, আলাপ আলোচনা হবে, এই জিনিস আপনাদের আমলে কল্পনার মধ্যেও ছিলনা। আমরা এই জিনিস করেছি। এই আর্থ সামাজিক ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে সামাজিক পরিবেশের এবং তার সংস্কৃতির মান উন্নত করে ভারতবর্ষের মধ্যে একটি অঙ্গ রাজ্য পশ্চিমবাংলার যে উন্নতি আজকে ঘটেছে এবং যেটুকু আজকে এগিয়েছে সেটা নিশ্চয় আপনারা আজকে ভুলে যাননি। এই সঙ্গে আমি বলব মাননীয় মন্ত্রীকে পশ্চিমবাংলা নামে যে পত্রিকাটি বের হয় এটা আরো ব্যাপকভাবে চলুক, আমাদের সব খবর প্রত্যেকটি গ্রামে পৌঁছে যাক, লাইব্রেরিতে পৌঁছে যাক। আমাদের এই সমস্ত প্রজেকশন উন্নয়নমূলক কাজে আমরা কতটা এগুতে পারলাম সমস্ত তথ্যটা গ্রামের মানুষের কাছে পৌঁছে যাক, একটা যোগসূত্র তৈরি হোক এই দাবি আমি করছি। কেবল বিভ্রান্তিকর খবরের মাধ্যমে প্রেস কর্নার ভেঙে গেল কি ভেঙে গেল না এটা নিয়ে যে বিভ্রান্তি সৃষ্টি হবে, এই বিভ্রান্তির মধ্যে থাকার দরকার নেই। সেইজন্য আমি বলব মাননীয় মন্ত্রীকে আরো ছোটখাটো কাগজে প্রতি দৃষ্টি দিতে। কাগজগুলির কি নিরপেক্ষতা আছে? আজকে যে ঘটনার পরিপ্রেক্ষিতে প্রেস

কর্নার উঠল এই ঘটনা কি বাঞ্ছনীয়? সাংবাদিকরা মুখ্যমন্ত্রীকে যে আক্রমণ করতে যাচ্ছে এতো অভাবনীয় ব্যাপার। এত যে ঘটনা ঘটেছিল সেটা তো আগে থেকেই সব প্লান হয়ে আছে, কোন দরজায় বসতে হবে, কি ভাবে বসতে হবে। এটা ঠিকই যে সাংবাদিকদের স্বাধীনতা আছে সব কিছু তারা লিখতে পারবেন, কিন্তু সত্য ন্যায়নিষ্ঠ সংবাদ পরিবেশনের দায়-দায়িত্ব তো তাদের থাকবে। শহর ভিত্তিক সাংস্কৃতিক কেন্দ্র গড়ে উঠেছে নন্দনে। গ্রামের সাংস্কৃতিক কেন্দ্রর দিকে লক্ষ্য রাখেন তাহলে দেখতে পাবেন সেখানে ভি.ডি.ও. হল গড়ে উঠেছে, সেখানে কি দেখানো হচ্ছে এই ব্যাপারে অবশ্য আমাদের লক্ষ্য রাখতে হবে। আজকে বাংলার ছবির মান যাতে উন্নত হয়, এবং সিনেমা হলগুলিতে যাতে পুনরুজ্জীবিত করা যায় সেইদিকে লক্ষ্য রাখবেন। গ্রামের মানুষের স্বার্থে শহরের মানুষের স্বার্থে যাতে সংস্কৃতির যোগসূত্রটা স্থাপন করা যায় সেইদিকে লক্ষ্য রাখবেন। এই ক'টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-55—5-05 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমাদের তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি সেই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন দেওয়া হয়েছে তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। বিগত ১৬ বছরে এই দপ্তরের বাজেট বরাদ্দ আট গুন বেড়েছে। এই দপ্তরের মন্ত্রী কল্পনা শক্তি বিহীন, দাম্ভিক ও স্বৈরাচারি মনোভাব সম্পন্ন। মন্ত্রি বুদ্ধদেব বাবুর অকর্মণ্যতা ও অপদার্থতার জন্য এই দপ্তর একটা হতাশাগ্রস্ত অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে এবং একটার পর একটা টাকা তছরূপ করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট বক্তৃতাতে শুনিয়েছেন বসুমতী পত্রিকা নিয়ে আশ্বাসবানী। তিনি বসুমতী পত্রিকা চোরের মতো বন্ধ করে দিলেন। কলকাতার ম্যানেজিং ডিরেক্টর নোটিশ দিলেন গত বছরে, যে ৩,৪,৫,৬, ও ৭ই অক্টোবর পুজোর জন্য প্রচার বন্ধ থাকবে এবং অফিসও বন্ধ থাকবে এবং পূজোর পরে ৮তারিখ থেকে আবার বসুমতী পত্রিকা চালু হবে। কিন্তু আমরা দেখলাম তারপর থেকে আর পত্রিকা চালু হলনা। সাহস হল না আপনাদের ঘোষণা করে ঐ পত্রিকা বন্ধ করে দেওয়া। শিলিগুড়ি থেকে এখন ঐ পত্রিকা প্রকাশিত হচ্ছে এবং ১৮০০ কপি বিক্রি হচ্ছে কিনা সন্দেহ। ঐ পত্রিকা নিয়ে লক্ষ লক্ষ টাকা তছরূপ করা হয়েছে। পত্রিকার অফিস বাঘাযতীন পার্কে অফার থাকা সত্ত্বেও ওখানে আপনি অফিস না করে অন্য জায়গায় চলে গেলেন এবং শহর থেকে আপনি পঞ্চায়েত এলাকায় চলে গেছেন। যে জায়গায় অফিস করা হয়েছে সেটা কার? ঐ জায়গাটা হচ্ছে আপনার দলের স্থানীয় পঞ্চায়েত প্রধান ভবেশবাবুর আত্মীয়ের জমি। সেইজন্য বাজার থেকে বেশি দামে সেই জায়গাটা আপনারা নিলেন। শহর এলাকায় জায়গা থাকা সত্ত্বেও আপনারা সেই জায়গা নিলেন না। একটা লুজিং কনসার্ন টাকা বাঁচাবার চেষ্টা না করে, অতিরিক্ত টাকা সেখানে দিতে হল। শহর এলাকায় কি ঐ রকম জায়গা নেই? শিলিগুড়িতে কি ঐ রকম জায়গা নেই? লোডশেডিং-এর জন্য ৪০ কে.ভি. জেনারেটারের একটা সাজেশন দেওয়া হল। কিন্তু ২০ কে.ভি করে দুটো জেনারেটার কেনা হল। কিন্তু ২০ কে.ভির সেই জেনারেটার লোড টানতে পারছে না। কিন্তু ৪০ কে.ভির

জেনারেটার হলে মেশিনের লোড নিতে পারত। এইভাবে প্রচুর টাকার অপচয় হচ্ছে। এরজন্য কি আপনি বাজেটে টাকা নেবেন? এখন আপনাকে শিলিগুড়ি শহর এলাকার একটা জায়গা থেকে কপি ছেপে লরি করে আপনাকে নিয়ে আসতে হচ্ছে। আপনার আগে যিনি মন্ত্রী ছিলেন সেই প্রভাস ফাদিকার মহাশয় ১৯৮৫ সালের ১০ এপ্রিলের আশ্বাসবানী শুনিয়েছিলেন, তিনি বসুমতী পত্রিকা নিয়ে আর্থিক আশ্বাসবানী শুনিয়েছিলেন। আপনার মধ্যে এত স্বৈরাচারী মনোভাব যে আপনি ১৯৮৭ সালে দায়িত্ব নেওয়ার পর থেকে এই পত্রিকাটা ডুবে যাচ্ছে। আপনি আপনার কিছু পেটোয়া লোককে সেখানে ঢুকিয়েছেন। অবসর প্রাপ্ত একজন লোক অজিত সরকার, তাকে আপনি বসুমতী পত্রিকায় ঢুকিয়েছেন। বসুমতী পত্রিকায় তার রোলটা কি? কলকাতায় যে সমস্ত ট্রেনি ইয়ং সাংবাদিক আছে তাদের আপনি সুযোগ দিচ্ছেন না। অবসর প্রাপ্ত একজন লোককে আপনি সেখানে বসিয়ে দিয়েছেন। এদিকে ইয়ং ট্রেনি সাংবাদিকগুলোর ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাচ্ছে। আপনারা খুব শ্রমিকদের প্রতি দরদের কথা বলেন। আপনারা খুব শ্রমিক আন্দোলন করেন খুব শ্রমিক দরদী সরকার আপনারা। 'বামফ্রন্ট সরকার শ্রমিকদের সংগ্রামের হাতিয়ার' ইত্যাদি নানান কথা বলেন। কিন্তু আসলে ব্যাপারটা কি হচ্ছে? স্থায়ী কাজের জন্য ডেলি রেটে লোক নিচ্ছেন কেন? কেন সেই কর্মচারিদের আপনারা বঞ্চিত করছেন? তারপর আপনি পাক্ষিক বসুমতি সম্বন্ধে কয়েকটি কথা বলেছেন। পাক্ষিক বসুমতি দুশো কপির বেশি বেরয় কিনা সন্দেহ। এই একটা লুজিং কনসার্ন, সেটাকে কি করে ইমপ্রুভ করবেন তা না দেখে, তার জনপ্রিয়তা কি করে বাড়াবেন সে কথা চিন্তা না করে-যাতে সেই লস আরো বেড়ে যায় সেই কাজ করছেন। সি.পি.এমের অনেক এম.এল.এ-ও বলতে পারবেন না যে এই পাক্ষিক বসুমতি কি রকম পত্রিকা এবং সেটা পড়েছেন কিনা। এই রকম একটা পত্রিকা তার লস আটকাবার চেষ্টা করছেন না বরং আমরা দেখছি তার লস বেড়েই যাচ্ছে। এই কারণে সেখানে লস বাড়ছে যে আপনারা নয়ছয় করছেন। আপনার দূরদর্শিতার অভাব, আপনার গোঁয়ারতুমির জন্য এই পত্রিকাটি আরো লসের মধ্যে পড়ে যাচ্ছে। তারপর আমরা দেখেছি, আপনারা খুব গণতন্ত্রের কথা বলেন। গণতন্ত্র সম্বন্ধে অনেক বড় বড় কথা এরমধ্যে রয়েছে। আপনার বক্তব্য পড়তে গিয়ে দেখলাম যে আপনি আকাশবানী এবং দূরদর্শনকে খুব গালাগাল দিয়েছেন। স্যার, আমরা ছোটবেলায় দেখতাম যে কমিউনিস্ট পার্টি করতে গেলে কয়েকটি কথা জানতে হয় প্রগতিশীল, প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে লড়তে হবে ইত্যাদি ইত্যাদি। আপনি বোধহয় ভেবে নিয়েছেন তথ্যমন্ত্রী হতে গেলে শুধু আকাশবানী এবং দূরদর্শনকে গালাগাল দিতে পারলেই বোধহয় আপনার কাজ হয়ে যায়। আপনারা তো অনেক গণতন্ত্রের কথা বলেন, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করছি, আপনি আপনার দপ্তরে যে প্রেস অ্যাকক্রাডিটেশন কমিটি করেছেন সেটা কাদের নিয়ে করেছেন? এই কমিটির ব্যাপারে প্রেস ইনফরমেশন ব্যুরো, গভর্নমেন্ট অব ইন্ডিয়ার Accreditation rules notification by ministry of Information and Broadcasting vide letter no. 250/7/85 dated 30/31May. তারা একটা নোটিশ দিয়েছেন এবং তারমধ্যে রুল ৪.২ টা মেনশন করে দিয়েছেন। আপনি জানেন, Central Press Accreditation committee shall consist of the representatives of recognised associations/organisation of working

journalists and editors. এটা আছে। এখন আপনি বলুন তো আপনি যে কমিটিটা করেছেন এই কমিটিতে কোন জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের রিপ্রেজেনটেটিভকে নিয়ে করেছেন, এডিটারদের রেজিস্টার্ড অর্গানাইজেশনের রিপ্রেজেনটেটিভদের নিয়ে করেছেন? কাদের নিয়ে এই কমিটিটা করেছেন? সাংবাদিকদের পরিচয়পত্র দেবার জন্য যেভাবে কমিটি গঠন করার নিয়ম আছে সেই নিয়মকে আপনি ভায়লেট করে আপনার নিজের স্বেচ্ছাচারিতাকে নিয়ে চলার জন্য, আপনার ইগোকে এস্টাবলিশ করার জন্য আপনার দম্ভ দেখানোর জন্য নিজের মনের মতো লোকদের নিয়ে আপনি সেই কমিটি করেছেন। আপনারা তো কংগ্রেসের বিরুদ্ধে অনেক কথা বলেন, বলুন তো কংগ্রেস সরকার যেখানে আছে সেখানে কোথায় এই জিনিস হয়েছে? P.I.B, Delhi, Andhra Pradesh, Orissa, Haryana, Himachal Pradesh. প্রতিটি সরকার কিন্তু সাংবাদিকদের প্রতিনিধিদের নিয়ে কমিটি করেছেন। আপনি কিন্তু তা করেন নি। আপনাদেরই দলে যিনি ছিলেন, পরলোকগত শ্রী স্নেহাংশুকান্ত আচার্য, পশ্চিমবঙ্গে এই ধরনের একবার চেষ্টা হয়েছিল করার, তার বিরুদ্ধে তিনি সুপ্রিম কোর্টে গিয়ে লড়াই করেছিলেন, প্রতিবাদ জানিয়েছিলেন আর আপনি সেই দলেরই একজন মন্ত্রী হয়ে সেই নিয়মটাই মানছেন না। সেখানে সাংবাদিকদের পরিচয়পত্র দেবার জন্য যে কমিটি তা নিজের পেটোয়া লোকেদের নিয়ে নিজের খেয়ালখুশি মতন করছেন। সেখানে এতটুকু লজ্জা আপনার করে না অথচ আপনি আকাশবানী এবং দূরদর্শনের বিরুদ্ধে বলছেন। হ্যাঁ, এদের বিরুদ্ধে আমাদেরও অভিযোগ আছে। দূরদর্শনে যে কোনও স্থানীয় সংবাদ শুনতে এবং দেখতে গেলেই দেখা যাবে জ্যোতিবাবু আর বুদ্ধদেব বাবুকে। এখানকার আর কোনও নেতাকে অত দেখা যায়না। আপনার অনেক শাখা সংগঠনের নেতারা যেভাবে আকাশবানী এবং দূরদর্শনে প্রচার পেয়ে থাকেন আর কি কোথাও সে রকম হয়? তা ছাড়া আপনাদের যুবমানস পত্রিকা, পশ্চিমবঙ্গ পত্রিকা, বসুমতিতে যেভাবে আপনাদের দলের নেতারা প্রচার পেয়ে থাকেন সেটা কি আপনি জানেন না? পশ্চিমবঙ্গ পত্রিকা থেকে এরকম অনেক নেতার নাম জানা যায় যারা নাকি সব বড় বড় সাহিত্যিক। যুবমানস এবং পশ্চিমবঙ্গ পত্রিকাতে আপনাদের দলের লোকেদের লেখা বের হয়। কাজেই আপনাদের মুখে অন্যের সমালোচনা শোভা পায় না। সেটা যদি করেন তাহলে তা গণতন্ত্র বিরোধী বলেই আমরা মনে করব। আপনি মন্ত্রী হবার পর পশ্চিমবঙ্গে কালচারাল ডেভেলপমেন্টের জন্য আপনারা অনেক শিল্পীকে টাকা লোন দিয়েছেন। আপনি বলুন তো উৎপল দত্ত, সলিল চৌধুরি, গৌতম ঘোষকে রাজ্যসরকার কত টাকা লোন দিয়েছেন এবং তারমধ্যে কত টাকা তারা শোধ করেছেন? আপনি বলুন তো অনিল চ্যাটার্জির রেকমেনডেশনে কাদের কত টাকা দিয়েছেন এবং তারা কত টাকা রাজ্যসরকারকে শোধ দিয়েছেন? কাদের টাকা দিচ্ছেন আপনি? আপনাদের দলের মনোভাবাপন্ন কিছু পেটোয়া শিল্পীকে শুধু টাকা দিচ্ছেন কিন্তু তার গুণগত মান কতটা আছে সেটা বিচার করছেন না। শুধু আপনাদের সঙ্গে তার অ্যালাইনমেন্ট কতটা আছে, আনুগত্য কতটা সেটা দেখে সেই ভিত্তিতে টাকা দিচ্ছেন। কিন্তু সেই টাকা তিনি আদায় করতে পেরেছেন কি? মন্ত্রী মহাশয় এই সমস্ত শিল্পীদের যতটাকা দিয়েছেন তার কত আদায় করতে পেরেছেন, কত টাকা তারা শোধ দিয়েছেন, কতটা কাজ হয়েছে মন্ত্রী মহাশয় আশা করি তা জানাবেন।

[5-05—5-15 p.m.]

একটু আগে মাননীয় সদস্য ক্ষুদ্র সংবাদ পত্র সম্পর্কে উল্লেখ করেছেন। ক্ষুদ্র সংবাদ পত্রে কত টাকা বিজ্ঞাপন দেওয়া হয়, জেলার ক্ষেত্রে জেলা প্রশাসনের মাধ্যমে বিজ্ঞাপন যা দেওয়া হয় ক্ষুদ্র সংবাদ পত্রগুলোকে তার পেমেন্ট সময় মতো করা হয় কি? আমি জানি মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে ৯২ সালের মার্চ মাসের পর থেকে যে সমস্ত ক্ষুদ্র পত্র পত্রিকাকে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল তার কোনও পেমেন্ট এখনও পর্যন্ত করা হয়নি। অনেকে এসে আমাদের কাছে বলেছে, তারা বিজ্ঞাপন পেয়েছে কিন্তু এখনও পর্যন্ত টাকা পায়নি। আপনার লজ্জা করে না এই সমস্ত টাকা নিয়ে আপনি নয় ছয় করছেন? একটু আগে প্রশান্ত বাবু বললেন প্রেস কর্নার সরানোর ব্যাপারে, জানিনা বুদ্ধদেব বাবুরও ঐ মত কি না, সুদীপ বাবুও বলেছেন যে ঘটনার পরিপ্রেক্ষিতে এটা করা হয়েছে, মমতা ব্যানার্জির উপর প্রতিশোধ নিতে গিয়ে সাংবাদিকদের ওখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে। মমতা ব্যানার্জি আজ আছে কাল থাকবে না, কিন্তু তার উপর প্রতিশোধ নিতে গিয়ে সাংবাদিকদের উপর প্রতিশোধ নিলেন, আপনি যদি বলতেন যে মুখ্যমন্ত্রীর সিকিউরিটির জন্য এই জিনিস করা হয়েছে সংবাদ পত্রের প্রতিনিধিদের সঙ্গে কথা বলে এটা করা হয়েছে, সেখানে আমাদের বক্তব্য আমরা অন্য ভাবে রাখতাম। কিন্তু যখন আপনার দলের বিধায়ক পর্যন্ত বলছেন যে মমতা ব্যানার্জির উপর প্রতিশোধ নেবার জন্য এটা করা হয়েছে মমতা ব্যানার্জি যদি ভুল করে থাকে তাহলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নিন, তার উপর প্রতিশোধ নিতে গিয়ে কেন সাংবাদিকদের হেনস্থা করবেন? আমি অনুরোধ করবো যে প্রেস কর্নার-এ কেন সাংবাদিকরা যাচ্ছেন না, এই সম্পর্কে খোঁজ খবর নিয়ে দেখুন। গণশক্তির সাংবাদিকরা পর্যন্ত সেখানে যাচ্ছে না সুদীপ বাবু বলেছেন, বসুমতী যাচ্ছে না। আর একটা জিনিস বলার আছে, যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকা সম্পর্কে। প্রশান্ত প্রধান মহাশয় বললেন যে আমাদের দলের লোক বলে নাকি আপনারা কোনও ব্যবস্থা নিতে পারছেন না। ভাল কথা বলেছেন, আমাদের দলের লোকদের মারছেন, রাস্তায় এম.এল.এ.দের ধরে মারছেন আর কে কবে আমাদের দলের লোক ছিলেন, মন্ত্রী ছিলেন, তার জন্য নাকি কোনও ব্যবস্থা নিতে পারছেন না। কংগ্রেসের যত সদস্য আছে, আফ্রিকার পপুলেশনও তা হবে না। সেই অবস্থায় দাঁড়িয়ে আপনারা যুগান্তর, অমৃতবাজার পত্রিকার মালিকদের কবে আমাদের সদস্য ছিল, তার জন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন না, আপনারা জানান যে কোন ব্যবস্থা নিতে গিয়ে কংগ্রেসের তরফ থেকে বাধা এসেছে। আসলে আপনাদের দুর্বলতা অন্য জায়গায় আছে। যার জন্য আপনি ব্যবস্থা নিতে পারছেন না। সেই যুগান্তর অমৃতবাজার পত্রিকার কর্মচারিরা আজকে কোন অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে, অনেকে আত্মহত্যা পর্য্যন্ত করেছে, অনাহারে অর্ধাহারে তাদের দিন কাটাতে হচ্ছে। আসলে আপনাদের দুর্বলতা অন্য জায়গায় রয়েছে। সেইজন্য আপনি কোনও ব্যবস্থা নিতে পারছেন না। কাজেই আমি আগেই বলেছি আট গুন টাকা আপনি বাজেট বরাদ্দে বাড়িয়েছেন, কিন্তু আট গুনের কয়েক গুন বেশি কাজ কমে গেছে। আসলে এই দপ্তরটা রাখা হয়েছে দলবাজি করার জন্য, কিছু লোককে পোষণ করার জন্য, তাদেরকে প্রোভাইড করার জন্য, সেই জন্য এই দপ্তরের ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা

করে এবং আমাদের কাট মোশনের সমর্থনে বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। গত ৬ই ডিসেম্বরের ঘটনার আগে থেকে এবং বিশেষ করে তার পর থেকে পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি বিভাগ যে ভাবে সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে এবং মৌলবাদের বিরুদ্ধে প্রচার করে চলেছে তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। শুধু এই ক্ষেত্রেই নয়, পঞ্চায়েতি ব্যবস্থার পক্ষে, সাধারণ মানুষের শিক্ষার প্রসারে সাক্ষরতা কর্মসূচির পক্ষে, ভূমি সংস্কারের পক্ষে, পরিবেশ দূষণের বিরুদ্ধে এই দপ্তর যেভাবে প্রচার চালাচ্ছে তা সত্যিই অভিনন্দন যোগ্য। আমি মন্ত্রী মহাশয়কে আরো ধন্যবাদ দিচ্ছি, তিনি 'পশ্চিমবঙ্গ' পত্রিকাটির মান খুবই উন্নত করে তুলেছেন। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা কথা বলতে চাই যে, সরকারের যে সমস্ত মূল্যবান পোস্টার এবং ফোল্ডার ছাপানো হয় অতীতে নিয়ম ছিল সেগুলো নিয়মিত ইউনিয়ন বোর্ডগুলোকে পাঠানো হ'ত। কিন্তু বর্তমানে সেগুলো গ্রামাঞ্চলে পঞ্চায়েতগুলোর কাছে পাঠান হয় না। জেলা অফিসগুলো পর্যন্ত হয়ত যায় এবং সেখানেই বান্ডিল বাঁধা অবস্থায় পড়ে থাকে কিছু কিছু লোকে পায়। গ্রামাঞ্চলে ঐ সমস্ত কাগজ-পত্র দেখা যায় না। অথচ গভর্নমেন্ট অফ্ ইন্ডিয়ার কাছ থেকে আমরা নিয়মিত তাদের ছাপা প্রচার পুস্তিকা এবং অন্যান্য কাগজ-পত্র ডাক যোগে পেয়ে থাকি। 'পশ্চিমবঙ্গ' পত্রিকা আগে আমাদের কাছে সব সময় ডাকে যেত। কিন্তু এখন আর ডাকে যায় না। আমাদের পেতে হলে এখানে এসে পেতে হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, যে সমস্ত প্রচার পুস্তিকা ছাপানো হয় তা আমাদের কাছে ডাক যোগে পাঠাবার তিনি ব্যবস্থা করুন এবং গ্রামাঞ্চলে সেগুলো যাতে নিয়মিত যায় তার জন্য তিনি উদ্যোগ গ্রহণ করুন। আমরা লক্ষ্য করি কলকাতা শহর এবং আশপাশ এলাকায় এবং কিছু কিছু জেলা শহরে সাম্প্রদায়িক সম্প্রীতি এবং অন্যান্য বিষয়ের ওপর হোর্ডিং দেওয়া হয়। ঐগুলি যাতে গ্রামাঞ্চলেও দেওয়া হয় তার জন্য তিনি ব্যবস্থা নিন। তা যদি দেওয়া হয় তাহলে ঐগুলো অনেক বেশি মূল্য পাবে এবং প্রচারটা অনেক বেশি কার্যকর হবে। মাননীয় মন্ত্রী মহাশয় মালদহের 'গম্ভিরা' এবং 'ডোমনীর' জন্য যে উদ্যোগ গ্রহণ করেছেন সেজন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। লোকসংস্কৃতির বিকাশ এবং প্রসারের জন্য তিনি 'গম্ভিরা' এবং 'ডোমনীর' উন্নতি সাধনে উদ্যোগী হয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরবঙ্গের লোকেদের জন্য 'বসুমতী' কাগজটিকে শিলিগুড়িতে নিয়ে গেছেন। সেটা শিলিগুড়ি থেকে সুন্দরভাবে ছেপে প্রকাশিত হচ্ছে। কিন্তু দুঃখের কথা হচ্ছে 'বসুমতী' পত্রিকা নিয়মিত উত্তরবঙ্গের গ্রামাঞ্চলের মানুষদের কাছে পৌঁছচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি 'বসুমতী' পত্রিকা উত্তরবঙ্গের গ্রামাঞ্চলে প্রচার করার ব্যবস্থা করুন, তাহলে একদিকে যেমন উত্তর বাংলার গ্রামের মানুষ দৈনিক পত্রিকা পড়ার সুযোগ পাবে, অপর দিকে 'বসুমতী' পত্রিকার প্রচার সংখ্যাও বৃদ্ধি পাবে। 'বসুমতী'র গ্রাহক সংখ্যা বাড়বে। সংবাদপত্রে সরকারি বিজ্ঞাপন দেওয়ার বিষয়ে আমি দু'একটি কথা মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই। কলকাতা শহর এবং শহরের আশপাশের পত্র-পত্রিকাগুলিকে যে পরিমাণে

সরকারি বিজ্ঞাপন দেওয়া হয় তার তুলনায় গ্রামাঞ্চলের মফঃস্বলের পত্র-পত্রিকা গুলিকে খুবই কম এই সুযোগ দেওয়া হয়। কয়েকটি বড় জেলা শহর যদিও কিছুটা এই সুযোগ পায়, কিন্তু ছোট জেলাগুলোর ছোট ছোট পত্র-পত্রিকাগুলো মোটেই সুযোগ পাচ্ছে না। এই বিষয়টির ওপর একটু নজর দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তাদের যেন অবহেলা না হয়, এটা তিনি একটু দেখুন। সব জেলাকে সমান ভাবে বিজ্ঞাপন দেবার জন্য অনুরোধ করছি। এই প্রসঙ্গে আমি একটা অনুরোধ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে করছি — জানি না এটা তথ্য ও সংস্কৃতি বিভাগের বিষয় — কিনা আমাদের বিনয় সরকার একজন অত্যন্ত পন্ডিত ব্যক্তি তাঁর নামে বিশ্ববিদ্যালয়ে একটা চেয়ার করার আমি অনুরোধ করছি। ইতিপূর্বে বেনারস ইউনিভার্সিটিকে একটা চেয়ার করার জন্য আবেদন জানানো হয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আর একটা অনুরোধ হচ্ছে, রজনী কান্তের 'গৌড় ও পান্ডুয়ার ইতিহাস' বই-টি বর্তমানে পাওয়া যাচ্ছেনা। সেটি আবার ছেপে প্রকাশ করার ব্যবস্থা করলে সেটা মানুষের পক্ষে খুবই উপকারের হবে।

[5-15—5-25 p.m.]

আর একটি কথার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, মালদায় জগজীবনপুরে যে খোঁড়ার কাজ হচ্ছিল সেই খোঁড়ার কাজ এখন পুরো হয়নি। সেখানে গুরুত্বপূর্ণ বুদ্ধবিহার পাওয়া গেছে। এটা আপনি লিখেছেন তা আমি জানি। আমি শুনেছি, অর্থের অভাবে কাজ অগ্রসর হচ্ছে না। আরো যদি কিছু অর্থ বরাদ্দ করা যায় তাহলে আরো ব্যাপকভাবে খননের কাজ করা যায় এবং তাতে অনেক কিছু বেরুবে বলে আমার বিশ্বাস। যদি আপনার পক্ষে অর্থ বরাদ্দ করা সম্ভব না হয় তাহলে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে বলে তাদের দিয়ে করালে আমরা নতুন একটা ইতিহাস জানতে পারব। আমি যতদূর শুনেছি, জগজীবনপুরে মহেঞ্জোদরোর মতন ইতিহাস বেরুবার সম্ভাবনা আছে। সুতরাং এক্ষেত্রে আরো অনুসন্ধানের প্রয়োজন আছে। আমরা আগে দেখতাম, গ্রামে তথ্য ও সংস্কৃতি দপ্তরের একটা গাড়ি থাকত। সেই গাড়ি থাকত। সেই গাড়ি গ্রামে গ্রামে ঘুরে সিনেমা দেখাত, পথেরপাঁচালি থেকে শুরু করে অনেক তথ্যচিত্র গ্রামে দেখানো হতো। কিন্তু মালদা জেলায় গত ১০।১৫ বছর ধরে দেখছি, সেই গাড়িগুলিকে আর দেখা যাচ্ছে না। সেইসব গাড়ি আছে কিনা জানি না। যদি জিজ্ঞাসা করি, তাহলে বলে গাড়ি খারাপ। একজিবিশন বা যদি বলি এখানে শো করবেন, তাহলে বলে আমাদের গাড়ি নেই। এখন ছোট ছোট জীপ হয়েছে, ছোট ছোট মেশিন বেরিয়েছে। গ্রামে যদি এগুলি দেওয়া যায় তাহলে ভাল হয়। কারণ আজকাল ভিডিওর মাধ্যমে যে সব ফিল্ম দেখানো হচ্ছে তাতে করে তরুণ সমাজ নষ্ট হয়ে যাচ্ছে। অনেক জিনিসের উন্নতি হয়েছে, লোকে অ্যাপ্রিসিয়েট করে। কিন্তু যা কিছু উন্নতি হচ্ছে সবই শহরকেন্দ্রিক। আমাদের রাজ্যে ডেভেলপমেন্টের যে কর্মযোগ্য হচ্ছে তা গ্রামের লোক জানতে পারছে না। এখানে ফ্যামিলি প্ল্যানিং নিয়ে যতই বক্তৃতা করি, গ্রামের মানুষকে এইসবের মাধ্যমে যদি উদ্বুদ্ধ করতে না পারি তাহলে কিছু হবে না। সুতরাং আমার অনুরোধ, গ্রামে পুনরায় এই ব্যবস্থা চালু করুন। আর একটি কথা বলছি, লোকরঞ্জন শাখার কথা উল্লেখ দেখলাম না। গ্রামে

এটা খুব সমাদরের জিনিস ছিল। একে আরো জোরদার করা যায় কিনা এবং গ্রামে আরো বেশি করে পাঠানো যায় কিনা দেখবেন। এই কয়েকটি কথা বলে বাজেটের সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের আনা বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের যে কাটমোশন আছে তাকে সমর্থন করছি। বাংলার কংগ্রেসিরা যে কথা ভাবছে সি.পি.এমের যে অপ-কাজ তার বিরুদ্ধে যে আপোষহীন লড়াই সেই লড়াইয়ের অংশীদার হিসাবে আমি এই বাজেটের উপর বক্তব্য রাখছি। বুদ্ধদেববাবু এই দপ্তরের ২বার মন্ত্রী হয়েছেন। একবার ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত মন্ত্রী হয়েছিলেন, তারপর ১৯৮৭ সাল থেকে বর্তমানে ১৯৯৩ সাল পর্যন্ত মন্ত্রী হয়ে আছেন। গতবারের তুলনায় উনি কিছুটা ম্যাচিওর্ড হয়েছেন। এবারকার বাজেট বক্তৃতা দেখে তাই মনে হচ্ছে। বুদ্ধদেব বাবুর বাজেট বক্তৃতায় আমি দেখলাম, উনি বলেছেন, We are prepared to agree to the proposal of privatization of this media for some fixed hours. বুদ্ধদেববাবু প্রাইভেটাইজেশনের জন্য টি.ভির ক্ষেত্রে কিছুটা রাজি হয়েছেন এবং ওনার বক্তৃতায় আছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা করে কি কি কাজ করেছেন সেটা উনি বলেছেন। কোথাও আই.সি.সি.আরের সঙ্গে মিলে হো-চি-মিনে গ্যালারি বানিয়েছেন, কোথাও উনি ইস্টার্ন জোনাল কালচারের সঙ্গে মিলে একসাথে কালচারাল ফেসটিভাল করেছেন, কোথাও উনি সার্ক দেশের যে ফিল্ম ফেস্টিভাল তা নন্দনে দেখাবার চেষ্টা করেছেন। সর্বোপরি কেন্দ্রীয় সরকারের সাহায্যে এখানে একটা ফিল্ম ইনস্টিটিউট স্থাপনের কথা বলেছেন। এগুলো ম্যাচিওরিটির লক্ষ্যণ। বুদ্ধদেববাবুর আগে যে কনফ্রন্টেশনের মনোভাব ছিল সেই কনফ্রন্টেশনের মনোভাব থেকে তিনি সরে এসেছেন, কিন্তু আমি বলব, ছেলেমানুষিটা তাঁর যায়নি। নিজের ইগোতে দাঁড়িয়ে থাকবার মানসিকতার জন্য পশ্চিমবঙ্গের স্বাধীন সাংবাদিক জগতে তিনি দারুন বাধা হয়ে দাঁড়িয়েছেন। বারবার তিনি এই ভুল করেন। বহরমপুর পৌরসভা নিয়ে এই ভুলটা তিনি করেছিলেন। আগে সেখানে কংগ্রেস জিতে এসেছিল, কিন্তু তিনি সেই পৌরসভা ভেঙ্গে দিলেন। এবাবে আবার কংগ্রেস জিতে এল, কিন্তু এবারে তিনি বললেন মানুষ চোরদের ভোট দিয়েছেন। এই যে ইগো তারই জন্য ভুল হয়ে যায় তাঁর। দার্জিলিংয়ে সুভাষ ঘিসিং এর সঙ্গে লড়াই এর কথা বলেছিলেন, কিন্তু এখন সেখানে মুখ্যমন্ত্রীকে গিয়ে সমঝোতা করতে হচ্ছে। ৭ই জুন, ১৯৯২, মমতা ব্যানার্জি রাইটার্স বিল্ডিংয়ে গিয়েছিলেন, কিন্তু তাঁকে পুলিশ দিয়ে টেনে হিঁচড়ে বের করে দিয়েছিলেন। পরে তার রাগটা গিয়ে পড়ল সাংবাদিকদের উপর। ফলে সেখানে মুখ্যমন্ত্রীর কক্ষের সামনে দীর্ঘ দিনের যে প্রেস কর্নার ছিল সেটাকে ভেঙ্গে গুঁড়িয়ে দিলেন, বললেন বিকল্প জায়গায় প্রেস কর্নার করবো। একদিন আমরা তাঁর সঙ্গে এই ব্যাপারে কথা বলতে গিয়েছিলাম। তিনি বলেছিলেন এই ব্যাপারে আপনাদের সঙ্গে কি কথা বলব? তারপর বিনয়বাবুর বাথরুমের সামনে প্রেস কর্নার করলেন পয়সা খরচ করে নতুনভাবে, কিন্তু সেখানে একটি লোককেও ঢুকাতে পারলেন না। এমন কি, গণশক্তি কাগজের লোকেদেরও ঐ প্রেস কর্নারে ঢুকাতে পারলেন না। কি লাভ করেছেন? ঐটাকে মিটিয়ে

নেওয়া যায় না? সাংবাদিকদের কেউ পক্ষে, আবার কেউ বিপক্ষে থাকবেন এটাই স্বাভাবিক। ওঁর এই ইগোই সাংবাদিকদের সঙ্গে তাঁর লড়াই এর কারণ এবং এখনও পর্যন্ত অবস্থাটা নর্মালাইজড হয়নি। আমি বলবো, সাংবাদিকরা ভাল বলেই তারা সরকারি অনুষ্ঠান বয়কট করছেন না। কিন্তু আপনি যদি এটা না বোঝেন তাহলে এটা গণতন্ত্রের পক্ষে স্বাস্থ্যকর হবে না। সাংবাদিকদের সঙ্গে হেড অন কলিশনে যাওয়া এটা আপনার ব্যক্তিগত ইগোর জন্যই হচ্ছে। আর একটা নতুন জিনিস করলেন বসুমতীকে নিয়ে। বসুমতীতে লোকসান হচ্ছিল বলছিলেন, কিন্তু আপনি বুঝতে পারলেন না যে সেটা নেওয়া ভুল হচ্ছে। কোনও রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বন্ধ করে দেবেন না এটাই যখন আপনাদের পলিসি বলছেন তখন জোর করে কেন কলকাতার বসুমতীকে বন্ধ করতে গেলেন? জিদের বসে বললেন যে, বসুমতীকে শিলিগুড়িতে পাঠাবেন। এই বসুমতী আগে যখন এখানে ছয় পাতার ছিল তখন এর সার্কুলেশন ছিল ৮ হাজার, কিন্তু শিলিগুড়ি থেকে আট পাতার বসুমতী বর্তমানে এক হাজার সার্কুলেশন হচ্ছে। শিলিগুড়ির দৈনিক বসুমতীর জন্য বর্তমানে মাসে ৫ লক্ষ টাকা লোকসান হচ্ছে। তারপর কলকাতা থেকে পাক্ষিক বের করলেন। আমি একটা হিসেব দেখছিলাম, এ-পর্যন্ত ২০টা পাক্ষিক বেরিয়েছে এবং পার পাক্ষিক বাবদ লোকসান হচ্ছে ৫৪ লক্ষ টাকা। তাই ইতিমধ্যে ১০ লক্ষ ৮০ হাজার টাকা এই বাবদ লোকসান হয়ে গেছে। হাউ ডিড ইউ গেইন? শিলিগুড়িতে নতুন মেশিন কিনেছেন ১০ হাজার টাকা দিয়ে এবং নতুন অফিস খুলেছেন ১৩ হাজার টাকা ভাড়ায়। এখন আবার সাংবাদিকরা হাইকোর্ট করে জিতে গেছেন। আমাদের প্রপোজাল হল, এর অ্যাসেট ট্রান্সফার করে কো-অপারেটিভের ।

[5-25—5-35 p.m.]

মাধ্যমে চালান, কিন্তু আপনি কোনরকম উদ্যোগ নিলেন না, এক জায়গায় দাঁড়িয়ে রইলেন। আমার মনে হয়, বসুমতী এবং প্রেস কর্নার সম্পর্কে আপনার সিদ্ধান্ত ভুল হচ্ছে, এর পুনর্বিবেচনা করা দরকার। এটা ব্যক্তিগত বুদ্ধদেব ভট্টাচার্যর ব্যাপার নয়, রাজ্য সরকারের একজন প্রতিনিধি হিসাবে পুরো ব্যাপারটা দেখা দরকার। আজকে বসুমতী কর্পোরেশনে ব্যাপক দুর্নীতি হয়েছে। সেখানে সুপার ওরিয়েন্ট ওয়ে আউট অফসেট মেশিন কেনা হয়েছে ৩০ লক্ষ টাকা দিয়ে কিন্তু পার্চেজ কমিটি তৈরি হয়নি। এবং যেখানে নর্মাল ডিসকাউন্ট পাওয়া যায় সেখানে ৩০ লক্ষ টাকা মূল্যের মেশিন কিনেও সেই ডিসকাউন্ট পাওয়া যায়নি। আর একটি মেশিন সেকেন্ড ইউনিট অফ ওরিয়েন্ট ওয়েআউট মেশিন কেনা হয়েছে ১৩ লক্ষ টাকা দিয়ে, কিন্তু এটার জন্যও কোন ডিসকাউন্ট পায়নি। কিন্তু এই ডিসকাউন্ট নিশ্চয়ই কেউ নিয়েছে। সেটাকে নিয়েছে সেটা বের করতে হবে। বসুমতীর জন্য এস্.টি.সির কাছ থেকে নিউজপ্রিন্ট পাবার কথা। এরজন্য রেজিস্ট্রার অফ নিউজপেপারস রয়েছেন। কিন্তু বসুমতী বাজার থেকে আজকে নিউপ্রিন্ট কিনছে প্রাইভেট সংস্থার কাছ থেকে। এটা কেন হচ্ছে সেটা দেখা দরকার। আমার যেটা মনে হয় আপনি বসুমতী অ্যাফেয়ার্স-এর ব্যাপার তদন্ত করার জন্য একটা তদন্ত কমিটি বসান। দায়িত্বশীল লোক, প্রবোধবাবু আগে চেয়ারম্যান ছিলেন। তিনি ভাল লোক ছিলেন, ভাল কাজ করছিলেন, নিউজ প্রিন্টের চুরি

হাতেনাতে ধরেছিলেন। এখন তিনি সেটা ছেড়ে দিয়েছেন। আমি বুদ্ধদেব বাবুর বাজেট বক্তৃতার ব্যাপারে একথা বলতে চাই যে, আপনার কিছু করার নেই। আপনার বাজেট দেখে আমার খুব খারাপ লাগলো। আপনার টোটাল বাজেট হচ্ছে ১৬ কোটি ১৮ লক্ষ টাকার মত। তার মধ্যে প্লান বাজেট হচ্ছে মাত্র ২ কোটি ৭০ লক্ষ টাকা। অর্থাৎ টোটাল বাজেটের প্রায় ১৩।। কোটি টাকা ননপ্লানে চলে যাবে মাইনা, মেনটেনেন্স ইত্যাদির জন্য। কাজেই ২ কোটি ৭০ লক্ষ টাকাতে আপনি ইনফরমেশন মিডিয়ার জন্য কি কাজ করবেন? সেজন্য এটা মেনে নিচ্ছি যে আপনার কিছু করার উপায় নেই। আপনি জানেন যে দিস ইজ দি এজ অব ইলেকট্রোনিক মিডিয়া, দি ব্যাটেল ইজ ফর এয়ার ওয়েভস। বিদেশের যে সংস্কৃতিক জীবানু বাতাসে ভাসছে, সেটা ক্রমশ ছড়িয়ে পড়ছে। সেখানে আপনি যেটুকু প্রচেষ্ট করছেন সেটাও ভেসে উড়ে যাচ্ছে। আজকে হংকং স্টার টি.ভি. থেকে ৫টি চ্যানেল চালাচ্ছে। আরো ৩টি সি.এম.এন নুতন করে করা হচ্ছে। **(এই সময়ে নীল বাতি জ্বলে ওঠে।)** স্যার আমার সময় ১২ মিনিট। এখনও অনেক বাকি আছে। আপনি এইভাবে বাতি জ্বালালে আমার অসুবিধা হয়। শুধু শুধু আমার সময় নষ্ট করছেন। সেজন্য আমি একথা বলবো, বুদ্ধদেব বাবু, এই পশ্চিমবাংলায় আপনার সীমিত ক্ষমতার মধ্যে চেষ্টা করা উচিত ছিল কি ভাবে আপনি ইলেকট্রোনিক মিডিয়াকে কন্ট্রোল করতে পারেন। অসীমবাবু কেবল্ টি.ভি'র নেটওয়ার্কের উপরে ট্যাক্স বসানোর চেষ্টা করছেন, মদের দোকান থেকে ট্যাক্স তুলছেন। রাজ্য সরকারের তরফ থেকে কোন রকম প্রচেষ্টা দেখিনি কেবল টি.ভির নেট ওয়ার্ক কে কন্ট্রোল করার। আমরা হাউসে ভিডিও পার্লার নিয়ে অনেক আলোচনা করেছি। গ্রামে গ্রামে ভিডিও পার্লার ছড়িয়ে গেছে, অশ্লীল ছবি দেখানো হচ্ছে এবং এর ফলে অপসংস্কৃতি ছড়িয়ে পড়ছে। এগুলিকে বন্ধ করার জন্য হয়্যার ইজ দি স্টেট গভর্নমেন্টের এফোর্ট? শুধু ঐ ১০ কপি বিলি করলেই এটা বন্ধ করা যাবেনা। এগুলি শুধু এয়ার ওয়ার্ক হয়ে যাবে, এগুলি মানুষ পড়েনা। আমরা দেখেছি যে কেন্দ্রীয় সরকারের প্লান বাজেটে ১৯৯১-৯২ সালে ছিল ৪৮৮ কোটি টাকা, এই বছর হয়েছে ৬০০ কোটি টাকা। এ নিয়েও কিছু করা উচিত নয়। আপনাকে বলব লেট দি প্রেস অ্যান্ড দি কালচার ডিভাইড দেমসেলভস। আপনি এর মধ্যে ইন্টারফেয়ার করবেন না, সেটাই আপনার পক্ষে যথেষ্ট কাজ হবে। শুধু পশ্চিম কেন, কেন দেশেই সরকারের সাহায্য ছাড়া শিল্প, সাহিত্য, সঙ্গীত, নাটক, এগুলি ডেভেলপ করতে পারেনা। সত্যজিৎ রায় প্রথম ছবি পথের পাঁচালি করেছিলেন সরকারি সাহায্যে। তারপরে আর কোন সাহায্য পাওয়া যায়নি। অনেক লেখক এবং মণীষী রয়েছেন যাদের সরকারি সাহায্যের প্রয়োজন হয়না। প্লিজ আপনি এর মধ্যে ইন্টাফেয়ার করবেন না।
........**গোলমাল**.........

**Mr. Deputy Speaker :** Now, Shri Nityananda Adhikari.

**(এই সময়ে ডেপুটি স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী নিত্যানন্দ অধিকারী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৮ নম্বর দাবির অধীনে ১৯৯৩-৯৪ সালের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন

করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার প্রারম্ভে দূরদর্শন এবং আকাশবানী সম্পর্কে যে কথা বলেছেন সেটা খুবই যুক্তিযুক্ত। কারণ সাংবাদিকতায় একটা নিরপেক্ষতা থাকা দরকার। আমরা লক্ষ্য করেছি জরুরি অবস্থার সময় প্রেস অ্যাক্টের উপর কি ভাবে খড়্গা নেমে এসেছিল। সেই সময় রবীন্দ্রনাথের কবিতা, গান্ধিজীর বানী সমস্ত নস্যাৎ করে দিয়েছিল। আমরা মনে করি প্রসার ভারতী বিল কেন্দ্রীয় সরকারের পাস করা উচিত। প্রতিটি সংবাদ মাধ্যম নিরপেক্ষ সংবাদ মাধ্যম হিসাবে চিহ্নিত হওয়া উচিত। কিন্তু সেই জায়গা থেকে আকাশবানী এবং দূরদর্শন বিচ্যুত হয়ে যাচ্ছে। আমরা জানি ভি.পি.সিং-এর মন্ত্রিসভা কেন্দ্রে যখন তৈরি হল তখন পরীক্ষামূলক ভাবে আকাশবানী এবং দূরদর্শনে যেভাবে সম্প্রচার শুরু হল কিছু দিন হলেও তাতে আমাদের ভাল লেগেছিল। সেটা দেখে মনে হল হঠাৎ আলোর ঝলকানী। তারপর যে তিমিরে সেই তিমিরে ডুবে গেল। মাননীয় মন্ত্রী মহাশয় এই দূরদর্শন এবং আকাশবানী সম্পর্কে যে কথা বলেছেন সেটা নিশ্চয়ই সমর্থন যোগ্য। এরপর আমি যে কথা বলব সেটা সংস্কৃতি বিষয়ক, পুরাতত্ত্ব বিষয়ক। পশ্চিমবাংলায় মেদিনীপুরে এবং বাঁকুড়ায় পরীক্ষা-নিরীক্ষা করে যে প্রাচীন নিদর্শন পাওয়া গেছে সেটা রক্ষা করতে হবে। প্রাচীন ঐতিহাসিক উপাদান যে গুলি সংগৃহীত হয়েছে সেটা সঠিক ভাবে সংরক্ষণ করলে আগামী দিনের ইতিহাসে সহায়ক হবে এবং সেটা লেখা হবে। আমি উত্তরবঙ্গের মানুষ, উত্তরবঙ্গের আদত ইতিহাসে আজ পর্যন্ত লেখা হয়নি। ডাঃ দীনেশচন্দ্র সেন, তিনি পৃথিবীর ইতিহাস লিখেছেন এবং তার ষষ্ঠ খন্ডে উত্তরবঙ্গের ইতিহাসের সংক্ষিপ্ত কিছু টিকা উদ্ধৃতি করেছেন। বাংলার ইতিহাসের ভূমিকায় তিনি বলেছেন যে উত্তরবঙ্গের সঠিক ইতিহাস কেউ যদি লিখতে চান তাহলে তাঁর ব্যক্তিগত সংগ্রহের মধ্যে যথেষ্ট উপাদান আছে যার মাধ্যমে তিনি তাঁকে সাহায্য করতে পারবেন। কিছু প্রাচীন পুঁথি আছে, ডিস্ট্রিক্ট গেজেটিয়ার আছে যা দিয়ে সত্যিকারের সঠিক ইতিহাস লেখা যায়। নিশ্চয়ই এই সমস্ত পুঁথি ইতিহাস হবে। কালিকাপুরাণ, ভ্রামরীত-এ এই দুটি পুঁথিতে এই সমস্ত জায়গায় ইতিহাসের উপাদান আছে। জলপাইগুড়ি জেলার একজন সরকারি কর্মচারী অতিরিক্ত জেলা শাসক সুকুমার দাস একটি করে দুটি খন্ডে উত্তরবঙ্গের ইতিহাস লিখেছেন। তাতে রেফারেন্স-এ লিখেছেন যে অবিভক্ত বাংলার রাজসাহী বিভাগে বগুড়া মহাস্থানগড় থেকে হিমালয়ের পাদদেশে পর্যন্ত প্রচুর উপকরণ মাটির তলায় রয়েছে। স্থানীয় মানুষ মাটির তলা থেকে ময়নাগুড়ি পেটকাটি অঞ্চলে একটা দারুণ রণক্লান্ত চন্ডিমূর্তি সংগ্রহ করেছে যা আধুনিক শিল্পীরা তার প্রশংসা করেছে। আজকে জলপেশকে কেন্দ্র করে উত্তরবঙ্গেঁর কৃষ্টির যে বর্ণনা আছে, উত্তরবঙ্গে যদি কেউ সেই দৃষ্টিভঙ্গিঁ নিয়ে যান তাহলে স্থানীয় প্রতিনিধি হিসাবে আমরা নিশ্চয়ই তাঁকে সাহায্য করতে পারি। আজকে জলদাপাড়া অরন্যের মধ্যে নল রাজার গড় বলে যে প্রাচীন ধ্বংসাবশেষ পাওয়া যাচ্ছে, স্থানীয় মানুষ বলছে 'নল রাজার গড়' পন্ডিতরা তাকে বলছেন এটা কুচবিহারের মহারাজা 'নরনারায়ণ এর গড়'। আবার জলপাইগুড়িতে 'পৃথু রাজার গড়' যেটা আছে এই সব সম্বন্ধে সংস্কৃতি দপ্তরকে যদি উৎসাহিত না করা যায় তাহলে ওখানে যাঁরা বসে আছেন তাঁরা কিছু করছেন না, এই সমস্ত উপাদানগুলো নষ্ট হয়ে যাচ্ছে।

[5-35—5-45 p.m.]

সেখানে হিউয়েন সাঙের বর্ণনা আছে। চৈনিক পরিব্রাজকের লেখা জেলার লাইব্রেরিতে আছে, সেখানে এই সমস্ত তথ্য আছে। আজকে যারা বিশ্ববিদ্যালয়ের ছাত্র তাদের মনোভাব এইদিকে নেই। তাহলে উত্তরবঙ্গের সঠিক ইতিহাস দেখা যাচ্ছে লেখা যেতে পারে। ঐ সমস্ত প্রাচীন পুঁথিপত্রে 'ত্রিস্রোতা' যার নামে তিস্তা, যটোৎভবা, এখন নাম 'জটোদা', মানস বা মানসাইবা, যার নামে জলঢাকা, এই তিন নদীর যে বর্ণনা করেছেন পাঁচ শতকে, আজকে দেখা যাচ্ছে সেই ভূমি আছে। যেভূমির কথা বলা হয়েছে, যার বর্ণনা হয়েছে, সেই জমিটা ঠিক আছে। প্রাচীন উপকরণ ঐ জায়গায় ছেয়ে আছে। কাজেই গবেষণাধর্মী মন নিয়ে যদি উত্তরবঙ্গের ইতিহাস লেখা যায়। তাহলে অনেক কিছু জানা যেতে পারে। এবারে আমি চলচ্চিত্র সম্বন্ধে কিছু বলতে চাই। পশ্চিমবঙ্গের গ্রামেগঞ্জে এখন ভিডিও পার্লারে ছেয়ে গেছে। সেখানে মিশ্র কালচারে ছেয়ে যাচ্ছে। পশ্চিমবাংলার সংস্কৃতি দপ্তর সামান্যতম প্রচেষ্টার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গবাসীর কৃষ্টিকে কি রক্ষা করতে পারবে? 'আগন্তুক' কিম্বা মাণিক বন্দ্যোপাধ্যায়ের সেই ব্যাখ্যামূলক নাটক 'পদ্মা নদীর মাঝি' যা রচিত হয়েছে তা দিয়ে আমাদের কৃষ্টিকে আমরা ফেরাতে পারব না। আজকে আমাদের সর্বভারতীয় বিশিষ্ট চিত্র পরিচালক সত্যজিৎ রায় নেই, কিন্তু যাঁরা আছেন তাঁরা, সুসাহিত্য যা হয়েছে, পরিচালক যাঁরা গ্রন্থ লিখেছেন সেই সমস্ত গ্রন্থ তাঁদের চলচিত্রায়িত করা উচিত। গ্রামেগঞ্জে যে এজেন্সিগুলো আছে তথ্য বিভাগের, সেখানে উত্তরবঙ্গের সংস্কৃতি কিম্বা পশ্চিমবঙ্গের বিষ্ণুপুরের সংস্কৃতি নিয়ে স্থানীয় ভাবে নাটক করে যদি গ্রামের অল্প শিক্ষিত সাধারণ মানুষকে উৎসাহিত না করা যায় তাহলে মিশ্র সংস্কৃতিতে গোটা পশ্চিমবাংলা ভরে যাবে। আমার বক্তব্যকে দীর্ঘায়িত করতে চাই না। এই বাজেটকে আন্তরিক ভাবে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

**(শ্রী সুব্রত মুখার্জি ঃ বক্তৃতার মধ্যে পয়েন্ট অব অর্ডার হয়না।)**

বক্তৃতার মধ্যে কিছু অশালীন কাজ যদি হতে পারে তাহলে পয়েন্ট অব অর্ডার তোলা যায়। বিধানসভার অধিবেশন যখন চলছিল এবং ডেপুটি স্পিকার যখন চেয়ারে ছিলেন তখন তিনি সৌগতবাবুর বক্তৃতার শেষের দিকে লাল বাতিটা জ্বেলেছিলেন। সুব্রতবাবু তখন ওখানে গিয়ে লাল বাতিটা খুলে নিয়ে গেলেন। এরফলে কালকে দেখা যাবে যে এটা খবরের কাগজে ছাপা হবে এবং সবাই এটা জানতে পারবে। শিয়ালদহ সেকশনে যারা বাতি চুরি করে নিয়ে যায় তারা বুঝতে পারবে যে তারা তাদের একজন লিডার পেয়ে গেছে। স্যার, এটাকে কন্ডেম করা দরকার।

**মিঃ স্পিকার ঃ** হাউসের মধ্যে এই ধরনের বিহেভিয়ার ঠিক নয়। আপনাদের বিহেভিয়ার মেনটেন করা উচিত। হাউসে লাল আলো এবং সবুজ আলো থাকবেই। তার কারণ হচ্ছে একটা টাইমের সিকোয়েন্স যাতে মেম্বাররা মেনে চলতে পারেন সেইজন্য দেওয়া হয়।

সেখানে সুব্রত বাবুর যদি লাল আলো পছন্দ না হয় কিছু করবার নেই। কারুর কোনও রঙ পছন্দ নাও হতে পারে কিন্তু লাল আলো যখন জ্বলার সময় তখন জ্বলবেই এবং সবুজ আলো যখন জ্বলার সময় তখন জ্বলবেই। সুতরাং মেম্বারদের একটু রেসপনসিবিল হওয়া উচিত। এটা ছেলেমানুষিকতা করার জায়গা নয়, আপনারা সবাই একটু রেসপনসিবিল হবেন। আশা করি এই ধরনের ঘটনার আর পুনরাবৃত্তি হবে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বুদ্ধদেব বাবু তাঁর বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করেই আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বইতে এই দপ্তরের কাজকর্মর কথা উল্লেখ করেছেন, সাম্প্রাদায়িকতার বিরুদ্ধে, মৌলবাদের বিরুদ্ধে তার দপ্তরের কর্মকান্ডের কথা বলেছেন। আমার একটা জায়গায় খটকা লাগছে যে তিনি মৌলবাদের বিরুদ্ধে রুখে দাঁড়াবার জন্য দপ্তর থেকে চেষ্টা নিচ্ছেন এবং এতে সরকারের ভূমিকার কথাও বলেছেন কিন্তু একটি কথা বালক ব্রহ্মচারীর মৃত্যুর ডেথ সার্টিফিকেট দেওয়ার পরেও তার ৫৬দিন পরে তাঁর সৎকার করা হল। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে কোঠারি রিসার্চ সেন্টারের ডাক্তারের ডেথ সার্টিফিকেট দেওয়া সত্ত্বেও আবার ৫০ দিন পরে তার দেহের পরীক্ষা করার জন্য সরকার থেকে মেডিক্যাল টিম পাঠানো হয়েছিল। অর্থাৎ একদিকে আমরা ধর্মনিরপেক্ষতার কথা বলব, বৈজ্ঞানিক মানসিকতার কথা বলব, আধুনিকতার কথা বলব এবং প্রগতির কথা বলব আর এখনো অন্ধ কুসংস্কারের মধ্যে ডুবে থাকব এটা কি করে হয় আমার জানা নেই। সুতরাং আপনাদের এই প্রচার দপ্তরের কাজের মধ্যে কোন সঙ্গতি খুঁজে পাওয়া যাচ্ছে না। এইরকম জায়গায় মৌলবাদীরা জায়গা পাবেন না কেন এবং বিজেপিরা আসন করতে পারবেন না কেন। এইরকম ৫৬দিন একইভাবে মৃতদেহ রেখে দিয়ে একটা সভ্য রাজ্যের সংস্কৃতিকে বিনষ্ট করা হয়েছে। বিংশ শতাব্দীতে দাঁড়িয়ে আজকে যেভাবে প্রশাসন নির্বিকার ছিল তাতে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, এই তথ্য দপ্তর তথা সংস্কৃতি দপ্তর তার ভূমিকা পালন করছে কিনা সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। এবং সেইকারণে খটকাও লেগেছে। আপনি সুস্থ সংস্কৃতি গড়ে তোলার চেষ্টা করেছেন, সুস্থ চলচ্চিত্র গড়ে তোলার জন্য চেষ্টা করছেন এবং নন্দন প্রভৃতি মাধ্যমে তা দেখানোর চেষ্টা নিয়েছেন। কিন্তু আমি বলব এই যে প্রচেষ্টা এটা ভস্মে ঘি ঢালা হচ্ছে। আপনারা সুস্থ সংস্কৃতি দেবার নাম করে অপসংস্কৃতিকে আরো মুক্ত করে দিয়েছেন, কিভাবে এই অপসংস্কৃতির ঢালাউ প্রবেশ হয়েছে জানেন? আপনারা অর্থাৎ সরকার মদের দোকানে ঢালাউ লাইসেন্স তুলে দেওয়ার চেষ্টা করেছেন। যেখানে পশ্চিমবঙ্গে অবিভক্ত বাংলায় মদ বর্জনের জন্য আন্দোলন হয়েছিল এবং যার নেতৃত্ব দিয়েছিলেন সি.আর দাস এবং সেই আন্দোলনে গোটা দেশের মানুষের যুব সমাজকে জাগিয়ে তুলে নতুন জীবনের ভেতরে অনুপ্রবেশ করিয়েছিলেন। আজকে সেখানে পশ্চিমবঙ্গে ঢালাউ মদের দোকানে লাইসেন্স তুলে দেওয়া হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি বলব একেবারে সর্বত্রই দেখলে দেখা যাবে যে ডন, সাট্টা, জুয়ায় ছেয়ে গেছে, এমন কি আধুনিক সংস্করণ রশিদ সরকারের ছত্রছায়ায়, এই কথা সকলেই জানে।

[5-45—5-55 p.m.]

তাহলে কি করে সুস্থ সংস্কৃতি জোরদার হবে। এইগুলি সরকারের পৃষ্ঠপোষকতায় না হলেও সরাসরি ভাবে না থাকলেও ছত্রছায়ায় থাকে তাহলে কি করে হবে? আজকে গ্রামে গ্রামে ভি.ডি.ও. পার্লারে ছেয়ে গিয়েছে সেখানে সুকুমারমতি ছেলেরা যাচ্ছে আর ব্লু ফিল্ম দেখছে, এটা শহরে আর গ্রামে ছেয়ে গিয়েছে। আর আপনি এখানে নন্দনে দুটো সুস্থ সংস্কৃতির কথা বললেন কি বই দেখালেন এতে কি সুস্থ সংস্কৃতি বজায় থাকবে। আজকে এই জিনিস বছরের পর বছর দেখা যাচ্ছে গ্রামে গ্রামে বেড়েই চলেছে। আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে আপনারা যেটা বলেন সেটা হচ্ছে একটা প্রগতিশীল সরকার বামপন্থি সরকারের কাছে প্রতিষ্ঠিত কিন্তু সংবাদপত্রে স্বাধীনতার এই ঘটনা কিন্তু আপনারা গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গিতে এটার প্রতিফলন করতে পারেননি। এই বামপন্থি রাজত্বে সাংবাদিকদের সংবাদ সংগ্রহ করার উপরে সেখানে নানা রকম বিধিনিষেধ আরোপ হয়েছে। এবং সংবাদপত্রে সরকারের সমালোচনায় যে সমস্ত ঘটনা বা যে সমস্ত সংবাদের মাধ্যমে সমালোচনা এসেছে সেখানে খড়গ হস্ত হয়েছেন। প্রেস কর্নারকে তুলে দিয়ে সংবাদপত্রের প্রতি আপনারা যে ভাব প্রকাশ করেছেন যে জিনিস এর থেকে ফুটে উঠেছে সে কথা নয়। সর্বশেষ বলব বসুমতি এটা হচ্ছে একটা লুজিং কনসার্ন, সমস্ত সংবাদপত্র যদি চলে তাহলে এটাকেও আজকে প্রফিটেবিল কনসার্নে কনভার্ট করার কথা চিন্তা করুন না। সংবাদ পরিবেশনের ক্ষেত্রে যেখানে নূতন নূতন সংবাদপত্রগুলি চলছে সেখানে এটাকে নিয়ে ভাবা হবে না কেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩৮ নম্বর যে ব্যয়বরাদ্দ তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী উত্থাপন করেছেন তাঁকে সমর্থন করছি। এবং সমর্থন জানিয়ে আমি সংক্ষেপে কয়েকটি কথা বলব। এই দাবির সমর্থনে বাজেট বক্তৃতায় প্রথমেই যেটা বলা উচিত প্রসার ভারতী বিল-এর মাধ্যমে রাজ্যে একটা কমিটি গঠন করে তাদের হাতে কেন ক্ষমতা আসবে না। আমাদের বিরোধী দলের প্রত্যেক মাননীয় সদস্যরা বক্তব্য শুনে মনে হচ্ছিল যে এটা তারা আলোচনা করার প্রয়োজনীয়তাই মনে করলেন না। তথ্য সংস্কৃতি দপ্তরের ব্যাপারে বলি, আজকে রাজ্যের হাতে দ্বিতীয় চ্যানেল কেন দেওয়া হল না? আজকে দূরদর্শন ও আকাশবানীকে প্রাইভেটাইজেশন করার ব্যাপারে একটা অব্যবস্থা চলছে, তথ্য সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে আজকে যে প্রস্তাব উল্লেখ করেছেন এটা সঠিকভাবেই হয়েছে। আজকে রাজ্যের ক্ষমতাকে খর্ব করার ব্যাপারে একটা চক্রান্ত চলছে। সুদীপবাবু এই ব্যাপারে বলেছিলেন। রাজ্য কি করবে, রাজ্যের হাতে কি ক্ষমতা আছে? সমস্ত ক্ষমতাতো আজকে কেন্দ্রের হাতে কেন্দ্রীভূত হয়েছে। আকাশবানী এবং দূরদর্শনের ব্যাপারে রাজ্যের তথ্যের দপ্তরের করার কিছু নেই। এখানে হস্তক্ষেপ করার অধিকার রাজ্যের নেই। মেট্রো চ্যানেলে কুরুচিপূর্ণ সমস্ত বই দেখানো হয়, নিজেদের ভাইবোনের সঙ্গে, নিজেদের পরিবার পরিজনের সঙ্গে বসে সেইসব দেখা যায় না। সেইজন্য আজকে প্রসারভারতী বিল কার্যকর হওয়া উচিত। দূরদর্শন ও প্রসার মাধ্যমগুলিতে যাতে করে প্রাইভেটাজাইশনের হাতে ছেড়ে দেওয়া না হয়

সেটাকে আমি সমর্থন করি। স্যার, সংবাদপত্রের কথা এখানে উঠেছে। সংবাদপত্রের স্বাধীনতায় নাকি বামফ্রন্ট সরকার হস্তক্ষেপ করেছে, এই কথাগুলো যদি এইভাবে বর্ণিত করা হয় তাহলে সেটা একটা আলাদা কথা। সংবাদপত্রের প্রতি পূর্ণ মর্যাদা নিশ্চয় দেওয়া হয়েছে এবং হবে। আমি খুবই শ্রদ্ধার সঙ্গে বলতে চাই সংবাদপত্র এই প্রসার মাধ্যম যাতে করে লক্ষ লক্ষ মানুষের কাছে তাদের ভূমিকা যথাযথভাবে পালন করে। ১৪ই জুন তারিখে এখানে যে অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছিল, সেখানে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে বিকৃতির সাথে প্রচার করা হয়েছিল বিশেষ একটা পত্রিকাতে। এটা আমরা সকলেই জানি, এটা কি আজকে হওয়া উচিত? আমি একটা জিনিস বিশেষভাবে দাবি করছি, ভি.ডি.ও পার্লারগুলোতে যে সমস্ত কুরুচিপূর্ণ ফিল্ম দেখানো হয়, আমি জানিনা, আপনি সেই সমস্ত দমন করতে পারবেন কি না? আপনি যেমন পদ্মা নদীর মাঝি ফিল্ম তৈরি করতে উৎসাহিত করেছেন, বা সত্যজিৎ রায়ের সমস্ত ফিল্মগুলো মানুষের কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেছেন, এমনকি কলকাতা শহরে কুরুচিপূর্ণ ফিল্ম দেখানো হচ্ছে। এমন কি অনেক হিন্দি সিনেমাতেও এই কুরুচিপূর্ণ ফিল্ম দেখানো হচ্ছে। আমি অনুরোধ করব এগুলো বন্ধ করার জন্য কোনও আইন করা যায় কিনা সেটা আপনি দেখবেন। সত্যি সত্যি, এই সমস্ত ফিল্মগুলো আজকে এমনভাবে যুবমানসকে প্রভাবিত করছে যা আমাদের ক্ষতি করছে। এই ব্যাপারটা দেখার জন্য আমি আপনাকে অনুরোধ করব। সর্বশেষে বলব, আজকে এই প্রসার ভারতীয় বিল যাতে অবিলম্বে কার্যকর হয় তার জন্য কেন্দ্রের কাছে জোরালোভাবে দাবি করতে হবে। আমি বাজেটকে পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় স্পিকার স্যার, বুদ্ধদেব বাবু আজকে যে বাজেট পেশ করেছেন এবং তার উপর বক্তব্য আমি শুনছিলাম। অনেকগুলো পয়েন্ট কভার হয়েছে তাতে। তবে আমি একথা বলছি যে দীর্ঘদিন ধরে উনি কোনও কাজ করেননি। নন্দন করেছেন, শিলিগুড়িতে একটা ভালো অডিটোরিয়াম করেছেন, রূপায়ণ সম্পূর্ণ করেছেন আমি জানি এবং কিছু কিছু চেষ্টা উনি করেছেন। মেইনলি যে সমস্ত জিনিসগুলো করা উচিত ছিল সেই ব্যাপারে আমি দু-একটা কথা শুধু এখানে উল্লেখ করতে চাই। স্যার ওনার সমস্যা যেটা, লোকের কাছে উনি পরিচিত হয়ে গেছেন উনি তথ্য দপ্তরের মন্ত্রী নন, উনি হোম দপ্তরের মিনিস্টার ইনচার্জ, আই.এ.এস, আই.পি.এস, এদের দেখেন, গোর্খা পার্বত্য পরিষদ দেখেন, পার্টির ডিসিসন নেন। আমরা এক সময় যখন সরকারে ছিলাম তখন আমরা একটা জিনিস বার বার চেষ্টা করেও যেটা পারিনি, যেটা আমাদের ব্যর্থতা, সেই টোটাল বাজেটের ওয়ান পারসেন্ট এই দপ্তরের জন্য খরচ হবে। উনি দীর্ঘ ১৬-১৭ বছরেও সেটা করতে পারলেন না। আমি আরেকটা ব্যাপার বলছি, উনি সমর্থন করবেন কিনা জানিনা, আগে এটা কোনও সেক্রেটারিয়েট ছিল না তথ্য দপ্তরে, আমরা সেটা করেছিলাম পরবর্তীকালে আমরা যে সিদ্ধান্ত নিয়েছিলাম সেটা আমরা করতে পারিনি। ওনার পূর্ববর্তী মন্ত্রী কিছু চেষ্টা করেছিলেন, কিন্তু ওনাকে সেই সময় সরিয়ে দেওয়া হল, নইলে করতে পারতেন। সেটা আস্তে আস্তে বালক ব্রহ্মচারির মতন নির্বিকল্প সমাধিতে চলে গিয়েছে। আর ঐ মানববাবু, আপনার চিত্ত শিকদার, তিনি মাঝে মাঝে গর্জন করে ওঠেন, টি.ভি.স্টেশনে

[5-55—6-05 p.m.]

গিয়ে বিপ্লব টিপ্লব করে আসে এবং তারপর আবার যথারীতি যে রকম চলছিল সেই রকম চলে। তার পরিবর্তে কি হয়েছে টি.ভি.তে? একটা প্রতিবাদ করছেন আপনারা? না, করছেন না। এ সম্পর্কে আমার বন্ধু সুদীপবাবু বলেছেন যে কি চলেছে মেট্রো চ্যানেলে। একবার টি.ভি.খুলে দেখেছেন কি যে সেখানে কি চলে? আপনাদের শক্তিবাবুও এ সম্পর্কে বলেছেন। কি চলে সেখানে হিট অ্যান্ড ফারদার মেরি হিট। সভ্য ভারতে এ জিনিস চলতে পারে না। বিশেষ করে বাংলার সংস্কৃতি এবং রুচি সম্পন্ন মানুষের বাড়িতে এ জিনিস চলতে পারে না। তাহলে আমাদের কি কিছুই করার নেই সরকারি এবং বেসরকারিভাবে? আমাদের কি কোনও কর্তব্য নেই? আমরা কি কিছুই করতে পারি না? আমরা কি শুধু কংগ্রেস, কমিউনিস্ট করব? আমরা কি শুধু ঐ কেন্দ্ররাজ্য করব? আমরা কি আসল কাজ কিছু করতে পারব না? আমি তাই আপনাকে দায়িত্ব নিয়ে নেতৃত্ব দিতে অনুরোধ করছি। যেহেতু আপনি তথ্য দপ্তরের দায়িত্বে আছেন সেইহেতু আমি দায়িত্ব নিয়ে বলছি, আপনি দায়িত্ব নিয়ে নেতৃত্ব দিন। আপনি যদি আজকে ঐ মেট্রো চ্যানেলের বিরুদ্ধে গর্জন করে ওঠেন তাহলে আমাদের দলের পক্ষ থেকে আপনাকে আমরা সর্বোতভাবে সমর্থন করব। এতে আমাদের কোনও দ্বিধা নেই। কারণ আমরা জানি সংস্কৃতি বাঁচলে তবেই মানুষ বাঁচে। একটা মানুষ না খেতে পেয়ে মারা যেতে পারে, একটা পরিবার না খেতে পেয়ে মারা যেতে পারে কিন্তু একটা দেশ বা জাতি সে না খেতে পেয়ে মারা যায়না। একটা দেশ এবং জাতির মৃত্যু হয় তখনই যখন সে তার সংস্কৃতি এবং কৃষ্টিকে হত্যা করে, তার ঐতিহ্য, তার মৌলিকত্ব থেকে সে অনেক দূরে সরে যায়। সুতরাং এই ভয়ানক অবস্থার মোকাবিলা করার দরকার আছে বলেই আমি আপনাদের এ ব্যাপারে সচেতন করে দিতে চাই। আমি মনে করি রাজশক্তি পারে উদ্যোগ নিতে, বাইরে থেকে সব কিছু পারা যায়না। বাংলার মানুষের একটা অব্যক্ত দাবি আছে যেটা আপনারা স্বীকার করছেন না যেহেতু মিছিল করে তারা আপনার কাছে আসছে না অথবা সেটাকে সঙ্কীর্ণতার দোষে দুষ্ট করছেন কংগ্রেসের দাবি বলে অথবা অন্য দলের দাবি বলে। স্যার, যেগুলি উনি করেন নি আমি শুধু সেগুলি মেনশন করব। স্যার, আপনি জানেন যে দীর্ঘদিন ধরে আমরা বলে আসছি যে বাংলাভাষা সর্বত্র চালু করা হোক। আমাদের এখানে যে অ্যাসিওরেন্স কমিটি আছে সেই কমিটি যে কেন এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেন না আমি বুঝতে পারি না। আপনি স্যার, ওখানে বসে বসে তো শোনেন যে দীর্ঘদিন ধরে বলছি যে প্রতিটি বিভাগে বাংলা ভাষা চালু করুন। কিন্তু যেহেতু আমলাতন্ত্র বাংলাভাবা চালু করছে না সেইহেতু উনিও বাংলাভাষা সর্বত্র চালু করার ব্যবস্থা করেন নি। কেন করেন নি? ১ বছর/ দু বছর/ ৫ বছর/ ১০ বছর হলেও না হয় মানতাম কিন্তু আজকে ১৭ বছর হয়ে গেল আজও দেখছি সর্বত্র উনি বাংলাভাষাটা চালু করতে পারলেন না। এরপরও আমি জানি যে উনি অজুহাত দিয়ে বলবেন যে আমরা চেষ্টা করছি, তিনটি টাইপরাইটার কিনেছি, ৫টা লোককে ট্রেনিং-এ পাঠিয়েছি ইত্যাদি। কিন্তু বাস্তবে কি করেছেন? বাস্তবে আমরা দেখছি যে সর্বত্র আপনার বাংলাভাষা চালু করতে পারেন নি। আর কটা টার্ম বা কটা বছর বা কটা যুগ আপনার চাই বাংলা ভাষা চালু করার জন্য? বিহারে লালুপ্রসাদ,

সে সর্বত্র হিন্দি চালু করে দিয়েছে অথচ আপনি বাংলা চালু করতে পারলেন না। সেখানে এমন কি আই.এ.এস.আই.পি.এস পরীক্ষায় এটা চালু হয়ে গিয়েছে। বিহার সার্ভিস কমিশনে হিন্দি চালু হয়ে গিয়েছে যার ফলে আমরা মার খাচ্ছি। অথচ আপনি বাংলাটা এখানে চালু করতে পারলেন না। আমি জানি সেই বস্তাপচা হিসাব কটা টাইপ রাইটার, কটা লোককে ট্রেনিং-এ পাঠান এগুলি দেবেন কিন্তু এ ছাড়া সত্যিকারের সায়েন্টিফিক অ্যাপ্রোচ নিয়ে কিছু যে একটা করবেন সেটা করতে পারেন নি। আপনি রূপায়ণ করেছেন আমি স্বীকার করেছি কিন্তু বারে বারে বলেছি যে রূপায়নে আপনি টেকনিক্যাল লোককে নিয়ে গিয়ে বসান, দলের লোককে নয়। এরজন্যই আমরা দেখছি পশ্চিমবঙ্গের গাদা গাদা প্রডিউসার, ডিরেক্টার ভুবনেশ্বরে চলে যাচ্ছেন রূপায়ণ ছেড়ে কারণ রূপায়ণে টেকনিক্যাল লোক নেই, কাজ ভাল হচ্ছে না এবং হচ্ছে না বলেই রূপায়ণে মেশিনপত্র ভাল থাকা সত্ত্বেও লোকে ভুবনেশ্বরে চলে যাচ্ছেন। এটা আপনি দেখবেন। তারপর চলচ্চিত্রে আপনি অনুদান দিচ্ছেন। অনুদান কাদের দিচ্ছেন সুদীপবাবু সে কথা বলেছেন। দু/একটা ভাল বই-ও করেছেন কিন্তু বেশিরভাগ বই সম্বন্ধে বাজারের কেউ জানেন না যে কবে সেই বই প্রকাশ পেয়েছে এবং কবে তা অস্তমিত হয়েছে।

[6-05—6-15 p.m.]

কেউ জানে না এবং তার কোনও হিসাব নেই, টাকার অঙ্কের হিসাব আছে অনুদান। অনুদানের জন্য নয়, একটা টোটাল কমপ্রিহেন্সিভ কনসেপ্টে বাংলা চলচ্চিত্র জগৎটাকে উন্নত করতে হবে। আমরা যখন সরকারে ছিলাম, সেই বই আপনাদের কাছে আছে, সেই জন্য আমি দায়িত্ব নিয়ে আপনাদের ভেবে দেখতে বলছি, ফিল্ম প্রডিউস ইন বেঙ্গল, এই মর্মে দীর্ঘদিন ধরে একটা মিটিং করে ঠিক করা হয়েছিল, যাতে প্রডিউসার, ডিস্ট্রিবিউটার, একজিবিটার সবাই মিলে বাঁচতে পারে। যেমন আমার একটা মনে আছে যে ৬০ পারসেন্ট বাংলা এলাকা, সেই এলাকায় কমপালসারী বাংলা বই চালাতে হবে। তার জন্য যদি কিছু ইনসেনটিভ দিতে হয় আপনি দেবেন। নুতন সিনেমা হল হবে, বাংলা বই যদি ৬০ পারসেন্ট দেখায় আপনি অনুদান তাকে দেবেন। ট্যাক্স ফ্রি ইত্যাদি অমুক তমুক আপনি দেবেন এবং এটা টেকনিক্যাল সেন্ট্রাল গভর্নমেন্ট একটা বাদ দিয়েছিল, সেন্ট্রাল গভর্নমেন্টের এই ব্যাপারে আমি আপত্তি জানাচ্ছি। আমার কোন অধিকার নেই এই ব্যাপারে। বলা হয়েছিল এটা প্যারোকিয়্যাল অ্যাপ্রোচ। হুইচ ইজ নট। আপনাদের এখন বোঝানো উচিত, যে ফিল্ম প্রডিউস ইন বেঙ্গল, নট বেঙ্গলি ফিল্ম, টাইটল ওয়াজ "ফিল্ম প্রডিউস ইন বেঙ্গল" আমরা করেছিলাম বলেই এটা ফেলে দেবার কারণ নেই। এই সার্বিক ভাবে একটা ব্যবস্থা.আপনি আর একবার ভেবে দেখবেন যে এটাকে আনা যায় কি না। কারন এটা না হলে বিচ্ছিন্ন ভাবে আপনি যা করছেন, দু একটা সেটা দিয়ে কিন্তু চলচ্চিত্র জগতের বড় কল্যান হবে না। আজকে দেখতে পাচ্ছেন না বাংলা সিনেমায় ভাল কোনও নায়ক নেই ভাল কোনও নায়িকা নেই, ভাল কোনও স্ক্রিপ্ট করবার রাইটার নেই, আপনারা তো ঠিক করে দিয়েছেন যে আপনাদের দল করবে, তাকে আপনারা মনে করবেন মহান। আপনি সত্যজিত বাবুর

বই দেখাচ্ছেন, প্রচার করছেন আপত্তি করার কোনও কারণ নেই। আমি বাংলার মানুষ রবীন্দ্রনাথের পর এতবড় মানুষকে আমরা হারিয়েছি, আপত্তি নেই কিন্তু আপনি কোন কারণে অত্যন্ত জনপ্রিয় নায়ক যাকে একটা মালা পর্যন্ত দিতে যাননি উত্তমকুমারকে। যার পেছনে লক্ষ লক্ষ মানুষ ছুটেছিল তার মৃত্যুর পরে। তার একটা ঐ রকম প্যানোরামা করার কোনও ব্যবস্থা করা হচ্ছে না? আমি ছোট করছি না কাউকে, ঋত্বিক ঘটকের কোন ছবিকে আমি ছোট করব না, আমি সত্যজিত বাবুর কোনও ছবিকে ছোট করতে চাই না কিন্তু এই প্রিয় নায়কটি এবং অভিনেতা এর কেন প্যানোরমার একটা ব্যবস্থা করছেন না? আমি প্রেস কর্নার নিয়ে নতুন কিছু বলছি না। কিন্তু আমি আবার সৌগত বাবুর পুনরাবৃত্তি করছি, এই ইগোর লড়াই করবেন না, ঐ জায়গাটা ম্যাটার, কত ভাল করে দিচ্ছেন তা ম্যাটার নয়, ঐ জায়গাটা থেকে কভারেজ করার সুবিধা। আপনার দায়িত্ব হবে সাংবাদিকদের সেই সহযোগিতা করা, যেখান থেকে অনেক বেশি কভারেজ করা যায়। আমরা একটা অন্যায় করেছিলাম, তার থেকে একটু শিক্ষা নিননা। আমরা এমার্জেন্সির সময় আইন সম্মত ভাবে আমরা ভুল করেছিলাম, সেই ভুল দেখে মানুষ তো শিক্ষা নেবে। আমরা ওখানে তালাচাবি দিয়েছিলাম। তা সত্ত্বেও মানুষ আমাদের শাস্তি দিয়েছিল। আজকে আপনি মনে করছেন কি ঐ জায়গাটা ম্যাটার, আপনি জায়গাটা কোন ধারাপাতে আনবেন যে সিকিউরিটির প্রবলেম জ্যোতি বসুর! জ্যোতি বসুর সিকিউরিটির জন্য আপনি, বাড়ির সামনে একটা বড় মার্কেট ছিল রোলার দিয়ে ভেঙে দিলেন। আপনার কি মাথা খারাপ হয়ে গেছে? সিকিউরিটি সিকিউরিটি করে পাগল হয়ে গেছেন? এটা এক রকমের অসুখ। গণশক্তির জন্য আপনি তিনটে বাড়ি করেছেন, ওর গোটা সম্পত্তির হিসাব দেবার দরকার আছে। একটা নিয়ম আছে আপনাদের, যদি শহরের উপর স্থাবর সম্পত্তি থাকে তাহলে আপনি সল্ট লেকে জমি পাবেন না, সল্ট লেকে কয়েক একর জমি নেবেন এবং একটা বেআইনি পাশ করাচ্ছেন বর্তমান অফিসের আগে জগদীশ চন্দ্র বোস রোডে, আমরা তীব্র ভাবে তার বিরোধিতা করছি। আপনি উত্তর দেবেন। আর একটা বিষয় প্রত্নতত্ব। প্রত্নতত্ব প্রকাশনের যে কাজ চলছিল, সেটা কিন্তু অব্যাহত নেই, সেটা ব্যাহত হয়েছে। এক একজন বললেন ওটা দেখুন। এক্সক্যাভেশন একদমই করছেন না যেটা করা দরকার। একটা এক্সক্যাভেশন করা হয়েছিল হিউয়েনসাং এর রুটটা ধরে, এশিয়ান জিওগ্রাফি ধরে একটা রুট ধরা হয়েছিল, ওটা সমাপ্ত করবার কথা ছিল একেবারে তাম্রলিপ্ত পর্যন্ত। রাঙামাটি পর্যন্ত করে তারপর আজ পর্যন্ত আর আপনারা কোনও এক্সপ্লোরেশন এবং এক্সপ্যানশন করছেন না। আমি বারেবারে অনুরোধ করেছিলাম যে মিউজিয়মোলজির কয়েকজন ছাত্রছাত্রিকে বিশেষ ভাবে ট্রেনিং দিয়ে মিউজিয়মগুলোতে পাঠান। আজকে মিউজিয়মগুলোতে কি অবস্থা করেছেন জানেন, আমি জানি ঐ বেহালায়, এমন খলম কুচি নিয়ে রেখে দিয়েছেন, যেগুলো সি ফোর্টিন টেস্ট হয়নি। আপনি সি ফোর্টিন টেস্ট বুঝতে পারবেন কি না জানি না, কার্বন টেস্ট তাতে বোঝা যায় কত বছরের পুরানো এবং দায়িত্ব নিয়ে বলছি যদি সি ফোর্টিন টেস্ট হয় তাহলে দেখা যাবে আধুনিক আপনার বাড়ির পাশের আঁস্তাকুড়ের খলম কুচিগুলো কুড়িয়ে শশাঙ্ক'র আমলের বলে চালিয়ে দিচ্ছেন। হোয়াট ইজ দিস? এইগুলো কি হচ্ছে? সব শেষে যাত্রা এবং লোক শিল্প কালচারাল

ট্যাক্স সম্পূর্ণ মকুব করবার দাবি জানাচ্ছি, যাত্রাকে আপনি যন্ত্রণা দিচ্ছেন, যাত্রাকে একটা হ্যাজার্ড করছেন, পঞ্চায়েত থেকে আরম্ভ করে পুলিশ পর্যন্ত এইগুলো সম্পর্কে উল্লেখ করে বললাম আপনি এই গুলো ভাববেন। এগুলো কি হচ্ছে? এগুলো নিয়ে আপনি একটা কিছু করুন।

সব শেষে আমি যাত্রা এবং লোকসংস্কৃতির ওপর থেকে কালচারাল ট্যাক্স সম্পূর্ণ মকুব করার দাবি জানাচ্ছি। সুদীপ বন্দ্যোপাধ্যায় ইতিপুর্বেই এবিষয়ে বলে গেছেন। যাত্রাকে আপনি যন্ত্রণা দিচ্ছেন। যাত্রার ক্ষেত্রে পঞ্চায়েত থেকে আরম্ভ করে পুলিশ পর্যন্ত একটা হ্যাজার্ড সৃষ্টি করছে, যাত্রাকে বিপন্ন করে তুলছে। তাই আমি আপনার কাছে এই বিষয় গুলো উল্লেখ করলাম, আপনি এগুলো একটু দেখুন।

**শ্রী বাদল জমাদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তথ্য ও সংস্কৃতি বিভাগের যে বাজেট বরাদ্দ এই সভায় উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধী দলের আজকের এই ব্যয়-বরাদ্দের বিতর্কের প্রথম বক্তা সুদীপ বন্দ্যোপাধ্যায় বললেন, 'এই দপ্তর মানুষের কোন প্রত্যাশাই পূরণ করতে পারেনি'। আমার মনে হ'ল তিনি তাঁর শ্রেণী স্বার্থের দিকে লক্ষ্য রেখেই ঐ বক্তব্য পেশ করলেন। অপর দিকে বামফ্রন্ট রাজ্যের বৃহত্তর জনসমষ্টির শ্রেণী স্বার্থের দিকে লক্ষ্য রেখেই এই দপ্তর পরিচালনা করছে। বামফ্রন্ট সরকার দীর্ঘ ১৬ বছর ধরে রাজ্যের পিছিয়ে পড়া দরিদ্র মানুষদের হয়ে কাজ করছে। কংগ্রেসিরা যাদের কথা কোনও দিন ভাবেনি এবং এখনো ভাবেনা তাদের স্বার্থে আমাদের সরকার কাজ করে চলেছে। যার ফলে কংগ্রেসীরা আজকে ঐ সমস্ত কথা বলছেন। এই প্রসঙ্গে ওঁদের আমি রবীন্দ্রনাথ ঠাকুরের একটা কথা স্মরণ করতে বলি, ধানের ক্ষেতে বেগুনের খোঁজ করতে গিয়ে বেগুন না পেয়ে ধানকেও শস্য হিসাবে গ্রাহ্য করা হচ্ছে না। এই অবস্থা হয়েছে কংগ্রেসের। ওঁরা আজকে ঐ ভাবেই এই দপ্তরের কাজকর্মের সমালোচনা করছেন। আজকে আমাদের দেশের মানুষের সামনে সব চেয়ে বড় বিপদ হচ্ছে সাম্প্রদায়িকতার বিষ। বাবরি মসজিদ ধ্বংসের পর থেকে দেশের সমস্ত শুভ বুদ্ধি সম্পন্ন মানুষদের সাম্প্রদায়িকতার বিষ পাগলা কুকুরের মতো তাড়া করে বেড়াচ্ছে। এই সাম্প্রদায়িকতাকে প্রতিহত করার জন্য আমাদের তথ্য ও সংস্কৃতি দপ্তর আমাদের রাজ্যে একটা বিরাট ভূমিকা পালন করে চলেছে। এ বিষয়ে মানুষের আশা আকাঙ্খা পূরণ করার উদ্দেশ্যে অনেকগুলি প্রচার পুস্তিকা, পোস্টার, হোর্ডিং, ব্যানার প্রকাশ করে চলেছে। এ ছাড়াও আমরা দেখছি অতীতে গ্রামাঞ্চলের যে-সমস্ত পত্র-পত্রিকা দীর্ঘদিন অবহেলিত ছিল বর্তমানে সেগুলি সাম্প্রদায়িক সম্প্রীতির প্রচারের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। সাথে সাথে গ্রামাঞ্চলের সাহিত্য পত্রিকাগুলি এই দপ্তর থেকে নিয়মিত বিজ্ঞাপন পেয়ে আবার নতুন করে বেঁচে উঠেছে। এই দপ্তর গ্রামীণ সাংবাদিকদের প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্য নিয়ে সাংবাদিকতার অন্যতম পথিকৃত হরিশচন্দ্র মুখোপাধ্যায় স্মৃতি বক্তৃতা সভার আয়োজন করে একটা উল্লেখযোগ্য নজির সৃষ্টি করেছে। অতীতের খ্যাতনামা কয়েকজন

সাংবাদিকের জীবন এবং ইতিহাস নিয়ে একটা পুস্তক প্রকাশের ব্যবস্থা করেছে। জাতীয় সংহতি রক্ষার ক্ষেত্রে এই বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। রাজ্যে সাক্ষরতার প্রসার, ভূমি সংস্কার, পরিবেশ দূষন প্রভৃতির ক্ষেত্রেও যথেষ্ট অবদান রেখে চলেছে। আমরা দেখেছি তিনবিঘা হস্তান্তরের প্রশ্নে কেন্দ্রীয় সরকারের নীতি রূপায়ণের ক্ষেত্রে আমাদের তথ্য বিভাগকে একটি উল্লেখযোগ্য ভূমিকা নিতে হয়েছে। প্রচারের মধ্যে দিয়ে জনমত সৃষ্টি করেছে। আমরা দেখেছি এই বিভাগ থেকে ভূমি সংস্কার, সাক্ষরতা, পরিবেশ, বিদ্যুত, স্বাস্থ্য, তিনবিঘা চুক্তি প্রভৃতি বিষয়ে এক বা একাধিক ভাষায় মূল্যবান পোস্টার, ফোল্ডার এবং পুস্তিকা প্রকাশিত হয়েছে। রাজ্যস্তরে বিদ্যাসাগর এবং নজরুল মেলার আয়োজনের মধ্যে দিয়ে এই বিভাগ অসংখ্য মানুষকে অনুপ্রেরণা যুগিয়েছে। এ ছাড়া রাজ্যের বিভিন্ন গ্রামে যে সমস্ত বিখ্যাত মেলাগুলি অনুষ্ঠিত হয় তাদের এই বিভাগের পক্ষ থেকে আর্থিক সাহায্য করে উৎসাহিত করা হয়েছে। তথ্য বিভাগের এই সমস্ত কাজের পাশাপাশি আমাদের সংস্কৃতি বিভাগ এত দিন চুপ করে বসেছিল না বা এখনো চুপ করে বসে নেই। সারা রাজ্যে সংস্কৃতির ক্ষেত্রে ব্যাপক কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটাচ্ছে। শুধু শহর নয়, গ্রামাঞ্চলের প্রতি স্থানকে এই কর্মকান্ডের সঙ্গে যুক্ত করা হয়েছে। সঙ্গীত, নাটক, সাহিত্য, চারুকলা, লোকসংস্কৃতি প্রতিটি ধারায় রাজ্যের অগ্রগণ্য বিশেষজ্ঞদের পরামর্শ ও সক্রিয় সহযোগিতা নিয়ে প্রকল্প প্রণয়ন করা হচ্ছে। আমরা দেখছি পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বাংলা ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে ইতিমধ্যেই মান্য প্রতিষ্ঠান রূপে স্বীকৃতি লাভ করেছে। এ পর্যন্ত ২৯টি গ্রন্থ ও পত্রিকা বাংলা আকাদেমি কর্তৃক প্রকাশিত হয়েছে। ইতিমধ্যেই 'জিয়ন কাঠি' নামে একটি মনোগ্রাহি শিশু সংকলন প্রকাশিত হয়েছে। পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি নাট্য কর্মী গড়ে তোলার কাজে বিশেষ উদ্যোগি হয়েছে। আমরা দেখছি সঙ্গীতের জগতে পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত আকাদেমি বিশিষ্ট মর্যাদা লাভ করেছে। প্রবীণ সঙ্গীতজ্ঞদের নিয়ে নবীনদের প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করা হয়েছে। তেমনি আজকে প্রতিযোগিতা সৃষ্টি করে নবীন সঙ্গীতজ্ঞদের মধ্যে প্রতিভার সন্ধানের ব্যবস্থা করা হয়েছে। শুধু শহরের মানুষ বা শিক্ষিত মানুষদের জন্য এই বিভাগ বসে ছিল না। আদিবাসী সম্প্রদায় এবং তাদের সংস্কৃতিকে উজ্জীবিত করার জন্য এই বিভাগ যথেষ্ট চেষ্টা করছেন। সাঁওতাল এবং মুন্ডাদের ভাষা ও সংস্কৃতি আলাদা। সেইজন্য এই বিভাগ ২টি নাটক কর্মশালা ও একটি নৃত্য কর্মশালা এবং একটি লোকশ্রুতি নামে পুস্তিকা প্রকাশ করে বিশেষভাবে ধন্যবাদার্হ। বাঙালির জীবনের ঐতিহ্যমন্ডিত ১৪০০ সালের শেষ শতাব্দী এবং ১৫০০ শতাব্দীর প্রারম্ভে বাঙালির জন-জীবনে বয়ে আনে একটা উদ্দীপনা। সেইজন্য এই বিভাগ উৎসব ও সভা-সমিতির মাধ্যমে এই শতাব্দীকে ঐতিহ্যমন্ডিত করার জন্য যে পরিকল্পনা নিয়েছেন তারজন্য অত্যন্ত ধন্যবাদ জানাতে হয়। দেখা গেছে, বাংলা ভাষাকে ব্যবহার করলে প্রশাসন বিভাগের শ্লথগতি না থেকে আরো গতিশীল হয়। সেইজন্য এই বিভাগ যাতে বাংলা ভাষাকে প্রতি বিভাগে বা প্রতি প্রশাসনে ব্যবহার করে প্রশাসনকে যাতে গতিশীল করে তারজন্য আমি আবেদন রাখছি। সরকারি মুখপত্র হিসাবে "পশ্চিমবঙ্গ" নামে যেটি প্রকাশ করা হয় সেটি প্রথমে দেখা গিয়েছিল সরকারি কতকগুলি মামুলি কথা সেখানে প্রকাশ করা হতো। বিগত ১৬ বছর ধরে এর কলেবর যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি বামফ্রন্ট সরকারের আমলে

**"পশ্চিমবঙ্গ"** যেটি সাপ্তাহিক পত্রিকা এই পত্রিকাতে কতকগুলি বিশেষ সংখ্যা যেমন, অরণ্য, বিজ্ঞানচর্চা, বিজ্ঞান সংখ্যা এইরকম ভাল ভাল জিনিস প্রকাশ করে এই পত্রিকা শুধু আর সরকারি মুখপত্র না থেকে বাংলা দেশের অর্থাৎ পশ্চিমবাংলার জন-জীবনে একটা বিশেষ মর্যাদা লাভ করেছে এই কথা বললে অত্যুক্তি হয় না। পরিশেষে প্রসার ভারতীর কথা একটু বলতে হয়। বামফ্রন্ট সরকারের মাধ্যমে সাম্প্রদায়িকতার বিষ নষ্ট করার জন্য তথ্য ও সংস্কৃতি দপ্তর যেভাবে চেষ্টা করে আসছে, তাকে নস্যাৎ করছে ইলেক্‌ট্রনিক প্রচার বিভাগ বেতার এবং দূরদর্শন। এটা কেন্দ্রীয় সরকারের একক প্রচেষ্টার দ্বারা চালিয়ে আসছেন। প্রসার ভারতী বিল কার্যকর করার জন্য রাজ্যস্তরে কমিটি করার যদি সুযোগ দেওয়া যায় তাহলে সাম্প্রদায়িকতার বিষ নষ্ট করা যাবে বলে আমার ধারণা। সেইজন্য আমি বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মূলত বিরোধীদলের বক্তব্যের উত্তরে কয়েকটি কথা বলব। এটা ঠিকই এই সরকার যখন ক্ষমতায় এল তখন এই বিভাগের যা ব্যায়-বরাদ্দ ছিল আজকে তা অনেক বেশি। সুব্রতবাবুর সমালোচনা ঠিকই তুলনামূলকভাবে কম। সৌগতবাবু একটা ভুল করেছেন। প্ল্যান বাজেটে আড়াই কোটি নয়, ৪ কোটি ৮৪ লক্ষ টাকা, ক্যালচার মিলিয়ে অর্থাৎ মোট ১৬ কোটি টাকা। আমি আর সময় নষ্ট করব না, আমি যে কথাটা বলতে চাইছি, আত্ম সমালোচনার সুরেই বলতে চাই যে, সব কাজ সব সময় ঠিক হচ্ছে এই দাবি কেউই করতে পারে না।

[6-15—6-25 p.m.]

আমাদের রাজ্যের ১৬ কোটি টাকার এই বিভাগকে, সুব্রতবাবু বললেন, আপনার সেক্রেটারিয়েটকে সাজাতে পারেননি। তবে সারা ভারতে বর্তমানে যে ভয়ঙ্কর অন্ধকার স্রোত চলছে সেই তুলনায় কথাগুলো একঘেয়েমি কথা বা বাঁধা সুরের কথা বলে সেগুলো আর বলছি না, তবে এটা ঠিক যে, আমি সাজিয়েছি। শুধু সাজাইনি, সেক্রেটারিয়েটের পাশে আগে ছিল পুরাতত্ব ডাইরেকটোরেট, উনি তখন ছিলেন, আমি সেখানে সংস্কৃতির ডাইরেকটোরেট করেছি, ফিল্ম এর ডাইরেকটোরেটের তলায় নাট্ট অ্যাকাডেমি, বাংলা অ্যাকাডেমি এবং তারসঙ্গে লোক সংস্কৃতির অ্যাকাডেমি, প্রিন্টিংস অ্যাকাডেমি এতগুলো অ্যাকাডেমি কাজ করছে। সব মিলিয়ে একটা পাল্টা স্রোত বওয়ানোর চেষ্টা করছি। তবে আমি সৌগতবাবুর সঙ্গে একমত, সরকার সোজাসুজি ক্রিয়েটিভ শিল্পে, সৃজনশীল শিল্পের ক্ষেত্রে হস্তক্ষেপ করব না এই নীতিতে আমরা বিশ্বাসী। এরজন্য সরকারকে কি করতে হবে? সরকারকে এরজন্য একটা পরিকাঠামো তৈরি করে দিতে হবে যাতে নতুন নতুন শিল্পী ভরষা করে এগোতে পারেন, যাতে নতুন নতুন নাট্যকার নাটক লেখার সাহস পান। তারজন্য আমাকে বিভিন্ন মঞ্চ অহীন্দ্র মঞ্চ করতে হয়েছে, তারজন্য মধুসূদন মঞ্চ আমি করেছি, দীনবন্ধু মঞ্চ আমি করেছি। ভারতবর্ষের মধ্যে দুইবার আমি বলছি ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ সিনেমা হল 'নন্দন' আমরা তৈরি করেছি। আমরা সাহস করে গৌতম ঘোষের মতন, বুদ্ধদেব দাশগুপ্তের মতন, উৎপলেন্দুর মতন পরিচালকরা যাতে এগিয়ে আসতে পারেন সেই পরিবেশটা

তৈরি করবার চেষ্টা করছি। আমরা সাহস করে পশ্চিমবঙ্গে প্রথম যদিও এই রাজ্যে প্রথম ফিল্ম হয়েছিল, কিন্তু এই রাজ্যে কোনও কালার ল্যাবরেটরি ছিল না এই রাজ্যে কালার ল্যাবরেটরি তৈরি করেছি এবং সেটা তৈরি করবার পরে ১৯৮৭ থেকে ১৯৯৩ সালের মধ্যে সারা ভারতে ১৮টা অ্যাওয়ার্ড উইনিং ফিল্ম আমাদের রূপায়ণে হয়েছে। সুব্রতবাবু বলছিলেন রূপায়ণের জন্য আপনারা টাকা দিয়েছেন। কিন্তু টাকা দিলেই অ্যাওয়ার্ড পাওয়া যায় না। এখানে এটা হয়েছে বলেই এটা সম্ভব হয়েছে। আমি বিনীতভাবে দাবি করতে পারি, এখানে যে কালার ল্যাবরেটরি হয়েছে এবং সাউন্ড রেকর্ডিং সিস্টেম হয়েছে, আমি ভুবনেশ্বর এবং মাদ্রাজে ঘুরে দেখেছি, আমাদের এখানে অনেক অ্যাডভান্স কাজ হচ্ছে। একটু তুলনা করে দেখবেন, একটু অঙ্ক নিয়ে বসবেন, দেখবেন ভুবনেশ্বর ল্যাবরেটরি কিরকম চলছে, আর আমাদের ল্যাবরেটরিই বা কিরকম চলছে।

দ্বিতীয় বিষয় হল সিনেমা। এখানে বক্তৃতা করবার সময় আমাদের মান্নান সাহেব বলে চলে গেলেন যে, সলিল চৌধুরিকে আমরা কেন টাকা দিয়েছি এবং সেটা কেন ফেরৎ চাওয়া হয়নি। সলিল চৌধুরিকে আমি কোন টাকাই দিইনি, কাজেই টাকা ফেরৎ চাইবার প্রশ্ন আসে না। কথাটা হচ্ছে, ফিল্ম করছি, তার থেকে টাকা-পয়সা নিচ্ছি কিনা। আমি প্রথমে বলতে চাই এবং কাট মোশনের উত্তরটাও এই ফাঁকে একবার দিয়ে যাই যে, সৌগতবাবু একটু গন্ডগোল করে ফেলেছেন, উনি লোন লিখেছেন। এই লোনটা আমি এসেই বন্ধ করে দিই। আগে ১৯৭৫ থেকে ১৮৭৭ পর্যন্ত লোন যা দেওয়া ছিল তারমধ্যে লোন যারা ফেরৎ দেননি অঙ্কের হিসাবে তার পরিমাণ ৫ লক্ষ টাকার মতো। আমি তাদের বিরুদ্ধে মামলা করেছি। আমি আসার পর তাদের বিরুদ্ধে মামলা চালিয়ে যাচ্ছি, টাকাটা আমি আদায় করে ছাড়ব, কারণ ৫ লক্ষ টাকা বাইরে পড়ে আছে। আমি আসার পর যে কয়টা ফিল্ম হয়েছে সেক্ষেত্রে আমি লোন দিইনি, আমি সরাসরি গ্র্যান্ট দিয়েছি। গ্র্যান্ট দিয়ে যেসব ফিল্ম করেছি তারমধ্যে এটা ঠিক, লাভজনক যেমন হয়েছে, লোকসানও হয়েছে। সবাই আমরা জানি, পথের পাঁচালি থেকে এখনও লাভ হচ্ছে। আমরা হীরকরাজার দেশে করেছি লাভ হয়েছে, প্রাগৈতিহাসিক করেছি লাভ হয়েছে, দখল করেছি লাভ হয়েছে, চোখ করেছি লাভ হয়েছে, সোনার কেল্লা করেছি লাভ হয়েছে। কিন্তু এক কথায় বলব, যেমন অনেক ক্ষেত্রে লাভ হয়েছে, আবার ক্ষতিও হয়েছে। মাণিক বন্দ্যোপাধ্যায়ের গল্প নিয়ে যাকে ঘুস দেবার দিয়ে ফিল্ম করেছিলাম, কিন্তু টাকা তুলতে পারিনি, দেবীগর্জন করেছি টাকা তুলতে পারিনি, বিপ্লব রায়চৌধুরির মহাপৃথিবী করেছি টাকা তুলতে পারিনি। আপনি যেটা বলেছেন উৎপল দত্তের ডিরোজিওর উপর পদ্মা নদীর মাঝির মতো বইয়ের ক্ষেত্রে আমরা ঝুঁকি নেব কিনা। তার সবক্ষেত্রে হয়ত বাণিজ্যিক সাফল্য হবে না, কিন্তু কিছু কিছু ক্ষেত্রে বাণিজ্যিক সাফল্য পাওয়া যাবে। কিছুক্ষেত্রে বাণিজ্যিক সাফল্য হয় না, কিন্তু এই অভিযোগ শুনতে রাজি নই যে, আমরা শুধুমাত্র রাজনীতির দিকে তাকিয়ে এসব করছি। গৌতম ঘোষকে পদ্মা নদীর মাঝি রাজনীতির দিকে তাকিয়ে করতে দেওয়া হয়েছে? উৎপল দত্ত একটা সিনেমা করেছিলেন, সেটা হচ্ছে 'ঝড়'। তার আর্ধেক লাভ হয়েছিল, অর্ধেক লাভ হয়নি। কিন্তু তিনি নাটক করেছিলেন এবং সেটা কো-অপারেটিভ করে করেছিলেন। আমি

কোনও টাকা দেইনি। এই ব্যাপারে আপনি ভুল বলেছেন। আমি বলেছি যে, যে কয়টা ফ্লিম আমাদের বাইরে রিলিজ হয়নি, সেই কয়টি ফ্লিম আমরা নন্দনে রিলিজ করেছি। শুধু নন্দনে করে যেটুকু দর্শক পাওয়া যায়। যেমন নাম বলছিলেন, রবীন্দ্রনাথের 'ছেলেটা' বা 'সাগর থেকে ফেরা', 'সাগর থেকে পাহাড়', এটা মোহিত চট্টোপাধ্যায় করেছিলেন। তিনি জীবনে একটি ফ্লিম করেছিলেন। আমরা সেটা পারিনি বাইরে রিলিজ করতে। আমরা নন্দনে করেছি। অর্থাৎ সরকারের উদ্দেশ্য যেমন মূলত বাণিজ্যিক থাকবে, তেমনি শিল্পের উৎকর্ষও খানিকটা প্রমোট করা, এটাও চিন্তা করা উচিত বলে মনে করি। তবু আমরা সতর্ক এবং সতর্ক বলে আরো সংখ্যাটা কমিয়ে এনেছি। সুব্রতবাবু যেটা বললেন, আপনি খবর রাখেন না, সেটা হচ্ছে আমরা বছরে চিন্তা করি একটা কি দুটো ফিল্ম করব। আর সামগ্রীক ভাবে ফিল্ম যাতে বেশি হয় এবং দলমত নির্বিশেষে সকলেই যাতে সাহায্য পায় তার জন্য রূপায়ণে কাজ করলে সে যেই করুন না কেন আমার জানার দরকার নেই ওয়েস্ট বেঙ্গল মেড ফ্লিম হলে, রূপায়ণে কাজ করলেই সে ২ লক্ষ টাকা টাকা পাবেন। একজন হয়ত মাদ্রাজে চলে যাচ্ছেন, কেউ বোম্বেতে চলে যাচ্ছেন, আমি বলেছি যে আপনারা রূপায়নে কাজ করুন। রূপায়ণে কাজ করলে আপনারা অনুদান পাবেন। এটা সরকারি সংস্থা, আমরা দলমত নির্বিশেষে এখানে অনুদান দিচ্ছি। তার ফলে কি হয়েছে সেটা আপনি জেনে রাখুন। আগে গত ১০ বছরে পশ্চিমবঙ্গের চলচ্চিত্রের সংখ্যা যেখানে নামতে নামতে ১৭, ১৬, ১৫-তে এসে দাঁড়িয়েছিল সেখানে গত তিন বছরে সেটা উঠতে উঠতে এখন ৩৭, ৩৮, ৪০ শে এসে দাঁড়িয়েছে। ৪০টি বাংলা ফ্লিম আবার বছরে উঠছে। **(সুব্রত মুখার্জি ঃ কেউ দেখেনা।)** কেউ দেখেনা এটা ঠিক নয়, কম দেখে। যে ৪০টি বই হয়েছে, সেই ৪০টি বই কেউ দেখেনা, এই রকম নয়। তবে ২।৪টি হয়ত বাক্‌স বন্দি হয়ে যায়। 'পদ্মা নদীর মাঝি' যেটা আমরা করেছি, আপনি দেখেছেন কিনা জানিনা, সেটা ঢাকাতে এবং চট্টগ্রামে সাকসেস হয়েছে। কিন্তু কলকাতায় সেই সাকসেস হয়নি। কলকাতার পাশে মফঃস্বলে গেলে হয়ত একটু ভাল হবে। কিন্তু ঢাকা যে ভাবে নিয়েছে, চট্টগ্রাম যেভাবে নিয়েছে, কলকাতা সেই ভাবে নেয়নি। কিন্তু আমার মনে হয়েছে যে কলকাতার বাইরে গেলে হয়ত ভাল হবে। সেই কারণে আমি একথা বলতে চাচ্ছি, সিনেমার ব্যাপারে আমরা একটা কমপ্রিহেনসিভ প্লান নিয়েছি। যে সমস্ত বাংলা ফিল্ম, ওয়েস্ট বেঙ্গল মেড ফিল্ম, তাদের আমরা সাহায্য করছি এবং বছরে একটা কি দুটো বই করব যেটা শিল্পের উৎকর্ষতার দিকে তাকিয়ে হবে। ঐ ভাবে রাজনৈতিকরণ করার কোনও লক্ষ্য আমাদের নেই। **(শ্রী সুব্রত মুখার্জি ঃ আমার সময়ে গণদেবতা করা হয়েছে)** গনদেবতা আপনি আরম্ভ করেছিলেন, আমি শেষ করেছি। আপনি তরুনবাবুকে জিজ্ঞাসা করে নেবেন। আমি দ্বিতীয় যে প্রশ্নে যেতে চাই সেটা সত্যিকারের একটা সংবেদনশীল একটা প্রশ্ন। সেটা হচ্ছে প্রেসের ব্যাপারে। প্রেসে যাবার আগে আমি আর একটা কথা এখানে বলতে চাই। উনি বললেন যে এটা ভাল যে আপনি কেন্দ্রের সঙ্গে কনফ্রন্টেশনের লাইন ছেড়ে দিয়েছেন। কনফ্রন্টেশন কথাটা ঐভাবে বললেন কেন আমি জানিনা। তবে যে মৌলিক নীতির বিরুদ্ধে আমাদের বিরোধ সেটা আমরা চালিয়ে যাচ্ছি। কিন্তু যেখানে আমাদের বিরোধিতা নেই কলকাতায় একটা ফিল্ম ইন্সটিটিউট হবে, আমি কি পাগল যে বলব, না এখানে হবেনা। কলকাতায় তারা ভাল কাজ করলে

[6-25—6-35 P.M.]

আমি কি আপত্তি করব? প্রসার ভারতী বিলের কথাটা এখানে উঠেছে। কেন্দ্রীয় মন্ত্রী আমাকে বলে গেছেন যে প্রসার ভারতী বিল সম্পর্কে ৬ মাসের মধ্যে ওরা চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। প্রসার ভারতী বিল আসার পরে কিন্তু আমরা সেকেন্ড চ্যানেলের দাবি করিনি। আগে যখন ছিল যে কেন্দ্রীয় সরকারের হাতে থাকবে তখন আমরা বলেছিলাম যে সেকেন্ড চ্যানেল রাজ্য সরকারের হাতে রাখতে হবে। প্রসার ভারতী হচ্ছে একটা অটোনমাস। অটোনমাস হলে যেমন কেন্দ্রীয় সরকার বলছেন যে আমরা হাতে রাখবনা, তখন আমরাও সেকেন্ড চ্যানেল চাইছি। আমরা তখন বলছি সেকেন্ড চ্যানেল তাহলেও সেটা অটোনমাস হয়ে যাক এবং দিল্লিতে যেমন বোর্ড অফ গভর্নরস আছে তেমনি রাজ্য স্তরে বোর্ড অফ গভর্নরস হোক। এই হচ্ছে আমাদের প্রস্তাব। আর অনেকে আজকে এখানে অনেক উত্তেজনা দেখালেন সেটা হচ্ছে মেট্রো চ্যানেল নিয়ে যা হচ্ছে, কেবল টিভি নিয়ে যা হচ্ছে। আমি সব মিলিয়ে কথাটা বলছি। অজিত পাঁজা যখন মন্ত্রী ছিলেন তখন থেকে কথাটা বলছি যে কেবেল টি.ভি সারা দেশ ছেয়ে গেছে, কি করছেন আপনারা? কোন একটা সিদ্ধান্ত নিন আপনারা। উনি বলেছেন আমি একটা কমিটি করেছি, কমিটি যবে রিপোর্ট দেবে তারপর অপেক্ষা করছেন, অপেক্ষা করছেন. কলকাতা তো ভর্তি হয়ে গেল! সব জানেন তিনি। ৩-৪ টি চ্যানেল চলে এসেছে. যা-তা করছে, কোনও আইন নেই। আমার হাতে কোনও আইন নেই, তাও পুলিশ কমিশনারকে বাধ্য হয়ে একটা চিঠি লিখেছিলাম যে, সব কোম্পানি গুলির এজেন্টগুলিকে লাইসেন্স নিতে হবে। আমার এই চিঠি পাঠানোর কোনও আইনগত ভিত্তি নেই, তাও পাঠিয়েছিলাম। আমি গত সপ্তাহে শুনেছিলাম যে কেন্দ্রীয় সরকার অবশেষে রেকমেনডেশনস দিয়েছেন যে কেবেল টি.ভি কি ভাবে রেগুলারাইজ করা হবে কোনটা করা হবে কোনটা করা হবে না। কত পয়সায় লাইসেন্স নিতে হবে তার সিদ্ধান্ত হয়েছে। মন্ত্রী ১৬ তারিখে আসবেন কলকাতায়, ১৬ তারিখে এলে জানতে পারব সমস্ত ঘটনা এই কেবেল টি.ভি আমরা কন্ট্রোল করতে পারব কি পারব না। সৌগতবাবু সঠিক ভাবেই বলেছেন যে আজকে ইলেকট্রনিকস মিডিয়ার জন্য সংবাদপত্র এবং প্রিন্টিং মিডিয়া ইর‍্যালিভেন্ট হয়ে যাচ্ছে এবং এই ইলেকট্রনিক্স মিডিয়া মারাত্মক শক্তিশালী হচ্ছে। তারা গোটা মহাকাশ দখল করে নিয়েছে। মহাকাশে প্রতিযোগিতা হচ্ছে, কার কোন স্যাটেলাইট থেকে কি দেখানো হচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** এই আলোচনা ৬-২৯ মিনিটে শেষ হয়ে যাচ্ছে, মিঃ ভট্টাচার্য, আপনার আর কতক্ষন সময় লাগবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমার আর ৫-১০ মিনিট লাগবে।

**মিঃ স্পিকার ঃ** আমি আরো ১৫ মিনিট সময় বাড়িয়ে দিতে চাই। আশা করি সকলের মত আছে।

**( এ ভয়েস ঃ ইয়েস )**

আরো ১৫ মিনিট সময় বাড়িয়ে দেওয়া হল।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এই কথা ঠিক এবং আপনারা জানেন ব্রিটিশ চলে এসেছে, বি.বি.সি আছে। আবার শুনছি রাশিয়ানদের স্যাটেলাইট আছে, তারা নূতন কোম্পানি খুলছে। তারপর আরো কতকগুলি আছে। কেন্দ্রকে মৌলিক সিদ্ধান্ত নিতে হবে যে কোনটা আমাদের দেশে অ্যালাও করবে। কয়েকটি তৃতীয় দুনিয়ার দেশ যেমন বার্মা, থাইল্যান্ড তারা আপত্তি করেছে কয়েকটি জিনিস। আমরা আপত্তি করব কি করব না. আপত্তি করলে কোনটাকে করব, আর যদি অ্যালাও করি তাহলে কি করব না, আপত্তি করলে কোনটাকে করব, আর যদি অ্যালাও করি তাহলে লাইসেন্সটা কি ভাবে হবে, ট্যাক্স নেব কিনা, এই সমস্ত প্রশ্ন ঠিক করতে হবে কেন্দ্রীয় সরকারকে। কেন্দ্রীয় সরকার গত সপ্তাহে মাত্র ঠিক করেছে যখন সারা দেশে এই সমস্ত কান্ড হচ্ছে। আমরা সঠিক ভাবেই বলেছি এবং আমরা এই নীতিতে বিশ্বাস করি যে সমস্ত টেলিভিশন মিডিয়াটা কেন্দ্রীয় সরকারের বাজেটের টাকায় চলা উচিত নয়। কারণ আপনারা হিসাব করে দেখবেন যে কৃষি বাবদ স্বাস্থ্য দপ্তর বাবদ যে খরচ কেন্দ্রীয় সরকার করে সেখানে যে ভাবে টাকা ইনক্রিজ করছে সেই তুলনায় মারাত্মক ভাবে টি.ভি. নেটওয়ার্ক বাড়াতে গিয়ে কেন্দ্রীয় সরকারের টাকার অপচয় হচ্ছে। তাই মেট্রো চ্যানেলের একটা অংশ পরীক্ষামূলক ভাবে কমপিটিশনের ভিত্তিতে কমপিটিশনে গেলে আমার ধারণা উন্নতি হবে প্রাইভেটাইজেশন করা যেতে পারে। এই হচ্ছে আমাদের মত এবং এই মত আমরা লিখিত ভাবেই দিয়েছি, গোপন কিছু নেই। এই কারণে দিয়েছি আমাদের মতো দেশে সম্পূর্ণভাবে এই মেট্রো চ্যানেল প্রাইভেটাইজেশন হয়ে যাক আমেরিকার মতো আমরা চাই না। এটা হতে পারে না, মারাত্মক কান্ড হয়ে যাবে। যদি সেখানে অযোধ্যার মতো কান্ড দেখায়, সেই মুহূর্তে দেওরাস এসে কি বলল, তাহলে মারাত্মক হয়ে যাবে। সব টি.ভি.তে দেখাতে আরম্ভ করবে। মারাত্মক কান্ড হয়ে যাবে, অযোধ্যায় ভাঙছে আর সেটা টি.ভি তে আসছে। আমাদের মতো দেশে এটা হতে পারে না। কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণ রাখতে হবে। আবার এই কথা ঠিক যে সাংস্কৃতিক উৎকর্ষতা দেখানোর জন্য খানিকটা পরীক্ষামূলক ভাবে প্রাইভেটাইজেশন করলে আপত্তি নেই। তারও একটা গাইড লাইন চাই, নীতি চাই কি করতে পারবে, কি করতে পারবে না মেট্রো চ্যানেল। সেই জন্য আমরা বলেছি পরীক্ষামূলক ভাবে কয়েক ঘন্টা এটা করা যেতে পারে। ইতিমধ্যে তারা ৪ ঘন্টা চালাচ্ছে। এখন যা আছে বর্তমান মন্ত্রী আমাকে বলেছেন আগের মন্ত্রী পরীক্ষামূলক ভাবে [illegible], এই ব্যাপারে আমি কোনও মতামত দিচ্ছি না।

( সুব্রত মুখার্জি রোজ টু স্পিক )

( গোলমাল )

[illegible] আমাকে না দেখিয়ে ১৬ তারিখে মন্ত্রী আসবেন, আপনার কাছে পাঠিয়ে দেব। আগে নিয়মটা ঠিক করতে হবে যে প্রসার ভারতী হবে কি হবে না, কেবল টিভি হবে কি হবে না, কেবল টিভির লাইসেন্স দেওয়া হবে কি হবে না, মেট্রো চ্যানেল সম্পূর্ণ ভাবে

সরকারের থাকবে, না প্রাইভেটাইজেশন হবে, এগুলো সম্বন্ধে নীতিগত সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারকেই নিতে হবে। তাঁরা এটা নিতে না পারলে সমস্যা আছে। এরপর আমি সংবাদপত্র সম্পর্কে যেতে চাইছি। সংবাদপত্র সম্পর্কে সৌগতবাবু যেটা বললেন, আমি পরিষ্কার ভাবে বলছি, কোনওকিছু গোপন করতে চাই না, দুর্ভাগ্যজনক ভাবে একটা সিদ্ধান্ত হয় এই বিধানসভায় আমি আগেও বলেছি এখনও বলছি, সংবাদপত্রের সঙ্গে, সাংবাদিকদের সঙ্গে এই খেলার নিয়ম আমরা জানি। কয়েকটি পত্রিকা মৌলিক অর্থে আমাদের সমর্থন করেন না। করবেন না। তাঁরা সমর্থন করেন নি। এটা ওঁরাও জানেন, আমরাও জানি। এটা গণতন্ত্রের নিয়ম। আমরা সেটা মেনে নিয়েছি। আমি শুধু বলছি, ব্যবহারিক কয়েকটি দিক আছে। এটা করবেন না। ব্যবহারিক দিকটা কি, যে প্রশ্নটা সুদীপবাবু তুললেন। কেন্দ্রীয় সরকার সত্যজিৎ রায়ের নামে একটা ফিল্ম ইনস্টিটিউট করবেন বললেন। আমার জমি দেওয়ার কথা, জমি ঠিক করে দিলাম। ওঁদের আর্কিটেক্ট ঠিক করার কথা। ওঁরা মিটিং করছেন, ওঁরা প্ল্যানিং করছেন, সেখানে আমাদের যাওয়ার কথা নয়। আমরা যাই, যদি ওঁরা আমাদের ডাকেন তবে যাই। এমনিতে আমাদের সেখানে যাওয়ার অধিকারই নেই। একটা কাগজে সংবাদ বেরল, এটা উঠে যাচ্ছে। সরকার কিছু করতে পারছেন না এটাতো আমাদের কিছু করার নেই। আমাদের শুধু জমি দেওয়ার কথা। টাকা আমাদের নয়। এটা করার কথা সি.পি.ডবলু.ডি.র। ওঁরা আর্কিটেক্ট ঠিক করতে পারছেন না। ওঁরা কুরিয়ারকে আর্কিটেকট ঠিক করেছিলেন, তারা দায়িত্ব নেয় নি। একটা কাগজে বেরল যে দেরি করছেন। আমরা কন্ট্রাডিকশন পাঠিয়েছিলাম, ওঁরা ছাপিয়েছেন। আমি বলছি, এগুলো হচ্ছে ব্যবহারিক দিক। মৌলিক অর্থে সেই কাগজটি চায় ওঁরা চান আমরা এখান থেকে চলে যাই, রাইটার্স থেকে চলে যাই। আমরা জানি, ওঁরা যেটা বলেছেন, তথ্যটা ওঁরা ভুল লিখেছেন। কিন্তু তথ্যটা ওঁরা ভুল লিখবেন কেন? একটা কাগজ লিখলেন, সি.এম.ডি.পি.-৪'এর কাজ ফাইন্যাল হয়ে গেছে, মেগাসিটি বেড়ে গেছে। সি.এম.ডি.এ.র এখন মাথা খারাপ হয়ে যাচ্ছে। আমরা রিজয়েন্ডার পাঠিয়েছিলাম। সৌভাগ্যবশত সেটা কোনও রকমে লিখলেন। তৃতীয় একটা সংবাদপত্র ঐ সময়ে লিখলেন যখন কলকাতায় ভয়ঙ্কর সাম্প্রদায়িক দাঙ্গা চলছে সেই সময়ে, আর্মি অফিসারের সঙ্গে নাকি আমার তুমুল তর্ক হয়েছে। আমি আর্মির সঙ্গে কোনও কথা বলিনি। ওঁরা বললেন আর্মিকে হ্যান্ড ওভার করছেন না কেন? আমি তাঁদের বললাম, আপনারা জানেন না। ইচ্ছা করলেই হ্যান্ড ওভার করা যায় না। প্লিজ গো থ্রু দি ম্যানুয়ালস। আপনারা পড়ে নিন তার কি আইন। এটা একটা ব্যবহারিক সমস্যা। একজন সাংবাদিক মাঝরাত্রিতে আর্মি কতক্ষণে রিচ করবে সে সম্বন্ধে আমার কাছে ফোন করে জানতে চাইলেন। আমার কাছে তখন দু'তিনটি থানা থেকে ফোন আসছে। তিনি তখন আমার কাছে ফোন করছেন। আমি বললাম, ফোন করবেন না, আমি এখন ভয়ঙ্কর ব্যস্ত। আমি সেই টেলিফোন রেসপন্ড করিনি বলে অসন্তুষ্ট হয়েছেন। আমি তখন তিনটি থানা থেকে যে ফোন আসছে সেটা ছেড়ে দিলে অসুবিধা ছিল। তাঁদের সংবাদ সংগ্রহের অধিকার নিশ্চয়ই আছে। কিন্তু তার থেকে আমার কাজটা আরও বেশি দরকারি। সেই সময়ে ফোন রেসপন্ড করিনি বলে কয়েকদিন আগে স্টেটসম্যানের সেই সাংবাদিক 'আমি কেন ফোন রেসপন্ড

করিনি' এটা নিয়ে অভিযোগ করলেন। এই ব্যবহারিক ক্ষেত্রে কিছু দুর্ভাগ্যজনক ঘটনা ঘটতে পারে। কিন্তু উনি যেটা বললেন, সাংবাদিক কমিউনিটির সঙ্গে বিরোধ, সেটা ঠিক নয়। আমি প্রত্যেক সাংবাদিকের সঙ্গে ব্যক্তিগত ভাবে কথা বলি।

**শ্রী সুব্রত মুখার্জি :** জ্যোতিবাবু রসিদের ব্যাপারে তাহলে আপনি মামলা করলেন কেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** করার দরকার ছিল বলেই করেছি। আমি শুধু বলছি যে ঘটনার পরিপ্রেক্ষিতে প্রেস কর্নারের ঘটনা ঘটেছে, আমি আবার এই কথা বলছি যে, আমরা সতর্ক এবং সচেতন। যে সমস্ত সাংবাদিকরা রাইটার্স বিল্ডিংয়ে যান, আমি দায়িত্ব নিয়ে বলছি, পশ্চিমবাংলার মতো প্রেসের স্বাধীনতা এবং গণতন্ত্র কোনও রাজ্যের সঙ্গে তুলনা করতে পারবেন না। যে কোনও রাজ্য থেকে পত্রিকাগুলোর, সংবাদপত্রগুলোর স্বাধীনতা এবং গণতন্ত্র এখানে বেশি আছে।

[6-35—6-45 p.m.]

যেকোন রাজ্যের থেকে বেশি এইকথা আমি দায়িত্ব নিয়ে বলতে পারি। আমি এইকথা বলতে পারি রাইটার্স বিল্ডিংসের প্রেস কর্নারে যারা বসেন তাদের কোনও অসুবিধা নেই, এই মুহূর্তে কোন অসুবিধা নেই। প্রশ্ন হচ্ছে এই অসুবিধাটা কিন্তু কোনও কাগজ বলেনি এবং এখানে যে সি.এম এর ঘরের সামনে বসার জন্য যে সিকিউরিটির সমস্যা হচ্ছে একথা আমরা কেউ বলিনি। আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে যে, দিল্লিতে যান বা যেকোনও রাজ্যে যান সেখানকার রাইটার্স বিল্ডিংস বা মহাকরণের সি.এমের ঘরের সামনে এইরকম এখানকার মতো প্রেস কর্নার নেই। কোনও রাজ্যে এইভাবে সি.এমের ঘরের সামনে প্রেস কর্নার নেই। আগে যেটা ছিল সেটাই আমরা শুধু সরিয়েছি। এতে যে সাংবাদিকদের কাজের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে তারজন্য আমি আন্তরিকভাবে দুঃখিত। বাস্তব কাগজগুলির অসুবিধা হচ্ছে যে ওখানে বসলে যেমন কি হচ্ছে না হচ্ছে তক্ষুণি খবর পেয়ে যেত এখন সেটা হবে না, একটু কাজের অসুবিধা হবে। এটা কোন রাজ্যে নেই, সেই হিসাবে আমরা এখানে এটা করেছি। আমরাও রাইটার্স বিল্ডিংসে যেসব সাংবাদির বসবেন তাদের জন্য এই ব্যবস্থা করেছি। এতে সাময়িকভাবে ওখানে বসতে না পারার জন্য যে অসুবিধা হচ্ছে সেটা এবং দ্রুত খবর সংগ্রহ করতে যে অসুবিধা হচ্ছে সেটা কেটে যাবে। কিন্তু এটা করা ছাড়া বিকল্প আমার কোনও পথ ছিল না। আমাদের ভারতবর্ষের কোনও রাজ্যে এর তুলনা পাবেন না এবং সেটাই আমি অন্য রাজ্যের মতো এখানে করেছি। এই ব্যাপারে স্টেটসম্যানের এডিটরকে ডাকা হলে তিনি বলেছেন যে প্রেস কর্নার কোথায় বসবে না বসবে সেটা গভর্নমেন্ট ঠিক করবে, এটা প্রেসের কোনও অরগ্যানাইজেশন ঠিক করে না। সুতরাং কোনও ঝগড়া নেই। আপনারা শুধু লাগাবেন না। মৌলিকভাবে বিরোধিতা করছেন করুন কিন্তু আপনারা পেছন থেকে লাগাবেন না। আর বয়কটের কথা যেটা বলা হয়েছে সেটা হচ্ছে যে, কেউ বয়কট করেন নি। আমরা বিরোধী দলের বক্তব্যও শুনি কিন্তু আমি শুধু

বলছি আপনাদের এবং সংবাদপত্রগুলিকে যে সত্যি সংবাদ পরিবেশন করুন, খবরকে বিকৃত করবেন না। এটাকে সহজভাবে গ্রহণ করুন অন্যভাবে নেবেন না। ওখানে গিয়ে যেসব সাংবাদিকদের বসতে হবে তাদের আবার আমি আন্তরিকভাবে এই বসার ব্যাপারের বিকল্প কিছু করতে না পারার জন্য দুঃখিত এবং এছাড়া অন্য কোনও পথ নেই। তারপরে আপনাদের পক্ষ থেকে কোনও কোনও কাগজের প্রতি ডিসক্রিমিনেশনের প্রশ্ন উঠেছে। আমাদের কোনও কাগজের প্রতিই ডিসক্রিমিনেশন নেই, আমরা কতগুলি কাগজকে বিজ্ঞাপন দিয়েছি তার হিসাব দিচ্ছি। আনন্দবাজার পত্রিকাকে ৪১লক্ষ টাকা দিয়েছি, আজকালকে ৩১লক্ষ টাকা, গণশক্তিকে ১৫লক্ষ টাকা এবং বসুমতীকে ৪লক্ষ, বর্তমানকে ১৫লক্ষ টাকার বিজ্ঞাপন দিয়েছি। সুতরাং কোনও রকম ডিসক্রিমিনেশন হয় নি। সুতরাং বসুমতীকে নিয়ে যে প্রশ্ন উঠেছে সেটা খাটে না। বসুমতীর ব্যাপারে আবার বলছি যে সৌগতবাবু বললেন যে আমরা নাকি এই ব্যাপারে জেদাজেদি করছি, এটা ঠিক নয়। একটা কর্পোরেশন চালাতে গেলে বছরে যদি ৫০-৬০ লক্ষ টাকার ক্ষতি হয় তাহলে কি সেটা দেখার দায়িত্ব সরকারের নয়? এই ব্যাপারে দুটি যে জট ছিল তাতে দুটি ইউনিয়নের ইচ্ছা থাকলেও অর্থাৎ আই.এন.টি.ইউ.সি কোনও আপত্তি করেনি কিন্তু অন্য কয়েকজন মিলে হাইকোর্টে গেল এবং তারা মামলা করল। শিলিগুড়ির থেকে যে বসুমতী সংবাদপত্রটি বেরোয় তা নিয়ে প্রশ্ন যে এটা কেন ওখানে ট্রান্সফার করা হল। তার উত্তরে আমি জানাচ্ছি যে, ওখানথেকে প্রতিদিন ৫-৬ হাজার কপি বেরোয়। দ্বিতীয়ত গত কয়েক মাস ধরে আমরা নেপালি ভাষায় 'সগরমাতা' নামে একটি সংবাদপত্র বার করছি এবং এতে ৮ হাজার কপি বের হয়। **(ভয়েসঃ শিলিগুড়িতে তো বসুমতীতে আপনাদের লোককে নিয়েছেন।)** না, শিলিগুড়িতে কোন নিজের লোক নেওয়া হয় নি। কোন নিজের লোককে পাঠান হয় নি। প্রশান্ত সরকার, যিনি সিনিয়র মোস্ট জার্নালিস্ট, তাঁকে ওখানে বসানো হয়েছে। তিনি অসুস্থ সত্ত্বেও এই কাজ করছেন। যতদিন সরকার ওখানে লোক দিতে না পারছে ততদিন উনি ওখানে কাজ করবেন, লোক পেলেই তিনি ওখানে বসবেন। আমরা চেষ্টা করছি আমাদের লসটাকে কমিয়ে নিয়ে আসতে। ঐ যে বললেন কোথায় জায়গা নিয়েছেন, ঐ সব আমি বলব না, আমি আইন জানি, ডি.এম. আইন মাফিক সিদ্ধান্ত নিয়ে তিনি জমি অ্যাকুয়ার করেছেন। আমি জানি কি করে জমি নিয়ে কারখানা করতে হয়, ডি.এম. আইন অনুযায়ী ঐ জায়গার দাম ঠিক করেছেন, আপনি তার থেকে কম দামে পেলে জানাবেন, আমি ডি.এম.কে পাঠিয়ে দেব। আমি সুব্রতবাবুর সঙ্গে কয়েকটি ব্যাপারে একমত, সেই ব্যাপারটি হচ্ছে যে তিনি বলে গেছেন, বাংলা ভাষার ব্যাপারে আমি বেশি এগুচ্ছি, এটা আমি দাবি করতে পারব না। শুধু আমি বলছি গত ৩০ তারিখে একটা ডেভেলপমেন্ট হয়েছে, একটা স্পেশাল সেল করছি, আমি চাইছি মূল কয়েকটি জায়গাতে বাংলা ভাষাকে চালু করতে। যেমন পঞ্চায়েত, স্বাস্থ্যদপ্তর, পুলিশ এই তিনটি জায়গার উপর আমি জোর দিচ্ছি। থানায় গিয়ে ডাইরি করবে, এফ.আই.আর. করবে তাঁকে ইংরাজিতে লিখতে হবে, এটা কেন হবে? হসপিটালে গিয়ে একটা ফর্ম ফিলাপের জন্য জাস্ট সই করবে, কেন তাঁকে ইংরাজিতে লিখতে হবে? আজকে পঞ্চায়েত ৭১ হাজার প্রার্থী নির্বাচিত হয়েছেন তারা কি করে ইংরাজি বুঝবেন, যেমন গ্রাম কমিটি আছে,

এই সমস্ত কয়েকটি বিষয় নিয়ে একটা স্পেশাল সেল করা হয়েছে, আমরা এটা করার চেষ্টা করছি, আর প্রত্নতত্ব নিয়ে একটা কাজ করার চেষ্টা করছি, সম্প্রতি ৩।৪টি জেলাতে এই কাজটা করছি, কতকগুলি জেলাতে কাজ রেডি হয়ে গেছে, মালদাতে কাজটা বেশি হয়েছে। এই প্রসঙ্গে কাটমোশনের ব্যাপারে একটি কথা বলে নিই, আপনারা যেটা বলেছেন কম্পালসারি সোয়িং অফ বেঙ্গলি ফিল্ম, এই প্রসঙ্গে বলি আইন আপ হয়ে যাবার পর এটা লাগু হয়ে গিয়েছে। নোটিফিকেশন হয়ে যাবার পর এটা চালু হয়ে গেছে। এখন থেকে প্রোডিউসার, ডিস্ট্রিবিউটাররা তারা যে কোনও সিনেমা হলে গিয়ে তার ছবি রিলিজ করতে পারে। এই ব্যাপারে একটা মামলা হয়েছিল তাতে আমরা জিতেছি। একটি হলে ১২ সপ্তাহ কম্পালসারি বেঙ্গলি ফিল্ম শোয়িং করতে হবে। বর্দ্ধমানের অনিতা সিনেমা হলের বিরুদ্ধে আমরা একটা মামলা করেছি, তাতে আমরা জিতেছি, আমরা পরীক্ষামূলকভাবে এটা করেছি। আমরা সেই সিনেমা হলকে বাধ্য করেছি, ১২ সপ্তাহ শোয়িং এর জন্য কাজেই এটা করা হয়েছে। এই কয়েকটি কথা বলে, কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

The motions of Shri Deba Prasad Sarkar and Shri Subrata Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 That a sum of Rs.16,18,47,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "2220-Information and Publicity, 4220-Capital Outlay on Information and Publicity and 6220-Loans for Information and Publicity", (This is inclusive of a total sum of Rs. 5,41,00,000 already voted on account in March, 1993.) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6.45 p.m. till 11 a.m. on Wednesday, the 7th July, 1993, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 7th June, 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 6 Ministers of State and 81 Members.

[11-00 — 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Kali Banerjee, a noted Bengali film and stage actor, who breathed his last in a Calcutta Hospital on 5th July, 1993, He was 72.

Shri Banerjee was born in 1921 at Kalighat in Calcutta. He took to acting when he was still a student. He later joined I.P.T.A. and earned recognition as a talented stage actor. He was also associated with Gana Natya Mancha. His debut as a film-actor dates back to the late forties when he had his maiden appearance in a film 'Darmar Pathe'. Next film he featured in as an actor was 'Putul Nacher Itikatha'. He shots into lime-light by virtue of his superb performance in the role of 'Gansa' in a popular Bengali Comedy 'Baryatri' directed by Satyen Bose, a progressive film director. Then came 'Dak Harkara', a poignat account of a suffering man— a role he could put his heart well into. The most challenging roles he had to play were those in Mrinal Sen's 'Neel Akasher Neechey' and Ritwik Ghatak's 'Ajaantrik'. In both of them he performed with extra-ordinary conviction and identified himself with the characters he was to portray. The other memorable films he acted in would, obviously, include Satyajit Ray's 'Paras Pathar' and 'Manihara', Mrinal Sen's 'Bari Theka Paliya' and Tapan Sinha's 'Hansuli Banker Upakatha' and 'Lauha Kapat.' He proved himself as one of the best character actors the Bengali screen has ever produced. He was the producer of the film, 'Surer Aagun'. He acted on the commercial stage also and his performance in 'Arogya Niketan' and 'Kshuda' in Biswarupa were widely acclaimed. In the latter part of the his life he started his career as a professional 'Yatra' actor and stole the show with equal ease.

[ 7th July, 1993 ]

At his death the Bengali film and the Bengali stage have lost an outstanding actor of rare versetility.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(After two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceased.

## Starred Questions
## (to which oral answers were given)

### দেশি ও বিদেশি মদের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে জন প্রতিনিধিদের মতামত

*৬১।(অনুমোদিত প্রশ্ন নং *৬২) **শ্রী আব্দুল মান্নান ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যের বিভিন্ন জায়গায় দেশি ও বিদেশি মদের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে স্থানীয় বিধায়ক বা অন্য জনপ্রতিনিধিদের মতামত দেওয়ার নিয়ম চালু নেই ; এবং

(খ) সত্যি হলে,—

(১) উক্ত নিয়ম বাতিল হওয়ার কারণ কি ;

(২) কবে থেকে ঐ প্রথা চালু হয়েছে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ**

(ক) সত্য নয়। স্থানীয় বিধায়ক ও অন্যান্য জনপ্রতিনিধিদের মতামত নেওয়া হয়।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে না, বিধায়ক ও অন্যান্য জনপ্রতিনিধিদের মতামত নেওয়া হয়। কিন্তু আমরা সংবাদপত্রে দেখছি, মদের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে কিছু কিছু অ্যাপ্লিকেশন নেওয়া হয়েছে এবং বিধায়কদের যে নো অবজেকশন সার্টিফিকেট নেওয়া হত সেটা এখন নেওয়া হচ্ছে না। এদিকে আপনি বলছেন না। তাহলে আপনি কি বলবেন গত ছয় মাসে কতগুলো মদের লাইসেন্স আপনি দিয়েছেন এবং কোথায় কোথায় দেওয়া হয়েছে? তাহলেই আমরা বুঝতে পারব বিধায়কদের অনুমোদন নেওয়া হয়েছে।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটার দুটো অংশ আছে।

একটা হচ্ছে যে সংবাদপত্রে বেরিয়েছে তার প্রতিবাদ জানানো হয়নি। জানানো যে হয়নি তা নয়, জানানো হয়েছে এবং বাজেট বক্তৃতায় নির্দিষ্টভাবে আমি বলে দিয়েছি এবং আমি আরেকবার বলছি, আইনটা সংশোধন করা হয়। আইনের নয় নম্বর ধারায় এবং চার নম্বর উপধারায় পরিষ্কারভাবে সংশোধন করে বলা হয়েছে। কালেকটার কার কার কাছ থেকে অবজেকশন নেবেন। তার প্রথম স্থানে আছেন member of the legislatve Assembly. দ্বিতীয় স্থানে আছেন Sabhadhipati of the Jilla Parishad. তৃতীয় স্থানে আছেন Chairman of each municipality. চতুর্থ স্থানে আছেন Municipality Commissioner of the Chief Executive Officer of each municipal corporation. পঞ্চম স্থানে আছেন, Chief Executive Officer of each notified area. প্রত্যেক ক্ষেত্রেই যিনি কমন ফ্যাক্টর হিসাবে আছেন তিনি মাননীয় বিধায়ক। নগর এলাকা হলে এম এল এ এবং মিউনিসিপ্যাল কমিশনার, গ্রামাঞ্চল হলে এম এল এ। এবং জেলাপরিষদের সভাধিপতি। আগে থেকে এটাতে কড়াকড়ি করা হয়েছে। আর নতুন লাইসেন্স দেওয়া হয়নি। আমি আবার সংখ্যাটা পরিষ্কার করে বলছি ১৯৯১-৯২ সালে সারা রাজ্য জুড়ে দেশি মদের দোকানের সংখ্যা ছিল ৮৯৪, ১৯৯৩-৯৪ সালেও লাইসেন্সড দেশি মদের দোকানের সংখ্যা ৮৯৪। বিদেশি, ফরেন লিকারের দোকানের সংখ্যা অফ শপ হচ্ছে ১৯৯১-৯২ সালে ৩০৩ এখনও ৩০৩। ফরেন লিকার অন শপ যেটা বার বা ৫ তারা হোটেলের জন্য, সেটার সংখ্যা গত বছর ছিল ৩৭৬, এখনও ৩৭৬। একটাও দেওয়া হয়নি। কাগজে একটা ভুল খবর বার করা হয়েছিল, আমি ছুটির মধ্যে এসে তার প্রতিবাদ করেছি। সেই কাগজ তা সংশোধন করে নিয়েছেন। এই হচ্ছে সম্পূর্ণ উত্তর।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মদ বিক্রি যত কম হবে অসামাজিক কাজ ততই কম হবে। মদ বিক্রি নিয়ন্ত্রণ করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি বা এই ধরনের কোনও প্রস্তাব আছে কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাতে কোনও সংশয় না থাকে তারজন্য লিখিতভাবে আমি আমার বাজেট বক্তৃতায় যে কথা বলেছি সেটা আবার বলছি। যে খবরটা ভুলভাবে রটেছিল সে সম্পর্কে আমি আপনাদের অবহিত করলাম। আর আপনি যে প্রশ্নটা করেছেন সে সম্পর্কে জানাচ্ছি যে আমরা একটা পরিকল্পনা নিয়েছি। বর্ধমান জেলার অভিজ্ঞতার ভিত্তিতে সেটা আমরা করব। আমাদের রাজ্যে বিভিন্ন জেলাতে যে সমস্ত বেআইনি মদের ঠেক আছে, সেগুলি আমরা ভাঙ্গবো। এ ব্যাপারে আমি আপনাদের সহযোগিতা চাইছি।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** আপনারা প্রায় বলে থাকেন যে এখানে অর্থাৎ পশ্চিমবঙ্গে মদের দোকানের সংখ্যা [illegible] ট্যাক্স আদায় করার জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে মদের দোকানের সংখ্যা কত এবং পশ্চিমবাংলায় কত এবং তার থেকে কি পরিমাণে শুল্ক বিভিন্ন রাজ্যে আদায় হয়?

[11-10 — 11-20 a.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** অন্যান্য রাজ্যের ব্যাপারটা আমি নোটিশ পেলে বলতে

পারব। তবে যে রাজ্যটির কথা সব সময় আমরা চোখের সামনে থাকে এবং যাদের সঙ্গে আমাদের জনসংখ্যা তুলনীয় এবং আয়তন তুলনীয় তার সঙ্গে তুলনামূলক হিসাব আমি দিতে পারি। সেই রাজ্যটি হচ্ছে অন্ধ্রপ্রদেশ। পশ্চিমবাংলায় দেশি মদের দোকানের সংখ্যা যেখানে ৮৯৪, অন্ধ্রে সেখানে দেশি মদের দোকানের সংখ্যা ১৬ হাজার ৬০৭,২০ গুণ বেশি। একই জনসংখ্যা, এটাই লক্ষ্যণীয়। তবে এই সঙ্গে তুলনীয় আর একটি ব্যাপার বলছি ১৯৯১-৯২ সালে পশ্চিমাবাংলায় রেভিনিউ কালেকশন অন্ধ্রের চেয়ে দোকান প্রতি তিনগুণ বেশি। যদিও ওদের ২০ গুণ বেশি দোকানের সংখ্যা, আমরা রেভিনিউ কালেকশন ভাল করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি যে তথ্য দিলেন তাতে লাইসেন্সড মদের দোকানের সংখ্যা কম তুলনামূলকভাবে দেখালেন। কিন্তু আনলাইসেন্সড মদের দোকানের সংখ্যার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেছেন। আমি যেটা বলতে চাইছি, এই মাদক দ্রব্য বিরোধী কার্যকলাপ বন্ধ করার জন্য আপনার অনেক বক্তব্য শুনেছি। এই ব্যাপারে বামফ্রন্ট সরকারও নানা বক্তব্য রাখেন, এই মদের দোকান বন্ধ করার চেষ্টা করছেন। কিন্তু এই মদের ব্যবসা পুরোপুরি বন্ধ করে দেবার ব্যবস্থা করার কোনও পরিকল্পনা নিচ্ছেন কি, এই ব্যাপারে আপনার দপ্তরের বক্তব্য কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি যেটা বলছি সেটা হচ্ছে যে বেআইনি মদের দোকান, ঠেক, এইগুলো সুপরিকল্পিতভাবে ভাঙার জন্য আবগারি দপ্তর এবং অন্যান্য দপ্তর এবং জন প্রতিনিধিদের সঙ্গে নিয়ে চেষ্টা করছি। আমি আবেদন করছি আপনারা সহযোগিতা করুন। সবচেয়ে ভাল পথ দেখিয়েছে বর্ধমান জেলার পূর্বাংশ এই ব্যাপারে। আমরা যখন কোনও জেলাতে সরকারি অফিসারদের নিয়ে নিজেরা ভাঙার কাজে এগিয়েছি, তখন যতটা পারি করব।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে বহু হোটেলে বেআইনি ভাবে দেশি এবং বিদেশি মদ বিক্রি হচ্ছে বড় বড় রাস্তায় ধারে হোটেল তৈরি হয়েছে এবং সেখানে দেশি এবং বিলাতি মদ অঢেল বিক্রি হচ্ছে, এই সমস্ত মদ বিক্রি বন্ধ করার ব্যাপারে মন্ত্রী মহাশয় কোনও উপায়ের কথা ভাবছেন কি না?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** একই প্রশ্ন, তবুও উত্তর দিচ্ছি। এই মদের দোকান ভাঙার ব্যাপারে অনেক সময় দেখা যায় একবার ভেঙে দেবার পর আবার পরে গজিয়ে ওঠে। সেই জন্য জাতীয় সড়কে যে সব জেলায় বা মহকুমায় আমরা খবর পেয়েছি, সেখানে শুধু মদের ঠেক ভাঙা নয়, সেখানে থেকে চালান আসছে, সেই উৎসটাকেও ভেঙে দিতে চাই।

**শ্রী সৌগত রায় ঃ** মন্ত্রী মহাশয় অন্ধ্রের কথা বললেন। কিন্তু অন্ধ্রে এক সময় মহিলারা এই মদের বিরুদ্ধে আন্দোলন করেছিল, তারপরই একটা পার্শিয়াল প্রহিবিশন হয়। সেখানকার কংগ্রেস সরকার এই প্রহিবিশন অ্যাক্ট আনেন। আমি জানি না মন্ত্রী মহাশয় এই ধরনের কোনও পদক্ষেপের কথা ভাবছেন কি না। মন্ত্রী মহাশয় আরও দাবি করলেন গত বছর যতগুলো এফ এল অফ শপ ছিল, সেটা বিদেশি মদের দোকান, তার সংখ্যা একই আছে। আমি নিজে জানি আমার বিধানসভা কেন্দ্রে কালিঘাট রোড এবং আশুতোষ মুখার্জি রোডে

দুটি এফ এল অফ শপ তৈরি হয়েছে। কিন্তু উনি কমপ্ল্যাসেন্টলি বলে গেলেন যে নতুন মদের দোকান হয়নি। আমি বলছি, আশুতোষ মুখার্জি রোড এবং কালিঘাট রোডে এই নতুন এফ এল অফ শপ এর ব্যাপারে এক্সাইজ কমিশনারকে অবজেকশন দিয়ে চিঠি দিয়েছি। অথচ মন্ত্রী মহাশয় বলে দিলেন হাইওয়ে এবং ন্যাশনাল হাইওয়ের পাশে যে সমস্ত হোটেল রয়েছে, সেইগুলো ভাঙবার ব্যবস্থা করছেন। ন্যাশনাল হাইওয়ের পাশে এমন একটাও হোটেল নেই যেখানে বেআইনি মদ বিক্রি হচ্ছে না। অথচ আপনারা কিছুই করছেন না। সুতরাং সমস্ত ব্যাপারটা আধা আধা তথ্য দিয়ে এমনভাবে বলছেন যাতে হাউস বিভ্রান্ত হয়।

**Mr. Speaker :** Mr. Roy, please take your seat. The Hon'ble Minister has said that there has been no increase in the number of shops. If there has been some licences discarded and same number of new lincence have been given keeping the balance as same, you cannot say that it is a wrong statement. No, no. Question not allowed. The Minister did not take your statement.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** স্যার, আমি পরিষ্কারভাবে সংখ্যাগুলো দায়িত্ব নিয়ে বলছি, ১৯৯১-৯২ সালে কান্ট্রি স্পিরিট বা দেশি মদের দোকানের সংখ্যা ছিল ৮৯৪-টি, আজ পর্যন্ত সংখ্যা হচ্ছে ৮৯৪টি। আর ফরেন লিকার শপ-এর সংখ্যা ১৯৯১-৯২ সালে ছিল ৩০৩টি আজ পর্যন্ত ৩০৩টিই আছে মাননীয় বিধায়ক যে নির্দিষ্ট বক্তব্য রাখলেন সে সম্বন্ধে আমি এক্সাইজ কমিশনারের কাছ থেকে জেনে তাঁকে জানিয়ে দেব। কিন্তু মোট সংখ্যাটা আমি দায়িত্ব নিয়েই বললাম।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন নতুন কোনও দোকানের লাইসেন্স কোনও অবস্থায়ই দেওয়া হচ্ছে না। কিন্তু আমরা জানি ব্যবসার ক্ষেত্রে মনোপলি বলে একটা কথা আছে। আপনি ৮৯৪টি এবং ৩০৩টি দোকানের যে সংখ্যা বললেন সেই সমস্ত দোকানের মালিকরা বা সেই সমস্ত মদের ব্যবসায়ীরা মনোপলি ব্যবসা চালাবার জন্য ঢালাও লাইসেন্স দেওয়ার কথা বামফ্রন্ট বিরোধী সংবাদপত্রগুলোর সাহায্যে প্রচার করেছে বলে কি আপনি মনে করছেন? আমরা দেখছি মানুষের সংখ্যা বাড়ার সাথে সাথে অমানুষের সংখ্যাও বাড়ছে এবং এটা প্রত্যেক বছরই বাড়ছে। অথচ গত ১০ বছর ধরে দেখছি মদের দোকানের সংখ্যা বাড়ছে না। ইতিপূর্বে যাদের গাঁজার লাইসেন্স দেওয়া ছিল, রাজ্য সরকার যেহেতু তাদের গাঁজা সরবরাহ করতে পারছে না, হাইকোর্টের অর্ডার অনুসারে তাদের বিকল্প অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা হিসাবে মদের লাইসেন্স দেবার কোনও সিদ্ধান্ত হয়েছে কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মোট সংখ্যাটা আমি পরিষ্কারভাবে বলেছি সেই সংখ্যা এতটুকু বৃদ্ধি করা হয় নি। এই মুহূর্তে মদের কোনও নতুন লাইসেন্স দেবার কথাও আমরা ভাবছি না কোনও স্তরেই।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আপনি যে পরিসংখ্যান দিলেন, সেটা যেমন ঠিক আছে, তেমন বেআইনি মদের ব্যবসাও চলছে, এটা আমরা সকলেই জানি। ৩০৩ এবং ৮৯৪টি লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী রাজ্যে মনোপলি ব্যবসা চালাচ্ছেন। রাজ্য থেকে মদের ব্যবসা সম্পূর্ণ তুলে

দেওয়া যাবে কিনা সেটা গভীর চিন্তা ভাবনার বিষয়। দার্জিলিং জেলায় কি হবে, ট্রাইবাল এরিয়ায় কি হবে সেটা নিয়ে চিন্তা ভাবনার দরকার আছে। কিন্তু যেহেতু জনসংখ্যা বেড়েছে এবং মদ খাওয়া লোকের সংখ্যাও বেড়েছে সেহেতু লাইসেন্স প্রাপ্ত দোকানের সংখ্যা বাড়াবেন, কি বাড়াবেন না, এটাই হচ্ছে আমার প্রশ্ন।

[11-20 — 11-30 a.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আপনার প্রশ্নের একটি উত্তর আমি দিয়েছি। সরকার এই মুহূর্তে কোনও নতুন মদের দোকান খোলার লাইসেন্স (দেশি-বিদেশি) দেবার কথা চিন্তা করছেন না। দ্বিতীয় হচ্ছে আপনি ঔচিত্য নিয়ে বলছেন এর মধ্যে এক চেটিয়া নিয়ন্ত্রণ এসে পৌঁছেছে কিনা? একচেটিয়া বলতে সাধারণত বুঝি, একজন ব্যক্তির সমস্ত কন্ট্রোল বা মুষ্ঠিমেয়রা করছেন। আমার কাছে জেলাওয়ারি যে তথ্য আছে তাতে একচেটিয়া গ্রুপ কন্ট্রোল করছেন, এটা একেবারেই না।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minsiter-in-charge be please to state as to whether every step in connection with the enforcement and imposition regarding prohibition are strictly followed here in the State and if not, what are the reason thereof?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উত্তর দিতে এই মুহূর্তে আমি প্রস্তুত নই।

**শ্রী অমিয় পাত্র ঃ** আপনি সভাকে অবহিত করলেন যে মদের দোকান বন্ধ করে দেবেন। এরজন্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি। আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে, এটা নিয়ে কনফিউসন হচ্ছে, এই বিল যেদিন হাউসে আলোচনা হয় সেদিন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পরিষ্কার করে দিয়েছিলেন, ঢালাও লাইসেন্স দেবার কোনও ব্যাপার নেই, বরঞ্চ নিয়ন্ত্রণ কায়েম করার জন্য। এই বিলে আছে কোথায় স্থানান্তর হবে, স্থান নির্বাচন হবে। ঢালাও অর্ডার দেবার কথা ছিল না। কিন্তু কাগজে দেখলাম ঢালাও লাইসেন্স দেবার প্রশ্ন আছে। জনপ্রতিনিধিদের ইনভলভমেন্টের যে বিষয়টা আছে সেটা কি এইরকম, জনপ্রতিনিধিদের ইচ্ছা করল লাইসেন্স সুপারিশ করল, ইচ্ছা করল বন্ধ করে দেবেন, এইরকম কি কিছু? না, জনপ্রতিনিধিদের মতামত আপনি চান, যদি মতামত নাও দেয় তাও সেটা হয়ে যায়—এইরকম কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি যখন উত্তর দিচ্ছিলাম, তখন বোধ হয় আঁপনি সেই মুহূর্তে ছিলেন না। আমি ক্লজটা পড়ে দিয়েছিলাম। যে কোনও নতুন লাইসেন্স দেবার ক্ষেত্রে স্থান নির্বাচনের প্রশ্ন আসে। সেই স্থান নির্বাচন করার আগে গ্রামাঞ্চলের ক্ষেত্রে মাননীয় বিধায়ক এবং জেলা পরিষদের সভাধিপতি আর শহরাঞ্চলের ক্ষেত্রে মাননীয় বিধায়ক এবং পৌরসভার যিনি দায়িত্বে আছেন—এঁরা সম্মতি না দিলে রাজ্য সরকার স্পর্শ করবেন না, এটাই রুল। এই মুহূর্তে নতুন কোনও দোকান খোলার কথা সরকার চিন্তা করছেন না। আইনের কড়াকড়িটা করে রাখলাম। আগেকার ১৯০৯ সালের যে ধারা তাতে তখন জেলা

পরিষদ ছিল না। সেখানে কড়াকড়ি করার জন্যই আইনটা পরিষ্কার করে দিলাম।

**শ্রী সুন্দর নস্কর ঃ** আপনি বললেন, জনপ্রতিনিধিদের মতামত না নিয়ে কোনও লাইসেন্স দেবেন না। ধরুন, গ্রামাঞ্চলের ক্ষেত্রে সভাধিপতি এবং বিধায়ক এই দুই জন দুই রকমের যদি ওপিনিয়ন দেন—সভাধিপতি দিলেন কিন্তু বিধায়ক দিলেন না, এইরকম ক্ষেত্রে কি হবে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** যদি একজনেরও অবজেকশন থাকে তাহলেও আমি স্পর্শ করব না।

**শ্রী নাসিরুদ্দিন খাঁন ঃ** আমার গ্রামে বাড়ির পাশে দুই ফারলং-এর মধ্যে এই মাল আছে। বহু চেষ্টা করেও ওঠাতে পারা যাচ্ছে না। নওদা গ্রামে মেইন রোডের উপর যেসব কান্ড চলে তা দেখা সম্ভবপর নয়। আপনার এমন কোনও পথ আছে কিনা যাতে এগুলো উঠে যায়? আপনি অন্ধ্র প্রদেশের হিসাব দিয়ে বললেন যে, সেখানে এখন থেকে ২০ গুণ নাকি মদের দোকান আছে অথচ রেভিনিউ আপনি বেশি পান এখান। তাহলে এই মত কি এখানে ঢালাও পাওয়া যায়, নাকি এরজন্য কোটা ঠিক করা আছে যে, এত পরিমাণ পর্যন্ত মদ দোকান কিনতে পারবে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** নওদা এলাকার রাস্তার উপরের যে ইনফর্মেশন দিলেন সেটা আর একটু বিষদভাবে দিলে ভাল হত। তবে ভাঙ্গাটা আপনার উপস্থিতিতে হলে ভাল হয়। দ্বিতীয়ত অন্ধ্রপ্রদেশের সঙ্গে হিসাব করে যেটা বললেন সেটা অন্ধ্রপ্রদেশের মাথাপিছু লিকার কনজামশন পশ্চিমবঙ্গে এক-তৃতীয়াংশ। তাসত্বেও এখানে রেভিনিউ বেশি কালকেটেড হয়, কারণ আমরা এক্সাইজ ডিউটি অনেকটাই বেশি করেছি। যেটা জয়নাল আবেদিন সাহেব বললেন সেটা তার মানসিকতারই প্রকাশ। আমাদের এখানে এক্সাইজ ডিউটি অনেক বেশি এবং রেভিনিউ কালেকশন যথাসম্ভব সূত্রগুলি আমরা চিন্তা করবার চেষ্টা করেছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** বর্তমানে মাসের শেষের দিকে বেআইনি মদের দোকানগুলির যদি ভাঙ্গবার চেষ্টা করেন তাহলে আমরা সাহায্য কবব, কিন্তু আমরা বিভিন্ন এলাকায় দেখছি যাদের ফার্মাসিস্টের লাইসেন্স আছে ওষুধের দোকান সেই ওষুধের দোকানে কতগুলো ওষুধের খাপ সাজানো থাকে, কিন্তু মদের দোকান থেকে মদ এনে দোকানে রেখে দেয়। ভদ্রবেশি মানুষ সেখানে গিয়ে মদ খেয়ে বেরিয়ে আসেন, অথচ তাদের মদের দোকানে কোনও লাইসেন্স নেই। এসব বন্ধ করবার চেষ্টা করবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমরা যে তথ্যগুলি নিই সেটা প্রতি জেলার এলাকা ধরেই নিই। আমাদের কাছে যদি অতিরিক্ত কোনও তথ্য পাঠান তাহলে সেই অনুযায়ী কাজ করব। এই ব্যাপারে আমরা থামতে চাই না।

**Shri Subrata Mukerjee :** Sir, will be Hon'ble Minister be pleased to state whether the State Government has considered imposition and enforcement as a positive measure onl) or on the political consideration in favour of the C.P.I.(M) ?

**মিঃ স্পিকার :** নো, নো, নট অ্যালাউড।

**ছাত্রসংখ্যার ভিত্তিতে শিক্ষক/শিক্ষিকা নিয়োগ**

*৬২।(অনুমোদিত প্রশ্ন নং *২২৪) **শ্রী শক্তিপ্রসাদ বল :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বিভিন্ন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে ছাত্রসংখ্যার ভিত্তিতে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী আনিসুর রহমান :**

হ্যাঁ।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী শক্তিপ্রসাদ বল :** কত শিক্ষিকার পদ শূন্য আছে জানাবেন কি?

**মিঃ স্পিকার :** এটার জন্য নোটিশ দিতে হবে।

**শ্রী আনিসুর রহমান :** নীতি-পদ্ধতির কথা যদি জানতে চান বলতে পারি, কিন্তু সংখ্যা সম্পর্কে জানতে চাইলে নোটিশ চাই।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** রাজ্যের বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যার ভিত্তিতে যে সমস্ত শিক্ষক শিক্ষিকার পদ পড়ে রয়েছে সেগুলোর পূর্ণ করবার জন্য কী ব্যবস্থা গ্রহণ করছেন বলবেন কি?

**শ্রী আনিসুর রহমান :** এখানে প্রশ্নটা ছিল মাধ্যমিক স্কুল নিয়ে, আপনি প্রশ্ন করেছেন প্রাইমারি স্কুল নিয়ে। যদিও এই ব্যাপারে আমার কাছে এখন উত্তর থাকে না তবুও বলছি এই ব্যাপারে মামলা অনেক আছে, সমস্ত মামলাগুলি নিয়ে আমরা লড়াই করছি। মামলা শেষ হলে ব্যবস্থা নেব।

**শ্রী নটবর বাগদি :** স্কুলের ম্যানেজিং কমিটির দ্বারা শিক্ষক নিয়োগ সম্বন্ধে বিভিন্ন জায়গায় বিভিন্ন ধরনের প্রশ্ন উঠছে। এই প্রশ্ন এড়াবার জন্য ব্লক স্তরে কিম্বা মহকুমা স্তরে একট সার্ভিস কমিশন করে শিক্ষকদের নিয়োগের ব্যাপারে একটা প্যানেল তৈরি করে শিক্ষক নিয়োগের কোনও চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী আনিসুর রহমান :** একটা চিন্তা ভাবনা সরকারের আছে, এখনও কিছু সিদ্ধান্ত নেওয়া হয় নি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** বর্তমান আর্থিক বছরে এই রাজ্যের কতগুলি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষকের পদ পূরণ করা হবে জানাবেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** কতগুলি শূন্য পদ পূরণ করা হবে কেন্দ্রীয় ভাবে সেটা বলা যায় না। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলে ম্যানেজিং কমিটি যেভাবে তাদের প্রয়োজনে শূন্য পদে শিক্ষকের আবেদন করে সেইভাবে অনুমতি দেওয়া হয়। সেইজন্য কেন্দ্রীয়ভাবে বলা যাবে না কিভাবে কত জন শিক্ষক বর্তমান বছরে নিয়োগ হবে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** এই শিক্ষক নিয়োগের পদ্ধতিটা এত লংড্রন প্রসেস যার ফলে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলগুলি ভীষণ অসুবিধায় পড়ছে। ধরুন ডেপুটেশনে ১১ মাসের মধ্যে শিক্ষক নিয়োগ না করা যায় তাহলে সেই বছরটা একজন টিচার বিহীন অবস্থায় সেই স্কুলকে চালাতে হয়। সাধারণভাবে যে টিচার নিয়োগ করা হয় সেই ক্ষেত্রে দেখতে পাচ্ছি দীর্ঘ পদ্ধতির মধ্যে দিয়ে গিয়ে এক থেকে দেড় বছর একটা টিচারের অ্যাপ্রুভাল আসতে লাগে। এই ব্যাপারে কোন সহজ পদ্ধতি আছে সেটা জানাবেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** শিক্ষক নিয়োগের যে পদ্ধতিটা আছে সেটা খুবই সহজ, খুব বেশি সময় লাগার কথা নয়। ডেপুটেশন ভ্যাকান্সি বা লিভ ভ্যাকান্সিতে নিয়োগ আরও সহজ, সময় লাগে না। যেগুলি সংরক্ষিত থাকে এস সি এবং এস টি-দের জন্য সেই ক্ষেত্রে যোগ্যতা সম্পন্ন প্রার্থী না পাওয়ার জন্য বিলম্ব হতে পারে। অন্যথায় বেশি সময় লাগে না। তবে স্থানীয় বিদ্যালয় মনোনীত প্রার্থী নিয়োগের জন্য দেরি করে।

### ময়না বেসিন ড্রেনেজ প্রকল্প

*৬৩।(অনুমোদিত প্রশ্ন নং *৪২২) **শ্রী মানিক ভৌমিক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ময়না বেসিন ড্রেনেজ প্রকল্পের দক্ষিণপ্রান্তে কেলেঘাই নদী সংলগ্ন 'লক' গেটটির যান্ত্রিক ত্রুটি আছে ;

(খ) থাকলে ঐ ত্রুটি দূরীকরণের সরকার কোনও পরিকল্পনা নিয়েছেন কি না ;

(গ) উক্ত প্রকল্পের কত অংশের কাজ এ পর্যন্ত সম্পূর্ণ হয়েছে ;

(ঘ) বাকি অংশের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(ঙ) ঐ প্রকল্পে ভূমিহীনদের ক্ষতিপূরণের সম্পূর্ণ টাকা দেওয়া হয়েছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) ইহা সত্য যে ময়না বেসিন নিস্কাশনী প্রকল্পের দক্ষিণ প্রান্তে কেলেঘাই নদীর লকগেটগুলির ৮টির মধ্যে একটির রাবার সীল আটকে যাওয়ার জন্য কপাটটি খোলা যাচ্ছে না আপাতত।

(খ) যতশীঘ্র সম্ভব এই ত্রুটি দূরীকরণের চেষ্টা করা হচ্ছে।

(গ) উক্ত প্রকল্পের প্রায় ৮০ (আশি) শতাংশ সম্পূর্ণ হয়েছে।

(ঘ) প্রয়োজনীয় বাস্তু জমি ও কিছু বাড়ি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হইলে উক্ত প্রকল্পের বাকি অংশের কাজ আশা করা যায় ১৯৯৪ সাল নাগাদ শুরু করে শেষ করা যাবে।

(ঙ) অধিগৃহীত জমির ক্ষতি পূরণের টাকা মোটামুটিভাবে সম্পূর্ণ দেওয়া হয়েছে। অল্পকিছু জমির শতকরা ২০ (কুড়ি) ভাগের শেষ কিস্তির টাকা দেওয়া হয় নি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** এই প্রকল্প যখন শুরু হয় তখন এই প্রকল্পের টোটাল কস্ট কত ছিল এবং আজ ১০ বছর বাদে অনেক টালবাহানার মধ্যে ১৯৯৪ সালে শেষ হবে বলছেন এখন কত হবে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ১২৯ লক্ষ টাকা।

**শ্রী মানিক ভৌমিক ঃ** এই প্রকল্পের জন্য এই বছর ১৯৯৩ সালে ওয়ার্ক অর্ডার এবং টেন্ডার দেওয়া সত্ত্বেও আপনার দপ্তরের টালবাহানায় কেন এই বছর কাজ হল না এর জন্য কি আপনার দপ্তর দায়ী নয়?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** না।

**তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের আশ্রম-ছাত্রাবাস নির্মাণ**

*৬৪।(অনুমোদিত প্রশ্ন নং *৪১০) **শ্রী অঙ্গদ বাউরি ঃ** তফসিলিজাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বছরে তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য রাজ্যে কতগুলি আশ্রম-ছাত্রাবাস তৈরি হয়েছে ;

(খ) তন্মধ্যে কতগুলি ছাত্রাবাস পুরোপুরিভাবে চালু হয়েছে ও কত ছাত্র-ছাত্রী উপকৃত হয়েছে ; এবং

(গ) সমস্ত ছাত্রাবাসগুলি চালু হয়ে আরও কত ছাত্র-ছাত্রী উপকৃত হবে বলে আশা করা যায়?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ**

(ক) নতুন একটিও না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** বর্তমানে কতগুলো ছাত্রাবাস চালু আছে সে সম্বন্ধে মাননীয় মন্ত্রী

মহাশয় বলবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আমি ছাত্রাবাসের সংখ্যাটা আলাদা ভাবে বলে দিচ্ছি। জুনিয়র হাইস্কুল ফর শিডিউল্ড কাস্টস, এই পর্যায়ে ৪৩টি চালু আছে। জুনিয়র বেসিক স্কুল অ্যাটাচড্ ফর শিডিউল্ড কাস্টস্ ওয়েলফেয়ার, এটাতে হচ্ছে ৬৮। সিমিলার থিংস্ অ্যাটাচড প্রাইমারি স্কুল, এটা হচ্ছে ১১টা। সিমিলার হোস্টেল অ্যাটাচড্ টু প্রাইমারি স্কুল ফর শিডিউল্ড ট্রাইবস, এটা হচ্ছে ৩১টি।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** ছাত্র-ছাত্রীদের জন্য কত টাকা করে অনুদান দেওয়া হয় বলবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ২০ সিটেডগুলোর জন্য ইয়ারলি গ্রান্ট ইনক্লুডিং অল এক্সপেনসেস ৪৩,৭২০ টাকা, আর ৩০ সিটেড যেগুলো আছে সেগুলোর জন্য দেওয়া হয় ৪১, ০৪০ টাকা।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বললেন যে ঐ দুটি আর্থিক বছরে তফসিলি ছাত্র-ছাত্রীদের জন্য কোনও ছাত্রাবাস তৈরি হয়নি। এই দুটি আর্থিক বছরে ছাত্রাবাস তৈরি করার ব্যাপারে রাজ্য সরকারের কোনও লক্ষ্যমাত্রা ছিল কিনা, থাকলে কতগুলো তৈরি করার লক্ষ্যমাত্রা ছিল?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আমাদের সেভেন্থ প্ল্যানে অনেকগুলো স্টার্ট হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠান যারা গভর্নমেন্টের কাছ থেকে টাকা নিয়েছে, সেগুলোর এখনও অনেকগুলো ইনকমপ্লিট আছে। তাদের সংখ্যা হচ্ছে ১৫৯০।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি আপনার কাছে জানতে চেয়েছিলাম, ঐ দুটি আর্থিক বছরে ছাত্রাবাসে তৈরি করার কোনও লক্ষ্যমাত্রা সরকারের ছিল কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** না, এই আর্থিক বছরে নতুন করে আমরা টার্গেট নিই নি।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যেসব জেলায় ছাত্রাবাস আশ্রম আছে তারমধ্যে কোনও কোনটা বন্ধ হয়ে গেছে কিনা এবং বীরভূম জেলায় এইরকম ২টি ছাত্রাবাস আশ্রম বন্ধ হয়ে গেছে কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** বন্ধ হয়ে গেছে সেইরকম রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রী ধীরেন সেন ঃ** বীরভূম জেলায় আব্দুল হালিম এবং মহঃ আলি তুরকু ছাত্রাবাস বন্ধ হয়ে আছে।

**শ্রীমতী আরতি হেমব্রম ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনাদের আমলে আশ্রম হোস্টেলগুলো টাকার অভাবে চলছে না এবং যারফলে ছাত্র-ছাত্রীরা পড়তে পারছে না এই ব্যাপারে আপনি কি চিন্তা ভাবনা করছেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** আমাদের সরকারের পক্ষ থেকে অ্যানুয়াল এবং কোয়ার্টারি হিসাবে টাকা দিয়ে থাকি। সেখানে কোয়ার্টারে হিসাবে যে টাকা দেওয়া হয় তার এক্সপেন্ডিচার রিপোর্ট পেলে এবং ইউটিলাইজেশন সার্টিফিকেট পেলে নেক্সট কোয়ার্টারের টাকা দেওয়া হয়। একটা কিস্তি পাবার পর ইউটিলাইজেশন সার্টিফিকেট না পেলে টাকা দেওয়া হয় না। কেননা এগুলো সবই প্রাইভেট স্কুলের অনুমোদনে টাকা পেয়ে থাকে গভর্নমেন্টের নয়। ভলেনটারি অর্গানাইজেশন এবং প্রাইভেট স্কুলের অনুমতিতে চলে এবং যেভাবে সার্টিফিকেট দেবে সেইভাবে টাকা মঞ্জুর হবে। এটাই সিস্টেম এবং এইভাবেই চলে আসছে।

**শ্রী নন্দদুলাল মাঝি :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ছাত্রাবাসের জন্য যে টাকা দেওয়া হয় তা বাজার দরের তুলনায় কম এবং সেইকারণে এর মাথা পিছু বাড়ানোর কোনও পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

**শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, মেকলিগঞ্জে তফসিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের জন্য কোনও নতুন ছাত্রাবাস হোস্টেল করার পরিকল্পনা আছে কিনা এবং থাকলে কবে নাগাদ সেটা চালু হবে?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** নোটিশ দিতে হবে।

**শ্রী পরেশচন্দ্র অধিকারী :** মাননীয় মন্ত্রী মহাশয় যে টাকার হিসাব দিলেন তাতে ওই ছাত্রাবাসগুলো কতদিনে টাকা পৌঁছাবে কারণ কুচবিহারের কালজানি হাইস্কুলের ছাত্ররা ওই ছাত্রাবাসে খেতে পারছে না টাকার অভাবে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** আমি আগের প্রশ্নের উত্তরেই বলেছি, আবার বলছি যে, ফার্স্ট কোয়ার্টারের টাকা দেবার পরে যদি ইউটিলাইজেশন সার্টিফিকেট না পাঠায় তাহলে সেকেন্ড কিস্তির টাকা পাঠানো হয় না। এই ব্যাপারে মনে হয় ওই ছাত্রাবাসের কোনও গাফিলতি ছিল সেটা খোঁজ নেবেন এবং সেইজন্যই দিতে অসুবিধা হচ্ছে।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আদিবাসী এবং তফসিলি ছাত্রাবাস, চালু হবার পরে যেসমস্ত ছাত্র-ছাত্রীরা এসে ভর্তি হয়েছিল আজকে তার সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে এই ব্যাপারে রাজ্য সরকারের কোনও মডিফিকেশন আছে কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** কমে যাচ্ছে এইরকম কোনও রিপোর্ট নেই, আমাদের যে সিট ছিল সেই সিটই চালু আছে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় কতগুলি প্রশ্নের উত্তর দিয়েছেন এবং সেই সুবাদেই বলছি যে, আমি পাঠানকালিতে গিয়েছিলাম সেখানে ছাত্র-ছাত্রীদের এবং শিক্ষক-শিক্ষিকাদের অভিযোগ যে নির্দিষ্ট সময়ে সমস্ত কাগজপত্র পাঠিয়ে দেওয়া সত্ত্বেও নির্দিষ্ট সময়ে টাকা পান না। এরফলে বহু ছাত্র-ছাত্রী খাবার না পাবার ফলে বাড়ি চলে যাচ্ছে এবং একটা

অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। মিঃ স্পিকার স্যার, আমি এটা বলছি এই কারণে, আপনি যদি মন্ত্রী মহোদয়কে বলে দেন আমি দায়িত্ব নিয়ে বলছি—পাঠানখালিতে একটা ছাত্রাবাস আছে, সেখানে ছেলে ও মেয়ে আছে, সেখানে আড়াই বছর তারা টাকা পায়নি, কাগজপত্র সব দেওয়া সত্ত্বেও। এই ব্যাপারে আপনি যেটা বলছেন এটাতো বুরোক্রসিরা সাজিয়ে দিয়েছে, আপনি কোয়াটার্লি এবং হাফইয়ারলি পাঠাচ্ছেন না, এটা খুব দায়িত্ব নিয়ে আমি বলছি, গরিব ছাত্রছাত্রীদের এত বড় স্কীম নষ্ট হতে পারে না। এটা হচ্ছে দক্ষিণ ২৪ পরগনা জেলার পাঠানখালিতে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ঠিক আছে, জায়গাটার নাম আমি নোট করলাম।

**শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধীদের আসন সংরক্ষণ**

*৬৫।(অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে (মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় সহ) প্রতিবন্ধী মানুষদের ভর্তির জন্য কোনও সংরক্ষণ ব্যবস্থা আছে কি না ;

(খ) থাকলে শতকরা হার কত?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

(ক) এখনই নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ট্রেনে, বাসে ট্রামে সব জায়গায় বর্তমানে যারা প্রতিবন্ধী মানুষ তাদের জন্য ফ্রী সিট বা ফ্রী কার্ড চালু হয়েছে, আগামী দিনে এই ব্যবস্থা শিক্ষা ক্ষেত্রে চালু হবে কিনা এই রকম কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমি যা বলেছি সেটা হচ্ছে এখনও পর্যন্ত বিশেষ কোনও কোটা নেই, আমরা নিশ্চয় বিষয়টা বিবেচনা করব এবং কিছু আলোচনা করে যদি এটুকু জানতে পারি, সাধারণত এই ধরনের ছাত্র যদি কলেজে বা বিশ্ববিদ্যালয়ের তারা ভর্তি হতে যায় সেই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি তারা নিজেরা কিছুটা পরিমাণে তাদের সঙ্গে সহযোগিতা করে আমদের কাছে এই ধরনের কিছু দরখাস্ত.এলে পরে আমরা সহানুভূতির সঙ্গে বিবেচনার জন্য বলি কিন্তু এই মুহূর্তে আমাদের সেই কোটা যেটার ব্যাপারটা নেই, আমরা দেখব অন্যান্য রাজ্যে বা ভারতবর্ষে এই ধরনের ব্যাপারে তারা কি ভাবছেন এই ব্যাপারটা আমরা দেখব।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** আপনি বললেন কলেজ কর্তৃপক্ষ বা ইউনিভার্সিটি সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন, আমি আপনাদের স্পেসিফিক বলতে পারি প্রতিবন্ধীদের কেসগুলি তারা

ঠিকমতো বিশ্লেষণ করছেন না, তারা বলছেন যদি মন্ত্রী লিখে দেন বা সেক্রেটারি লিখে দেন তাহলে দেখতে পারি, আমরা যদি বলে দিই তাহলে কি পদক্ষেপ নেবেন এই ব্যাপারে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে আমি আগেই বলেছি যেহেতু এই ব্যাপারে কোনও সরকারি নির্দেশ নেই, সুতরাং বিভিন্ন কর্তৃপক্ষ তারা নিজেদের দায়িত্ব নিয়ে এই ধরনের ভর্তি করেন, সেইক্ষেত্রে আমাদের তরফ থেকে নিশ্চয় আপনি যদি পাঠান, আমরা সহানুভূতির সঙ্গে বিবেচনা করতে বলব। এটা কিন্তু সিদ্ধান্ত নেবেন সেখানকার কর্তৃপক্ষ, যেহেতু এই ব্যাপারে আমাদের কোনও সার্কুলার নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এখন পর্যন্ত কোটায় প্রতিবন্ধীদের ভর্তির ব্যবস্থা চালু হয়নি, কিন্তু প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা বিভিন্ন স্কুলে বা কলেজে ভর্তি হচ্ছেন অন্যান্য মেরিটের ভিত্তিতে। কিন্তু ভর্তির ক্ষেত্রে এই প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের সুনির্দিষ্ট কোনও ব্যবস্থা আছে কিনা, না থাকলে কোনও চিন্তা-ভাবনা করছেন কিনা জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** এই ধরনের যারা শারীরিক প্রতিবন্ধী তাঁদের প্রতি আমাদের সকলের সহানুভূতি আছে এবং আপনারা জানেন বিভিন্ন ক্ষেত্রে তারা কিছু কিছু সুযোগ সুবিধা পান। মাননীয় সদস্য বলেছেন এখানে শিক্ষা প্রতিষ্ঠানে তাদের জন্য যে খুব একটা বিশেষ সুযোগ সুবিধা, সরকারি নির্দেশ যেটা প্রতিষ্ঠানগুলি মানতে বাধ্য এই ধরনের কিছু নেই। আমরা এইগুলি সহানুভূতির সঙ্গে বিবেচনা করব এবং সমস্ত জিনিসটা বিবেচনা করে আমরা এই সমস্ত মানুষদের প্রতি আরও একটু সহযোগিতা করে এদের দুঃখ দুর্দশা দূর করতে পারি কিনা এটা নিশ্চয় দেখব।

## বিগত আর্থিক বছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা

*৬৬।(অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্য সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(খ) আদায়ীকৃত অর্থের পরিমাণ কত?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ**

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যস্ব আদায়ের বরাদ্দ ছিল ৩৪৭৫.১১ কোটি টাকা।

(খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যস্ব আদায়ের সংশোধিত বরাদ্দ স্থির হয় ৩০৩২.৫১ কোটি টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিগত ১৯৯১-৯২ আর্থিক বছরে এই লক্ষ্যমাত্রা কত ছিল এবং সেখানে আদায় কত হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** ১৯৯১-৯২ সালে আমি শুধু ট্যাক্স পারটা বলছি লক্ষ্যমাত্রা ছিল ২,৬১২.০৪ কোটি টাকা আদায় হয় ২,৪৪৯.৭৫ কোটি টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, অর্থনৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে যখন রাজ্য সরকার চলছে তখন সামগ্রিকভাবে রাজস্ব আদায়ের উন্নতির জন্য কি কি প্রশাসনিক ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন এবং তার ফলাফলই বা কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** প্রথমত মূল যে জায়গা আমি সেখানে দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে রাজস্ব আদায়ের ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ। বড় করের ক্ষেত্রে বিকেন্দ্রীকরণটা হয়েছে অভ্যন্তরীণ ও প্রসাশনিক ক্ষেত্রেও হয়েছে। যে রকম বিক্রয় করের ক্ষেত্রে আগে যে লক্ষ্যমাত্রা ধরা ছিল জেলা, নিচে পার্ট তার নিচে গ্রুপ। একজন করে অফিসার এবং দুজন কর্মী নিয়ে গ্রুপ। তারা এতগুলি গুদাম, সেই গুদামে কি মাল আছে, সেখানে কত বেচাকেনা হচ্ছে তার অ্যাচিভমেন্ট প্রতিমাসে মনিটারিং করত। বিকেন্দ্রীকরণ হয়েছে পাঁচটি গুরুত্বপূর্ণ করের ক্ষেত্রে। সেখানে কর সংগ্রহের ক্ষেত্রে জেলা প্রসাশনকে এবং পঞ্চায়েতকে যুক্ত করে এবং একটা উৎসাহদান পদ্ধতির সঙ্গে যুক্ত করেছি। রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, প্রমোদ কর, মোটর যান কর, মাইনর মিনারেলস্-এর উপর সেস, রয়ালটি, মেজর মিনারেলসের উপর সেস, রয়ালটি (কোলটা বাদ দিয়ে) এই রকম ১৫টা ক্ষেত্রে আমরা লক্ষ্যমাত্রা অতিক্রম করেছি এবং ভালো ফল পেতে শুরু করেছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি দুটো আর্থিক বছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রার যে ফিগারটা দিলেন, তাতে আমরা দেখতে পাচ্ছি কোনও লক্ষ্যমাত্রাই পূরণ হয়নি, কম হয়েছে। লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার কারণ জানাবেন কি?

[12-00 — 12-10 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি কারণ জানাতে যাওয়ার আগে মাননীয় বিধায়কের উদ্দেশ্যে বলছি, আমাদের লক্ষ্যমাত্রা ধার্য করার পর যা আমরা আদায় করি তাতে অর্থ কমিশন একটা স্থান নির্বাচন করে দিয়েছেন। আপনারা জেনে হয়ত খুশি হবেন তাতে পশ্চিমবাংলার স্থান হচ্ছে প্রথম। নবম অর্থ কমিশনের ১১১ পাতায় এই স্থান দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা যেটা পারিনি সেটা বিশ্লেষণ করছি। তিনটি ক্ষেত্রে আমাদের শর্টফল হয়েছে। একটা হচ্ছে কোল সেস, সেখানে ১৭০ কোটি টাকা ; সেলস ট্যাক্স, সেখানে ২০০ কোটি টাকা ; আরেকটা হচ্ছে এন্ট্রি ট্যাক্স-এর ক্ষেত্রে ৯ কোটি টাকা।

**(এই সময় সুব্রত মুখার্জি দাঁড়িয়ে কিছু বলতে থাকেন)**

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি সুব্রত বাবুর উত্তরই দিচ্ছি। কোল সেসের ক্ষেত্রে আমরা বলেছি যে আমাদের প্রাপ্য আছে ৫৬২ কোটি টাকা ৩১-৩-৯৩ তে। ২৮৮ কোটি টাকা কোল ইন্ডিয়া বলেন যে তারা বিদ্যুৎ সংস্থাগুলি থেকে পান। নেট আমাদের যে আদায় সেটা বললাম যে আমরা পাব। সেটা যদি ভেঙ্গে ফেলি তাহলে গত বছর ১৭০ কোটি টাকা কম পেয়েছি। এটা একটা বড় জায়গা। এর মূল দায়িত্ব আমি কোল ইন্ডিয়ার উপর ন্যস্ত করছি। আমি

আগেও বলেছি যে আমাদের যে আইন আছে সেই আইনে আমি পদক্ষেপ নিচ্ছি। তারপর সেলস ট্যাক্সটা গুরুত্বপূর্ণ। সেলস ট্যাক্সের ব্যাপারে মাননীয় বিধায়ক যদি লক্ষ্য করেন, সেলস ট্যাক্সে বৃদ্ধির হার ধরেছিলাম লক্ষ্যমাত্রার ক্ষেত্রে প্রায় ২৩ শতাংশ। আগের বছরের তুলনায় আমরা যেটা পারলাম সেটা ২০ শতাংশ। একটু বেশি কেন ঘাটতি হল? সেলস ট্যাক্সের প্রথম তিন মাসে ৩০ শতাংশ-এর বেশি প্রতি মাসে আগের বছরের সেই মাসের চেয়ে বৃদ্ধি হল। বৃদ্ধি হতে হতে দুটি জায়গায় আমরা ঘা খেলাম। একটা হচ্ছে—এই বৃদ্ধি সুব্রতবাবু হয়ত জানবেন, এর একটা শীর্ষবিন্দু সাধারণত ডিসেম্বর মাসে রিচ করে। ডিসেম্বর মাসে অযোধ্যার ঘটনাবলি ঘটে গেল। তারপর সেই শীর্ষে আমরা যেতে পারলাম না। সেটা প্রায় তিন মাস পিছিয়ে এ বছর তার বেনিফিটটা পেতে শুরু করেছি। একটা হচ্ছে অযোধ্যার ঘটনাবলি এবং অন্যটা হচ্ছে সমগ্র দেশ জুড়ে শিল্পে মন্দা। সমগ্র দেশ জুড়ে শিল্পে যে মন্দা সেটা একটু আলোচনার ভিত্তিতে বলছি, যে কারণ প্রতি রাজ্য এরজন্য সাফার করছে, কেন্দ্রীয় সরকারও সাফার করছে। লক্ষ্য করুন, সমগ্র দেশে বিক্রয় তো শিল্পজাত উৎপাদন তার থেকে মূলত আসবে। ১৯৯০-৯১ সালে গোটা ভারতবর্ষে শিল্পের উৎপাদনের সূচক ছিল ২১২, ভিত্তিবর্ষ, ৮১/৮২, ১৯৯২-৯৩ সাল, এ বছরও শেষ হচ্ছে ২১২ দিয়ে। অর্থাৎ শিল্পের উৎপাদনের ব্যাপারে বৃদ্ধির হার শূন্য। সেখানে দাঁড়িয়ে বিক্রয়করের অবস্থাটা পর্যালোচনা করতে হবে। এখন দামের হারে বৃদ্ধি ১০ শতাংশ হয়েছে। তাহলে পাটিগণিতিক নিয়মে বিক্রয় করের ১০ শতাংশ হারে বৃদ্ধি হওয়ার কথা ছিল। সেখানে বৃদ্ধি আমরা ২০ শতাংশের বেশি করতে পেরেছি আদায়টা একটু ভাল করে। কাজেই এখানে সর্বভারতীয় ক্ষেত্রে শিল্পের মন্দা এবং অযোধ্যার ঘটনাবলি রয়েছে। মাননীয় সুব্রতবাবু, আমরা এবারে যে সংশোধনী এনেছি তাতে লক্ষ্য করবেন মার্চ মাসে আমরা বিবৃতিতে বলেছি যে কোনও আগাম আদায় করা হয়নি এবং মার্চ মাসের হিসাব দিলে বুঝতে পারবেন আমরা নিজেদের সেই মাসের যেটা আদায় এবং মার্চ মাসে পাচ্ছে এই ধরনের কেউ সমালোচনা করতে পারে আইন সংশোধন করে বলেছি যে মার্চ মাসের ২১ তারিখ পর্যন্ত যা বিক্রি সেটা জমা দিন, তার বেশি আমরা চাইছি না। কাজেই আপনার অভিযোগটাও আমি খন্ডন করলাম।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বাঁকুড়া জেলায় মহাবিদ্যালয় স্থাপন

*৬৮।(অনুমোদিত প্রশ্ন নং *৪৪২) **শ্রী নন্দদুলাল মাঝি :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার পাত্রসায়ের বা ইন্দাস ব্লকে মহাবিদ্যালয় স্থাপন অনুমোদন দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে কবে নাগাদ ঐ অনুমোদন পাওয়া যাবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে নেই,

(খ) প্রশ্ন ওঠে না।

**সুন্দরবন অঞ্চলে ভয়াবহ ভাঙ্গন**

*৬৯।(অনুমোদিত প্রশ্ন নং *৪৮৯) **শ্রীমতী অনুরাধা (দেব) পূততুন্ডা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমুদ্রঘেরী সুন্দরবনের ভয়াবহ ভাঙ্গনরোধে সরকারের কোনও সামগ্রিক পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে,

(১) কত টাকা বরাদ্দ করা হয়েছে ;

(২) ৩১শে মে, ১৯৯৩ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে কোনও পরিকল্পনা জমা দেওয়া হয়েছে কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সমুদ্রঘেরা সুন্দরবনের বাঁধের ভাঙ্গন রোধের জন্য সরকারের কয়েকটি বৃহৎ পরিকল্পনা আছে। এই পরিকল্পনাগুলি বর্তমানে উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে। পরিকল্পনাগুলির নাম—

1) Sunderban Delta Project—Phase-I, II, & III, Estimated cost 225.00 crores

2) Beach & Project works of Sundarban and costal Areas (24-pgs North & South) Estimated Cost 3300.00 lakhs,

3) Action plan a Protection against Ganga, Padma, Bhagirathi, Hooghly. Estimated cost-335.75 crores.

4) Anti erosion scheme on different location the sundarban Areas (24-Pgs North + South Project) Estimated cost—500.12 lakhs

(খ) (১) উপরিল্লিখিত ২ ও ৩ ব্যতীত ১নং ও ৪নং পরিকল্পনার এই আর্থিক বছরে (১৯৯৩-৯৪ সাল) ১.০০ + ১৯.০০ = ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(২) এবং ৪নং পরিকল্পনা খাতে ৩০শে মার্চ ১৯৯৩ সাল পর্যন্ত ৩৭৪.৯১ লক্ষ টাকা খরচ হয়েছে।

(গ) উপরিল্লিখিত ৩নং পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ের খেলাধূলার পরিকল্পনা**

*৭০।(অনুমোদিত প্রশ্ন নং *৩৭৯) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের খেলাধূলার উৎসাহিত করার জন্য কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কি ধরনের পরিকল্পনা আছে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৮৩-৮৪ সালে প্রবর্তিত আন্তজেলা প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা প্রতিবছর সার্কেল, জেলা, রাজ্যস্তরে অনুষ্ঠিত হচ্ছে। এই প্রতিযোগিতার মাধ্যমে প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের মধ্যে খেলাধূলার ব্যাপারে যথেষ্ট উৎসাহ দান এবং অনুপ্রেরণার সঞ্চার করা সম্ভব হয়েছে। উল্লেখযোগ্য যে সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য যেখানে প্রাথমিক স্তরে এই ধরনের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এছাড়া, প্রাথমিক স্তরের পাঠ্যসূচিতে খেলাধূলা ও শরীর চর্চা অন্তর্ভুক্ত করা হয়েছে। অনুরূপভাবে প্রাথমিক শিক্ষক-শিক্ষণ সংস্থার পাঠক্রমেও খেলাধূলা ও শরীর চর্চার ব্যাপারে শিক্ষকদের অবহিত করার ব্যবস্থা করা হয়েছে।

**কলকাতার জল নিকাশি ব্যবস্থা**

*৭২।(অনুমোদিত প্রশ্ন নং *৫০৮) **শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার বর্তমান জল নিকাশ কিভাবে হয় ;

(খ) নিকাশি খাল ও স্লুইসগুলো তদারকির কোনও ব্যবস্থা আছে কি না, থাকলে তাহা কি ; এবং

(গ) এ ব্যাপারে তদারকি ও যোগাযোগ ব্যবস্থার উন্নতির কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতা শহর অঞ্চলের জলনিষ্কাশন পয়ঃপ্রণালীর সাহায্যে কয়েকটি পাম্পিং স্টেশনে কেন্দ্রীভূত করে সেখান হতে পাম্পের সাহায্যে বিভিন্ন নিকাশি খালের মাধ্যমে কুলটি-ঘুসিঘাটার নিকট বিদ্যাধরী নদীতে ফেলা হয়। এছাড়া কিছু শহর এবং অধিকাংশ শহরতলী অঞ্চলের জল পয়ঃপ্রণালী অথবা নালার সাহায্যে সরাসরি নিকাশিখালগুলিতে ফেলা হয়। কলকাতা কর্পোরেশনের অধীনে ছোট বড় প্রায় ১৯টি পাম্পিং স্টেশন আছে তন্মধ্যে পাসেব বাজার, বালিগঞ্জ, তপসিয়া ও ধাপলক অন্যতম। সেচ দপ্তরের অধীনে চৌভাগা ও কেওড়াপুকুর পাম্পিং স্টেশনগুলির সাহায্যে কলকাতার এক বৃহৎ শহরতলী এলাকার জলনিকাশি করা

হয়। প্রধান নিকাশিখালগুলির মধ্যে (১) স্টর্ম ওয়াটার চ্যানেল, (২) কেষ্টপুর খাল, (৩) বাগজোলা খাল, (৪) টালিনালা (৫) মনিখালি খাল এবং (৬) চুড়িয়াল খাল অন্যতম। টালিনালা ছাড়া উপরোক্ত সব খালের নদীমুখে স্লুইস আছে। বিদ্যাধরী এবং হুগলি নদীতে জোয়ার ভাটার কারণে প্রতিদিন কমবেশি মাত্র ১২ ঘণ্টা জল নিষ্কাশন সম্ভব। অন্য সময়ে অর্থাৎ অপর ১২ ঘণ্টা সময়ে নিকাশিখালগুলি জলাধারের কাজ করে।

(খ) তদারকির ব্যবস্থা আছে। তবে মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য আর্থিক ব্যয় বরাদ্দ প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। এমতাবস্থায় স্লুইস ও তৎসহ গেটের যোগাযোগের ব্রিজ ও পুলগুলির, পলি অপসারণ এবং ভাঙ্গনের মেরামতির কাজগুলি ক্রমিক প্রাধান্য অনুসারে এবং আর্থিক ব্যয় বরাদ্দ সাপেক্ষে যথাসম্ভব সম্পন্ন করা হয়।

এখানে উল্লেখ্য যে, সি এম ডি-এ সংস্থা গঠনের শুরু হইতে কলকাতার জলনিকাশি ব্যবস্থার তদারকি সম্প্রসারণ ও মেরামতির কাজগুলির এক বৃহৎ অংশের অর্থসংস্থান ঐ সংস্থার কর্মপ্রকল্পের অন্তর্ভুক্ত ছিল। এ বাবদে সেচদপ্তর প্রতিবছর গড়ে কমবেশি প্রায় ৫ কোটি টাকার কাজের আর্থিক যোগান ঐ সংস্থা হইতে পাওয়া যাইত। কিন্তু ১৯৯১ সাল হইতে আর্থিক সঙ্কটের কারণে উপরোক্ত সংস্থার আর্থিক অনুদান একপ্রকার প্রায় বন্ধ অবস্থায় আছে।

(গ) আছে। তবে বর্তমান আর্থিক অসচ্ছলতার কারণে উন্নতির কাজ সংক্ষিপ্ত আকারে সম্পন্ন করা সম্ভব হচ্ছে এ বিষয়ে উন্নতিমূলক কয়েকটি পরিকল্পনার প্রস্তাব সি এম ডি এ সংস্থার নিকট পেশ করা হয়েছে যেগুলি কলকাতা মহানগর পরিকল্পনার (ক্যালকাটা মেগাসিটি প্ল্যান) অন্তর্ভুক্ত আছে। উপরোক্ত পরিকল্পনার অনুমোদন সাপেক্ষে উন্নতিমূলক কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of alleged reign of terror in West Bengal after the Panchayat Election.

The subject matter of the Motion does not call for Adjournment of the business of the House. The member may call the attention of the concerned Minister on the subject through Calling Attention, Question, Mention, etc. Moreover, he will get opportunity to raise the mater during discussion and voting on Demand for Grant of the Panchayat Department on 12.7.93.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the Motion as

amended. Shri Sobhandeb Chattopadhyay.

**শ্রী সুব্রত মুখার্জি :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার......

**মিঃ স্পিকার :** আগে নোটিশ দিন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, 'পঞ্চায়েত নির্বাচনের ঘোষণার দিন থেকেই পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে গরিষ্ঠ শাসকদলের কর্মী সন্ত্রাস শুরু করে। গ্রামের মানুষ গৃহহারা। হাজার হাজার মানুষ গ্রামে ঢুকতে পারছেন না। চাষের মরশুমে শুরু হয়ে গিয়েছে কিন্তু কৃষক মাঠে নামতে পারছে না। পুলিশ প্রশাসনের কাছে সাহায্য চেয়েও কোনও লাভ হচ্ছে না। বামফ্রন্ট আজ পশ্চিমবাংলায় যে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে তার পরিসমাপ্তি হওয়া দরকার।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received seven notices of Calling Attention, nemely :-

| | | |
|---|---|---|
| 1. | Reported clash between the Laboureres and the Police at the New Central Jute Mill, Budge Budge on 6th July, 1993. | : Shri Abdul Mannan Shri Shish Mahammad, Shri Ajoy De, Shri Sobhan Deb Chattopadhyay, Shri Saugata Roy and Shri Lakshman Chandra Seth |
| 2. | Alleged murder of one Shri Mosarraf Hossain on 5th July, 1993 at Buagail Village under P.S. Murarai of Birbhum district. | : Dr. Motahar Hossain |
| 3. | State Government's view on the help of Japan for Bakreswar Tharmal Power Project. | : Shri Tapan Hore |
| 4. | Reportd act of violance on the 1st June, 1993 at Karanda Village of Burdwan district | : Shri Kshiti Goswami |
| 5. | Reportd dacoity and threatening at Garchak Village of Anantapur-I Gram Panchayat under Tamluk P.S. | : Shri Manik Bhowmik |

| | |
|---|---|
| 6. Repair of the broken wooden bridge on the link road over a canel of the Bhairav river at Bansberia under P.S. Karimpur of Nadia district. | : Shri Chittarajan Biswas and Shri Kamalendu Sanyal |
| 7. Firing of B.S.F. at Debnath-ganj of Nadia district causing death of eleven persons on 17.3.1993. (Not of recent occurance) | : Shri Kamalendu Sanyal |

I have selected the notice of Dr. Motahar Hossain on the subject of ''Alleged murder of one Shri Mosarrof Hossain on 5th July, 1993 at Baugail Village under P.S. Murarai of Birbhum district.'

The Minister-in-charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha** : Sir, the statement will be made on 15th July, 1993.

## 42nd Report of the Business Advisory Committee

**Mr. Speaker** : I beg to present the 42nd Report of the Business Advisory Committee. The Committee met in my chamber on 6th July, and recommended the following modified and new programme of business from 8th July to the 16th July, 1993.

| | | | |
|---|---|---|---|
| 8.7.93 Thursday | (i) Demand No. 44 | Relief & Welfare (Relief Department | 2hrs. |
| | (ii) Demand No. 54<br>(iii) Demand No. 86 | Food & Supplies Department | 3 hrs. |
| 9.7.1993 Friday | (i) Demand No. 32<br>(ii) Demand No. 33<br>(iii) Demand No. 34 | Health & Family Welfare Department | 4 hrs. |
| | (iv) Demand No. 40 | Refugee, Relief & Rehabilitation Department | 1hr. |
| 12.7.1993 Monday | (i) Demand No. 62 | Panchayat Deparment | 4 hrs. |
| | (ii) Demand No. 59<br>(iii) Demand No. 60<br>(iv) Demand No. 63 | Rural Development Department | |

| | | | |
|---|---|---|---|
| 13.7.1993 Tuesday | (i) Demand No. 31 | Sports and Youth Services Department | 1hrs. |
| | (ii) Demand No. 84 | Tourism Department | 1hrs |
| | (iii) Demand No. 42<br>(iv) Demand No. 43 | Social Welfare Department | 1 hrs. |
| | (v) Demand No. 22 | Home (Jails) Department | 1 hrs. |
| | (vi) Demand No. 49<br>(vii) Demand No. 50 | Animal Resources Development Department | 1 hrs. |
| 14.7.1993 (Wednesday) | (i) Demand No. 30<br>(ii) Demand No. 45 | Education Department | 4hrs. |
| 15.7.1993 Thursday | (i) Demand No. 74 | Industrial Reconstruction Department | 4 hrs. |
| | (ii) Demand No. 92 | Public Undertakings Depart ment | |
| | (iii) Demand No. 24<br>(iv) Demand No. 53<br>(v) Demand No. 75<br>(vi) Demand No. 76<br>(vii) Demand No. 87<br>(viii) Demand No. 88<br>(xi) Demand No. 93<br>(x) Demand No. 94<br>(xi) Demand No. 95<br>(xii) Demand No. 96<br>(xiii) Demand No. 97 | Commerce and Industries Department | |
| 16.7.1993 Friday | (i) Demand No. 39 | Labour Department | 4 hrs. |
| | (ii) Demand No. 1 | Parliamentary Affairs Department | |
| | (iii) Demand No. 3 | Home (C&E) Department | |
| | (iv) Demand No. 4 | Judicial Department | |
| | (v) Demand No. 5 | Home (C&E) Department | |
| | (vi) Demand No. 6<br>(vii) Demand No. 8<br>(viii) Demand No. 9 | Finance (Taxation) Department | |

| | | | |
|---|---|---|---|
| (xi) | Demand No. 10 | Excise Department | 1hrs. |
| (x) | Demand No. 11 | Finance (Taxaion) Department | |
| (xi) | Demand No. 13 | | |
| (xii) | Demand No. 14 | Finance (Audit) Department | |
| (xiii) | Demand No. 16 | Finance (Budget) Department | |
| (xiv) | Demand No. 20 | Finance (Audit) Department | |
| (xv) | Demand No. 27 | Home (Civil Defence) Department | |
| (xvi) | Demand No. 28 | Finance (Audit) Department | |
| (xvii) | Demand No. 29 | Finance (Taxation) Deparment | |
| (xviii) | Demand No. 46 | | |
| (xix) | Demand No. 51 | Fisheries Department | |
| (xx) | Demand No. 64 | Hill Affairs Department | |
| (xxi) | Demand No. 65 | Development & Planning Department | |
| (xxii) | Demand No. 82 | Environment Department | |
| (xxiii) | Demand No. 83 | Development & Planning Department | |
| (xxiv) | Demand No. 85 | | |
| (xxv) | Demand No. 89 | Environment Department | |
| (xxvi) | Demand No. 99 | Finance (Budget) Department | |

There will be no Mention Cases on 8th, 9th and 13th July, 1993.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move the 42th Report of the Business Advisory Committee as presented in the House be adopted.

The motion was the put and agreed to.

[12-10 — 12-20 p.m.]

## PRIVILEGE MOTION

**Mr. Speaker :** The Hon'ble Member, Shri Sakti Prasad Bal, had given a notice of privilege relating to the news publication appear in the Ananda Bazar Patrika and the Telegraph dt. 15th July 1993. In the Telegraph where in relation to a statement or reply made by the Chief

Minister on 14.6.93, a news item was given to the paper—"CPI responsible for post-poll violence". Now I have compared the Statement of the Chief Minister and it did not contain any such matter, and as such we have decided to send this notice to the Editor, Telegraph for their comments thereon. I have received a letter from the Editor, Mr. Aveek Sarkar of the Telegraph in reply to the letter asking for explanation. The letter is as follows :

Dated 25th June, 1993.

Addressed to the Secreatry, Mr. S.R. Chattopadhyay, West Bengal Legislative Assembly, Assembly House, Calcutta 700 001.

Sir,

Reference to your letter no 217 L.A./PVC dated 21-6-1993, we state that it was never our intention to disrespect the august House and its members. We have the highest regard and respect for the House and its members.

We state that the impugned portion of the news item was published in advertently without any motive. Such inadvertence was caused due to lack of understanding between the statement made by the Hon'ble Chief Minister and the words heard by the concerned correspondent amid the noise then prevailing in the House.

It was also not our intention to put words which were not actually expressed. The inconvenience caused is sincerely regretted.

In veiw of the above, it is submitted that the proceedings may kindly be dropped.

Yours Faithfully,"

In this connection I would like to say that the newspapers have the privileges to report the proceeding in the House, and necessary passes are issued to them so that they can come to the House and report the proceedings of the House. But it is their bounden duty to report correctly, to give a correct reporting of what has happened in the House and not to give any incorrect reporting. Now, if the report is incorrect so as malign a member or a Minister or a certain political party, then that becomes prima faice a case for breach of privilege to the House and also to the Member. In this case it has been admitted by the Editor that the mistake has taken place. Now, he says, it is 'inadvertent'. I intend to take it lighly at this point of time. But we find

in the recent past that too many such mistakes are taking place. It is not healthy for democratic practices because even newspapers also are the institution and organization which support democracy. They have to support the democracy. They can't take liberty on their own. They have to be responsible institution, and they should not take things casually because proceedings of Parliament are not casual things. The people have a right to know they have to know the correct poceedings. Somebody can say, I did not hear, it was inadvertent—then it is regrettable. It has to be their business to know correctly. They can't say that they did not hear. If he does not hear, he must not publish. He must make it definite before publishing. He must satisfy himself that what he is publishing is the correct version. He can't say that 'I did not hear' or 'It was inadvertently done'. In that case it becomes casual, it becomes irresponsible if he is taking the House casually, and more so when the Chief Minister is making that statement—the responsibility even greater because he is the Leader of the House, and every statement of him is a very responsible statement and it becomes responsibility of the House and of the Government when that report is published in the newspaper. When the Leader of the Opposition makes a statement it becomes a responsible statement because he represents the Opposition. If he is reported in the newspaper, people will be believing it. They will think that he is the Leader of the Opposition. But that is the view of the Chief Minister. This things should never be taken casually as such we can only say that we treat the behaviour with the contempt it deserves, and we drop the matter as it is. But in future we will have to be very cautious and take stern steps in this matter if it is repeated again.

(noise)

Please, no debate on this. No debate on this.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Twelfth and the Thirteenth Reports of the Committee on Public Accounts, 1993-94

**Shri Subrata Mukherjee** : Sir, I beg to present the Twelfth Report of the Committee on Public Accounts, 1993-94 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1984-85, 1985-86 and for the year ended 31st March, 1988 (Civil) relating to the Development and Planning Department;

Sir, I also beg to present the Thriteenth Report of the Committee

[ 7th July, 1993 ]

on Public Accounts, 1993-94 on the Report of the Comptroller and Auditor General of India for the year 1984-85 (Civil) relating to the Education Department.

**Mr. Speaker :** As regards the earlier matter we will give direction to the Telegraph to publish the letter send to us in a prominent position in the newspaper so that the people know that the newsitem printed by them was wrong.

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনি সাউন্ড সিস্টেমটা বুঝুন, ওরা মাথা নিচু করে শোনে, শুনতে পায় না।

**Mr. Speaker :** I have said that there are many newspaper coming to the House. Many newspapers printed the report about the statement of the Chief Minister that day. Only one newspaper printed that. They have not said anything about the loud speaker. It is a very poor defence. That is the defence made out by you. That is not the defence made out by them. If they make that defence then we will discuss with them.

**শ্রী সৌগত রায় :** স্যার এটা জেনারেল প্রবলেম, কিছু শুনতে পায়না, হেডফোন নেই, হেডফোন নেই।

**Mr. Speaker :** That is your case. That is not written in the letter. We direct that the letter be published in a prominent position in the Telegraph newspaper giving the same prominance as the news-item that was printed that day.

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, অন এ পয়েন্ট অফ অডার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন। আপনি জানেন, আমাদের একটা সিস্টেম ছিল, প্রশ্নোত্তরে যেটা হেল্ডওভার হবে, তার পরের দিন সেই হেল্ডওভার প্রশ্ন প্রথমে হবে, তারপর স্টার কোয়েশ্চেন হবে। ১৬ই জুন, শ্রী আব্দুল মান্নান এই প্রশ্ন দিয়েছিল অর্থমন্ত্রীর দপ্তরে যেটা কন্ট্রোভার্সিয়াল কোয়েশ্চেন, যেটা সমস্ত দলের সদস্যরা একমত হবেন—কেন্দ্রীয় সরকারের কর্মীদের যে ডি এ দেওয়া হয়েছে তার যে এরিয়ার আছে সেই ব্যাপারে। সেই প্রশ্নটি হেল্ড ওভার, হেল্ড ওভার করে রাখা হচ্ছে। কেন এই প্রশ্নটি আসছে না? আজকেও সেই প্রশ্নটি আসেনি। এটা শুধু কংগ্রেসের দাবি নয়, আপনি যে কোনও সদস্যকে জিজ্ঞাসা করুন, সবাই এই এরিয়ার দাবি করছে কিনা? আর উনি বসে থাকবেন, কোনও উত্তর দেবেন না?

**মিঃ স্পিকার :** আপনার পয়েন্ট অফ অর্ডার শেষ হয়েছে, বসুন।

[12-20 — 12-30 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৪টে মন্তব্য করছি, উত্তর

যখন দিতে বলবেন আমি দেব। জিনিসপত্রের দাম কেন্দ্রীয় সরকার মূলত বৃদ্ধি করেন। নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম, কয়লার দাম, রেশন দোকানের জিনিসের দাম কেন্দ্রীয় সরকার বৃদ্ধি করেন। দুই, দাম বৃদ্ধি করার পর মহার্ঘভাতা দেবার জন্য একটি পয়সাও রাজ্য সরকারকে ওরা দেয়নি। সেই টাকা রাজ্য সরকারকে তার বাজেট থেকে বার করতে হয়। মন্তব্য তিন, সেই বাজেটের উপর গত বছর ৯০০ কোটি টাকা আঘাত ওরা করেছেন। সেখানে দাঁড়িয়ে যেটা করা সম্ভব সেটা করা হয়েছে। কাজেই ওদের কোনও নৈতিক অধিকার নেই এই প্রশ্ন করবার।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**Mr. Speaker :** Please take your seat. No debate on this matter. Please take your seat. Now, the question is when a question is held over. It is held over for the basic reason.

(Shri Subrata Mukherjee rose to speak)

(noise)

Please, take your seat. Have patience. It is Parliament, not the Trade Union Office. Please take your seat.

(Shri Subrata Mukherjee did not take this seat)

If you do not heat me, I will go to the next business. Please take your seat.

(noise)

Now Mention cases, First Shri Hrishikesh Maity.

## MENTION CASES

**শ্রী হৃষিকেশ মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি যুবকল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বামফ্রন্ট সরকারের আমলে সুন্দরবনে একটি মহকুমা তৈরি হয়েছে এবং সেই মহকুমা শহরের নাম কাকদ্বীপ। আজকে রাজ্যের বিভিন্ন জায়গায় স্পোর্ট কমপ্লেক্স তৈরি হয়েছে, কিন্তু আমরা অনেক আবেদন-নিবেদন করা সত্ত্বেও এখনও পর্যন্ত ঐ মহকুমার ছেলেমেয়ের খেলাধূলা করবার জন্য কোনও স্পোর্টস কমপ্লেক্স তৈরি করা হল না। আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন করব, আমরা জায়গা জমি সব দেব, আপনারা স্পোর্টস কমপ্লেক্স তৈরি করবার ব্যাপারে এগিয়ে আসুন। এই আবেদন আমি আপনার মাধ্যমে রাখছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মশতবার্ষিকী পালনের জন্য রাজ্য সরকার একটি মঞ্চ করে দিয়েছিলেন যতীন চক্রবর্তী যাতে বক্তৃতা করতে পারেন তারজন্য। আমাদের ভাল লাগলো, রাজ্য সরকারের তথ্য দপ্তরের

উদ্যোগে বি জে পির সুন্দরলাল পাটোয়া এবং যতীন চক্রবর্তী ঐ মঞ্চ থেকে সভায় ভাষণ দিয়েছেন। আমরা বুঝতে পারলাম, ভবিষ্যতে বিজেপির সঙ্গে লাইন খোলা রাখার জন্যই এই পদক্ষেপ নেওয়া হল। পাটোয়া গিয়ে দিল্লিতে বলবেন—বামফ্রন্ট সরকার কত মহানুভব। আজকে এরজন্য তথ্যমন্ত্রী সভায় এসে ক্ষমা চান। একদিকে এরা বিজেপির বিরুদ্ধে বলবেন, অন্যদিকে এই কাজ করবেন—রাজ্য সরকারের এই দুমুখো নীতি আমি তুলে ধরতে চাইছি। বিজেপির সঙ্গে সি পি এমের অতীতেও বোঝাপড়া ছিল, এখনও আছে এবং আমরা বুঝতে পারছি, কেন্দ্রেও এরা বিজেপির সঙ্গে বোঝাপড়ায় যাবেন। কলকাতার এই ঘটনা থেকে সেটাই নির্লজ্জভাবে প্রকাশ পেয়েছে। তারজন্য তথ্যমন্ত্রী আজকে সভায় এসে বলুন যে, গতকালের ঘটনার জন্য তিনি দুঃখিত। আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি, সেখানে 'কোরান ছাড় না হয় ভারত ছাড়' এইসব স্লোগান দিয়েছেন সেই বিজেপির সঙ্গে হাত মেলানো হচ্ছে! আবার দেশকে অস্থির করতে চাইছেন।

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে হুগলি জেলার স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যাল কারখানাটি একটি গুরুত্বপূর্ণ ঔষধের কারখানা। এই কারখানাটি বন্ধ হতে বসেছে। এই কারখানার একটা 'ওপেক' ইউনিট ওয়াইন্ড আপ করার জন্য বি আই এফ আর এর পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে। এটাকে যদি বাঁচানো না যায় তাহলে এই ঔষধের গুরুত্বপূর্ণ কারখানাটি বন্ধ হয়ে যাবে এবং তার ফলে অনেক ওয়ার্কার কর্মচ্যুত হবেন। রাজ্য সরকার ইতিমধ্যে কয়েকবার চেষ্টা করেছেন বিভিন্ন ভাবেই কারখানাটিকে চালু করতে। কিন্তু দুর্ভাগ্যজনক, বি আই এফ আর-এর পক্ষ থেকে ওটা ওয়াইন্ড আপ করার নির্দেশ দেবার পরে এই কারখানাটির ভবিষ্যৎ অনিশ্চয় হয়ে পড়েছে। এখানে অর্থমন্ত্রী মহাশয় আছেন, পরিষদীয় মন্ত্রী আছেন, আমি অনুরোধ করব যে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীদের সঙ্গে কথাবার্তা বলে এই কারখানাটিকে যাতে বাঁচানো যায় তার ব্যবস্থা নিতে।

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করতে চাই। আমরা লক্ষ্য করছি যে বিভিন্ন প্রান্তে আমাদের রাজ্য সহ মৌলবাদীরা দাপটে বেড়ে চলেছে। এই রাজ্যের জনগণ সমস্ত শক্তি দিয়ে এদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। গত ৫ই মে থেকে সুখচরে যে ঘটনা ঘটেছিল তা সামাল দেওয়া হয়েছে, সরকার দ্রুত ব্যবস্থা নিয়েছেন। সেদিক থেকে আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু আমরা লক্ষ্য করছি যে এটা ক্রমশ বিস্তার লাভ করছে। গত কয়েকদিনের মধ্যে ৪ জন শঙ্করাচার্য মিটিং করেছিলেন যে তারা এখানে মন্দির নির্মাণের দায়িত্ব নিয়েছেন। তারপরে স্বামী বামদেব, নিশ্চলানন্দ, শঙ্করাচার্য তারা আবার অযোধ্যা ঘুরে নতুন করে ধর্মের দাবিগুলি উত্থাপন করেছেন। আমরা পাশাপাশি লক্ষ্য করেছি যে কেন্দ্রীয় সরকার, কংগ্রেস দলটা আজকে অচল হয়ে পড়েছে। তারা এর বিরুদ্ধে কোনও প্রতিবাদ করছে না। আমরা এটাও দেখেছি যে তাদের একজন চন্দ্রস্বামীকে পাঠানো হয়েছিল হোমযজ্ঞ করার জন্য। এখানে সুদীপবাবু চিৎকার করে চলে গেলেন। তিনি বি জে পি সম্পর্কে কতকগুলি কথা বলে চলে গেলেন।

(এই সময়ে আলো জ্বলে ওঠে এবং স্পিকার অন্য বক্তাকে ডাকেন)

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার আমার করিমপুর নির্বাচনি কেন্দ্রের হোগল বেড়িয়া গ্রামে একটি মর্মান্তিক খুনের ঘটনা ঘটেছে। এই হোগলাবেড়িয়া গ্রাম সীমান্তের উপর। এখানে প্রায় ৪০/৫০ জন ডাকাত, তারা জেলার এবং ৭ জন বাংলা দেশি, উভয়ে মিলে গত ১লা জুলাই ঐ এলাকায় ডাকাতি করার জন্য একটা বাড়ি আক্রমণ করে। এই বাড়ির মালিক ডঃ সুধীর রায়, তিনি ৯২ বছরের বৃদ্ধ, তাকে আক্রমণ করে এবং সরাসরি পাইপ গান দিয়ে গুলিবিদ্ধ করে এবং তিনি মারা যান। তার বাড়িতে যে বন্দুক ছিল সেটাও তারা ছিনিয়ে নিয়ে যায়। সৌভাগ্যক্রমে সেই সময় ৪ জন বি এস এফ জোয়ান রাস্তা দিয়ে টহল দিচ্ছিল। গ্রামবাসীরা ডাকাতির ব্যাপারে তাদের খবর দিলে তারা আসে। কিন্তু ডাকাত দল তাদের সামনা সামনি হওয়া সত্ত্বেও তারা সেই ডাকাতদের লক্ষ্য করে গুলি ছুঁড়ল না। গ্রামবাসীরা তাদের আবেদন করা সত্ত্বেও তারা একটা গুলি তাদের লক্ষ্য করে ছুঁড়ল না। ডাকাতরা নির্বিঘ্নে সেই এলাকা ছেড়ে চলে যায়। ডাকাতরা সেই এলাকা থেকে বন্দুক ছিনতাই করে নিয়ে চলে যায়। এই সীমান্ত এলাকায় আবার সেই বন্দুক ছিনতাই শুরু হয়েছে। ১৯৯০ সালের মতো আবার সীমান্ত এলাকায় ডাকাতি এবং বন্দুক ছিনতাই-এর ঘটনা শুরু হয়েছে। আগামী দিনে এই অরাজকতা আরও বাড়বে বলে আশা করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রীমতী আরতী দাশগুপ্তা** ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা আমি এখানে উল্লেখ করতে চাই। ১০ই জুন তারিখে আমার নির্বাচনী ক্ষেত্র ফলতায় কংগ্রেস গ্রামপঞ্চায়েত ক্যান্ডিডেট দেবাশীষ ঘোষের বাড়িতে বোমা তৈরি হচ্ছিল। সেই বোমা তৈরি করতে গিয়ে অরুন ঘোষ এবং তরুন ঘোষ—অরুন ঘোষ আবার বি জে পি করে আহত হয়। আহত হওয়ার পর নবকুড়িয়া হালদারপাড়া কাপাট সমিতিতে সেই ছেলে গুলোর লুকিয়ে চিকিৎসা করা হচ্ছিল। গ্রামের লোকেরা সেই সংবাদ জানতে পারে এবং তারা পুলিশে খবর দেয়। পুলিশ দুদিন পর এসে তাদের অ্যারেস্ট করে। এই ক্ষেত্রে আমার কথা বলার প্রসঙ্গ হচ্ছে এই কাপাট সংস্থা গ্রামপঞ্চায়েতের প্যারালাল একটা সংগঠন গড়ে তুলেছে। একটা রাজনৈতিক পার্টি দিল্লি থেকে মদত পেয়ে গ্রামের পঞ্চায়েতকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছে। সেইজন্য আমি এই ব্যাপারে পঞ্চায়েত মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমার কেন্দ্র নওদার একটা বিশেষ ব্যাপারে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বহরমপুর থেকে রাধানগরহাট পর্যন্ত একটা মাত্র স্টেট বাস চলত। বহু দিন থেকে হঠাৎ হরিহরপাড়া ঘটনাকে কেন্দ্র করে সেই বাস বন্ধ হয়ে গেল। তারপর থেকে আজ পর্যন্ত পরিবহনমন্ত্রী সেই বাসটিকে চালাবার চেষ্টা করলেন না। আমি ব্যক্তিগতভাবে তাঁকে অনুরোধ করেছি এই বাস চালাবার জন্য। তিনি বলেছেন যে এই রুটে ভয়ানক লোকসান হয়। লোকসান কোথায় না হয়? আমি জানতে চাই যে পরিবহন ব্যবস্থার কোনও জায়গায় কোনও রুটে লাভ হয় সেটা দয়া করে বলে দেবেন। তা না হলে বাসটিকে চালাবার অনুমতি দিয়ে দেশের লোক যাতে

আসা যাওয়া করতে পারে তার সুবিধা করে দেবেন। এই ব্যাপারে আমি ট্রান্সপোর্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু আয়েস মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মন্তেশ্বর ব্লকে রাস্তাঘাটের চরম দুরবস্থার জন্য ১৮ই জুন থেকে সুকুমগ্রাম সমসপুর এলাকায় সমস্ত বাস বন্ধ হয়ে আছে। এ ছাড়া দুটি গুরুত্বপূর্ণ রাস্তার সংযোগস্থলে কাটোয়া মেমারি এবং বর্ধমান নবদ্বীপ রাস্তায় বড় বড় খাদ হয়ে যাওয়ার জন্য আগামী দিনে বাস চলাচল বন্ধ হয়ে যাবে। এই বিষয়টা এখানে বারে বারে উত্থাপিত হয়েছে, জেলায় পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা না নেওয়ার ফলে আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। এই প্রসঙ্গে বলতে চাই মাননীয় মন্ত্রী মহাশয়দের উদ্দেশ্যে বিধায়করা যে গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেন সেই সম্পর্কে দপ্তরের মন্ত্রী মহাশয়রা কি ভাবছেন, কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সেটা তাঁদের জানানো হয় না। বিধায়করা যাতে জানতে পারেন দপ্তর কি ব্যবস্থা নিচ্ছেন, এই বিষয়ে সুনিশ্চিত করা দরকার এবং ব্যবস্থা নেওয়া দরকার। রাস্তার যে অবস্থা তাতে অতিশীঘ্র বাস চলাচল করার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় স্পিকার স্যার, আমার কেন্দ্র ডোমজুড়ের মহিয়ারিতে লক্ষ্মীপ্রিয়া কুন্ডু চৌধুরি সরকারকে প্রায় এক কোটি টাকার সম্পত্তি বিল্ডিং ও জমি সহ দান করেছেন হাসপাতাল তৈরির জন্য ৪-৭-৭৩ সালে তৎকালীন সরকার এটি গ্রহণ করেছিলেন। ১৯৮৮ সালে আমাদের স্বাস্থ্যমন্ত্রী ওখানে ৩০ বেডের হাসপাতাল চালু করার জন্য বলেন। বর্তমানে এঁর অস্থাবর সম্পত্তি পাঁচ লক্ষ টাকার উপরে ব্যাঙ্কে আছে এবং বহু জমি কলকাতা ও হাওড়াতে আছে। কিন্তু ওখানে দশ বেডের ম্যাটার্নিটি ওয়ার্ড চালু থাকলেও ৩০ বেডের হাসপাতাল চালু হয়নি। অবিলম্বে ওখানে ৩০ বেডের হাসপাতাল চালু করে একটা অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা, এক্সরে এবং প্যাথলজির ব্যবস্থা করা প্রয়োজন। এতবড় সম্পত্তি লক্ষ্মীপ্রিয়া কুন্ডু চৌধুরি দান করলেন, তার মূল্য এক কোটি টাকার উপর, সরকার সেটি পেয়েও তার ব্যবহার করতে পারছেন না। আমার কেন্দ্র ডোমজুড় এবং পাশে সাঁকরাইল এই দুটি কেন্দ্রের লোক এই হাসপাতালের সাহায্য পেতে পারেন। ওখানে দশ বেডের ম্যাটার্নিটি ওয়ার্ড চালু আছে, বাকি কুড়ি বেড ওখানে চালু করুন এবং অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করুন।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর এবং এই হাউসের সমস্ত মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের কাছে তুলে ধরছি। বর্তমান পরিস্থিতির মধ্যে আজকে যে ত্রাণ সামগ্রী এম এল এ-দের মানুষকে সাহায্যার্থে ত্রাণমন্ত্রী দেন, ঐ সমস্ত শাড়ি আমরা গ্রামবাংলার মানুষের কাছে নিয়ে গিয়েছিলাম, গ্রাম বাংলার মানুষ সেগুলো ফেরত পাঠাচ্ছেন। তাঁরা দাবি করছে যে ত্রাণমন্ত্রী যদি এই ধরনের পাতলা কাপড় পরে বিধানসভায় আসতে পারেন, মুখ্যমন্ত্রী যদি এই ধুতি পরে আসতে পারেন তাহলে তাঁরা ঐ কাপড় পরতে পারবেন। যাঁরা গরিব মানুষের পক্ষে বলে দাবি করেন, তাঁরা এই রকম পাতলা কাপড় গরিব মানুষদের দিয়ে উপহাস করছেন, গরিব মানুষকে কলঙ্কিত করছেন। এখানে অনেক সদস্য যাঁরা সরকার পক্ষে

আছেন তাঁরা কিছু বলতে পারছেন না। পশ্চিমবঙ্গের মানুষের লজ্জা এতে নিবারণ হয় না। তাই আপনার মাধ্যমে আমি দাবি করব, ত্রাণমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী যদি এই শাড়ি এবং এই ধুতি পরে বিধানসভায় আসতে পারেন, তাহলে আমিও রাজি আছি এই শাড়ি পরে বিধানসভায় আসতে। ওঁরা এই কাপড় পরার পরে তবেই যেন গ্রামবাংলার মানুষকে দেন, তা না হলে সাধারণ মানুষ সাধারণত যে সমস্ত শাড়ি পরেন সেই শাড়ি যেন তাঁদের দেন।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র হচ্ছে হরিপাল বিধানসভা কেন্দ্র। এই বিধানসভা কেন্দ্রে লোয়ার দামোদর এ ইরিগেশন দপ্তর কানা নদীর উপরে একটি ব্রিজ তৈরি করছে গত ছ'বছর ধরে। ব্রিজটি এখনও পর্যন্ত সম্পূর্ণ হয় নি। এরফলে ওখানকার মানুষের যাতায়াতে ভীষণ কষ্ট হচ্ছে। ওখানে পুরানো কাঠের একটা ব্রিজ আছে, সেটা যে কোনও সময়ে ভেঙে যেতে পারে। আমি সেচ মন্ত্রীর কাছে আবেদন করব, অসমাপ্ত ব্রিজটি শেষ করার জন্য তিনি যেন যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি উদ্বেগজনক ঘটনার এই সভায় দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সংবাদপত্রের মধ্যে দিয়ে জানতে পারলাম যে গত ২রা জুলাই তুরস্কের সিভার শহরে ইসলামী মৌলবাদী শক্তির সমর্থক তার ৪০ জন বামপন্থী বুদ্ধিজীবী এবং লেখক, সাংবাদিকদের একটি হোটেলের মধ্যে জীবন্ত আগুনে দগ্ধ করেছেন। ওই বামপন্থী বুদ্ধিজীবীরা জীবন্ত অগ্নিদগ্ধ অবস্থায় যখন যন্ত্রণায় ছটফট করছে ঠিক তখনই ওই ইসলামী মৌলবাদী শক্তিরা তাদের জিঘাংসা পরিতৃপ্ত করতে গিয়ে আনন্দে উল্লাস প্রকাশ করছিল। আমরা জানি সারা পৃথিবীতে মৌলবাদী শক্তিরা আজকে একটা আশংকা সৃষ্টি করেছে। আমরা ভারতবর্ষের বুকে এর পুনরাবৃত্তি ঘটতে দেখেছি। গত ৬ই ডিসেম্বর অযোধ্যার ৪৬৩ বছরের পুরাতন বাবরি মসজিদের মধ্যে দিয়ে। হিন্দু মৌলবাদী শক্তিরা ওই যখন বাবরি মসজিদ ধ্বংস হচ্ছে তখন আমরা টিভিতে এবং সংবাদপত্রের ছবিতে দেখেছি যে ওই হিন্দু মৌলবাদী শক্তি যারা ধারক ও বাহক, ওই সাধু সাধ্বীরা এক জঘন্য আনন্দে উল্লসিত হয়ে পড়ে। যারা এককালে জীবনের জয়গান গেয়ে গেছেন তাদের জীবনেও এই ধরনের বর্বরোচিত আচরণ এসেছিল যেমন পল রবসন, ত্রিপুরার ব্রজলাল নিয়োগী এবং বাংলাদেশের লেখিকা তসলিমা নাসরিন, এঁদের উপরে। আমি শুধু আপনার মাধ্যমে জানাচ্ছি যে, এইসভার মধ্যে দিয়ে একটা সর্বদলীয় ঘৃণার প্রস্তাব তুরস্ক সরকারের কাছে পাঠানো হোক এবং এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সভাতে ইতিমধ্যেই আলোচনা হয়েছে আবার বলছি বিগত পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসের ব্যাপকভাবে পরাজয়ের ফলে গ্রামবাংলায় একটা সন্ত্রাস সৃষ্টি পথ নিয়েছে। নানাভাবে সন্ত্রাস সৃষ্টি করে এই কংগ্রেসিরা চলেছে। আমার নির্বাচনী কেন্দ্রের অন্তর্ভুক্ত কাকুলীয়ার মেদগাছিতে কংগ্রেস সমাজ বিরোধীরা গরিব বর্গাদার পাট্টা প্রদত্ত কৃষকদের জমির উপরে হামলা করছে সেই জমি দখল করে সেখানে সন্ত্রাস সৃষ্টি

করছে। গরিব মানুষ অর্থাৎ গরিব বর্গাদার, প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষক যারা বামফ্রন্ট সরকারের পক্ষে সমর্থন জানিয়েছেন তাদের উপরে হামলা করছে। সেখানে তারা পরাজিত হয়ে হতাশার থেকে এই কাজ করে যাচ্ছেন। বারে বারে স্থানীয় প্রশাসনকে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এইসব সমাজবিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। এই সমাজ বিরোধীদের বিরুদ্ধে যাতে কঠোর ব্যবস্থা নেওয়া হয় তারজন্য আবেদন করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র চাঁপদানি পুরসভা এলাকার গোহাটের দুটি হাসপাতাল আছে কিন্তু তাতে চিকিৎসার কোনও সুব্যবস্থা নেই। একটি টি বি হাসপাতাল এবং আরেকটি ই এস আই হাসপাতাল। এই হাসপাতালগুলিতে এক্সরে মেশিন নেই। রোগী ভর্তি হয় তারা ফিরে চলে যায়। সেখানে চিকিৎসার নামে হাসপাতাল না বলে কসাইখানা বলাই বোধহয় ঠিক হবে। এই দুটি হাসপাতালে এমন একটা দুরাবস্থা এটা শ্রমিক অধ্যুষিত এলাকা, শ্রমিকরা এই হাসপাতালের উপর নির্ভরশীল, বিশেষ করে ই এস আই হাসপাতাল সেখানের এই দুরবস্থার জন্য সাধারণ মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছে না। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে উল্লেখ করছি এই হাসপাতালের অ্যাম্বুলেন্সও খারাপ হয়ে আছে, এটা যেন ঠিক হয়। গৌরহাটি টি বি হাসপাতাল এবং ই এস আই হাসপাতালটির চিকিৎসা ব্যবস্থা যেন অবিলম্বে চালু হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রী এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিগতদিনে পুরুলিয়া জেলার বন্যায় প্রায় ৮ হাজার প্রান্তিক চাষীর জমি বালিতে মজে গিয়েছিল। আমাদের রাজ্য সরকারের সাথে কথা হয়েছিল টাটা কোম্পানি থেকে মজে যাওয়া জমিগুলির বালি তুলে সেখানে চাষের ব্যবস্থা করবে। জমিগুলির সংস্কার করা হবে। এখনও পর্যন্ত সেই সংস্কারের কাজ হয়নি। টাটা কোম্পানির সাথে কি চুক্তি হয়েছিল জানি না। সেখানে তাদের কোনও প্রতিনিধিও আসেনি। যে ঘরগুলি ভেঙে গিয়েছিল সেখানে রাজ্য সরকার দেরিতে হলেও কাজ আরম্ভ করেছিল কিন্তু এখনও সেই কাজ সম্পূর্ণ হয়নি। অন্যদিকে আমরা ধন্যবাদ জানাব রামকৃষ্ণ মিশনকে ওনারা ২-৩টি গ্রামকে তৈরি করে দিয়ে তার গৃহহীনদের ঘর দিয়েছিল, কিন্তু গৃহহীনরা ঘর পাওয়ার পরেও সেই জমি যেগুলি মজে গিয়েছিল সেইগুলির ব্যাপারে আজও কিছু করা হল না। টাটা কোম্পানি বলেছিল যে জমি থেকে বালি তুলে নিয়ে যাবে। কিন্তু এখনও পর্যন্ত কাজ আরম্ভ হয়নি। যাতে রাজ্য সরকার এইদিকে দৃষ্টি নিক্ষেপ করেন এবং যাতে জমিগুলির সংস্কার করা হয় এবং কৃষকদের চাষ করার ব্যাপারে সুযোগ দেওয়া যায় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অতুলচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় গোপীবল্লভপুরের ঘটনার কথা উল্লেখ করছি। আমার নির্বাচনী এলাকায় ২ নম্বর ব্লকের একটি ঘটনার কথা বলছি, সেখানে পঞ্চায়েত নির্বাচনের সময় কংগ্রেস প্রার্থী দেয়নি, ফলে ঝাড়খণ্ড আর সি পি এম প্রার্থীর মধ্যে মূল প্রতিদ্বন্দ্বিতা হয়, সেখানে সি পি এম-এর প্রার্থী ৩১ ভোটে জেতে, এই জয়লাভ কংগ্রেস

আর ঝাড়খন্ড মেনে নিতে পারেনি। গত ৩ তারিখে বেলা আড়াইটের সময় আমাদের একজন কর্মীকে সীতানাথ দন্ডপাত, সে তফসিলি সম্প্রদায়ের লোক তাঁকে তীরবিদ্ধ করে খুন করেছে, খুন করার পরে গত ৫ তারিখে পর্যন্ত পুলিশ ঐ এলাকায় গ্রামে যায়নি। আমার ধারণা সেখানকার পুলিশ ঐ সার্কেল ইন্সপেক্টার এই ঘটনার সঙ্গে জড়িত, তাই বিষয়টা আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে হস্তক্ষেপের জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে, সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার অধীনে দীর্ঘদিনের একটা সমস্যার কথা সেচমন্ত্রীকে জানাতে চাই। আমার এলাকায় নেতিভ্ডা গ্রামে একটা বাঁধ আছে সেটা দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে ভগ্ন অবস্থায় রয়েছে। এবং প্রতি বছর এই বর্ষার সময় হাজার হাজার একর চাষের জমি এবং সাত, আটটি গ্রাম ভীষণভাবে জলমগ্ন হয়। বহু মানুষকে আজকে গ্রাম ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে হয়েছে। আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন করছি, আপনি ঐ এলাকাটি পরিদর্শন করুন এবং দীর্ঘদিনের এই সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করার জন্য আমি চেষ্টা করছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভকত ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত এবং সড়ক বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্র ঝাড়গ্রাম এবং পাশেই বিহার ও উড়িষ্যা। এই অবস্থায় সেখানকার রাস্তা খুব খারাপ, যার ফলে বর্তমানে জনসাধারণকে খুব অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। বাস চলাচল প্রায় বন্ধ হওয়ার উপক্রম। আজ দু-তিন বছর ধরে নতুন রাস্তা এক ইঞ্চিও করা হয়নি, আর পুরানো যে রাস্তা আছে তাও মেরামত হয় না। আমাদের বেলপাহাড়ি এলাকার জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে। একদিকে হাতির উপদ্রব, আরেকদিকে রাস্তা না থাকার ফলে মানুষের অবস্থা খুব খারাপ হয়ে পড়ছে। আমি এই ব্যাপারে মাননীয় পূর্তমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমের ময়ূরাক্ষী কটন মিল সরকার কর্তৃক অধিগৃহীত। সেখানকার শ্রমিকরা মাত্র ৮০০ টাকা বেতন পাই এবং তারা এই পরিপ্রেক্ষিতে আন্দোলন করছিল। এই ব্যাপারে হাইকোর্টে একটা কেস হয় এবং এটা হাইকোর্টের বিচারাধীন। কিন্তু এই বামফ্রন্টের আমলে ঐ সমস্ত শ্রমিকদের পানীয় জলের লাইন কেটে দেওয়া হয়েছে, ইলেক্ট্রিসিটি কেটে দেওয়া হয়েছে, এবং হাইকোর্টে কেস থাকা সত্ত্বেও তাদের বিভিন্নভাবে অত্যাচার করা হচ্ছে। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন, তাদের মনোবল ভাঙ্গার জন্য নতুন ১৩৫ জনকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। ঐখানকার কর্তৃপক্ষ, ডি এম সভাধিপতি তারা সবাই মিলে শ্রমিকদের উপর অত্যাচার করছে। এটা অবিলম্বে বন্ধ করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী মায়ারানী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর শহরে একটা মেন্টাল হাসপাতাল আছে। সেখানে

যেসব পেশেন্টরা আছে, তারা সুস্থ না হয়ে অসুস্থ হয়ে যায়। তাই সেখানে সু-চিকিৎসার দাবি আমি জানাচ্ছি। বর্তমানে এই হাসপাতালে যে ভয়াবহ অবস্থা চলছে তাতে আমার মনে হয় এই মেন্টাল হসপিটালের নাম বদলে ডেথ হসপিটাল রাখাই ভালো। কয়েকটি তথ্য আমি দিচ্ছি, সেটা খুঁটিয়ে দেখলেই বোঝা যাবে আমার বক্তব্যের যুক্তি। তাদের ভর্তির তারিখ এবং মৃত্যুর তারিখ আমি বলছি। আশুতোষ সরকার, ভর্তির তারিখ ৯-১০-৯২, মৃত্যুর তারিখ ১৬-৫-৯৩ ; প্রবীর দত্ত ভর্তির তারিখ ১৬-৫-৯৩, মৃত্যুর তারিখ ৩-৬-৯৩, নরেন্দ্রনাথ দত্ত ভর্তির তারিখ ৮-৬-৯৩, মৃত্যুর তারিখ ১৮-৬-৯৩ ; তাপসী মন্ডল ৮-৬-৯৩ ভর্তির তারিখ, মৃত্যুর তারিখ ১৯-৬-৯৩ ; মহঃ আশিরুল, ভর্তির তারিখে ১৮-৬-৯৩, মৃত্যুর তারিখ ২৩-৬-৯৩। বহরমপুর হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা ঢেলে সাজাতে আমি দাবি জানাচ্ছি।

**শ্রী তরুন চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমরা আগেই চিন্তাভাবনা করেছিলাম যে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য বা শিল্প নীতির জন্য অধিকাংশ কলকারখানা বন্ধ হয়ে যাবে বিশেষ করে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন কারখানাগুলি। সেই সময় একটি ব্যাপার আমি এখানে তুলতে চাই। দুর্গাপুর অপথালমিক গ্লাস ফ্যাক্টরি যেটা আছে তাতে চশমার গ্লাস তৈরি হয়। সেই কারখানাটি কেন্দ্রীয় সরকারের নির্দেশে বন্ধ হতে চলেছে। এমন কি সেখানে B.I.F.R-এ শ্রমিক ইউনিয়ানের যে দাবি আছে, নতুন প্ল্যান আছে সেটাও পেশ করার সুযোগ দেওয়া হচ্ছে না। একতরফাভাবে ম্যানেজমেন্টের কথা শুনে এবং আই এম এফের কথা শুনে কেন্দ্রীয় সরকার এটা বন্ধ করে দিচ্ছেন। সুব্রতবাবু থাকলে বুঝতে পারতেন কারণ কংগ্রেসেরও সংগঠন আছে—আই এন টি ইউ সি, তাদেরও দাবি তোলা উচিত। সেখানে কোনওমতেই কারখানা বন্ধ করে দেওয়া উচিত নয়। স্যার, পশ্চিমবঙ্গে যে ধাক্কাটা শুরু হল সেটা যে কোথায় গিয়ে পৌছাবে তা আমরা চিন্তা করতে পারছি না। হাজার হাজার, লক্ষ লক্ষ শ্রমিক বেকার হয়ে যাবেন, ইতিমধ্যেই শ্রমিকরা বেকার হতে শুরু করেছেন। কেন্দ্রীয় সরকারকে বলব, সেখানে ইউনিয়ানের যদি অলটারনেটিভ প্ল্যান থাকে কারখানা চালাবার তাহলে সেটা শোনা হোক। কারখানা বন্ধ করার যে নির্দেশ দেওয়া হয়েছে সেটা প্রত্যাহার করা হোক এবং কারখানাটি চালু রাখা হোক। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন।

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি রাজ্যের বিভিন্ন স্কুলের বার্ষিক ফি বৃদ্ধি করার প্রস্তাব দেওয়া হয়েছে। এর আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফি বৃদ্ধি করা হয়েছে এবং তারপর রাজ্যের বিভিন্ন স্কুলের বার্ষিক ফি বৃদ্ধি করার প্রস্তাবের ফলে গোটা ছাত্র সমাজের উপর একটা আঘাত নেমে আসছে। বিষয়টি নিয়ে ভাবতে হবে। এই ফি বৃদ্ধি হলে অভিভাবক তথা ছাত্র সমাজের উপর নতুন করে একটা আর্থিক বোঝা যেমন চাপবে তেমনি অর সঙ্গে আছে পড়াশুনার অন্যান্য কস্ট-খাতা, পেন্সিল, বই ইত্যাদি এতে ছাত্র সমাজের মধ্যে ক্ষোভের সঞ্চার হবে। স্যার, বামফ্রন্ট সরকার শ্রমজীবী মানুষ এবং সাধারণ মানুষের সরকার কাজেই আমি আশা করব এই ফি বৃদ্ধির বিষয়টি সরকার পুনর্বিবেচনা করবেন। এখনও পর্যন্ত বিভিন্ন স্কুলে অর্ডার পৌছায়নি আমি আশা করব

সরকার বিষয়টি পুনর্বিবেচনা করবেন এবং যাতে ছাত্রদের উপর আঘাত নেমে না আসে, সেটা সরকার দেখবেন।

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে খেজুরি একটি তফসিলি সম্প্রদায়ভুক্ত এলাকা। মেদিনীপুর জেলায় আমার কেন্দ্র খেজুরিতে মাত্র একটি পাকা রাস্তা যেটা দীর্ঘদিন ধরে ভগ্ন অবস্থায় পড়ে আছে সে সম্পর্কে আমি আগেও উল্লেখ করেছি। রাস্তাটি ভগ্ন থাকার ফলে সেই অঞ্চলটি জেলা ও মহকুমা শহরের সঙ্গে প্রায় বিচ্ছিন্ন হয়ে রয়েছে। দীর্ঘদিন ধরে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেও কোনও ফল হয়নি। খেজুরির ঐ একটিমাত্র পাকা রাস্তা ভগ্ন অবস্থায় থাকার জন্য সেই রাস্তা দিয়ে কোনও যানবাহন চলাচল করতে পারছে না। এই রাস্তাটি যাতে অবিলম্বে মেরামত করা হয় এবং পুনর্নির্মাণ করা হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি :** স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোবরডাঙ্গায় গত ৫-৭-৯৩ তারিখে নয়টা থেকে দুটো পর্যন্ত পৌরসভা ৭/৮/৯ নং ওয়ার্ডের কংগ্রেস কর্মীদের বাড়িতে বাড়িতে সংগঠিত ভাবে হিংসাত্মক আক্রমণ হয়েছে। ৫০/৬০ জন সি পি এম এর গুন্ডা বাহিনী সংগঠিত ভাবে এই হামলা চালিয়েছে। স্থানীয় পুলিশ হামলাকারীদের সঙ্গে সরাসরি যুক্ত ছিল। এই সম্পর্কে হাবড়া থানায় খবর দেওয়া হলে তার কোনও ব্যবস্থা গ্রহণ করেছি। হামলাকারীরা বোনাস বল্লম, লাঠি এবং রিভলভার নিয়ে কংগ্রেস কর্মীদের উপর সংগঠিত ভাবে আক্রমণ চালায়। ফলে অনেক স্থানীয় মানুষ গৃহ ছাড়া হয়ে গেছে এবং নয় নম্বর ওয়ার্ডের কংগ্রেস কমিশনার অসীম তরফদার, তিনি নিগৃহীত হয়েছেন। সুতরাং সমস্ত ঘটনার তদন্ত করা হোক এবং কংগ্রেস কর্মীরা যাতে এলাকার ফিরে আসতে পারে তার ব্যবস্থা করুন। সমস্ত বিষয়টা তদন্ত করে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করে তাদের শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী এখানে আছেন খুব ভাল হল, মাননীয় অর্থমন্ত্রী এবং আপনার কাছে আমার বিশেষ অনুরোধ, এম এল এ-দের পেনশন দেবার ব্যবস্থা হয়েছে, যারা প্রাক্তন এম এল এ আছেন, তাদের পেনশন দেওয়া হয় ৪৫০ টাকা থেকে ৭৫০ টাকা, ভাল কথা। কিন্তু কথাটা হচ্ছে এটা সকলের জন্য নয়। যারা স্কুলে চাকরি করেন তাদের জন্য নয়। যারা পলিটিক্যাল সাফারার, তারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেনশন পান এবং এম পি যারা আছেন, তাঁরা এম পি থেকে সরে যাবার পর যখন প্রাক্তন হয়ে যাচ্ছেন, তখন তারা প্রাক্তন এম পি হিসাবে পেনশন পাচ্ছেন। আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে এবং আপনার কাছে আবেদন করছি, এই সম্বন্ধে আপনারা বিবেচনা করুন। কারণ এম এল এ যারা শিক্ষক আছেন, তিনি রিটায়ার হবার পর এম এল এ বলে যে পরিচয় ছিল, এটা চিরতরে উঠে যাচ্ছে। সুতরাং নিদর্শন হিসাবে আপনাকে এবং অর্থমন্ত্রীকে এই সম্পর্কে বিবেচনা করার জন্য অনুরোধ করছি যাতে সকলের জন্য এই পেনশন কার্যকর হয়।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ার বলরামপুরে সেখানকার জনসংখ্যা ২০ হাজার, এবং রাঙাডি থেকে বাঘাডি পর্যন্ত যদি ধরি তাহলে ৩০ হাজার লোকের বাস। এই অবস্থায় গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে কাজ কর্ম করা সম্ভব হচ্ছে না। সেখানে পরিকাঠামোগতভাবে রেগুলেটেড মার্কেট আছে, রেলওয়ে স্টেশন আছে, সেখানে ৩০ থেকে ৪০ হাজার মানুষ বিভিন্ন ব্যবসার সঙ্গে যুক্ত। সুতরাং পৌর মন্ত্রীর নিকট আমার আবেদন, ঐ শহরটাকে পৌরসভার অন্তর্ভুক্ত করা হোক।

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা নয়াগ্রামের মধ্যে দিয়ে সুবর্ণরেখা নদী প্রবাহিত। সেই নদীর ভাঙনের ফলে গোপীবল্লভপুর ব্লকের কিছু কিছু গ্রাম প্রতি বছর ভেঙে যাচ্ছে, আবাদী জমি নষ্ট হচ্ছে। সেই জন্য সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উল্লিখিত গ্রামগুলো সাতমা, এক নং, চার নং, সুন্দরপুর গোপীবল্লভপুর প্রপার, এই সমস্ত এলাকা যাতে বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ দেওয়া যায়, তার ব্যবস্থা করুন।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের বামফ্রন্ট সরকার, বিশেষ করে মুখ্যমন্ত্রী এই রাজ্যে শিল্পায়ণের জন্য আন্তরিকভাবে প্রয়াস চালাচ্ছেন এবং সে কারণে আমাদের রাজ্যের কিছু ব্যবসায়ী এবং শিল্প উদ্যোগী আমাদের রাজ্যের 'শিল্প উন্নয়ন নিগমের' চেয়ারম্যানের নেতৃত্বে চিন এবং ভিয়েতমান সফরে গিয়েছেন। আমরা সংবাদপত্রে দেখেছি চিন এবং ভিয়েতনামের সঙ্গে আমাদের রাজ্যের শিল্প, বাণিজ্যের বিষয়ে কয়েকটি পারস্পরিক সহযোগিতার চুক্তি হয়েছে। এটা খুবই ভাল এবং ইতিবাচক দিক। আমার মনে হয় ভবিষ্যতেও আমাদের এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে এরকম চুক্তি হতে পারে। সুতরাং আমার প্রস্তাব হচ্ছে রাজ্য সরকারের পক্ষ থেকে এ রাজ্যের সঙ্গে এশিয়ার বিভিন্ন দেশের মধ্যে যাতে শিল্প বাণিজ্যের ক্ষেত্রে বিভিন্ন দ্বিপাক্ষিক চুক্তি হতে পারে তার জন্য উদ্যোগ নেওয়া হোক। এই পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন যে, তিনি এবিষয়ে এই হাউসে একটা বিবৃতি দিন, তাহলে আমরা এই বিষয়টা পরিষ্কারভাবে জানতে পারব।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে মে পঞ্চায়েত এবং পৌর নির্বাচন হবার পর নদীয়া জেলার কৃষ্ণনগরের পাশে তেতিয়া গ্রামে—গত ২০শে জুন ঐ গ্রাম থেকে কংগ্রেসের দুজন পঞ্চায়েত প্রতিনিধি জয়লাভ করে— আগে পঞ্চায়েতের সি পি এম-এর প্রতিনিধিরা ছিল, এবারে কংগ্রেসের প্রতিনিধিরা জিতেছে। কিন্তু কংগ্রেস জেতার পর থেকেই তেতিয়া গ্রাম সি পি এম সন্ত্রাস শুরু করে দেয়। ২২ জুন নদীয়া জেলার জেলা শাসকের কাছে কংগ্রেসের পক্ষ থেকে ডেপুটেশন দিয়ে বলা হয় যে, ওখানে পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসের যে প্রতিনিধিরা জিতেছে তাদের সি পি এম হত্যা করার ষড়যন্ত্র করছে। এই সংবাদ জেলা শাসককে দেওয়া সত্ত্বেও ২৫শে জুন দেখা গেল শঙ্কর ঘোষ নামে কংগ্রেস কর্মী, ২১ বছরের এক যুবক, কলেজের ছাত্র এবং তার একটা ছোট বই-এর দোকান আছে, তাকে তার বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে খুন করা হল। কেন খুন করা হল।

না, সে কংগ্রেস করে! এবং আর একজন কংগ্রেস কর্মী গোবিন্দ ঘোষের বাড়ি গিয়ে তার ওপর এবং তার ফ্যামিলির অন্যান্য সদস্যদের ওপর অত্যাচার করা হল। তাকে এমনভাবে মারধোর করা হয়েছে যে, সে ভীষণভাবে আহত হয়েছে এবং তাকে শক্তিনগর হাসপাতালে ভর্তি করতে হয়েছে। এবারের পঞ্চায়েত নির্বাচনে সামগ্রিকভাবে নদীয়া জেলায় কংগ্রেসের ফলাফল ভাল হওয়ার জন্য জেলার সর্বত্র সি পি এম সন্ত্রাস চালাচ্ছে। এবিষয়ে প্রতিটি কোতোয়ালী থানাকে এস পিকে এবং ডি এম কে জানানো সত্ত্বেও তার কোনও কার্যকর ভূমিকা পালন করে নি। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে নদীয়া জেলায় সন্ত্রাস বন্ধ করার জন্য তিনি উপযুক্ত ব্যবস্থা নিন।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় স্পিকার, স্যার আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকে, আমার কেন্দ্রের মধ্যে সাগর পাড়ায় দীর্ঘ দিনের একটি হাসাপাতল আছে। সেখানে ৫টি বেড আছে। এখন সেখানে রুগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। ফলে অবিলম্বে সেখান শয্যা সংখ্যা বাড়ানো দরকার। বহুবার এবিষয়ে জেলা স্তরের আলাপ-আলোচনা হয়েছে। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর সঙ্গেও আলোচনা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোনও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয় নি। আমি আজকে আবার বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি জানাচ্ছি অবিলম্বে ওখানে শয্যা সংখ্যা বাড়ানো হোক। কারণ ওখানে স্থানীয় এলাকার মানুষদের সঠিকভাবে চিকিৎসার সুযোগ দেওয়া যাচ্ছে না। ফলে ওখানে সাধারণ মানুষরা খুবই অসুবিধার মধ্যে আছে। অতএব মন্ত্রী মহাশয় বিষয়টির প্রতি নজর দিন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী আবুল হাসনাৎ খান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উত্থাপন করতে চাইছি। বিষয়টি হচ্ছে, ন্যাশনাল থারমাল পাওয়ার কর্পোরেশন ফরাক্কায় যে বৃহদায়তন থারমাল স্টেশন গড়ে তুলছে তাতে লক্ষ্যমাত্রা নির্দিষ্ট আছে ২১০০ মেগাওয়াট। কিন্তু খুবই উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি, ফার্স্ট ফেজে ৬০০ মতোন যেটা হবার কথা তার দুটি ফেজে হচ্ছে। কিন্তু থার্ড ফেজে ৫০০ মেগাওয়াটের যেটা হবার কথা তার কোনও ব্যবস্থা লক্ষ্য করছি না। কেন্দ্রীয় সরকার বিশ্বব্যাঙ্ক থেকে টাকা পাচ্ছে এই খাতে, কিন্তু ফরাক্কার জন্য টাকা দিচ্ছে না। কিন্তু এখানে সমস্ত পরিকাঠামো প্রস্তুত আছে। জমি অধিগ্রহণ করা হয়েছে, রেল-লাইন আছে, অর্থাৎ এরজন্য সমস্ত যা কিছু দরকার তার পরিকাঠামো আছে। ২১০০ মেগাওয়াট করার পরিকল্পনা কেন্দ্রীয় সরকার হয়তো বাতিল করে দিতে পারে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে অনুরোধ করছি, যাতে কেন্দ্রীয় সরকারের কাছে চাপ সৃষ্টি করেন এবং ২১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের যে লক্ষ্যমাত্রা সেটা যেন পূরণ হয়। এটা হলে পশ্চিমবাংলা এবং পূর্ব ভারতের রাজ্যগুলির বিদ্যুৎ পাওয়ার সম্ভাবনা থাকে।

**শ্রী মানিক ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই হাউসের এই বিষয়টি ইতিপূর্বে বহুবার উত্থাপন করেছি এবং এবারেও বলছি, শুধু ময়না বিধানসভা এলাকার নয়,

সমগ্র মেদিনীপুর জেলার মানুষের স্বার্থে। যেখানে বামফ্রন্ট সরকারের অন্যতম নির্বাচনী ইস্যু হলদিয়া শিল্প নগরীকে কেন্দ্র করে সেখানে হলদিয়া শিল্প নগরীর সাথে মেদিনীপুর জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ অংশ সহজ এবং দ্রুত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রস্তাবিত কংসাবতী সেতু যেটা এবার রাজ্য পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে সেই সেতুর যেখানে অ্যাপ্রোচ রোড হওয়ার কথা, সেই ব্রিজ সংলগ্ন এলাকায় যেভাবে বাড়ি গড়ে উঠছে এই মুহূর্তে সেইসব জায়গা যদি অধিগ্রহণের ব্যবস্থা না করা হয় তাহলে সেই জায়গায় অ্যাপ্রোচ রোড হতে পারবে না। দ্রুত এই প্রস্তাবিত সেতুর অ্যাপ্রোচ রোডের জমি অধিগ্রহণ করার জন্য মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয় ব্যবস্থা নেবেন। এর সাথে সাথে আমি আর একটি কথা বলছি, রাজ্য সরকার-এর বিভিন্ন পরিকল্পনায় দেখছি দেউলিয়া হয়ে যাচ্ছে। কাগজে কলমে সব কিছু বলে, কিন্তু এক-একটা পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য যুগের পর যুগ অপেক্ষা করতে হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি, সমগ্র ব্রিজের ব্যাপারে কাগজপত্র ঠিক করে কেন্দ্রীয় সরকারের সি আর এফে স্কীমে যাতে এটা অন্তর্ভুক্ত করা হয় তার প্রস্তাব যেন রাজ্য সরকার দেন। আমরা আশ্বস্ত করছি, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখবো যাতে প্রস্তাবিত কংসাবতী সেতুর ব্যাপারে কেন্দ্রীয় সরকার উক্ত স্কীমে অন্তর্ভুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেন।

**শ্রী ধীরেন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সাঁইথিয়া মিউনিসিপ্যাল জুনিয়র গার্লস স্কুলটিকে দশম শ্রেণীতে উন্নীত আজও পর্যন্ত করা হল না। বর্তমানে আমার নারী প্রগতির ব্যাপারে নানারকম চিন্তা-ভাবনা করছি। এই নারী প্রগতির প্রধান অঙ্গ হচ্ছে তাদেরকে শিক্ষিত করে তোলা। দীর্ঘদিন ধরে এই বিদ্যালয়টি ক্লাস এইট পর্যন্ত চালু আছে। তারপর এখান থেকে পাশ করে অন্যত্র বিদ্যালয়ে স্থানাভাবের জন্য ভর্তি হতে পারে না। তাই আমার মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, এই বিদ্যালয়টিকে যাতে দশম শ্রেণী পর্যন্ত উন্নীত করা যায় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকা রায়না রাস্তাঘাটের যে দূরবস্থা হয়েছে সেই সম্পর্কে আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় রায়না স্টেট হাইওয়ে আছে যেটা বর্ধমান থেকে আরামবাগ পর্যন্ত দুই-তিনটি জেলার যোগাযোগ রক্ষা করে সেই রাস্তাটি বাস চলাচলের অযোগ্য হয়ে গেছে। আজকে বর্ষা আগত প্রায়। এই অবস্থায় সেটা যদি মেরামত করা না হয় তাহলে বাস চলাচল করতে পারবে না। ঠিক একই পরিস্থিতি সৃষ্টি হয়েছে সগরাই থেকে রায়না রাস্তাটির। এটি দীর্ঘদিনের রাস্তা, এই রাস্তার উপর গভীর ক্ষত সৃষ্টি হয়েছে এবং তারফলে রাস্তায় জল জমে বাস চলাচল বন্ধ। সেজন্য জোরের সঙ্গে বলতে চাই, যে কোনও অঘটন থেকে রক্ষা করবার জন্য রাস্তা দুটির এখনই মেরামত করা প্রয়োজন। আশা করি পূর্ত দপ্তর তৎপর হয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার খড়গপুরে একজন বেকারি

মেদিনীপুর, ভগবানপুর, পটাশপুর উত্তর এবং পটাশপুর দক্ষিণে স্কুলগুলিতে খাদ্য প্রকল্পে রুটি সরবরাহ করতেন। এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ওঠায় স্কুল বোর্ড তার তদন্ত পর্যন্ত করেন। ১৯৯২ সালে পটাশপুরের স্কুলগুলির মধ্যে মাত্র ১২টি স্কুলে তিনি রুটি সরবরাহ করেন, ভগবানপুরের ৩১টি স্কুলের মধ্যে ১৬টি স্কুলে রুটি সরবরাহ করেন, ভগবানপুরের দক্ষিণে ২৮টি স্কুলের মধ্যে ১৪টি স্কুলে রুটি সরবরাহ করা হয়। কিন্তু ঐ লোকটির বিল পাস করে দেবার জন্য সি পি এম লোকাল কমিটির সম্পাদক বোর্ডের চেয়ারম্যানের কাছে রিটিন সুপারিশ করেছেন যে, টাকাটা তাকে দিয়ে দেওয়া হোক। নীমপুরা ব্লক লোকাল কমিটির সম্পাদক যে চিঠি লিখেছেন তাতে তিনি বলেছেন রুটি সরবরাহকারী লোকাল কমিটি অফিসের পাশেই থাকেন, তার ১০ থেকে ১২ লক্ষ টাকা বাকি। জেলা কমিটির মিটিংয়ে এই নিয়ে আমরা আলোচনাও করেছি। ইমিডিয়েটলি বিলটা পাস করে দিন। জেলা সম্পাদক সেই চিঠির উপর সংসদের চেয়ারম্যানের কাছে সুপারিশ করেছেন। আমি আবেদন করব, এই ঘটনার ব্যাপারে তদন্ত করা হোক এবং দুর্নীতিগ্রস্ত বেকারির বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলায় একাদশ এবং দ্বাদশ শ্রেণীতে ভর্তির সময় প্রচন্ড সঙ্কট দেখা দেয়, প্রচুর ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অভাবে ভর্তি হতে পারে না। এই বছর কুচবিহারের বিভিন্ন ছাত্র সংগঠন নতুন নতুন একাদশ এবং দ্বাদশ শ্রেণীর স্কুল স্যাংশন করার দাবিতে আন্দোলন করছে। আগামী ১৪ তারিখে কুচবিহার জেলার প্রতি মহকুমা শাসকের দপ্তরে নতুন নতুন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় অনুমোদনের দাবিতে ছাত্র আন্দোলন সংগঠিত হচ্ছে। এই অবস্থায় কুচবিহারের ছাত্র সমাজের যে দাবি ঐ দাবির প্রতি সম্মতি দিয়ে ঐ জেলার ১২টি ব্লকে ১২টি উচ্চ মাধ্যমিক স্কুল অনুমোদনের জন্য আবেদন জানাচ্ছি। শুধু তাই নয়, ঐ জেলার ১২টি ব্লক ১২টি উচ্চ বালিকা বিদ্যালয় অনুমোদনের জন্যও মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশচন্দ্র অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে এ আর ভি না থাকার ফলে বহু কুকুরে কামড়ের রোগী মৃত্যুর দিন গুনছে। গত ১৮-৬-৯৩ তারিখে ১২ বছরের একটি ছেলে পরিতোষ রায় এ আর ভি না পেয়ে পাগল হয়ে মারা গেছে। স্থানীয় প্রশাসনের মাধ্যমে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারীকের কাছে এই ব্যাপারে বার বার জানানো হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোনও সুরাহা হয়নি। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে এ আর ভি পাঠাবার ব্যবস্থা করা হোক।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে তিন নম্বর ডিপ টিউবওয়েল যার সব কিছুই ঠিক আছে, ইলেক্ট্রিক লাইন ঠিক আছে, কিন্তু পাম্প ঘরে সামান্য ফাটল ধরায় আজ দুই বছর ধরে সেই ডিপ টিউবওয়েলটিকে অচল করে বন্ধ করে রাখা হয়েছে এবং তারজন্য চাষীদের অত্যন্ত অসুবিধা হচ্ছে। তারজন্য আমি পূর্তমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে ডিপ টিউবওয়েলটি চালু করবার ব্যবস্থা গ্রহণ

করা হোক।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী কমলেন্দু সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি উত্তর-পশ্চিম নদীয়ার পীচপথ সম্পর্কে। আমাদের অবস্থাটা আমি এর মাধ্যমে তাকে জানাচ্ছি—

উত্তর-পশ্চিম নদীয়ার সমস্ত পীচের পথ
বসন্ত রোগীর মুখ, খানা-গর্তের ক্ষত।
দু'দুটি বছর কেটে গেল বৃথা
চিৎকারই সার, সমাধান কোথা।
ছিন্ন পাতার ঝুড়িতে এদাবি খুঁজে দেখবেন কত।
কৃষ্ণনগর হতে করিমপুর তাপ্তির মেরামতী—
বছর ফেরেনা দেখা যায় পুন, লভিয়াছে একই গতি।
হাউলিয়া হতে তেহট্ট বাজার
একে পথ কেহ ভাবে নাকো আর।
'ফটাস' শব্দে ফাটিতেছে চাকা, রিক্সাওয়ালার ক্ষতি
লাজে মরি মনে, মা-বোন-রোগীর দেখে মহাদুর্গতি।
—নদীয়ার পীচপথ, লিংকরোড নদীয়ার
কবে সারা হবে, বলুন মন্ত্রী, শুনব স্পিকার স্যার।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি এই বিধানসভায় উল্লেখ করেছিলাম যে বজবজে হঠাৎ পরিস্থিতি খারাপ হতে চলেছে এবং এর জন্য কিছুটা দায়ী সি পি এম-এর মধ্যে অন্তর্দ্বন্দ্ব। কিন্তু আমি এটা বুঝতে পারিনি যে গতকালই এই রকম একটা দুঃখজনক ঘটনা ঘটে যাবে যেখানে শ্রমিকের উপরে পুলিশের লাঠি চার্জ হবে এবং স্থানীয় ছেলে লাল্টু মারা যাবে। যেটা আমার বোঝার ব্যাপার সেটা হচ্ছে, নিউ সেন্ট্রাল জুট মিলের শ্রমিকরা কো-অপারেটিভ হিসাবে চালাচ্ছিল। কিন্তু সেখানে ম্যানেজমেন্ট নতুন কিছু ব্যক্তিকে দিয়ে তার এক্সপোর্ট ডিপার্টমেন্টে চালু করতে চেয়েছিল। কিন্তু সেই ব্যবস্থা চালু হলে শ্রমিকদের একটা অংশ, যারা বদলি শ্রমিক, তারা ক্ষতিগ্রস্ত হতে পারে এই আশংকা দেখা দিয়েছে। ম্যানেজমেন্টের যারা ছিল তাদের সঙ্গে কথা বলে ব্যাপারটা মিটিয়ে নেওয়া যেত। কিন্তু দুর্ভাগ্যবশত তাদের সঙ্গে কথা না বলে সেই অবস্থানের শ্রমিকদের উপরে পুলিশ বেপরোয়া লাঠি চার্জ করে এবং গুলি চালায়। একথা বলতে হচ্ছে যে অবস্থানরত শ্রমিকদের বিরুদ্ধে ওখানকার স্থানীয় সি পি এম যদি মিছিল বের না করত তাহলে আলোচনার মাধ্যমে ব্যাপারটা মিটত। কিন্তু দুর্ভাগ্যজনক এই পরিস্থিতির জন্য সেখানে একটি ছেলে লাল্টুর প্রাণ গেল এবং বহু শ্রমিক আহত হয়েছে। বজবজে একটা আশংকাজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আমরা চাই যে নিউ সেন্ট্রাল জুট মিলে শ্রমিকদের কো-অপারেটিভ যেটা সেটা খুলুক,

স্বাভাবিকভাবে কাজ করুক। অবস্থাটা মেটাবার জন্য সরকার হস্তক্ষেপ করুক, কাউকে দোষ দেবার ব্যাপার নয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বজবজে নিউ সেন্ট্রাল জুট মিলের শ্রমিকের উপরে পুলিশ গুলি চালায় এবং এর ফলে একটি ১২ বছরের শিশু মারা যায় যার সঙ্গে বজ বজ জুট মিলের আন্দোলনের কোনও সম্পর্কে নেই। আমি প্রথমে সরকারের কাছে দাবি করছি যে ঐ মৃত যে শিশুটি, যার নাম লাল্টু, তার পরিবারকে অবিলম্বে এক লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হোক। আজকে সংবাদপত্র দেখেছেন যে কি অবস্থার মধ্যে ঐ অঞ্চলের মানুষ চলেছে। সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে বজবজ নিউ সেন্ট্রাল জুট মিলে যে শ্রমিকেরা আন্দোলন করছে, তারা তাদের চাকুরির নিরাপত্তা চেয়েছিল। যে সরকার আজকে এখানে বসে আছেন, তারা কেন্দ্রীয় সরকারে শিল্প নীতির বিরোধিতা করেন। আমি তাদের কাছে প্রশ্ন করতে চাই যে তারা কেন পুলিশ পাঠিয়ে দিলেন এবং পুলিশের পিছনে পিছনে বজবজের যিনি প্রাক্তন এম এল এ, তার নেতৃত্বে বেশ কিছু গুন্ডা বাহিনী সেখানে গিয়ে তাদের উপরে ঝাঁপিয়ে পড়েছিল? আজকে শ্রমিকরা তাদের চাকুরির নিরাপত্তা চেয়েছিল, বদলি শ্রমিকরা কন্ট্রাক্ট লেবার হতে চায়নি। তারা নিরাপত্তার জন্য চিৎকার করেছে, তাদের পি এফ করা হয়, সমস্ত কিছু করা হয়। আজকে ম্যানেজমেন্টের দিক থেকে সেই কুখ্যাত চান যে সেখান থেকে তাদের চাকুরির নিরাপত্তা সরিয়ে দিতে। পি এফ এর সুযোগ সুবিধা এবং অন্যান্য সুবিধা পাবে না, তার কন্ট্রাক্ট লেবার হয়ে যাচ্ছে। যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা এই ধরনের চুক্তিকে কি করে সমর্থন করতে পারেন? আমরা চাই এই ব্যাপারে সরকার তার পদক্ষেপ গ্রহণ করুন।

**শ্রী দীপক মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দু-জন সদস্য বজবজ নিউ সেন্ট্রাল জুট মিল নিয়ে উল্লেখ করেছেন। এখানকার প্রকৃত ঘটনা হচ্ছে এখানে ১৪ পার্টির ইউনিয়ন আছে। সেই ১৪ পার্টির ইউনিয়ন এক সাথে মিলে এই শ্রমিক সমবায়ের মাধ্যমে এই মিলটি চালাচ্ছে। এখানে সুব্রতবাবু আছেন, উনি একজন ডিরেক্টর। এখানে উনি জানেন এই মিলটি এশিয়ার মধ্যে অন্যতম বড় জুট মিল। এখানে ৮০০০ শ্রমিক কাজ করে এবং ১২০০ ক্যাজুয়াল কর্মী আছে। এই মিলটি বি আই এফ আর-এ যায় এবং পরবর্তীকালে এই মিলটি খোলা হয়। শ্রমিকদের ঘাম ও রক্ত দিয়ে এই মিল চলছে, সরকার এতে সাহায্য করছে। প্রায় ৯ কোটি টাকা এই সরকার মিল খোলার জন্য দিয়েছে। এই মিলের ডাইভারসিফিকেশন জরুরি হয়ে পড়েছে। এখানকার ১৪টি ইউনিয়ন একমত হয়ে সবাই মিলে ঠিক করেছিল এই মিল চালু রাখতে গেলে, বি আই এফ আর-এর শর্ত মেনে চলতে গেলে এখানে ডাইভারসিফিকেশন জরুরি। কিন্তু কিছু হতাশাগ্রস্ত মানুষ অন্যায়ভাবে শ্রমিকদের ভুল বুঝিয়ে নানা ভাবে প্ররচনা দিয়ে শ্রমিকদের বিপথে নিয়ে যাওয়ার চেষ্টা করে। তার ফলে এই ঘটনা ঘটেছে। আমি কারো নাম করে বলছি না, এখানে এই রাজনীতি না করে মিলকে বাঁচাবার চেষ্টা করা উচিত। সৌগতবাবু এখানে যে উদ্বেগের কথা বললেন সেই উদ্বেগটা যদি আন্তরিক হত তাহলে এই দুঃখজনক ঘটনা ঘটত না। এই ঘটনার পরিপ্রেক্ষিতে ১৩ বছরের একটা বাচ্চা ছেলে তারিক মহম্মদ মারা গিয়েছে। এই ব্যাপারে পুলিশ এখনও বলতে পারছে না যে এটা পুলিশের গু[illegible] সমাজবিরোধী যারা ওখানে জড় হয়ে

গিয়েছিল, আন্দোলনকে সামনে রেখে গোলমাল পাকাবার জন্য জড় হয়েছিল তাদের গুলিতে আক্রান্ত হয়েছে। যাই হোক এটা পুলিশের ব্যাপার, পুলিশ তদন্ত করবে। এই ব্যাপারে নিরপেক্ষ তদন্ত হোক এবং অনুসন্ধান হোক। আমি এই ব্যাপারে মাননীয় সদস্য সুব্রতবাবুর সঙ্গে গতকাল থেকে বলেছি, উনি এই ব্যাপারে একমত হয়েছে যে এই ব্যাপারে রাজনীতি করা উচিত নয়। এর জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আজ সকালে আমি এবং আমাদের বিধানসভার সদস্য আবুল বাসার সাহেবকে সঙ্গে নিয়ে ওই মিল এলাকায় গিয়েছিল, গিয়ে মৃত ব্যক্তির পরিবারের পাশে গিয়ে দাঁড়িয়েছে। এই মিলের ব্যাপারে কোনও রাজনীতি থাকা উচিত নয়। সমস্ত দল মিলে এখানে যে ডাইভারসিফিকেশনের কাজ দরকার সেটা রূপায়িত করতে সাহায্য করা দরকার। এই মিলটি নিয়ে একটা পরীক্ষা-নিরীক্ষা চলছে। যে মারা গিয়েছে, কার গুলিতে মারা গিয়েছে সেটা তদন্ত হোক এবং যে মারা গিয়েছে তার জন্য ক্ষতিপূরণ দেওয়া হোক।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে এই ব্যাপারে সৌগত রায় বলেছেন। আমি সৌগত রায় যা বলেছেন তার সঙ্গে কিছু সংযোজন করে দিতে চাই। এই ব্যাপারে দীপকবাবু বলেছেন, দীপকবাবু সঠিক ভাবেই বলেছেন, উনি বিস্তারিত ভাবে জানেন কারণ এটা ওনার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে। আমি দু-ভাবে এর সঙ্গে যুক্ত। একটা হল আমি এখানে ট্রেড ইউনিয়ন করি এবং আমি এখানে ডিরেক্টর ইউনিয়নের পক্ষ থেকে । এখানে মালিক বলতে একটা অদ্ভুত ব্যাপার, আপনাদের সকলকে বুঝতে হবে—মালিক হল শ্রমিকরা। শ্রমিকদের টাকা দিয়ে এই মিল চলছে। সারা ভারতবর্ষে এই মিলটা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে। দীর্ঘ দিন ধরে এটা চলছে এবং এটা একটা আদর্শ স্বরূপ। এই মিলের যদি কোনও অঘটন ঘটে এবং কোনও কারণে দায়িত্বজ্ঞাহীন কাজ করার জন্য এই মিলটি বন্ধ হয়ে যায়, তাহলে পশ্চিমবঙ্গে তো বটেই, সারা ভারতবর্ষের কো-অপারেটিভ কনসেপ্ট নিয়ে আর কোনও কারখানা চালু হবে না। এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। আমরা এটা নিয়ে রাজনীতি করি না। ১৪টি ইউনিয়ন মিলে আমরা একসাথে কাজ করছি। আমরা যেমন ডি এম এস কে, বি জে পিকে অপছন্দ করি তেমনি সি পি এম-এর সিটু সমেত ১৪টি ইউনিয়ন মিলে, ম্যানেজমেন্টকে নিয়ে গত দশ বছরের কাছাকাছি এই মিলটি চালাচ্ছি। আমরা যা উপায় করি তা ডিস্ট্রিবিউট করি। আমি একজন ডিরেক্টর। ডিরেক্টর মানে কিন্তু বিশাল কিছু নয়। ডিরেক্টর একটা ফুটো পয়সাও পান না। আমরা মিটিংয়ে এক কাপ চা আর সামান্য নোনতা বিস্কুট ছাড়া কিছু পাই না। সাধারণের ধারণা যে ডিরেক্টর মানে বিরাট কিছু। আমরা অনেক কিছু পেয়ে থাকি। আমি দায়িত্ব নিয়ে বলছি, অ্যাজ এ ডিরেক্টর, মিলটি উঠে যাবে, এটা হতে পারে না। কিন্তু মিলের কোনও ওয়ার্কারকে আমরা বসাব না। আমরা তারজন্য যা কিছু দরকার তা করব। আমরা একজন ওয়ার্কারকেও বসাব না। এটা দুর্ভাগ্যজনক ঘটনা, একজন লোক, তিনি বাইরের মানুষ বজবজ মিউনিসিপ্যালিটির কাউন্সিলের, ইন্ডিপেনডেন্টলি ইলেকটেড হয়েছে, তিনি কর্মীদের ভুল বোঝাচ্ছেন, ওদের মাথায় নানা কথা ঢোকাচ্ছেন। ঐ এলাকায় অরবিন্দ মিল বন্ধ হয়ে গেছে, বজবজ মিলটি বন্ধ, বাটা বন্ধ হয়ে গেছে, তারফলে চুরি ডাকাতি বেড়ে গেছে। এরমধ্যে ওখানে প্রায় দশ হাজার ওয়ার্কার এর মধ্যে প্রায় এক হাজার

বদলি আছে। এদের বাঁচাবার জন্য আমরা একটা বাইফারকেশন করছি। সেটা যেমন জানেন? যেমন, বেনারসী কাপড়ের গ্রেড আমরা বার করছি। আমরা এমন বাক্স করছি যেটা বিদেশে এক্সপোর্ট করা যাবে। এটা করতে পারলে বদলিদের আমরা চাকুরি দিতে পারব। সৌগত রায় ইউনিয়ন করেন, উনি জানেন, আপনারাও জানেন যে কারখানায় বদলি সিস্টেম রাখতে হবে। বিয়ে সাদীতে অনেকে চলে যায়, ফলে বদলি নিতেই হয়। জুটে যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা লীন পিরিয়ডের কথা জানেন। এই লীন পিরিয়ডে আরও একটা অসুবিধা হয়। আমরা তো ফাট্কা করতে পারব না, আমরা নিজেরাই মিলের মালিক। এটা অভিনব যে, এটা একটা মাত্র কারখানা, যার মালিক তাঁর টোটাল সম্পত্তি দিয়ে দিয়েছেন। এই একটা মাত্র মালিক, জৈনরা এটা করছেন। সৌগত রায় এটা জানেন, ওঁর বাড়ি ৯নং আলিপুর পার্ক এলাকায়। আমি জানিনা কেন গুলি চলেছিল? যে মারা গেছে সে কিন্তু শ্রমিক নয়, বাইরের একজন। বদলি নিয়ে যিনি চেঁচাচ্ছেন তিনি বাইরের লোক। তিনি এটা কেন করছেন জানিনা। এটাকে একটা আলদা দৃষ্টিভঙ্গি নিয়ে দেখতে হবে। এটাকে নজির করে বি আই এফ আর বলে যে নিউ সেন্ট্রাল যদি কো-অপারেটিভ করে চলতে পারে তাহলে তোমরা কেন চলতে পারবে না। আমি বলব যে বদলিদের নিয়ে বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে। একদিকে আমরা বদলিদের বাঁচাবার জন্য চেষ্টা করছি, অন্যদিকে সঙ্কীর্ণ রাজনীতি করবার চেষ্টা হচ্ছে। আমরা ১৪টি ইউনিয়ন একসঙ্গে কাজ করছি। একটি ইউনিয়ন যদি ঢুকতে না চায় তাহলে কিছু যায় আসে না। সবশেষে আমি সংবাদ হিসাবে জানাতে চাই যে আমি এখুনি খবর পেলাম যে কারখানাটি স্বাভাবিক ভাবে চালু হয়ে গেছে, স্বাভাবিকভাবেই চলছে সম্পূর্ণভাবে চলছে। কোনও ভাবেই ক্ষতিগ্রস্ত হয়নি। তবে কেউ মারা গেলে তা অবশ্যই দুঃখজনক ঘটনা। সব পার্টি মিলে মিটিং করে, আমাদের যে মানসিকতার কথা আগে বললাম, বদলিদের আমরা রক্ষা করবই। ডিরেক্টররা কেউ লাটসাহেব নয়। আমরা সবাই মিলে বলতে পারি, ঐ এলাকার একজন মানুষ হিসাবে, একজন ট্রেড-ইউনিয়নিস্ট হিসাবে বলতে পারি যে বদলিদের প্রতি আমাদের সহানুভূতি আছে এবং তা থাকবে। বদলিদের বাঁচাবার জন্য আমরা বাইফারকেশন করছি। আমরা ট্রেড ইউনিয়ন করি এবং সেই হিসাবে এর বাইফারকেশন করছি। জুটকে সিনথেটিকের হাত থেকে বাঁচাতে আমরা লড়াই করছি। সেখানে বাইফারকেশন না করলে জুটকে বাঁচানো যাবে না, জুট ধ্বংস হয়ে যাবে। এরসাথে পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থ জড়িত এবং আমরা স্বভাবতই এরজন্য আন্দোলন করছি। সেখানে সরকারের থেকেও সচেতন হতে হবে। আমরা সকলেই সচেতন, একটা সঙ্কটাপূর্ণ অবস্থায় রয়েছে এবং সেই ব্যাপারে আপনাদের সকলকে বিবেচনা করতে হবে।

**শ্রী নন্দদুলাল মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা ইন্দাসে দেবখোলা প্রভৃতি অঞ্চলে বর্ষার জল সমস্ত রাস্তায় জমে যায় এবং যান চলাচলের অসুবিধা হয় ও বাধাপ্রাপ্ত হয়। এরফলে স্কুল-কলেজ, অফিস করা খুব অসুবিধা হয়ে পড়ে। এমন কি সময়ে সময়ে রোগীদের হাসপাতাল আসাও বিপজ্জনক হয়ে পড়ে। সেই কারণে আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই রাস্তা সারানো হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি

গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, স্বাস্থ্য দপ্তরে এমন একটা সিদ্ধান্ত নিয়েছে যার ফলে পশ্চিমবঙ্গে চিকিৎসা ব্যবস্থা একটা বিপর্যয়ের মুখে নেমে এসেছে। একেবারে আনকোরা ডাক্তারদের দিয়ে চিকিৎসা চালানোর চেষ্টা হচ্ছে। মেডিক্যাল কোর্সে নিয়ম আছে যে, ইন্টার্নি হিসাবে পাস করার পরে এক বছর হাউস স্টাফ হিসাবে থাকবে। কিন্তু বর্তমানে রাজ্য সরকার এই হাউস স্টাফশিপ তুলে দিচ্ছেন এবং এরফলে একটা মারাত্মক অবস্থা দেখা দেবে। এই ব্যাপারে জুনিয়র ডাক্তাররা এই ইন্টার্নি ও হাউস স্টাফরা একটা স্মারকলিপি আকারে দাবি জানিয়েছে। কিন্তু দুঃখের বিষয় যে, এই ইন্টার্নির ছেলেরা একটা ন্যায় সঙ্গত দাবি জানাতে গিয়ে মেডিক্যাল কলেজে পুলিশের দ্বারা বিনা প্ররোচনায় লাঠি খেয়েছে। পুলিশ তাদের উপরে লাঠি চার্জ করেছে। পশ্চিমবঙ্গের চিকিৎসা ব্যবস্থাকে সুষ্ঠ রাখতে তারা একটা ন্যায় সঙ্গত আন্দোলন করছিল সেই সময়ে তাদের উপরে বিনা প্ররোচনায় পুলিশ লাঠি চার্জ করল এর উত্তর মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীকে দিতে হবে। এই ব্যাপারে সত্বর ব্যবস্থা নেবেন।

**শ্রী রঞ্জিত পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলায় মোহনপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্র অবস্থিত সেখানে ওই কেন্দ্রটির ঘর ভেঙ্গে গেছে। যারফলে বহির্বিভাগ এবং অন্তরবিভাগ বন্ধ হয়ে গেছে। এখন বর্ষার সময়ে সাপে কাটার সময় এবং এই সাপের কামড় খেলে এই ব্লক হাসপাতালে এলে কোনও চিকিৎসা পাওয়া যায় না। এই হাসপাতালের ফাটলের থেকেই সাপ বের হচ্ছে। এরফলে একটা অচলাবস্থার সৃষ্টি হচ্ছে। এই ব্যাপারে আমি বহুবার স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি এবং আবার করে বলছি যে এখানে পর্যাপ্ত সংখ্যক ডাক্তার ও অন্যান্য স্টাফ নিয়োগ করা হোক তাহলে এর বহির্বিভাগ এবং অন্তরবিভাগ খোলা যাবে।

[1-40 — 2-15 p.m.](Including Adjournment)]

## Statement Under Rule-346

**Mr. Speaker :** Now Hon'ble Minister in charge of Higher Education Department will make a statement on incident occurred inside the calcutta University campas at Collage street on 24th JUne, 1993.

**Shri Satya Sadhan Chakraborty :** Mr. Speaker, Sir, a sad and reprehensible incident occurred inside the College Street Campus of the Caluctta University on 24th June, 1993 when the Pro-Vice Chancellor (Academic Affairs) Prof. (Mrs.) Bharati Roy was man-handled brutally by some demonstrators belonging to the All India Democratic Students' Organisation.

The demonstrators numbered about 35/40. They assaulted the Officers of the University who came to rescue Prof. Roy, even bit one of them. and were chased away by members of the University staff who came out in large numbers. Thereafter the AIDSO supporters

blocked College Street in front of the University gate but were dispersed by the Police soon. From the spot the police arrested supporters of the AIDSO, of whom 2 were women and the 3 men included Shi Kumar Chowdhury, District President of the AIDSO.

Jarasanko P.S. recorded a case on a written complaint submitted by Dr. T. K. Mukherjee, Registrar, Calcutta University. Investigation established incident of man-handling, wrongful restraint and assault and also established that the unruly agitators nearly attempted to kill Prof. (Mrs.) Roy and others. The charge therefore was u/s 147/148/341/307 IPC. In course of raids Shri Pijush Pal and Sri Suman Mukherjee have also been arrested, while raids are continuing for apprehending other absconding accused persons.

Security arrangements have been stengthened at Calcutta University in consultation with the authorities. An armed police picket has been posted outside the main gate of the University and the plaincloths arrangement inside and campus has been strengthened. The Vice-Chancellor and the Pro-Vice Chancellor (Academic) have been provided with security cover.

(At this Stage the House was adjourned till-2-15 p.m.)

(After Adjournment)

[2-15 — 2-25 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 18 & 19

**শ্রী জ্যোতি বসু** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৩-৯৪ সালে ১৮ নং দাবির অধীন মুখ্যখাত "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যক সমহূ" বাবদ ব্যয় নির্বাহের জন্য এবং ১৯ নং দাবির অধীন মুখ্য খাত '২০৫৩—জেলা প্রশাসন" বাবদ ব্যয় নির্বাহের জন্য যথাক্রমে ২৩,০৬,৫০,০০০ টাকা (তেইশ কোটি ছয় লক্ষ পঞ্চাশ হাজার টাকা) এবং ২২,৮১,১৯,০০০ (বাইশ কোটি একাশি লক্ষ উনিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্ট-এর মাধ্যমে ইতিপূর্বে মুখ্যখাত '২০৫২—সচিবালয় সাধারণ কত্যক সমূহ" এবং মুখ্যখাত "২০৫৩—জেলা প্রশাসন" বাবদ যথাক্রমে ৭,৬৯,০০০ (সাত কোটি উনসত্তর লক্ষ টাকা) এবং ৭,৬১,০০,০০০ টাকা (সাত কোটি একষট্টি লক্ষ টাকা) মঞ্জুর করা হয়েছিল, উল্লিখিত অর্থাঙ্কের মধ্যে তাও ধরে নেওয়া হয়েছে।

২। "২০৫২—সচিবলায় সাধারণ কৃত্যক সমূহ" এই হিসাবখাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে তা হল স্বরাষ্ট্র, অর্থ, বিচার, আইন, স্থানীয় শাসন ও নগর উন্নয়ন, ভূমি ও ভূমি সংস্কার, পূর্ত (নির্মাণ পর্ষদ), পূর্ত খাদ্য ও সরবরাহ বিভাগের সচিবালয়, মুখ্যমন্ত্রীর সচিবালয়,

রাজস্ব পর্বদ এবং সংশ্লিষ্ট অফিস সমূহের বেতন, রাহা-খরচ, অফিস খরচ ইত্যাদি সংক্রান্ত বার্ষিক ব্যয় নির্বাহের জন্য। আর '২২০৫৩—জেলা প্রশাসন'' এই হিসাব খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে তা হল বিভাগীয় কমিশনার, জেলা শাসক এবং মহকুমা শাসকদের অফিস সমূহের সর্বশ্রেণীর কর্মচারির বেতন, রাহা খরচ, অফিস খরচ ইত্যাদি বাবদ বার্ষিক ব্যয় নির্বাহের জন্য।

৩। ১৯৯২-৯৩ সালের বাজেটে ''২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যক সমূহ'' এবং ''২০৫৩—জেলা প্রশাসন'' এই দুইটি হিসাব খাতে বরাদ্দের পরিমাণ ছিল যথাক্রমে টাকা ২২,৮৫,৯৬,০০০ (বাইশ কোটি পঁচাশি লক্ষ ছিয়ানব্বই হাজার টাকা) এবং টাকা ২২,২৬,৬০,০০০ (বাইশ কোটি ছাব্বিশ লক্ষ ষাট হাজার টাকা)।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে সমগ্র দেশে এক বিরাট সঙ্কট জনক পরিস্থিতি বিরাজমান, এবং সাম্প্রদায়িক হিংসা, দ্বেষ গণতন্ত্রের ভিতকে আলোড়িত করছে। পাশাপাশি আমাদের দেশ অভাবনীয় অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন। এমতাবস্থায় পশ্চিমবঙ্গের সার্বিক উন্নতি সাধন-কল্পে আমাদের অদম্য প্রচেষ্টা চালাতে হচ্ছে। আমরা বিভিন্ন জনহিতকর প্রস্তাব ও পরিকল্পনা গ্রহণ করেছি, যা বিভিন্ন ক্ষেত্রে রূপায়িত হচ্ছে। আমরা ব্লক স্তর পর্যন্ত পরিকল্পনা বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করেছি যাতে জনপ্রতিনিধিদের অংশ গ্রহণের মাধ্যমে সকল প্রকল্পই আরও অর্থবহ হয়ে উঠে।

৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ইতিমধ্যেই পশ্চিমদিনাজপুর জেলা দ্বিখণ্ডীকরণের কাজ সম্পূর্ণ হয়েছে। এ ব্যতিরেকেও রঘুনাথপুর, বিধাননগর, তেহট্ট, খড়গপুর, চাঁচল ক্যানিং, বারুইপুর, কাকদ্বীপ এবং গঙ্গারামপুর এই ৯টি নতুন মহকুমা গঠনের কাজ বর্তমানে সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। উপরিউক্ত ৯টি নতুন প্রস্তাবিত মহকুমার জন্য অতিরিক্ত মহকুমা শাসকের পদ প্রস্তাবিত বা অনুমোদিত হয়েছে এবং বেশির ভাগ ক্ষেত্রেই তাঁরা কাজ শুরু করেছেন।

৬। সরকারি কর্মচারিদের যে বাস্তব পরিবেশে কাজ করতে হয় তার উন্নতির জন্য আমরা প্রশাসনিক ভবনগুলির তথা জেলা ও মহকুমায় কর্মরত সরকারি অফিসারদের আবাসনগুলির নির্মাণ ও পুনর্নির্মাণের পরিকল্পনাগুলি অব্যাহত রাখছি। বর্ধমান, বারাসাত, রামপুরহাট, কল্যাণী এবং জঙ্গীপুরে প্রশাসনিক ভবনগুলি হয় নির্মিত হয়ে গেছে অথবা নির্মাণের কাজ শেষ হবার মুখে। জলপাইগুড়ি ও আসানসোলের প্রশাসনিক ভবনের নির্মাণের কার্য শুরু হতে যাচ্ছে। ব্যারাকপুরের মহকুমা শাসকের প্রশাসনিক ভবনের নতুন প্রকল্প সবে হাতে নেওয়া হয়েছে। ১৯৯৩-৯৪ সালের বার্ষিক যোজনায় বাস্তু ও আবাসনখাতে ১২১ লক্ষ ৪২ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে। প্রশাসনিক দক্ষতা বাড়ানোর জন্য আমরা কিছু কিছু দপ্তর যথা ফুড প্রসেসিং, শিক্ষা, ইত্যাদি রাইটাস বিল্ডিংস থেকে স্থানান্তরিত করেছি এবং আরও কিছু দপ্তর স্থানান্তরে নিয়ে যাবার পরিকল্পনা বিবেচনাধীন আছে।

৭। সরকারি কর্মচারী ও অফিসারদের যথোপযুক্ত প্রশিক্ষণের জন্য বিধাননগরে সরকারি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। এখানকার প্রশিক্ষণ সাধারণত সরকারি কর্মীবৃন্দের কর্মদক্ষতা

ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্য নিয়েই তৈরি করানো হয়। বস্তুত এই প্রশিক্ষণ কেন্দ্রটি সর্বভারতীয় কৃত্যক ও রাজ্য কৃত্যকের অফিসারগণ এবং মহাকরণের ও আধিকারসমূহের কর্মীবৃন্দের প্রশাসনের ক্ষেত্রে এক অগ্রণী ভূমিকা পালন করে আসছে। ইতিমধ্যে কৃত্যকের কাজে কমপিউটারের ব্যবহারকে অর্থবহ করার ব্যাপারে বিভিন্ন স্তরের কর্মীবৃন্দকে কমপিউটার পরিচালনার কাজে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এজন্য প্রশিক্ষণ কেন্দ্রে একটি কমপিউটার প্রণালী স্থাপন করা হয়েছে। ১৯৯৩-৯৪ সালে বিধাননগরে সরকারি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন বিষয়ের উপর ৮৫টি প্রশিক্ষণ সূচি অনষ্ঠিত হবে। এছাড়াও আমরা এ রাজ্যের অফিসারদের জন্য প্রশিক্ষণ তথা ভ্রমণ কর্মসূচিও সংগঠিত করছি। অন্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের অফিসারদের জন্যও অনুরূপ কর্মসূচি গৃহীত হচ্ছে।

৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি যে বেতন আয়োগের মুখ্য সুপারিশগুলি ইতিমধ্যে রূপায়িত হয়েছে এবং চাকুরির সকল স্তরেই পদোন্নতির যথেষ্ট সুযোগ রাখা হয়েছে।

আমরা সাথে সাথে সরকারের অঙ্গীকার অনুযায়ী শাসনব্যবস্থার গুণগতমান বৃদ্ধি ও কর্মীবৃন্দের পদোন্নতির স্বার্থে "ক্যারিয়ার অ্যাডভান্সমেন্ট স্কীম" চালু করেছি। তার উদ্দেশ্য নিম্নরূপ।

যে সকল সরকারি কর্মচারী সংশোধিত বেতনক্রমে ১নং থেকে ১৬ নং বেতন হারে কর্মরত আছেন, তাঁদের সংশোধিত বেতনক্রম ও অসংশোধিত বেতনক্রমে সম্মিলিত চাকুরির মেয়াদ যদি অবিঘ্নিত ও সন্তোষজনক হয়, তবে তাঁরা তাঁদের সংশোধিত বেতনক্রমের ঠিক পরবর্তী উচ্চতর বেতনক্রমে নিযুক্ত হবেন। নতুন বেতনক্রমের সুবিধা লাভ করার পর ঐ নতুন বেতনহার ও পূর্বের রোপা ৮১-এর বেতন হার মিলিয়ে যদি ১০ বছরের অবিঘ্নিত ও সন্তোষজনক কার্যকালের মেয়াদ শেষ করেন, তাহলে আবার তাঁরা বর্তমান বেতনক্রমের ঠিক পরবর্তী উচ্চতর বেতনক্রমে উপনীত হবেন।

যে সকল সরকারি কর্মী ভেষজ, ইঞ্জিনিয়ারিং, প্রযুক্তিবিদ্যা, কলা ও চারুকলা বিষয়ক মহাবিদ্যালয়ের ১৬ নং বেতনক্রমে কার্যরত আছেন, তাঁরা ঐ বেতনক্রমে ৮ বছরের অনুরূপ অবিঘ্নিত সন্তোষজনক কার্যকালের মেয়াদ শেষ করার পরই একেবারে ২২নং বেতনক্রমে উপনীত হবেন।

যদি কোনও কর্মচারী সরাসরি ১৭নং বেতনক্রমে নিযুক্ত হন, তিনি ১০ বছরের অবিঘ্নিত ও সন্তোষজনক কার্যকালের মেয়াদ শেষ করার পর পরবর্তী উচ্চতর বেতনক্রমে উপনীত হবেন।

৯। বিভিন্ন স্তরের সরকারি কর্মচারিদের মধ্যে উচ্চমানের সততা বজায় রাখার জন্য সরকার নিরলস প্রচেষ্টা চালাচ্ছেন। এই উদ্দেশ্যে গঠিত সরকারি তদারকি কমিশন এই ক্ষেত্রে সরকারকে সাহায্য করছে। ১৯৯২-৯৩ সালে তদারকি কমিশন ১৬৭টি ক্ষেত্রে প্রাথমিক তদন্ত সম্পন্ন করেছেন এবং ৭৩টি ক্ষেত্রে বিভাগীয় তদন্তের সুপারিশ করেছেন। তদারকি কমিশন ১৯টি ক্ষেত্রে শাস্তিদানের অথবা আনীত অভিযোগ থেকে অব্যাহতির সুপারিশ করেছেন।

[ 7th July, 1993 ]

১০। অবসরপ্রাপ্ত ও অবসর আসন্ন কর্মচারিদের অবসরকালীন সুযোগ সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যাতে বিলম্বজনিত দুর্ভোগ সহ্য করতে না হয় সেজন্য সরকার ইতিমধ্যেই পেনশন সংক্রান্ত অভিযোগগুলির দ্রুত নিষ্পত্তির জন্য "পেনশন আদালত" গঠন করেছেন। দার্জিলিং, আসানসোল, জলপাইগুড়ি ও বহরমপুরে এ পর্যন্ত এরূপ চারটি ভ্রাম্যমান আদালত বসেছে।

১১। আমাদের রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সহিত একযোগে জনঅভিযোগের বিষয়গুলি নিয়ে দ্রুত এবং সর্বোচ্চ গুরুত্ব সহকারে কাজ করছে। কেন্দ্রীয় সরকারের জন-অভিযোগ শাখা থেকে প্রাপ্ত সমস্ত বিষয়গুলি নিয়ে আমরা পর্যালোচনা করছি। গতবছর আমরা কেন্দ্রীয় সরকারের নিকট হতে ৫৫টি জন অভিযোগ সংক্রান্ত বিষয় পেয়েছি এবং সমস্ত ক্ষেত্রেই রাজ্যের জন অভিযোগ শাখা যথাযথ গুরুত্ব দিয়েছে।

১২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে এ রাজ্য ভূমি সংস্কার ক্ষেত্রে এক অগ্রণী ভূমিকা নিয়েছে। ভূমি সংস্কার, পঞ্চায়েতিরাজ এবং যোজনার বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে আমাদের সাফল্য সারা দেশে অনুসৃত হচ্ছে এমনি যোজনা কমিশন পর্যন্ত এর প্রশংসা করেছেন।

১৩। প্রশাসনের সকল স্তরে উৎকর্ষ ও গতিবৃদ্ধির জন্য বিভিন্ন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। প্রশাসনিক সংস্কার সমিতির অধিকাংশ সুপারিশই বিবেচিত হয়েছে এবং এগুলি রূপায়িত করার জন্য প্রয়োজনীয় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এখনো হচ্ছে। কর্মচারিদের সময়ে উপস্থিতি ও হাতের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয়তা বোঝানোর জন্য দরকারমতো নির্দেশনামা জারি করা হয়েছে। বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে আমি কর্মচারিদের সঙ্গে কথা বলেছি এবং বিভিন্ন দপ্তরের মন্ত্রীদের কাছেও প্রশাসনকে আরও দক্ষ ও গণমুখী করার ব্যাপার কালক্ষেপ না করে উদ্যোগ নেবার জন্যও অনুরোধ করেছি। যদিও বর্তমান পরিস্থিতি আরও অনেক উন্নতির অপেক্ষা রাখে তথাপি এও অনস্বীকার্য যে আগের থেকে অবস্থা অনেক ভালো হয়েছে এবং তা হয়েছে আমাদের ক্রমাগত প্রচেষ্টার ফলে।

১৪। মাননীয় অধ্যক্ষ্য মহাশয়, এই বলে আমি ১৮নং ও ১৯নং দাবির অধীনে যথাক্রমে মুখ্যখাত "২০৫২—সচিবালয়-সাধারণ কৃত্যক সমূহ" বাবদ ২৩,০৬,৫০,০০০ (তেইশ কোটি ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং মুখ্যখাত "২০৫৩—জেলা প্রশাসন বাবদ ২২,৮১,১৯,০০০ (বাইশ কোটি একাশি লক্ষ উনিশ হাজার) টাকা মঞ্জুর করার জন্য সভার কাছে প্রস্তাব রাখছি।

**Mr. Speaker :** There are four cut motions to Demand No. 18 and there are four cut motions to Demand No. 19. All the cut motions are in order.

**Demand No. 18**

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri Saugata Roy** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Demand No. 19**

**Shri Deba Prasad Sarkar** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri Saugata Roy** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী সুব্রত মুখার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী, তথা স্বরাষ্ট্রমন্ত্রী আজকে যে ব্যয় বরাদ্দ নিয়ে এসেছেন, আমি তাকে সমর্থন করছি না এবং আমাদের কাট মোশনগুলোকে আমি সমর্থন করছি। স্যার, আপনি অবাক হয়ে যাবেন মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর এই দপ্তরটা কত গুরুত্বপূর্ণ। কারণ এই সাধারণ প্রশাসন ছাড়া রাজ্যের কোনও বিভাগ চলতে পারেনা, কোনও কাজ হতে পারে না। অনেক টাকা অন্যান্য বিভাগে থাকতে পারে, যেমন এডুকশেন বিভাগে অনেক বেশি টাকা বরাদ্দ হয়, কিন্তু গুরুত্বর দিক থেকে, রাজ্যের ভালোমন্দের দিক থেকে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল এই স্বরাষ্ট্র ও সাধারণ প্রশাসন বিভাগ। আর আজকে সেখানে মুখ্যমন্ত্রী দু-পাতার একটা বক্তৃতা দিয়ে ছেড়ে দিয়েছেন। এটা আমাদের হিউমিলিয়েট করা হয়েছে। প্রশাসন সম্পর্কে বিভাগের দায়িত্বশীল মন্ত্রীর উদাসীন্য এবং ঔদ্ধত্য কোন পর্যায় গিয়ে পৌঁছেছে সেটা এই বক্তৃতা দেখেই বোঝা যাচ্ছে। এই বক্তব্যটা মুখ্যমন্ত্রী কি করে পেশ করলেন তা দেখে আমি অবাক হয়ে যাচ্ছি। আমরাও স্যার, এইসব দপ্তরে কিছুদিন কাজ করেছি। এই দপ্তর বলতে গেলে আই এ এস আই পি এস, ডব্লু বি সি এস, ডি এম ডি ও এদের বিভিন্ন সমস্যা নিয়ে কাজ করেন এবং সেখানে একেবারে সাধারণ ক্লার্কের সমস্যা পর্যন্ত এর সঙ্গে যুক্ত হয়ে আছে। সেই জায়গাতে উনি কোনও কিছু না বলে আজকে এক পাতার একটা বক্তব্য রেখে দিয়ে ছেড়ে দিলেন এবং সেইজন্য আমার ভয়ঙ্কর আপত্তি ওর এই বাজেট সম্পর্কে অবহেলা এবং ঔদাসিন্যের জন্য। স্যার, উনি যেটা প্রথমে বলেছেন আমি প্রথমে সেই প্রসঙ্গে আসছি। উনি তো এমনিতেই জবাব দেবেন না কারণ জবাবি ভাষণ জ্যোতি বসু কোনওদিন শেখেন নি। উনি যেটা মুখস্থ করে আসেন সেইটুকুই বলবেন এটা দীর্ঘদিন ধরে দেখে আসছি। সেখানে আমরা যাই বলি না কেন তার জবাবি ভাষণটা কি এবং কোনটা বক্তব্য এই দুটোর মধ্যে পার্থক্য কি সেটা কিছুতেই ওর মাথাতে ঢোকাতে পারলাম না। আমি ওর অনেক জুনিয়র কিন্তু কিছুতেই যা আমরা বলি তার উনি জবাব দেবেন না, উনি চলে যাবেন বিহারে, লালুপ্রসাদ, মুলায়ম, দিল্লিতে কিন্তু আসল জবাব কিছুতেই দেবেন না। অর্থাৎ আমরা যা বক্তব্য রাখব তার উত্তর দেবেন না। আমি স্পেসিফিক্যালি এক/দুই/তিন/চার করে হোম পারে বক্তৃতা করি এবং আজকেও তাই করব কিন্তু উত্তর পাই না, আজকে জানি পাব না। উনি যেটা খুব গুরুত্ব দিয়ে বলেছেন—হোম পারে সবচেয়ে গুরুত্বপূর্ণ কি, না উনি পশ্চিমদিনাজপুরটা ভাগ করেছেন উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুর।

ভাগটা কেন করেছেন? করেছেন সম্পূর্ণ রাজনৈতিক কারণে আমলাতন্ত্রকে দিয়ে। মেদিনীপুর জেলা ভাগ হল না অথচ পশ্চিমদিনাজপুর জেলাকে তড়িঘড়ি ভাগ করতে হবে। আর সেখানে ভাগটা এমনভাবে করেছেন সেই ম্যাপটা যদি ডিপার্টমেন্টে থাকে নিয়ে এসে দেখলে অবাক হয়ে যাবেন। যেখানে যেখানে দিয়ে রাজনৈতিক লাইন গেলে ওদের লাভ হবে সেখান সেখান দিয়ে যাওয়া হয়েছে। জয়নাল আবেদিনের উঠান কাটলে কংগ্রেসের ক্ষতি হবে অতএব প্রায় উঠান পর্যন্ত কেটে দিয়েছেন। আপনারা ভাবতে পারেন এ জিনিস? আর উনি সেটা স্বীকার করে নিলেন এইভাবে ভাগ করাটা উত্তর এবং দক্ষিণ দিনাজপুর? সেখানে এমনভাবে ভাগ করেছেন, যে গোকর্ন, সঈদপুর ইত্যাদি জায়গা থেকে হেড কোয়ার্টারে যেতে গেলে ১৫০ কি.মি. ঘুরে যেতে হবে। অর্থাৎ আরও একটা হেড কোয়ার্টার ঘুরে বালুরঘাটে যেতে হবে। এই ভাবে কি ভাগ হয়? এর জন্য তো পন্ডিত হবার দরকার নেই। সেখানে ন্যূনতম যদি বুদ্ধি থাকে তাহলেই তো করা যায়।

যেহেতু ইটাহারকে ভাগ করতে হবে সেইজন্য ম্যাপে ঐভাবে দেখানো হল। ভাগটা কিসের জন্য? ভাগটা তো শুধু ভাগের জন্য নয়, ভাগটা হচ্ছে সাধারণ মানুষের সুবিধার জন্য। সেখানে সেই সুবিধা না করে যাতে মানুষের অসুবিধা হয় জয়নাল আবেদিনের অসুবিধা হয় তারজন্য ইটাহারকে ভাগ করে এইভাবে করা হল। সেখানকার মানুষকে বালুরঘাটে যেতে হবে একেবারে কালিয়াগঞ্জ, রায়গঞ্জ হয়ে বালুরঘাট। ভাবুন একবার ব্যাপারটা। ওকে দেখিয়ে আমরা রিকোয়েস্ট করেছিলাম এবং বলেছিলাম এটার পরিবর্তন করুন। কি মহাভারত অশুদ্ধ হয়ে যেত এটার পরিবর্তন করলে? ওখানকার লোকের সুবিধা হত, না অসুবিধা হত? জয়নাল আবেদিনের সুবিধা, অসুবিধাটা বড় কথা নয়, সেটা আমি ছেড়েই দিলাম কিন্তু ওনাদের রাজনৈতিক ব্যাপারটা একবার চিন্তা করে দেখুন। আপনারা জানেন Report of the Administrative Committee; Government of West Bengal, 1983 ওরই ডিপার্টমেন্ট থেকে সম্ভবত অশোক মিত্রের নেতৃত্বে যেটা গঠন করেছিলেন তার রিপোর্ট সাবমিটেড হয়েছে। উনি তো উত্তর দেবেন না, তবুও বলছি, সেখানে সামারি অব দি রেকমেন্ডেশনে ৩১ পাতায় ৪নং ক্লজে কি বলছে? The seat of Administration of West Dinajpur may be shifted from Balurghat to Raigunge.

[2-25 — 2-35 p.m.]

তার মানে নিজেদের তৈরি যে কমিটি সেই কমিটির সুপারিশ, যাকে আবার ওনারা প্রমোশন দিয়ে রাজ্য সভায় পাঠাচ্ছেন, অশোক মিত্র মহাশয়, এডুকেশন কমিটির সুপারিশগুলো নেবেন না, একটা করে উনাকে কমিশন করে রেখে দেবেন, আর আমি ক্যাটাগোরিক্যালি পড়ে, উনি জবাব দেবেন ক্ষমতা থাকলে জবাব দেবেন যে উনার সুপারিশ আমরা গ্রহণ করিনি রাজনৈতিক কারণে। এই হল আমার প্রথম বক্তব্য এবং এক গাদা টাকা খরচের ব্যবস্থা ওখানে হয়েছে। যে ভাবে ভাগ হয়েছে যেভাবে ওখানে বিভিন্ন অফিস তৈরি করতে হবে তাতে অনেক অর্থ খরচ হবে, আমাদের এই অর্থভান্ডার থেকে চলে যাবে, যে সময় অর্থের ক্রাইসিস চলছে, সেই সময় টাকা চলে যাবে। উনি কিছুই দেখেন না। সমস্যাটা হচ্ছে এখানেই। গত দশ বছর ধরে এই জিনিস চলছে। প্রথম থেকেই উনি বলেছিলেন, আপনাদের যদি স্মরণ থাকে, আমি অসত্য কথা যদি বলে না থাকি, যদি সংবাদপত্র খুলে দেখিয়ে দিতে

পারি, তিনি বলছেন ৭৭ সালে, আমরা হেরে যাবার পর, প্রথম সরকারে এসে উনি বলেছিলেন সংবাদ পত্রে, আমি যদি কিছুই দিতে না পারি, আমি একটা সৎ পরিচ্ছন্ন প্রশাসন উপহার দেব। আজকে উনি বুকে হাত দিয়ে বলুন, দীর্ঘ ১৭ বছর পরে একটা সৎ প্রশাসন, পরিচ্ছন্ন প্রশাসন উপহার দিতে পেরেছেন কি না। ওনার বিবেকের দংশন যদি না হয়, উনি যদি আত্মতৃপ্তিতে না ভোগেন, তাহলে স্বীকার করবেন যে আমি ১৭ বছরে কিছু করতে পারিনি, কারণ বলতে হবে না, আমি কারণ জানি। কো-অর্ডিনেশন কমিটির দাপটে হাজার জ্যোতি বসুর ক্ষমতা নেই যে তাদের মাথা টপকে একটা সৎ এবং স্বচ্ছ প্রশাসন দিতে পারেন। দিতে পারলেন? দিতে পারেননি বলেই যেদিন ক্রিকেট খেলা হয়, আপনি লিফটের দিকে যাচ্ছিলেন, ওরা ক্রিকেট খেলা দেখছিল, আপনি বললেন ভীড় কিসের? ওরা বলল আমরা ক্রিকেট খেলা দেখছি, আপনি বললেন তোমরা কাজ ছেড়ে ক্রিকেট খেলা দেখছ?

আপনার কাছা খুলে দিয়েছিল। কাপড় খুলে দিয়েছিল। উনি তাড়াতাড়ি পুলিশ নিয়ে লিফটে উঠে পালিয়ে গিয়েছিলেন। আমরা পড়েছি সংবাদপত্রে। সেই মানুষ পেরেছেন? আজকে হয় না এই জিনিস। আমি বারে বারে বলেছি এবং আজকেও বলছি রাজনৈতিক নিয়ন্ত্রণ যত বেশি আনতে যাবেন প্রশাসনের উপর, তত বেশি প্রশাসনিক নিয়ন্ত্রণ আপনার হাত থেকে বেরিয়ে যাবে। ডাঃ রায় এর সঙ্গে জ্যোতি বসুর পার্থক্য এখানেই। ডাঃ রায়ের চুল ছুঁতে পারবেন না আপনি যোগ্যতার দিক থেকে। মুখ্যমন্ত্রীর যদি ওজন হয় কোনওদিন, ওজনে আপনি দেখবেন এত আপনি হাল্কা ডাঃ রায়ের চেয়ে। বছর দিয়ে মাপা নয়, গুণগত বিচারে, উৎকর্ষের মানে আপনি অনেক হাল্কা। কেন? ডাঃ রায় উৎকর্ষতা বাড়িয়েছিলেন, প্রশাসনকে বোঝাবার চেষ্টা করেছিলেন, আপনি সেটা করলেন না। আপনি করতে পারলেন না, তার কারণ চেষ্টা করেছিলেন, আপনি সেটা করলেন না। আপনি করতে পারলেন না, তার কারণ রাজনৈতিক নিয়ন্ত্রণ করতে গিয়ে আপনার প্রশাসনিক শৈথিল্য এসে গেল। এই তো সেদিন, আই পি এসদের কমিটি হবে, দুটো ভাগ হয়ে গেছে। আই পি এস-দের মধ্যে দুটো ভাগ হয়ে গেছে। সিকরেট ব্যালট হবে। ঝগড়া মেটাতে আপনাকে এক দল নিয়ে গেল। একদল সমর্থক আপনাদের আপনাকে নিয়ে গেল। পুলিশ কমিশনারের নেতৃত্বে যে পুলিশ কমিশনারের আন্ডারে রায়ট হয়েছে। যে পুলিশ কমিশনারের নেতৃত্বে রশিদ হয়েছে। সবচেয়ে বেশি খুন জখম হয়েছে। সবচেয়ে বেশি ছিনতাই হয়েছে, রেকর্ড সংখ্যক ছিনতাই হয়েছে। যেহেতু তার মাথার উপর লেলিন না মার্ক্স এর একটা ছবি ছিল। আমি দেখেছি আনন্দবাজারের প্রথম পাতায়, অতএব তার সাত খুন মাপ। কেওড়াতলা শ্মশানে সত্যজিৎ রায়ের সৎকারের সময় একটা মস্তান দাদা বললে তাকে তার পরের দিন ভাগাড়ে পাঠিয়ে দিয়েছিলেন। আর রশিদ মিঁয়া থেকে আরম্ভ করে কলঙ্কিত হত্যা ঘটে গেল মেটিয়াবুরুজ থেকে আরম্ভ করে সারা কলকাতা দাউ দাউ করে জ্বললো, যা বাংলার কলঙ্ক, লজ্জা, আমরা অপমানিত বাঙালি হিসাবে, আপনি তার গায়ে একটা টুঁ শব্দ পর্যন্ত করলেন না, পুরস্কৃত করেছেন কি না জানি না।

উনি একটা টিম করলেন, আই পি এস-রা দু'ভাগ হয়ে গেল। উনি জ্যোতিবাবুকে ডেকে নিয়ে গেলেন ওঁদের সভায়। জ্যোতিবাবু এখন আই পি এস-দেরও নেতা হয়ে গেছেন। কিন্তু ওঁকে ধরে নিয়ে গিয়েও ওঁরা হেরে গেলেন। ওঁদের বিরুদ্ধে কমিটি কারা তা আমি

জানি না, তাঁরা সবাই জিতে গেলেন। এই পলিটিক্স যদি প্রশাসনের মধ্যে হয়, আই পি এস-দের মধ্যে হয় তাহলে আপনি স্বচ্ছ, সৎ প্রশাসন উপহার দেবেন কি করে? আপনি প্রশাসনকে স্বচ্ছ এবং সৎ করতে পারেন নি এবং পারবেনও না। আজকে রাইটার্স বিল্ডিং যদি কেউ কোনও কাজে যায় এবং তার যদি তদ্বির করবার কোনওলোক না থাকে তাহলে তার কাজ হবে না। কোনও জানাশোনা লোক যদি না থাকে তাহলে কোনও বড় বাবু কোনও কাজ করে দেবে না। অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি তো দূরের কথা। সাধারণ মানুষদের তদ্বিরের কোনও লোক না থাকলে রাইটার্স বিল্ডিং-এ কোনও কাজ পায় না। সম্প্রতি আমার এক বন্ধু গিয়েছিলেন স্বাস্থ্য দপ্তরে। স্বাস্থ্য মন্ত্রী এখানে মুখ ঢেকে বসে আছেন। মুখ ঢেকে থাকাই ভাল। স্বাস্থ্য দপ্তরের যা হাল করেছেন ওঁর আর দেখাবার মতো মুখ নেই। আমার বন্ধু হাসপাতালে একজন রুগীকে ভর্তি করবার জন্য গিয়েছিলেন। সেখানে গিয়ে তিনি একজনকে সমস্ত কিছু বললেন। কিন্তু সেই কর্মচারী মুখে কোনও কথা বলল না। শুধু ড্রয়ারটা খুলে ঢক ঢক আওয়াজ করতে শুরু করল। প্রথমে সে তো কিছু বুঝতে পারল না। পরে বুঝতে পারল যে, ড্রয়ারে মাল রাখলে তবেই রুগী হাসপাতালে ভর্তি হতে পারবে।

(গোলমাল)

(সরকার পক্ষ থেকে একটি ধ্বনি : স্পেসিফিক কেস বলুন।)

স্যার, ওঁদের গায়ে লেগেছে। এটা কি আমি কোনও অন্যায় কথা বলছি? একটা কমিটি করে এগুলো পরীক্ষা করে দেখুন এগুলো সত্যি কি না! রাইটার্স বিল্ডিং-এ তদ্বির করার লোক না থাকলে সেখানে গিয়ে সাধারণ মানুষ কোনও কাজ পায় না। স্পেসিফিক, কনক্রিট কেস চাইছেন? আমি তাই দিচ্ছি। এই তো একটা আমি স্বাস্থ্য দপ্তরের কেস বললাম। আমি মনে করি সাধারণ মানুষ রাইটার্স বিল্ডিং থেকে নর্মাল ওয়েতে কোনও কাজ পায় না। সেখানে গিয়ে একটা ফর্ম পর্যন্ত পায় না। আমি পজিটিভ কথা বলছি। শিবশঙ্কর মাইতি বলে একটি ছেলে, তাঁর ভাই পাগল হয়ে গেছে, ভাই-এর ট্রিটমেন্টের জন্য সে রাইটার্স বিল্ডিং-এ গিয়েছিল একটা ফর্মের জন্য। ওখানে নাকি এবিষয়ে ফর্ম পাওয়া যায়। সে তিন দিন ঘুরেছে, ডিপার্টমেন্টে ঢোকার স্লিপ পায় নি। তারপর যখন স্লিপ পেল তখন তাঁকে ১০০ টাকার বিনিময়ে যেটা ফ্রিতে দেওয়া হয় ফর্ম সেটা নিতে হয়েছে। ১০০ টাকার বিনিময় মস্তিষ্ক বিকৃত ভাই-এর চিকিৎসার আবেদনের ফর্ম পেয়েছে। এখনও ভাইকে হাসপাতালে ভর্তি করতে পারে নি। আরও স্পেসিফিক বলব? আর কত স্পেসিফিক চান? এখানে মাননীয় অর্থমন্ত্রী মহোদয় রয়েছে, ভাল মন্ত্রী এবং ভাল মানুষ। মানুষ হিসাবে ওঁকে আমি ভাল বলে মনে করি। উনি স্পেসিফিক কেস চেয়েছিলেন শিক্ষকদের পেনশনের ব্যাপারে। উনি বলেছিলেন পেনশনের সব কাগজপত্র থাকলে উনি পেনশন দিয়ে দেবার ব্যবস্থা করে দেবেন। আমি এসব বলে সময় নষ্ট করতে চাই নি, যেহেতু স্পেসিফিক বলতে বলা হল তাই বলছি। শুনুন ভদ্র-মহিলা, তিনি 'সাখাওয়াতে' স্কুলের শিক্ষিকা ছিলেন। তিনি দীর্ঘদিন ধরে পেনশন পাচ্ছিলেন না। অথচ তাঁর কাগজপত্র সব ঠিক ছিল। আমি অর্থমন্ত্রীকে বলেছিলাম এবং ভদ্র-মহিলাকে তাঁর কাছে নিয়ে গিয়েছিলাম। আমি বলেছিলাম, আপনারা যখন শিক্ষকদের পেনশন দিচ্ছেন, তখন এর সমস্ত কাগজপত্র আছে, এর পেনশনটা দেবার ব্যবস্থা করে দিন। উনি কথা

দিয়েছিলেন, বলেছিলেন, যে, নিশ্চয়ই ব্যবস্থা করবেন। উনি ভাল মানুষ, আমি ওঁকে মানসিক আঘাত দিতে চাই নি। যেহেতু আমাকে বলতে বলা হয় তাই আমি বলছি। পরে শুনেছি ভদ্রমহিলা নাকি ওঁর রিলেটিভ ছিলেন। যাই হোক উনি সমস্ত কাগজপত্র নিয়ে ডিপার্টমেন্টকে দিয়েছিলেন। কিন্তু তারপরেও ভদ্রমহিলা বার বার ওঁকে বলা সত্ত্বেও পেনশন পেলেন না। এমন কি তারপর ভদ্রমহিলা মারা গেলেন। হ্যাঁ, আমি স্বীকার করছি মানবিকতার দিক দিয়ে ভদ্র-মহিলা মারা যাবার পর উনি তাঁর বাড়িতে গিয়েছিলেন এবং দুঃখ প্রকাশ করে এসেছিলেন। এবং তারপর বাড়ির চারতলা পর্যন্ত উঠে আমার কাছেও দুঃখ প্রকাশ করেছিলেন। স্পেসিফিক আরও চান? আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে একটা রেজিস্ট্রেশন ফি-এর ব্যাপারে ওঁরই ডিপার্টমেন্টের একটা ঘটনা আমি এখানে উল্লেখ করছি।

[2-35 — 2-45 p.m.]

সমস্ত ডকুমেন্ট দিয়েছেন, উনি অর্ডারও দিয়েছেন। এমন কি উনি বলেছেন আমার নাম করে যে উনি রিকোয়েস্ট করেছেন, সমস্ত কনভিনস্ত তার লেভেলে, কিন্তু ৬ মাস হয়ে গেল কোনও স্টাফ করতে পারেনি। স্পেসিফিক চান? দুটি যমজ ছেলে, মফস্বলের ছেলে, ব্রিলিয়ান্ট বয়। এডুকেশন ডিপার্টমেন্ট হোক, জ্যোতিবাবু থেকে, ভাইস-চ্যান্সেলার থেকে সবার দরজায় দরজায় ঘুরেছে। তারা পরীক্ষা দিয়েছে, মুখস্থ বলেছে। এই তো এখানে বঙ্গবাসী কলেজের প্রিন্সিপাল এম এল এ হয়ে আছেন, তিনিও জানেন ব্যাপারটা। তারা ব্রিলিয়ান্ট বয়, অথচ তাদের ফেল করিয়ে দেওয়া হল। তারা কোর্টে গেল এবং সেখানে জিতেও গেল। কিন্তু যেহেতু ফেল করেছে তাই তারা আর পরীক্ষা দিতে পারবে না। তারা ফ্যা-ফ্যা করে ঘুরে বেড়াচ্ছে তাদের জমি পর্যন্ত দখল করে নিয়েছে যেহেতু ব্যাপারটা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এই হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশন। চান উদাহরণ? মাননীয়া ভদ্রমহিলা স্পেসিফিক চেয়েছেন, তাই ওনাকে বললাম। আমি আর একটি উদাহরণ দিচ্ছি, উদয়নারায়ণপুরের একজন বি ডি ও ৯ বছর ধরে একই জায়গায় আছে। তিনি আন্তর্জাতিক চোর। কোথাও যদি বসে আঁকো প্রতিযোগিতার মতোন চুরির প্রতিযোগিতা হয় তাহলে সে ফার্স্ট হবে আন্তর্জাতিক দিক থেকে। তাকে ৯ বছর ধরে রেখে দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উত্তর দিন কোন আইন আছে? আই এ এস এবং আই পি এসদের একটা কোড আছে, নর্মস আছে। হোস সেক্রেটারি ও তো অনেকদিন ধরে আছে। আমি বলছি না আমাদের লোককে আনতে হবে, কিন্তু তাদের তো সিনিওরিটি এবং মেরিটের ভিত্তিতে নিয়ে আসবেন। কিন্তু উনি দীর্ঘদিন ধরে একই পোস্টে বসে আছেন। হয় উনি না মরলে যাবেন না, না হয় আপনি না মরলে যাবেন না উনি। ছোট বেলায় শুনেছিলাম হোম সেক্রেটারির কথা, এখনও সেই হোম সেক্রেটারি হয়ে আছেন। রথীন সেনগুপ্তর সময়ও তাই হয়েছিল। এই রথীন সেনগুপ্ত সল্টলেকে বাড়ি করে ২২ হাজার টাকায় ভাড়া দিয়েছেন আবার নিজে বালিগঞ্জের মার্কেটের পাশে গভর্নমেন্ট কোয়ার্টারে বসবাস করছে। একদিন আধদিন নয়, বছরের পর বছর। কিসের জন্য? তার কারণ, আপনাদের দুর্বলতার সুযোগ তারা নিয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্টের কোড রয়েছে, ২/৩ বছরের বেশি হোম সেক্রেটারি বা কোনও পোস্টে কাউকে রাখে না। সেইজন্য আজকে দেখবেন জনৈক ভার্মা, প্রিন্সিপল-সেক্রেটারি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার, তাকে সরিয়ে দেওয়া হয়েছে। তার কারণ ১-২ বছর হয়ে গেছে, সেইজন্য তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে। আই এ

এস এবং আই পি এসদের ক্ষেত্রে এই নিয়ম, যাতে মৌরসী পাট্টা করে এক জায়গায় বসে না থাকে। কিন্তু এখানে মৌরসী পাট্টা করে পৈতৃক সম্পত্তি করে ধরে বসে আছে। আমি স্পেসিফিক্যালি উদাহরণ দিচ্ছি, প্রশাসন এমন জায়গায় দাঁড়িয়েছে যে সেক্রেটারি জয়েন্ট সেক্রেটারি এদের কোনও ক্ষমতা নেই। কারণ কো-অর্ডিনেশন কমিটিকে এরা টাচ্ করতে পারে না। সম্প্রতি লেবার সেক্রেটারিকে একজন কো-অর্ডিনেশন কমিটির লোক অপমান করল। লেবার সেক্রেটারি কমপ্লেন করলেন তার উচ্চপদস্থ হোম-সেক্রেটারি এবং চিফ সেক্রেটারিকে। কিন্তু তাকে টাচ করতে পারেনি, উল্টে লেবার সেক্রেটারি ধমক খেয়েছে। কুকুর ল্যাজ নাড়ে, কিন্তু সেই ল্যাজ যদি কুকুরকে নাড়ায় তাহলেই সর্বনাশ। কো-অর্ডিনেশন কমিটির লোক যদি এইভাবে সেক্রেটারিকে, জয়েন্ট সেক্রেটারিকে অপমান করে তাহলে প্রশাসন থাকবে?

আমি স্পেসিফিক বললাম, খবর নিয়ে দেখবেন। আর একজন সিনিয়র আই এ এস অফিসার, কমার্শিয়াল ট্যাক্স, কমিশনার, আমি নাম বলে দিচ্ছি যেহেতু স্পেসিফিক চাচ্ছেন—স্বপন চক্রবর্তী। প্রকাশ্যে বলে বেড়াচ্ছেন যে, তিনি ছাত্র জীবনে সি পি আই করতেন এবং মন্ত্রী সুভাষ চক্রবর্তীর সহপাঠী ছিলেন। তাহলে তিনি রাজনীতিতে অংশ নিচ্ছেন না কেন? হেলথ ডিপার্টমেন্টে আগে যখন আর এস পির মন্ত্রী ছিলেন তখন সমস্ত অফিসাররা আর এস পি হয়ে গিয়েছিলেন, পরে যখন সি পি এম মন্ত্রী হলেন তখন সমস্ত অফিসার সি পি এম হয়ে গেলেন। ১৯৯১ সালে হোম (পার) ডিপার্টমেন্টের বাজেটে প্রস্তাব দিয়েছিলাম যে, সরকারি কর্মচারিদের একটি ক্ষতিয়ান নেওয়া হোক, ডায়েরি মেনটেন করা হোক। আপনি জানতেনই না যে ডায়েরি জিনিসটা কি। আমি শুনছি, প্রতি সপ্তাহে এইরকম ডায়েরি সুপিরিয়র অফিসাররা চেক করে সই করতেন। এই সিস্টেম আগে ছিল। আপনিও প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এই ডায়েরি সিস্টেম আবার আপনি চালু করবেন। একবার চিফ সেক্রেটারি এবং হোম সেক্রেটারিকে এই বিষয়ে বলেও ছিলেন, কিন্তু ডায়েরি সিস্টেম চালু হয়নি। আজকে আবার এই ব্যাপারে কি বলেন শুনব। অ্যাকচুয়ালি এসব বিষয় নিয়ে অ্যাসুরেন্স কমিটিতে যাওয়া যায়। আমরা ডিপার্টমেন্টে মনিটারিং ব্যবস্থা চালু করতে বসেছিলাম, কিন্তু সময় কোথায় আপনার মনিটারিং করবার? আপনি তো পলিটব্যুরো নিয়ে, এই ব্যুরো সেই ব্যুরো নিয়ে ব্যস্ত। ফলে বুদ্ধদেববাবু তার সুযোগ নিচ্ছেন, আপনার বয়সের সুযোগ নিচ্ছেন। একটা আনকনস্টিটিউশনাল অথরিটি এনজয় করছেন তিনি। আসলে ডিফ্যাকটো চিফ মিনিস্টার হচ্ছেন তিনি। পাশে বিনয়বাবু বসে আছেন, তিনি নামেই ডেপুটি। ট্রামে বাসে লোককে জিজ্ঞাসা করবেন, সবাই জানেন জ্যোতি বোস, না হয় বুদ্ধ বোসকে (ভট্টাচার্য)। আমি স্পেসিফিক্যালি পয়েন্টওয়াইজ তুল্লে বলছি। আমি বারবার বলেছি, মনিটারিং সিস্টেম চালু করুন, প্রতি ডিপার্টমেন্টের কাজের পর্যালোচনা করুন। এটা আগে করা হত। অ্যাডমিনিস্ট্রেশনের অ্যাকাউন্টিবিলিটি রাখার স্বার্থেই এটা করা হত। আপনি পলিসির নিয়ে মাসে একবারও মিটিং করেন অফিসারদের নিয়ে— হোম সেক্রেটারি তাঁর অধস্তনের নিয়ে কোনও মিটিং পলিসির ব্যাপারে? আপনি বলতে পারেন এই কোনও মিটিং হয়েছে কি না পলিসি নিয়ে? আজকে মনিটারিং করতে হবে হোম মিনিস্টার টু অ্যাসিস্টেন্ট সেক্রেটারি ডিলিং ক্লার্ক লেভেল পর্যন্ত। মনিটারিং না করতে পারলে অর্থমন্ত্রী যে কথা বলেছিলেন—মনিটারিং করে আমাদের আয় বাড়াব, সেটা তিনি করতে পারবেন না।

দিয়েছিলেন, বলেছিলেন, যে, নিশ্চয়ই ব্যবস্থা করবেন। উনি ভাল মানুষ, আমি ওঁকে মানসিক আঘাত দিতে চাই নি। যেহেতু আমাকে বলতে বলা হয় তাই আমি বলছি। পরে শুনেছি ভদ্রমহিলা নাকি ওঁর রিলেটিভ ছিলেন। যাই হোক উনি সমস্ত কাগজপত্র নিয়ে ডিপার্টমেন্টকে দিয়েছিলেন। কিন্তু তারপরেও ভদ্রমহিলা বার বার ওঁকে বলা সত্ত্বেও পেনশন পেলেন না। এমন কি তারপর ভদ্রমহিলা মারা গেলেন। হ্যাঁ, আমি স্বীকার করছি মানবিকতার দিক দিয়ে ভদ্র-মহিলা মারা যাবার পর উনি তাঁর বাড়িতে গিয়েছিলেন এবং দুঃখ প্রকাশ করে এসেছিলেন। এবং তারপর বাড়ির চারতলা পর্যন্ত উঠে আমার কাছেও দুঃখ প্রকাশ করেছিলেন। স্পেসিফিক আরও চান? আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে একটা রেজিস্ট্রেশন ফি-এর ব্যাপারে ওঁরই ডিপার্টমেন্টের একটা ঘটনা আমি এখানে উল্লেখ করছি।

[2-35 — 2-45 p.m.]

সমস্ত ডকুমেন্ট দিয়েছেন, উনি অর্ডারও দিয়েছেন। এমন কি উনি বলেছেন আমার নাম করে যে উনি রিকোয়েস্ট করেছেন, সমস্ত কনভিনস্ত তার লেভেলে, কিন্তু ৬ মাস হয়ে গেল কোনও স্টাফ করতে পারেনি। স্পেসিফিক চান? দুটি যমজ ছেলে, মফস্বলের ছেলে, ব্রিলিয়ান্ট বয়। এডুকেশন ডিপার্টমেন্ট হোক, জ্যোতিবাবু থেকে, ভাইস-চ্যান্সেলার থেকে সবার দরজায় দরজায় ঘুরেছে। তারা পরীক্ষা দিয়েছে, মুখস্থ বলেছে। এই তো এখানে বঙ্গবাসী কলেজের প্রিন্সিপাল এম এল এ হয়ে আছেন, তিনিও জানেন ব্যাপারটা। তারা ব্রিলিয়ান্ট বয়, অথচ তাদের ফেল করিয়ে দেওয়া হল। তারা কোর্টে গেল এবং সেখানে জিতেও গেল। কিন্তু যেহেতু ফেল করেছে তাই তারা আর পরীক্ষা দিতে পারবে না। তারা ফ্যা-ফ্যা করে ঘুরে বেড়াচ্ছে তাদের জমি পর্যন্ত দখল করে নিয়েছে যেহেতু ব্যাপারটা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এই হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশন। চান উদাহরণ? মাননীয়া ভদ্রমহিলা স্পেসিফিক চেয়েছেন, তাই ওনাকে বললাম। আমি আর একটি উদাহরণ দিচ্ছি, উদয়নারায়ণপুরের একজন বি ডি ও ৯ বছর ধরে একই জায়গায় আছে। তিনি আন্তর্জাতিক চোর। কোথাও যদি বসে আঁকো প্রতিযোগিতার মতোন চুরির প্রতিযোগিতা হয় তাহলে সে ফার্স্ট হবে আন্তর্জাতিক দিক থেকে। তাকে ৯ বছর ধরে রেখে দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উত্তর দিন কোন আইন আছে? আই এ এস এবং আই পি এসদের একটা কোড আছে, নর্মস আছে। হোম সেক্রেটারি ও তো অনেকদিন ধরে আছে। আমি বলছি না আমাদের লোককে আনতে হবে, কিন্তু তাদের তো সিনিওরিটি এবং মেরিটের ভিত্তিতে নিয়ে আসবেন। কিন্তু উনি দীর্ঘদিন ধরে একই পোস্টে বসে আছেন। হয় উনি না মরলে যাবেন না, না হয় আপনি না মরলে যাবেন না উনি। ছোট বেলায় শুনেছিলাম হোম সেক্রেটারির কথা, এখনও সেই হোম সেক্রেটারি হয়ে আছেন। রথীন সেনগুপ্তর সময়ও তাই হয়েছিল। এই রথীন সেনগুপ্ত সল্টলেকে বাড়ি করে ২২ হাজার টাকায় ভাড়া দিয়েছেন আবার নিজে বালিগঞ্জের মার্কেটের পাশে গভর্নমেন্ট কোয়ার্টারে বসবাস করছে। একদিন আধদিন নয়, বছরের পর বছর। কিসের জন্য? তার কারণ, আপনাদের দুর্বলতার সুযোগ তারা নিয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্টের কোড রয়েছে, ২/৩ বছরের বেশি হোম সেক্রেটারি বা কোনও পোস্টে কাউকে রাখে না। সেইজন্য আজকে দেখবেন জনৈক ভার্মা, প্রিন্সিপল-সেক্রেটারি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার, তাকে সরিয়ে দেওয়া হয়েছে। তার কারণ ১-২ বছর হয়ে গেছে, সেইজন্য তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে। আই এ

এবং কাজকর্মের মধ্যে একটা কো-অর্ডিনেশন রাখা সুবিধা হবে। আর একটা ব্যাপার হচ্ছে ডিলিং অ্যাসিস্ট্যান্ট। আপনাদের দুই রকম ডিলিং অ্যাসিস্ট্যান্ট আছে একটা ডাইরেক্টোরেট, আর একটা হচ্ছে, সেক্রেটারিয়েট। সেক্রেটারিয়েটের ডিলিং অ্যাসিস্ট্যান্টদের কুইক প্রোমোশন হয়। কিন্তু ডাইরেক্টোরেটের ডিলিং অ্যাসিস্ট্যান্টদের ক্ষেত্রে প্রোমোশন পেতে গেলে অনেক দেরি হয়। এটা কেন হবে? তারাও তো পাবলিক সার্ভিস কমিশন থেকে এসেছে। এইভাবে তারা ডিপ্রাইভ হবে কেন? কাজেই এই সম্পর্কে আপনাকে মাথায় রাখতে হবে। আর একটা বিষয় হচ্ছে, সেন্ট্রালে সেন্ট্রাল সার্ভিস কমিশন আছে, তারা খুব যোগ্যতার সঙ্গে কাজ করে। আপনি যেমন একটা কলেজ সার্ভিস কমিশন করেছেন, ভাল করেছেন, আমাদের আপত্তি নেই। তারপর একটা স্টেট সার্ভিস কমিশন করা যায় কিনা দেখবেন।, আপনার ৮০ বছর পূর্তি হল, আপনাকে কে কি সব দেবে বলেছেন, আপনি পান তাতে আপত্তি নেই, কিন্তু আপনি এই সব করুন। ট্রেনিং-এর ব্যাপার বলি। সেন্ট্রালে কি আছে? সব চেয়ে যোগ্যতা সম্পন্ন অফিসারকে পাঠানো হয় ট্রেনিং স্কুলে। কিন্তু এখানে সব চেয়ে অযোগ্য লোককে পাঠানো হচ্ছে ট্রেনিং স্কুলে। সেম করেছেন ক্যালকাটা কর্পোরেশনের। এমন একটা পাগল লোককে সেখানে পাঠিয়েছেন যে সে হয়ত ক্যালকাটা কর্পোরেশনকে বিক্রি করে দেবে। আপনার সঙ্গে এগ্রিমেন্ট হল মেট্রো রেলের ব্যাপারে কাজকর্ম করার জন্য। সে তারজন্য কয়েক কোটি টাকা ডিমান্ড করে বসে আছে। তার একবার সি সি আর দেখার সৌভাগ্য হয়েছিল আমার। সে যা চুরি এবং অন্যান্য খারাপ খারাপ কাজ করেছিল তাতে তাকে জেলে রাখার কথা। কিন্তু তাকে কলকাতা কর্পোরেশনে নিয়ে এসে হাজির করেছেন। সেখানে সে মেয়রকে মানে না, মন্ত্রীকে মানে না, কেয়ার করে না। তাকে নিয়ে এসে ক্যালকাটা কর্পোরেশনের মতো জায়গায় বসিয়ে দিয়েছেন। অপর দিকে এডুকেশন ডিপার্টমেন্টে যাকে নিয়ে এসেছেন সে আর এক বড় পাগল, আন্তর্জাতিক পাগল। অনেকে বলেন ছিটিয়াল, কিন্তু না সে পাগল। আমি এই ডি পি আইকে পরিবর্তন করার জন্য আবেদন করছি না, দাবি জানাচ্ছি। আপনি যখন খুশি যাকে খুশি এক্সটেনশন দিচ্ছেন। কেন দেবেন?

**(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)**

আপনি যে প্রমোশন দেন, মেরিট এবং বয়স দেখে দেন না, কখন কো-অর্ডিনেশন কমিটি বলবে তখন তাকে দেবেন। আপনার কাছে এই সমস্ত প্রশ্ন রাখলাম, জবাব দেবেন। শেষ কথা বলি ঝগড়ার ব্যাপার। আই এ এস এর সঙ্গে আই পি এস-এর ঝগড়া, ডব্লু বি সি এস-এর সঙ্গে আই এ এস-এর ঝগড়া, ডি এম এর সঙ্গে এস ডি ও-র ঝগড়া টেকনোক্রাটদের সঙ্গে ব্যুরোক্রাটদের ঝগড়া এই ঝগড়াগুলি মেটাবেন আশা করি। আরও আশা করি......

(এই সময় মাইক বন্ধ হয়ে যায় এবং পরবর্তী বক্তা বলতে আরম্ভ করেন।)

**শ্রী বিষ্ণুপদ বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশাসনিক খাতে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তার সমর্থনে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখবো। হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে কেউ ভালবাসে না, এই কথা কবি বলেছেন। কোনও কোনও লোক আছে যার হৃদয়ের বালাই না থাকলেও গায়ের পুরানো

দাদগুলি চুলকে রক্তাক্ত করে একটা পরিতৃপ্তির প্রসাদ লাভ করতে ভালবাসে। আমার খুব দুঃখ লাগে এই খাতে ব্যয় বরাদ্দের আলোচনায় প্রায়শই দেখা যায় বিরোধী পক্ষ যে বক্তব্য রাখে তাতে ইনটালেকচুয়াল কিছু নেই, ইমপালসিভ নেই। প্রথাগত বক্তৃতা করা হয়। প্রতি বছর একই কথার পুনরাবৃত্তি করা হয়। আমরা অভিজ্ঞতা দিয়ে দেখেছি মিথ্যা আশ্বাস এবং প্রতারণা করা হয়েছে। রাজনৈতিক স্তরে তাঁরা যখন ক্ষমতায় থাকেন গণরোষ সরকারি কর্মচারিদের বিরুদ্ধে পরিব্যাপ্ত করে কৌশলে জনগণকে সরকারি কর্মচারিদের বিরুদ্ধে লড়িয়ে দিতেন। তারপর আর তাঁদের এই রাজ্যে স্থান হয় নি। এইভাবে গণরোষকে মিস ডাইরেক্ট করেন তাঁরা। কিন্তু ভিন্ন ক্ষেত্রে যাঁদের কাজ করতে হয়, জনগণকে সঙ্গে নিয়ে বিভিন্ন উন্নয়ন মূলক পরিকল্পনা যাঁদেরকে সফল করতে হয় তাঁরা সরকারি কর্মচারিদের প্রশ্ন সম্বন্ধে একটা আলাদা দৃষ্টিভঙ্গি নেন। যেমন আমরা ক্ষমতায় এসে নিয়েছি।

[2-55 — 3-05 p.m.]

সেখানে জনপ্রতিনিধির জনগণ এবং সরকারি কর্মচারির সঙ্গে সম্পর্ক বিরোধের নয়। নীতিগত ভাবে ক্ষমতা, যোজনার বিকেন্দ্রীকরণ, কাজের বিকেন্দ্রীয়করণের মাধ্যমে এক নতুন ধরনের প্রশাসনিক পদ্ধতি চালু। এর স্বরূপ, ক্রিয়া, প্রতিক্রিয়া যে কি তা সুব্রতবাবু নেতিবাচক বক্তব্যে তার কোনও প্রকাশ আমরা দেখতে পেলাম না। অর্থাৎ মূল প্রশ্ন হচ্ছে এটা দুরুহ কাজ, অনেক বেশি কাজ। সেই কাজে অন্তর্নিহিত এবং আরোপিত বাধার মাঝখানে দীর্ঘদিন কাজ করতে গিয়ে গোটা প্রশাসনকে এত সমালোচনা, যেখানে সরকারি কর্মচারিদের বহু দুর্বলতাকে স্বীকার করে নিয়েও যায় কাজের মধ্যে এত গতি, এত শক্তি এল কোথা থেকে? কাজে এত গতি, এত শক্তি, অথচ বাগাড়ম্বরহীন যে বক্তব্য রাখা হয়েছে তাতে বলা হয়েছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণের দ্বারা শক্তির উৎসকে কাজে লাগিয়ে এই কাজ সম্পন্ন করা হয়েছে। এই শক্তির উপর দৃষ্টি রেখে, সংস্কার কমিটির সুপারিশি অনুযায়ী সরকারি কর্মচারিদের কাজের যে শর্ত, সেই প্রসঙ্গে যেটুকু করা দরকার সেই অনুযায়ী সঠিক পথেই তা আনা হয়েছে বলে মাননীয় মন্ত্রী আমাদের বলেছেন। তিনি স্বীকার করেছেন যে বহু কাজ এখনও বাকি রয়ে গিয়েছে। কোনও কিছুকে বিচ্ছিন্ন করে দেখলে হবে না। আমরা খুব কঠিন কালে বাস করছি। সময় অত্যন্ত কঠিন। আগের তুলনায় এবং আগের বছরের তুলনায় সময়কে ইতর করে দেওয়ার ষড়যন্ত্র গোটা ভারতবর্ষ জুড়ে চলছে। আমরা কয়েকদিন আগে দেখলাম ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউশনে ভারতবর্ষের প্রধানমন্ত্রী বক্তৃতা দিতে গিয়ে বললেন—কাগজে যা দেখলাম—উন্নয়নের ক্ষেত্রে তত্ত্ব এবং আদর্শের যুগ শেষ হয়ে গেল। শুনলে আঁতকে উঠতে হয়। তার মানে, মার্কিন জগতের বাজেটের ইলস অব ইডিওলজি, ইলস্ অব হিস্ট্রির তত্ত্ব, যেসব তত্ত্ব ভাড়াটে বুদ্ধিজীবীরা লিখছেন, সেইসব তত্ত্বের কথা বললেন কে, না ভারতবর্ষের বহু ভাষাবিদ পন্ডিত প্রধানমন্ত্রী। পাঁচ হাজার বছরের পুরানো একটা দেশের প্রধানমন্ত্রী এই কথা বলছেন। বহু ঐতিহ্যে সমৃদ্ধ একটা দেশের প্রধানমন্ত্রী এই কথা বলছেন। ভারতবর্ষের প্রধানমন্ত্রী বলছেন আদর্শভ্রষ্টতার কথা, বলছেন সব অবসান আদর্শের অবসান, ইতিহাসের অবসান এবং তার মাঝখানে থেকে একটা মহাশ্মশানে দাঁড়িয়ে তার উন্নয়ন! কি বলছেন তিনি? ভারতবর্ষের বেদ, পুরাণ, উপনিষদ এর কথা আমি বলছি না। ভারতবর্ষের ইতিহাসে আমরা যা দেখেছি কবীর, নানক, চৈতন্যদেবের অবসান, গান্ধীজী, রবীন্দ্রনাথ, জওহরলাল

নেহেরু, এবং ঐ দিনের আনন্দবাজারে সম্পাদকীয়তে যা লেখা হয়েছে, প্রশান্তচন্দ্র মহলানবিশের অবসান, এমনকি ইন্দিরা গান্ধীর অবসান সব কিছুর নতুন করে শুরু হচ্ছে ইতিহাস। এটুকুও চলবে না, তারপর থেকে ইতিহাস লিখে ভারতবর্ষের নতুন বিচার শিখতে এই সবকিছুর যে ধারণা সমস্ত মৌলিক ধারণাগুলোর সব অবসান। এই অবসানের উপরে দাঁড়িয়ে ভারতবর্ষের উন্নয়ন। আমরা দেখলাম নতুন অর্থনৈতিক নীতি গ্রহণ করার পর ভারতবর্ষে এমন দুর্নীতি হয়েছে। এমন এক্সপোর্ট কোয়ালিটির দুর্নীতি যা আমেরিকা জাপান প্রভৃতি দেশে হয়। এমন উচ্চতর দুর্নীতি আর কোথাও হয়নি।

এই দুর্নীতির জন্য প্রধানমন্ত্রীর থেকে শুরু করে বহু লোকের নাম জড়িত আছে। প্রশাসনিক সংস্কারের কাজ কত দুরূহ সেটা একবার ভেবে দেখুন। গোটা ভারতবর্ষের কথা ভাবুন সেখানে ভারতবর্ষের সমস্ত উন্নয়ন যার উপরে নির্ভর করে, সেখানেই ব্যাঙ্ক ব্যবস্থাকে নিয়ে জুয়া খেলায় মেতেছেন। সেখানে কিনা আমাদের এখানে কথা উঠেছে রাইটার্স বিল্ডিংসে সরকার উচ্চ পদস্ত মহলের কর্মচারিরা নাকি অফিস সময়ে ক্রিকেট খেলা দেখেন। যেখানে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর থেকে শুরু করে সমস্ত মন্ত্রীরা যে বিভিন্ন কাজে যুক্ত থাকছে সেগুলো কি আর চোখে পড়ে না? সুতরাং এই ঘনায়মান কালো ছায়ার মাঝখানে দাঁড়িয়ে এই সংক্ষিপ্ত বক্তব্যের মধ্যে দিয়ে আমার প্রত্যয় ধ্বনিত হচ্ছে। এই প্রত্যয়কে ভরসা করেই প্রশাসনিক কাজকর্মের ক্ষেত্রে যে দুর্নীতি আছে সেটাই আমাদের দৃষ্টিভঙ্গি দিয়ে দেখতে হবে। আমি তাই বলি যেকোনও অপরাধের জন্য ন্যূনতম প্রায়শ্চিত্তের চেতনা, ঘৃণা লজ্জা সব বাদ—এটা কি করে সম্ভব? এবং এরমধ্যে দাঁড়িয়েই আগামীদিনের ভারতবর্ষ গড়তে হবে। এবং তাতে বলা হয়েছে যার কেউ থাকবে না—থাকবে শুধু আই এম এফ, থাকবে অর্থমন্ত্রীর নতুন নীতি এবং আর থাকবে ভারতবর্ষের আগামীদিন। তারমধ্যেই এই দুর্নীতি এই সমস্ত জিনিসের আনুষঙ্গিক চ্যাপ্টার জড়িয়ে থাকবে। এরজন্য কোনও লজ্জা বোধের দরকার নেই, তদন্তের দরকার নেই বরং কখনও অন্য প্রকারে কিছু দন্তী, হাসি ফুটে উঠবে। দেশের এই অবস্থার মাঝখানে দাঁড়িয়ে আমাদের রাজ্য প্রশাসনিক কৃতিত্ব এবং দায়িত্ববোধ কতটা পূরণ করতে পারবে সেটা একটু চিন্তার বিষয়। রাজ্যের প্রশাসনের লক্ষ্য পূরণের জন্য রাজ্য সরকার কী করছে সেটা আজকে ভাবতে হবে। বিরোধী হলেও তাদের ভাবতে হবে। বিরোধিতার জন্য ক্ষেত্র আছে। কিন্তু সত্যের অবসানের উপরে দাঁড়িয়ে বিরোধিতা তথ্যের অবসানের উপরে দাঁড়িয়ে বিরোধিতা এবং বুদ্ধিবৃত্তি খরচ না করে অভ্যাসবশত যে বিরোধিতা সেটা গোটা দেশকে নস্যাৎ করছে। সমস্ত সরকারি কর্মচারিদের নিজের কাজ এবং নিজের পেশার ক্ষেত্রে একটা অধিকার আছে এবং সেখানে সংগঠনের ক্ষেত্রে যে রিস্ক আছে তার ফলেই হুগলিতে ফেডারেশনের থেকে দুজনকে মেরে দিল। সুতরাং প্রাচীন ভারতে লাস্ট ম্যান কে ছিল এবং বর্তমানে হু উইল বি দি লাস্ট ম্যান, কে হবে লাস্ট ম্যান আমি সেই বিতর্কে যাচ্ছি না। কিন্তু এই লাস্ট ম্যানটা কে হবে সেটা খোঁজার যে নির্দেশ সেই খোঁজার ক্ষেত্রে আনন্দ বাজারের এডিটোরিয়াল ঠিক বলতে পারেনি। সেখানে নরসিমা রাও হবে না, মমতা ব্যানার্জি হবে সেটা ঠিক বলতে পারেনি। উনি একটা জুট মিলে গিয়ে হাঙ্গামা টাঙ্গামা করে এলেন এবং একটা বিরাট ব্যক্তিত্ব দেখাতে চাইলেন কিন্তু লাস্ট ম্যানটা কে সেটা কিন্তু বোঝা গেল না। কিন্তু দুঃখের বিষয় যে আজকে গ্রামের অসংখ্য মানুষ আপনাদের নজরে আসেন না।

কারণ তারা আজকে প্রশাসনের সঙ্গে যুক্ত হতে পেরেছে, তারা আজকে প্রশাসনের সমালোচনা করছে এবং নানাভাবে এর সঙ্গে ইনভলভ হয়েছে। আজকে আমরা অসংখ্য মানুষকে প্রশাসনের সঙ্গে যুক্ত করতে পেরেছি, তারা আজকে আমাদের ভালোবেসেছে এবং এখানেই আমাদের মুক্তি। আজকে প্রশাসন মাটির সঙ্গে সংলগ্ন করছে। যে মাটি ফসল ফলায়, যে মাটিতে ফুল ফোটে, যে মাটিতে কবর খোঁড়া হয় সেই মাটির সঙ্গে প্রশাসন মানুষকে যুক্ত করেছে।

[3-05 — 3-15 p.m.]

এইখানে থেকে সমস্ত শক্তির উৎসকে আমাদের ধরতে হবে। সেইদিকে লক্ষ্য রেখে আমাদের সঠিক পথে এগুতে হবে। আমরা জানি এই প্রসঙ্গে অভ্যস্ত কিছু শর্ত বলার রেওয়াজ আছে। বিরাট মানুষের যে বিরাট অসন্তোষ সেটাকে ডাইভার্ট করে তাকে অন্য দিকে ঘুরিয়ে দেওয়ার প্রবণতা আছে, সমস্ত সরকারি প্রশাসনকে মেরামতি করে দিতে পারি না, কিন্তু বিভিন্ন সমস্যা নিয়ে আমরা বলেছি, আমরা বলেছি আন্তর্জাতিক আরোপিত সমস্যার মাঝখানে দিয়ে পশ্চিমবাংলার যে কাজ, সেই ব্যাপারে ওদেরই কেন্দ্রীয় সরকারের জন্য ভাল হয়েছে। সেইগুলি করল কারা। যদি বলা যায় যে কোনও লোক করেনি। তাহলে কাজের এই যে মিনিমাম আউটপুটটা হল এটা কি ভাবে হল? আজকে যে আউটপুটটা তৈরি হয়েছে বিভিন্ন পদ্ধতির দ্বারা সেটা হয়েছে মানুষ এবং কর্মীকে একত্রিত করে, এটা আরও সফল হত যদি আরও কাজে লাগানো যেত। কিন্তু সেটাকে আপনারা রুদ্ধ করে দিয়েছেন। যেটুকু কাজ আমরা করতে পারিনি তার জন্য আমাদের আফশোষ আছে। সমস্ত কাজের দিকগুলিকে স্তব্ধ করে দেওয়া হচ্ছে। আমরা মনে করি আমরা যে পথে এগুচ্ছি, সেই পথে মানুষ এবং প্রশাসনের যৌথ উদ্যোগে একটা সঠিক কর্ম পদ্ধতিতে একটা কর্মশীলতা ক্রিয়াশীলতার ভান্ডার মজুত হয়ে আছে। আমরা আরও বেশি সমস্যা ও সঙ্কটের মোকাবিলার জন্য প্রস্তুত। তার উপর ভরসা করে আমাদের এই সরকার হাজার হাজার সমস্যা থাকা সত্ত্বেও বার বার বলতে পেরেছে আমরা আমাদের লক্ষ্য পূরণ করব। কোনও বাধা মানবো না। সাধারণ মানুষের প্রাণস্রোত সরকারি কর্মচারিদেরকে মেলাতে পেরেছি, আমরা কিছুটা এগিয়েছি এটাই সমস্ত প্রশাসনের সাফল্যের চাবিকাঠি বলে আমি বিশ্বাস করি। এই অবস্থায় আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি এবং কাট মোশনের বিরোধিতা করছি। এবং আমি মনে করছি যে এই ব্যয় বরাদ্দের দাবি জানিয়ে আমাদের মন্ত্রী যে ছোট বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের মধ্যে যে যে কাজগুলি করা হয়েছে সেইগুলি সঠিক লক্ষ্যেই করা হয়েছে। এই লক্ষ্য পূরণের ব্যাপারে আমাদের সকলের অন্তত তাঁকে ধন্যবাদ জানানো উচিত। এবং ধন্যবাদ জানিয়ে এই দাবিকে সমর্থন জানিয়ে এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** মিঃ স্পিকার স্যার, আজকে এই বাজেটের বিরোধিতায় বলতে উঠে একটি কথা বলতে হয়। আগে বামপন্থীরা নিজেদের সঙ্গে একটি কথা অ্যাশোসিয়েট করতেন, সেটা হচ্ছে প্রগ্রেসিভ প্রগতিশীল, প্রগতিশীলের সঙ্গে আর একটি কথা অ্যাশোসিয়েট হত যাকে বলা হত ডায়নামিক গতিশীল। এই বামপন্থী সরকারের না প্রগতি আছে, না গতি আছে। যেটা আছে সেটা হচ্ছে স্থাবরতা, একই লোক জ্যোতি বসু ১৬ বছর ধরে মুখ্যমন্ত্রী রয়েছেন এবং যারা প্রশাসনকে একেবারে অচল স্থবির করে রেখেছেন। কোনওরকম গতিশীলতা

প্রশাসনে আনতে পারেননি। সেইজন্য আমি এই বাজেটের সর্বাঙ্গীন বিরোধিতা করছি। স্যার, একটা জিনিস ইন্টারেস্টিং আমি আপনাকে বলি এবারে বাজেটে কতটা স্থিতিস্থাপক সেটা দেখুন। এবারের বাজেট হচ্ছে ২৩ কোটি ৬ লক্ষ টাকা, সেক্রেটারিয়েটের জেনারেল সার্ভিস ধরা আছে। আর ২২ কোটি ৮১ লক্ষ টাকা ওরা চেয়েছেন ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের জন্য। ডিটেলস ডিমান্ডটা দেখুন, দেখবেন ২৩ কোটি ৬ লক্ষ টাকা ধরা আছে। জেনারেল সার্ভিসে আর নন প্লানে জেনারেল সার্ভিসে এই বছর পরিকল্পনা খাতে একটি টাকাও খরচ হবে না। কোনও অ্যাডমিনিস্ট্রেটিভ ইনিসিয়েটিভ নেবার মতো এদের একটি ফুটো পয়সা নেই। এখন ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন হেডে ২০৫৩ টা দেখুন সেখানে টোটাল ধরা আছে ২২ কোটি ৮১ লক্ষ ১৯ হাজার, আর নন প্ল্যানের এক্সপেন্ডিচারে ধরা আছে ২২ কোটি ৮১ লক্ষ ১৯ হাজার টাকা, তার মানে একটা পয়সাও প্ল্যান খাতে অ্যাডমিনিস্ট্রেটিভ ইনিসিয়েটিভ নেবার জন্য ওদের বরাদ্দ নেই।

[3-15 — 3-25 p.m.]

এর পরেও কি জ্যোতি বসুর এই বাজেটকে সমর্থন করব। এটাকে যদি অ্যাডমিনিস্ট্রেশন স্টেলমেট বাজেট বলি, এটাকে যদি স্ট্যাটাসকো বাজেট বলি, তাহলে আমাদের কি কোনও অন্যায় কথা বলা হবে। না হবে না। আমি আরও দু-একটা কথা এখানে বলতে চাই। এই মুখ্যমন্ত্রী অ্যাকচুয়ালি কি করছেন সেই ব্যাপারে আমি পরে ডিটেইলসে যাব। মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার অ্যাডমিনিস্ট্রেশনে কোনও প্যাটার্ন, কোনও সিস্টেম আনতে রিফিউজ করছেন। ক্ষমতা শুধু উনি ধরে আছেন। এটা আপনি নোট করবেন। ১৬ বছর ধরে উনি মেইনলি হোম ডিপার্টমেন্ট, পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন ধরে রেখেছেন, কোনও মিনিস্টার অফ স্টেট রাখেননি। সিদ্ধার্থশঙ্কর রায় যখন এখানে ছিলেন তখন তিনি বার বার বলেছেন জ্যোতি তোমার উপর প্রচন্ড চাপ যাচ্ছে, একটা মিনিস্টার অফ স্টেট রাখো। কিন্তু ক্ষমতা উনি মেইনলি ওনার নিজের হাতে রেখেছেন, বাই রুলস অফ থাম্ব। পশ্চিমবাংলাতে যে রুলটা চলছে এটা রুল অফ থাম্ব। সেখানে একস্ট্রা কন্সটিটিউশনাল অথরিটি, সংবিধান বিরোধী ক্ষমতার উৎস তৈরি করছে। রাইটার্স বিল্ডিংয়ে মুখ্যমন্ত্রীর সচিবালয়ে কি দাঁড়াচ্ছে। কালকে হাউসে ওনার আপ্ত সহায়ককে নিয়ে আলোচনা হয়েছে এবং তার সল্ট লেকে একটা জমি আছে। এটা নিয়ে কাল আলোচনা হয়েছে। মুখ্যমন্ত্রীর সেক্রেটারিয়েটে কতজন লোক আছে সেটা যদি আপনি দেখেন, তাহলে দেখবেন একজন পলিটিক্যাল সেক্রেটারি আছে, তিনি ইন্ডাস্ট্রি সেক্রেটারি, যিনি শিল্প ভালো বোঝেন, তার হাতে কোনও ক্ষমতা নেই, সমস্ত ক্ষমতা চলে গেছে সেই পলিটিক্যাল সেক্রেটারির হাতে, আমি তার নাম করে করে তাকে বড় করে দিতে চাই না—তার হাতে সমস্ত ক্ষমতা চলে গেছে। একটা একস্ট্রা কন্সটিটিউশনাল সেন্টার অফ অথরিটি হচ্ছে। আবার কখনও উনি পুলিশের কাজ বুদ্ধদেব বাবুকে দিয়ে করাচ্ছেন। বুদ্ধদেব বাবু দার্জিলিংয়ে গেলে যদি ঝামেলা হয়, তখন উনি নিজে যাচ্ছেন, আবার বালক ব্রহ্মচারীর মতো সেনসেটিভ ব্যাপারে সুভাষবাবুকে দিয়ে উনি অপারেশন করাচ্ছেন। একটা প্যারা অ্যাডমিনিস্ট্রেশন চলছে। এই রুল অফ থাম্ব, এই রকম এস্টাব্লিশমেন্ট সিস্টেম উনি কেন করছেন আমি জানি না। আইভরি জেনকিন্স, ক্যাবিনেট গভর্নমেন্টের ফাংশন কি হবে সেটা বলেছেন। তিনি বলেছেন ক্যাবিনেট ফাংশন থ্রু ক্যাবিনেট কমিটিস। যখন একটা মেজর ডিসিসন নেওয়া হয় তখন ফুল

ক্যাবিনেট কমিটিতে কখনও ফুল ডিসকাশন নেওয়া হয় না। ১৯৮৩ সালে অশোক মিত্র কমিটি বলেছিল ক্যাবিনেট কমিটির কি করা দরকার। ফর রুর‍্যাল ডেভেলপমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল আরবান ডেভেলপমেন্ট, সোশ্যাল সার্ভিসেস। ১৯৮৩ সালে রেকমেন্ডেশন করেছিল, মুখ্যমন্ত্রী ওনার বক্তৃতায় বললেন মোস্ট অফ দি রেকমেন্ডেশন অফ দি অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি আর বিয়িং আন্ডার কনসিডারেশন। এখানে কেন ক্যাবিনেট সাব কমিটি তৈরি করা হয়নি? তার ফলে কনসেনট্রেশন অফ পাওয়ার, মিসইউস অফ পাওয়ার, ডেভেলপমেন্ট অফ একস্ট্রা কনস্ট্রিটিউশনাল অথরটি তৈরি হচ্ছে। মুখ্যমন্ত্রীর কোটায় সল্টলেকে যে জমি দেওয়া হয়, তাতে মুখ্যমন্ত্রীর কোটায় যে জমি দেওয়া হয়েছে, সেই দু'হাজার জমিই তো মুখ্যমন্ত্রী নজর রাখেননি। তার ফলে আপ্ত সহায়কের ক্ষমতা বেড়েছে। মুখ্যমন্ত্রীর কোটায় যে মেডিক্যালে ভর্তি হয়, তাতে মুখ্যমন্ত্রীই তো সব নজর রাখেন না। আমার কাছে লিস্ট আছে, পাঁচ বছরে কারা, কারা পেয়েছেন। এবার পুলিশ অফিসারের এক মেয়ে পেয়েছেন, তিনি বালক ব্রহ্মচারীর অপারেশনের সময় ভালো কাজ করেছিলেন। আসলে কনসেনট্রেশন অফ পাওয়ারই হচ্ছে ক্ষমতারই দুর্নীতির উৎস এবং পশ্চিমবাংলায় আজকে এই মুখ্যমন্ত্রীর নেতৃত্বে প্রশাসনের মধ্যে সেই দুর্নীতি ক্রিপইন করছে। আজকে সেক্রেটারি লেভেলের আই এ এস অফিসার বাড়ি তৈরি করছে। একজন এস পি প্রাসাদের মতো বাড়ি করেছে। একজন আই এ এস অফিসার কর্পোরেশনে ছিলেন, এখন অন্যত্র আছেন, তিনি সল্টলেকে একটা বাড়ি করেছেন। তাদের বিরুদ্ধে কোনও ভিজিলেন্স হয়নি, কোনও তদন্ত হয়নি। বম্বেতে এখানকার একজন আই এ এস অফিসার ফ্ল্যাট করেছেন এবং সেই বাড়ি লোকে দেখতে যাচ্ছে কিন্তু কোনও ভিজিলেন্স তার বিরুদ্ধে হয়নি কারণ মুখ্যমন্ত্রীর রুল অব দি থাম। উনি বলছেন, একটু উপরের দিকের পুলিশ এবং আই এ এস অফিসারদের করাপশন করতে দাও। যদি তারা করাপশন করে তাহলে তারা আমাদের হাতের মুঠোর মধ্যে থাকবে। They will be totally subservient to us মুখ্যমন্ত্রী এইভাবে করাপশন তৈরি করেছেন যাতে আই এ এস, আই পি এস অফিসারদের সাবসারভিয়েন্ট করা যায় এবং উনি ইনডিউসমেন্ট দিচ্ছেন খুব ডাইরেক্টলি। এটা গোপন করার কোনও ব্যাপার নয়। এই তো (***) ওর পারপাস সার্ভ করেছেন এবং তিনি রিটায়ার করে গেছেন ৬ বছর হয়ে গেল, তিনি পি এস সি-র চেয়ারম্যান হয়েছিলেন।

**মিঃ স্পিকার :** রথীন সেনগুপ্তর নাম বাদ যাবে।

**শ্রী সৌগত রায় :** ঠিক আছে স্যার, এর আগের একজন চিফ সেক্রেটারি তিনি রিটায়ার করেছেন এবং পি এস সি-র চেয়ারম্যান হয়েছেন। সুব্রতবাবু বলেছেন আমি রিপিট করছি, তিনি গড়িয়াহাটের গভর্নমেন্টের ফ্ল্যাটে থাকেন অথচ সল্টলেকে ৪ কাঠা জমি পেয়ে বাড়ি করেছেন। তার বাড়ির সামনে দু' কাঠার পার্ক। সেটা দেখলে মনে হবে যেন এই দু' কাঠায় পার্কটা ঐ বাড়িরই একটা অংশ। তারপরের চিফ সেক্রেটারি তিনি রিটায়ার করে আই ডি সি-র চেয়ারম্যান হয়েছেন। তার নামটা এখানে করছি না কিন্তু তিনি আই ডি সি-র চেয়ারম্যান হয়ে টুটু বসু না টুডু বসু কাদের সঙ্গে শিল্প তৈরি করার জন্য চিনে গিয়েছেন ঘুরতে। তার আগে চিফ সেক্রেটারি, তিনি একজন মাদ্রাজি ভদ্রলোক, তিনি কোনও সুযোগ

**Note [Expunged as ordered by the Chair.]

পান নি। এসব হচ্ছে ডাইরেক্ট ইনডিউসমেন্ট। সরকারি লাইনে চলো তাহলে তুমি সল্ট লেকে জমি পাবে ৫/৬ বছর একস্ট্রা চাকরি করার সুযোগ পাবে, চিনে ঘুরে আসবে, বিদেশে যেতে পারবে সরকারি পয়সায়। এইভাবে অ্যাডমিনিস্ট্রেটিভ করাপশন করা হচ্ছে। আজকে তাই যখন অভিযোগ উঠেছে যে একজন আই এ এস অফিসার তিনি তার ন্যূনতম দায়িত্ব পালন করছেন না তখন কিছু বলার থাকছে না। আমাদের জয়নালদা গভর্নরের কাছে লিখেছেন যে কিছু আই পি এস অফিসারকে আমরা প্রসিকিউট করতে চাই। পশ্চিম দিনাজপুরের একজন এস ডি ও-র বিরুদ্ধে উনি বলেছেন যে তাকে প্রসিকিউট করতে হবে। মহিলাদের উপর গুলি চালিয়েছে মসজিদের মধ্যে ঢুকে সেই এস ডি ও-র প্রেসেন্সে। আজকে এইভাবে আই এ এস, আই পি এস অফিসারদের মেরুদন্ড ভেঙ্গে দেওয়া হচ্ছে। This is the system of the Marxist. এই অ্যাডমিনিস্ট্রেশন যাকে স্টিলফ্রেমিং করার কথা সর্দার প্যাটেল বলেছিলেন আজকে তাকে ওরা রিপ্লেস করছেন একটা Extra Constitutional centre of authority concentrating upon the Chief Minister's Secretariat. তারমধ্যে। আর অল্টারনেটটা হচ্ছে কো-অর্ডিনেশন কমিটি। সেই কো-অর্ডিনেশন কমিটির কত ক্ষমতা আপনারা সকলেই জানেন। কো-অর্ডিনেশন কমিটির একজন নেতা, তিনি রিটায়ার করলেন, তাকে জেনারেল সেক্রেটারিশিপ থেকে চলে গেলেন তাকে কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রে থেকে লোকসভায় পাঠানো হল। এর মাধ্যমে বলা হল সরকারি কর্মচারিদের যে তুমি যদি সি পি এমের সঙ্গে থাক তাহলে রিটায়ার করলে তোমাকে নেতা করা হবে, এমন কি লোকসভায় পর্যন্ত পাঠানো হবে। তারপরের একজন কো-অর্ডিনেশনের নেতা রিটায়ার করলেন, অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় তাকে হাত ধরে প্ল্যানিং বোর্ডের মেম্বার করে বসিয়ে দিয়ে এলেন। অর্থমন্ত্রী প্ল্যানিং বোর্ডের মেম্বারকে নিয়ে গিয়ে বসিয়ে দিয়ে আসছেন একথা শুনেছেন কোনওদিন? তার নাম শ্রী হীরেন সান্যাল। কো-অর্ডিনেশন কমিটির মাধ্যমে এইভাবে সরকারি কর্মচারিদের এনটাইসড করা হচ্ছে। অফিসারদের বলা হচ্ছে যে তোমরা দুর্নীতি কর তোমাদের কিছু বলা হবে না। কো-অর্ডিনেশন কমিটির লোকদের বলা হচ্ছে, আসল রাজনৈতিক ক্ষমতা তোমাদের হাতে—ট্রান্সফার, পোস্টিং, প্রোমোশন সব তোমাদের হাতে। দু/একজন আই এ এস অফিসারকে গালাগাল দাও তাতে কিছু হবে না একথা তাদের বলা হচ্ছে। এইভাবে এই স্টেটের অ্যাডমিনিস্ট্রেটিভ সিস্টেমটাকে তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। আমি অন্য কথায় যাব না, আমি ডঃ অশোক মিত্রের রেকেমেন্ডশনের কথায় আসছি। এটা শুনলেই বুঝবেন যে কি রকম রুল অব থাম মূখ্যমন্ত্রী চালাচ্ছেন। অশোক মিত্র বলেছিলেন জেলার পপুলেশন ১৫ থেকে ২০ লক্ষ হওয়া উচিত। অশোক মিত্র বলেছিলেন Similar bifercation of 24 Parganas may be expedited and a similar bifercation of Midnapur and Burdwan may be considered. আজকে মেদিনীপুর এবং বর্ধমানের কথার কোনও উল্লেখ নেই। মুখ্যমন্ত্রী ৯টা সাব ডিভিসন নতুন তৈরি করবেন। এটা ওর প্রোপোজাল। সেখানে ওর একটি পয়সাও নেই। সেখানে সাবডিভিসন যে তৈরি করবেন তার ইনফ্রাস্ট্রাকচারের জন্য একটা পয়সাও রাখা নেই কিন্তু বলছেন করবেন। অ্যাডিশন্যাল এস ডি ওর পোস্ট প্রোপোজড টু বি ক্রিয়েটেড এবং তাদের দিয়ে নতুন সাব ডিভিসন করবেন। কিন্তু মেন প্রবলেম হচ্ছে ডিস্ট্রিক্টের অপ্টিমাম সাইজ কি হবে তা নিয়ে। ডিস্ট্রিক্ট হচ্ছে ইউনিট অব ডেভেলপমেন্ট। সে নিয়ে একটি কথাও বলেন নি। আবার রুল অব দি থাম চলছে জ্যোতিবাবুর আমলে।

এখন দেখছি ওরা বলছেন যে জেলা ভাগ করো না পার্টিতে গন্ডগোল আছে। ওয়েস্ট দিনাজপুরের ক্ষেত্রে উনি বলেছিলেন যে সিট অব অ্যাডমিনিস্ট্রেশন বালুরঘাট থেকে রায়গঞ্জে শিফট কর। জেলা ভাগ করার কথা বলেন নি। একদিকে বালুরঘাটে আর এস পি আছে আবার ইটাহারে জয়নাল আবেদিন আছে। তাই এরা বললেন যে ইচ্ছা মতোন ভাগ করে দাও। জয়নাল আবেদিনের কেন্দ্রটাকে মাঝখান থেকে কেটে দাও। পলিটিক্যাল রুল অব থামের নিয়মে, কোনও কমিটির কোনও রেকমেন্ডেশনের উপর ভিত্তি করে নয়। তিনি আর কি বলেছিলেন? আজকে যে ডিবেট হচ্ছে অশোক মিত্র সে সম্পর্কে বলেছিলেন হোম পারের ডিপার্টমেন্টটা তুলে দেওয়া উচিত, তুলে এর নাম দেওয়া উচিত পারসোনেল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস ডিপার্টমেন্ট। এই ডিপার্টমেন্টটা তুলে দেবার কথা ওদের কমিটি বলেছিলেন।

[3-25 — 3-35 p.m.]

মুখ্যমন্ত্রী এ ব্যাপারে কোনও সিদ্ধান্ত নিলেন না। উনি স্পষ্ট করে বললেন না ৩৩% না ৫০% চান। কত ট্রান্সর্ফার চান ডাবলু বি সি এস থেকে আই এ এস এ, সেটা এখন পর্যন্ত বললেন না। তারপর এখানে বলা উচিত ছিল রিডিউস দি নাম্বার অফ হলিডেস সম্পর্কে মুখ্যমন্ত্রী কি চেষ্টা করেছেন। উনি নিজেই মাঝে মাঝে ওয়ার্ক কালচারের কথা বলেন। বললেন, হাসপাতালে আন্দোলন করা চলবে না, সরকারি কর্মচারিদের কাজ করতে হবে। আবার উনি বলেন, কাকে কাজ করতে বলব, খালি চেয়ারকে অ্যাড্রেস করব! অনেকে বলেন, মুখ্যমন্ত্রীর কথা শুনে মনে হয় উনি মঙ্গল গ্রহের লোক। হঠাৎ হঠাৎ করে আসেন এবং এসে বলেন, এখানে কোনও কাজ হয় না। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, কে কাজ করবে এবং কে কাজ করাবে? মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিংস আপনার অফিস, সেখানে আপনারই কো-অর্ডিনেশন কমিটি, আপনার হোম সেক্রেটারি, আপনার চিফ সেক্রেটারি তাহলে সেখানে চেয়ারে কোট্ থাকবে না, লোক থাকবে, সেটা কে ঠিক করবে? আপনার বিবৃতি শুনে মনে হয় আপনি মঙ্গল গ্রহ্ থেকে এসে পশ্চিমবাংলার কি অবস্থা সেটা প্রথম জানতে চাইছেন। আপনি বলেছিলেন, পশ্চিমবাংলার মানুষদের প্রগতিশীল প্রশাসন উপহার দেবেন। অথচ আপনি ১৬ বছরে সরকারি অফিসে কোনও ওয়ার্ক কালচার তৈরি করতে পারলেন না। সাধারণ মানুষের অভিজ্ঞতা কি এই কথা বলে যে, আজকে সরকারি অফিসে আগের থেকে কম ঘুস দিয়ে গরিব মানুষদের কাজগুলো তাড়াতাড়ি করানো যায়? না। ঘুষের রেট মহার্ঘ ভাতা বা ডিয়ারনেস অ্যালাউন্সের মতো বেড়ে গেছে। আপনার আমলে অনেক বেড়ে গেছে। সাধারণ মানুষকে একটা কাজের জন্য আগে যে টাকা ঘুস দিতে হত, এখন তার চেয়ে অনেক বেশি টাকা দিতে হচ্ছে। আমাকে কালকেই একজন বললেন ; আলিপুর সেন্ট্রাল জেলে রশিদ খান জামাই আদরে রয়েছে, তার বৌ জেলের মধ্যে তার সঙ্গে দেখা করছে। আমি জিজ্ঞাসা করলাম, কি করে? আমাকে বলল, ওখানে দুটো ইউনিয়ন আছে। আর এস পি-র কারা রক্ষী সমিতি, আর সি পি এম-এর কো-অর্ডিনেশন কমিটি। দুটো ইউনিয়নের নেতাদের পাঁচ হাজার, পাঁচ হাজার করে টাকা দিলেই রশিদ খান জামাই আদরে থাকবে। রশিদ, স্বপন, সবাই থাকবে টাকা দিলেই। তবে এখন কোনও কোনও জায়গায় ডবল দিতে হচ্ছে। এই হচ্ছে এখনকার নতুন ব্যবস্থা, অন্য দলের মন্ত্রী হলে সেখানে ডবল দিতে হচ্ছে।

কোথাও কোনও অ্যাডমিনিস্ট্রেশনের পক্ষ থেকে ঘুস ধরার জন্য স্পষ্ট চেকিং-এর ব্যাপার আছে? মুখ্যমন্ত্রী এব্যাপারে কিছু করেন নি। কোথাও কোনও ঘটনা ঘটলে মুখ্যমন্ত্রী ঘটনাস্থলে যান না। উনি ডিসটেন্টে থেকে একটা ইমেজ তৈরি করেছেন। ছোটখাট ব্যাপারে ওঁর মন নেই। উনি সব সময় ভাবছেন, আমি জাতীয় নেতা। তাই ওঁর ছোটখাটো ব্যাপারে মন নেই। অথচ মুখ্যমন্ত্রী হিসাবে উনি এখানে মাইনে নেবেন আর জাতীয় নেতা হয়ে মানালি চলে যাবেন। পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচন নিয়ে কি গন্ডগোল হচ্ছে, না হচ্ছে উনি জানেন না, ওসব আই এ এস-রা দেখবে। এই ডিসটেন্ট বজায় রেখে উনি কি করে করাপশন আটকাবেন? আমি লাইব্রেরিতে গিয়েছিলাম, আমি দেখলাম কবে লাস্ট ভিজিলেন্স কমিশনের রিপোর্ট বেরিয়েছে। আমার কাছে কাগজ আছে। লাস্ট রিপোর্ট বেরিয়েছে— 'হোম ডিপার্টমেন্ট Personnel and Administrative Reforms Branch State Government's Memorandum on the annual report of the vigilance commission, West Bengal, for the year 1984. মাননীয় মুখ্যমন্ত্রী, এটা আপনার খারাপ লাগছে না? বার বার সুদীপ বলা সত্ত্বেও আপনি রিপোর্ট দেন নি। লাস্ট ৯১ সালে ৯৪ সালে রিপোর্ট বেরিয়েছে। আপনি এখনও পর্যন্ত ৭ বছরের রিপোর্ট দিতে পারেন নি। দিস গভর্নমেন্ট is a corrupt Government. It aids to abet corruption. এখানে কোনও অ্যাডমিনিস্ট্রেশন নেই। মানুষের কোনও উপকার এই সরকারের দ্বারা হবে না।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন আমি তাকে সমর্থন জানিয়ে গুটিকয়েক কথা বলতে চাই বিরোধী দলের মাননীয় সদস্যরা তাঁদের বক্তব্য রেখেছেন সুতরাং আজকে একথা আমরা নিশ্চিত ভাবে বলতে পারি যে, সারা ভারতবর্ষে আজকে যে রাজনৈতিক, প্রশাসনিক এবং অর্থনৈতিক অবস্থা সেই অবস্থায় দাঁড়িয়ে বিরোধী দলের মাননীয় সদস্যরা রাজ্য প্রশাসন এবং প্রশাসনিক ব্যবস্থার নানান ত্রুটি বিচ্যুতির সম্পর্কে বিভিন্ন কথা বলেছেন। কিন্তু এই ধরনের সত্য ঘটনা আমাদের দেশের সর্বোচ্চ প্রশাসনিক ব্যবস্থায় সর্বোচ্চ রাজনৈতিক ক্ষেত্রে ভীষণভাবে ঘটে চলেছে। আমাদের ভাল লাগত যদি বিরোধীদলের সদস্যরা আমাদের রাজ্যের প্রশাসন ত্রুটিপূর্ণ এটা বলার পাশাপাশি সারা দেশের প্রশাসনিক অবস্থানের যে ক্ষেত্র প্রশাসনের উচ্চস্তরে দুর্নীতি যেভাবে দেখা দিয়েছে তা যদি বলতেন তাহলে আমরা নিশ্চয় সঠিক সমালোচনার দিকটা লক্ষ্য করতে পারতাম। কিন্তু শুধু মাত্র আমাদের রাজ্যের প্রশাসনের ত্রুটির কথা বলে তাঁরা তাঁদের বক্তব্য শেষ করলেন। কিন্তু স্বাভাবিকভাবেই একটি বিষয় মনে রাখা দরকার, গোটা দেশের রাজনৈতিক এবং অর্থনৈতিক অবস্থা এবং সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে প্রশাসনের ক্ষেত্রে সর্বস্তরে যে দুর্নীতি হচ্ছে আমি নিশ্চিতভাবে জোরের সঙ্গে বলতে পারি না যে আমাদের রাজ্যে কোনও কোনও ক্ষেত্রে বা প্রশাসনের একটি অংশ এই ধরনের দুর্নীতির সঙ্গে যুক্ত হচ্ছে না। নিশ্চিতভাবে আমি এই কথা বলি যে আমাদের রাজ্যের প্রশাসনের এ ব্যাপারে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে এ বিষয়ে উল্লেখ করেছেন যে আমাদের রাজ্যের বিভিন্ন স্তরে প্রশাসনিক স্তরে সেই ধরনের দুর্নীতির অভিযোগ পাই, সেই অভিযোগগুলির সঠিকভাবে অনুসন্ধান করে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করি। কিন্তু একথা আমাদের মনে

রাখা দরকার, সারা দেশের পরিকাঠামোর ক্ষেত্রে দুর্নীতি চরম ক্ষেত্রে পৌছেছে, স্বাভাবিকভাবেই সেই দূষিত হাওয়া প্রশাসনের নিচু স্তরে পর্যন্ত পৌছে যাচ্ছে। তাই আমি এই কথা জোরের সঙ্গে বলতে চাই, দীর্ঘ ১৫/১৬ বছর ধরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন। দীর্ঘকাল কংগ্রেসি অপশাসনের জন্য কর্মচারিদের মধ্যে যে দুর্নীতির অবস্থান ছিল সেক্ষেত্রে আমরা একথা নিশ্চিতভাবে মনে করি না যে তা সম্পূর্ণভাবে ধুয়ে-মুছে পরিষ্কার হয়ে প্রশাসন স্বচ্ছভাবে কাজ করছেন বা করতে পারছেন। কিন্তু একথা বলতে পারি, সারা দেশে প্রশাসনের বিভিন্ন উচ্চস্তরে যে দুর্নীতি বাসা বেঁধেছে সেই দুর্নীতির প্রশ্ন নিয়ে দেশের মানুষের মনে আলোড়ন সৃষ্টি হয়েছে। কিন্তু আমাদের রাজ্যে প্রশাসনিক ক্ষেত্রে নানা ব্যবস্থার মধ্য দিয়ে তার কিছুটা সফলতা আনতে পেরেছি। আমাদের রাজ্যে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্য দিয়ে ভূমিসংস্কারের মধ্য দিয়ে, পরিকল্পনার ক্ষেত্রে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে, এলাকার জনপ্রতিনিধিদের নিয়ে কাজ করছি। আমাদের শুধুমাত্র প্রশাসন নয়, প্রশাসন হয়তো কোনও ক্ষেত্রে দুর্নীতির অংশীদার হয়ে যেতে পারেন কিন্তু এই রাজ্যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে আমরা এগিয়ে যাচ্ছি। আমাদের রাজ্যে শুধু রাজ্য সরকার নয়, আমরা গোটা ব্যবস্থার বিকেন্দ্রীকরণ করে শহরাঞ্চলে পৌরসভা, মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং গ্রামাঞ্চলে পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে জনপ্রতিনিধিদের সঙ্গে নিয়ে পরিকল্পনা তৈরি করার ক্ষেত্রে সফল হয়েছি। গ্রামাঞ্চলে ভূমিসংস্কার সঠিকভাবে রূপায়িত করে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্য দিয়ে জনপ্রতিনিধিদের মতামত গ্রহণ করে যেসব পরিকল্পনা গ্রহণ করতে পেরেছি তাতে আমি মনে করি আমাদের রাজ্যের প্রশাসন অন্তত গণমুখি হবে এবং এই গণমুখি করার ক্ষেত্রে আমাদের সরকারের বাস্তব দৃষ্টিভঙ্গি আছে বলেই তা সম্ভব হয়েছে। সেই সম্ভবনার ক্ষেত্রটি হচ্ছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, পরিকল্পনার ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ এবং পঞ্চায়েত ব্যবস্থা এগুলি নিশ্চয়ই আমাদের সফলতার দিক।

[3-35 — 3-45 p.m.]

আজকে আমরা দেখতে পাচ্ছি, প্রশাসনিক ব্যবস্থাকে সঠিকভাবে রূপায়িত করতে এবং সারা ভারতবর্ষের গ্রামীণ মানুষের উন্নয়নের স্বার্থে তারা পঞ্চায়েত ব্যবস্থাকে নিয়ে চিন্তাভাবনা করছেন। কিন্তু আমরা বলতে পারি, যে দৃষ্টিভঙ্গি গ্রহণ করলে গ্রাম এবং গ্রামের মানুষের উপকার হবে সেই দৃষ্টিভঙ্গি তারা স্বাধীনতা লাভের অনেক পরে নিতে চলেছেন, কিন্তু আমরা সেই দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবঙ্গে এই কাজটা দীর্ঘদিন আগে থেকেই শুরু করেছি। সেই দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে, মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন, আজকে একটি জেলাকে ভেঙ্গে দুটি জেলায় পরিণত করা হয়েছে। এক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, বিশেষ করে বড় জেলা হিসাবে মেদিনীপুর জেলার প্রশাসনিক ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা করতে ঐ জেলাকে ভেঙ্গে দুটি জেলায় পরিণত করা দরকার। শুধু জেলা ভাগ নয়, কয়েকটি বড় সাবডিভিসনকেও ভাগ করবার ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি। এইসঙ্গে আমি তাঁর কাছে আর একটি প্রস্তাব রাখছি। আশা করি মাননীয় মন্ত্রী আগামী দিনে এটা বিচার বিবেচনা করবেন। পুরুলিয়া জেলায় যদি আজকে ঝালদা সাবডিভিসন করতে পারেন তাহলে পুরুলিয়া জেলার উন্নয়ন, প্রশাসনিক ব্যবস্থা এবং আইন-শৃঙ্খলার প্রশ্নে আজকে যে অবস্থা সৃষ্টি হয়েছে সেখানে সেটা কাটিয়ে উঠে একটা গতিশীল ভূমিকা নেওয়া যেতে পারে। সেজন্য প্রস্তাবটা রাখলাম। আশা করি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আজকে প্রসাশনকে

চাঙ্গা করতে এবং কাজের পরিবেশ রক্ষার স্বার্থে কিছু কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে। আমাদের এখানে গোটা রাজ্যের কাজকর্ম রাইটার্স বিল্ডিং এর সমস্ত দপ্তরগুলির মাধ্যমে পরিচালিত হয়। আমরা আজকে রাজ্যের শিক্ষা-ব্যবস্থাকে উন্নত জায়গায় নিয়ে যেতে পেরেছি। কিন্তু সর্বস্তরে কাজ করবার মানসিকতা পরিলক্ষিত হচ্ছে না। আজকে উচ্চস্তরে প্রশাসনিক ভবন নির্মাণ করা হয়েছে, কিন্তু একেবারে নিচু স্তরে যে গ্রাম পঞ্চায়েত, যেখানে জনপ্রতিনিধি এবং কর্মচারিরা কাজ করেন, যেখানে থেকে পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নয়ন ঘটছে, সেই পঞ্চায়েতের অনেক ক্ষেত্রেই নিজস্ব বাড়ি নেই। কাজেই এই ব্যাপারে যে সিদ্ধান্ত রয়েছে সেটা সঠিকভাবে কার্যকর করা দরকার। এছাড়া পঞ্চায়েতে যাতে কোনওভাবে দুর্নীতির সুযোগ সৃষ্টি না হয় তারজন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা উচিত। শুধুমাত্র উপরের স্তরেই নয়, নিচু স্তরে কাজ করার ক্ষেত্রে সারা পশ্চিমবঙ্গে প্রশাসনের যে অবস্থান আছে, তাকে যদি আরও উন্নত না

[3-45 — 3-55 p.m.]

করতে পারি তাহলে কাজ করার ক্ষেত্রে শ্রমিক কর্মচারিদের যে মানসিকতা সেটাকে পুরোপুরি ব্যবহার করতে পারব না। স্বাভাবিক ভাবে শহরের ক্ষেত্রে প্রশাসনিক ভবনগুলি নির্মাণ, সংস্কার যাতে সঠিকভাবে হয় সেই ব্যাপারে আরও দৃষ্টি দিতে হবে। সেই সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে, আমাদের রাজ্যের প্রশাসনিক কাজ কর্মের ক্ষেত্রে গণমুখি যে দিক, সেই গণমুখি দিকের ক্ষেত্রে সমস্ত অংশের কর্মচারিদের সহযোগিতার যে মানসিকতা, সেই মানসিকতা আরও উন্নত করতে হবে। রাজ্যের উন্নয়নের প্রশাসন যাতে গণমুখি এবং স্বচ্ছ হয় সেদিকে আরও গুরুত্ব দেওয়া দরকার। সেখানে যদি কোনও স্তরে অসুবিধা থাকে তাহলে সেগুলি গুরুত্বসহকারে দেখা দরকার। আজকে ব্লক অফিস থেকে শুরু করে জেলা ও অন্যান্য প্রত্যেকটি অফিসে কর্মচারিরা যাতে যথাযথ ভাবে উপস্থিত হতে পারেন সেই ব্যবস্থা নেওয়া খুবই দরকার বলে আমি মনে করি। অর্থাৎ উপস্থিতির হার গ্যারান্টেড করতে হবে। কেননা, এই ব্যাপারে মানুষের মধ্যে অনেক ক্ষোভ আছে। তাদের মধ্যে নানা ক্ষোভ আছে যে সরকারি প্রশাসনিক অফিসগুলিতে তারা বারে বারে গিয়েও সেখানে কর্মচারিদের পাচ্ছেন না বা সেই কর্মচারী যত সহজে যে কাজ করতে পারতেন সেই কাজ তিনি করছেন না। স্বাভাবিক ভাবে মানুষ হয়রানী হচ্ছে, তাদের আর্থিক ক্ষতি হচ্ছে এবং তার ফলে প্রশাসনের বিরুদ্ধে মানুষের একটা ক্ষোভ জমা হয়ে উঠছে। কাজেই আমি আবেদন করব যে সরকারি স্তরে, প্রশাসনিক স্তরে, ব্লক স্তরে সমস্ত স্তরে কর্মচারিদের সঠিকভাবে যদি কাজের সঙ্গে যুক্ত করতে পারি, তাদের অফিসে উপস্থিতি যদি গ্যারান্টেড করতে পারি, মানুষের সঙ্গে সদ্ব্যবহার করার ক্ষেত্রে এবং সঠিক সময়ে কাজ শেষ করার ক্ষেত্রে একটা ব্যবস্থা গ্রহণ করতে পারি তাহলে আমাদের রাজ্যের প্রশাসনকে আমরা সঠিক জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করাতে পারব। এখানে সরকারি কর্মচারিদের সুযোগ-সুবিধার ক্ষেত্রে নানা কথা বলা হয়েছে। এখানে বলা হয়েছে যে কর্মচারিরা সঠিক সময়ে তাদের ঘোষিত অর্থ পাচ্ছে না। একথা নিশ্চিত ভাবে বলা যাবে যে সারা দেশের যে অর্থনৈতিক সমস্যা, তার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকারের ইচ্ছা বা সদিচ্ছা যাই হোক তাকে কার্যে পরিণত করার মানসিকতা যতই থাকুক না কেন, সেটা সঠিক ভাবে কার্যকর করা যাচ্ছে না। সেই ক্ষেত্রে আমাদের সারা দেশের অর্থনীতি যদি সুন্দর না হয়, সঠিক না হয়, ভাল করতে না পারি, যদি অর্থনৈতিক পরিস্থিতি উন্নতি ঘটাতে না পারি

তাহলে রাজ্যের সঙ্গে সঙ্গে কর্মচারিদের ক্ষেত্রে, আমাদের রাজ্যের প্রশাসনের সঙ্গে যুক্ত কর্মচারিদের ক্ষেত্রে আমাদের সরকারের দৃষ্টিভঙ্গি, সরকারের যে কমিটমেন্ট, সেটা আমরা সফল করতে পারব না। কর্মচারিদের রিটায়ারমেন্টের পর পেনশনের ক্ষেত্রে যেটা উল্লেখ করা হয়েছে সেটা আরও গুরুত্ব দিয়ে বিষয়টা দেখা উচিত এবং এই ব্যাপারে আরও সরলীকরণ করা যায় কিনা সেই ব্যাপারে উদ্যোগ নেওয়া দরকার। আমরা যে গণমুখি প্রশাসনের বিশ্বাসী সেটাকে দৃঢ় করার জন্য, প্রশাসনকে আরও সুন্দর করতে প্রশাসনের মধ্যে যে ত্রুটি বিচ্যুতি আছে সেটা দুর করতে হবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী আজকে যে স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি সেই দাবির বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে তাকে সমর্থন করে আমি বক্তব্য রাখছি। স্যার, একটু আগে আমাদের মাননীয় সদস্য সুব্রত মুখার্জি যখন বক্তব্য রাখছিলেন তখন সরকার পক্ষের অনেক সদস্য স্পেসিফিক কেসের উদাহরণ চাইছিলেন। সুব্রতবাবুর বক্তব্য ছিল প্রশাসন প্রায় ভেঙ্গে পড়েছে, আমার বক্তব্যও ঠিক তাই। বর্তমানে প্রশাসন এমন এক অবস্থায় এসে দাঁড়িয়েছে যেখানে উপর তলার নির্দেশ অধস্তন কর্মীরা মানে না। রাজনৈতিক স্বার্থ সিদ্ধ করতে গিয়ে প্রশাসন যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে পশ্চিমবাংলায় চলেছে চরম অরাজকতা। স্যার, আমি একটা উদাহরণ দেব, সেটা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। একটা স্পেসিফিক কেস দেব, তার ডকুমেন্টারি এভিডেন্স মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দেব আপনার মাধ্যমে। সেটা দেখে মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দিন কি ব্যবস্থা তিনি নিয়েছেন। একটা ঘটনা উল্লেখ করছি, বীরভূম জেলায় ছাতিনা গ্রামে গুলজার হোসেন বলে এক এক ভদ্রলোক, তার উপর যখন পুলিশ অত্যাচার করেছিল, সি পি এম-এর লোকেরা অত্যাচার করেছিল, সেই অভিযোগ জানিয়ে জেলা শাসককে একটা দরখাস্ত করে। ২৫-২-৯৩ তারিখে সেই দরখাস্ত করা হয়। এই দরখাস্তের পরিপ্রেক্ষিতে বীরভূমের জেলা শাসক জেলার এস পিকে ৫ই মার্চ একটা চিঠি দিয়ে বলেন এই ভদ্রলোক আমার কাছে দরখাস্ত করেছে, এই ব্যাপারে আপনি ব্যবস্থা নিন। এর পর যে ঘটনা ঘটল স্যার আপনি শুনলে অবাক হয়ে যাবেন। এস পি এই ব্যাপারে উপর নোট দিয়ে এস ডি পিও-কে বলছে ''Please look into the matter personally O.C. Murarai is getting into a habit of disobeying my orders. This is the last warning to him. Action taken in this regard should be intimated to me by tomorrow evening.'' ১৫ই মার্চ তারিখে এস পি, এস ডি ও রামপুরহাটকে নোট দিয়ে এই কথা বলছে। মাননীয় মুখ্যমন্ত্রী এই প্রশাসনের জন্য গর্ব বোধ করেন! এই মুখ্যমন্ত্রী ১৬ বছর ধরে তাঁর মুখ্যমন্ত্রিত্ব চালাচ্ছেন, তাঁর কার্যকাল একটা জেলার এস পি, এস ডি পি ও-কে নোট লিখে বলছেন একটা ও সি, একটা থানার ও সি তাঁর আদেশ মানছে না। এই ঘটনা ঘটেছে ১৫-৩-৯৩ তারিখে, আজ পর্যন্ত তার বিরুদ্ধে কি অ্যাকশন নেওয়া হয়েছে জানান। একটা এস পি-র নির্দেশ ও সি মানে নি। আজকে ও সি রা নির্দেশ মানছে কার, না সি পি এমের লোকাল কমিটির সেক্রেটারির, অঞ্চল প্রধানের, সি পি এমের নেতাদের। আপনারা চিৎকার করছেন এখানে। এস পি ভুল করছেন এটা বলুন দেখি? বলতে পারবেন না। ও সি দের যেখানে

কাজ করার কথা, সেখানে তারা এই ভাবে কাজ করছে, এই অবস্থায় আজকে চলে এসেছে প্রশাসন। এখানে আপনি কি করবেন? প্রশাসনকে কিভাবে হাতে নিয়েছেন, পুলিশকে কিভাবে হাতে নিয়েছেন সে সম্বন্ধে এখানে বলতে গিয়ে সুব্রতবাবু মণীষ গুপ্তের সম্বন্ধে বলছিলেন। মণীষ গুপ্তের বিরুদ্ধে ব্যক্তিগত কোনও রাগ নেই। বানারহাটে যে ঘটনাটা ঘটল কিছুদিন আগে, সেখানে হোম সেক্রেটারি বিবৃতি দিয়ে বললেন কে মারা গেছেন। বললেন যে যারা মারা গেছেন তাঁরা সিটুর লোক। ওখানকার যিনি ওসি তিনিই বলতে পারেন কে মারা গেছে, সেই ওসি-র রিপোর্ট এই ব্যাপারে দরকার। সেই ওসি যেখানে বলছেন তিনি জানেন না কাদের লোক মারা গেছেন, সেখানে হোম সেক্রেটারি বিবৃতি দিয়ে দিলেন। আপনারা এখন দেখুন কাদের নিয়ে প্রশাসন চালাচ্ছেন? মুখ্যমন্ত্রী এখানে একটা মাথাভারী প্রশাসনের নজির তৈরি করেছেন।

[3-55 — 4-05 p.m.]

আপনারা আবার বলেন যে কংগ্রেস আমলে অনেক কিছু হত, অনেক অভিযোগের কথা বলেন। কংগ্রেসের আমলে আই ডি ছিল একজন, ডি আই জি ছিল দু'জন। আর আজকে অ্যাডিশনাল আই জি তে তিনজন আছেন। ডি জি তে কতজন আছেন তা মুখ্যমন্ত্রী নিজেই বলতে পারবেন না। অ্যাডিশনাল আই জি, ডি জি, কতজন আছেন তা উনি নিজেই জানেন না। সেই সমহারে লোয়ারে লেভেলে কোনও রিক্রুটমেন্ট করছেন না। সাব-ইন্সপেক্টরে লোক বাড়ছে না, পুলিশের ইন্সপেক্টরে লোক বাড়ছে না, শুধু বাড়ছে ডি এস পি, এস পিতে। আই পি এস অফিসারদের পোস্টিং দিতে হবে সেজন্য সংখ্যাটা সেজন্য সেখানে বাড়ছে। কংগ্রেস আমলে ডবলু বি সি এস অফিসারদের ১৩-১৫ বছরের মধ্যে প্রোমোশন হত। এস পি মজুমদার, আমাদের সময়ে তিনি ডবলু বি সি এস থেকে পাওয়ার সেক্রেটারি পর্যন্ত হয়েছিলেন। আই জি হয়েছিলেন প্রসাদপুর। এই রকম ডবলু বি সি এস থেকে বহু অফিসার আমাদের সময়ে প্রমোশন পেয়েছেন। কিন্তু আপনাদের আমলে ডবলু বি সি এস থেকে ২৬/২৭ বছর পরে আই এ এস হন। সেজন্য দেখা যায় যে ডবলু বি সি এস অফিসাররা এ ডি এম পদে যেতে রাজি হন না, তাঁরা রিফিউজ করছেন। যেগুলো এক্স-ক্যাডার পোস্ট সেখানে আই এ এস দের নিয়ে ভর্তি করছেন। ক্যালকাটা ট্রামওয়েস কোম্পানিতে সি এস টিতে সুমন্ত চৌধুরিকে নিয়োগ করেছিলেন আপনি। তাঁকে এখন নিয়োগ করেছেন ক্যালকাটা কর্পোরেশনের কমিশনার হিসাবে। সমস্ত পদেই এক্স-ক্যাডারদের থেকে নিয়োগ করছেন আপনি ডবলু বি সি এসদের সেখানে প্রোভাইড করছেন না। এরফলে তাদের মধ্যে অশান্তি চলছে। তাঁরা এরজন্য আন্দালনে নেমেছিলেন। আন্দোলনে নামার পর কালকে মুখ্যমন্ত্রী তাঁদের সঙ্গে কথা বললেন। আজকে এই অবস্থা আপনারা তৈরি করেছেন। প্রতিটি জায়গায় প্রশাসনের মধ্যে আপনারা ঝগড়া লাগিয়ে দিচ্ছেন অ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে। জেলাগুলিতে আই এ এস এবং আই পি এস দের এফর্টকে কাজে লাগিয়ে উন্নতি ঘটানো সম্ভব। কিন্তু জেলাগুলোতে অ্যাডমিনিস্ট্রেশনে ডৈভেলপ দূরে থাক, মুখ্যমন্ত্রী যখন বাইরে ছিলেন তখন আমরা কি দেখতে পেয়েছিলাম? আমরা দেখলাম আই এ এস-রা, আই পি এসদের বিরুদ্ধে বিবৃতি দিচ্ছেন। শেষ পর্যন্ত বিনয় চৌধুরিকে হস্তক্ষেপ করতে হয়, তারপর বিবৃতি দেওয়া বন্ধ হয়। বিবৃতি দেওয়া বন্ধ হতে পারে, কিন্তু আই এ এস, এবং আই পি এসদের মধ্যে ঝগড়া

এখনও বন্ধ হয়নি। তাহলে ভাবুন, প্রশাসন কি করে কাজ করবে? আমরা এইসব কথা বললে বলবেন, বিরোধী পক্ষ সব সময়ে সরকারপক্ষকে আক্রমণ করে কথা বলে। কিন্তু কাজ কি করে হবে? মুখ্যমন্ত্রী যেখানে নিজেই বলছেন, কাকে কাজ করতে বলবেন, চেয়ারকে কাজ করতে বলবেন? মুখ্যমন্ত্রী বলছেন যে সরকারি কর্মচারিরা কাজ করে না, কাজ না করার মানসিকতা দেখা দিয়েছে। মুখ্যমন্ত্রী নিজেই বলছেন কাকে বলবেন কাজ করতে। আমরা বললে বলবেন, বড় বড় কথা বলেছেন। কিন্তু আপনারা তো প্রশাসনের দায়িত্বে আছেন। সরকারি কর্মচারিদের কাজ না করে মাইনে নেবার মানসিকতা গ্রো করেছে। সরকারি কর্মচারিদের, ফেডারেশন এবং কো-অর্ডিনেশন কমিটির নেতাদের বক্তৃতা দেওয়ার জন্য সমস্ত সরকারি কাজ বন্ধ করে দিচ্ছে এটা দেখছি। সরকারি কর্মচারিরা সমস্ত কাজ বন্ধ করে দিয়ে নেতাজি ইন্ডোর স্টেডিয়াম জ্যোতিবাবু যখন বক্তৃতা দেন সেই সমাবেশে গিয়ে হাজির হন। এছাড়া অন্যান্য সমাবেশ যখন জ্যোতিবাবু বক্তৃতা দেন তখন সরকারি কর্মচারিরা তাদের ডিউটি ছেড়ে দিয়ে সেই সমাবেশে গিয়ে হাজির হন। সুতরাং মুখ্যমন্ত্রী যতই বলুন যে কাজ করুন তারা কাজ করবে কেন? আপনি তাদের কাজের সময়ে বক্তৃতা দেবেন এবং তারা কাজ ছেড়ে দিয়ে সমাবেশে হাজির হবে আর আপনি সরকারি কর্মচারিদের কাছে কাজ চাইবেন তা হয় না। সুতরাং আপনি কোনও অজুহাতে কোনও সুবাদে এবং সততার খাতিরে তাদের কাছ থেকে আদায় করতে পারবেন? আসল ব্যাপারটা এমন একটা পর্যায়ে আছে যে আপনারা প্রশাসনকে দলীয় স্বার্থে কতটা কাজ করাতে পারেন এবং দলীয় কাজে কতটা লাগাতে পারেন সেটাই দেখেছেন। আপনারা পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে আস্থা হারিয়েছেন। আপনারা আর জনগণের উপরে নির্ভরশীল নন, আপনারা টোটালি পুলিশ প্রশাসন এবং সরকারি কর্মচারিদের উপরে নির্ভরশীল হয়ে পড়েছেন। এই সরকারি কর্মচারিদের বামফ্রন্ট সরকার ইনস্ট্রুমেন্ট হিসাবে ব্যবস্থা করা হচ্ছে। সেই কারণে প্রশাসনের লোকেরা চরম দুর্নীতি করলেও দোষ ধরা হয় না। কিছুক্ষণ আগেই হোম সেক্রেটারির কথা বলা হয়েছে। আমি এবার দীপক রুদ্র সম্বন্ধে বলছি, তাঁর যোগ্যতা প্রশাসনিক কাজ কর্ম নিয়ে কিছু বলছি না। কিন্তু তাঁকে প্রথমে ট্রান্সপোর্টের সেক্রেটারি পদ থেকে সরিয়ে আর আর ডিপার্টমেন্টে নিয়ে যাওয়া হল। আবার সেখানে থেকে সরিয়ে তাঁর ইচ্ছামতো হোম পারে আনা হল। সুতরাং আমলাদের মতের কাছেই আপনারা নতি স্বীকার করছেন। তাদের স্বজন-পোষণ করে চলেছেন, সুতরাং এই বাজেটকে কোনওভাবেই সমর্থন করা যায় না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয় বরাদ্দ ১৮ এবং ১৯ নং দাবি এখানে এনেছেন তাকে সমর্থন করছি এবং প্রশাসনিক গতিশীলতা সম্পর্কে যে সমস্ত প্রস্তাব উত্থাপন করেছেন সেই সম্পর্কে দু-একটি কথা বলব। প্রশাসনিক গতিশীলতা আনতে গেলে প্রশাসনে কতগুলি প্রতিবন্ধকতা আছে সেগুলো দ্রুত ব্যবস্থা করতে হবে। প্রশাসনিক বিভিন্ন প্রতিবন্ধকতা এবং প্রতিকূলতার মধ্যে দিয়ে জনগণের সঙ্গে কাজ করতে হয় এটা উপলব্ধি করতে হবে। সেই উপলব্ধির মধ্যে দিয়ে আজকে আমাদের এগিয়ে যেতে হবে এবং সেখানে নানাভাবে তারজন্য চিন্তা ভাবনা করতে হবে। এই রাজ্যে গত ৬ই ডিসেম্বর যেভাবে সাম্প্রদায়িক দাঙ্গা মাথা চাড়া দিয়ে উঠেছিল তা খুব দ্রুত

গতিতে পুলিশ এবং প্রশাসন মোকাবিলা করেছে। এই জিনিস অন্য রাজ্যে দেখা যায়নি। অন্য রাজ্যের মতো মাসের পর মাস শত শত মানুষ প্রাণ হারায় নি। তবে এই গতিশীলতা আনতে গেলে প্রস্তাব মতো মাননীয় মুখ্যমন্ত্রী যেটি উত্থাপন করেছেন যে রাজ্য ভিত্তিক ৯টি মহকুমা ভাগ করার কথা আমি সেই সূত্র ধরেই চলছি যে মেদিনীপুরের অধিবাসী হিসাবে আমি মেদিনীপুরের জন্য নির্দিষ্ট প্রস্তাব আনছি। মেদিনীপুর জেলা হচ্ছে সর্ববৃহৎ জেলা এবং এটি প্রশাসনিক দিক থেকে ভাগ করা দরকার। এর একদিকে অর্থাৎ মেদিনীপুরের শেষ প্রান্তে উড়িষ্যা এবং অপরপ্রান্তে ২৪ পরগনার বর্ডার। সুতরাং এই মেদিনীপুর জেলাটি একটি বিশাল জেলার এর একদিকে যেমন উড়িষ্যা বর্ডার তেমনি আরেক প্রান্তে বিহারের বর্ডার। এর মাঝখানে মেদিনীপুর জেলা এবং অবিলম্বে এর ভাগ হওয়া দরকার। তারপরে আমি আরও দু-একটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, আমরা দেখছি যে পি এস সির রেজাল্ট বেরুতে ভীষণ দেরি হচ্ছে এবং এরফলে বহু অফিসার ও ডাক্তারদের পোস্ট খালি পড়ে রয়েছে। বহু হাসপাতালে ডাক্তারের পদ খালি, তারা বলছে পি এস সির রেজাল্ট না বেরোনোর জন্য ডাক্তার নিতে পারছে না, সুতরাং এই বিষয়টা একটু দেখবেন। আরেকটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, অফিসারদের এক্সটেনশন না দেওয়ার সঙ্গে ডঃ অশোক মিত্র কমিশন যে রিপোর্ট দিয়েছে তাতে তিনি এক্সটেনশনের বিপক্ষেই মতামত হাজির করেছেন।

[4-05 — 4-15 p.m.]

আজকে যে জিনিসটা হওয়া উচিত সেটা হচেছ সরকারি কর্মচারিদের ক্ষেত্রে তদন্ত কমিশন যেটা আছে সেই কমিশনে সরকারি কর্মচারিদের সততা রক্ষার জন্য যে তদারকি কমিশন আছে, সেই কমিশন বিভিন্ন সময়ে সরকারি কর্মচারিদের দুর্নীতি নিয়ে নানান ঘটনার হয়ত তদন্ত করে। কিন্তু এটা অস্বীকার করলে চলবে না, প্রশাসনের উচ্চ স্তর থেকে আরম্ভ করে নিচের স্তর পর্যন্ত আমাদের রাজ্যে বিভিন্ন জায়গায় দুর্নীতি দেখা দিয়েছে তাতে করে মানুষের মধ্যে নানান ক্ষোভ দেখা দিয়েছে। বিশেষ করে পুলিশের একাংশের মধ্যে যে দুর্নীতি দেখা দিয়েছে তাতে করে মানুষের মধ্যে নানান ধরনের ক্ষোভ এর সঞ্চার হচ্ছে। এমন কি থানার মধ্যে মানুষকে হয়রানি হতে হয়। পুলিশ প্রশাসনের ব্যাপারে মানুষের মধ্যে নানান ক্ষোভ দেখা যায়। আজকে সরকারি কর্মচারির ক্ষেত্রে বিশেষ করে প্রশাসনের ক্ষেত্রে আর একটা জিনিস ভাবা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী একটি কথা দৃঢ়তার সঙ্গে বলেছেন, আমি মনে করি সরকারি কর্মচারিদের সময়মতো অফিসে আসা উচিত। বিভিন্ন অফিসে দেখা যায় একটা কাজের জন্য একজনকে দুই তিনদিন অপেক্ষা করতে হয়। হয়ত কেউ মেদিনীপুর থেকে আসছে রাইটার্স বিল্ডিংয়ে কোনও কাজের জন্য সেইক্ষেত্রে দেখা যায় তাঁকে ২-৩দিন অপেক্ষা করতে হয় তার কাজটা করার জন্য। এটা প্রশাসনিক দিক থেকে সততার একটা লক্ষ্যণ, এটার প্রতি আমাদের লক্ষ্য দেওয়া উচিত। এই ব্যাপারে আমাদের একটু ভাবতে হবে বিশেষ করে সার্বিকভাবে এই প্রশাসনকে গণমুখি করার জন্য প্রশাসনকে জনগণের আত্মার সঙ্গে যোগাযোগ করার জন্য। আজকে বামফ্রন্টের যে গণমুখি পরিকল্পনা সেই পরিকল্পনাগুলিকে যদি কার্যকর করা যায়, সরকারি কর্মচারিদের যাতে আরও কর্মমুখি করা যায় যাতে সাধারণ মানুষ তার কাজের জন্য অফিসে এলে সময়মতো কাজটা পেতে পারে সেইদিকে আমাদের লক্ষ্য দেওয়া দরকার। সর্বপরি একটি কথা বলি প্রশাসনের যারা রিপ্রেজেন্টেটিভ তাদের কাজের

মাধ্যমে মানুষ গভর্নমেন্টকে বিচার বিবেচনা করে। এই জনপ্রিয় বামফ্রন্ট সরকার ভূমিসংস্কার থেকে আরম্ভ করে পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে মানুষের মধ্যে যে সমস্ত কর্মসূচিগুলি এনে হাজির করে সেই কর্মসূচিগুলি রূপায়ণের ক্ষেত্রে তারা যে উদ্যোগ নিয়েছেন সেইগুলি যদি সরকারি কর্মচারিদের মধ্যে ভাল ভাবে কো-অর্ডিনেট না করা যায় তাহলে যে কো-অর্ডিনেশনের অভাব দেখা দিচ্ছে এটার প্রতি নজর দেওয়া দরকার। বিশেষ করে এই গভর্নমেন্টের যে ফোরাম, আমাদের যে জনপ্রিয়তা সরকারের কর্মরূপায়ণের ক্ষেত্রে যে পরিকল্পনা সেইগুলিকে সামগ্রিকভাবে রূপায়ণের জন্য যে উৎসাহ উদ্দীপনা তাকে গণমুখি করা যায় সেইদিকে আমাদের লক্ষ্য রাখা উচিত। আজকে প্রশাসনকে যদি দ্রুতগতিতে কো-অর্ডিনেট করতে হয় এবং জনগণের মধ্যে যদি একে আরও ব্যাপকভাবে কাজে লাগতে হয় তাহলে পঞ্চায়েতের সঙ্গে সরকারি কর্মচারিদের আরও বেশি কো-অর্ডিনেশনটা বাড়ানো উচিত। আজকে গ্রামাঞ্চলে এটাই হওয়া উচিত কি স্বাস্থ্য দপ্তর, কি পঞ্চায়েত দপ্তর কি পুলিশ দপ্তর, কিম্বা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন যেখানেই হোক সেখানে সাধারণ মানুষ যদি কাজ নিয়ে যায় সেই কাজটা যাতে সততার সঙ্গে নিষ্ঠার সঙ্গে সরকারি কর্মচারিরা করে দেয় সেইদিকে লক্ষ্য রাখা উচিত আজকে নিষ্ঠার বড় অভাব হয়েছে, এটা আজকে ক্ষোভ হিসাবে দেখা দিয়েছে। আমি সর্বোপরি স্বরাষ্ট্র দপ্তরের পক্ষ থেকে আজকে যে বাজেট আনা হয়েছে তাকে সমর্থন করছি, এবং এর জন্য যে গণমুখি প্রচেষ্টা নেওয়া হয়েছে তাকে সমর্থন করে আজকে এই দপ্তরের সমস্ত ব্যয় মঞ্জুরিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার, স্যার ১৮ এবং ১৯ নম্বর দপ্তরের অধীনে যে ব্যয়-বরাদ্দ আনা হয়েছে তার বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থন করে প্রথমেই আমি বলতে চাই, মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সভাতে কেন উপস্থিত হবেন না। উনি সভাতে উপস্থিত হন তো হপ্তাবাবুর মতো, তাও আবার যখন তার দপ্তরের বাজেট নিয়ে আলোচনা হচ্ছে এবং সেখানে বিরোধী দলের সদস্যরা এবং সরকারি দলের সদস্যরা অংশ নিচ্ছে, তখন মুখ্যমন্ত্রী সভাতে কেন উপস্থিত থাকবেন না? বিধানসভায় এই অনুপস্থিত থাকার এই যে প্রবণতা এটাকে আমি তীব্র নিন্দা জানাচ্ছি। এই সরকারের প্রশাসনে একটা দিক নির্দেশহীন অবস্থায় গিয়ে পৌঁছেছে, যে কথা আগেই সৌগত দা বলেছেন।

(At this stage Hon'ble Members Shri Satya Ranjan Bapuli and Shri Subrata Mukherjee draw the attention of the Hon'ble Speaker on the Chief Minister, Shri Jyoti Basu's absence in the House.)

আমি মুখ্যমন্ত্রী সভায় অনুপস্থিত থাকার এই মনোভাবকে তীব্র নিন্দা জানাচ্ছি এবং এর আগেও আমরা দেখেছি মুখ্যমন্ত্রী বার বার এই সভাকে অবজ্ঞা করেছেন।

**(এই সময় মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলি মুখ্যমন্ত্রী সভায় উপস্থিত না থাকার জন্য সভা থেকে ওয়াক আউট করেন।)**

আজকে সেই কারণে মুখ্যমন্ত্রীকে বলতে চাই, রাজ্য সরকারের সঙ্গে দার্জিলিং প্রশাসনের যে সংঘাতের পরিস্থিতি চলছিল, আমরা দেখছি সম্প্রতি মুখ্যমন্ত্রী দার্জিলিংয়ে গিয়ে সুভাষ

ঘিসিংয়ের সঙ্গে হাত মিলিয়ে একটা সুসম্পর্ক স্থাপন করতে চলেছেন। তাছাড়া দার্জিলিংয়ে একজন প্রিন্সিপাল সেক্রেটারিকেও অ্যাপয়েন্টমেন্ট করা হচ্ছে। ওরা অনেকদিন আগে দার্জিলিংয়ে একজন প্রিন্সিপাল সেক্রেটারি চেয়েছিলেন এবং এই নিয়ে সুভাষ ঘিসিংয়ের সঙ্গে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। যে লালকুঠি নিয়ে ওনাদের আপত্তি ছিল জ্যোতিবসু আজকে দার্জিলিং গিয়ে গোর্খা হিল কাউন্সিলের প্রশাসনিক ভবন লালকুঠিতে গিয়ে মিটিং করেছেন এবং লালকুঠির শিল্পকলার প্রশংসা করেছেন এবং শৈল্পিক সৌন্দর্যে বিমোহিত হয়ে পড়েছেন। আজকে দার্জিলিং সম্পর্কে মুখ্যমন্ত্রী মত পরিবর্তন করেছেন। তিনি তার বাজেট বক্তৃতায় বলেছেন যে 'বর্তমানে সমগ্র দেশে এক বিরাট সঙ্কটজনক পরিস্থিতি বিরাজমান, এবং সাম্প্রদায়িক হিংসা, দ্বেষ গণতন্ত্রের ভিতকে আলোড়িত করছে। পাশাপাশি আমাদের দেশ অভাবনীয় অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন'। কিন্তু আমাদের রাজ্য যে অর্থনৈতিক দিক থেকে একেবারে বিপর্যস্ত, এখানে রাজ্য সরকার যে একেবারে দেউলিয়া হয়ে গিয়েছেন সেকথা তিনি বলেন নি। রাজ্যের দায়িত্বে যখন আছেন তখন আগে রাজ্যের ব্যাপারটা দেখুন তারপর অন্য প্রসঙ্গে আসবেন। এর পর স্যার, আমরা দেখলাম যে মুখ্য নির্বাচনী অফিসার নিয়োগ নিয়ে একটা নাটক হয়ে গেল। দীর্ঘদিন ধরে চিঠিপত্র চালাচালি করে বিষয়টা সংঘাতের পর্যায়ে নিয়ে যাওয়া হল ফলে সর্বক্ষণের জন্য একজন চিফ ইলেকশন অফিসার নিয়োগ হতে পারলো না। এর ফলে আমাদের রাজ্যের উপনির্বাচনগুলি হতে পারলো না। চৌরঙ্গির মতোন বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন পর্যন্ত হল না। অনেক চাপাচাপির পর অবশেষ একজন মুখ্য নির্বাচনী অফিসার এখানে নিয়োগ করা হয়েছে। সামনেই রাজ্যসভার ইলেকশন।

পশ্চিমবঙ্গ থেকে রাজ্যসভার ইলেকশনে নির্বাচিত হয়ে যে ৬ জন যাবেন সেখানে হর্স ট্রেডিং করার ওদের খেলা শুরু হয়ে গেল। সেখানে কংগ্রেসের লোক ভাঙ্গিয়ে ওরা এখান থেকে ৬ জন এম পি পাঠাতে চান। ওদের নির্লজ্জের মতোন এই যে পদক্ষেপ এবং এই যে মানসিকতা আমি তীব্রভাবে একে ঘৃণা করছি। স্যার, সাম্প্রদায়িকতার প্রশ্নে ওরা অনেক কথা বলেছেন। ওরাই কিন্তু সাম্প্রদায়িকতার প্রশ্নে পুরো পঞ্চায়েত নির্বাচনকে পরিচালনা করেছেন। এই বামফ্রন্ট সরকারের লোকেরা প্রতিটি মুসলমান এলাকায় গিয়ে গিয়ে 'বাবরি মসজিদ ভাঙ্গার জন্য কংগ্রেস দায়ী' এই কথা বলে প্রচার চালিয়েছেন। এইভাবে তারা মুসলিম সম্প্রদায়ের মানুষকে বিভ্রান্ত করেছেন। কাজেই এই সি পি এম দল বিরোধীদলের কাছে কোনও প্রগতিশীল বামপন্থী দল নয়, এরা আজকে একটা সাম্প্রদায়িক দল হিসাবে চিহ্নিত হয়ে গিয়েছেন। এদের ভূমিকা অত্যন্ত নিন্দনীয়। কাজেই ওদের প্রশাসনের কাছে সততা এবং নিরপেক্ষতা এই দুটি জিনিস কখনও আমরা প্রত্যাশা করি না। আমরা স্যার, শব্দ দূষণ পরিবেশ দূষণের কথা জানি কিন্তু আজকে এই পশ্চিমবাংলায় প্রশাসনের দূষণ শুরু হয়ে গিয়েছে। এ রাজ্যে কতকগুলি কমিশন অব এনকোয়ারি হয়েছে। আমি কতকগুলি এনকোয়ারি কমিশনের নাম করছি (i) Deb Enquiry Commission (2) Basu Commission of Enquiry into the incidents inside the R. G. Kar Medical College and Hospital (3) Deb Commission of Enquiry into the cause of death of Md. Idrish, (4) Bhattacharjee Commission of Enquiry (Tamluk Incident) (5) Roy Chowdhury Commission of Enquiry. দেখতে দেখতে এই রাজ্য সরকারের আমলে ১৮টি এনকোয়ারি কমিশন হয়েছে। তা ছাড়া এর আগে শর্মা

সরকার কমিশন এবং আর কে চক্রবর্তী কমিশন হয়েছিল ঐ সিদ্ধার্থশঙ্কর বাবুর সরকারের আমলে অত্যাচারের তদন্তের জন্য। এই যে ২০টি কমিশন করা হল এবং এর পেছনে কোটি কোটি টাকা খরচ করা হল তার কটার রিপোর্ট বেরিয়েছে? অথচ আমরা যখন বউবাজারের বিস্ফোরণের পর সাট্টাডন রশিদের সঙ্গে কাদের সম্পর্ক আছে এবং পরবর্তী পর্যায়ে যখন মুখ্যমন্ত্রীর নামও তার সঙ্গে জড়ালো এবং নানান প্রশ্ন উঠতে লাগলো তখন আমরা যে এনকোয়ারি কমিশনের কথা বলেছিলাম বউবাজারের ঘটনার ব্যাপারে সেই এনকোয়ারি কমিশন কেন গঠন করা হল না জ্যোতিবাবুকে আজকে তার জবাব দিতে হবে। বউবাজারের ঘটনার পর আমরা যে দাবি করেছি সেটা হল রাজ্যের সর্বোচ্চ পদে আসীন কারা কারা রশিদের অনুগ্রহ লাভ করেছেন এবং শাসক দলের কাদের কাদের সঙ্গে রশিদের যোগাযোগ ছিল তারজন্য তদন্ত কমিশন করতে হবে, সেই কমিশন কেন হবে না আজকে মুখ্যমন্ত্রীকে তার জবাব দিতে হবে। তারপর স্যার, এই তদন্তের যিনি ভারপ্রাপ্ত অফিসার শ্রী সুজিত সান্যাল অর্থাৎ এই রশিদের কেসের যিনি ভারপ্রাপ্ত অফিসার তাকে কিসের জন্য ১০/১৫ দিন আগে সরিয়ে দেওয়া হল তা আমরা জানতে চাই। কলকাতা পুলিশের একজন সৎ এবং দক্ষ অফিসার যাকে রশিদের মামলার দায়িত্ব দেওয়া হয়েছিল হঠাৎ দেখলাম দিন দশেক আগে কলকাতা পুলিশের রদবদলের মধ্যে দিয়ে তাকে সেই তদন্তের কাজ থেকে সরিয়ে দেওয়া হল। প্রকৃত সত্যের দিকে তিনি এগুচ্ছিলেন সেইজন্য তদন্তের কাজে এইভাবে ব্যাঘাত ঘটানো হল।

[4-15 — 4-25 p.m.]

মুখ্যমন্ত্রী ৯০ সালে হোম পারের বাজেটের বক্তব্যে বলেছিলেন, আমরা যখন অভিযোগ করেছিলাম, কোটি কোটি টাকা খরচ করে এত কমিশন করলেন—আলিপুর নজরতখানার ব্যাপারে যে ভট্টাচার্য কমিশন হয়েছিল তার রিপোর্ট স্টেটসম্যান কাগজে বার করে দিলো, আমরা হাউসে সেই কাগজ দেখলাম। কিন্তু আলিপুর নজরতখানার রিপোর্ট তিনি পেশ করলেন না। এর পরে আমি আসব ভিজিলেন্স কমিশনের প্রশ্নে। এই রাজ্যের ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে। তার ফলে আমাদের রাজ্যে কোনও পাবলিক গ্রিভান্স সেল নেই। যেটা কেন্দ্রীয় সরকারের আছে। রাজ্যের লোক কোথায় অভিযোগ জানাবে? জনগণের অভিযোগ শোনবার জন্য কেন্দ্রীয় সরকারের পাবলিক গ্রিভান্সেস সেল আছে, কিন্তু রাজ্যের নেই। রাজ্যের মুখ্যমন্ত্রীকে ওয়ার্ক কালচার নেই বলে একটা সার্কুলার দিতে হয়েছিল। সার্কুলার নাম্বর ৬৭০ পি এম আর (এ আর) [illegible]। সেই সার্কুলারে চিফ মিনিস্টার কী বলেছিলেন, 'ensuring punctuality in attendence of officers and staffs in all the officers for improvement in work, speedy disposal of work, regular supervision. Also for monitoring the progress of various important development schemes.

কিন্তু এই সার্কুলারগুলো ছেঁড়া কাগজের টুকরিতে ফেলে দেওয়া হয়েছে, কো-অর্ডিনেশন কমিটি এবং ১২ই জুলাই কমিটি, তাদের ঔদ্ধত্য এবং দাপটের কাছে নতি স্বীকার করতে হয়। যার ফলে এই সব সার্কুলারের কোনও মূল্য নেই। আমি এর পর আসব ভিজিলেন্সের রিপোর্টের ব্যাপারে। ১৯৯২-৯৩ সালের বাজেটে আমরা ভিজিলেন্স কমিটির রিপোর্ট পেলাম

১৯৮৪ সালের। তার মানে নয় বছর পর। উই আর ল্যাগিং নাইস ইয়ার্স বিহাইন্ড। কিসের জন্য? ৯৩-৯৪ সালে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট দেওয়া হবে ৮৪ সালের? এক বছর আগে পেছিয়ে ছিলাম ১০ বছর। আজকে রিপোর্ট দেওয়া হবে ৮৪ সালের? এক বছর আগে পেছিয়ে ছিলাম ১০ বছর। আজকে ভিজিলেন্স কমিশনের রিপোর্টে একজন অফিসার সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে, রাজ্য পুলিশের প্রাক্তন ডিরেক্টর জেনারেল তার বিরুদ্ধে ভিজিলেন্স কমিটি রায় দিয়েছিল। তবুও তাকে ডিরেক্টর জেনারেল করা হয়েছিল অ্যাডমিনিস্ট্রেটিভ প্রেসারে। প্রশাসনকে চাপ দিয়ে অ্যাডমিনিস্ট্রেশন কুক্ষিগত করে নির্লজ্জ ভাবে ভিজিলেন্স কমিশনের রিপোর্টকে উপেক্ষা করেছে। এই মানসিকতার উপর ভিত্তি করে রাজ্য সরকার ভিজিলেন্স কমিশনের রিপোর্টগুলোকে নিয়ে ছিনিমিনি খেলেছেন। এরপরে আর একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করতে চাই। আমাদের পশ্চিমবাংলার জেলা সংখ্যা কম তুলনামূলকভাবে। এই নিয়ে আমরা কাট মোশন দিয়েছি, ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যে আজকে যে পরিমাণ জেলার সংখ্যা বেড়েছে, তার তুলনায় পশ্চিমবাংলায় জেলার সংখ্যা অনেক কম। পশ্চিমদিনাজপুর জেলার ভাঙ্গন নিয়ে অনেক কথা হয়েছে। বালুরঘাটের মানুষকে জেলা তৈরি করার পর বন্ধ ডাকতে হয়েছিল সেই বন্ধ সফল বন্ধ হয়েছিল। আমরা বার বার রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছি মেদিনীপুর এবং বর্ধমান জেলাকে ভাগ করার ক্ষেত্রে রাজ্য সরকারের কি মতামত আছে তা সুস্পষ্ট ভাবে, সুনির্দিষ্ট ভাবে আমাদের জানান। সেই কারণে জেলায় জেলায় প্রশাসনগুলো আজকে কি হয়েছে, আজকে ডি এম কে জেলা পরিষদের চেয়ারম্যানের নিচে একটা হেড ক্লার্ক বানিয়ে দেওয়া হয়েছে। যার জন্য ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে। রাজ্যের মুখ্যমন্ত্রী যে ঘোষণাগুলো করেছিলেন অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং জলপাইগুড়িতে এবং কুচবিহার, মুখ্যমন্ত্রী ঘোষণা করা সত্বেও অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং জলপাইগুড়ি, কুচবিহার কোথাও হয় নি। টাকা বরাদ্দ হওয়া সত্বেও উত্তরবঙ্গ অবহেলিত থেকে যাচ্ছে। ১৯৯১-৯২ সালে প্রতিশ্রুতি দেওয়া সত্বেও আজ পর্যন্ত তা পূরণ হচ্ছে না। এই সরকার অযোগ্য সরকার, অপদার্থ সরকার। এঁরা রাজ্যে একদলীয় শাসন কায়েম করেছেন। মুখ্যমন্ত্রী কোনও রকম ভাবেই এই দপ্তর পরিচালনায় মনোনিবেশ করছেন না। এই কারণে আমি বাজেট বরাদ্দের তীব্র বিরোধিতা করে, আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়, ১৮নং এবং ১৯ নং খাতের যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এখানে আজকে বিরোধী দলের বক্তারা তাঁদের বক্তব্য রাখলেন। আমি আশা করেছিলাম তাঁরা আরও গভীরে গিয়ে বিভিন্ন সমস্যার প্রতি আলোকপাত করবেন যা থেকে আমরা খানিকটা উপকৃত হব। উপকৃত হব এই কারণে যে এ কথা ঠিক যে পরিস্থিতি চলছে তাতে নিশ্চয়ই আমরা কেউ সন্তুষ্ট নই। একথা নিশ্চিতভাবে ঠিক যে, যে পদ্ধতিতে কাজকর্ম চলছে, তার থেকে অনেক ভাল ভাবে কাজকর্ম চললে অনেক ভাল হত। কিন্তু প্রশ্ন হচ্ছে এটা কিভাবে করা যাবে? বিরোধীরা বার বার বলছেন, 'বামফ্রন্ট সরকার ১৫/১৬ বছর ক্ষমতায় এসেছে। এই ১৫/১৬ বছর ধরে তারা এটা করতে পারেন নি' এবং ওঁরা শুধুই ব্যর্থতার দিকটা তুলে ধরবার চেষ্টা করছেন। কিন্তু ওঁরা যদি একটু নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করবার চেষ্টা করেন তাহলে

লক্ষ্য করবেন যে বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পর থেকে যে যে প্রশাসনিক পরিবর্তনের পদক্ষেপগুলি গ্রহণ করেছেন সেই পরিবর্তনের পদক্ষেপগুলি খুবই পজিটিভ। এবিষয়ের প্রথমেই যে প্রশ্নটা আমাদের সামনে উপস্থিত হয় সেটা হচ্ছে, অ্যাকোমোডেশনের প্রশ্ন। কর্মচারিরা যে স্বল্প পরিসর স্থানের মধ্যে কাজকর্ম করেন তাতে তাঁদের খুবই অসুবিধা হয়। সব জায়গায় যেন একটা দম আটকানো পরিস্থিতি।

**শ্রী সুব্রত মুখার্জি :** এটা কি কোনও প্রশাসনিক সংস্কার? বিল্ডিং করাটা কোনও সংস্কার নয়।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** হ্যাঁ, সংস্কার। আপনিও এই কথা একটু আগেই বলেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন :** বালুরঘাটের কথা একটু বলুন।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** বালুরঘাটের অবস্থা অতীতে কি ছিল তা আবেদিন সাহেব আমার চেয়ে ভাল জানেন। জয়নাল সাহেব, আপনারা কি করেছিলেন তাও আপনি নিশ্চয়ই জানেন। আপনি জানেন না, রেভিনিউ বোর্ডের মেম্বার করুণা কেতন সেন দেখতে গিয়েছিলেন? কর্মচারিরা বলেছিলেন, 'বাড়িতে জল পড়ছে, আমরা কাজ করতে পারছি না। বাড়ি ঘর সব ভেঙ্গে পড়ছে।' আপনারা বলেছিলেন কোথায় ভেঙ্গেছে? তারপর সেখানে সেই বাড়ি দেখতে গিয়ে সেখানে করুণা কেতন সেন পড়ে গিয়ে পা ভেঙ্গেছিলেন। এই তো ছিল কংগ্রেসি প্রশাসন! একজন কেরানি নয়, একজন শ্রদ্ধেয় অফিসার পা ভেঙে ছিলেন। তাঁর পা ভাঙ্গার পর আপনাদের ঘুম ভেঙেছিল যে ওখানে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করতে হবে। সুতরাং আজকে আর এই কথা বলা বাতুলতা নয়। এর গভীরে আমাদের যাবার চেষ্টা করতে হবে। প্রশাসনিক সংস্কারের ব্যাপারে আজকে আমাদের খুবই সতর্ক ভাবে চলতে হবে। আজকে সারা বিশ্বে যে ধরনের অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস হচ্ছে এবং আমাদের ভারতবর্ষ জুড়ে যে রোগ দেখা দিয়েছে তাতে আমাদের সামনে প্রশ্ন এসেছে, অটোমেশন-এর যুগে আমরা অটোমেশনকে নেব, কি নেব না? ইতিপূর্বে এই প্রশ্ন আমাদের এবং আপনাদের দ্বিধা দ্বন্দ্ব ছিল। আজকের যুগে বলা হচ্ছে, এক্সপিডিয়াস মেথডে কাজ করতে হবে, কিন্তু সব সময় মানুষ দিয়ে সে কাজ করা সম্ভব হয় না। সুতরাং আমাদের সামনে প্রশ্ন কমপিউটারাইজেশন করব, কি করব না?

[4-25 — 4-35 p.m.]

ন্যাশনালাইজেশন করব কি করব না এই দ্বিধা দ্বন্দ্ব দীর্ঘদিন ধরে আপনাদের সময়ে ছিল, আপনারা তা করতে পারেননি। আমাদের সময়ে আমরা বামপন্থীরা বুঝেছি যে ওয়ার্কিং ফোর্সকে দিয়ে কাজ করাতে হবে। তাসত্ত্বেও আমরা এখানে কমপিউটারাইজেশন পদ্ধতি গ্রহণ করেছি, আমরা ন্যাশলানাইজেশন পদ্ধতি গ্রহণ করেছি এবং তা চালু করেছি। প্রশাসনিক ক্ষেত্রে আপনারা কর্মচারিদের দক্ষতা বৃদ্ধি করবার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল তা আপনারা করেননি। আমাদের আমলে আমরা মনে ক[illegible] কর্মচারিদের দক্ষতা নিশ্চয়ই [illegible] হবে। যাঁরা রিক্রুটেট হলেন যে ডিপার্টমেন্টে সেই ডি[illegible] সম্পর্কে যদি জানতে পারেন যে এই এই কাজ করতে হবে, এই পদ্ধতিতে কাজ করতে হবে সেই সম্পর্কে যদি তাদের [illegible]

না থাকে তাহলে সেই ডিপার্টমেন্টে সঠিকভাবে যথেষ্ট গুরুত্ব দিয়ে কাজ করতে পারবে না, ফলে অ্যাডমিনিস্ট্রেশন সাফার করবে। এটা বুঝেই বামফ্রন্ট সরকার অ্যাডমিনিস্ট্রেটিভ সেন্টার চালু করেছেন এবং এটা এমন একটি স্ট্যান্ডারাইজ ট্রেনিং সেন্টার হয়েছে আমদের গর্ব ভারতবর্ষের বিভিন্ন জায়গায় থেকে কর্মচারিরা এখানে আসছেন ট্রেনিং-এর জন্য এবং তারা এখানে ট্রেনিং নিচ্ছেন। একথা আপনারা উল্লেখ করলেন না, এগুলি হচ্ছে অ্যাচিভমেন্ট দিক। তবে যে জায়গায় গেলে আমরা সন্তুষ্ট হতে পারি সেই জায়গায় যেতে পারিনি। আমরা যে কাজকর্ম পাই তাতে আমরা সম্পূর্ণ সন্তুষ্ট হতে পারিনি। কিন্তু তারজন্য কি সরকারি কর্মচারিরা দায়ী? তারজন্য আপনারা যেভাবে অঙ্গুলি হেলন করলেন একতরফাভাবে ভারপ্রাপ্ত মন্ত্রীকে দায়ী করলেন ব্যাপারটিকে এইভাবে দেখলে করা যাবে না। গভীরে গিয়ে দেখতে হবে। আমি প্রথমে যে জায়গায় আসব সেটা হচ্ছে অর্থের ব্যাপারে, অর্থ না হলে হবে না। কর্মচারিদের আপনারা গালাগালি করছেন, কিন্তু ডিপার্টমেন্টে গিয়ে আপনারা ভেরিফাই করে দেখবেন, যে কাজগুলি করা উচিত সেই কাজগুলি করবার জন্য অর্থ বরাদ্দ নেই, তারা কাজ করতে পারছে না। তাঁরা বলছেন, কাজ দাও, আমাদের কাজ কোথায়, আমাদের টেবিলে কাজ দিন। তাই প্রথম ব্যাপারটি হচ্ছে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস, সেইভাবে দেখতে হবে। বিভিন্ন ডিপার্টমেন্টে যে কাজগুলি করা হয় সেই সেই ডিপার্টমেন্ট যদি ঠিক ঠিক সময় মতো অর্থ পায় তাহলে যারা করণীক আছেন তাঁদের নিজের নিজের যে দায়িত্ব আছে সেই দায়িত্ব পালন করতে আগ্রহী হন। কিন্তু যেভাবে আপনারা দিল্লি থেকে মার দেওয়া শুরু করেছেন, যেভাবে সুতো টেনে ধরবার চেষ্টা করছেন তাতে বিভিন্ন জায়গাকে শুকিয়ে দেবার চেষ্টা করছেন। সেগুলি যদি ড্রাই হয়ে যায় তাহলে আপনারা অফিসে অফিসে যে ওয়ার্ক কালচারের কথা বলছেন তা তো হবে না। এতে করে কর্মচারিদের মন, মানসিকতা ভেঙ্গে যাচ্ছে এবং তারা দুর্বল হয়ে পড়ছেন। আপনারা টাকা দিচ্ছেন না, বিভিন্ন দিক থেকে বঞ্চিত করবার চেষ্টা করছেন এবং তারই প্রতিফলন অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে পড়ছে। তাসত্ত্বেও এরই মধ্যে আমরা দেখছি, কতকগুলি কাজ করেছেন এবং কিছু কাজ করবার চেষ্টা করছেন। সুদীপবাবু যে সার্কুলারের কথা বলছেন তার অপব্যাখ্যা করলে চলবে না। সরকার এ ব্যাপারে ভাবছেন যদি না ভাবত তাহলে এই ধরনের সার্কুলার দিতেন না। সরকার বোঝাতে চাইছেন কাজকর্ম দ্রুত করুন, সময়মতো অ্যাটেনডেন্স দিন। বিভিন্ন দপ্তরগুলিতে এই সার্কুলার দেওয়া হয়েছে এবং মনিটোরিং-এর ব্যাপার করা হয়েছে এবং এরই মধ্যে দিয়ে খানিকটা উন্নতি যে ঘটেনি তা নয়। অ্যাটেনডেন্সের উন্নতি ঘটেছে। যে ডিপার্টমেন্টের সেক্রেটারি তৎপর হয়েছে সেখানে কাজকর্ম খানিকটা এগিয়ে চলেছে, তাদের ডেভেলপমেন্টটা লক্ষ্য করার মতোন, এগুলি অস্বীকার করা যাবে না। ফিনান্সের ক্ষেত্রে বড় প্রশ্ন আছে। বিভিন্ন মন্ত্রীদেরও কিছু কিছু বক্তব্য আছে। আমাদের এখানে অ্যাডমিনিস্ট্রেশন সেই ব্রিটিশ আমলে যে পদ্ধতি চালু করা হয়েছিল তার মতোন, ফিনান্স সেন্টার হয়ে থাকে। ফিনান্সের হাতেই অপরিমেয় ক্ষমতা। কোনও অ্যাপ্রুভাল আনতে গেলে ফিনান্সের কাছে যেতে হবে। এক্ষেত্রে বিভিন্ন ডিপার্টমেন্ট যে কাজকর্ম করছিল তাতে অসুবিধা হচ্ছিল। সেই জগদ্দল পাথর খানিকটা সরানো হয়েছে। কোনও ডিপার্টমেন্টের সেক্রেটারি সেই ডিপার্টমেন্টের জন্য কিছু কিছু খরচ তারা নিজেরাই করতে পারবেন। এই ধরনের অধিকার আপনাদের আমলে ছিল না। জগদ্দল পাথর সরানোর চেষ্টা এই বামফ্রন্ট সরকারই করেছেন, তবে সব কাজ এত সহজে হবে না। অন্যান্য কিছু ব্যাপারে জড়িয়ে

আছে। তবে এইটুকু বোঝা যায় হোম-পার ডিপার্টমেন্ট যে পদ্ধতিতে কাজ করছে—তাদের ইনিসিয়েটিভ আছে—তারা চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তবে এইটুকু আপনারা বুঝবেন, তাদের সমস্যা সঙ্কুল পরিস্থিতির মধ্য দিয়ে কাজ করতে হচ্ছে। তবুও তারা চেষ্টা করছে কিভাবে সহজে কাজগুলি করা যায়, বিভিন্ন পদ্ধতি নিয়ে কাজকর্ম করা যায়। আমি তো নিজেই দেখছি, আমি একটি কমিটির চেয়ারম্যান। হোম-পারকে প্রশ্ন করেছিলাম—গভর্নমেন্ট বিল্ডিংস—হোম-পার অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল দিয়ে দিয়েছেন এবং তারা সেই কাজ হবে বলে এক্সপেক্ট করছেন, কিন্তু কনসার্ন ডিপার্টমেন্টের নানারকম প্যারাফারনিয়ার ফলে কাজ ডিলেড হয়ে যাচ্ছে। ওরা বার বার সার্কুলার দিচ্ছেন, বার বার যাচ্ছেন, বলছেন বিল্ডিং তৈরি করবার ব্যাপারে। এই ব্যাপারে ডিপার্টমেন্ট কনসার্ন যথেষ্ট তৎপর। বিভিন্ন জায়গায় কাজটা করবার চেষ্টা করছেন তারা। এই প্রসঙ্গে সুদীপবাবু যা বললেন, বড় বড় কিছু জেলা আছে সেগুলোকে ভাগ করে দেওয়া দরকার।

তবে শুধু ভাগ করলেই হবে না, সঙ্গে সঙ্গে ফান্ডিং-এর ব্যবস্থা করতে হবে, কারণ দিনাজপুর সম্পর্কে আজকে এই প্রশ্ন উঠেছে। সেখানে অনেক অফিস আছে যেগুলো শিফট করা হচ্ছে না। ফলে মানুষের মধ্যে অসন্তোষ দেখা দিচ্ছে। সেখানে দপ্তরগুলি আনবার ব্যাপারে কিছু প্রশাসনিক, কিছু রাজনৈতিক অসুবিধা সৃষ্টি হচ্ছে। এদিকটা হোম (পার) ডিপার্টমেন্টকে দেখতে হবে। আজকে সেখানে হেড কোয়ার্টার যেমন দুটি হয়েছে সেই অনুযায়ী অফিসগুলোকেও শিফট করে দিতে হবে। এই ব্যাপারে ডি এম বলছিলেন যে, তিনি ফান্ড পাচ্ছেন না। কাজেই বর্ধমান এবং মেদিনীপুর সম্পর্কে যদি এইরকম চিন্তাধারা থেকে থাকে তাহলে সেক্ষেত্রে ফান্ডিং এবং ইনফ্রাস্ট্রাকচারের ব্যবস্থা করতে পারবেন কিনা সেটা ভেবেই ব্যবস্থা গ্রহণ করা উচিত। আমি আর একটি কথা বলছি, সাব-ডিভিসন লেভেলে নতুন সাবডিভিসন হয়েছে, কিন্তু থানা লেভেলেও রিকনস্ট্রাকশন করা দরকার। কারণ দেখা যাচ্ছে, এমন অনেক থানা আছে যাদের বাউন্ডারিগুলি অন্য থানার মধ্যে ঢুকে রয়েছে। কাজেই যেভাবে ভাগ করে গিয়েছিলেন সেগুলোকে আবার রিকনস্ট্রাকশন করতে হবে। থানাগুলিকে রিকন্সট্রাকশন কিভাবে করা যায় সেটা দেখতে হবে। জেলা ভাগের সঙ্গে সঙ্গে হেড কোয়ার্টার এবং অফিসগুলি সরিয়ে আনতে হবে। এসব যদি দেখেন তাহলে আমরা উপকৃত হব। সেন্ট্রাল গভর্নমেন্ট গ্রিভান্স সেল বলে একটা সেল আছে, কিন্তু আমাদের এখানে সেটা নেই। কিন্তু জনপ্রতিনিধিদের কাছে অনেকেই অনেক বিষয় নিয়ে আসেন কিন্তু গ্রিভানস সেল না থাকার ফলে বিভিন্ন অভিযোগগুলি রিফ্লেকটেড হচ্ছে না। তাই এখানেও যদি ঐরকম গ্রিভান্স সেল তৈরি করা যায় তাহলে ভাল হয়। এই বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-35 — 4-45 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা এখানে রাখব। আজকে এটাই মানুষের কাছে প্রত্যাশা ছিল তারা যখন বামপন্থার কথা বলে তখন আপেক্ষিক অর্থে নিরপেক্ষ, দুর্নীতি মুক্ত এবং গণমুখি প্রশাসন উপহার দেবেন জনগণকে, কিন্তু পক্ষান্তরে দেখতে পাচ্ছি যে তারা

একটা চরম দুর্নীতিগ্রস্ত জনবিরোধী এবং চরম পক্ষপাতদুষ্ট, গণ-আন্দোলন দমনকারী প্রশাসন তারা জনগণের সামনে তুলে ধরেছেন। এটাই জনসাধারণের বাস্তব অভিজ্ঞতা। আজকে স্বজন-পোষণ, দুর্নীতি—এগুলো জ্যোতি বসুর প্রশাসনের মূল বৈশিষ্ট হিসাবে দেখা দিয়েছে এটা অস্বীকার করা যায় না। এই অভিযোগ শুধু আমি করছি না, এই স্বজন-পোষণের বিরুদ্ধে তাঁরই মন্ত্রিসভার তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী অভিযোগ করেছেন। তিনি সি পি আই'র অধীনে যে অসামরিক প্রতিরক্ষা দপ্তর সেই দপ্তরে ক্ষেত্রে দুর্নীতি, অনিয়ম এসবের অভিযোগ তুলেছেন। এর বিরুদ্ধে সি পি আইর পক্ষ থেকে মদন বাউড়ি পাল্টা অভিযোগ তুলেছেন। তিনি বলেছেন যখন ১০ লক্ষ টাকা আমাদের হাতে ছিল তখন তো এই অভিযোগ আসেনি? আজকে কো-অর্ডিনেশন কমিটি লিস্ট ক্যান্সেল বলে দেওয়া হয়েছে। সেজন্য কি এই সব উত্থাপন করা হয়েছে? আজকে এই রকম অভিযোগ পরস্পরের মধ্যে আসছে। মাননীয় তথ্য মন্ত্রী যে অভিযোগ তুলেছেন, সেটা সঠিক তথ্য বলে আমি মনে করি। শুরু অসামরিক প্রতিরক্ষা দপ্তরের ক্ষেত্রেই যে এটা ঘটছে, তা নয়।

বামফ্রন্ট সরকারের সমস্ত দপ্তরে স্কুলে, কলেজে, বিশ্ববিদ্যালয়ে, হাসপাতালে, পশ্চিমবঙ্গের যেখানে লোক নিয়োগের প্রশ্ন আসছে সর্বক্ষেত্রে এই স্থায়ী লোক নিয়োগের প্রশ্নে চরম দলবাজি হচ্ছে। এমন কি লোক নিয়োগের ক্ষেত্রে, প্যানেল করার ক্ষেত্রে দলীয় রাজনৈতিক নেতাদের অঙ্গুলি হেলানে এগুলি হচ্ছে। আজকে চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে অন্য রাজনৈতিক দলের সমর্থক থাকলেও মূল রাজনৈতিক দল, বড় সরিক দলের প্রভাবশালী নেতার রেকমেন্ডেশন ছাড়া চাকুরি পাওয়া যায় না। এই রকম একটা দুর্নীতি স্বজন-পোষণ বলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে আজকে প্রশাসনিক বিধিনিষেধ তারা মানছে না। উত্তরবাংলায় হোমিও প্যাথিক ডাক্তারদের অ্যাপয়েন্টমেন্টের ব্যাপার ছিল। সেই অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে প্রশাসনিক সিদ্ধান্ত ছিল যে বাইরে থেকে উত্তরবাংলায় কোনও লোককে চাকুরিতে নিয়োগ করবে না, কারণ তারা সেখানে থাকতে চায় না। কিন্তু দার্জিলিং, শিলিগুড়ি, ফাঁসিদাওয়া, বিজনবাড়ি, এই রকম ৬টি জায়গায় নিয়োগ হল এবং ৬টি ক্ষেত্রে ৬ জনের মধ্যে ৫ জনকেই প্রশাসনিক সিদ্ধান্ত লঙ্ঘন করে বাইরে থেকে নেওয়া হল। মেদিনীপুর ১, নদীয়া ১, দক্ষিণ ২৪ পরগনা, ১ এইরকম ভাবে ৫ জনকে বাইরে থেকে নেওয়া হল। কাজেই দলীয় দৃষ্টিভঙ্গিতে এইভাবে স্বজন-পোষণ হচ্ছে এবং নিয়োগ করা হচ্ছে। আজকে দুর্নীতি একটা মারাত্মক জায়গায় গেছে, সর্বক্ষেত্রে দুর্নীতি হচ্ছে। সল্টলেকের জমি কেলেঙ্কারির কথা আপনারা জানেন। সল্টলেকের জমি কেলেঙ্কারির ব্যাপারে মুখ্যমন্ত্রীর কোটায় অর্থ দপ্তরের যুগ্ম সচিব, যিনি আজকে হাজতে আছেন, তিনি শাসক দলের, সি পি এম দলের একজন ঘনিষ্ঠ লোক। ১৯৬৫ সালে তিনি একজন অর্ডিনারি ক্লার্ক ছিলেন। সেখানে থেকে ১৯৭১ সালের তাকে সাসপেন্ড করা হয় কোনও কারণে। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে তার সাসপেনশন উইথড্র করা হল। বামফ্রন্টের আশীর্বাদে তিনি যুগ্ম সচিবের পদে এলেন। ১৯৮০ সালে দ্বিতীয় পে কমিশনের সময়ে তিনি অসীমবাবুর অত্যন্ত ঘনিষ্ঠ হলেন এবং সহ-সচিব হলেন। তৃতীয় পে কমিশনের সময়ে তিনি রিভিউ কমিটির সদস্য হলেন এবং ১৯৯০ সালে তার রিটায়ারমেন্ট। কিন্তু তারপরে একবার নয়, ৫ বার তাকে পুনঃ নিয়োগ করা হয়েছে। এই বছরের ৩১শে জুলাই, না আগস্ট পর্যন্ত তার চাকুরির মেয়াদ ছিল এখন তার

কি অবস্থা আমি জানি না। কিন্তু এই হচ্ছে সি পি এম দলের, কো-অর্ডিনেশন কমিটির শাসক দলের ঘনিষ্ঠ ব্যক্তির কেচ্ছা, দুর্নীতিকে তারা কিভাবে প্রশ্রয় দিয়েছেন তার জ্বলন্ত দৃষ্টান্ত। আজকে আর্থিক সঙ্কটের জন্য উন্নয়নমূলক কাজ বন্ধ। গতবছর ২রা জুলাই ক্যাবিনেটে সিদ্ধান্ত হয়েছিল যে আর্থিক সঙ্কটের পরিপ্রেক্ষিতে ব্যয়-সঙ্কোচ করা হবে এবং বলা হয়েছিল যে সরকারি গাড়ি যেগুলি ব্যবহার করা হয় তার ২০ পারসেন্ট গাড়ি বন্ধ করা হবে। ডিসিসন হয়েছিল যে মন্ত্রী এবং সচিব পর্যায়ে অফিসারদের টেলিফোন এবং এস টি ডি লাইন কেটে দেওয়া হবে। ডিসিসন হয়েছিল যে মন্ত্রী বাইরের জেলা সফরে গেলে কোনও গাড়ি ব্যবহার করবে না। পরে অবশ্য এটা প্রত্যাহার করা হয়েছে। বলা হয়েছিল সরকারি গাড়িতে ডিজেল পেট্রোলের খরচ ১০ শতাংশ কমানো হবে। দেখা গেল যে ডিসিসন ক্যাবিনেটে নেওয়া হয়েছিল কার্যক্ষেত্রে সেই ডিসিসন ফলো করা হয় নি। অর্থের সঙ্কটের জন্য উন্নয়ন মূলক কাজকর্ম বন্ধ হয়ে যাচ্ছে। আপনারা দেখুন কি অ্যাটিচুড। এইগুলিকে কি গণমুখি প্রশাসন বলে? সরকারি গাড়ি সংখ্যা বেড়ে গিয়েছে, যার ফলে সরকারি গাড়ি পার্ক করার জায়গায় অভাব দেখা দিয়েছে। ৫/১০ বছর আগে এত ছিল না। অফিসারদের জন্য, মন্ত্রীদের জন্য এত ব্যবস্থা হচ্ছে গাড়ির অথচ হাসপাতালগুলিতে অ্যাম্বুলেন্সের অভাবে মুমূর্ষ রোগীকে হাসপাতালে নিয়ে যাওয়া যাচ্ছে না। এই হচ্ছে সরকারি ব্যবস্থা গৌরী সেনের টাকা কিভাবে খরচ হচ্ছে তার হিসাব নেই। আমি একটা রিপোর্ট পেলাম। সেটা হচ্ছে রাজ্য সরকারের হিসাব অনুযায়ী আমাদের পশ্চিমবাংলার ৯ লক্ষ সরকারি কর্মচারী আছে। অর্থাৎ সরকারি কর্মী, শিক্ষক, অশিক্ষক কর্মচারী এবং অন্যান্য স্বনিযুক্ত কর্মচারী মিলিয়ে ৯ লক্ষ কর্মচারী আছে। দশম অর্থ কমিশন জানতে চেয়েছিলেন পশ্চিমবাংলায় কত সরকারি কর্মচারী আছে, শিক্ষক অশিক্ষক সমস্ত কিছু মিলিয়ে? ট্রেজারি যে হিসাব দিয়েছিল, অর্থ দপ্তরের পক্ষ থেকে যে কর্মচারির তালিকা দেওয়া হয়েছিল তাতে দেখা গেল ৭ লক্ষ সরকারি কর্মচারী আছে পশ্চিমাবাংলায় শিক্ষক, অশিক্ষক সমস্ত কিছু মিলিয়ে, অর্থ দপ্তর ৯ লক্ষ কর্মচারির বেতন দিচ্ছে। এই ২ লক্ষ কর্মচারী কোথা থেকে এল? এই টাকা কোথায় যাচ্ছে? গৌরী সেনের টাকা, ফলে এই জিনিস চলছে। আজকে এখানে দুর্নীতির কথা উঠেছে। দুর্নীতি দূর করার জন্য ভিজিলেন্স কমিশন। সেই ভিজিলেন্স কমিশনকে আপনারা তো ঠুঁটো জগন্নাথ করে রেখে দিয়েছেন। ৭-৮ বছরের আগের রিপোর্ট এখন বার হচ্ছে ভিজিলেন্স কমিশনের যে রিপোর্ট, তাদের যে ফাইনডিংস সেটা ইমপ্লিমেন্ট করা হচ্ছে না। ফলে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। ইয়েসম্যান প্রশাসনে ব্যবহার করে দুর্নীতির সুযোগ করে দেওয়া হচ্ছে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45 — 4-55 p.m.]

**শ্রী ক্ষিতি রঞ্জন মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীনে স্বরাষ্ট্র (কর্মিবর্গ এবং প্রশাসনিক সংস্কার) যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমি দু-একটি কথা বলতে চাই। মাননীয় বিরোধী দলের সদস্যগণ বেশ কয়েকটি কথা বলেছেন। কথাগুলি যা বললেন তা শুনে আমার মনে হল তাঁদের বলার কিছু নেই, বলতে হয় তাই দু-চারটি কথা বললেন। তাঁদের কথা শুনে আমার মনে হল,

আমি গাঁয়ের লোক, সেখানে একটা কথা চালু আছে চালুনি ছুঁচের বিচার করে। চালুনির গায়ে এত ছেঁদা সে আবার ছুঁচের ছেঁদা দেখছে। তাদের প্রচুর ছেঁদা রয়েছে তাঁরা আবার দুর্নীতির কথা বলছেন। দুটি প্রধানমন্ত্রী নিহত হলেন, তাঁদের জন্য যে সমস্ত কমিশন হল তার রিপোর্টগুলি কোথায় গেল? এখনকার প্রধানমন্ত্রী হর্যদ মেহেতার শেয়ার কেলেঙ্কারির সঙ্গে যুক্ত আছে যেটা আমরা কাগজে দেখলাম। সেই ব্যাপারে কি হল সেই সব কথা তো তাঁরা বললেন না? আজকে প্রশাসনিক এই ব্যয় বরাদ্দের দাবি নিয়ে আলোচনা করার আগে প্রথমে তাঁদের মনে করা দরকার এই ব্যাপারে আগে তাঁদের যে দায়িত্ব ছিল সেই দায়িত্ব প্রথম থেকে পালন করা হয় নি। ১৯৪৭ সালে ১৫ই আগস্টের পরে যে প্রশাসন উত্তরাধিকার সূত্রে পাওয়া গিয়েছিল সেটা ব্রিটিশ প্রশাসন। স্বাধীনতার পরে সেই প্রশাসন পুনর্গঠন এবং পুনর্বিন্যাস করার ব্যাপারে কতটুকু পদক্ষেপ গ্রহণ করেছেন? আমরা গর্বের সঙ্গে বলতে পারি যে ৮২ সালে এই সরকার প্রশাসনিক সংস্কারের জন্য মিত্র কমিটি নিয়োগ করেছিলেন। সেই কমিটি তাঁদের রিপোর্ট পেশ করেছেন। সেই অনুসারেই সরকার এগোচ্ছেন। মাননীয় সদস্য সুব্রতবাবু বলতে বলতে বললেন আমরা নাকি প্রশাসনের উপরে রাজনৈতিক নিয়ন্ত্রণ ঘটাচ্ছি? ১৯৭১ সালের পর ৭২ সালের নির্বাচনে আমরা কি দেখেছিলাম? সমগ্র প্রশাসনকে অচল করে দিয়ে কুক্ষিগত করে সমস্ত নিয়ন্ত্রণ ব্যবস্থাকে নস্যাৎ করে দিয়েছিলেন আপনারা। আজকে সেই অবস্থা ঘটাতে পারছেন না বলেই চেঁচাচ্ছেন। আমি একটা উদাহরণ দিচ্ছি। একটু আগে বজবজ জুট মিল সম্পর্কে সুব্রতবাবু বলেছিলেন যে ১৪টি ট্রেড ইউনিয়ন মিলে কো-অপারেটিভ করে চলছিল, হঠাৎ মাঝখানে বোধহয় সুব্রতবাবুদের সঙ্গে বনিবনা হয়নি সেজন্য ঘন্টেশ্বরী, যিনি এক সময়ে কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন তিনি এবং একজন এখানকার বিধায়ক সুড়সুড়ি দিচ্ছেন। সেখানে হত্যা পর্যন্ত হয়েছে। রাজনৈতিক ফয়দা লুঠবার জন্য যা তা করছেন। প্রশাসনকে বিশৃঙ্খল করে দেবার জন্য এর চাইতে বড় ভূমিকা আর কি হতে পারে? বিশৃঙ্খলা ঘটাতে পারছেন না বলেই এখানে চেঁচামেচি করছেন। এখানে অনেক কথাই বললেন, কিন্তু ভাল কাজ যেগুলো হয়েছে সে সম্বন্ধে তো কিছু বললেন না? এখানে পঞ্চায়েতের নির্বাচন হয়ে গেল। চার চার বার পঞ্চায়েতের নির্বাচন হয়ে গেল। ৩২ হাজার পঞ্চায়েত আর ৭১ হাজার প্রার্থী এদের নির্বাচন হল। কারা করল এতবড় কাজ? সরকারি কর্মচারিরাই তো এটা করলেন। সুষ্ঠু প্রশাসন যদি না থাকে তাহলে তো এই কাজ করা কোনও মতেই সম্ভব নয়। প্রশাসন যে সুষ্ঠুভাবে চলছে এটাই তো তার জলজ্যান্ত উদাহরণ। আপনারা অপারেশন ব্লু স্টার করার নামে সারা ভারতে যে কান্ড ঘটিয়েছিলেন, এখানে মানসবাবু অনেক কিছু করেছিলেন, কি হল কয়েকদিন আগে? ওখানকার জনপ্রতিনিধি, পুলিশ প্রশাসন, সাধারণ মানুষ সবাই মিলে শান্তিপূর্ণ ভাবে যে জিনিসটা সম্পন্ন হল, এটা ওদের কাছে চপেটাঘাত করেছে। সেজন্যই ওঁরা এত চেঁচামেচি করছেন। এটা আপনাদের বোঝা উচিত, কিন্তু এটা আপনারা বুঝছেন না। এই সঙ্গে আমি কয়েকটি কথা আপনাদের জানাচ্ছি। আপনারা অনেক কথাই বলেছেন, তার উপরে আমার কথা হচ্ছে, আজকে সমস্ত পরিস্থিতিটা পাল্টে গেছে। ৭৭ সালে ক্ষমতায় আসার পর আমরা পরিষ্কার করেই বলেছিলাম যে সমস্ত ক্ষমতা রাইটার্স বিল্ডিংসে থাকবে না। বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে পঞ্চায়েতের মধ্যে দিয়ে গ্রামে ইউনিট তৈরি হয়েছে। গ্রামস্তরে ইউনিট সৃষ্টি হয়েছে। পঞ্চায়েত স্তরে একদিকে সভাপতি বিভিন্ন স্থায়ী সমিতিকে একত্রিত করে সমন্বয়ের কাজ করছেন, সেখানে সমন্বয়ের কাজটা

করছেন বি ডি ও। জেলাতে বিভিন্ন জেলা অফিসার, ডি এম সমন্বয়ের কাজ করছেন। বিভিন্ন জনপ্রতিনিধিদের স্থায়ী কমিটি নিয়ে জেলা সভাধিপতি কাজ করছেন। রাজ্যে যেমন আছেন মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব সেই সমন্বয়ের ভূমিকা নিচ্ছেন। সেখানে কাজ করতে গিয়ে ডি এম, বি ডি ও-দের সামগ্রিক ভাবে ক্ষমতা যেটা থাকার দরকার ছিল তা নেই। আমি অনুরোধ করব, সুষ্ঠুভাবে প্রশাসনিক স্বার্থে কাজ করার জন্য, কো-অর্ডিনেশনটা যাতে হবে, যাতে কাজটা তরান্বিত হতে পারে সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন।

আমি মনে করি কেবলমাত্র প্রশাসন দিয়ে নয় বা জনসাধারণ এবং জনপ্রতিনিধি দিয়ে নয়, সকলের সমন্বয়ে একটা সুষ্ঠভাবে প্রশাসন গড়ে উঠতে পারে। সেখানে পশ্চিমবঙ্গে এই বামফ্রন্ট সরকারের আমলে প্রশাসন প্রথম থেকেই একটি নির্দিষ্ট পথে এগিয়ে যাচ্ছে। কিন্তু তাই বলে একেবারে নিরবিচ্ছিন্নভাবে চলছে একথা বলতে পারি না। তার কারণ হচ্ছে ১৯৮৩ সালে মিত্র কমিশনের যে সুপারিশ ছিল তাতে অনেক টাকার ব্যাপার ছিল। টাকার ব্যাপার থাকলেও তাতে অনেক জেলা ভাগের কথা ছিল, যেমন জেলা ভিত্তিক বিভাজন, মহকুমা ভিত্তিক বিভাজন এবং এটা করতে পারলে প্রশাসনের দিক থেকে কাজের দিক থেকে অনেক সুবিধা হতে পারত। কিন্তু এরজন্য বহুকর্মচারী নিয়োগের দরকার এবং বহু টাকার দরকার, টাকা তো রাজ্য সরকারের হাতে নয়, ভারত সরকার তো আজকে দেনার জালে জড়িয়ে আছেন, আজকে দেউলিয়া হয়ে গেছে, সমস্ত বন্ধ করে দিয়েছে, বিদেশের কাছে মাথা পর্যন্ত বিকিয়ে দিতে হয়েছে। সেখানে থেকে টাকা দিচ্ছে না তো একটা রাজ্যের পক্ষ এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সেটা করা সম্ভবপর? আজকে প্রশ্ন উঠেছে যে বর্ধমান, মেদিনীপুর ভাগ হল না কেন? আমরা জানি ২৪ পরগনা উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনা হিসাবে ভাগ হয়েছে। কিন্তু এই ভাগের ফলে এমন অনেক সমস্যা দেখা দিচ্ছে যে অনেক কিছু দপ্তর জড়িয়ে রয়েছে, তারফলে দ্রুত কাজ করা যাচ্ছে না। এটা যদি জেলা প্রশাসন চালাতে গেলে গ্রাম পঞ্চায়েত স্তরে ট্যাক্স ইত্যাদির কাজ করতে গেলে মহকুমা স্তরে আরেকটু সমন্বয় কমিটি করার দরকার। সেই সমন্বয় কমিটির মাধ্যমে জেলা, ব্লক প্রভৃতির মধ্যে সমন্বয় সুষ্ঠভাবে চালাতে হবে। এতে জেলা প্রশাসনের কাজের সুবিধা হবে এবং জেলার পক্ষে সব একটা চাপ আসে না ২৪ পরগনাকে যে ভাগ করা হয়েছে এতে জনপ্রতিনিধি সরকারি কর্মচারী তাঁদের ঐক্যবদ্ধ প্রচেষ্টাতেই এটা করা সম্ভবপর হয়েছে। মাননীয় সৌগতবাবু বললেন যে সেখানে গতি নেই, প্রগতি নেই। গতি কাকে বলে আর প্রগতি কাকে বলে সেটা কি আপনাদের কাছ থেকে শিখতে হবে। প্রগতি বলতে কি টিভি পর্দায় যে ছবি দেখানো হয় এবং মেট্রো চ্যানেলে যে অনুষ্ঠানগুলো দেখানো হয় সেগুলোকে কি বোঝায়? কিন্তু আপনি গ্রামের দিকে গেলে দেখতে পাবেন সেখানে প্রশাসনের সাহায্যে গ্রামের ছেলেরা বিভিন্ন রকম সাংস্কৃতিক অনুষ্ঠান করছেন এবং একটা সুষ্ঠ প্রগতিশীল মনোভাব তৈরি হচ্ছে। আপনাদের প্রগতির ফলে আজকে টিভির দিকে তাকানো যায় না এবং যারফলে আপনারা আজকে পঞ্চায়েতে হেরেছেন এবং ৪০টি আসনে এসে দাঁড়িয়েছেন। তারা পঞ্চায়েত মাত্র ২-৩টি সিট পেয়েছে তাই নিয়ে এত উল্লাসের কোনও কারণ নেই। আজকে এই কংগ্রেস যত মানুষের মন থেকে মুছে যাচ্ছে তত তারা ক্ষিপ্ত হয়ে উঠছে। আজকে প্রশাসনের মধ্যে দিয়ে মেহনতি মানুষেরা ক্ষেতমজুরা তাদের জমি পেয়েছে এবং মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছে। এটাই হচ্ছে

ওদের বিরাট জ্বালা। সুতরাং গতি নেই, প্রগতি নেই এইসব কথা বলে আর কোনও লাভ নেই। আমরা সমস্ত বাধা অতিক্রম করে এগিয়ে যাচ্ছি এবং যাবে এইকথা বলে এই ব্যয় বরাদ্দকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55 — 5-05 p.m.]

**श्री निमा सेरिंग मोक्तान** : मिस्टर स्पिकार सर, बड़े दु:ख के साथ कहा पढ़ रहा है कि जवकि हमारे संविधान मे नेपाली भाषा को अनुसूची मे दर्जा मिला है, लेकिन यहाँ पर हमें वाध्य होकर हिन्दी मे बोलना पढ़ रहा है। जवकि हामारी मातृभाषा नेपाली है। अत: नेपाली मे बोलने मे सुबिधा हो हाउस मे नेपाली भाषा का भी रिकार्ड हो।

मिस्टर स्पिकार सर, मै मंत्री महोदय के प्रस्ताव का समर्थन करता हूँ। साथ-ही-साथ मै मंत्री महोदय से प्रोपसी इम्पलीमेन्ट ठीक से ध्यान देने का भी अनुरोध करुगां। और इस हाउस को भी बताना चाहता हूँ कि अभी भी दार्जिलिंग मे अनेक समस्या है। इस नजर अंदाज नही किया जाना चाहिए। और पहाढ़ी क्षेत्तों मे राज्य सरकार के मुख मंत्री के साथ और मंत्री महोदय लोग जाकर समस्या का धान-बीन करें कि किस तरह से वहाँ के लोग जिन्दगीं जी रहे हैं। सरकार के तमाम घोषणाओं के बाबजूद विकास का कोई काम-काज नही हो रहा है। कांउसिल को और सुविधा मिलना चाहिए। दार्जिलिंग गोरखा हिल कांउसिल की कुछ स्कीम के अन्दर कुछ काम शुरु हुआ है लेकिन ठीक रुप से नहीं हो रहा हैं। सही रूप मे नहीं रहा हैं। हाल में मुग्ख मंत्री और केन्द्रीय सुरक्षा राज्य मंत्री ने मिलकर दार्जिलिंग और कालिंपोग के लिए अनेक परियोजना और [illegible] चालु करने का एलान किया था। लेकिन दुर्भाग्य ही कहा जाए पहाड़ी पर रास्ता का हाल समस्या है, पानी की समुचित व्यवस्था नहीं है। इसी तरह की अनेक बड़ी-बड़ी समस्याएँ है। वहां स्कूलों की सुविधा नही है। राशन कार्ड बनवाने मे काफी परेशानी होती है। एम आर सोप मे सामान उपलव्धा नही रहता है। अनेक वार या कहे होता यह है कि वहाँ के लोगों को और हमलोग की भी नही मालूम है कि कौन सा काम पश्चिमबंगाल गोवर्न्मन्ट करेगी और कौन सा काम दार्जिलिंग गोरखा कांउसिल। इससे लोगों को काफी परेशानी होती है। एम एल ए की हैसियत से मुझे भी कई बार ऐसे दिक्कतों का सामना करना पड़ चुका है। जब किस डिपार्टमेन्ट मे कोई काम से जाने पर पता चलता है कि डिपार्टमेन्ट का ट्रान्सफर हो गया है। अत: मे श्री हाउस से जानना चाहुँगा कि विधानसभा का प्रतिनिधि होने के नाते, एम एल ए का काम किस तरह से कराना चाहिए वो भी ठीक हमें पता नहीं है। इसलिए ठीक इम्पलीमेन्ट होने के लिए सही जानकारी मिलने चाहिए।

हाल ही मे डी जी सी के एक एमेन्ड मके तहत क्षेत्र मे जहां बी डी ओ है उनके जगह सी डी को लाया जा रहा है। मैं कहना चाहता हं कि काम हो चाहे एस डि ओ ही या डी ए से कया फायदा। इसलिए राज्य सरकार को हम अनुरोध करेगें कि यहा सब एमेन्डमेन्ट बहूत मुशकिल त ही जाए, इस और भी ध्यान देना चाहिए कि कही इसके विरोध मे भी आन्दोलन शुरु हो जाय जितने भी मामला है उन्हे शान्तिपूर्ण ढंग से मिल-बैठकर सुलझा लेना चाहिए। समय रहते मामला न सुलझाया गया तो बाद मे अशान्ति हो जाएगी। शान्ति कायम रखने के लिए, राज्य सरकार को बहूत सी समस्याओ का सामना करना पढ़ेंगा पहाढ़ी क्षेत्रो मे सुरक्षा का रूप सही रखने के लिए? दार्जिलिंग गोरखा पार्वत्य परिषद के साथ तालमील रखना होगा। साथ-ही-साथ एम एल ए होने के नाते यह नजर रखना होगा, चलकर देखना होगा कि भविष्य में कोई गड़वड़ी उत्पन्न नही। यह वाममोर्चा सरकार और केन्द्रीय सरकार दोनो को देखना होगा कि कोई समस्या उत्पन्न न ही। नेपाली भाषा पर ध्यान नही दिया गया तो भविष्य मे यह बहुत बड़ी समस्या बन सक्ती है। नेपाली मे बोलने की सुविधा हो, पढ़ने-लिखने की सुविधा मिलना चाहिए। नेपाली भाषा बोलने की सुविधा मिलती चाहिए। नेपाली भाषा मे जो वक्तव्य देना चाहता है, रिकार्ड होना चाहिए। नेपाली भाषा को राज्य सरकार द्वारा विशेष प्रोत्साहन मिलना चाहिए। नेपाली भाषा वी अनुसूची के अन्तर्गत केन्द्रीय भाषा है। इमे हिन्दी बोलने में हाउस मे असुविधा होती है।

**मिस्टर स्पिकार** : आप लोग जो नेपाली भाषा मे बोलने की मांग कर रहे हे। हस आपसे सहमत है। लेकिन कुछ समस्या रह जाता है। नेपाली भाषा मे कोई सदस्य बोलना चाहते है, कोई हर्ज नही है। परन्तु जो प्रोसिडिंग तैयार होती है उसमे बहुत असुविधा होगी। इसे हम प्रयासरत है कि आपलोग नेपाली मे बोल पाएँ। इसमे कुछ टेकनिकल असुविधा है। लोकसभा मे व्यवस्था है कि कोई भाषा मे बोल सक्ते है, लेकिन उसकी प्रति हिन्दी या अंग्रजी मे देना होता है। सेशन के बाद इस संबंध मे इंजीनियर से भी बात करेगे। नेपाली मे रिपोर्टर लेने की बात कर रहे है। लेकिन चुकि नेपाली बोलने को कुछ धार्य भी रखना होगा। चुकि यहाँ का सदन का जो मशीन है वह भी बहुत पुराना है, उसका टेकनिकल रिकवायरमेन्ट होना चाहिए। इस लोग इम ओर प्रयासरत है आपलोग को भी हमलोगों के साथ सहयागिता करना हागा। थांन्कयु।

[5-05 — 5-15 p.m]

**শ্রী ব্রহ্মময় নন্দ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এই স্বরাষ্ট্র ও কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী জ্যোতি বসু ১৮ ও ১৯ নম্বর

অধীনে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং বিরোধীদের সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। স্যার, একটা কথা আছে জন্ডিস রোগ হলে সব কিছু হলদে দেখায়। কংগ্রেস দল আজকে দ্বিধারায়, ত্রিধারায় বিভক্ত হয়ে গেছে। আই এ এস অফিসার, ডবলু বি সি এস অফিসার তাদের ঝগড়া আমরা দেখিনি, তারা একসঙ্গে নিজেদের কাজ করে যাচ্ছে। তাদের মধ্যে যদি ঝগড়া হত তাহলে এতবড় একটা দেশ চলত না, তাদের মধ্যে একটা কো-অর্ডিনেশন আছে। রাজ্য পরিচালনার ক্ষেত্রে আমাদের রাজ্যের অফিসারদের যথেষ্ট কৃতিত্ব আছে বলে আমরা মনে করি। কিছু ভুল ভ্রান্তি থাকতে পারে, কিছু কিছু অমর্যাদাকর ঘটনা ঘটতে পারে তবে সেসব ক্ষেত্রে যথার্থভাবে তার প্রতিবিধান হয়, অফিসারদের ট্রান্সফার করা হয়, তাদের জবাবদিহি করতে হয়, ট্রান্সফার পর্যন্ত তাদের হয়। কাজেই আমরা মনে করি, ভারতবর্ষে যতগুলি রাজ্য আছে তারমধ্যে পশ্চিমবঙ্গে শাসনতান্ত্রিক দিক থেকে পরিষ্কার ও পরিচ্ছন্ন প্রশাসন আমরা দিতে পেরেছি। এই যে পশ্চিমবঙ্গে এতবড় সাক্ষরতার আন্দোলন হয়ে গেল, এই আন্দোলনের বিরাট ভূমিকা অফিসাররা পালন করেছেন। তারপর যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল, সেই পঞ্চায়েত নির্বাচনে প্রশাসনে যারা আছেন আমরা দেখেছি তারা দিনের পর দিন কি আপ্রাণ পরিশ্রম করে পঞ্চায়েত নির্বাচনকে সাফল্যমন্ডিত করে তুলেছিলেন। কাজেই শুধু সমালোচনার জন্যই সমালোচনা নয়, আমরা চাই প্রকৃতপক্ষে গঠনমুলক সমালোচনা কিন্তু সেই সমালোচনা বিরোধী পক্ষের তরফ থেকে করা হল না। ওরা বললেন, এই বইটা আরও অনেক বেশি পাতার হলে এবং আরও ভারী হলে ভাল হত কিন্তু আমরা মনে করি যে সব কথা বলার দরকার সংক্ষিপ্ত আকারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তা এই বই-তে রেখেছেন। জেলা ভাগ নিয়ে এখানে কিছু কিছু কথা হয়েছে। ২৪ পরগনা এবং দিনাজপুর জেলা ভাগ করা হয়েছে কিন্তু আমরা মনে করি আমাদের এখানকার যে বৃহত্তম জেলা সেই মেদিনীপুর জেলাকে এখনই ভাগ করা দরকার। তা না হলে এতবড় একটা জেলার উত্তর দক্ষিণ, পূর্ব পশ্চিম-এর মধ্যে যোগাযোগ রক্ষা করা খুবই কঠিন। মেদিনীপুর জেলা ভাগ না হওয়ায় সেখানকার সাধারণ মানুষদের এবং অফিসারদের অসুবিধা হচ্ছে। তমলুক প্রশাসনিক ভবন কমপ্লিট, অনেক দপ্তরও এসে গিয়েছে কাজেই সে দিক থেকে তমলুককে একটা জেলা হিসাবে ঘোষণা করা দরকার। এর পর আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করব। পশ্চিমবঙ্গের মধ্যে যেসব এলাকা যেসব এলাকা সমুদ্রের উপকূলে অবস্থিত সেগুলি যাতে একেবারে অরক্ষিত না থাকে এবং সেখানে যাতে পর্যাপ্ত পুলিশি ব্যবস্থা করা যায় সেদিকে আমি দৃষ্টি দিতে বলব। এই প্রসঙ্গে বলতে গিয়ে মেদিনীপুর জেলার খেজুরি থানার জল পুলিশের ব্যবস্থাকে কার্যকর করার জন্য আমি অনুরোধ জানাব। এই প্রস্তাব অনেক দিন ধরেই আছে। তারপর আমাদের তমলুক মহকুমাতে সেচ, পূর্ত, সড়ক দপ্তর যেসব কাজ করেন বিধায়করা তা জানতে পারেন না। অর্থাৎ কতগুলি খাল কাটা হবে, কোন রাস্তার কাজ কতদূর হবে সেটা বিধায়করা জানতে পারেন না। এগুলি যাতে বিধায়করা জানতে পারেন সে ব্যবস্থা করা দরকার। আমি আবার মেদিনীপুর জেলাকে ভাগ করার বিষয় অনুরোধ জানিয়ে এই বাজেটকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমি শেষ করলাম।

**শ্রী প্রশান্ত প্রধান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন খাতে মাননীয় মন্ত্রী

মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনগুলির বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, বিরোধীদের কথা শুনে মনে হচ্ছে, ওরা ভাবছেন, পশ্চিমবঙ্গে বুঝিবা সমাজতন্ত্র এসে গিয়েছে। এটাই হচ্ছে ওদের প্রথম গলদ। একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটা অঙ্গ রাজ্যে ক্ষমতায় এসে এবং পুরানো প্রশাসনকে উত্তরাধিকার সূত্রে পেয়ে আমাদের কাজ করতে হচ্ছে এবং তা নিয়ে চলতে হচ্ছে। এখানে নতুন কিছু করার মতোন পরিস্থিতি নেই। একথা সকলেই আমরা মনে করি জানেন। একথা গোটা বিশ্বের লোকও জানেন এবং সেটা জেনে গোটা বিশ্বের লোক পশ্চিমবঙ্গে ছুটে আসছেন এটা দেখতে যে এই অবস্থার মধ্যে এত ভাল করে আমরা কি করে এখানে প্রশাসনকে চালাচ্ছি। যখন বামফ্রন্ট সরকার প্রথম ক্ষমতায় আসে তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন আমরা একটা গণমুখি সরকার গঠন করব। আমরা যাই করব, আমরা জনগণের সঙ্গে অলোচনা করে করব। কতটা পারলাম, কতটা পারলাম না, কেন পারলাম না সেটা জনসাধারণকে বলব। সরকারে এলাম আর একটা পরিচ্ছন্ন প্রশাসন যান্ত্রিক ভাবে চালু হয়ে গেল, এটা কখনও হয়, সুব্রত বাবু এটা ভুল করছেন। তবে আপনাদের সময়ে প্রশাসন যেভাবে ক্যালিমা লিপ্ত হয়েছিল, সেই কালিমা আমরা অনেকটা পরিষ্কার করতে পেরেছি। উদাহরণ স্বরূপ বলতে পারি, তাকিয়ে দেখুন কি হচ্ছে প্রশাসনে। কো-অপারেটিভ নির্বাচনে, বিদ্যুতে, খরা বন্যা মোকাবিলায়। সব এই জনসাধারণকে নিয়ে কাজ হচ্ছে। ভূমি সংস্কার আজকে সফল। গ্রামের মানুষ কি কোনওদিন ভাবতে পেরেছিলেন আর্থ সামাজিক উন্নতির ফলে এতটা ব্যাপক পরিবর্তন আসবে?

আপনি বিল্ডিং এর কথা বলছেন। আমাদের সময়ে প্রতিটি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে অনেক নতুন বিল্ডিং হয়েছে। আমার এলাকায় আপনাদের সময় ৫২ সালে যে বাড়ি হয়েছিল তার খুঁটি ভেঙে পড়ে যায়। কিন্তু এখন অজস্র নতুন বিল্ডিং হয়েছে। আপনারা ভালটা দেখবেন না। কারণ আপনারা সকলে কালো চশমা পরে আছেন। কৈ একবারও তো ইনট্রিগেটেড সেট আপের কথা বললেন না? আপনারা কি করলেন, কিছু জে এল আর ও কে উৎসাহ দিলেন, হাইকোর্টে গিয়ে এটাকে আটকাতে। শেষ পর্যন্ত অবশ্য পারেন নি। দার্জিলিং এর ব্যাপারে যদিও অবশ্য এখন আপনারা আমাদের সঙ্গে সহমত। কিন্তু সুব্রত বাবু আপনাকে বলছি না, আপনাদের কিছু নেতা সুভাষ ঘিসিংকে উস্কানি দিয়েছিলেন। পাটনা থেকে নিজেরা খরচ করে বিমানে করে দিল্লিতে নিয়ে গিয়েছিলেন, এটা তো ঘটনা। এখন উস্কানি কমিয়েছেন, দার্জিলিং-এও উন্নতি পরিলক্ষিত হচ্ছে।

[5-15 — 5-25 p.m.]

জেলা বিভাজনের প্রশ্নে বলতে পারি, এই ব্যাপারে আগে আলোচনার সূত্রপাত হয়েছিল এবং মেদিনীপুরের কথা এসেছিল। তমলুককে সেন্টার করে একটা ব্যবস্থা নেবার কথা ভাবা হয়। তমলুকে এ ডি এম এর কমপ্লেক্স হয়েছে, একজন এ ডি এম একজন অ্যাডিশনাল এস পি পোস্টিং হয়েছে। ডি আই অফিস হয়েছে। কিন্তু আপনারা কি করছেন, ওখানে কিছু কিছু লোক আছেন, যারা জজ কোর্টকে আনতে দেবেন না, কিছু কিছু অফিসার আছেন, আপনাদের সমর্থক, তারা ইরিগেশন দপ্তরকে আনতে দেবেন না। এইগুলো একটু বন্ধ করুন, তাহলে

কাজটা সুষ্ঠু ভাবে হবে। এখানে বক্তব্য রাখবেন, রাখুন। কিন্তু বক্তব্যের মধ্যে দিয়ে উস্কানি দেবেন না। খারাপ কাজ বন্ধ করা দরকার আছে। উস্কানি দিয়ে তা বাড়ানো উচিত নয়। যদি আমরা কিছুই প্রশাসনিক সংস্কার না করতে পারতাম তাহলে আমরা আজকে এতটা এগোতে পারতাম না। এই প্রসঙ্গে একটা কথা আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই। মহকুমা স্তরে এস. ডি. ও দের ওপর কিছুটা তদারকির দায়িত্ব দেওয়া হোক। তাতে আমার মনে হয় প্রশাসনিক কাজ কর্ম আরও একটু গতিশীল হবে। কাজকর্ম এক্সপিডাইট হবে, মনিটারিং ঠিকমতো হবে। সুতরাং এটা দেখতে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। দেশের প্রচলতি কাঠামোর মধ্যে আমাদের রাজ্যে প্রশাসনকে যে নতুন ভাবে চালাবার চেষ্টা করা হচ্ছে এটা পৃথিবীর ইতিহাসে একটা দিগন্ত সৃষ্টি করেছে। দেশ, বিদেশের মানুষ আমাদের নতুন প্রশাসনিক ব্যবস্থা দেখতে আসছে। আমাদের যতটুকু ক্ষমতা তার মধ্যে আমরা কাজ করবার চেষ্টা করছি এবং সমস্ত মানুষের জন্য কাজ করবার চেষ্টা করছি। এই কটি কথা বলে এই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আই অ্যামিউজ দ্যাট দি হাউলিং অব মাই ফ্রেন্ডস অপোজিট। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে ১৮ এবং ১৯ নং দাবির অধীন ব্যয় বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন তার উপর আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় মুখ্যমন্ত্রীকে সবিনয় নিবেদন করতে চাই, একাধিকবার আপনি বলেছেন যে, ইউ হ্যাভ ইনহেরিটেড দি অ্যাডমিনিস্ট্রেশন একথা আপনি একাধিকবার বলেছেন। আপনি ১৬ বছর ক্ষমতায় আছেন। এর মধ্যে আপনি একাধিকবার বলেছেন যে, ইউ হ্যাভ ইনহেরিটেড দি সিস্টেম। ইতিপূর্বে মোরারজি দেশাইয়ের নেতৃত্বে যে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন তৈরি হয়েছিল, সেটা ছাড়া, অ্যাপার্ট ফ্রম দ্যাট আপনি আপনার পরাজিত অর্থমন্ত্রীকে চেয়ারম্যান করে ৮৩ সালে এখানে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি তৈরি করেছিলেন। কিন্তু তার কোনও উল্লেখ আজকে আপনার বাজেট বক্তৃতায় পেলাম না। সামান্য কিছু হয়ত আছে, কিন্তু আরও কিছু বলার ছিল। আপনি সব সময় আপনার অর্থমন্ত্রীকে দিয়ে এখানে বলান যে, আপনাদের সীমিত অর্থনৈতিক ক্ষমতা। রাজ্যগুলির সীমিত আর্থিক ক্ষমতা কিম্বা ওদের আর্থিক অসুবিধার জন্যই সারা ভারতবর্ষে ফিনান্স কমিশন তৈরি হয় এবং এই ফিনান্স কমিশনের কাছে রাজ্যগুলো তাদের ক্রিটিকাল গ্যাপগুলোর কথা উপস্থাপিত করে। এখন টেন্থ ফিনান্স কমিশন চলছে। আপ টু নাইন্থ ফিনান্স কমিশন আপনার অধীনে তিনটে ফিনান্স কমিশন গিয়েছে। সেগুলোর কাছে আপনি রাজ্যের তরফ থেকে কি কি দাবি পেশ করেছেন, সেসব কিছু আপনার এই বক্তব্যের মধ্যে নেই। তাঁরা আপনাকে কত টাকা মঞ্জুর করেছে, কতটা ক্রিটিকাল গ্যাপ আছে, কতটা করতে পারেন নি, সেটা আপনার বাজেট বক্তৃতায় কিম্বা যে বই আপনি দিয়েছেন সেন্ট্রু গ্রান্টের বই-এর মধ্যে পাচ্ছি না। আপনার কাছে আমি সবিনয়ে জানতে চাই যে, আপনি পঞ্চায়েত ইলেকশনের পরে এই বাজেট বরাদ্দ উপস্থাপিত করছেন, কিন্তু দুঃখের কথা এই বাজেট বিবৃতি লিখেছেন পঞ্চায়েত ইলেকশনের আগে, এর মাঝে যে মেশিনারি দিয়ে আপনি পঞ্চায়েত ইলেকশন কন্ডাক্ট করেছেন তাতে কম করেও ৬০ জন মানুষ নিহত হয়েছে, পঞ্চায়েত ইলেকশনকে কেন্দ্র করে ৬০ হাজার মানুষ গৃহহীন হয়ে

রয়েছে এবং কম করেও ১০ হাজার মানুষ হাসপাতলে আছে, তা কি আপনি জানেন ?

(প্রচন্ড গোলমাল)

(**) তোমরা কেন চিৎকার করছ (***)? হোয়াই আর ইউ (***)।

**মিঃ স্পিকার ঃ** বলতে দিন, বলতে দিন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনারা যদি আমাকে বলতে বাধা দেন তাহলে আমিও চিফ মিনিস্টারকে বলতে দেব না। ইফ (***) চিফ মিনিস্টারকে বলতে দেব না। ইফ ইউ স্পিক লাইক দ্যাট উই উইল নট অ্যালাও চিফ মিনিস্টার টু স্পিক। আপনি এইভাবে হাউস চালাচ্ছেন। আমি বলব না, আই কনক্লুড। হোয়ার ইজ ইওর রুল ৩৪৭? হোয়াট আর ইউ ডুয়িং? বলব না হাউস চালাচ্ছেন এখানে! আজকে এখানে ৬ হাজার বাড়ি পুড়িয়ে দিয়েছেন, তার কোনও উল্লেখ নেই! গভর্নরের কাছে দাবি করেছিলাম এত বড় খুন, এত বৃহৎ অত্যাচার, এত বড় সন্ত্রাস—গোটা পৃথিবী যেখানে কাঁপছে —ভুলে গেছেন? এই সন্ত্রাস করে .......

(গোলমাল)

স্যার, ইফ দি হাউলারস বিহেভ লাইক দিস্ আই উইল নট অ্যালাও দি চিফ মিনিস্টার টু স্পিক উইথ মাই মেম্বারস আই টেল ইউ.

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** বলতে দিন, বলুন, বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আজকে একবারও সে কথা বলেন নি। এই বিহেভিয়ারের জন্য আপনাদের সারা বিশ্বজুড়ে পতন হয়েছে। রাশিয়ায় আজকে কমিউনিজম নেই, পূর্ব ইউরোপে নেই, এখানেও আজকে নাভিশ্বাস উঠেছে। ২১টি দেশের কমিউনিস্ট নেতাদের নিয়ে এসে অক্সিজেন, কোরামিন দিয়েছেন। কিন্তু এতে কমিউনিজম বাঁচবে না। আপনাদের এই মতবাদ ভ্রান্ত, এই মতবাদ অচল, এই মতবাদ মিথ্যা, এটা চালাতে পারবেন না। কিন্তু দুঃখের কথা, আপনি তারই অনুসারি।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** ডোন্ট ডিসটার্ব। ডাঃ আবেদিন ইউ গো অন,

(গোলমাল)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ইফ ইউ বিহেভ লাইক ক্যাটস অ্যান্ড ডগস লাইক জ্যাকেলস অ্যান্ড ফকসেস, ইউ উইল বি বিহেভড ইকোয়ালি। এই রকম করলে জ্যোতি বসুকেও বলতে

Note : **Expunged as ordered by the chair

দেব না। আজকে যে অবস্থা হয়েছে—আমি আপনার কাছে জানতে চাই—ফরোওয়ার্ড ব্লক এখানে চিৎকার করছে—আপনাদেরই শরিক ফরোওয়ার্ড ব্লক, বড় শরিকের বিরুদ্ধে অভিযোগ এনেছে। একদলীয় শাসন ব্যবস্থা প্রবর্তন করতে চান, সেকথা কেন আপনি বলেন নি আপনার বাজেট বক্তৃতায়? ফরোওয়াড ব্লকের রাজ্য সম্পাদক, শ্রী অশোক ঘোষ বলেছেন—'জোতি বসু এখানে এক দলীয় শাসন ব্যবস্থা প্রবর্তন করতে চায়। ছোট শরিকদের খেয়ে ফেলতে চান।' এই কথা বাজেট বক্তৃতায় নেই কেন? আজকে তাদের সঙ্গে চাকর-বাকরদের মতোন ব্যবহার করছেন।

(গোলমাল)

একদলীয় শাসন ব্যবস্থা প্রবর্তন করতে চান কিনা, সেকথা খোলাখুলি বলবেন, ইফ ইউ হ্যাভ মিনিমাম রেসপেক্ট ফর দি পার্লামেন্টারি ডেমোক্রাসি কারণ, আমাদের সোসাইটি প্লুরাল সোসাইটি। উই হ্যাভ অ্যাডপটেড ফর।

(গোলমাল)

তোমাদের বিরোধী পক্ষ তোমাদের যম।

(ভয়েসেস ফ্রম দি ফরোওয়ার্ড ব্লক বেঞ্চেস তোমার বাবা)

(***) এই রকম করলে আমি বলব না। আর একটা কথা বলি তোমাদের অ্যাডমিনিস্ট্রেশন

(গোলমাল)

(অ্যাট দি স্টেজ ডাঃ জয়নাল আবেদিন টুক হিজ সিট)

**মিঃ স্পিকার** ঃ ডোন্ট ডিসটার্ব হিম। ডাঃ আবেদিন কন্টিনিউ ইওর স্পীচ, আপনি বলুন।

[5-25 — 5-35 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ কি মনে করেছেন এখানে? স্যার, হোয়াই ডোন্ট ইউ কন্ট্রোল (***)? হ্যাভ ইউ ম্যানেজড টু ফরগেট রুল ৩৪৭? আজকে পলিটিলাইজেশন অব দি অ্যাডমিনিস্ট্রেশনে—আজকে কেউ থাকবে না যদি সি পি এমের মতবাদে সাবস্ক্রাইব না করে। এদের আনুগত্য নট টু দি কন্সটিটিউশন টু দি আইডিওলজি অব দি রুলিং লেফট ফ্রন্ট। আজকে মারাত্মক প্রবণতা সৃষ্টি করেছেন। হোয়াই? এর আজকে জবাব দেবেন? যাদের আপনারা বসিয়েছেন সুপারসিড করে, স্টেশন দিয়েছেন, অফিস দিচ্ছেন লেজিটিমেট ক্লেম উপেক্ষা করে, যাদের সুপারঅ্যানুয়েশন দিচ্ছেন, তাদের পরিচয় সুদীপবাবুরা রেখেছেন—আপনার জয়েন্ট সেক্রেটারি কি করে আপনার নাম ভাঙিয়ে—এই গভর্নমেন্টের একটা এনকোয়ারি

Note : Expunged as ordered by the chair

**করার ক্ষমতা আছে? আমরা দাবি করেছিলাম**

**(ভয়েস ফ্রম দি ফরোয়ার্ড ব্লক বেঞ্চস : পাগল)**

(****) হ্যাঁ, আমি বলব, আই উইল সে লাইক দিস (****)

**(গোলমাল)**

**মিঃ স্পিকার :** বসুন, বসুন, বসুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** আপনি এখানে অযোধ্যার ঘটনার পর আপনাকে আমি চ্যালেঞ্জ করি আপনার প্রচার মন্ত্রী বসে আছে, এখানে আপনি অযোধ্যায় ঘটনার পর কোন.....

**(গোলমাল)**

**(ভয়েজেস ফ্রম ফরোয়ার্ড বেঞ্চেস)**

(***) একশ বার বলব।

**মিঃ স্পিকার :** বসুন বসুন, বসুন। ডাঃ আবেদিন , আই ..... আপনি ভদ্রলোক তো। আপনার এসব ভাষা অ্যাকসেপ্ট করা যায় না।

**(গোলমাল)**

**(ভয়েজেস ফ্রম ফরোওয়ার্ড ব্লক বেঞ্চস : (জয়নাল আবেদিন মহাশয়ের প্রতি) আপনি বাবা তুলছেন কেন?)**

**ডাঃ জয়নাল আবেদিন :** একশবার তুলব। (***)

**(গোলমাল)**

আপনাকে একটি কথা জিজ্ঞাসা করছি আজকে পঞ্চায়েত করে ডিসেন্ট্রালাইজেশন অফ পাওয়ার করেছেন।

**(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)**

আমি বলব না। বসে পড়ছি।

**(এই সময় ডাঃ জয়নাল আবেদিন নিজ আসনে বসে পড়েন)**

**(গোলমাল)**

---

Note : Expunged as ordered by the chair

[ 7th July, 1993 ]

**মিঃ স্পিকার :** বসুন বসুন, বসুন। ডাঃ আবেদিন, প্লিজ কনক্লুড ইওর স্পিচ। লেট হিম কনক্লুড হিজ স্পিচ।

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার।

**Mr. Speaker :** No. point of order. Dr. Adedin, you are a senior member of the House. I only appeal you to use temperate language. You should not response to the provocations. You should not use intemperate language. It is your fault and not fault of mine. Hon'ble members should not use such languages. On the floor of the Hosue. You are a senior member of the House. House should not use such languages.

বসুন সুব্রতবাবু। প্লিজ টেক ইওর সিট। ডাঃ আবেদিন, প্লিজ কনটিনিউ ইওর স্পীচ।

**(এই সময় শ্রীমতী ছায়া ঘোষ কিছু বলতে ওঠেন)**

**মিঃ স্পিকার :** মিসেস ঘোষ, প্লিজ টেক ইওর সিট।

**Dr. Zainal Abedin :** No I will not speak, Your impartiality is not recongnised by us. Why you have forgot 347. I will not speak. Ask Chief Minister to speak.

**মিঃ স্পিকার :** তাহলে মিঃ বসু আপনি আপনার জবাবি ভাষণ রাখুন।

**শ্রী জ্যোতি বসু :** মিঃ স্পিকার স্যার, হোলটা কি আমি বুঝতে পারছি না। ডাঃ আবেদিন, আপনার কি হয়েছে? কেন বলছেন না? আপনি শেষ করুন না। চেঁচামেচি তো হয়ই। আপনারাও তো এটা করেন। ঐ তো বাবা-টাবা কিসব বললেন। আপনি বলুন না।

**ডাঃ জয়নাল আবেদিন :** না, আমি বলব না।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ছাঁটাই প্রস্তাবগুলি এসেছে সেগুলোর বিরোধিতা করে এবং আমার ১৮ এবং ১৯ নং দাবি যা এখানে রেখেছি তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। এখানে এমন সব বিচ্ছিন্ন ঘটনার কথা বলা হয়েছে যে এসব গুছিয়ে বলা কখনও সম্ভব নয়। তবে বিশেষভাবে কিছু কিছু বক্তব্য যেগুলি রাখা হয়েছে, আমি সেই সম্পর্কে বলব। প্রথমটা হচ্ছে যে এখানে সুব্রতবাবু বললেন, এটা এত গুরুত্বপূর্ণ বিভাগ, এখানে দুই পাতা বক্তৃতা মাত্র মুখ্যমন্ত্রী দিলেন। ওঁর জানা উচিত কারণ উনি মন্ত্রী ছিলেন। এটা এমন একটা বিভাগ, বিভিন্ন ডিপার্টমেন্টের যে বাজেট সেই সবের চুম্বক এর মধ্যে এনে দেওয়া। কাজেই যেগুলি এর সঙ্গে সংশ্লিষ্ট, প্রয়োজন আছে সেটাই দেওয়া হয়েছে। এটা বারে বারে হয়েছে, এটা এমন কোনও নতুন কথা নয়। ইংরাজিতে একটা কথা আছে যে ব্রেভিটি ইজ দি সোল অব উইট। কাজেই ব্রিফ হলে সব জিনিসগুলি থাকে চুম্বকের মধ্যে এবং বক্তৃতাও চমৎকার হয়। শুধু বড় বড় কথা বললেই ভাল বক্তৃতা হয়, এটার কোনও

মানে নেই। এটা এত গুরুত্বপূর্ণ, স্বাভাবিক অবস্থায় অনেক ছাঁটাই প্রস্তাব আসে। কিন্তু এখানে দেখছি যে চারটে চারটে করে ৮টা কাট মোশন আছে এবং সেটাও গ্রহণ করা হয়েছে। তারপরে এখানে বারে বারে বলা হয়েছে যে দিনাজপুরকে ভাগ করলেন। হ্যাঁ। কিছু কিছু জেলা আছে যেটা প্রশাসনের প্রয়োজনে, জনগণের প্রয়োজনে ভাগ করা হয়েছে। কিন্তু হঠাৎ বললেন যে রাজনৈতিক কারণে দিনাজপুরকে ভাগ করেছেন উত্তর এবং দক্ষিণ। রাজনৈতিক কারণ কি? কংগ্রেস ওখানে কোথায় আছে? ওখানে বামপন্থী সবচেয়ে বেশি। সে দিক থেকে বিচার করলেও এটা দেখা যাবে। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে থেকে এই সুপারিশ আছে। এটা ওরা করতে পারেনি। আমরাও আগে করতে পারিনি, এখন করছি। এই রকম আরও জেলা আছে, বর্ধমান, মেদিনীপুর, এগুলিও করার প্রয়োজন আছে, নানা কারণে করতে পারছি না। আমরা ২৪ পরগনায় করেছি। এটাও ডাঃ রায়ের আমলে ছিল, আমরা করেছি। কাজেই এই সব সম্বন্ধে রাজনৈতিক কারণ কি আছে আমি বুঝতে পারলাম না। তারপরে দুর্নীতি সম্পর্কে একটা কথা উঠেছে। ৪০/৪৫ বছর ধরে কংগ্রেস রাজত্ব করেছে। তারা দুর্নীতিতে ভরিয়ে দিয়েছেন। তার প্রতিফলন পশ্চিমবাংলায় হবে না, একথা আমি বলতে পারব না। সেই প্রতিফলন হচ্ছে এবং আমাদের প্রশাসন দুর্নীতিমুক্ত হয়ে গেছে, আমি কখনই সেকথা বলতে পারব না। তবে ভিজিলেন্স কমিশন আছে, যেগুলি ধরা পড়ছে তাদের সাজা হচ্ছে, চার্জ শিট হচ্ছে, তার হিসাব আমার বক্তৃতায় আমি দিয়েছি। তারপরে এখানে দুই রকম কথা বলা হয়েছে। এক রকম হচ্ছে, মুখ্যমন্ত্রী সব কুক্ষিগত করেছেন। ডাঃ রায়ের সঙ্গে তুলনা করা হয়েছে। ডাঃ রায়ের সময়ে আমাদের পক্ষে সুবিধা হত। কারণ একজনের কাছে গেলে হত। অন্য কোনও মন্ত্রীর বিভাগ, এই সব তিনি দেখতেন না। উনি যদি রাজি হতেন তাহলে তখনই লিখে দিতেন যে এটা করে দাও। কিন্তু আমাদের সময়ে এটা হয় না। আমরা অনেকগুলি পার্টি মিলে যৌথভাবে কাজ করি। তবে মুখ্যমন্ত্রী হিসাবে এলে আমি দেখি। তানাহলে বিভিন্ন দপ্তরের মন্ত্রী আছেন, সেই মন্ত্রীকে বলতে হয় আলোচনা করতে হয়। কাজেই ক্ষমতা কুক্ষিগত করার মতো কিছু হয়নি। তারপরে একজন বললেন যে যখন কোনও ঘটনা ঘটে তখন জ্যোতিবাবু অন্য লোককে সেখানে পাঠিয়ে দেন, নিজে যান না। এটাইতো ঠিক জিনিস। আমরা যৌথ ভাবে কাজ করি। কোনও একজন মন্ত্রী সব কাজ করবে এটা আমাদের কালচার নয়। এটা কংগ্রেসি কালচার ছিল। তারা সমস্ত কিছু কুক্ষিগত করে রেখেছিল। আমাদের সময়ে এই সব হয় না। আমরা যৌথভাবে কাজ করি এবং যার যেখানে প্রয়োজন তাকে সেখানে পাঠানো হয়। আমি না গেলেও তারা যান, বিষয়টা সরেজমিনে তদন্ত করেন, দেখেন। এটা আমাদের সময়ে হচ্ছে, কংগ্রেসের সময়ে কখনও এসব জিনিস ছিল না।

[5-35 — 5-45 p.m.]

আমি ছিলাম তো তখন বিরোধী দলে। তারপর ক্ষমতার বিকেন্দ্রীকরণ, এটা তো আমরা করেছি। কোনও কংগ্রেস রাজ্য ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছে? এখন আমাদের দেখাদেখি কেন্দ্র একটা আইন পাস করে, ভাল আইন, আশা করি এই আইন প্রয়োগ হবে। প্রয়োগ হবে? সমস্ত রাজ্যের পক্ষ থেকে তাঁরা করবেন কিনা জানিনা। আমরা করেছি। যে দিন সরকারে এসেছি সেই দিন থেকেই ক্ষমতার বিকেন্দ্রীকরণ করবার কথা বলেছি। কেন্দ্রকে বলেছি রাজ্যগুলিকে আরও ক্ষমতা দিন, তাতে কেন্দ্র শক্তিশালী হবে এবং রাজ্যগুলিও

শক্তিশালী হবে। এই জিনিস পশ্চিমবাংলায় আমরা দৃষ্টান্ত রেখেছি, ভারতবর্ষের কোথাও নেই, কোনও কংগ্রেস রাজত্বে নেই, কোনও বি জে পি-র রাজ্যে নেই, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, পৌরসভা ইত্যাদি নেই। একটা নির্দিষ্ট কথা বলা হয়েছে। সেইজন্য ২৮ বছরের কংগ্রেস রাজত্বের সঙ্গে তুলনা করতে হবে, এখন যে যেখানে রাজত্ব চলছে তার সঙ্গে তো তুলনা করতে হবে। তুলনা করে দেখলে দেখা যাবে সর্বশ্রেষ্ঠ ব্যবস্থার আমাদের এখানে সরকার পরিচালনা হচ্ছে। ক্ষমতার বিকেন্দ্রীকরণ সম্বন্ধে কেন্দ্রীয় সরকার স্বীকার করেন, প্ল্যানিং কমিশন স্বীকার করেন লিখিত ভাবে, আপনারা হইচই করলে কি হবে? বিরোধী দল, তাই ওরা অস্বীকার করেন। পেনশনের ক্ষেত্রে বলা হয়েছে। এই কথা ঠিক যে আমার কাছে এই ব্যাপারে অভিযোগ আছে, কাগজে দেখতে পাই, সময়মতো পেনশন পায় না। এই ব্যাপারে খানিকটা ব্যবস্থা করা হয়েছে, কিছু সুরাহা হয়েছে, সবটা হয়েছে বলব না। কয়েকটি ক্ষেত্রে পেনশন এ জি-র কাছে সরাসরি যায়। শিক্ষা দপ্তরের পেনশন ফিনান্স ডিপার্টমেন্টে যেতে হয় না, এ জির কাছে চলে যায়, স্কুল থেকে এ জি। তারপর যা করার তারা করেন। আমি যে চিঠিপত্র পাই, নির্দিষ্ট খবর পাই, যা শুনি তাতে দেখতে পাচ্ছি এই ব্যাপারে সুরাহা সম্পূর্ণ ভাবে হয় নি। তবে একটু উন্নতি হয়েছে, আরও উন্নতি করতে হবে। এটা তো ভয়ঙ্কর কথা। আমরা এটা ঠিক করেছি হিসাবপত্র যদি না পাওয়া যায় তাহলে একটা অংশ পেনশন দিয়ে দিতে হবে, তারপর হিসাবপত্র নিয়ে দেখা যাবে কি করা যায়। এই রকম ব্যবস্থা কোথাও নেই, আমরা এখানে যা করেছি। এই রকম অন্য রাজ্যে হয়েছে কিনা জানি না। তারপর আর একটা কথা বলা হল। একজন কোথায় ধরা পড়ল দুর্নীতি করতে গিয়ে সল্টলেকে, সেটাও এখানে বলা হচ্ছে। এটা তো প্রশংসা করা দরকার। আমি যখন দিল্লি যাচ্ছিলাম তখন শুনলাম যে ঘুষ দিয়েছে। ঘুস দেওয়াটাও তো অপরাধ। যাই হোক তিনি বললেন, আমি টাকা পয়সা দিয়েছি কিন্তু পাচ্ছি না। জমি দেবে বলেছিল দিচ্ছেন না। আমি তখন পুলিশকে বলে গেলাম আমি চলে যাচ্ছি, আপনারা ফাঁদ পাতুন এই অফিসারকে ধরার জন্য। সেই অফিসার হাতে-নাতে ধরা পড়েছে। একটা কেস দেখান তো, আমি তো জমি বিলি করেছি, যে ঘুষ দিয়ে সে জমি পেয়েছে। এই কথা কেউ বলতে পারবে না। এই সব কংগ্রেস রাজত্বে হয়, আমাদের এখানে হয় না। এখানে আবার বলা হয়েছে ট্রান্সফার পলিসি নিয়ে। আমি যতটুকু নোট নিয়েছি তাতে বুঝেছি সুব্রতবাবু বলেছেন, আমি যতটুকু নোট নিয়ে বুঝেছি তিনি ট্রান্সফার পলিসির কথা বলেছেন। কেন হোম সেক্রেটারিকে তাড়ানো হচ্ছে না ইত্যাদি। যখন সময় হবে করব। কেন্দ্রীয় সরকার এটা করে না, কোনও কংগ্রেস রাজ্য এটা করে বলে মনে হয় না। সেখানে নিয়ম অনুযায়ীই কাজ করি। আমরা যখন যার প্রয়োজন হচ্ছে তখন তাকে ট্রান্সফার করছি। তারপর বলা হয়েছে আমার সল্টলেকে নিয়ে যাওয়ার কথা। শিক্ষা দপ্তর তো প্রায় চলে গেছে। এই চলে যাওয়ার ব্যাপার নিয়ে মামলা হয়েছিল, অনেকে যেতে চান না। ৬ জন মন্ত্রী সেখানে বসবেন। এটা সম্বন্ধে কটাক্ষ করা হল কেন সেটা আমি বুঝতে পারছি না। কংগ্রেস আমল থেকে লক্ষ্য করা গেছে যে রাইটার্স বিল্ডিং-এ সব একসঙ্গে কাজ করা চলে না। সেই পরিবেশ নেই। পিছনের দিকে গেলে কষ্ট হয় যে কি অবস্থার মধ্যে কর্মীরা কাজ করে। আমাদের দেরি হল, তাও আবার যখন করতে গেলাম তখন মামলা হল।

আমরা এইসব একত্রিত করবার চেষ্টা করছি। আমাদের বিভিন্ন দপ্তরের অফিস ছড়িয়ে ছিটিয়ে নানা জায়গায় আছে, সেগুলোকে একত্রিত করবার চেষ্টা করছি। এখানে প্রেসিডেন্সি বিল্ডিংটির কথা বলা হয়েছে। এটা আমাদেরও ইচ্ছা ছিল, এটাকে যদি মাল্টি-স্টোরিড করতে পারতাম তাহলে আরও অনেক লোককে জায়গা দিতে পারতাম । কিন্তু সি এম ডি এ-র আইনে আটকে গেল। তাঁরা কিছুতেই অনুমতি দিলেন না। গ্রেট ইস্টার্নকেও ঐ একই কারণে ভাঙতে পারছি না। ক্যামাক স্ট্রিটের ব্যাপারে মামলা হয়েছে। কিন্তু সেখানে হবে। কর্পোরেশনের আইন অনুযায়ী আমরা করব। আমরা এটা করতে চেয়েছিলাম। ভবতোষ দত্ত মহাশয়ের মতো লোক, তিনি চেয়ারম্যান ছিলেন, একবার আমরা যখন করব বলেছিলাম তখন তিনি বললেন, তিনি ঐ কমিটিতে থাকবেন না। আমরা তা মেনে নিলাম। তারপর আরও কিছু পয়েন্ট এসেছে যে, এই ১৬ বছর আমরা আছি, আমাদের সরকারের সিস্টেম নেই। কিসের সিস্টেম? এটা একমাত্র রাজ্য যেখানে সিস্টেম আছে, আর তো কোথাও নেই। আগে যেটা বললাম আপনাদের কাছে, রাইটার্স বিল্ডিংসে বসে আমরা রাজত্ব চালাই না। আমরা বিকেন্দ্রীকরণ করে দিয়েছি। সরকারের পঞ্চাশ ভাগ বাজেটের যে খরচ তা পৌরসভা এবং পঞ্চায়েতের মাধ্যমে করছি। এটাকে আরও উন্নত করবার চেষ্টা করছি। এবারে চতুর্থ পঞ্চায়েতের নির্বাচনের পরে আমরা চেষ্টা করছি এটাকে উন্নত করার জন্য। তারপর একটা কথা উঠেছে যে, আমার যেগুলো করণীয় কাজ মুখ্যমন্ত্রী হিসাবে, যেমন আমার একটা কোটা আছে, মেডিক্যালের জন্য দশজন করে ছাত্র-ছাত্রী দিতে পারি, সেটা অন্য কেউ করে দেন। না, অন্য কারও হাতে আমি খাই না, যা করার তা আমি নিজেই করি। এটা নিজেই বিচার করে করি। তারপর, বারে বারে যেটা বলা হয়, সৌগতবাবু যেটা বললেন কো-অর্ডিনেশন কমিটি সম্বন্ধে। কো-অর্ডিনেশন কমিটি তো ভাস্ট মেজরিটির নেতৃত্ব করে। সেই কমিটি যদি আমাদের সাহায্য করে আমাদের কর্মসূচিকে। একসঙ্গে থেকে মানুষকে সঙ্গে নিয়ে কাজ করার কর্মসূচি, সেটা তো প্রশংসার কথা। তাদের সাহায্য এই ব্যাপারে তো নিতে হবে। ওয়ার্ক কালচার নেই বলছেন। কংগ্রেসের ভক্ত তো কিছু আছে সেখানে দুর্ভাগ্যবশত। তাদেরও কি ওয়ার্ক কালচার নেই? আপনাদের ইউনিয়নও তো আছে, তাদেরও কি ওয়ার্ক কালচার নেই? এই ভাবে জেনারালাইজ কিছু করতে যাবেন না ওয়ার্ক কালচার নেই বলে। যাতে ইম্প্রুভ করে তারজন্য প্রতিনিয়িত নজর রাখতে হবে। আর একটা কথা যেটা কেউ বলেন নি, একট' সিদ্ধান্ত নিতে দীর্ঘসূত্রতা দেখা যায়, যখন শেষ হয়ে গেল তখন সিদ্ধান্ত নেওয়া হল। :কানও বিষয়কে কার্যকর করতে অনেক সময় লেগে যায়। আমি বলছি, সমস্ত কিছুতে সন্তুষ্ট হতে পারছি এটা বলছি না। তারপর এটা বোধহয় সুদীপবাবু বলেছেন আমি নোটে যেটা দেখছি। কমিশন অব এনকোয়ারি, অ্যাক্ট অনুযায়ী যেসব কমিশন হয়েছে, সেখানে ১৮টি কমিশন হয়েছিল। ১২টি রিপোর্ট অ্যাসেম্বলিতে দিয়েছি। আর একটি তৈরি হয়ে গিয়েছে, এই সেশনে আমি দেব। আর ৫টি পেন্ডিং আছে জাজদের কাছে। আমরা কি করব তরান্বিত করবার জন্য? সাক্ষী সাবুদ এইসব করে তাঁরা এটা করছেন, আমরা কি করতে পারি?

[5-45 — 5-54 p.m.]

আমরা দিয়েছি, কংগ্রেস আমলে প্লেস করা হত না। আপনারা তো কমিশন অফ এনকোয়ারিজের রিপোর্ট প্লেস করতেন না। এখন তো সব নতুন সদস্য, তাঁরা জানেন না,

কুচবিহারে যে পুলিশের গুলি মারার ফলে ছেলে-মেয়েরা খুন হল তার রিপোর্ট আপনারা দেননি। কিন্তু আমরা দিই। তারপরে সি.ও.ই নিয়ে কথা উঠেছে। এখানে কোনও নির্বাচন করা যাচ্ছিল না, অনেকদিন অপেক্ষা করেছি। আমাদের রাজ্য সভার ইলেকশন করতে হবে, বাই ইলেকশন করতে হবে, ভাবতে হবে। তখন আমরা প্রধানমন্ত্রীর কাছে গেলাম আমরা পর পর বলেই চলেছি, কিছু হল না। আশ্চর্যের ব্যাপার এই যে ইলেকশন কমিশনার বেআইনিভাবে কাজ করে যাচ্ছেন তার বিরুদ্ধে বলার কিছু নেই। যাইহোক এটা আমরা পার্লামেন্টে রেজ করব। শেষকালে কোর্টে গেছি এবং কোর্টের ডাইরেকটিভ অনুযায়ী ৩ জনের মধ্যে বাছাই করে নিতে হবে বলেছে। সুতরাং এই তো হচ্ছে ব্যাপার, যাইহোক সি ও ই বাছাই হয়ে গেছে। তারপরে ইলেকশন কমিশনার একজন থাকলে হয় না, সেখানে ৩ জন অন্তত থাকবেন এই কথা হয়েছে। একজন থাকলে সব সময়ে তিনিই ডাইরেকটিভস দেবেন তা হতে পারে না। এরপরে আমি দার্জিলিংয়ের সম্বন্ধে বলছি। মাননীয় সদস্য মোক্তান তার বক্তব্য দিয়েছেন এবং তাতে হিল এরিয়াতে জল প্রকল্পের ব্যাপারে বলেছেন। তিনি বলেছেন সেখানে যদি কোনও সংশোধন করা হয় তাহলে যেন জি এন এল এফের সঙ্গে আলোচনা করা হয়, তাদের সঙ্গে বসা হয়। কাউন্সিল অ্যাক্টের ব্যাপারে যদি সংশোধনের কিছু থাকে তাহলে শুধু জি এন এল এফ কেন, আমরা কংগ্রেসদেরকেও ডাকব এবং আরও অনেক রিপ্রেজেনটেটিভস আছেন, বিভিন্ন রকম সংস্থা আছে তাদের সঙ্গে বসে আলোচনা করেই করব। তবে মাননীয় স্পিকার স্যার, এই যে নেপালি স্টেনোগ্রাফারের ব্যাপারে তারা একটা রিপ্রেজনটেশন দিয়েছে। এটা ঠিকই যে এখানে একজন হিন্দি স্টেনোগ্রাফার আছে, তিনিই চালান। সেখানে আপনার যদি না থাকে তাহলে আমরা দিতে পারি। কারণ নেপালি ভাষায় বক্তৃতা দেবেন তা লেখার থাকবে না. তাতো হয় না, সরকারের কিছু দায়িত্ব আছে। তারপরে পাবলিক গ্রিভান্স কমিটির কথা উঠেছে। এখানে পাবলিক গ্রিভান্স কমিটি আছে, আমাদের কেন্দ্রীয় ভাবে আছে, জেলাতে জেলাতে আছে। সুতরাং গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার শুধু গ্রিভেন্স কমিটি আছে আর আমাদের নেই এইকথা ঠিক নয়। তবে এর কার্যক্রম কি হচ্ছে না হচ্ছে এটা নিয়ে প্রশ্ন উঠতে পারে। এরপরে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংয়ের কথা উঠেছে। অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংয়ের কথা বলতে গেলে আমরা যখন এলাম তখন পঞ্চায়েতের তো কোনও অফিস ছিল না, বাড়ি ছিল না, কাগজ ছিল না কলম ছিল না, এখন অবস্থার অনেকটা উন্নতি হয়েছে। আলিপুর, বারাসাত, কুচবিহার, বর্ধমান, বহরমপুর এই সব জায়গা হয়েছে। সাব ডিভিসনেও। এই অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং হচ্ছে যাতে সঠিকভাবে জনসাধারণের সঙ্গে যোগাযোগ রেখে চলা যেতে পারে। আর বেশি কিছু বলার নেই। তারপরে ডাঃ জয়নাল আবেদিন এত জোরে কথা বলেন যে বোঝা যায় না। তিনি হচ্ছেন লিডার অফ দি অপোজিশন আপনি একটু আস্তে আস্তে বলুন, আমরা আপনার কথা শুনতে চাই, আমি তো বুঝতে চাই। আপনি যে কি বললেন বুঝতেই পারলাম না। তারমধ্যে যতটুকু শুনলাম তাতে উনি ফিনান্স কমিশনের কথা বলেছেন। ওটা তো হোম (পার) মধ্যে আসছে না। আর কি বললেন বা কি বলতে চাইছেন এত চেঁচাচ্ছিলেন যে শুনতে পেলাম না। আরেকটি প্রশ্ন এসেছে যে সরকারি অফিসাররা নিজেরা বাড়ি করা সত্ত্বেও সরকারি বাড়ি ছাড়ছে না। সেই বিষয়টা দেখছি, এটা বেআইনি, এটা দেখব। এখানে আপনাদেরই অর্থাৎ কংগ্রেসি সদস্যদের পক্ষ থেকে কথা উঠেছে যে পি এস সির চেয়ারম্যান, তিনি সল্টলেকে বাড়ি করা সত্ত্বেও সেই বাড়ি ভাড়া দিয়ে সরকারি ফ্ল্যাটে রয়েছেন। যাঁর কথা

বললেন তিনি এখন পি এস সির চেয়ারম্যান নেই। তিনি হয়তো বাড়ি করে ফেলেছেন এবং এখনও যান নি এটা হতে পারে কিন্তু এক্ষেত্রে একটা অসুবিধা হচ্ছে এইসব অফিসাররা বলেন যে তারা বাড়ি তো ধার করে তৈরি করেছে এবং এই ধার তো শোধ করতে হবে। তারা কি করে দেবে সেই শোধ? যদি এরমধ্যেই চলে যায়। সেইকারণে ২-৩ বছর যদি ভাড়া দেয় তাহলে তাদের শোধ হয়ে যাবে এবং চলে যাবে। সুতরাং ওদের দিকটাও দেখতে হবে, সবটা বিবেচনা করতে হবে। তারপরে সৌগত বাবু স্পেশ্যাল সেক্রেটারি পদ এডুকেশন দপ্তরে কেন করা হয়েছে জিজ্ঞাসা করেছেন। এইজন্য করেছি আমরা ।.৭টি ইউনিভার্সিটি আছে এবং সেখানে প্রত্যেকটিতে অ্যাটেন্ড করতে হয় সেক্রেটারিদের ওদের সময় কুলোয়না, সেইজন্য আমরা এমন লোককে ঠিক করেছি, যিনি গেলে কথাবার্তা বলতে পারবেন, আমাদের কথাটা রিপ্রেজেন্ট করতে পারবেন, আরও অনেক জায়গা আছে যেখানে তাদের যেতে হয় কথাবার্তা বলার জন্য, এটার জন্যই এটা করা হয়েছে। এটার অন্য কোনও উদ্দেশ্য নেই, ভালর জন্যই করা হয়েছে। এই হচ্ছে আমার বক্তব্য। আর একটা হচ্ছে ভিজিলেন্স কমিশনের রিপোর্টটা দেরি হয় কেন, দিল্লিতে যেটা আছে তাদেরও দেরি হয়, আমাদেরও দেরি হয়, আমাদের এখানে শুনেছি ৮৪ অবধি দেওয়া হয়েছে, ৮৬ অবধি ঠিক হয়ে গেছে, রিপোর্টও হয়ে গেছে, সেটা আমরা দিতে পারব। কিন্তু এর থেকে বেশি তরান্বিত করা যাবে কিনা আমি বলতে পারব না। আমি তো কোনও পথ দেখছি না যে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট আর কি ভাবে তরান্বিত হয়। সুব্রত বাবু আপনি তো মন্ত্রী ছিলেন, সেই সময় ভিজিলেন্স কমিশনের রিপোর্ট দিয়েছিলেন নাকি, প্রতি বছর দিতেন, দিতে পারেননি। দিতে পারলে তো ভালই, আমরা আটকে রাখব কেন? যদি দিতে পারি কোনও কারণ আছে আটকে রাখবার? এতো খোলা বই, যেখানে যে রকম রেকমেন্ড করবে, সেটা লুকিয়ে রাখতে পারি। কারণ আছে বলেই হয় না। তবে এটা ঠিকই একটু তরান্বিত করতে পারলে ভালই হয়। কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল এর রিপোর্ট সেটাও তো দিতে অনেক দেরি হয়, সেটাও তাড়াতাড়ি দিতে পারলে ভাল হয়, কাজেই এই হচ্ছে আমার মোটামুটি বক্তব্য কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 18

**Mr. Speaker :** There are four cut motions to Demand No. 18 All the cut motions are in order and were moved.

The motion of Shri Saugata Roy and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 23,06,50,000/- be granted for expenditure under Demand No. 18, Major Head : "2052—Secretariat —General Services".

(This is inclusive of a total sum of Rs. 7, 69,00,000/- already voted on account in March, 1993) was then put and agreed to.

## Demand No. 19

There are four cut motions to Demand No. 19. All the cut motions are in order and were moved.

The motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

And the motion of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, 1993 that a sum of Rs. 22,81,19,000/- be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053—District Administrative".

(This is inclusive of a total sum of Rs. 7, 61,00,000/- already voted on account in March, 1993) was then put and agreed to.

## Adjounrment

The House was then adjourned at 5.54 p.m. till 11.00 a.m. on Thrusday, the 8th July, 1993 at Assembly House, Calcutta.

---

## ভুল সংশোধনী

Page-519 *২৭নং প্রশ্নের শিরোনাম "Number of Life Convicts in West Bengal Jails". নিতে হবে।

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

**Vol: 102 No-I (Hundred and second Session) (June to July, 1993)**

(The 11th, 14th 15th, 16th, 17th, 18th, 21st 22nd, 23rd June, 5th, 6th, & 7th July, 1993)

**Bill**

The Calcutta Thika Tenancy (Acquisition & Regulation) (Amendment) Bill, 1993 PP-202-221

The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993 PP-193-202

The Burdwan University (Amendment) Bill, 1993 PP-148-157

West Bengal Public Libraries (Amendment) Bill, 1993 PP-134-148

The Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993 PP-223-226

**Demand for Grants**

Voting on Demand for Grants—

Demand No.52 PP-311-338

Voting on Demand for Grants—

Demand Nos-47, 48, 55 & 58 PP-557-629

Voting on Demand for Grants—

Demand Nos.69 & 72 PP-450-518

Voting on Demand for Grants—

Demand Nos.66, 67 & 68 PP-673-745

Voting on Demand for Grants—

Demand No.18 & 19 PP-919-970

Voting on Demand for Grants—

Demand Nos.25 & 79 PP-370-422

Voting on Demand for Grants—

Demand No-38 PP-829-874

Voting on Demand for Grants—

Demand No.36 PP-291

Voting on Demand for Grants—

Demand Nos.12, 77, 80 & 81 PP-787-829

Voting on Demand for Grants—

Demand No.35 PP-269-291

**Laying of Budget Estimate**

The Budget Estimate of the Damodar Valley Corporation for the year 1992-93 P-369

**Laying of Rules**

Amendment to the Calcutta Municipal Corporation Building Rules, 1990 PP-768-769

Amendment to the Howrah Municipal Corporation Building Rules, 1991 P-769

**Discussion on the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993**

by—Shri Abdul Mannan PP-198-199

by—Shri Atish Chandra Sinha PP-194-197

by—Shri Benoy Krishna Chowdhury PP-200-202, PP-193-194

by—Shri Kshitiranjan Mondal PP-197-198

by—Shri Subhas Goswami PP-199-200

**Discussion on the Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill, 1993**

by—Shri Abdul Mannan PP-210-211

by—Dr. Ambarish Mukhopadhyay P-226, P-223

by—Shri Atish Chandra Sinha PP-202-208

**Discussion on the Calcutta Thika Tenancy (Acquisition & Regulation) (Amendment) Bill, 1993**

by—Shri Benoy Krishna Chowdhury PP-217-220, PP-202-203

by—Shri Buddhadeb Bhattacharya PP-223-224

by—Shri Lagandeo Singh PP-208-210

by—Shri Lakshmi Kanta Dey PP-214-217

by—Shri Md. Yaqub PP-211-213

by—Shri Prakash Minz PP-225-226

by—Shri Subhas Naskar PP-213-214

by—Shri Subrata Mukherjee P-223

**Discussion on West Bengal Public Libraries (Amendment) Bill, 1993**

by—Shri Prabhat Acharya PP-144-146

by—Shri Sailendranath Mondal PP-140-141

by—Shri Saugata Roy PP-135-139

by—Shri Sukumar Das PP-141-143

by—Shri Sunil Kumar Ghose PP-139-140

by—Shri Tapan Hore PP-143-144

by—Shri Tapan Roy PP-146-147

**Discussion on the Burdwan University (Amendment) Bill, 1993**

by—Shri Bidyut Kumar Das PP-152-153

by—Shri Idris Mondal PP-149-150

by—Shri Satyasadhan Chakraborty P-148, PP-153-156, P-157

by—Shri Shyama Prasad Basu P-149

by—Shri Subhas Goswami PP-150-151

by—Shri Subrata Mukherjee P-156, PP-148-149

by—Shri Sukumar Das PP-151-152

**Discussion on No-confidence Motion in the Council of Ministers.**

by—Shri Abdul Mannan PP-26-30

by—Shri Ambica Banerjee PP-58-59

by—Dr. Anupam Sen PP-60-61

by—Shri Atish Chandra Sinha PP-51-53

by—Shri Bhaktibhusan Mondal PP-30-33

by—Shri Bhupendranath Seth PP-54-55

by—Shri Deba Prasad Sarkar PP-33-35

by—Shri Jyoti Basu PP-77-81

by—Shri Kshiti Goswami PP-38-42

by—Shri Manabendra Mukherjee PP-46-50

by—Shri Manik Bhowmick P-66

by—Shri Mustafa Bin Quasem PP-55-58

by—Shri Nasiruddin Khan PP-66-67

by—Shri Prabir Banerjee PP-50-51

by—Smt. Sabitri Mitra PP-43-44

by—Shri Sadhan Pandey PP-68-69

by—Shri Sakti Prasad Bal PP-53-54

by—Shri Samar Baora PP-19-22

by—Shri Santasri Chattopadhyay PP-61-63

by—Smt. Santi Chatterjee PP-59-60

by—Shri Satyaranjan Bapuli PP-23-26

by—Shri Saugata Roy PP-35-38

by—Shri Subhas Basu P-65

by—Shri Subrata Mukherjee PP-71-74

by—Shri Sudhan Raha PP-67-68

by—Shri Sudip Bandyopadhyay PP-44-46

by—Shri Sukumar Das PP-63-64

by—Dr. Suryakanta Mishra PP-74-77

by—Dr. Zainal Abedin PP-82-85, PP-14-18

**Discussion on two year's Ministry of Shri Narsima Rao.**

by—Shri Abdul Mannan PP-444-445

by—Shri Benoy Krishna Chowdhury PP-447-450

by—Shri Birendra Kumar Moitra P-441

by—Shri Deba Prasad Sarkar PP-443-444

by—Shri Manabendra Mukherjee PP-446-447

by—Shri Nani Kar P-443

by—Shri Rabin Deb PP-439-440

by—Shri Rabindranath Mondal PP-437-438

by—Shri Sadhan Pande PP-440-441

by—Shri Sakti Prasad Bal P-444

by—Shri Satyaranjan Bapuli PP-438-439

by—Shri Saugata Roy PP-441-442

by—Shri Sudip Bandyopadhyay PP-445-446

by—Shri Tapan Hore P-445

by—Dr. Zainal Abedin PP-434-437

**Discussion and Voting on Demand for Grants— Demand No-38**

by—Shri Abdul Mannan PP-847-851

by—Shri Badal Jamadar PP-864-866

by—Shri Birendra Kumar Moitra PP-851-853

by—Shri Buddhadeb Bhattacharjee PP-866-874, PP-829-840

by—Shri Deba Prasad Sarkar PP-858-859

by—Shri Nityananda Adhikary PP-855-857

by—Shri Prasanta Pradhan PP-845-847

by—Shri Sakti Prasad Bal PP-859-860

by—Shri Saugata Roy PP-853-855

by—Shri Subrata Mukherjee PP-860-864

by—Shri Sudip Bandyopadhyay PP-840-845

**Discussion and Voting on Demand for Grants—**

**Demand Nos-12, 77, 80 & 81**

by—Shri Birendra Kumar Moitra PP-807-809

by—Shri Nasiruddin Khan PP-809-810

by—Shri Prabodh Chandra Purkait PP-812-813

by—Shri Ranjit Kumar Patra PP-818-819

by—Shri Sanjib Kumar Das PP-805-807

by—Shri Shobhan Deb Chattopadhyay PP-798-803

by—Shri Shyamal Chakraborty PP-819-824, PP-787-797

by—Shri Sibendra Narayan Chawdhury PP-803-805

by—Shri Subhas Basu PP-813-815

by—Shri Subrata Mukherjee PP-815-818

by—Shri Tapan Hore PP-810-812

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos-66, 67 & 68**

by—Shri Abul Hasnat Khan PP-716-718

by—Shri Abdus Salam Munshi PP-718-721

by—Shri Atul Chandra Das PP-726-728

by—Shri Barindranath Koley PP-695-698

by—Shri Debabrata Bandyopadhyay PP-737-741, PP-673-684

by—Shri Deba Prasad Sarkar PP-714-716

by—Shri Ganesh Chandra Mondal PP-732-735

by—Shri Kamakshya Nandan Das Mahapatra PP-721-723

by—Shri Manik Bhowmick PP-707-709

by—Shri Nasiruddin Khan PP-690-695

by—Dr. Omar Ali PP-735-737, PP-684-690

by—Shri Prabir Banerjee PP-723-726

by—Shri Sailaja Kumar Das PP-698-702

by—Shri Sattik Kumar Roy PP-702-707

by—Shri Subhas Goswami PP-710-713

by—Shri Subrata Mukherjee PP-745-746

by—Dr. Zainal Abedin PP-728-732

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos-47, 48, 55 & 58**

by—Shri Atish Chandra Sinha PP-587-596

by—Shri Bhupendra Nath Seth PP-616-618

by—Shri Biren Ghose PP-583-587

by—Shri Brahmamoy Nanda PP-618-619

by—Shri Kalimuddin Shams PP-622-625

by—Shri Nasiruddin Khan PP-599-604

by—Shri Nazmul Haque PP-609-612

by—Shri Nihar Kumar Basu PP-625-627

by—Shri Prabodh Chandra Purkåit PP-607-609

by—Shri Sailaja Kumar Das PP-612-615

by—Shri Soumindra Chandra Das PP-596-599

by—Shri Subhas Naskar PP-604-607

by—Shri Sushil Biswas PP-620-622

by—Dr. Zainal Abedin PP-579-583

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos-69 & 72**

by—Shri Abdul Mannan PP-464-467

by—Shri Ajoy Dey PP-485-487

by—Shri Bhupendra Nath Seth PP-479-482

by—Shri Biŗendra Kumar Moitra PP-476-479

by—Shri Brahmamoy Nanda PP-499-500

by—Shri Deba Prasad Sarkar PP-489-491

by—Shri Debes Das PP-487-489

by—Shri Dhiren Sen PP-506-507

by—Shri Lakshman Bagdi PP-500-501

by—Shri Nirmal Mukherjee PP-467-476

by—Shri Prabir Banerjee PP-497-499

by—Shri Sakti Prasad Bal PP-491-494

by—Dr. Sankar Sen PP-507-514, PP-450-464

by—Shri Saugata Roy PP-501-506

by—Shri Sishir Sarkar PP-495-497

by—Shri Tapan Hore PP-482-485

by—Shri Tarun Adhikary PP-494-495

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos-18 & 19**

by—Shri Abdul Mannan PP-941-943

by—Shri Bishnupada Bera PP-930-933

by—Shri Brahmamoy Nanda PP-957-958

by—Shri Deba Prasad Sarkar PP-951-953

by—Shri Jyoti Basu PP-964-969, PP-919-922

by—Shri Kshiti Goswami PP-948-951

by—Shri Kshiti Ranjan Mondal PP-953-956

by—Shri Nima Shering Moqtan PP-956-957

by—Shri Prasanta Pradhan PP-958-960

by—Shri Sailendra Nath Mondal PP-938-941

by—Shri Sakti Prasad Bal PP-943-945

by—Shri Saugata Roy PP-935-938, PP-933-935

by—Shri Sudip Bandyopadhyay PP-945-948

by—Shri Subrata Mukherjee PP-923-930

by—Dr. Zainal Abedin PP-960-964

**Discussion on Voting on Demand for Grants—Demand Nos-35 & 36**

by—Shri Abu Ayes Mondal PP-280-282

by—Shri Ajoy Dey PP-286-287

by—Shri Deba Prasad Sarkar PP-284-285

by—Shri Goutam Deb PP-287-290, PP-269-276

by—Shri Id. Mohammed PP-285-286

by—Shri Manas Bhunia PP-277-280

by—Shri Md. Yaqub PP-283-284

by—Shri Sukumar Das PP-282-283

**Discussion and Voting on Demand for Grants—Demand No-36**

by—Shri Abdul Mannan PP-301-303

by—Shri Gautam Deb PP-291-295

by—Shri Md Yaqub PP-303-305

by—Shri Narayan Mukherjee PP-300-301

by—Shri Nirmal Das P-305

by—Shri Sudip Bandyopadhyay PP-295-300

**Discussion on Voting on Demand for Grants—Demand Nos-25 & 79**

by—Shri Abdul Mannan PP-411-413

by—Shri Ajoy Dey PP-386-387

by—Shri Debnarayan Chakraborty PP-413-415

by—Shri Madanmohan Nath PP-409-411

by—Shri Motish Roy PP-415-422, PP-370-377

by—Shri Nasiruddin Khan PP-407-409

by—Shri Nirmal Das PP-394-398

by—Shri Padmanidhi Dhar PP-383-386

by—Shri Prabir Banerjee PP-391-394

by—Shri Prabodh Chandra Purkait PP-402-405

by—Shri Saktiprasad Bal PP-405-407

by—Shri Sailaja Kumar Das PP-398-400

by—Shri Sailendranath Mondal PP-387-391

by—Shri Sishir Sarkar PP-400-402

by—Shri Sudip Bandyopadhyay PP-377-383

**Discussion and Voting on Demand for Grants—**

**Demand No-52**

by—Dr. Ambarish Mukhopadhyay PP-334-338, PP-311-320

by—Shri Kamalakshmi Biswas PP-327-328

by—Shri Lakshmiram Kisku PP-332-333

of—Shri Nasiruddin Khan PP-325-327

by—Shri Prabodh Purkait PP-328-331

by—Shri Sakti Prasad Bal PP-333-334

by—Shri Subrata Mukherjee PP-320-324

by—Shri Sundar Hazra PP-324-325

by—Shri Sushil Kujur PP-331-332

**Laying of Reports**

(A) Annual Reports of the West Bengal Tourism Development Corporation Limited for the years, 1980-81, 1981-82, 1982-83, 1983-84, 1984-85, 1985-86, 1986-87 & 1987-88 P-11

**Mention Cases**

PP-769-782

PP-901-918

PP-569-673

PP-534-550

PP-357-364

PP-252-269

PP-175-184

PP-116-130

Message Regarding Release of Member P-767

Message on Arrest of Member PP-13-14

Notice of Privilege Motion PP-251-252

**Obituary Reference**

of—Shri Ananda Gogal Roy P-2

of—Shri Binoy Ranjan Sen PP-95-96

of—Professor Debi Prasad Chattopadhyay PP-5-6

of—Shri Dhiren Mondal PP-747-748

of—Lieutenant General Jamed Mahmood PP-4-5

of—Sarder Harcharan Singh Ajnala PP-2-3

of—Smt. Hasirasi Debi P-95

of—Shri Kali Banerjee PP-875-876

of—Shri Mangal Chandra Saren P-2

of—Field Marshal K. M. Cariappa PP-3-4

of—Shri N. G. Goray P-3

of—Mr. Ranasingha Premadase PP-1-2

**Point of Information**

PP-227-242

PP-221-223

PP-310-311

PP-709-710

PP-133-134

**Point of Order**

PP-631-634

PP-113-114

PP-12-13

**Presentation of Report**

Presentation of the Seventh Report of the Subject Committee on Education and Information & Cultural (1993-94) on Pre-Voting Budget Scrutiny P-112

Presentation of Sixth Report of the Subject Committee on Welfare Tourism and Sports & Youth Services, 1993-94 on Pre-Voting Budget Scrutiny P-113

Presentation the Fourth & the Fifth Pre-Voting Budget Scrutiny Reports of the Subject Committee on Agriculture and Food & Supplies, 1993-94 P-113

Presentation of the Seventh Report of the Subject Committee on Health & Family Welfare 1993-94, West Bengal Legislative Assembly on Pre-Voting Budget Scrutiny P-112

Presentation of the Sixth Report of the Subject Committee on Panchayat, 1993-94, on Pre-Voting Budget Scrutiny P-112

Thirty-first Annual Report of the Durgapur Projects Limited for the year 1991-92 P-11

Presentation of the Fourth Report of the Subject Committee on Irrigation & Waterways 1993-94 P-193

Presentation of the Fourth Report of the Subject Committee on Transport, 1993-94, on Pre-Budget Scrutiny P-11

Presentation of the Third Report of the Subject Committee on Irrigation and Waterways 1993-94 P-11

Presentation of the Twelfth and Thirteenth Report of the Committee on Public Accounts, 1993-94 PP-899-901

Presentation of the Fifth Report of the Subject Committee on Power and Commerce & Industries (193-94) PP-10-11

Presentation of the Second Report of the Subject Committee on Environment, 1993-94 P-11

Presentation of the Fifth Report on Pre-Voting Budget Scrutiny of the Subject Committee on Public Works, 1993-94 P-112

42nd Report of the Business Advisory Committee PP-895-897

41st Report of the Business Advisory Committee PP-550-553

40th Report of the Business Advisory Committee PP-69-71

39th Report of the Business Advisory Committee P-7

**Privilege Motion**

PP-897-899

**Question**

Appointment of Lawyers outside the Government Panel

by—Shri Saugata Roy PP-428-429

Budge Budge Thermal Power Plant

by—Shri Saugata Roy PP-429-432

Coal cess dispute between state Government and Coal India

by—Shri Saugata Roy PP-109-110

Coal Cess dispute between State Government and Coal India

by—Shri Saugata Roy PP-163-169

Connection of 2nd Hooghly Bridge with the Express way

by—Shri Ambica Banerjee P-766

Deaths in Police Custody

by—Shri Gyan Singh Sohanpal P-248

Epidemic of Gastro-enterities

by—Shri Saugata Roy PP-339-340

Incidents of Violence in Panchayat Elections

by—Shri Saugata Roy PP-243-244

Leave of Absence PP-110-111

Liabilities of Calcutta Tramway Company Ltd.

by—Shri Gyan Singh Sohanpal PP-97-101

Murder in Belpahari

by—Shri Saugata Roy PP-250-251

Number of Life Convicted in West Bengal Jails

by—Shri Gyan Singh Sohanpal PP-519-523

Number of Destroyed Stalls shops

by—Shri Gyan Singh Sohanpal PP-523-527

Sale of Vacant Plots in Bidhannagar

by—Shri Saugata Roy PP-758-763

Setting up a Cultural Complex

by—Shri Saugata Roy PP-527-532

Tornado in Murshidabad

by—Shri Gyan Singh Sohanpal PP-749-753

Progress of Teesta Barrage Project

by—Shri Saugata Roy PP-643-647

অবসরপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা আটক পেনশন পাওয়ার ব্যবস্থা

—শ্রী শক্তিপ্রসাদ বল P-650

আন্ত্রিক রোগের প্রকোপ

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-340-346

উগ্রপন্থী ধরতে পাঞ্জাব পুলিশের অভিযান

—শ্রী আব্দুল মান্নান P-250

এলাঙ্গী সেতু নির্মাণের কা

—শ্রীমতী মমতাজ বেগম PP-348-349

কলকাতার জল-নিকাশি ব্যবস্থা

—শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল PP-892-893

কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-766

গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ের খেলাধূলার পরিকল্পনা

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-891-892

গৃহনির্মাণ বা সংস্কার বাবদ রাজ্য কলেজগুলিকে সরকারি বরাদ্দ

—শ্রী ইউনুস সরকার PP-647-650

ছাত্র সংখ্যার ভিত্তিতে শিক্ষক/শিক্ষিকা নিয়োগ

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-882-883

জলঙ্গী ও রানীনগর অঞ্চলে ব্যাপক ভাঙ্গন

—শ্রী ইউনুস সরকার P-651

জয়কৃষ্ণপুর নেতাজি হাইস্কুলের প্রধান শিক্ষক খুনের ঘটনা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-248-249

ট্রামের সংখ্যা

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-763-764

তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের আশ্রম ছাত্রাবাস নির্মাণ

—শ্রী অঙ্গদ বাউরি PP-884-887

দলকার জলা সংস্কার

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-162-163

দেশি ও বিদেশি মদের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে জন-প্রতিনিধিদের মতামত

—শ্রী আব্দুল মান্নান PP-876-882

পঞ্চায়েত নির্বাচনে দলগত প্রার্থী

—শ্রী রবীন দেব ও শ্রী মানবেন্দ্র মুখার্জি PP-244-248

পঞ্চায়েত নির্বাচনে বেসরকারি সম্পত্তির ক্ষয়-ক্ষতি

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-756-766

প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা হ্রাস

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-651-652

বন্ডেল গেটে উড়ালপুল নির্মাণ

—শ্রী রবীন দেব PP-346-348

বাঁকুড়া জেলায় মহাবিদ্যালয় স্থাপন

—শ্রী নন্দদুলাল মাঝি PP-890-891

ব্যাঙ্ক-এর মাধ্যমে শিক্ষক-শিক্ষিকাদের পেনশন ব্যবস্থা

—শ্রী শক্তিপ্রসাদ বল P-651

বি. এড কলেজগুলিতে শিক্ষক/শিক্ষিকাদের শূন্য আসন পূরণের ব্যবস্থা

—শ্রী আব্দুল মান্নান PP-159-162

বি. এড কলেজগুলিতে শিক্ষক/শিক্ষিকাদের শূন্য আসন পূরণের ব্যবস্থা

—শ্রী আব্দুল মান্নান PP-108-109

বিগত আর্থিক বছরে রাজ্য-পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দের পরিমাণ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-635-643

বিগত আর্থিক বছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-888-890

মন্ডল কমিশন

—শ্রী আব্দুল মান্নান PP-650-651

ময়না বেসিন ড্রেনেজ প্রকল্প

—শ্রী মানিক ভৌমিক PP-883-884

মানিক বন্দ্যোপাধ্যায় গ্রন্থাবলী প্রকাশ

—শ্রী রবীন দেব PP-101-103

যুগান্তর ও অমৃতবাজার পত্রিকার পুনঃপ্রকাশনা

—শ্রী আব্দুল মান্নান PP-103-106

রাজ্যে রেগুলেটেড মার্কেটের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-753-758

রেশনের আওতা থেকে বিত্তবানদের বাদ দেওয়ার প্রস্তাব

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-349-355

শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধীদের আসন সংরক্ষণ

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-887-888

শূন্য পদে শিক্ষক নিয়োগ

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-169-173

শূন্য পদে শিক্ষক নিয়োগ

—শ্রী অরুণকুমার গোস্বামী P-110

সত্যজিৎ রায় এবং ঋত্বিক ঘটক পরিচালিত চলচ্চিত্রের (প্রযোজক) স্বত্ব

—শ্রী মানবেন্দ্র মুখার্জি PP-106-108

সাক্ষরতা কর্মসূচি

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-423-428

সি সি টি-র বাস

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-764-765

সীমান্তে অনুপ্রবেশ রোধে ব্যবস্থা

—শ্রী আব্দুল মান্নান P-249

সীমান্ত দিয়ে গরু পাচার

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-249-250

সুন্দরবন অঞ্চলে ভয়াবহ ভাঙ্গন

—শ্রীমতী অনুরাধা (দেব) পুততুন্ডা P-891

সুভাষ রচনাবলী

—শ্রী শিবপ্রসাদ মালিক P-173

সুভাষ রচনাবলী

—শ্রী শিবপ্রসাদ মালিক P-110

ক্ষুদ্রসেচ সেবিত জমির পরিমাণ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-766-767

**Ruling from Chair**

P-252

PP-114-115

P-635

**Statement on Calling Attention**

Regarding reported incidents of violence around Sukchar Ashram of Late Balak Brahmachari on 20-6-93 & 21-6-93

by—Shri Jyoti Basu PP-658-659

Regarding present State of Haldia Petro-Chemicals

by—Shri Jyoti Basu PP-655-658

Regarding the subject of a Ship-wreck off Haldia causing missing of 17 crew members

by—Shri Shyamal Chakraborty PP-654-655

Regarding non-availability of clearance from the Union Forest & Environment Ministry for the 500 MW Budge Budge Power Plant of CESC

by—Dr. Sankar Sen PP-433-434

Regarding the reported lock-out of the Caledorian Jute Mill at Budge Budge from 14.4.93

by—Shri Santi Ranjan Ghatak PP-653-654

Regarding the out-break of Malaria in Duars & other areas of Jalpaiguri district resulting in death of a number of persons

by—Shri Prasanta Kumar Sur P-356

Regarding the attack on a peaceful meeting of CITU workers at Red bank Tea Estate, Banarhat, district Jalpaiguri on June 15, 1993

by—Shri Jyoti Basu PP-242-243

**Statement under Rule 346**

Regarding the incident occurred in side the Calcutta University Campus at Colleges Street on 24th June, 1993 PP-918-919

**Zero Hour**

PP-130-133, PP-184-193, PP-553-557, PP-782,-787, PP-364-369

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006